ভক্তবৃন্দ শ্রীগৌরবিগ্রহের একটি সুসজ্জিত পুষ্পমাল্য ও বস্ত্রাদি সুসজ্জিত শিবিকায় করিয়া স্কন্ধে বহন ও উচ্চসংকীর্ত্তন করিতে করিতে শ্রীচৈতন্যমঠ হইতে যাত্রারম্ভ করেন এবং স্বরূপগঞ্জ ঘাট পার হইয়া সহর নবদ্বীপে যান। তথা হইতে শ্রীল আচার্য্যদেবের আদেশে শোভাযাত্রা কয়েকটি সম্প্রদায়ে বিভক্ত হইয়া উদ্দণ্ডনৃত্য সহকারে কীর্ত্তন করিতে করিতে শ্রীমন্মহাপ্রভুর অনুগমনে সহরনবদ্বীপ পরিক্রমা করেন।

পরিক্রমা শোভাযাত্রার উপস্থিত হইলে তথায় "শ্রীনবদ্বীপ-ধামমাহাত্ম্য" হইতে কিছুক্ষণ কীর্ত্তন হইলে পর ভক্তবৃন্দ ই, আই, রেল লাইনের নিকটবর্ত্তী আম্রবাগানে উপস্থিত হন। তথায়ও কিছুক্ষণ ধাম-মহিমা কীর্ত্তিত হইলে পর ভক্তবৃন্দ উচ্চ-সংকীর্ত্তন করিতে করিতে ঋতুদ্বীপস্থ শ্রীগৌর-গদাধর মঠে পৌঁছেন এবং মহাপ্রসাদাদি সম্মান করেন। অপরাহ্নে ও রাত্রে তথায় হরিকথা আলোচনা হয়।

সাময়িক প্রসঙ্গ

অন্ধেরীতে প্রচার

গত ২১শে জানুয়ারী বম্বে অন্ধেরীস্থ "হিন্দু যুবক মণ্ডল" নামক এক সমিতির সভ্যগণের বিশেষ আহ্বানে বম্বে শ্রীগৌড়ীয়-মঠের সেবকবৃন্দ তথায় উপস্থিত হন। উক্ত সমিতির সেক্রেটারী মহোদয় মঠবাসি-গণকে বিশেষভাবে অভ্যর্থনা করিয়া লইয়া যান। তথায় "মনুষ্যজীবনের কর্ত্তব্য সম্বন্ধে শ্রীচৈতন্যদেবের উক্তি" বিষয়ে শ্রীপাদ পতিতপাবন ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী গুজরাটি ভাষায় একটি বক্তৃতা প্রদান করেন। রাত্রি ৯ ঘটিকা হইতে ১০॥ ঘটিকা পর্য্যন্ত বক্তৃতা এবং কীর্ত্তন হয়। গুজরাটি ভাষায় বক্তৃতা হইবার পর শ্রীবামনচৈতন্য ব্রহ্মচারীজী শ্রীগৌড়ীয়মঠের বৈশিষ্ট্য বিষয়ে হিন্দী ভাষায় কিছুক্ষণ বক্তৃতা প্রদান করেন। সভায় বহু গুজরাটি ভদ্রমহোদয় ও ভদ্রমহিলা উপস্থিত ছিলেন।

গত ২৮শে জানুয়ারী শনিবার দিবস বম্বে "খাদী শেঠ ভণ্ডারী" দোকানের মিঃ মূলজী ভাই পুরুষোত্তম মেহতা, মহাশয় বি-এ, বি-এল, মহোদয়ের সাদর আহ্বানে বম্বে শ্রীগৌড়ীয়মঠের সেবকবৃন্দ তাঁহার গৃহে পাঠ ও কীর্ত্তন করেন। মেহতা মহাশয় স্বয়ং শ্রীমঠে আসিয়া ব্রহ্মচারিবৃন্দকে তাঁহার গৃহে আহ্বান করিয়া লইয়া যান। রাত্রি ৮ ঘটিকা হইতে ১০ ঘটিকা পর্য্যন্ত কীর্ত্তন এবং পাঠ হয়। শ্রীপাদ পতিতপাবন ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী মহোদয় গুজরাটি ভাষায় কর্ম্ম, জ্ঞান এবং ভক্তির পার্থক্য ও সকল সম্প্রদায়ের চরমশ্রেয় মনুষ্য মাত্রেরই একমাত্র কর্ত্তব্য সম্বন্ধে বিষয় শ্রীমদ্ভাগবত হইতে বিশেষভাবে বুঝাইয়া দেন। বহু শিক্ষিত ও সম্ভ্রান্ত গুজরাটি ভদ্রলোকের এবং ভদ্রমহিলার সমাবেশ হইয়াছিল। পাঠ শ্রবণে সকলেই বিশেষ প্রীত লাভ করেন।

কানপুর-নগরে প্রচার

শ্রীগৌড়ীয়মঠের অন্যতম প্রচারক উপদেশক পণ্ডিত শ্রীপাদ অপ্রাকৃতানন্দ ভক্তিশাস্ত্রী মহোদয় ভক্তিপ্রিয় ব্রহ্মচারী সহ গত ২৮শে জানুয়ারী কানপুরে উপস্থিত হন। ১লা ফেব্রুয়ারী রবিবার কানপুর হেডিং এসিষ্টান্ট ইঞ্জিনিয়ার শ্রীযুত নৃপেন্দ্রগোপাল চট্টোপাধ্যায় মহাশয়ের সাদর আহ্বানে তাঁহার বাটীতে ভক্তিশাস্ত্রীজী শ্রীমদ্ভাগবত পাঠ ও ব্যাখ্যা করেন। তিনি গৌড়ীয়মঠের প্রচারের বিষয় অবগত হইয়া অতীব সন্তুষ্ট হন। গৌড়ীয়মঠের প্রচারের জন্য তাঁহার সেবাচেষ্টা প্রশংসনীয়।

গত ৩০শে জানুয়ারী ভক্তিশাস্ত্রী মহোদয় স্থানীয় মিউনিসিপ্যালিটীর এক্জিকিউটিভ অফিসার লালা অযোধ্যাপ্রসাদ ভার্গব মহাশয়ের সাদর আহ্বানে তাঁহার গৃহে শ্রীহরিকথা কীর্ত্তন করেন। তিনি স্বয়ং ও তাঁহার বন্ধুবান্ধব বিশেষ সেবাস্পৃহা করিয়া ধন্যবাদার্হ হইয়াছেন।

১লা ফেব্রুয়ারী উপদেশক পণ্ডিত শ্রীপাদ অপ্রমেয় ভক্তিশাস্ত্রী মহোদয় পণ্ডিত শ্রীযুত কানাইলাল লাল ফেব্রুয়ারী এম্-এ, ও বাঁশীলাল কর্ম্মকুটীরের সহিত কিছুক্ষণ শ্রীহরিকথা কীর্ত্তন করেন। ফেব্রুয়ারী মহোদয় নিজেকে ব্রজবাসী সম্প্রদায়ের বৈষ্ণব বলিয়া পরিচয় প্রদান করেন এবং ঐ সম্বন্ধে শ্রীমন্মহাপ্রভুর কথা যাহাতে প্রচার হয় তজ্জন্য অনুরোধ করেন। তাঁহারা সন্তুষ্ট হইয়া শ্রীগৌরাঙ্গের ১টী নবদ্বীপ ম্যাপ গ্রহণ করিয়া গৌড়ীয়মঠে যোগদান করিয়াছেন।

শ্রীল বাবাজী মহারাজের অপ্রকট-মহোৎসব

গত ২০শে ফেব্রুয়ারী সোমবার কটকে শ্রীসচ্চিদানন্দমঠে শ্রীল আচার্য্যদেবের আনুগত্যে শ্রীল জগন্নাথদাস বাবাজী মহারাজের অপ্রকট তিথিতে মঠবাসিগণের দ্বারা পঞ্চরাত্র, ভক্তসদাচার, অপ্রাকৃত 'বৈষ্ণব সেবক' ইত্যাদি কীর্ত্তন হয়।

সভায় বহু সজ্জনমণ্ডলীর নিকট শ্রীপাদ সুধাকৃষ্ণ দাস অধিকারী শ্রীল বাবাজী মহারাজের অপ্রাকৃত পূতজীবন-চরিত আলোচনা-মুখে একটী প্রাঞ্জল বক্তৃতা করিয়া শ্রোতৃবর্গের আনন্দবর্দ্ধন করেন। বক্তৃতান্তে সাধুস্মৃতি কীর্ত্তনের পর সকলকে বিচিত্র মহাপ্রসাদ বিতরণ করা হয়।

'জীবের নিজের আত্মস্বরূপে অপ্রাকৃত সচ্চিদানন্দ আশ্রয়-ভোগ্যত্বের অর্থাৎ কার্ষ্ণ-কিঙ্করত্বের অনুভূতিই সম্বন্ধজ্ঞান। গুরুবর্গের পরিচয়ের দ্বারা সেই সম্বন্ধজ্ঞান লাভ হয়। হরি স্বরূপশক্তির সহিত আশ্রয়, জীবশক্তির সহিত অচিন্ত্যভেদাভেদ সম্বন্ধযুক্ত ও মায়াশক্তি হইতে ভিন্ন। চেতন-দর্শনই কৃষ্ণভোগ্যদর্শন। প্রকৃত প্রস্তাবে সজ্জনসঙ্গই দুর্জ্জনসঙ্গরাহিত্য-রূপ নির্ম্মলতা।"

(শ্রীল আচার্য্যদেব)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

২৭ গোবিন্দ নিত্য সংকীর্ত্তনপত্রী গৌরাব্দ ৪৪৫

শ্রীধামপরিক্রমার অধিকারী কে?

—:o:—

অতঃপর শ্রীমন্মহাপ্রভুর আত্মনিবেদন-ক্ষেত্র শ্রীমায়াপুর হইতে শ্রবণ, কীর্ত্তন, স্মরণ, পাদসেবন, অর্চ্চন, বন্দন, দাস্য ও সখ্য ক্ষেত্র শ্রীনবদ্বীপ ধামস্থিত পরিক্রমা করিয়া পুনরায় আত্মনিবেদন-ক্ষেত্রে আগমন করেন। ইহাদ্বারা স্পষ্ট বুঝা যায় যে, আদিতে আত্মনিবেদন, অন্তে আত্মনিবেদন। আত্মনিবেদন না করিলে কিছুই হয় না। সেইজন্য ভক্তবৃন্দগণ প্রথমে শ্রীশ্রীগুরু গৌরাঙ্গচরণে আত্মনিবেদন করিয়া শ্রবণকীর্ত্তনাদি নবধা ভক্ত্যঙ্গ যাজন করেন। আবার অন্তেও আত্মনিবেদন করিয়া নবধাভক্তিযাজনের সার্থকতা সম্পাদন করেন। আত্মনিবেদনই চরমের ধর্ম্ম। শ্রীশ্রীগুরুপাদপদ্মে আত্মনিবেদনকারী শ্রীচৈতন্যমঠের নিত্য অধিবাসী, শ্রীধামপরিক্রমার অধিকারী। দীন, অকিঞ্চন, কাঙ্গাল না হইলে শ্রীধামবাসীর সঙ্গ বা ধামপরিক্রমা করা যায় না। সুতরাং আমরা সকল ছাড়িয়া শ্রীশ্রীগুরুপাদপদ্মে আত্মনিবেদনের জন্য প্রস্তুত হইব, শ্রীগুরুবৈষ্ণবগণের কৃপাভিক্ষা করিব।

শ্রীধাম চিন্ময়—সেব্যবস্তু, তাঁহার সেবা করিতে হইবে। শ্রীধামচরণে শরণাগত না হইয়া, শ্রীধামবাসীর আনুগত্য না করিয়া ধামপরিক্রমা করিতে গেলে ধামসেবার পরিবর্ত্তে ধামাপরাধই হইবে। শ্রীনাম-কীর্ত্তন করিতে গেলে যেরূপ দশবিধ নামাপরাধ ত্যাগ না করিলে শ্রীনামের কৃপা পাওয়া যায় না, সেইরূপ ধামাপরাধ বর্জ্জন না করিলে শ্রীধামস্বরূপের কৃপালাভ হয় না। সুতরাং আমাদের প্রত্যেকেরই ধামাপরাধ হইতে সতর্ক থাকা বিশেষ আবশ্যক। ধামাপরাধ দশটী, যথা—

(১) ধাম-প্রদর্শক শ্রীগুরুর অবজ্ঞা, (২) ধামকে অনিত্যবোধ, (৩) ধামবাসী ও যাত্রিগণের প্রতি হিংসা ও জাতিবুদ্ধি, (৪) ধামে বাস করিয়া বিষয়কার্য্যাদির অনুষ্ঠান, (৫) শ্রীধামসেবাছলে নাম-বিগ্রহসেবা-ব্যবসায় ও অর্থ উপার্জ্জন, (৬) অন্যতীর্থের সহিত ধামের তুলনা অথবা অন্য দেবতীর্থের সংস্থান ও পরিমাণ চেষ্টা, (৮) নবদ্বীপ ও বৃন্দাবনে ভেদজ্ঞান, (৯) শ্রীধামমাহাত্ম্য-সূচক শাস্ত্র-নিন্দা এবং (১০) ধাম-মাহাত্ম্যে অর্থবাদ ও কল্পনা জ্ঞান।

জ্ঞাতসারে বা অজ্ঞাতসারে তাঁহাদের নিকট যে সকল অপরাধ করি শ্রীধাম ও শ্রীধামবাসীর নিকট কৃপাভিক্ষা করিলে তাঁহাদের কৃপা ও সেবাফলে শ্রীধাম আমাদের অপরাধ ক্ষমা করিবেন। শ্রীধামে শরণ লইয়া শ্রীনবদ্বীপধামমাহাত্ম্য গ্রন্থ শ্রদ্ধাপূর্ব্বক পাঠ করিলেও তাহা বিনষ্ট হইবে। ধামাপরাধীর সঙ্গ করিতে হইবে না। অপরাধীর সঙ্গ হইতে দূরে থাকিয়া শুদ্ধ সাধুর সঙ্গ করিতে চেষ্টাযুক্ত হইতে হইবে। তাঁহার চিত্তবৃত্তির অনুসরণ করিতে হইবে। শ্রীধাম-মাহাত্ম্য সাধুমুখে শুনিয়া তাহা হৃদয়ে ধারণ করিতে হইবে। তাহা হইলে অপরাধ-জনিত আর অনর্থের উদয় হইবে না, কিম্বা কখনও আর তাহা আসিবে না। সেইজন্যই বলিতেছি, হে আমার বন্ধুগণ, আপনারা সকলে শ্রীধাম-সেবায় আত্মনিয়োগ করুন। শ্রীধামবাসী সাধুগণের নিকট হরিকথা শ্রবণ করুন। নিষ্কপটে শ্রীশ্রীল আচার্য্যদেবের শ্রীচরণে আত্মনিবেদন করুন, বিষয়-কথা ছাড়িয়া কোমল বুদ্ধি-ভাবের সঙ্গে সঙ্গে শ্রীধামের শরণাগত হউন, ধামগুরুকে আপন বলিয়া মনে করুন, তাহা হইলে পরা শান্তি লাভ করিতে পারিবেন, জীবন সার্থক হইবে।

শ্রীকোলদ্বীপ

কোলদ্বীপ—পাদসেবনাখ্য দ্বীপ। বর্ত্তমান সহর নবদ্বীপই কোলদ্বীপ নামে পরিচিত। গঙ্গার পূর্ব্বপারে শ্রীধাম মায়াপুর নবদ্বীপ এবং পশ্চিমপারে কুলিয়া গ্রাম। এই কুলিয়াকে অপরাধ-ভঞ্জনের পাট বলে। এই স্থানে শ্রীমন্মহাপ্রভু শ্রীবাস পণ্ডিতের চরণে অপরাধী চাপাল-গোপাল নামক বিপ্র এবং ভাগবতবক্তা দেবানন্দ পণ্ডিতের অপরাধ ক্ষমা করেন। এইজন্যই এস্থানকে অপরাধ-ভঞ্জনের পাট বা দেবানন্দের পাট বলিয়া থাকে। এই স্থানে সত্যযুগে ভগবান্ শ্রীহরি কোল বা বরাহরূপে বাসুদেব নামক জনৈক ব্রাহ্মণকুমারকে দর্শন প্রদান করিয়াছিলেন। এই স্থানে সত্যযুগে প্রহ্লাদ রক্ষক ভগবান্ 'নৃসিংহ' আবির্ভূত হইয়া দৈত্যরাজ হিরণ্যকশিপুকে বধ করেন।

এস্থানে বৈষ্ণবসার্ব্বভৌম শ্রীল জগন্নাথদাস বাবাজী মহারাজের ভজনস্থান আছে। তাঁহার নাম 'ভজন-কুটীর'। এই মহাপুরুষই শ্রীগৌরসুন্দরের আবির্ভাবস্থান নির্দ্দেশক, শ্রীধাম-প্রচারিণী সভার প্রাচীন মুখপুরুষ। বর্ত্তমানকালে যাঁহারা শ্রীচৈতন্যদেবের আশ্রিত ও শ্রীগৌড়ীয়-বৈষ্ণবের দাস বলিয়া আপনাদিগকে গৌরবান্বিত মনে করেন, তাঁহারা সকলেই এই মহাত্মার শ্রীচরণে আশ্রিত।

শ্রীঋতুদ্বীপ

এই স্থানে ছয়ঋতু সকল সময় বিরাজমান বলিয়া ইহার নাম ঋতুদ্বীপ। বর্ত্তমান চাঁপাহাটী এই দ্বীপের অন্তর্গত। এই চাঁপাহাটী গ্রামে গৌরপার্ষদ 'দ্বিজবাণীনাথ' প্রভুর প্রতিষ্ঠিত শ্রীশ্রীগৌরগদাধরের বিগ্রহ এই স্থানে বিরাজমান। এই স্থানে শ্রীগৌরগদাধরের শ্রীচৈতন্যমঠের সেবকগণ সেবা করিয়া থাকেন। এক বৃদ্ধ ভক্ত ব্রাহ্মণ এই স্থানে বাস করিয়া প্রত্যহ চম্পকবৃক্ষ হইতে পুষ্প সংগ্রহ করিয়া শ্রীরাধাগোবিন্দের পূজা করিতেন। তদবধি ভগবান্ শ্রীকৃষ্ণ তাঁহার ঐকান্তিক সেবায় তুষ্ট হইয়া তাঁহাকে দর্শন দিয়া কৃপা প্রকাশ করেন এবং তাঁহাকে গৌররূপ দর্শন করান। এরূপ রূপের এরূপ দর্শনের কারণ জিজ্ঞাসা করিলে শ্রীকৃষ্ণ তাঁহার নিকট গৌরাবতারের কথা জ্ঞাপন করেন এবং এই কলিতে তিনি অবতীর্ণ হইবেন একথাও বলিলেন। এই ব্রাহ্মণ কৃষ্ণেচ্ছায় গৌরলীলায় 'দ্বিজবাণীনাথ'-রূপে অবতীর্ণ হন আবার ইঁনিই ব্রজলীলায় কামলেখা।

কথিত আছে শ্রীগোবিন্দ-চরিতা শ্রীজয়দেব ঠাকুর লক্ষ্মণ সেনের রাজত্বকালে এই স্থানে পদ্মাবতীর সহিত অবস্থান করিয়া রাগমার্গে শ্রীরাধাগোবিন্দের ভাবসেবা করিতে করিতে শ্রীগৌরসুন্দরের দর্শন সেবা লাভ করিয়াছিলেন। অতএব এই স্থানকে বৃন্দাবনের রাধাবনের অঙ্গরূপ অভিন্ন-স্বরূপে দর্শন করিয়া থাকেন।

এই চাঁপাহাটীর নিকটেই সমুদ্রগড়। এই স্থানে দ্বাপর যুগে সমুদ্রসেন নামে একজন রাজা বাস করিতেন। মধ্যম পাণ্ডব ভীম দিগ্বিজয়ে বাহির হইয়া সমুদ্রগড় আক্রমণ করিলে ভক্তপ্রবর সমুদ্রসেন মনে করিলেন—"কৃষ্ণ পাণ্ডবগণের অত্যন্ত প্রিয়, পাণ্ডবগণ বিপদে পড়িলে কৃষ্ণ থাকিতে পারেন না। আমি যদি ভীমকে ভয় দেখাইতে পারি, তাহা হইলে অনায়াসে কৃষ্ণ-দর্শন করিতে পারিব।" এইরূপ মনে করিয়া সমুদ্রসেন শ্রীকৃষ্ণ স্মরণ পূর্ব্বক ভীমের প্রতি বাণ নিক্ষেপ করিলেন। বাণের আঘাতে ভীম অত্যন্ত কাতর হইবার আশঙ্কা প্রদর্শন পূর্ব্বক নিজ রক্ষার নিমিত্ত শ্রীকৃষ্ণস্মরণ করিতে লাগিলেন। পাণ্ডবসখা শ্রীকৃষ্ণ ভীমকে রক্ষা করিবার ছলে এই স্থানে আগমন পূর্ব্বক ভক্তপ্রবর সমুদ্রসেনকে দর্শন প্রদান করেন।

কর্ম্ম ও জ্ঞান

কর্ম্ম অভক্ত ব্যক্তির উপভোগবিশেষ। অতএব উহা অধিকারভেদে ক্রমে জ্ঞানযোগ দ্বারা, ঈশ্বরে কর্ম্মার্পণ-শাস্ত্রক্রমে অথবা ভগবানে ভাগবতেই অর্পিত না হইলে নিরস্ত হয় না। অতএব কর্ম্মের আদিযোগ মধ্যে সমস্ত কর্ম্মে যজ্ঞেশ্বর পরমাত্মার পূজা করা প্রয়োজন। নিত্য-নৈমিত্তিক-কর্ম্মে ঈশ্বর-পূজা অপরিহার্য্য যেহেতু, পরমেশ্বরের প্রতি কৃতজ্ঞতা সহকারে কর্ত্তব্যানুষ্ঠান করার নামই 'ঈশ্বর-পূজা'। কাম্যকর্ম্মগুলি নিষ্কামকারীর বর্জ্জনীয়, তথাপি তাহাকে ঈশ্বরভাবে নিযুক্ত করিবার ব্যবস্থা দেখা যায়। যথা—

অকামঃ সর্ব্বকামো বা মোক্ষকাম উদারধীঃ।
তীব্রেণ ভক্তিযোগেন যজেত পুরুষং পরম্॥
(ভাঃ ২।৩।১০)

যে কর্ম্মী অকাম অর্থাৎ মোক্ষকাম অকাম বা সর্ব্বকাম হইয়া যে অন্তর্য্যামী

উক্ত, তাঁহাদেরই পরমপুরুষ পরমেশ্বরের দর্শন তাঁহার ভক্তিযোগের দ্বারা হইবেন।

জ্ঞান পরমার্থসিদ্ধির উপায়স্বরূপে কথিত হইয়াছে। পরব্রহ্ম—অপ্রাকৃত, অতীন্দ্রিয় — অচিন্ত্য। পরব্রহ্ম-সম্বন্ধে কোন প্রত্যক্ষ জ্ঞানই পরমার্থ-সিদ্ধির একমাত্র উপায় বলিয়া জ্ঞানবাদীরা সিদ্ধান্ত করেন। কর্ম যদিও সংসার ও শরীর-যাত্রা-নির্বাহক, তথাপি উহা অজ্ঞানজনিত থাকায় অজ্ঞান-নাশ করিবার তাহার সাক্ষাৎ সামর্থ্য নাই। কর্মদ্বারা পরমেশ্বরে চিত্ত নিবেদনের অভ্যাস হইয়া থাকে, কিন্তু জ্ঞানপ্রসূত কর্ম পরিত্যাগ না করিলে নিস্তার লাভ হয় না। আধ্যাত্মিক চেষ্টার দ্বারা কেবল আধ্যাত্মিক ফল পাওয়া যায়। প্রথমে প্রকৃত আলোচনাপূর্বক প্রকৃতির সমস্ত সত্তা ও স্বরূপ দূর করিয়া ব্রহ্মসাক্ষাৎকারে জীবের ব্রহ্মনিষ্পত্তির সাধন করিতে হয়। যে কাল পর্য্যন্ত দেহের জীবের অবস্থান আছে, সে কাল পর্য্যন্ত শরীর-ধর্মত্ব স্বীকার্য্য। এতদ্ব্যতীত জ্ঞানবাদ দুই ভাগে বিভক্ত—ব্রহ্মজ্ঞান ও ভগবজ্জ্ঞান। ব্রহ্মজ্ঞান দ্বারা আত্মার ব্রহ্মনির্বাণরূপ ফলের উদ্দেশ্য থাকে। নির্বাণের পর আর আত্মার স্বতন্ত্র অবস্থান ব্রহ্মজ্ঞানীরা স্বীকার করেন না। ব্রহ্ম—নির্বিশেষ; আত্মার মুক্ত হইলে নির্বিশেষ হইয়া ব্রহ্মের সহিত ঐক্য লাভ করেন। এই প্রকার সাধনটী ভগবজ্জ্ঞানের উদ্দেশক বলিয়া গীতায় নির্দিষ্ট হইয়াছে। যথা ভগবদ্গীতায় (১২।৩-৪ শ্লোকে) ভক্তির উদ্দেশে ভগবান্ বলিয়াছেন,—যাঁহারা ইন্দ্রিয় সকলকে নিয়মিত করিয়া সর্ব্বত্র সমবুদ্ধি ও সর্ব্বভূতহিতে রত হইয়া অক্ষর, অনির্দ্দেশ্য, অব্যক্ত, সর্ব্বত্রগ, অচিন্ত্য, কূটস্থ, অচল ও ধ্রুব ব্রহ্মের উপাসনা করেন অর্থাৎ জ্ঞানমার্গে ব্রহ্মানুসন্ধান করেন, তাঁহারাও সর্ব্বৈশ্বর্য্যপূর্ণ ভগবানকে অবশেষে প্রাপ্ত হন। অব্যক্তাসক্তচিত্ত হওয়ায় তাঁহাদের জ্ঞানমার্গে অধিক ক্লেশ হইয়া থাকে। কেন না, শরীরী দেহাভিমানীদের মধ্যে অব্যক্তনিষ্ঠা অতি দুঃখজনক হয়। এই শ্লোকদ্বয়ের মূল তাৎপর্য্য এই যে, ব্রহ্মানুশীলন দ্বারা জীবের অশুভ দূর হইলে পরে সাধুসঙ্গ ও ভগবৎ-কৃপাবলে চিদ্বিলাস-বিশেষ নির্দিষ্ট ভগবত্তত্ত্ব লাভ হয়। অক্ষরশব্দের দ্বারা সকল নরমানবকে এইরূপ দূর করে যে আত্মার হইতে পরা মুক্তির পর্য্যন্ত প্রাকৃতকে দূরীভূত করিয়া সচ্চিদানন্দ-অবস্থার নির্বিশেষ ব্রহ্মকে লক্ষ্য করা আবশ্যক হয়। কিন্তু যখন আত্মা শুদ্ধ হইয়া ব্রহ্মনির্বাণ লাভ করেন, তখন চিদ্বৈচিত্র্যের মধ্যে চিদ্বৃত্তি হইয়া সর্বাঙ্গে বৈকুণ্ঠ 'বিশেষ' দেখিতে পান, তখন আর অনির্দেশ্য ব্রহ্ম দর্শন শক্তিকে আচ্ছাদন করেন না। ক্রমশঃ বৈকুণ্ঠের সৌন্দর্য্য প্রকাশিত হইয়া অপ্রাকৃত মনকে পরিতৃপ্ত করেন। এই স্থলে ব্রহ্মজ্ঞানটী ভগবজ্জ্ঞান হইয়া পড়ে। ভগবত্তত্ত্ব বোধ হইলে ক্রমশঃ পরাভক্তি পর্য্যন্ত লাভ সংঘটিত হয়। অতএব পরমার্থ প্রাপ্তির সাধনরূপ জ্ঞান অভিধেয়তত্ত্বের অন্তর্গত বলিয়া নির্দিষ্ট আছে। ভগবজ্জ্ঞান আলোচনা করিলে প্রয়োজনরূপ বিশুদ্ধ প্রীতির বিস্তার হইবার বিশেষ সম্ভাবনা আছে।

জ্ঞান সম্বন্ধে আর একটি কথা বলা আবশ্যক। জ্ঞানের স্বাভাবিক অবস্থায় ভগবজ্জ্ঞান এবং অস্বাভাবিক অবস্থায় অজ্ঞান ও অহংজ্ঞান। অজ্ঞান হইতে প্রাকৃতপূজা এবং অহংজ্ঞান হইতে নাস্তিকতা ও অদ্বৈতবাদ। প্রাকৃত পূজা দুই প্রকার, অর্থাৎ অনুভূত প্রাকৃত বস্তুতে ভগবজ্জ্ঞান এবং সাক্ষাৎভাবে ঐ বস্তুর ভগবত্ত্ব। প্রাকৃতবাদ সাধকেরা পৌত্তলিক মূর্ত্তিকে ভগবান্ বলিয়া পূজা করেন। বাহিরের সাধকগণ প্রকৃতির শক্তি-সমূহকে ভগবৎকল্পনাকে এক বোধ করেন। উহারা নিরাকার, নিরাকার ও সবিশেষ ভাবের প্রতিষ্ঠা করেন। এই দুই শ্রেণী সম্বন্ধে ভাগবতের ২য় স্কন্ধে (১০।৩৩ শ্লোকে) কথিত হইয়াছে,—যাহা শাস্ত্রে এই আবরণে আবৃত ভগবানের স্থূলরূপ বাহ্যত একটি স্বরূপ কল্পিত হয়। তাহা অব্যক্ত, নির্বিশেষ, আদি মধ্য-অন্তরহিত, নিত্য, বাক্য ও মনের অগোচর। এই দুই রূপই প্রাকৃত। সারগ্রাহী পণ্ডিত সকল ভগবানের স্থূল ও সূক্ষ্মরূপ ত্যাগ করিয়া অপ্রাকৃত রূপ নিত্য দর্শন করেন। অতএব নিরাকার ও সাকারবাদ উভয়ই অজ্ঞানজনিত ও পরস্পর বিবদমান। শুদ্ধ জ্ঞানকে অতিক্রম করিয়া তর্কনিষ্ঠ হইলে আত্মাকে 'নিত্য' বলিতে চাহে না। এ অবস্থায় নাস্তিকতার উদয় হয়। জ্ঞান যখন শুদ্ধ অনুগত হইয়া স্ব-স্ব ভাব পরিত্যাগ করে, তখন আত্মার নির্বাণকে অনুসন্ধান করে। এই অসম্পূর্ণ চেষ্টার দ্বারা জীবের মঙ্গল হয় না।

[illegible]-
[illegible]।
আকৃষ্ট প্রেমেণ পদং পদং হরেঃ
পরমানন্দসুখমগ্নচিত্তঃ॥
(বাঃ ১০।২।২)

যে অবিদ্যাক, জ্ঞানজনিত মুক্তিকে যাহারা চরম ফল জানিয়া তাহার অনাদর করিয়াছেন, সেই জ্ঞানমুক্তাভিমানী পুরুষেরা অনেক কষ্টে পদ-সম্পদ প্রাপ্ত হইয়াও আবার অবনতি লাভ করিতে চ্যুত হন। মুক্ত হইয়াও অভিমান ত্যাগ হইতে পারে না। নির্বাণের চারিটী বিচার প্রদর্শ হইল।

১। ব্রহ্মনির্বাণই যদি আত্মার চরম পরিণতি হয়, তাহা হইলে ঈশ্বরের সৃষ্টি হইতে আত্মসৃষ্টি চেষ্টা কল্পনা করিতে হয়। কেন না, এরূপ অসৎ সত্তার উৎপত্তি না করিলে আর কিছু হইত না। ব্রহ্মের নির্বোধ করিবার জন্য মায়াকে সৃষ্টিকারী বলিলে ব্রহ্মের স্বাধীনতা স্বীকার করিতে হয়।

২। আত্মার ব্রহ্মনির্বাণে ব্রহ্মের বা জীবের কাহারও লাভ নাই।

৩। পরব্রহ্মের নিত্যবিলাস সত্ত্বে আত্মার ব্রহ্মনির্বাণের প্রয়োজন নাই।

৪। তত্ত্ব-জ্ঞানের উপাদানরূপ 'বিশেষ' নামক ধর্মকে নিত্য বলিয়া স্বীকার না করিলে সত্তা, জ্ঞান ও আনন্দের সম্ভাবনা হয় না। বিশেষের অভাবে ঐক্যের স্থাপন ও সংস্থাপনের অভাব হয়, বস্তুর অস্তিত্বে সংশয় হয়। 'বিশেষ' নিত্য হইলে আত্ম-ব্রহ্মনির্বাণ ঘটে না।

জ্ঞান ও প্রীতির সম্বন্ধ-বিধি জানিতে পারিলে আর কোন সন্দেহ-বিরোধ থাকে না। আত্মা আত্মার চেতন-ধর্মই উহার স্বরূপগত ধর্ম। চেতন-ধর্মের দুইটী বৃত্তি—১) বস্তু ও স্বরূপ-জ্ঞানাত্মক বৃত্তি, (২) রসাস্বাদনাত্মক বৃত্তি। প্রথম বৃত্তির নাম জ্ঞান। উহা স্বভাবতঃ শুষ্ক ও চিন্তাপ্রায়। দ্বিতীয় বৃত্তির নাম প্রীতি। বস্তু ও তদ্ধর্ম অনুভব সময়ে আস্বাদক-আস্বাদ্যগত যে একটি অপূর্ব্ব রসাস্বাদন হয়, রসাস্বাদক-বৃত্তির নাম—প্রীতি। উক্ত দ্বিবিধ বৃত্তি অর্থাৎ জ্ঞান ও প্রীতির মধ্যে একটী ব্যাপক সম্বন্ধ পরিলক্ষিত হয়, অর্থাৎ জ্ঞানরূপ বৃত্তি যে পরিমাণে বৃদ্ধি হয়, প্রীতি-বৃত্তি সেই পরিমাণে কম হয়। পক্ষান্তরে প্রীতি যে পরিমাণে বৃদ্ধি হয়, জ্ঞান-বৃত্তি সেই পরিমাণে কম হয়। জ্ঞানবৃত্তি অবলম্বন করিলে মূল চেতন বস্তুটী এক অবস্থায় থাকে, 'কত উচ্চ' নৈরাশ্যের পরাকাষ্ঠা লাভ করিয়া সম্পূর্ণ আনন্দ সিদ্ধ হয়। প্রীতিকে বা ভক্তিকে অবলম্বন করিলে জ্ঞান-বৃত্তি অনুকূল কোন দোষ হয় না, বরং সহকারিতা প্রয়োজনানুরূপ চৈতন্যভাব হইয়া প্রীতিরসের আস্বাদন রসকে বিস্তার করে। অতএব প্রীতি-বৃত্তিই জীবের একমাত্র প্রয়োজন।

অভিধেয়তত্ত্বে ভক্তিকে প্রধান সাধন বলিয়া উক্ত হইয়াছে। মহর্ষি শাণ্ডিল্য-কৃত ভক্তিসূত্রে এইরূপ সূচিত হইয়াছে,—

"সা পরানুরক্তিরীশ্বরে"। ঈশ্বরে অতি উৎকট আসক্তিকেই 'ভক্তি' বলা যায়। জীবাত্মার পরমাত্মার প্রতি আনুকূল্যরূপ যে চেষ্টা তাহাই ভক্তির স্বরূপ। সেই চেষ্টা নির্বিশেষবাদে কল্পনা ও নির্বাণবাদে জল্পনা। পুনশ্চ নাস্তিকের চেষ্টা—কল্পনা। নিষ্কাম-কর্ম্মের চেষ্টা—জল্পনা। ভক্তি আত্মগত শান্তিরূপ ধর্মকে সাধন করে, অতএব উহাকে গীতি বলা যায় না। প্রীতির উদয় হইলে ভক্তির পরিপক্বতা হইল বুঝিতে হইবে।

মেদিনীপুরে প্রচার

শ্রীশ্রীনবদ্বীপধামপ্রচারিণী সভার অধ্যক্ষ প্রচারক 'ভক্তিশাস্ত্রী' শ্রীমদ্ভক্তিভূষণ সেবা মহারাজ ও 'আচার্য্যবাসী' শ্রীমদ্ভক্তি-বিনোদ মহারাজ শ্রীপাদ গোস্বামী প্রভৃতি ভক্তিতত্ত্বজ্ঞ ব্রহ্মচারী সহ মেদিনীপুর জেলার বিভিন্ন স্থানে 'শ্রীকৃষ্ণ'-নাম শ্রীচৈতন্যবাণী প্রচার করিয়াছেন।

গত ২রা ফেব্রুয়ারী বুধবার মেদিনীপুর জেলার অন্তর্গত [illegible] নিবাসী শ্রীযুক্ত নগেন্দ্রনাথ ঘোষ মহাশয়ের আমন্ত্রণে তাঁহার গৃহে প্রচারকগণ দুই দিন বক্তৃতা এবং ছায়াচিত্র যোগে শ্রীগৌড়ীয়মঠের প্রচারকার্য্য ও শ্রেণী অপসম্প্রদায়ের আচার ব্যবহার সম্বন্ধে একটি গবেষণামূলক বক্তৃতা প্রদান করেন।

গত ৪ঠা ফেব্রুয়ারী শনিবার ও ৫ই ফেব্রুয়ারী রবিবার সভাগৃহের উচ্চ ইংরেজী বিদ্যালয়ে 'শ্রীচৈতন্য শিক্ষা' সম্বন্ধে বক্তৃতা হয়। সভাতে প্রায় চার শত শিক্ষিত ভদ্রমহোদয় উপস্থিত ছিলেন। বক্তৃতা শ্রবণ করিয়া সকলেই আকৃষ্ট হইয়াছিলেন। সভায় শ্রীযুত সুরেন্দ্রনাথ অধিকারী, সাব্-ডেপুটী, শ্রীযুত নগেন্দ্রনাথ রায়, হেডমাষ্টার শ্রীযুত [illegible] এবং 'শ্রীগৌ[illegible]' উপস্থিত ছিলেন।

নাস্তিকতা সাধুসঙ্গ সদাচারে শেষ। ভগবদ্ভক্ত সাধুসঙ্গে সর্ব্বসিদ্ধি হয়।

শুদ্ধভক্তি-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠ প্রধান
প্রাচীন নবদ্বীপ, অন্তর্দ্বীপ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীব্রজপত্তন-ভবনে শ্রীচৈতন্যমঠ, গুরুবিগ্রহ-পীঠ, শ্রীশ্রীরাধাকৃষ্ণ, শ্রীগৌর, গোপাল আদি চতুর্বিগ্রহ বিরাজ আছেন। ভক্তিসিদ্ধান্ত সরস্বতী প্রকাশ্য দিবালয় আছে।

(২) শ্রীগৌড়ীয়মঠ
১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৫
কলিকাতার শ্রীভক্তিবিনোদ আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, সঙ্কীর্ত্তন, প্রভাতকৃত্য-দেবার্চ্চা-শ্রীমদ্ভাগবতাদি ভক্ত গ্রন্থের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও সাপ্তাহিক পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়।

৩) যোগপীঠ-মায়াপুর-পীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব ভূমি মহাযোগপীঠ।

(৪) শ্রীবাস-অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৫) অদ্বৈত ভবন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং ... বর্ত্তমান।

(৬) মুরারিগুপ্তের পাট
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৭) কাজি-সমাধি-পাট
প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি।

(৮) অদ্বৈতভবনকল্পতরু শ্রীমন্মহাপ্রভুর
শ্রীধাম মায়াপুর

(৯) আনন্দ-সুখদ-কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
এখানে ও বিদ্যমান শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধাগোবিন্দের সেবা বর্ত্তমান।

(১০) গৌর-গদাধর-মঠ
চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা।

১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ চাঁপাহাটী (বর্দ্ধমান)

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ
মাউগাছি, পোঃ ভাণ্ডার, (বর্দ্ধমান)
শ্রীনারায়ণীর ঠাকুর বৃন্দাবনের স্থান

(১৩) কুলিয়াদ্বীপ-গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(১৪) জহ্নুদ্বীপ গৌড়ীয়মঠাশ্রম

১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ
গৌড়পুর, নদীয়া

(১৬) শ্রীনবদ্বীপ গৌড়ীয় মঠ
বাউগাছি (শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

১৭) কুমারহট্ট
পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

(১৮) ভাগবত-আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৯) একায়নমঠ
গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

(২০) মহেশ-পণ্ডিতের পাট
কাঠালপুলি, পোঃ চাকদা (নদীয়া)

(২১) বাগবাজার-গৌড়ীয়মঠাশ্রম

(২২) পুরী গৌড়ীয়মঠ
চব্বিশ পরগণা

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ
নারায়ণগঞ্জ পোঃ ঢাকা, ঢাকা।
পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র।

(২৪) গোপালজীউমঠ
কমলাপুর, পোঃ ঢাকা

(২৫) গদাই-গৌরাঙ্গ মঠ
পোঃ বালিয়াটি, (ঢাকা)

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ
বক্সীবাজার, পোঃ ময়মনসিংহ

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া (আসাম

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ
পোঃ চক্চকা, কামরূপ (আসাম)

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
৩নং পাগলা বিল্ডিং, দার্জ্জিলিং

(৩০) সারস্বত-গৌড়ীয়মঠ
পোঃ চরিবাড়, জেঃ মাহারাজপুর, ইষ্ট, পি

(৩১) পাটনা গৌড়ীয়মঠ
মহেন্দ্রপুর পাটনা।

(৩২) গয়া গৌড়ীয়মঠ
মঙ্গলা রোড, গয়া

(৩৩) সনাতন গৌড়ীয় মঠ
৮।১৭ বড় দশাশ্বমেধ, বেনারস সিটি

৩৪) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

(৩৫) পরমহংস মঠ,
পোঃ নিমসার, সীতাপুর ইউ পি।

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠাশ্রম
বিশ্রামঘাট পোঃ মথুরা

(৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,
পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ
গোপালপুর, বৃন্দাবন

(৩৯) প্রেমানন্দ-সুখদকুঞ্জ
পোঃ রাধাকুণ্ড। মথুরা

(৪০) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪১) রাধাকুণ্ড গোবর্দ্ধন

(৪২) শ্রীগোবর্দ্ধনমঠাশ্রম
গোবর্দ্ধন, মথুরা।

(৪৩) নবেন্দু বিহারী মঠ
বর্ষাণ, মথুরা।

(৪৪) নন্দগ্রাম গৌড়ীয়মঠাশ্রম
পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৫) বর্ষাণা গৌড়ীয়মঠাশ্রম
পোঃ বর্ষাণা, মথুরা

(৪৬) গোকুলবিহারী মঠ—দেবঘাট,
পোঃ ফেরোজ, জেলা গুজরাট (পাঞ্জাব)

(৪৭) ব্যাসগৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

(৪৮) দিল্লী গৌড়ীয় মঠ
৪নং ওয়েষ্টার্ন রোড, নিউ দিল্লী;

(৪৯) বোম্বে গৌড়ীয়মঠ
গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, অগষ্টক্রান্তি বল ফিঃ বোম্বে ৭

(৫০) মাদ্রাজ-গৌড়ীয় মঠ
পোঃ রায়পেটা, মাদ্রাজ
শ্রীজগন্নাথদেবের আবির্ভাবস্থানের সেবা

(৫১) বালাজী-গৌড়ীয়মঠ
পোঃ কভুর, কভুর গোদাবরী মাদ্রাজ
শ্রীশ্রীজগন্নাথদেবের শ্রীবিগ্রহের সেবা

(৫২) ভক্তকুটী গৌড়ীয়মঠ
আলবরনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)

(৫৩) পুরুষোত্তম মঠ
চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা

৫৪) ভক্তিকুটী—স্বর্গদ্বার পুরী
৫৫ সাক্ষীকুটী

(৫৬) সিদ্ধবকুল-গৌড়ীয়মঠ
পোঃ কটক, পুরী

(৫৭) সচ্চিদানন্দ মঠ
লালবাগ, পোঃ কটক (উড়িষ্যা)

(৫৮) নারেখাম গৌড়ীয়মঠপীঠ

(৫৯) শ্রীব্রহ্মমাধ্বগৌড়ীয়-প্রচার-মন্দির
পোঃ বকুলতলা, পাঞ্জাব

(৬০) অমরবনকুঞ্জ মঠ
চিকলিয়া, পোঃ খাজুরবন্দর, মেদিনীপুর

(৬১) জগাই গৌড়ীয়মঠ
পোঃ জগাই, মেদিনীপুর

(৬২) আমলাযোড়া প্রপন্নাশ্রম মঠ
পোঃ পাণ্ডবেশ্বর (বর্দ্ধমান)

(৬৩) চৈতন্যগৌড়ীয়মঠ
চুচুড়া, পোঃ হুগলী, (বাংলা)

(৬৪) রেঙ্গুণ গৌড়ীয়মঠ
২০১ নং স্পার্কস ষ্ট্রীট, রেঙ্গুণ।

(৬৫) লণ্ডন গৌড়ীয়মঠ
ফ্লাট নং ২
৫১, ক্লার্ক-রোড
ব্রাম্পটন, লণ্ডন, এস ই

(৬৬) গৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্
১৪।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা

(৬৭) গৌড়ীয়মঠ অফিস
২০৪ হিউয়েট রোড, লক্ষ্ণৌ (ইউ-পি)

(৬৮) শ্রীবিদ্যানিধি গৌড়ীয়মঠাশ্রম
নন্দনকানন, চট্টগ্রাম

শ্রীধাম মায়াপুর নদীয়া-প্রকাশ প্রেস হইতে মহোপদেশক শ্রীপ্রবোধরঞ্জন চক্রবর্ত্তী প্রভুবিদ্যালঙ্কার সম্পাদিত
শ্রী... ব্রহ্মচারী ভক্তালোক, ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায়		বিজ্ঞাপনের পৃষ্ঠায়	
	১ম ও ২য় দিনের জন্য	পরবর্তী দিনের জন্য	১ম ও ২য় দিনের জন্য	পরবর্তী দিনের
প্রতিবারে প্রতি লাইনে ।০	৶০	[illegible]		[illegible]
" " ইঞ্চি ২৲		১৷০		১৷৵
" সিকিকলম ৫৲	৪৲			৩৲
" অর্দ্ধকলম ৮৲	৭৲	৬৲		৫৲
এক কলম ১৪৲	১০৲	১০৲		৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিবারে প্রতি ইঞ্চি ৷০	৩।০
" সিকি কলম ১৫৲	১২৲
" অর্দ্ধকলম ২৫৲	২০৲
এক কলম ৩০৲	

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৷০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা [illegible] বিশেষ সংখ্যা [illegible]।

শ্রীধাম মায়াপুরে

—"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট"—

[illegible]

[illegible] বিদ্যালয় ও বোর্ডিং [illegible] বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে [illegible] মাসে মাত্র ৬৲ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ [illegible] ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। বর্ত্তমান বর্ষে [illegible] জন বালকের মধ্যে ১৫ জন [illegible] উত্তীর্ণ হইয়াছে।

মেধাবী ছাত্রগণের আরও সুবিধা

পরীক্ষায় যাহারা শতকরা ৭৫ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ সচ্চরিত্র বিদেশী ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট,
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী

শ্রীল প্রভুপাদের চতুঃষষ্টিবর্ষপূর্ত্ত্যাবির্ভাব তিথিতে শ্রীল আচার্য্যদেবের আনুকূল্যে "শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী" প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। ইহাতে পূর্ব্বার্দ্ধ ও উত্তরার্দ্ধ দুইটি বিভাগ আছে। পূর্ব্বার্দ্ধে শ্রীল প্রভুপাদের আদি প্রবন্ধাবলী শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের সম্পাদিত 'সজ্জনতোষণী' [illegible] শ্রীল প্রভুপাদের "[illegible]" সাপ্তাহিক পত্র প্রভৃতি হইতে কথাসার ও প্রয়োজনীয় অংশের টীকা-সহ প্রকাশিত হইয়াছে। উত্তরার্দ্ধে শ্রীল প্রভুপাদের সম্পাদিত 'সজ্জনতোষণী'র কতিপয় প্রবন্ধ কথাসার প্রভৃতির সহিত মুদ্রিত হইয়াছে। প্রবন্ধগুলি রচনাকালের ক্রমানুসারে গ্রথিত হইয়াছে; এতদ্ব্যতীত শ্রীল আচার্য্যদেবের একটি মূল্যবান্ উপোদ্ঘাত ও সঙ্কলনকারীর একটি বিস্তৃত ভূমিকা, শব্দ সূচী, স্থান-পাত্র-শ্লোক ও পয়ার-সূচী প্রভৃতি গ্রন্থে সংযোজিত হইয়াছে। গ্রন্থটি উৎকৃষ্ট কাগজে প্যারিপ্যাটোর সহিত মুদ্রিত ও শ্রীল প্রভুপাদের আলেখ্যাদিদ্বারা ভূষিত ও সুন্দর বাঁধাই হইয়া প্রকাশিত হইয়াছে। প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, জিলা নদীয়া; শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ও শ্রীমাধ্বগৌড়ীয়মঠ, নারিন্দা, পোঃ ওয়ারী, ঢাকা।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অভিজ্ঞতার সহিত আলোচিত হইয়াছে। এই এক অপূর্ব্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

প্রভুপাদের পদ্যপ্রসূন মালা

এই গ্রন্থে ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের রচিত পদ্যাবলী শ্রীল আচার্য্যদেবের বিরচিত "সৌরভ" নামক ভাষ্যের সহিত প্রকাশিত হইয়াছে। শ্রীল প্রভুপাদের অনেক অপ্রকাশিত পদ্য ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ৷০ আট আনা।

চৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু নামে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত্র অভিজ্ঞতার সহিত সন্নিবিষ্ট হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ৭৲ টাকা। প্রাপ্তিস্থান শ্রীযুক্ত নবকিশোর ভক্তিশাস্ত্রী, শ্রীযোগপীঠ, শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্স কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপদেশক পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী সম্প্রদায়-বৈভবাচার্য্য এম এ মহোদয়ের স্বোপার্জিত গবেষণা এবং পরিপক্ব লেখনীর অদ্ভুত ফল আস্বাদন করিয়া এতাবৎ দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত্র পাঠে মগ্ন হউন। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিবিধ চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলে শ্রীমহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ড ৬৫০ অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকার ভূমিকাদ্বয় (Prefaces) বিষয় তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত প্রসিদ্ধ সূচীপত্র (Index Glossary) সহ গ্রন্থখানি প্রকাশিত। ভিক্ষা—১৫, পনর টাকা। প্রাপ্তিস্থান—[illegible] গৌড়ীয়মঠ, [illegible] মঠ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

'ঠাকুর ভক্তিবিনোদ'

———:o:———

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ ভক্তি-প্রচারের মূল মহাজন সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অভিনব জীবনচরিত এতাবৎকাল সম্যক্ প্রকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয়মঠাচার্য্যবর্য্যের অনুজ্ঞায় পরবিদ্যাভিজ্ঞ সু-লেখক "গৌড়ীয়" সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু মূল্যবান শিক্ষামালাও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১২৫ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৮০ আনা; ডাকমাশুল স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান—ম্যানেজার গ্রন্থবিভাগ
শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

———:o:———

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু গ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্

উৎকল কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

বিবিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় যুবক, পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাটতি এত অধিক। প্লীহা যকৃৎ সংযুক্ত পালাজ্বর এবং নূতন ও পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। মূল্য ছোট বোতল ৷৵০ দশ আনা, বড় বোতল ১৵০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা
অথবা
পোঃ বেহালা, ২৪ পরগণা

ই. বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	৪-৩৬	৬-০৬	৭-২৬	১২-২৬	১৪ ৫৬	১৬-৫৬	১৭ ৫৬	২২-২৬
রাণাঘাট পৌঃ			৮-৫০	১৪-১৫				
(বদল) ছাঃ			৯-০৫	১৪-৫০				
কৃষ্ণনগর পৌঃ	৭ ১	৮-৪৪	১০-৮	১৫-২৩	১৭ ২৮	১৯ ১১	২০-১৬	১-১৫
(বদল) ছাঃ	৭-১২		১০-৩১		১৭-৩৬		২০-২৬	
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫১		১১-১০		১৮-১৬		২০-৪৬	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১ ৬
রাণাঘাট পৌঃ	১২ ৫৫
ছাঃ	১৩ ০
শান্তিপুর পৌঃ	১৩ ২৭
(বদল) ছাঃ	১৩ ৫১ (লাইট্ রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪ ২
ছাঃ	১৪ ২০
নবদ্বীপঘাট পৌঃ	১৫-০

ডাউন

নবদ্বীপঘাট ছাঃ	৫ ৪৫		৯ ২৫		১৩-৩১	১৬ ০	১৬-৩১	
কৃষ্ণনগর পৌঃ	৬ ২৩	৯ ১৬	১০-৪	১১-৪১	১৪-১০	১৬-৩৬	১৯-১১	
ছাঃ	৬-২৬	৭-১৮	১০-১১			১৬ ৫০	১৯-২৫	
রাণাঘাট পৌঃ			১০-৪৬			১৭ ৩১		
(বদল) ছাঃ			১১ ০			১৭-৪০		
কলিকাতা পৌঃ	৮ ১৬	৯-২১	১২ ১	১২-১৬	১৪-১৬	১৯-১১	২১-৪১	২৩-২৬

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৩-৩১	১৬-০	
কৃষ্ণনগর পৌঃ	১৪-১০	১৬-৩৬	
ছাঃ	১৪-২৮	১৭-১৫	
শান্তিপুর পৌঃ	১৬-৯	১৭ ৫৬	
(বদল) ছাঃ	১৬-৩৩	১৮-১ (রবিবার ভিন্ন)	১৮-৮ (রবিবার)
রাণাঘাট পৌঃ	১৭-১০	১৮-২৭	১৮-৩৩
(বদল) ছাঃ	১৭-৪০	১৮-৪০	১৮-৪০
কলিকাতা পৌঃ	১৯-১১	২০-৬	২০-৬

পোঃ- শ্রীমায়াপুর
টেলিগ্রাম—শ্রীধাম
মায়াপুর

REGD NO C 1544

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়াজেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৪শ খণ্ড] শ্রীমায়াপুর—২০শে ফাল্গুন, ১৩৪৫, ৪ঠা মার্চ, ১৯৩৯, শনিবার [৪র্থ সংখ্যা

বিবিধ সংবাদ

চক্ষুরোগে সর্পবিষ

[illegible]

মাদ্রাজে মদ্য বর্জ্জনের ফল

[illegible]

[illegible]

বাঙ্গলায় ব্যাপক বিদ্যুৎ উৎপাদন

[illegible]

সুরের বর্ণ

[illegible]

[illegible]

গ্রামে চলচ্চিত্রের দ্বারা শিক্ষা-প্রচার

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

মঠের অন্যান্য পত্র

১। THE HARMONIST — ওঁ বিষ্ণুপাদ শ্রীল [illegible] সম্পাদিত [illegible] পাক্ষিক। [illegible] প্রকাশিত হয়। [illegible] হইতে প্রকাশিত। [illegible] ভিক্ষা ৩ টাকা মাত্র।

২। দৈনিক নদীয়া-প্রকাশ — [illegible] সম্পাদিত বাংলা [illegible]। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা মফঃস্বলে ১৩, সহরে ১০ টাকা মাত্র।

৩। ভাগবত — উৎকলভাষায় একমাত্র পারমার্থিক মাসিক পত্র। [illegible] গৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১, টাকা।

৪। পরমার্থী — শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক সত্যভামাপুর হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১॥০ টাকা মাত্র

৫। শ্রীগৌড়ীয় — মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ কুঞ্জবিহারী বিদ্যাভূষণ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৷০ মাত্র।

শ্রীশ্রীভক্তিবিনোদ-আবির্ভাব-শতবর্ষপূর্ত্তি-তিথিপূজার উপায়ন-গ্রন্থমালা

——:০:——

১। পণ্ডিতসাম্রাজ্যে শ্রীভক্তিবিনোদ

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সম্বন্ধে পণ্ডিতগণের সমালোচনা গ্রন্থ।)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

২। শ্রীভক্তিবিনোদবাণী-বৈভব

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের গ্রন্থাবলী হইতে প্রায় ১০৮টি অধ্যায়ে সমস্ত সিদ্ধান্ত প্রশ্নোত্তরাকারে সঙ্কলিত সরল উপদেশপূর্ণ গ্রন্থ।)

ভিক্ষা—৩, তিন টাকা মাত্র।

৩। শ্রীশ্রীভক্তিবিনোদ-প্রসঙ্গ

ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ ও ওঁ বিষ্ণুপাদ
শ্রীশ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী প্রভু-লিখিত
এবং গৌড়ীয়ে প্রকাশিত শ্রীশ্রীভক্তিবিনোদ-
চরিত্র প্রসঙ্গ

ভিক্ষা—।৶০ ছয় আনা মাত্র।

৪। ছাত্রদের ভক্তিবিনোদ

(ছাত্রদের উপযোগী ভাষায় লিখিত শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্র ও শিক্ষা)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

ছাত্রদের পক্ষে ভিক্ষা—॥০ আট আনা মাত্র)

প্রাপ্তিস্থান:—

(১) 'ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট', পোঃ শ্রীমায়াপুর, নদীয়া;

(২) শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা;

৩ শ্রীযুক্ত [illegible] দাস এম্-এ, বি-এল্,
পুরাণপল্টন পোঃ রমনা, ঢাকা।

——

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবত,—[illegible]
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত — ১৮,
দশম স্কন্ধ — ৯,
২। [illegible] শ্রীচৈতন্যভাগবত (সটীক) — ৬,
৩। [illegible] শ্রীচৈতন্যচরিতামৃত — ৬
৪। নবদ্বীপ শতক (সটীক) — ৪
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০; ২য় খণ্ড ১৷; ৩য় খণ্ড—৸
৪র্থ খণ্ড ।৷০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড- ৸০; ২য় খণ্ড -১৷; ৩য় খণ্ড—১
৭। শ্রীচৈতন্যমঙ্গল — ১৷
৮। সৎক্রিয়াসার দীপিকা ও সংস্কার দীপিকা — ১।০
৯। [illegible] — ১৷
১০। গৌড়ীয় কণ্ঠহার — ১৷
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) — ২৷
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) — ১৷
১৩। ভক্তিরত্নাকর (চতুর্থ সংস্করণ) — ।৷০
১৪। সাধকণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) — ।০
১৫। বৈষ্ণবসিদ্ধান্ত [illegible] — ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব — ৸০
১৭। বৈষ্ণবোপনিষদ — ।০
১৮। [illegible] — ।০
১৯। [illegible] — ।০
২০। গৌড়ীয়-গৌরব — ।৶০
২১। গৌড়ীয়গীতিকা — ।৶০
২২। [illegible]
২৩। শ্রীকৃষ্ণ-[illegible] ও শ্রীনবদ্বীপ-[illegible] (বাঁধা)
২৪। গীতা (শ্রীবলদেব টীকা সহ) — ১৷
২৫। গীতা (শ্রীবিশ্বনাথ টীকা সহ) — ১৷
অবাঁধা) — ১
২৬। গীতার কেবল মাত্র অন্বয় — [illegible]
২৭। [illegible] (সাপ্তাহিক)
২৮। প্রেমবিবর্ত্ত (সাপ্তাহিক) — ।০
২৯। [illegible] (তৃতীয় সংস্করণ) (বাঁধা) — ৸০
৩০। [illegible] — ৶০
৩১। [illegible] (দ্বিতীয় সংস্করণ) — ।৶০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) — ।০
৩৩। নবদ্বীপধাম গ্রন্থমালা — ৸০
৩৪। [illegible] (নবদ্বীপ-পরিক্রমা) — ৶০
৩৫। [illegible] — ৵১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য — ৶০
৩৭। [illegible] — ৶০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ — ।০
৩৯। শ্রীগোদ্রুমকল্পতরু — ।০
৪০। শরণাগতি — ৴০
৪১। গীতাবলী — ৴০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা — ৸০
৪৩। সাধনতত্ত্ব — ৴০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা — ৴
৪৫। নবদ্বীপশতক
৪৬। অর্চ্চনপদ্ধতি
৪৭। [illegible] — ০/
৪৮। [illegible] — ৵১০
৪৯। [illegible] — ৵১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম খণ্ড) — ২৲
৫১। [illegible] — ।০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) — ।০
৫৩। গৌরকৃষ্ণোদয় — ৸০
৫৪। পুরুষার্থ নির্ণয় — ।০
৫৫। [illegible] বা [illegible] — ।০
৫৬। [illegible] ও [illegible] — ৶০
৫৭। উপদেশামৃত (সানুবাদ) — ।০
৫৮। শ্রীকৃষ্ণ[illegible] — ৶০
৫৯। [illegible] — ৶০
৬০। [illegible]

দেবনাগর ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যশিক্ষামৃত — ।০
৬২। সিদ্ধান্ত সরস্বতী [illegible] — ।০
৬৩। [illegible]
৬৪। [illegible]
৬৫। [illegible]
৬৬। গৌড়ীয়[illegible]
৬৭। [illegible] — ।৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। [illegible] — ।০
৬৯। [illegible] — ।০
৭০। [illegible] — ৴০
৭১। [illegible] — [illegible] — ।০
৭২। [illegible] — ।৶
৭৩। [illegible]
৭৪। [illegible]
৭৫। [illegible] গৌড়ীয়মঠ [illegible]
৭৬। [illegible]
৭৭। [illegible]
৭৮। [illegible] — ১৷০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (প্রথম খণ্ড) — ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। [illegible] — ।০
৮১। সাধন-পথ — ।০
৮২। [illegible] — ৶০
৮৩। গীতাবলী
৮৪। শরণাগতি

আসাম ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ



একমাত্র পারমার্থিক দৈনিক পত্র

শ্রীধাম-মায়াপুর-নদীয়া

১ম বর্ষ | ১৮ গোবিন্দ গৌরাব্দ ৪৫১, ২০শে ফাল্গুন বঙ্গাব্দ ১৩৪৩, ৪ঠা মার্চ ইং ১৯৩৭, শুক্রবার | ৪র্থ সংখ্যা

সাময়িক-প্রসঙ্গ

শ্রীল আচার্য্যদেবের হরিকথা

গত ১লা মার্চ্চ বুধবার হইতে শ্রীশ্রীল আচার্য্যদেব শ্রীচৈতন্যমঠের আবির্ভাবকুণ্ড টোটা'মধ্যে প্রত্যহ বেলা ৮ ঘটিকা হইতে ১০ ঘটিকা, অপরাহ্ণ ৪ ঘটিকা হইতে ৬ ঘটিকা এবং রাত্রে ৭ ঘটিকা হইতে ১০ ঘটিকা পর্য্যন্ত শ্রীমুখে হরিকথা আলোচনা করিতেছেন। শ্রীশ্রীল আচার্য্যদেবের শ্রীমুখ পদ্মের সদুত্তর পাইয়া সকলেই পরিতৃপ্ত ও পরমানন্দিত হইতেছেন।

শ্রীনবদ্বীপধামপরিক্রমা

গত ১৭ই ফাল্গুন, ১লা মার্চ্চ বুধবার কলাপাবাসপ শ্রীশ্রীল আচার্য্যদেবের আনুগত্যে শ্রীধাম পরিক্রমায় যাত্রিবৃন্দ দ্বীপ পরিক্রমা করিয়া চম্পাহট্ট শ্রীগৌরগদাধরমঠে মধ্যাহ্নকালে গমন করেন। পরেশক পণ্ডিত শ্রীপাদ ভক্তিসৌরভ ভক্তিসার ... ভক্তিশাস্ত্রী মহোদয় "শ্রীনবদ্বীপধাম-মাহাত্ম্য" গ্রন্থ হইতে ঋতুদ্বীপ-মহিমা পাঠ করেন ও ত্রিদণ্ডিস্বামী ভক্তিসৌরভ বৈখানস মহারাজ ... তথায় একটি বক্তৃতা প্রদান করেন। রাত্রে শ্রীমঠে বক্তৃতাদিমুখে হরিকথা আলোচনা হয়।

মেদিনীপুরে প্রচার

শ্রীগৌড়ীয়মঠের অন্যতম প্রচারক ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিবিচার যাযাবর মহারাজ—অবৈতনিক ব্রহ্মচারিগণ গত ২০শে মাঘ মেদিনীপুর জেলার অন্তর্গত গোকুলনগরনিবাসী সজ্জনবৃন্দ কর্ত্তৃক আহূত হইয়া তথায় গমন করেন। ঐ দিবস সন্ধ্যায় স্থানীয় এম্-ই স্কুল প্রাঙ্গণে একটী মহতী সভার অধিবেশন হয়। পাঁচ শতাধিক ব্যক্তি সভায় উপস্থিত হইয়াছিলেন। স্বামীজী "শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা" সম্বন্ধে একটী গবেষণা-পূর্ণ বক্তৃতা প্রদান করেন। তৎপর স্বামীজী মহারাজের আদেশে শ্রীপাদ গৌরাঙ্গপ্রভু ব্রহ্মচারীজী মহাপ্রভুর বিমল প্রেমধর্ম্মের বৈশিষ্ট্য সম্বন্ধে একটী বক্তৃতা প্রদান করেন। উভয় বক্তৃতাই সর্ব্বসাধারণের হৃদয়গ্রাহী হইয়াছিল। বক্তৃতান্তে স্বামীজী মহারাজ 'গোরা পঁহু না ভজিয়া মৈনু' ও মহামন্ত্র কীর্ত্তন করিয়া সকলকে আকৃষ্ট করেন।

গত ২৫শে মাঘ পূর্ব্বাহ্ণে বহু শ্রদ্ধালু ব্যক্তি বিভিন্ন স্থান হইতে হরিকথা শ্রবণ করিবার জন্য স্বামীজী মহারাজের নিকট আগমন করেন এবং সকলে তাঁহার যুক্তিপূর্ণ ও শাস্ত্রসিদ্ধান্তময় হরিকথা শ্রবণ করিয়া বিশেষ আনন্দ লাভ করেন। ঐ দিবস রাত্রে একটী মহতী সভার অধিবেশন হয়। ঐ সভায় ছয় শতাধিক ভদ্রলোক ও মহিলার সমাবেশ হইয়াছিল। "সাম্প্রদায়িকতা ও সমন্বয়" বিষয়ে স্বামীজী মহারাজ ও শ্রীপাদ গৌরাঙ্গপ্রভু ব্রহ্মচারীজী বক্তৃতা প্রদান করেন। বক্তৃতা শুনিয়া সভায় সকলেই আনন্দিত হন।

গত ২৬শে মাঘ উক্ত গ্রামে গৌড়ীয়-বৈষ্ণবের মুকুটমণি জগদ্গুরু নিত্যলীলা-প্রবিষ্ট ওঁ বিষ্ণুপাদ পরমহংস অষ্টোত্তরশতশ্রী শ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের আবির্ভাব-তিথি উপলক্ষে ঐ দিবস প্রত্যূষে স্বামীজী মহারাজ ও ব্রহ্মচারিবৃন্দ গুরুপরম্পরা, গুর্ব্বষ্টক, পঞ্চতত্ত্ব, 'শ্রীরূপমঞ্জরীপদ' প্রভৃতি গীতিসমূহ কীর্ত্তন এবং হরিকথা আলোচনামুখে শ্রীশ্রীব্যাসপূজা সম্পন্ন করেন।

গত ২৬শে মাঘ অপরাহ্ণ ৩ ঘটিকার সময় স্থানীয় এম্-ই স্কুলের শিক্ষক ও ছাত্রবৃন্দ একত্রিত হইয়া একটী সভার আহ্বান করেন। উক্ত সভায় "ছাত্রজীবনের কর্ত্তব্য" বিষয় শ্রবণ করিবার ইচ্ছা করিলে স্বামীজী মহারাজ ও ব্রহ্মচারীজী ঐ সম্বন্ধে একটী সারগর্ভ বক্তৃতা প্রদান করেন। উভয়ের বক্তৃতাই বিশেষ হৃদয়গ্রাহী হইয়াছিল। ঐ দিবস সন্ধ্যায় স্বামীজী মহারাজ প্রহ্লাদ-চরিত্রের বিষয় অতি প্রাঞ্জলভাবে পাঠ ও ব্যাখ্যা করেন।

শ্রীবিশ্ববৈষ্ণবরাজসভার অন্যতম প্রচারক উপদেশক শ্রীপাদ রাধারমণ ব্রহ্মচারী রাগমুদ্র ভক্তিশাস্ত্রী কতিপয় ব্রহ্মচারী সহ মেদিনীপুর জেলার বিভিন্ন স্থানে প্রচার করিয়াছেন।

গত ১৩ই মাঘ মুড়িয়া গ্রামনিবাসী শ্রীযুত হরিপদ প্রামাণিক মহাশয়ের সাদর আহ্বানে ব্রহ্মচারীজী তদীয় বাসভবনে গমন করেন। উক্ত দিবস তথায় 'বাগ্দেবী ও সরস্বতীপূজা' সম্বন্ধে বহু শাস্ত্রযুক্তিমূলে একটী সারগর্ভ বক্তৃতা প্রদান করেন। শ্রীযুত হরিপদ বাবু তথা সরস্বতীর অজ্ঞই যে একমাত্র কর্ত্তব্য তাহা বিশেষভাবে উপলব্ধি করেন। তিনি শ্রীগৌড়ীয়মঠের প্রচারের ভূয়সী প্রশংসা করেন এবং আরও হরিকথা শ্রবণের আগ্রহ প্রকাশ করেন। বক্তৃতার আদি ও অন্তে মহাজনপদাবলী কীর্ত্তনান্তে প্রায় ৫০০ ব্যক্তিকে মহাপ্রসাদ বিতরণ করা হয়।

রুদ্রদ্বীপ

(৫ম পৃষ্ঠার পর)

শান্তি ও মনোযুক্ত দর্শন করিলেন এবং অচিরেই এই নবদ্বীপ শ্রীমায়াপুরে শচীগর্ভ-সিন্ধুতে উদিত হইয়া রুদ্রদেবের মনোভিলাষ পূর্ণ করিবেন, জানাইলেন। রুদ্রদেব শ্রীগৌরসুন্দরকে বিবিধ বিচিত্র স্তবে আরাধনা করিলেন। শ্রীগৌরসুন্দর রুদ্রদেবকে আলিঙ্গন করিয়া অন্তর্হিত হইলেন। বিজ্ঞগণ বলেন, এই দ্বীপে নীললোহিতাদি একাদশ রুদ্র গৌরভজন করিয়াছিলেন বলিয়া এই স্থানের নাম 'রুদ্রদ্বীপ' হইয়াছে। কৈলাস বাস এই রুদ্রদ্বীপের প্রভা মাত্র। অষ্টাবক্র, দত্তাত্রেয়াদি যোগিগণ অপরাধবশতঃ অদ্বৈত-বুদ্ধি পরিত্যাগ করিয়া এই স্থানে শ্রীকৃষ্ণ-পাদপদ্ম ধ্যানে রত হইয়াছিলেন। এই স্থানেই শুদ্ধাদ্বৈতবাদগুরু শ্রীবিষ্ণুস্বামী রুদ্রকৃপা লাভ করিয়া সম্প্রদায়-প্রবর্ত্তক আচার্য্য হইয়াছিলেন। শ্রীধরস্বামিপাদের হৃদয়ে এই স্থানেই অনেক রুদ্রকৃপা সঞ্চারিত হইয়াছিল। তাই তিনি শুদ্ধাদ্বৈত মতে ভাগবত ব্যাখ্যা করিয়া গৌরসুন্দরের স্নেহভাজন হইয়াছিলেন।

"জীবের নিজের আত্মস্বরূপে অপ্রাকৃত সচ্চিদানন্দ আশ্রয়-ভোগের অর্থাৎ কার্ষ্ণ-কিঙ্করত্বের অনুভূতিই সংজ্ঞান। গুরুবর্গের পরিচয়ের দ্বারা সেই সম্বন্ধজ্ঞান লাভ হয়। হরি স্বরূপশক্তির সহিত অভিন্ন, জীবশক্তির সহিত অচিন্ত্যভেদাভেদ-সম্বন্ধযুক্ত ও মায়াশক্তি হইতে ভিন্ন। চেতন-দর্শনই কৃষ্ণসেবাদর্শন। প্রকৃত প্রস্তাবে সজ্জনসঙ্গই দুর্জ্জনসঙ্গপরিত্যাগরূপ নির্জ্জনতা।"

(শ্রীল আচার্য্যদেব)

শ্রীশ্রীগুরু-গৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

২৮ গোবিন্দ [illegible] গৌরাব্দ ৪৪৫

শ্রীভক্তিসিদ্ধান্তবাণী

ভগবদ্দর্শনে ও ভগবদ্ধামে যাইতে হইলে সম্ভ্রম ও শ্রদ্ধাযুক্ত হওয়া যাইতে হয়, নতুবা সেবাপরাধ হয়। ভগবদ্গৃহে যান বা পাদুকা অবলম্বন করিয়া যাওয়া অনুচিত। তবে শ্রীগুরু বৈষ্ণবের পাদুকা কিছু অপবিত্র নহে। তাহা বিষ্ণু মন্দিরে রক্ষিত ও সেবিত হইবেন। শ্রীগুরুপাদপদ্মের পাদুকা ভগবানের আসনের সহিতই একত্রে বসিতে পারেন।

মন কোথা হইতে প্রেরণা পায়? মনকে চালিত করেন কে? বিষ্ণুই। তবে মনোজাতির মধ্যে ঈশ্বরবিষয়ে যে ধারণা, তাহা ভ্রমপূর্ণ, কারণ বদ্ধজীব মনের দ্বারা যাহা চিন্তা করে, তাহা অসৎ।

দ্বৈতে ভদ্রাভদ্র-জ্ঞান—সব মনোধর্ম্ম।
এই ভাল, এই মন্দ—এই সব ভ্রম॥
(চৈঃ চঃ অঃ ৪।১৭৬)

আত্মার বিচার না হইলে মনের বিচার সকলই অসৎ। 'প্রাণ' বলিতে 'বায়ু'কে বুঝায়। কিন্তু মুখ্যপ্রাণই বৈকুণ্ঠবায়ু, তাহা 'নাসিকা-বায়ু' নহে। প্রাণ হইতে বাক্যের উৎপত্তি।

অপ্রাকৃতস্থিতিবশতঃ জীবের অভক্ত্যনুদর্শন হয়। ভগবান্ বলেন—"ততো মাং তত্ত্বতো জ্ঞাত্বা বিশতে তদনন্তরম্"। শুদ্ধ ভক্তগণ ভগবানের নাম-রূপ-গুণ-লীলায় প্রবেশাধিকার পান; কিন্তু মনোধর্ম্মী নির্ব্বিশেষ বিচারে প্রবেশ করিবেই করিবে। বৈষ্ণবের মন, প্রাণ, বাক্য নিত্যবস্তুর উপাসনা করে; উহারা জড় নহে। ডাঃ রায় ০ ০ মহাশয়ের পঞ্চকৌলিন্যাদের বহু পূর্ব্বেও ভারতে ভক্তিধর্ম্মের কথা ছিল। ভক্তির কথা কালক্রমে আধুনিক লোকের আক্রান্ত হইলে আচার্য্যের প্রচারের অভাবে অভক্তির কথা উপস্থিত হইয়াছে। শ্রীরাধা-কৃষ্ণ বা শ্রীগৌরসুন্দরের উপাসনা আধুনিক নহে, ইহা সনাতন।

রাধাকৃষ্ণপ্রণয়বিকৃতির্হ্লাদিনীশক্তিরস্মা-
দেকাত্মানাবপি ভুবি পুরা দেহভেদং
গতৌ তৌ।
চৈতন্যাখ্যং প্রকটমধুনা তদ্দ্বয়ং চৈক্যমাপ্তং
রাধাভাবদ্যুতিসুবলিতং নৌমি
কৃষ্ণস্বরূপম্॥
(স্বরূপগোস্বামী প্রভুর কড়চা)

অহমেবাসমেবাগ্রে নান্যদ্ যৎ সদসৎ পরম্।
পশ্চাদহং যদেতচ্চ যোঽবশিষ্যেত
সোঽস্ম্যহম্॥
(ভাঃ ২।৯।৩২)

জ্ঞানং পরমগুহ্যং মে যদ্বিজ্ঞানসমন্বিতম্।
সরহস্যং তদঙ্গঞ্চ গৃহাণ গদিতং ময়া॥
(ভাঃ ২।৯।৩০)

জ্ঞানের সহিত বিজ্ঞান না থাকিলে উহা নির্ব্বিশেষ জ্ঞান-মাত্র। তাহাতে ঋষি, ঈশ্বর সম্বন্ধজ্ঞান ভ্রম হইবে। Heno theism is a part and parcel of the knowledge of phenomenon. বিজ্ঞানসম্বদ্ধ জ্ঞান না হইলে উহা নির্ব্বিশেষ জ্ঞান হইয়া পড়িবে। নির্ব্বিশেষবাদ ভক্তি বেদান্তের তাৎপর্য্য নহে।

সর্ব্ববেদান্তসারং হি শ্রীভাগবতমিষ্যতে।
তদ্রসামৃততৃপ্তস্য নান্যত্র স্যাদ্রতিঃ ক্বচিৎ॥
সর্ব্ববেদান্তসারং যদ্ ব্রহ্মাত্মৈকত্বলক্ষণম্।
বস্ত্বদ্বিতীয়ং তন্নিষ্ঠং কৈবল্যৈকপ্রয়োজনম্॥
(ভাঃ ১২।১৩।১২,১৫)

In unalloyed theism Personal Godhead must be observed. শ্রীমদ্ভাগবতে 'অহমেব' শব্দদ্বারা ভগবত্তত্ত্ব সম্বন্ধে যাবতীয় প্রকারের বিচার হইয়াছে। যেই অর্থ—"জ্ঞানং মে পরমগুহ্যং" "[illegible]"। ভগবান্ বলিতেছেন— I am quite independent. "নান্যদ্ যৎ সদসৎ পরম্", সৎ and অসৎ all have come out of Me. "গৃহাণ গদিতং ময়া" এখানে personality of God-head বলিতেছেন—'পরমং গুহ্যং বিজ্ঞানসমন্বিতং জ্ঞানং গৃহ্'। 'তদঙ্গং' অর্থে with all entourage অর্থাৎ সাধন ও পরিকরবৈশিষ্ট্য। শ্রীশ্রীজীবগোস্বামীপ্রভু শ্রীভক্তিসন্দর্ভে ১৬শ সংখ্যায় বলিয়াছেন—

"একমেব তৎ পরমতত্ত্বং স্বাভাবিকাচিন্ত্যশক্ত্যা সর্ব্বদৈব স্বরূপ-তদ্রূপবৈভব-জীব-প্রধান-রূপেণ চতুর্দ্ধা অবতিষ্ঠতে।" অর্থাৎ পরমতত্ত্ব এক। তিনি স্বাভাবিক অচিন্ত্যশক্তিযুক্ত। সেই শক্তিক্রমে সর্ব্বদাই তিনি স্বরূপ, তদ্রূপবৈভব, জীব ও প্রধান—এই চারি প্রকারে অবস্থান করেন।

"গৃহাণ গদিতং ময়া" অর্থাৎ ভগবান্ বলিতেছেন—"আমি তোমাকে যাহা বলিতেছি; তুমি ও আমি এক নই।" "গদিতং ময়া"—Do not formulate or don't speculate me, your aural reception only is wanted।

"যাবানহং যথাভাবো যদ্রূপ-গুণকর্ম্মকঃ" এস্থলে আমার অনুগ্রহে আমাকে জানিতে পারিবে—" as I am." বেদান্তেরই ভগবত্তত্ত্ব অবতরণ করেন। যদি শ্রোতা না থাকিত, তবে আদৌ কীর্ত্তন হইত না। জ্ঞানবিরোধী মতসমূহ অধিকাংশ বিচারহত হইয়া আছে। কীর্ত্তন করা হয় কেন? বাক্য বলা হয় কেন? না,—বাক্য বলা হয়, অন্যের শুনিবার জন্য। যাঁহারা শুদ্ধকীর্ত্তনের পথ পরিত্যাগপূর্ব্বক স্মরণ বা ধ্যানের পক্ষপাতী, তাঁহারা আরোহপন্থী। বহু meditatorএর ধ্যেয় পদার্থ সম্বন্ধ জড়। আরোহবাদীরা সকলেই empiricist, অপৌরুষেয় পুরুষোত্তমের এককথা বলিতে যাইয়াছেন। চতুর্থ বস্তু Godhead as manifestation. ব্রহ্মা, রুদ্র ও বর্ণন যে স্থলে নাই, তাহা নির্ব্বিশেষ; ভগবান্ প্রপঞ্চে অবতীর্ণ হইলেও তিনি [illegible] নহেন—

এতদীশনমীশস্য প্রকৃতিস্থোঽপি তদ্গুণৈঃ।
ন যুজ্যতে সদাত্মস্থৈর্যথা বুদ্ধিস্তদাশ্রয়া॥
(ভাঃ ১।১১।৩৮)

"যাবানহং যথাভাবঃ" ইত্যাদি;—ভগবানের কৃপাবলে ব্রহ্মা তাঁহাকে জানিতে পারিলেন; "যাবানহং" এস্থলে "অহং" 1st person, 'তে' 2nd. personকে বলিতেছেন; আর 3rd. person [illegible]। পুরুষোত্তম ভগবান্ই হইলেন—1st. person.

"অজ্ঞান-মোহ"—এস্থলে ভগবান্ বলিতেছেন—'আমা হইতে সব সৃষ্ট হইয়াছে, আমি কালের অধীন নহি'; ঈশ্বর ও জীব কালের অধীন নহেন। এ জগতে পাঁচটি বস্তু আছে—ঈশ্বর, জীব, প্রকৃতি, কাল ও কর্ম্ম। উহার মধ্যে প্রথম তিনটি স্বরূপতঃ অসাধীন নহে। কর্ম্মের স্বরূপই—'প্রাগভাব বিনাশ চ'।

'অহম' বলিয়া নির্ব্বিশেষবাদ স্বীকৃত হইয়াছে। পরমাত্ম-সন্দর্ভে এসকল কথা আলোচিত হইয়াছে। পরমাত্ম-সন্দর্ভে distinctive reference to phenomenaই উক্ত হইয়াছে। ভগবানের নাম-রূপ-গুণ লীলার বর্ণন কখনই জীবভোগ্য ব্যাপার নয়। বদ্ধজীব হরিনাম করিতে পারে না। হরিনাম গ্রহণ গুরু-চেষ্টাপেক্ষ [illegible]।

Historic reference denounce করিবার জন্য পণ্ডিতের কালাতীত্ব বলিত হইয়াছে। ভগবান্ বলিতেছেন—Unending timeএর পূর্ব্বে আমি ছিলাম। 'সদসৎ পরম্' অর্থাৎ existence ও non-existenceএর অতীত। ভগবানের অনাদিত্ব ও অনন্তত্ব সম্বন্ধে শ্রুতি বলেন,—

"সদেব সোম্যেদমগ্র আসীৎ আত্মা বা ইদমগ্র আসীৎ" ইত্যাদি।

Mindএর দ্বারা আত্মদর্শন করা যায় না। দেশ-কাল-পাত্রের considerationএ মনটি ব্যাধিগ্রস্ত, সুতরাং মন আত্মা হইতে পৃথক্। তাই শ্রীভাগবতে বাণী—

ঋতেঽর্থং যৎ প্রতীয়েত ন প্রতীয়েত
চাত্মনি।
তদ্বিদ্যাদাত্মনো মায়াং যথাভাসো
যথা তমঃ॥
(ভাঃ ২।৯।৩৩)

বস্তু বাস্তব যাহার প্রতীতি আছে, কিন্তু বস্তুতে যাহার প্রতীতি নাই, তাহাই মায়া। মায়াবাদিগণ ঈশ্বরকে প্রকৃতি বা মায়াকবলিত মনে করিয়াছেন; কিন্তু শ্রুতি বলেন—

"শক্তি শক্তিমতোরভেদঃ"

'অহম্ নীয়তে' ইতি মায়া। মায়াবর্ত্তে বা অজ্ঞানে থাকিলে ভগবানের লাভ হয় না। প্রাকৃতবাদীরা মূঢ়তাবশতঃ মায়াকেই হরি-হর-বিরিঞ্চিজননী বলিয়া থাকে। ভাগবত-সম্প্রদায়ের বিরোধমূলে ভাগবতের অনুকরণে 'দেবীভাগবত' প্রণীত হইয়াছিল। উহা কখনও ব্যাসদেব-প্রণীত নহে, পরন্তু কোনও বঙ্গ শাক্তবাদী কর্ত্তৃক লিখিত হইয়া থাকিবে। মায়াবাদের ঈশ্বরতত্ত্বে confusion আসিবেই। তিনি ভগবানকে মিথ্যা বলেন, তিনি প্রকৃত বিচার

বহুকথা দিন। কোন কর্ম্মে ভক্তি নয়। কৃষ্ণভক্তি দূরে রহু সংসার নহে ক্ষয়॥

ছাড়া কিছু করেন না। ভগবানের কথায় বাধা নাই। মায়া—বহিরঙ্গা বা অঘটনঘটনপটীয়সী। যাহারা সংসার চায়, মায়া তাহাদিগকে যন্ত্রণা দেয়; কিন্তু ভক্তের নিকট স্বরূপতঃ তিনি কৃষ্ণদাসী ভিন্ন আর কিছু নয়। মায়া বহুরূপিণী—চণ্ডিকা, বৈষ্ণবী, কালিকা, কাত্যায়নী ইত্যাদি। শ্রীরূপ গোস্বামী প্রভুর কথা অনুরূপ। আমরা মায়াকবলিত হইয়া পিতা, পিতামহ, মাতা, পিতা ইত্যাদি রূপে জগতে উপস্থিত হই। নিরাকার জ্ঞান বা জীবের মহাকিছু দ্বারা মায়াকে জয় করা যায় না।

জ্ঞানে প্রয়াসমুদপাস্য নমন্ত এব
জীবন্তি সন্মুখরিতাং ভবদীয়বার্তাম্।
স্থানে স্থিতাঃ শ্রুতিগতাং তনুবাঙ্‌মনোভি-
র্যে প্রায়শোঽজিত জিতোঽপ্যসি
তৈস্ত্রিলোক্যাম্॥
(ভাঃ ১০।১৪।৩)

কেবলমাত্র ভগবদ্ভক্তির আশ্রিত ভক্তই মায়াকে অতিক্রম অর্থাৎ transcend করিতে পারেন। ভগবানের কৃপাতেই তাঁহার মায়া জয় করা যায়। যেমন—আলো আমাদের চক্ষুতে আসিয়া পড়িলে আমরা সমস্ত বস্তু দেখিতে পাই, তাহাকে এখন আর দেখি না, তদ্রূপ। ভগবানের সেবা ও কৃপা বাদ দিয়া নিজের চেষ্টায় নিরীক্ষণযোগ্য হওয়া যায় না। শ্রীরূপ গোস্বামী প্রভু বলেন,—

[illegible]
[illegible]
কস্তু কস্যচিৎ॥

ভগবানের সেবা-ব্যতীত বৈরাগ্য ভগবানের লীলাকে বা ভক্তগোষ্ঠীকে বাধা দেওয়া যায়। ভগবানের বৈরাগ্য ব্যতীত এরূপ ভগবানের বৈরাগ্যময় মায়া অতিক্রম করা যায় না।

দৈবী হ্যেষা গুণময়ী মম মায়া দুরত্যয়া।
মামেব যে প্রপদ্যন্তে মায়ামেতাং
তরন্তি তে॥
(গীতা)

যাহারা মনের কল্পনা-বশে মায়াকেও ভগবান্ বলেন, তাঁহারা মূঢ় ও বঞ্চিত। তাঁহাদের গান—

'ওরে মনপ্রাণ, একবার হৃৎকমলে নাচ দেখে দাঁড়িয়ে বাজাও বাঁশরী।' ইহার আদর্শ তেমনি উপযুক্ত—''ওহে শ্যাম হে, আমার মায়ের বাঁশী।'' কৃষ্ণ কখনও কালীরূপ ধারণ করেন, তিনি বস্তুতেই ইন্দ্রিয়ভোগ্য পদার্থের যোগানদার নহেন।

যাহারা আপাততঃ নীতিবাদী হইয়া কৃষ্ণ ও ভক্তের আচরণে দোষ দর্শন করে, তাহারা পাষণ্ড। কৃষ্ণ তাঁহার chastising rod উহাদের অজ্ঞানময় ethical principle এর উপর নিশ্চয় চালাইবেন।

ভগবান্ ভক্তের প্রেমাধীন। শ্রীকৃষ্ণ রাধার প্রেমে ঋণী। কৃষ্ণ নবদ্বীপে গৌরাঙ্গরূপ হইবেন উদাহরণস্বরূপ। Ethical principle মধুপুরী হইতে exiled হইবেন।

এতাদৃশের বিপ্রলম্ভ স্বর্গসম্ভ্রমাদ্যুতঃ।
অবধারিতেকোলাঃ যৎ ভাব মধুর
সর্বথা॥

অতএব ও ব্যতিরেক ভাবের অভাবেই আজকাল God-less education.

[illegible]
[illegible]

Transcendental বস্তুতে human conception carry করিতে হইবে না।

জহ্নুদ্বীপ

জহ্নুদ্বীপকে জাননগর বলে। এই স্থান বৃন্দাবন-লীলার দ্বাদশবনের অন্তর্গত 'ভদ্রবন'। এই স্থানে জহ্নুমুনি গৌরদর্শন লাভ করেন। জহ্নুমুনি একদিন এই স্থানে গঙ্গাতীরে বসিয়া সন্ধ্যা করিতেছিলেন, এমন সময়ে ভাগীরথী জহ্নুমুনির কোষাকুশি ভাসাইয়া লইয়া যান। তাহাতে ক্রুদ্ধ হইয়া জহ্নুমুনি গণ্ডূষে সমস্ত গঙ্গাজল পান করিয়া ফেলেন। ভগীরথ তাঁহার পিতৃপুরুষের উদ্ধারার্থ বহু তপস্যা করিয়া গঙ্গাদেবীকে আনয়ন করিয়াছিলেন। তাই গঙ্গাদেবীর অদর্শনে ভগীরথের চিত্ত আকুল হইয়া পড়িল। তিনি প্রথমে ইহার কারণ স্থির করিতে না পারিয়া অত্যন্ত চিন্তান্বিত হইলেন। পরে জহ্নুমুনিকে দর্শন করিয়া তাঁহার সেবা করিতে থাকিলে মুনি সন্তুষ্ট হইয়া নিজ অঙ্গ হইতে গঙ্গাকে বাহির করিয়া দেন। তদবধি গঙ্গার একটী নাম জাহ্নবী হইয়াছে।

বিদ্যানগর এই দ্বীপের অন্তর্গত আর একটি স্থান। এই স্থান সর্ববিদ্যার পীঠস্বরূপ। ঋষিগণ এই স্থানের আশ্রয়ে অবস্থান করেন। সকল যুগের সকল ঋষিই এই স্থান হইতে বিবিধ বিদ্যা লাভ করিয়াছেন। এই স্থানে বাল্মীকি—কাব্যরস, ধন্বন্তরি—আয়ুর্বেদ ও বিশ্বামিত্র প্রভৃতি ধনুর্বিদ্যা শিক্ষা করিয়াছেন। এই স্থানে বৃহস্পতি ও শুক্রাচার্য শিক্ষা করেন, ঋষিগণের প্রার্থনায় চতুর্মুখ ব্রহ্মা বেদচতুষ্টয় প্রকাশ করেন। এই স্থানেই কপিল—সাংখ্যশাস্ত্র, গৌতম ন্যায়শাস্ত্র, কণাদ বৈশেষিক শাস্ত্র, পতঞ্জলি যোগশাস্ত্র, জৈমিনী মীমাংসাশাস্ত্র, মহামুনি বেদব্যাস পুরাণাদি শাস্ত্র, নারদাদি ঋষিগণ পঞ্চরাত্রাদি শাস্ত্র জীবগণকে উপদেশ করেন। এই উপবনেই ঋষিগণ দীর্ঘকালব্যাপী শ্রীগৌরাঙ্গের আরাধনা করিয়াছেন। শ্রীগৌরসুন্দর নবদ্বীপ মণ্ডলের শ্রীমায়াপুরে অবতীর্ণ হইবেন জানিয়া দেবগুরু বৃহস্পতি ইন্দ্রসভা পরিত্যাগ পূর্বক নিজগণসহ গৌরসেবার্থ নবদ্বীপ-মণ্ডলের অন্তর্গত এই বিদ্যানগরে শ্রীবাসুদেব-সার্বভৌমরূপে অবতীর্ণ হন এবং তথায় বিদ্যালয় স্থাপন করেন।

মোদদ্রুমদ্বীপ

——::•::——

ব্যাসাবতার শ্রীল বৃন্দাবনদাস ঠাকুরের আবির্ভাব স্থান মামগাছি এই মোদদ্রুমদ্বীপের অন্তর্গত। এখানে বৃন্দাবনের দ্বাদশবনের অন্তর্গত শ্রীভাণ্ডীরবন। এই স্থান দর্শনে ভক্তগণের সেবামোদ বৃদ্ধি হয় বলিয়া বিদ্বদ্গণ ইহাকে মোদদ্রুমদ্বীপ বলেন। রামলীলায় ভগবান্ যখন বনবাসী হইয়াছিলেন, তখন এই স্থানে একটী মহাবটবৃক্ষতলে কুটীর বাঁধিয়া বাস করিতেছিলেন। এই স্থানের মোদদ্রুমদহে শ্রীল বৃন্দাবন দাস ঠাকুর প্রতিষ্ঠিত গৌর-নিত্যানন্দ শ্রীবিগ্রহগণের পূজা শ্রীচৈতন্য-মঠের সেবকগণ কর্তৃক হইতেছে। এই স্থান বিশেষ অন্তর্গত নহে। ইহা মাতৃপীঠ। এই মাতৃপীঠ হইতেই সমগ্র জগতে গৌরভক্ত-ভক্তিধারা প্রবাহিত হইয়াছে, হইতেছে ও হইবে। এই স্থান গৌড়ের বৈভব। এই মোদদ্রুমদ্বীপে শ্রীবাস-পণ্ডিতের মা'নারায়ণীর পিত্রালয় ছিল। এখানে গৌরপার্ষদ শ্রীল বাসুদেব ঠাকুরের প্রতিষ্ঠিত শ্রীমদনগোপাল বিগ্রহ অদ্যাপি বিরাজিত আছেন।

এই মামগাছি গ্রামে এক ব্রাহ্মণ-বংশীয় বিপ্র বাস করিতেন। যে দিন শ্রীমন্মহাপ্রভু জগন্নাথ মিশ্রের গৃহে অবতীর্ণ হন, সেই দিন এই বিপ্র মিশ্রভবনে উপস্থিত ছিলেন। গৌর প্রকটোৎসব-দর্শনে বিপ্র স্থির করিলেন,—"নিশ্চয়ই আমার প্রভু রামচন্দ্র নিজ কৃপাবশতঃ প্রাকৃত কারণ প্রচ্ছন্নভাবে জগন্নাথ মিশ্রের ভবনে তনয়রূপে অবতীর্ণ হইয়াছেন। এই শিশু কখনই প্রাকৃত নহে; প্রাকৃত শিশুর মধ্যে এরূপ অলৌকিক লক্ষণসমূহ থাকিতে পারে না। মিশ্র ও তৎপত্নী মায়ায় মর্ত্যজীবলায় মজেন। ইঁহারাও দশরথ-কৌশল্যার অনুরূপ, সন্দেহ নাই।" বিপ্র এরূপ চিন্তা করিতে করিতে শিশুরূপকে পুনঃ পুনঃ দর্শন করিয়া নিজ ভবন মামগাছিতে প্রত্যাবর্তন করিলেন। কিন্তু তাঁর প্রভু এইরূপ প্রচ্ছন্নভাবে অবতীর্ণ হইবার কারণ নির্ণয় করিতে না পারিয়া অত্যন্ত চিন্তাযুক্ত হইলেন এবং নিজ ইষ্টদেব শ্রীরামচন্দ্রের চরণকমলযুগল ধ্যান করিতে করিতে নিদ্রিত হইয়া পড়িলেন। স্বপ্নে গৌরসুন্দর তাঁহাকে দর্শন দান করিলেন। স্বপ্নে বিপ্র তাঁহার ইষ্টদেবকে গৌরমূর্তিতে দর্শন করিতেছেন, এমন সময় আবার সেই মূর্তিকে রামচন্দ্ররূপে দর্শন করিয়া বিস্ময়াপ্লুত হইলেন এবং গৌরচন্দ্রের নিগূঢ় তত্ত্ব জানিবার জন্য প্রার্থনা জানাইলেন। গৌরসুন্দর তাঁর ভক্তের প্রতি অনুগ্রহ করিয়া নিজ তত্ত্ব জানাইয়া স্বপ্নে ভক্তের নিকট এই তত্ত্ব উদ্ঘাটন করিয়া দিয়া অন্তর্হিত হইলেন।

রুদ্রদ্বীপ

——::(•)::——

রুদ্রপাড়া, শঙ্করপুর, উদ্ধারণপুর, শংকরতলা প্রভৃতি এই রুদ্রদ্বীপের অন্তর্গত। রুদ্রগণ গৌরচন্দ্রের অবতার প্রকটিত হইবেন জানিয়া শ্রীরুদ্রদেবের সহিত উল্লসিত হইয়া পূর্ব হইতেই এই স্থানে নিজগণসঙ্গে আগমন করিয়া সদাশিব প্রভুর সংকেতে গৌর-চরিত্র কীর্তন করিতে থাকেন। গৌরনাম কীর্তন করিতে করিতে প্রেমে মাতোয়ারা হইয়া গৌরসুন্দর যে কালে এই স্থানে অদ্ভুত নটন-লীলা আবিষ্কার করিলেন, তখন সাক্ষী দেবীরা উল্লসিত হইয়া বৈষ্ণবের পাদপদ্ম প্রেমভরে কম্পিত ও পুলকিত হইতে থাকে। এই অদ্ভুত নর্তন-কীর্তন দর্শন করিয়া স্বর্গ হইতে দেবগণ পুষ্পবৃষ্টি করিতে থাকেন। তাঁহাদের অন্তরে এই আনন্দ সর্বদা প্রবাহিত হউক—এ সময়ে পূর্ব জীবন উদ্ধারের পথ হইল। নবদ্বীপমণ্ডলে শ্রীভগবান্ অবতীর্ণ হইবেন। আমরা এইরূপ রুদ্রদ্বীপ দর্শন করিয়া কৃতার্থ হইব যখন গৌরগুণগানে আনন্দিত হইয়া যখন নৃত্য করিবেন, তখন দেবতাদের ক্রন্দন বিদীর্ণ হইত। শ্রীগৌরসুন্দর রুদ্রদেবের এই প্রকার

(অবশিষ্ট ...শ পৃষ্ঠার ২য় কলমে দ্রষ্টব্য)

নামধারী সাধুসঙ্গ সর্বনাশের কথা। অসদ্বৃত্তি সাধুসঙ্গে সর্বনাশ হয়

শুদ্ধভক্তি-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠ

প্রাচীন নবদ্বীপ, ঈশোদ্যান শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীব্রজপত্তন-ভবনে শ্রীচৈতন্যমঠ-পরবিদ্যাপীঠ, শ্রীশ্রীরাধাকৃষ্ণ শ্রীবিগ্রহ, গোপালের আচার্য্য চতুষ্টয় বিগ্রহ আছেন। সুপ্রাচীন গ্রন্থ ভাগবতাদি গ্রন্থাগার আছে।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। ঠাকুর শ্রীশ্রীগৌরসুন্দর ১৩১৮ কলিকাতায় শ্রীভক্তিবিনোদ-আসনে প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, কীর্ত্তন, প্রত্যহ চতুর্দশ-বেলায় শ্রীমদ্ভাগবতাদি গ্রন্থের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও ভারতের পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়।

(৩) যোগপীঠ-মায়াপুর-পীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব-ভূমি মহাযোগপীঠ।

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং ... বর্ত্তমান।

(৬) মুরারিগুপ্তের পাট

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৭) কাজি-সমাধি-পাট

সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)

ইনি গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি।

(৮) অনন্তবুলকুমার শ্রীলক্ষ্মীপ্রিয়া

শ্রীধাম মায়াপুর

(৯) স্বানন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)

এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)

গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ চাঁপাহাটী (বর্দ্ধমান)

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মাউগাছি, পোঃ ভালুকা, (বর্দ্ধমান)

শ্রীব্যাসাবতার ঠাকুর বৃন্দাবনের স্থান

(১৩) ঋতুদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(১৪) জহ্নুদ্বীপ গৌড়ীয়মঠালয়

(১৫) সুবর্ণবিহার গৌড়ীয়মঠ

গৌড়পুর, নদীয়া

(১৬) শ্রীনবদ্বীপ গৌড়ীয় মঠ

রাইডাঙ্গা -(শ্রীগঙ্গানগরের পল্লীর নিকটবর্ত্তী)

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৭) ভক্তকুটীর

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ চাঁদমারি, (নদীয়া)

(২০) মহেশ-পণ্ডিতের পাট

কাঠালপুলি, পোঃ চাকদা (নদীয়া)

(২১) বাগবাজার গৌড়ীয়মঠালয়

(২২) সুন্দ্র গৌড়ীয়মঠ

২৪ পরগণা

(২৩) মাধ্বগৌড়ীয় মঠ

নারিন্দা পোঃ ওয়ারি, ঢাকা।

পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র।

(২৪) গোপালজীমঠ

কমলাপুর, পোঃ ঢাকা

(২৫) নিতাই-গৌরাঙ্গ মঠ

পোঃ বালিয়াটি, (ঢাকা)

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

মতবাজার, পোঃ ময়মনসিংহ

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চকচকা, কামরূপ (আসাম)

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

ওনং পাগলা বিল্ডিং, দার্জ্জিলিং

(৩০) সারস্বত-গৌড়ীয়মঠ

পোঃ চরিয়ার, জেঃ সাহারণপুর, ইউ, পি

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

দিঘাপুর পাটনা।

(৩২) গয়া গৌড়ীয়মঠ

গয়া রোড, গয়া

(৩৩) সনাতন-গৌড়ীয় মঠ

৮।১৭ বড় গণেশঘাট, বেনারস সিটি

(৩৪) শ্রীরূপ গৌড়ীয়মঠ, এলাহাবাদ

(৩৫) সদানন্দ মঠ,

পোঃ বিন্দাচল, মীর্জাপুর (ইউ পি)

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়

বিশ্রামঘাট, পোঃ মথুরা

(৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণসহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ

কিশোরপুর, বৃন্দাবন

(৩৯) শ্রীরাধাকুণ্ড-কুসুমকুঞ্জ

পোঃ রাধাকুণ্ড, মথুরা

(৪০) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪১) রাধাকুণ্ড গোবর্দ্ধনপাড়ী

(৪২) শ্রীগোবর্দ্ধনমঠালয়

গোবর্দ্ধন, মথুরা

(৪৩) সঙ্কেত বিহারী মঠ

নন্দগ্রাম, মথুরা।

(৪৪) নন্দগ্রাম গৌড়ীয়মঠালয়

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৫) বর্ষাণা গৌড়ীয়মঠালয়

পোঃ বর্ষাণা, মথুরা

(৪৬) গোষ্ঠবিহারী মঠ—শেষশায়ী,

পোঃ হোডেল, জেলা গুড়গাঁও (পাঞ্জাব)

(৪৭) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

(৪৮) দিল্লী গৌড়ীয় মঠ

৪৫নং প্যাটেল রোড, নিউ দিল্লী;

(৪৯) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়া ট্যাঙ্ক রোড, কাম্বালাহিল

বন্ধ, ফিং বোম্বে ৭

(৫০) মাদ্রাজ-গৌড়ীয়মঠ

পোঃ মাদ্রাজ, মাদ্রাজ

শ্রীগৌরসুন্দরের শ্রীরাধাবিনোদবিহারীর সেবা

(৫১) কাবুর-গৌড়ীয়মঠ

পোঃ কভুর, কভুর গোদাবরী (মাদ্রাজ)

শ্রীশ্রীগৌরসুন্দরের শ্রীরাধা-বিনোদবিহারীর সেবা

(৫২) আলালনাথ-গৌড়ীয়মঠ

আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)

(৫৩) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত পোঃ পুরী, উড়িষ্যা

(৫৪) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৫) সাক্ষীগোপাল

(৫৬) ত্রিদণ্ডি-গৌড়ীয়মঠ

পোঃ ভুবনেশ্বর, পুরী

(৫৭) সচ্চিদানন্দ মঠ

কটক, পোঃ কটক (উড়িষ্যা)

(৫৮) ভুবনেশ্বর গৌড়ীয়মঠপীঠ

(৫৯) শ্রীব্রহ্মমাধ্বগৌড়ীয়-প্রপন্ন-মন্দির

পোঃ বরগড়, সম্বলপুর

(৬০) শ্যামসুন্দরানন্দ মঠ

চৈতন্যনগর, পোঃ নারায়ণগড়, মেদিনীপুর

(৬১) বালেশ্বর গৌড়ীয়মঠ

পোঃ বালেশ্বর, মেদিনীপুর

(৬২) আমলাযোড়া প্রপন্নাশ্রম মঠ

পোঃ পানাগড় (বর্দ্ধমান)

(৬৩) চৈতন্যগৌড়ীয়মঠ

চুঁচুড়া, পোঃ চুঁচুড়া, (মালদহ)

(৬৪) রেঙ্গুন গৌড়ীয়মঠ

৭০১ নং সিস্টেম ষ্ট্রীট, রেঙ্গুন

(৬৫) লণ্ডন-গৌড়ীয়মঠ

ফ্ল্যাট নং ২

৫১, হার্টফোর্ড

ম্যানশন, লণ্ডন, ৫ ৫

(৬৬) গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

১৪।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,

কলিকাতা

(৬৭) গৌড়ীয়মঠ অফিস

২০৪ চিৎপুর রোড, দিল্লী (ইউ-পি)

(৬৮) শ্রীবিজ্ঞানিধি গৌড়ীয়মঠালয়

নন্দনকানন, চট্টগ্রাম

শ্রীধাম মায়াপুর নদীয়া-প্রকাশ প্রেস্ হইতে মহোপদেশক শ্রীপ্রমোদভূষণ চক্রবর্ত্তী প্রত্নবিদ্যালঙ্কার সম্পাদিত
শ্রীপ্রানন্দ ব্রহ্মচারী ভক্তালোক, ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া প্রকা[illegible]

বিজ্ঞাপনের হার

সংবাদের পৃষ্ঠায়			: পৃষ্ঠায়
১ম ও ২য় দিনের জন্য	পরবর্তী দিনের জন্য	১ম	২য় দিনে
প্রতিবারে প্রতি লাইনের ।০	।৵০		।০
" " ইঞ্চি ২৲			১৲
সিকিকলম ৫৲	৪৲		৩৲
অৰ্দ্ধকলম ৮৲	৭৲	৬৲	৫৲
এক কলম ১৫৲	১৩৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিবারে প্রতি ইঞ্চি ৩৲	২৷০
" সিকি কলম ১৬৲	১২৷০
অৰ্দ্ধকলম ২৫৲	১৮৲
এক কলম ৩৫৲	

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৷০
মাসিক "	

প্রতি সংখ্যা [illegible] বিশেষ সংখ্যা [illegible] মূল্য [illegible]।

শ্রীধাম-মায়াপুরে

শ্রীঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট

[illegible]

[illegible] বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক [illegible] প্রাকৃতিক শোভায় ও স্বাস্থ্যকর। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা থাকায় আহার ও বোর্ডিং খরচ প্রতি মাসে মাত্র ৬৲ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতি বৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। [illegible] ১৬ জন বালকের মধ্যে ১৫ জন সাফল্যের সহিত উত্তীর্ণ হইয়াছে।

মেধাবী ছাত্রগণের আরও সুবিধা

পরীক্ষায় যাহারা শতকরা [illegible] নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ সচ্চরিত্র মেধাবী ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, শ্রীঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী

শ্রীল প্রভুপাদের চতুর্দশবর্ষপূর্ত্তি বিরহ-তিথিতে শ্রীল আচার্য্যদেবের আনুকূল্যে "শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী" প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। ইহাতে পূর্ব্বার্দ্ধ ও উত্তরার্দ্ধ দুইটি বিভাগ আছে। পূর্ব্বার্দ্ধে শ্রীল প্রভুপাদের আদি প্রবন্ধাবলী শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের সম্পাদিত 'সজ্জনতোষণী' পত্রিকা হইতে, শ্রীল প্রভুপাদের 'নিবেদন' সম্পাদিত পত্র প্রভৃতি হইতে কথাসার ও প্রয়োজনীয় অংশের টীকা-সহ প্রকাশিত হইয়াছে। উত্তরার্দ্ধে শ্রীল প্রভুপাদের সম্পাদিত 'সজ্জনতোষণী'র কতিপয় প্রবন্ধ কথাসার [illegible] সহিত মুদ্রিত হইয়াছে। প্রবন্ধগুলি রচনাকালের ক্রমানুসারে সজ্জিত হইয়াছে; তদ্ব্যতীত শ্রীল আচার্য্যদেবের একটি মূল্যবান উপোদ্ঘাত ও সম্পাদকীয় একটি বিস্তৃত ভূমিকা, শব্দ-সূচী, গ্রন্থ-শ্লোক ও পয়ার-সূচী প্রভৃতি গ্রন্থে সংযোজিত হইয়াছে। গ্রন্থটি উৎকৃষ্ট কাগজে পারিপাট্যের সহিত মুদ্রিত ও শ্রীল প্রভুপাদের আলেখ্যাদি দ্বারা শোভিত ও সুন্দর বাঁধাই হইয়া প্রকাশিত হইয়াছে। প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, জিলা নদীয়া; শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ও শ্রীমাধ্বগৌড়ীয়মঠ, বাংলাবাজার, পোঃ [illegible], ঢাকা।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

এই গ্রন্থে শ্রীমন্মধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা [illegible] আলোচিত হইয়াছে। এই এক অপূর্ব্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা [illegible] টাকা।

শ্রীল প্রভুপাদের পত্রপ্রসূন মালা

এই গ্রন্থে শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের রচিত পত্রাবলী শ্রীল আচার্য্যদেবের লিখিত "গৌরব" নামক ভূমিকার সহিত প্রকাশিত হইয়াছে। শ্রীল প্রভুপাদের অনেক অপ্রকাশিত পত্র ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ।০ আট আনা।

শ্রীচৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু [illegible] শিক্ষা ও চরিত্র আনুপূর্ব্বিকভাবে সন্নিবিষ্ট হইয়াছে। [illegible] প্রাপ্তিস্থান শ্রীযুক্ত নবকিশোর অধিকারী, শ্রীযোগপীঠ, শ্রীধাম, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইংরাজীর প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপদেশক পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী সম্প্রদায়-বৈভবাচার্য্য এম্ এ মহোদয়ের স্রোতস্বিনী এবং পরিপক্ক লেখনীর অদ্ভুত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও জনসাধারণের জীবনোদ্দেশ্য-লাভে দক্ষ হউন। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিবিধ চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় দার্শনিক মতবাদের সহিত তুলনা-মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ড ৬৩ অধ্যায়ে ৭০০ পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকারের ভূমিকাদ্বয় (Prefaces), বিষয় তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সংস্কৃত শব্দের সূচীপত্র (Index Glossary) সহ প্রথমখানি প্রকাশিত। ভিক্ষা—১৫, পনর টাকা। প্রাপ্তিস্থান—সমস্ত গৌড়ীয় মঠ, শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা, শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম মায়াপুর জেলা—নদীয়া।

'ঠাকুর ভক্তিবিনোদ'

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ ভক্তি প্রচারের মূল মহাজন সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অভিনব জীবনচরিত এতাবৎকাল পর্য্যন্ত গ্রন্থাকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিন পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয়মঠাচার্য্যবর্গের আদেশক্রমে সর্ব্বশাস্ত্রাভিজ্ঞ সুলেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু মূল্যবান্ শিক্ষামালাও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১৭০ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৬০ আনা; ডাক মাশুল স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান—ম্যানেজার গ্রন্থবিভাগ
শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। ভারতীয় পাক্ষিক ইংরাজী পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু গ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

[illegible]

ম্যালেরিয়া প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় রুগ্ন, পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বঙ্গের মধ্যে ইহার কার্য্যকারিতা অত্যন্ত অধিক। পিতার প্লীহা যকৃৎ কামলায় এবং নূতন ও পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। মূল্য ছোট বোতল ৸৹ দশ আনা, বড় বোতল ১৵০ আঠার আনা। পাইকারী দর সুলভ।

৭১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা
অথবা
পোঃ বেহালা, ২৪ পরগণা

ই. বি. রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	৪-৩৬	৬ ০৬	৭-২৭	১২-২৬	১৪ ৫৬	১৬-৫৬	১৭ ৫৩	২২ ২৩
রাণাঘাট পৌঃ			৮-৫০	১৪ ১৫				
(বদল) ছাঃ			৯-৩১	১৪-৫০				
কৃষ্ণনগর পৌঃ	৭-১	৮ ৪৫	১০-৮	১৫-২০	১৭-২৮	১৯-১১	২০-১৩	১-১৫
(বদল) ছাঃ	৭ ১২		১০-৩১		১৭-৩৬		২০-২৩	
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫১		১১ ১০		১৮-১৩		২০-৫৬	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১ ৬
রাণাঘাট পৌঃ	১২ ৪৫
ছাঃ	১৩ ০
শান্তিপুর পৌঃ	১৩-২৬
(বদল) ছাঃ	১৭ ৩১ (লাইট্ রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪ ২
ছাঃ	১৪ ২০
নবদ্বীপঘাট পৌঃ	১৫ ০

ডাউন

নবদ্বীপঘাট ছাঃ	৫ ৪৫	৯ ২৫		১৩-৩০	১৬-০	১৮-৩১	
কৃষ্ণনগর পৌঃ	৬ ২৩	১০-৩	১১-৪১	১৪-১০	১৬-৩৬	১৯-১৮	
ছাঃ	৬-২৬ ৭-১৮	১০-১১			১৬ ৫৫	১৯-২৫	
রাণাঘাট পৌঃ		১০-৪৬			১৭ ৩১		
(বদল) ছাঃ		১১ ০			১৭-৪০		
কলিকাতা পৌঃ	৮ ১৬ ৯ ২১	১১ ১	১২-১৬	১৪-১৩	১৯-১০	২১-৪১	২৩-২৬

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৩-৩১	১৬-০	
কৃষ্ণনগর পৌঃ	১৪-১০	১৬-৩৬	
ছাঃ	১৫-২৮	১৭-১৫	
শান্তিপুর পৌঃ	১৬-৯	১৭-৫৬	
(বদল) ছাঃ	১৬-৩৩	১৮-১ (রবিবার ভিন্ন)	১৮-৮ (রবিবার)
রাণাঘাট পৌঃ	১৭-১০	১৮-২৭	১৮-৩৩
(বদল) ছাঃ	১৭-৪৩	১৮-৪০	১৮-৪০
কলিকাতা পৌঃ	১৯-১১	২০-৬	২০-৬

শ্রীশ্রীগৌরাঙ্গো জয়তঃ

শ্রীগৌরজন্মোৎসব-সংখ্যা

দৈনিক নদীয়া-প্রকাশ

একমাত্র পারমার্থিক দৈনিক পত্র

ধাম—শ্রীমায়াপুর—নদীয়া

১৪শ বর্ষ { ২১ গোবিন্দ গৌরাব্দ ৪৫২, ২১শে ফাল্গুন বঙ্গাব্দ ১৩৪৫, ৫ই মার্চ ইং ১৯৩৯, রবিবার } ৫ম ও ৬ষ্ঠ সংখ্যা

শ্রীশ্রীগৌরাঙ্গস্তোত্রম্

(১)

সর্ব্বপ্রভিস্তুত্যপগীতকীর্ত্তিঃ
প্রধানজীবাত্মপ্রভুঃ স্বতন্ত্রঃ।
বিশুদ্ধসত্ত্বোজ্জ্বলবিগ্রহস্ত্বং
প্রসীদ মন্দে ময়ি গৌরচন্দ্র!

(২)

বিশুদ্ধ জন্মস্থিতিভঙ্গহেতু-
র্ব্রহ্মাণ্ডকোটীপরমেশ্বরস্ত্বম্।
স্বয়ম্ভুশম্ভ্বাদ্যনুবন্দ্যপাদঃ
প্রসীদ মন্দে ময়ি গৌরচন্দ্র!

(৩)

সর্ব্বাবতারী ভগবান্ স্বয়ং ত্বং
কৃষ্ণঃ পরংব্রহ্ম পরাৎপরস্ত্বম্।
বরাভয়ং তাবকতারমূর্ত্তিঃ
প্রসীদ মন্দে ময়ি গৌরচন্দ্র!

(৪)

বিবেকবৈরাগ্যজপাজপন্মো
যোগব্রতত্যাগতপোহরাগঃ।
স্বরাজমানর্দ্ধিতভক্তভাবঃ
প্রসীদ মন্দে ময়ি গৌরচন্দ্র!

(৫)

অনাদিকালং তব পাদপদ্মং
বিস্মৃত্য জীবান্ বহুদুঃখযুক্তান্।
সংরক্ষিতুং ত্বং করুণাবতারঃ
প্রসীদ মন্দে ময়ি গৌরচন্দ্র!

(৬)

স্বভক্তিবৈরাগ্যবিবেকশিক্ষা-
প্রদানহেতোঃ সুবিশুদ্ধভাবঃ।
প্রেমোর্ম্মিভির্ভাসি পাবসি ত্বং
প্রসীদ মন্দে ময়ি গৌরচন্দ্র।

(৭)

ঔদার্য্য-মাধুর্য্য-সুধা-সমুদ্রঃ
কারুণ্যসিন্ধুঃ পতিতৈকবন্ধুঃ।
বিভাসি রাধাঙ্গরুচঃ চোরঃ
প্রসীদ মন্দে ময়ি গৌরচন্দ্র!

(৮)

সুতপ্তকার্ত্তস্বরদেহকান্ত!
মহোর্ম্মিতপ্রেমতরঙ্গকান্ত!
কোটীন্দুবিভ্রাজিমুখারবিন্দ!
প্রসীদ মন্দে ময়ি গৌরচন্দ্র!

(৯)

অপারসংসার-সমুদ্রবিষ্টঃ
কামাদিকুম্ভীরবিভীষিতঃ।
ত্বৎপাদপোতং শরণং প্রপন্নঃ
প্রসীদ মন্দে ময়ি গৌরচন্দ্র!

(১০)

পাপাপরাধাযুতকোটিপূর্ণে
ত্রিতাপদাবাগ্নিভুজঙ্গদষ্টে।
কৃপাবতার! প্রিয়দীনবন্ধ!
প্রসীদ মন্দে ময়ি গৌরচন্দ্র!

(১১)

যাচে ন রাজ্যং ন সুরাধিপত্যং
ভুক্তিং ন মোক্ষং ন চতুর্বিধঞ্চ।
ভক্তিবিতর্ক্য যদি দেহি নাথ!
প্রসীদ মন্দে ময়ি গৌরচন্দ্র!

(১২)

চৈতন্যচন্দ্রায় দয়ামমায়
শ্রীগৌরদাসেন সমর্পিতং যঃ।
স্তোত্রং পুমান্ ভক্তিযুতঃ প্রপাঠেৎ
গৌরাঙ্গভক্তিং লভতে ধ্রুবং সঃ॥

শ্রীগৌর-করুণা

(শ্রীপাদ ভক্তিগৌরব ভক্তিশ্রেয়ঃ ভক্তিশাস্ত্রী)

(১)

দুঃখের জলধি ঘোর এ মায়া সংসারে।
নানা মতবাদগ্রাহ ঘেরিল আমারে॥
বদন বিস্তারি আসে বিষম কুম্ভীর।
উপায় না দেখি আর কাঁদিয়া অস্থির॥
বাণী-সুদর্শন ল'য়ে নাশিবারে ভয়।
শ্রীগৌরকরুণা আজি হ'য়েছে উদয়॥

(২)

ঐ মহা মায়িক জড় অভিলাষী।
জড়-গুণ-উপাসক সত্যার্থ-বিদ্বেষী॥
নাস্তিক চার্ব্বাকজন চার্ব্বাকো ঘোরে।
ছলিয়া গ্রাসিতে আসে মায়াসিন্ধু ঘোরে॥
বাণী-সুদর্শন ল'য়ে নাশিবারে ভয়।
শ্রীগৌরকরুণা আজি হ'য়েছে উদয়॥

(৩)

ও-ই যে ক্ষণিকবাদী শূন্য উপাসক।
চেতনচৈতন্যহীন পাষণ্ড বঞ্চক॥
বেদ পারপন্থী নাকাদাপণ তার্কিক।
গ্রাসিতে আসিছে বৌদ্ধ কপট নাস্তিক॥
বাণী সুদর্শন ল'য়ে নাশিবারে ভয়।
শ্রীগৌরকরুণা আজি হ'য়েছে উদয়॥

(৪)

ও ই জড় উপাসক সাজিয়া মহান্।
ধাইয়া আসিছে মহা তার্কিক মহৎ॥
সেথা'য়ে কাপট্যপূর্ণ বৈরাগ্য আশ্রয়।
চর্ব্বণ করিতে আসে মানবের শির॥
বাণী সুদর্শন ল'য়ে নাশিবারে ভয়।
শ্রীগৌরকরুণা আজি হ'য়েছে উদয়॥

(৫)

নিরীশ্বর নিত্যসাঙ্খ্যবাদী সাংখ্যকার।
প্রকৃত বেদার্থবাদ ত্যাজ্য হয় যার॥
জড়া প্রকৃতিরে বলি জগৎ কারণ।
গ্রাসিতে আসিছে ও-ই বাদ্দানি বদন
বাণী-সুদর্শন ল'য়ে নাশিবারে ভয়।
শ্রীগৌরকরুণা আজি হ'য়েছে উদয়॥

(৬)

ও-ই আসে পাতঞ্জল মহা ভয়ঙ্কর।
জগতের যোগ-ত্রাস কারে নিরন্তর॥
স্থাপিয়া স্বরূপত্ব করি ঈশ্বরে।
ও ই আসে গ্রাসিবারে পদস্রষ্ট নরে॥
বাণী-সুদর্শন ল'য়ে নাশিবারে ভয়।
শ্রীগৌরকরুণা আজি হ'য়েছে উদয়॥

(৭)

কেবল অদ্বৈতমত নিত্যাপলাপ।
হরিদ্বেষী স্রোতবাণী বিবর্ত শঙ্কর;
মায়াবাদী দল নির্বিশেষ প্রকৃত।
জগতের ত্রাস এই বহু দুঃখহেতু
বাণী সুদর্শন ল'য়ে নাশিবারে ভয়।
শ্রীগৌরকরুণা আজি হ'য়েছে উদয়॥

(৮)

জড়ীয় পদার্থবাদী শ্রেষ্ঠ বলে।
সকল উপাসক হই ঈশ্বরবলে,
নিরাকার হই সর্ব্বস্ব লয়ে।
নাশ করিবারে আসে ধর্ম্মদ্বেষী।
বাণী সুদর্শন ল'য়ে নাশিবারে ভয়।
শ্রীগৌরকরুণা আজি হ'য়েছে উদয়॥

(৯)

বেদের তাৎপর্য্যমূল করি নিকৃন্তন।
ধাইয়া আসিছে পুনঃ মায়া সকল
ঈশ্বর কল্পের মত কহিছে পণ্ডিত,
শ্রীহরিচিন্তনলীলা বাধে আবরিয়া॥
বাণী সুদর্শন ল'য়ে নাশিবারে ভয়।
শ্রীগৌরকরুণা আজি হ'য়েছে উদয়॥

মায়ারে করিয়া জয় ছাড়ান না যায়। সাধু-গুরু-কৃপা বিনা না দেখি উপায়॥

"জীবের নিজের আত্মস্বরূপে অপ্রাকৃত সচ্চিদানন্দ আশ্রয়-তত্ত্বাংশের অর্থাৎ কার্ষ্ণ-কিঙ্করত্বের অনুভূতিই সম্বন্ধজ্ঞান। গুরুবর্গের পরিচর্য্যার দ্বারা সেই সম্বন্ধজ্ঞান লাভ হয়। হরি স্বরূপশক্তির সহিত অভিন্ন, জীবশক্তির সহিত অচিন্ত্যভেদাভেদ-সম্বন্ধযুক্ত ও মায়াশক্তি হইতে ভিন্ন। চেতন-দর্শনই কৃষ্ণভোগাদর্শন। প্রকৃত প্রস্তাবে সজ্জনসঙ্গই দুর্জ্জনসঙ্গরাহিত্য-রূপ নির্জ্জনতা।"

(শ্রীল আচার্য্যদেব)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

২৯ গোবিন্দ সর্ব্ব বাসুদেব গৌরাব্দ ৪৪৫

শ্রীশ্রীগৌরজন্মোৎসব

নদীয়া উদয় গিরি, পূর্ণচন্দ্র গৌরহরি,
কৃপা করি হইল উদয়।
পাপতমো হৈল নাশ, ত্রিজগতের উল্লাস,
জগভরি' হরিধ্বনি হয়।"

আজ শ্রীশ্রীগৌরপ্রকটপৌর্ণমাসী—গৌড়দেশবাসী গৌরভক্তবৃন্দের হৃদয় আজ মহামহোৎসবে পরিপূর্ণ, তাঁহাদের শুদ্ধ চিত্তগগন কৃষ্ণের আনন্দসিন্ধুপ্লাবনে আজ সমগ্র জগৎ প্লাবিত। আজ বৃন্দাবিপিনের একদিকে যেমন মাধুর্য্যপ্রধান ঔদার্য্যপ্রকোষ্ঠে সম্ভোগরসময় রসিকশেখর গোপীজনবল্লভ-গোবিন্দের—গোবিন্দানন্দিনী গোবিন্দমোহিনী গোবিন্দসর্ব্বস্ব সর্ব্বকান্তাশিরোমণি—সমস্ত পরা ঠাকুরাণী পরদেবতা শ্রীমতী বৃষভানু-নন্দিনীর নিত্যোল্লাসাবেশে একাত্মভাবে-যুক্ত দোদুল্যমান হইয়া লীলাবিলাসোল্লাস, আর একদিকে তেমনই ঔদার্য্যপ্রধান মাধুর্য্য-প্রকোষ্ঠে "শ্রীরাধিকানবীন প্রণয়মহিমা কিরূপ, কৃষ্ণের অপূর্ব্বমাধুর্য্য 'ইহা যাহা শ্রীরাধা আস্বাদন করেন, তাহাই বা কিরূপ এবং কৃষ্ণপ্রেমের সেই অদ্ভুত মাধুর্য্যের অনুভূতি হইতে শ্রীরাধারই বা কি সুখের উদয় হয়",—এই বিষয়ত্রয়ে লোভযুক্ত—'রাধিকার কৃষ্ণপ্রেমের আশ্রয়ের ভাব-বিভাবিত হইয়া পুঞ্জীভূতস্বর্ণাভকলেবর-বিলম্বিত গৌরকৃষ্ণরূপে বিপ্রলম্ভরসাস্বাদন-লীলা—"কাঁহা মোর প্রাণনাথ মুরলীবদন। কাঁহা করোঁ কাঁহা পাঙ ব্রজেন্দ্রনন্দন। কাহারে কহিব, কেবা জানে মোর দুঃখ। ব্রজেন্দ্রনন্দন বিনা ফাটে মোর বুক।" বলিয়া মর্ম্মভেদী করুণাবিলাপ। শ্রীলীলা-পুরুষোত্তমের উভয় প্রকোষ্ঠের এই উভয়-লীলাই যুগপৎ অননুভূতপূর্ব্ব পরমবিস্ময়োৎপাদক অনির্ব্বচনীয় মাধুর্য্যপূরপ্রকাশক হইলেও ঔদার্য্যলীলায় মাধুর্য্যলীলারসের চমৎকারিতা অত্যুজ্জ্বলরূপে জোতিত বলিয়া ঔদার্য্যেরই বৈশিষ্ট্য বিশেষভাবে বিজ্ঞাপিত হয়। স্বয়ং ভগবান্ ব্রজেন্দ্রনন্দনই পরমৌদার্য্য বিস্তার করিয়া—মহাবদান্য হইয়া ভক্তভাব অঙ্গীকার পূর্ব্বক যে নিজভজন-রহস্য উদ্ঘাটন করেন, সেই রহস্যে প্রবিষ্ট হইতে না পারিলে—শ্রীব্রজেন্দ্রনন্দনের মহা-বদান্যলীলা উপলব্ধি করিতে না পারিলে তাঁহার নিত্যোজ্জ্বললীলার কোন চমৎকারিতাই আমাদের উপলব্ধির বিষয় হইবে না, পরন্তু জড়সম্ভোগরসে উন্মত্ত হইয়া আমাদিগকে নিরয়গামী হইতে হইবে। এজন্য শ্রীশ্রীকৃষ্ণের দোলযাত্রা হইলেও শ্রীগৌরজন্মযাত্রার অধিক চমৎকারিতা গৌরভক্তগণের উপলব্ধির বিষয় হয়। বিপ্রলম্ভই সম্ভোগরসের পরিপোষ্টা বলিয়া শ্রীগৌরপ্রকটপূর্ণিমার এত ঔদার্য্য গাম্ভীর্য্য।

কৃষ্ণলীলা বুঝাইবার জন্য স্বয়ং কৃষ্ণই গৌড়দেশে অবতীর্ণ হওয়ায় গৌরলীলানুস্মরণই আমাদের একমাত্র প্রয়োজন। কৃষ্ণলীলায় যেমন শ্রীমদনমোহন সম্বন্ধাধিদেবতা, শ্রীগোবিন্দ — অভিধেয়াধিদেবতা এবং শ্রীগোপীনাথ—প্রয়োজনাধিদেবতা, গৌরলীলায়ও তদ্রূপ শ্রীকৃষ্ণচৈতন্য সম্বন্ধাধিদেবতা, শ্রীবিশ্বম্ভর অভিধেয়াধিদেবতা এবং শ্রীগৌরহরি—প্রয়োজনাধিদেবতা। শ্রীগৌরহরি — স্বভজন-বিভজন প্রয়োজনাবতারী। যিনি যে সর্ব্বোৎকৃষ্ট উজ্জ্বলরস জগৎকে কখনও দান করেন নাই, সেই স্বভক্তি-সম্পত্তি—অনর্পিতচরী জগৎকে অযাচক করুণাবশতঃ দান করিবার জন্যই মহাবদান্য-রূপে কলিযুগে অবতীর্ণ। তাঁহার এই অবতার পুরুষাবতার, লীলাবতার, গুণাবতার, মন্বন্তরাবতার, যুগাবতার ও শক্ত্যাবেশাবতার— এই বহুবিধ অবতারের অন্তর্ভুক্ত নহে, তিনি সর্ব্বাবতারাবতারী, সর্ব্বাংশী; কিন্তু এই কলিতে তাঁহার অবতার বড় গূঢ় বলিয়া শ্রীমদ্ভাগবত তাঁহাকে 'ছন্নাবতার' বলিয়া নির্দ্দেশ করিয়াছেন। ভাগবত বলিয়াছেন—

ইত্থং নৃতির্য্যগৃষিদেবঝষাবতারৈ-
র্লোকান্ বিভাবয়সি হংসি জগৎপ্রতীপান্।
ধর্ম্মং মহাপুরুষ পাসি যুগানুবৃত্তং
ছন্নঃ কলৌ যদভবস্ত্রিযুগোঽথ স ত্বম্॥

(ভাঃ ৭।৯।৩৮)

[প্রহ্লাদ বলিয়াছেন—হে কৃষ্ণ, তুমি এই প্রকার নর, তির্য্যক্, ঋষি, দেব, মৎস্য ইত্যাদিরূপে লোকদিগকে পালন কর এবং জগৎশত্রুগণকে বিনাশ কর, হে মহাপুরুষ, তুমি কলিকালে যুগানুরূপ নামকীর্ত্তনধর্ম্ম ছন্নভাবে প্রচার করিবে। এইজন্য তোমার নাম 'ত্রিযুগ'। কেন না, ছন্নাবতার কোন শাস্ত্র সহজে প্রকাশ করেন না।]

শ্রীল শ্রীধর স্বামিপাদ তাঁহার 'ভাবার্থ-দীপিকা'য় বলিয়াছেন—

"কলৌ তু (মৎস্যাদিবৎ) ন করোষি, যতস্তদা ত্বং ছন্নোঽভবঃ; অতস্ত্রিষ্বেব যুগেষ্বাবির্ভাবাৎ স এবং ভূতস্ত্বং ত্রিযুগ ইতি প্রসিদ্ধঃ।"

ভগবান্ ব্রজেন্দ্রনন্দন বিচার করিলেন—

"চিরকাল নাহি করি প্রেমভক্তিদান।
ভক্তিবিনা জগতের নাহি অবস্থান॥
সকল জগতে মোরে করে বিধিভক্তি।
বিধিভক্ত্যে ব্রজভাব পাইতে নাহি শক্তি॥
যুগধর্ম্ম প্রবর্ত্তাম্ নামসংকীর্ত্তন।
চারিভাব ভক্তি দিয়া নাচাম্ ভুবন॥
আপনি করিমু ভক্তভাব অঙ্গীকারে।
আপনি আচরি' ভক্তি শিখাইমু সবারে॥
আপনে না কৈলে ধর্ম্ম শিখান' না যায়।
এই ত' সিদ্ধান্ত গীতা ভাগবতে গায়॥
যুগধর্ম্ম প্রবর্ত্তন হয় অংশ হৈতে।
আমা বিনা অন্যে নারে ব্রজপ্রেম দিতে॥"

শ্রীভগবান্ চিন্তা করিলেন—"এ যাবৎ আমি প্রেমভক্তি জগৎকে বিতরণ করি নাই। শাস্ত্রাদি পাঠ করিয়া জগতে লোকে বিধিভক্তিতে আমাকে ভজন করে; কিন্তু আমার পরমভাব যে ব্রজভাব তাহা বিধিভক্তিতে পায় না। বিধিভক্তিতে ঐশ্বর্য্যজ্ঞানই প্রবল। ঐশ্বর্য্যভাবে প্রেম শিথিল হয় অর্থাৎ প্রেমে গাঢ়তা থাকে না। সুতরাং ঐরূপ প্রেমে আমি প্রীত হই না। ঐশ্বর্য্যজ্ঞানে বিধিমার্গে যাঁহারা ভজন করেন, তাঁহারা সার্ষ্টি, সারূপ্য, সামীপ্য ও সালোক্য-রূপ মুক্তিচতুষ্টয় লাভ করত বৈকুণ্ঠে গমন করেন। ব্রহ্মের সহিত ঐক্যরূপ সাযুজ্য মুক্তি বিধিভক্তগণও প্রার্থনা করেন না। কিন্তু প্রেমভক্তি পাইলে উক্ত চারিপ্রকার মুক্তিকেও পরিত্যাগপূর্ব্বক ভক্তগণ আমার সেবাসুখ লইয়া থাকেন। সেই প্রকার বিধিভক্তির অতীত প্রেমভক্তি জগতে প্রচার করা আমার কর্ত্তব্য। আমি কলিযুগের ধর্ম্ম যে নামসংকীর্ত্তন, তাহা দাস্য-সখ্য-বাৎসল্য-শৃঙ্গাররসের সহিত জগৎকে দিয়া সর্ব্বলোককে নৃত্য করাইব, নিজেও ভক্তভাব গ্রহণ করত স্বীয় আচরণদ্বারা জগজ্জীবকে শিক্ষা প্রদান করিব। * * * নামসংকীর্ত্তনরূপ যুগধর্ম্ম ও ব্রজপ্রেম এই দুইটি প্রচার করিবার জন্য আমি প্রকট হইতে ইচ্ছা করিতেছি। যদিও যুগধর্ম্ম প্রচারকার্য্য অংশাবতার দ্বারা হইতে পারে, তথাপি পূর্ণভগবান্ শ্রীকৃষ্ণ আমি ব্যতীত ব্রজপ্রেম-প্রচার আর কেহই করিতে পারে না।"

এই ভাবিয়া স্বয়ং কৃষ্ণচন্দ্র বৈবস্বত-মন্বন্তরীয় অষ্টাবিংশ চতুর্যুগে দ্বাপরের অব্যবহিতপরবর্ত্তী কলির প্রথম সন্ধ্যায় ১৪০৭ শকে ফাল্গুনীপূর্ণিমা তিথিতে স্বাঙ্গোপাঙ্গাস্ত্রপার্ষদ-সমন্বিত হইয়া শ্রীগৌরসুন্দররূপে গৌড়দেশে পূর্ব্বদেশে বৃন্দাবনাভিন্ন শ্রীনবদ্বীপধামে শ্রীমায়াপুর মহাযোগপীঠে শচী-জগন্নাথমিশ্রগৃহে চন্দ্রগ্রহণের ছলে জগৎকে হরিনাম লওয়াইতে লওয়াইতে নাম-সংকীর্ত্তনমধ্যে আবির্ভূত হইলেন। শ্রীভগবান্ গৌরসুন্দরের এই বেদগোপ্য অবতারের কথা ভুক্তিকামী, কর্ম্মী, জ্ঞানী, যোগী প্রভৃতি আধ্যক্ষিকগণ কুতর্কোন্মত্ত হইয়া বুঝিতে পারিবেন না, নানা সংশয়-ভারাক্রান্ত হইয়া ও গৌরহরির ভগবত্তা ও তৎপ্রবর্ত্তিত ভজন-বিচার-সম্বন্ধে নানা কূট তর্ক উত্থাপন পূর্ব্বক গৌরভক্তগণকে অযথা আক্রমণ করিবেন। আমরা তাঁহাদিগের ন্যায় অশ্রদ্ধধান ব্যক্তির সহিত বৃথা বাক্য-ব্যয় করিয়া আমাদিগের ভগবদ্ভজনের অমূল্য সময় নষ্ট করিতে বা তাঁহাদিগের কুতর্কানলের ইন্ধনস্বরূপ হইয়া তাঁহাদের ইন্দ্রিয়তর্পণ বিধান করিতে আদৌ প্রস্তুত নহি। শ্রীগৌরতত্ত্ব অবিতর্ক্য, দুর্জ্ঞেয়, দুর্বিগাহ, সসীম মানবমেধার খণ্ডজ্ঞানগম্যের সুদূরপরাহত বস্তু তিনি। শ্রীভগবানের বহিরঙ্গা মায়াশক্তির আবরণাত্মিকা ও বিক্ষেপাত্মিকা বৃত্তিদ্বয় হতভাগ্য মানব-মনীষার উপর প্রভাব বিস্তার করিয়া তাহাদিগের বিচারশক্তি একেবারেই লোপ করিয়াছে, তাই অধোক্ষজবস্তুকে তাঁহারা অক্ষজজ্ঞানে পরিমাপ করিতে গিয়া নানাপ্রকার বিচার-বিভ্রাট উপস্থিত করেন। কৃষ্ণতত্ত্ব সম্বন্ধেও আধ্যক্ষিকগণের ঐরূপ নানাপ্রকার অদ্ভুত সিদ্ধান্তের কথা কিছু নূতন নহে। শ্রীবাসুদেব সার্ব্বভৌমের ন্যায় অদ্বিতীয় নৈয়ায়িক পণ্ডিতও একদিন শ্রীমন্মহাপ্রভুর মহাপ্রেমবিলাস সাক্ষাদ্ভাবে দর্শন করিয়াও তাঁহার স্বয়ং ভগবত্তা বুঝিয়া উঠিতে পারেন নাই, তাই তাঁহার ভগ্নীপতি শ্রীগোপীনাথাচার্য্য তাঁহাকে বলিয়াছিলেন—

'ঈশ্বরের কৃপালেশ হয় ত' যাহার।
সেই ত' ঈশ্বর-তত্ত্ব জানিবারে পারে॥
যদ্যপি জগদ্গুরু তুমি শাস্ত্রজ্ঞানবান্।
পৃথিবীতে নাহি পণ্ডিত তোমার সমান॥
ঈশ্বরের কৃপা-লেশ নাহিক তোমাতে।
অতএব ঈশ্বরতত্ত্ব না পার জানিতে॥
জানিয়া ভজন করে যেই মহাজন। তাঁর তুল্য নাহি কেহ বৈষ্ণব সুজন॥

ইহাতে দেখিবে সব ঈশ্বর-লক্ষণ।
মহাপ্রেমাবেশ তুমি পাঞাছ দর্শন॥
তবু ত' ঈশ্বর-জ্ঞান না হয় তোমার।
'ঈশ্বরের মায়া' এই বলি ব্যবহার॥

এত সকল কথা শুনিয়া সার্ব্বভৌম যখন বলিলেন—আচার্য্য তুমিই যে ঈশ্বরের কৃপা পাইয়াছ, তাহার প্রমাণ কি? তদুত্তরে আচার্য্য বলিলেন—"পরমতত্ত্ব বিষয়ে যে জ্ঞান, তাহাকেই 'বস্তুজ্ঞান' বলে, সেই বস্তুতত্ত্বজ্ঞানই ঈশ্বরের কৃপার প্রমাণ। বহির্ম্মুখজন তাঁহাকে দেখিলেও দেখে না। ঈশ্বরের কৃপার অভাবই ইহার একমাত্র কারণ। তিনি যাঁহাকে নিজ কৃপা দ্বারা স্বরূপ দেখাইবেন, তিনিই তাঁহাকে বুঝিতে পারিবেন। বস্তুবিষয় ব্যতীত অন্য বিষয় অবলম্বনে বস্তুজ্ঞানের সম্ভাবনা নাই। কৃপা-ব্যতীত তাঁহার দর্শন বা বস্তুজ্ঞান হয় না। যাঁহারা তাঁহার কৃপা পাইয়াছেন, তাঁহারাই তাঁহার স্বরূপ বুঝিয়া কৃপাভিক্ষু হইয়াছেন এবং ইতর জ্ঞানের সাহায্যে তাঁহাকে বুঝিবার চেষ্টা করেন না।" ইহা শুনিয়া সার্ব্বভৌম হাস্যসহকারে শাস্ত্রজ্ঞাভিমানে নানাপ্রকার শাস্ত্রযুক্তি প্রদর্শন করিয়া বলিতে লাগিলেন —"হাঁ, চৈতন্যদেবকে একজন মহাভাগবত বলা যাইতে পারে বটে, কিন্তু 'ভগবান্' কোন ক্রমেই বলা যায় না। কেননা, কলিকালে বিষ্ণুর কোন অবতার নাই, এ জন্য শাস্ত্র বিষ্ণুর 'ত্রিযুগ' বলিয়া একটি নামের কথা বলিয়া থাকেন।" সার্ব্বভৌমের ন্যায় পণ্ডিতের এইরূপ বিচার-শ্রবণে গোপীনাথ অন্তরে বড়ই দুঃখ অনুভব করিয়া বলিলেন —"সার্ব্বভৌম, তুমি নিজেকে খুব শাস্ত্রজ্ঞ বলিয়া অহঙ্কার করিতেছ বটে, কিন্তু শাস্ত্র-মধ্যে শ্রীমদ্ভাগবত ও মহাভারত যে দুই প্রধান শাস্ত্রগ্রন্থ, সেই দুই গ্রন্থবাক্যে তোমার আদৌ মনোযোগ নাই। কলিযুগে শ্রীভগবানের লীলাবতার নাই সত্য, এইজন্যই শ্রীমদ্ভাগবত তাঁহাকে 'ত্রিযুগ' বলিয়াছেন, কিন্তু প্রতিকলিযুগেই যে কৃষ্ণের যুগাবতার হয়, তাহা তোমার তর্কনিষ্ঠ-হৃদয় বিচার করিয়া উঠিতে পারে না।" এই কথা বলিয়া শ্রীগোপীনাথাচার্য্য শ্রীমদ্ভাগবত ও মহাভারতের সর্ব্বলোক-প্রসিদ্ধ শ্লোকসমূহ কীর্ত্তন করিতে লাগিলেন,—

আসন্ বর্ণাস্ত্রয়ো হ্যস্য গৃহ্ণতোঽনুযুগং তনূঃ।
শুক্লো রক্তস্তথা পীত ইদানীং
কৃষ্ণতাং গতঃ॥
(ভাঃ ১০।৮।১৩)

গর্গ ঋষি নন্দ মহারাজকে কৃষ্ণের নামকরণ-হেতু বর্ণন-মুখে তাঁহার অন্যান্য অবতার ও অবতারিত্ব বলিতেছেন—"হে মহারাজ, প্রতিযুগে তনু (বিগ্রহ) ধারণপূর্ব্বক অবতীর্ণ আপনার এই শিশু-স্বরূপ তোমার এই পুত্রের পূর্ব্বে শুক্ল, রক্ত এবং পীত—এই তিনটি বর্ণ ছিল, ইদানীং তিনি কৃষ্ণত্ব (কৃষ্ণবর্ণ) প্রাপ্ত হইয়াছেন।" শ্রীল শ্রীজীব গোস্বামিপাদ এসম্বন্ধে তাঁহার 'ক্রমসন্দর্ভে' এইরূপ বলিয়াছেন—"ইদানীম্ এতদবতারাস্পদে ... দ্বাপরে 'কৃষ্ণতাং গতঃ' উক্তাভ্যাং শুক্লরক্তাভ্যাং সত্য-ত্রেতাগতাভ্যাং ... পীতস্যাতীতত্বং প্রাচীনাবতারাপেক্ষয়া।"—'ইদানীং' অর্থাৎ বর্ত্তমান অবতার-কালরূপে বর্ণিত দ্বাপরযুগে 'কৃষ্ণত্ব (কৃষ্ণবর্ণ) প্রাপ্ত হইয়াছেন' এই উক্তি নিবন্ধন এবং সত্য ও ত্রেতাযুগে শুক্ল ও রক্তবর্ণের প্রাপ্তি-হেতু ভগবানের পূর্ব্ব পূর্ব্ব (কলিযুগে পীতবর্ণ ধারণপূর্ব্বক সেই সেই) অবতারকে উদ্দেশ করিয়াই এই (কলিযুগাবতারে গৃহীত) পীতবর্ণের অতীত কালত্ব প্রদর্শিত হইয়াছে।

"শুক্ল, রক্ত, পীতবর্ণ—এই তিন দ্যুতি।
সত্য, ত্রেতা, কলিকালে ধরেন শ্রীপতি॥
ইদানীং দ্বাপরে তিঁহো হৈলা কৃষ্ণবর্ণ।
এই সব শাস্ত্রাগমপুরাণের মর্ম্ম॥"
(চৈঃ চঃ আ ৩।৩৭-৩৮)

বিদেহরাজ নিমি যখন নবযোগেন্দ্রকে প্রশ্ন করিলেন,—

"কস্মিন্ কালে স ভগবান্ কিং বর্ণঃ
কীদৃশো নৃভিঃ।
নাম্না বা কেন বিধিনা পূজ্যতে
তদিহোচ্যতাম্॥"

অর্থাৎ "ভগবান্ শ্রীহরি কোন্ কালে, কোন্ বর্ণ ও কীদৃশ আকারবিশিষ্টরূপে কোন্ নামে, কোন্ বিধি অনুসারে মানবগণের নিকট পূজিত হইয়া থাকেন, তাহা বর্ণন করুন।" তখন শ্রীকরভাজন মুনিবর তাঁহাকে বলিলেন,—

কৃতং ত্রেতা দ্বাপরঞ্চ কলিরিত্যেষু
কেশবঃ।
নানাবর্ণাভিধাকারো নানৈব বিধিনেজ্যতে॥
(ভাঃ ১১।৫।২০)

অর্থাৎ "হে রাজন্! সত্য, ত্রেতা, দ্বাপর, কলি—এই চারিযুগে ভগবান্ শ্রীহরি বিবিধ বর্ণ, নাম এবং আকৃতিবিশিষ্ট হইয়া ভিন্ন ভিন্ন বিধানানুসারে অর্চ্চিত হইয়া থাকেন।" অতঃপর মুনিবর সত্য ও ত্রেতাযুগের অবতার-কথা কীর্ত্তন করিয়া দ্বাপরযুগের অবতারসম্বন্ধে বলিতেছেন,—

দ্বাপরে ভগবান্ শ্যামঃ পীতবাসা
নিজায়ুধঃ।
শ্রীবৎসাদিভিরঙ্কৈশ্চ লক্ষণৈরুপলক্ষিতঃ॥
(ভাঃ ১১।৫।২৭)

অর্থাৎ দ্বাপরযুগে ভগবান্ পীতবসন, চক্রাদি নিজ আয়ুধসমূহ, শ্রীবৎস প্রভৃতি চিহ্ন এবং কৌস্তুভ প্রভৃতি লক্ষণে বিভূষিত হইয়া শ্রীকৃষ্ণরূপে অবতীর্ণ হইয়া থাকেন। অতঃপর শ্লোকদ্বয়ে শ্রীকৃষ্ণাবতারের পূজাদির কথা বলিয়া পরবর্ত্তি-শ্লোকে বলিতেছেন,—

ইতি দ্বাপর উর্ব্বীশ স্তুবন্তি জগদীশ্বরম্।
নানাতন্ত্রবিধানেন কলাবপি তথা শৃণু॥
(ভাঃ ১১।৫।৩১)

অর্থাৎ "হে রাজন্, দ্বাপরযুগে এই প্রকারে মানবগণ জগদীশ্বরের আরাধনা করিয়া থাকেন, সম্প্রতি নানাতন্ত্রবিধানানুসারে কলিযুগের আরাধনার কথা শ্রবণ করুন" এই কথা বলিয়াই বলিতেছেন,—

কৃষ্ণবর্ণং ত্বিষাঽকৃষ্ণং সাঙ্গোপাঙ্গাস্ত্র-
পার্ষদম্।
যজ্ঞৈঃ সঙ্কীর্ত্তনপ্রায়ৈর্যজন্তি হি সুমেধসঃ॥
(ভাঃ ১১।৫।৩২)

অর্থাৎ "যিনি 'কৃষ্ণ' এই বর্ণদ্বয় কীর্ত্তন-পর কৃষ্ণোপদেষ্টা অথবা 'কৃষ্ণ' এই বর্ণদ্বয় কীর্ত্তনের দ্বারা কৃষ্ণানুসন্ধানতৎপর, যাঁহার 'অঙ্গ'— শ্রীনিত্যানন্দাদ্বৈতপ্রভুদ্বয় এবং 'উপাঙ্গ'—তদাশ্রিত শ্রীবাসাদি শুদ্ধভক্তগণ, যাঁহার 'অস্ত্র'—হরিনাম-শব্দ এবং পার্ষদ— শ্রীগদাধরদামোদরস্বরূপ-রামানন্দ-সনাতন-রূপাদি, যিনি কান্তিতে 'অকৃষ্ণ' অর্থাৎ পীত (গৌর), সেই অন্তঃকৃষ্ণ-বহির্গৌর রাধাভাবদ্যুতিসুবলিত শ্রীমদ্ গৌরসুন্দরকে কলিযুগে সুমেধোগণ সঙ্কীর্ত্তনপ্রধান যজ্ঞের দ্বারা আরাধনা করিয়া থাকেন।"

কলিযুগের আরাধনার কথা বলিয়াই 'কৃষ্ণবর্ণং' শ্লোকদ্বারা শ্রীমদ্ভাগবত স্পষ্টরূপেই কলিতে সংকীর্ত্তনপ্রবর্ত্তক শ্রীকৃষ্ণচৈতন্য মহাপ্রভুকে সংকীর্ত্তনদ্বারা আরাধনার কথা বলিয়াছেন। এই শ্লোকের পরবর্ত্তী "ধ্যেয়ং সদা পরিভবঘ্নং" ও "ত্যক্ত্বা সুদুস্ত্যজং" শ্লোকদ্বয়েও অতি স্পষ্টরূপে শ্রীমন্মহাপ্রভুর স্তুতি বর্ণিত হইয়াছে। ইহার পরবর্ত্তী "এবং যুগানুরূপাভ্যাং ভগবান্ যুগবর্ত্তিভিঃ। মনুজৈরিজ্যতে রাজন্ শ্রেয়সামীশ্বরো হরিঃ॥" এই শ্লোকেও ভগবান্ শ্রীহরির প্রতিযুগে মানবগণকর্ত্তৃক যুগানুরূপ নাম এবং মূর্ত্তি অনুসারে পূজিত হইবার কথা আছে। ইহার পরবর্ত্তিশ্লোকে সঙ্কীর্ত্তননাথ শ্রীগৌরসুন্দর যে কলিতে আবির্ভূত হন, সেই কলিযুগের মাহাত্ম্য এইরূপ বর্ণিত হইয়াছে,—

কলিং সভাজয়ন্ত্যার্য্যা গুণজ্ঞাঃ
সারভাগিনঃ।
যত্র সঙ্কীর্ত্তনেনৈব সর্ব্বঃ স্বার্থোঽভিলভ্যতে॥
(ভাঃ ১১।৫।৩৬)

অর্থাৎ "হে রাজন্! এই কলিযুগে একমাত্র শ্রীহরির নামকীর্ত্তন-দ্বারাই সর্ব্ব-যুগের সর্ব্ববিধ পুরুষার্থ লাভ হয় বলিয়া গুণগ্রাহী আর্য্যগণ এই যুগের প্রশংসা করিয়া থাকেন।" "কলেদোষনিধে রাজন্" (ভাঃ ১২।৩।৫১) "কৃতে যদ্ধ্যায়তো বিষ্ণুং" (ভাঃ ১২।৩।৫২) শ্লোকের অন্তর্গত "দ্বাপরে পরিচর্য্যায়াং কলৌ তদ্ধরিকীর্ত্তনাৎ" ... কলৌ সঙ্কীর্ত্তনাৎ কেশবম্॥" ইত্যাদি অসংখ্য শাস্ত্রবাক্যে নামসংকীর্ত্তনই যে কলিযুগের একমাত্র ধর্ম্ম, তাহা বর্ণন করিয়া শ্রীমন্মহাপ্রভুর অবতারের কথা অতি স্পষ্টভাবেই বলিয়া রাখিয়াছেন। মহাভারত দানধর্ম্মে ১৪৯শ অধ্যায়ে বিষ্ণু-সহস্রনামপ্রসঙ্গে মুনি বেদব্যাস স্পষ্টভাবেই শ্রীমন্মহাপ্রভুর কথা বলিয়াছেন,—

"সুবর্ণবর্ণো হেমাঙ্গো বরাঙ্গশ্চন্দনাঙ্গদী।
সন্ন্যাসকৃচ্ছমঃ শান্তো নিষ্ঠাশান্তিপরায়ণঃ॥"

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ এই শ্লোকের এইরূপ অর্থ লিখিয়াছেন,—

"সুবর্ণবর্ণ, গলিত হেমবৎ অঙ্গ, সর্ব্বাঙ্গ-সুন্দর গঠন, চন্দনমালা-শোভিত—এই চারিটি গৃহলীলার লক্ষণ। সন্ন্যাসাশ্রম, হরিভক্তালোচনরূপ শমগুণবিশিষ্ট, হরি-কীর্ত্তনরূপ মহাযজ্ঞে দৃঢ়নিষ্ঠতারূপ কেবলা-দ্বৈতবাদি অভক্তনিবৃত্তিকারিণী শান্তিপর মহাভাবপরায়ণ।"

উপপুরাণেও শ্রীব্যাস-প্রতি শ্রীকৃষ্ণ-বচন এইরূপ শ্রুত হয়—

অহমেব ক্বচিদ্ব্রহ্মন্ সন্ন্যাসাশ্রমমাশ্রিতঃ।
হরিভক্তিং গ্রাহয়ামি কলৌ
পাপহতান্নরান্॥
(চৈঃ চঃ আঃ ৩।৮২ দৃষ্ট)

অর্থাৎ "হে ব্রহ্মন্ কোন কোন কলিযুগে আমি সন্ন্যাসাশ্রম অঙ্গীকারপূর্ব্বক পাপহত মানবসকলকে হরিভক্তি প্রদান করিব।" "এইরূপে শ্রীমদ্ভাগবতে "ছন্নঃ কলৌ," "আসন্ বর্ণাস্ত্রয়ো", "কৃষ্ণবর্ণং ত্বিষাঽকৃষ্ণং" ইত্যাদি বাক্যে, মহাভারতে "সুবর্ণবর্ণ" ... বচনে, "মহান্ প্রভুর্বৈ পুরুষঃ", "যদা পশ্যঃ পশ্যতে রুক্মবর্ণং" ইত্যাদি বেদবাক্যে, "মৎপ্রিয়া আবির্ভবিষ্যন্তি" ... এবং "অহমেব" ইত্যাদি উপপুরাণবাক্যে চৈতন্য-কৃষ্ণের সাক্ষাৎ অবতার বলিয়া নির্দ্দেশ হইয়াছে।"

"সর্ব্বশাস্ত্রে কহে কলিতে অবতার নাই।
অলৌকিক কর্ম্ম, অলৌকিক অনুষ্ঠান॥
দেখিয়া না দেখে তত অভক্তের গণ।
উলূক না দেখে যেন সূর্য্যের কিরণ॥"
(চৈঃ চঃ আ ৩।৮৪-৮৫)

'কর্ম্মচক্ষে যেরূপ সূর্য্য' কিরণ দেখিতে না পাইয়া সূর্য্যের অস্তিত্ব স্বীকার করিতে পারে না, তদ্রূপ অভক্তের দল।

ঐ অহঙ্কারমত্ত-সীমানা হইতে চিরকালই বঞ্চিত থাকিবে এবং নিজেদের অজ্ঞতা-জন্য অনুপলব্ধিদ্বারা বাস্তবসত্তার অনস্তিত্ব প্রমাণ করিতে চাহিবে। স্বতন্ত্র বস্তুদেবের অধোক্ষজ ভগবান্ বাসুদেব আত্মপ্রকাশ করিয়া থাকেন। অতএব বা নিগ্রহে তাঁহার প্রকাশ কিছুতেই উপলব্ধির বিষয় হইতে পারে না। রাজস ও তামসগুণ-বিশিষ্ট অসুরপ্রকৃতি ব্যক্তিগণ অজ্ঞান-বশতঃ হইয়া অধোক্ষজবস্তু বিষয়ক কোন প্রকৃতসত্যধারণাই উপনীত হইতে পারে না, নাস্তিক্য-সংশয় অশ্রদ্ধা-সমূহ নির্গুণ-জীবব্রহ্মবাদ পর্য্যন্তই আমাদের জ্ঞানের শেষ সীমা, দূরে স্থিত পুরুষোত্তম-তত্ত্বের কোন সন্ধানই তাহারা রাখিতে পারে না। আত্মারামগণের শরণাগতি অধোক্ষজ-পাদপদ্মের প্রসাদলাভেচ্ছু পরমার্থ-পথের পথিকের নিকটই শ্রীপুরুষোত্তম ভগবান্ আত্মপ্রকাশ করেন, তাঁহার বাস্তবসত্যস্বরূপ প্রকট করেন; একমাত্র তাঁহারাই অহৈতুকী কৃপাবলে পাঞ্চরাত্রিকের বাসুদেব, নারায়ণ, সীতারাম, দ্বারকেশ, মথুরেশ ও ব্রজেশ কৃষ্ণের ক্রমশঃ স্বরূপ উপলব্ধির বিষয় হয়।

"আপনা লুকাইতে কৃষ্ণ নানা যত্ন করে।
তথাপি তাঁহার ভক্ত জানয়ে তাঁহারে॥
অলৌকিক ভাব কৃষ্ণ কভু নাহি ছাড়ে।
লুকাইতে নারে কৃষ্ণ ভক্তজন-স্থানে॥"

(চৈঃ চঃ আ ৩।৮৮-৮৯)

কৃষ্ণ তাঁহার ভক্তদের নিকট আত্ম-গোপন করিতে পারেন না। অতএব অসুর-স্বভাব ব্যক্তি কখনই কৃষ্ণকে জানিতে পারে না। মায়াবাদী, কর্ম্মঠ, কুতার্কিক নিন্দক, পাষণ্ডী ও অধমাধম—ইহাদের নিকট কৃষ্ণ চিরকালই আত্মগোপন করিয়া থাকেন। যাঁহারা শ্রীভাগবতের ১ম অধ্যায় ও পদ্মপুরাণের 'কো বৃন্দাবনে?' প্রভৃতি শ্লোকোক্ত বেদ ও স্মৃতিশাস্ত্রের কথা আলোচনা করিয়াছেন, তাঁহারা জানেন,—আসুরিক স্বভাবসম্পন্ন ব্যক্তিগণ ও তাহাদের প্রতি কৃষ্ণ স্বয়ং বা কি শাস্তি বিধান করিয়াছেন। যাঁহারা "কৃষ্ণ মানি, গৌর মানি না বা গৌর মানি, কৃষ্ণ মানি না" ইত্যাদি অসঙ্গত কথা বলিতে গিয়া ভগবদ্ভক্তের অন্তরে ব্যথা দেন, ভক্তবৎসল ভগবান্ তাঁহাদিগকে কখনই ক্ষমা করেন না। তাই শ্রীল কৃষ্ণদাস কবিরাজ গোস্বামী তদ্রূপ পাষণ্ডের ব্যক্তিগণকে লক্ষ্য করিয়া বলিয়াছেন,—

"এই সব না মানে যেবা,
করে কৃষ্ণভক্তি।
কৃষ্ণ-কৃপা নাহি তারে, নাহি তার গতি॥
পূর্ব্বে যেন জরাসন্ধ-আদি রাজাগণ।
বেদধর্ম্ম করি' করে বিষ্ণুর পূজন॥
কৃষ্ণ নাহি মানে, তা'তে দৈত্য
করি' মানি।
চৈতন্য না মানিলে তৈছে দৈত্য তারে
জানি॥"

(চৈঃ চঃ আঃ ৮।৭-৯)

"যেরূপ বিষ্ণুপরতত্ত্ব স্বয়ংরূপ শ্রীকৃষ্ণের ভজন পরিত্যাগ করিয়া তাঁহার প্রতি বিদ্বেষ বা ঔদাসীন্যবশতঃ জরাসন্ধাদির বেদমার্গে বিষ্ণুপূজাও আসুর-ধর্ম্মে পর্য্যবসিত হইয়াছিল, তদ্রূপ অনুচিন্তন বা চৈতন্যদাস্য বিমুখ হইয়া জীবের যে বিষ্ণুপূজার চেষ্টা, উহাও উৎপাতময় আসুরধর্ম্ম বা অবৈষ্ণবতা মাত্র।"

যিনি শ্রীকৃষ্ণকে জানাইয়া দিবার জন্য, জীবের অপরাধ ঘুচাইয়া নিরপরাধে শুদ্ধনামগ্রহণপূর্ব্বক প্রেমধনলাভের যোগ্যতা-প্রদানের জন্য, ব্রজের নিগূঢ় ভাণ্ডারের উন্নতোজ্জ্বল-মধুর-রসের সন্ধান দিবার জন্য, নিজে আচরণ করিয়া ভক্তি শিক্ষা দিবার জন্য স্বয়ং বিষয়-বিগ্রহ হইয়াও আশ্রয়ের ভাবকান্তি-সহ অবতীর্ণ হইলেন, হে জীব! সেই জগদ্‌গুরুরূপী গৌরসুন্দরকে ছাড়িয়া তোমার কৃষ্ণভজন বা দেবতান্তর-ভজন-চেষ্টা অতীব বিড়ম্বনামাত্র। "শ্রীকৃষ্ণচৈতন্য-দয়া করহ বিচার। বিচার করিলে চিত্তে পাবে চমৎকার॥" এমন পতিতপাবন দয়াল ঠাকুরের প্রতি পরাঙ্মুখ হইও না। বৃন্দাবনবাসী শ্রীল কবিরাজ গোস্বামী প্রভু শ্রীগৌরসুন্দরের ভজন-নিমিত্ত ঐ দেশ, বিশ্ববাসী সকলকেই কি প্রকার সনির্ব্বন্ধ অনুরোধ জানাইয়াছেন,—

"অতএব পুনঃ কহোঁ ঊর্দ্ধবাহু হঞা।
চৈতন্য-নিত্যানন্দ ভজ কুতর্ক ছাড়িয়া॥"

(চৈঃ চঃ আ ৮।১৩)

হে জীব! কুতর্কজালসমূহ বিপ্রলম্ভ-প্রধান কুতর্ক ছাড়িয়া দাও, "অনুমান প্রমাণ নহে ঈশ-তত্ত্বজ্ঞানে"—"অচিন্ত্যাঃ খলু যে ভাবা ন তাংস্তর্কেণ যোজয়েৎ" এই সকল কথা একটু স্মরণ করিয়া বুঝিবার চেষ্টা কর; উহার পাদপদ্মের সেবার দিকে একটুকু অগ্রসর হইতে চেষ্টা কর, একটুকু সেবোন্মুখ হও, তিনি নিশ্চয়ই তোমাকে তাঁহার তত্ত্ব জানিবার অনুকূল সুযোগ প্রদান করিবেন, তোমাকে অভয় সংবাদ দান করিবেন, তোমাকে তাঁহার সচ্চিদানন্দস্বরূপ দর্শন করাইবেন। যে সার্ব্বভৌম ভট্টাচার্য্য একদিন মহাপ্রভুকে বেদান্ত শুনাইয়া তাঁহার সম্মুখে কথা কহিতে গিয়াছিলেন, সেই সার্ব্বভৌম শেষে কি প্রকারে মহাপ্রভুর স্বরূপ দর্শন পাইয়া, তাঁহার শ্রীপাদপদ্মে লুণ্ঠিত হইয়া আত্মবিক্রয় করিয়াছিলেন—মহাপ্রসাদ, গোবিন্দ, নামব্রহ্ম ও বৈষ্ণবে কি প্রকার অপ্রাকৃত বিচার প্রদর্শন করিয়াছিলেন, তাহা একবার চিন্তা করিয়া দেখ। অতঃপর "বৈরাগ্যবিদ্যানিজভক্তিযোগশিক্ষার্থমেকঃ পুরুষঃ পুরাণঃ। শ্রীকৃষ্ণচৈতন্যশরীরধারী কৃপাম্বুধির্যস্তমহং প্রপদ্যে॥ কালান্নষ্টং ভক্তিযোগং নিজং যঃ প্রাদুষ্কর্তুং কৃষ্ণচৈতন্যনামা। আবির্ভূতস্তস্য পাদারবিন্দে গাঢ়ং গাঢ়ং লীয়তাং চিত্তভৃঙ্গঃ॥" প্রভৃতি সার্ব্বভৌমকৃত স্তব গৌরভক্তগণের কণ্ঠহার হইয়া আছে। গৌরকৃপাপ্রাপ্ত সার্ব্বভৌম প্রেমভক্তির প্রতি এতাদৃশ অনুরাগবিশিষ্ট হইয়াছিলেন যে, একদিন শ্রীমদ্ভাগবতের 'তত্তেঽনুকম্পাং' শ্লোকের 'মুক্তিপদে' পাঠটিকেও পর্য্যন্ত 'ভক্তিপদে' বলিয়া পাঠ করিতে প্রস্তুত হইয়াছিলেন। মহাপ্রভু 'মুক্তিপদ'শব্দে 'মুক্তি পদে যাঁহার' এই অর্থে 'সাক্ষাৎ শ্রীকৃষ্ণ' বলিয়া ব্যাখ্যা করিলেন। সার্ব্বভৌম ভক্তিশব্দের প্রতি কি প্রকার উল্লাস প্রদর্শন করিয়া মহাপ্রভুকে আনন্দ দিয়াছিলেন, তাহা সকলেরই চিন্তনীয় বিষয় হউক। সহস্র সহস্র মায়াবাদী সন্ন্যাসীর গুরু প্রকাশানন্দ সরস্বতী একদিন কি প্রকারে মহাপ্রভু-চরণাশ্রিত হইয়াছিলেন, তাহা বিচার করিয়া দেখ। সাধ্য-সাধন-তত্ত্ববিচারে 'জ্ঞানে প্রয়াসং' পর্য্যন্ত উক্ত হইলে মহাপ্রভু আর তাহাকে বাহ্য বলেন না। তখন 'এহো হয়' বলিয়া তাহা স্বীকারপূর্ব্বক তাদৃশ শ্রদ্ধাবান্ ব্যক্তিকে ক্রমশঃ সাধন, ভাব ও প্রেমভক্তিরাজ্যের ক্রমোন্নত উপলব্ধির যোগ্যতা প্রদান করেন। ব্রজভাব-বিতরণে একমাত্র গৌরসুন্দর ব্যতীত আর কাহারও সামর্থ্য নাই। সুতরাং হে শ্রদ্ধাবান্ সজ্জনগণ, আপনারা কুতর্ক পরিত্যাগ করিয়া মহাপ্রভুর পাদপদ্মে প্রতিষ্ঠিত হউন। গৌরাভিন্নতনু শ্রীল প্রবোধানন্দসরস্বতীপাদের ভাষায় আমরা আজ সকাতরে আপনাদিগকে নিবেদন করিতেছি—

"দন্তে নিধায় তৃণকং পদয়োর্নিপত্য
কৃত্বা চ কাকুশতমেতদহং ব্রবীমি।
হে সাধবঃ, সকলমেব বিহায় দূরা-
দ্গৌরাঙ্গচন্দ্রচরণে কুরুতানুরাগম্॥"

আপনারা সকলেই গৌরচন্দ্রচরণে আত্মনিবেদন করুন। 'জয় গৌরসুন্দর' রবে বিশ্বভুবন মুখরিত হউক, বিশ্বের প্রতি গৃহে গৃহে তুমুল হরিধ্বনি উত্থিত হউক; কর্ম্মী, জ্ঞানী, যোগী, তপস্বী, ধৃতব্রতী তাঁহাদের স্ব-স্ব ক্ষুদ্র ক্ষুদ্র প্রয়াস পরিত্যাগ করিয়া গৌরবিহিত সংকীর্ত্তনযজ্ঞে গৌরনামস্রোতে আত্মাহুতি প্রদান করুন।

"হরের্নাম হরের্নাম হরের্নামৈব কেবলম্।
কলৌ নাস্ত্যেব নাস্ত্যেব নাস্ত্যেব
গতিরন্যথা॥"

"সাক্ষাৎ ভগবান্ অবতীর্ণ হইবার পূর্ব্বেই ভক্তবর্গের সকল অর্থাৎ পৃথিবীতে জন্মগ্রহণ করান। অতএব ভক্তবর্গের মধ্যে শ্রীমাধবেন্দ্রপুরী, শ্রীঈশ্বরপুরী, শ্রীশচীজগন্নাথ, শ্রীঅদ্বৈতাচার্য্য প্রকট হইয়াছিলেন। আচার্য্য প্রকট হইয়া দেখিলেন, সকল সংসারই পাপপুণ্যে কলুষিত ও কৃষ্ণভক্তিহীন। জীব-সকল বিষয়-ভোগ করিতেছে, কিন্তু যাহাতে ভবরোগ দূর হয়, এমত কৃষ্ণভক্তিকে তাহারা স্পর্শও করে না।" করুণ হৃদয় আচার্য্য জীবের এরূপ কৃষ্ণবহির্ম্মুখতা দেখিয়া লোকের কিসে মঙ্গল হয়, তাহা চিন্তা করিয়া বিচার করিলেন—"যদি কৃষ্ণ স্বয়ং অবতীর্ণ হইয়া নিজে ভক্তি আচরণপূর্ব্বক প্রচার করেন, তবেই জীবের উদ্ধার হয়। কলিতে নাম-সংকীর্ত্তন-ব্যতীত আর ধর্ম্ম নাই। কিন্তু 'কোন কালে হৈবে কৃষ্ণ-অবতার', ইহাই ত' চিন্তার বিষয়! তখন স্থির করিলেন,—"শুদ্ধভাবে করিব কৃষ্ণের আরাধন। নিরন্তর সদৈন্যে করিব নিবেদন॥' কিন্তু 'কৃষ্ণ প্রসন্ন হইবেন কোন্ আরাধনে' তাহা বিচার করিতে গিয়া এই শ্লোকটি তাঁহার মনে পড়িল—

"তুলসীদলমাত্রেণ জলস্য চুলুকেন বা।
বিক্রীণীতে স্বমাত্মানং ভক্তেভ্যো
ভক্তবৎসলঃ॥"

এই শ্লোক বিচার করিতে করিতে শ্রীআচার্য্য "গঙ্গাজলে তুলসীমঞ্জরী অনুক্ষণ। কৃষ্ণপাদপদ্ম ভাবি' করে সমর্পণ॥ কৃষ্ণের আহ্বান করেন করিয়া হুঙ্কার। এমতে কৃষ্ণের করাইল অবতার॥" ধর্ম্মের সেতুস্বরূপ ভগবান্ কৃষ্ণচন্দ্র এইরূপে ভক্তের ইচ্ছায় প্রপঞ্চে অবতীর্ণ হন। তাই পরম-ভক্ত শ্রীঅদ্বৈতাচার্য্যের প্রার্থনায় মহাপ্রভু অবতীর্ণ হইলেন। এস্থলে "ভক্তের ইচ্ছায় প্রভুর সর্ব্ব-অবতার" এই কথাটি ভাল করিয়া বুঝিবার জন্য শ্রীল কবিরাজ গোস্বামিপ্রভু শ্রীমদ্ভাগবতের নিম্নলিখিত শ্লোকটি উদ্ধার করিয়াছেন,—

"ত্বং ভক্তিযোগপরিভাবিতহৃৎসরোজ
আস্সে শ্রুতেক্ষিতপথো ননু নাথ পুংসাম্।
যদ্‌যদ্ধিয়া ত উরুগায় বিভাবয়ন্তি
তত্তদ্বপুঃ প্রণয়সে সদনুগ্রহায়॥"

(ভাঃ ৩।৯।১১)

(শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ এ শ্লোকের এইরূপ অনুবাদ করিয়াছেন—) "হে নাথ, তুমি ভক্তদিগের শ্রবণ ও নয়ন-পথে সর্ব্বদা বিরাজ কর। ভক্তিযোগপূত তাঁহাদের হৃৎপদ্মে তুমি সর্ব্বদা অবস্থান কর। হে উরুগায়, ভক্তগণ হৃদয়ে তোমার যে 'নিত্য-স্বরূপ' বিভাবনা করেন, তাঁহাদের প্রতি অনুগ্রহ করিয়া তুমি সেই সেই স্বরূপ প্রকট করিয়া থাক।" সুতরাং ভক্তি ব্যতীত ভক্তিবশ্য ভগবান্‌কে পাইবার আর অন্য

কোন উপায় নাই—'ভক্তিদেবৈবং নয়তি ভাক্তাদৈবেনং দর্শয়তি ভাক্তবশঃ পুরুষঃ'।

শ্রীগৌরসুন্দর অদ্যাপি সপার্ষদে তাঁহার নিত্যসংকীর্তন-লীলা-বিলাসস্থলী এই শ্রীধামে সংকীর্তনলীলা করিতেছেন—"অদ্যাপিহ সেই লীলা করে গোরা রায়। কোন কোন ভাগ্যবানে দেখিবারে পায়।" আমাদের চক্ষু বিষয়ধূলায় অন্ধ হইয়াছে, কর্ণদ্বার বিষয়কথায় রুদ্ধ হইয়া আছে, অন্তর বিষয়চিন্তায় বিভোর হইয়া আছে, তাই সেই পরতত্ত্বের কোন বিক্রমই আমাদের উপলব্ধির বিষয় হইতেছে না, ফলে ক্রমশঃ সেই অপ্রাকৃত-লীলায় অবিশ্বাস আসিয়া আমাদিগকে নরকের পথে লইয়া যাইতেছে। গৌরজন-মুখে গৌরকথারূপে আমাদিগের নিখিলকাল যাপনের বিচার আসিতেছে না, তাই এখন প্রেমদাতা মহাবদান্য ঠাকুরের প্রেমময়-লীলারস আস্বাদন হইতে আমরা চিরবঞ্চিত হইয়া পড়িতেছি। শ্রীমন্‌ মহাপ্রভুর সংকীর্তন স্থানগুলি শ্রীবাস-অঙ্গনের মৃদঙ্গ-করতালধ্বনিসহ নিখিলভুবনপাবন উচ্চসংকীর্তনরোল—শ্রীগৌরসুন্দরের অভূতপূর্ব নগরসংকীর্তনলীলা এখনও বন্ধ হইয়া যায় নাই। অদ্যাপি শ্রীগৌরসুন্দর সমগ্রনবদ্বীপ বেড়িয়া মহাবেশে নৃত্য করিয়া বেড়াইতেছেন। গুরুদেব কৃপাদান ও যোগমায়া কৃপা করিয়া আমাদের চক্ষুর সম্মুখ হইতে আবরণ উন্মোচন করিলেই নিতাইয়ের অপূর্ব সৌন্দর্য্য, সপার্ষদ শ্রীমহাপ্রভুর অপূর্ব সংকীর্তনবিলাস—সমস্তই আমাদের সেবোন্মুখ নেত্রের নিকট প্রকটিত হইবেন। তখন আমরা বুঝিতে পারিব, গৌরগতপ্রাণ গোস্বামিগণ, শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ, শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ শ্রীগৌরসুন্দরের নিত্যধাম, নিত্যনাম ও নিত্যলীলাসম্বন্ধে যে সমস্ত বাণী লিখিয়া গিয়াছেন, তাহার একবর্ণও অতিরঞ্জিত নহে, প্রাকৃত কবির কল্পনামাত্র নহে, সকলই পরম সত্য—নিরপেক্ষ বাস্তব সত্য।

শ্রীরূপানুগবর্য্য শ্রীশ্রীমদ্ভক্তিবিনোদগৌরসুন্দরাচার্য্যের আজ প্রায় অর্দ্ধশতাব্দী পূর্ব্বে বর্ষে বর্ষে মহাপ্রভুর আবির্ভাবস্থলী শ্রীধাম মায়াপুরে যে গৌরজন্মোৎসব অনুষ্ঠিত হইতেছে, এরূপ [illegible] ভাবময় সংকীর্তন-মহামহোৎসব—পাণ্ডবোৎসব আর কুত্রাপি বা কদাপি দৃষ্ট বা শ্রুত হয় না। এক শ্রীল নরোত্তম ঠাকুর মহাশয় প্রকটিত খেতুরীর উৎসবের কথা শুনা যায়; তৎপরেই বর্তমানযুগে শ্রীধাম মায়াপুরের এই উৎসব। মহাপ্রভু নিত্যভক্তিবিরোধ ও অপরাধ কখনই সহ্য করিতে পারিবেন না, একমাত্র যেখানে শুদ্ধভক্তিসিদ্ধান্তবাণীসংকীর্তনমধ্যে মহাপ্রভুর আবাহন হয়, সেখানেই স্বয়ং সপার্ষদ মহাপ্রভুর আবির্ভাবোৎসব হইয়া থাকে, মহাপ্রভু সেখানে সপার্ষদে আবির্ভূত হইয়া তাঁহার সংকীর্তন নর্তন বিলাস প্রকট করেন; অন্যথা যেখানে প্রাকৃত চক্ষুকর্ণ-তর্পণ নৃত্য গীত বাদ্যাদির ও রসনেন্দ্রিয়-তর্পণকর ভূরিভোজনের আয়োজন হয়, সেখানে কেবল ইন্দ্রিয়তর্পণ মহোৎসবের পরিবর্তে আত্মেন্দ্রিয়তর্পণোৎসবই অনুষ্ঠিত হইয়া থাকে।

কৃষ্ণলীলার অষ্টম অনুকরণে ভোগিদেরা, রং ঢং দিয়া ছোকরা লইয়া স্ত্রীপুরুষের মধ্যে পরস্পরে রং খেলা, রসগানপ্রবণকীর্তন, থিয়েটার বায়স্কোপে কৃষ্ণলীলা বা গৌরলীলা দর্শনের নামে আত্মেন্দ্রিয়তর্পণ ইত্যাদি নানাপ্রকার ভক্তিপ্রতিকূল সিদ্ধান্তবিরোধ আজ ভারতের [illegible] হইতেছে। কোথায় শুদ্ধনির্ম্মলভাগবতধর্ম প্রেম, আর কোথায় অদ্ভুত কামের তাণ্ডব! শ্রীমদ্ভক্তিবিনোদধারাশ্রিত শ্রীধাম-মায়াপুরবাসী সজ্জন ঐ সকল অপরাধ সিদ্ধান্ত হইতে কোটি কোটি যোজন দূরে অবস্থিত হইয়া শুদ্ধগৌরকৃষ্ণভক্ত গৌরনিত্য নামসংকীর্তনে সমগ্র নবদ্বীপমণ্ডল মুখরিত করিতেছেন। তাঁহারা সর্বদা নবদ্বীপ [illegible] একটি দীর্ঘ পরিক্রমা করিয়া শ্রীনবদ্বীপক্ষেত্রে মহাযোগপীঠে প্রত্যাবর্তনপূর্বক সপ্তাহব্যাপী শ্রীগৌরজন্মোৎসবের অধিবাস-কীর্তনোৎসব সম্পাদন করিয়া আজ অহর্নিশ শ্রীকৃষ্ণগৌরাঙ্গমহিমা-কীর্তনমুখে শ্রীগৌরজন্মোৎসবে আত্মোৎসর্গ করিয়াছেন; আমরা তাঁহাদের শ্রীপাদপদ্মের নখপ্রভায় [illegible] হইয়া তাঁহাদের শ্রীমুখ-কীর্তিত শ্রীকৃষ্ণগৌরাঙ্গ-গুণগাথায় যোগদান করিতে পারিলেই আমাদের জীবনকে কৃতার্থ জ্ঞান করিতে পারিব, শ্রীকৃষ্ণগৌরাঙ্গ [illegible] তখন আমাদিগকে প্রচুর কৃপাশীর্বাদ বিতরণ করিবেন।

শ্রীগৌরসুন্দর সন্ন্যাসলীলার অভিনয় করিয়া নীলাচলে গমন করিলে গৌরগতপ্রাণ গৌড়দেশবাসী ভক্তগণ যেমন দিন গণিতেন, কবে রথযাত্রা আসিবে, কবে তাঁহারা তাঁহাদের প্রাণপ্রভুকে দর্শন করিবেন, শ্রীভক্তিবিনোদধারাশ্রিত সেবকগণও সম্বৎসর ধরিয়া সেইরূপ দিন গণিতে থাকেন, কবে ফাল্গুনী পূর্ণিমা আসিবে, কবে তাঁহারা শ্রীগৌরজন্মোৎসবে যোগদান করিবার সৌভাগ্য বরণ করিবেন। বহু দিনের অদর্শনের পর সতীর্থগণের সঙ্গে শ্রীগৌরধামে মিলিত হইয়া কত মনের কথা আলাপ করিবেন। প্রত্যহ এই সময়ে আমরা শ্রীধামে সমাগত হইয়া, শ্রীল প্রভুপাদের শ্রীপাদপদ্ম দর্শন করিয়া, তাঁহার শ্রীমুখে গৌরকথা শ্রবণ করিয়া আপনাদিগকে কৃতার্থ না কৃতকৃতার্থ জ্ঞান করিতাম, আজ আমাদেরই দুর্ভাগ্যদোষে তাঁহার সেই প্রকটলীলা হইতে আমরা বঞ্চিত হইয়াছি। তবে আমাদের পরম সৌভাগ্যের বিষয় বর্তমানে শ্রীল প্রভুপাদের অভিন্নবিগ্রহ ও নিজজন শ্রীল প্রভুপাদের প্রিয়তম শ্রীল গোস্বামি-প্রভু আমাদিগের প্রতি প্রচুর কৃপাপরবশ হইয়া আমাদিগকে শ্রীভক্তিবিনোদ-গৌরবাণী শ্রবণের প্রচুর সৌভাগ্য প্রদান করিতেছেন। আজ তাঁহার অনুগত শ্রীকৃষ্ণগৌরাঙ্গের [illegible] আমাদের শ্রীগৌরজন্মোৎসবে যোগদান সার্থক হউক, ইহাই প্রার্থনা।

শ্রীগৌরজন

(পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ 'বিদ্যাবিনোদ')

গোলোকের গুহ্যতম গৌরলীলার প্রাকট্যের পর চারিশত বৎসর পূর্ণ হইল। শ্রীগৌরসুন্দর তাঁহার সমস্ত পার্ষদ লইয়া জগতে অবতীর্ণ হইয়াছিলেন, আমরা চারিশত বৎসর পরে কি করিয়া তাঁহাদের সন্ধান করিতে পারি, কি প্রকারে বা শ্রীগৌরসুন্দরের ও তাঁহার ভক্তবৃন্দের দর্শন-সৌভাগ্য আমাদের লাভ হইতে পারে? শ্রীগৌরসুন্দর স্বয়ং তাঁহার মহাবদান্যলীলার মধ্যে সর্বাপেক্ষা চমৎকারিতাপূর্ণ ও পরমৌদার্য্যময়ী এক লীলা আবিষ্কার করিয়াছেন, যাহাতে তাঁহার নিত্যপ্রকটলীলার দর্শন পতিত জীবের নিকট সর্বদা প্রকাশিত হইতে পারে।

"অদ্যাপিহ সেই লীলা করে গোরারায়।
কোন কোন ভাগ্যবান্ দেখিবারে পায়॥"

—এই পদের মধ্যে 'ভাগ্যবান্' শব্দটির দ্বারা কে বা কাহারা লক্ষিত হইয়াছেন? তাঁহারাই "ভাগ্যবান্", যাঁহারা শ্রীগৌরসুন্দরের অপ্রকটলীলায়ও উহার প্রকটলীলার মত দর্শন পাইবার অধিকার পাইয়াছেন। সেই অধিকার দান করিতে পারেন কে?—একমাত্র গৌরনিজজন। শ্রীগৌরসুন্দর যুগে যুগে তাঁহার নিজজনগণকে গোলোক হইতে ভূতলে প্রেরণ করিয়া যে কল্যাণ সাধন করেন, তাহাই [illegible] শ্রীগৌরসুন্দরের চরম ও পরম করুণা।

শ্রীগৌরসুন্দর [illegible] লীলায় [illegible] যুগে নিজজনগণকে প্রকাশ না পাঠাইলে, গৌরকথার দ্বারা, মহাজনগণের প্রবাহ অক্ষুণ্ণ না রাখিলে, তবে তাঁহার "উদারলীলা" নাম সার্থক হইত না; তাঁহার অবতার কোন বিশেষ স্থান, কাল ও পাত্রের মধ্যে আবদ্ধ থাকিত, তাহা হইলে তাঁহার 'ঔদার্য্যবিগ্রহ' নাম ব্যর্থ হইয়া যাইত। কিন্তু আমার ন্যায় নির্গুণ, পতিতাধম, বিষয়বিষ্ঠাগর্তের কীটের পক্ষে চারিশত বৎসর পরে বা সহস্র সহস্র যুগ পরেও যে মহাবদান্যলীলার প্রত্যক্ষ করিবার অবকাশ প্রাপ্ত হইতেছে বা প্রাপ্ত হইবে, সেই কথার মধ্যে [illegible]—ভাগবতগণের '[illegible]' সংগোপনে অনুস্যূত হইয়াছে।

শ্রী[illegible] প্রকৃত অনুষ্ঠান হইলে, তখন আমরা শ্রীগুরুদেবের [illegible] হইতে পারেন। [illegible] দর্শন হয় না। [illegible] আপনার [illegible] যে, [illegible] লইয়া জগতে অবতীর্ণ। শ্রীগৌরলীলা হইতে শিক্ষা দিয়াছেন যে, কেবল বিষয়-[illegible] সেবার অভিনয়ের দ্বারা বিষয়-বিমুক্তের সন্ধান হওয়া যায় না। আশ্রয়-বিগ্রহ-সম্বন্ধে বিষয়বিগ্রহের সেবাই প্রকৃত [illegible] বা [illegible]। এক [illegible] বা একজন [illegible] উভয়েই গৌরজনের [illegible]।

মায়াবদ্ধজনগণকে আদর্শবাদী (Idealist) গণ "ভাল মানুষ" মনে করিয়া [illegible] অনুকরণ করিলেই [illegible] বা জড়-[illegible] ইহার বিচারে [illegible]—এই উভয় বিচারের দ্বারাই গৌরজনের প্রকৃতস্বরূপদর্শন হয় না।

শ্রীকৃষ্ণ-[illegible] আমাদিগকে গৌর-জনগণের সেবার অধিকার প্রদান করেন, আবার শ্রীগৌরজনগণ আমাদিগকে তাঁহার [illegible]—শ্রীগুরুপাদপদ্মের নিত্য-[illegible] করিয়া রাখেন। [illegible] ও [illegible] উভয়ের [illegible]—শ্রী[illegible] একমাত্র [illegible] হয়। শ্রীগৌরজনের [illegible] শ্রীকৃষ্ণ [illegible] হইলেই বাস্তবিক [illegible] হয়।

শ্রীকৃষ্ণচৈতন্যাশ্রিত শ্রীরূপ[illegible] [illegible] সেবা [illegible] প্রতিযুগেই [illegible] হইয়া শ্রীকৃষ্ণচৈতন্যের [illegible] করেন—শ্রীকৃষ্ণচৈতন্যকে [illegible] প্রতিষ্ঠিত করেন। [illegible] শ্রীচৈতন্য-[illegible] প্রকাশ করিয়াছেন, আবার শ্রী[illegible] প্রকাশিত হইয়া [illegible] করিয়া থাকেন। এই যুগে শ্রী[illegible] অনুগত না করিয়া কেবল [illegible] শ্রীচৈতন্যভাগবতের পূজা করিলে অনর্থ অফল, অকল্যাণ, অথবা [illegible] 'প্রাকৃত'-এর পূজামাত্র হয়। একমাত্র শ্রীচৈতন্যের ভক্তগণ [illegible] চৈতন্য-নিজজনের আনুগত্য লাভ ইহাই শ্রীভক্তি-বিনোদধারার শিক্ষাসার।

শুদ্ধভক্তি-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠ-মূলমঠ

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীচন্দ্রশেখর-ভবনে শ্রীচৈতন্যমঠ, পরবিদ্যাপীঠ, শ্রীশ্রীরাধাকৃষ্ণ-শ্রীগৌর-গোপাল আদি চতুষ্টয় বিগ্রহ আছেন। সুপ্রাচীন প্রত্নতাত্ত্বিক-প্রদর্শনী প্রকাশ্যস্থানে আছে।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৫

কলিকাতার শ্রীভক্তিবিনোদ আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, সংকীর্ত্তন, মহাপ্রভু-বেদান্ত-শ্রীমদ্ভাগবতাদি ভক্তিগ্রন্থের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও ত্রৈমাসিক পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়।

৩) যোগমায়াপুর পীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমহাপ্রভুর আবির্ভাব-ভূমি মহাযোগপীঠ।

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং মঠ বর্ত্তমান।

(৬) মুরারিগুপ্তের পাট

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৭) কাজি-সমাধি-পাট

সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)

ইনি গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি।

(৮) অনুকূলকৃষ্ণানুশীলনাগার

শ্রীধাম মায়াপুর

(৯) স্বানন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ, (নদীয়া)

এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)

গোস্বামীর দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা।

১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ জাননগর (বর্দ্ধমান)

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মামগাছি, পোঃ জাননগর, (বর্দ্ধমান)

শ্রীব্যাসাবতার ঠাকুর বৃন্দাবনের স্থান

(১৩) রুদ্রদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(১৪) জয়দেব-গৌড়ীয়মঠালয়

১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ

গোঁকপুর, নদীয়া

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ

রাউতারা –(শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৭) কুঞ্জকুটীর

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

(২০) মহেশ পণ্ডিতের পাট

কাঁচালপাড়ি, পোঃ চাকদা (নদীয়া)

(২১) রাণাঘাট-গৌড়ীয়মঠাশ্রম

(২২) পুঁড়া গৌড়ীয়মঠ

২৪ পরগণা

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ

নারিন্দা পোঃ ওয়ারি, ঢাকা।

পূর্ববঙ্গের প্রচার-কেন্দ্র।

(২৪) গোপালজীউমঠ

কমলাপুর, পোঃ ঢাকা

(২৫) গদাই-গৌরাঙ্গ মঠ

পোঃ বালিয়াটি, (ঢাকা)

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

বড়বাজার, পোঃ ময়মনসিংহ

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ সরভোগ, কামরূপ (আসাম)

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

৩নং পাপাঃ বিল্ডিং, দার্জ্জিলিং

(৩০) সারস্বত-গৌড়ীয়মঠ

পোঃ নবিহার, জিঃ সাহারণপুর, ইউ, পি

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

মিঠাপুর (পাটনা)

(৩২) গয়া গৌড়ীয়মঠ

রমণা রোড, গয়া

(৩৩) সনাতন-গৌড়ীয় মঠ

৮।১৭ বড় গম্ভীরসিং, বেনারস সিটি

(৩৪) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

(৩৫) পরমহংস মঠ,

পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়

বিশ্রামঘাট, পোঃ মথুরা

(৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ

কিশোরপুর, বৃন্দাবন

(৩৯) ব্রজস্বানন্দ-সুখদকুঞ্জ

পোঃ রাধাকুণ্ড, মথুরা

(৪০) কুঞ্জবিহারী মঠ—রাধাকুণ্ড

(৪১) রাধাকুণ্ড গোষ্ঠবাটী

(৪২) শ্রীগোবর্দ্ধনমঠালয়

গোবর্দ্ধন, মথুরা

(৪৩) সংকেত বিহারী মঠ

বর্ষাণা, মথুরা।

(৪৪) নন্দগ্রাম গৌড়ীয়মঠালয়

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৫) বর্ষাণা গৌড়ীয়মঠালয়

পোঃ বর্ষাণা, মথুরা

(৪৬) গোষ্ঠবিহারী মঠ—সেবাশ্রী,

পোঃ ডোডোয়ান, জেলা গুজরাত (পাঞ্জাব)

(৪৭) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

(৪৮) দিল্লী গৌড়ীয় মঠ

৪৫নং ওয়ারম্যান রোড, নিউ দিল্লী

(৪৯) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, কল্যাণধাম বিল্ডিং বোম্বে ৭

(৫০) মাদ্রাজ-গৌড়ীয়মঠ

পোঃ রায়পেটা, মাদ্রাজ

শ্রীগুরুগৌরাঙ্গরাধাবিনোদবিহারীর সেবা

(৫১) মাধবানন্দ-গৌড়ীয়মঠ

পোঃ কভুর, জেলা গোদাবরী (মাদ্রাজ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকা-গিরিধারীর সেবা

(৫২) ব্রহ্মগৌড়ীয়মঠ

আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)

(৫৩) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত পোঃ পুরী, উড়িষ্যা

(৫৪) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৫) লীলাকুটী

(৫৬) ত্রিদণ্ডি-গৌড়ীয়মঠ

পোঃ ভুবনেশ্বর, পুরী

(৫৭) সচ্চিদানন্দ মঠ

গদগদি, পোঃ কটক (উড়িষ্যা)

(৫৮) বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ

(৫৯) শ্রীব্রহ্মমাধ্বগৌড়ীয়-প্রপন্নাশ্রম

পোঃ বড়দড়া, পঞ্জাব

(৬০) ভাগবতজনানন্দ মঠ

চকদিয়া, পোঃ নারায়ণপুর, মেদিনীপুর

(৬১) জমাই গৌড়ীয়মঠ

পোঃ জমাই, মেদিনীপুর

(৬২) আমলাযোড়া প্রপন্নাশ্রম-মঠ

পোঃ রাজবাঁধ (বর্দ্ধমান)

(৬৩) চৈতন্যগৌড়ীয়মঠ

ডুমুরকুণ্ডা, পোঃ চিনুকুরা, (মানভূম)

(৬৪) রেঙ্গুন গৌড়ীয়মঠ

৭০১ নং স্পার্কস ষ্ট্রীট, রেঙ্গুন।

(৬৫) লণ্ডন-গৌড়ীয়মঠ

ফ্ল্যাট নং ২

৫১, ক্রাইস্টরোড

গ্লাপটন, লণ্ডন, ড ৫

(৬৬) গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

১৬।১, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,

কলিকাতা

(৬৭) গৌড়ীয়মঠ অফিস

২০৪ ষ্টেটে রোড, লক্ষ্ণৌ (ইউ-পি)

(৬৮) শ্রীবিদ্যানিধি গৌড়ীয়মঠালয়

নন্দনকানন, চট্টগ্রাম

শ্রীধাম মায়াপুর নদীয়া-প্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্ হইতে মহোপদেশক শ্রীপ্রমোদভূষণ চক্রবর্ত্তী প্রত্নবিদ্যালঙ্কার-সম্পাদিত

শ্রীমহানন্দ ব্রহ্মচারী ভক্তালোক, কাব্যস্বামী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

-:(*):-

বিজ্ঞাপনের হার

সংবাদের পৃষ্ঠায়		বিজ্ঞাপনের পৃষ্ঠায়	
১ম ও দিনের জন্য	পরবর্তী দিনের জন্য	১ম ও দিনের জন্য	পরবর্তী দিনের জন্য
হারে প্রতি লাইনে ।০	৷৵০	।৵০	
" " ইঞ্চি ২৲		১।০	১৲
" সিকিকলম ৩৲	২৲		২৲
" অর্দ্ধকলম ৮৲	৬৲	৫৲	৩৲
" এক কলম ১৫৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

মাসে প্রতি ইঞ্চি ৩৲	২।০
" সিকি কলম ১৫৲	১২৲
" অর্দ্ধকলম ২৫৲	১৮৲
" এক কলম ৩৫৲	৩০৲

চাঁদার হার

বার্ষিক (ডাকমাশুলসহ)	৯৲
	৫৲
	২৸০
	১৲

সংখ্যা ৴৫ ; বিশেষ সংখ্যার মূল্য স্বতন্ত্র।

শ্রীধাম-মায়াপুরে

——(:*:)——

—"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট"—

——::*::——

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে ; বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে মাত্র ৬৲ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন্ পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। বর্ত্তমান বর্ষে ১৬ জন বালকের মধ্যে ১৫ জন ভালভাবে উত্তীর্ণ হইয়াছে।

মেধাবী ছাত্রগণের আরও সুবিধা

পরীক্ষায় যাহারা গড়ে শতকরা ৭৫ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ সচ্চরিত্র বিদেশী ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অভিনবভাবে আলোচিত হইয়াছে। এই এক অপূর্ব্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী

———::(*)::———

শ্রীল প্রভুপাদের চতুঃপঞ্চাশত্তম বর্ষপূর্ত্তি আবির্ভাব-তিথিতে শ্রীল আচার্য্যদেবের অভীষ্টানুসারে "শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী" প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। ইহাতে পূর্ব্বার্দ্ধ ও উত্তরার্দ্ধ দুইটি বিভাগ আছে। পূর্ব্বার্দ্ধে শ্রীল প্রভুপাদের আদি-প্রবন্ধাবলী শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের সম্পাদিত 'স-সজ্জনী সজ্জনতোষণী,' শ্রীল প্রভুপাদের 'নিবেদন' সাপ্তাহিক প্রভৃতি হইতে কথাসার ও প্রয়োজনীয় অর্থের টীকা-সহ প্রকাশিত হইয়াছে। উত্তরার্দ্ধে শ্রীল প্রভুপাদের সম্পাদিত 'সজ্জনতোষণী'র কতিপয় প্রবন্ধ কথাসার প্রভৃতির সহিত মুদ্রিত হইয়াছে। প্রবন্ধগুলি রচনাকালের ক্রমানুসারে গ্রথিত হইয়াছে ; এতদ্ব্যতীত শ্রীল আচার্য্যদেবের একটি মূল্যবান্ উপোদ্ঘাত ও সঙ্কলনকারীর একটি বিস্তৃত ভূমিকা, শব্দ সূচী, প্রমাণ-শাস্ত্র-শ্লোক ও পয়ার-সূচী প্রভৃতি গ্রন্থে সংযোজিত হইয়াছে। গ্রন্থটি উৎকৃষ্ট কাগজে বিলাতীর সহিত মুদ্রিত ও শ্রীল প্রভুপাদের আলেখ্যাদিদ্বারা ভূষিত ও সুন্দর বাঁধাই হইয়া প্রকাশিত হইয়াছে। প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, জিলা নদীয়া ; শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ও শ্রীসারস্বত-গৌড়ীয়মঠ, নরিষা, পোঃ ওয়াড়ী, ঢাকা।

শ্রীল প্রভুপাদের পদ্যপ্রসূন মালা

এই গ্রন্থে ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তি- সিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের রচিত পদ্যাবলী শ্রীল আচার্য্যদেবের বিরচিত "সৌরভ" নামক ভাষ্যের সহিত প্রকাশিত হইয়াছে। শ্রীল প্রভুপাদের অনেক অপ্রকাশিত পদ্য ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ।০ আট আনা।

শ্রীচৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য- মহাপ্রভু গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত অভিনবভাবে সন্নিবিষ্ট হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ৪৲ টাকা। প্রাপ্তিস্থান শ্রীযুক্ত নন্দকিশোর ভক্তিশাস্ত্রী, শ্রীযোগপীঠ, শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপদেশক পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী সম্প্রদায়-বৈভবাচার্য এম-এ মহোদয়ের প্রৌঢ়গবেষণা এবং পরিপক্ক লেখনীর অদ্ভুত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত্র-পাঠে ধন্য হউন। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিভিন্ন চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৩৩শ অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্তার ভূমিকাদ্বয় (Preface), বিষয়-তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র-(Index Glossary) সহ গ্রন্থখানি প্রকাশিত। ভিক্ষা—১৫৲ পনর টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, রায়পেট্টা মাদ্রাজ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

'ঠাকুর ভক্তিবিনোদ'

———::(*)::———

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি-প্রচারের মূল মহাজন সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবচূড়ামণির অভিনব জীবনচরিত এতাবৎকাল পর্য্যন্ত গ্রন্থাকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয়মঠাচার্য্যবরের অভেচ্ছায় পরবিদ্যাসাহিত্যিক সু-লেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু মূল্যবান শিক্ষামালাও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১২৫ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৮০ আনা; ডাক মাশুল স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান—ম্যানেজার গ্রন্থবিভাগ

শ্রীগৌড়ীয়মঠ

পোঃ বাগবাজার

কলিকাতা

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

———:(*):———

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিভিন্ন ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু গ্রন্থাদি এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১৩।১নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

বেহালার পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাটতি অত্যন্ত অধিক। শিকড় প্লীহা সংযুক্ত ম্যালেরিয়া এবং নূতন ও পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। মূল্য ছোট বোতল ৷৵০ দশ আনা, বড় বোতল ১৵০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

৬১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা

অথবা

পোঃ বেহালা, ২৪ পরগণা।

ই. বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	৪-৩৬	৬ ০৬	৭-২৬	১২-২৬	১৪-৫৬	১৬-৫৬	১৭ ৫৬	২২-২৬
রাণাঘাট পৌঃ			৮-৫০	১৪-১৫				
(বদল) ছাঃ			৯-৩৩	১৪-৫০				
কৃষ্ণনগর পৌঃ	৭-১	৮-৪৫	১০-৮	১৫-২৩	১৭-২৮	১৯-১১	২০-১৬	১-১৪
(বদল) ছাঃ	৭-১২		১০-৩১		১৭-৩৮		২০-২৬	
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫১		১১-১০		১৮-১৬		২০-৫৬	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬	
রাণাঘাট পৌঃ	১২-৫৫	
ছাঃ	১৩-০	
শান্তিপুর পৌঃ	১৩-২৬	
(বদল) ছাঃ	১৩-৩১	(লাইট্ রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪-২	
ছাঃ	১৪-২০	
নবদ্বীপঘাট পৌঃ	১৫-০	

ডাউন

নবদ্বীপঘাট ছাঃ	৫ ৪৫			৯ ২৫		১৩-৩১	১৬-০	১৮-৩১	
কৃষ্ণনগর পৌঃ	৬ ২৩		৯-১৬	১০-৩	১১-৪১	১৪-১০	১৬-৩৮	১৯-১১	
ছাঃ	৬-২৬	৭-১৮		১০-১১			১৬ ৫৬	১৯-২৫	
রাণাঘাট পৌঃ				১০-৫৬			১৭-৩১		
(বদল) ছাঃ				১১-০			১৭-৪০		
কলিকাতা পৌঃ	৮-১৬	৯-২১	১২-১	১২-১৬	১৪-১৬		১৯-১১	২১-৪১	২৩-২৫

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৩-৩১	১৬-০		
কৃষ্ণনগর পৌঃ	১৪-১০	১৬-৩৮		
ছাঃ	১৫-২৮	১৭-১৫		
শান্তিপুর পৌঃ	১৬-৯	১৭-৫৬		
(বদল) ছাঃ	১৬-৩৩	১৮-১	(শনিবার ভিন্ন)	১৮-৮ (শনিবার)
রাণাঘাট পৌঃ	১৭-১০	১৮-২৭		১৮-৩৩
(বদল) ছাঃ	১৭-৪০	১৮-৪০		১৮-৪০
কলিকাতা পৌঃ	১৯-১১	২০-৬		২০-৭

REGD NO C 1544

দৈনিক নদীয়াপ্রকাশ

THE DAILY NADIA PRAKASH

সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়াজেলার একমাত্র দৈনিক মুখপত্র

৪র্থ খণ্ড] শ্রীমায়াপুর—২৪শে ফাল্গুন, ১৩৪৫, ৮ই মার্চ, ১৯৩৯, বুধবার [৭ম সংখ্যা

বিবিধ সংবাদ

ঢাকা আরিচা রাস্তা

নদীয়া বাখরগঞ্জ পাটচাষ মণ্ডলীর মৌলবী আব্দুল মালেক বিভাগ পরিষদের বর্ত্তমান অধিবেশনে নিম্নলিখিত প্রস্তাব উত্থাপনের নোটিশ দিয়াছেন—

বঙ্গীয় ব্যবস্থা পরিষদ এই অভিমত জ্ঞাপন করিতেছে যে, ঢাকা-আরিচা রাস্তা এই বৎসরের মধ্যে অবিলম্বে পাকা করিয়া মোটর গাড়ী চলাচলের উপযুক্ত করা হউক।

কংগ্রেস-কার্য্যকরী সভা

কংগ্রেসের সভাপতি শ্রীযুক্ত সুভাষচন্দ্র বসু অধিকাংশ ভোটের জোরে তাঁহার প্রতিদ্বন্দ্বীকে পরাজিত করিয়া আগামী ত্রিপুরী কংগ্রেসের অধিবেশন উপলক্ষে পুনরায় সভাপতি নির্ব্বাচিত হওয়ায়, কংগ্রেস ওয়ার্কিং কমিটির সদস্যগণ উহার সভ্য হইয়া, সর্দ্দার বল্লভভাই প্যাটেল, মৌলানা আজাদ, শ্রীমতী নাইডু, খান আব্দুল গফুর প্রভৃতি তেরজন সদস্য-পদ ত্যাগ করিয়াছেন। শ্রীযুক্ত বসু জ্বর ও বক রোগে শয্যাগত। এ সময় এ ঘটনায় অনেকেই দুঃখিত হইয়াছেন।

বঙ্গ ও আসামে অস্থায়ী লাট

আসামের গভর্ণর স্যার আর, এন, রিড, বাঙ্গালার অস্থায়ী গভর্ণরের পদে এবং বাঙ্গলা গভর্ণমেন্টের চিফ সেক্রেটারী মিঃ জী. সি. টুইনাম, আসামের অস্থায়ী গভর্ণর পদে নিযুক্ত হইয়া কার্য্যভার গ্রহণ করিয়াছেন।

দুই দেশে বিভেদ নীতি

ভারতে সাম্প্রদায়িক বাঁটোয়ারা জন্ম হইতেই সাম্প্রদায়িক বাদ ক্ষীণ হইতে ক্ষীণতরভাবে বৃদ্ধি পাইতেছে। এবার প্যালেষ্টাইনে তাহার নূতন ব্যবস্থা হইয়াছে। এই সাম্প্রদায়িক বাটোয়ারা তথা সাম্প্রদায়িক বাদের জন্য দায়ী বৃটিশ গভর্ণমেন্ট।

আর এক দিকে দেখা যাইতেছে যে বৃটিশ গভর্ণমেন্ট আয়ার্ল্যাণ্ড বিভক্ত করায় উত্তর ও দক্ষিণ আয়ার্ল্যাণ্ড মিলিত করিবার জন্য আয়ার্ল্যাণ্ডের একদল লোক উঠিয়াছে। তাহাদের চেষ্টা বিফল হওয়ায় সেই দল ইংলণ্ডের স্থানে স্থানে বোমা বিস্ফোরণ করিতেছে। দক্ষিণ আইরিশ নেতা মিঃ ডি ভ্যালেরা এই দলকে বে-আইনী প্রতিষ্ঠান বলিয়া ঘোষণা করিয়া ও সামরিক আদালতে তাহাদের বিচার করিতে ব্যবস্থা করিয়াছেন, কিন্তু তিনিও বলিয়াছেন যে আইরিশ গভর্ণমেন্ট অন্যায় দমন করিবেন। কিন্তু বৃটিশ গভর্ণমেন্ট মূলতঃ এই বিভেদের জন্য দায়ী। বিভেদ নীতির প্রবর্ত্তন করিয়া বৃটিশ গভর্ণমেন্ট ভারত ও ইংলণ্ডে অশান্তির কারণ হইয়াছেন।

প্রাথমিক শিক্ষা

"অনন্দবাজার" প্রকাশ আসামের প্রাদেশিক নিম্ন প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি শ্রীযুক্ত অমলকুমার চন্দ্র আসাম সরকার সমীপে নিম্নপ্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের সুখসুবিধামূলক দাবীর কথা জ্ঞাপন করিলে, সরকার পক্ষে শ্রীযুক্ত চন্দকে জানাইয়াছেন যে নিম্ন প্রাথমিক বিদ্যালয়সমূহের শিক্ষকদের প্রাইভেট ভাবে ম্যাট্রিক ইন্টারমিডিয়েট পরীক্ষায় দেওয়া যাইতে পারে কিনা, সরকার তাহার বিবেচনা করিতেছেন। ইহা ভিন্ন, সরকার জানাইয়াছেন যে প্রাথমিক স্কুলের শিক্ষকগণ স্থানীয় স্বায়ত্তশাসনমূলক প্রতিষ্ঠানের কর্মচারী ও সরকারী চাকুরীয়াদের নীতি অনুযায়ী দরিদ্র কর্মচারী শ্রেণীভুক্ত বলিয়া বিবেচিত হইবেন এবং সরকারী ও স্থানীয় বোর্ড হাসপাতালে তাহাদের চিকিৎসার জন্য কোনরূপ ফি দেওয়া হইবে না। হাসপাতালে উপস্থিত হইতে অক্ষম হইলে সরকারী কর্মচারীরা যেরূপ সুবিধা লাভ করেন, ঐ শিক্ষকেরাও বিনা খরচে সেইরূপ সুবিধা লাভ করিবেন।

আসামে যেমন নিম্ন প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের প্রতি আসাম সরকারের উদারতামূলক ব্যবহার প্রস্তাব ও বিধান যে একান্ত প্রশংসামূলক তাহা বলা বাহুল্য মাত্র। আমরা সমগ্র পশ্চিমবঙ্গের প্রতি বাঙ্গলা সরকারের মনোযোগ আকর্ষণ করিয়া সুবিবেচনার জন্য অনুরোধ জ্ঞাপন করিতেছি।

বাহাইবাদ ও তাহার তাৎপর্য্য

ডক্টর সিরাজুল হক, (পি এইচ ডি লণ্ডন) গত ১১ই ফেব্রুয়ারী ঢাকা বিশ্ববিদ্যালয়ে বাহাইবাদ সম্পর্কে একটি সুচিন্তিত প্রবন্ধ পাঠ করিয়াছিলেন। ডক্টর এস, এম, হোসেন পি, এইচ ডি সভাপতির আসন গ্রহণ করেন। ডক্টর হক প্রথমতঃ এই বলিয়া আরম্ভ করেন যে বাহাইবাদের অর্থ বিশ্বভ্রাতৃত্ব। ঊনবিংশ শতাব্দীতে পারস্য দেশে 'বাহাউল্লাহ' আলীমুহম্মদ নামক এক সাধু জন্মগ্রহণ করিয়াছিলেন। তিনি আপনার 'বাহাউল্লা'র সহিত সংশ্লিষ্ট করিয়া আলোচ্য মতবাদটির নাম বাহাবাদ দিয়াছিলেন। তাঁহার মৃত্যুর পর তাঁহার পুত্র আব্দুল বাহাউল্লা এই মত প্রচারের ভার লন।

বাহাবাদ সর্ব্বপ্রথম মিজা হোসেন প্রথমতঃ তাহার দলের সংগঠন আরম্ভ করিয়াছিলেন। এই মতে সমাজের সকল বাধা কাটাইয়া তিনি আপনার মতবাদ প্রচার করিয়াছিলেন এবং আপনাকে ভগবানের দূত বিকাশ বলিয়া জ্ঞাপন করিয়াছিলেন। ১৮৬৪ খৃষ্টাব্দে তিনি তুরস্কে গমন করিয়াছিলেন এবং এইস্থানে থাকিয়া পাশ্চাত্য নৃপতি ও মন্ত্রীদের সহিত মৈত্রী স্থাপন করিয়া বিশ্বশান্তি স্থাপনের নিমিত্ত কার্য্য আরম্ভ করেন। ১৮৯২ খৃষ্টাব্দে ৭৫ বৎসর বয়সে তাঁহার মৃত্যু হয়।

ইতালীতে নূতন সৈন্য আহ্বান

১৯১৫ সাল হইতে ১৯১৮ সালের মধ্যে যাহাদের জন্ম হইয়াছে তাহা সকলে সৈন্যবাহিনীতে ভর্ত্তি হইবার আদেশ দেওয়া (এক এক বৎসরে জাতদের জন্য সামরিক ভাষায় তাহাদের এক এক শ্রেণী বলা হয় যথা—১৯১৫ শ্রেণী, ১৯১৬ শ্রেণী ইত্যাদি)। সরকারী ঘোষণায় এই আদেশ সাধারণ নিয়মমুক্ত বলিয়া বর্ণনা করা হইয়াছে। ইতিপূর্ব্বে হইতে পূর্ব্বের কয়েকটি শ্রেণী অন্তর্ভুক্ত বাহিনী রাখা দেওয়ায় এই চার শ্রেণীকে আহ্বান করা হইয়াছে।

প্রত্যেক শ্রেণীতে দুই লক্ষ লোক হইবে বলিয়া হিসাব করা হইয়াছে।

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল সরস্বতী ঠাকুরের পরবিদ্যাভূষণ গোস্বামী মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক। প্রতি একাদশীতে প্রকাশিত হয়। কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। সডাক ভিক্ষা ৪৷০ টাকা মাত্র।

২। গৌড়ীয়—মহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৷০ টাকা মাত্র।

৩। ভাগবত—হিন্দিভাষায় একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ টাকা মাত্র

৫। শ্রীগৌড়ীয়—মহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ, বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ মাত্র।

শ্রীভক্তিবিনোদাবির্ভাব-শতবর্ষপূর্ত্তিতিথিপূজার উপায়ন-গ্রন্থমালা

——::(০)::——

১। গীতিসাহিত্যে শ্রীভক্তিবিনোদ

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র গীতিসাহিত্যের সমালোচনা-গ্রন্থ)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

২। শ্রীভক্তিবিনোদবাণীবৈভব

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের রচনামৃতসাগর হইতে আহৃত ১০৮টি অধ্যায়ে বস্তু-নির্দ্দেশের প্রয়োজনানুসারে গ্রথিত অপূর্ব্ব উপদেশপূর্ণ গ্রন্থ)

ভিক্ষা—৩৲ তিন টাকা মাত্র।

৩। শ্রীশ্রীভক্তিবিনোদ-প্রসঙ্গ

ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ ও ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল অবধূতরাজের পরবিদ্যাভূষণ গোস্বামী প্রভু-লিখিত এবং গৌড়ীয়ে প্রকাশিত শ্রীশ্রীভক্তিবিনোদ-চরিত সম্বন্ধ

ভিক্ষা—৷৵০ ছয় আনা মাত্র।

৪। ছাত্রদের ভক্তিবিনোদ

(ছাত্রদের উপযোগী ভাষায় লিখিত শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্র ও শিক্ষা)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

ছাত্রদের পক্ষে ভিক্ষা—৷০ আট আনা মাত্র)

প্রাপ্তিস্থান:—

(১) 'ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট', পোঃ শ্রীমায়াপুর, নদীয়া;
(২) শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা;
(৩) শ্রীযুক্ত [illegible] দাস এম্-এ, বি-এল্, [illegible] পোঃ [illegible], ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবত,—সমগ্র ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ১৮৲
দশম স্কন্ধ—
২। ভাষ্যসহ বিরাট শ্রীচৈতন্যভাগবত (অর্দ্ধাংশ) ৬৲
৩। অনুভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬
৪। সরস্বতী জয়শ্রী (অর্দ্ধাংশ) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০
৪র্থ খণ্ড —৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার দীপিকা ও সংস্কার দীপিকা ১।০
৯। জৈবধর্ম্ম ২৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ৷০
১৫। বৈষ্ণবসাহিত্যে [illegible] ৷০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। বৈষ্ণবোপনিষৎ ৷০
১৮। [illegible] ৷০
১৯। তত্ত্ববিবেক ৷০
২০। গৌড়ীয় গৌরব ৷৵০
২১। গৌড়ীয়সংহিতা ৷৵০
২২। [illegible] ৷০
২৩। শ্রীচৈতন্যভাগবত ও শ্রীনবদ্বীপধাম (বাঁধা) ১৲
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা-সহ) ২৲
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) ২৲
অর্দ্ধাংশ) ১৲
২৬। গীতার কেবল বাংলা ভাষা ৷০
২৭। পূর্ণপ্রজ্ঞ দর্শনোক্তঃ (সাহিত্য) ১৲
২৮। গোপালতাপনী (সাহিত্য) ৷০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয় সংস্করণ) (বাঁধা) ৸০
৩০। দীপ-দিগ্‌-দর্শন ৵০
৩১। সাধনপথ (তৃতীয় সংস্করণ) ৷৵০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ৷০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৵০
৩৫। শ্রীগুরুমালা ৴১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৶০
৩৭। ২ প্রবন্ধ-পত্র ৶০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ৷০
৩৯। শ্রীগোদ্রুমকল্পতরু ৷০
৪০। অর্চ্চনপদ্ধতি ৴০
৪১। গীতাবলী ৴০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
৪৩। সাধনকণ ৴০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ৴
৪৫। নবদ্বীপশতক
৪৬। অর্থপঞ্চক
৪৭। সদাচারস্মৃতিঃ ৶/
৪৮। [illegible] (পঞ্চম সংস্করণ) ৴১০
৪৯। অর্চ্চনকণ ৵১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম ও ২য় খণ্ড) ৬৲
৫১। ব্রহ্মসংহিতা ৷০
৫২। মণিমঞ্জরী (সাহিত্য) ৷০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ-নির্ণয় ৷০
৫৫। স্তবমালা বা মায়াবাদশতদূষণী ৷০
৫৬। জ্ঞানবাদ ও ভক্তিপথ ৶০
৫৭। ঈশোপনিষৎ (সানুবাদ) ৷০
৫৮। শ্রীকৃষ্ণস্তব ৶০
৫৯। সিদ্ধান্তদর্পণ ৶০
৬০। সাধ্যসাধনা ৴০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসাগরঃ ৷০
৬২। সিদ্ধান্ত সরস্বতী [illegible] ৷০
৬৩। সটীক-শিক্ষাষ্টকম্ ৷০
৬৪। স্তবমালা ৷০
৬৫। সাত্বত সিদ্ধান্ত ৶০
৬৬। গৌড়ীয়সম্প্রদায়ঃ ৴০
৬৭। সারঙ্গরঙ্গদা ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ৷০
৬৯। এ ফিউ ওয়ার্ডস অন বেদান্ত ৷০
৭০। ব্রাহ্মণত্ব ৴০
৭১। বেদান্ত—ইট্‌স মর্ফোলজী অ্যাণ্ড অণ্টোলজি ৷০
৭২। [illegible] ৷৵০
৭৩। লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস অব শ্রীচৈতন্য মহাপ্রভু ৷০
৭৪। বেদান্তিজম ৷০
৭৫। [illegible] ৴
৭৬। দি ভাগবত ।
৭৭। [illegible] ৷০
৭৮। ব্রহ্মসংহিতা ১৷০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (প্রথম খণ্ড) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীনামভজনপ্রণালী ৷০
৮১। সাধন-পথ ৷০
৮২। কল্যাণ-কল্পতরু
৮৩। গীতাবলী
৮৪। শরণাগতি

তামিল ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ৴০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যের উপদেশ ১৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

একমাত্র পারমার্থিক দৈনিক-পত্র

শ্রীধাম-মায়াপুর-নদীয়া

১৭শ বর্ষ | ২ বিষ্ণু গৌরাব্দ ৪৪৭ ২৪শে ফাল্গুন শকাব্দ ১৮৫৪ ৮ই মার্চ্চ খৃঃ ১৯৩৩, বুধবার ৭ম সংখ্যা

শ্রীশ্রীগৌরজন্মোৎসব

শ্রীশ্রীনবদ্বীপ-ধাম পরিক্রমান্তে গত ৫ই মার্চ্চ রবিবার গৌরাবির্ভাবস্থলী শ্রীধাম-মায়াপুর শ্রীযোগপীঠে শ্রীশ্রীগৌরজন্মোৎসব শ্রীশ্রীল আচার্য্যদেবের আনুগত্যে নিরন্তর চরিত্রক বৈষ্ণবক্রিয়া-কীর্ত্তনমুখে সুচারুরূপে নির্বিঘ্নে মহাসমারোহের সহিত সম্পন্ন হইয়াছে। অন্যবারাপেক্ষা এ বৎসর লোকসংখ্যা অধিক হইয়াছিল। সহস্র সহস্র ব্যক্তি উৎসবে যোগদান পূর্ব্বক সাধুমুখে সর্ব্বক্ষণ হরিকথা শ্রবণের সৌভাগ্য লাভ করিয়া কৃতার্থ হইয়াছেন। সমস্ত লোককে অকাতরে শ্রীমহাপ্রসাদ বিতরণ করা হইয়াছে। ভক্তগণ দিবারাত্র উপবাসী থাকিয়া সংকীর্ত্তনমুখে তিথির সম্মান করিয়াছেন। এতৎপ্রসঙ্গে আহূত শ্রীধামপ্রচারিণী সভার বিবরণ আগামীতে প্রকাশিত হইবে।

আচার্য্যদেবের হরিকথা

গত ৩রা মার্চ্চ শনিবার শ্রীশ্রীল আচার্য্যদেব শ্রীচৈতন্যমঠের অধিবেশন নাট্য-মন্দিরে সমাগত সহস্র সহস্র ব্যক্তির সমক্ষে প্রশ্নোত্তরমুখে হরিকথা কীর্ত্তন করিয়াছেন। তৎপরদিবস রবিবার শ্রীশ্রীগৌর-আবির্ভাব-পূর্ণিমা-দিবসেও শ্রীশ্রীল আচার্য্যদেব মধ্যাহ্নে শ্রীচৈতন্যমঠে বহু ব্যক্তির নিকট হরিকথা কীর্ত্তন করিয়া শ্রোতৃমণ্ডলীর আনন্দবর্দ্ধন করিয়াছেন। তাঁহার শ্রীমুখে কয়েকদিন যাবৎ হরিকথা-শ্রবণের সৌভাগ্য পাইয়া ভক্তগণের আনন্দের সীমা নাই।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

ভক্তিশাস্ত্রী পরীক্ষা

(গৌরাব্দ ৪৪৭ বর্ষপূর্ত্তি)

শ্রীশ্রীগৌরজন্মোৎসব-বাসর

কাল ১০টা; পূর্ণসংখ্যা—১০০

১। গুরু কত প্রকার? তাঁহাদের অধিকার কি কি? বৈষ্ণব কত প্রকার ও তাঁহাদের বৈশিষ্ট্য কি? ৫

২। নিম্নলিখিত শব্দগুলির অর্থ লিখুন—

(ক) সাধনভক্তি, (খ) ভাবভক্তি, (গ) প্রেমভক্তি, (ঘ) জড়বিলাস, (ঙ) নির্বিলাস, (চ) চিদ্বিলাস, (ছ) পঞ্চসংস্কার, (জ) উপকুর্ব্বাণ, (ঝ) বৃহদ্‌ব্রতী, (ঞ) শ্রীমূর্ত্তি। ২০

৩। নিম্নলিখিত হরিজনগণের বিষয় সংক্ষেপে বর্ণন করুন—

(ক) পুণ্ডরীক বিদ্যানিধি, (খ) বড় ঠাকুর, (গ) শ্রীরঘুনাথভট্ট গোস্বামী প্রভু, (ঘ) গোপালদেবী, (ঙ) কৃষ্ণদাস, (চ) বাসুদেবাচার্য্য, (ছ) জয়তীর্থ, (জ) ব্যাসতীর্থ, (ঝ) বাদিরাজ স্বামী, (ঞ) লক্ষ্মীধর। ২০

৪। নিম্নলিখিত স্থানগুলি কোথায় এবং কি জন্য বিখ্যাত?

(ক) গোপীবল্লভপুর, (খ) রামকেলী, (গ) খেতুরী, (ঘ) উড়ুপী, (ঙ) তিরুনারায়ণপুর, (চ) পাণ্ডরপুর, (ছ) কুলীনগ্রাম, (জ) বাঘটপুর, (ঝ) সত্যভামাপুর, (ঞ) আলোয়ারনাথ, (ট) পেরেম্বুর বা মহাভূতপুরী, (ঠ) বিদ্যানগর, (ড) কানাইনাটশালা, (ঢ) খড়িয়া, (ণ) শ্রীরঙ্গম্, (ত) বেঙ্কটাচল, (থ) আড়াইল, (দ) পুনপুন্, (ধ) শিহলগ্রাম, (ন) গোরোকেন। ২০

৫। নিম্নলিখিত শব্দগুলির পরস্পর বৈশিষ্ট্য লিখুন—

(১) ভক্তভোগী ও ভক্তত্যাগী (২) নাম, নামাভাস ও নামাপরাধ (৩) ফল্গুবৈরাগ্য ও যুক্তবৈরাগ্য (৪) স্বার্থ ও পরমার্থ (৫) ব্রাহ্মণ, যোগী ও বৈষ্ণব (৬) শ্রৌতপথ ও তর্কপথ (৭) সম্বন্ধ, অভিধেয় ও প্রয়োজন (৮) একায়ন ও বহ্বয়ন (৯) কারণোদক, গর্ভোদক ও ক্ষীরোদক (১০) শ্রবণ, কীর্ত্তন ও স্মরণ (১১) আধ্যাত্মিক ও অপ্রাকৃত (১২) আধ্যক্ষিক ও অধোক্ষজ (১৩) স্বরূপসিদ্ধি ও বস্তুসিদ্ধি (১৪) ধাম ও গ্রাম (১৫) শুদ্ধভক্তি ও বিদ্ধভক্তি। ৩০

৬। পরিক্রমা কাহাকে বলে? কিরূপে পরিক্রমা করিতে হয়? পরিক্রমার উদ্দেশ্য ও ফল কি? ধাম-পরিক্রমা ও গ্রাম-পরিক্রমায় ভেদ কি? ৫

শ্রীশ্রীগৌরজন্মোৎসব সংখ্যা

এ বৎসর শ্রীগৌরজন্মোৎসবের দিন গৌড়ীয়ের শ্রীশ্রীগৌরজন্মোৎসব-সংখ্যা নামক একটী বিশেষ সংখ্যা, শ্রীধাম-মায়াপুর-নবদ্বীপের বিবরণ ও নবদ্বীপ-পঞ্জিকা প্রকাশিত হইয়াছে। শ্রীশ্রীগৌর-জন্মোৎসব-সংখ্যায় শ্রীশ্রীল প্রভুপাদের অপ্রকাশিত হরিকথা, শ্রীগুরু-গৌরাঙ্গের চিত্রসহ আলেখ্য, শ্রীধাম মায়াপুর ও বিভিন্ন তীর্থ-স্থানের মঠের চিত্রাবলী ও শ্রীশ্রীল আচার্য্যদেবের হরিকথা, ফাল্গুনী পূর্ণিমা নামক প্রবন্ধ এবং বিবিধ সংবাদ সকলেরই চিত্তাকর্ষণ করিয়াছে। এই বিশেষ সংখ্যা ও শ্রীধাম-মায়াপুর-নবদ্বীপের বিবরণী পাঠ করিয়া আমরা পরমানন্দ লাভ করিয়াছি।

গভর্ণরের সহিত সাক্ষাৎ

শ্রীশ্রীবিশ্ববৈষ্ণবরাজসভার অন্যতম প্রচারক ত্রিদণ্ডিস্বামী শ্রীমৎ ভক্তিসর্ব্বস্ব গিরি মহারাজ গত ১লা মার্চ্চ বুধবার বোম্বাইয়ের গভর্ণর বাহাদুরের সহিত সাক্ষাৎ করিয়া তাঁহার নিকট শ্রীমন্মহাপ্রভুর কথা এবং গৌড়ীয়মঠের প্রচার-বিষয় সম্বন্ধে কীর্ত্তন করেন। গভর্ণর নিকট হরিকথা শ্রবণ করিয়া গভর্ণর বাহাদুর পরমানন্দিত হন।

বিশেষ দ্রষ্টব্য

গত রবিবার শ্রীশ্রীগৌরজন্মপূর্ণিমা দিবস প্রেস বন্ধ থাকায় গত সোমবার ও মঙ্গলবার দুই দিবস শ্রীনদীয়াপ্রকাশ প্রকাশিত হয় নাই।

মায়ারে করিয়া জয় ছাড়ান না যায়। সাধু-গুরু-কৃপা বিনা না দেখি উপায়।

"জীবের নিজের আত্মস্বরূপে অপ্রাকৃত সচ্চিদানন্দ আশ্রয়-ভেদাংশের অর্থাৎ কার্ষ্ণ-কিঙ্করের অনুভূতিই সম্বন্ধজ্ঞান। গুরুবর্গের পরিচয়ের দ্বারা সেই সম্বন্ধজ্ঞান লাভ হয়। তাহা স্বরূপশক্তির সহিত আশ্রয়, জীবশক্তির সহিত অচিন্ত্যভেদাভেদ-সম্বন্ধযুক্ত ও মায়াশক্তি হইতে ভিন্ন। চেতন-দর্শনই গুরুসেবোন্মেষণ। প্রকৃত প্রস্তাবে সম্বন্ধ-সম্বন্ধে দুর্গমসঙ্গমাধিষ্ঠিত-রূপ নির্দ্দেশ।"

(শ্রীল আচার্য্যদেব)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

৯ বিষ্ণু, শুক্র, শ্রীগৌরাব্দ ৪৫০

বৈষ্ণবসার্ব্বভৌম শ্রীল জগন্নাথ

রূপানুগজনগণের উপাস্য—কৃষ্ণচৈতন্য মহাপ্রভু। শ্রীচৈতন্যের মনোভীষ্ট স্থাপনকারী অনুগত সেবক—শ্রীস্বরূপ দামোদর, শ্রীসনাতন ও শ্রীরূপগোস্বামী প্রভু। শ্রীরূপের শ্রেষ্ঠ অনুগ শ্রীজীবগোস্বামী ও শ্রীরঘুনাথদাস গোস্বামিপ্রভু। শ্রীরঘুনাথের শ্রেষ্ঠ শ্রীল শ্রীকৃষ্ণদাস কবিরাজ গোস্বামিপ্রভু। শ্রীল কৃষ্ণদাসের পরবর্ত্তী শ্রেষ্ঠ ঠাকুর নরোত্তম। শ্রীল ঠাকুর নরোত্তমের অনুগত শ্রীরূপানুগবর-সম্প্রদায়কারী শ্রীল বিশ্বনাথ চক্রবর্ত্তী ঠাকুর। তিনি শেষলীলায় ব্রজমণ্ডলে 'শ্রীহরিবল্লভদাস' নামে বিখ্যাত ছিলেন। শ্রীবিশ্বনাথের ছাত্রশিষ্য অনুগ গৌড়ীয় বৈষ্ণব-বেদান্তাচার্য্য মহামহোপাধ্যায় শ্রীল বলদেব বিদ্যাভূষণ। বিদ্যাভূষণ প্রভু গৌড়ীয়-বৈষ্ণব-সমাজে 'শ্রীগোবিন্দদাস' নামেও প্রসিদ্ধ হইয়াছেন। শ্রীল বলদেব বিদ্যাভূষণ বা গোবিন্দদাসের অনুগত শ্রীউদ্ধবদাস বা উদ্ধবদাস বা তদনুগ উদ্ধবদাস। উদ্ধবদাসের শিষ্য শ্রীমধুসূদন দাস। এই গুরুপরম্পরাটি ভাগবত-পরম্পরার; পাঞ্চরাত্রিক-পরম্পরায় নহে,—একটি বিশেষভাবে

শ্রীরাধাকুণ্ড হইতে পাঁচ মাইল উত্তরে 'সূর্য্যকুণ্ড' নামক একটি প্রসিদ্ধ স্থান আছে। এখানে শ্রীমতী রাধিকা মধ্যাহ্নকালে সূর্য্যপূজার ছলনা এবং অভিমন্যু, জটিলা ও কুটিলা প্রভৃতিকে বঞ্চনা করিয়া শ্রীকৃষ্ণের সেবার্থ আগমন করিতেন; কৃষ্ণ পুরোহিতবেশে শ্রীমতীর সেবা গ্রহণ করিতেন। অদ্যাপি এখানে 'সূর্য্যকুণ্ড' নামক একটী দীর্ঘিকা দৃষ্ট হয়। এই সূর্য্যকুণ্ডের পশ্চিমতীরে উত্তরাভিমুখে শ্রীল মধুসূদনদাস বাবাজী মহাশয়ের সমাধি-মন্দির ও পুরোভাগে শ্রীরাধাবল্লভজীউর সেবা বর্ত্তমান। শ্রীমধুসূদনদাস বাবাজী মহাশয় সূর্য্যকুণ্ডে 'সিদ্ধ বাবাজী' বলিয়া প্রসিদ্ধ ছিলেন। তাঁহার সমাধির সংলগ্ন স্থানেই তাঁহার জীর্ণ সুপ্রাচীন ভজনকুটী দেখিতে পাওয়া যায়। শ্রীমধুসূদনদাস বাবাজী মহাশয়ের পূজিত শ্রীবিগ্রহ ও নামব্রহ্ম (পট্টে লিখিত 'শ্রীহরে-কৃষ্ণ' ও 'শ্রীবৃন্দাবন' নাম) পূজারীদের একটি মন্দির রহিয়াছেন। এখানে অগ্রহায়ণ শুক্লা দ্বিতীয়া দিবসে শ্রীমধুসূদনদাস বাবাজী মহাশয়ের অপ্রকটোৎসব অনুষ্ঠিত হইয়া থাকে।

শ্রীমধুসূদনদাস বাবাজী মহাশয়ের তিন জন শিষ্য ছিলেন। (১) বৈষ্ণবসার্ব্বভৌম শ্রীবিষ্ণুপাদ শ্রীল জগন্নাথ, (২) গোবিন্দদাস, (৩) রাধাগোপাল দাস। ইঁহারা সকলেই বেশের শিষ্য অর্থাৎ মধুসূদনদাস বাবাজী মহাশয়ের নিকট হইতে ভেক বা পরমহংস বেষ গ্রহণ করিয়াছিলেন। শ্রীমধুসূদনের অপর দুই শিষ্য শ্রীগোবিন্দদাস ও শ্রীরাধাগোপাল দাসের সমাধি সূর্য্যকুণ্ডে দৃষ্ট হইয়া থাকে।

এই সূর্য্যকুণ্ডে কিংবদন্তী যে, শ্রীমধুসূদনদাস বাবাজী মহাশয় তাঁহার ভজন কুটীরে যখন শ্রীমদ্ভাগবত ব্যাখ্যা করিতেন, তখন এক অজগর সর্প প্রত্যহ নিয়মিতভাবে আসিয়া ঐ ব্যাখ্যা শ্রবণ করিত এবং পাঠ সমাপ্ত হইবার পর দণ্ডবৎ-প্রণাম করিয়া চলিয়া যাইত।

শ্রীল জগন্নাথের বেশের শিষ্য শ্রীভাগবত দাস প্রভু। ইনি আমাদের পরমগুরুদেব শ্রীল গৌরকিশোরদাস বাবাজী মহাশয়ের বেষগুরু। শ্রীভাগবতদাস বাবাজী মহাশয়ের সমাধিও সূর্য্যকুণ্ডে অতি জীর্ণাবস্থায় বৃক্ষলতার দ্বারা আবৃত হইয়া রহিয়াছেন।

গৌড়ীয়বৈষ্ণব-সম্প্রদায়ের মধ্যে কএকটি অন্ধকার যুগের কথা শুনিতে পাওয়া যায়। শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাবের পূর্ব্বে একটি অন্ধকার যুগ, ষড়্গোস্বামীর অপ্রকটের পর আর একটী অন্ধকার যুগ, শ্রীল শ্রীনিবাসাচার্য্য, শ্রীল ঠাকুর নরোত্তম, শ্রীল শ্যামানন্দ ও শ্রীল রসিকানন্দ মুরারির অপ্রকটের পর তৃতীয় অন্ধকার যুগ, শ্রীল বিশ্বনাথ চক্রবর্ত্তী ঠাকুর ও শ্রীল বলদেব বিদ্যাভূষণ প্রভুর অপ্রকটের পর চতুর্থ অন্ধকার যুগের কথা শুনা গিয়া থাকে। যাঁহারা সাম্প্রদায়িক তত্ত্ব ও সিদ্ধান্ত-বিষয়ে অনভিজ্ঞ, তাঁহারা মনে করেন, আচার্য্যধারা অর্থাৎ ব্রহ্মা হইতে আগত গুরুপরম্পরা-প্রবাহ সেই সকল 'অন্ধকার যুগে' ছিন্ন হইয়া গিয়াছিল এবং নূতন করিয়া আচার্য্যের আবির্ভাব হইয়াছিল; কিন্তু সাম্প্রদায়িক তত্ত্ব অনুধাবন করিলে জানা যায়,—যেমন সূর্য্যদেবের কোন সময়েই বিনাশ হয় না, তদ্রূপ আচার্য্যধারারও বিনাশ নাই। আচার্য্য-পরম্পরা বা শ্রৌত-পরম্পরার বাস্তব নিত্য অবিচ্ছিন্ন না থাকিলে পরমার্থ ও স্বয়ং ভগবানের নিত্য বাস্তবতা অস্বীকৃত হয়। কখনও ক্ষীণালোক, কখনও উজ্জ্বল আলোক বিস্তার করিয়া আচার্য্য-ভাস্করগণ জীবের ভাগ্যাকাশে উদিত থাকেন। 'ক্ষীণালোক' বলিলে যে আচার্য্যের আচার্য্যত্বে কোনও প্রকার বৈকল্য সংসৃষ্ট হয়, তাহা নহে অর্থাৎ আচার্য্য-পরম্পরার মধ্যে কখনও নির্জ্জনানন্দী আচার্য্য, কখনও বা গোষ্ঠ্যানন্দী আচার্য্যের আবির্ভাব হইয়া থাকে। যখন গোষ্ঠ্যানন্দী আচার্য্য বিপুলভাবে হরিকথা প্রচার করিয়া পাষণ্ড নিরাস ও শুদ্ধভক্তি সংস্থাপনকার্য্য করেন, তখন তাদৃশ আচার্য্যের প্রভা লোকলোচনের গোচরীভূত হয়। নির্জ্জনানন্দী আচার্য্য সেইরূপভাবে প্রচার-চেষ্টা প্রদর্শন না করিয়া স্বয়ং আচরণপূর্ব্বক জীবকে নীরবভাবে শিক্ষাদান করিয়া থাকেন। গোষ্ঠ্যানন্দী আচার্য্যের প্রচার-কার্য্য যেরূপ ভাবে সুষ্ঠু হয় বলিয়া উহার নামক প্রচার হইয়া থাকে। শ্রীবিষ্ণুপাদ শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ বা তৎপূর্ব্বে ঠাকুর ভক্তিবিনোদ যে যুগে গোষ্ঠ্যানন্দী আচার্য্যরূপে আত্মপ্রকাশ করিয়াছেন, সেই যুগেও শ্রীল বংশীদাস বাবাজী মহারাজ বা আমাদের পরমগুরু শ্রীল গৌরকিশোরদাস গোস্বামী মহারাজ-প্রমুখ মহাজনগণ অকৈতব নির্জ্জনানন্দী গৌড়ীয়বৈষ্ণবাচার্য্যরূপে প্রকটিত হইয়াছেন।

শ্রীচৈতন্যচন্দ্রোদয় নাটকে, শ্রীচৈতন্য-ভাগবতে, শ্রীচৈতন্যচরিতামৃত প্রভৃতি গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাবের পূর্ব্বাবস্থাকে অন্ধকার যুগের অবস্থারূপে বর্ণিত হইয়াছে কিন্তু তখন কি আচার্য্যধারা ছিন্ন হইয়া পড়িয়াছিল? শ্রীব্রহ্ম-মাধ্ব-ধারা কি রুদ্ধ হইয়াছিল? তবে কি শ্রীমাধবেন্দ্রপুরী প্রভৃতি আচার্য্যগণে উদিত হইয়া জগদ্গুরু শ্রীনিত্যানন্দ ও শ্রীঅদ্বৈত প্রভুকে শিষ্যত্বের লীলায় বরণ করিয়া শ্রীব্রহ্ম-মাধ্ব-গৌড়ীয়ধারা প্রবাহিত রাখিবার আদর্শ প্রদর্শন করেন নাই? তখন কি শ্রীঅদ্বৈত প্রভু, নামাচার্য্য ঠাকুর হরিদাস, শ্রীবাসপণ্ডিত ইঁহারা হরিকথা আচার-প্রচার করেন নাই? আচার্য্য-ধারা রুদ্ধ হইয়া থাকিলে কিরূপে শ্রীমাধবেন্দ্রপুরী হইতে শ্রীঈশ্বরপুরী, শ্রীঈশ্বরপুরী হইতে শ্রীমন্মহাপ্রভু আচার্য্য-পরম্পরার যে সত্যের বিস্তার প্রদর্শন করিলেন? কিরূপে শ্রীকবিকর্ণপূর গোস্বামী 'শ্রীগৌরগণোদ্দেশ দীপিকা'য়, শ্রীবলদেব বিদ্যাভূষণ 'গোবিন্দভাষ্যে' ও 'প্রমেয়-রত্নাবলী' প্রভৃতি গ্রন্থে, শ্রীধ্যানচন্দ্র গোস্বামী তাঁহার 'পদ্ধতি গ্রন্থে', ঠাকুর ভক্তিবিনোদ ও শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ তাঁহাদের আম্নায়-পরম্পরা-বর্ণনে আচার্য্যধারার অবিচ্ছিন্নত্ব প্রদর্শন করিলেন?

ষড়্গোস্বামিগণের পরে যে দ্বিতীয় অন্ধকারযুগের সূচনা হইয়াছিল, তাহাতে শ্রীজাহ্নবা ঠাকুরাণী, বিরক্ত শিরোমণি শ্রীলোকনাথ গোস্বামিপ্রভু-প্রমুখ মহাজনগণ আচার্য্যধারা সংরক্ষণ করিয়াছিলেন। শ্রীনিবাসাচার্য্য-প্রমুখ আচার্য্যগণের পর যে তৃতীয় অন্ধকার যুগের সূচনা হইয়াছিল, তখনও শ্রীশ্রীনিবাসাচার্য্য-কন্যা হেমলতা ঠাকুরাণী, শ্রীমন্নারায়ণ চক্রবর্ত্তী, শ্রীরাধাকৃষ্ণ চট্টরাজ, শ্রীকৃষ্ণচরণ চট্টরাজ (শ্রীল বিশ্বনাথ চক্রবর্ত্তী ঠাকুরের পরমগুরু) ও শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ঠাকুরের শ্রীগুরুদেব শ্রীরাধারমণ চক্রবর্ত্তী ঠাকুর প্রভৃতি মাধ্ব-গৌড়ীয়ধারা বা শ্রীরূপানুগধারার আচার্য্য-পরম্পরার অবিচ্ছিন্ন সংরক্ষণ করিয়াছিলেন। শ্রীচক্রবর্ত্তী-বলদেবের অপ্রকটের পর গৌড়ীয়ের চতুর্থ অন্ধকারযুগের সূচনা হইলেও যে আচার্য্যধারা সংরক্ষিত হইয়াছিল, তাহা আচার্য্যকুলচূড়ামণি শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ 'আম্নায়ের বিবরণে' লিখিয়াছেন। পরমারাধ্য শ্রীল প্রভুপাদ বলেন,—'শ্রীবলদেবের অনুগত শ্রীউদ্ধবদাস বা উদ্ধবদাস বা তদনুগ উদ্ধবদাস, শ্রীমধুসূদন ও শ্রীজগন্নাথদাস পারমহংস্যগণের পারম্পর্য্যে ভক্তিশাস্ত্রের প্রচার করিয়াছেন। তাহাই গৌড়ীয়গণের পরমপ্রচার বিষয়।'

শ্রীল প্রভুপাদের এই বাণী হইতে আমরা জানিতে পারি,—শ্রীউদ্ধবদাস,

মহৎকৃপা বিনা কোন কর্ম্মে ভক্তি নয়। কৃষ্ণভক্তি দূরে রহু সংসার নহে ক্ষয়।

শ্রীউদ্ধবদাস, শ্রীমধুসূদন দাস, শ্রীজগন্নাথদাস কেবলাদ্বৈতবিজ্ঞানবাদী পরমহংসের আদর্শ প্রদর্শন করেন নাই, তাঁহারা প্রত্যক্ষ আচারের লীলার প্রকাশ করিয়াছেন। শ্রীমধুসূদন দাস শ্রীমদ্ভাগবত প্রচার করিয়াছেন, তাঁহার প্রচারে গর্ব বা সর্পের ন্যায় কুটিল-প্রকৃতি জীব কেহ ঐ সকল স্বভাব পরিত্যাগ করিয়া ভাগবতী কথায় আকৃষ্ট হইয়াছিলেন। ঠাকুর শ্রীল ভক্তিবিনোদের আবির্ভাবের পূর্বে গৌড়ীয়ের অন্ধকারযুগ ছিল, কিন্তু তাই বলিয়া সে-সময় মহাপুরুষগণের অভাব হয় নাই। বৈষ্ণবসার্বভৌম শ্রীল জগন্নাথ সেই যোগসূত্র আবিষ্কার-ভাবে সংরক্ষণ করিয়া তাহাই শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের শ্রীহস্তে সমর্পণ করিয়াছিলেন। বৈষ্ণবসার্বভৌম শ্রীল জগন্নাথ কিরূপ গোষ্ঠানন্দী অথবা প্রচারোৎসাহী মহাভজনানন্দী ছিলেন, তাহা তাঁহার আচরিত চরিত্র পাঠকালে সুধী পাঠকগণ উপলব্ধি করিতে পারিবেন।

শ্রীল জগন্নাথদাস বাবাজী মহোদয় বর্তমান সময় হইতে প্রায় দেড়শত বৎসর পূর্বে, কোনও মতে, ময়মনসিংহ জেলার টাঙ্গাইল মহকুমার কোন গণ্ডগ্রামে, কোনও মতে পাবনা জেলার অন্তর্গত ভক্তগ্রামে বারেন্দ্র-কায়স্থকুলে আবির্ভাব-লীলা-প্রকাশ করেন। তাঁহার পূর্বাশ্রমের মাতাপিতার কোনও পরিচয় বা আবির্ভাব-কালের সন-তারিখ এখনও আবিষ্কৃত হয় নাই। বৈষ্ণব পূর্বপুরুষ বা ঐতিহাসিক কালের দ্বারা পরিচিত হন না বলিয়াই এবিষয়ে অনেকস্থলেই অজ্ঞানী ঐতিহাসিক ও প্রত্নতাত্ত্বিকগণের কৌতূহল পরিতৃপ্ত হবার সম্ভাবনা থাকে না।

অতএব, কখনও বা বৈষ্ণব 'পূর্ব' বা ব্যবহারিক 'ব্রাহ্মণ' নহেন। আচার্যকে জাতি-বুদ্ধিতে দর্শনের ন্যায় জীবশ্রেষ্ঠ অপরাধ আর নাই। এই অপরাধরূপ হইতে উদ্ধার করিবার ক্ষমতা স্বয়ং ভগবানেরও নাই, যদি আশ্রিতগণের যদীকৃত নিষ্কপট ক্ষমাপ্রার্থী জীবকে এক্ষেত্রে কৃপাময় গুরুদেব ও বৈষ্ণব-ঠাকুরগণ ক্ষমা না করেন। শ্রীল প্রভুপাদ সর্বদাই এই অপরাধ হইতে জগতের সকল জীবকে সাবধান করিতেন এবং বলিতেন,—"সূর্যদেব, কোনও কালবিশেষে সূর্যদেব উদিত হন বলিয়া পূর্বদিক যেরূপ সূর্যের জননী বা ঐ কালবিশেষকে সূর্যের জন্মকাল বলা যায় না, অর্থাৎ সূর্য যেরূপ ঐতিহাসিক গবেষণা-লভ্য বস্তু নহে, তদ্রূপ হরি-গুরু-বৈষ্ণব কোনও কুলে আবির্ভাব-লীলা প্রকাশ করেন বলিয়া তাঁহাকেও সেই কুলের অন্তর্গত করা যায় না।

শ্রীল জগন্নাথ যে-কোন স্থানে বা যে-কোন কুলে আবির্ভূত হউন না কেন, তিনি নিত্যসিদ্ধ ভগবৎপার্ষদ। তিনি ও বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের আরাধ্যপাদ, ভাগবত পরমহংস। তাঁহার বিহারস্থান,—শ্রীব্রজ ও শ্রীনবদ্বীপধাম।

তাঁর পূর্বাশ্রমে বর্ধমান জেলার গ্রামবাসী পুরুষবাসী শ্রী নিত্যানন্দ-সন্তান শ্রীল রামবতার গোস্বামীর পাকপাড়ি দীক্ষায় দীক্ষিত শিষ্যের লীলাভিনয়কারী। এই শ্রীরামবিহারী গোস্বামীর শিষ্য ছিলেন —স্বাধীন ত্রিপুরা রাজ্যের— অধিপতি বীরচন্দ্র মাণিক্য বাহাদুর। তাঁহাদের রাজপ্রাসাদে উক্ত শ্রীরামবিহারী গোস্বামীর শ্রীরাসবিহারী জীউর সেবা অদ্যাপি বর্তমান।

শ্রীল জগন্নাথের গৌরসুন্দরে অহৈতুক অনুরাগের কথা মানবভাষায় কোনও প্রতিভা বর্ণন করিতে পারে না। শুদ্ধভক্তি-ধর্মপ্রচারে তাঁহার যে অদম্য উৎসাহ, তাহার পরিচয় তাঁহার অনুগত একমাত্র শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরেই সমুজ্জ্বল হইয়াছে। শ্রীচৈতন্যদেব সেই জগন্নাথকে জগজ্জীবের উদ্ধারের জন্য এই পৃথিবীতে প্রেরণ করিয়া তাঁর প্রকৃত জন্মস্থান নির্দেশ করাইয়াছেন। সকল সজ্জন শ্রীল জগন্নাথদাসকে প্রাপ্ত হইয়া কৃতার্থ হইয়াছে। বর্তমানকালে যাঁহারা শ্রীচৈতন্যদেবের আশ্রিত গৌড়ীয়-বৈষ্ণবের দাস বলিয়া আপনাকে গৌরবান্বিত মনে করেন, তাঁহারা সকলেই বৈষ্ণব-সার্বভৌম জগন্নাথের চরণাশ্রিত। তিনি তদানীন্তন গৌড়ীয়-বৈষ্ণব-জগতের বরীয়ান্ সার্বভৌম সম্রাট্ ছিলেন। ব্রজমণ্ডল ও শ্রীগৌড়মণ্ডলের তদানীন্তন ভজনানন্দী বৈষ্ণবগণের মধ্যে সর্বপ্রধান ঐকান্তিক ভজনপরায়ণ ও শুদ্ধগৌড়ীয়-বৈষ্ণবসমাজ-শিরোভূষণ ছিলেন বলিয়া তিনি 'বৈষ্ণব-সার্বভৌম' নামে প্রসিদ্ধি লাভ করিয়াছেন। ইনি কখনও গৌড়মণ্ডলে, কখনও বা ব্রজমণ্ডলে সর্বত্রগমনশীল হইয়া লোক-কল্যাণের জন্য বিচরণ করিতেন। গৌড়মণ্ডলকে ইনি অভিন্ন ব্রজমণ্ডলরূপে দর্শন করিতেন। ইঁহার শাসন অতিশয় নিরপেক্ষ, কঠোর ও ইঁহার আচরণমূলক উপদেশ মধুময়ী ছিল। এই বাবাজীতেই শ্রীশ্রীভক্তিবিনোদ-গৌর-সরস্বতী ঠাকুরদ্বয়ের শাসন ও শিক্ষা প্রকাশিত হইয়াছে। শ্রীল জগন্নাথ অনেক সময় শ্রীরাধাকুণ্ড-তটাশ্রমপূর্বক শ্রীরূপানুগ ভজনপদ্ধতিতে শ্রীরাধাগোবিন্দের সেবায় নিবিষ্ট থাকিতেন। ইনি সুদীর্ঘকাল এই প্রদেশে অবস্থান করিয়া স্বয়ং আদর্শ কীর্তন ও অপরকে শ্রীহরিনামকীর্তনে উৎসাহিত করিয়াছিলেন। একমাত্র কীর্তনাখ্যা ভক্তির সংযোগে অপরাপর অঙ্গাদির পালন ব্যতীত তিনি অন্য কোন প্রকার সিদ্ধান্ত বা বিচার স্বীকার করিতেন না; যাহা তাঁহার আলেখ্য দর্শন করিলেও সুধীগণ বুঝিতে পারিবেন। ইনি নির্বিষ্টচিত্তে বিপ্রলম্ভের সহিত স্বয়ং হরিকীর্তন করিতেন এবং অপরকে সেইরূপ উপদেশ প্রদান করিতেন। ইনি স্বভাবে সম্প্রদায়ে পরিপুষ্ট থাকিয়া নামগ্রহণের ছলনা বা কপট নির্জনভজনকে কখনও প্রশ্রয় দিতেন না। সিদ্ধান্তবিরোধ ও রসাভাস দোষ তিনি কখনও সহ্য করিতে পারিতেন না।

প্রতিবর্ষে শ্রাবণ মাসে শ্রীবৃন্দাবনে গৌড়ীয়গণের প্রিয় ঠাকুর শ্রীগোবিন্দ, গোপীনাথ ও মদনমোহনের ঝুলনোৎসব মহাসমারোহে অনুষ্ঠিত হইয়া থাকে। সম্প্রদায়ী প্রাকৃতসহজিয়া একপ্রকার বুদ্ধিতে ঐ সকল উৎসব দর্শন করিয়া ভগবৎ-সেবাকে স্ব স্ব উপভোগ্য জ্ঞান করে, আর অহৈতুক ভগবৎপ্রেমিক আত্মারামী গোকুলমহোৎসবকে ব্রজরসপূর্ণ স্বর 'বিলাস-রূপে' উপলব্ধি করেন।

বঙ্গাব্দ ১২৮৮ সন, শ্রাবণমাস। নিত্য-ব্রজবাসী শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ এই সময় শ্রীবৃন্দাবনে উপনীত হইলেন। রাধারমণ ঘেরার কালাকুঞ্জে অবস্থান করিয়া ঠাকুর বলে 'মাধুর্য ও গোবিন্দ-গোপীনাথ ও মদনমোহনের দর্শন' করিলেন। এই সময় জগন্নাথ বাবাজীর সঙ্গে ঠাকুর ভক্তিবিনোদ শ্রীশ্যামানন্দের নামে আরোপিত 'দানকেলী' আবিষ্কার করিলেন। সেখানেই ঠাকুর ভক্তিবিনোদ শ্রীল জগন্নাথ দাস বাবাজী মহারাজের প্রথম দর্শন পাইলেন। নিত্য-ব্রজবাসী গুরু ও শিষ্য ক্রমে এই প্রথম সাক্ষাৎকারের লীলা প্রকাশিত হইল। ব্রজপরিক্রমাদর্শনের অব্যবহিত পরেই শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ রাধাকুণ্ড ও গোবর্দ্ধন দর্শন করেন।

শ্রীল জগন্নাথ ও তাঁহার সহযোগী ঐকান্তিক ভজন-পরায়ণ পরমহংসকুল যখন শ্রীবৃন্দাবনে ভজনানন্দে বাস করিতেছিলেন, তখন মহাপ্রভুর সন্ন্যাসলীলাস্থান কাটোয়া হইতে কোনও এক প্রসিদ্ধনামা বিশেষ সংস্কৃতভাষাজ্ঞ, ভাগবতপাঠক বিপ্র তীর্থ-বাসের বাসনায় বৃন্দাবন গমন করেন এবং তথায় শ্রীমদ্ভাগবতাদি ব্যাখ্যা করিয়া যথেষ্ট লাভ-পূজা ও প্রতিষ্ঠাদি সংগ্রহ করেন। বৈষ্ণবসার্বভৌম শ্রীল জগন্নাথপ্রমুখ ভজনানন্দী বৈষ্ণবগণ উক্ত কথক মহাশয়ের নিকট সর্বশাস্ত্রশিরোমণি শ্রীভাগবতের ব্যাখ্যা শুনিতে আসেন না দেখিয়া কথক মহাশয় ইহার কারণ জিজ্ঞাসা করেন; তদুত্তরে শ্রীল জগন্নাথ ও অন্যান্য বৈষ্ণব মহাত্মগণ বলেন,—যাহারা ভাগবত-ব্যবসায় করে, তাহারা নামাপরাধী; তাহাদের মুখে অপ্রাকৃত ও অধোক্ষজ শ্রীকৃষ্ণের কথা কীর্তিত হয় না। তাহাদের এই বৃত্তি বেশ্যার বৃত্তি হইতেও ঘৃণ্য, ঐরূপ বৃত্তি-পাঠকের মুখে পাঠ শুনিলে জীবের কোনও প্রকার মঙ্গল হওয়া দূরে থাকুক, নামাপরাধ শ্রবণ করিতে করিতে জীবের অধঃপতন হয়, তজ্জন্য নিজের সাধনে বিষয়-তৃষ্ণা, নিষ্কপট ভজনের পরিবর্তে কপট 'বাহ্যিক উন্নত' হইয়া জীবের দুর্গতি আনয়ন করে।

সুতরাং উক্ত কথক মহোদয় বৈষ্ণব-সার্বভৌমের ঐরূপ অভিপ্রায় সহসা বোধগম্য না হইয়া তাহাকে 'কৃপা' বলিয়া উপলব্ধি করিতে পারেন এবং অচিরেই ঐরূপ ভাগবতব্যবসায় বৃত্তিকে 'নামাপরাধ' বলিয়া বুঝিতে পারিয়া উহা ত্যাগ করিলেন। শ্রীল জগন্নাথের কৃপা গ্রহণ করিয়া উক্ত সুপণ্ডিতমান্ কথক মহাশয় অবশেষে এক পরমভাগবত বৈষ্ণব হইয়াছিলেন। তিনি নিজের ব্রাহ্মণাভিমান পরিত্যাগপূর্বক শ্রীবৃন্দাবনে অবস্থানকালে আমরণাবধি ঝুঁটিদাসীরূপে বৈষ্ণবগণের সেবা এবং অধম-চণ্ডাল-পর্যন্ত সকলকে সাষ্টাঙ্গ দণ্ডবৎ-প্রণাম করিতে কুণ্ঠিত হইতেন না। শ্রীল জগন্নাথের কৃপায় জাতি-বর্ণ-পাণ্ডিত্যাদির অভিমান দূর হইয়াছিল।

১২৯২ বঙ্গাব্দ হইতে অনেক সময়েই শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর শ্রীল জগন্নাথদাস বাবাজী মহাশয়ের উপদেশ ও সদ্গুরু লাভ করেন। ১২৯৮ বঙ্গাব্দের ২৭শে ফাল্গুন বুধবার একাদশী তিথিতে ঠাকুর ভক্তিবিনোদ শ্রীধাম বৃন্দাবনের পথে বর্ধমান জেলার অন্তর্গত আমলাজোড়া গ্রামে অবতরণ করেন। ঠাকুরের অত্যন্ত আদর ও গৌরবের পাত্র আমলাজোড়া-নিবাসী শ্রীনামহট্টের প্রতীহার শ্রীযুক্ত কেদারনাথ ভক্তনাথ ও বিপিনপতি শ্রীযুক্ত বিপিন বিহারী ভক্তিরত্নের যত্নে আমলাজোড়া গ্রামের একপ্রান্তে একটি উদ্যানের মধ্যে একটি 'প্রপন্নাশ্রম' নির্মিত হইয়াছিল। ভক্ত-সাধনের প্রণয় বা প্রার্থনায় বাঁকানো যেখানে মহাপ্রভুর সাধুগণের সঙ্গে হরিকীর্তন করেন, তাহাই প্রপন্নাশ্রম।

(ক্রমশঃ)

শুদ্ধভক্তি-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠ [illegible]
প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীচন্দ্রশেখর-ভবনে শ্রীচৈতন্যমঠ, পরবিদ্যা-পীঠ, শ্রীশ্রীরাধাকৃষ্ণ-শ্রীগৌর, গোপাল আচার্য্য চতুষ্টয় বিগ্রহ আছেন। সুপ্রাচীন প্রত্ন-[illegible] নদীয়া প্রকাশ যন্ত্রালয় আছে।

(২) শ্রীগৌড়ীয়মঠ
১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৫
কলিকাতায় শ্রীভক্তিবিনোদ আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, সঙ্কীর্ত্তন, শ্রীমন্মহাপ্রভুর-বেদান্ত-শ্রীমদ্ভাগবতাদি গ্রন্থের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও হারমনিষ্ট পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়।

৩) যোগমায়াপুর-পীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব-ভূমি মহাযোগপীঠ।

(৪) শ্রীবাস-অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৫) অদ্বৈত ভবন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং [illegible] বর্ত্তমান।

(৬) মুরারিগুপ্তের পাট
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৭) কাজি-সমাধি-পাট
প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি।

(৮) [illegible]
শ্রীধাম মায়াপুর

(৯) আনন্দ-সুখদ-কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান।

(১০) গৌর-গদাধর-মঠ
চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা।

১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ জান্নগর (বর্দ্ধমান)

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ
মামগাছি, পোঃ জান্নগর, (বর্দ্ধমান)
শ্রীব্যাসাবতার ঠাকুর বৃন্দাবনের স্থান

(১৩) রুদ্রদ্বীপ-গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(১৪) জয়দেব গৌড়ীয়মঠালয়

১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ
গৌড়পুর, নদীয়া

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ
বাউতারা—(শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৭) [illegible]কুটীর
পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

(১৮) ভাগবত-আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৯) একায়নমঠ
গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

(২০) মহেশ-পণ্ডিতের পাট
কাঁচালপলি, পোঃ চাকদা (নদীয়া)

(২১) রাণাঘাট-গৌড়ীয়মঠালয়

(২২) [illegible] গৌড়ীয়মঠ
চব্বিশ পরগণা

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ
নারিন্দা পোঃ ওয়ারি, ঢাকা।
পূর্ববঙ্গের প্রচার-কেন্দ্র।

(২৪) গোপালজীউমঠ
কমলাপুর, পোঃ ঢাকা

(২৫) বলাই-গৌরাঙ্গ মঠ
পোঃ বালিয়াটি, (ঢাকা)

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ
বড়বাজার, পোঃ ময়মনসিংহ

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া (আসাম)

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ
পোঃ চক্চকা, কামরূপ (আসাম)

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
৩নং পাগাং বিল্ডিং, দার্জ্জিলিং

(৩০) [illegible]-গৌড়ীয়মঠ
পোঃ হরিদ্বার, জিঃ সাহারাণপুর, ইউ, পি

(৩১) পাটনা গৌড়ীয়মঠ
মিঠাপুর পাটনা।

(৩২) গয়া গৌড়ীয়মঠ
রমণা রোড, গয়া

(৩৩) সনাতন-গৌড়ীয় মঠ
৮।১৭ বড় গণেশ[illegible], বেনারস সিটি

(৩৪) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

(৩৫) নৈমিষারণ্য মঠ,
পোঃ মিসরিখ, সীতাপুর (ইউ পি)

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়
বিশ্রামঘাট, পোঃ মথুরা

(৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,
পুরাণসহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ
কিশোরপুর, বৃন্দাবন

(৩৯) ব্রজস্বানন্দ-সুখদকুঞ্জ
পোঃ রাধাকুণ্ড। মথুরা

(৪০) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪১) রাধাকুণ্ড গোবর্দ্ধনবাটী

(৪২) শ্রীগোবর্দ্ধনমঠালয়
গোবর্দ্ধন, মথুরা

(৪৩) [illegible] বিহারী মঠ
বর্ষাণা, মথুরা।

(৪৪) নন্দগ্রাম গৌড়ীয়মঠালয়
পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৫) কাম্যবন গৌড়ীয়মঠালয়
পোঃ কামা, মথুরা

(৪৬) গৌড়বিহারী মঠ—সেবাটী,
পোঃ [illegible], জেলা গুরুদাসপুর (পাঞ্জাব)

(৪৭) ব্যাসগৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

(৪৮) দিল্লী গৌড়ীয় মঠ
৪৫নং [illegible] রোড, নিউ দিল্লী

(৪৯) বোম্বে গৌড়ীয়মঠ
গোয়ালিয়া ট্যাঙ্ক রোড, কম্বালাহিল
বোম্বে ৭

(৫০) মাদ্রাজ-গৌড়ীয়মঠ
পোঃ রায়পেটা, মাদ্রাজ
শ্রী[illegible] সেবা

(৫১) কোভুর-গৌড়ীয়মঠ
পোঃ কভুর, জেলা গোদাবরী (মাদ্রাজ)
শ্রীশ্রী[illegible]-মিলনস্থান সেবা

(৫২) ব্রহ্মগৌড়ীয়মঠ
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)

(৫৩) পুরুষোত্তম মঠ
চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা

(৫৪) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৫) লীলাকুটী

(৫৬) ত্রিদণ্ডি-গৌড়ীয়মঠ
পোঃ ভুবনেশ্বর, পুরী

(৫৭) সচ্চিদানন্দ মঠ
[illegible], পোঃ কটক (উড়িষ্যা)

(৫৮) বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ

(৫৯) শ্রীব্রহ্মমাধ্বগৌড়ীয়-প্রপন্ন-মঠ
পোঃ [illegible], গঞ্জাম

(৬০) ভাগবতজনানন্দ মঠ
চিরুলিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর

(৬১) অমর্ষি গৌড়ীয়মঠ
পোঃ অমর্ষি, মেদিনীপুর

(৬২) আমলাযোড়া প্রপন্নাশ্রম মঠ
পোঃ রাজবাঁধ (বর্দ্ধমান)

(৬৩) চৈতন্যগৌড়ীয়মঠ
ভুবনডাঙ্গা, পোঃ [illegible], (বাঁকুড়া)

(৬৪) রেঙ্গুন গৌড়ীয়মঠ
৭০১ নং [illegible] ষ্ট্রীট, রেঙ্গুন

(৬৫) লণ্ডন গৌড়ীয়মঠ
ফ্ল্যাট নং ২
৫১, [illegible] রোড
ক্ল্যাপহাম, লণ্ডন, [illegible]

(৬৬) গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্
১৪।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা

(৬৭) গৌড়ীয়মঠ অফিস
২০৪ হিউয়েট রোড, লক্ষ্ণৌ (ইউ-পি)।

(৬৮) শ্রীবিদ্যানিধি গৌড়ীয়মঠালয়
নন্দনকানন, চট্টগ্রাম

শ্রীধাম মায়াপুর নদীয়া-প্রকাশ [illegible] হইতে মহোপদেশক শ্রীপ্রবোধকৃষ্ণ চক্রবর্ত্তী প্রত্নবিদ্যালঙ্কার সম্পাদিত
শ্রীসদানন্দ ব্রহ্মচারী ভক্ত্যালোক, ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায়		বিজ্ঞাপনের পৃষ্ঠায়	
	১ম ও ২য় দিনের জন্য	পরবর্তী দিনের জন্য	১ম ও ২য় দিনের জন্য	পরবর্তী দিনের
প্রতিবারে প্রতি লাইনে ।০	৵০		।৵০	।০
" " ইঞ্চি ৫৲			३॥०	১৲
সিকিকলম ৬৲	৬০			৩৲
অর্দ্ধকলম	৬৲		৬৲	৫৲
এক কলম ১৫৲	১০৲		১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিবারে প্রতি ইঞ্চি ৬০	॥০
" সিকি কলম ১৫৲	১৲
" অর্দ্ধকলম ২৫৲	১৮৲
" এক কলম ৫০৲	

চাঁদার হার

দৈনিক (ডাকমাশুল সমেত)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২॥০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা [illegible] [illegible] পয়সা [illegible]।

শ্রীধাম-মায়াপুরে

—"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট"—

[illegible]

[illegible] বিদ্যালয় ও বোর্ডিং [illegible]। [illegible] ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। [illegible] প্রতি মাসে মাত্র ৬৲ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। বর্ত্তমান বর্ষে ১৬জন বালকের মধ্যে ১৫ জন [illegible] উত্তীর্ণ হইয়াছে।

মেধাবী ছাত্রগণের আরও সুবিধা

পরীক্ষায় যাহারা শতকরা ৬৫ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ [illegible] ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট,
[illegible], পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা [illegible] আলোচিত হইয়াছে। এই এক অপূর্ব্ব [illegible] বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

[illegible]ল প্রভুপাদের প্রবন্ধাবলী

শ্রীল প্রভুপাদের [illegible] শ্রীল আচার্য্যদেবের [illegible] শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী" প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। ইহাতে পূর্ব্ব ও [illegible] দুইটি বিভাগ আছে। পূর্ব্বার্দ্ধে শ্রীল প্রভুপাদের [illegible]-প্রবন্ধাবলী শ্রীল [illegible] সম্পাদিত '[illegible]' শ্রীল প্রভুপাদের '[illegible]' [illegible] হইতে [illegible] ও প্রয়োজনীয় [illegible] টীকা-সহ প্রকাশিত হইয়াছে। [illegible] প্রভুপাদের সম্পাদিত 'সজ্জনতোষণী'র [illegible] প্রবন্ধ [illegible] সহিত [illegible] হইয়াছে। প্রবন্ধগুলি [illegible] অর্পিত হইয়াছে; এতদ্ব্যতীত শ্রীল [illegible] একটি [illegible] ও [illegible] একটি [illegible] ভূমিকা, [illegible] [illegible] ও [illegible]-সূচী [illegible] সংযোজিত হইয়াছে। [illegible] উৎকৃষ্ট কাগজে [illegible] সহিত মুদ্রিত ও শ্রীল প্রভুপাদের [illegible] ও সুন্দর বাঁধাই [illegible] প্রকাশিত হইয়াছে। প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, জিলা নদীয়া; [illegible], পোঃ বাগবাজার, কলিকাতা ও [illegible], [illegible], পোঃ [illegible], [illegible]।

প্রভুপাদের পদ্যপ্রসূন মালা

এই গ্রন্থে ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তি-সিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের রচিত পদ্যাবলী শ্রীল আচার্য্যদেবের [illegible] "[illegible]" নামক [illegible] সহিত প্রকাশিত হইয়াছে। শ্রীল প্রভুপাদের [illegible] সন্নিবিষ্ট হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ৷৷০ আট আনা।

চৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত্র [illegible] সন্নিবিষ্ট হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ৪৲ টাকা। প্রাপ্তিস্থান শ্রীযুক্ত [illegible], শ্রীযোগপীঠ, [illegible], পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্স কলেজের ইংরাজীর প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপদেশক পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিশাস্ত্রী ভক্তিসার সরস্বতী-বৈষ্ণবাচার্য এম্ এ মহোদয়ের প্রৌঢ় গবেষণা এবং পরিপক্ক লেখনীর অদ্ভুত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত্র-পাঠে ধন্য হউন। এই [illegible], অভিনব ও আন্তর্জাতিক এবং [illegible] ও বিবিধ চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রাচীন দর্শনের সহিত তুলনা-মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডে ৩০৭ অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা আছে। ও বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্ত্তার ভূমিকাদ্বয় (Prefaces), বিষয়-তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সংক্ষিপ্ত সুবিস্তৃত সূচীপত্র (Index Glossary) সহ প্রকাশিত। ভিক্ষা—১৪. পনর টাকা। প্রাপ্তিস্থান—বাগবাজার গৌড়ীয়মঠ, ১নং উল্টাডিঙ্গি জংশন রোড, শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর (নদীয়া)—নদীয়া।

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হার্মনিষ্ট" ও বহু গ্রন্থাদি এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্

টিলা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

[illegible] পাচন

সর্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় যুবক, পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় [illegible] ইহার কাটতি অত্যন্ত অধিক। পিতাম্‌ প্লীহা সংযুক্ত জ্বরাদি এবং নূতন পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। ছোট বোতল ৮/০ দশ আনা, বড় বোতল ১৸০ আঠার আনা। পাইকারী দর [illegible]।

—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা

অথবা

পোঃ বেহালা, ২৪ পরগণা

'ঠাকুর ভক্তিবিনোদ'

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি-প্রচারের মূল মহাজন সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অভিনব জীবনচরিত এতাবৎকাল স্বতন্ত্র আকারে প্রকাশিত না থাকায় সর্ব্বত্রই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয়মঠাচার্যবরের অন্তেবাসী শ্রীবিদ্যাবিনোদ বিদ্যারত্ন ও "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীযুক্ত সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক লিখিত "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু মূল্যবান শিক্ষামালাও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১২৫ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৮০ আনা; ডাক মাশুল স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান—ম্যানেজার গ্রন্থবিভাগ

শ্রীগৌড়ীয়মঠ

পোঃ বাগবাজার

কলিকাতা

ই. বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	৫-৩৬	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	
রাণাঘাট পৌঃ			৮-৫০	১৪-১৫					
(বদল) ছাঃ			৯-৩৯	১৪-৫০					
কৃষ্ণনগর পৌঃ	৭ ১	৮ ৪৫	৩-৮	১৫-২০	১৭-৪৮	১৯-১১	২০-১৬	১	
(বদল) ছাঃ	৮-১২		১০-৩১		১৭-৩৮		২০-২৬		
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫১		১১-১০		১৮-১৬		২০-৪৬		

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
রাণাঘাট পৌঃ	১২-৫৫
ছাঃ	১৩ ০
শান্তিপুর পৌঃ	১৩-২৬
(বদল) ছাঃ	১৩ ৩১ (লাইট রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪-২
ছাঃ	১৪ ২০
নবদ্বীপঘাট পৌঃ	১৫-০

ডাউন

নবদ্বীপঘাট ছাঃ	৫ ৪৫		৯ ২৫		১৪-৩১	১৬-০	১৮-৩১
কৃষ্ণনগর পৌঃ	৬ ২৬	৯ ১৬	১০-৫	১১-৪১	১৪-১০	১৬-৩৬	১৯-১১
ছাঃ	৬-২৬	৭-১৮	১০-১১			১৬ ৫৬	১৯-২৫
রাণাঘাট পৌঃ			১০-৪৬			১৭-৩১	
(বদল) ছাঃ			১১-০			১৭-৪০	
কলিকাতা পৌঃ	৬-১৬	৯-২১	১৩-১	১২-১৬	১৪-১৬	[illegible]	২০-৩১

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৩-৩১	১৬-০			
কৃষ্ণনগর পৌঃ	১৪-১০	১৬-৩৬			
ছাঃ	১৫-২৮	১৭-১৫			
শান্তিপুর পৌঃ	১৬-৯	১৭-৫৬			
(বদল) ছাঃ	১৬-৪৩	১৮-১	(রবিবার ভিন্ন)	১৮-৮	(রবিবার)
রাণাঘাট পৌঃ	১৭-১০	১৮-২৭		১৮-৬৪	
(বদল) ছাঃ	১৭-৪০	১৮-৪০		১৮-৪০	
কলিকাতা পৌঃ	১৯-১১	২০-৬		২০-৬	

পোঃ— শ্রীমায়াপুর
টেলিগ্রাম—শ্রীনাম
শ্রীমায়াপুর

REGD NO C 1544

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৪শ খণ্ড] শ্রীমায়াপুর—২৫শে ফাল্গুন, ১৩৪৫, ৯ই মার্চ, ১৯৩৯, বৃহস্পতিবার [৮ম সংখ্যা

বিবিধ সংবাদ

—::০::—

বৃটিশ ও ফরাসী এলাকা

টিয়েনসিনে বৃটিশ ও ফরাসী এলাকা বিজলী তার দিয়া ঘিরিয়া দেওয়ার জন্য জাপ কর্তৃপক্ষ যে সঙ্কল্প করিয়াছেন, টিয়েনসিনের বৃটিশ কনসাল জেনারেল তাহার প্রতিবাদ জানাইয়াছেন। ঐরূপ ব্যবস্থায় মানুষের প্রাণ বিপন্ন হইবে, এই যুক্তি দেখাইয়া প্রতিবাদ করা হইয়াছে।

দৃঢ় মহল হইতে জানা গেল যে, এই ব্যাপার লইয়া জাপানী কর্তৃপক্ষের সহিত বৃটিশ ও ফরাসী কর্তৃপক্ষের মনোমালিন্য বৃদ্ধি পাইয়াছে।

জাপানীরা এখন পাই নদীর উপর দিয়া একটি সেতু এবং বৃটিশ ও ফরাসী এলাকার চারিদিক দিয়া একটি নূতন রাস্তা নির্মাণ করিতেছে। এই সেতু ও রাস্তা নির্মাণ কার্য্য শেষ হইলে বৃটিশ ও ফরাসী এলাকা সম্পূর্ণ বিচ্ছিন্ন হইয়া যাইবে। প্রকাশ, সমস্ত জাপানী ও জাপ সমর্থক চীনাগণ যাহাতে এক মুহূর্তের নোটিশে ঐ দুই এলাকা ত্যাগ করে সেজন্য জাপ কর্তৃপক্ষ কতকগুলি নূতন আদেশ প্রচার করিয়াছেন। ওয়াকিবহাল মহল বলিতেছেন, যদি অপ্রত্যাশিত কিছু না ঘটে তাহা হইলে নিশ্চয় সম্ভবতঃ ১০ই মার্চ তারিখে জাপ কর্তৃপক্ষ এবং বৃটিশ ও ফরাসী এলাকার কর্তৃপক্ষের মধ্যে একটা গুরুতর বিরোধ বাধিয়া যাইবে।

জাপ কর্তৃপক্ষের কার্য্যের বিরুদ্ধে টিয়েনসিনের বৃটিশ ও ফরাসী কনসাল তীব্র প্রতিবাদ জানাইয়াছেন। "অনুরূপ যে সকল ব্যবস্থা অবলম্বন হইয়াছে বা হইবে" তাহার বিরুদ্ধেও তাঁহারা প্রতিবাদ জ্ঞাপন করিয়াছেন।

টিয়েনসিনে আমেরিকার কোন সৈন্যবিভাগ না থাকিলেও চীনে আমেরিকার কনসাল জেনারেল উপরোক্ত প্রতিবাদ সমর্থন করিয়াছেন।

ঢাকা মিউনিসিপ্যালিটির সভা

ঢাকা মিউনিসিপ্যালিটির এক সভায় ভাইস চেয়ারম্যান খান সাহেব এ এইচ্ আমেদের এক কার্য্যের প্রতিবাদে ৩ জন কংগ্রেসী কমিশনার সহ ৬ জন কমিশনার সভাগৃহ ত্যাগ করেন। চেয়ারম্যান শ্রীযুক্ত বীরেন্দ্রনাথ মজুমদারের অনুপস্থিতিতে ভাইস্ চেয়ারম্যান খান সাহেব সভাপতির আসন গ্রহণ করিয়াছিলেন। সভায় ২১ জনের মধ্যে ১৩জন কমিশনার উপস্থিত ছিলেন। কার্য্যসূচী অনুযায়ী কয়েকটি বিষয়ের আলোচনার পর কংগ্রেসী কমিশনার ডাঃ শৈলেন্দ্রকুমার সেন, এসেসার কর্তৃক নির্দ্ধারিত এবং করদাতা [illegible] কমিটি কর্তৃক সংশোধিত করের হার অনুমোদনের জন্য একটি প্রস্তাব উত্থাপন করেন।

ভাইস চেয়ারম্যান প্রস্তাবটি বিধি বহির্ভূত বলিয়া সাব্যস্ত করেন। ডাঃ সেন তাঁহার প্রস্তাবটি ন্যায়সঙ্গত বলিয়া দাবী করেন এবং ভাইস চেয়ারম্যানের রুলিংএর প্রতিবাদকল্পে তিনি সদলবলে সভা ত্যাগ করেন।

প্রতারণার ষড়যন্ত্রের অপরাধে দণ্ডিত

প্রধান প্রেসিডেন্সী ম্যাজিষ্ট্রেট, প্রতারণার ষড়যন্ত্র ও প্রবঞ্চনা [illegible] ১১নং আমড়াতলা লেনের মেসার্স রাজ গনি কার্পেটের প্রোপ্রাইটার ম্যানেজার মহম্মদ হাকিম ও মহম্মদ সুলতান কাসেম সিদ্দিকের বিভাগীয় ম্যানেজার এইচ হাসিমভোয়াকে ৯ মাস করিয়া সশ্রম কারাদণ্ড ও ৫০০৲ করিয়া জরিমানা করিয়াছিলেন। আসামীদের পক্ষে দণ্ডাদেশের বিরুদ্ধে হাইকোর্টে দরখাস্ত করা হইয়াছিল। বিচারপতি বার্টলি ও বিচারপতি খান্দ দরখাস্ত গ্রহণ করিয়াছেন।

বর্দ্ধমানে আরও ৯জন গ্রেপ্তার

বর্দ্ধমানের ক্যানাল আন্দোলন সম্পর্কে শ্রীহেমচন্দ্র সিংহ, অজিতকুমার সেন, চন্দ্রনারায়ণ সেন, গোপাল প্রসাদ সিংহ, প্রমথনাথ সিংহ, অশ্বিনীকুমার বসু, একবাড় ভট্টাচার্য্য, নীলকান্ত সিংহ ও ভক্তিভূষণ সেনকে সিমলা গ্রাম হইতে গ্রেপ্তার করিয়া আনা হইয়াছে। গত বুধবার পর্য্যন্ত ক্যানাল আন্দোলন সম্পর্কে সংশোধিত ফৌজদারী আইনের ৭ ধারা এবং ফৌজদারী কার্য্যবিধির ১০৪ ধারা অনুযায়ী ৭৬ জনকে গ্রেপ্তার করা হইয়াছে।

নৈহাটীর গ্রামে ডাকাতি

ব্যারাকপুরের মহকুমা ম্যাজিষ্ট্রেট মিঃ এ টুপারের এজলাসে নৈহাটীর এক মোহন সাহার গৃহে ডাকাতি করিবার অভিযোগে ভূবনমোহন ঘোষ ও অপর ছয় ব্যক্তির নামে যে মামলা হইয়াছিল তাহার আর এক দফা শুনানী হইয়া গিয়াছে।

ব্রজমোহন সাহা তাহার জবানবন্দীতে বলে গত ১২ই ডিসেম্বর রাত্রে তাহার রাজেন্দ্রপুরের বাটীতে এক ডাকাতি হয়। দরজায় ধাক্কার শব্দ শুনিয়া সাক্ষী, তাহার শালক ও স্ত্রী উঠিয়া পড়ে এবং আলো জ্বালে। তাহারা একটী জানালা দিয়া বাহিরে দেখিতে চেষ্টা করে, কিন্তু কিছু দেখিতে সক্ষম হয় না।

কিছুক্ষণ পরেই একটা দরজা ভাঙ্গিয়া ৫।৬ জন লোক ঘরে প্রবেশ করে। তাহারা তাহাদিগকে [illegible] ভয় দেখায় এবং তাহার স্ত্রীর আঁচল হইতে চাবির ছড়া কাড়িয়া লয়। ডাকাতদের হাতে লাঠি ছিল। তাহারা চাবি দিয়া বাক্স খুলিয়া ফেলে।

যাবজ্জীবন দ্বীপান্তরের আদেশ রহিত

অভিযোগে প্রকাশ, ইউনিয়ন বোর্ডের সদস্য বোলতাবার মোবারক করাতী এবং আসামী অনিল মিত্রের সহিত মনোমালিন্য ছিল। প্রকাশ, দণ্ডাজ্ঞাপ্রাপ্তগণ এইজন্য মোবারককে হত্যার ষড়যন্ত্র করে, একদিন সন্ধ্যাকালে মোবারক সাতখালী ইউনিয়ন বোর্ডের সভা হইতে ফিরিতেছিল এমন সময় ১১ জন লোক তাহাকে আক্রমণ করে এবং তাহার বুকে তালকাঠ চাপা দিয়া তাহাকে হত্যা করে। এই সম্পর্কে ১১ জন লোকের বিরুদ্ধে মামলা হয়। ৫ জন লোকের সাহায্যে আসামীদের বিচার হয়। ইঁহারা জুরী ও এসেসর উভয়ের কাজই করেন। বিচারে ৫ জন আসামী মুক্তি পায় এবং অপর ৬জন দণ্ডিত হয়।

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—পরমপূজ্যপাদ শ্রীল সরস্বতী প্রভুপাদের পরিব্রাজক গোস্বামী মহারাজ সম্পাদিত ইংরেজী পাক্ষিক। প্রতি একাদশীতে প্রকাশিত হয়। কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। সডাক ভিক্ষা ৪৷০ টাকা মাত্র।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৷০ টাকা মাত্র।

৩। ভাগবত—হিন্দিভাষায় একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ টাকা মাত্র

৫। শ্রীগৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ মাত্র।

শ্রীশ্রীভক্তিবিনোদাবির্ভাব-শতবর্ষপূর্ত্তিতিথিপূজার উপায়ন-গ্রন্থমালা

———:(o):———

১। গীতিসাহিত্যে শ্রীভক্তিবিনোদ

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র গীতিসাহিত্যের সমালোচনা-গ্রন্থ)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

২। শ্রীভক্তিবিনোদবাণীবৈভব

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের গ্রন্থাবলী হইতে প্রায় ১০৮টি অধ্যায়ে সম্বন্ধ-অভিধেয়-প্রয়োজনাকারে গ্রথিত অমূল্য উপদেশপূর্ণ গ্রন্থ)

ভিক্ষা—৩৲ তিন টাকা মাত্র।

৩। শ্রীশ্রীভক্তিবিনোদ-প্রসঙ্গ

ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ ও ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের পরিব্রাজক গোস্বামী প্রভু-লিখিত এবং গৌড়ীয়ে প্রকাশিত শ্রীশ্রীভক্তিবিনোদ-চরিত প্রসঙ্গ

ভিক্ষা—।৵০ ছয় আনা মাত্র।

৪। ছাত্রদের ভক্তিবিনোদ

(ছাত্রদের উপযোগী ভাষায় লিখিত শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্র ও শিক্ষা)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

ছাত্রদের পক্ষে ভিক্ষা—৷০ আট আনা মাত্র)

প্রাপ্তিস্থান :—

(১) 'ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্‌', পোঃ শ্রীমায়াপুর, নদীয়া ;

(২) শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ;

৩ শ্রীযুক্ত ভূপতিরঞ্জন রায় এম্-এ, বি-এল্, মুন্সেফ, পোঃ বগুড়া, ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবত,—সমগ্র ॥০

প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ১৮৲

দশম স্কন্ধ— ৯৲

২। ভাষ্যসহ বিরাট শ্রীচৈতন্যভাগবত (অমৃতা) ৬৲

৩। অম্বয়সহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬

৪। সরস্বতী জয়শ্রী (অমৃতা) ৪৲

৫। শ্রীল প্রভুপাদের পত্রাবলী

১ম খণ্ড ৸০; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০

৪র্থ খণ্ড ৸০

৬। শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী

১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲, ৩য় খণ্ড—৸০

৭। শ্রীচৈতন্যদেব ১৲

৮। সৎক্রিয়াসার দীপিকা ও সংস্কার চন্দ্রিকা ১৷০

৯। বৈষ্ণবশ্রুতি ২৲

১০। গৌড়ীয় কণ্ঠহার ২৲

১১। শ্রীচৈতন্য শিক্ষামৃত (বাঁধা) ২৲

১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲

১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০

১৪। সাধকণ্ঠহার (দ্বিতীয় সংস্করণ) ৷০

বৈষ্ণবসিদ্ধান্তে বিপ্র সহ ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০

১৭। উপদেশামৃত ।০

১৮। বামন অবতার ।০

১৯। অর্চ্চনপদ্ধতি ।০

২০। গৌড়ীয় গৌরব ।৵০

২১। গৌড়ীয় পঞ্জিকা ।৵০

২২ অর্চ্চন দর্পণ ।০

২৩। শ্রীচৈতন্যভাগবত ও শ্রীনবদ্বীপধাম বাঁধা) ১

২৪। গীতা (শ্রীবলদেব-টীকা-সহ) ২৲

২৫। গীতা (চক্রবর্ত্তী টীকাসহ) ২৲

অমৃতা) ১

২৬। গীতার কেবল বাংলা অনুবাদ ০

২৭। শ্রীকৃষ্ণসংহিতা সংস্কৃতশ্লোক সাধুনাথ ২৲

২৮। প্রেমবিবর্ত্ত (সাধুনাথ) ।০

২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয় সংস্করণ) (বাঁধা) ৸০

৩০। জীব-নিত্য-ধর্ম্ম ৵০

৩১। সাধনপথ (তৃতীয় সংস্করণ) ।৵০

৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ।০

৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০

৩৪। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ (নবদ্বীপ পরিক্রমা) ৵০

৩৫। গীতমালা ৶১০

৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৵০

৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৵০

৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০

৩৯। শ্রীগোদ্রুম কল্পতরু ।০

৪০। শরণাগতি ৴০

৪১। গীতাবলী ৴০

৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০

৪৩। সাধনকথা ৴০

৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ৴

৪৫। নবদ্বীপশতক

৪৬। অর্থপঞ্চক

৪৭। মায়াবাদের জীবনী ৵০

৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৶১০

৪৯। অর্চ্চনপদ্ধতি ৷১০

৫০। বৈষ্ণবমঞ্জুষা সমাহৃতি (১ম ও ২য় খণ্ড) ৬৲

৫১। প্রাকৃতরস শতদূষণী ।০

৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।০

৫৩। গৌড়ভাষ্যোদ্ধার ৸০

৫৪। পুরুষার্থ নির্ণয় ।০

৫৫। শ্রীচৈতন্যোপনিষদ্‌ বা সনাতনাষ্টক ।০

৫৬ ভাবনাসার সংগ্রহ ৵০

৫৭। ঈশোপনিষদ্‌ (সানুবাদ) ।০

৫৮। শ্রীকৃষ্ণবিজয় ৵০

৫৯ সিদ্ধান্তদর্পণ ৵০

৬০ সারস্বতার্থ ০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১ শ্রীচৈতন্যচরিতামৃতম্‌ ।০

৬২। সিদ্ধান্ত সরস্বতী বিভূতিঃ ।০

৬৩। ষট্‌ক সন্দর্ভসংগ্রহ ।০

৬৪। বাক্যরত্ন ।০

৬৫। নাম্নাং নির্ব্যাসঃ

৬৬। গৌড়ীয়মঠস্থনিবিষ্ট

৬৭। মাহাত্ম্যদর্শন

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ

৬৯। এ ফিউ ওয়ার্ডস অন বেদান্ত

৭০। ব্রাহ্মণ

৭১। বেদান্ত—ইট্‌স মরফলজি এণ্ড অণ্টোলজি ।০

৭২। রিলেটিভ ওয়ার্ল্ডস ।৵০

৭৩। লর্ড চৈতন্য মেসেজ এণ্ড শ্রীচৈতন্য মহাপ্রভু ।০

৭৪। বেদান্তদর্শন ।০

৭৫। ভোয়াট্‌ গৌড়ীয়মঠ ষ্ট্যাণ্ডস্‌

৭৬। দি ভাগবত

৭৭। হোয়াইট লাইট অন শ্রীচৈতন্য

৭৮। ব্রহ্মসংহিতা ১৷০

৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (ফার্ষ্ট ভলুম) ১২৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ।০

৮১। সাধন-পথ ।০

৮২। প্রার্থনা-রসায়ন ৵০

৮৩। গীতাবলী

৮৪। শরণাগতি

আসাম ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক
নদীয়া-প্রকাশ
একমাত্র পারমার্থিক
দৈনিক পত্র
শ্রীধাম-মায়াপুর-নদীয়া

১৭শ বর্ষ { ৪ বিষ্ণু ৪৫৩ গৌরাব্দ ২৫শে ফাল্গুন বঙ্গাব্দ ১৩৪৫ ৯ই মার্চ্চ ইং ১৯৩৯, বৃহস্পতিবার } ৮ম সংখ্যা

শ্রীশ্রীনবদ্বীপধামপ্রচারিণী সভা

———::(০)::———

৪৫তম বার্ষিক অধিবেশন বিবরণ

স্থান—শ্রীধাম মায়াপুর, যোগপীঠের শ্রীঅঙ্গন

গত ৫ই মার্চ্চ ২১শে ফাল্গুন রবিবার শ্রীশ্রীগৌরজন্মোৎসব দিবস মধ্যাহ্ন ও অপরাহ্ণে শ্রীযোগপীঠ শ্রীমন্দির-প্রাঙ্গণে শ্রীশ্রীগুরুগৌরাঙ্গের বিপুল জয়ধ্বনির মধ্যে শ্রীশ্রীনবদ্বীপধাম-প্রচারিণী সভার বার্ষিক অধিবেশন সুসম্পন্ন হয়। প্রাতঃকাল হইতে সুবিস্তৃত চন্দ্রাতপের নিম্নে সভার অধিবেশন উপলক্ষে সহস্র সহস্র যাত্রী, দর্শক, সভ্য, সজ্জন, সন্ন্যাসী, ব্রহ্মচারী, গৃহস্থ ও বানপ্রস্থ বহু ভক্ত সমবেত হইলে শ্রীশ্রীগুরুগৌরাঙ্গের জয়ধ্বনির পর বিভিন্ন মহাজনপদাবলী কীর্ত্তন হয়। অনন্তর পরমারাধ্যতম আচার্য্যদেব ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ কতিপয় ভক্তবৃন্দ সহ সভায় প্রবেশ করিলে সমাগত ভক্তবৃন্দ শ্রীশ্রীগুরুগৌরাঙ্গের বিপুল জয়ধ্বনিতে সভাস্থল মুখরিত করেন এবং সম্মুখে প্রণত হইয়া শ্রীশ্রীআচার্য্যপাদপদ্ম বন্দনা করেন। শ্রীশ্রীল আচার্য্যদেব সভায় আসন গ্রহণ করিলে পর ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিবৈভব সাগর মহারাজ শ্রীশ্রীল আচার্য্যদেবের গলদেশে সুগন্ধি পুষ্পমালা প্রদান করেন। বৈষ্ণবগণ ও সভ্যবৃন্দ শ্রীশ্রীল আচার্য্যদেবকে সভাপতির আসন অলঙ্কৃত করিবার জন্য পুনঃ পুনঃ অনুরোধ জানাইলে স্বাস্থ্যহান-দুর্ব্বলতার দুর্দ্দৈবের অধাধি বাহ্য অভাবহেতু শ্রীশ্রীল আচার্য্যদেব সভাপতির আসন গ্রহণ না করিয়া বাদ্ধি-প্রবর ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিরক্ষক শ্রীধর মহারাজকে সভাপতির আসন গ্রহণ করিবার জন্য স্বয়ং প্রস্তাব করেন। শ্রীশ্রীনিখিল-বৈষ্ণবরাজসভার অন্যতম সম্পাদক ও গৌড়ীয়-মিশনের ভাইস্ প্রেসিডেন্ট মহামহোপদেশক পাষণ্ডদলন শ্রীপাদ অপ্রাকৃত ভক্তিসারঙ্গ গোস্বামী প্রভু উক্ত প্রস্তাব সমর্থন করিলে শ্রীপাদ শ্রীধর মহারাজ আচার্য্যদেবের শিরে ধারণ করিয়া সর্ব্বসম্মত বৈষ্ণবের সভাপতির আসন গ্রহণ করেন। অনন্তর শ্রীশ্রীল আচার্য্যদেবের আদেশক্রমে 'রাধে জয় জয়' গীতটি গান করিলে পর শ্রীশ্রীল আচার্য্যদেবের ও সভাপতি মহোদয়ের নির্দ্দেশ নির্দ্দিষ্ট কার্য্যতালিকা অনুসারে ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিহৃদয় বন মহারাজ ১৩৭ বর্ষ পৌঁছিয়া হইতে গত বৎসরের শ্রীশ্রীনবদ্বীপ-ধামপ্রচারিণী সভার বিবরণী পাঠ করেন। তৎপরে মহোপদেশক শ্রীপাদ কিশোরী-মোহন ভক্তিবান্ধব বি-এল মহোদয় নিম্ন-লিখিত সজ্জনগণকে উক্ত সভার সভ্য-শ্রেণীভুক্ত করিবার প্রস্তাব করিলে মহা-মহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ মহোদয় উহা সমর্থন করেন। প্রস্তাবিত সভ্যগণের নাম,—রায়সাহেব অঘোরী কৃষ্ণপ্রসাদ সিং উকিল ও জমিদার আজিমাবাদ, পাটনা; শ্রীযুত ভুবনচন্দ্র রায় ডেপুটি মাজিষ্ট্রেট, গোকুল নগর; কপিলেশ্বর হোটেলের এম-এ সিনিয়র কো-অপারেটিভ সোসাইটি কটক, শ্রীযুত গজেন্দ্রনাথ পাণ্ডা, পাটনা; শ্রীযুত বিনোদবিহারী ঘোষ কানুনগো কটক, শ্রীযুত মন্মথনাথ সেন কলিকাতা, শ্রীযুত নারায়ণচন্দ্র দাস অধিকারী ঢাকা।

অনন্তর ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিকুসুম শ্রৌতী মহারাজ বিগতবর্ষে সরস্বতী-পীঠ হইতে ভক্তিশাস্ত্রী পরীক্ষায় উত্তীর্ণ ও গভর্ণমেণ্ট কর্ত্তৃক গৃহীত সংস্কৃত পরীক্ষায় উত্তীর্ণ ব্যক্তিগণের নাম উল্লেখ করেন।

তৎপরে মহোপদেশক শ্রীপাদ হয়গ্রীব ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী প্রভু শ্রীধামপ্রচারিণী সভার পক্ষ হইতে বিগতবর্ষে যথাযথপ্রাপ্ত বৈষ্ণব ও সজ্জনগণের নাম উল্লেখ পূর্ব্বক বিবরণ-প্রকাশ করেন। অনন্তর নিম্নলিখিত ব্যক্তিগণকে গৌরাশীর্ব্বাদ প্রদান করা হয়

১। শ্রীপাদ আনন্দলীলাময় বিগ্রহ অধিকারী—ভক্তিরঞ্জন, ২। শ্রীযুত মণীন্দ্রকুমার গুহ—ভক্তিভূষণ, ৩। শ্রীপাদ পতিতপাবন দাসাধিকারী—ভক্তিপ্রদীপ, ৪। রায় বাহাদুর শ্রীযুত মনোমোহন নিয়োগী—ভক্তিভূষণ, ৫। শ্রীপাদ প্রাণবল্লভ ব্রহ্মচারী—ভক্তিভূষণ, ৬। শ্রীপাদ ও'কৃষ্ণচরণ দাসাধিকারী—ভক্তিভূষণ, ৭। শ্রীপাদ নিত্যানন্দ ব্রহ্মচারী—ভক্তিকোবিদ, ৮। শ্রীপাদ সুন্দরানন্দ ব্রহ্মচারী—ভক্তিভূষণ, ৯। শ্রীযুত মন্মথমোহন বসু—ভক্তিভূষণ, ১০। শ্রীপাদ নিতাইদাস ব্রহ্মচারী—ভক্তিভূষণ, ১১। শ্রীযুত যোগেশ্বর দাসাধিকারী—ভক্তিভূষণ, ১২। শ্রীপাদ নদীয়ানন্দ ব্রহ্মচারী—ভক্তিভূষণ, ১৩। শ্রীপাদ গীর্ব্বাণীশ ব্রহ্মচারী—ভক্তিকমল, ১৪। শ্রীযুত রাসবিহারীনন্দন দাসাধিকারী—ভক্তিরত্ন, ১৫। শ্রীপাদ কৃষ্ণপদ দাসাধিকারী—সেবাব্রত, ১৬। রায় বাহাদুর শ্রীযুত মদনগোপাল সাহানা—ভক্তিভূষণ, ১৭। শ্রীপাদ কৃষ্ণচন্দ্র ব্রহ্মচারী—ভক্তিকিরণ, ১৮। শ্রীপাদ জ্ঞানস্বরূপ ব্রহ্মচারী—ভক্তিপাদপদ্ম, ১৯। শ্রীপাদ নির্ম্মলপ্রভু দাসাধিকারী—ভক্তিচেতন, ২০। শ্রীপাদ জগদ্বন্ধুদাস ব্রহ্মচারী ভক্তিমঙ্গল, ২১। শ্রীযুত কানাইলাল দাসাধিকারী—ভক্তিভূষণ ২২। রায় বাহাদুর শ্রীযুত বিজেন্দ্রনাথ রায়—ভক্তিভূষণ, ২৩। শ্রীযুত উৎকল দাসাধিকারী—ভক্তিপ্রাণ, ২৪। শ্রীযুত হরিপদ দাসাধিকারী—ভক্তিভূষণ, ২৫। রায় বাহাদুর শ্রীযুত বিশ্বেশ্বরনাথ চৌধুরী—প্রপন্নবান্ধব, ২৬। শ্রীযুত নরেন্দ্রেন্দ্র দাসাধিকারী—ভক্তিকেতন, ২৭। শ্রীযুত গোবিন্দ-দাস দাসাধিকারী—ভক্তিভূষণ।

তৎপরে বিপ্রগুণাঙ্গগণকে যজ্ঞসূত্র ও পুরস্কারগণকে 'হরিনাম-সেবাকার্য্যের জন্য পুরস্কার দেওয়া হইলে পর মহাজন-পদাবলী কীর্ত্তনান্তে সভা ভঙ্গ হয়।

ঐ দিবস অপরাহ্ণে শ্রীযোগপীঠ প্রাঙ্গণে পুনরায় সভার অধিবেশন হয়। শ্রীগুরু আচার্য্যদেব সভাস্থলে সভায় উপবিষ্ট হইয়া আসন গ্রহণ করিলে পর শ্রীশ্রীল আচার্য্যদেবের ও সভাপতি মহোদয়ের নির্দ্দেশে পুনরায় ভক্ত ও সজ্জনগণকে পুরস্কার প্রদান করা হয়। মহামহোপদেশক

(অতঃপর ৫ম পৃষ্ঠার ৪র্থ কলমে দ্রষ্টব্য)

"জীবের নিজের আত্মস্বরূপে অপ্রাকৃত সচ্চিদানন্দ আশ্রয়-জাতীয়ের অর্থাৎ কার্ষ্ণ-কিঙ্করের অনুভূতিই সম্বন্ধজ্ঞান। গুরুবর্গের পরিচয়ের দ্বারা সেই সম্বন্ধজ্ঞান লাভ হয়। যদি স্বরূপশক্তির সহিত আত্মা, জীবশক্তির সহিত অচিন্ত্যভেদাভেদ-সম্বন্ধযুক্ত ও মায়াশক্তি হইতে ভিন্ন। চেতন-দর্শনই কৃষ্ণভোগাদর্শন। প্রকৃত প্রস্তাবে সজ্জন-সঙ্গই দুর্জ্জনসঙ্গরাহিত্য-রূপ নির্জ্জনতা।"

(শ্রীল আচার্য্যদেব)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

৪ বিষ্ণু আদি কাৰ্ত্তিকপ্ৰপন্নাশী গৌরাব্দ ৪৫৩

শ্রীভক্তিসিদ্ধান্তবাণী

——:::(০):::——

ভাগবত-নিষ্কিঞ্চন সাধুর অভাব এবং আমাদের হরিকথা শুনিবার প্রবৃত্তির অভাব। আমরা ইতর বিষয় শ্রবণে খুব আগ্রহী। যেখানে গুরুব্রু ও মতের সম্মেলন, সেখানেই হরিকীর্ত্তন হয়। বর্ত্তমানকালে নিষ্কপট পরচর্চাহীনতা জগতে একরূপ বিরল। ভগবানের কথা আলোচনার আড়ম্বরেও অনেক সময়েই অবান্তর উদ্দেশ্য সিদ্ধির জন্যই চেষ্টা থাকে—মাঝখানে অন্য অর্থ থাকে। যাহাদের ধর্ম্ম, অর্থ, কাম ও মোক্ষ অথবা অধর্ম্ম, অনর্থ, কামের অতৃপ্তি এবং সংসার-প্রবৃত্তি বর্ত্তমান, জগতে তাঁহাদের সংখ্যাই বেশী। তাঁহারা যে হরিকথা আলোচনার আড়ম্বর করেন, তাহা অন্যান্য অবান্তর উদ্দেশ্য সিদ্ধির জন্য।

দেখুন, পৃথিবীতে আমরা সাধারণ মনুষ্যজাতির কিরূপ দুর্দ্দশা ঘটিয়াছে। চাই আমি ধন, কিন্তু অধনকে ধন বলিয়া ঠিক করিয়াছি! আমি আমার ব্যারাম উপশমের জন্য অনেক সময় ডাক্তারকে ডাকি। ডাক্তার বলিলেন,—'তুমি এই এই ঔষধ ও পথ্য গ্রহণ কর', আমি বলিলাম—'আমার মনের মতন—আমার রুচির মতন ব্যবস্থা করুন।' দেখুন, তাহা হইলে ডাক্তার ডাকিয়াও ডাক্তারী করিলাম আমি।

খোসামুদে লোককে বৈদ্য বলিলে সু-ফল হইবে না। আমার যে যে ঔষধ ও পথ্য সত্য সত্য দরকার হইবে, তাহা যদি আমাকে প্রদান না করিয়া বৈদ্য আমার খোসামোদ করিয়া তাঁহার দর্শনীটী লইয়া যান, তাহা হইলে তাহাতে আমার আপাততঃ সুখ হইবে বটে, কিন্তু ব্যাধি সারিবে না।

যাঁহারা মনে করেন, সৎ-জীবন যাপন করা, দেবতার পূজা প্রভৃতি করা কর্ত্তব্য, তাঁহারা সচরাচর প্রতারকগণের দ্বারাই বঞ্চিত হন। কারণ জগতে প্রতারক-শ্রেণীর লোকই অধিকাংশ। তীর্থসমূহ প্রতারকগণের দ্বারাই একরূপ পরিপূর্ণ। যাঁহারা আবার ঐ শ্রেণীর লোকের হাতে ভুক্তভোগী হইতেছেন বা হইয়াছেন, তাঁহারা অনেক সময়েই নাস্তিক হইয়া পড়েন। তাঁহারা মনে করেন, সকলেই প্রতারক—প্রকৃত সাধু কোথাও নাই। এমনকি, পুনঃ পুনঃ বঞ্চিত হইবার ফলে তাঁহাদের নিকট ভগবৎপ্রেরিত বৈকুণ্ঠের প্রকৃত সাধু উপস্থিত হইলেও তাঁহারা ঐ সাধুকে ঠগ বলিয়াই সাব্যস্ত করেন।

যিনি সত্য সত্যই নিজের সুবিধা চাহেন, তিনি সত্য সত্যই সাধুর দেখা পান এবং সেই সাধুর কৃপায় সাধুর স্বরূপও বুঝিতে পারেন। যিনি ভগবানের কথা শুনিতে ভালবাসেন, আর যিনি ভগবানের কথা ছাড়া দুনিয়ার আর কিছুই ভালবাসেন না, এইরূপ লোকের পরস্পর মিলনেই হরিকথা হয়।

ভগবান্ অমন্দোদয় যাঁহাদের প্রতি কৃপা করেন, যদি তাঁহারা কপটতা-রহিত হইয়া কায়মনোবাক্যে তাঁহার চরণে শরণাগত হন, তাহা হইলে দুস্তর অলৌকিক মায়াসমুদ্র উত্তীর্ণ হইতে পারেন। শরণাগত ভক্তের কুক্কুর শৃগাল-ভক্ষ্য দেহে 'আমি'ও 'আমার' বলে অভিমান থাকে না। সর্ব্বাত্মার আত্মনিবেদন ব্যক্তির উপর ভগবানের দয়া শতকরা শত পরিমাণ আসিয়া যায়। যাঁহারা বিষ্ণুতে একরূপ সেবক তাঁহারাই ঐকান্তিক। যাঁহারা ঐকান্তিক নহেন, তাঁহারা ব্যভিচারী। যদি সর্ব্বদা বিচার থাকে আমাদের মাথাতে হইবে, তাহা হইলে আমরা মহাপ্রভুর বিচার গ্রহণ করিতে পারিব। যে সকল জিনিষ ভগবান্ নন, তাহারাই সর্ব্বদা আমাদিগকে সংসারে টানিতেছে। আমরাও উঠিয়া পড়িয়া সংসারে প্রমত্ত হইয়া লাগিয়াছি।

বৈষ্ণবসার্ব্বভৌম শ্রীল জগন্নাথ

(২)

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ শ্রীল জগন্নাথদাস বাবাজী মহাশয়ের সঙ্গে এই স্থানে সারারাত্রি জাগরণ করিয়া হরিকীর্ত্তনমুখে একাদশীব্রত-পালনের আদর্শ প্রদর্শন করেন। এই সময়ের বিবরণ শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ স্বসম্পাদিত শ্রীসজ্জনতোষণী পত্রিকায় এইরূপ লিখিয়াছেন,—

'পূর্ব্বরাত্রে একাদশী-জাগরণের পর প্রাতে ৮ ঘটিকার সময় প্রাচীন সমস্ত ভক্তবৃন্দ মহাসমারোহের সহিত কীর্ত্তনে বাহির হইলেন। পরমপূজ্যপাদ সিদ্ধ শ্রীজগন্নাথ দাস বাবাজী মহাশয়কে অগ্রবর্ত্তী করিয়া সকলে প্রপন্নাশ্রমে পৌঁছিলেন। তথায় কীর্ত্তন-সময়ে বাবাজী মহাশয়ের যে সকল ভাবের উদয় হইতে লাগিল, তাহা বর্ণন করা যায় না। শতবর্ষের উর্দ্ধ বয়সে সেখানকার সকলের ভাব নৃত্য করা এবং মধ্যে মধ্যে 'নিতাই 'ক নাম এনেছে রে। নাম এনেছে নামের হাটে শ্রদ্ধামূল্যে নাম দিতেছে রে।' ইত্যাদি ধুয়া অবলম্বন করিয়া অজস্র ক্রন্দন ও ভূমি লুণ্ঠন সময়ে তথায় যে একটি অপূর্ব্ব দৃশ্যের উদয় হইয়াছিল, তাহা আর দেখা যায় না। বাবাজী মহাশয়ের ভাবদর্শনে এবং কীর্ত্তনানন্দে নিমগ্ন হইয়া সকলেই প্রায় অশ্রুপুলকে পরিপূর্ণ ও ভাবে গদ্গদ হইয়া বহুক্ষণ নৃত্য করিয়াছিলেন। অনেকক্ষণ পরে কীর্ত্তন স্থগিত হইলে সাধ্বস্থ একটি সংক্ষিপ্ত বক্তৃতা হইল। বাবাজী মহাশয় বিশেষ আনন্দ প্রকাশ করিয়া প্রপন্নাশ্রমের কার্য্য সেইদিন হইতে আরম্ভ হইবার আজ্ঞা প্রদান করিলেন। বিশ্বাস'ও মহাশয় বাবাজী মহাশয়ের অনুমত্যনুসারে ও স্বয়ং প্রপন্নাশ্রম প্রতিষ্ঠাকার্য্য সমাপ্ত করিলেন।

স্কুল, ডাক্তারখানা প্রভৃতি প্রতিষ্ঠার সময় সর্ব্বদেশে স্থানীয় প্রধান লোককে সভাপতি করা হয়। তদনুসারে যে তৎকালে উপস্থিত পরমপূজ্যপাদ শ্রীল জগন্নাথদাস বাবাজী মহাশয়কে প্রপন্নাশ্রম-প্রতিষ্ঠার সভাপতির আসন দেওয়া হইয়াছিল, তাহা সর্ব্বতোভাবে শ্রেষ্ঠ। যে যে গ্রামে প্রপন্নাশ্রম স্থাপিত হয়, তাহার প্রতিষ্ঠা এইরূপে করা কর্ত্তব্য।"

এই সময় ঠাকুর ভক্তিবিনোদ শ্রীল জগন্নাথদাস বাবাজী মহারাজের সহিত আমলাজোড়া গ্রামে অবস্থান করিয়া অহোরাত্র গৌর-কৃষ্ণকথা আলোচনা, কীর্ত্তন, শ্রীমদ্ভাগবত ও শ্রীচৈতন্যচরিতামৃতাদি পাঠ ও ব্যাখ্যা করিয়াছিলেন। শ্রীল বাবাজী মহাশয় ঠাকুর ভক্তিবিনোদের ন্যায় সুশিক্ষিত ও সামর্থ্যযুক্ত ব্যক্তির হরিনাম-প্রচারে স্বাভাবিক উৎসাহ দেখিয়া তাঁহাকে জগতে শ্রীগৌরনাম, শ্রীগৌরধাম ও শ্রীগৌরকাম প্রচার করিবার জন্য আবশ্যক প্রেরণা প্রদান করেন।

শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর বৃন্দাবন হইতে প্রত্যাবর্ত্তন করিয়া শ্রীল জগন্নাথদাস বাবাজী মহাশয়ের মনোঽভীষ্ট-পরিপূরণ-কল্পে বিশেষভাবে প্রচার-কার্য্য আরম্ভ করেন। এই সময়ের কথা শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ তাঁহার আত্মচরিতে এইরূপ লিখিয়াছেন,—

'বাটী আসিয়া স্থানে স্থানে নাম-প্রচার ও বক্তৃতা হইতে লাগিল। কখন গোদ্রুম, কখন কলিকাতা, সময় সময় কৃষ্ণনগরে বক্তৃতা। ১৮৯৩ সাল উপস্থিত হইল, ঐবৎসর বিশেষ সমারোহে শ্রীগৌরাঙ্গের পাদোৎসব ও শ্রীমায়াপুর দর্শনোৎসবে শ্রীজগন্নাথদাস বাবাজী মহাশয় বহু সংখ্যক বৈষ্ণব লইয়া গিয়াছিলেন।"

১২৯৯ বঙ্গাব্দের মাঘমাসে শ্রীল জগন্নাথ স্বীয় পারিষদসহ শ্রী নবদ্বীপ হইতে শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের অভ্যর্থনা-ক্রমে শ্রীগোদ্রুমস্থ সুরভিকুঞ্জে আসিয়া আসন গ্রহণ করেন। ২৭শে মাঘ বুধবার শ্রীসুরভি-কুঞ্জে শ্রীল বৈষ্ণবসার্ব্বভৌম ও ঠাকুর ভক্তিবিনোদের সম্মেলনে এক অপূর্ব্ব হরিকীর্ত্তন-নর্ত্তনের উৎসব প্রকাশিত হইয়াছিল। সমস্ত কীর্ত্তনাধ্যায়ী কীর্ত্তনের রোলে দুগ্ধাব্ধি (?) ও প্রেমবন্যায় প্লাবিত হইয়াছিল।

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ যে শ্রীল জগন্নাথদাস বাবাজী মহারাজের আনুগত্যে শ্রীধাম-প্রকাশ-সেবা করিবার জন্য শ্রীগৌর-সুন্দরের ইচ্ছায় বিশেষ ব্যাকুল হইয়াছিলেন, তাহা আমরা ঠাকুর ভক্তিবিনোদের লেখনী হইতে দেখিতে পাই। 'বিষ্ণুপ্রিয়া পত্রিকায়' শ্রীল ঠাকুর বলিতেছেন,—

"হে ভক্তবৃন্দ! আমরা অত আশা ও মত চিন্তা দূরে ফেলিয়া এই ক্ষণে মহাতীর্থের স্থানভাব আবিষ্কার করিতে যত্ন করুন। * * হে শ্রীবৈষ্ণবগণ! বিলম্ব করিও না, প্রভু ও প্রভুপার্ষদগণের লীলাস্থান দেখিবার জন্য আমাদের ভাব আকিঞ্চন পাষাণগণ নিতান্ত ব্যাকুল হইয়াছেন। এবে ভক্তগণ শ্রীকৃষ্ণের লীলাস্থান দেখিতে যখন অত্যন্ত ব্যাকুলিত হইলেন, তখন দয়াময় শ্রীশ্রীচৈতন্যদেব শ্রীসনাতন প্রভৃতি পার্ষদকারপূর্ব্বক দুই বান্ধবেরে শ্রীমথুরা ও শ্রীবৃন্দাবন দেখাইয়া দিলেন। সনাতন গোস্বামীর

তুলায় এখন সকলেই সেই তীর্থের মহিমা উপলব্ধি করিতেছেন। হে জগন্নাথদাস প্রভু'র অনুগামী গৌরাশ্রিত ভক্তগণ! আপনাদের চরণে আমরা দণ্ডবৎ পতিত হইয়া কৃতাঞ্জলিপূর্ব্বক প্রার্থনা করিতেছি, আপনারা শ্রীসনাতন গোস্বামীর পদাঙ্কিত হইয়া শ্রীশ্রীমায়াপুরের স্থানসমূহ নির্দ্দেশ করুন। এখন আপনারাই আমাদিগের ভরসা, আর কাহাকে জানাইব?"

শ্রীল জগন্নাথ গৌরধামপ্রচারে এত উৎসুক ছিলেন যে, যে বৎসর শ্রীমন্মহাপ্রভু শ্রীধাম-মায়াপুর যোগপীঠে প্রকাশিত হন, সেই বৎসর অর্থাৎ ১৩০০ বঙ্গাব্দের ফাল্গুন মাসে তিনি ব্রজমণ্ডলের অনেক ভজনানন্দী নিষ্কিঞ্চন বৈষ্ণবগণকে গৌড়মণ্ডলে আহ্বান করেন। তদানীন্তন নিষ্কিঞ্চন-বৈষ্ণবগণের ভজনানন্দী বর্ষীয়ান্ বাবাজী মহাশয়ের আহ্বান কোন অকপট ভজনানন্দী বৈষ্ণব-মহাত্মাই অস্বীকার করেন নাই। যিনি বিশ-ত্রিশ বৎসরকাল ব্রজে থাকিয়া ভজন করিতেছিলেন, সেই নিষ্কিঞ্চন পরমহংস শ্রীল গৌরকিশোর দাস গোস্বামী প্রভু পর্য্যন্ত শ্রীল জগন্নাথদাস বাবাজী মহাশয়ের আহ্বানে গৌড়মণ্ডলে আগমন করিয়া তদবধি অপ্রকটকাল পর্য্যন্ত একাদিক্রমে শ্রীনবদ্বীপমণ্ডলে ভজন করেন।

১২৯৯ বঙ্গাব্দে শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব দিবসে (২০শে ফাল্গুন, বৃহস্পতিবার) শ্রীশ্রীল জগন্নাথদাস বাবাজী মহারাজ কুলিয়া নবদ্বীপের বহু লোক লইয়া সঙ্কীর্ত্তন-শোভাযাত্রার সহিত শ্রীধামমায়াপুর যোগপীঠে উপস্থিত হন। সেই স্থান স্পর্শ করিবামাত্র বাবাজী মহাশয় এস্থানকে 'জগন্নাথমিশ্রের গৃহ' বলিয়া উক্তি করিলেন। আবার পূর্ব্ববিদিত খোলভাঙ্গার ডাঙ্গায় সঙ্কীর্ত্তন-দল উপস্থিত হওয়ামাত্র তাঁহাদের বড় খোলখানি ভাঙ্গিয়া গেল।"

এই সম্বন্ধে কথা শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ তাঁহার সজ্জনতোষণীতে এইরূপ ভাবে বর্ণন করিয়াছেন,—"২০শে ফাল্গুন বৃহস্পতিবার বেলা ১১টার সময় পশ্চিমপার-নবদ্বীপের ভক্তবৃন্দ তিনখানি নৌকায় পার হইলেন। তৎপরে মহেন্দ্র বাবু তাঁহাদিগকে পার করিয়া আনিলেন। পরমভাগবত শ্রীযুক্ত জগন্নাথদাস বাবাজী মহাশয়কে পাল্কীতে করিয়া লওয়া হইল। শ্রীমায়াপুর যাত্রি-সংখ্যা তখন আর গণনা করা যায় না, মায়াপুরের নিকটবর্ত্তী হইয়া দেখা গেল যে, শ্রীযুক্ত ভক্তবর দ্বারিক বাবু শ্রীশ্রীমহাপ্রভুর জন্মস্থানে একটী সঙ্কীর্ত্তনের দল লইয়া নানাবিধ পতাকা উড্ডীয়মান করত মহানন্দে বাবাজী মহাশয়দিগের প্রতীক্ষা করিতেছেন। সমস্ত ভক্তবৃন্দ যখন জন্মভিটার উপর উঠিয়া নৃত্য করিতে লাগিলেন, তখন একটী অপূর্ব্ব শোভা সমস্ত নবদ্বীপমণ্ডলে বিস্তীর্ণ হইয়াছিল। বোধ হয়, এরূপ শোভা আর চারিশত বৎসর হয় নাই। সকল বৈষ্ণব মিলিয়া শেষে স্থির করিলেন যে, প্রভুর জন্মস্থানে একটী সেবা ও শ্রীবাসাঙ্গন খণ্ডে একটী সেবা স্থাপন হউক। শ্রীল জগন্নাথদাস বাবাজী মহাশয় শেষে এই অভিপ্রায় প্রকাশ করিলেন যে, জন্মস্থানে শ্রীজগন্নাথ মিশ্র ও শ্রীশচীদেবী এক স্থলে এবং শ্রীবিষ্ণুপ্রিয়া ও লক্ষ্মীদেবী দুই পার্শ্বে, শ্রীমহাপ্রভুর কৈশোরমূর্ত্তি মধ্যস্থলে স্থাপিত হউক। শ্রীবাসাঙ্গনে পঞ্চতত্ত্ব স্থাপিত হউক।"

শ্রীল প্রভুপাদের শ্রীমুখে শুনিয়াছি যে, শ্রীধামমায়াপুর শ্রীযোগপীঠে যে কদম্বকুঞ্জটী আছে, তথায় আসিয়া শ্রীল জগন্নাথদাস বাবাজী মহারাজ নৃত্য করিয়াছেন এবং আমাদের পরমগুরুদেব শ্রীল গৌরকিশোরদাস গোস্বামিপ্রভু তথায় উপবেশন করিয়া ভজনানন্দে ও হরিকথা কীর্ত্তনানন্দে মগ্ন থাকিতেন। ১৩৪১ বঙ্গাব্দের ৬ই ফাল্গুন শ্রীযোগপীঠে উপবেশন করিয়া শ্রীল প্রভুপাদ শ্রীগীতগোবিন্দের "বেদানুদ্ধরতে" ও শ্রীভক্তিরসামৃতসিন্ধুর "অখিলরসামৃতমূর্ত্তিঃ" এই সর্ব্বশ্রেষ্ঠ শ্লোকদ্বয়ের ব্যাখ্যাকালে বৈষ্ণবসার্ব্বভৌম শ্রীল জগন্নাথদাস বাবাজী মহাশয়কে "বাগেশ্বরী জগন্নাথের অবতার" বলিয়া জানাইয়াছিলেন। যেরূপ বিপ্রলম্ভরস ধাম কুরুক্ষেত্রের গৌরকৃষ্ণপদাঙ্কিত নিকটস্থ থানেশ্বরের প্রাচীসরস্বতীর তীরে জগন্নাথের ভবনে মহাপ্রভু পদার্পণ করিয়াছিলেন, তদ্রূপ বৈষ্ণবসার্ব্বভৌম শ্রীল জগন্নাথের বিপ্রলম্ভময় হৃদয়ভূমিতে শ্রীগৌরসুন্দর ও তাঁহার ধাম প্রকাশের প্রেরণা আত্মবিকাশে সমাগত হইলে শ্রীল জগন্নাথ তাহা ভক্তিবিনোদে সঞ্চারিত করিয়াছিলেন। এতৎপ্রসঙ্গে শ্রীল প্রভুপাদ শ্রীনবদ্বীপের পক্ষে বা সরস্বতীনদীকে আবার প্রাচীনসরস্বতী এবং যোগপীঠে কদম্ববৃক্ষের পাদমূল হইতে বঙ্গা ও যোগপীঠের পাদদেশ বিধৌত করিয়া গঙ্গা প্রবাহিত হইবার কথা বলিয়াছিলেন। অতএব আমরা শ্রীল প্রভুপাদের বাক্যানুসারে বৈষ্ণবসার্ব্বভৌম শ্রীজগন্নাথকে 'বাগেশ্বরী জগন্নাথের অবতার' বলিয়াই বন্দনা করিতেছি। সরস্বতীতীরস্থ গোদ্রুমের সুরভিকুঞ্জে শ্রীজগন্নাথের হৃদয়ে বাগ্ভবস্ফূর্ত্তি-স্বরূপতত্ত্ব গৌরসুন্দর উদিত হইয়া ভক্তিবিনোদকে সেই প্রেরণায় উদ্ভাসিত করিয়াছিলেন।

এতদ্ভিন্ন শ্রীল প্রভুপাদ শ্রীজগন্নাথদাস বাবাজী মহারাজের সংক্ষিপ্ত পরিচয়ে লিখিয়াছেন, "শ্রীল জগন্নাথদাস গৌরজন্মস্থানের নির্দ্দেশক ও শ্রীনাম-প্রচারিণী সভার প্রাক্তন মূল-পুরুষ। শ্রীচৈতন্যদেব তাঁহাকে এই প্রপঞ্চে জীবোদ্ধারকল্পে প্রেরণ করিয়া স্বীয় প্রকৃত জন্মস্থান নির্দ্দেশ করাইয়া দিয়াছেন। বাঙ্গালা ১৩০০ সালে শ্রীল জগন্নাথদাস শ্রীগৌরজন্মস্থান নির্দ্দেশ করিয়া এক-বৎসরের মধ্যেই নিজ-প্রকটলীলা সংগোপন করেন"।

শ্রীল জগন্নাথ যেরূপ শ্রীভক্তিবিনোদের সংশোধক, শ্রীল ভক্তিবিনোদও তদ্রূপ শ্রীল জগন্নাথের শ্রেষ্ঠ সেবক। যাহারা গুরু বা মহাপুরুষের শ্রেষ্ঠত্ব নির্দ্ধারণের বিচারের মাপকাঠি দিয়া ওজন করে, তাহারা এই কথার মর্ম্ম হৃদয়ঙ্গম করিতে পারিবে না। শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ শ্রীল জগন্নাথের পাঞ্চরাত্রিকী দীক্ষায় শিষ্য ছিলেন না, কিংবা তিনি শ্রীল বাবাজী মহারাজের হস্ত-পদাদি সম্বাহন বা পাকাদি কার্য্য অথবা আতুর শ্রীল বাবাজী মহাশয়কে তাঁহার অন্য কোন শিষ্যের ন্যায় একস্থান হইতে অন্য স্থানে স্কন্ধে বহন করিবার সেবা বা সাধারণ বর্ণনে নিরন্তর সঙ্গে সঙ্গে অবস্থানাদিও করেন নাই। শ্রীল বাবাজী মহাশয়ের অন্য এক ব্রজবাসী শিষ্য ক্রমাগত ৮০ বৎসর শ্রীল বাবাজী মহাশয়ের ঐ সকল সেবা করিয়াছিলেন, তথাপি শ্রীভক্তিবিনোদ যাহার বা শ্রীরূপানুগবরের ঠাকুর ভক্তিবিনোদ যেরূপ বৈষ্ণব-সার্ব্বভৌমের মনোঽভীষ্ট-পরিপূরক শ্রেষ্ঠ অন্তরঙ্গ নিজজন বলিয়া পরিচিত, ক্রমাগত চল্লিশ বৎসর গুরুসেবা এবং প্রায় একশত বৎসরকাল ব্রজে বাস করিলেও আমরা তাঁহাকে শ্রীল ভক্তিবিনোদের ন্যায় শ্রীল বাবাজী মহারাজের সেরূপ 'শ্রেষ্ঠ সেবক' বলিতে পারি না। কারণ শ্রীল বাবাজী মহারাজের চিত্তবৃত্তি ও ভক্তিসিদ্ধান্তের বিচার আর ঠাকুর ভক্তিবিনোদের চিত্তবৃত্তি ও সিদ্ধান্ত অভিন্ন ছিল। যেখানে গুরু ও শিষ্যের চিত্তবৃত্তি একরকমের প্রায় অভিন্ন, সেখানেই অন্তরঙ্গত্ব ও শ্রেষ্ঠত্ব প্রকাশিত। শ্রীল জগন্নাথের মনোঽভীষ্ট পরিপূরণের জন্যই ঠাকুর ভক্তিবিনোদের অবতার। ঠাকুর তাঁহার সর্ব্বস্ব দ্বারা গুরুসেবা করিয়াছেন, আংশিক সেবা করেন নাই, কিংবা গুরু-সেবার ছলনে কনক-কামিনী প্রতিষ্ঠা বা কোনরূপ বঞ্চনা গ্রহণ করেন নাই।

শ্রীল বাবাজী মহাশয় তাঁহার অপ্রকটের কিছুদিন পূর্ব্বে তাঁহার উক্ত ঝাঁকা বহনের পালাকারী ব্যক্তিকে বলিয়াছিলেন,—'ভজনে থেকো, পেটের জন্য কোন কষ্ট পেতে হবে না, আর ভাবতেও হবে না।'

বৈষ্ণবসার্ব্বভৌমের ভার সম্বন্ধবিবেচনা-বশিষ্ট ক্রমাগত চল্লিশ বৎসরের সেবার ফল কি উদরের সংস্থান বা জাগতিক অভাব-পরিপূরণ? শ্রীল ঠাকুর ভক্তিবিনোদকে কিন্তু শ্রীল জগন্নাথদাস বাবাজী মহাশয় এরূপ কোন কথা বলেন নাই, তাঁহাকে শ্রীল বাবাজী মহাশয় শ্রীগৌরসুন্দরের বাণীসমূহ লেখনীর মধ্য দিয়া বিশ্বসমাজে প্রচার করিবার জন্য গৌরধাম, গৌরনাম ও গৌরকাম প্রচারের জন্য ভার প্রদান করিয়া গিয়াছেন। শ্রীজগন্নাথের সেই উৎসাহ-সঞ্চারিত হইয়া নিত্যসিদ্ধ গৌরজন শ্রীল ভক্তিবিনোদ শ্রীশ্রীগৌরগোবিন্দের মনোঽভীষ্ট প্রচারের আবাহন প্রদান করিয়াছিলেন।

শ্রীনবদ্বীপধাম প্রচারিণী সভা

(৩য় পৃষ্ঠার পর)

পণ্ডিত শ্রীপাদ অপ্রাকৃত ভক্তিসারঙ্গ গোস্বামী প্রভু বক্তৃতা-প্রসঙ্গে শ্রীশ্রীল আচার্য্যদেবের অলৌকিক মহিমা, বৈশিষ্ট্য ও ও অপার করুণা এবং মঠবাসী ও গৃহস্থ-ভক্তগণের গুণকীর্ত্তন করিয়া সকলের আনন্দবর্দ্ধন করেন। অনন্তর 'মহোপদেশক' শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ বিস্তৃতরূপ শ্রীধাম প্রচারিণীসভার কথা কীর্ত্তন করিলে পর সন্ধ্যারাত্রিক কীর্ত্তন হয়। সন্ধ্যারাত্রিকের পর পুনরায় ভক্ত ও সজ্জনগণকে বস্ত্রাদি প্রদান করা হয়। তৎপরে সভাপতি মহোদয় একটি অভিভাষণ প্রদান করিলে পর মহাজনপদাবলী কীর্ত্তনান্তে সভা ভঙ্গ হয়।

সভায় বহু শিক্ষিত সজ্জনব্যক্তি উপস্থিত ছিলেন। বিস্তৃত বিবরণ গৌড়ীয়ে প্রকাশিত হইবে।

শুদ্ধভক্তি-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠ-মূলমঠ

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীচন্দ্রশেখর ভবনে শ্রীচৈতন্যমঠ, সরস্বতী-কুঞ্জ, শ্রীশ্রীরাধাকৃষ্ণ শ্রীগৌর, গোপাল আচার্য্য চতুষ্টয় বিরাজ করেন। সুপ্রাচীন গ্রন্থ-ভাণ্ডার ও সংস্কৃত প্রকাশ-সঙ্ঘ আছে।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৫ কলিকাতায় শ্রীভক্তিবিনোদ আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠ পাঠ, সংকীর্ত্তন, প্রাণাঢ়ালুষ্ঠান গৌড়ীয় শ্রীমদ্ভাগবতাদি গ্রন্থের সম্যক আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও হার্ম্মনিষ্ট পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়।

(৩) যোগপীঠ মায়াপুর পীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব ভূমি মহাযোগপীঠ।

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এখন বর্ত্তমান।

(৬) মুরারিগুপ্তের পাট

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৭) কাজি-সমাধি-পাট

প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)

ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি।

(৮) অন্তর্দ্বীপ শ্রীগৌরনাম শ্রীধাম মায়াপুর

(৯) আনন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)

এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)

গৌড়পাদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ জাননগর (বর্দ্ধমান)

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মাউগাছি, পোঃ ভালুকা, (বর্দ্ধমান)

শ্রীব্যাসাবতার ঠাকুর বৃন্দাবনের স্থান

(১৩) ঋতুদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(১৪) জহ্নুদ্বীপ গৌড়ীয়মঠালয়

(১৫) সুবর্ণবিহার গৌড়ীয়মঠ

গৌড়পুর, নদীয়া

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ

মাজিদা (শ্রীনৃসিংহদেবের পল্লীর 'নৃসিংহ') পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৭) কুঞ্জকুটীর

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

(২০) মহেশ-পণ্ডিতের পাট

চাকদহ, পোঃ চাকদা (নদীয়া)

(২১) রাণাঘাট গৌড়ীয়মঠাশ্রম

(২২) পুরী গৌড়ীয়মঠ

চব্বিশ পরগণা

(২৩) মাধ্বগৌড়ীয় মঠ

নারিন্দা পোঃ ওয়ারি, ঢাকা।

পূর্ব্ববঙ্গের প্রচার কেন্দ্র।

(২৪) গোপালজীউমঠ

কমলাপুর, পোঃ ঢাকা

(২৫) গদাই-গৌরাঙ্গ মঠ

পোঃ বালিয়াটি, (ঢাকা)

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

মসুরাকান্দি, পোঃ ময়মনসিংহ

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চকচকা, কামরূপ (আসাম)

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

৩নং পাগলা বিল্ডিং, দার্জ্জিলিং

(৩০) সারস্বত-গৌড়ীয়মঠ

পোঃ হরিদ্বার, জেঃ সাহারণপুর, ইউ, পি

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

দিঘাপুর পাটনা)

(৩২) গয়া গৌড়ীয়মঠ

রমনা রোড, গয়া

(৩৩) সনাতন গৌড়ীয় মঠ

৮।১৭ বড় গম্ভীরসিং, বেনারস সিটি

(৩৪) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

(৩৫) সত্যবাদে মঠ,

পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়

বিশ্রামঘাট পোঃ মথুরা

(৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণসহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ

গোপালপুর, বৃন্দাবন

(৩৯) গৌড়ীয়মঠ কুসুমকুঞ্জ

পোঃ রাধাকুণ্ড, মথুরা

(৪০) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪১) রাধাকুণ্ড ভজনকুটী

(৪২) শ্রীগোবর্দ্ধনমঠালয়

গোবর্দ্ধন, মথুরা

(৪৩) সঙ্কেত বিহারী মঠ

বরষাণা, মথুরা।

(৪৪) নন্দগ্রাম গৌড়ীয়মঠালয়

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৫) বরষাণা গৌড়ীয়মঠালয়

পোঃ বরষাণা, মথুরা

(৪৬) গোকুলবিহারী মঠ—সেনপাড়া,

পোঃ কোটোল, জেলা গুজরাট (পাঞ্জাব)

(৪৭) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

(৪৮) দিল্লী গৌড়ীয় মঠ

৪৩নং ওয়ান রোড, নিউ দিল্লী,

(৪৯) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, কল্যাণধাম বিল্ডিং বোম্বে ৭

(৫০) মাদ্রাজ-গৌড়ীয়মঠ

পোঃ মাইলাপুর, মাদ্রাজ

শ্রীশ্রীগৌর-রাধা-গোবিন্দ-বিগ্রহের সেবা

(৫১) কাবুর গৌড়ীয়মঠ

পোঃ কাবুর, জেলা গোদাবরী মাদ্রাজ

শ্রীশ্রীগৌর-রাধা-গোবিন্দ-বিগ্রহের সেবা

(৫২) ব্রহ্মগৌড়ীয়মঠ

আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)

(৫৩) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা

(৫৪) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৫) লীলাকুটী

(৫৬) ভিন্দি-গৌড়ীয়মঠ

পোঃ কটক, পুরী

(৫৭) সচ্চিদানন্দ মঠ

সাতসাদি, পোঃ কটক (উড়িষ্যা)

(৫৮) বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ

(৫৯) শ্রীপুরুষোত্তমগৌড়ীয় প্রচার-মণ্ডল

পোঃ মজুমদার, গয়া

(৬০) ভাগবতজনানন্দ মঠ

চাঁদপুরা, পোঃ নারায়ণগড়, মেদিনীপুর

(৬১) কলাই গৌড়ীয়মঠ

পোঃ কলাই, মেদিনীপুর

(৬২) আমলাজোড়া প্রপন্নাশ্রম মঠ

পোঃ রাণীগঞ্জ (বর্দ্ধমান)

(৬৩) চৈতন্যগৌড়ীয়মঠ

চুঁচুড়া, পোঃ চিনসুরা, (মালদহ)

(৬৪) রেঙ্গুন গৌড়ীয়মঠ

২০১ নং ল্যান্সডাউন ষ্ট্রীট, রেঙ্গুন।

(৬৫) লণ্ডন-গৌড়ীয়মঠ

ফ্ল্যাট নং ২

৫১, হাইমন্ট রোড

গ্ল্যাস্টার, এস্ ডব্লিউ, ৫

(৬৬) গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

১৪।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা

(৬৭) গৌড়ীয়মঠ অফিস

২০৪ ক্লিস্টোন রোড, লক্ষ্ণৌ (ইউ-পি)

(৬৮) শ্রীবিদ্যানিধি গৌড়ীয়মঠালয়

মহানন্দন, চট্টগ্রাম

শ্রীধাম মায়াপুর নদীয়া-প্রকাশ প্রেসিং ওয়ার্কস্ হইতে মহোপদেশক শ্রীপ্রমোদভূষণ চক্রবর্ত্তী প্রত্নবিদ্যালঙ্কার সম্পাদিত
শ্রীঅনন্ত ব্রহ্মচারী ভক্তিসারঙ্গ, গোস্বামী কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

সংবাদের পৃষ্ঠার		[illegible] পৃষ্ঠার
১ম ও দ্বিতীয় বার	পরবর্তী দিনের জন্য	[illegible]
প্রতিবারে প্রতি লাইনের ১০	৷৵০	[illegible]
ঐ ঐ ইঞ্চি ২৲		[illegible]
সিকিকলম ৫৲		[illegible]
অর্দ্ধকলম ৮৲	৯৲	[illegible]
এক কলম ১৬৲	১০৲	[illegible]

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিবারে প্রতি ইঞ্চি ৯	[illegible]
ঐ সিকি কলম ১৫৲	[illegible]
ঐ অর্দ্ধকলম ২৫৲	[illegible]
ঐ এক কলম ৩৫৲	[illegible]

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	[illegible]
ষাণ্মাসিক ঐ	[illegible]
ত্রৈমাসিক ঐ	[illegible]
মাসিক ঐ	[illegible]

প্রতি সংখ্যা [illegible] । বিশেষ সংখ্যার [illegible] ।

শ্রীধাম-মায়াপুরে

শ্রী [illegible] ঠাকুর [illegible] ইনষ্টিটিউট

[illegible]

[illegible] বিদ্যালয় ও [illegible] আহার ও [illegible] । [illegible] ছাত্রগণের জন্য [illegible] সুন্দর বাসস্থানের ব্যবস্থা [illegible] মাসিক মাত্র ৬৲ টাকা । এই বিদ্যালয়ের [illegible] পরীক্ষায় [illegible] ফল প্রদর্শন [illegible] । [illegible] ছাত্রের মধ্যে ১২ জন [illegible] উত্তীর্ণ হইয়াছে ।

মেধাবী ছাত্রগণের আরও সুবিধা

পরীক্ষায় যাহারা [illegible] রাখিতে পারিবে, ৭ম ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর [illegible] মেধাবী ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয় ।

সেক্রেটারী, ঠাকুর [illegible] ইনষ্টিটিউট, [illegible], পোঃ শ্রীমায়াপুর, নদীয়া ।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও [illegible] আলোচিত হইয়াছে । এই এক অপূর্ব্ব [illegible] বিরাট গ্রন্থ । ইহার ভিক্ষা মাত্র ২৲ টাকা ।

শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী

শ্রীল প্রভুপাদের [illegible] শ্রীল আচার্য্যদেবের [illegible] "শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী" প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে । [illegible] ইহাতে দুইটি বিভাগ আছে । পূর্ব্বার্দ্ধে শ্রীল প্রভুপাদের [illegible] প্রবন্ধাবলী [illegible] সম্পাদিত '[illegible]' [illegible] শ্রীল প্রভুপাদের "[illegible]" সাপ্তাহিক [illegible] হইতে [illegible] ও প্রয়োজনীয় অংশের টীকা সহ প্রকাশিত হইয়াছে । উত্তরার্দ্ধে শ্রীল প্রভুপাদের সম্পাদিত '[illegible]'র [illegible] প্রবন্ধ [illegible] হইয়াছে । প্রবন্ধগুলি [illegible] প্রদত্ত হইয়াছে ; [illegible] শ্রীল আচার্য্যদেবের একটি মূল্যবান উপোদ্ঘাত ও [illegible] একটি বিস্তৃত ভূমিকা, [illegible] ও [illegible] সংযোজিত হইয়াছে । [illegible] উৎকৃষ্ট কাগজে পারিপাট্যের সহিত মুদ্রিত ও শ্রীল প্রভুপাদের [illegible] বাঁধাই হইয়া প্রকাশিত হইয়াছে । প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্য মঠ, পোঃ শ্রীমায়াপুর, জিলা নদীয়া ; [illegible], পোঃ [illegible], [illegible] ও [illegible], [illegible], পোঃ [illegible], [illegible] ।

শ্রীল প্রভুপাদের পদ্যপ্রসূন মালা

এই গ্রন্থে ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ [illegible] গোস্বামী প্রভুপাদের রচিত পদ্যাবলী শ্রীল আচার্য্যদেবের [illegible] "[illegible]" [illegible] প্রকাশিত হইয়াছে । শ্রীল প্রভুপাদের [illegible] হইয়াছে । ইহার ভিক্ষা মাত্র ৷০ আট আনা ।

শ্রীচৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভুর [illegible] শ্রী [illegible] ও চরিত্র [illegible] ভাবে সন্নিবিষ্ট হইয়াছে । ইহার ভিক্ষা মাত্র ৪৲ টাকা । প্রাপ্তিস্থান—শ্রীযুক্ত [illegible], শ্রীমায়াপুর, [illegible], পোঃ [illegible], নদীয়া ।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্শা কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপদেশক পারমার্থিক আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিশাস্ত্রী [illegible] সম্প্রদায়-বৈভবাচার্য্য এম এ মহোদয়ের লেখনী-প্রসূত এবং পরিশ্রম ও গবেষণার অদ্ভুত ফল আস্বাদন করিতে একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত্র-পাঠে মগ্ন হউন। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিবিধ চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রাচীন দর্শনের সহিত তুলনা-মূলে শ্রীমহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডে [illegible] অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের প্রণীত মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্ত্তার ভূমিকাদ্বয় (Prefaces), বিষয় তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র (Index Glossary) সহ অচিরেই প্রকাশিত। ভিক্ষা—১৫, পনর টাকা। প্রাপ্তিস্থান—বাগবাজার গৌড়ীয়মঠ, [illegible]; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা, শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম মায়াপুর জেলা—নদীয়া।

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু গ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১৩।১নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্

উৎকল কটক নগরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

[illegible]

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাটতি অত্যন্ত অধিক। লিভার প্লীহা সংযুক্ত জ্বরে এবং নূতন ও পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। মূল্য ছোট বোতল ৸৵০ দশ আনা, বড় বোতল ১৵০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা

অথবা

পোঃ বেহালা, ২৪ পরগণা

'ঠাকুর ভক্তিবিনোদ'

——:০:——

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধভক্তি প্রচারের মূল প্রবর্ত্তক সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অভিনব জীবনচরিত এতাবৎকাল পর্য্যন্ত গ্রন্থাকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু এতদিনে পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয়মঠাচার্য্যদেবের অনুকম্পায় [illegible] ও লেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু গ্রন্থাবলীর [illegible] সন্নিবিষ্ট হইয়াছে। [illegible] ১৪৪ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৮০ আনা; ডাক মাশুল স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান—গৌড়ীয় গ্রন্থবিভাগ

শ্রীগৌড়ীয়মঠ

পোঃ বাগবাজার

কলিকাতা

ই. বি. রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ ৪ ৩৬ ৬ ০৬ ৭ ২৬ ১২-২৬ ১৪ ৫৬ ১৬-৫৬ ১৭ ৫০ ২২ ৩৬

রাণাঘাট পৌঃ ৮-৪০ ১৪ ১৫

(বদল) ছাঃ ৯ ০১ ১৪-৪০

কৃষ্ণনগর পৌঃ ৭-১ ৮ ৪৫ ১০-৮ ১৫-২০ ১৭-২৮ ১৯-১১ ২০-১৩ ১-১২

(বদল) ছাঃ ৭ ১২ ১০-৩১ ১৭-৩৬ ২০-২৬

নবদ্বীপঘাট পৌঃ ৭-৫১ ১১ ১০ ১৮ ১৬ ২০-৪৬

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ ১১ ৬

রাণাঘাট পৌঃ ১২-৫৫

ছাঃ ১৩ ০

শান্তিপুর পৌঃ ১৩-২৬

(বদল) ছাঃ ১৩-৩১ (লাইট্ রেলওয়ে)

কৃষ্ণনগর পৌঃ ১৪-২

ছাঃ ১৪ ২০

নবদ্বীপঘাট পৌঃ ১৫-০

ডাউন

নবদ্বীপঘাট ছাঃ ৫ ৪৫ ৯ ২৫ ১৩-৩০ ১৬-০ ১৮-৩১

কৃষ্ণনগর পৌঃ ৬ ২৩ ১৩ ১০-৩ ১১-৪১ ১৪-১০ ১৬-৩৮ ১৯-১৯

ছাঃ ৬-২৩ ৭-১৮ ১০-১১ ১৬ ৫৩ ১৯-২৫

রাণাঘাট পৌঃ ১০-৪৬ ১৭-৩১

(বদল) ছাঃ ১১ ০ ১৭-৪০

কলিকাতা পৌঃ ৬ ১৩ ৯ ২১ ১২ ১ ১২-১৬ ১৪-১৩ ১৯-১১ ২১-৪১ ২৩-৫৩

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ ১৩-৩১ ১৬-০

কৃষ্ণনগর পৌঃ ১৪-১০ ১৬-৩৮

ছাঃ ১৫-২৮ ১৭-১৫

শান্তিপুর পৌঃ ১৬-৯ ১৭-৫৬

(বদল) ছাঃ ১৬-৩৩ ১৮-১ (রবিবার ভিন্ন) ১৮-৮ (রবিবার)

রাণাঘাট পৌঃ ১৭-১০ ১৮-২৭ ১৮-৩৩

(বদল) ছাঃ ১৭-৪৯ ১৮-৪০

কলিকাতা পৌঃ ১৯-১১ ২০-৬

পোঃ— শ্রীমায়াপুর
টেলিগ্রাম—শ্রীমায়া
শ্রীমায়াপুর

REGD NO C 1544

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

৪র্থ খণ্ড। শ্রীমায়াপুর—২৬শে ফাল্গুন, ১৩৪৫, ১০ই মার্চ্চ, ১৯৩৯, শুক্রবার। ৯ম সংখ্যা

বিবিধ সংবাদ

——:o:——

পাঞ্জাব পরিষদ মুলতুবী

পাঞ্জাবের প্রধান মন্ত্রী স্যার সেকেন্দর হায়াৎ খাঁ ও বিরোধী দলের নেতা ডাঃ গোপীচাঁদ ভার্গবের মধ্যে ঘরোয়া আলোচনার ফলে, স্যার সেকেন্দর হায়াৎ খাঁ ত্রিপুরী কংগ্রেসের অধিবেশনের সময় পাঞ্জাব পরিষদের অধিবেশন মুলতুবী রাখিতে রাজী হইয়াছেন। স্মরণ থাকিতে পারে যে, পূর্ব্বের ব্যবস্থা অনুসারে ৭ই, ৯ই ও ১০ই বাজেটের সাধারণ আলোচনা হইবার কথা ছিল, কিন্তু ডাঃ গোপীচাঁদ আলোচনা বর্জ্জন করিবেন বলিয়া ঘোষণা করেন।

———

রাজকোটে নূতন শাসনতন্ত্র

স্যার চাল্‌স্‌ ওয়াটসন কাঠিয়াবাড়ের যে নূতন শাসনতন্ত্র ঘোষণা করিয়াছেন, তাহাতে দায়িত্বশীল শাসন ব্যবস্থার প্রবর্ত্তন করা হইয়াছে। নবপ্রবর্ত্তিত শাসনতন্ত্রে [illegible] সহিত সংযোগ রক্ষা করিয়া [illegible] প্রতিনিধিবৃন্দের মারফৎ জনসাধারণের প্রতিনিধিত্বের ব্যবস্থা করা হইয়াছে। নির্ব্বাচনের তারিখ এখনও [illegible] হয় নাই। প্রতিনিধি পরিষদে [illegible] সরকারী সদস্য, [illegible] সদস্য [illegible] বেসরকারী সদস্য ও [illegible] নির্ব্বাচিত সদস্য থাকিবেন। পরিষদের সভায় সভাপতিত্ব করিবেন এবং [illegible] ভোট প্রদান [illegible] করিবেন।

হাওড়া জেলায় শিলাবৃষ্টি

গত ২৩শে ফেব্রুয়ারী বৈকালে হাওড়া জেলার উত্তরাঞ্চলে প্রবল শিলাবৃষ্টি ও ঝড় হইয়া গিয়াছে। ইহার ফলে বহু ঘরবাড়ী ও গাছপালা পড়িয়া গিয়াছে। এক একটি শিলা প্রায় চৌদ্দ তোলা ওজন ছিল। উহাতে আমের গুটি ও আম্রমুকুলের বিশেষ ক্ষতি হইয়াছে। কয়েকটি পশু ও মানুষ মারা গিয়াছে বলিয়া সংবাদ পাওয়া গিয়াছে।

———

আসামের নূতন গভর্ণর

গত ২৩শে ফেব্রুয়ারী সাপ্তাহিক আসাম গেজেটের একখানি অতিরিক্ত সংখ্যা প্রকাশিত হইয়াছে। উক্ত গেজেটে প্রকাশ, ঐ দিন অপরাহ্নে হিজ এক্সেলেন্সী মিঃ এইচ, জি, ডুণ্ডাস যথারীতি আসামের শপথ গ্রহণ করিয়া গভর্ণরের কার্য্যভার গ্রহণ করিয়াছেন।

প্যালেষ্টাইনে আবার হাঙ্গামা

প্যালেষ্টাইনের নানাস্থান হইতে পর পর কতকগুলি গোলযোগের সংবাদ পাওয়া গিয়াছে। হাইফায় দুইটি বোমা বিস্ফোরণের ফলে ২১ জন নিহত ও ৪৪ জন আহত হইয়াছে। হতাহতের মধ্যে মাত্র ২ জন ব্যতীত সকলেই আরব। সমগ্র সহরে সান্ধ্য আইন জারী করা হইয়াছে। জেরুজালেমে একটি বাজারে এক প্রচণ্ড বোমা বিস্ফোরণের ফলে ৩ জন আরব নিহত ও ৬ জন আহত হইয়াছে। টেল আবিবে একটি গাধা রাস্তার উপর দিয়া একটি ট্রেণ টানিয়া যাওয়ার পরেই একটি বাড়ীতে গোলা বোমা ফাটে, কিন্তু সৌভাগ্যক্রমে কোন ক্ষতি হয় নাই। [illegible] শহরের নিকটে একটি ইহুদীকে গুলি করিয়া হত্যা করা হয়। জেরুজালেমের উপকণ্ঠে আরবদের একটি বাসের উপর গুলি চালান হয়, কিন্তু গুলি কাহারও গায়ে লাগে নাই। অবিলম্বে এক সামরিক আদেশ জারী করা হইবে—লণ্ডন হইতে এই মর্ম্মে এক সংবাদ আসিয়া পৌঁছাতে আরবগণ উল্লাস করিতেছিল, ঠিক এই সময় গোলযোগের সংবাদ আসিয়া পৌঁছে। হাইফা, জেরুজালেম, জাফা প্রভৃতি [illegible] আরবগণ বিশেষ আনন্দ প্রকাশ করিয়াছে।

———

হিন্দুপ্রধান স্থানে গোহত্যা

ত্রিপুরা—কুমিল্লা হইতে প্রকাশ, গত ১১ই ফেব্রুয়ারী শনিবার ত্রিপুরা জেলার কচুয়া থানার অন্তর্গত সাচার বাজারে প্রকাশ্য দিবালোকে পর পর দুইটি গোহত্যা করা হইয়াছে। হিন্দুদিগকে জব্দ করিবার জন্য ভবিষ্যতে এরূপ ঘটনা আরও ঘটিতে পারে বলিয়া গুজব রটিয়াছে। ইতিপূর্ব্বে এ স্থানে আর কখনও হিন্দু মুসলমানের মধ্যে কোনরূপ বিদ্বেষ ভাব দেখা যায় নাই। এই গোহত্যার ব্যাপারে হিন্দুদের মধ্যে বিশেষ চাঞ্চল্য দেখা দিয়াছে। প্রকাশ যে, এক আবেদন দ্বারা ম্যাজিষ্ট্রেটের নিকট প্রার্থনা করা হইয়াছে যে, নিরপেক্ষ কর্ম্মচারীর দ্বারা উক্ত ব্যাপার বিশেষভাবে তদন্ত করা উচিত। ভবিষ্যতে এরূপ ঘটনা আর না ঘটিতে পারে, তজ্জন্য ব্যবস্থা অবলম্বনের অনুরোধ করা হইয়াছে।

সামরিক পুলিশ কর্ত্তৃক গুলী চালনা

[illegible] সময় সামরিক পুলিশকে একবার গুলি চালাইতে হইয়াছিল। গুলি চালনার ফলে এক ব্যক্তি আহত হয়। আহত ব্যক্তিকে হাসপাতালে স্থানান্তরিত করা হইয়াছে। অপরাহ্নে অনেক স্থানে বাধা হয়।

সম্বলপুরী হইতে প্রাপ্ত সংবাদে প্রকাশ, হিন্দু ও মুসলমানদের মধ্যে বাধা চলিয়াছে। ইহাতে মনে হয় যে, উত্তেজনা প্রশমিত হয় নাই।

দক্ষিণ আফ্রিকায় আক্রমণ কল্পনা

এরূপ জানা গিয়াছে যে, জেনারেল স্মিথ বেরার জেনারেল উবের প্রমুখ রাষ্ট্রীয় বিভাগ বন্দরের উপনিবেশ আক্রমণের ইটালি দিয়াছেন। জেনারেল গোয়েরিং আন্তর্জাতিক বিমান প্রদর্শনে যোগ দান করেন (সুতরাং সামরিক উপকূলবর্ত্তী ইটালির প্রসিদ্ধ বড় বিমান) পরিদর্শন দিয়াছেন। প্রকাশ যে, ইটালি ও স্পেন হইতে ব্যাপক আক্রমণের পরিকল্পনা সম্পর্কে ইটালি ও জার্ম্মাণ বিমান-বহরের উচ্চপদস্থ অফিসারদের মধ্যে এক বৈঠক হইবে।

এরূপ জানা গিয়াছে যে, প্যারিসস্থ বৃটিশ রাষ্ট্রদূত স্যার এরিক ফিপস ইটালিকে নূতন নূতন সুযোগ সুবিধা দিবার জন্য ফরাসী পররাষ্ট্র-সচিব মঃ বনেটের উপর চাপ দিতেছেন। ফ্রান্সের নাজী সমর্থকদের মধ্যে সুবিখ্যাত মঃ ফেরিনেঁ। বর্ত্তমানে বার্লিনে আছেন। ইনি ফরাসী পররাষ্ট্র সচিব মঃ বনেটের অন্তরঙ্গ বন্ধু। মঃ ফেরিনেঁ জার্ম্মাণ পররাষ্ট্র-সচিব ভন রিবেন্ট্রপের সহিত কথাবার্ত্তা চালাইতেছেন।

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল সরস্বতীদেবের পরিব্রাজক গোস্বামী মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক। [illegible] কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। সডাক ভিক্ষা [illegible] টাকা মাত্র।

২। গৌড়ীয়—[illegible] পবিত্র শ্রীপাদ [illegible] সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১। টাকা মাত্র।

৩। ভাগবত—[illegible] একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৪। পরমার্থী—শ্রীযুক্ত [illegible] মহাশয় সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ টাকা মাত্র।

৫। শ্রীগৌড়ীয়—[illegible] পবিত্র শ্রীপাদ [illegible] সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ মাত্র।

শ্রীশ্রীভক্তিবিনোদাবির্ভাব-শতবর্ষপূর্ত্তিতিথিপূজার উপায়ন-গ্রন্থমালা

———::(০)::———

১। গীতিসাহিত্যে শ্রীভক্তিবিনোদ

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র গীতিসাহিত্যের সমালোচনা-গ্রন্থ)

ভিক্ষা—৷৷৹ বার আনা মাত্র।

২। শ্রীভক্তিবিনোদবাণীবৈভব

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের রচনাবৃত্তসাগর হইতে আহৃত ১৬৮টি অধ্যায়ে সম্বন্ধ-অভিধেয়-প্রয়োজনাকারে গুম্ফিত অমূল্য উপদেশপূর্ণ গ্রন্থ)

ভিক্ষা—৩৲ তিন টাকা মাত্র।

৩। শ্রীশ্রীভক্তিবিনোদ-প্রসঙ্গ

ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ ও ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামীপ্রভু-বিরচিত এবং গৌড়ীয়ে প্রকাশিত শ্রীশ্রীভক্তিবিনোদ-চরিত-প্রবন্ধ

ভিক্ষা—৷৷৹ ছয় আনা মাত্র।

৪। ছাত্রদের ভক্তিবিনোদ

(ছাত্রদের উপযোগী ভাষায় লিখিত শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্র ও শিক্ষা)

ভিক্ষা—৷৷৹ বার আনা মাত্র।

(ছাত্রদের পক্ষে ভিক্ষা—৷৹ আট আনা মাত্র)

প্রাপ্তিস্থান :—

(১) 'ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট', পোঃ শ্রীমায়াপুর, নদীয়া;

(২) শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা;

(৩) শ্রীযুক্ত [illegible] দাস এম্-এ, বি-এল্, [illegible] পোঃ রমনা, ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বাঙ্গালাভাষায় প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবত,—[illegible] ৫০
[illegible] ১৮৲
[illegible] ৯৲
২। [illegible] ৬৲
৩। [illegible] ৬
৪। [illegible] ৬৲
৫। শ্রীল [illegible]
[illegible]
৬। শ্রীল [illegible]
[illegible]
৭। [illegible] ১৲
৮। [illegible] ১০
৯। [illegible] ১৲
১০। [illegible] ২৲
১১। [illegible] ২৲
১২। [illegible] ১৲
১৩। [illegible] ৷৹
১৪। [illegible] ১০
১৫। [illegible] ।০
১৬। [illegible] ৷৷০
১৭। [illegible] ।০
১৮। [illegible] ।০
১৯। [illegible] ।০
২০। গৌড়ীয় গৌরব ।৵০
২১। [illegible] ।৵০
২২। [illegible] ৷৷৷
২৩। শ্রী[illegible] ও [illegible] ১৲
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা-সহ) ২৲
২৫। গীতা ([illegible] টীকাসহ) [illegible] ২৲
২৬। গীতার [illegible] ০
২৭। [illegible] ২৲
২৮। [illegible] ।০
২৯। [illegible] ([illegible]) ৷৷০
৩০। জীব-ধর্ম্ম ৷৷০
৩১। [illegible] ।৵০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাংলা) ।০
৩৩। নবদ্বীপধাম গ্রন্থমালা ৷০
৩৪। [illegible] (নবদ্বীপ-পরিক্রমা) ৷০
৩৫। গীতমালা ৵০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৷০
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৷০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০
৩৯। শ্রীগৌরাঙ্গ [illegible] ।০
৪০। শরণাগতি ৵০
৪১। গীতাবলী ৵০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৷০
৪৩। সাধনতত্ত্ব ৵০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ৵
৪৫। [illegible]
৪৬। [illegible]
৪৭। [illegible]
৪৮। [illegible]
৪৯। [illegible]
৫০। [illegible]
৫১। [illegible]
৫২। [illegible]
৫৩। [illegible]
৫৪। [illegible]
৫৫। [illegible]
৫৬। [illegible]
৫৭। [illegible]
৫৮। [illegible]
৫৯। [illegible]
৬০। [illegible]

[illegible] ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যচরিতামৃতম্
৬২। [illegible]
৬৩। [illegible]
৬৪। [illegible]
৬৫। [illegible]
৬৬। গৌড়ীয়[illegible]
৬৭। [illegible]

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। [illegible]
৬৯। [illegible]
৭০। [illegible]
৭১। [illegible]
৭২। [illegible]
৭৩। [illegible]
৭৪। [illegible]
৭৫। [illegible]
৭৬। [illegible]
৭৭। [illegible]
৭৮। [illegible]
৭৯। শ্রী[illegible]

উড়িয়া ভাষায় প্রকাশিত

৮০। শ্রী[illegible]
৮১। [illegible]
৮২। [illegible]
৮৩। গীতাবলী
৮৪। [illegible]

আসামী ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রী[illegible]

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

একমাত্র পারমার্থিক দৈনিক পত্র

শ্রীধাম-মায়াপুর-নদীয়া

১৫শ বর্ষ } ৫ বিষ্ণু ৪৪৬ গৌরাব্দ ২৬শে ফাল্গুন ১৩৩৯ সাল ১০ই মার্চ খৃঃ ১৯৩৩, শুক্রবার ৯ম সংখ্যা

সাময়িক-প্রসঙ্গ

শ্রীধাম-অজমেরে শ্রীচৈতন্যপাদ-পীঠ প্রতিষ্ঠা

গত ৬ই মার্চ সোমবার গৌড়ীয়-বৈষ্ণবাচার্য্য ও বিষ্ণুপাদ পরমহংস শ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ শ্রীগৌরসুন্দর শ্রীবিগ্রহ ঠাকুরের অঙ্গনে নবনির্ম্মিত শ্রীমন্দিরে শ্রীচৈতন্যপাদ-পীঠ প্রাপ্তি ও শ্রীবিগ্রহের অভিষেক সংকীর্ত্তনমুখে সম্পন্ন করেন।

ঐ দিবস প্রাতে অজমেঢ়-শ্রীমদনগোপাল শ্রীচৈতন্য-মঠ হইতে শ্রীল আচার্য্যদেব অগ্রণী হইয়া সংকীর্ত্তন-শোভাযাত্রা সহকারে শ্রীমন্দিরে গমন করেন। অনন্তর উপদেশক পং শ্রীপাদ রাধাগোবিন্দ ব্রহ্মচারী ও অন্যান্য বক্তাগণ শ্রীল আচার্য্যদেবের নির্দ্দেশানুসারে শ্রীচৈতন্যচরিতামৃত হইতে শ্রীধরের কথা পাঠ করেন। শ্রীল আচার্য্যদেব 'অভুক্ত থাকে ভক্তের ম'ধ্যে কীর্ত্তন করিয়া বৈষ্ণবগণের চিত্তাকর্ষণ করেন। অতঃপর শ্রীআচার্য্যদেবের অবস্থান ও সংকীর্ত্তনের মধ্যে শ্রীচৈতন্যপাদপীঠ ও শ্রীধরের অভিষেক প্রতিষ্ঠিত হন। অভিষেকের অন্তে কীর্ত্তন হইলে পর সমাগত ভক্তবৃন্দকে মহাপ্রসাদ বিতরণ করা হয়। শ্রীল প্রভুপাদের কৃপাশীর্ব্বাদপ্রাপ্ত শ্রীধাম-সেবক সৌভাগ্য শ্রীযুক্ত সতীশচন্দ্র রায় ভক্তি-বিজয় মহোদয় শ্রীধাম-বিকাশ ও ইহার ব্যয়ভার বহন করিয়া শ্রীশ্রীগুরু-গৌরাঙ্গের শ্রী সেবাধন লইয়াছেন। শ্রীচৈতন্য মঠের সেবকগণ তথাকার সেবাপূজাদি করিতেছেন।

কলিকাতা শ্রীগৌড়ীয়মঠে শ্রীগৌরাবির্ভাব তিথিপূজা মহোৎসব

গত ৫ই মার্চ, ২১শে ফাল্গুন রবিবার কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠে পরমারাধ্য শ্রীশ্রীল আচার্য্যদেবের আনুগত্যে সংকীর্ত্তনমুখে শ্রীশ্রীমহাপ্রভুর আবির্ভাব-তিথিপূজা যথারীতি সুসম্পন্ন হইয়াছে।

ঐ দিবস শ্রীশ্রীগৌড়ীয়মঠ-নিবাসী পারমার্থিক সজ্জনমণ্ডলীর পর হইতে সমস্ত দিন ধরিয়া শ্রীচৈতন্যচরিতামৃত পারায়ণ হয়। সন্ধ্যার সময়ে শ্রীমঠের নাটমন্দিরে প্রবেশমধ্যে শ্রীযুত রাধাগোবিন্দ ব্রহ্মচারী বি-এ মহোদয় শ্রীগৌরজন্মোৎসবের কথা গৌড়ীয় পাঠ করেন এবং শ্রীযুত নন্দনন্দন ভাগবতভূষণ মহোদয় শ্রীগৌরজন্মোৎসব বিষয়ে একটি বক্তৃতা প্রদান করেন। অতঃপর মহাজন-পদাবলী ও নামসংকীর্ত্তন হয়।

বৈষ্ণবসার্ব্বভৌম শ্রীল জগন্নাথ,

(৪র্থ পৃষ্ঠার পর)

বৃক্ষের নীচে সমাহিত হইয়া অবস্থিতি করিতে থাকিবার জন্য এত উচ্চে আরোহণ করিয়াছিলেন। শ্রীল প্রভুপাদ বলিয়াছেন, 'শ্রীজগন্নাথ শ্রীকৃষ্ণের বিরহী সেবক বলিয়া অলোকিক শ্রীবিগ্রহের সঙ্গে নৃত্য করিয়াছিলেন; কারণ যে সময় বৃক্ষের সমীপে জগন্নাথ প্রভু তাঁহার নৃত্য লীলার রচনা করিয়াছিলেন, ঠিক তাহার নিকটে শ্রীযোগপীঠের শ্রীমন্দিরের ভিত্তি খননকালে (১৩৪১ বঙ্গাব্দ, ৩০শে জ্যৈষ্ঠ) শ্রীজগন্নাথ মিশ্রের সেবিত গৃহদেবতা অধোক্ষজ বিষ্ণুমূর্ত্তি আবিষ্কৃত হন। এই মূর্ত্তি অধোক্ষজ বিষ্ণু অবস্থান করিতেছিলেন বলিয়াই এত আনন্দভরে ঐ স্থানে বৈষ্ণব-সার্ব্বভৌম জগন্নাথ নৃত্য করিতেন। সেখানে শ্রীল জগন্নাথের এই নৃত্যস্থলী ও অধোক্ষজ শ্রীবিগ্রহের আবির্ভাবস্থলীর উপরে শ্রেষ্ঠাত্য শ্রীযুক্ত সখীচরণ রায় ভক্তিবিজয় মহোদয়ের অর্থানুকূল্যে বর্ত্তমান সর্ব্বোচ্চ শ্রীমন্দির নির্ম্মিত হইয়াছে।

শ্রীল প্রভুপাদের শ্রীমুখে শ্রবণ করিয়াছি যে, অলোকিক শ্রীকৃষ্ণের বিরহী সেবক শ্রীল জগন্নাথদাস বাবাজী মহাশয় এই যোগপীঠে আসিয়া অনেক সময় অর্দ্ধ-বাহ্যভাবে বিভাবিত হইয়া প্রাকৃতজনে এইরূপ উক্তি করিতেন, 'তোরা এখনও বাঁধতে দিচ্ছিস না কেন? এখনই যে, দেখতে পাচ্ছিস না কত বেলা হ'ল? এখনই গোঠে যেতে হ'বে; কৃষ্ণ বসনায় দাঁড়িয়ে আছে'।

"গৌর-ব্রজজনে ভেদ না দেখিব" শ্রীশ্রীজগন্নাথ-ভক্তিবিনোদ গৌর-সরস্বতীতে এই আদর্শ মূর্ত্তিমান ছিল। তাঁহারা যুগপৎ নিত্যসিদ্ধ গৌরজন ও ব্রজজন। একাধারে নিত্যগৌরবনবাসী ও ব্রজবনবাসী।

শ্রীল জগন্নাথ, গৌরধাম-প্রকাশ ও শ্রীমায়াপুর-যোগপীঠে শ্রীবিগ্রহ-প্রকাশ এবং শ্রীনবদ্বীপধাম-প্রচারিণী সভার উদ্বোধনের পরের বৎসরই অর্থাৎ ১৩০১ বঙ্গাব্দের ১৫ই ফাল্গুন, শকাব্দা ১৮১৬, খ্রীষ্টাব্দ ১৮৯৫, ২৫শে ফেব্রুয়ারী সোমবার শুক্লপ্রতিপৎ তিথিতে দিবা দশ ঘটিকার সময় অপ্রকট-লীলা আবিষ্কার করেন। এতৎপ্রসঙ্গে শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ সজ্জনতোষণীতে লিখিয়াছেন, —"বিগতবর্ষে ১৩০১ সালের ১৭ই ফাল্গুন সোমবার দিবা ১০ ঘটিকার সময় ভক্তগণের বৃদ্ধ সেনাপতি শ্রীজগন্নাথদাস বাবাজী মহাশয় শ্রীনবদ্বীপমণ্ডলের অন্তর্গত কোলদ্বীপস্থ ভজনকুটীরে শ্রীনাম লাভ করিয়াছেন। সিদ্ধ বাবাজী মহাশয় গৌরভূমি অন্ধকার করিয়া চিজ্জগতে প্রবেশ করিলেন। আমরা জড়নয়নে তাঁহার আনন্দজনক নৃত্যকীর্ত্তন আর দেখিতে পাইব না। তিনি চিজ্জগতে অবস্থিত থাকিয়া আমাদিগের প্রতি কৃপা বিধান করুন।"

শ্রীল প্রভুপাদের শ্রীমুখে শ্রবণ করিয়াছি যে, শ্রীল জগন্নাথদাস বাবাজী মহারাজ তাঁহার অপ্রকটের পূর্ব্বে নিজেই তাঁহার সমাধিস্থান খনন করাইয়া রাখিয়াছিলেন।

এখনও শ্রীল প্রভুপাদের প্রতিষ্ঠিত শ্রীচৈতন্যমঠ ও তাহার শাখামঠসমূহে প্রতি বৎসর ফাল্গুনী শুক্লপ্রতিপৎ তিথিতে অর্থাৎ শিবরাত্রি-ব্রতের পরবর্ত্তী প্রতিপদে শ্রীশ্রীল জগন্নাথদাস বাবাজী মহারাজের বিরহোৎসব অনুষ্ঠিত হইয়া থাকে।

নামারে করিয়া ভয় ছাড়ান না যায়। সাধু-গুরু-কৃপা বিনা না দেখি উপায়॥

"জীবের নিজের স্বরূপে অপ্রাকৃত সচ্চিদানন্দ আত্মস্বরূপের অর্থাৎ কার্ষ্ণ-বৈকুণ্ঠের অনুভূতিই সম্বন্ধজ্ঞান। গুরুবর্গের পরিচর্য্যা দ্বারা সেই সম্বন্ধজ্ঞান লাভ হয়। ... স্বরূপশক্তির সহিত আত্মা, ... সহিত সচ্চিদানন্দ-স্বরূপ ও মায়াশক্তির সহিত ভিন্ন। চেতনসর্ব্বস্ব কৃষ্ণচন্দ্রোপাসন। প্রকৃত প্রস্তাবে সম্বন্ধজ্ঞানই দুর্ল্লভসম্বন্ধবিচার-রূপ নির্দ্দেশ।"

(শ্রীল আচার্য্যদেব)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

৫ বিষ্ণু তিথি গৌরাব্দ ৪৪৬

বৈষ্ণবসার্ব্বভৌম শ্রীল জগন্নাথ

(৩)

শ্রীল জগন্নাথদাস বাবাজী মহাশয় অনেক সময় কুলিয়া-নবদ্বীপে "ভজনকুটী" নামক স্থানে অবস্থান করিয়া ভজন করিতেন। তৎপূর্ব্বে শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর কৃষ্ণনগরে থাকাকালে বাবাজী মহাশয় শ্রীল ঠাকুরকে নিজজন জানিয়া 'ভজনকুটী'র জন্য একটী নির্ম্মাণ করাইয়া দিতে বলেন। শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ গোপালপুর হইতে ঐ স্থানটিতে একটি পাকা বারান্দা নির্ম্মাণ করাইয়া দেন। এই ভজন-কুটীতেই বর্ত্তমানে বাবাজী মহাশয়ের সমাধি রহিয়াছে। শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর প্রায়ই এইস্থানে আসিয়া বাবাজী মহাশয়কে দর্শন ও তাঁহার নিকট গৌর-কৃষ্ণ-কথা শ্রবণ-কীর্ত্তন করিতেন। ১২৯৭ বঙ্গাব্দের ৫ই জ্যৈষ্ঠ (ইংরাজী ১৮৯০, ১৮ই মে, রবিবার) শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ শ্রীল জগন্নাথদাস বাবাজী মহারাজের সমীপে তদীয় ভজনকুটীতে বসিয়া গৌর-কৃষ্ণ-কথা শ্রবণকীর্ত্তন করিয়াছিলেন। সেই সময় শ্রীল জগন্নাথ ঠাকুর ভক্তিবিনোদকে শ্রীগৌরধাম-প্রচারাচার্য্য বিশেষভাবে ঘোষণা দিয়াছিলেন।

বাবাজী মহারাজ তাঁহার সেবক শ্রীবিহারীলাল ব্রজবাসীর সহিত শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের ভক্তিভবনে গমন করিতেন। শ্রীল জগন্নাথ পরমহংসশিরোমণি ঠাকুর ভক্তিবিনোদের দ্বারা শুদ্ধ পারমার্থিকতেরে মহাচারের আদর্শ-স্থাপনের জন্য শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরকে (সম্ভবতঃ ১২৯৬ বঙ্গাব্দে) শ্রীনিবাসী (গোলকবাসিনী) প্রদান করেন। ১২৯৩ বঙ্গাব্দে (অধুনা মহামোহন্ত) সেবক বিহারীলাল বাবাজী মহাশয় বৈষ্ণব সার্ব্বভৌম প্রভুকে স্কন্ধে করিয়া 'ভক্তিভবনে' লইয়া আসেন। শ্রীল প্রভুপাদের শ্রীমুখে শ্রবণ করিয়াছি, সেই সময় বাগবাজারে বিপদবিহারী গোস্বামী মহাশয় ভক্তিবিনোদ ঠাকুরের সকাশের জন্য জগন্নাথদাস বাবাজী মহারাজের চরণধৌত জল সংগ্রহ করিয়া পান করিয়াছিলেন। অধুনা বৈষ্ণব-সার্ব্বভৌমের যে আলোকচিত্র প্রকাশিত হইয়াছিল, সেই আলেখ্যই শ্রীবিশ্ববৈষ্ণবরাজ সভার সেবকমণ্ডলীর দ্বারা সর্ব্বত্র পূজিত হইতেছেন।

বাবাজী মহাশয় যখনই নবদ্বীপ হইতে কলিকাতায় আসিতেন, তখন প্রায়ই 'ভক্তিভবনে' ঠাকুর ভক্তিবিনোদের সহিত সাক্ষাৎ করিতে যাইতেন। বাবাজী মহাশয় যখন শ্রীবৃন্দাবন হইতে নবদ্বীপধামে আসিয়া বাস করিতেছিলেন, তখন কলিকাতাবাসী • • • বাবু আসিয়া বাবাজী মহাশয়কে বিশেষ করিয়া প্রার্থনা ও অনুরোধ করিলেন—"আপনাকে কৃপাপূর্ব্বক কলিকাতায় আমার বাড়ীতে পদার্পণ করিতেই হইবে।" বাবাজী মহারাজের নিষ্ঠা ছিল, নিমন্ত্রিত হইয়া কখনও কোন বিষয়ীর অন্ন গ্রহণ করা হইবে না। বিশেষতঃ তিনি কলিকাতায় যাইতে কিছুতেই অনিচ্ছুক ছিলেন। উক্ত ভদ্রলোক প্রায় সমস্ত দিন ধরিয়া বাবাজী মহারাজের তাঁবুর সম্মুখে 'ধন্না' দিয়া প্রার্থনা জানাইতে লাগিলেন। শেষে ঠিক হইল, বাবাজী মহাশয় উক্ত ভদ্রলোকের কলিকাতার বাড়ীতে না গিয়া বাগবাজারে তাঁহার বাগানবাটীতে উঠিবেন; তবে সেখানে কিছু গ্রহণ করিবেন না। বাবাজী মহাশয় কলিকাতায় নৌকায় তাঁহার সেবক বিহারীলাল বাবাজীকে লইয়া যাত্রা করিলেন; উক্ত ভদ্রলোকের বাগানবাটীতে উঠিয়া তাঁহার নিকট অনেক হরিনামকীর্ত্তন ও শ্রীনামোপদেশ করিলেন। সেই বাগানের মালিক বাবাজী মহাশয়কে কিছু জিনিষ খাওয়াইবার জন্য অনেক চেষ্টা করিতে লাগিলেন, কিন্তু বাবাজী মহাশয় কিছুতেই তাহার কোন দ্রব্য স্বীকার করিলেন না। সর্ব্বভূতেরক্ষক বাবাজী মহাশয় রামবাগানের 'ভক্তিভবনে' শ্রীঠাকুরের সেবায় আসিয়া উপস্থিত হইলেন। ভক্তিবিনোদ ঠাকুর বাবাজী মহাশয়কে এই সময়ে দেখিয়া আশ্চর্য্যান্বিত হইলেন। বাবাজী মহাশয় স্বহস্তে পাক করিয়া ঠাকুরের গৃহে ভিক্ষা স্বীকার করিলেন। বাবাজী মহাশয় বিষয়ীর অন্ন বা প্রাকৃত ভক্তের অন্ন অনুরোধ সত্ত্বেও কোন বস্তু গ্রহণ করিতেন না। প্রকৃত ভক্তিবিনোদধারায় এখনও এই আদর্শ দেদীপ্যমান আছে।

শ্রীল জগন্নাথদাস বাবাজী মহাশয় যখন 'ভক্তিভবনে' যাইতেন, তখন তিনি শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী ঠাকুরকে বিশেষ স্নেহ ও আদর করিতেন। শ্রীল প্রভুপাদের সভানেত্রী, শ্রীগৌরকৃষ্ণ, বেদবিদ্যা, জ্যোতিবিদ্যা, ভক্তিসিদ্ধান্তে পারদর্শিতা, বাল্যকালেই কৃষ্ণভক্তি ও হরিনামে অনুরাগ দর্শন করিয়া বাবাজী মহাশয় বিশেষ সন্তুষ্ট হইতেন। ঠাকুর ভক্তিবিনোদের সহিত আমাদের শ্রীল প্রভুপাদ কুলিয়া নবদ্বীপের ভজনকুটীতে অনেকবারই আগমন করিয়া শ্রীল জগন্নাথদাস বাবাজী মহাশয়কে দর্শন ও শ্রীশ্রীজগন্নাথ-ভক্তিবিনোদের সংলাপ শ্রবণ করিয়াছেন; ঐ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী ঠাকুর যখন দ্বাদশবর্ষ-বয়স্ক বালকের লীলা করিতেছিলেন, তখনই তিনি জ্যোতির্বিদ্যায় বিশেষ পারদর্শিতা লাভ করিয়া জ্যোতির্গণনায় শুদ্ধ পঞ্জিকা করিতে পারিতেন। শ্রীমদ্ ভক্তিবিনোদ ঠাকুরের নিকট হইতে বালকের ঐরূপ অদ্ভুত অপ্রাকৃত প্রতিভার কথা অবগত হইয়া শ্রীল জগন্নাথদাস বাবাজী মহাশয় শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী ঠাকুরের দ্বারা বৈষ্ণবসম্মত-শুদ্ধ নবদ্বীপ-পঞ্জিকা, শ্রীচৈতন্যাব্দ, বিষ্ণুনামাত্মক মাস, বার ও পক্ষ, তিথি প্রভৃতি প্রকাশ করান। শ্রীজগন্নাথদাস বাবাজী মহারাজের সংশোধিত ও অনুমোদিত বৈষ্ণব-পঞ্জিকা, তিথি ও বিধানানুসারে শ্রীগৌড়ীয়বৈষ্ণবসমাজ সেবকগণ সমস্ত ব্রতাদির অনুষ্ঠান করিয়া থাকেন। বৈষ্ণবসার্ব্বভৌম শ্রীল জগন্নাথদাস বাবাজী মহাশয় শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ও শ্রীবলদেব বিদ্যাভূষণ প্রভুর ভাববৃত্তি-নিষ্ঠ-গুরুগণের প্রকাশিত ছিলেন এবং বাণী তত্ত্ব পঞ্চমীতে শ্রীবিষ্ণুপ্রিয়া দেবীর আবির্ভাব স্থান। শ্রীল জগন্নাথদাস বাবাজী মহাশয় ঠাকুর ভক্তিবিনোদকে কথা জানাইলে ঠাকুর তাঁহা ভক্তকে প্রথম প্রচার করেন। শ্রীল জগন্নাথদাস বাবাজী মহাশয় অশেষ গৌর-পার্ষদগণের আবির্ভাব ও তিরোভাবাদির পূর্ব্বাপরসম্বন্ধ নির্ণয় করিয়া ঠাকুর ভক্তিবিনোদকে জানাইয়া দেন এবং শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী ঠাকুর তাহা জগতে প্রচার করেন।

শ্রীল বাবাজী মহাশয় সকলকেই কায়মনোবাক্যে হরিভজনের উপদেশ প্রদান করিতেন। তাঁহার কোন কোন নিষ্কিঞ্চন ত্যাগী বাবাজী কৌপীনধারী হইয়া মনে করিতেন, তাঁহাদিগকে গৃহস্থগণের ন্যায় শারীরিক পরিশ্রমের দ্বারা আর কোনও প্রকার চেষ্টা করিতে হইবে না, কেন না, তাঁহারা ভেকধারী; সুতরাং কেবল অবস্থিত হইয়া থাকা ঠাকুর সেবা যাহাতেই তাঁহাদের দৈহিক রক্ষা শেষ হইবে; কিন্তু শ্রীল বাবাজী মহাশয় ঐ সকল বাহ্যআশ্রমীর অভিমানকারী ও উদাসীনের অভিমানকারী শিষ্যবর্গ বা অন্যকে অহৈতুক-কৃপাপরবশ হইয়া সকলকে ভজনকুটীর পার্শ্ববর্ত্তী সাধুসঙ্গীয় সেবা সংগ্রহ পূর্ব্বক কৃষ্ণসেবার্থে বিষয় বীজ রোপণার্থ করাইয়া তাঁহাদের দৈহিক শ্রম কৃষ্ণসেবায় নিয়োজিত করিতে বলিতেন—উদ্দেশ্য, ঐ অকিঞ্চন গৃহীগণ কৃষ্ণেতরলীলায় দৈহিক প্রকাশ করিয়া সব ইন্দ্রিয়তর্পণে প্রমত্ত থাকিয়া নরকপথে অগ্রসর না হইয়া কায়মনোবাক্যে কৃষ্ণসেবায় প্রমত্ত হইতে ক্রমশঃ শ্রীকৃষ্ণকীর্ত্তনবলে চিত্তবৃত্তি প্রশম করিয়া ... তাহা হইলেও তাহাদের চিত্তবৃত্তি প্রশম থাকিয়া কৃষ্ণানুশীলনযোগ্য হইতে পারিবে।

বাবাজী মহাশয় যখন কুলিয়া-নবদ্বীপে তাঁহার ভজনকুটীতে অবস্থান করিতেছিলেন, তখন কতকগুলি গৃহত্যাগী ভেকধারী বাবাজী মহাশয়ের নিকট ভজন শিক্ষা করিবার উদ্দেশ্যে আগমন করেন। বাবাজী মহাশয় তাঁহাদের অধিকার বিচার করিয়া ভজনভবনের উদ্দেশ্যে যোগিত বেগুন-গাছে জল দিবার জন্য তাঁহাদিগকে আদেশ করেন। তাঁহারা আপনাদিগকে ভজন-পরায়ণ অভিমান করিয়া মনে মনে বাবাজী মহাশয়ের ঐরূপ আদেশে অসন্তুষ্ট হন এবং বিচার করেন যে, যখন তাঁহারা ঐ সকল বিষয়কার্য্য হইতে বিরত থাকিবার জন্য গৃহ পরিত্যাগ করিয়াছেন, তখন বাবাজী মহাশয়ের নিকট আসিয়া গৃহস্থগণের সংসারের কার্য্য তাঁহারা কেন করিবেন? কেন বা বিচার করেন, সংসার ছাড়িয়া যদি ঐ সকল কার্য্য করিতে হয়, তবে পূর্ব্বের ঘরে ফিরিয়া যাওয়াই ভাল। বাবাজী মহাশয় তাঁহাদের হৃদয়ের কথা বুঝিতে পারিয়া ভজনকুটীতে সমাগত শ্রীল ঠাকুর ভক্তিবিনোদকে বলেন,—'আপনি দেখুন বিহারীর, বৈষ্ণবের বিচার দুরূহ।'

কৌপীনধারীর অভিমানকারী ঐ ব্যক্তিদের মধ্যে কেহ কেহ গঞ্জিকা পানজ-পরায়ণ ও নানা অনর্থযোগগ্রস্ত, কেহ বা গোপনে ব্যভিচার-রত, কেহ বা অবৈধ অর্থ-সঞ্চয়কারী, কেহ নানাপ্রকার অনাচারকারী ছিল। শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর উহাদের মধ্যে এক ব্যক্তিকে চাবিবার মধ্য কণিবার দায়িত্ব, কাপড়েও বা বৃদ্ধ সম্বন্ধ ক'রয়া বৈষ্ণব-বিবাহ ক'রবার উপদেশ আর অন্য অধঃ দুর্নীতি-সম্পন্ন অপরাধ-পরায়ণগণকে এ অঞ্চল হিতে বিতাড়িত করিবার উপদেশ প্রদান করিলেন। ঠাকুর ভক্তিবিনোদের বাক্য শ্রীল জগন্নাথ অবধূত বা'জন্যের স্বরূপ-সাধন, নিয়ম ও বিচার করাইয়াছিলেন। শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের আদেশে প্রভুপাদের দ্বারা তাঁহার (শ্রীল জগন্নাথের) বর্তমান মিথ্যাবাদী অপ্রাকৃতবাদীর স্বরূপ প্রকাশ করিবার চেষ্টা করিয়াছেন। আবার শ্রীল প্রভুপাদের কৌপীনের বেষ্টিত সহজিয়া, আবার কাহারও কাহারও অন্তর্গতা প্রকাশ, এমন কি, কতিপয় 'গুরু'কে শ্রীল প্রভুপাদ নিষেধ ও আচারহীন কঠোর শাসক শ্রীল জগন্নাথদেব বিবাহোত্তর প্রভুর দ্বারা অনবধানের শাসিত ও নিগৃহীত করিয়া তাহাদের অমঙ্গলকামনা করিয়াছেন।

একদা শ্রীল বাবাজী মহাশয়ের শ্রীনবদ্বীপের ভজনকুটীর-নির্মাণকালে নির্মাণে কোদাল লইয়া উঁহার ভিত কাটিয়াছিলেন, কুটিরের চারিপার্শ্বে বেড়া দিয়াছিলেন। বহু যাত্রী ও অন্যান্য শ্রীশ্রীল বাবাজী মহাশয়কে দর্শন করিতে আসিয়া অনেক পয়সা টাকা দিয়া যাইত। ঐগুলি একটী কলসীর মধ্যে জমা হইত; কিছুদিন পরে একজন পাপিষ্ঠ ঐ সেবকটী নিজের নিকট রাখিতেন ও ইচ্ছামত খরচ করিতেন। বাবাজী মহাশয় কিছু বুঝিতে পারিতেছেন না মনে করিয়া (কেন না বাবাজী মহাশয়ের চক্ষুর উপর বার্দ্ধক্যবশতঃ চক্ষুর পাতা ঝুলিয়া পড়ায় বন্ধ থাকিত, তিনি তাহা টানিয়া ধরিয়া তবে দেখিতেন) এবং বাবাজী মহাশয়ের নিকট কোন জিজ্ঞাসা যাতে না থাকে তজ্জন্য উক্ত সেবক সময় সময় কিছু টাকা সরাইবার চেষ্টা করিতেন; কিন্তু অন্তর্যামী বাবাজী মহারাজ তাহা ধরিয়া ফেলিতেন এবং নিজের ঈক্ষণের দ্বারা করিতেন। একবার দুর্ভিক্ষ উপরে অপরাধ দেখিয়া বাবাজী মহাশয় শ্রীনবদ্বীপ ধামের গৃহস্থদিগকে পাঠাইয়াছিলেন। কাহাকেও বা কাহাকেও দশ-পাঁচ টাকা অর্থাদি দিয়া দিতেন। কাহাকেও চাল, বস্ত্র, কাহাকেও কাপড় এই সব দিয়া দিতেন, কিন্তু যাহাদিগের প্রতি অমঙ্গলকামনা করিতেন, তাঁহাদিগকে ঐগুলি না দিয়া অধিক কঠোর শাসন করিতেন।

বাবাজী মহাশয় সময় সময় একখানি বড় খাটাতে করিয়া প্রভাত পাইতেন। একবার ভুঁগরা নবদ্বীপে উঁহাতে থাকিবার সময় কুকুরের পাঁচটি ছানা হইয়াছিল। বাবাজী মহাশয় প্রসাদ পাইতে বসিলে কুকুরের ছানাগুলি চারিদিক হইতে থাইতে আসিত। বাবাজী মহাশয় উহাদের সকলের গায়ে হাত দিয়া দেখিতেন সবগুলি আসিয়াছে কিনা। সেবক ঐ কুকুরের ছানাগুলিকে সরাইয়া দিবার চেষ্টা করিলে বাবাজী মহাশয় রুষ্ট হইয়া বলিতেন,—'ওরা কিছু খাবে না, আর খাবে না?' বলিতেন—'এরা বাবের কুকুর।'

শ্রীল জগন্নাথদাস বাবাজী মহারাজ মহাভাগবত। সাধারণ জীব তাঁহার আচার-বিচারের অনুকরণ করিলে ভীষণ অমঙ্গল লাভ করিবে। সর্বশ্রেষ্ঠ মহাভাগবতগণের আচার-বিচার অবিতর্ক্য ও অচিন্ত্য। তাঁহাদের সর্বত্র ধাম ও ভগবদ্দর্শন কিন্তু অন্যকেও দিয়া (?)। 'বাবের কুকুর' বা নিজের সেবকগণকে 'ধাম' মনে করিলে সেইরূপ পাষণ্ডতা ও অপরাধের সীমা নাই।

অনেক অপরাধী ব্যক্তি শ্রীল জগন্নাথ দাস বাবাজী মহাশয়ের নিকট আসিয়া ছলবেশে শিক্ষা ও কৌপীন গ্রহণের ছলনা করিয়াছেন। পরে উহারা আবার বাবাজী মহাশয়ের শিষ্য বলিয়া আত্মপরিচয় দিয়া বাবাজী মহারাজের বিরুদ্ধ আচার-বিচারের প্রবর্তক হইয়াছেন। একবার কোনও একব্যক্তি বাবাজী মহাশয়ের নিকট কৌপীনগ্রহণের জন্য তাঁহার কুটীর নিকট তিন দিন ধর্না দিয়া পড়িয়াছিলেন, সেই ব্যক্তি কৌপীনগ্রহণের অভিনয় করিবার পর বাবাজী হইয়া পড়েন, পরে ভেকধারীর অভিনয় করিয়া ও বাবাজী মহাশয়ের শিষ্যের পরিচয় দিয়া অন্যপথ নিযুক্ত হন। সেই শিষ্যের দলে নানাপ্রকার কদাচার ও সিদ্ধান্ত-বিরোধাচার দেখিতে পাওয়া যায়। তাহারা শ্রীজগন্নাথের বাবাজী আসিয়া বাবাজী আপনাদিগকে পাষণ্ড নিজের শ্রীজগন্নাথের পাদপদ্ম হইতে বহুদূরে পাড়িল। শ্রীজগন্নাথ হইতে প্রবাহিত শ্রীরূপানুগধারা একমাত্র ঠাকুর ভক্তিবিনোদই সংরক্ষণ করিয়াছেন। শ্রীজগন্নাথের অন্তর্যামীই শ্রীরূপ-রঘুনাথের কথা ঠাকুর ভক্তিবিনোদ ও ভক্তিবিনোদ-গৌর-সরস্বতীর অনুগ সম্প্রদায় ব্যতীত অন্য কেহ প্রচার করিতে পারে নাই। অন্যত্র যে কদাচার ও সিদ্ধান্ত-বিরোধাদি দৃষ্ট হয়, তাহা রূপ-রঘুনাথের কথা নহে। ইহা শ্রীল সরস্বতী ঠাকুর শ্রীভক্তিবিনোদ-দলে পূর্ণসোৎসবে থাকাকালে মুক্তকণ্ঠে প্রচার করিয়াছেন।

একবার কোনও এক প্রসিদ্ধ "বাবাজী" নামধারী এক অবশোধন-কীর্তন সম্প্রদায়ের গান গাহিতে গাহিতে দলবল লইয়া বাবাজী মহাশয়ের ভজনকুটীরের দিকে আসিতেছিলেন, অমনই বাবাজী মহাশয় হাতে একখানি বেত লইয়া বলিতে লাগিলেন,—'বাবা ওর উহাদের এদিকে আসতে আদিতে দে না।' আর কেহ তাঁহার সম্মুখে আসিতে সাহস করিল না। শ্রীপুরুষোত্তমে ভজনকুটী বা চটক কুটীরের সম্মুখ দিয়া যখন এই সিদ্ধান্তবিরুদ্ধ ও কদাচার-সেবায়ই কীর্তন (?) দল যাইত, তখন কোনক্রমে যাহা কোন আত্মবঞ্চনাকারীর কর্ণগোচর না হয়, তজ্জন্য শ্রীল প্রভুপাদ উচ্চৈঃস্বরে ঐ সব ঘণ্টা-মৃদঙ্গ বাজাইয়া 'হরে কৃষ্ণ' মহামন্ত্র কীর্তন করাইতেন। বাবাজী মহাশয় কখনও সিদ্ধান্ত-বিরোধ ও কদাচার বিন্দুমাত্রও সহ্য করিতে পারিতেন না। সৎপুরুষের শিষ্যের অনুকরণ করিলেই প্রকৃত শিষ্য হওয়া যায় না, তাঁহার সহিত অবিচ্ছিন্নভাবে বিশিষ্ট না হইলে ও তাঁহার সম্পূর্ণ শাসনগর্ভে অবস্থান না করিলে শিষ্য-নাম-ধারণ বৃথা। শ্রীল জগন্নাথদাস বাবাজী মহাশয়ের অনুগের অভিমানকারিগণই শ্রীরূপ-রঘুনাথের কথা প্রচার করিতে পারেন না।

শ্রীল প্রভুপাদের শ্রীমুখে বহুবার শ্রবণ করিয়াছি এবং শ্রীল প্রভুপাদ স্বয়ং যে আত্মচরিত লিখিয়া রাখিয়া গিয়াছেন, তন্মধ্যে তিনি তাঁহার নিজের ভাষায় লিখিয়াছেন যে, "এক সময়ে 'গোস্বামি সন্তান'নামধারী ও আচার্যাভিমানকারী একব্যক্তি শ্রীমন্মহাপ্রভুর অন্তরঙ্গ পার্ষদ শ্রীল রঘুনাথ দাস গোস্বামী প্রভুকে শূদ্র বলিয়া কটূক্তি করায় ঠাকুর ভক্তিবিনোদ অত্যন্ত অসন্তুষ্ট হইয়াছিলেন এবং তৎপ্রসঙ্গে একটি গীত রচনা করিয়া জানাইয়াছিলেন,—

বৈষ্ণব-চরিত্র, সর্বদা পবিত্র,
যেই নিন্দে হিংসা করি'।
ভকতিবিনোদ না সম্ভাষে তারে
থাকে সদা মৌন ধরি'॥

ঠাকুর ভক্তিবিনোদ এতৎপ্রসঙ্গে শ্রীল শ্রীজীব গোস্বামিপ্রভুর প্রমাণ উদ্ধার করিয়া বলিয়াছিলেন,—"বৈষ্ণববিদ্বেষী চেৎ পরিত্যাজ্য এব, 'গুরোরপ্যবলিপ্তস্য'ইত্যাদি স্মরণাৎ অর্থাৎ বৈষ্ণববিদ্বেষী হইলে 'গুরোরপ্যবলিপ্তস্য' শ্লোক স্মরণ করিয়া তথাকথিত গুরুকে পরিত্যাগ করিবে। তবে তাঁহাকে সামাজিক সম্মান ও মর্যাদাদি দান বন্দনা করিয়া নিজ-ভজনে নিযুক্ত থাকা উচিত। ইহা বলিয়া ঠাকুর ভক্তিবিনোদ ভক্তিভবনে নিজ-গুরু-পরম্পরা টানাইয়া দেন। তাহাতে তিনি বৈষ্ণব-সার্বভৌম ও কৃপাময় শ্রীশ্রীল জগন্নাথ বাবাজী মহারাজকে নিজ গুরুপ্রণালীতে বরণ করেন। যাহাতে কেহ বৈষ্ণব ও আচার্যের প্রতি অবিশ্বাস না করে, তজ্জন্য ঠাকুর ভক্তিবিনোদ ভক্তিভবনের প্রবেশ দ্বারেই শ্রীল শ্রীজীব-প্রভুকৃত ভক্তিসন্দর্ভ ধৃত গরুড় পুরাণের নিম্নলিখিত শ্লোকটী বড় বড় অক্ষরে টানাইয়া দিয়াছিলেন,—

ব্রাহ্মণানাং সহস্রেভ্যঃ সত্রযাজী বিশিষ্যতে।
সত্রযাজিসহস্রেভ্যঃ সর্ববেদান্তপারগঃ॥
সর্ববেদান্তবিৎ-কোট্যা বিষ্ণুভক্তো বিশিষ্যতে।
বৈষ্ণবানাং সহস্রেভ্যঃ একান্ত্যেকো বিশিষ্যতে॥

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ শ্রীল জগন্নাথদাস বাবাজী মহাশয়কে "ভজনের বৃদ্ধ সেনাপতি" বলিয়া বর্ণন করিয়াছেন। শ্রীল শ্রীজীব গোস্বামী প্রভু শ্রীমন্মহাপ্রভুকে 'বৃদ্ধ বৈষ্ণব' বলিয়াছেন। শ্রীল জগন্নাথ দাস কুলিয়াকাল এই নবদ্বীপে অবস্থিত থাকিয়া শ্রীভক্তিরত্ন প্রচার করিয়াছেন। প্রাচীনতা-নিবন্ধন তাঁহার পৃষ্ঠদেশ কোমর হইতে অনেকটা ধনুরাকৃতি বাঁকিয়া গিয়াছিল। কিন্তু যখন সংকীর্তনে উদ্দণ্ড হইয়া নৃত্য করিতেন, তখন তাঁহাকে শ্রীমন্মহাপ্রভুর ন্যায় আজানুলম্বিত ভুজ, বলিষ্ঠগাত্র, চতুর্হস্ত-পরিমিত দীর্ঘ পুরুষ বলিয়া মনে হইত। তিনি এক একটী লম্ফ দিয়া পাঁচ ছয় হাত উঠিতেন, কীর্তনানন্দে তাঁহার নৃত্য এক অদ্ভুত ব্যাপার ছিল। ঠাকুর ভক্তিবিনোদ আমলাজোড়া-প্রপন্নাশ্রম-প্রসঙ্গের বর্ণনার মধ্যে শ্রীল জগন্নাথের অতিবৃদ্ধ নৃত্যের কথা বর্ণন করিয়াছেন।

শ্রীধাম মায়াপুর যোগপীঠে যে কদম্ব-বৃক্ষটি বিরাজিত রহিয়াছে, তাহার সমীপে তিনি যখন 'হা গৌর! হা নিতাই!' বলিয়া ভাবাবেশে নৃত্য করিতে করিতে লম্ফ দিতেন, তখন মনে হইত, যেন তিনি কদম-

(অতঃপর ৩৪ পৃষ্ঠার ২য় কলমে দ্রষ্টব্য)

শ্রীগুরুর সাধুর অপ্রসাদের বশ; এবম্প্রকার সাধুসঙ্গে সর্বলাভ হয়।

শুদ্ধভক্তি-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠ [illegible]

প্রাচীন নবদ্বীপ, ঈশোদ্যান শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌরমন্দির তথায় শ্রীমঠ, ভক্তিবিজয়, প্রদক্ষিণা
[illegible], শ্রীশ্রীগান্ধর্ব্বিকা [illegible]
চতুর্দ্দিক [illegible] [illegible]
[illegible] আছে।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ২১১৫
কলিকাতার শ্রীগৌড়ীয়মঠ আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠ পাঠ, প্রচারণ, ভাগবতধর্ম্ম বিষয়ক শ্রীমদ্ভাগবত্তের সঙ্গে [illegible] আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও 'নদীয়া প্রকাশ' পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়।

(৩) যোগপীঠ-মায়াপুর শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমহাপ্রভুর আবির্ভাব ভূমি যোগপীঠ।

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এখনও বর্ত্তমান।

(৬) মুরারিগুপ্তের পাট

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৭) কাজি সমাধি-পাট

প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
ইহা গৌড়েশ্বর নবাব [illegible] কাজীর সমাধি।

(৮) অনুকূলকৃষ্ণাশ্রম শ্রীনন্দনাচার্য্য

শ্রীধাম মায়াপুর

(৯) আনন্দ সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ নদীয়া)
এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ জাননগর (বর্দ্ধমান)

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মাউগাছি, পোঃ জাননগর, (বর্দ্ধমান)
শ্রীব্যাসাবতার ঠাকুর বৃন্দাবনের স্থান

(১৩) রুদ্রদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(১৪) ঋতুদ্বীপ-গৌড়ীয়মহামঠ

(১৫) সুবর্ণবিহার গৌড়ীয়মঠ

গৌরপুর, নদীয়া

(১৬) শ্রীনবদ্বীপ গৌড়ীয় মঠ

বাবুপাড়া (শ্রীরাধামোহনের পাটের নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

১৭) কুঞ্জকুটীর

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

(১৮) ভাগবত আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৯) প্রকাশমঠ

গোবিন্দপুর, পোঃ চাঁদপাড়া, (নদীয়া)

(২০) মহেশ-পণ্ডিতের পাট

কাঁচামপুর, পোঃ চাকদা (নদীয়া)

(২১) বালিঘাট গৌড়ীয়মঠাসন

(২২) পুরী গৌড়ীয়মঠ

[illegible] পরগণা

(২৩) মাধ্ব গৌড়ীয়মঠ

নারিন্দা পোঃ ওয়ারি, ঢাকা।
পূর্ববঙ্গের প্রচার-কেন্দ্র।

(২৪) গোপালজীউমঠ

কমলাপুর পোঃ ঢাকা

(২৫) সত্যবতী-গৌরাঙ্গ মঠ

পোঃ বালিয়াটি, (ঢাকা)

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

রেলব্রিজের নিকট, পোঃ ময়মনসিংহ

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ ১৪০৬নং, কামরূপ (আসাম

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

৩নং পাগলা ঝোরা, দার্জ্জিলিং

(৩০) সারস্বত-গৌড়ীয়মঠ

পোঃ চরিবার, ভায়া মাহারাজপুর, হুগলী, দি

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

মিঠাপুর পাটনা।

(৩২) গয়া গৌড়ীয়মঠ

[illegible] রোড, গয়া

(৩৩) সনাতন গৌড়ীয় মঠ

৮।১৭ নং মধুরাপুরী, বেনারস সিটি

(৩৪) শ্রীরূপ গৌড়ীয়মঠ, এলাহাবাদ

(৩৫) [illegible] মঠ

পোঃ [illegible], [illegible] [illegible]

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠাশ্রম

[illegible] পোঃ মথুরা

(৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণশহর শ্রীধাম বৃন্দাবন, মথুরা

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্যমঠ

[illegible], বৃন্দাবন

৩৯) [illegible] সুখদকুঞ্জ

পোঃ রাধাকুণ্ড, মথুরা

৪০) কুঞ্জবিহারী মঠ - শ্রীরাধাকুণ্ড

(৪১) রাধাকুণ্ড সারস্বতী

(৪২) শ্রীগোবর্দ্ধন-মঠাশ্রম

গোবর্দ্ধন, মথুরা

(৪৩) নন্দগ্রাম বিহারী মঠ

নন্দগ্রাম, মথুরা।

(৪৪) [illegible] গৌড়ীয়মঠাশ্রম

পোঃ [illegible], মথুরা

(৪৫) বর্ষাণা গৌড়ীয়মঠাশ্রম

পোঃ বর্ষাণা, মথুরা

(৪৬) গোষ্ঠবিহারী মঠ - [illegible],

পোঃ [illegible], জেলা [illegible] (পাঞ্জাব)

(৪৭) [illegible] গৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

(৪৮) দিল্লী গৌড়ীয় মঠ

[illegible] রোড, নিউ দিল্লী,

(৪৯) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়র ট্যাঙ্ক রোড, [illegible] বোম্বে ৭

(৫০) [illegible]-গৌড়ীয়মঠ

পোঃ [illegible], [illegible]
শ্রী[illegible]

(৫১) [illegible] গৌড়ীয়মঠ

পোঃ [illegible] [illegible]
শ্রীশ্রী[illegible] সেবা

(৫২) [illegible] গৌড়ীয়মঠ

[illegible], পোঃ [illegible], (পুরী)

(৫৩) পুরুষোত্তম মঠ

[illegible] পোঃ পুরী, উড়িষ্যা

৫৪) ভক্তিকুটী—সমুদ্র তট

৫৫) [illegible]

(৫৬) [illegible]-গৌড়ীয়মঠ

পোঃ [illegible], পুরী

(৫৭) সচ্চিদানন্দ মঠ

[illegible], পোঃ [illegible] (উড়িষ্যা)

(৫৮) [illegible] গৌড়ীয়মঠ[illegible]

(৫৯) শ্রীব্রহ্মমাধ্বগৌড়ীয় প্রপন্ন-মঠ

পোঃ [illegible], মাদ্রাজ

(৬০) [illegible] মঠ

[illegible], পোঃ [illegible], [illegible]

(৬১) [illegible] গৌড়ীয়মঠ

পোঃ [illegible], [illegible]

(৬২) [illegible] প্রপন্নাশ্রম মঠ

পোঃ [illegible] [illegible]

(৬৩) চেতক গৌড়ীয়মঠ

[illegible], পোঃ [illegible] ([illegible])

(৬৪) রেঙ্গুন গৌড়ীয়মঠ

৭০১ নং [illegible] ষ্ট্রীট, রেঙ্গুন।

(৬৫) লণ্ডন গৌড়ীয়মঠ

গ্লাষ্টার নং ৩
৩১, [illegible]
[illegible], [illegible], [illegible]

(৬৬) গৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

১৪।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা

(৬৭) গৌড়ীয়মঠ অফিস

২০৪ [illegible] রোড, [illegible] ([illegible])

(৬৮) শ্রীবিদ্যানিধি গৌড়ীয়মঠাশ্রম

[illegible], চট্টগ্রাম

শ্রীধাম মায়াপুর নদীয়া-প্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস হইতে মহোপদেশক শ্রী[illegible] চক্রবর্ত্তী প্রত্নবিদ্যালঙ্কার সম্পাদিত
শ্রী[illegible] ব্রহ্মচারী ভক্তালোক, ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায়		বিজ্ঞাপনের পৃষ্ঠায়	
	১ম ও দ্বিতীয় বার	পরবর্তী দিনের জন্য	১ম ও দ্বিতীয় বার	পরবর্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে ।০	৵০			
" " ইঞ্চি ১৲		১৷৵		৸
সিকিকলম ৬৲	৪৲			৩৲
অৰ্দ্ধকলম ৩০৲	৯৲			৪৲
এক কলম ১৯৲	১০৲			৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিবারে প্রতি ইঞ্চি ৬০	৪।০
" সিকি কলম ১৫৲	১১৲
" অৰ্দ্ধকলম ২০৲	১৬৲
" এক কলম ৩০৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	৩।০
মাসিক "	

প্রতি সংখ্যা [illegible] বিশেষ সংখ্যার মূল্য স্বতন্ত্র।

শ্রীধাম-মায়াপুরে

—শ্রীঠাকুর ভক্তিবিনোদ [illegible] ইনষ্টিটিউট—

[illegible]

[illegible] ছাত্রদের [illegible] বোর্ডিং [illegible] ছাত্রদের জন্য [illegible] সুন্দর বাসস্থানের ব্যবস্থা [illegible] মাত্র ৮৲ টাকা। [illegible] পরিদর্শনের [illegible] মধ্যে ১৫ জন ভালভাবে উত্তীর্ণ হইয়াছে।

মেধাবী ছাত্রগণের অবৈতনিক সুবিধা

[illegible] আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচাৰ্য্য শ্রীমধ্ব

এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতিসুন্দরভাবে আলোচিত হইয়াছে। এইরূপ অপূর্ব্ব গ্রন্থ [illegible] বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা

শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী

শ্রীল প্রভুপাদের চতুঃষষ্টিবর্ষপূর্ত্তিবিরহ-তিথিতে শ্রীল আচার্য্যদেবের অহৈতুকী কৃপায় "শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী" প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। ইহাতে পূর্ব্বার্দ্ধ ও উত্তরার্দ্ধ দুইটি বিভাগ আছে। পূর্ব্বার্দ্ধে শ্রীল প্রভুপাদের আদি-প্রবন্ধাবলী শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের সম্পাদিত 'স-যজ্জনী সজ্জনতোষণী,' শ্রীল প্রভুপাদের 'নিবেদন' সাপ্তাহিক পত্র প্রভৃতি হইতে অধ্যায় ও প্রয়োজনীয় অর্থের টীকা-সহ প্রকাশিত হইয়াছে। উত্তরার্দ্ধে শ্রীল প্রভুপাদের সম্পাদিত 'সজ্জনতোষণী'র কতিপয় প্রবন্ধ অধ্যায় প্রভৃতির সহিত মুদ্রিত হইয়াছে। প্রবন্ধগুলি রচনাকালের ক্রমানুসারে গ্রথিত হইয়াছে। এতদ্ব্যতীত শ্রীল আচার্য্যদেবের একটি মূল্যবান্ উপোদ্ঘাত ও সম্পাদকের একটি বিস্তৃত ভূমিকা, শব্দ সূচী, ভাব-শাস্ত্র-শ্লোক ও পয়ার-সূচী প্রভৃতি গ্রন্থে সংযোজিত হইয়াছে। এন্টিক উৎকৃষ্ট কাগজে [illegible] সহিত মুদ্রিত ও শ্রীল প্রভুপাদের আলেখ্যাদিদ্বারা ভূষিত ও সুন্দর বাঁধাই হইয়া প্রকাশিত হইয়াছে। প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, জিলা নদীয়া; শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ও শ্রীমাধবগৌড়ীয়মঠ, নবীনা, পোঃ [illegible], ঢাকা।

প্রভুপাদের পদ্যপ্রসূন মালা

এই গ্রন্থে ও বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তি-সিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের রচিত পদাবলী শ্রীল আচার্য্যদেবের বিরচিত "সৌরভ" নামক ভাষ্যের সহিত প্রকাশিত হইয়াছে। শ্রীল প্রভুপাদের অনেক অপ্রকাশিত পদ ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ৷৵ আট আনা।

চৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত্র অতিসুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ৩৲ টাকা। প্রাপ্তিস্থান শ্রীযুক্ত নবকিশোর অধিকারী, শ্রীযোগপীঠ, শ্রীধাম, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

"শ্রী শ্রীচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

[illegible] ... শ্রীচৈতন্যদেবের [illegible] ... আস্বাদন করিয়া [illegible] ... বাণী। [illegible] (Foreword), [illegible] (Contents) ও [illegible] (Glossary) [illegible] ... গৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; [illegible] ... পাওয়া যায়।

'ঠাকুর ভক্তিবিনোদ'

——:o:——

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি প্রচারের মূল প্রবর্ত্তক [illegible] শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অত্যদ্ভুত জীবনচরিত এতাবৎকাল [illegible] প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু [illegible] সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয়মঠাচার্য্যপাদের [illegible] "গৌড়ীয়"-সম্পাদক [illegible] পণ্ডিত শ্রীযুক্ত [illegible] বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সঙ্কলিত "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী [illegible] প্রকাশিত হইয়াছে। [illegible] ঠাকুরের বহু [illegible] সন্নিবিষ্ট হইয়াছে। [illegible] ১২৫ পৃষ্ঠার [illegible]। ভিক্ষা মাত্র ৷৵০ আনা; ডাক [illegible] স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান—[illegible] গ্রন্থবিভাগ

শ্রীগৌড়ীয়মঠ

পোঃ বাগবাজার

কলিকাতা

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

——:o:——

১। শ্রীনবদ্বীপপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে [illegible] দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও [illegible] প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

[illegible] বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে [illegible] প্রকাশিত হইয়া [illegible] বিধান করিতেছে। [illegible] ইংরেজি পাক্ষিক পত্রিকা "হারমনিষ্ট" ও [illegible] এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। [illegible] কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

[illegible] অবস্থিত। এখান হইতে [illegible] প্রকাশিত হইয়া থাকে।

৪। [illegible] প্রিণ্টিং ওয়ার্কস্

ইহা [illegible] অবস্থিত। এখান হইতে [illegible] "[illegible]" প্রকাশিত হইতেছে।

ই. বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	৫-৩৬	৬-০৩	৭-২৩	১২-২৬	১৩ ৫৩	১৬-৫৩	১৭ ৫৩	২২-১৮
রাণাঘাট পৌঃ			৮-৫০	১৪-১৪				
(বদল) ছাঃ			৯-০১	১৪-৫০				
কৃষ্ণনগর পৌঃ	৭-১	৮-৪৪	১০-৮	১৫-২৩	১৭-২৮	১৯-১১	২০-১৬	
(বদল) ছাঃ	৭-১২		১০-৩১		১৭-৩৬		২০-২৬	
নবদ্বীপঘাট পৌঃ	৭-৪১		১১-০০		১৮-১৬		২০-৫৬	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৯
রাণাঘাট পৌঃ	১২-৫৫
ছাঃ	১৩-০
শান্তিপুর পৌঃ	১৩-৪৩
(বদল) ছাঃ	১৩-৫১ (লাইট রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৫-২
ছাঃ	১৫-২০
নবদ্বীপঘাট পৌঃ	১৫-৫০

ডাউন

নবদ্বীপঘাট ছাঃ	৫ ৪৪		৯ ৫৫			১৩-৩০	১৬-০	১৮-৫৩
কৃষ্ণনগর পৌঃ	৬ ২৩	৯-১৮	১০-৩	১১-৪১	১৪-১৮	১৬-৩৬	১৯-১১	
ছাঃ	৬-২৬	৭-১৮	১০-১১			১৬ ৫৬	১৯-২৪	
রাণাঘাট পৌঃ			১০-৪৭			১৭-৩১		
(বদল) ছাঃ			১১-০			১৭-৪৩		
কলিকাতা পৌঃ	৮-১৯	৯-২১	১২-৩	১২-১৯	১৪-১৬	১৯-১১	২১-৪১	২৩-৫৩

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৩-৩১	১৬-০		
কৃষ্ণনগর পৌঃ	১৪-১০	১৬-৩৬		
ছাঃ	১৫-২৮	১৭-১৫		
শান্তিপুর পৌঃ	১৬-৬	১৮-৫০		
(বদল) ছাঃ	১৬-৩০	১৮-১ (শনিবার ভিন্ন)	১৮-৮ (শনিবার)	
রাণাঘাট পৌঃ	১৭-১০	১৮-২৭	১৮-৩৩	
(বদল) ছাঃ	১৭-৪০	১৮-৪০	১৮-৪০	
কলিকাতা পৌঃ	১৯-১১	২০-৬	[illegible]	

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

[illegible]

[illegible] ... একবার [illegible] ... মূল্য ছোট বোতল ৷৵০ [illegible] আনা, বড় বোতল ১৷০ [illegible] আনা। পাইকারী [illegible]।

[illegible] আপার চিৎপুর রোড, কলিকাতা

অথবা

পোঃ [illegible], [illegible]

পোঃ— শ্রীমায়াপুর
টেলিগ্রাম— শ্রীধাম
শ্রীমায়াপুর

REGD NO C 1544

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৪শ খণ্ড] শ্রীমায়াপুর—২৭শে ফাল্গুন, ১৩৪৫, ১১ই মার্চ, ১৯৩৯, শনিবার [১০ম সংখ্যা

বিবিধ সংবাদ

কানপুরে পুনঃ দাঙ্গা

৭ই মার্চ কানপুরে পুনরায় সাম্প্রদায়িক দাঙ্গা আরম্ভ হয়। দাঙ্গায় একজন নিহত ও চারজন আহত হইয়াছে। পুলিশকে দুইবার গুলী চালাইতে হইয়াছিল। গুলী বর্ষণের ফলে কেহ হতাহত হয় নাই বলিয়া জানা গিয়াছে।

লাটুস রোডে ইষ্টকখণ্ডের আঘাতে দুই জন পুলিশ আহত হইয়াছে। উহাদের মধ্যে একজনের আঘাত গুরুতর। ম্যাক্রোবার্টগঞ্জে একটি লোক নিহত হইয়াছে এবং গোয়ালটুলিতে দুইজন ছোরার আঘাতে আহত হইয়াছে। কয়েকজনকে গ্রেপ্তার করা হইয়াছে এবং কোন কোন পাড়ার অনেক বাড়ী খানাতল্লাসী করা হইয়াছে।

রেঙ্গুনে ভীষণ অগ্নিকাণ্ড

বেসিন জিলার কাশিয়াটং-এ এক ভীষণ অগ্নিকাণ্ডের ফলে জেলা কাউন্সিলের বাজার সহ ব্যবসায়ী অঞ্চলের ১০০ খানি গৃহ ভস্মীভূত হইয়াছে। আগুন লাগিবার কারণ রহস্যাবৃত। ৩ লক্ষাধিক টাকা ক্ষতি হইয়াছে বলিয়া অনুমান করা যাইতেছে।

আকিয়াব জেলায় আর একটী ভীষণ অগ্নিকাণ্ড হইয়া গিয়াছে এখানেও শতাধিক গৃহ ভস্মীভূত হইয়াছে এবং অনুমান হাজার লোক গৃহহীন হইয়াছে।

সিন্ধু এক্সপ্রেস ধ্বংসের ব্যর্থ চেষ্টা

লাহোর হইতে ৩০ মাইল দূরবর্ত্তী রায়বিন্দ হইতে সংবাদ পাওয়া গিয়াছে যে, ঐ স্থানের নিকটে লাহোর-করাচী লাইনে সিন্ধু এক্সপ্রেস ট্রেণ ধ্বংসের চেষ্টা করা হইয়াছিল; কিন্তু উহা ব্যর্থ হইয়াছে। প্রকাশ যে, ঐ ট্রেণ রায়বিন্দ ষ্টেশনের নিকট উপস্থিত হইলে এক ভীষণ বিস্ফোরণের শব্দ হওয়ায় তৎক্ষণাৎ ট্রেণ থামান হয়। অতঃপর রেল লাইন পরীক্ষা করিয়া কিছু বিস্ফোরক দ্রব্য পাওয়া যায়। কাসুর রেলওয়ে পুলিশকে ঐ ঘটনা জানান হইয়াছে। তাহারা তদন্ত করিতেছে।

বঙ্গীয় ব্যবস্থাপক সভা

প্রশ্নোত্তরের পর কংগ্রেস দলের শ্রীযুক্ত ললিত চন্দ্র দাস, গান্ধীজীর অনশনে উদ্বেগ প্রকাশ করিয়া এবং বড়লাটকে রাজকোট ব্যাপারে হস্তক্ষেপ করিয়া গান্ধীজীর জীবনরক্ষা করিতে গবর্ণরের মারফতে অনুরোধ জানাইয়া একটী প্রস্তাব উত্থাপন করিবার জন্য প্রেসিডেন্টের অনুমতি চাহেন। প্রেসিডেন্ট জানান যে, এই দিন সরকারী কার্য্যের জন্য নির্দ্দিষ্ট হইয়াছে, সুতরাং কোন বেসরকারী বিষয় উত্থাপন চলিবে না।

ব্যবস্থা পরিষদে যে সকল সরকারী বিল পাশ হইয়াছে, সেগুলির আলোচনার সময় সভার কার্য্য একঘেয়ে হইয়া উঠিয়াছিল। ব্যবস্থাপক সভায় বঙ্গীয় জলাশয় সংস্কার বিল এবং বঙ্গীয় হস্তচিকিৎসকগণের বিল পাশ হইয়াছে।

পরিষদের অর্থ সচিব মহাশয় ১৯৩৮-৩৯ সালের জন্য ৩৭,০৮,০০০ টাকা অতিরিক্ত ব্যয় বরাদ্দের দাবী উত্থাপন করেন।

ইহুদীনিধন ব্রত

নাৎসী দলের প্রধান কর্মাধ্যক্ষ ও জার্ম্মাণ শ্রমিক বিভাগের কর্ত্তা ডাঃ রবার্ট লে গত রবিবার এক বিবৃতিতে বলেন, ইহুদীদের বিরুদ্ধে সংগ্রাম এখনও শেষ হয় নাই। যতদিন সমগ্র পৃথিবীতে ইহুদী ধ্বংস না হয় ততদিন ঐ সংগ্রাম চলিবে।

ভারত ও ব্রহ্মের রক্ষণাবেক্ষণ

ভারত ও ব্রহ্মের জন্য অতিরিক্ত ব্যয় বরাদ্দ সম্পর্কে আলোচনা কালে কমন্স সভায় কর্ণেল মুরহেড গত ১৩ই সেপ্টেম্বর বৃটিশ গবর্ণমেণ্ট যে প্রস্তাব করিয়াছিলেন তাহার উল্লেখ করেন। গবর্ণমেণ্ট প্রস্তাব করিয়াছিলেন—(১) ভারত রক্ষার জন্য বার্ষিক অর্থ সাহায্যের পরিমাণ ১৫ লক্ষ পাউণ্ড হইতে বাড়াইয়া ২০ লক্ষ করা হইবে; (২) বৃটিশ ও ভারতীয় সৈন্যদল গুলির জন্য ৫০ লক্ষ পাউণ্ড মঞ্জুর করা হইবে; (৩) কতকগুলি স্কোয়াড্রনে নূতন বিমানপোত সরবরাহ করা হইবে।

ভারত সরকার সামরিক বিভাগ ও বিমান বিভাগের মধ্যে দেশরক্ষার ব্যয় লইয়া যে বিরোধ হইয়াছে তৎসম্পর্কে অনুসন্ধানের জন্য ১৯৩৬ সালে যে সুপারিশ করা হয়, কর্ণেল মুরহেড তাহা সদস্যগণকে স্মরণ করাইয়া দেন। ঐ সুপারিশের পর ১০ই অক্টোবর তারিখে প্রধান মন্ত্রী আলোচনা আরম্ভ করেন এবং সেই আলোচনার ফলে উপরোক্ত প্রস্তাবগুলির উদ্ভব হয়।

ভারতের দেশরক্ষা সমস্যা সম্বন্ধে অনুসন্ধানের জন্য লর্ড চ্যাটফিল্ডের নেতৃত্বে যে বিশেষজ্ঞ কমিটি নিয়োগ করা হয় কর্ণেল মুরহেড তাহার উল্লেখ করেন। উক্ত কমিটির রিপোর্ট এখন বৃটিশ গবর্ণমেণ্ট ও ভারত গবর্ণমেণ্ট বিবেচনা করিতেছেন।

ভারতীয় ব্যবস্থা পরিষদে দেশরক্ষা সম্বন্ধে বহু প্রশ্ন করা হয়। উহা হইতেই দেশরক্ষা সম্বন্ধে ভারতীয়দের যে আগ্রহ প্রকাশ পায়, কর্ণেল মুরহেড তাহার উল্লেখ করেন।

বিনা ডিভিশনেই ভারত ও ব্রহ্মের জন্য অতিরিক্ত ব্যয় বরাদ্দের প্রস্তাব গৃহীত হয়।

শ্যামের ভূতপূর্ব্ব রাজা

ব্যাঙ্ককের এক সংবাদে প্রকাশ, [illegible] শ্যামের ভূতপূর্ব্ব রাজা প্রজাধিপক সংবাদপত্রের প্রতিনিধির নিকট শ্যামের বর্ত্তমান সামরিক অধিনায়কের তীব্র নিন্দা করিয়া মন্তব্য প্রকাশ করায় শ্যামের গবর্ণমেণ্ট ঘোষণা করিয়াছেন যে, আগামী এপ্রিল মাস হইতে ভূতপূর্ব্ব রাজাকে আর তাঁহার ভাতার টাকা দেওয়া হইবে না।

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী মহারাজ সম্পাদিত ইংরেজী পাক্ষিক। প্রতি একাদশীতে প্রকাশিত হয়। কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। সডাক ভিক্ষা ৪।০ টাকা মাত্র।

২। গৌড়ীয়—মহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১।০ টাকা মাত্র।

৩। ভাগবত—হিন্দিভাষায় একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ টাকা মাত্র।

৫। শ্রীগৌড়ীয়—মহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ মাত্র।

শ্রীশ্রীভক্তিবিনোদাবির্ভাব-শতবর্ষপূর্ত্তিতিথিপূজার উপায়ন-গ্রন্থমালা

———:(০):———

১। রীতিসাহিত্যে শ্রীভক্তিবিনোদ

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র রীতিসাহিত্যের সমালোচনা-গ্রন্থ)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

২। শ্রীভক্তিবিনোদবাণীবৈভব

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের রচনাসমুদ্র হইতে আহৃত ১০৮টি অধ্যায়ে সম্বন্ধ-অভিধেয়-প্রয়োজনাকারে গুম্ফিত অমূল্য উপদেশপূর্ণ গ্রন্থ)

ভিক্ষা—৩৲ তিন টাকা মাত্র।

৩। শ্রীশ্রীভক্তিবিনোদ-প্রসঙ্গ

ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ ও ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী প্রভু-বিরচিত এবং গৌড়ীয়ে প্রকাশিত শ্রীশ্রীভক্তিবিনোদ-চরিত-প্রসঙ্গ

ভিক্ষা—।৵০ ছয় আনা মাত্র।

৪। ছাত্রদের ভক্তিবিনোদ

(ছাত্রদের উপযোগী ভাষায় লিখিত শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্র ও শিক্ষা)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

ছাত্রদের পক্ষে ভিক্ষা—৷০ আট আনা মাত্র)

প্রাপ্তিস্থান :—

(১) 'ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট', পোঃ শ্রীমায়াপুর, নদীয়া;

(২) শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা;

(৩) শ্রীযুক্ত [illegible] রায় এম্-এ, বি-এল্, পুরানপল্টন পোঃ রমণা, ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবত,—সমগ্র
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত — ১৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। অনুভাষ্যসহ শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৬৲
৩। অনুভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬
৪। সরস্বতী-জয়শ্রী (অবাঁধা) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০; ২য় খণ্ড ২৲; ৩য় খণ্ড—৸০; ৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার দীপিকা সংস্কার দীপিকা ১।০
৯। বৈষ্ণবধর্ম্ম ২৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ॥
১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ-তত্ত্ব ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষৎ ।০
১৮। [illegible] ।০
১৯। তত্ত্ববিবেক ।০
২০। গৌড়ীয়-গৌরব ।৵০
২১। গৌড়ীয়সাহিত্য ।৵০
২২। ভজন রহস্য ।০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃত ও শ্রীনবদ্বীপশতক (বাঁধা) ১৲
২৪। গীতা (শ্রীবলদেব টীকা-সহ) ১৲
২৫। গীতা (চক্রবর্ত্তি টীকাসহ) ১৲
অবাঁধা) ১৲
২৬। গীতার কেবল মাত্র ভাষা ।০
২৭। [illegible] (সানুবাদ) ২৲
২৮। বেদান্তসার (সানুবাদ) ।০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৸০
৩০। দীপ-দিগ্-দর্শন ৶০
৩১। সাধনপথ (তৃতীয় সংস্করণ) ।৵০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ।০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶০
৩৫। গীতমালা ⁄১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৶০
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৶০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ ।০
৪০। শরণাগতি ⁄০
৪১। গীতাবলী ⁄০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
৪৩। সাধনতত্ত্ব ⁄০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ⁄
৪৫। নবদ্বীপশতক
৪৬। অর্চ্চনপদ্ধতি
৪৭। সদাচারস্মৃতিঃ ৵
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ⁄১০
৪৯। অর্চ্চনকণ ৵১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম ও ২য় খণ্ড) ৯৲
৫১। ব্রহ্মসংহিতা ।০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ-নির্ণয় ।৵
৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ।০
৫৬। ভারতবর্ষ ও ভক্তিপথ ৶০
৫৭। ঈশোপনিষৎ (আখ্যায়িকাসহ) ।০
৫৮। শ্রীভুবনেশ্বর ৶০
৫৯। শিক্ষাদর্পণ
৬০। সাংখ্যবাণী

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।০
৬২। সিদ্ধান্ত-সরস্বতী দিগ্বিজয়ঃ ।০
৬৩। সটীক-শিক্ষাদশমূলম্ ।০
৬৪। তত্ত্বসূত্র ।০
৬৫। সাত্বত শিক্ষাষ্টকম্ ৶০
৬৬। গৌড়ীয়মঠপরিচয়ঃ
৬৭। সারাৎসারনির্ণয়

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।০
৬৯। [illegible] ।০
৭০। নামভজন
৭১। বেদান্ত—ইট্স মরফলজী য্যাণ্ড অণ্টলজি ।০
৭২। রিলেটিভ ওয়ার্ল্ডস ।৵০
৭৩। লাইফ য্যাণ্ড প্রিসেপ্টস্ অব শ্রীচৈতন্য মহাপ্রভু ।০
৭৪। বৈষ্ণবিজম্ ।০
৭৫। হোয়াট গৌড়ীয়মঠ ইজ ডুইং ⁄০
৭৬। দি ভাগবত ।০
৭৭। ইরোটিক প্রিন্সিপাল য্যাণ্ড আনআলয়েড ডিভোশন ।০
৭৮। ব্রহ্মসংহিতা ১।০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (প্রথম খণ্ড) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ।০
৮১। সাধন-পথ ।০
৮২। কল্যাণ-কল্পতরু ৶০
৮৩। গীতাবলী ⁄০
৮৪। শরণাগতি ⁄০

তামিল ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ⁄০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ১৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক

নদীয়া-প্রকাশ

একমাত্র পারমার্থিক দৈনিক পত্র

শ্রীধাম-মায়াপুর-নদীয়া

১৭শ বর্ষ | ৬ বিষ্ণু ৪৫৩ গৌরাব্দ ২৭শে ফাল্গুন বঙ্গাব্দ ১৩৪৫, ১১ই মার্চ্চ ইং ১৯৩৯, শনিবার | ১০ম সংখ্যা

সাময়িক-প্রসঙ্গ

ঢাকা শ্রীমাধ্বগৌড়ীয়মঠে শ্রীশ্রীগৌরজন্মোৎসব

গত ২১শে ফাল্গুন, ৫ই মার্চ্চ, রবিবার শ্রীশ্রীবিশ্ববৈষ্ণবরাজসভার অন্যতম শাখা ঢাকা শ্রীমাধ্বগৌড়ীয়মঠে শ্রীশ্রীগৌর-জন্মোৎসব উপলক্ষে শ্রীশ্রীল আচার্য্যদেবের সংকীর্ত্তনসেবাধ্যক্ষতায় সংকীর্ত্তন-মহামহোৎসব সুচারুরূপে অনুষ্ঠিত হয়। উক্ত দিবস ব্রাহ্মমুহূর্ত্তে মঙ্গলারাত্রিকের পর 'গুরুবন্দনা' ও মহাজনপদাবলী কীর্ত্তনান্তে শ্রীমন্দির পরিক্রমা করা হয়। প্রাতঃকাল হইতে সারস্বত-আসনে সুবৃহৎ মহোদ্যানে শ্রীশ্রীল প্রভুপাদ ও শ্রীশ্রীল আচার্য্যদেবের আলেখ্য বিচিত্রবর্ণের সুগন্ধি পুষ্প ও মাল্যাদির দ্বারা বিভূষিত হওয়ায় শোভা পাইতেছিলেন এবং সমস্ত দিবব্যাপী শ্রীচৈতন্যভাগবত-পারায়ণ হইতে থাকে।

সন্ধ্যারাত্রিকের পর সারস্বত আসনে একটী মহতী সভার অধিবেশন হয়। উক্ত সভায় মহোপদেশক পণ্ডিত শ্রীপাদ নবীনকৃষ্ণ বিদ্যালঙ্কার প্রভু বহু সম্ভ্রান্ত সজ্জনমণ্ডলীর সমক্ষে তাঁহার স্বভাবসুলভ সরল, প্রাণস্পর্শী ভাষায় মায়াবদ্ধ কলিহত জীবের প্রতি করুণাপ্রকাশের নিদর্শনস্বরূপে কলিযুগপাবনাবতারী সংকীর্ত্তনপিতা শ্রীমন্মহাপ্রভুর ভূলোকে অবতরণের প্রধান বৈশিষ্ট্য-সম্বন্ধে একটী বক্তৃতা প্রদান করেন। বক্তৃতার পর শ্রীমন্মহাপ্রভু ও তাঁহার অন্তরঙ্গ ভক্তগণের কৃপাযাচ্ঞামুখে মহাজন-পদাবলী কীর্ত্তিত হয়।

তৎপরদিবস সোমবার সন্ধ্যারাত্রিকের পর সারস্বত-আসনে একটী বিরাট্ সভার অধিবেশন হয়। শ্রীপাদ বিদ্যালঙ্কার প্রভু পূর্ব্বদিবসের কীর্ত্তিত শ্রীমন্মহাপ্রভুর মহাবদান্য-লীলার কথা স্মরণ করিয়া উক্ত সভায় বহু ব্যক্তির নিকট একটী সারগর্ভ বক্তৃতা প্রদান করেন। সভা ভঙ্গের পর প্রায় দুইশত ভদ্রমহোদয় ও ভদ্রমহিলাকে বিচিত্র মহাপ্রসাদ বিতরণ করা হইয়াছিল।

— —

যুক্তপ্রদেশে প্রচার

বিশ্ববিশ্রুত শ্রীগৌড়ীয়মঠের অন্যতম প্রচারক পণ্ডিত শ্রীপাদ সুদর্শন ব্রহ্মচারীজী যুক্তপ্রদেশের বহরাইচ নামক স্থানের প্রচারকার্য্য সমাপ্ত করিয়া অযোধ্যার সন্নিকটস্থ গোণ্ডা নামক স্থানে গমন করিয়া শ্রীমন্মহাপ্রভুর আচরিত ও প্রচারিত বিমল বৈষ্ণবধর্ম্মের বাণী আচারমুখে প্রচার করেন।

ব্রহ্মচারীজী গত ৮ই জানুয়ারী রবিবার বাবু এচ, কে মল্লিক মহোদয়ের উদ্যোগে গোণ্ডা ইণ্ডিয়ান ইন্‌ষ্টিটিউটে ছায়াচিত্র-যোগে কৃষ্ণলীলা-প্রদর্শনমুখে বহুক্ষণ হরিকথা কীর্ত্তন করেন। সভায় সেনেটের কর্ম্মচারী এবং অন্যান্য সজ্জনবৃন্দ উপস্থিত ছিলেন। উপস্থিত সজ্জনবৃন্দ গৌড়ীয়মঠের প্রচারের ভূয়সী প্রশংসা করেন। বক্তৃতার আদি ও অন্তে মহাজন-পদাবলী কীর্ত্তিত হয়।

গত ৯ই জানুয়ারী প্রাতে ৮ ঘটিকার সময় বাবু এইচ, কে, মল্লিক মহোদয় কর্ত্তৃক সাদরে নিমন্ত্রিত হইয়া তাঁহার বাসায় প্রায় অর্দ্ধঘণ্টাকাল হরিকথা কীর্ত্তন করেন। মল্লিক মহাশয় এবং উপস্থিত শ্রোতৃবৃন্দ হরিকথা শ্রবণ করিয়া বিশেষ আনন্দ প্রকাশ করেন।

ঐ দিবস ডাক্তার মোহিনীমোহন রায় কর্ত্তৃক আহূত হইয়া সন্ধ্যা ৭ ঘটিকায় গৌড়ীয়মঠের ভক্তবৃন্দ তাঁহার বাসাবাড়ীতে উপস্থিত হন। শ্রীপাদ সত্যনারায়ণ দাসাধিকারীজী ছায়াচিত্রযোগে কৃষ্ণলীলা দেখান। উপস্থিত ভদ্রমহোদয়গণ গৌড়ীয়মঠের প্রচারের ভূয়সী প্রশংসা করেন। বক্তৃতার আদি ও অন্তে মহাজনপদাবলী কীর্ত্তিত হয়।

গত ১১ই জানুয়ারী গৌড়ীয়মঠের প্রচারকবৃন্দ স্থানীয় বাঙ্গালী লালা আশারাম কর্ত্তৃক আহূত হইয়া ছায়াচিত্রযোগে কৃষ্ণলীলা প্রদর্শন করেন। বক্তৃতার আদি ও অন্তে মহাজনপদাবলী কীর্ত্তন হয়।

মেদিনীপুরে প্রচার

গৌড়ীয়মঠের অন্যতম প্রচারক উপদেশক শ্রীপাদ নারায়ণ ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী মহোদয় কতিপয় সেবকসহ গত ১৭ই মাঘ মেদিনীপুর জেলার বৈষ্ণবচক্ গ্রামের বারোয়ারী নাট্যমন্দিরে "অহিংসা-নীতি ও ভাগবত-ধর্ম্ম" সম্বন্ধে একটি বক্তৃতা প্রদান করেন।

১৮ই মাঘ বৈষ্ণবচকের প্রচারকার্য্য সমাপ্ত করিয়া মাধবেড়িয়া গ্রামনিবাসী শ্রীযুক্ত নগেন্দ্রনাথ মাজা মহাশয়ের সাদর আহ্বানে তদীয় বাসভবনে শ্রীশ্রীল প্রভুপাদকে অগ্রণী করিয়া সংকীর্ত্তন-শোভাযাত্রা সহকারে গমন করেন।

চয়ন

SREE GAUDIYA MATH

His Holiness Tridandi Swami B. S. Giri Maharaj of Gaudiya Math, who has arrived from India in connection with the first annual celebrations of the Math, had an interview with His Excellency the Governor yesterday morning. His Excellency was pleased to learn that the Mission stood for the idea of "universal love" and that the workers of the Mission were always trying to produce an atmosphere of peace and harmony. His Excellency also appreciated the socio religious activities of the institution and promised his sympathy and support for the furtherance of its activities in Burma. Before leaving the Swamiji presented some publications of the Mission to His Excellency.

(The Rangoon Gazette, Thursday March 2, 1939)

"জীবের নিজের আত্মস্বরূপে অপ্রাকৃত সচ্চিদানন্দ আশ্রয়-জাতীয়াংশের অর্থাৎ কার্ষ্ণ-কিঙ্করের অনুভূতিই সম্বন্ধজ্ঞান। গুরুবর্গের পরিচয়ের দ্বারা সেই সম্বন্ধজ্ঞান লাভ হয়। তাঁর স্বরূপশক্তির সহিত আত্মা, জীবশক্তির সহিত অচিন্ত্যভেদাভেদ-সম্বন্ধযুক্ত ও মায়াশক্তি হইতে ভিন্ন। চেতন-দর্শনই কৃষ্ণভোগাদর্শন। প্রকৃত প্রস্তাবে সজ্জনসঙ্গই দুর্জনসঙ্গরাহিত্যরূপ নিষ্কপটতা।"

(শ্রীল আচার্য্যদেব)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

৬ বিষ্ণু অবাধ শ্রীগৌরপাদী গৌরাব্দ ৪৫০

যৎকিঞ্চিৎ

——::(•)::——

প্রতিষ্ঠা কাহাকে বলা হয়? কোন একটী বিশেষ অভিমানে স্থিতির নামই প্রতিষ্ঠা। জগতে কেহ উচ্চকুলসম্ভূত, কেহ ধনী, কেহ বিদ্বান, আবার কেহ বা রূপবান্ বলিয়া প্রতিষ্ঠা লাভ করেন। এই সকল প্রতিষ্ঠা—জড় প্রতিষ্ঠা। জগতের সমস্ত চেতন অচেতন বস্তুরই কোন না কোন প্রকার প্রতিষ্ঠা আছেই। প্রত্যেকেই নিজেকে জড়, চেতন, ধনী, দরিদ্র, পণ্ডিত, মূর্খ, ব্রাহ্মণ, চণ্ডাল, কুলীন, দুষ্ট প্রভৃতি যে কোন একটী অভিমানে প্রতিষ্ঠিত করেন। এই প্রতিষ্ঠার মধ্যে যেটী সুখদায়ক নহে, সেটী বর্জ্জন করিয়া সুখকর প্রতিষ্ঠা অর্জ্জনের চেষ্টাও করিয়া থাকেন। এই জড় প্রতিষ্ঠা ব্যতীত অন্য প্রতিষ্ঠার কথা মহাজনগণ কীর্ত্তন করিয়াছেন, তাহা বৈষ্ণবী প্রতিষ্ঠা। জীব কোন না কোন একটা অভিমান না করিয়া থাকিতে পারেন না। প্রতিষ্ঠা না থাকিলে তাহার ধ্বংস বা বিনাশ অবশ্যম্ভাবী। সন্ধিনীশক্তিমদ্বিগ্রহ শ্রীবলদেব-পাদপদ্মেই সকল সত্তার অধিষ্ঠান। নিখিল বৈষ্ণবসত্তা মূল-আশ্রয় শ্রীবলদেবের স্থিতি লাভ করে। শ্রীবলদেবের অংশ কারণার্ণবশায়ী মহাবিষ্ণু হইতে অনন্ত কোটী জীবাত্মা প্রকটিত হন। স্বতন্ত্রতার অপব্যবহার ফলে তাঁহাদের মধ্যে কেহ কেহ মায়াবদ্ধ হইয়া প্রাকৃত সত্তা প্রাপ্তি লাভ করেন। জগতে থাকাকালে নানাপ্রকার সম্বন্ধ, জড় উপাধিগত অভিমান আসে, কিন্তু উহা নশ্বর ও বিকৃত, শুদ্ধ অভিমান নহে। জীবের আশ্রয় যে মহাবিষ্ণু, তাঁহার অংশী সকল প্রকাশ সমূহের মূল শ্রীবলদেব স্বয়ং ভগবৎ-প্রকাশ হইয়াও আপনাকে শ্রীগোপীনাথের দাস বলিয়া অভিমান করেন। শ্রীগুরুদেব শ্রীবলদেবাভিন্নবিগ্রহ হইয়াও নিজেকে শ্রীবলদেবের দাসরূপে সুপ্রতিষ্ঠিত করিয়া থাকেন। শ্রীগুরুদেবের অনুগত নিজজনগণ শ্রীচৈতন্যবাণী ব্যাখ্যাতারূপে হইয়াও তাঁহার দাসানুদাসত্বই হৃদয়ে পোষণ করেন। সেই শ্রীগুরুপাদপদ্মের দাস অর্থাৎ "গোপীভর্ত্তুঃ পদকমলয়োর্দাসদাসানুদাসঃ" এই অভিমানই জীবের প্রকৃত এবং শুদ্ধ অভিমান। জাতি, ঐশ্বর্য্য, শ্রুত, শ্রী প্রভৃতি জড়-প্রতিষ্ঠা এবং শ্রীগুরুদেবের দাসানুদাসত্ব—বৈষ্ণবী প্রতিষ্ঠা।

সাধুশাস্ত্র এবং মহাজনগণ সর্ব্বত্রই প্রতিষ্ঠা এবং প্রতিষ্ঠাশাকে গর্হণ করিয়াছেন। প্রতিষ্ঠা জীবের হৃদয়কে কঠিন করে; শ্রীগুরুপাদপদ্মে প্রপন্ন হইতে বাধা জন্মায়, প্রতিষ্ঠাশা শ্রীগুরুপাদপদ্মে আগত কোমলশ্রদ্ধ ব্যক্তিকে অবসাদিত করে। এই প্রতিষ্ঠা অবশ্য জড় প্রতিষ্ঠা। প্রতিষ্ঠাকামী ব্যক্তি শ্রীহরির সম্যক্ কীর্ত্তন করিতে পারেন না—"কীর্ত্তনে যাহার প্রতিষ্ঠা-সম্ভার, তাহার সম্পত্তি কেবল কৈতব।" জড়াভিমান যাঁহার হৃদয়ে প্রবল, হরিকীর্ত্তন তাঁহাদের পক্ষে কখনই সম্ভবপর নহে। "না-সেবো সেবাচ্ছলে"—অতএব প্রতিষ্ঠিত বৈষ্ণব ব্যতীত কেহ অবৈষ্ণব শ্রীহরির কীর্ত্তন করিতে সমর্থ নহেন। জড় জগতে সকলেই প্রভু হইবার জন্য ব্যস্ত। যে যাহাই আকাঙ্ক্ষা করুক না কেন, তাহার মূলে থাকে ভোগলিপ্সা। এই ভোক্তাভিমান, যাহা আমাদের স্বরূপগত অভিমান নহে, তাহা দূর হইয়া দাস-অভিমান হৃদয়ে প্রবল না হইলে আমাদের কোনই সুবিধা হইবে না। জগতে 'বড় আমি'—'সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ আমি' এবং 'তৃণাদপি ক্ষুদ্র আমি'—এই উভয় প্রকার বিচারই ভোগময় হইতে জন্ম লাভ করিয়াছে। আবার যখন একটু বেশী বুদ্ধিমান হই, তখন বড় অপূর্ব্ব জগতের ছোট বড়র আর বিশেষ মূল্য প্রদানে সমর্থ হই না। তখন জড়াতীত বিরুদ্ধ অর্থ কল্পনা করিয়া যে নির্বিশেষ আশ্রয়ে প্রতিষ্ঠিত হইবার চেষ্টা করি, তাহাও দূর্ণ ভোগবাদেই পর্য্যবসিত হয়। জড়ীয় ছোট-বড়, ভাল-মন্দের বিচার পরিত্যাগ করিয়া ভাল আমিতে অর্থাৎ অবিমিশ্র চেতন স্বরূপে অবস্থিত হইতে না পারিলে—তৃণের যে সামান্য অভিমান, তাহাও পরিত্যাগ করিয়া প্রকৃত বিচারে সাধনভজন দিলেও, বৈষ্ণবী প্রতিষ্ঠায় প্রতিষ্ঠিত হইতে না পারিলে কৃষ্ণ-কীর্ত্তন কিরূপে হইবে? যাঁহারা জড়াভিমানী, জড়ের প্রভু হইবার বাসনা যাঁহাদের হৃদয়ে বর্ত্তমান, তাঁহাদের সম্বন্ধজ্ঞানের উদয় হয় নাই, তাঁহাদের হৃদয় চেতনবাণীর সম্পদ নহে, তাঁহাদের জিহ্বায় অধোক্ষজ-ভগবান উদিত হন না। তাঁহারা যে কীর্ত্তন করিবার প্রয়াস করেন, তাহা হয় ছলনা, না হয় মূর্খতা। সম্বন্ধজ্ঞান ব্যতীত আনন্দের যাজনের যে চেষ্টা, তাহা চরমে নির্ব্বিশেষ-জ্ঞানেই পর্য্যবসিত হয়।

প্রতিষ্ঠাশা থাকা প্রয়োজন, তবে সে প্রতিষ্ঠা জড় প্রতিষ্ঠা নহে। শ্রীমন্মহাপ্রভু বলিলেন—"জগৎ ভরিয়া মোর হবে পুণ্য খ্যাতি। সুখী হইয়া লোক মোর গাহিবেক কীর্ত্তি।" সে খ্যাতি এবং কীর্ত্তি কি? তাহা জাগতিক বিদ্যা, বুদ্ধি, পাণ্ডিত্য, ধর্ম্মবীর্য্য বা কর্ম্মবীর্য্য নহে, তাহা কৃষ্ণদাসরূপ প্রতিষ্ঠা। এই প্রতিষ্ঠার ভজন না করিলেই জড় প্রতিষ্ঠার ভজন অবশ্যম্ভাবী হইয়া পড়িবে; তাহার ফল অনন্ত নরক। জীবের অস্মিতা কোন কালেই লুপ্ত হয় না। সত্তা যখন আছে, তখন তাহার অহঙ্কার আছেই। সুতরাং 'শ্রীগুরুদেবের পাদপদ্মের ধূলি'—এই উপলব্ধির অভাব হইলেই জড়াভিমান, জড়ের প্রভু বা ভোক্তা-অভিমান আমাদিগকে গ্রাস করিবে।

শ্রীল প্রভুপাদ দুই প্রকার প্রতিষ্ঠার পার্থক্য দেখাইয়াছেন—শ্রীল মাধবেন্দ্র পুরীপাদের প্রতিষ্ঠা এবং জড় প্রতিষ্ঠা। ভোগিলোক একে অপরের প্রতিষ্ঠা দেখিয়া হিংসা করিয়া থাকে। বৈষ্ণব ঠাকুরের স্বাভাবিকী প্রতিষ্ঠা আপনা হইতেই জগতে ব্যাপ্ত হয়। ভক্তিহীন প্রতিষ্ঠাকামী মৎসর প্রকৃতি জনগণ তাঁহার নানাপ্রকার অবৈধ অনুকরণ, আবার অনেক সময় তাঁহার প্রতি বিদ্বেষবশতঃ বিরুদ্ধাচরণ করিয়া থাকে। মৎসর ব্যক্তি জনসংঘের সহিত প্রতিযোগিতা করিয়া অজ্ঞ লোকের নিকট সাধু সাজিতে পারে, কিন্তু তাদৃশী চেষ্টা যে অত্যন্ত নীচ কপটতাপূর্ণ, তাহাতে সন্দেহ নাই। বৈষ্ণব সকল বৈষ্ণবের প্রকটকারী মূল-আশ্রয় শ্রীবলদেব কর্ত্তৃক প্রকটিত হন, আবার বলদেবাভিন্ন শ্রীগুরুদেব কর্ত্তৃক তাঁহাদের ভগবদ্বৈভব জগতে প্রচারিত হয়। তদনুবৈভবরূপিণী এই প্রতিষ্ঠা নিত্যা—ইহা অনিত্য মায়িক বৈভব, বহুরূপিণী মায়ার একটা রূপ নহে। শ্রীল মাধবেন্দ্র পুরী নিরাকাঙ্ক্ষ সন্ন্যাসরূপে প্রতিষ্ঠিত বলিয়া যাবতীয় প্রতিষ্ঠা তাঁহার সেবা করিয়া থাকে, কিন্তু যাহারা জাতের ঘরে চুরি করিয়া অবৈধ আড়ম্বরপূর্ণ সাজিয়া বসে, তাঁহাদের প্রতিষ্ঠা শূকরের বিষ্ঠার তুল্য হয়।

শ্রীগুরুদেব দুইপ্রকারে কৃপা করিয়া থাকেন—একটী সাক্ষাৎকৃপা বা অমায়ায় কৃপা অন্যটী বহিরঙ্গভাবে বঞ্চনাময়ী কৃপা। অবশ্য বঞ্চনার মধ্যেও করুণাঘনবিগ্রহ শ্রীগুরুদেবের করুণাই নিহিত থাকে। বঞ্চনা ও প্রতারণা এক জিনিষ নহে। শ্রীগুরুদেব কোন অভিমানমূলে কাহাকেও তাঁহার কৃপা হইতে বঞ্চিত করেন না। বঞ্চিত ব্যক্তি বাহিরে গুরুসেবার ছলনা দেখাইয়াও অন্তরে যেমন গুরুদেবকেই ফাঁকি দিয়া তাঁহার নিকট হইতে কিছু লাভপূজা যোগাড় করিয়া লইবার চেষ্টা করে, অন্তর্যামী শ্রীগুরুদেব তাঁহার মনোভাব বুঝিয়া তাঁহাকে ঐরূপ জড় প্রতিষ্ঠার নশ্বরতা উপলব্ধি করাইয়া কৃপোন্মুখ করিতেই প্রয়াস করেন, ঐ বঞ্চিত ব্যক্তির অপরাধ তাদৃশ গুরুতর না হইলে তিনি উহা বুঝিতে পারিয়া নিষ্কপট আর্ত্তির সহিত শ্রীগুরুদেবের শরণাপন্ন হন; আর যদি তিনি শ্রীগুরুদেবে অসূয়াপরবশ হন, তাহা হইলে ঐ প্রতিষ্ঠাকে তাঁহার প্রাপ্য জ্ঞান করিয়া নরকের পথ প্রশস্ত করিয়া থাকেন।

আমরা অনেক সময় আমাদের জাগতিক অভিজ্ঞতার ছাঁচে ঢালিয়া গুরুদেবকে দেখিতে চাই। তাঁহার ব্যবহারও আমরা নিগূঢ় ভাবমুদ্রা বুঝিতে না পারিয়া অপরাধের সৃষ্টি করি। অনেক সময় দেখি, তিনি কাহাকেও নানাপ্রকারে সম্মান দান করিতেছেন; কিন্তু অপর একজনকে হয়ত সেরূপ কোন মর্য্যাদা দিতেছেন না। এই সম্মান দেওয়া বা না দেওয়াকেই আমরা নিজের যোগ্যতার মানদণ্ডরূপে গ্রহণ করি অর্থাৎ আমাদের ধারণায় শ্রীগুরুদেব বাহ্যতঃ যাঁহাকে যতটা প্রতিষ্ঠা দিবেন, তিনিই তত বড় শিষ্য। কিন্তু আমরা ভুলিয়া যাই যে, আমাদের ধারণা বা অভিজ্ঞতা শ্রীগুরুদেবের আচরণের ব্যাখ্যাবিচারে গৃহীত হইতে পারে না। শ্রীগুরুদেব প্রকৃত শিষ্যকেও প্রতিষ্ঠা দান করেন, কপট ব্যক্তিকেও প্রতিষ্ঠা দান করেন। প্রকৃত সেবককে

মহৎকৃপা বিনা কোন কর্ম্মে ভক্তি নয়। কৃষ্ণভক্তি দূরে রহু সংসার নহে ক্ষয়॥

যে প্রতিষ্ঠা দান করেন, বহির্মুখের চক্ষে উহা জড়প্রতিষ্ঠা বা অপ্রতিষ্ঠারূপে প্রতিভাত হইতে পারে ; কিন্তু বাস্তবপক্ষে তাহাই নিত্যপ্রতিষ্ঠা, আর কপটকে যে প্রতিষ্ঠা দান করেন, তাহাকে সাধারণ লোক যতই লোভনীয় বলিয়া জানুক, উহা যেন নশ্বর প্রতিষ্ঠামাত্র। শ্রীগুরুদেব কাহাকেও অযাচিত কৃপা করিয়া নিত্য প্রতিষ্ঠা দিয়াছেন এবং কাহাকেও বা বঞ্চনা করিয়াছেন ; তাহা তাঁহার আচরণে সহসা বুঝা না গেলেও, মনে যদি কপটতা না থাকে, তাহা হইলে নিজের আচরণেই বোঝা যায় তিনি সরল অথবা কপট শ্রীচৈতন্যচরিতামৃতে আমরা ইহার আদর্শ দেখিতে পাই।

প্রতিষ্ঠাশা বদ্ধজীবের মজ্জাগত হইয়া রহিয়াছে। সে যাহা কিছুই করিতে যায়, জ্ঞাতসারে বা অজ্ঞাতসারে বাহাদুরী লইবার ইচ্ছা তাহার মধ্যে থাকেই। বাহিরে আমরা শ্রীগুরুদেবের নিকট আসিয়াও জড়-প্রতিষ্ঠার ভজন লইয়াই ব্যস্ত হইয়া পড়ি। লোকে আমাকে বড় প্রচারক বলুক, বিদ্বান বক্তা বলুক, পণ্ডিত বলুক—অর্থ সংগ্রহকারীরূপে আমার প্রতিষ্ঠা হউক, কত প্রকার কামনাই না আসিয়া জুটে। আবার যখন একটু বেশী বুদ্ধিমান হই, তখন অপ্রতিষ্ঠার মধ্য দিয়া প্রতিষ্ঠা পাইতে চাই—লোকে আমাকে দীনহীন, সুনীচ বলিয়া জানুক। শ্রীগুরুদেব মহাভাগবতোত্তম নিখিল বস্তুকে ভগবদ্বৈভব জানিয়া তিনি তাহাকে গৌরববুদ্ধি করেন, কিন্তু আমি যদি শ্রীগুরুপাদপদ্মের দাসানুদাস বলিয়া নিজেকে না জানি, বাহাপরতন্ত্র হইয়া শ্রীগুরুদেবের কীর্তিত বাস্তব সত্যের বাণীকে প্রশংসোক্তি মনে করি, তাহা হইলে আমি সর্বাপেক্ষা বঞ্চিত হইলাম না কি? শ্রীগুরুদেব হয়ত আমাকে প্রচুর প্রতিষ্ঠা দিয়াছেন, কিন্তু সেই আমিটা কে? এই প্রশ্নের উত্তরেই ও সকল কপটতা ধরা পড়িয়া যায়। তখন আমি, গৃহস্থ, সন্ন্যাসী, আমি ভাগবতসিদ্ধান্তবিৎ গুরুদেবের সর্বশ্রেষ্ঠ সেবাকারী, কত কিছু মনে আসে, কিন্তু আমি "গোপীভর্তুঃ পদকমলয়োর্দাসদাসানুদাসঃ"—একথা কখনও মনে হয় কি?

বৈষ্ণব প্রতিষ্ঠাভিক্ষুক নহেন। শ্রীগুরুপাদপদ্মে সকল প্রতিষ্ঠার মালিক জানিয়া তিনি সকল সম্মান—সকল গৌরব শ্রীগুরুদেবের শ্রীপাদপদ্মে অর্পণ করিয়া থাকেন। যাঁহারা বৈষ্ণবকে নিজেদের ন্যায় জড়প্রতিষ্ঠাকামী মনে করেন, যাঁহারা জড়প্রতিষ্ঠা ও বৈষ্ণবী প্রতিষ্ঠার ভেদ বুঝিতে পারেন না, তাঁহারা এই রহস্যটি কিছুতেই বুঝিয়া উঠিতে পারে না। বৈষ্ণবের প্রতিষ্ঠা দর্শনে তাঁহারা হিংসায় বিষে জর্জরিত হইতে থাকেন। শ্রীল প্রভুপাদ বলিয়াছেন —"গুরুর কাছে কবুলি, অথচ যদি বলি আমার জয় দিতে হ'বে না—একথা কাহারা বলেন? যাঁহারা জানেন, আমার গুরুপাদপদ্ম হ'তে আমার স্বতন্ত্র একটা অস্তিত্ব আছে, স্বতন্ত্রভাবে আমি প্রতিষ্ঠা পাইতে পারি ; আমি জানি, যে জয় দেওয়া হইতেছে উহা আমারই জয়—তাঁহারাই প্রতিষ্ঠাশাহীন বলিয়া নিজেকে জাহির করিবার জন্য অর্থাৎ বেশী করিয়া জয় পাইবার জন্য ঐরূপ কপট দৈন্য করিয়া থাকেন। বৈষ্ণব কিন্তু ঐরূপ ভোগী বা কপট ত্যাগী নহেন। তিনি শ্রীগুরুদেবের প্রাপ্যবস্তু দস্যুর ন্যায় জোর করিয়া আত্মসাৎ করেন না ; আবার উহাকে ত্যাগ করিয়া নির্বিশেষ বিচারের আবাহনও করেন না। যে সকল প্রতিষ্ঠা বা বৈভব তাঁহার নিকট উপস্থিত হয়, তিনি উহাকে শ্রীগুরুপূজার উপাদানস্বরূপ জানিয়া তদ্দ্বারা গুরুপূজাই করিয়া থাকেন। কিন্তু উহা যাহা আমরা যদি মনে করি, বৈষ্ণব নিজে কোন সম্মান পাইবার যোগ্য নহেন, তাঁহাকে গুরুবুদ্ধি করিবার কোন আবশ্যকতা নাই—সেইরূপ অপরাধময় বিচার গ্রহণ করিলে অনন্তকালের জন্য ভক্তিপথ হইতে অধঃপতিত হইতে হইবে, সন্দেহ নাই। শ্রীগুরুপাদপদ্ম বৈষ্ণবমুখে যাহা বলেন, তাঁহাকে সেইরূপ মনে করা যে দুর্বুদ্ধি, তাহা শ্রীল প্রভুপাদের ঐ সকল বাক্যেই প্রকাশ পাইয়াছে। সেইরূপ বৈষ্ণব কোন প্রতিষ্ঠাই তাহার নিজের বলিয়া বিচার করেন না সত্য, কিন্তু তাই বলিয়া আমরা যদি মনে করি বৈষ্ণব গুরু নহেন, তাঁহার শ্রী বা বৈভব থাকিতে পারে না, তাহা হইলে শ্রীগুরুপাদপদ্ম ও তাহার পরিকরে ভেদবুদ্ধি করিয়া নিরয়গামী হইব। বৈষ্ণবের দ্বারে শ্রীগুরুদেবের অপমান করা হয়। বৈষ্ণব বা শ্রীগুরুদেব কেহ কাহাকেও বঞ্চিত করিয়া সম্মান ভোগ করেন না। বৈষ্ণবের অপমান না করিয়া শ্রীগুরুদেবের অপমান করা যায় না ; ঐরূপ চেষ্টা নাস্তিকতা।

"আমি ব্রহ্মজাতীয় বস্তু, আমি অপ্রাকৃত কৃষ্ণদাস" এই অভিমানই তৃণাদপি সুনীচের স্বরূপ-লক্ষণ এবং সেই দাসাভিমান অন্তরে প্রবল থাকায় বাহিরে যে তীব্র দৈন্য ও মানশূন্যতা লক্ষিত হয়, তাহা তটস্থ লক্ষণ ; যিনি আত্মস্বরূপে প্রতিষ্ঠিত, তিনিই সর্বাপেক্ষা নির্ভীক এবং নিষ্কপটভাবে শ্রীচৈতন্যবাণী কীর্তন করিতে পারেন। জাগতিক কোন অভিমান না থাকায় সম্পূর্ণ নিরপেক্ষভাবে হরিকীর্তন করা তাঁহার পক্ষেই সম্ভব। আধ্যক্ষিক বিচার সম্পন্ন জনগণ যাহাদের এই তৃণাদপি সুনীচতাকে দাস্তিকতা আখ্যা দিয়া থাকে, তাহারা শ্রীল বৃন্দাবনদাস ঠাকুরের চরিত্রে বৈষ্ণবতার অভাব দর্শন করে, রঘুনাথ-সেবক শ্রীহনুমানজীকে মৎসর বলিয়া জানে —লঙ্কাদহনকে যাহার যে সুনীচতা, তাহা উপলব্ধি করিতে পারে না। শ্রীগুরুপাদপদ্মের অসমোর্দ্ধ মহিমা প্রচার করিতে যিনি ভীত বা লজ্জিত হন, তাহার ভিতরে দুর্বলতা রহিয়াছে। যাহার যে পরিমাণে দুর্বলতা আছে, জড়লোলুপতাও সেই পরিমাণে রহিয়াছে জানিতে হইবে। তখনও জগৎ হইতে কিছু লাভের আশা তিনি করেন বলিয়া তাঁহার মতামত বা রুচির অপেক্ষা তাহাকে করিতে হয়। নির্ভীক নিরপেক্ষভাবে তিনি হরিকথা কীর্তন করিতে পারেন না। যিনি অন্যনিরপেক্ষ হইয়া শ্রীচৈতন্যবাণী কীর্তন করিতে পারেন না, যিনি শ্রীগুরুবৈষ্ণবের নিন্দা-শ্রবণেও তৎপ্রতিবাদে উদাসীন থাকেন, তিনি যত দৈন্য-বিনয় প্রদর্শন করুন, তিনি তৃণাদপি সুনীচ নহেন, তিনি বিষয়লোলুপ, জড়প্রতিষ্ঠা-লোলুপ, শ্রীগুরুপাদপদ্মে মহা অপরাধী। 'প্রভুপাদ-পাদপদ্ম' শ্রীগুরুদেবের কৃপাধারায় জীবহৃদয় হইতে প্রতিষ্ঠালাভের আকাঙ্ক্ষা বিদূরিত হয়। সেই শ্রীগুরুদেবকেই যাহারা প্রতিষ্ঠালাভের যন্ত্রস্বরূপ মনে করেন, কোটিকল্পেও তাহাদের মঙ্গলোদয়ের সম্ভাবনা নাই। শ্রীগুরুদেবের সহিত কৃষ্ণেতর বিষয়ের কোন সম্পর্ক নাই। সচ্চিদানন্দ-বিগ্রহ শ্রীকৃষ্ণের প্রিয়তম সেবক শ্রীগুরুদেবকে দিয়া নিজের পার্থিব কিছু স্বার্থ করাইয়া লইতে গিয়া বঞ্চিত জীব নিজেরই সর্বনাশের আবাহন করেন মাত্র।

ভক্তিকুসুমাঞ্জলি

(প্রার্থনা)

জয় জয় গুরুদেব অভিন্ন শ্রীগৌরদেব
শ্রীভক্তিসিদ্ধান্তসরস্বতী।
জয় জয় প্রভুবর গৌরাঙ্গের প্রিয়বর
নিত্যানন্দ অভিন্ন মূরতি॥
এ বিশ্ব-সংসার মাঝে বহিঃমুখ জীবকুলে
উদ্ধারের তরে দেহ ধরি।
কৃপাবারি-সিঞ্চনে রক্ষা করে জীবগণে
বন্দি সেই শ্রীগুরুচরণ॥
সর্বশাস্ত্রে সাধুগণে সাক্ষাৎ শ্রীহরিজ্ঞানে
কিন্তু যিনি হরিপ্রিয়জন।
বন্দি সেই প্রভুপাদ মোর ধন সম্পদ
সেই মোর ভজন-পূজন॥
যাঁহার করুণাবলে কৃষ্ণপ্রেমসিন্ধুজলে
গতি নাই যাঁর কৃপা বিনা।
প্রভুপাদ-শ্রীচরণ শিরে ধরি অনুক্ষণ
ভক্তিভরে করিব বন্দনা॥
বার বার করি নতি গোবিন্দ পঞ্চমী তিথি
বন্দনীয় হবে চিরদিন।
ধন্য করি সেই তিথি শ্রীসিদ্ধান্তসরস্বতী
অবতীর্ণ ভুবন ভিতর॥
জীব নিত্য কৃষ্ণদাস ভুলিয়া মায়ার পাশ
বদ্ধ হয়ে ভব-কারাগারে।
জনম-মরণ জরা ত্রিতাপ জ্বালায় তা'রা
বহু দুঃখ পায় বারে বারে॥
তা'সবারে উদ্ধারিতে উদয় শ্রীনীলাচলে
জগদ্গুরুরূপে অবতরি।
গোলোকের প্রেমধন হরিনাম-সঙ্কীর্তন
বিতরণ কৈলা বিশ্বভরি॥
সকল জনমে সবে পিতামাতা আদি লভে
গুরু-কৃষ্ণ কভু নাহি পায়।
বহু জন্ম ভাগ্যফলে অনেক সুকৃতি বলে
সাধু-গুরু-কৃপা-লাভ হয়॥
তব পদাশ্রিত জন নির্মৎসর সাধু হন
মৎসরতা নাহিক তাহার।
সেই শুদ্ধভক্তগণে হিংসা করে যেইজনে
অসম্ভাব্য সেই দুরাচার॥
কলিযুগে একমাত্র হরিসঙ্কীর্তনযজ্ঞ
রাধাকৃষ্ণ-সেবা লভিবারে।
সর্বশাস্ত্রে কহে তাই ইহা বই ধর্ম নাই
কলিহত জীবগণ তরে॥
নামযজ্ঞ সার কর তরিবারে এ সংসার
সাধুসঙ্গে কর সঙ্কীর্তন।
দয়ানিধি গৌরহরি কলিজীবে কৃপা করি
এই ধর্ম করায় শিক্ষণ॥
এই ধর্ম শিক্ষা দিতে অবতীর্ণ নীলাচলে
প্রভুপাদ দয়ার সাগর।
নিজ কর্ম দোষে হায় বঞ্চিত হইনু তায়
আমি বড় অধম পামর॥
পাদপদ্মে নিবেদন হাত জোড়ে সর্বক্ষণ
বাসুদেবদাসে কর রক্ষা।
থাকি যেন অনুক্ষণ এই মম আকিঞ্চন,
শ্রীচরণে মাগি এ ভিক্ষা॥

সাধুসঙ্গ সাধুসঙ্গ সর্বশাস্ত্রে কয়। লবমাত্র সাধুসঙ্গে সর্বসিদ্ধি হয়॥

শুদ্ধভক্তি-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠ

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীচন্দ্রশেখর-ভবনে শ্রীচৈতন্যমঠ, পরবিদ্যা-পীঠ, শ্রীশ্রীরাধাকৃষ্ণ-শ্রীগৌর-গোপাল আচার্য্য চতুষ্টয় বিগ্রহ আছেন। দৈনিক নদীয়া-প্রকাশ প্রকাশিত হয়।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ২১১৫

কলিকাতায় শ্রীভক্তিবিনোদ-আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, সঙ্কীর্ত্তন, প্রত্যহ শ্রীমদ্ভাগবতাদি গ্রন্থের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও ইংরাজী পাক্ষিক হার্ম্মনিষ্ট পত্র প্রকাশিত হয়।

(৩) যোগপীঠ মায়াপুর-পীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব ভূমি মহাযোগপীঠ।

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং [illegible] বর্ত্তমান।

(৬) মুরারিগুপ্তের পাট

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৭) কাজি-সমাধি-পাট

প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)

ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি।

(৮) অনুকূলকৃষ্ণাত্মীয়ানাগার

শ্রীধাম মায়াপুর

(৯) স্বানন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)

এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)

গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ চাকদহ (বর্দ্ধমান)

হিন্দু ও মুসলমানগণের মধ্যে দাঙ্গা হওয়ায় ফলে বহুলোক আহত হইয়াছে বলিয়া জানা গিয়াছে। পুরকীগঞ্জে দাঙ্গার সৃষ্টি হয় এবং সেখান হইতে সহরের অন্যান্য অংশে উহা বিস্তৃত হয়। আহতদের সঠিক সংখ্যা এখনও জানা যায় নাই। উভয় পক্ষই বংশদণ্ড, লাঠী, ছুরি প্রভৃতি ব্যবহার করে। সর্ব্বত্র আতঙ্কের সঞ্চার হইয়াছে। সহরের সমস্ত দোকানপাট বন্ধ রহিয়াছে। বিভিন্ন অঞ্চলে পুলিশ মোতায়েন করা হইয়াছে।

হইয়াছে। ৩রা মার্চ্চ পর্য্যন্ত ৫জন মুসলমান ও ৭জন হিন্দু আহত হইয়াছে। দাঙ্গাকারীদিগকে ছত্রভঙ্গ করিয়া দিবার কালে একটি মুসলমান কং-ষ্টেবলও আহত হইয়াছে।

অতঃপর মোট ১১জন মুসলমান নিহত ও ১২০ জন আহত হইয়াছে এবং ৩ জন হিন্দু নিহত ও ১০০ জন আহত হইয়াছে।

বিস্ফোরণের পর পূর্ত্তি বড়বাজারে কয়েকটি মুসলমানের দোকান খোলে। সহরবাসিগণকে পূর্ব্বের ন্যায় আতঙ্কগ্রস্ত দেখা যায় না। বিপজ্জনক এলাকা সমূহে পুলিশ ও গোরা সৈন্যগণ টহল দিতেছে।

সম্রাট পঞ্চম জর্জ্জের প্রতিমূর্ত্তি

গত শুক্রবার সকাল আট ঘটিকায় বাঙ্গলার গবর্ণর কর্তৃক পরলোকগত সম্রাট পঞ্চম জর্জ্জের প্রতিমূর্ত্তির আবরণ উন্মোচন হইয়াছে।

বর্দ্ধমানের বাম অঞ্চলে ৭ ধারা জারী

জীবনকৃষ্ণ দত্ত ও গোবর্দ্ধন পালকে গ্রেপ্তার করিয়া বেলগাঁও হইতে সদর থানায় আনয়ন করা হইয়াছে। সংবাদে প্রকাশ, তাঁহাদিগকে বাম অঞ্চলে বিধিবদ্ধ ফৌজদারী কার্য্য বিধির ৭ ধারা অনুসারে গ্রেপ্তার করা হইয়াছে।

বিপুল উৎসাহ পরিলক্ষিত হইয়াছিল। তাহাদিগকে সম্বর্দ্ধনা জানাবার জন্য ৩০ টাকার মহার্ঘ্য উপহার সংগৃহীত হইয়াছিল। ৬ জন সত্যাগ্রহী মহিলার মধ্যে ৫ জন তাঁহাদের দুগ্ধপোষ্য শিশুদিগকে সঙ্গে লইয়া আসিয়াছিলেন।

চিরস্থায়ী বন্দোবস্ত রহিতের প্রস্তাব

মিঃ মুজাফর আমেদ চট্টগ্রামে কৃষক সম্মিলনে সভাপতির আসন গ্রহণ করিয়াছিলেন। তিনি তথা হইতে এখানে উপনীত হইলে কংগ্রেস কর্ম্মীরা তাঁহাকে অভিনন্দিত করেন। "দেশের বাণী" পত্রের ভূতপূর্ব্ব সম্পাদক শ্রীযুত ক্ষিতীশচন্দ্র রায় চৌধুরীর সভাপতিত্বে এখানে একটি সভার অধিবেশন হয়। মিষ্টার আমেদ ঐ সভায় বক্তৃতা প্রদান করেন। দেশের সামাজিক, রাজনৈতিক ও আর্থিক অবস্থা এবং বর্ত্তমান অবস্থায় দেশের অধিবাসীদের কর্ত্তব্য সম্বন্ধে তিনি বিশেষভাবে আলোচনা করেন। কৃষক ও প্রজাদিগের সাম্রাজ্যবাদ উচ্ছেদ করিয়া তিনি তাহা দলের অবস্থার উন্নতির জন্য আবেদন করেন। তিনি চিরস্থায়ী বন্দোবস্ত রহিত করিতে অনুরোধ করেন

মিষ্টার আমেদ এই জেলার সন্দীপের অধিবাসী।

ব্রহ্মপুত্র নদ সংস্কার

ময়মনসিংহ-জামালপুর হইতে এক ব্যক্তি লিখিয়াছেন—স্বাস্থ্য বিভাগের ডিরেক্টর ও এসিষ্টাণ্ট ডিরেক্টর, পূর্ত্ত-বিভাগের চীফ ইঞ্জিনীয়ার ও সুপারিন্টেণ্ডিং ইঞ্জিনীয়ার প্রভৃতি গত ১৮ই ফেব্রুয়ারী শনিবার প্রাতঃকালে ব্রহ্মপুত্র নদের মোহনা পরিদর্শনের জন্য গমন করেন।

তাঁহারা নদের মুখ পরিদর্শনান্তে এই স্থান দিয়া কালকাত অভিমুখে প্রত্যাবর্ত্তন করিয়াছেন। বাহাদুরাবাদের সন্নিকটে চড়া পড়িয়া ব্রহ্মপুত্রের মুখ বন্ধ হওয়ায় যমুনার প্রধানতঃ স্রোত যমুনা দিয়া প্রবাহিত হওয়ায় জামালপুর, ময়মনসিংহ প্রভৃতি স্থানের নিকট দিয়া প্রবাহিত ব্রহ্মপুত্রের অবস্থা অতিশয় শোচনীয় হইয়া দাঁড়াইয়াছে। ফলে ঐ সমস্ত স্থানে ম্যালেরিয়া রোগের ভয়ানক প্রাদুর্ভাব হইয়াছে এবং নদী জলাভাবে আবাদের প্রতি বৎসর অসময়ে বন্যায় কৃষি সমূহ নষ্ট করিতেছে। এজন্য অনেক দিন যাবৎ নদ সংস্কারের জন্য যে আন্দোলন চলিতেছে, তৎসম্পর্কে উক্ত পরিদর্শনের ব্যবস্থা হইয়াছে বলিয়া প্রকাশ। পরিদর্শনের ফলাফল সম্বন্ধে কিছুই জানা যায় নাই।

পুলিশের গুলীতে চারজন নিহত

সামরিক কর্ম্মচারীরা এক উন্মত্ত জনতার উপর গুলী চালাইয়াছিল। তাহার ফলে একজন নিহত হইয়াছে। সামরিক ও পুলিশ কর্ম্মচারীরা বেলা ২ ঘটিকার সময়ে জনতার উপর পুনরায় গুলী চালাইয়াছিল এবং তাহার ফলে তিনজনের মৃত্যু হইয়াছে

রোহতকে অবস্থার উন্নতি

স্থানে স্থানে হিন্দু ও মুসলমানগণের মধ্যে দাঙ্গা চলিলেও অবস্থার যথেষ্ট উন্নতি

জব্বলপুরে মহিলাদের সত্যাগ্রহ

মহিলা সত্যাগ্রহীদিগের প্রথম দল জব্বলপুরে পৌঁছিলে জব্বলপুর জহুরী বাজারে

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী মহারাজ সম্পাদিত ইংরাজী পাক্ষিক। প্রতি একাদশীতে প্রকাশিত হয়। কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। সডাক ভিক্ষা ৪।০ টাকা মাত্র।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১।০ টাকা মাত্র।

৩। ভাগবত—হিন্দীভাষায় একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ টাকা মাত্র

৫। শ্রীগৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ মাত্র।

শ্রীশ্রীভক্তিবিনোদাবির্ভাব-শতবর্ষপূর্ত্তিতিথিপূজার উপায়ন-গ্রন্থমালা

———::(০):———

১। গীতিসাহিত্যে শ্রীভক্তিবিনোদ

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র গীতিসাহিত্যের সমালোচনা গ্রন্থ)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

২। শ্রীভক্তিবিনোদবাণীবৈভব

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের রচনামৃতসাগর হইতে আহৃত ১০৮টি অধ্যায়ে প্রশ্নোত্তর-প্রণালীতে গ্রথিত অমূল্য উপদেশপূর্ণ গ্রন্থ)

ভিক্ষা—৩৲ তিন টাকা মাত্র।

৩। শ্রীশ্রীভক্তিবিনোদ-প্রসঙ্গ

ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ ও ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল গৌরকিশোর গোস্বামীপ্রভু-বিরচিত এবং গৌড়ীয়ে প্রকাশিত শ্রীশ্রীভক্তিবিনোদ-চরিত্র-প্রসঙ্গ

ভিক্ষা—৷৵০ ছয় আনা মাত্র।

৪। ছাত্রদের ভক্তিবিনোদ

(ছাত্রদের উপযোগী ভাষায় লিখিত শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্র ও শিক্ষা)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

ছাত্রদের পক্ষে ভিক্ষা—৷০ আট আনা মাত্র)

প্রাপ্তিস্থান :—

(১) 'ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট', পোঃ শ্রীমায়াপুর, নদীয়া;

(২) শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা;

(৩) শ্রীযুক্ত মুগপতিরঞ্জন দাস এম্-এ, বি-এল্, পুরাণপল্টন, পোঃ রমনা, ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবত,—সমগ্র ৯০৲

প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত — ১৮৲

দশম স্কন্ধ— ৯৲

২। ভাষ্যসহ বিরাট শ্রীচৈতন্যভাগবত (অধীনা) ৯৲

৩। ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬

৪। সরস্বতী জয়শ্রী (অধীনা) ৪৲

৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী

১ম খণ্ড ৸০; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০

৪র্থ খণ্ড ৸০

৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী

১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০

৭। শ্রীচৈতন্যদেব ১৲

৮। সৎক্রিয়াসারদীপিকা ও সংস্কার দীপিকা ১।০

৯। বৈষ্ণবধর্ম ২৲

১০। গৌড়ীয় কণ্ঠহার ২৲

১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲

১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲

হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০

১৩। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ..

১৪। বৈষ্ণবসাহিত্যে বিবর্ত্ত ৷০

১৫। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০

১৬। বৈষ্ণবোপাসনা ৷০

১৭। বামন-আশ্রম ৷০

১৮। অর্থবিবেক ।

১৯। গৌড়ীয়-গৌরব ৷৵

২০। গৌড়ীয়গীতিকা ৷৵

২১। ভজন রহস্য ।

২২। শ্রীচৈতন্যভাগবত ও শ্রীনবদ্বীপভজন (বাঁধা) ১৲

২৩। গীতা (শ্রীবলদেব টীকা-সহ) ২৲

২৪। গীতা (চক্রবর্ত্তি টীকাসহ) ১৲

অধীনা) ১৲

২৫। গীতার কেবল মূল ভাষা ।০

২৬। দুর্গমসঙ্গমনী (অনুবাদ) ২৲

২৭। বেদান্তসূত্র (অনুবাদ) ৷০

২৮। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৸০

২৯। শ্রীশ-বিশ্ব-দর্শন ৶০

৩০। সাধনপথ (তৃতীয় সংস্করণ) ৷৶০

৩১। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ৷০

৩২। নবদ্বীপধাম গ্রন্থমালা ৸০

৩৩। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶০

৩৪। গীতমালা ৵১০

৩৫। নবদ্বীপধাম মাহাত্ম্য ৶০

৩৬। ঐ প্রমাণ-খণ্ড ৶০

৩৭। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০

৩৮। শ্রীগোদ্রুমচন্দ্রপরিক্রমাদর্পণ ।০

৩৯। শরণাগতি ৵০

৪০। গীতাবলী ৵০

৪১। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০

৪২। সাধনতত্ত্ব ৵০

৪৩। প্রেমভক্তিচন্দ্রিকা ৵

৪৪। নবদ্বীপশতক

৪৫। অর্চনকণ্ঠ

৪৬। সংকীর্তনমুক্তাঃ ৶০

৪৭। অন্যাশ্রয়শতক (পঞ্চম সংস্করণ) ৵১০

৪৮। অর্চনকণ ৷১০

৪৯। বৈষ্ণববন্দনা-পদাবলি (১ম ও ২য় খণ্ড) ২৲

৫০। ব্রহ্মসংহিতা ৷০

৫১। মণিমঞ্জরী (অনুবাদ) ৷০

৫২। গৌরকৃষ্ণোদয় ৸০

৫৩। পুরুষার্থ-নির্ণয় ৷০

৫৪। ভক্তরাজবাণী বা নামাপরাধসমূহ ৷০

৫৫। ভাগবত ও ভক্তিপথ ৶০

৫৬। ঈশোপনিষদ (অনুবাদসহিত) ৷০

৫৭। শ্রীকৃষ্ণবিজয় ৶০

৫৮। সিদ্ধান্তদর্পণ ৶০

৫৯। সাধনাবলী ৵০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬০। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ৷০

৬১। সিদ্ধান্ত সরস্বতী বিজিতম্ ৷০

৬২। নবীন-বিদ্যাদর্শনম্ ৷০

৬৩। অষ্টকম্ ৷০

৬৪। সাত্বত সিদ্ধান্তরত্ন ৶০

৬৫। গৌড়ীয়মঠপরিচয়ঃ

৬৬। সারার্থদর্শন

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৭। রায় রামানন্দ ৷০

৬৮। এ লিটল বাউট দা ঝা ১০

৬৯। নামভজন ৵১

৭০। বেদান্ত ইটস মরফলজি অ্যান্ড অন্টোলজি ৷০

৭১। রিলেটিভ ওয়ার্ল্ডস ৷৶০

৭২। লাইফ অ্যান্ড প্রিসেপ্টস অব শ্রীচৈতন্য মহাপ্রভু

৭৩। বৈষ্ণবীজম

৭৪। হোয়াট গৌড়ীয় মঠ ইজ

৭৫। দি ভাগবত ৷০

৭৬। লেকচার্স্ ডেলিভার্ড ... অ্যাড্রেসেস ... হিজ এক্সেলেন্সি

৭৭। ব্রহ্মসংহিতা ৷৷০

৭৮। শ্রীকৃষ্ণচৈতন্য (প্রথম খণ্ড) ১৫৲

উড়িয়া ভাষায় প্রকাশিত

৭৯। শ্রীহরিনামচিন্তামণি ৷০

৮০। সাধন-পথ ৷০

৮১। কল্যাণ-কল্পতরু ৶০

৮২। গীতাবলী ৵

৮৩। শরণাগতি ৵

আসামী ভাষায় প্রকাশিত

৮৪। শরণাগতি

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৫। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

দৈনিক নদীয়া-প্রকাশ

একমাত্র পারমার্থিক দৈনিক পত্র

প্রকাশস্থান—শ্রীমায়াপুর—নদীয়া

১৪শ বর্ষ | ৯ বিষ্ণু ৪৫৩ গৌরাব্দ ৩০শে ফাল্গুন বঙ্গাব্দ ১৩৪৫, ১৪ই মার্চ ইং ১৯৩৯, মঙ্গলবার | ১২শ সংখ্যা

শ্রীশ্রীগৌরজন্মোৎসব

বম্বে শ্রীগৌড়ীয়মঠে

গত ৫ই মার্চ রবিবার দিবস শ্রীশ্রীগৌরজন্ম মহামহোৎসব পরমারাধ্যতম শ্রীশ্রীল আচার্যদেবের কৃপায় ও আনুগত্যে বিশেষ সমারোহের সহিত সুচারুরূপে সম্পন্ন হইয়াছে। এতদুপলক্ষে শ্রীশ্রীবিনোদবৈষ্ণবাচার্যতীর্থ ম হ দা রা জি কা ভে ব্রহ্মচারীবৃন্দ সমবেত শ্রীশ্রীবিশ্ববৈষ্ণবপদাবলীর অষ্টক, পঞ্চতত্ত্ব ও "কলিকুক্কুর কদন যদি চাও হে", "হরিনাম তুয়া অনেক স্বরূপ," "বিভাবরী শেষ আলোক প্রবেশ নিদ্রা ছাড়ি' উঠ জীব," প্রভৃতি মহাজন-পদাবলীসমূহ সুমধুর স্বরে কীর্তন করেন। কীর্তনের পর শ্রীপাদ মাধবচৈতন্য ব্রহ্মচারীজী ইংরাজী ভাষায় শ্রীচৈতন্য মহাপ্রভুর আবির্ভাব বিষয়ে শ্রীচৈতন্যভাগবত হইতে বহু কথা কীর্তন করেন। পাঠান্তে কিছুক্ষণ সংকীর্তন হইবার পর শ্রীচৈতন্যভাগবত পারায়ণ আরম্ভ হয়। দ্বিপ্রহরে যথারীতি ভোগারতি সম্পন্ন হয়। শ্রীবিগ্রহের প্রতি উৎসবরূপে শৃঙ্গার করা হইয়াছিল, বিচিত্র বর্ণের পতাকা পুষ্প, পুষ্পমালিকা, কদলীবৃক্ষ প্রভৃতির দ্বারা সজ্জিত করা হইয়াছিল। অপরাহ্ণে শ্রীমঠে এক মহতী সভার অধিবেশন হয় সভারম্ভের নির্দিষ্ট সময়ের বহু পূর্ব হইতেই মাড়োয়ারীর বহু স্বামী, গুজরাটি, মহারাষ্ট্রীয়, কর্ণাটী দেশীয় [illegible], বাঙ্গালী, দক্ষিণী পাঞ্জাবী প্রভৃতি ভদ্রমহোদয় ও ভদ্রমহিলাতে পূর্ণ হইয়া গিয়াছিল। সভার প্রারম্ভে শ্রীশ্রীগুরু-বৈষ্ণব বন্দনান্তর শ্রীমঙ্গলাচরণ স্তোত্র, পঞ্চতত্ত্ব, এবং মহাজনরচিত অন্যান্য পদাবলীসমূহ কীর্তন করা হয়। ৭॥০ ঘটিকা পর্যন্ত কীর্তন হইবার পর শ্রীবিগ্রহের সন্ধ্যারাত্রিক সম্পন্ন হয়। তৎপরে শ্রীপাদ মাধবচৈতন্য ব্রহ্মচারীজী ইংরাজী ভাষায় শ্রীচৈতন্যদেবের আবির্ভাবের মূল কারণ এবং তাঁহার স্বয়ং ভগবত্তার কথা বিশেষভাবে কীর্তন করেন। তাঁহার বক্তৃতার পর শ্রীপাদ পতিতপাবন ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী গুজরাটী ভাষায় শ্রীচৈতন্যমহাপ্রভুর বৈশিষ্ট্য এবং শ্রীগুরুনিত্যানন্দের কৃপা-লব্ধ জীব-হৃদয়ে যে শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা প্রচারিত ও শ্রীচৈতন্যদেব যেকোন দেশ বা জাতি-বিশেষের উপাস্য মাত্র নহেন, তাঁহার প্রচারিত ধর্ম যে সার্বজনীন তাহা বুঝাইয়া দেন। পরে উপদেশক শ্রীপাদ নিতাই-দাস ব্রহ্মচারী বাগ্মীপ্রবর ভক্তিশাস্ত্রী হিন্দী ভাষায় শ্রীচৈতন্যদেবের মহাবদান্যতার কথা এবং তাঁহার দেয় শ্রীকৃষ্ণপ্রেমের প্রকৃত তাৎপর্যের কথা অতি সুন্দরভাবে কীর্তন করেন। বক্তৃতান্তে মহামন্ত্র কীর্তন হইবার পর শ্রীশ্রীগুরুগৌরাঙ্গের জয়ধ্বনি-সহকারে সভা ভঙ্গ হয়। সভান্তে সমাগত শ্রোতৃবৃন্দকে চতুর্বিধরসসমন্বিত শ্রীমহাপ্রসাদ প্রদান করা হয়। সভায় যাঁহারা উপস্থিত ছিলেন তাঁহাদের মধ্যে কতিপয় সজ্জনের নাম উল্লিখিত হইল।

মিঃ জহুর লাল কে মহেতা এম্‌-এ সেক্রেটারী চাওলাল্ মার্চেন্ট চেম্বার, সপরিবার মিঃ এম কে মুখার্জি এম্‌-এ ডিভিসন্যাল্ ট্রাফিক সুপারিন্টেণ্ডেণ্ট, জি, আই, পি, রেলওয়ে, ডাক্তার ফি, জি, যোশী এম-বি বি-এস্, সপরিবার মিঃ সি, টি মালিয়া বি-এ, এল, এল, বি সলিসিটর বম্বে হাইকোর্ট, মিঃ গোবর্দ্ধন দাস জিঃ ইঞ্জিনীয়ার বি-এ সলিসিটার বম্বে হাইকোর্ট, মিঃ মহারাম ভ বৈদ্য বি-এ, এল, এল, বি, অ্যাডভোকেট বোম্বাই হাইকোর্ট, মিঃ ছোটেলাল বে মিশ্র বি-এ, এল এল বি, অ্যাডভোকেট বোম্বে হাইকোর্ট, মিঃ পি বিঠ্ঠল দাস অ্যাসিষ্টেণ্ট ট্রাফিক সুপারিন্টেণ্ডেণ্ট বি-বি এণ্ড সি-আই রেলওয়ে, সপরিবার মিঃ এম্, পি, মহেতা বি-এ, এল এল বি, মিঃ আর, জি কালীক বি-এ, এল এল বি অ্যাডভোকেট বম্বে হাইকোর্ট, মিঃ এম, এল, ভাণ্ডারী বি-এ, এল এল বি, মিঃ জি ভাবী বি-এ বি টি, মিসেস্ ইন্দিরা দেবী বি-এ, বি-টি, সপরিবার মিঃ আর, জি, নাটকার্ণী বি-এস-সি, মিঃ জি, কে, জকীন বি-এ এল এল বি অ্যাডভোকেট বম্বে হাইকোর্ট, মিঃ জি, কে, জকীন বি-এ এল, এল, বি, অ্যাডভোকেট বম্বে হাইকোর্ট, মিঃ জি, জি, বালাসুবার ইন্সপেক্টর অফ পুলিস বম্বে, সপরিবার মিঃ পি, রাম, সপরিবার মিঃ এস, কে, দে, মিঃ ভূপেন গুপ্ত, মিঃ এস, মুখার্জি গভর্ণমেণ্ট অ্যাকাউণ্টেণ্ট, সপরিবার মিঃ এন্ গণপতি প্রভৃতি।

শ্রীসচ্চিদানন্দমঠে

গত ৫ই মার্চ রবিবার কেন্দ্রাপাড়া শ্রীচৈতন্যমঠের শাখা শ্রীসচ্চিদানন্দমঠে শ্রীশ্রীমন্মহাপ্রভুর আবির্ভাবোৎসব মহা-সমারোহের সহিত সুচারুরূপে সম্পন্ন হইয়াছে। তদুপলক্ষে ব্রাহ্মমুহূর্তে মঙ্গলারাত্রিকের পর অষ্টক পঞ্চক মহামন্ত্র কীর্তন ও অন্যান্য ভক্ত্যঙ্গসমূহ যথাবিধি অনুষ্ঠিত হইয়াছেন।

অপরাহ্ণে শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্বিকা-গিরিধারী শ্রীবিগ্রহ নানাপ্রকার স্বর্ণাভরণ ও বিবিধবর্ণের সুগন্ধি পুষ্পমাল্যের দ্বারা সুসজ্জিত হইয়াছিলেন।

রাত্রে শ্রীমঠে এক বিরাট সভায় মহাজন-পদাবলী কীর্তনান্তর শ্রীপাদ অনিরুদ্ধ দাসাধিকারী, শ্রীপাদ দেবেন্দ্রমোহন ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী প্রভৃতি মঠসেবকগণ শ্রীগৌরসুন্দর, গৌরকৃষ্ণের মহাবদান্যতা, সেবাকৃষ্ণের সেবকের ভাবে নিজের ভজন-শিক্ষার ছলে কলিতে যুগাবতারত্ব, বিপ্রলম্ভমূর্তি তাঁহার কৃষ্ণপ্রেমপ্রদান-লীলা, শ্রীকৃষ্ণচৈতন্যরায়-পার্ষদবর আমাদের পরমহংস শ্রীমদ্ ভক্তিবিনোদ ঠাকুরের সর্বজ্ঞতম প্রকাশ গোস্বামি-প্রভুর কৃষ্ণানুশীলনে গৌরনাম, গৌরধাম ও গৌরদেবের আদর্শ সেবক ও প্রচারক, আমাদের নিত্যানন্দ শ্রীআচার্যপাদপদ্মের পাদপদ্মধ্যান ও প্রেমপ্রচারক লীলা, আমাদের বাসুদেবের কৃপায় বিশ্বব্যাপী গৌরবাসু-দেবের পাদপীঠ অর্চনাদির আবির্ভাব সম্ভব প্রভৃতি বহু বিষয় আবেগময়ী ভাষায় আলোচনা করেন।

"জীবের নিজের আত্মস্বরূপে অপ্রাকৃত সচ্চিদানন্দ আশ্রয়-জাতীয়ের অর্থাৎ কৃষ্ণ-কিঙ্করের অনুভূতিই সম্বন্ধজ্ঞান। গুরুবর্গের পরিচর্য্যার দ্বারা সেই সম্বন্ধজ্ঞান লাভ হয়। কলি স্বরূপশক্তির সহিত আত্ম, জীবশক্তির সহিত অচিন্ত্যভেদাভেদ সম্বন্ধযুক্ত ও মায়াশক্তি হইতে ভিন্ন। চেতন-দর্শনই গুরুভোগাদর্শন। প্রকৃত প্রস্তাবে সজ্জনসঙ্গ দুর্জ্জনসঙ্গরাহিত্যরূপ নির্ব্বন্ধতা।"

(শ্রীল আচার্য্যদেব)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

৯ বিষ্ণু ৪৫৬ গৌরাব্দ ৪৫৩

দুই একটী কথা

—:: • ::—

অর্থ শব্দে প্রয়োজনকে বুঝায়। পরমার্থ শব্দে শ্রেষ্ঠ প্রয়োজনকে লক্ষ্য করে। যাঁহারা প্রাকৃত বিচার অবলম্বন করিয়া স্থূল-দেহ ও মনকেই আমি বলিয়া স্থির করিয়াছেন, তাঁহারা দেহ ও মনের উপযোগী প্রয়োজন অনুসন্ধান করিতে গিয়া লৌকিক বা ব্যবহারিক স্বার্থকেই অর্থ বা প্রয়োজন মনে করেন। শাস্ত্রবিহিত কর্ম্মানুষ্ঠানে জীবের স্থূলদেহ ও সূক্ষ্ম মনের প্রয়োজন সিদ্ধ হয়। অতএব কতিপয় ব্যক্তি পরমার্থ-পথ পরিহার করিয়া কর্ম্মকাণ্ডীয় স্বার্থপথ গ্রহণ করেন। আর যাঁহারা তাদৃশ প্রয়োজন ও অর্থকে অনাত্মচেষ্টায় প্রয়োজনমাত্র জানেন, তাঁহারা ঐ প্রকার স্বার্থের অর্থ ছাড়িয়া পরমার্থের অনুসন্ধান করেন। পরমার্থিগণ শ্রীভাগবত পাঠে প্রবৃত্ত হইয়া প্রথমেই "ধর্ম্মঃ প্রোজ্ঝিত-কৈতবোঽত্র পরমো নির্ম্মৎসরাণাং সতাং বেদ্যং বাস্তবমত্র বস্তু শিবদং তাপত্রয়োন্মূলনম্" এবং "স বৈ পুংসাং পরো ধর্ম্মো যতো ভক্তিরধোক্ষজে। অহৈতুক্যপ্রতিহতা যয়াত্মা সুপ্রসীদতি" প্রভৃতি পরমপথ বা পরমার্থের অনুসন্ধান করিয়া থাকেন। অর্থ শব্দে ভগবদ্বস্তুকে লক্ষ্য করা হয়, যেরূপ শ্রীমদ্ভাগবত চতুঃশ্লোকীতে ব্রহ্মার প্রতি—

নিরূপণে আমরা দেখিতে পাই যে, "ঋতেঽর্থং যৎ প্রতীয়েত ন প্রতীয়েত চাত্মনি। তদ্বিদ্যাদাত্মনো মায়াং যথাভাসো যথা তমঃ।" এখানে অর্থ শব্দে অপ্রাকৃত ভগবদ্বস্তুকেই নির্দ্দেশ করিতেছেন। জড়ভোগময় জগতে যাহাকে আমরা ভোগের বস্তু বা প্রয়োজন বা অর্থ বলি, তাহার অনর্থ এবং তাদৃশ অনর্থই আমাদিগকে দ্বিতীয় বস্তুতে অভিনিবিষ্ট করাইয়া অন্যবস্তুকেই মূল বলিয়া ভ্রান্তি উৎপন্ন করায়। এজন্য লৌকিক প্রয়োজন বা ঈশ্বরবৈমুখ্যে অবস্থিত জীবের কামনাই জীবকে উচ্চতাপূর্ণ ঈশ্বর-সেবা হইতে বঞ্চিত করে। ধর্ম্ম, অর্থ ও কাম এই ত্রয়ী বদ্ধজীবের ভোগায়তন। সেই 'অর্থ' ভক্তির স্বরূপ উপলব্ধি হইলে নিতান্ত তুচ্ছ অনাত্মার কষ্ট চেষ্টা বলিয়া স্থিরীকৃত হয়। যাহাতে স্থূল সূক্ষ্ম শরীরদ্বয়ের নশ্বর কামনার্থ হয়, তাদৃশ অর্থ নিত্যাত্মবস্তুর্দ্দেশ নহে।

———

বেদের মহাবাক্য প্রণব। প্রণব হইতে বেদশাস্ত্র বিস্তৃত হইয়াছে। উহাই অসম্প্রসারিত অবস্থায়। বীজীভূত অবস্থায় উহার অবস্থান। প্রসারিত প্রণবই শ্রীভাগবত। তাহাই কীর্ত্তনীয় ও জপ্য। প্রণবাদির জপ ও গায়ত্রীমুখে কীর্ত্তনের সাধনা আছে। অধিকার-ভেদে সত্য, ত্রেতা ও দ্বাপর যুগে প্রণব সাধন কার্য্যকারী হয়, কলিতে জীবের অধিকার হ্রাস হওয়ায় শ্রীনামের সর্ব্বশক্তিমত্তার উপযোগিতা বিশেষরূপে আদরণীয়। যোগশাস্ত্রে সাধকগণ প্রণবাদির জপ ও কীর্ত্তনমুখে সেবা করিয়া থাকেন, কিন্তু বাউলগণের সম্বন্ধে শ্রীমদ্ভাগবত বলেন "যমাদিভির্যোগপথৈঃ কামলোভহতো মুহুঃ। মুকুন্দসেবয়া যদ্বৎ তথাত্মাদ্ধা ন শাম্যতি।" উদাহরণস্বরূপ বলা যাইতে পারে যে, বিবেকসম্পন্ন অবস্থায় যদি আবশ্যকতা বুঝিয়া তাহা সংগ্রহ করিবার কালে যদি হৃদয়ে পরম হিংসার সঞ্চার ঘটে এবং তাহা হইলে তাদৃশ পন্থার ফলপ্রাপ্তি দুষ্ট হইয়া পড়ে। সে জন্য আত্মশুদ্ধিযোগ্যাবস্থায় যাহাতে বস্তুর উদ্দেশ অবকাশ পাওয়া যায়, তাহাকেই অপেক্ষাকৃত উত্তম পন্থা বলা যাইতে পারে। শ্রীমদ্ভাগবত বলেন,—

"তথা ন তে মাধব তাবকাঃ ক্বচিৎ
ভ্রশ্যন্তি মার্গাৎ ত্বয়ি বদ্ধসৌহৃদাঃ।
ত্বয়াভিগুপ্তা বিচরন্তি নির্ভয়া
বিনায়কানীকপমূর্দ্ধসু প্রভো।"

যাহাদের প্রণবাদি জপমুখে সাক্ষাৎ মুকুন্দ-সেবা-বিষয়ক সম্বন্ধজ্ঞানের উদয় হয়, তাহারা বাস্তবিকই ধন্য; কিন্তু প্রণবোচ্চারণ অধিকার অপেক্ষা করে। অধিকারী এবং অনধিকারী উভয়েই নামকীর্ত্তনাদিতে সম্বন্ধজ্ঞান লাভ করিয়া কৃষ্ণভজনে প্রবৃত্ত হইতে পারেন। গীতা বলেন,—

"তেষাং সততযুক্তানাং ভজতাং
প্রীতিপূর্ব্বকম্।
দদামি বুদ্ধিযোগং তং যেন
মামুপযান্তি তে।"

যে কালে দ্বিজ বর্ণ ছিল সেকালে প্রণবাদি সাধনে জীবগণের কল্যাণ সাধিত হইত, কিন্তু কলির প্রাবল্যে অসমর্থতা, আলস্য, জাড্য প্রভৃতি নানা অন্তরায় উপস্থিত হইয়াছে। প্রণববোধ বেদশাস্ত্রকে কর্ম্মী ও জ্ঞানি-সম্প্রদায় যেরূপভাবে গ্রহণ করেন, তাহাতে সম্বন্ধজ্ঞান লাভ করা বিষম দুর্ঘট অথচ শ্রীনামভজনে কর্ম্মী ও জ্ঞানী উভয়েই সেরূপ উৎসাহবিশিষ্ট নহেন।

ব্রহ্ম সম্বন্ধ অর্থাৎ তাহার অধিষ্ঠান কাল্পনিক নহে। ব্রহ্ম চিদ্বস্তু হইলেও চিন্মাত্র বলিয়া যাঁহারা ধারণা করেন, তাঁহারা ব্রহ্মকে দৃশ্য, দর্শন ও দ্রষ্টার সহিত একীভূত মনে করেন। ধারণাকারী, ধারণা ও ধারণার বস্তুর বিভিন্ন অধিষ্ঠানের নিত্যাবস্থান না থাকায় উপাসনার অনিত্যত্বহেতু সাধনের অনিত্যত্ব সিদ্ধ হইতেছে। নির্ব্বিশিষ্ট ব্রহ্মজ্ঞ পরমহংসের ধারণায় কোন সাধন, ধ্যান বা গুরুশিষ্য বা দীক্ষা প্রভৃতির ব্যাপার নাই। ব্রহ্মজ্ঞের কোন পরমার্থপথ থাকা উচিত নহে। ব্রহ্ম জ্ঞেয়বস্তু হইলেও তাঁহার নিত্যাধিষ্ঠানে আশ্রয় ও আনন্দাশ্রয়ের ইন্দ্রিয়সহ সত্তাযুক্ত ও ভজন বলিয়া ভাব সমাবেশ থাকিতে পারে না। এই কারণে ভগবানের অসমোর্দ্ধ আবির্ভাব ব্রহ্মকে ও তাঁহার সম্বন্ধকে ভগবৎ-সম্বন্ধজ্ঞানে শ্রীল জীব গোস্বামী প্রভু অভিহিত করেন। যাঁহারা প্রণবের সাধনে ব্রহ্ম সাধিত হয় মনে করেন, তাঁহারা অসিদ্ধ এবং সাধনকালে সিদ্ধকালে সাধন, সাধক, সাধ্যের আস্থান না থাকায় সেই ব্যক্তি ভজন আহ্বান করিতে পারেন না। শিষ্য ও গুরুর মধ্যে কোন বাস্তব ভেদ না থাকায় সাধন বা ধ্যানাদির আবশ্যকতা নাই।

কামনাযুক্ত উপাসকগণের বিভিন্ন দেবতা কল্পনার্থ ও নিত্যাধিষ্ঠানাদিই নহে। সাধকের নিত্যার্থ কাম্য মূর্ত্তিবাদি বিনষ্ট হইলে নির্ব্বিশেষ ব্রহ্মে অবস্থান। তাহাদের মধ্য নিত্য নহে, উপাসনাও নিত্য নহে। মন্ত্র ও দেবতার মধ্যে মায়ার ব্যবধান থাকায় উহা কাম্যাধীনে দুষ্ট ও কালক্ষোভ্য সুতরাং অন্যায় ঐকান্তিক ভক্তের উপাস্য বস্তুর সহিত তুলনাযোগ্য নহে নাই। আহার-পানাদি প্রভৃতি বিচারসমূহ কামনাযুক্ত দেবতা ও মন্ত্রের নিত্যত্ব স্থাপনে ব্যাঘাত করে। ঐগুলি নিয়মমূলক বাস্তব-সত্য নহে। অনিত্যোপাসনা, অনিত্যোপাস্য ও অনিত্যোপাসক মায়ার ক্রীড়াপুত্তলিমাত্র। তাহা নিত্য সনাতনধর্ম্ম নহে। সুধা হইতে ঐ সত্তা আগত নহে। উহা বিভিন্ন হইতে বহিঃ-প্রজ্ঞাপ্রসূত চেষ্টামাত্র, সুতরাং নিত্য আত্মধর্ম্ম নহে।

মোক্ষকামিগণ নিত্যেন্দ্রিয়তর্পণমূলে যে নির্ভেদ ব্রহ্মানুসন্ধানে রত হন, তাহাই তাঁহাদের জীবদ্দশায় বদ্ধতার পরিচায়ক। তাঁহারা অপরকে উদ্ধার করিতে পারেন না। নিজের উদ্ধার যিনি করিতে না পারিয়া অপরকে ভেদ দৃষ্টি করেন এবং তাহাকে বিপথগামী করাইবার প্রয়াস পান, তিনি আবার গুরুর কার্য্য কি প্রকারে করিবেন? তাঁহাদের গুরু-পারম্পর্য্যে বাস্তব নিত্য সত্যের অভাব আছে। সাধন ও সিদ্ধি বা উপায় উপেয় সম্বন্ধে যখন তাঁহাদের চিত্তের স্থৈর্য্য নাই, তখন সেইরূপ চাঞ্চল্য দ্বারা পরমার্থ অর্জিত হইতে পারে না। অনিত্য জগতের পারম্পর্য্য-বিশেষেই উহা পর্য্যবসিত হয়।

সকামোপাসক ঐকান্তিক নহেন। অতএব দেবোপাসনা ঐকান্তিকতার হানিকারক। কামনামূলে স্থূল ও সূক্ষ্ম দেহ দ্বারা বদ্ধজীব বিষ্ণুতর্পণ ছাড়িয়া নিজেন্দ্রিয়তর্পণ করে। যে কালে নিজেন্দ্রিয়তর্পণ ছাড়িয়া দেন, তখনই মুক্তজীবের নিত্যবৃত্তি বিষ্ণুভক্তি প্রকাশিত হয়। হরিভক্তির অভাব হইতেই অন্যোপাসনা ও তাহার ফল ইন্দ্রিয়তর্পণরূপ সুখ-দুঃখ ভোগ। যেকালে জীবের বিষ্ণু সর্ব্বেশ্বর এই জ্ঞানোদয় হয়, তৎকালেই দাস ও প্রভু ভেদে তাঁহাকে উপলব্ধি করেন। ভোগেচ্ছা বিগত হইলেই জীবের বিষ্ণুভক্তি দেখা যায়। ইন্দ্রিয়তর্পণকে যাঁহারা ভক্তি বলিয়া স্থাপন করেন তাঁহাদিগকে প্রাকৃতসহজিয়া বলা হয়। তাঁহারা অবৈষ্ণব নহেন। "অসৎসঙ্গ-ত্যাগ এই বৈষ্ণব-আচার।"

হরিকথা বিনা কোন কথা নাহি আর। কৃষ্ণভক্তি দূরে রহু সংসার নহে ক্ষয়।

যাহারা অমঙ্গলপ্রার্থী তাঁহাদের মত বৈষ্ণবগণ করেন না।

জীব মাত্রেই বৈষ্ণব। সুতরাং সূর্য্যাদি দেবতা বিষ্ণুভক্ত, এরূপ বিচার উপস্থিত হইলে সূর্য্যাদি দেব দ্বারা বিষ্ণুপূজা করাইবার জন্য অনেকে প্রবৃত্ত হয়। তাঁহাদিগকে অবলম্বন করিতে গিয়া বৈষ্ণব বিষ্ণুভক্তি হইতে চ্যুত হইয়া অবরের উদ্দেশ্য সাধন জন্য লোক দেখান বিষ্ণুভক্তি প্রদর্শন করেন না। অহৈতুকী ও অপ্রতিহতা অধোক্ষজ সেবাই আত্মার প্রসন্নতা সম্পাদন করে। অন্য কোন ইন্দ্রিয়জ্ঞানে বিষ্ণুসেবা হইতে পারে না। বিষ্ণুভক্তি রহিত হওয়া পুরুষের পক্ষে মাধব অনর্থ। অর্থ শব্দে বিষ্ণু অনর্থ শব্দে যাহা বিষ্ণু নহে। সুতরাং বিষ্ণুসেবা ব্যতীত ইন্দ্রিয়তর্পণকেই কোনরূপেই বিষ্ণুভক্তি বলা যায় না।

শ্রীমন্মহাপ্রভুর প্রকটকালের পূর্ব্বে শ্রীহরিদাস ঠাকুর শ্রীঅদ্বৈত প্রভু প্রমুখ অনেকেই শ্রীকৃষ্ণ নামের কীর্ত্তন করিতেন। শ্রীমন্মহাপ্রভু কীর্ত্তনাখ্যা ভক্তিকেই সর্ব্বোপরি শ্রেষ্ঠ সাধন বলিয়া কীর্ত্তন করিয়াছেন।

সকাম ফলের নিমিত্ত দেবতাকে ভোগকামী ও মোক্ষকামী ব্যক্তিগণ ভজন করিয়া থাকেন। ধর্ম্মকামী সূর্য্যকে, অর্থকামী গণেশকে, কামকামী দেবীকে ও মোক্ষকামী শিবকে উপাসনা করেন। সত্ত্বগুণ-বিশিষ্টজন সূর্য্যকে, সত্ত্বতমোগুণযুক্ত গণেশকে, রজস্তমোগুণযুক্ত দেবীকে ও তমোগুণ-বিশিষ্ট আপনাকে শিবোহহং বলিয়া পূজা বিধান করেন। বৈষ্ণব শম্ভু বা গোলোকে অবস্থিত সদাশিব বা বিষ্ণুপীঠের পরিচয় স্বরূপে প্রাপঞ্চিক দেবজ্ঞান করিতে হইবে না। ভোগপরের উদ্দেশ্যে যে সকল দেবতাকে পূজা বা ইন্দ্রিয়প্রীতি ও ইন্দ্রিয়তর্পণের সাহায্যকারী বলিয়া ধ্যান করেন, তাঁহাদের দ্বারা আত্মানন্দবর্দ্ধন প্রেমভক্তি লাভ হয় না।

ভক্তি বিদ্যা ও সাধ্বী, তাহাতে কামনা স্পর্শ করে না। এমন কি পাশ্চাত্যদেশের খ্রীষ্টান ধর্ম্মের মধ্যে যখনি আদেশের মধ্যে ঈশ্বরের নাম মুখে বা অন্তরে গ্রহণ করিবে না বিধি দেওয়ায় সকাম-বাসনা নিরস্ত হইয়াছে। সুতরাং ভক্তিপূর্ব্বক অর্থাৎ অন্যাভিলাষশূন্য হইয়া জ্ঞানকর্ম্মাদি নিজ

চাতুর্ব্বর্ণ

শম (মনোবৃত্তির নিগ্রহ) দম (ইন্দ্রিয়-নিগ্রহ), তপঃ (অভ্যাস) শৌচ (নির্ম্মলতা) ক্ষান্তি (ক্ষমা), আর্জ্জব (সরলতা), জ্ঞান বিজ্ঞান ও আস্তিক্য—এই নয়টী স্বভাবজ কর্ম্ম ব্রাহ্মণের নির্দ্দিষ্ট হইয়াছেন।

শৌর্য্যং তেজো ধৃতির্দাক্ষ্যং যুদ্ধে
চাপ্যপলায়নম্।
দানমীশ্বরভাবশ্চ ক্ষাত্রং কর্ম্ম স্বভাবজম্॥

শৌর্য্য, তেজ, ধৃতি, দক্ষতা, যুদ্ধে অপলায়ন, দান ও ঈশ্বরের ভাব—এই সাতটী ক্ষত্রিয় কর্ম্ম।

কৃষিগোরক্ষ্যবাণিজ্যং বৈশ্যকর্ম্ম স্বভাবজম্।
পরিচর্য্যাত্মকং কর্ম্ম শূদ্রস্যাপি স্বভাবজম্॥
স্বে স্বে কর্ম্মণ্যভিরতঃ সংসিদ্ধিং
লভতে নরঃ।

কৃষিকার্য্য গোরক্ষা ও বাণিজ্য,—এই তিনটি বৈশ্যস্বভাবজ কর্ম্ম, সেবাই শূদ্র লোকের পরিচর্য্যারূপ স্বভাবজ কর্ম্ম হয়। নিজ নিজ কর্ম্মে অভিনিবিষ্ট থাকিয়া মানবগণ সংসিদ্ধি লাভ করেন।

এই প্রকার স্বভাবজ গুণ ও কর্ম্ম দ্বারা বর্ণ বিভাগ করিয়া ভগবান দেখাইলেন যে, সংসারে থাকিয়া অধোক্ষজের আশ্রয় গ্রহণ করা আবশ্যক। তদনন্তর বিবাহিত ব্যক্তিগণকে 'গৃহস্থ' বিদ্যার্থী পুরুষদিগকে 'ব্রহ্মচারী', অধিকবয়সে কর্ম্ম হইতে বিশ্রাম-প্রাপ্ত পুরুষদিগকে 'বানপ্রস্থ' আর সর্ব্বত্যাগীদিগকে 'সন্ন্যাসী' বলিয়া চারিটী আশ্রমের নির্দ্দেশ করিলেন। বর্ণ-ব্যবস্থা ও আশ্রম সকলের স্বাভাবিক সম্বন্ধ নিরূপণ পূর্ব্বক স্ত্রী ও শূদ্রগণের সম্বন্ধে একমাত্র গৃহস্থাশ্রম নির্দ্দিষ্ট করিলেন এবং ব্রাহ্মণ-সন্তান পুরুষগণ ব্যতীত অন্য কেহ সন্ন্যাসাশ্রম লইতে পারিবেন না,—এইরূপ ব্যবস্থা করিয়া তাঁহাদের অসাধারণ দীর্ঘদর্শী-সম্পন্নতার পরিচয় দিয়াছেন। সমস্ত শাস্ত্রমত ও যুক্তিগত বিধি-নিষেধ এই বর্ণাশ্রম ধর্ম্মের অন্তর্গত; বর্ণাশ্রম ধর্ম্মটি সংসারযাত্রা নির্ব্বাহ বিষয়ে একটী চমৎকার বিধি। আদিযুগ হইতে বহুপ্রকার ব্যবস্থা নিঃসৃত হইয়াছে, এই বিধিই যে সর্ব্বাপেক্ষা আদরণীয়, তাহাতে কিছুমাত্র সন্দেহ নাই

স্বার্থপরতা পরিত্যাগ করিয়া হরিসেবোদ্দেশে যে যাহা শ্রদ্ধাসহকারে প্রদান করেন, তাহা ভগবান্ গ্রহণ করেন। অদীক্ষিত ব্যক্তির ভক্তি নাই বলিয়া বা বহুদেববাদী ব্যক্তি নিষ্কপট ঐকান্তিক নহে বলিয়া ভগবান্ তাহার কোন বস্তু গ্রহণ করেন না।

বিদেশীয় লোকেরা কিম্বদন্তীমাত্রে অবিবেচনাপূর্ব্বক ও কিম্বদন্তীমাত্রে ঈর্ষাপরবশ এই ব্যবস্থার নিন্দা করিয়া থাকেন। আমাদের দেশীয় অনভিজ্ঞ যুবকগণও এতদ্ব্যবস্থার অনেক নিন্দা করেন। স্বদেশ বিদ্বেষ তাহার প্রধান কারণ। ভারতবাসীদিগের অনভিজ্ঞতা ও বিদেশীয়গণের অনুকরণপ্রিয়তাও প্রধান কারণ বলিয়া গণ্য হইয়াছে।

পূর্ব্বোক্ত ব্যবস্থাটি সম্প্রতি দূষিত হইয়াছে, তাহাতে সন্দেহ কি? স্বভাবসিদ্ধ বর্ণভেদের অভাব হওয়ায় উহা বংশগত হইয়া পড়িয়াছে, তজ্জন্য সম্প্রতি বর্ণাশ্রমধর্ম্ম লোকের নিকট নিন্দার্হ হইয়াছে।

বর্ণাশ্রমব্যবস্থা দোষশূন্য, কিন্তু তাহা অযথাভাবে চালিত হইলে কিরূপে নির্দ্দোষ থাকিতে পারে? অধুনা স্বভাবজ ধর্ম্মকে বংশজ-ধর্ম্ম করায় ব্যবস্থার বিপরীত কার্য্য হইতেছে। ব্রাহ্মণের অযোগ্য সন্তান ব্রাহ্মণ হইবে, আর শূদ্রের সন্তান পণ্ডিত ও সাধু স্বভাব হইলেও শূদ্র হইবে, এইরূপ ব্যবস্থা মূল বর্ণাশ্রমধর্ম্মের নিতান্ত বিরুদ্ধ। প্রাচীন রীতি এই ছিল যে, সন্তান উপযুক্ত বয়স্ক হইলে কুলগুরুগণ কুলপণ্ডিত, কুলাচার্য্য, ভূস্বামী ও গ্রামস্থ পঞ্চায়তী তাহার স্বভাব বিচার করিয়া তাহার বর্ণ নিরূপিত করিতেন। বর্ণ-নিরূপণকালে বিচার্য্য এই ছিল যে, পুত্র পিতৃবর্ণ লাভ করিবার যোগ্য হইয়াছে কি না। নিয়মিতরূপে এবং উচ্চাভিলাষবশতঃ পরিবারের ফলস্বরূপ উচ্চবংশীয় সন্তানেরা প্রায়ই পিতৃবর্ণ লাভ করিতেন। কেহ কেহ অযোগ্যতা বশতঃ নীচবর্ণ প্রাপ্ত হইতেন। পক্ষান্তরে, নীচবর্ণ পুরুষদিগের সন্তানেরা উচ্চশিক্ষিত সংস্কার সম্বন্ধে অনেক স্থলে উচ্চবর্ণ লাভ করিতেন। পৌরাণিক ইতিহাস দেখিলেও ইহার ভূরি ভূরি প্রমাণ পাওয়া যায়। যে সময় হইতে নামে মাত্র সংস্কার আরম্ভ হইয়াছে, সেই সময় হইতে উপযুক্ত ব্যক্তি উপযুক্ত কার্য্য না পাওয়ায় আর্য্যবংশসমূহ অস্তপ্রায় হইয়াছে।

যস্য যল্লক্ষণং প্রোক্তং পুংসো
বর্ণাভিব্যঞ্জকম্।
যদন্যত্রাপি দৃশ্যেত তত্তেনৈব বিনির্দ্দিশেৎ॥

পুরুষের বর্ণাভিব্যঞ্জক যে লক্ষণ কথিত হইয়াছে, ঐ লক্ষণ অন্য বর্ণজাত সন্তানে দৃষ্ট হইলে তাঁহাকে সেই লক্ষণানুসারে স্ববর্ণে নির্ণয় করিবেন অর্থাৎ কেবল জন্মদ্বারা বর্ণ নিরূপিত হইবে না। প্রাচীন ঋষিগণ স্বপ্নেও জানিতেন না যে, স্বভাব বর্ণটী ক্রমশঃ 'বংশজ' হইয়া উঠিবে। সৎ লোকের সন্তান অসৎ হয়, ইহা কিম্বদন্তিমাত্রে স্বীকার্য্য, কিন্তু এইটী কখনও ব্যবস্থা হইতে পারে না। সংসারের এই প্রকার অমঙ্গলসম্ভাবনা হইতে উদ্ধার করিবার জন্যই স্বভাবজ বর্ণাশ্রমধর্ম্ম ব্যবস্থাপিত হইয়াছিল, কিন্তু চতুর্দ্দশবর্ষ ও বহুস্থলে প্রাকৃত সাত্ত্বিকদের হস্তে ঘটনাক্রমে শক্তি পড়ায় যে বিপর্য্যয় করা হইয়াছিল, সেই বিষম ব্যবস্থাদিকে আক্রমণ করিয়াছে,—ইহা অত্যন্ত আক্ষেপের বিষয়। সুবিধাবাদের মধ্যে যে দল প্রবেশ করিয়াছে, সেই দল মূল ব্যবস্থা নষ্ট করিবার লক্ষণ। কিন্তু তাহারা দোষ করিয়াছে বলিয়া মূল ব্যবস্থাকে দূর করা বুদ্ধিমানের কার্য্য নয়। যাঁহারা সত্য, যুগ ধর্ম্ম, মরীচি, পরাশর, ব্যাস, জনক, ও শুকদেব প্রভৃতি মহাপুরুষগণের কীর্ত্তি-সমূহ একাধারে নষ্ট করিতে বসিয়াছেন, তাঁহারা কি নবীন-ভাব নীতের নিকট সংসারের ব্যবস্থা শিক্ষা করিবেন? বর্ণাশ্রম ব্যবস্থা বিশুদ্ধরূপে পুনঃ প্রচলিত হইলে ভারতের সকল প্রকার উন্নতি হইতে পারিবে, ইহা বলাই বাহুল্য। উন্নত-ভাবাপন্ন কর্ম্মানুষ্ঠান দ্বারা সকলের আত্মার ক্রমোন্নতি সাধন করিতে পারিবেন, ইহাই বর্ণাশ্রম-ধর্ম্মের একমাত্র উদ্দেশ্য।

এবম্বিধ বর্ণাশ্রম নির্দ্দিষ্ট কর্ম্মের অনুষ্ঠান করিয়া মানবগণ ক্রমশঃ পরমার্থ লাভ করিতে পারেন। এজন্য কর্ম্মবাদী শাস্ত্রকারেরা কর্ম্মবাদ-বিচারে কর্ম্মকেই প্রয়োজনসিদ্ধির একমাত্র উপায় বলিয়া নির্দ্দেশ করিয়াছেন। কর্ম্ম ব্যতীত জীব অবস্থান করিতে পারে না। নিত্যজীবনকে শরীর-নির্ব্বাহরূপ কর্ম্ম না করিলে জীবন থাকে না। জীবন না থাকিলে কোন ক্রমেই প্রয়োজন-সিদ্ধির উপায় অবলম্বিত হয় না। অতএব কর্ম্ম অপরিহার্য্য। যখন কর্ম্ম ব্যতীত থাকা যায় না, তখন স্বীকৃত কর্ম্মসকলকে পারমার্থিক ভাবাপন্ন করা উচিত, নতুবা উহা স্বার্থ কর্ম্ম হইয়া উঠিবে।

"এবং সংস্থিতং ব্রহ্মন্ তাপত্রয়-
চিকিৎসিতম্।
যদীশ্বরে ভগবতি কর্ম্ম ব্রহ্মণি ভাবিতম্॥"

দেবর্ষি নারদ ব্যাসদেবকে বলিলেন, হে ব্রহ্মন্, সর্ব্বনিয়ন্তা ঈশ্বর ভগবানে যে কর্ম্ম সমর্পিত হয়, তাদৃশ কর্ম্মই আধ্যাত্মিক, আধিভৌতিক এবং আধিদৈবিক এই ত্রিবিধ তাপ-নাশক বা উপশমকারক বলিয়া কথিত হইয়াছে।

শুদ্ধভক্তি-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠ

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীব্রজপত্তন ভবনে শ্রীচৈতন্যমঠ, শ্রীমাধ্ব-পীঠ, শ্রীশ্রীরাধাকৃষ্ণ, শ্রীগৌর গোপাল অষ্টপ্রান্তে চতুর্ব্যূহ বিগ্রহ আছেন। সুপ্রাচীন গ্রন্থ আবিষ্কার-মন্দির শ্রীমঠে সংরক্ষিত আছে।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪২১৫
কলিকাতার শ্রীভক্তিবিনোদ আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। নিত্য পাঠ, সংকীর্ত্তন, প্রাত্যহিক-দৈনিক শ্রীমদ্ভাগবতাদি শাস্ত্রের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও হার্মণিষ্ট পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়।

৩) যোগপীঠ-মায়াপুর-পীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব ভূমি মহাযোগপীঠ।

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৫) অদ্বৈত-ভবন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং শ্রীম বর্ত্তমান।

(৬) মুরারিগুপ্তের পাট

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৭) কাজি-সমাধি-পাট

প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
উক্ত গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি।

(৮) অনুকূলকৃষ্ণানুশীলনাগার

শ্রীধাম মায়াপুর

(৯) স্বানন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা।

১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ চাঁপাহাটি (বর্দ্ধমান)

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মাউগাছি, পোঃ জাহ্নগর, (বর্দ্ধমান)
শ্রীব্যাসাবতার ঠাকুর বৃন্দাবনের ধাম

(১৩) ঋতুদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর,নদীয়া

(১৪) জহ্নুদেব-গৌড়ীয়মঠাশ্রম

১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ

গৌড়পুর, নদীয়া

(১৬) শ্রীকোলদ্বীপ গৌড়ীয় মঠ

রাইঘাটা —(শ্রীবাসুদেবের পাটের নিকটবর্তী)
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৭) কুঞ্জকুটীর

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ চাঁদপাড়া, (নদীয়া)

(২০) মহেশ-পণ্ডিতের পাট

কাঁচালপাড়ি, পোঃ চাকদা (নদীয়া)

(২১) রাণাঘাট-গৌড়ীয়মঠাশ্রম

(২২) পুরী গৌড়ীয়মঠ

চব্বিশ পরগণা

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ

বারিধা পোঃ ওয়ারি, ঢাকা।
পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র।

(২৪) গোপালজীউমঠ

কমলাপুর, পোঃ ঢাকা

(২৫) বলহরি-গৌড়ীয় মঠ

পোঃ বালিয়াটি, (ঢাকা)

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

বড়বাজার, পোঃ ময়মনসিংহ

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চক্চকা, কামরূপ (আসাম)

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

এবং পাবাং বিল্ডিং, দার্জ্জিলিং

(৩০) সারঙ্গ-গৌড়ীয়মঠ

পোঃ চড়িহার, জিঃ মজঃফরপুর, ইং, বি

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

মিঠাপুর পাটনা।

(৩২) গয়া গৌড়ীয়মঠ

বাবলা রোড, গয়া

(৩৩) সনাতন গৌড়ীয় মঠ

৮।১৭ বড় গণেশপুর, বেনারস সিটি

(৩৪) শ্রীরূপ গৌড়ীয়মঠ, এলাহাবাদ

(৩৫) সত্যাশ্রম মঠ

পোঃ নিমসার, সীতাপুর ইউ পি।

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠাশ্রম

বিশ্রামঘাট, পোঃ মথুরা

(৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ

গোপালপুর, বৃন্দাবন

(৩৯) প্রেমানন্দ-কুসুমকুঞ্জ

পোঃ রাধাকুণ্ড। মথুরা

(৪০) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪১) রাধাকুণ্ড গোবর্দ্ধন

(৪২) শ্রীগোবর্দ্ধনমঠাশ্রম

গোবর্দ্ধন, মথুরা

(৪৩) সঙ্কেত বিহারী মঠ

বর্ষাণা, মথুরা।

(৪৪)নন্দগ্রাম গৌড়ীয়মঠাশ্রম

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৫) বর্ষাণা গৌড়ীয়মঠাশ্রম

পোঃ বর্ষাণা, মথুরা

(৪৬) গোষ্ঠবিহারী মঠ—শেখপুরী,

পোঃ কেকোম, জেলা জলন্ধর (পাঞ্জাব

(৪৭) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

(৪৮) দিল্লী গৌড়ীয় মঠ

৪৫নং কুতুব রোড, নিউ দিল্লী

(৪৯) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, ক্যাম্বেলাস বেল ডিং বোম্বে ৭

(৫০) মাদ্রাজ-গৌড়ীয়মঠ

পোঃ পারম্বেরী, মাদ্রাজ
শ্রীশ্রীগুরুগৌরাঙ্গ-রাধাকৃষ্ণ-বিগ্রহের সেবা

(৫১) কোভুর গৌড়ীয়মঠ

পোঃ কভুর, জেলা গোদাবরী মাদ্রাজ
শ্রীশ্রীগুরুগৌরাঙ্গ-রাধাগোপীনাথ-বিগ্রহের সেবা

(৫২) পুরুষোত্তম গৌড়ীয়মঠ

আঠারনালা, পোঃ পুরুষোত্তম। (পুরী)

(৫৩) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত পোঃ পুরী, উড়িষ্যা

(৫৪) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৫ শ্রীদামোদর কুটী

(৫৬) ব্রিদণ্ডি-গৌড়ীয়মঠ

পোঃ কালুপাড়া, পুরী

(৫৭) সচ্চিদানন্দ মঠ

বালিগালি, পোঃ কটক (উড়িষ্যা)

(৫৮) আলালনাথ গৌড়ীয়মঠপীঠ,

(৫৯) শ্রীব্রহ্মমাধ্বগৌড়ীয়-প্রপন্ন-মঠ

পোঃ ব্রহ্মগিরি, পুরী

(৬০) ভাগবতজনানন্দ মঠ

চিকসিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর

(৬১) আশাবি গৌড়ীয়মঠ

পোঃ আশাবি, মেদিনীপুর

(৬২) আসনসোল প্রপন্নাশ্রম মঠ

পোঃ আসনসোল (বর্দ্ধমান)

(৬৩) চৈতন্যগৌড়ীয়মঠ

কুমারহাট, পোঃ চিকুরনা, (মানভূম)

(৬৪) রেঙ্গুণ গৌড়ীয়মঠ

৩০১ নং লেউইস ষ্ট্রীট, রেঙ্গুন।

(৬৫) লণ্ডন-গৌড়ীয়মঠ

ফ্ল্যাট নং ২
৫১, ক্রাউনরোড
ক্ল্যাপহ্যাম, লণ্ডন, ৫ ৫

(৬৬) গৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

১৬।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা

(৬৭) গৌড়ীয়মঠ অফিস

২০৪ চিৎপুর রোড, কলিকাতা (ইউ-পি)

(৬৮) শ্রীবিদ্যানিধি গৌড়ীয়মঠাশ্রম

মধুবন বাজার, চট্টগ্রাম

শ্রীধাম মায়াপুর নবদ্বীপ-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস হইতে মহোপদেশক শ্রীপ্রবোধ চক্রবর্ত্তী প্রত্নবিদ্যালঙ্কার-সম্পাদিত
শ্রীরামানন্দ ব্রহ্মচারী ভক্তালোক, ভাণ্ডারী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায়		বিজ্ঞাপনের পৃষ্ঠায়	
	১ম ও দ্বিতীয় দিনের জন্য	পরবর্তী দিনের জন্য	১ম ও দ্বিতীয় দিনের জন্য	পরবর্তী দিনের
প্রতি লাইনে ।০	।৴০	।৵০		।০
ইঞ্চি ২৲				১৲
সিকিকলম ৫৲	৪০			৩৲
অর্দ্ধকলম ৮৲	৬৲			৫৲
এক কলম ১৫৲	১০৲	১০৲		

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতি ইঞ্চি ৬	৪।০
সিকি কলম ১৫৲	১২৲
অর্দ্ধকলম ২৪৲	১৮৲
এক কলম ৩৬৲	৩০৲

চাঁদার হার

বার্ষিক (ডাকমাশুলসহ)	৯৲
মাসিক „	৬৲
ত্রৈমাসিক „	৪৷০
„	১৲

প্রতি সংখ্যা ৫ পয়সা। বিশেষ সংখ্যার মূল্য ভিন্ন হইবে।

শ্রীধাম-মায়াপুরে

—শ্রীল ভক্তিবিনোদ ইনষ্টিটিউট—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

ধাম মায়াপুর—সরকার সাহায্যপ্রাপ্ত বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক খোলা। শিক্ষকগণ সাত্ত্বিক ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা আছে। আহার ও বেতনাদিসহ মাত্র মাসে মাত্র ৬৲ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিয়াছে। বর্ত্তমান বর্ষে ১৬ জন বালকের মধ্যে ১৫ জন ভালভাবে উত্তীর্ণ হইয়াছে।

মেধাবী ছাত্রগণের আরও সুবিধা

পরীক্ষায় যাহারা শতকরা ৭০ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ সচ্চরিত্র দরিদ্র ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অভিজ্ঞতার সহিত আলোচিত হইয়াছে। এই এক অপূর্ব্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ টাকা।

ল প্রভুপাদের প্রবন্ধাবলী

শ্রীল প্রভুপাদের চতুঃষষ্টিবর্ষপূর্ত্ত্যাবির্ভাব-তিথিতে শ্রীল আচার্য্যদেবের অভীষ্টক্রমে "শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী" প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। ইহাতে পূর্ব্বার্দ্ধ ও উত্তরার্দ্ধ দুইটি বিভাগ আছে। পূর্ব্বার্দ্ধে শ্রীল প্রভুপাদের আদি-প্রবন্ধাবলী শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের সম্পাদিত 'স-সজ্জনী সজ্জনতোষণী,' শ্রীল প্রভুপাদের 'নিবেদন' সাপ্তাহিক পত্রিকা হইতে কথাসার ও প্রয়োজনীয় অংশের টীকা-সহ প্রকাশিত হইয়াছে। উত্তরার্দ্ধে শ্রীল প্রভুপাদের সম্পাদিত 'সজ্জনতোষণী'র কতিপয় প্রবন্ধ কথাসার প্রকৃত সহিত মুদ্রিত হইয়াছে। প্রবন্ধগুলি রচনাকালের ক্রমানুসারে গ্রথিত হইয়াছে; এতদ্ব্যতীত শ্রীল আচার্য্যদেবের একটি মূল্যবান্ উপোদ্ঘাত ও সম্পাদকীয় একটি বিস্তৃত ভূমিকা, শব্দ সূচী, বিষয়-শ্লোক ও পয়ার-সূচী প্রভৃতি গ্রন্থে সংযোজিত হইয়াছে। গ্রন্থটি উৎকৃষ্ট কাগজে ব্লকচিত্রের সহিত মুদ্রিত ও শ্রীল প্রভুপাদের আলেখ্যাদিযুক্ত সুদৃঢ় ও সুন্দর বাঁধাই প্রকাশিত হইয়াছে। প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, জিলা নদীয়া; শ্রীগৌড়ীয় মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ও শ্রীরাধাগোবিন্দমঠ, বহিরা, পোঃ ভাটা,

ল প্রভুপাদের পদ্যপ্রসূন মালা

এই গ্রন্থে ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তি-সিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের রচিত পদ্যাবলী শ্রীল আচার্য্যদেবের বিরচিত "সৌরভ" নামক ভাষ্যের সহিত প্রকাশিত হইয়াছে। শ্রীল প্রভুপাদের অনেক অপ্রকাশিত পদ্য ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ।০ আট আনা।

চৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত অভিজ্ঞতার সহিত সন্নিবিষ্ট হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ৪৲ টাকা। প্রাপ্তিস্থান শ্রীযুক্ত নবকিশোর ভক্তিশাস্ত্রী, শ্রীযোগপীঠ, শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপদেশক পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্ন্যাল ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী সম্প্রদায়-বৈভবাচার্য এম-এ মহোদয়ের শ্রেষ্ঠগবেষণা এবং পরিপক্ক লেখনীর অদ্ভুত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত্র-পাঠে রত হউন। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিবিধ চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলে শ্রীমহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৩০শ অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্ত্তার ভূমিকাদ্বয় (Prefaces), বিষয়-তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র (Index Glossary) সহ প্রথমখানি প্রকাশিত। ভিক্ষা—১৫, পনর টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, রায়পেট্টা মাদ্রাজ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

'ঠাকুর ভক্তিবিনোদ'

———::(০)::———

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বঙ্গমধ্যে বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি-প্রচারের মূল মহাজন সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির আজিমতা জীবনচরিত এতাবৎকাল সম্যক্ প্রকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। দীর্ঘদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয়মঠাচার্য্যবর্যের অন্তেবাসী পরবিদ্যাসাহিত্যিক সু-লেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু মূল্যবান শিক্ষামৃতের সার দেওয়া হইয়াছে। সর্ব্বসমেত ১২০ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৮০ আনা; ডাকমাশুল স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান—ম্যানেজার গ্রন্থবিভাগ

শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

———:(০):———

১। **শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্**

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। **শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্**

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু গ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১৩।১নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। **শ্রীভাগবত প্রেস**

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। **পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস**

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

ই, বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	৪-৩৬	৬-০৬	৭-২৬	১২-২৬	১৪ ৫৬	১৬-৫৬	১৭-৫৬	২২-২
রাণাঘাট পৌঃ			৮-৫০	১৪ ১৫				
(বদল) ছাঃ			৯-৩০	১৪-৫০				
কৃষ্ণনগর পৌঃ	৭-১	৮-৪৪	১০-৮	১৪-২৩	১৭-২৮	১৯-১১	২০-১৬	১-১২ ১৫
(বদল) ছাঃ	৭-১৫		১০-৩১		১৭-৩৮		২০ ৫০	
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫১		১১ ১০		১৮-১৬		২০-৪৬	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
রাণাঘাট পৌঃ	১৩-৫৫
ছাঃ	১৩ ০
শান্তিপুর পৌঃ	১৩-২৬
(বদল) ছাঃ	১৭-৩১ (লাইট্ রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪-২
ছাঃ	১৪-২০
নবদ্বীপঘাট পৌঃ	১৫-০

ডাউন

নবদ্বীপঘাট ছাঃ	৫ ৪৪		৯ ২৫		১৩-৩৫	১৬-০	১৮-৩১	
কৃষ্ণনগর পৌঃ	৬ ২৩	৯-১৬	১০-৩	১১-৪১	১৪-১০	১৬ ৩৮	১৯-১৯	
ছাঃ	৬-২৬	৭-১৮	১০-১১			১৬ ৫৬	১৯-২৫	
রাণাঘাট পৌঃ			১০-৪৬			১৭-৩১		
(বদল) ছাঃ			১১ ০			১৭-৪০		
কলিকাতা পৌঃ	৮-১৬	৯-২১	১২-১	১২-১৬	১৪-১৬	১৯-১১	২১-৪১	২৩-২৩

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৩-৩১	১৬-০		
কৃষ্ণনগর পৌঃ	১৪-১০	১৬-৩৮		
ছাঃ	১৪-২৮	১৭-১৫		
শান্তিপুর পৌঃ	১৬-৯	১৭-৫৬		
(বদল) ছাঃ	১৬-৩৩	১৮-১	(রবিবার ভিন্ন)	১৮-৮ (রবিবার)
রাণাঘাট পৌঃ	১৭-১০	১৮-২৭		১৮-৩৩
(বদল) ছাঃ	১৭-৪০	১৮-৪০		১৮-৪৫
কলিকাতা পৌঃ	১৯-১১	২০-৬		২০-৬

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

[illegible] পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাটতি অত্যন্ত অধিক। শিতার প্লীহা সংযুক্ত কালাজ্বর এবং নূতন ও পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। মূল্য ছোট বোতল ৷৵০ দশ আনা, বড় বোতল ১৷৵০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা
অথবা
পোঃ বেহালা, ২৪ পরগণা

ফোন— শ্রীমায়াপুর
টেলিগ্রাম— শ্রীমায়া
শ্রীমায়াপুর

REGD NO C 1544

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়াজেলার একমাত্র দৈনিক মুখপত্র

৪৭ খণ্ড | শ্রীমায়াপুর— ১লা চৈত্র, ১৩৪৫, ১৫ই মার্চ, ১৯৩৯ বুধবার | ১৬শ সংখ্যা

বিবিধ সংবাদ

চণ্ডীতলায় কৃষক ও শ্রমিক সংবাদ

গত ৫ই মার্চ কলিকাতা শ্রীযুক্ত হেমন্তকুমার সরকার, কবি বিজয়লাল চট্টোপাধ্যায়, ডাঃ সোমেশ্বরপ্রসাদ চৌধুরী, সুধাংশুভূষণ চট্টোপাধ্যায়, যুক্ত বাংলার চাষী প্রজা সমিতির ও অন্যান্য কর্মী মাজদিয়া ষ্টেশনে অবতরণ করেন। তাঁহাদের অভ্যর্থনার জন্য কংগ্রেস কমিটি ও ইউনিয়ন বোর্ডের সভাপতি ডাঃ ননীগোপাল লাহিড়ী সুশীলরঞ্জন লাহিড়ী, শ্রীযুক্ত তারকনাথ সরকার প্রভৃতি চারণস্বেচ্ছাসেবক ও ভেকিয়ারল সহ ষ্টেশনে উপস্থিত ছিলেন।

চুয়াডাঙ্গার কংগ্রেসকর্মী শ্রীযুক্ত বৈদ্যনাথ সরকার সভাপতিত্বে মাজদিয়া বারোয়ারী তলায় একটি জনসভার অনুষ্ঠান হয়। কলিকাতা হইতে আগত বক্তাগণ কৃষক সংগঠনের ও শ্রেণীহীন সমাজের সৃষ্টির আবশ্যকতা সম্বন্ধে বক্তৃতা করেন।

সভার পর দুই মাইল দূরবর্তী চণ্ডীপুরে একটি বিরাট কৃষক সভা হয়। চন্দননগর চাইপুরের হাজরাগণ এই সভায় উপস্থিত ছিলেন। কংগ্রেসের আদর্শ ও কৃষক সংঘ গঠনের প্রয়োজনীয়তা, ছাত্রগণের ভবিষ্যৎ নেতৃত্ব সম্বন্ধে বক্তৃতা হয়।

সভান্তের সময় নিকটবর্তী চৌগাছা গ্রামে আগত ... খুঁজে ... সময়ে খবর পৌঁছিলে নেতাগণ সভার পরে ঐ গ্রামে গমন করিয়া তদন্ত করেন।

গোদাবরী জেলায় কৃষাণ সত্যাগ্রহ

অন্ধ্র প্রাদেশিক কংগ্রেস কমিটির প্রেসিডেন্ট ডাঃ পট্টভি সীতারামিয়া তার-যোগে সংবাদ দিয়াছেন যে, পশ্চিম গোদাবরী জেলার কালিপটম গ্রামে একদল মহিলা সত্যাগ্রহীর উপর লাঠি চালাইবার পরে প্রায় ৫০ জন মহিলা সত্যাগ্রহীকে গ্রেপ্তার করা হইয়াছে।

কালিপটমের জমিদার তাঁহার জমি হইতে প্রজাদিগকে উৎখাত করিবার চেষ্টা করায় প্রজাগণ তাহার প্রতিবাদে কিছুদিন যাবৎ সত্যাগ্রহ আন্দোলন চালাইতেছে।

বিষয়টি মাদ্রাজের রাজস্ব মন্ত্রী মাননীয় মিঃ টি প্রকাশমের গোচরীভূত করা হইলে তিনি এই ব্যাপারে হস্তক্ষেপ করিবেন বলিয়া প্রতিশ্রুতি দিয়াছেন।

হায়দ্রাবাদে বোমা বিস্ফোরণ

১২ই মার্চ রাত্রে দশটার সময় মোয়াজ্জমজাহী মার্কেটের নিকট আবার এক বোমা বিস্ফোরণ হইয়াছে এবং তাহার ফলে এক ব্যক্তি আহত হইয়াছে।

প্রকাশ, আহত ব্যক্তি ছোট একটি দোকানের কর্মচারী; সে যখন ঐ স্থানে ঝাঁট দিতেছিল, তখন এই বিস্ফোরণ হয়। তাহাকে হাসপাতালে স্থানান্তরিত করা হইয়াছে।

পুলিশ ঘটনাস্থলে উপস্থিত হইয়া দোকানের মালিককে গ্রেপ্তার করে। প্রকাশ, দোকান হইতে আর একটি বোমা পাওয়া গিয়াছে। তদন্ত চলিতেছে।

গত ২০শে ফেব্রুয়ারী তারিখে সন্ধ্যায় অনুরূপ দুইটি বিস্ফোরণ হইয়াছিল। মোয়াজ্জমজাহী মার্কেটের নিকট একটি বিস্ফোরণ হইয়াছিল এবং তাহার ফলে এক ব্যক্তি নিহত ও এক ব্যক্তি আহত হইয়াছিল।

দেশীয় রাজ্যের ঘরোয়া বৈঠক

১১ই মার্চ প্রাতঃকালে রাজন্যবর্গের এক ঘরোয়া বৈঠক হয়। প্রকাশ, দেশীয় রাজ্যে আন্দোলন সম্পর্কে তাঁহারা আলোচনা করিয়াছেন। আরও জানা গেল তাঁহারা দেশীয় রাজ্য সমূহে শাসন সংস্কার বিষয়ক কয়েকটি প্রস্তাবও বিবেচনা করিয়াছেন।

বিগত অধিবেশনের পর যে অবস্থা দাঁড়াইয়াছে, ঘরোয়া বৈঠকের পর রাজন্যবর্গ ও মন্ত্রীগণ এক বৈঠকে সমবেত হইয়া তাহা বিবেচনা করেন।

রাজন্যবর্গের সম্মেলনে আগামী অধিবেশনে অনেকগুলি ছোট ছোট দেশীয় রাজ্যে বিচার বিভাগ, পুলিশ বিভাগ, স্বাস্থ্য বিভাগ প্রভৃতি বিভাগগুলিতে একরূপ ব্যবস্থা প্রবর্তন সম্পর্কে আলোচনা হইবে বলিয়া জানা যাইতেছে। বিশেষজ্ঞগণ বলেন, যদি এইরূপ ব্যবস্থা সত্বর প্রবর্তিত হয়, তবে দেশীয় রাজ্যগুলির শাসনব্যবস্থা উন্নত হইবে এবং ব্রিটিশ ভারতের শাসন ব্যবস্থার সহিত উহার সামঞ্জস্য স্থাপিত হইবে। কেহ কেহ মনে করেন, খুব বেশী করিয়া রাজা এই প্রস্তাবে সম্মত হইবেন না। যাহা হউক, রাজন্যবর্গ এই সম্পর্কে তাঁহাদের মতামত শীঘ্রই রাজপ্রতিনিধিকে জানাইবেন বলিয়া মনে হয়।

কয়লা হইতে উৎপন্ন খাদ্যদ্রব্য

বিজ্ঞানের অসাধ্য বুঝি কিছুই নাই। কয়লা খাদ্য-হিসাবে ব্যবহৃত হইতে পারে এমন কথা শুনিলে আমাদের তাক লাগে। কিন্তু কথাটা অবাস্তব নয়। জনৈক জার্মাণ বিজ্ঞানী কয়লা হইতে রাসায়নিক উপায়ে ভোজ্য পদার্থ উৎপন্ন করিয়াছেন। অবশ্য এখনও উহা মানুষের আহারোপযোগী হয় নাই। বর্তমানে পরীক্ষামূলক গো মহিষাদিকে উক্ত খাদ্য দেওয়া হইতেছে। বিজ্ঞানী আশা করেন, অদূরভবিষ্যতে মানুষও কয়লা হইতে প্রস্তুত খাদ্য গ্রহণ করিতে পারিবে।

দাগী বদমায়েস গ্রেপ্তার

আবদুল কাদীর নামক একজন দাগী বদমায়েসকে এক রাহাজানী সম্পর্কে অনুসন্ধান করা হইতেছিল। গ্রেপ্তারের সময় তাহার নিকট হইতে একটি রিভলভার, একটি বোমা একটি ছোরা, ২৩টি তাজা কার্তুজ পাওয়া গিয়াছে। তন্মধ্যে একটি কার্তুজ রিভলভারের মধ্যে ছিল।

কয়েকজন লোক দীঘাপতিয়া থানায় এই মর্মে এক সংবাদ দেয় যে, তাহাদের নিকট এক জঙ্গলে কয়েকজন দুর্বৃত্ত তাহাদিগকে তাহাদিগের সহিত বাঁধিয়া রাখিয়াছিল।

পরে তাহারা কোনরূপে উদ্ধার লাভ করে। পুলিশ দুর্বৃত্তদিগের অনুসরণ করে। একজন পলায়ন করে, কিন্তু আবদুল কাদেরকে গ্রেপ্তার করা হয়।

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক। প্রতি একাদশীতে প্রকাশিত হয়। কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। সডাক ভিক্ষা ৪৷৹ টাকা মাত্র।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৷৹ টাকা মাত্র।

৩। ভাগবত—হিন্দি ভাষায় একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷৹ টাকা মাত্র

৫। শ্রীগৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷৹ মাত্র।

শ্রীশ্রীভক্তিবিনোদাবির্ভাব-শতবর্ষপূর্ত্তি-তিথিপূজার উপায়ন-গ্রন্থমালা

——::(০)::——

১। গীতিসাহিত্যে শ্রীভক্তিবিনোদ

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র গীতিসাহিত্যের সমালোচনা-গ্রন্থ)

ভিক্ষা—৸৹ বার আনা মাত্র।

২। শ্রীভক্তিবিনোদবাণীবৈভব

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের রচনামৃতসাগর হইতে আহৃত ১০৮টি অধ্যায়ে সম্বন্ধ-অভিধেয়-প্রয়োজনাকারে গ্রথিত অমূল্য উপদেশপূর্ণ গ্রন্থ)

ভিক্ষা—৩৲ তিন টাকা মাত্র।

৩। শ্রীশ্রীভক্তিবিনোদ-প্রসঙ্গ

ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ ও ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী প্রভু-বিরচিত এবং গৌড়ীয়ে প্রকাশিত শ্রীশ্রীভক্তিবিনোদ-চরিত-প্রসঙ্গ

ভিক্ষা—।৶৹ ছয় আনা মাত্র।

৪। ছাত্রদের ভক্তিবিনোদ

(ছাত্রদের উপযোগী ভাষায় লিখিত শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্র ও শিক্ষা)

ভিক্ষা—৸৹ বার আনা মাত্র।

ছাত্রদের পক্ষে ভিক্ষা—৷৹ আট আনা মাত্র)

প্রাপ্তিস্থান:—

(১) 'ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট', পোঃ শ্রীমায়াপুর, নদীয়া;
(২) শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা;
৩ শ্রীযুক্ত ভূপতিরঞ্জন নাগ এম্-এ, বি-এল্, পুরাণপল্টন পোঃ রমনা, ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবত,—সমগ্র
প্রথম হইতে দশম স্কন্ধ পর্যন্ত —
দশম স্কন্ধ—
২। বাঙ্গলা বিরাট শ্রীচৈতন্যভাগবত (বাঁধা) ৲
৩। বাঙ্গলায় শ্রীচৈতন্যচরিতামৃত ৬
৪। সজ্জনতোষণী (বাঁধা) ৪.
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸৹; ২য় খণ্ড ২৲; ৩য় খণ্ড—৸৹
৪র্থ খণ্ড—৸৹
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸৹; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸৹
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার দীপিকা ও সংস্কার দীপিকা ১৷৹
৯। বৈষ্ণবধর্ম ১৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ১৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸৹
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ৷৹
১৫। বৈষ্ণবসাহিত্যে বিধর্ম তত্ত্ব ।৹
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸৹
১৭। চৈতন্যোপনিষদ ।৹
১৮। বাহন আশ্রম ।৹
১৯। তত্ত্বসূত্রম ।৹
২০। গৌড়ীয় গৌরব ৷৶৹
২১। গৌড়ীয়সাহিত্য ৷৶৹
২২ ভজন রহস্য ।৹
২৩। শ্রীচৈতন্যভাগবত ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১.
২৪। গীতা (শ্রীবলদেব টীকা-সহ) ১৲
২৫। গীতা (চক্রবর্ত্তি টীকাসহ) ১.
বাঁধা) ১.
২৬। গীতার কেবল মাত্র ভাষা ৸৹
২৭। দুঃসঙ্গবর্জন ও স্বমতনির্ণয় (সাপ্তাহ)১৲
২৮। প্রেমবিবর্তসার (সাপ্তাহ) ।৹
২৯। প্রেমবিবর্ত (তৃতীয়-সংস্করণ)
(বাঁধা) ৸৹
৩০। শ্রীনবদ্বীপ-ধাম-মাহাত্ম্য ৸৹
৩১। সাধনপথ (তৃতীয় সংস্করণ) ৷৶৹
৩২। গোস্বামী রঘুনাথ দাস, বাঁধা) ।৹
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸৹
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶৹
৩৫। গীতমালা ৴১৹
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৶৹
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৶৹
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ৷৹
৩৯। শ্রীগোদ্রুমকল্পাটবী-কল্পতরু ।৹
৪০। শরণাগতি ৴৹
৪১। গীতাবলী ৴৹
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸৹
৪৩। সাধনকণা ৴৹
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ৴
৪৫। নবদ্বীপশতক
৪৬। অর্চ্চনপদ্ধতি
৪৭। আচারাদৃষ্টি ৹৴
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৴১৹
৪৯। সাধুসঙ্গ ৷১৹
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম খণ্ড) ৲
৫১। ব্রহ্মসংহিতা ।৹
৫২। মণিমঞ্জরী (সাপ্তাহ) ।৹
৫৩। গৌরকৃষ্ণোদয় ৸৹
৫৪। পুরুষার্থ-বিনির্ণয় ।৹
৫৫। স্তবমালা বা মায়াবাদশতদূষণী ।৹
৫৬ ভাগবত ও ভক্তিপথ ৶৹
৫৭। ঈশোপনিষদ (ভাষাটিকা) ।৹
৫৮। শ্রীকৃষ্ণদেব ৶৹
৫৯। সিদ্ধান্তদর্পণ ৶৹
৬০। সাংখ্যবাণী

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলাস্মরণম্ ।৹
৬২। সিদ্ধান্ত সরস্বতী বিভিন্নস্ ।৹
৬৩। সটীক-শিক্ষাষ্টকম্ ।৹
৬৪। স্তবচয়ম্ ।৹
৬৫। সাত্বত সিদ্ধান্ত ৶৹
৬৬। গৌড়ীয়সমন্বয়দীপিকা ৴৹
৬৭। সারার্থদর্শিনী ৶৹

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।৹
৬৯। এ ফিউ ওয়ার্ডস অন বেদান্ত ।৹
৭০। নামভজন ৴৹
৭১। বেদান্ত— ইটস মরফলজী অ্যাণ্ড অন্টলজি ।৹
৭২। রিলেটিভ ওয়ার্ল্ডস ৷৶৹
৭৩। সাইক ব্যাণ্ড প্রিসেপ্টস অব শ্রীচৈতন্য মহাপ্রভু
৭৪। বেদান্তসূত্র
৭৫। শ্রীগৌড়ীয়মঠ ইন ব্রিফ
৭৬। দি ভাগবত ।৹
৭৭। ইমোরিঅল ফিলজফার অ্যাণ্ড আদার্স লেকচার্স ।৹
৭৮। ব্রহ্মসংহিতা ১৷৹
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (প্রথম খণ্ড) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ৷৹
৮১। সাধন-পথ ।৹
৮২। কল্যাণ-কল্পতরু ৶৹
৮৩। গীতাবলী ৴৹
৮৪। শরণাগতি

আসামিজ ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ৴৹

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক

নদীয়া-প্রকাশ

একমাত্র পারমার্থিক দৈনিক-পত্র

ধাম-মায়াপুর-নদীয়া

১৭শ বর্ষ | ১০ বিষ্ণু ৪৫৩ গৌরাব্দ ১লা চৈত্র বঙ্গাব্দ ১৩৪৫, ১৫ই মার্চ্চ ইং ১৯৩৯, বুধবার ১৩৩শ সংখ্যা

সাময়িক-প্রসঙ্গ

শ্রীরূপগৌড়ীয়মঠে শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাবোৎসব

গত ৫ই মার্চ্চ রবিবার শ্রীধামমায়াপুর শ্রীশ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব-তিথি শ্রীল রূপগোস্বামী প্রভুর নিকাবেত্র প্রয়াগতীর্থে অবস্থিত শ্রীরূপগৌড়ীয়মঠে মঠপরিচালকবর গৌড়ীয়-বৈষ্ণবাচার্য্য ও বিষ্ণুপাদ পরমহংস পরিব্রাজকাচার্য্যবর্য্য অষ্টোত্তরশতশ্রী শ্রীমদ্ ভক্তিবিলাস তীর্থ গোস্বামী মহারাজের সংকীর্ত্তন-সেবাধ্যক্ষতায় নিরন্তর হরিকথা-কীর্ত্তনমুখে মহাসমারোহের সহিত সুসম্পন্ন হইয়াছেন। প্রাতে ৫ ঘটিকার সময় শ্রীশ্রীগুরুগৌরাঙ্গ-গান্ধর্ব্বিকাগিরিধারী জীউর মঙ্গলারাত্রিক ও মহাজনপদাবলী কীর্ত্তনান্তে শ্রীপাদ বাসুদেব ব্রহ্মচারী, শ্রীপাদ নিত্য-গোপাল দাসাধিকারী, শ্রীপাদ কেশবলাল দাসাধিকারী মহোদয় পর্য্যায়ক্রমে শ্রীচৈতন্য-ভাগবত-পারায়ণ করিতে থাকেন।

অধিবাস-দিবস শ্রীপাদ বাসুদেব ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী সন্ধ্যার পর প্রায় একঘণ্টাকাল হরিকথা কীর্ত্তন করেন।

মহাপ্রভুর আবির্ভাব-মহোৎসবের দিন অপরাহ্ণ ৩ ঘটিকা হইতে শুদ্ধবৈষ্ণব-বন্দনা, ভক্তিত ও বিভিন্ন মহাজনপদাবলী কীর্ত্তন হইতে থাকে। অনন্তর শ্রীগুরুগৌরাঙ্গের আরাত্রিকে নিত্যনূতন সুখাস্বাদ করিয়া সংকীর্ত্তনমুখে শ্রীবিগ্রহের সান্ধ্যারাত্রিক সম্পন্ন হইলে পর সন্ধ্যা ৭ ঘটিকা হইতে শ্রীপাদ নিত্যগোপাল দাসাধিকারী প্রভুর সর্ব্বোপরিতর ব্রজেন্দ্রনন্দনই যে শ্রীমন্মহাপ্রভু এবং উপনিষদ্ যাঁহাকে অদ্বৈত 'ব্রহ্ম' বলেন তিনি শ্রীকৃষ্ণের অঙ্গকান্তি, যাঁহাকে যোগশাস্ত্র অন্তর্য্যামি-পুরুষ বা পরমাত্মা বলেন তিনি শ্রীকৃষ্ণের অংশ-স্বরূপ ও অঙ্গকান্তি। নাম সংকীর্ত্তন-রূপ যুগধর্ম্ম ও মধুপ্রেম প্রচার করিবার জন্য শ্রীকৃষ্ণ স্বয়ং ভক্তভাব অঙ্গীকার করিয়া শ্রীকৃষ্ণচৈতন্য মহাপ্রভুরূপে শ্রীনবদ্বীপমণ্ডলে শ্রীধাম-মায়াপুরে শ্রীশচী-গর্ভসিন্ধুতে আবির্ভূত হইয়াছিলেন এবং মহাপ্রভুর আবির্ভাবের বহুশতাব্দী পূর্ব্বে শ্রীমদ্ভাগবত যে শ্রীকৃষ্ণচৈতন্যমহাপ্রভুকে কলিযুগাবতাররূপে বর্ণন করিয়াছেন প্রভৃতি বিষয় এবং মুণ্ডকোপনিষদ্‌পুরাণ হইতে মহাপ্রভু সম্বন্ধে 'স্বর্ণবর্ণ' শ্লোক প্রভৃতি একঘণ্টাকাল বর্ণন করেন।

তৎপরে শ্রীপাদ বাসুদেব ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়বৈভবাচার্য্য প্রভু শ্রীকৃষ্ণই যে সর্ব্বেশ্বরেশ্বর—ব্রহ্মা-শিবাদি সর্ব্বদেবেশ্বর এবং শ্রীমন্মহাপ্রভু যে স্বয়ং ব্রজেন্দ্রনন্দন এবং তাঁহার অবতারিত্ব যে সর্ব্বাবতার হইতে শ্রেষ্ঠ ইত্যাদি বিষয় নানা শাস্ত্রযুক্তি ও সুসিদ্ধান্তদ্বারা স্থাপিত করিয়া প্রায় একঘণ্টাকাল কীর্ত্তন করেন। সভায় মিঃ চতুর্ব্বেদী নিজার পত্রিকার সম্পাদক এডিটর, এলাহাবাদ বিশ্ব-বিদ্যালয়ের সংস্কৃতের অধ্যাপক পণ্ডিত ক্ষেত্রেশলাল শাস্ত্রী, এলাহাবাদ হাইকোর্টের অবসরপ্রাপ্ত গভর্ণমেন্ট প্লিডার রায় বাহাদুর; মিঃ ভার্গব ডেপুটি কালেক্টার দত্ত অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী; বাবু উপেন্দ্রনাথ দত্ত সুপারিন্টেণ্ডেন্ট অফ ইন্‌স্পেক্টর অফ পুলিশ; এস, এন, দত্ত চৌধুরী, এম, এন, সেনগুপ্ত, শ্রীযুক্ত বাবু সারদা প্রসাদ মুখার্জি, শ্রীযুক্ত বাবু কেশবলাল ঘোষ প্রমুখ শতাধিক শিক্ষিত ভদ্রমহোদয় ও বহু ভদ্র মহিলা উপস্থিত ছিলেন। হরিকথা কীর্ত্তনান্তে শ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকা-গিরিধারীজীউর ভোগারাত্রিক কীর্ত্তন আরম্ভ হয়। কীর্ত্তনান্তে প্রায় দুইশত ব্যক্তিকে মহাপ্রসাদ বিতরণ করা হয়। ভক্তগণ শ্রীগুরুগৌরাঙ্গের আহ্বান-সৎকারে শ্রীমহা-প্রসাদ সম্মান করেন।

এলোর টাউনে প্রচার

গত ৩রা মার্চ্চ তারিখে কভুর শ্রীরামানন্দ গৌড়ীয়মঠ হইতে শ্রীপাদ ব্রজগোপাল ব্রহ্মচারী ভক্তিবিবেক প্রভু কতিপয় ব্রহ্মচারী সহ এলোর টাউনে মিঃ শিবম্ জীবরত্ন থাক মহাশয়ের ভবনে শ্রীমদ্ভাগবত দ্বাদশ স্কন্ধ হইতে কলিযুগের ধর্ম্ম শ্রীনামসংকীর্ত্তন ও বিষ্ণু আরাধনা বিষয়ে এবং বিষ্ণুপূজার্চ্চন ও সেবা পরিত্যাগ করিয়া বিবিধ অকর্ম্ম ও কুকর্ম্মপরায়ণ বদ্ধজীবের ভবিষ্যৎ আচার-বিচার ও দুর্গতি সম্বন্ধে ইংরাজী ভাষায় পাঠ ও ব্যাখ্যা করিয়া বুঝাইয়া দেন। পাঠের আদি ও অন্তে শ্রীনাম-সংকীর্ত্তন ও মহামন্ত্র কীর্ত্তন হয়। তত্রত্য শ্রীনারায়ণ ভক্ত ও অন্যান্য বাসিন্দাগণ এই সকল কথা শ্রবণ করিয়া বিশেষ আনন্দিত ও গৌড়ীয়মঠের প্রচারকদিগের প্রতি আকৃষ্ট হইয়াছেন।

গুরুসেবা

(৫ম পৃষ্ঠার পর)

"নিজ প্রেমানন্দে কৃষ্ণ সেবানন্দ বাধে।
সে আনন্দের প্রতি ভক্তের হয়
মহাক্রোধে॥"

যেখানে নিজের আনন্দ লাভের সেবা-বাসনা ইচ্ছা আছে, তাহা ভুক্তিকামনা, সেখানে সেবা নাই; সেখানে কেবলমাত্র ইন্দ্রিয়ের সুখ-কামনা থাকিবে। আর বৈষ্ণবগণকে বাদ দিয়া কখনও গুরুসেবা হয় না। বৈষ্ণবগণ বা গুরুসেবকগণ সকলেই শ্রীগুরুদেবের অঙ্গ-প্রত্যঙ্গ। অতএব তুমি যে 'অর্দ্ধকুক্কুটীন্যায়' অবলম্বন করিয়া বৈষ্ণবগণকে সম্মান না করিয়াই কেবল আমার সেবা-চিন্তাতেই নিমগ্ন হইয়া থাকিয়াছিলে তাহাতে তোমার বৈষ্ণবাপরাধ হইয়াছে। সেইজন্য আমি তোমার গৃহে যাই নাই। বংশীধর তখন নিজ অপরাধ বুঝিতে পারিয়া শ্রীগুরুদেব ও বৈষ্ণবগণের চরণে বারংবার নিজ অপরাধ জ্ঞাপন করিয়া ক্রন্দন ও ক্ষমা ভিক্ষা করিতে লাগিলেন। শ্রীবাসুদেবাচার্য্য বংশীধরের গৃহে আসিয়া প্রসাদ গ্রহণ করেন। সদ্গুরু ধন, জন, বিদ্যা দেখেন না, দেখেন সেবাপ্রবৃত্তি। সদ্গুরু সেবা এবং ভুক্তি ও মুক্তির পার্থক্য প্রদর্শন করেন। সদ্গুরু শিষ্যকে পতিত রাখিয়া পতিতপাবন নাম ধরেন না। শিষ্যকে সত্যসত্যই পাবন করিয়া থাকেন। সদ্গুরু নিষ্কপট ও নিরপেক্ষ, শিষ্যের অন্যায় আচরণের প্রশ্রয় দেন না।

"জীবের নিজের আত্মস্বরূপে অপ্রাকৃত সচ্চিদানন্দ আত্মস্বরূপের অর্থাৎ কার্ষ্ণ-কিঙ্করের অনুভূতিই সম্বন্ধজ্ঞান। গুরুবর্গের পরিচয়ের দ্বারা সেই সম্বন্ধজ্ঞান লাভ হয়। হরি স্বরূপশক্তির সহিত অভিন্ন, জীবশক্তির সহিত অচিন্ত্যভেদাভেদ-সম্বন্ধযুক্ত ও মায়াশক্তি হইতে ভিন্ন। চেতন-দর্শনই কৃষ্ণভোগদর্শন। প্রকৃত প্রস্তাবে সজ্জনসঙ্গই দুর্জ্জনসঙ্গরাহিত্যরূপ নির্দ্দিষ্টতা।"

(শ্রীল আচার্য্যদেব)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

১০ বিষ্ণু তৃত অনিরুদ্ধ গৌরাব্দ ৪৫৩

যৎকিঞ্চিৎ

শ্রীনাম ও শ্রীনামী একই বস্তু। শ্রীনাম স্বগত-স্বজাতীয়-বিজাতীয় ভেদ-রহিত অদ্বয়বস্তু। শ্রীনাম অসীম শক্তিসম্পন্ন। আবার মন্ত্র নানারূপ। শ্রীকৃষ্ণমন্ত্র হইতে সংসার মোচন হয় এবং কৃষ্ণনাম হইতে কৃষ্ণচরণপ্রাপ্তি ঘটে। শ্রীচৈতন্যচরিতামৃতে আমরা পাই,—

কৃষ্ণমন্ত্র হৈতে হবে সংসারমোচন।
কৃষ্ণনাম হৈতে পাবে কৃষ্ণের চরণ॥

মন্ত্র ও মহামন্ত্র শ্রীনামে লীলা-বৈচিত্র্য আছে। মন্ত্রজপপ্রভাবে জীব সংসারমুক্ত অর্থাৎ কৃষ্ণচরণে শরণাপত্তি-প্রভাবে অনর্থমুক্ত হন। তখন মুক্তকুলের উপাস্য মহামন্ত্ররূপ শ্রীনাম সর্ব্বদা অনর্থমুক্ত পুরুষের সেবোন্মুখ জিহ্বায় নৃত্য করিতে থাকেন। তিনি তখন নামপ্রভুর কৃপায় নামী কৃষ্ণের চরণ করযুক্ত হইতে প্রেমফল প্রাপ্ত হন। নাম স্বতঃই পরিপূর্ণ-শক্তিসম্পন্ন। সুতরাং নামের শক্তিবৃদ্ধির জন্য পুরশ্চরণাদির অপেক্ষা নাই। তবে কেন শাস্ত্রে পুরশ্চরণাদির কথা পাওয়া যায়? ভক্তগণ ব্যাখ্যা করেন,—অনর্থযুক্ত জীব যে মন্ত্র উচ্চারণ করেন, সেই মন্ত্রের উচ্চারণাদির মধ্যে যে সমস্ত অপরাধ থাকে, সেই সমস্ত অপরাধ দূর করিয়া মন্ত্রসিদ্ধির জন্যই পুরশ্চরণাদির ব্যবস্থা।

পুরশ্চরণের প্রকার বহুবিধ। মন্ত্রজপাদি শুদ্ধভাবে হইবার জন্যই পুরশ্চরণের ব্যবস্থা। গুরুসেবাই পুরশ্চরণ। কেবলমাত্র গুরুপাদপদ্মের দ্বারাই পুরশ্চরণ সিদ্ধ হয়। যথা—

অথবা দেবতারূপং গুরুং ধ্যাত্বা
প্রতোষয়েৎ।
তস্য ছায়ানুসারী স্যাৎ ভক্তিযুক্তেন চেতসা।
গুরুমূলমিদং সর্ব্বং তস্মান্নিত্যং
গুরুং ভজেৎ।
পুরশ্চরণহীনোঽপি মন্ত্রী সিদ্ধ্যেন্ন সংশয়ঃ॥
যথা সিদ্ধরসস্পর্শাত্তাম্রং ভবতি কাঞ্চনম্।
সন্নিধানাদ্গুরোরেবং শিষ্যো
বিষ্ণুময়ো ভবেৎ॥
(হরিভক্তিবিলাস)

অর্থাৎ পুরশ্চরণের প্রকারান্তর বলিতেছেন,—গুরুদেবকে কৃপালু দেবতাজ্ঞানে চিন্তাপূর্ব্বক তাঁহার সন্তুষ্টি সম্পাদন করিবে এবং ভক্তিযুক্তচিত্তে শ্রীগুরুদেবের ছায়ানুগামী হইয়া অবস্থান করিবে। পুরশ্চরণাদির ব্যাপার গুরুই মূল। সুতরাং নিত্য শ্রীগুরুদেবের সেবা করিবে। পুরশ্চরণাদিহীন হইলেও গুরুসেবা-প্রভাবে মন্ত্রী সিদ্ধিলাভ করিবেন, এ বিষয়ে কোন সংশয় নাই। যেরূপ সিদ্ধরসস্পর্শে তাম্র স্বর্ণত্ব প্রাপ্ত হয়, তদ্রূপ শিষ্যও গুরুসমীপে অবস্থান করিলে বিষ্ণুময় হইয়া থাকেন।

শ্রীল সনাতন গোস্বামী প্রভু ভক্তগণের পুরশ্চরণ করান নাই, পরন্তু কৃষ্ণমন্ত্রের পুরশ্চরণ করাইয়াছেন, অর্থাৎ স্বয়ং নিত্যসিদ্ধ ভগবৎপার্ষদ হইলেও জীবাদর্শার্থ নীচ সঙ্গী, নীচ জাতি, নিজকে অনর্থযুক্ত জীবের অভিনয় করিয়া কৃষ্ণমন্ত্রে পুরশ্চরণাদি দ্বারা শ্রীচৈতন্যচরণে আত্মসমর্পণই সিদ্ধি, ইহা জানাইয়াছেন।

আমরা অনর্থগ্রস্ত বদ্ধজীব। আমরা মনোধর্ম্মী, এই মনোধর্ম্ম হইতে ত্রাণ পাইবার জন্য মন্ত্রগ্রহণ বিশেষ আবশ্যক। আমরা যদি শ্রীগুরুপাদপদ্ম হইতে মন্ত্র গ্রহণ না করিয়া শ্রীনামে সেবা করিতে যাই, তাহা হইলে আমাদের মঙ্গল হইবে না। এবিষয়ে আমাদের সকলের সতর্ক থাকা উচিত।

অনেক দিন পর আজ হঠাৎ মনের মধ্যে জাগিয়া উঠিয়াছে, আমি কি নিরাশ্রয়? আমি কি গুরুহীন? না—না তা নয়, আমি নিরাশ্রয় নই। শুদ্ধসৌভাগ্যেই আমার হৃদয়ে আজ এই কথা

মহৎকৃপা বিনা কোন কর্ম্মে ভক্তি নয়।
কৃষ্ণভক্তি দূরে রহু সংসার নহে ক্ষয়॥

গুরুসেবা

——::(০)::——

শ্রুতি-স্মৃতি-পুরাণাদি শাস্ত্রে সর্ব্বত্রই আচার্য্যদেবের মাহাত্ম্য পরিকীর্ত্তিত হইয়াছে। সদ্গুরুসেবা ব্যতীত বদ্ধজীবের অনর্থনিবৃত্তি ও ভগবৎসেবাপ্রাপ্তির দ্বিতীয় পন্থা নাই। শাস্ত্রে আচার্য্যকে ভগবৎপ্রকাশ বা আশ্রয়জাতীয় ভগবদ্বিগ্রহ বলিয়া বর্ণন করিয়াছেন। গুরুদেব ভগবান্ হইতে অভিন্ন। তিনি জীবকুলকে নিত্য সেবাশিক্ষা দিবার জন্য জগতে সেবক-বিগ্রহরূপে প্রকটিত। তাঁহাকে আশ্রয় করিয়া জীব আপনাকে শুদ্ধ করিয়াছে। আমি প্রকৃত অযোগ্য দুর্ভাগা, তবু তাঁহাই বা বলি কেন, আমি প্রভুর নিত্যভৃত্য। অনাদিকাল-সর্ব্ব আমার নিত্য প্রভু। বর্ত্তমান গৌড়ীয়-বৈষ্ণবাচার্য্যই সেই নিত্য-আশ্রিত প্রভু। শ্রীশ্রীল প্রভুপাদ ও তদীয় শ্রীশ্রীল আচার্য্যদেবের অহৈতুকী অযাচিত কৃপায় জানিবার সৌভাগ্য হইয়াছে যে, তিনিই আমাদের নিত্য প্রভু। শ্রীগুরুর কৃপাভিখারী অযোগ্য দুর্ভাগা আমাদের আচার্য্যপাদপদ্মই একমাত্র সম্বল এবং তাহাই আমাদের একমাত্র সম্পদ। সেই প্রভু ছাড়া আমাদের বদ্ধজীবের রক্ষক ও পালক আর কে আছে? তাই দুর্ব্বল আমরা গুরুসেবাভিক্ষু শ্রীশ্রীল প্রভুপাদ ও শ্রীশ্রীল আচার্য্যদেবের শ্রীচরণে কৃপা ও সেবা ভিক্ষা করিতেছি। তাঁহারা নিজগুণে কৃপা করিয়া আমাদিগকে তাঁহাদের কোটিচন্দ্রশীতল শ্রীপাদপদ্মে স্থান প্রদান করুন, আমাদিগকে নিজ ভৃত্যজ্ঞানে গ্রহণ করুন, ইহাই তাঁহাদের নিকট একমাত্র প্রার্থনা।

আমার প্রভু জগতের প্রভু এবং তিনিই অখিল-নিখিলের একমাত্র পালক। তিনি ছাড়া বিশ্বে আর রক্ষাকর্ত্তা কেহ নাই। হরিবিমুখ বিশ্ব আমাদের সেই প্রভুর বিরুদ্ধে অভিযান করিবেই করিবে, কিন্তু অনুকূলানুভূত আমরা কিছুতেই প্রভুপাদপদ্ম-সেবা হইতে বিচ্যুত হইব না। কারণ, প্রভু ছাড়া আমাদের আপন বলিতে যে আর কেউ নাই। আমরা জানি বা না জানি, আমরা যে তাঁহারই লোক, তাঁহারই ভৃত্য। তিনিই যে আমাদের একমাত্র প্রাণ, জীবন ও সর্ব্বস্বরূপ। তাই বলি, হে আমার বন্ধুবর্গ, আপনারা সকলে প্রভুর সেবায় নিযুক্ত থাকিয়া আমাদিগকেও প্রভুসেবায় নিযুক্ত রাখুন ইহাই প্রার্থনা।

শিষ্যস্বরূপ ভগবান্‌কে লাভ করিতে পারেন। সদ্গুরুর সেবা করিতে করিতে বদ্ধজীবের হৃদয়ের অবিদ্যা-গ্রন্থি বিদূরিত হয়, চিত্তদর্পণ নির্ম্মল হয়, তখন গুরুকৃপায় জীবের ঐ নির্ম্মলহৃদয়ে পরমপ্রেমস্বরূপিণী ভক্তির উদয় হইয়া থাকে। জীবের যে পর্য্যন্ত ভুক্তি-কামনা প্রবল থাকে, সে পর্য্যন্ত সে সদ্গুরু সমীপে অভিগমন করিতে পারে না। শ্রুতি বলেন—

পরীক্ষ্য লোকান্ কর্ম্মচিতান্ ব্রাহ্মণো
নির্ব্বেদমায়ান্নাস্ত্যকৃতঃ কৃতেন।
তদ্বিজ্ঞানার্থং স গুরুমেবাভিগচ্ছেৎ
সমিৎপাণিঃ শ্রোত্রিয়ং ব্রহ্মনিষ্ঠম্॥

ব্রাহ্মণ কর্ম্ম দ্বারা অর্জ্জিত স্বর্গাদি লোকসমূহ কর্ম্মীদের প্রাপ্য অনিত্য জানিয়া, নিত্য ভগবান্ অনিত্য কর্ম্মের দ্বারা প্রাপ্ত হওয়া যায় না, ইহা জানিয়া সংসারে নির্ব্বেদ প্রাপ্ত হইবেন। এরূপ ভুক্তিকামনায় নির্ব্বেদপ্রাপ্ত পুরুষ অতি বিনীতভাবে ব্রহ্মজ্ঞান লাভের জন্য বেদতাৎপর্য্যবিৎ ও ভগবৎ-সেবাপরায়ণ সদ্গুরুর চরণে সর্ব্বতোভাবে শরণ গ্রহণ করিবেন।

বেতাশ্বতর শ্রুতিও বলিয়াছেন—
যস্য দেবে পরা ভক্তির্যথা দেবে তথা গুরৌ।
তস্যৈতে কথিতা হ্যর্থাঃ প্রকাশন্তে
মহাত্মনঃ॥

যে অধিকারী পুরুষের ভগবানে অহৈতুকী পরাভক্তি বর্ত্তমান, সেইরূপ যিনি সদ্গুরুতে ঐকান্তিকী ভক্তিবিশিষ্ট, সেই মহাত্মার নিকট আত্মতত্ত্ব-বিষয়ক উপদেশ সকল প্রকাশিত হয়। শ্রীল কৃষ্ণদাস কবিরাজ গোস্বামিপাদও বলিয়াছেন—

তাতে কৃষ্ণ ভজে, করে গুরুর সেবন
মায়াজাল ছুটে, পায় কৃষ্ণের চরণ।"

অর্থাৎ ত্রিগুণাত্মিকা দুস্পারা মায়ার হস্ত হইতে উদ্ধার লাভ করিয়া নিত্য ভগবৎসেবা পাইতে হইলে গুরুসেবা এবং তৎকৃপালব্ধ ভগবদ্ভজন ব্যতীত আর দ্বিতীয় উপায় নাই। সদ্গুরু শিষ্যের ভুক্তিমুক্তি-কামনাকে বিনাশ করিয়া একমাত্র অহৈতুকী সেবা শিক্ষাদান করেন। যেখানে গুরু (?) শিষ্যকে নিজের ভোগ্য মনে করেন এবং শিষ্যও আত্মেন্দ্রিয়প্রীতিবাঞ্ছা লইয়া গুরুর নিকট গমন করিয়া থাকেন, সেখানে গুরুসেবা নাই। ঐরূপ গুরু ও শিষ্য সত্য [illegible] নিরয়বর্ত্মের যাত্রীরূপ এবং সদ্গুরু-সেবা বৈকুণ্ঠবর্ত্মের যাত্রা। গুরু নিত্য ভগবৎসেবায় অধিষ্ঠিত সুতরাং তিনি শিষ্যকেও ভগবানের সেবাতেই নিযুক্ত করেন। সদ্গুরুর সেবা ব্যতীত [illegible]

নাই সুতরাং এক্ষণে সদ্‌গুরুর সেবা করিলেই ফলতঃ গুরুসেবা ও ভগবৎসেবা সিদ্ধ হইয়া থাকে। শ্রীমদ্ বৈষ্ণবাচার্য্য শ্রীরামানুজপাদের নাম সকলেই অবগত আছেন। তিনি মায়াবাদ অন্ধকার ও অপরাধীর পাষণ্ডের ধূলিরাশি হইতে জীবগণকে উদ্ধার করিয়া জগতে গুরু ও ভগবানের সেবামাধুর্য্য প্রচার করিয়াছেন। একদা তিনি শিষ্যগণ পরিবৃত হইয়া শ্রীশৈলক্ষেত্রে গমন করেন। উচ্চৈঃস্বরে হরিনাম কীর্ত্তন করিতে করিতে তাঁহারা অগ্রসর হইতে লাগিলেন। দুই তিন দিবস পরে তাঁহারা একটি গ্রামে আসিয়া পৌঁছিলেন। সেই গ্রামে রামানুজের দুইজন শিষ্যের বাস। একজন ধনশালী আর একজন নিঃস্ব। ধনশালী শিষ্যের নাম যজ্ঞেশ এবং অপর জনের নাম বরদাচার্য্য। রামানুজ উক্ত ধনাঢ্য শিষ্যের নিকট শিষ্যগণ সহ নিজ আগমন বার্ত্তা জ্ঞাপন করিবার জন্য তাঁহার দুইজন শিষ্যকে প্রেরণ করিলেন। যজ্ঞেশ শ্রীগুরুদেবের আগমন বার্ত্তা শুনিতে পাইয়া আনন্দে এত অধীর হইলেন যে, অন্তঃপুরে যাইয়া কি প্রকারে প্রভুর সম্বর্দ্ধনা করিবেন তজ্জন্য ব্যস্ত হইয়া পড়িলেন। এদিকে যে তাঁহার অভ্যাগত দুইজন গৃহের দ্বারে বসিয়া রহিয়াছেন তৎপ্রতি উদাসীন হইয়া পড়িলেন। রামানুজের শিষ্যদ্বয় যজ্ঞেশের ঐরূপ ব্যবহারে ব্যথিত হইয়া গুরুর নিকট সব নিবেদন করিলেন। রামানুজও ধনাঢ্য শিষ্যের ব্যবহারে অত্যন্ত দুঃখিত হইয়া নিঃস্ব বরদাচার্য্যের গৃহে আতিথ্য স্বীকার করিবার জন্য শিষ্যগণ সহ গমন করিলেন। বরদাচার্য্য প্রত্যহ গ্রামে ভিক্ষার্থ বাহির হইতেন এবং সামান্য ভিক্ষা করিয়া যাহা কিছু পাইতেন, তাহা গুরু ও নারায়ণে নিবেদন পূর্ব্বক তাঁহাদের অবশেষ গ্রহণ করিতেন। তাঁহার লক্ষ্মীনাম্নী পরমা সাধ্বী রূপলাবণ্যবতী সহধর্ম্মিণী ছিলেন। তিনিও এই স্বামীর ধর্ম্মের সহায়কারিণী ছিলেন। যখন রামানুজ বরদাচার্য্যের কুটীরে শিষ্যগণ সহ উপস্থিত হইলেন, তখন বরদাচার্য্য ভিক্ষার্থ বাহির হইয়াছেন। লক্ষ্মী, স্নান সমাপন করিয়া একটি ক্ষুদ্র শতছিন্ন চীরবস্ত্র কোন প্রকারে ধারণ পূর্ব্বক অপর একটী জীর্ণ মলিন বসন রৌদ্রতাপে শুকাইতেছিলেন। তিনি এইরূপ অবস্থায় গুরুদেবের সম্মুখে আসিয়া তাঁহার অভিনন্দন করিতে পারিতেছেন না, ইহা করতালিধ্বনির দ্বারা জ্ঞাপন করিলেন। রামানুজ তৎক্ষণাৎ বহির্দেশ হইতে নিজ উত্তরীয় গৃহাভ্যন্তরে নিক্ষেপ করিলেন। লক্ষ্মী তদ্দ্বারা গাত্র আচ্ছাদন পূর্ব্বক গুরুর সম্মুখে আগমন করিলেন এবং গুরুদেবকে পুনঃ পুনঃ সাষ্টাঙ্গ প্রণাম পূর্ব্বক বলিতে লাগিলেন "প্রভো, আপনারা সকলে উপবেশন করুন, আমার স্বামী ভিক্ষার্থ বাহিরে গিয়াছেন, আমি শীঘ্র নিবেদ্যের প্রস্তুত করিয়া দিতেছি।" এদিকে গৃহে তণ্ডুলকণাও নাই। কি করিবেন কিছুই স্থির করিতে পারিলেন না। কিন্তু প্রাণ দিয়াও যদি গুরু ও বৈষ্ণবগণের সেবা করিতে হয় তাহাই করিতে হইবে ইহা চিন্তা করিতে করিতে নারায়ণকে স্মরণ করিতে লাগিলেন। অবশেষে লক্ষ্মীদেবী একটীমাত্র উপায় খুঁজিয়া পাইলেন। নিকটে একজন ধনাঢ্য বণিকের বাস ছিল। উক্ত বণিকের চরিত্র-দোষ ছিল। ঐ বণিক লক্ষ্মীদেবীর রূপলাবণ্যে মুগ্ধ হইয়া বহুবার তাঁহাকে তাহার বিলাসিনী হইতে অনুরোধ করিয়া বলিয়াছিলেন যদি লক্ষ্মীদেবী তাহার মনোবাসনা পূর্ণ করেন তাহা হইলে সেই মুহূর্ত্তে তাঁহার ও তাঁহার স্বামীর দারিদ্র্য বিদূরিত হইবে তাঁহাদের আর কোনও অভাব থাকিবে না। কিন্তু সতী সাধ্বী লক্ষ্মীদেবী বণিকের ঐরূপ কথায় দৃক্‌পাতও করেন নাই। আজ দেখিলেন শ্রীগুরুদেব ও বৈষ্ণববৃন্দ দ্বারে উপস্থিত। যদি তাঁহাদের সেবার জন্য সামান্য নশ্বর দেহ লৌকিক বা বৈদিক ধর্ম্ম জলাঞ্জলি দিয়াও শ্রীগুরুদেবের সেবা হয় তবেই তাহার দেহধারণের সার্থকতা। তিনি এত দিন নিজের ভোগের জন্য বণিকের অসাধু প্রস্তাবে সম্মত হন নাই। কিন্তু আজ হরিগুরু-বৈষ্ণবসেবার জন্য ঐরূপ বিগর্হিত কার্য্য করিলেও তাহার নরকপাত হয় হউক কিন্তু তাহা দ্বারা ত' হরিগুরু-বৈষ্ণবের প্রীতি সাধিত হইবে। আত্মেন্দ্রিয়প্রীতি-বাঞ্ছাই কাম। কিন্তু কৃষ্ণেন্দ্রিয় প্রীতি ইচ্ছা প্রেমনামে খ্যাত। কলিঙ্গনায়ক এক মহাভাগবত চৌর্য্যবৃত্তি অবলম্বন করিয়া ভগবানের সেবা করিয়াছিলেন। তিরুমঙ্গই আলোয়ার দস্যুবৃত্তি দ্বারা অর্থ অপহরণ করিয়াও নিজ ইষ্ট ভগবানের শ্রীমন্দির নির্ম্মাণ করাইয়াছিলেন। নরক গমন করিতে হইলেও আমি গুরুসেবা ও বৈষ্ণবসেবা ত্যাগ করিব না; এইরূপ সঙ্কল্প করিয়া লক্ষ্মীদেবী ঐ ধনাঢ্য বণিকের নিকট গমন করিলেন এবং সেই দিবস রাত্রিযোগেই তাহার মনোবাসনা পূর্ণ করিতে প্রতিশ্রুত হইলেন। বণিক্ কত অনুরোধ করিয়া, নানাপ্রকার প্রলোভন দেখাইয়াও যাহাকে ঐরূপ অসৎকার্য্যে প্রবৃত্ত করিতে পারে নাই, আজ সে উপযাচিকা হইয়া তাহার দ্বারে উপস্থিত হইয়াছে। ইহা দেখিয়া বণিক্ আনন্দে অধীর হইলেন। লক্ষ্মীদেবী বণিকের নিকট তাহার গুরু ও বৈষ্ণববৃন্দের আতিথ্য সৎকারার্থ দ্রব্য-সম্ভারের প্রয়োজন জ্ঞাপন করা মাত্র বরদাচার্য্যের কুটীরে ভারে ভারে তণ্ডুল, ডাল, ঘৃত, দধি, দুগ্ধ, শর্করা, নানাবিধ ফলমূল প্রেরিত হইতে লাগিল। লক্ষ্মীদেবী স্বহস্তে সমস্ত রন্ধন করিয়া নৈবেদ্য বিষ্ণুকে নিবেদন করিলেন এবং তাহা গুরু ও বৈষ্ণবগণকে প্রদান করিলেন। সকলেই পরিতোষ সহকারে প্রসাদের সম্মান করিলেন এবং দরিদ্রের গৃহে এইরূপ প্রসাদের ভূরি আয়োজন দেখিয়া বিস্মায়িত হইলেন। এদিকে লক্ষ্মীদেবীর পতি ভিক্ষা হইতে আগমন করিয়া নিজ গুরুদেব ও গুরুভ্রাতৃগণকে তাঁহার কুটীরে দেখিতে পাইয়া সাতিশয় আনন্দিত হইলেন এবং শ্রীগুরুদেব ও বৈষ্ণববৃন্দকে পরিচর্য্যা করিবার জন্য ব্যগ্র হইয়া উঠিলে বৈষ্ণবগণ বলিলেন যে তাঁহারা সকলেই পরম সন্তোষ সহকারে প্রসাদ সম্মান করিয়াছেন। বরদাচার্য্য ইহা শুনিয়া আরও বিস্মিত হইলেন এবং গৃহাভ্যন্তরে গমন করিয়া সহধর্ম্মিণীকে জিজ্ঞাসা করাতে লক্ষ্মীদেবী বিনীতভাবে ও নিঃসঙ্কোচে বণিকের নিকট তাঁহার প্রতিশ্রুতির বিষয় নিবেদন করিলেন। বরদাচার্য্য ইহা শ্রবণ করিয়া আনন্দে নৃত্য করিয়া উঠিলেন এবং লক্ষ্মীদেবীকে বলিতে লাগিলেন লক্ষ্মী, তুমিই যথার্থ সহধর্ম্মিণী, আজ আমি ধন্য হইলাম, আমি এতদিন মনে করিতাম তুমি বুঝি আমার হাড়-মাংসের থলিরই পাত্র বলিয়া ভাবনা কর, কিন্তু আজ দেখিতে পাইলাম যে তোমার উপর গুরুকৃপা সম্পূর্ণভাবে বর্ষিত হইয়াছে, তোমার সদসৎ-জ্ঞানোদয় হইয়াছে. তুমি বুঝিতে পারিয়াছ শ্রীনারায়ণই একমাত্র পতি এবং যাবতীয় জীবই প্রকৃতি। অতএব আজ তুমি এই নশ্বর-তুচ্ছ দেহের বিনিময়ে যে লক্ষ্মীপতির সেবা করিতে পারিয়াছ ইহা স্মরণ করিয়া আমি মুহুর্মুহু আনন্দিত হইতেছি। ক্রমে শ্রীরামানুজ ও বৈষ্ণবগণও লক্ষ্মীদেবীর এইরূপ সেবা-প্রবৃত্তির কথা জানিতে পারিয়া বিস্মিত হইলেন এবং শ্রীরামানুজ ঐ দম্পতিকে বলিলেন যে, তোমরা উভয়ে ঐ বণিকের গৃহে যাইয়া তাহাকে কিছু মহাপ্রসাদ দিয়া আইস। দম্পতি ঐ বণিকের নিকট মহাপ্রসাদ লইয়া গেলেন। বরদাচার্য্য বাহিরে রহিলেন, লক্ষ্মী বণিকের নিকট গিয়া মহাপ্রসাদ অর্পণ করিলেন। লক্ষ্মীদেবীর অনুরোধে ঐ বণিক্ রামানুজাচার্য্যের অবশেষ গ্রহণ করিতে লাগিলেন। কিন্তু বৈষ্ণব উচ্ছিষ্টের কি মাহাত্ম্য! প্রসাদ গ্রহণ করিতে করিতে বণিকের মন ফিরিয়া গেল। বণিকের চিত্তে অনুতাপ হইতে লাগিল—হায়, আমি কাহার প্রতি এইরূপ অসদভিলাষ করিয়াছি। "আপনি বৈষ্ণবগৃহিণী, আপনার নারায়ণে সমর্পিত দেহে আমি লোভবুদ্ধি করিয়াছি। মাতঃ আমাকে নরক হইতে উদ্ধার করুন। আপনার শ্রীগুরুদেবের কৃপায় কি আমি রক্ষা পাইব? বৈষ্ণবগণও অদোষদর্শী। তিনি কি আমাকে কৃপা করিবেন না?"

সতী স্বামীর নিকট ফিরিয়া আসিয়া সব ঘটনা বলিলেন এবং পরে বণিকের বিষয় শ্রীগুরুদেবের চরণে নিবেদন করিলেন। পতিতপাবন শ্রীরামানুজাচার্য্য বণিককে অত্যন্ত অনুতপ্ত দেখিয়া দীক্ষা প্রদান করিলেন। পরে ঐ বণিক শ্রীগুরুর নিকট ঐ বৈষ্ণব-দম্পতির দারিদ্র্য দূর করিবার জন্য তাহার সর্ব্বস্বদান ইচ্ছা নিবেদন করিলেন। ইহা শুনিয়া বরদাচার্য্য গুরুদেবের নিকট আসিয়া বিনীত ভাবে বলিলেন —"প্রভো, এই কৃপা করুন, যেন এ অধম হরিগুরুবৈষ্ণবসেবাধিকার হইতে বিচ্যুত না হয়। প্রভো, ধন, জন বা প্রতিষ্ঠাদি দ্বারা যেন আমার চিত্ত আপনার চরণ-যুগলের সেবা হইতে স্খলিত না হয়।" রামানুজও বরদাচার্য্যের ঐরূপ ভাব দেখিয়া বণিককে যাহা বলিয়াছিলেন তদনুরূপ ভাব শ্রীচৈতন্যভাগবতে আমরা দেখিতে পাই—

যত দেখ বৈষ্ণবের ব্যবহার-দুঃখ।
নিশ্চয় জানিহ সেই পরানন্দ সুখ॥
বিষয়-মদান্ধ সব কিছুই না জানে।
বিদ্যা-ধন-কুলমদে বৈষ্ণব না চিনে॥

এ দিকে রামানুজের ধনাঢ্য শিষ্য যজ্ঞেশ শ্রীগুরুর সেবা করিতে না পাইয়া অতিশয় দুঃখিত চিত্তে বরদাচার্য্যের গৃহে আসিলেন এবং শ্রীগুরুকে হৃদয়ের দুঃখ নিবেদন করিলেন। রামানুজ যজ্ঞেশকে বলিলেন, তোমার বৈষ্ণবাপরাধ হইয়াছে, তাই আমি তোমার গৃহে আতিথ্য গ্রহণ করি নাই। তুমি তোমার গুরু-ভ্রাতৃদ্বয়কে সম্বর্দ্ধনা না করিয়াই অন্তঃপুরে চলিয়া গিয়াছিলে। তখন যজ্ঞেশ বলিলেন প্রভো, আপনার শুভাগমন-বার্ত্তা শুনিয়া আমি আনন্দে অধীর হইয়া আপনার সম্বর্দ্ধনার জন্য আয়োজন করিতেছিলাম। তখন রামানুজ বলিলেন আমার স্মরণ হওয়া কিছু সেবা নহে।

(অতঃপর ৩৪ পৃষ্ঠার ২য় কলমে দ্রষ্টব্য)

শুদ্ধভক্তি-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠ

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীচন্দ্রশেখর-ভবনে শ্রীচৈতন্যমঠ, পরবিদ্যাপীঠ, শ্রীশ্রীরাধাকৃষ্ণ শ্রীগৌর-গোপাল আদ্যাদি চতুর্দশ বিগ্রহ আছেন। সুপ্রাচীন এবং আত্মিক-প্রচারকগণের শিক্ষার্থী আছে।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৫
কলিকাতায় শ্রীভক্তিবিনোদ আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, সঙ্কীর্ত্তন, মহাপ্রভুর-সেবায় শ্রীমদ্ভাগবতাদি গ্রন্থের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও হারমণি পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়।

৩) যোগপীঠ-মায়াপুর-পীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমহাপ্রভুর আবির্ভাব-ভূমি মহাযোগপীঠ।

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং ...র বর্ত্তমান।

(৬) মুরারিগুপ্তের পাট

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৭) কাজি-সমাধি-পাট

সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি।

(৮) অনুকূলকৃষ্ণানুশীলনাগার

শ্রীধাম মায়াপুর

(৯) স্বানন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা।

১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

...নগর, পোঃ আমদহ (বর্দ্ধমান)

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মাউগাছি, পোঃ ভালুকা, (বর্দ্ধমান)
শ্রীব্যাসাবতার ঠাকুর বৃন্দাবনের স্থান

(১৩) ঋতুদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(১৪) জহ্নুদ্বীপ-গৌড়ীয়মঠালয়

১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ

গৌড়পুর, নদীয়া

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ

মাজিদা (শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৭) সুরভিকুঞ্জ

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

(২০) মহেশ-পণ্ডিতের পাট

কাঁঠালপুলি, পোঃ চাকদা (নদীয়া)

(২১) রাণাঘাট-গৌড়ীয়মঠাশ্রম

(২২) পুরী গৌড়ীয়মঠ

চব্বিশ পরগণা

(২৩) বালিয়াটী গৌড়ীয়মঠ

বালিয়াটী পোঃ ...টি, ঢাকা।
পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র।

(২৪) গোপালজীউমঠ

কমলাপুর, পোঃ ঢাকা

(২৫) নিতাই-গৌরাঙ্গ মঠ

পোঃ বালিয়াটি, (ঢাকা)

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

নড়বাজার, পোঃ ময়মনসিংহ

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চক্চকা, কামরূপ (আসাম)

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

ওল্ড পোষ্টাপ বিল্ডিং, দার্জ্জিলিং

(৩০) নারায়ণ-গৌড়ীয়মঠ

পোঃ হরিয়ান, জিঃ নারায়ণগড়, ইষ্ট, পি

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

মিঠাপুর পাটনা।

(৩২) গয়া গৌড়ীয়মঠ

মঙ্গলা রোড, গয়া

(৩৩) সনাতন-গৌড়ীয় মঠ

৮।১৭ বড় গন্ধীজির, বেনারস সিটি

(৩৪) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

(৩৫) পরমহংস মঠ,

পোঃ নিমসার, সীতাপুর ইউ পি।

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়

বিশ্রামঘাট, পোঃ মথুরা

(৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ

কিশোরপুর, বৃন্দাবন

(৩৯) প্রেমানন্দ-সুখদকুঞ্জ

পোঃ রাধাকুণ্ড। মথুরা

(৪০) কুঞ্জবিহারী মঠ--শ্রীরাধাকুণ্ড

(৪১) রাধাকুণ্ড গোর্দ্ধনাটী

(৪২) শ্রীগোবর্দ্ধনমঠালয়

গোবর্দ্ধন, মথুরা

(৪৩) সঙ্কেত বিহারী মঠ

বর্ষাণা, মথুরা।

(৪৪) নন্দগ্রাম গৌড়ীয়মঠালয়

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৫) বর্ষাণা গৌড়ীয়মঠালয়

পোঃ বর্ষাণা, মথুরা

(৪৬) গোবিন্দবিহারী মঠ—দেবদারী,

পোঃ হোডোল, জেলা গুড়গাঁও (পাঞ্জাব ,

(৪৭) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

(৪৮) দিল্লী গৌড়ীয় মঠ

৪৫নং ওয়াথান রোড, নিউ দিল্লী;

(৪৯) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, ... বিল্ডিং বোম্বে ৭

(৫০) মাদ্রাজ-গৌড়ীয়মঠ

পোঃ রায়পেটা, মাদ্রাজ
শ্রী...র সেবা

(৫১) শ্রীরামানন্দ-গৌড়ীয়মঠ

পোঃ কভুর, কভুর গোদাবরী ...
শ্রীশ্রী...বিগ্রহের সেবা

(৫২) শ্রী পুরুষোত্তম গৌড়ীয়মঠ

...স্বর্গদ্বার, পোঃ ...(পুরী)

(৫৩) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা

(৫৪) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৫) সীতাকুটী

(৫৬) ক্ষিতিবিন্দু-গৌড়ীয়মঠ

পোঃ ভুবনেশ্বর, পুরী

(৫৭) সচ্চিদানন্দ মঠ

...শাহী, পোঃ কটক (উড়িষ্যা)

(৫৮) বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ

(৫৯) শ্রীব্রহ্মমাধবগৌড়ীয়-প্রপন্ন-মঠ

পোঃ ...কূর্ম্ম, মাদ্রাজ

(৬০) ভাগবতজনানন্দ মঠ

টিকলিয়া, পোঃ খড়্গেশ্বরপুর, মেদিনীপুর

(৬১) জমাবি গৌড়ীয়মঠ

পোঃ জমাবি, মেদিনীপুর

(৬২) আমলাযোড়া প্রপন্নাশ্রম মঠ

পোঃ রাজবাঁধ (বর্দ্ধমান)

(৬৩) চৈতন্যগৌড়ীয়মঠ

...গ্রাম, পোঃ চবক্গ্রাম, (মানভূম)

(৬৪) রেঙ্গুণ গৌড়ীয়মঠ

৪০১ নং ... ষ্ট্রীট, রেঙ্গুণ।

(৬৫) লণ্ডন-গৌড়ীয়মঠ

ফ্ল্যাট নং ২
৫১, ...রোড
ক্লাপহাম, লণ্ডন, এস ৫

(৬৬) গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

১৪।৩, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা

(৬৭) গৌড়ীয়মঠ অফিস

২০৪ ...রোড. লক্ষ্ণৌ (ইউ-পি)

(৬৮) শ্রীবিদ্যানিধি গৌড়ীয়মঠালয়

...কানন, চট্টগ্রাম

শ্রীধাম মায়াপুর নদীয়া-প্রকাশ প্রেস ও ... হইতে মহোপদেশক শ্রীপ্রমোদভূষণ চক্রবর্ত্তী প্রত্নবিদ্যালঙ্কার-সম্পাদিত
শ্রীসদানন্দ ব্রহ্মচারী ভক্তালোক, ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায়		বিজ্ঞাপনের পৃষ্ঠায়	
	১ম ও দ্বিতীয় দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য	১ম ও দ্বিতীয় দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	।০	৷৵০		
" " ইঞ্চি	২৲		১৷০	১৲
সিকিকলম	৫৲	৪৲		২৲
অর্দ্ধকলম		৭৲	৭৲	৫৲
কলম	১৫৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিবারে প্রতি ইঞ্চি ৬	৪৷০
" সিকি কলম ১৫৲	১২৲
" অর্দ্ধকলম ২৫৲	২০৲
" এক কলম ৪০৲	৩০৲

চাঁদার হার

বার্ষিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৷০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা /৫ ; বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র

শ্রীধাম-মায়াপুরে

—"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট"—

স্থাপক শ্রীল সরস্বতী গোস্বামী প্রভুপাদ

শ্রীধাম মায়াপুর—নবদ্বীপ সহরের সন্নিকটে, বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক খোলা। স্থানটি স্বাস্থ্যকর ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খোরাক ও সেতবেতনাদি প্রতি মাসে মাত্র ৬৲ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন্ পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। বর্ত্তমান বর্ষে ১৬ জন বালকের মধ্যে ১৫ জন ভালভাবে উত্তীর্ণ হইয়াছে।

মেধাবী ছাত্রগণের আরও সুবিধা

পরীক্ষায় যাহারা শতকরা ৭৫ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ সচ্চরিত্র বিনয়ী ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট,
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অভিনবভাবে আলোচিত হইয়াছে। এই এক অপূর্ব্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী

শ্রীল প্রভুপাদের চতুঃষষ্টিবর্ষপূর্ত্ত্যাবির্ভাব-তিথিতে শ্রীল আচার্য্যদেবের আনুকূল্যে "শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী" প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। ইহাতে পূর্ব্বার্দ্ধ ও উত্তরার্দ্ধ দুইটি বিভাগ আছে। পূর্ব্বার্দ্ধে শ্রীল প্রভুপাদের আদি-প্রবন্ধাবলী শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের সম্পাদিত 'সজ্জনতোষণী,' শ্রীল প্রভুপাদের 'নিবেদন' সাপ্তাহিক [illegible] হইতে যথাসাধ্য ও প্রয়োজনীয় অর্থের টীকা-সহ প্রকাশিত হইয়াছে। উত্তরার্দ্ধে শ্রীল প্রভুপাদের সম্পাদিত 'সজ্জনতোষণী'র কতিপয় প্রবন্ধ যথাসাধ্য প্রকৃত [illegible] সহিত মুদ্রিত হইয়াছে। প্রবন্ধগুলি রচনাকালের ক্রমানুসারে গ্রথিত হইয়াছে; এতদ্ব্যতীত শ্রীল আচার্য্যদেবের একটি মূল্যবান্ উপোদ্ঘাত ও সম্পাদকীয় একটি বিস্তৃত ভূমিকা, শব্দ-সূচী, [illegible]-পদ্য-শ্লোক ও পয়ার-সূচী প্রভৃতি গ্রন্থে সংযোজিত হইয়াছে। গ্রন্থটি উৎকৃষ্ট কাগজে [illegible] সহিত মুদ্রিত ও শ্রীল প্রভুপাদের আলেখ্যাদিদ্বারা ভূষিত ও সুন্দর বাঁধাই [illegible] প্রকাশিত হইয়াছে। প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, জিলা নদীয়া; গৌড়ীয় মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ও শ্রী[illegible] গৌড়ীয় মঠ, [illegible], পোঃ [illegible], [illegible]।

শ্রীল প্রভুপাদের পদ্যপ্রসূন মালা

এই গ্রন্থে ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তি-সিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের রচিত পদ্যাবলী শ্রীল আচার্য্যদেবের বিরচিত "সৌরভ" নামক ভাষ্যের সহিত প্রকাশিত হইয়াছে। শ্রীল প্রভুপাদের অনেক অপ্রকাশিত পদ্য ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ৷০ আট আনা।

শ্রীচৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত অভিনবভাবে সন্নিবিষ্ট হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ৩৲ টাকা। প্রাপ্তিস্থান—শ্রীযুক্ত নন্দকিশোর ভক্তিশাস্ত্রী, শ্রীযোগপীঠ, শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্শা কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপদেশক পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী সম্প্রদায়-বৈভবাচার্য্য এম্ এ মহোদয়ের গবেষণা এবং পরিপক্ক লেখনীর অদ্ভুত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত্র-পাঠে ধন্য হউন। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিভিন্ন চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ড ৩৩শ অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্ত্তার ভূমিকাদ্বয় (Prefaces), বিষয়-তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র (Index Glossary) সহ গ্রন্থখানি প্রকাশিত। ভিক্ষা—১২, বার টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, রায়পেট্টা মাদ্রাজ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম মায়াপুর (জেলা—নদীয়া)।

'ঠাকুর ভক্তিবিনোদ'

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি প্রচারের মূল মহাজন সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অত্যদ্ভুত জীবনচরিত এতাবৎকাল সম্যক্ প্রকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয়মঠাচার্য্যবরের অনুকম্পায় পরবিদ্যাপারঙ্গত সু-লেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সঙ্কলিত "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিপিবদ্ধ হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু মূল্যবান শিক্ষাবলী ও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১২৫ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৮০ আনা; ডাক মাশুল স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান- ম্যানেজার গ্রন্থবিভাগ
শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু ধর্ম্মগ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১৩।১নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর রাজবাটীতে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্

ইহা কটক নগরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

[illegible]

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ, শীর্ণকায় যুবক, পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাটতি অত্যন্ত অধিক। লিভার-প্লীহা সংযুক্ত জ্বরাদিতে এবং নূতন ও পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। মূল্য ছোট বোতল ৷৵০ দশ আনা, বড় বোতল ১৵০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা
অথবা
পোঃ বেহালা, ২৪ পরগণা

ই. বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	৫-৩৬	৬ ০৬	৭-২৬	১২-২৬	১৪ ৫৬	১৬-৫৬	১৭ ৫৬	২২-২৬
রাণাঘাট পৌঃ			৮-৫০	১৪-১৫				
(বদল) ছাঃ			৯-৩১	১৪-৫০				
কৃষ্ণনগর পৌঃ	৭-১	৮-৪৫	১০-৮	১৫-২০	১৭-২৮	১৯-১১	২০-১৬	১-১৫
(বদল) ছাঃ	৭-১২		১০-৩১		১৭ ৩৬		২০-২৬	
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫১		১১-১০		১৮-১৬		২০-৪৬	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
রাণাঘাট পৌঃ	১২-৪৫
ছাঃ	১৩-০
শান্তিপুর পৌঃ	১৩-২৬
(বদল) ছাঃ	১৩-৩১ (ন্যারো গেজ? ছোট রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪ ২
ছাঃ	১৪ ২০
নবদ্বীপঘাট পৌঃ	১৫-০

ডাউন

নবদ্বীপঘাট ছাঃ		৫ ৪৫		৯ ২৫		১৩-০৩	১৬-০	১৮-৩১	
কৃষ্ণনগর পৌঃ		৬ ২৩	৯-১৬	১০-৩	১১-৪১	১৪-১০	১৬-৩৬	১৯-১১	
ছাঃ	৬-২৬	৭-১৮		১০-১১			১৬ ৫৩	১৯-২৫	
রাণাঘাট পৌঃ				১০-৪৬			১৭-৩১		
(বদল) ছাঃ				১১-০			১৭-৪০		
কলিকাতা পৌঃ	৮-১৬	৯-২১	১২-১	১২-১৬	১৪-১৬		১৯-১১	২১-৪১	২৩-২৫

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৩-৩১	১৬-০	
কৃষ্ণনগর পৌঃ	১৪-১০	১৬-৩৮	
ছাঃ	১৫-২৮	১৭-১৫	
শান্তিপুর পৌঃ	১৬-৯	১৭-৫৬	
(বদল) ছাঃ	১৬-৩৩	১৮-১ (রবিবার ভিন্ন)	১৮-৮ (রবিবার)
রাণাঘাট পৌঃ	১৭-১০	১৮-২৭	১৮-৩৩
(বদল) ছাঃ	১৭-৪৪	১৮-৪০	১৮-৪০
কলিকাতা পৌঃ	১৯-১১	২০-৬	২০-৬

ফোন— শ্রীমায়াপুর
টেলিগ্রাম—শ্রীধাম
শ্রী মায়াপুর

REGD NO C 1544

দৈনিক নদীয়াপ্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৪শ খণ্ড | শ্রীমায়াপুর—২রা চৈত্র, ১৩৪৫, ১৬ই মার্চ্চ, ১৯৩৯ বৃহস্পতিবার | ১৪শ সংখ্যা

বিবিধ সংবাদ

৩০০ টাকার সোণা

সম্প্রতি কলিকাতা পুলিশ জনৈক হিন্দুস্থানীর নিকট ৩০০ টাকা মূল্যের সোণা পায়। পুলিশ উহা অপহৃত মাল বলিয়া অনুমান করিতেছে এবং মালিকের সন্ধান করিতেছে।

এই অভিযোগ করা হইয়াছে যে, লোকটি কলিকাতা সহর হইতে অন্যত্র চলিয়া যাইবার চেষ্টা করে এবং তাহাকে দেখিয়া জনৈক কনেষ্টবলের সন্দেহের উদ্রেক হওয়ায় সে লোকটির শরীর তল্লাসী করিলে ১০০ তোলা সোণা, এক জোড়া বালা এবং নগদ ৬১টি টাকা পাওয়া যায়। এই সব মাল রাখার জন্য সে সন্তোষজনক কৈফিয়ৎ দিতে অসমর্থ হয়। পুলিশ লোকটিকে গ্রেপ্তার করে এবং প্রাপ্ত মাল সনাক্তকরণের জন্য পুলিশের নিকট রাখা হইয়াছে।

আফ্রিকায় নূতন জার্ম্মাণ দল

দক্ষিণ পশ্চিম আফ্রিকার চারিটি সহরে 'জার্ম্মাণ আফ্রিকান পার্টি' নামে একটি নূতন জার্ম্মাণ রাজনৈতিক পার্টির চারিটি শাখা স্থাপিত হইয়াছে। জার্ম্মাণ নাজী নেতাগণ কর্ত্তৃক অনুমোদিত সেখানে যে নাজী পার্টি আছে, উহা তাহার বিরোধী। নূতন পার্টির নেতা খাটিন নেষ্টার সেখানকার একজন খাঁটী জার্ম্মাণ বাসিন্দা। তাঁহার অভিমত এই যে, খাঁটী জার্ম্মাণ বাসিন্দাদের রাজনৈতিক জীবনে জার্ম্মাণ কর্ত্তৃপক্ষের হস্তক্ষেপ কোন মতেই বাঞ্ছনীয় নহে। তিনি মনে করেন, আফ্রিকার রাজনৈতিক, অর্থনৈতিক ও সংস্কৃতিগত জীবনের সহিত যোগাযোগ রক্ষা করিয়া চলাই খাঁটী জার্ম্মাণ বাসিন্দাদের পক্ষে মঙ্গলজনক হইবে।

দিনাজপুরে শিলাবৃষ্টি

দিনাজপুর হইতে এক ব্যক্তি জানাইতেছেন,— এতদঞ্চলে গত দুই দিন যাবৎ আবহাওয়া বিশেষ দুর্য্যোগপূর্ণ দেখা যাইতেছিল। গত ২৩শে ফেব্রুয়ারী রাত্রি অনুমান দশটার সময় বালুরঘাট সার্কেলের অন্তর্গত দুর্গাপুর, পাইকুরাজী, বালীয়োল, সুরজ প্রভৃতি গ্রামের উপর দিয়া প্রবল ঝড় বহিয়া গিয়াছে, ঝড়ের সহিত খুব বেশী শিলাবৃষ্টি হয়। বালুরঘাট হইতে সাত মাইল দূরবর্ত্তী দুর্গাপুর গ্রাম হইতে এক সংবাদে প্রকাশ যে, ঝড়ে বহু বৃক্ষাদি উৎপাটিত হইয়াছে ও গৃহ পড়িয়া গিয়াছে। দুর্গাপুরের জমিদার শ্রীযুক্ত কৃষ্ণচন্দ্র রায়চৌধুরীর দপ্তরী নবীন বর্ম্মণের সাত বৎসর বয়স্ক ভাই মাধব বর্ম্মণ ঘরের নীচে চাপা পড়িয়া মারা গিয়াছে। নবীনের কোমর ভাঙ্গিয়া গিয়াছে ও মদন আমিন নামক একজনের মাথা ফাটিয়া গুরুতর জখম হইয়াছে। ইহা ব্যতীত আরও অনেকে আহত হইয়াছে বলিয়া সংবাদ পাওয়া যাইতেছে। কৃপালপুরের ডাক বাংলো ঘর ঝড়ে উড়িয়া গিয়াছে ও ভাগলপুর ব্যাঙ্কের ছাদ পড়িয়া গিয়াছে। আম্রের মুকুল, যব, গম প্রভৃতি শস্যের বিশেষ ক্ষতি হইয়াছে। আকাশ এখন ঘন মেঘাচ্ছন্ন আছে এবং প্রবল বায়ু বহিতেছে।

বর্দ্ধমানের গ্রামে কলেরার প্রকোপ

রায়না থানার বাগান গ্রামে দারুণ কলেরার দেখা দিয়াছে। তথায় কলেরার প্রকোপে তিন জনের মৃত্যু হইয়াছিল, গ্রামবাসীরা পানীয় জলের জন্য জেলা ম্যাজিষ্ট্রেট, মহকুমা ম্যাজিষ্ট্রেট, জেলা বোর্ড প্রভৃতিকে আবেদন করিয়া কোন ফল পায় নাই কিছুদিন পূর্ব্বে চিকিৎসক যাইয়া কতকগুলি ইনজেক্শন দিয়া আসিয়াছিল। কলেরা কিছুদিনের জন্য থামিয়াছিল। গ্রামবাসিগণ পুনরায় কলেরার প্রকোপের আশঙ্কা দেখিয়া কর্ত্তৃপক্ষকে আবেদন করে। পুনরায় ঐ অঞ্চলে কলেরা আরম্ভ হইয়াছে এবং পার্শ্ববর্ত্তী মধুবন মুলজানবাদ গ্রামে ছড়াইয়া পড়িয়াছে। ১২শে ফাল্গুন পর্য্যন্ত ১০ জন আক্রান্ত হইয়াছে। পুনরায় কলেরার প্রকোপ দেখিয়া ঐ অঞ্চলে বিশেষ আতঙ্কের সৃষ্টি হইয়াছে।

ইয়েমেন উপজাতির কার্য্যকলাপ

ইয়েমেন উপজাতিদের কার্য্যকলাপ সম্পর্কে যে সব সংবাদ প্রকাশিত হইয়াছে, এডেন গবর্ণমেণ্ট তজ্জন্য কয়েকটি সতর্কমূলক ব্যবস্থা অবলম্বন করিতে সিদ্ধান্ত করিয়াছেন বলিয়া ঘোষণা করা হইয়াছে। এডেন গবর্ণমেণ্ট এবং ইয়েমেনের রাজার মধ্যে পত্র আদান-প্রদান চলিয়াছে। ইয়েমেনের রাজা ১৯৩৪ সালের সানা চুক্তি মানিয়া চলিবেন বলিয়া ঘোষণা করিয়াছেন।

স্ত্রী-হত্যার মামলা

জুরীর সহিত একমত হইয়া অতিরিক্ত সেসন জজ মিঃ কে বি সেন মুসলিম খাঁ নামক এক যুবককে দণ্ডবিধি আইনের ৩০৪ ধারার অপরাধী সাব্যস্ত করিয়া ৮ বৎসর কারাদণ্ডে দণ্ডিত করিয়াছেন।

ঘটনার বিবরণে প্রকাশ, আসামী মুসলিম খাঁ বারহাট্টা থানার অন্তর্গত কাড়ুয়া গ্রামের আহাম্মদ আলীর বাড়ীতে সপরিবারে বাস করিত। বিগত ৩০শে আশ্বিন অতি প্রত্যূষে তাহার ঘরে গালাগালি ইত্যাদি গোলমাল শুনা যায়। গোলমাল শুনিয়া আহাম্মদ আলীর মা ঘর হইতে বাহির হইয়া দেখে আসামী একটি রক্তমাখা দা হাতে লইয়া ঘরের দরজায় দাঁড়াইয়া আছে এবং ঘরের মেঝেতে তাহার স্ত্রীর রক্তাক্ত দেহ পড়িয়া আছে। বুড়ীর চীৎকারে সকলে সেখানে আসিয়া আসামীকে সে অবস্থায় দেখিয়া জিজ্ঞাসা করিলে আসামী বলে যে তাহার স্ত্রী দুশ্চরিত্রা ছিল বলিয়া সে তাহাকে খুন করিয়াছে।

আসামী পক্ষে শ্রীযুক্ত মুনীন্দ্রনাথ রায় ও ফরিয়াদী পক্ষে এসিষ্টাণ্ট পাবলিক প্রসিকিউটার শ্রীযুক্ত দেবেন্দ্রপ্রসাদ রায় মোকদ্দমা পরিচালনা করেন।

ফরিদপুর হইতে মাদারীপুর পর্য্যন্ত রেল লাইন নির্ম্মাণ

ফরিদপুরের মার্চ্চেণ্ট এসোসিয়েশন এক বিশেষ বৈঠকে সর্ব্বসাধারণের সুবিধা ও ব্যবসায়-বাণিজ্যের প্রসারের জন্য ইষ্টার্ণ বেঙ্গল রেল কোম্পানীর কর্ত্তৃপক্ষকে ফরিদপুর হইতে ভাঙ্গা হইয়া মাদারীপুর পর্য্যন্ত রেল লাইন নির্ম্মাণের জন্য অনুরোধ করিয়াছেন।

ভক্তের অন্যান্য পত্র

১। THE HARMONIST—ওঁ বিষ্ণুপাদ শ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ স্বামী মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক। প্রতি একাদশীতে প্রকাশিত হয়। কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। সডাক ভিক্ষা ৪॥০ টাকা মাত্র।

২। গৌড়ীয় —মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষান্মাসিক ১৸০ টাকা মাত্র।

৩। ভাগবত—বিহারের একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা গৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ টাকা মাত্র

৫। শ্রীগৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ মাত্র।

শ্রীশ্রীভক্তিবিনোদাবির্ভাব-শতবর্ষপূর্ত্তিতিথিপূজার উপায়ন-গ্রন্থমালা

——::(০)::——

১। গীতিসাহিত্যে শ্রীভক্তিবিনোদ

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র গীতিসাহিত্যের সমালোচনা-গ্রন্থ)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

২। শ্রীভক্তিবিনোদবাণীবৈভব

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের বচনামৃতসাগর হইতে আহৃত ১০৮টি অধ্যায়ে সম্বন্ধ-অভিধেয়-প্রয়োজনাকারে গুম্ফিত অমূল্য উপদেশপূর্ণ গ্রন্থ)

ভিক্ষা—৩৲ তিন টাকা মাত্র।

৩। শ্রীশ্রীভক্তিবিনোদ-প্রসঙ্গ

ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ ও ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামীপ্রভু-বিরচিত এবং গৌড়ীয়ে প্রকাশিত শ্রীশ্রীভক্তিবিনোদ-চরিত্র প্রসঙ্গ

ভিক্ষা—।৶০ ছয় আনা মাত্র।

৪। ছাত্রদের ভক্তিবিনোদ

(ছাত্রদের উপযোগী ভাষায় লিখিত শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্র ও শিক্ষা)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

ছাত্রদের পক্ষে ভিক্ষা—৷০ আট আনা মাত্র)

প্রাপ্তিস্থান :—

(১) 'ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট', পোঃ শ্রীমায়াপুর, নদীয়া ;

(২) শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ;

(৩) শ্রীযুক্ত ভূপতিরঞ্জন নাগ এম্-এ, বি-এল্, পুরাণপল্টন, পোঃ রমনা, ঢাকা।

[গ্র]ন্থমালা

[বঙ্গা]ক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবত,—সমগ্র ৪০৲

[illegible] হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ২৮৲

[illegible] স্কন্ধ— ৯৲

। ভাষ্যসহ বিরাট শ্রীচৈতন্যভাগবত (অধীনা) ৬৲

। ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬

। সরস্বতী জয়শ্রী (অধীনা) ৪৲

। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী

[illegible]

[illegible] খণ্ড—৸০

। শ্রীল প্রভুপাদের পত্রাবলী

[১ম] খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০

। শ্রীচৈতন্যদেব ১৲

। সৎক্রিয়াসার দীপিকা ও সংস্কার দীপিকা ১।০

। বৈষ্ণবধর্ম্ম ২৲

[১]০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲

[১]১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲

[১]২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲

[১]৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০

[১]৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ॥০

[১]৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ তত্ত্ব ।০

[১]৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০

[১]৭। চৈতন্যোপনিষদ ।০

[১]৮। বামন আনন্দ ।০

[১]৯। তত্ত্ববিবেক ।০

[২]০। গৌড়ীয় গৌরব ।৶০

[২]১। গৌড়ীয়গীতিকা ৶০

[২২]। ভজন রহস্য ।০

২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲

২৪। গীতা (শ্রীবলদেব-টীকা-সহ) ২৲

২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) ২৲ (অধীনা) ১৲

২৬। গীতার কেবল মূল-ভাষা ।০

২৭। মুক্তাফলটীকা ও হরিলীলা (সানুবাদ) ২৲

২৮। বেদান্তস্যমন্তক (সানুবাদ) ॥০

২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৸০

৩০। দীপ-নির্-দর্শন ৶০

৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ।৶০

৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ।০

৩৩। নবদ্বীপধাম গ্রন্থমালা ৸০

৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶০

৩৫। গীতমালা ⁄১০

৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৶০

৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৶০

৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০

৩৯। শ্রীগোদ্রুমকল্পতরু-পরিক্রমাদর্পণ ।০

৪০। শরণাগতি ⁄০

৪১। গীতাবলী ⁄০

৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০

৪৩। সাধনক্রম ⁄০

৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ⁄

। সর্বসম্বাদিনী[?]

। অর্চ্চনপদ্ধতি

। আচারপ্রদীপ ৶⁄

। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ⁄১০

। অর্চ্চনকণ ⁄১০

। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম ও ২য় খণ্ড) ৩৲

। ব্রহ্মসংহিতা

। মণিমঞ্জরী (সানুবাদ)

। গৌরকৃষ্ণোদয়ঃ

। পুরুষার্থ নির্ণয়

। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ।০

। আম্নায় ও শ্রুতিপ্রমাণ

। দশোপনিষদ (আম্নায়িক)

। শ্রীকৃষ্ণদেব

। সিদ্ধান্তদর্পণ

। সাংখ্যবাণী

সংস্কৃত ভাষায় প্রকাশিত

। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।০

৬২। সিদ্ধান্ত সরস্বতী বিভিন্নঃ ।০

৬৩। সটীক-নিক্ষেপণমূলম্ ।০

৬৪। [illegible]

৬৫। সাত্বত শিক্ষাবলী

৬৬। গৌড়ীয়মঠ-পরিচয়ঃ

৬৭। সামাংশকর্ণনম্ ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।০

৬৯। এ ফিউ ওয়ার্ডস অন বেদান্ত

৭০। নামভজন

৭১। বেদান্ত—ইটস মরফলজী অ্যাণ্ড অন্টলজি

৭২। রিলেটিভ ওয়ার্ল্ডস ।৶০

৭৩। লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস অব শ্রীচৈতন্য মহাপ্রভু

৭৪। বেদজ্ঞান[?]

৭৫। ভোয়াট গৌড়ীয়মঠ ইজ ডুইং

৭৬। দি ভাগবত

৭৭। থিওলজিক ফিলজফি অ্যাণ্ড মনস্তাত্ত্বিক ফিজোলজি[?]

৭৮। ব্রহ্মসংহিতা

[illegible]

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি

৮১। সাধন-পথ ।০

৮২। কল্যাণ-কল্পতরু ⁄০

৮৩। গীতাবলী ⁄

৮৪। শরণাগতি ⁄

তামিল ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ⁄

[illegible]

৮৭। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

একমাত্র পারমার্থিক দৈনিক-পত্র

শ্রীধাম-মায়াপুর-নদীয়া

১ম বর্ষ ১১ বিষ্ণু ৪৫৩ গৌরাব্দ ২রা চৈত্র বঙ্গাব্দ ১৩৪৫, ১৬ই মার্চ্চ ইং ১৯৩৯, বৃহস্পতিবার } ১৪শ সংখ্যা

সাময়িক-প্রসঙ্গ

দিল্লী গৌড়ীয়মঠে শ্রীশ্রীগৌরজন্মোৎসব

শ্রীশ্রীবিশ্ববৈষ্ণবরাজসভার অন্যতম শাখা দিল্লীস্থিত শ্রীগৌড়ীয়মঠে শ্রীশ্রীগৌরজন্মোৎসব উপলক্ষে বাৎসরিক মহামহোৎসব পরমারাধ্যতম শ্রীশ্রীল আচার্য্যদেবের আনুগত্যে সমারোহের সহিত সম্পন্ন হইয়াছে। গত ৪ঠা মার্চ্চ বেলা ৩ ঘটিকায় শ্রীমঠ হইতে একটী বিরাট্ নগরসংকীর্ত্তন-শোভাযাত্রা বাহির হইয়া দিল্লীর প্রধান প্রধান রাজপথসমূহ পরিভ্রমণ করত রাত্রি ৮ ঘটিকার সময় মঠে প্রত্যাবর্ত্তন করেন। শোভাযাত্রায় প্রায় বিভিন্ন সম্প্রদায়ের ৫০০ শতাধিক লোক নানাবিধ বাদ্যযন্ত্র সহ যোগদান করিয়াছিলেন।

আবির্ভাবতিথি-দিবস অতি প্রত্যূষেই মঠের প্রাঙ্গণে নহবৎ বাজিতে থাকে এবং ব্রাহ্মমুহূর্ত্তে আরাত্রিকান্তে মঠের ভক্তবৃন্দ নাটমন্দিরে সমবেত হইয়া ভক্তপদপদ্যা, গৌরভজ্ ও মহাজনপদাবলী কীর্ত্তন করেন। অতঃপর কিছুক্ষণ শ্রীমন্মহাপ্রভুর জন্মলীলা সম্বন্ধে আলোচিত হয়। তদনন্তর বেলা ১১ ঘটিকার সময় নানাবিধ বিচিত্রতাপূর্ণ ভোজ্য-সামগ্রী দ্বারা শ্রীবিগ্রহের ভোগ-রাগাদি অন্তে বেলা ১২ ঘটিকা হইতে রাত্রি ১০ ঘটিকা পর্য্যন্ত প্রায় ৮০০ শত ব্যক্তিকে মহাপ্রসাদ বিতরণ করা হয়। উৎসব উপলক্ষে সম্ভ্রান্ত ভদ্রমহোদয় ও মহিলাগণের সমাবেশ হইয়াছিল। তৎপর দিবসও বহু কাঙ্গালীকে মহাপ্রসাদ বিতরণ করা হয়।

গত ৮ই মার্চ্চ রাত্রি ৭ ঘটিকা হইতে ৯ ঘটিকা পর্য্যন্ত দিল্লীস্থিত বিখ্যাত হিন্দুমহাসভা-হলে শ্রীগৌড়ীয়মঠের অন্যতম প্রচারক শ্রীপাদ সুদর্শন ব্রহ্মচারী ছায়াচিত্র-যোগে কৃষ্ণলীলা সম্বন্ধে হিন্দী ভাষায় অতি সুন্দর একটী বক্তৃতা প্রদান করেন। বক্তৃতা শ্রবণের জন্য স্ত্রী-পুরুষ নির্ব্বিশেষে প্রায় ৬০০ শত ব্যক্তির সমাগম হইয়াছিল। উপস্থিত শ্রোতৃবৃন্দের মধ্যে কতিপয়ের নাম নিম্নে প্রদত্ত হইল।

হিন্দুমহাসভার ভূতপূর্ব্ব প্রেসিডেন্ট ভাই পরমানন্দ, মিঃ গণপত রায়, ভূতপূর্ব্ব সেক্রেটারী মিঃ বি, ডি, শাস্ত্রকর, লালা কাশীনাথ এম্-এ, মিঃ কিষণচাঁদ, অনারারী ম্যাজিষ্ট্রেট, মিঃ কার্ত্তিক বর, মিঃ কে, এন্ সরকার, আর, সি বোস, ডাক্তার এস গাঙ্গুলী প্রভৃতি।

যুক্তপ্রদেশে প্রচার

শ্রীগৌড়ীয়মঠের অন্যতম প্রচারক শ্রীপাদ সুদর্শন ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী মহোদয় কয়েকজন ব্রহ্মচারীসহ যুক্তপ্রদেশের বিভিন্নস্থানে প্রচার করিয়াছেন।

গত ২৭শে জানুয়ারী কর্ণেলগঞ্জ নামক স্থানে "কৈলাস বাগ হলে" 'নাম-মাহাত্ম্য' সম্বন্ধে একটী বক্তৃতা প্রদান করেন।

২৮শে জানুয়ারী মাষ্টার উত্তম নাথ মহাশয়ের গৃহে "শ্রীগৌড়ীয়মঠের প্রচার্য্য বিষয়" সম্বন্ধে বক্তৃতা প্রদান করেন।

২৯শে জানুয়ারী সহর ষ্টেশনের নিকট বহুগাছিয়া ষ্টেটে কলিযুগের ধর্ম্ম 'নাম-সংকীর্ত্তন' বিষয়ে বক্তৃতা হয়।

৩০শে জানুয়ারী ভাটাওলি নামকস্থানে (জেলা বহরাইচ) মহাপ্রভুর অবতার সম্বন্ধে বক্তৃতা হয়।

৩১শে জানুয়ারী বহরাইচ সহরে বড় ঠাকুরবাড়ী নামকস্থানে ছায়াচিত্র-যোগে কৃষ্ণলীলা প্রদর্শিত হয়।

১লা ফেব্রুয়ারী হইতে তিন দিন যথাক্রমে মিঃ রুপচাঁদ হ্যাড্ ভোকেট, নিজন-ঘুল প্রাঙ্গণ, লালা রেবিলালজীর বাড়ীতে পাঠ ও কীর্ত্তন হয়।

৫ই ফেব্রুয়ারী ঐ জেলায় সক্ রাগঞ্জ নামকস্থানে পাঠ-কীর্ত্তন ও বক্তৃতা হয়।

৭ই ফেব্রুয়ারী মিঃ রুপচাঁদ হ্যাড্ ভোকেট মহোদয়ের বাড়ীতে নামমাহাত্ম্য-সম্বন্ধে একটী বক্তৃতা হয়।

৯ই ফেব্রুয়ারী পণ্ডিত কানাইলাল হ্যাড্ ভোকেট মহোদয়ের বাড়ীতে শ্রীমদ্ভাগবত পাঠ হয়।

১০ই ও ১১ই ফেব্রুয়ারী পণ্ডিত রূপনারায়ণ বাবুর বাড়ীতে শ্রীমদ্ভাগবত পাঠ হয়।

১২ই ও ১৩ই ফেব্রুয়ারী বাবু রূপনারায়ণ হ্যাড্ ভোকেট ও সহপাঠী উত্তম মহাশয়ের বাড়ীতে ছায়াচিত্রযোগে কৃষ্ণলীলা প্রদর্শিত হয়।

প্রত্যহই বাবু রূপনারায়ণ শ্রীবাস্তব হ্যাড্ ভোকেট, বাবু জগৎ নারায়ণ হ্যাড্ ভোকেট, পণ্ডিত রুপচাঁদ ত্রিবেদী, উকিল কানাইয়া লাল হ্যাড্ ভোকেট পিয়ারিলাল বাবু; পণ্ডিত গয়াদত্ত প্রসাদ প্রভৃতি ভদ্রমহোদয়গণ উপস্থিত হইতেন।

১৭ই, ১৮ই ও ১৯শে ফেব্রুয়ারী নানপারা (জেলা বহরাইচ) লালা রাম-কিশোরজীর মন্দিরে ছায়াচিত্রযোগে বক্তৃতা ও কীর্ত্তন হয়।

মহাজনবার্ত্তা

(৫ম পৃষ্ঠার পর)

পরোন্মুখ সম্পূর্ণ অনিত্য পদার্থ সংগ্রহের জন্য ব্যস্ত। বাহ্য-পদার্থ সংগ্রহে উন্মুখ মনুষ্য যদি বিবেচনা করেন যে, অমুক পদার্থ গ্রহণ করিলে অন্যের অসুবিধা হইবে, তাহা হইলে তিনি সেই বস্তু গ্রহণ ও তদ্দ্বারা নিজ সুখ বিধান করিতে প্রস্তুত হন না। সুতরাং নিজতৃপ্তির জন্য অন্যকে বঞ্চিত করিয়া বাহ্য পদার্থ গ্রহণেচ্ছা যাহার উৎপন্ন হয়, তিনি হিংসাকে আশ্রয় করিয়া থাকেন। হিংসা-বৃত্তির প্রকট হইলে তৎসঙ্গে কাম, ক্রোধ, লোভ, মোহ ও মদ নামক অপর বৃত্তিগুলিও একে একে বৎসরতাপূর্ণ হৃদয়ে আবির্ভূত হয় ও তাহাদিগের তাণ্ডবনৃত্যফলে সেই মূঢ় মানব ক্রমশঃ পরিবর্দ্ধিতার ক্ষেত্রে বিচরণ করিতে করিতে নরকাভিমুখে গমন করিতে থাকে।

মায়ারে করিয়া জয় ছাড়ান না যায়। সাধু-গুরু-কৃপা বিনা না দেখি উপায়।

"জীবের নিজের আত্মস্বরূপে অপ্রাকৃত সচ্চিদানন্দ আশ্রয়-ভেদাংশের অর্থাৎ কার্ষ্ণ-কিঙ্করের অনুভূতিই সম্বন্ধজ্ঞান। গুরুবর্গের পরিচর্য্যার দ্বারা সেই সম্বন্ধজ্ঞান লাভ হয়। হরি স্বরূপশক্তির সহিত অভিন্ন, জীবশক্তির সহিত অচিন্ত্যভেদাভেদ-সম্বন্ধযুক্ত ও মায়াশক্তি হইতে ভিন্ন। চেতন-দর্শনই কৃষ্ণভোগ্যদর্শন। প্রকৃত প্রস্তাবে সজ্জনসঙ্গই দুর্জ্জনসঙ্গরাহিত্য-রূপ নির্জ্জনতা।'

(শ্রীল আচার্য্যদেব)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

১১ বিষ্ণু আদি কারণোদশায়ী গৌরাব্দ ৪৫৩

শ্রেয়ঃগতি

জীবের নিত্যমঙ্গলাকাঙ্ক্ষী শাস্ত্রকার ও মহাজনগণ ভগবদ্ভক্ত-সঙ্গরাহিত্যকেই মানব-জীবনের সর্ব্ব অমঙ্গলের হেতু বলিয়া নির্দ্ধারণ করিয়াছেন। বদ্ধজীবাবস্থায় আমাদের মন নানা দুর্ব্বাসনায় বাসিত হইয়া থাকে। শ্রীমদ্ভাগবত বলেন—"মহৎসেবাং দ্বারমাহুর্বিমুক্তেস্তমোদ্বারং যোষিতাং সঙ্গিসঙ্গম্" অর্থাৎ পণ্ডিতগণ ভগবদ্ভক্তের সেবাকে সংসার-মুক্তির এবং যোষিৎসঙ্গীর সঙ্গকে তমোদ্বার বলিয়াছেন। গীতাতেও ভগবান্ নিজমুখে কাম, ক্রোধ ও লোভ—এই তিনটিকে আত্মবিনাশী নরকের দ্বার-স্বরূপ বলিয়াছেন। অসৎসঙ্গ-প্রভাবে ঐ তিনটি প্রবল হইয়া উঠে এবং ফলে জীবকে নিরয়গামী করায়। তাই উদ্ধারোপায় বলিয়াছেন,—

"এতৈর্বিমুক্তঃ কৌন্তেয় ! তমোদ্বারৈস্ত্রিভির্নরঃ।
আচরত্যাত্মনঃ শ্রেয়স্ততো যাতি পরাং গতিম্॥"
(গীঃ ১৬।২২)

উক্ত তিন প্রকার তমোদ্বার হইতে মুক্ত হইয়া মনুষ্য আত্মার 'শ্রেয়ঃ' আচরণ করিবে। তাহা হইলেই পরা গতি লাভ হইবে। শ্রীমদ্ভাগবতের প্রথমেই অনিমিষ-ক্ষেত্র নৈমিষারণ্যে শৌনকাদি ঋষিগণ একদিন শ্রীসূতগোস্বামীর নিকট এই "শ্রেয়ঃ" জিজ্ঞাসা করিয়া শ্রীসূতের উত্তর দ্বারা আমাদিগকে সেই শ্রেয়ের সন্ধান প্রদান করিয়াছেন। মায়ার আবরণাত্মিকা ও বিক্ষেপাত্মিকা বৃত্তিদ্বয়ের প্রভাবে আমরা দেহ-মনোধর্ম্মগ্রস্ত কল্পিত শ্রেয়ের অনেক প্রকার ভেদ সৃষ্টি করিয়াছি, 'শ্রেয়ঃ' সম্বন্ধে নানামুনির নানা মত হইয়াছে। তাই ঋষিগণ আমাদিগকে নিঃসন্দেহ করিবার জন্য জিজ্ঞাসা করিতেছেন,—

"তত্র তত্রাঞ্জসায়ুষ্মন্ ভবতা যদ্বিনিশ্চিতম্।
পুংসামেকান্ততঃ শ্রেয়স্তন্নঃ শংসিতুমর্হসি॥"
(ভাঃ ১।১।৯)

অর্থাৎ "হে আয়ুষ্মন্, আপনি স্বকৃপায় বেদবেদান্তেতিহাস-পুরাণাদি নিখিল শাস্ত্রের সারমর্ম্ম অবগত হইয়াছেন। আপনার অধীত শাস্ত্রসমূহে মানবগণের সম্বন্ধে একান্ত কল্যাণজনক বলিয়া যাহা নিশ্চয় করিয়াছেন, সেই নিশ্চিত শ্রেয়ঃ—নিঃশ্রেয়স বা পরমমঙ্গল-তত্ত্ব আপনি আমাদিগের নিকট কৃপাপূর্ব্বক কীর্ত্তন করুন।' তখন শ্রীসূত উত্তরে বলিতেছেন—

"স বৈ পুংসাং পরো ধর্ম্মো যতো
ভক্তিরধোক্ষজে।
অহৈতুক্যপ্রতিহতা যয়াত্মা সুপ্রসীদতি॥"
(ভাঃ ১।২।৬)

অর্থাৎ যাহা হইতে 'অধোক্ষজ' ভগবানে শ্রবণাদি-লক্ষণা ফলাভিসন্ধান-রহিতা ঐকান্তিকী স্বাভাবিকী নিরপেক্ষা ভক্তি হয়, তাহাই মানবগণের সর্ব্বশ্রেষ্ঠ ধর্ম্ম। সেই ভক্তি বলে অনর্থ উপশান্ত হইয়া আত্মা প্রসন্নতা লাভ করে। অধোক্ষজ ভগবানে ভক্তিই জীবমাত্রের ঐকান্তিক শ্রেয়ঃ। অক্ষজবাদী আমরা, আমাদের ইন্দ্রিয়জ জ্ঞানে অনেককে ভগবান্ কল্পনা করিয়া লইয়াছি। আমাদের দেহ-মনের তর্পণ বিধান করিয়া উঠিতে পারেন, তিনিই আমাদের সেই কল্পিত ভগবান্। দরিদ্রকে অন্ন-বস্ত্রাদি দান করিয়া কিছু আত্ম-সন্তোষ লাভ হয়, সুতরাং তাহারাই আমার 'নারায়ণ', ধনীর নিকট হইতে আমার কিছু স্বার্থ সিদ্ধি হয়, সুতরাং সেই ধনীই আমার 'নারায়ণ', যে মূর্খ আমার পাণ্ডিত্যাভিমানের তারক হইতে পারে, আমার পক্ষে সে-ই 'ভগবান্', আবার কোন পাণ্ডিত্যাভিমানী আমার ইন্দ্রিয়তর্পণ করিয়া উঠিতে পারিলে তিনিই আমার ভগবান্—এই প্রকারে স্ত্রী-পুত্র-পরিজন-আত্মীয়-স্বজন-বন্ধু-বান্ধব, এমন কি, পশু-পক্ষী-সরীসৃপ পর্য্যন্ত আমার ইন্দ্রিয়-সেবকের উপকরণ সরবরাহ করিয়া উঠিতে পারিলে তাহারা সকলেই আমার 'ভগবান্'! মানুষ পাছে এই প্রকারে তাহার স্বকপোল-কল্পিত—মনগড়া-ঈশ্বর-বাদের উপাসক হইয়া স্ব-স্ব রুচির পথকেই 'শ্রেয়ঃ' মনে করিয়া ভ্রান্ত না হয়—এজন্য শ্রীসূত গোস্বামী প্রভু আমাদের প্রাকৃত-ইন্দ্রিয়জাত জ্ঞানের পরিমাপের অতীত দেব—অপ্রাকৃতবস্তু— অদ্বয়জ্ঞান তাঁহাকেই "অধোক্ষজ" বলিয়া একটি শব্দ দ্বারা শ্রীভগবান্‌কে নির্দ্দিষ্ট করিলেন। ভগবানের এক নাম—অধোক্ষজ অর্থাৎ 'অধঃকৃতং তিরস্কৃতং অক্ষজং জীবানাং ইন্দ্রিয়জং জ্ঞানং যেন সঃ'—তিনিই অধোক্ষজ। আমাদের মনোধর্ম্মের কারখানায় আমরা যে এক এক জন এক একটী ভগবান্‌কে গড়িয়া তুলি, তাহা এই 'অধোক্ষজ' শব্দপ্রয়োগ দ্বারা সম্পূর্ণরূপে নিরস্ত হইয়াছে। অতএব ভক্তি করিলেই মঙ্গল হইবে—শ্রীসূত গোস্বামী প্রভু ইহাই শ্রেয়ের বস্তু বলিয়া ঘোষণা করিলেন।

'ভক্তি'ই নিত্যচেতন আত্মার নিত্যধর্ম্ম; আমাদের অক্ষ বা ইন্দ্রিয়জাত কোন অনিত্য ধারণায়ই এই 'ভক্তি'-শব্দ প্রযুক্ত হইতে পারে না। সদ্গুরুপাদপদ্মে সমর্পিতাত্মা হইয়া নিত্যানিত্য-বিবেকোদয় না হইলে অনিত্য দেহ-মনোধর্ম্মের ভুক্তি বা মুক্তি-বিচারের বশীভূত হইয়া জীবের সর্ব্বনাশ সাধন করে। মন তাহার স্বকপোল-কল্পিত অনেক ধারণাকেই তাহার শ্রেয়োলাভের উপায়-স্বরূপে স্থির করিয়া লয়, মনোধর্ম্মী জগৎ আমরাও মনের সেই হুকুম তামিল করাকেই শান্তির পথ বলিয়া বরণ পূর্ব্বক যখন অভ্যাধি-অর্থ-ভুল ভ্রান্ত্যাদির মধ্যে অত্যন্ত জর্জ্জর হইয়া উঠি, বা ত্যক্ত হইয়া পড়ি, তখন দর্পহারী মধুসূদন আমাদিগকে সেই অভিজ্ঞতার পরিণাম সঙ্গে সঙ্গে প্রদর্শন করেন; আবার শোক-মোহ-ভয়-তাপ ক্লেশে যখন অস্থির হইয়া উঠে—দিবারাত্র হা-হুতাশ করিয়া দিন কাটাইতে হয়। শান্তি ও অশান্তির দ্বন্দ্বে জীবন এমন করিয়া একদিন আত্মহত্যায় পতন পূর্ব্বক চিরনিদ্রা বরণ করে। কিন্তু হায়! মরিলেই কি শান্তি? আমরা কর্ম্মফল-বাধ্য জীব অনাদি কর্ম্মপাশে বদ্ধ হইয়া দুস্তর সংসার-সমুদ্রে ভাসমান হই, অশান্তির তরঙ্গ-হিল্লোলে উঠা-নামা করিতে করিতে আবার তাহার দুঃখময় জীবনের অবসান আসিয়া উপস্থিত হয়। এই প্রকারে শত জীবন—কত জীবন আমরা এই সংসার-সমুদ্রে ভাসিয়া বেড়াইতেছি!

আমাদিগের এই দুঃখ দেখিয়াই পরদুঃখ-দুঃখী কৃপাম্বুধি মহাজনেরা কৃপা করিয়া শ্রেয়ঃপথের সন্ধান দিয়া বলিয়াছেন—

"এ ঘোর সংসারে পড়িয়া মানব
না পায় দুঃখের শেষ।
সাধুসঙ্গ করি' হরি ভজে যদি তবে
অন্ত হয় ক্লেশ॥"

অধোক্ষজ ভক্তিই জীবমাত্রের সনাতন ধর্ম্ম বা ঐকান্তিক ধর্ম্ম। উহা কোনপ্রকার আত্মেন্দ্রিয়প্রীতিবাঞ্ছামূলে ধাবিত হইলেই উহার স্বরূপ বা ঐকান্তিকত্ব প্রতিহত হয়। এই জন্যই উহার 'অহৈতুকী' ও 'অপ্রতিহতা' এই দুইটী বিশেষণ। অন্যাভিলাষ-কর্ম্ম-জ্ঞানাদির মিশ্রা ভক্তি আত্মাকে সার্ব্বকালিক সন্তোষ প্রদান করিতে পারে না। আত্মা চাহেন—অন্য-নিরপেক্ষা শুদ্ধা স্বাভাবিকী ভক্তি; তাহাতেই তাহার সম্যক্ প্রসন্নতা। সেই ভক্তি শ্রবণকীর্ত্তনাদি লক্ষণাত্মিকা।

"এতাবানেব লোকেঽস্মিন্ পুংসাং
ধর্ম্মঃ পরঃ স্মৃতঃ।
ভক্তিযোগো ভগবতি তন্নামগ্রহণাদিভিঃ॥"

ঐ শ্রবণকীর্ত্তনাদিলক্ষণা ভক্তির প্রথমাবস্থা—সাধন ভক্তি, মধ্যাবস্থা—ভাবভক্তি এবং উত্তমাবস্থা বা পরিপক্কাবস্থা—প্রেমভক্তি। শ্রীভগবানের অন্তরঙ্গাধীন-ভক্ত-ভক্তের কৃপা-ব্যতীত ভগবৎকৃপা কখনই সম্ভব হইতে পারে না। এজন্য শাস্ত্র সাধুসঙ্গের একান্ত আবশ্যকতা নির্দ্দেশ করিয়াছেন। বহুজন্মের সুকৃতিফলে জীবের ভাগ্যে সেই সাধুসঙ্গ লাভ হয়।

"ভক্তিস্তু ভগবদ্ভক্ত-সঙ্গেন পরিজায়তে।
সৎসঙ্গঃ প্রাপ্যতে পুংভিঃ সুকৃতৈঃ
পূর্ব্বসঞ্চিতৈঃ॥"

জীবদুঃখদুঃখী পরমকারুণিক শ্রীগৌরনিজজন শ্রীল আচার্য্যদেব আমাদিগকে সেই সৌভাগ্য-প্রদানের জন্য আজ শুভসম্মিলনে আহ্বান করিতেছেন। অন্যত্র জড়বিষয় কোলাহল-মত্ত থাকিলে কৃষ্ণ-কোলাহল-মুখরিত করিয়া রাখিতে আমাদিগকে শাশ্বতী শান্তির সন্ধান প্রদানের জন্য—গুরু-ভক্ত সঙ্গে শ্রীচৈতন্য-বাণী-শ্রবণানুকীর্ত্তনে যোগদান পূর্ব্বক আত্মমঙ্গল বরণ করিয়া লইবার সৌভাগ্য-প্রদানের জন্য সজ্জনগণ আচার্য্যদেবের মহানুভবতা প্রার্থিত। গৌরকথা-শ্রবণে জীবের চিত্ত হইতে সন্তোষ-পিপাসা অন্তর্হিত হইয়া চিত্ত শুদ্ধ হয়—গৌরশক্তির দয়িত ভৃত্য জীব গৌরধাম, গৌরনাম ও গৌরকামসেবার চমৎকারিতা উপলব্ধি করিতে পারিয়া ধন্য হন।

মহৎকৃপা বিনা কোন কর্ম্মে ভক্তি নয়। কৃষ্ণভক্তি দূরে রহু সংসার নহে ক্ষয়॥

গৌরসুন্দরে যুগপৎ সূর্য্য-চন্দ্ররূপে উদিত গৌরবিগ্রহের জীবহৃদয়াকাশে উদিত না হইলে জীবের হৃদয়-গুহার অন্ধকার আর কে দূর করিবে? অতএব অধম পতিত দুর্গত ছন্নচিত্ত জীবগণের প্রতি করুণা বিস্তার করিয়া বেদগোপ্য ব্রহ্মাদি-দেবতা-দুর্ল্লভ প্রেমনিধি বিতরণ করিতে যাঁর অহৈতুক কৃপাসিন্ধু আর কে আছেন? আচণ্ডালে যাচিয়া প্রেম বিতরণ করিবার এত উদারতা আর কাহার আছে? তাই সেই গৌরশক্তি শ্রীল আচার্য্যদেব আমাদিগের হৃদয়কে গৌরপ্রকট-পূর্ণিমার শুভ জ্যোৎস্নায় সমুদ্ভাসিত—চিন্ময়—চিদ্বস্তু করিবার জন্য আমাদিগকে নবদ্বীপান্তর্গত পীঠস্বরূপ শ্রীমায়াপুরধামে আহ্বান করিতেছেন। মহাবদান্য গৌরসুন্দর ব্যতীত জীবের দুঃখে এত ব্যাকুলতা আর কাহার হইতে পারে? জীবের মঙ্গলের জন্য আর কাহার হৃদয় হইতে এমন সহস্রমুখী কৃপার উৎস প্রবাহিত হইয়া থাকে? তিনি গৌরধাম, গৌড়-মণ্ডল এবং ব্রজমণ্ডলে আচার্য্যগণ প্রচারক প্রেরণ করিয়া স্থানে স্থানে মঠ ও আশ্রম স্থাপন করিয়া সর্ব্বসাধারণকে হরিকথা-শ্রবণকীর্ত্তনের সুবিধা-প্রদান, মহোৎসবাদির আয়োজন করিয়া লোককে হরিকথা শ্রবণ ও মহাপ্রসাদ-সেবা-দ্বারা প্রাণস্পর্শের সুযোগ প্রদান, উপযুক্ত প্রচারকগণকে দেশে দেশে, গ্রামে-গ্রামে পাঠাইয়া হরিকথামৃত বিতরণ, ভাগবত-প্রদর্শনী দ্বারা ভাগবত শিক্ষাপ্রচার, সাময়িকপত্র-দ্বারা হরিকথা প্রচার, যে দেশ বা দেশবাসী শাস্ত্র বিচারে অত্যন্ত অস্পৃশ্য অদৃশ্য বলিয়া বিবেচিত, যাঁহাদের ছায়া পর্য্যন্ত মাড়াইলেও শাস্ত্রের নিষেধ, তাঁহাদেরও নিকট গিয়া হরিকথা-প্রচারের ব্যবস্থা, লুপ্ততীর্থ ও লুপ্তগ্রন্থ উদ্ধার, শ্রীগৌরপাদপদ্মপূত স্থানে শ্রীগৌর-পাদপীঠ-প্রতিষ্ঠা প্রভৃতি কত বিভিন্ন উপায়ে আমাদিগকে ভগবৎসেবোন্মুখ করিবার যত্ন করিতেছেন।

আচার্য্যের এই কৃপার কথা নিরপেক্ষ হইয়া ভাবিয়া দেখিবার সৌভাগ্য— শুভাবসর বরণ করিলে জীবের সমস্ত অনর্থ দূর হইয়া যায়, জীব ভগবানের কৃপা পাইবার যোগ্যতা লাভ করেন। জীব সাধুসঙ্গে কৃষ্ণকথা-শ্রবণে নিখিল কাল যাপনের সুবিচার বরণ করিয়া নিজ জীবনের সহিত বহু বহু জীবকে ধন্য করিতে পারেন।

"সাধুসঙ্গ সাধুসঙ্গ সর্ব্বশাস্ত্রে কয়।
লব মাত্র সাধুসঙ্গে সর্ব্বসিদ্ধি হয়॥"

মৎসরতা

——ঃ(০)ঃ——

কাম, ক্রোধ, লোভ, মোহ, মদ ও মাৎসর্য্য এই ছয় রিপুর মধ্যে মাৎসর্য্য বা মৎসরতাই সর্ব্বপ্রধান। কাহারও মতে অন্য রিপুগণ মৎসরতার সহচর এবং কেহ কেহ বলেন যে, অপর রিপুগুলি মৎসরতার অন্তর্ভুক্ত। সাত্বত শাস্ত্র হইতে আমরা জানিতে পারি যে, শ্রীভগবানই একমাত্র বাস্তববস্তু এবং নির্ম্মৎসরগণই তাঁহাকে অবগত হইয়া থাকেন। যেহেতু অনর্থমুক্ত না হইলে ভগবদনুভূতির যোগ্যতা হয় না এবং কেবলমাত্র নির্ম্মৎসরগণ কর্ত্তৃক অনর্থের নাশ সম্ভবপর, তাঁহাদের মৎসরতার অপগমে যে অন্যান্য রিপুবর্গেরও নাশ সিদ্ধ হয়, তাহা বুঝা যাইতেছে এবং একের নাশে অপরের নাশ হেতু অপর রিপুগুলি যে মৎসরতার সহচর বা অনুগত ইহাও প্রমাণিত হইতেছে।

রিপু অর্থে শত্রু। শত্রুর ধর্ম্ম অনিষ্ট সাধন করা। অতএব যাহারা শত্রুস্থানীয় কাম, ক্রোধ, লোভ, মোহ, মদ ও মাৎসর্য্যাদিকে নিজ হৃদয়াভ্যন্তরে প্রবেশ করিতে বাধা দেন না এবং প্রবিষ্ট হওয়ার পর তাহাদিগের দ্বারা চালিত হইবার জন্য উৎসুক হন, তাঁহারা যে দুগ্ধ ও কলা খাওয়াইয়া কালসর্প পোষণ করিতেছেন এবং ক্রমশঃ বিষাক্ত বিষধর বিষে আপনার জর্জ্জরিত হইবেন ইহা বলা বাহুল্য মাত্র। মৎসরতাই যখন সর্ব্বপ্রধান শত্রু ও অন্যান্য রিপুবর্গ তাহার সহচর তখন উহাকে ভীষণ কালকূট সদৃশ বিবেচনা করাই সমীচীন। হিংসা বা পরশ্রীকাতরতা বা পরসুখ অসহনশীলতা নামক যে বীভৎস বৃত্তি অজ্ঞানাচ্ছন্ন মানবের হৃদয়াভ্যন্তরে তাণ্ডব নৃত্য করিয়া থাকে, তাহা মৎসরতারই প্রকার-ভেদমাত্র। মুখমণ্ডলের অন্তর্গত অন্যান্য অঙ্গের দ্বারা মানবগণের পরিচয় জানাইয়া হওয়ায় যেমন মুখমণ্ডলকে উচ্চ বা প্রধান অঙ্গ বলা হয় অর্থাৎ উহাকে মুখ্য পরিচয়ের স্থল করে, তদ্রূপ মৎসরতা শব্দ গৌণভাবে অপর শত্রুবর্গের বাচক হইলেও উহা মুখ্যরূপে হিংসা বা পরশ্রীকাতরতা বা পরসুখ-অসহনশীলতারই বাচক। যাহারা এইরূপ অবগত নহে, তাহারা প্রাকৃত রিপুকে স্বতন্ত্র পদার্থ মনে করেন এবং তজ্জন্য উহাদিগের উচ্ছেদ-সাধনার্থে পৃথগ্ভাবে যত্নশীল হইয়া থাকেন অর্থাৎ অপর শত্রুবর্গের বিনাশকল্পে মৎসরতা নামক প্রধান শত্রু বিনাশের জন্য সর্ব্বতোভাবে যত্নশীল হন না।

সাধুসঙ্গে কৃষ্ণনাম এইমাত্র চাই।
সংসার জিনিতে আর কোন বস্তু নাই॥
কৃষ্ণ-নিত্যদাস জীব, তাহা ভুলি' গেল।
এই দোষে মায়া তা'র গলায় বান্ধিল॥
তা'তে কৃষ্ণ ভজে, করে গুরুর সেবন।
মায়াজাল ছুটে, পায় কৃষ্ণের চরণ॥
কৃষ্ণ—সূর্য্যসম, মায়া হয় অন্ধকার।
যাহাঁ কৃষ্ণ, তাহাঁ নাহি মায়ার অধিকার॥

যাবৎ পদার্থ উৎপন্ন, স্থিত ও লয়ধর্ম্মযুক্ত, অতএব অনিত্য। যে সমস্ত পদার্থ অনিত্য বা ক্ষণভঙ্গুর, তৎসম্পর্কীয় ভাবাবলীও অনিত্য যোগ্যতাই বা বিনাশী। অনিত্য ভাবাবলীর বিনাশশীলতা হেতু তাহারা চক্রবৎ ক্রমান্বয়ে সুখের পর দুঃখ ও দুঃখের পর সুখবোধ উৎপন্ন করাইয়া থাকে। অনিত্য সুখভোগের অভিলাষকে শাস্ত্রকারগণ অতীব দুর্গত ব্যাপার মনে করেন। যেহেতু উহা পরিবর্ত্তনশীল দেহ ও মনকে অল্পকালের জন্য প্রীতি প্রদান করে (অর্থাৎ দেহ ও মনের অতীত স্থানে অবস্থিত জীবাত্মা নামক নিত্য পদার্থকে আদৌ প্রীতি প্রদানে অসমর্থ), সুতরাং উহাকে ভগবৎসেবা ব্যতীত নিত্যানন্দ প্রাপ্তির বিঘ্নকারক কাম নামে অভিহিত করা হইয়াছে। কৃষ্ণেতরসুখপ্রাপ্তিবাঞ্ছার বিপরীত আত্মেন্দ্রিয়প্রীতিবাঞ্ছারূপ কাম বাধাপ্রাপ্ত হইলে বহ্নির ন্যায় উহা ক্রোধের আকার ধারণ করে। যদি বাধাপ্রাপ্ত না হইয়া নিজ উদ্দেশ্য সিদ্ধ করিতে সক্ষম হয়, তাহা হইলে উহা লোভাকারে পরিণত হয় এবং সূক্ষ্মভাবে হৃদয়ে অবস্থান করতঃ অবসরকালে পুনরায় কামবৃত্তির উদয় করাইয়া থাকে। বাধাপ্রাপ্ত কাম ক্রোধাকারে পরিণত হওয়ার পর যদি অসমর্থতা প্রযুক্ত বিঘ্ন দূর করিতে অক্ষম হয়, তাহা হইলে উহা মোহের আকার ধারণ করত হতবুদ্ধি মানবের মনকে শোকসাগরে নিমজ্জিত করে। ভগবদ্বিমুখ জীবসমূহকে নরকে আনন্দপূর্ব্বক অনন্ত দুঃখের ভিতর দিয়া সংশোধন করিবার অভিপ্রায়ে মায়াদেবী যাহাদিগের কামবৃত্তির চরিতার্থতা উপভোগ পর্য্যন্ত সাধন করাইয়া থাকেন, তাহারা অজ্ঞতা নিবন্ধন বুঝিতে পারেন না যে, দুরাচার হেতু তাহাদিগকে অচিরে রৌরব হইতে মহারৌরবে যাইয়া অনন্ত দণ্ড ভোগ করিতে হইবে এবং মোহিত হইয়া মনে করেন যে, তাহাদিগের সফলতা হইতেছে; কামবৃত্তি পুনঃ পুনঃ চরিতার্থ হইয়া থাকে। এই প্রকার যে গর্ব্বিতভাব তাহা কামেরই এক প্রকার পরিণামমাত্র এবং শাস্ত্রকারগণ তাহাকে মদ নামে অভিহিত করিয়াছেন। মদ চারি প্রকার, যথা—রূপমদ, ধনমদ, বিদ্যামদ ও জাতিমদ। কাম, ক্রোধ, লোভ ও মোহ যেরূপ মানবগণকে অন্ধ করিয়া রাখে, মদ নামক রিপুটী তদপেক্ষা অধিক অন্ধ বা অবিবেক-সম্পন্ন করিতে সক্ষম। অতএব মদান্ধতা একটী প্রবলতর শত্রু। যাহারা মদান্ধ হইয়া অপসিদ্ধান্তপূর্ণ ভুক্তি বা মুক্তির জন্য লালায়িত ও অহৈতুকী ভক্তগণের নিন্দাবাদে অবস্থান করেন, তাহারা সত্যজ্ঞান লাভে বঞ্চিত ও সদ্গুরুচরণাশ্রয়ে অসমর্থ।

শ্রীভগবান্ ও জীব উভয়েই নিত্যবস্তু এবং তাঁহাদিগের পরস্পর সেব্য-সেবক-সম্বন্ধও নিত্য অর্থাৎ অবিচ্ছেদ্য। জীবগণ যখন ভগবদ্বিমুখ হইয়া বাহ্যভোগ বা ভোগত্যাগরূপ কায়িক মোক্ষানন্দ সুখের আশায় ধাবিত হন, তৎকালেও তাঁহাদিগের নিত্য ভগবদ্দাস্যরূপ বিশুদ্ধ সম্বন্ধের অভাব হয় না। প্রত্যেক সংসারাসক্ত ব্যক্তিই অবগত আছেন যে, যখন কেহ অর্থ-উপার্জ্জনের জন্য বাসস্থান হইতে আবদ্ধ হইয়া কাহারও সেবায় নিজ স্বার্থপ্রাপ্তি কার্য্যে প্রগাঢ়রূপে মনোনিবেশ করেন তখন তাহার প্রিয়তম পুত্রের কথা চিত্তপটে উদয় হয় না। যেহেতু পুত্রচিন্তা তৎকালে মনোমধ্যে জাগরুক থাকে না তজ্জন্য পুত্রের সম্বন্ধ ছিন্ন হইয়া গিয়াছে এরূপ ধারণাবশ হইতে যখন কাহাকেও দেখা যায় না তখন নিত্য ভগবদ্দাস্যরূপ সম্বন্ধটি যে বদ্ধভূমিকায় ছিন্ন হইয়া যায় ইহা বলা সমীচীন নহে। ভগবদ্দাস্যরূপ সম্বন্ধ যে নিত্য স্থিতিশীল এবং বদ্ধ-ভূমিকায় তাহা সুপ্তাকারে বর্ত্তমান থাকে এই প্রকার সংস্কার পোষণ করাই যুক্তিসঙ্গত। ভগবৎসেবোন্মুখতার অপ্রকট-কালে জীবগণ ভুক্তি বা মুক্তিকামী হন ও তদ্ধেতু ছয় রিপুর ক্রীড়াপুত্তলিকা হইয়া থাকেন। যাহারা ভোগ-মোক্ষ-নিরাকাঙ্ক্ষী তাহারা স্বার্থপরতার অভাবে পরার্থপর হইতে বাধ্য হন। পরার্থ শ্রেষ্ঠতার বাচক এবং শ্রীভগবানই অধোক্ষজ তত্ত্ব। অতএব পরার্থপর মানবগণ ভগবৎ-সুখে সুখী হন। ভগবৎসুখতাৎপর্য্য-বিহীন স্বার্থপর মানবগণ স্বসুখ-বিধানার্থে তৎপর হওয়ায় বহির্জ্জগৎ হইতে বিচ্ছিন্ন

(অবশেষ অপর পৃষ্ঠার ৩য় কলমে দ্রষ্টব্য)

শুদ্ধভক্তি-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠ

প্রাচীন নবদ্বীপ, শ্রীধাম মায়াপুর, নদীয়া
শ্রীচন্দ্রশেখর ভবনে শ্রীচৈতন্যমঠ-পরিক্রমা
পীঠ, শ্রীশ্রীগান্ধর্ব্বিকা-গিরিধারী গৌরাঙ্গ আচার্য্য
চতুষ্টয় বিগ্রহ আছেন। মুদ্রাযন্ত্র এবং
[illegible] আছে।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার,
কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ২১১৫
কলিকাতায় শ্রীভক্তিবিনোদ আসনে
শ্রীমঠ প্রতিষ্ঠিত। নিত্য পাঠ, সঙ্কীর্ত্তন,
প্রাণনাথ শ্রীশ্রীগান্ধর্ব্বিকাগিরিধারী ও
শ্রীচৈতন্যদেবের সেবা আলোচনা এবং 'গৌড়ীয়' সাপ্তাহিক
ও হারমোনিষ্ট পাক্ষিক ইংরেজী পত্র
প্রকাশিত হয়।

(৩) যোগপীঠ-মায়াপুর-পীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা
শ্রীমহাপ্রভুর আবির্ভাব ভূমি মহাযোগপীঠ।

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং
[illegible] বর্ত্তমান।

(৬) মুরারিগুপ্তের পাট

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৭) কাজি-সমাধি-পাট

প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর
সমাধি।

(৮) অন্তর্দ্বীপ [illegible]

শ্রীধাম মায়াপুর

(৯) আনন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ
ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও
শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত
শ্রীগৌরগদাধর-সেবা।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ চাঁপাহাটী (বর্দ্ধমান)

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মাউগাছি, পোঃ কাপসর, (বর্দ্ধমান)
শ্রীবৃন্দাবনদাস ঠাকুর বৃন্দাবনের স্থান

(১৩) ঋতুদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(১৪) জহ্নুদেব গৌড়ীয়মঠাশ্রম

(১৫) সুবর্ণবিহার গৌড়ীয়মঠ

গৌড়পুর, নদীয়া

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ

ভাটিহারা (শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ [illegible] (নদীয়া)

(১৭) কুলিয়ানগর

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

(২০) মহেশ-পণ্ডিতের পাট

কাঁঠালপুলি, পোঃ চাকদা (নদীয়া)

(২১) রাণাঘাট গৌড়ীয়মঠাশ্রম

(২২) পুরী গৌড়ীয়মঠ

চব্বিশ পরগণা

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ

নারিন্দা পোঃ ওয়ারি, ঢাকা।
পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র।

(২৪) গোপালজীউমঠ

কমলাপুর, পোঃ ঢাকা

(২৫) নিতাই-গৌরাঙ্গ মঠ

পোঃ বালিয়াটি, (ঢাকা)

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

বড়বাজার, পোঃ ময়মনসিংহ

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চক্চকা, কামরূপ (আসাম)

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

৩নং পাশাং বিল্ডিং, দার্জ্জিলিং

(৩০) সারস্বত-গৌড়ীয়মঠ

পোঃ হরিদ্বার, জিঃ সাহারানপুর, ইউ, পি

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

মিঠাপুর পাটনা।

(৩২) গয়া গৌড়ীয়মঠ

[illegible] রোড, গয়া

(৩৩) সনাতন গৌড়ীয় মঠ

৮।১৭ বড় গন্ধর্ব্বচক, বেনারস সিটি

(৩৪) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

(৩৫) পরমহংস মঠ,

পোঃ নিমসার, সীতাপুর ইউ পি।

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠাশ্রম

বিশ্রামঘাট, পোঃ মথুরা

(৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ

কিশোরপুর, বৃন্দাবন

(৩৯) [illegible]-কুঞ্জ

পোঃ রাধাকুণ্ড। মথুরা

(৪০) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪১) রাধাকুণ্ড গোষ্ঠবাটী

(৪২) শ্রীগোবর্দ্ধনমঠাশ্রম

গোবর্দ্ধন, মথুরা

(৪৩) সঙ্কেত বিহারী মঠ

বর্ষাণা, মথুরা।

(৪৪) নন্দগ্রাম গৌড়ীয়মঠাশ্রম

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৫) বর্ষাণা গৌড়ীয়মঠাশ্রম

পোঃ বর্ষাণা, মথুরা

(৪৬) গোষ্ঠবিহারী মঠ—সেনাপতি.

পোঃ [illegible], জেলা গুর্দাস (পাঞ্জাব)

(৪৭) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

(৪৮) দিল্লী গৌড়ীয় মঠ

৪৫নং কুতুব রোড, নিউ দিল্লী

(৪৯) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, কম্যাণ্ডার
[illegible] রোডে ৭

(৫০) মাদ্রাজ-গৌড়ীয়মঠ

পোঃ রায়পেটা, মাদ্রাজ
শ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকাগিরিধারীর সেবা

(৫১) রামানন্দ-গৌড়ীয়মঠ

পোঃ কভুর, কেয়ার গোদাবরী (মাদ্রাজ)
শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকা-গিরিধারীর সেবা

(৫২) ব্রহ্মগৌড়ীয়মঠ

আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)

(৫৩) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত পোঃ পুরী, উড়িষ্যা

(৫৪) ভক্তিকুটী—স্বর্গদ্বার পুরী

(৫৫) সাক্ষীকুটী

(৫৬) ত্রিদণ্ডি-গৌড়ীয়মঠ

পোঃ কপিলেশ্বর, পুরী

(৫৭) [illegible] মঠ

[illegible], পোঃ কটক (উড়িষ্যা)

(৫৮) বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ

(৫৯) শ্রীব্রহ্মমাধ্বগৌড়ীয়-প্রপন্ন-মঠ

পোঃ বকুলফতা, মজাফ

(৬০) ভাগবতজনানন্দ মঠ

চিকনিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর

(৬১) জমাৰ্দ্দি গৌড়ীয়মঠ

পোঃ জমাৰ্দ্দি, মেদিনীপুর

(৬২) আমলাযোড়া প্রপন্নাশ্রম মঠ

পোঃ রাণীগঞ্জ (বর্দ্ধমান)

(৬৩) চৈতন্যগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র, পোঃ চিংকু ল, (মানভূম)

(৬৪) রেঙ্গুন গৌড়ীয়মঠ

৭০১ নং লেউইস ষ্ট্রীট, রেঙ্গুন।

(৬৫) লণ্ডন-গৌড়ীয়মঠ

ফ্ল্যাট নং ২
৫১, হ্যাডিংরোড
ক্ল্যাপহাম, লণ্ডন, S E

(৬৬) গৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

১৪।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা

(৬৭) গৌড়ীয়মঠ অফিস

২০এ ডিউডেট রোড, লক্ষ্ণৌ (ইউ-পি)

(৬৮) শ্রীবিদ্যানিধি গৌড়ীয়মঠাশ্রম

মনরকানন, চট্টগ্রাম

শ্রীধাম মায়াপুর নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস হইতে মহোপদেশক শ্রীপ্রমোদভূষণ চক্রবর্ত্তী প্রত্নবিদ্যালঙ্কার-সম্পাদিত।
শ্রীবৃন্দাবন ব্রহ্মচারী ভক্তালোক, ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ৩ দিনের জন্য	সংবাদের পৃষ্ঠায় পরবর্ত্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ৩ দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় পরবর্ত্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	।০	৷৵০	।৵০	।০
ইঞ্চি	৫৲		১৷০	১৲
সিকিকলম	৫৲	৪৲		৩৲
অর্দ্ধকলম	৮৲	৭৲	৬৲	৫৲
এক কলম	১৫৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চি	৬৲	৪।০
সিকি কলম	১৫৲	১২৲
অর্দ্ধকলম	২৫৲	১৮৲
এক কলম	৩৫৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
যাণ্মাসিক	৫৲
ত্রৈমাসিক	২৷০
মাসিক	১৲

প্রতি সংখ্যা ... বিশেষ সংখ্যার কিম্মত স্বতন্ত্র।

শ্রীধাম-মায়াপুরে

—ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট্।

ইংরাজী উচ্চ শ্রেণী বিদ্যালয়

স্বাস্থ্যকর স্থান—গঙ্গার সন্নিকটে। বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক খোলা। শিক্ষকগণ সাত্ত্বিক ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খোরাক ও বেতনাদিসহ প্রতি মাসে মাত্র ৬৲ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন্ পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। বর্ত্তমান বর্ষে ১৬ জন বালকের মধ্যে ১৫ জন ভালভাবে উত্তীর্ণ হইয়াছে।

মেধাবী ছাত্রগণের আরও সুবিধা

পরীক্ষায় যাহারা শতে শতকরা ৭৫ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ সচ্চরিত্র নির্ধন ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্,
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতিসুন্দরভাবে আলোচিত হইয়াছে। এই এক অপূর্ব্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲দুই টাকা।

শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী

শ্রীল প্রভুপাদের চতুঃষষ্টিবর্ষপূর্ত্ত্যাবির্ভাব-তিথিতে শ্রীল আচার্য্যদেবের অনুগ্রহে "শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী" প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। ইহাতে পূর্ব্বার্দ্ধ ও উত্তরার্দ্ধ দুইটি বিভাগ আছে। পূর্ব্বার্দ্ধে শ্রীল প্রভুপাদের আদি-প্রবন্ধাবলী শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের সম্পাদিত 'স-সজ্জনী সজ্জনতোষণী,' শ্রীল প্রভুপাদের "নবেদন" সাপ্তাহিক প্রভৃতি হইতে কালানুসারে ও প্রয়োজনীয় অর্থের টীকা-সহ প্রকাশিত হইয়াছে। উত্তরার্দ্ধে শ্রীল প্রভুপাদের সম্পাদিত 'সজ্জনতোষণী'র কতিপয় প্রবন্ধ কালানুসার গ্রন্থ'ের সহিত মুদ্রিত হইয়াছে। প্রবন্ধগুলি রচনাকালের ক্রমানুসারে গ্রথিত হইয়াছে; এতদ্ব্যতীত শ্রীল আচার্য্যদেবের একটি মূল্যবান্ উপোদ্ঘাত ও সঙ্কলনকারীর একটি বিস্তৃত ভূমিকা, শব্দ সূচী, প্রমাণ-শ্লোক ও পয়ার-সূচী প্রভৃতি গ্রন্থে সংযোজিত হইয়াছে। গ্রন্থটী উৎকৃষ্ট কাগজে প্রতিকৃতির সহিত মুদ্রিত ও শ্রীল প্রভুপাদের আলেখ্যাদিদ্বারা ভূষিত ও সুন্দর বাঁধাই হইয়া প্রকাশিত হইয়াছে। প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, জিলা নদীয়া; গৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ও শ্রীনামহট্ট গৌড়ীয়মঠ, নবিবা, পোঃ ... ।

শ্রীল প্রভুপাদের পদ্যপ্রসূন মালা

এই গ্রন্থে ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তি-সিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের রচিত পদ্যাবলী শ্রীল আচার্য্যদেবের বিরচিত "সৌরভ" নামক কাব্যের সহিত প্রকাশিত হইয়াছে। শ্রীল প্রভুপাদের অনেক অপ্রকাশিত পদ্য ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ।০ আট আনা।

চৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত অতিসুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ৭৲ টাকা। প্রাপ্তিস্থান শ্রীযুত নবকিশোর ভক্তিশাস্ত্রী, শ্রীযোগপীঠ, শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইংরাজীর প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপদেশক পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী সম্প্রদায়-বৈভবাচার্য্য এম এ মহোদয়ের শ্রৌতপন্থা এবং পরিপক্ক লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া একাধারে ধর্ম এবং তত্ত্ব ও ইতিহাসের জীবন্তচিত্র-পাঠে ধন্য হউন। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিবিধ চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলে শ্রীমহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ড সপ্তম অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের শ্রীমুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকারের ভূমিকাদ্বয় (Prefaces), বিষয়-তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত অভিধান ও সূচীপত্র (Index Glossary) সহ প্রকাশিত। ভিক্ষা—১৫ পনর টাকা। প্রাপ্তিস্থান—[illegible] গৌড়ীয়মঠ, [illegible], শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

ঠাকুর ভক্তিবিনোদ

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি-প্রচারের মূল মহাজন সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অধিকৃত জীবনচরিত এতাবৎকাল পর্য্যন্ত প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয়মঠাচার্য্যবরের শুভেচ্ছায় পারমার্থিক-সাহিত্যিক সু-লেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীযুক্ত সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু মূল্যবান শিক্ষামালাও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১২৫ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৸০ আনা; ডাক মাশুল স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান— ম্যানেজার গ্রন্থবিভাগ
শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু গ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১।১নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৮ ### ৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস

ইহা কটক নগরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

[illegible]

সর্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাটতি দিন দিন অত্যন্ত বর্দ্ধিত। লিভার প্লীহা সংযুক্ত কালাজ্বর এবং নূতন ও পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। মূল্য ছোট বোতল ৷৷৵০ দশ আনা, বড় বোতল ১৵০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা
অথবা
পোঃ বেহালা, ২৪ পরগণা

ই. বি. রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	৪-৩৬	৬ ০৬	৭-২৬	১২-২৬	১৪ ৫৬	১৬-৫৬	১৭ ৫৬	২২-২৬
রাণাঘাট পৌঃ			৮-৫০	১৪ ১৫				
(বদল) ছাঃ			৯-৩৩	১৪-৫০				
কৃষ্ণনগর পৌঃ	৭-১	৮ ৪৫	১০-৮	১৫-২৩	১৭-২৮	১৯-১১	২০-১	-১৪
(বদল) ছাঃ	৭-১২		১০-৩১		১৭-৩৮		২০-২৫ শু	
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫১		১১-১০		১৮-১৬		২০-৪	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬	
রাণাঘাট পৌঃ	১২-৫৫	
ছাঃ	১৩ ০	
শান্তিপুর পৌঃ	১৩-২৬	
(বদল) ছাঃ	১৩-৩১	(লাইট্ রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪-২	
ছাঃ	১৪-২০	
নবদ্বীপঘাট পৌঃ	১৫-০	

ডাউন

নবদ্বীপঘাট ছাঃ	৫ ৪৫		৯ ২৫		১৩-৩১	১৬-০	১৮-৩১	
কৃষ্ণনগর পৌঃ	৬ ২৩	৯-১৬	১০-৩	১১-৪১	১৪-১০	১৬-৩৮	১৯-১১	
ছাঃ	৬-২৬	৭-১৮	১০-১১			১৬ ৫৩	১৯-২৫	
রাণাঘাট পৌঃ			১০-৪৬			১৭-৩১		
(বদল) ছাঃ			১১-০			১৭-৪০		
কলিকাতা পৌঃ	৮-১৬	৯-২১	১২-১	১২-১৬	১৪-১৬	১৯-১১	২১-৪৫	২৩-২৩

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৩-৩১	১৬-০			
কৃষ্ণনগর পৌঃ	১৪-১০	১৬-৩৮			
ছাঃ	১৫-২৮	১৭-১৫			
শান্তিপুর পৌঃ	১৬-৯	১৭-৫৬			
(বদল) ছাঃ	১৬-৩৩	১৮-১	(রবিবার ভিন্ন)	১৮-৮	(রবিবার)
রাণাঘাট পৌঃ	১৭-১০	১৮-২৭		১৮-৩৩	
(বদল) ছাঃ	১৭-৪০	১৮-৪০		১৮-৪০	
কলিকাতা পৌঃ	১৯-১১	২০-৬		২০-৬	

পোঃ— শ্রীমায়াপুর
টেলিগ্রাম—শ্রীধাম
শ্রী মায়াপুর

REGD NO C 1544

দৈনিক নদীয়াপ্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৪শ খণ্ড | শ্রীমায়াপুর— ৩রা চৈত্র, ১৩৪৫, ১৭ই মার্চ্চ, ১৯৩৯ শুক্রবার [১৫শ সংখ্যা

বিবিধ সংবাদ

সোভিয়েট-মাঞ্চুকুয়ো সীমান্তে রুশ অশ্বারোহীদিগের আক্রমণ

হাসিন ও সিঙ্কিংস্থিত সংবাদদাতারা টোকিওতে এই মর্ম্মে সংবাদ পাঠাইয়াছেন যে, সোভিয়েট মাঞ্চুকুয়ো সীমান্তে আবার সংঘর্ষ হইয়া গিয়াছে।

প্রকাশ, সোভিয়েটের ৪০ জন অশ্বারোহী ফিরিন প্রদেশে কোয়ানচুরেটাই [illegible] নিকট সোভিয়েট সীমান্ত অতিক্রম করিয়া মাঞ্চুকুয়োয় প্রবেশ করিয়াছিলেন, তাহারা মাঞ্চুকুয়োর সীমান্ত পুলিশের ২০ জনকে আক্রমণ করে। উভয় পক্ষে এক ঘণ্টা যুদ্ধের পর রুশ সৈন্যেরা সোভিয়েট রাজ্যের মধ্যে পলাইয়া গিয়াছে।

মাঞ্চুকুয়ো পুলিশের কেহ হতাহত হয় নাই।

পূর্ব্বে সোভিয়েট সৈন্যরা আরও দুইবার সীমান্ত লঙ্ঘন করিয়াছেন।

কলিকাতা ডক-শ্রমিক সঙ্ঘ

গত ৪ঠা মার্চ্চ শনিবার কলিকাতায় ডক-শ্রমিক-সঙ্ঘের পক্ষ হইতে বাঙ্গলার শ্রমিক ও বাণিজ্য সচিব মিঃ এইচ, এস, সুহ্রাবর্দ্দির নিকট একদল প্রতিনিধি প্রেরণ করা হয়। প্রতিনিধিগণ মিঃ সুহ্রাবর্দ্দির নিকট কলিকাতার ডক-শ্রমিকদিগের অভাব অভিযোগের বিষয় বর্ণনা করেন এবং উহাদের প্রতিকারের জন্য সরকার কর্ত্তৃক ব্যবস্থা করিবার জন্য অনুরোধ করেন।

শ্রমিক সচিব বিশেষ সহানুভূতির সহিত প্রতিনিধিগণের বক্তব্য শ্রবণ করেন।

পরলোকে হাওয়ার্ড কার্টার

ইংলণ্ডের প্রসিদ্ধ প্রত্নতাত্ত্বিক মিঃ হাওয়ার্ড কার্টারের মৃত্যু হইয়াছে।

তিনি ১৮৭৩ খৃষ্টাব্দে নরফোকের সোয়াফহামে জন্মগ্রহণ করেন ও ১৮৯০ খৃষ্টাব্দে সর্ব্বপ্রথম মিশরে যান। পরে স্যার ফ্লিণ্ডার্স পেট্রি ও অধ্যাপক নেভিলের সহিত কাজ করেন ও বেনি হাসানের ১ম হইতে ৬ষ্ঠ খণ্ডে প্রকাশিত কতকগুলি প্রাচীন মিশরবাসীদের চিত্রাঙ্কনের প্রতিলিপি গ্রহণ করেন। ১৯০১ খৃষ্টাব্দে থেবসের প্রাচীন স্মৃতি চিহ্নাদির ইন্সপেক্টর জেনারেল হইয়া তিনি রাণী হাটসেপসুটের কবর সন্ধান কার্য্যের পরিচালনা করেন। থেবিসে স্যার টি এম ডেভিসের অনুসন্ধান করিতে আরম্ভ করিয়া ১৯০৭ খৃষ্টাব্দে তাঁহার কার্নারভনের আর্লের সহিত প্রথমে যোগাযোগ হয়। ১৯২২ খৃষ্টাব্দের এই নভেম্বর অপরীক্ষিত অংশের শেষ প্রান্তে তিনি টুটানখামেনের কবরের চমকপ্রদ আবিষ্কার করেন। ১৯২৪ খৃষ্টাব্দের ৩রা জানুয়ারী তিনি এই কবরে পাথরের শবাধারের সন্ধান পান। হাওয়ার্ড কার্টার ও এ সি মেস লিখিত 'টুটানখামেনের কবর' পুস্তক ১৯২৩ সালে প্রকাশিত হইয়াছে।

হায়দ্রাবাদ রাজ্যে সত্যাগ্রহ

আওরাঙ্গপুর সত্যাগ্রহ শিবির হইতে আগত স্বেচ্ছাসেবক দল, আমেদাবাদ, আজমীর, ফিরোজপুর, শুজপুর ও বৃন্দাবন হইতে আগত সত্যাগ্রহীদের লইয়া মোট ৬০ জন সত্যাগ্রহী শ্রীযুক্ত চন্দ্রশেখর শর্ম্মার সহিত আজ ভগবার্ণ ষ্টেশনে অবতরণ করিলে হায়দ্রাবাদ রাজ্যের পুলিশ তাহাদিগকে গ্রেপ্তার করিয়াছে। ষ্টেশনে অবতরণ করিলে বৃটিশ শাসিত অঞ্চলের জিলা ম্যাজিষ্ট্রেট কর্ত্তৃক স্বাক্ষরিত একখানি আদেশ শ্রীযুক্ত শর্ম্মার উপর জারী করা হয়। আদেশে লিখিত ছিল যে, সরকারের শাসন ব্যবস্থায় বিঘ্ন সৃষ্টি এবং সাধারণের শান্তিভঙ্গের উদ্দেশ্যে তাহারা এখানে আগমন করিয়াছেন বলিয়া তাঁহাদিগকে অবিলম্বে স্থান ত্যাগ করিতে আদেশ দেওয়া হইয়াছে।

স্বেচ্ছাসেবকগণ অতঃপর দেশীয় রাজ্যের সীমানায় প্রবেশ করেন এবং তথায় পুলিশ সঙ্গে সঙ্গে তাঁহাদিগকে গ্রেপ্তার করে। মঙ্গলবার ধৃতব্যক্তিদিগকে ম্যাজিষ্ট্রেটের সম্মুখে হাজির করা হইবে।

রাজ্যের বিভিন্ন সীমান্ত হইতে শত শত সত্যাগ্রহী রাজ্য মধ্যে প্রবেশ করিয়াছে।

বিদর হইতে আগত ৮জন সত্যাগ্রহীকে সুলতান বাজারে গ্রেপ্তার করা হইয়াছে।

শান্তি স্থাপনের আবেদন

নূতন শাসন পরিষদ সেনাদলের সমাজতন্ত্রী, চরমপন্থী গণতান্ত্রিক ও রাজতন্ত্র ধ্বংসকামীদিগের সমর্থন পাইয়াছে বলিয়া দাবী করা হইয়াছে. সিনর ক্যাসাডো ব্যতীত শাসন পরিষদে ৫ জন সভ্য আছেন, তন্মধ্যে সিনর বেষ্টিয়েরো ও ডান সমাজতন্ত্রী, সিনর সানাভাস চরমপন্থী গণতান্ত্রিক, সিনর মাজিনো সমাজতন্ত্রী শ্রমিক এবং সিনর গঞ্জালেজ মারিন রাজতন্ত্র ধ্বংসকামী দলভুক্ত। সিনর ক্যাসাডো ২৫শে ফেব্রুয়ারী কর্ণেল পদ হইতে উন্নীত হইয়াছেন। সেনাপতি মিয়াজার স্থানে তিনি সমগ্র গণতান্ত্রিক বাহিনীর প্রধান সেনাপতি নিযুক্ত হইবেন।

অমৃতসহরে ১৪৪ ধারা অমান্য

একদল শিখ ১৪৪ ধারা অমান্য করিয়া জেলার শোভাযাত্রা বাহির করে। তন্মধ্যে ২৬ জন পুরুষ ও ১৮ জন মহিলা পতাকা লইয়া শোভাযাত্রায় যোগদান করেন। নিমকমণ্ডীতে পুলিশ তাহাদিগের পথ আটক করে এবং জিলা ম্যাজিষ্ট্রেট তাহাদিগকে চলিয়া যাইতে বলেন। শোভাযাত্রা উঠাইতে অসম্মত হওয়ায় তাহাদিগকে গ্রেপ্তার করা হয়। লরীযোগে তাহাদিগকে স্থানান্তরিত করা হয়।

দ্বিতীয় ডিরেক্টর সহ ৬৪ জন স্বেচ্ছাসেবক গ্রেপ্তার

শোলাপুরের আর্য্য সত্যাগ্রহ সমিতির দ্বিতীয় ডিরেক্টর শ্রীযুত চন্দ্রকরণ শর্ম্মা ৬৪ জন স্বেচ্ছাসেবকের সহিত শোলাপুর হইতে হায়দ্রাবাদ যাইতেছিলেন বর্শীতে পৌঁছিলে তাঁহাদিগকে গ্রেপ্তার করা হয়।

ভক্তের অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী মহারাজ সম্পাদিত ইংরেজী পাক্ষিক। প্রতি একাদশীতে প্রকাশিত হয়। কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। সডাক ভিক্ষা ৪॥০ টাকা মাত্র।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৸০ টাকা মাত্র।

৩। ভাগবত—হিন্দিভাষায় একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ টাকা মাত্র

৫। শ্রীগৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ মাত্র।

শ্রীশ্রীভক্তিবিনোদাবির্ভাব-শতবর্ষপূর্ত্তিতিথিপূজার উপায়ন-গ্রন্থমালা

— -- ঃ(০)ঃ— — —

১। গীতিসাহিত্যে শ্রীভক্তিবিনোদ

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র গীতিসাহিত্যের সমালোচনা-গ্রন্থ)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

২। শ্রীভক্তিবিনোদবাণীবৈভব

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের গ্রন্থাবলীসমূহ হইতে আহৃত ১০৮টি অধ্যায়ে সম্বন্ধ-অভিধেয়-প্রয়োজনাকারে গ্রথিত অমূল্য উপদেশপূর্ণ গ্রন্থ)

ভিক্ষা—৩৲ তিন টাকা মাত্র।

৩। শ্রীশ্রীভক্তিবিনোদ-প্রসঙ্গ

ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ ও ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামীপ্রভু-বিরচিত এবং গৌড়ীয়ে প্রকাশিত শ্রীশ্রীভক্তিবিনোদ-চরিত-প্রসঙ্গ

ভিক্ষা—।৵০ ছয় আনা মাত্র।

৪। ছাত্রদের ভক্তিবিনোদ

(ছাত্রদের উপযোগী ভাষায় লিখিত শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্র ও শিক্ষা)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

ছাত্রদের পক্ষে ভিক্ষা—॥০ আট আনা মাত্র)

প্রাপ্তিস্থান ঃ—

(১) 'ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট', পোঃ শ্রীমায়াপুর, নদীয়া;
২) শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা;
৩ শ্রীযুক্ত সুশীলচন্দ্র রায় এম্-এ, বি-এল্, পুরাণপল্টন পোঃ রমণা, ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবত,—সমগ্র ২০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ১৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। ভাষ্যসহ বিরাট শ্রীচৈতন্যভাগবত (বাঁধান) ৯৲
৩। অমৃতপ্রবাহভাষ্য শ্রীচৈতন্যচরিতামৃত ৬
৪। সরস্বতী জয়শ্রী (বাঁধান) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০
৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার দীপিকা ও সংস্কার দীপিকা ১॥০
৯। বৈষ্ণবধর্ম ২৲
১০। গৌড়ীয় কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ।০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ তত্ত্ব ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। দশোপনিষদ ।০
১৮। বামন আম্বর ।০
১৯। তত্ত্ববিবেক ।০
২০। গৌড়ীয় গৌরব ।৵০
২১। গৌড়ীয়সাহিত্য ।৵০
২২ উৎকল ভ্রমণ ।০
২৩। শ্রীচৈতন্যপ্রবন্ধ ও শ্রীনবদ্বীপতত্ত্ব (বাঁধা) ১৲
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা-সহ) ২৲
২৫। গীতা (চক্রবর্ত্তি টীকাসহ) ২৲
অবাঁধা) ১
২৬। গীতার কেবল মূল-ভাষা
২৭। প্রাকৃতরস শতদূষণী (সানুবাদ) ১৲
২৮। বেদান্তসার (সানুবাদ) ।০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৸০
৩০। দীপ দিগ্-দর্শন ৶০
৩১। সাধনপথ (তৃতীয় সংস্করণ) ।৵০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ।০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶০
৩৫। গীতমালা ৴১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৶০
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৶০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাপথ ।০
৪০। শরণাগতি /০
৪১। গীতাবলী /০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
৪৩। সাধনতত্ত্ব /০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা /
৪৫। নবদ্বীপশতক
৪৬। আর্য্যশতক
৪৭। সদাচারস্মৃতিঃ ৵/
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৴১০
৪৯। ভজনরহস্য ৴১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম ও ২য় খণ্ড) ৯৲
৫১। ব্রহ্মসংহিতা ।০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ-বিনির্ণয় ।০
৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ।০
৫৬ আম্নায়সূত্র ও ভক্তিপথ ৶০
৫৭। ঈশোপনিষদ (ভাষ্যাদিসহ) ।০
৫৮। শ্রীরূপবৈভব ৶০
৫৯। সিদ্ধান্তদর্পণ ৶০
৬০। সাধ্যবাণী /০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যচন্দ্রোদয়ঃ
৬২। সিদ্ধান্ত-সরস্বতী দিগ্বিজয়ঃ ।০
৬৩। সটীক-শিক্ষাদশমূলম্ ।০
৬৪। ভক্তসূত্রম্ ।০
৬৫। সারার্থ শিক্ষাষ্টকম্
৬৬। গৌড়ীয়মঠপরিচয়ঃ
৬৭। সারসংগ্রহম্

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।০
৬৯। এ ফিউ ওয়ার্ডস অন বেদান্ত ।০
৭০। নামভজন /০
৭১। বেদান্ত—ইটস্ মরফলজী অ্যাণ্ড অন্টোলজি ।০
৭২। রিলেটিভ ওয়ার্ল্ডস ।৵০
৭৩। লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস অব শ্রীচৈতন্য মহাপ্রভু ।০
৭৪। বৈষ্ণবিজম ।০
৭৫। শ্রীগৌড়ীয়মঠ ইন ব্রিফ
৭৬। দি ভাগবত ।০
৭৭। [illegible] অ্যাণ্ড আনথ্রপোলজিক্যাল [illegible] ০
৭৮। ব্রহ্মসংহিতা ২॥০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (প্রথম খণ্ড) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ।০
৮১। সাধন-পথ ।০
৮২। কল্যাণ-কল্পতরু ৶০
৮৩। গীতাবলী /০
৮৪। শরণাগতি /০

তামিল ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি /০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

একমাত্র পারমার্থিক দৈনিক পত্র

শ্রীধাম-মায়াপুর-নদীয়া

১৭শ বর্ষ | ১২ বিষ্ণু ৪৫৩ গৌরাব্দ ৩রা চৈত্র বঙ্গাব্দ ১৩৪৫, ১৭ই মার্চ্চ খৃঃ ১৯৩৯, শুক্রবার | ১৫শ সংখ্যা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

১২ বিষ্ণু তিথি সর্ব্বোদয়াশ্রয়ী গৌরাব্দ ৪৫৩

ধর্ম্মজীবনে বিপ্লব

পরিদৃশ্যমান্ জগতে আমরা বহু প্রকারের বিচিত্রতা দর্শন করি, এই বিচিত্রতার কারণ—প্রকৃতি। প্রকৃতিতে যে ধর্ম আমরা লক্ষ্য করি, তাহাকে নশ্বরতা-ধর্ম বলিবার আছে। সেই নশ্বর-ধর্মে বহু প্রকার প্রাণী ইহজগতে পরিচিত হইয়া থাকে। স্থাবর, জঙ্গম-ভেদে বহু প্রকার প্রাণী আমরা ইহজগতে দেখিতে পাই। তাহার ভিতর বদ্ধ-পরিমাণ কতকগুলি প্রাণী মানব-নামে পরিচিত হইয়া থাকেন। এই অসংখ্য মানবদিগের মধ্যে হিন্দু, মুস্লিম, বৌদ্ধ, খৃষ্ট, বেদান্তী প্রভৃতি বহু প্রকারের মানব দৃষ্ট হয়। এই মানবজাতির ভিতর 'ধর্ম'-নামে একটি শব্দ চিরকাল প্রচলিত আছে। এই শব্দের অর্থ বুঝিবার যোগ্যতা একমাত্র মানবজাতিরই আছে। মানবজাতি যখন অজ্ঞানের দ্বারা চালিত হইয়া স্থূল-সূক্ষ্ম-দেহেতে 'আমি,' 'আমার' অভিমান করে, তখনই তাহাদের ভিতর 'ধর্ম' শব্দের নানা প্রকার রূপান্তর দেখিতে পাওয়া যায়।

এই প্রকার মত-ভেদের প্রকৃত কারণ অনুসন্ধান করিলে দেখিতে পাওয়া যায় যে, মতবাদিগণ ধর্মের অধীন নহেন বা 'ধর্ম' কাহাকে বলে, সে কথায় তাহাদের বাস্তব প্রয়োজন নাই। যাহারা ইহজগতে ধর্মের বক্তা সাজিয়া ধর্ম বিষয়ে উপদেশ দান করিবার জন্য কতই না আস্ফালন করিয়া থাকেন, তাঁহারাও নিরপেক্ষ হইয়া—আত্মস্থ হইয়া 'ধর্ম' শব্দের অর্থ চিন্তা করিবার খুব কমই অবসর পাইয়া থাকেন। রাজা রাজত্ব পাইলে প্রজা-শাসন করিয়া থাকেন, সমাজে আধিপত্য করিবার জন্য সমাজপতি সমাজ-শাসন করিয়া থাকেন, পতি পত্নীকে শাসন করেন, পিতা পুত্রকে শাসন করেন। ইহাদের পরস্পর শাসন-প্রণালীর বিষয় আলোচনা করিলে আমরা দেখিতে পাই যে, ইঁহারা অধিকাংশ সময়ই শাসিত না হইয়াই শাসন-কার্য্যে নিযুক্ত হইয়াছেন। দুঃখের বিনাশ করিবার জন্য অজ্ঞানের দ্বারা চালিত হইয়া আপাতত ধী-সম্পন্ন ব্যক্তিগণ চেষ্টা করিয়া থাকেন বা বহু প্রকারে মানবজাতিকে প্রলোভন দেখাইয়া সুখী করিবার কিম্বা শান্তিদান করিবার চেষ্টা করিয়া থাকেন। তাহাদের চেষ্টা ইহজগতের বিচারে ফল প্রসব করিলেও আমরা প্রকৃতিস্থ হইয়া চিন্তা করিলে দেখিতে পাই যে, তাহার দ্বারা দুঃখই জন্মিয়া থাকে, কারণ তাঁহারা অপ্রকৃতিস্থ।

অপ্রকৃতিস্থ মানব দণ্ডধর হইতে পারে—অপরকে শাসন করিবার জন্য শ্রেষ্ঠ আসন গ্রহণ করিতে পারে, কিন্তু চিন্তা করিবার অবসর পায় না—তাহাকে শাসন করা হইতেছে বা কে শাসনকর্ত্তা? যে-দিন কোন সৌভাগ্যক্রমে বা পূর্ব্ব পূর্ব্ব জন্মের সুকৃতির ফলে কোনও মহাপুরুষ বা ভগবানের নিজ-জনের সংগে তাহাদের দেখা হয়, সে-দিন এই প্রাকৃত রাজ্যে প্রতারিত মানবজাতির আত্ম-দুরবস্থা দর্শন করিবার সুযোগ হয়। তাহার কারণ, মুক্ত পুরুষ আত্মস্থ বা প্রকৃতিস্থ।

প্রকৃতিস্থ ব্যক্তি ইহজগতে 'আচার্য্য' বা 'গুরু'-নামে অভিহিত হইয়া থাকেন। তিনি কৃপা-পরবশ হইয়া যাবতীয় প্রাণীর মঙ্গলচিন্তা করিয়া থাকেন—সমস্ত প্রাণী যাহাকে আশ্রয় করিয়া আছে, সেই আশ্রয়-দাতার কথা কীর্ত্তন করিয়া থাকেন। সেই কীর্ত্তিত বস্তুটী জগতের অন্তর্ভুক্ত কোন বস্তু নহেন, সেটী—অধোক্ষজ—অতীন্দ্রিয় বস্তু। সেই বস্তুটি একমাত্র বেদ বেদ্য ও বাস্তব,—ইহা যিনি জানেন, তিনিই যাবতীয় প্রাণীর ধর্ম নির্ণয় করিতে সমর্থ হইয়া থাকেন।

'ধর্ম' শব্দ প্রয়োগ করিলেই মানব আতুর হইয়া পড়েন। তাহার কারণ আর কিছুই নহে, ভোগমূলা প্রবৃত্তি মানবের উপর আধিপত্য বিস্তার করিয়াছে। সেই ভোগ-মূলা প্রবৃত্তির ইন্ধন যাঁহারা যোগাইতে পারেন, তাঁহারাই আমাদের নিকট অবতার বা ভগবান্ সাজিতে পারেন। কিন্তু আমরা প্রকৃতিস্থ হইয়া প্রকৃতিস্থ ব্যক্তির সঙ্গ-প্রভাবে স্বরূপরূপে অনুভব করিবার সুযোগ পাই—বদ্ধ ব্যক্তি কি কখনও মানবজাতির মঙ্গল-বিধান করিতে পারিবে? জন্ম-মরণশীল বস্তুতে যাহারা মুগ্ধ আবদ্ধ বা মুক্ত ব্যক্তিকে সুখী করিবার জন্য যিনি নিযুক্ত হইয়াছেন, তিনি কি একবার ভাবিবার অবসর পাইবেন—যে বস্তুগুলি আমার নিকট 'আমার' বলিয়া পরিচিত হইতেছে বা যে জিনিষটী 'আমি' বলিয়া মনে হইতেছে, সেই বস্তুগুলি কি 'আমার' বা সেই জিনিষটী কি 'আমি'? সেই জিনিষটি যদি 'আমি' হইতাম, তাহা হইলে চিরকাল 'আমি' থাকি না কেন? বা সেই জিনিষগুলি আমারই থাকে না কেন? এই বিষয় চিন্তা করিবার অবসর পাইলে ধর্মালোচনা আমাদের কাছে ভাল লাগে।

এই 'ধর্ম' জিনিষটী কি,—এই বিষয়টী বিশদরূপে আলোচনা করিলে দেখিতে পাওয়া যায়,—যাহার দ্বারা সকল সম্যক্ প্রকারে ধারণা হয়, তাহাই ধর্ম। এই ধারণ করিবার যোগ্যতা কাহার? তিনি কে? এই নশ্বর দেহই কি সেই বস্তু? যদি এই দেহ সেই বস্তু হন, তাহা হইলে যে-দিন দেহ ছাড়িয়া চলিয়া যাইতে হইবে, সেই দিন এই ধারণার সম্বন্ধ অনুসন্ধান কে করিবেন? এই ধারণার অনুসন্ধান-কারী—একমাত্র নিত্য দেহ-দেহী-অভিজ্ঞ শ্রীগুরুপাদপদ্ম। যদি কোন সৌভাগ্যবান্ জীব সংযমপূর্ব্বক নিষ্কপটে গুরু-পাদপদ্ম আশ্রয় করেন, তাহা হইলে গুরু-পাদপদ্মই যে এই ধারণা দিতে একমাত্র সমর্থ, তাহা উঁহার বোধগম্য ব্যাপার হয়। মত-জগতে যে মতবাদই প্রচার হউক, যাবতীয় প্রাণীর জীবন দুরবস্থার উপর রহিয়াছে, সেই দুরবস্থার হাত হইতে রক্ষা করিয়া বর্ত্তমান শ্রীগুরুপাদপদ্ম তাঁহাদের যাতনার বহু

ধরিবার সুযোগ দান করেন, তখনই তাঁহারা শ্রীগুরুপাদপদ্মের নিজত্ব, নিজের নিজত্ব ও তাঁহাদের ধারণার একত্ব নিজত্ব অনুভব করিবার সুযোগ পান এবং তখনই তাঁহারা শ্রীগুরুপাদপদ্মের আনুগত্যে বলিয়া থাকেন,—"গুরুং বিনে অনুরক্ত পুরাঃ"। এই উপদেশ-বাক্য যখন শ্রৌতপারম্পর্য্যে আমাদের উপলব্ধির বিষয় হয়, তখনই আমরা সিদ্ধান্তে বা মনোধর্ম্মের যেখানে যাহারা আমাদের নিকটে ধর্ম্মের বক্তা সাজিয়া ঐ সকল বাক্যের মৌখিক ও উপলব্ধিহীন উচ্চারণ করে, তাহাদের সঙ্গ পরিত্যাগপূর্ব্বক শ্রীগুরুপাদপদ্মে পরিনিষ্ঠিত-প্রাণ হই। আমরা যাঁহার কাছে অবনত হইয়া, শুধু অবনত হইয়া নয়, তাঁহাতে প্রণিহিত হইয়া যে সেই বিষয় উপলব্ধি করিয়া যিনি 'ধর্ম্ম' কথাটী কীর্ত্তন করেন, তাঁহার নিকট আমরা যদি প্রণিপাত, পরিপ্রশ্ন ও সেবা দ্বারা ধর্ম্ম-বিষয়ে বুঝিবার চেষ্টা করি, তাহা হইলে তিনি সর্ব্বাগ্রে জগতের বহু প্রকার খেয়াল, মনগড়া, ধর্ম্মধ্বজ মনোধর্ম্ম বা স্বেচ্ছাচারিতার কারখানায় প্রস্তুত করা ধর্ম্ম আছে তাহা সম্পূর্ণ বিনাশ করিয়া একমাত্র সনাতন শ্রৌতপথের বক্তা যে স্বয়ং ভগবান্—"ধর্ম্মং তু সাক্ষাদ্ ভগবৎ-প্রণীতম্"—এই কথাটী জানাইয়া দেন। যাঁহারা আমাদের নিত্যধর্ম্ম নির্দ্দেশ করিয়া দেন, তাঁহারা সকলেই শ্রৌত-পথ ধরেন মূলপুরুষ শ্রীভগবানের সঙ্গে নিত্যসম্বন্ধ-বিশিষ্ট; তাই তাঁহাদের বাক্যে ভ্রম, প্রমাদ, বিপ্রলিপ্সা, করণাপাটব এই চারি প্রকারের দোষ নাই; তাই তাঁহারা ধারণার বস্তু বিষয়ে ভুল করেন না।

চেতন, অচেতন, যাহা কিছু এই পরিদৃশ্যমান্ জগতে দেখা যাইতেছে বা উহার বাহিরে যাহা কিছু চিন্তা করিবার সুযোগ হইতেছে, সেই সমস্তেরই মালিক—ভগবান্। তাঁহাকে যিনি ধরিয়াছেন বা তাঁহা হইতে যিনি চ্যুত হন নাই, এবংবিধ ব্যক্তিই এই ধর্ম্ম-বিষয়ে জ্ঞাত হইয়া রক্ষা করিয়া আমাদিগকে নিত্যধর্ম্মে বা সাধনধর্ম্মে প্রতিষ্ঠিত করিতে পারেন। আমরা তাঁহার কৃপায় নিত্যধর্ম্মে সম্প্রতিষ্ঠিত হইলে জানিতে পারি যে, প্রতিষ্ঠিত ব্যক্তিতে যোগমায়া ব্যতীত কোন প্রকার আবর্জনা, চেষ্টা বা বক্রতা নাই। তখনই আমরা তাঁহার আনুগত্য করিয়া থাকি; তৎপূর্ব্বে আমাদের আত্মঘাতী প্রবৃত্তি দূর হয় না। তাই আমরা কখনও মনোধর্ম্ম গ্রহণ করি, কখনও তাহা ত্যাগ করি। ত্যাগ এবং গ্রহণের বিধি—ধর্ম্ম নহে। ধর্ম্ম ত্যাগ করা যায় না বা মনোধর্ম্মের যেখানে গ্রহণ করাও যায় না। ধর্ম্ম-সম্বন্ধীয় বুদ্ধি হইতে চ্যুত হইলেই আমরা প্রকৃতির দ্বারা চালিত হইয়া প্রকৃতির ভোক্তা-অভিমান করিয়া থাকি বা প্রকৃতির অধীশ্বর সাজিবার প্রয়াস পাই।

প্রকৃতির অধীশ্বর যে আমরা নহি—এ কথা চিন্তা করিবার অবসর আমরা পাই না। প্রকৃতির প্রলোভনে পড়িলে মানব দগ্ধই হইয়া নানা প্রকার মতবাদে প্রবেশ করে। মায়া তাহাদের উপর এমনভাবে আধিপত্য বিস্তার করেন যে, জীবের নিত্যমঙ্গলদাতা জগদ্গুরুপাদপদ্ম কৃপা-পূর্ব্বক অবতীর্ণ হইলেও সেই শ্রীগুরুপাদপদ্মের ভোক্তা-দর্শনের সম্মুখে নিজ-কৃত আড়াল আনিয়া ফেলে। বহির্ম্মুখী প্রকৃতির সঙ্গ প্রকৃষ্টরূপে পরিত্যাগ না করিলে শ্রীগুরুপাদপদ্মের কথাগুলি উপলব্ধির বিষয় হয় না। নিজ সুখকামনা চরিতার্থ করিতে হইলে প্রকৃতির সঙ্গ করিতে হয়। যাহারা বহির্ম্মুখী নিজ-সুখকামনাকে চিরতরে কৃষ্ণারাধনে ইন্ধন করিতে পারেন, তাঁহারাই প্রকৃতির অধীশ্বর বা অনন্তকোটি বিশ্বব্রহ্মাণ্ডের— অনন্তকোটি বিশ্বব্রহ্মাণ্ডের কেন,—ব্রহ্মলোক, বৈকুণ্ঠ বা তাহার অতীত গোলোক-বৃন্দাবনের—সমস্তের অধীশ্বর যে 'একমেবাদ্বিতীয়ম্' পরব্রহ্ম, সেই অদ্বয়-জ্ঞানতত্ত্ব কৃষ্ণকে হৃদয়ে ধারণ করিতে সমর্থ হন।

এই ধারণা হইতে চ্যুত হইয়াছেন যাঁহারা, তাঁহারা সকলেই প্রাকৃত। সুতরাং তাঁহারা যত প্রকারের চেষ্টাই করুন না কেন, সেই চেষ্টা ফলবতী হয় না,—যতদিন না তাঁহারা নিষ্কপট মহাভাগবতের পদতলে অভিষিক্ত হন। মহাভাগবতের পদতলে অভিষিক্ত হইলে আমাদের প্রাকৃত মন চিরকালের তরে অপসারিত হয়। তখন আমরা তথাকথিত সর্ব্বধর্ম্মসমন্বয় বা 'জগা-খিচুড়ী' না করিয়া কিম্বা মহাজনগণের উপর যোগাযোগ না করিয়া নিত্যপূর্ণচেতনের সেবক আমরা সরলতা-অবলম্বন-পূর্ব্বক অভিমানই যে আমাদের আত্মার সর্ব্বস্ব, তাহা উপলব্ধি করিতে পারি। তখনই আমরা পরমদয়াল পতিতপাবন শ্রীগুরুদেবের আদেশ প্রতিপালন জন্য কায়মনোবাক্যে চেষ্টিত হইয়া থাকি। এই প্রকার চেষ্টা—অপ্রতিহতা। কারণ, তাহা হেতু-মূলে চেষ্টা নহে। তখন পরদুঃখদুঃখী শ্রীগুরুদেব জীবের আত্যন্তিক দুঃখ দর্শন করেন, তাহাদিগকে 'দরিদ্রনারায়ণ' (?) দেখেন না।

নারায়ণের অংশ নারায়ণকে বিস্মৃত হইয়া বা স্ব স্ব ধর্ম্মচ্যুত হইয়া উপাধিগত অহঙ্কারে নানা প্রকার পাপ ভোগ করিতেছে। সেই অধোক্ষজতত্ত্ব পরব্রহ্ম শ্রীভগবান্‌কে ভুলিলেই জীব এই প্রকার দুর্গতি ভোগ করিয়া থাকে। সুতরাং পরদুঃখ-দুঃখী শ্রীগুরুপাদপদ্ম জীবের দুঃখের কারণ অনুসন্ধান করিয়া তদনুযায়ী ব্যবস্থা করিয়া থাকেন। এইটিই তাঁহার দয়ার প্রকৃষ্ট পরিচয়।

যাঁহারা উচ্চ জগদ্দর্শন করেন বলিয়া অভিমান করেন, তাঁহাদের যে বাস্তবিক দর্শন ক্রিয়া বন্ধ হইয়াছে, ইহা কি তাঁহারা অনুভব করিয়াছেন? দুষ্টবস্তু যাঁহাদের অঙ্গ, তাঁহারা কি করিয়া সেই অঙ্গ বস্তুর উপর শাসন বিস্তার করেন এবং কি করিয়াই বা তাহাদের নিকট ধর্ম্ম-প্রচার করেন কিম্বা তাহাদের মঙ্গল করিবার জন্য ব্যস্ত হন? নিজে অন্ধ হইয়া অপর অন্ধকে পথ দেখাইবার চেষ্টা কি মূর্খতা নহে?

'নারায়ণ'-অহঙ্কৃত যদি আজ আমাদের থাকিত, বা 'নারায়ণ' যদি আমাদের দর্শনের বিষয় হইতেন, তাহা হইলে কি করিয়া আমরা তাঁহাতে 'দরিদ্র' শব্দ আরোপ করিতে প্রবৃত্ত হইতাম? নারায়ণ ত' সমস্ত চেতন-অচেতনের অধীশ্বর, তিনি ত' ষড়ৈশ্বর্য্যশালী ভগবান্। তাঁহারই সেবক আমরা তাঁহাকে ভুলিয়াই আজ আমাদের এই প্রকার দুরবস্থা।

ভগবদ্বস্তু, বিষয়রূপে পতিত যে সব ক্ষুদ্র জীব, তাহাদের দুঃখ বা তাহাদের সুখ তাহাদের বিচারে তাহারা অর্জ্জন করিতেছে; প্রকৃতির দ্বারা চালিত হইয়া এই প্রকার সুখ দুঃখ ভোগ করিবার তাহারা প্রকৃতির অধীশ্বর—একমাত্র স্বরাট্ পুরুষের শরণাগত হইতে পারিতেছে না। তাঁহার শরণাগত হইলেই তিনি তাহাদিগকে প্রকৃতির কবল হইতে মুক্ত করিয়া থাকেন। ভগবদ্বহির্ম্মুখ যে-সব ক্ষুদ্রচি-সম্পন্ন জীবের নিজের নিত্য বা ভগবানের ভগবত্তাবিষয়ে উপলব্ধি হয় নাই, তাহারা প্রয়োজনীয়তা অনুভব করে না। তাই গীতায় আমরা দেখিতে পাই—সর্ব্বপ্রথমেই 'ধর্ম্ম'-শব্দ প্রয়োগ হইয়াছে। যেমন আমরা পাঠ্য-জীবনে শিক্ষা লাভ করিতে গিয়া সর্ব্ব-প্রথমে বর্ণ-বিষয়ে অভিজ্ঞতা লাভ করি, সেই প্রকার যখন আমাদের নিত্যমঙ্গল বা শান্তি-পিপাসা হৃদয়ে প্রবল হয়, তখনই আমরা শ্রীগুরুপাদপদ্মে সর্ব্ব-প্রথমে আমাদের 'ধর্ম্ম' কি, বা কর্ত্তব্য কি, তাহা জিজ্ঞাসা করিয়া থাকি। সেই ধর্ম্ম-জিজ্ঞাসার উত্তর না হওয়া পর্য্যন্ত আমরা নানাপ্রকার অভি-সন্ধিতে ব্যস্ত থাকি। তখনই কৃপাচার্য্য আমাদের নিকট অবতীর্ণ হইয়া আমাদের বা অনন্তকোটি বিশ্বব্রহ্মাণ্ডের যেখানে যত জীব আছে, তাহাদের স্বরূপ-ধর্ম্মের কথা বলিয়া থাকেন। 'ধর্ম্ম' যাহাদের আলোচ্য বিষয় হয় নাই বা যাহারা ধর্ম্ম হইতে চ্যুত, তাহারা কি করিয়া আমাদের মঙ্গল-বিধান করিতে পারেন?

ধর্ম্মই আমাদের জীবন, ধর্ম্মই আমাদের রক্ষাকর্ত্তা, ধর্ম্মই আমাদের পালনকর্ত্তা। সেই ধর্ম্মের যাঁহারা আশ্রয় গ্রহণ করেন, তাঁহারাই জগতে 'ধার্ম্মিক' বলিয়া অভিহিত হইয়া থাকেন। সেই ধার্ম্মিক ব্যক্তিগণকে বা ধর্ম্মকে যখন আমরা বিনষ্ট করিতে চেষ্টিত হই, তখনই শ্রীভগবান্ "ধর্ম্ম" শব্দের প্রকৃত অর্থ বুঝাইবার জন্য নিজে আমাদের নিকট অবতীর্ণ হন। তখন তিনি ধর্ম্মের নিত্যত্ব বা উৎকর্ষতা বুঝাইবার জন্য তাঁহার বিপক্ষ বা অসমর্থনকারী যে-সব অধার্ম্মিক ব্যক্তি, তাহাদিগকে বিনাশ করিয়া থাকেন। শাস্ত্রেও আমরা দেখিতে পাই,—"ধর্ম্ম সংস্থাপনার্থায় সম্ভবামি যুগে যুগে"। দুষ্টের দমন ও শিষ্টের পালন করাই ভগবানের একমাত্র কৃত্য। যখন যখন অধর্ম্মের প্রাবল্য আমরা দেখিতে পাই, তখন তখনই শ্রীভগবান্ স্বয়ং আসেন কিম্বা আপনার নিজ-জনকে আমাদের নিকট প্রেরণ করিয়া থাকেন।

অধর্ম্মের বিনাশ বলিলেই আমরা মনে করিতে পারি, "শ্রীভগবান্ বোধ হয় একপক্ষ অবলম্বন করিলেন", কিন্তু তাহা নহে। শাস্ত্রালোচনা করিলে আমরা দেখিতে পাই যে পূর্ব্বপুরুষেরা বলেন, যতক্ষণ প্রাণী নিজেই নিজেকে বধ করিয়া থাকে; যদিও সে নিজে আগুনে পোড়ে না, জলে ডোবে না বা অস্ত্রে কাটে না, তথাপি তাহার উপাধিগত অহঙ্কার প্রবল থাকায় বা উপাধি-দ্বারা আচ্ছাদিত থাকায় উপাধিগত বস্তুকে রক্ষা করিতে চাহিলেও উপাধি কিছুতেই সংরক্ষিত হয় না। তাই তাহাকে উপাধির হাত হইতে নির্ম্মুক্ত করিবার জন্য উপাধি-নির্ম্মুক্ত ধার্ম্মিক পুরুষগণ যে ভগবান্ কর্ত্তৃক নিত্যকাল রক্ষিত, তাঁহাদের যে কোন বিনাশ নাই, এই কথাটি বুঝাইবার জন্যই শ্রীগুরুপাদপদ্মের আবির্ভাব। আমরা যদি নিষ্কপটে শ্রীগুরুদেবের আদেশ প্রতিপালন করি, তাহা হইলে দেখিতে পাইব যে, তিনি আমাদের উপাধিগত ধর্ম্মকে বিনাশ করিয়া

মহৎকৃপা বিনা কোন কর্ম্মে ভক্তি নয়। কৃষ্ণভক্তি দূরে রহু সংসার নহে ক্ষয় ॥

না গ্রহণ করিয়া আমাদিগকে স্বধর্মে প্রতিষ্ঠিত করিবার জন্য স্বতঃ পরতঃ চেষ্টা। উপাধিগত অবস্থা হইতে নির্মুক্ত না হইলে কখন ভাবাই যে আমাদের নিত্য-স্বভাব, ইহা অনুভূতির বিষয় হয় না। শ্রীগুরুদেবের আনুগত্যে সেই পরম প্রয়োজনীয় বস্তু লাভ করিবার চেষ্টা যখন প্রবল হয়, তখনই সেই চিদ্বিষয়টির অস্তিত্ব আমাদের হৃদয়ে অনুভবনীয় হয়। তাই সর্বতোভাবে প্রবেশ করিতে হইলে আমরা সর্বাগ্রে শ্রীগুরুপাদপদ্মে প্রপন্ন হইয়া থাকি। 'প্রপন্ন' কথাটা—লোক-দেখান নহে। যিনি প্রপন্ন হইবেন, তিনি নিজেকে নিজে স্বাধীন না ভাবেন তত দিন তিনি প্রকৃতির অধীন। প্রকৃতির বিচিত্রতায় নশ্বর দর্শন-পথে পতিত না হওয়া পর্যন্ত প্রকৃতির অধীশ্বর হইবার পিপাসা আমাদের হৃদয়ে প্রবল থাকে। অহৈতুক-করুণাময় শ্রীগুরুদেব আমাদিগকে উপদেশ দেন,—'তোমরা প্রকৃতির অধীশ্বর নহ, প্রকৃতির অধীশ্বর একমাত্র ভগবান্, তাঁহাকে ভোগ করিতে গিয়াই তোমাদের এই দুরবস্থা, তোমরা যদি নিস্তার চাও, তবে আমার আদেশ অনুসারে আমার সঙ্গকে আশ্রয় করিয়া সেই মঙ্গলের অনুসন্ধান কর। এমন সুযোগ তোমরা আর কখনও পাইবে না। চৌরাশী লক্ষ যোনি ভ্রমণের পর মনুষ্যজন্মরূপ যে এমন একখানি পটু নৌকা পাইয়াছ, সেই নৌকায় বসে প্রমত্ত না থাকিয়া নৌকাস্থিত তোমাদের মঙ্গলের জন্য প্রতিষ্ঠিত হইয়া তোমাদের প্রকৃত প্রয়োজন লাভে যত্নবান হও—কায়মনোবাক্যে সর্বক্ষণ নিষ্কপটে হরি-গুরু-বৈষ্ণব-সেবায় নিযুক্ত হও। তাহা হইলেই মনুষ্যজন্মের প্রকৃত সার্থকতা সম্পাদিত হইবে।'

সন্তোষ

(প্রাপ্ত)

প্রাচ্য ও পাশ্চাত্য নীতিবিদ্গণ সকলেই একবাক্যে 'সন্তোষ' নামক বৃত্তিটিকে আভরণ প্রদান করিয়াছেন। সন্তোষ—সুখের ভিত্তিভূমি, সন্তোষ—দুঃখাপগত দেহমনীষাকে নবভাব-সদৃশ, সন্তোষ—ভোগাকাঙ্ক্ষার লোলমান্ জিহ্বার সংহারক, সন্তোষ—অন্তরের মধ্যে তৃপ্তির বন্যাধারা; কাজেই এই জগতের নীতিবিদ্গণ সর্বতোভাবে সন্তোষকে বহুমানন করিয়াছেন। প্রাচ্য ও পাশ্চাত্য কবির কাব্য ও ছন্দঃ সন্তোষের প্রতি অনেক পুষ্পাঞ্জলি প্রদান করিয়াছে।

“তোমার যেরূপ অবস্থাই থাকুক না কেন, তাহাতেই সন্তুষ্ট থাক; কারণ আকাঙ্ক্ষার শেষ নাই, তৃপ্তি নাই।” এইরূপে কৃত্রিমভাবে সন্তুষ্ট থাকিবার অনেক উপদেশ দুনিয়ার নীতিশাস্ত্রে পাওয়া যায়।

এক ব্যক্তি অত্যন্ত দারিদ্র্যের জন্য পাদুকা সংগ্রহ করিতে পারে নাই। পাদুকাহীন হইয়া সে মনের দুঃখে দিন কাটাইতেছিল। এক দিন অত্যন্ত দুঃখাকুলচিত্তে যেন না দেখিতে পায়,—এরূপভাবে উপাসনা-মন্দিরে গমন করিল। তথায় গিয়া দেখিল এক ব্যক্তি পদহীন; পদহীন ব্যক্তিকে দেখিয়া পাদুকার জন্যে ক্ষুব্ধ ব্যক্তির হৃদয়ের খেদ ঘুচিয়া গেল।

আর একজন পথিক শীতকালের ঘোর অন্ধকার রাত্রিতে একটি জঙ্গলের মধ্যে পথ হারাইয়া শীতে অত্যন্ত কষ্ট অনুভব করিতেছিল এবং নিজের ক্লেশে মুহ্যমান হইয়া রোদন করিতেছিল, এমন সময়ে ঐ ব্যক্তি দেখিতে পাইল যে, আর একব্যক্তি তাহাকে ডাকিয়া বলিতেছে,—“হে পথিক, চুপ কর, রোদন করিও না, একবার আসিয়া আমার অবস্থা দেখ, তুমি শীতে অত্যন্ত যন্ত্রণা পাইতেছ সত্য, তথাপি তুমি মৃত্তিকার উপর দাঁড়াইয়া আছ, আর আমি এই কূপের মধ্যে পড়িয়া গিয়াছি, দুই হাতে দুটি খাট ধরিয়া রহিয়াছি, গলাবধি জলে, আমার সকল শরীর ডুবিয়া রহিয়াছে, কোনরূপে মাথাটি উঁচু করিয়া রাখিয়াছি; তুমি যে কূপের মধ্যে পতিত হও নাই, এজন্য কৃতজ্ঞ অন্তরে পরমেশ্বরকে ধন্যবাদ দাও।”

এইরূপ নিজের অবস্থায় সন্তুষ্ট হইবার জন্য ভগবানের প্রতি যে কৃতজ্ঞতার উদাহরণ, তাহা ভোগ-অন্ধ-সমাজে সমাদৃত হইয়াছে। বস্তুতঃ ইহার মধ্যে ভোগের প্রাকৃত-নীতি ব্যতীত অহৈতুকী ভক্তিনীতির কোন নিদর্শন নাই।

এইরূপে ভোগাকাঙ্ক্ষাকে কৃত্রিমভাবে কারাগারে হাত-পা বাঁধিয়া রাখিয়া দিলে উহা গোপনে গর্জন করিতে থাকে এবং সময় পাইলেই আপনার স্বরূপ প্রকাশ করিয়া ফেলে। অতএব ভোগপ্রধান সমাজে এইরূপ কৃত্রিম তুষ্টি বা সন্তোষের সাময়িক যোগ্যতা থাকিলেও উহা জীবের অনর্থের ও ত্রিতাপের নিদানের চিকিৎসা করিতে পারে না।

ভক্তিরাজ্যে এইরূপ সন্তোষ বা তুষ্টির কোন মূল্য নাই। ভক্তি সর্বদাই স্বাভাবিকতা ও অকপটতাকে বরণ করে। ভোগে অত্যন্ত অতৃপ্ত ব্যক্তিগণের জন্য যে সাময়িক যোগ্যতা, বস্তুতঃনিত্যভাবে ভোগে বিরক্ত এবং ত্যাগে উদাসীন ব্যক্তিগণের নিকট তাহার মূল্য নাই। জগতের নীতিতে যে সন্তোষ, তাহা ভোগীকে কৃত্রিম-ত্যাগ শিক্ষা দিবার একটি প্রস্তাব মাত্র। সেই প্রস্তাব কতদূর কার্যকরী হইবে তদ্বিষয়ে বহু বিপরীত প্রমাণ ও সংশয় উপস্থিত হয়।

ভগবৎ-সেবা ভোগ বা ত্যাগভাবের বস্তু নহে বলিয়া সাধকের পক্ষে হরিসেবা বৃদ্ধিতে সন্তুষ্ট বা তুষ্ট না থাকাই ভক্তির লক্ষণ। যে সাধক মনে করেন, আমি যেরূপভাবে গৃহব্রত বা ত্যাগব্রত-জীবন যাপন করিয়া হরিকথা করিতেছি, তাহাতেই আমার সন্তুষ্ট থাকা উচিত, সেই সাধকের ভক্তিবৃত্তি স্তব্ধতা ধারণ করিয়াছে। হরিসেবা সর্বদাই প্রগতিশীলা। হরিসেবকের জীবন একঘেয়ে নয়। যেখানে হরিসেবার অনুষ্ঠানের মধ্যে একঘেয়ে ভাব আসিয়া গিয়াছে, সেখানে জানিতে হইবে, সাধক তাঁহার সাধনপথে অগ্রসর হইতেছেন না। অগ্রসর না হইলেই পেছনদিকে যাইতে হইবে, ক্রমে ক্রমে পতনের নিম্নপথে পতিত হইয়া—'পুনর্মূষিকো ভব' মন্ত্রে দীক্ষিত হইতে হইবে।

কি সাধন, কি সিদ্ধি—উভয় অবস্থাতেই হরিসেবা প্রগতিশালিনী, নবনবায়মান উৎকণ্ঠাময়ী, অতৃপ্ত-আর্তিময়ী। শ্রীল রূপ-গোস্বামিপাদ সাধক অবস্থার জন্য "উপদেশামৃতে" যে "উৎসাহান্নিশ্চয়াৎ" শ্লোক উপদেশ দিয়াছেন, তাহার মধ্যে যেরূপ সাধককে প্রতিমুহূর্তে হরিসেবার জন্য অতৃপ্ত হইয়া নব নব উৎসাহবিশিষ্ট হইতে হইবে, তদ্রূপ "ভক্তিরসামৃতসিন্ধুতে" অনর্থ-সঙ্কোচের পরে যে উৎকণ্ঠা, রুচি, আসক্তি প্রভৃতির কথা বলিয়াছেন এবং স্থায়িভাব লাভের পর যে বিপ্রলম্ভ ভজনের কথা জানাইয়াছেন, তাহাতেও সর্বত্রই অতৃপ্তির নিদর্শনই পাওয়া যায়। ভোগী বিষয়ী যেরূপ অতৃপ্ত হইয়া বিষয়ের অনুসন্ধান করিতে থাকে, তদ্রূপ কৃষ্ণ-বিষয়ে বিষয়ী যিনি, তিনিও কৃষ্ণসেবায় যতই আবিষ্ট হইতে থাকেন, ততই প্রবল আকাঙ্ক্ষার সহিত কৃষ্ণানুসন্ধান করেন। বিপ্রলম্ভাবস্থায় শ্রীমন্মহাপ্রভুর কৃষ্ণানুসন্ধান-লীলা, বিপ্রলম্ভ-পরিপোষ্টা শ্রীগুরুপাদপদ্মের গৌরকৃষ্ণ-ভজন সর্বদাই অতৃপ্তির আদর্শ।

প্রেমের স্বভাব, যাঁহা প্রেমের সম্বন্ধ।
সেই মানে,—“কৃষ্ণে মোর নাহি
প্রেমগন্ধ।”
উদ্বেগে দিবস না যায়,
'ক্ষণ' হৈল 'যুগ' সম।
বর্ষার মেঘপ্রায় অশ্রু বর্ষে নয়ন।
গোবিন্দ-বিরহে শূন্য হইল ত্রিভুবন।
তুষানলে পোড়ে,—যেন না যায় জীবন।
(চৈঃ চঃ অ ২০শ পঃ)

এইরূপ উৎকণ্ঠার পরাকাষ্ঠা সর্বদাই কৃষ্ণের শ্রেষ্ঠ সেবক শ্রীগুরুপাদপদ্মে দৃষ্ট হয়।

আমাদের স্মরণ হয়, যে-দিন আমরা শ্রীগুরুপাদপদ্মের প্রথম দর্শন পাইলাম, সেই-দিন সর্বপ্রথমে তাঁহার শ্রীমুখে একটি বাণী শুনিয়াছিলাম, তিনি বলিতেছিলেন,—“আমরা এই জগতে আর বেশীদিন থাকিব না, ওয়ার্নিং বেল পড়িয়া গিয়াছে, এই মুহূর্তেই এই পৃথিবী ত্যাগ করিতে হইতে পারে; সুতরাং সকলেরই নিষ্কপট গ্রহণ করিয়া মুকুন্দভজন করা উচিত।” শ্রীগুরুপাদপদ্মের এই বাণী আমাদের হৃদয়ে কোন রেখাপাত করে নাই, করিলে আমরা আমাদের বর্তমান অবস্থায় তুষ্ট থাকিতে পারিতাম না। শ্রীগুরুপাদপদ্ম দর্শনের পর অল্প দর্শন ও অল্প সঙ্গ আমাদের নিকট লোভনীয় হইত না। শ্রীগুরুপাদপদ্মের সঙ্গে নিরন্তর উৎকণ্ঠাময়ী ভজন-চেষ্টা-ব্যতীত অন্তরে যে তুষ্টি, তাহাই বহির্মুখতা বা অভক্তিনিবেশ। এইরূপ একঘেয়ে ভাবে জীবন কাটাইয়া দিব, যতটুকু পারি, ততটুকু হরিসেবার চেষ্টা দেখাইব,—এইরূপ বিচার-সমূহ সন্তোষবাদে প্রমত্ত জনের প্রতিষ্ঠান ও পরামর্শ। এইরূপ পরামর্শ শুনিয়া কেহ গৃহব্রতধর্মে নিপুণ হইয়া পড়েন, কেহ বা ত্যাগব্রতধর্মকে আত্ম-ভোগের যন্ত্র করিয়া লন, কেহ বা প্রাকৃত-সহজিয়া হইয়া পড়েন, কেহ বা পতনের বিভিন্ন পথে প্রধাবিত হন। বস্তুতঃ প্রকৃত হরিসেবক হরিসেবা করিয়া সন্তুষ্ট হইবেন না, প্রতিমুহূর্তে নূতন নূতন হরিসেবা-প্রণালীর জন্য অকপট ও আত্যন্তিক আগ্রহবিশিষ্ট হইবেন। নবনবায়মান সেবার ঐকান্তিক উৎকণ্ঠাই ভজনোন্নতির লক্ষণ। 'বাবাজীর প্রতিষ্ঠা'রূপ আপাতক সন্তোষ লাভ করিয়া হরিসেবায় গোমুখী সভার প্রতি উৎকণ্ঠাময়ী বুদ্ধি লইয়া শ্রীগুরু-কৃপাকেতন মস্তকে ধারণপূর্বক অনুক্ষণ ভজনপথে অগ্রসর হইতে হইবে। এই উৎকণ্ঠার অগ্নিশিখাকে ক্রমশঃ সাধুসঙ্গের ইন্ধনের দ্বারা বৃদ্ধি করিতে হইবে। তাহা হইলেই আমরা হরিসেবার অভিসার-ব্রতে দীক্ষিত হইতে পারিব।

শুদ্ধভক্তি-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠ শ্রীমায়াপুর
প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীজগন্নাথ-ভবনে শ্রীচৈতন্যমঠ-পরিক্রমা-পীঠ, শ্রীশ্রীগান্ধর্বিকা-গিরিধারী ও শ্রীগৌরাঙ্গ মহাপ্রভু বিরাজ করিতেছেন। সুপ্রাচীন প্রত্ন-তাত্ত্বিক [illegible] বর্ত্তমান আছে।

(২) শ্রীগৌড়ীয়মঠ
১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৫
কলিকাতায় শ্রীভক্তিবিনোদ-আসনে মঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, সঙ্কীর্ত্তন, বারচতুষ্টয়-বেলায় শ্রীমদ্ভাগবতাদি ভক্তি-গ্রন্থ সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও ত্রৈমাসিক পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়।

(৩) যোগপীঠ-শ্রীমায়াপুর-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব ভূমি মহাযোগপীঠ।

(৪) শ্রীবাস-অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৫) অদ্বৈত ভবন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং [illegible] বর্ত্তমান।

(৬) মুরারিগুপ্তের পাট
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৭) কাজি-সমাধি-পাট
প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি।

(৮) অপূর্ব্ব [illegible]
শ্রীধাম মায়াপুর

(৯) আনন্দ-সুখদ-কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান।

(১০) গৌর-গদাধর-মঠ
চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ জান্নগর (বর্দ্ধমান)

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ
মামগাছি, পোঃ জান্নগর, (বর্দ্ধমান)
শ্রীবাসাচার্য্য ঠাকুর বৃন্দাবনের পাট

(১৩) কুলদ্বীপ-গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

১৪) জহ্নুদেব-গৌড়ীয়মঠালয়

১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ
[illegible]পুর, নদীয়া

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ
মাজিদা – (শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ [illegible] (নদীয়া)

(১৭) কুঞ্জকুটীর
পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

(১৮) ভাগবত-আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৯) একায়নমঠ
[illegible]পুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

(২০) মহেশ-পণ্ডিতের পাট
[illegible], পোঃ চাকদহ (নদীয়া)

(২১) রাণাঘাট গৌড়ীয়মঠালয়

(২২) পুঁড়া গৌড়ীয়মঠ
চব্বিশ পরগণা

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ
[illegible] পোঃ ওয়ারি, ঢাকা।
পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র।

(২৪) গোপালজীউমঠ
কমলাপুর, পোঃ ঢাকা

(২৫) গদাই-গৌরাঙ্গ মঠ
পোঃ বালিয়াটি, (ঢাকা)

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ
বড়বাজার, পোঃ ময়মনসিংহ

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া (আসাম)

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ
পোঃ চকচকা, কামরূপ (আসাম)

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
৩নং পাশাং বিল্ডিং, দার্জ্জিলিং

(৩০) হরিদ্বার-গৌড়ীয়মঠ
পোঃ হরিদ্বার, জেঃ সাহারাণপুর, ইউ, পি

(৩১) পাটনা গৌড়ীয়মঠ
মিঠাপুর পাটনা।

(৩২) গয়া গৌড়ীয়মঠ
গয়া রোড, গয়া

(৩৩) সনাতন-গৌড়ীয় মঠ
৮।১৭ বড় গণেশ, বেনারস সিটি

৩৪) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

(৩৫) নৈমিষারণ্য মঠ,
পোঃ মিসরিখ, সীতাপুর (ইউ পি)

৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়
বিশ্রামঘাট, পোঃ মথুরা

(৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,
পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ
কিশোরপুর, বৃন্দাবন

(৩৯) [illegible]-কুঞ্জ
পোঃ রাধাকুণ্ড, মথুরা

(৪০) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪১) রাধাকুণ্ড গোষ্ঠবাটী

(৪২) শ্রীগোবর্দ্ধনমঠালয়
গোবর্দ্ধন, মথুরা

(৪৩) সংকেত বিহারী মঠ
[illegible], মথুরা।

(৪৪) নন্দগ্রাম গৌড়ীয়মঠালয়
পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৫) বর্ষাণা গৌড়ীয়মঠালয়
পোঃ বর্ষাণা, মথুরা

(৪৬) গোষ্ঠবিহারী মঠ—পেশোয়ারী,
পোঃ [illegible], জেলা [illegible] (পাঞ্জাব)

(৪৭) ব্যাসগৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

(৪৮) দিল্লী গৌড়ীয় মঠ
৪৫নং [illegible] রোড, নিউ দিল্লী,

(৪৯) বোম্বে গৌড়ীয়মঠ
গোয়ালিয়াট্যাঙ্ক রোড, কল্যাণধাম বিল্ডিং বোম্বে ৭

(৫০) [illegible]
পোঃ [illegible], মান্দ্রাজ
শ্রীকৃষ্ণগোদাবরীতীরবাসী [illegible] সেবা

(৫১) [illegible]-গৌড়ীয়মঠ
পোঃ কভুর, কভুর গোদাবরী মান্দ্রাজ
শ্রীকৃষ্ণগোরাঙ্গ [illegible]-গিরিধারীর সেবা

(৫২) [illegible]-গৌড়ীয়মঠ
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)

(৫৩) পুরুষোত্তম মঠ
চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা

(৫৪) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৫) [illegible]

(৫৬) [illegible]-গৌড়ীয়মঠ
পোঃ [illegible], পুরী

(৫৭) সচ্চিদানন্দ মঠ
[illegible], পোঃ কটক (উড়িষ্যা)

(৫৮) বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ

(৫৯) শ্রীব্রহ্মমাধ্বগৌড়ীয়-প্রপন্ন-আশ্রম
পোঃ [illegible], মান্দ্রাজ

(৬০) ভাগবতজনানন্দ মঠ
রুলিয়া, পোঃ [illegible], মেদিনীপুর

(৬১) অমরি গৌড়ীয়মঠ
পোঃ অমর্ষি, মেদিনীপুর

৬২) আমলাযোড়া প্রপন্নাশ্রম মঠ
পোঃ রাণীগঞ্জ (বর্দ্ধমান)

(৬৩) চৈতন্যগৌড়ীয়মঠ
[illegible], পোঃ [illegible], (মালদহ)

(৬৪) রেঙ্গুন গৌড়ীয়মঠ
২০১ নং [illegible] ষ্ট্রীট, রেঙ্গুন।

(৬৫) লণ্ডন-গৌড়ীয়মঠ
ফ্ল্যাট নং ২
৫১, [illegible] রোড
[illegible], লণ্ডন, [illegible]

(৬৬) গৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্
১৬।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা

(৬৭) গৌড়ীয়মঠ অফিস
২০এ [illegible] রোড, [illegible] (ইউ-পি)

(৬৮) শ্রী[illegible] গৌড়ীয়মঠালয়
[illegible], চট্টগ্রাম

শ্রীধাম মায়াপুর নবদ্বীপ-প্রকাশ [illegible] হইতে [illegible]
শ্রীঅনন্ত ব্রহ্মচারী ভক্ত্যালোক, ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায়		বিজ্ঞাপনের পৃষ্ঠায়	
	১ম ও দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য	১ম দিনের জন্য	পরবর্ত্তী দিনের
ভিতরে প্রতি লাইনে	।০	৶০		
" " ইঞ্চি	২৲		১।০	১৲
" সিকিকলম	৫৲	৪৲		৩৲
" অৰ্দ্ধকলম	৮৲	৬৲	৬৲	৫৲
এক কলম	১২৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

ভিতরে প্রতি ইঞ্চি ৬৲	৪।০
" সিকি কলম ১৫৲	১২৲
" অৰ্দ্ধকলম ২৪৲	১৮৲
" এক কলম ৩৬৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৸০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা ৴৫, বিশেষ সংখ্যার ভিক্ষা পৃথক।

শ্রীধাম-মায়াপুরে

—"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট"—

উচ্চ ইংরাজী বিদ্যালয়

[illegible] বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক দেখা। শিক্ষকগণ যোগ্য ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খোরাক ও বোর্ডিংখরচ প্রতি মাসে মাত্র ৬৲ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। বর্ত্তমান বর্ষে ১৬ জন বালকের মধ্যে ১৫ জন ভালভাবে উত্তীর্ণ হইয়াছে।

মেধাবী ছাত্রগণের আরও সুবিধা

পরীক্ষায় যাহারা শতকরা ৭৫ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ সচ্চরিত্র দরিদ্র ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ হাই স্কুল, শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী

(১) 'ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্', পোঃ শ্রীমায়াপুর, নদীয়া;

(২) শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা;

(৩) শ্রীযুক্ত সুপতিরঞ্জন নাগ এম্-এ, বি-এল্, পুরাণপল্টন পোঃ রমনা, ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবত,—সমগ্র ৯০্
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত — ৬৮্
দশম স্কন্ধ— ৯্
২। ভাষ্যসহ বিরাট শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৬্
৩। ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬
৪। সরস্বতী জয়শ্রী (অবাঁধা) ৪্
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৷৷০; ২য় খণ্ড ১্; ৩য় খণ্ড—৷৷০ ৪র্থ খণ্ড - ৷৷০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড —৷৷০; ২য় খণ্ড—১্; ৩য় খণ্ড—৷৷০
৭। শ্রীচৈতন্যদেব ১্
৮। সৎক্রিয়াসার দীপিকা ও সংস্কার দীপিকা ১৷০
৯। জৈবধর্ম্ম ২্
১০। গৌড়ীয় কণ্ঠহার ২্
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২্
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১্
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৷৷০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ৷০
১৫। বৈষ্ণবসাহিত্যে [illegible] ৷০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৷৷০
১৭। চৈতন্যোপনিষৎ ৷০
১৮। [illegible] ৷০
১৯। তত্ত্ববিবেক ৷০
২০। গৌড়ীয়-গৌরব ৷৵০
২১। গৌড়ীয়গীতিকা ৷৵০
২২ ভজন রহস্য ৷০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃত ও শ্রীনবদ্বীপশতক (বাঁধা) ১্
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা-সহ) ২্
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) ২্
অবাঁধা) ১৷
২৬। গীতার কেবল মাত্র ভাষা ৷০
২৭। [illegible] (সানুবাদ) ১্
২৮। [illegible] (সানুবাদ) ৷০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৷৷০
৩০। দীপ-দিগ্-দর্শন ৵০
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ৷৵০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ৷০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৷৷০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৵০
৩৫। গীতমালা ৴১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৵০
৩৭। প্রমাণ-খণ্ড ৵০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ৷০
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ ৷০
৪০। শরণাগতি ৴০
৪১। গীতাবলী ৴০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৷৷০
৪৩। সাধনতত্ত্ব ৴০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ৴
৪৫। নবদ্বীপশতক
৪৬। অর্থপঞ্চক
৪৭। সদাচারস্মৃতিঃ ৵
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৴১০
৪৯। অর্চ্চনকণ ৴১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম ও ২য়) ৬্
৫১। ব্রহ্মসংহিতা ৷০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ৷০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৷৷০
৫৪। পুরুষার্থ-বিনির্ণয় ৷০
৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ৷০
৫৬ [illegible] ও ভক্তিপথ ৵০
৫৭। ঈশোপনিষৎ (ভাষ্যাদিসহ) ৷০
৫৮। [illegible] ৵০
৫৯। সিদ্ধান্তদর্পণ ৵০
৬০। [illegible]

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ৷০
৬২। সিদ্ধান্ত সরস্বতী বিচিন্ত্যঃ ৷০
৬৩। সটীক-শিক্ষাদশমূলম্ ৷০
৬৪। [illegible] ৷০
৬৫। সানুবাদ শিক্ষাষ্টকম্ ৵০
৬৬। গৌড়ীয়ব্রতনির্ণয়ঃ ৴০
৬৭। সারার্থদর্শিনী ৵০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ৷
৬৯। এ ভিউ অফ [illegible] ৷
৭০। নামভজন ৴
৭১। বেদান্ত—ইটস্ মরফলজী অ্যাণ্ড অন্টোলজি ৷০
৭২। [illegible] ৷৵
৭৩। লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস অব শ্রীচৈতন্য মহাপ্রভু
৭৪। [illegible]
৭৫। হোয়াট গৌড়ীয়মঠ ইজ ডুইং
৭৬। দি ভাগবত
৭৭। [illegible] ৷০
৭৮। ব্রহ্মসংহিতা ১৷০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (প্রথম খণ্ড) ১৫্

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ৷০
৮১। সাধন-পথ ৷০
৮২। কল্যাণ-কল্পতরু ৵০
৮৩। গীতাবলী ৴০
৮৪। শরণাগতি ৴

তামিল ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ৴

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যদেব

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক

নদীয়া-প্রকাশ

একমাত্র পারমার্থিক দৈনিক পত্র

শ্রীধাম-মায়াপুর-নদীয়া

১৭শ বর্ষ | ১৫ বিষ্ণু ৪৫৩ গৌরাব্দ ৬ই চৈত্র বঙ্গাব্দ ১৩৪৫ ২০শে মার্চ খৃঃ ১৯৩৯, সোমবার | ১৭শ সংখ্যা

সাময়িক-প্রসঙ্গ

ভুবনমঙ্গল অবতার শ্রীশ্রীল আচার্য্যদেব অন্তর্দ্ধানলীলাভিনয়ের মধ্যেও সর্ব্বক্ষণ বীর্য্যবতী হরিকথা কীর্ত্তন করিয়া ভক্তগণের সেবোৎসাহ বর্দ্ধন করিতেছেন। তাঁহার কলিমলবিধ্বংসিনী হৃদয়স্পর্শিনী হরিকথা অনর্গলভাবে, প্রত্যেক সজ্জনমাত্রেরই হৃদয়ে এতদ্রুত সেবোৎসাহ সঞ্চারিত করিতেছে। গৌরনিজজনের এই অপার করুণার কথা অবর্ণনীয়। সত্যানুসন্ধিৎসু নিষ্কপট সজ্জনগণ একথা বর্ণে বর্ণে মর্ম্মে মর্ম্মে উপলব্ধি করিতেছেন, আশা করি।

শ্রীশ্রীবিশ্ববৈষ্ণবরাজসভার অন্যতম প্রচারক উপদেশক পণ্ডিত শ্রীপাদ ভক্তি-সৌরভ ভক্তিসারের ভক্তিশাস্ত্রী মহোদয় কিছুদিন যাবৎ শ্রীচৈতন্যমঠে শ্রীশ্রীল প্রভুপাদ ও শ্রীশ্রীল আচার্য্যদেবের অসমোর্দ্ধ মহিমার কথা কীর্ত্তন করিয়া শ্রীশ্রীল আচার্য্যদেবের কৃপাদেশে কয়েকদিন হইল শ্রীধাম মায়াপুর শ্রীচৈতন্যমঠ হইতে কতিপয় ব্রহ্মচারী সহ ত্রিপুরা জেলার অন্তর্গত চাঁদপুরে শ্রীচৈতন্য-বাণী প্রচারার্থ গমন করিয়াছেন।

শ্রীগৌড়ীয়মঠের অন্যতম প্রচারক শ্রীপাদ পদ্মাবর দাসাধিকারী ভক্তিভূষণ মহোদয় কতিপয় ব্রহ্মচারী সহ হরিকথা-প্রচারার্থ চব্বিশপরগণা জেলায় গমন করিয়া তথায় শ্রীমন্মহাপ্রভুর কথা প্রচার করিতেছেন।

গত ১৮ই মার্চ শনিবার ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিবৈভব সাগর মহারাজ কতিপয় ব্রহ্মচারী সহ শ্রীচৈতন্যমঠ হইতে শ্রীগৌড়ীয়মঠে গমন করিয়াছেন। তথা হইতে স্বামীজী অন্যত্র প্রচারে বহির্গত হইবেন।

গত ১৭ই মার্চ শুক্রবার শ্রীচৈতন্যমঠে প্রাতে উপদেশক শ্রীপাদ মহাপুরুষদাস ভক্তিশাস্ত্রী মহোদয় শ্রীচৈতন্যভাগবত হইতে নামাচার্য্য ঠাকুর হরিদাসের কথা কীর্ত্তন-মুখে আচার্য্যের অপার করুণা ও অসমোর্দ্ধ-মহিমার কথা কীর্ত্তন করিয়া সকলের আনন্দ-বর্দ্ধন করেন। অপরাহ্ণে উপদেশক পণ্ডিত শ্রীপাদ রাধাগোবিন্দ ব্রহ্মচারী ভাগবতপুরাণ-তীর্থ, ভক্তিশাস্ত্রী মহোদয় গৌড়ীয় হইতে শুদ্ধসনাতনধর্ম্ম ও আচার্য্যগণের বিশেষ প্রয়োজনীয়তা বিষয়ে প্রায় একঘণ্টাকাল হরিকথা কীর্ত্তন করেন। সন্ধ্যারাত্রিকের পর ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিবৈভব সাগর মহারাজ আচার্য্যের স্বরূপ, আচার্য্যগণ্ডা কাহাকে বলে, শ্রদ্ধা কাহাকে বলে, সৌভাগ্যবান্ জীবেরই কৃষ্ণকার্ষ্ণ্য প্রাপ্তি লাভ হয় প্রভৃতি বিষয়ে প্রায় দুইঘণ্টাকাল বহুকথা কীর্ত্তন করিয়া সকলের চিত্তাকর্ষণ করেন।

কাশী শ্রীসনাতন-গৌড়ীয়মঠে শ্রীশ্রীগৌরজন্মোৎসব

গত ৫ই মার্চ রবিবার দিবস শ্রীচৈতন্য-মঠের অন্যতম শাখা শ্রীসনাতন গৌড়ীয়মঠে পরমারাধ্যতম ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল অনন্ত-বাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী প্রভুপাদের আনুগত্যে শ্রীশ্রীগৌরজন্মোৎসব বিশেষ সমারোহের সহিত সুচারুরূপে সম্পন্ন হইয়াছে। এতদুপলক্ষে মঙ্গলারাত্রিকের পর গুরুবন্দনা, গুর্ব্বষ্টক, পঞ্চতত্ত্ব, বিভিন্ন মহাজনপদাবলী ও মহামন্ত্রাদি কীর্ত্তনের পর সমস্ত দিন ধরিয়া শ্রীচৈতন্যচরিতামৃত পারায়ণ হয়। অপরাহ্ণ ৩ ঘটিকায় শ্রীমঠের নাটমন্দিরে শ্রীপাদ সেবানন্দ ব্রহ্মচারী ভক্তিভূষণ প্রভু শ্রীগৌরজন্মোৎসব-সংখ্যা গৌড়ীয় পাঠ করেন ও শ্রীচৈতন্যমহাপ্রভুর আবির্ভাবের বৈশিষ্ট্য সম্বন্ধে একটী বক্তৃতা প্রদান করেন। নানাবর্ণের সুগন্ধি পুষ্পাদি ও বৈদ্যুতিক আলোকমালা শ্রীবিগ্রহের অপূর্ব্ব শৃঙ্গার করা হয়। সন্ধ্যারাত্রিকের পর শ্রীমঠে পুনরায় হরিকথা আলোচিত হয়।

শ্রীপাদ ভক্তিসুধাকর প্রভুর পত্র

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

কলিকাতা

১৮।৩।৩৯

শ্রীশ্রীবৈষ্ণবচরণে দণ্ডবৎ প্রণামপূর্ব্বক নিবেদন—

* * * তোমার ১১।৩ তারিখের পত্র পাইয়া সমস্ত অবগত হইলাম। শ্রীগুরুদেব তোমার প্রতি প্রসন্ন আছেন, ইহা আমার বিশ্বাস। সুতরাং তুমি নিশ্চিন্ত মনে সর্ব্বক্ষণ শ্রীহরি-গুরু বৈষ্ণব-সেবায় নিযুক্ত থাকিলে তাঁহার প্রসন্নতা উপলব্ধি করিতে পারিবে। * * শ্রীগুরুদেবের কথাই তাঁহার প্রকৃত স্বরূপ। তাঁহার কথা ও তাঁহার শ্রীবিগ্রহ উভয়ই অপ্রাকৃত ও অভিন্ন। তাঁহার বাণীর সেবা করিলে তাঁহার প্রকৃত সেবা হয়—তাঁহার প্রতি গুরুভক্তি প্রদর্শিত হয়। সেইরূপভাবে তাঁহার সন্তোষ হয়। সেইরূপ সঙ্গ নিত্য। উহা অতীব দেশ কাল পাত্র দ্বারা ব্যবহিত হয় না। একথা বিশ্বাস করিয়া উহা জানিবার জন্য সর্ব্বদা সেইরূপ সম্বন্ধজ্ঞানবিশিষ্ট হইয়া সেবাকার্য্যে নিযুক্ত থাকিবে। উহাই একমাত্র প্রয়োজনীয়। আর সব মায়া—অপস্বার্থ, নশ্বর ও কপটতা-পরিপূর্ণ। আমার দণ্ডবৎ-প্রণাম গ্রহণ করিবে। ইতি—

দাসাধম

শ্রীনারায়ণদাস ভক্তিসুধাকর

(২)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

শ্রীশ্রীবৈষ্ণবচরণে দণ্ডবৎ পূর্ব্বক নিবেদন—

* * * সকলের সহিত সেবা-সম্বন্ধে থাকা কর্ত্তব্য। নিরন্তর হরিকথা আলোচনা না করিলে সেবাবুদ্ধি শিথিল হইয়া পড়ে। শ্রীল আচার্য্যদেবের আনুগত্যের অভাব হইলে হরিকথা শোনা কিংবা বলা সম্ভব হয় না।

যাঁহার দর্শনে মুখে আইসে কৃষ্ণনাম।
তাঁহারে জানিহ তুমি বৈষ্ণবপ্রধান॥

উহাই শ্রীল আচার্য্যদেবের স্বরূপের পরিচয়। সর্ব্বদা তাঁহার কথা শ্রবণ, কীর্ত্তন ও চিন্তনদ্বারা তাঁহার প্রকৃত দর্শন প্রাপ্ত হয়। তিনি তাঁহার কথা হইতে অভিন্ন। * * তুমি এই সব কথা ভাল করিয়া বুঝিয়া নিবে এবং এই পত্র দেখাইবে। তাঁহার আনুগত্যের অভাব নাই, সুতরাং সে অনায়াসেই এই সব কথার প্রকৃত-তাৎপর্য্য গ্রহণ করিতে পারিবে। ইতি

দাসাধম

শ্রীনারায়ণদাস অধিকারী

'তিনিই প্রকৃত সাধু অর্থাৎ বৈষ্ণব—যিনি সকলের একমাত্র নিত্য ভজনীয় স্বামী কৃষ্ণ ও কৃষ্ণাভিন্ন স্বরূপে অবতীর্ণ নামের ভজন শিক্ষা দেন। সাধু বা বৈষ্ণব বা গুরু জীবের অধিকার বিচার পূর্ব্বক ক্রমশঃ ভজনের ক্রমপ্রণালী শিক্ষা দিয়া অনর্থের নিবৃত্তি করাইয়া থাকেন। রুচি ও ভাবোদয় পর্য্যন্ত জীবের অনর্থ থাকে।'

(শ্রীল আচার্য্যদেব)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

১৫ বিষ্ণু সর্ব্বশিব সংকর্ষণ গৌরাব্দ ৪৫৩

শ্রীভক্তিসিদ্ধান্তবাণী

কপট দুই প্রকার—ভোগী ও ত্যাগী। ভোগী ও ত্যাগী উভয়েই অপরের আরোপ ভারের প্রতি উদাসীন। যে যাহা অন্তর্যামীর প্রতি উদাসীন, ভগবান্ তাহাকে দয়া করেন না। ভগবান্ বিভুচিৎ, জীব অণুচিৎ। অণুর অংশের মধ্যে আবার যদি কেহ চুরি করিয়া কিছু রাখিয়া দেয়, ভগবান্কে সেইটুকুও দিবে না মনে করে, তাহা হইলে বিভুচিৎ তাহার কাছে প্রকাশিত হন না।

অপরকে বঞ্চনা করার নাম—কপটতা। আমার গুরুবর্গ—সকলকেই বঞ্চনা করিয়া নিজের অপস্বার্থ ধর্ম্ম-অর্থ-কাম-মোক্ষের ভক্ত হইব, এইরূপ দুর্ব্বুদ্ধি—কপটতা। সকল বাস্তবসত্তার বিলোপসাধনের বিচার কপটতা হইতে জাত। নিজেকে বঞ্চনা করিব—এইরূপ বিচার মহা কপটতা।

'আমি স্বতন্ত্র জীব—ভগবানের সেবা করিব না'—এইরূপ দুর্ব্বুদ্ধি প্রত্যেক কৃষ্ণবিমুখ জীবেরই আছে এবং এইজন্যই তাহারা এই বহির্জগতে এত বড় একটা field পাইয়াছে। অসৎসঙ্গকে আমরা সৎসঙ্গ বলিয়া অঙ্গীকৃত করিতে যাইতেছি। আমরা মায়ার আদেশ পালন করিতে চেষ্টা করি। যদি জীবের প্রকৃতির পরিবর্ত্তন হয়, তবেই মঙ্গল হইয়া যায়। কৃষ্ণের স্মৃতি কৃষ্ণের শ্রবণের দ্বারাই হইয়া থাকে। কৃষ্ণের শ্রবণের অভাবে কৃষ্ণের বিস্মৃতি ঘটে। কৃষ্ণ যে জিনিষ, সেই জিনিষটির সম্মুখীন হওয়া ব্যতীত অন্য উপায় নাই। কৃষ্ণের সহিত আমার যে স্মৃতি আছে, তাহা প্রকাশিত হইয়া থাকে—কৃষ্ণসম্বন্ধ-জ্ঞান লাভে।

কৃষ্ণ অধোক্ষজবস্তু তিনি অধোক্ষজ। বিষয়-কথার মধ্যে তাঁ'র অনুসন্ধান পাওয়া যায় না। তা'হ'লে কি উপায়ে এ জগতের মধ্যে তাঁ'কে দেখতে পাওয়া যাবে? নির্ম্মল অন্তঃকরণে শ্রবণ করতে হ'বে। কৃষ্ণকথা শ্রবণ করলে একটুকু শোনা হ'লেই কীর্ত্তন আরম্ভ হ'বে, কীর্ত্তন ছাড়া অন্য কথা থাকবে না। কেউ অন্য কথা শোনাতে আসলে তাকে মারতে যাবে।

আগে গুরুপাদপদ্ম আশ্রয় করতে হ'বে নচেৎ গুরু হ'য়ে (?) শোনা হ'বে যাবে থিয়েটারের অভিনয় দেখা-শোনার মত। প্রথমে নিজে লঘু হ'তে হ'বে। ইহার নাম—আশ্রয়। গুরুকে যদি গুরু ব'লে গোপন করা যায়, তা'হ'লে অসুবিধা হ'বে। শিষ্যের দান গ্রহণকারী চোরকে গুরু করতে হ'বে না। তা'হ'লে গুরু করা না হ'য়ে চাকর করা হ'য়ে যাবে। সর্ব্বস্ব গুরুপাদপদ্মে অর্পণ করতে হ'বে। আর যে গুরু (?) এক কপর্দ্দকও নিজের জন্য গ্রহণ করবেন, তিনি চোর হ'য়ে যাবেন। কৃষ্ণের দ্রব্য চুরি ক'রে নিলে আর গুরুপদবাচ্য হবেন না। যে সকল গুরু (?) শিষ্যের (?) বিত্ত অপহরণ করেন, তাঁ'রা লঘু। তাঁ'দিগকে আশ্রয় করলে আরও লঘু হ'য়ে যেতে হ'বে। প্রকৃত গুরু লাভ হ'লে তিনি (শ্রীগুরুদেব) হৃষীকের (ইন্দ্রিয়ের) দ্বারা কিরূপে হৃষীকেশের সেবা করছেন লক্ষ্য করতে হ'বে, তা'হ'লে সুবিধা হ'বে। 'আদৌ গুরুপাদাশ্রয়'। কৃষ্ণচন্দ্র আশ্রয়-বিগ্রহ হ'য়ে সৌভাগ্যবান্ জীবের নিকট উপস্থিত হন, ভাগ্যহীন জীবের নিকট উপস্থিত হন না।

বর্ত্তমানে আমাদের বিষয়ী আর যোষিৎ-দর্শন হ'চ্ছে। গুরুপাদপদ্ম দর্শন না হ'লে কৃষ্ণসেবা হয় না। গুরুপাদপদ্ম-দর্শনের পরেও যদি আবার যোষিদ্দর্শন হয়, তা'হ'লে পতন হ'য়ে গেল। তখন দুর্ব্বুদ্ধি হয় যে, গুরু থেকেও বড় গুরু আছে। যদি কেহ বাস্তবিকই গুরুপাদপদ্ম আশ্রয় করেন, আর যদি গুরুকৃষ্ণসেবা করেন, তা'হ'লে নিশ্চয়ই কৃষ্ণসেবা লাভ হ'বে—কৃষ্ণ-বিষয়ে দিব্যজ্ঞান—দীক্ষা লাভ হ'বে।

কৃষ্ণেতর বিষয়ের জ্ঞানপ্রদানের জন্য গুরুগণ কত'ই না চেষ্টা করছে! যে কার্য্য করলে বিষয়ী ও যোষিৎকে আর দেখতে হয় না, সেই কার্য্য করতে হ'বে। তখন কৃষ্ণ-যোষিৎকে পরমপূজ্য জ্ঞান করতে পারা যাবে। তখন 'যোষিতের ভোক্তা'—এই দর্শন নিরস্ত হওয়ায় ভগবানে সেবাবৃত্তি উদিত হয়। তখন কৃষ্ণের সম্যক্ দর্শন হয়—আমি 'যোষিৎপতি'—এইরূপ বিচার হয় না, কৃষ্ণই একমাত্র 'যোষিৎ-পতি' এইরূপ দর্শন হয়। কেবল কৃষ্ণভজনের উৎকণ্ঠা বৃদ্ধি হয়। যখন তখন নিজেকে গুরুর পুত্র জ্ঞান করে—এ সকল পিতা-পুত্রের সহিত আর সম্বন্ধ থাকে না—তখন মঠবাস হয়।

শ্রবণকীর্ত্তন না হ'বার জন্য কৃষ্ণের দর্শন হ'চ্ছে না। আশ্রয় ত' করব আমি! আমি আশ্রয় না করলে আর কি হ'বে? ভগবানের ইচ্ছাক্রমে সদ্গুরু লাভ হয়। ভগবানের দয়া পেলেই সব হ'বে। তাঁ'র দয়া না হ'লে আমার শত চেষ্টার দ্বারাও কিছু হ'বে না। তাঁ'র দয়াই মূল জিনিষ। যদি হৃদয়ের মধ্যে নিষ্কপট আর্ত্তি থাকে, যদি তাঁ'কে সত্য সত্যই চাই, তা'হ'লে তাঁ'র দয়া নিশ্চয়ই লাভ হ'বে।

কাম-ক্রোধ-লোভ-মোহ-মদ-মাৎসর্য্যযুক্ত হওয়াই অভক্ত হওয়া—কৃষ্ণকার্য্য-বিরোধী হওয়াই অভক্ত হওয়া। গুরুপাদপদ্মের নিতান্ত দাস হ'লে এই অভক্তি হ'তে মুক্ত হওয়া যায়। যদি একবার অগ্নিস্ফুলিঙ্গের ন্যায় স্মৃতিপটে কৃষ্ণস্মৃতি এসে যায়, অর্থাৎ আমি যে নিত্যকৃষ্ণদাস—এই অনুভূতি উদ্বুদ্ধ হয়, তা'হ'লে সমস্ত অভক্তে আগুন লেগে যায়—অভক্তগুলির মূল পর্য্যন্ত পুড়ে ছারখার হ'য়ে যায়।

সর্ব্বতোভাবে যদি কেহ হরিকীর্ত্তন করেন, তবেই তাঁ'র হরিস্মরণ হয়, তা'হ'লেই তিনি অমানী মানদ, তৃণাদপি সুনীচ হ'তে পারেন। 'তৃণাদপি' শ্লোকে 'সদা' শব্দের অর্থ—কামক্রোধাদির অবসর না দিয়ে অবিচ্ছেদে হরিকীর্ত্তন। কামক্রোধাদিযুক্ত ব্যক্তির তৃণাদপি সুনীচত্ব নাই—অন্যভোগ-বাদে রুচিসম্পন্ন ব্যক্তির তৃণাদপি সুনীচত্ব নাই। নিরন্তর কৃষ্ণানুসন্ধান বা বিপ্রলম্ভরসে আসক্ত ব্যক্তিরই তৃণাদপি সুনীচত্ব।

পরমার্থসেবা—জড়ের সেবা নহে কৃষ্ণ! হ'চ্ছেন পরমোপাস্য—সদুপাস্য সর্ব্বদা কৃষ্ণের কীর্ত্তন কর—কৃষ্ণের নাম, কৃষ্ণের রূপ, কৃষ্ণের পরিকরবৈশিষ্ট্য, কৃষ্ণের লীলা কীর্ত্তন কর, যিনি অনুক্ষণ বলেন, তাঁ'র পাদপদ্মই সর্ব্বদা উপাস্য অর্থাৎ শ্রীগুরু-পাদপদ্মই সর্ব্বতোভাবে নিত্যোপাস্য, তিনি নিত্য ভগবৎপার্ষদ, তাঁ'র সেবকগণ বৈষ্ণব।

'হিরণ্যকশিপু' জাতীয় ব্যক্তিমাত্রই—ভক্তদ্বেষী। প্রহ্লাদানুগগণ সর্ব্বদাই তাহাদের প্রতি ক্রোধ প্রকাশ করিয়া থাকেন। 'হিরণ্য' শব্দের অর্থ—স্বর্ণ বা প্রাকৃত ধন এবং 'কশিপু' শব্দের অর্থ—শয্যা। যাহারা প্রাকৃত ধন ও সুকোমল শয্যায় আসক্ত অর্থাৎ যাহারা শ্রীকৃষ্ণের সেবা বাদ দিয়া জগতের যাবতীয় দ্রব্য ভোগ করিতে প্রধাবিত, তাহারাই 'হিরণ্যকশিপু'; আর প্রকৃষ্টরূপে কৃষ্ণের আহ্লাদোৎপাদনই—প্রহ্লাদের কার্য্য। হিরণ্যকশিপু সর্ব্বদাই প্রহ্লাদের সেবাকার্য্যে বাধা প্রদান করিবে, সে তাহা না করিয়া থাকিতে পারে না; তাহাকে ঐ প্রকার কার্য্য হইতে নিবৃত্ত করিতে, অন্ততঃ প্রহ্লাদের নিকট উপস্থিত হইতে না পারে, তন্নিমিত্ত তাহার প্রতি ক্রোধ-প্রকাশই প্রহ্লাদের হিরণ্যকশিপুর প্রতি চরম দয়ার নিদর্শন। আমার দেহ, আমার স্বজন—যে কেহ আমাকে ভগবদ্ভক্তির পথে বাধা প্রদান করে, সেই ভক্তদ্বেষী; প্রকৃত মঙ্গল লাভ করিতে হইলে ভক্তদ্বেষিগণের প্রতি ক্রোধ প্রকাশ করিতেই হইবে। শ্রীনৃসিংহদেব স্বয়ং হিরণ্যকশিপুর বক্ষবিদারণ-দ্বারা ভক্তদ্বেষীর প্রতি ক্রোধ-প্রকাশের উদাহরণ প্রদর্শন করিয়াছেন—প্রহ্লাদ স্বীয় ভক্তদ্বেষী পিতা হিরণ্যকশিপুর প্রতি 'অসুর' প্রভৃতি শব্দ প্রয়োগ করিয়া "ক্রোধ ভক্তদ্বেষিজনে" বাক্যের সার্থকতা সম্পাদন করিয়াছেন।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

শ্রীশ্রীমায়াপুরচন্দ্রো বিজয়তেতমাম্

শ্রীশ্রীনবদ্বীপধাম-প্রচারিণ্যাঃ সভায়াঃ

শ্রীশ্রীগৌরাশীর্ব্বাদপত্রম্

(১)

ঢাকাখ্য-নগরীবাসি-পুণ্যশীলায় ধীমতে।
সদনুষ্ঠানশালায় রাজকার্য্যধর্ম্মাত্মনে॥
রায়বাহাদুরাখ্য-শ্রীমনোমোহননামিনে।
নিয়োগীত্যুপনামে শ্রীমঠসেবাবিধায়িনে॥
শ্রীহরিপ্রীতিকামায় সিংহাসনপ্রদায়িনে।
বৈষ্ণবসদ্গুণাঢ্যায় কীর্ত্তনে মহাত্মনে॥
ভক্তিভূষণ ইত্যেতদুপাধিরতুলং শুভম্।
ধামপ্রচারিণীসংসৎসভ্যৈস্তস্মৈ সমর্প্যতে॥
গোদ্রুমস্থ নবদ্বীপে শাকে মায়াপুরে শুভে।
ফাল্গুনপূর্ণিমায়াং শ্রীগৌরাবির্ভাববাসরে॥

স্বাঃ— শ্রীভক্তিবিনোদ ঠাকুর

সভাপতিঃ

(২)

পাটলীপুত্রগৌড়ীয়মঠসংসেবনে রতঃ।
সংকীর্ত্তনাঃ রতো যো বৈষ্ণবপ্রীতিভাজনম্॥
সজ্জনপালনদক্ষঃ রাসঃ কৃষ্ণার্থবাধিতঃ।
শ্রীমান্ দাসাধিকারী চ সেবোৎসাহী সদাশয়ঃ॥
ধামপ্রচারিণীসংসৎসভ্যৈস্তস্মৈ প্রদীয়তে।
ভক্তিপ্রসূন ইত্যেষ উপাধিরয়ং সাদরম্॥
গোদ্রুমস্থ শৈলগ্রামে শাকে মায়াপুরে বরে।
ফাল্গুনপূর্ণিমায়াং শ্রীগৌরাবির্ভাববাসরে॥

স্বাঃ—

সভাপতিঃ

(৩)

সদাচারসম্পন্নো বিপ্রবংশবিভূষণম্।
শ্রীমানন্দপূর্ব্বকঃ লীলাধরমূর্ত্তিমান্॥
তত দাসাধিকারীতি-নাম্না সাধুজনাশ্রিতঃ।
হরিকথানুরাগী শ্রীগুরোরভীষ্টপূরকঃ॥
ধামপ্রচারিণীসংসৎসভ্যৈস্তস্মৈ প্রদীয়তে।
ভাগবতভূষণ ইত্যেষ উপাধিপ্রবরো শুভঃ॥
খ-রস-গজ-শশাঙ্ক-শাকে মায়াপুরোত্তমে।
ফাল্গুনপূর্ণিমায়াং শ্রীগৌরাবির্ভাববাসরে॥

স্বাঃ—

সভাপতিঃ

(৪)

নোয়াখালীজিলাজাতো ঢাকাপ্রবাসিনাং বরঃ।
গৌরভক্তপরাচিত্ত-সর্ব্বশক্তিমান্ বুধঃ॥
বিদ্যাবিনয়যুক্তশ্চ সজ্জনপ্রীতিভাজনম্।
কায়েন মনসা বাচা বিষ্ণুবার্ত্তাপ্রকাশকঃ॥
শ্রীমন্দিরপূর্ব্বকঃ মুরারিমুকুন্দঃ।
বি-এ ইত্যুপনামাঢ্যো গৌরাশিষবিভূষিতঃ॥

ধামপ্রচারিণীসংসৎসভ্যৈস্তস্মৈ প্রদীয়তে।
ভক্তিভূষণ ইত্যেষ উপাধিরয়ং সাদরম্॥
গোদ্রুমস্থ নবদ্বীপে শাকে মায়াপুরে বরে।
ফাল্গুনপূর্ণিমায়াং শ্রীগৌরাবির্ভাববাসরে॥

স্বাঃ—

সভাপতিঃ

(৫)

দাসাধিকারিনাম্না যঃ শ্রীরামকৃষ্ণাঙ্কিতঃ।
বিবিধকার্য্যনৈপুণ্যো সেবোৎসাহপরায়ণঃ॥
প্রার্থী গুরুকৃপাদৃষ্টৌ বৈষ্ণবসেবনে রতঃ।
বিনীতো মানদো ধীরঃ শ্রীচৈতন্যমঠাশ্রিতঃ॥
ধামপ্রচারিণীসংসৎসভ্যৈস্তস্মৈ বিতীর্য্যতে।
কার্য্যনিপুণ ইত্যেষ উপাধিরয়ং সাদরম্॥
খ রস গজ-চন্দ্রাব্দে শাকে মায়াপুরে বরে।
ফাল্গুনপূর্ণিমায়াং শ্রীগৌরাবির্ভাববাসরে॥

স্বাঃ—

সভাপতিঃ

(৬)

উৎকলদেশসম্ভূতঃ শ্রীনিত্যানন্দনায়কঃ।
ব্রহ্মচারিবরঃ শান্তো গৌড়ীয়মঠসেবকঃ॥
অর্চ্চনাবিধরো নিত্যং বৈষ্ণবাদেশপালকঃ।
সাধুসেবাপরায়ণো হরিকথাপ্রয়োজনবান্॥
ধামপ্রচারিণীসংসৎসভ্যৈস্তস্মৈ প্রদীয়তে।
ভক্তিগৌরব ইত্যেতদুপনাম সুশোভনম্॥
গোদ্রুমস্থ শশাঙ্ক-শাকে মায়াপুরে শুভে।
ফাল্গুনপূর্ণিমায়াং শ্রীগৌরাবির্ভাববাসরে॥

স্বাঃ—

সভাপতিঃ

(৭)

মুকুন্দমাধবো নাম শ্রীমান্ বর্ণী সতাং প্রিয়ঃ।
নিষ্কপটো বিনীতশ্চ পাটনামঠ-সেবকঃ॥
সেবোৎসাহী সুবুদ্ধিঃ শ্রীনামগানপরায়ণঃ
গুরুভক্তিযুতো নিত্যং বৈষ্ণবানন্দবর্দ্ধকঃ॥
ধামপ্রচারিণীসংসৎসভ্যৈস্তস্মৈ প্রদীয়তে।
ভক্তিমুকুন্দ ইত্যেতদুপনামাত্র সাদরম্॥
গোদ্রুমস্থ নবদ্বীপে শাকে মায়াপুরে বরে।
ফাল্গুনপূর্ণিমায়াং শ্রীগৌরাবির্ভাববাসরে॥

স্বাঃ-

সভাপতিঃ

(৮)

কলিকাতাস্থবিখ্যাত-বসুকুলকলানিধিঃ।
বাগ্মী বিবুধঃ সাধুঃ সজ্জনানন্দবর্দ্ধনঃ।
হরিচারুকৃতো দক্ষঃ প্রচারাদিসহায়কঃ।
মদনমোহনো নাম শ্রীযুক্তো গুণাকরঃ॥
ধামপ্রচারিণীসংসৎসভ্যৈস্তস্মৈ প্রদীয়তে।
ভক্তিভূষণ ইত্যেষ উপাধিপ্রবরো শুভঃ

গোদ্রুমস্থ নবদ্বীপে শাকে মায়াপুরে বরে।
ফাল্গুনপূর্ণিমায়াং শ্রীগৌরাবির্ভাববাসরে॥

স্বাঃ—

সভাপতিঃ

(৯)

শ্রীব্রজবিহারীর-গৌড়ীয়মঠসেবকঃ।
ব্রহ্মচারিবরঃ শ্রীনিতাইদাসনায়কঃ॥
হরিনিয়মাধিকারোদ্যঃ সেবানিষ্ঠাপ্রদর্শকঃ।
সদ্বিচার দৃঢ় গম্ভীরো বৈষ্ণবনির্ব্বন্ধনঃ॥
ধামপ্রচারিণীসংসৎসভ্যৈস্তস্মৈ সমর্প্যতে।
ভক্তিমুকুল ইত্যেতদুপাধিরতুলং মহৎ॥
গোদ্রুমস্থ নবদ্বীপে শাকে মায়াপুরে শুভে।
ফাল্গুনপূর্ণিমায়াং শ্রীগৌরাবির্ভাববাসরে॥

স্বাঃ—

সভাপতিঃ

(১০)

সাধুসঙ্গরতঃ শ্রীযোগেশ্বরাভিধঃ সুধীঃ।
দাসাধিকারিবাক্ চ সদাচারবিচক্ষণঃ॥
লোকহিতৈষণাবিজ্ঞঃ সর্ব্বদারি-বিহীনকঃ।
বিদ্যাবুদ্ধিসম্পন্নোঽপি মঠসেবানুসারকঃ॥
ধামপ্রচারিণীসংসৎসভ্যৈস্তস্মৈ সমর্প্যতে।
ভাগবতভূষিত ইত্যেতদুপাধিরতুলং শুভম্॥
গোদ্রুমস্থ নবদ্বীপে শাকে মায়াপুরে শুভে।
ফাল্গুনপূর্ণিমায়াং শ্রীগৌরাবির্ভাববাসরে॥

স্বাঃ—

সভাপতিঃ

(১১)

শ্রীগৌড়ীয়মঠস্থায় নরোত্তমনাম্নিনে।
ব্রহ্মচারিসমাজায় শ্রীমতে ভক্তিসংযুজে॥
শ্রীগুরুগৌরসেবার্থং প্রচুরশ্রমকারিণে।
বৈষ্ণবসেবাপরায় বিনয়োৎসাহশালিনে॥
ধামপ্রচারিণীসংসৎসভ্যৈস্তস্মৈ প্রদীয়তে।
ভক্তিকুসুম ইত্যেষ উপাধিপ্রবরো মুদা॥
খ-রসরস-চন্দ্রাব্দে শাকে মায়াপুরে স্থলী।
ফাল্গুনপূর্ণিমায়াং শ্রীগৌরাবির্ভাববাসরে॥

স্বাঃ—

সভাপতিঃ

(১২)

শ্রীগুরোর্বৈষ্ণবানাঞ্চ সেবৈকব্রতধারিণে।
শ্রীচৈতন্যমঠস্থ শ্রীনারসিংহনামিনে॥
ব্রহ্মচর্য্যাশ্রমস্থায় গুরোর্নির্দ্দেশপালিনে।
নামকীর্ত্তনযোগায় ভক্তসেবাবিলাসিনে॥
ধামপ্রচারিণীসংসৎসভ্যৈস্তস্মৈ প্রদীয়তে।
ভক্তিকল্যাণ ইত্যাখ্যমুপনাম সমুজ্জ্বলম্॥
খ-রসশৈলশশাঙ্কাব্দে শাকে মায়াপুরে বরে।
ফাল্গুনপূর্ণিমায়াং শ্রীগৌরাবির্ভাববাসরে॥

স্বাঃ—

সভাপতিঃ

সাধুসঙ্গ সাধুসঙ্গ সর্ব্বশাস্ত্রে কয়। লবমাত্র সাধুসঙ্গে সর্ব্বসিদ্ধি হয়॥

শুদ্ধভক্তি-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠ

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীব্রজপত্তন ভবনে শ্রীশ্রীগৌরচন্দ্র, গান্ধর্ব্বিকা-গিরিধারী, শ্রীশ্রীরাধাকৃষ্ণ শ্রীশ্রীগৌরাঙ্গের শ্রীপাদপদ্ম আছে, চতুর্দ্দিকে শ্রীবিগ্রহ আছেন। সুপ্রাচীন গ্রন্থ-প্রদর্শনী ও প্রাচীন অনুসন্ধানের ব্যবস্থা আছে।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৪
কলিকাতায় শ্রীভক্তিবিনোদ-আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমদ্ভাগবত পাঠ, সঙ্কীর্ত্তন, প্রাণ্যাদি সেবায় শ্রীমদ্ভাগবত পাঠ ও গ্রন্থের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও হারমণিষ্ট পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়।

(৩) যোগপীঠ-মায়াপুর-পীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব-ভূমি মহাযোগপীঠ।

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৫) অদ্বৈত-ভবন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং টোল বর্ত্তমান।

(৬) মুরারিগুপ্তের পাট

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৭) কাজি-সমাধি-পাট

প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
উহা গৌরকৃপা-প্রাপ্ত শ্রীচাঁদকাজীর সমাধি।

(৮) শ্রীনৃসিংহপল্লী শ্রীলক্ষ্মীনৃসিংহ-পাট

শ্রীধাম মায়াপুর

(৯) স্বানন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ চাকদহ (বর্দ্ধমান)

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মাউগাছি, পোঃ জাহ্নগর, (বর্দ্ধমান)
শ্রীব্যাসাবতার ঠাকুর বৃন্দাবনের স্থান

(১৩) ঋতুদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(১৪) জহ্নুদ্বীপ-গৌড়ীয়মঠাশ্রম

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ

গৌড়পুর, নদীয়া

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ

মাজিদা - (শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৭) কুলিয়ার

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ চাঁদখালি, (নদীয়া)

(২০) মহেশ-পণ্ডিতের পাট

কাঁঠালপুলি, পোঃ চাকদহ (নদীয়া)

(২১) রাণাঘাট-গৌড়ীয়মঠাশ্রম

(২২) পুরী গৌড়ীয়মঠ

চাঁদমুখ পরগণা

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ

বালিয়াটী পোঃ ওয়ারি, ঢাকা।
পূর্ববঙ্গের প্রচার-কেন্দ্র।

(২৪) গোপালজীউমঠ

কমলাপুর, পোঃ ঢাকা

(২৫) মধাই-গৌরাঙ্গ মঠ

পোঃ বালিয়াটি, (ঢাকা)

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

বড়বাজার, পোঃ ময়মনসিংহ

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চকচকা, কামরূপ (আসাম)

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

৩নং পাগলা ঝোরা, দার্জ্জিলিং

(৩০) নারায়ণ-গৌড়ীয়মঠ

পোঃ চরিহার, জেঃ সাহারণপুর, ইউ, পি

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

মছুয়াটোলী পাটনা।

(৩২) গয়া গৌড়ীয়মঠ

বিষ্ণুপদ রোড, গয়া

(৩৩) সনাতন-গৌড়ীয় মঠ

৮।১৭ বড় গণেশমহল্লা, বেনারস সিটি

(৩৪) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

(৩৫) পরমহংস মঠ,

পোঃ নিমসার, সীতাপুর ইউ পি।

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়

বিশ্রামঘাট, পোঃ মথুরা

(৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ

কিশোরপুর, বৃন্দাবন

(৩৯) ব্রজস্বানন্দ-সুখদকুঞ্জ

পোঃ রাধাকুণ্ড (মথুরা)

(৪০) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪১) রাধাকুণ্ড গোবর্দ্ধনী

(৪২) শ্রীগোবর্দ্ধনমঠালয়

গোবর্দ্ধন, মথুরা

(৪৩) নন্দের বিহারী মঠ

বর্ষাণা, মথুরা।

(৪৪) নন্দগ্রাম গৌড়ীয়মঠালয়

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৫) বর্ষাণা গৌড়ীয়মঠালয়

পোঃ বর্ষাণা, মথুরা

(৪৬) গৌরবিহারী মঠ—সেকপাড়া,

পোঃ ফেরোজপুর, জেলা গুরদাসপুর (পাঞ্জাব)

(৪৭) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

(৪৮) দিল্লী গৌড়ীয় মঠ

৪৫নং কুতুব রোড, নই দিল্লী

(৪৯) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, অ্যাপোলো বিল্ডিং বোম্বে ৭

(৫০) মাদ্রাজ-গৌড়ীয়মঠ

পোঃ রায়পেটা, মাদ্রাজ
শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকাগিরিধারীর সেবা

(৫১) রাজমহেন্দ্রী-গৌড়ীয়মঠ

পোঃ কভুর, গোদাবরী (মাদ্রাজ)
শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকা-গিরিধারীর সেবা

(৫২) মঠগৌড়ীয়মঠ

আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)

(৫৩) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা

(৫৪) ভক্তিকুটী—স্বর্গদ্বার পুরী

(৫৫) সত্যকুটী

(৫৬) ভিবড়ি-গৌড়ীয়মঠ

পোঃ ভুবনেশ্বর, পুরী

(৫৭) সচ্চিদানন্দ মঠ

গঙ্গাবাড়ি, পোঃ কটক (উড়িষ্যা)

(৫৮) সারঙ্গধর গৌড়ীয়মঠ

(৫৯) শ্রীব্রহ্মমাধ্বগৌড়ীয়-প্রপন্ন-মণ্ডপ

পোঃ বড়বাজার, পঞ্জাব

(৬০) আশ্রমপ্রপন্নাশ্রম মঠ

চিংড়িয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর

(৬১) জামাই গৌড়ীয়মঠ

পোঃ জামাই, মেদিনীপুর

(৬২) আমলাজোড়া প্রপন্নাশ্রম মঠ

পোঃ রাজবাঁধ (বর্দ্ধমান)

(৬৩) চৈতন্যগৌড়ীয়মঠ

ভুবনকুণ্ড, পোঃ চৈতন্য, (মানভূম)

(৬৪) রেঙ্গুণ গৌড়ীয়মঠ

৭০১ নং শেষিষ্টন ষ্ট্রীট, রেঙ্গুণ।

(৬৫) লণ্ডন-গৌড়ীয়মঠ

ফ্ল্যাট নং ৩
৫১, ক্রমওয়েল রোড
গ্লাষ্টার, লণ্ডন, এস ই

(৬৬) গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

১৬।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা

(৬৭) গৌড়ীয়মঠ অফিস

২০৪ টিউলেট রোড, লক্ষ্ণৌ (ইউ-পি)

(৬৮) শ্রীবিদ্যানিধি গৌড়ীয়মঠালয়

নন্দনকানন, চট্টগ্রাম

শ্রীধাম মায়াপুর নদীয়া-প্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস হইতে মহোপদেশক শ্রীপ্রমোদভূষণ চক্রবর্ত্তী প্রত্নবিদ্যালঙ্কার-সম্পাদিত
শ্রীব্রহ্মানন্দ ব্রহ্মচারী ভক্তালোক, ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

-:০:-

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায়		বিজ্ঞাপনের পৃষ্ঠায়	
	১ম ও দ্বিতীয় দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য	১ম ও দ্বিতীয় দিনের জন্য	পরবর্ত্তী দিনের
প্রতিবারে প্রতি লাইনে	।০	৷/০		
" " ইঞ্চি	২৲			১৲
সিকিকলম	৫৲	৪৲		৩৲
অৰ্দ্ধকলম	৮৲	৬৲		৫৲
" এক কলম	১২৲	১০৲	১০৲	

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিবারে প্রতি ইঞ্চি	৬৲	৩।০
" সিকি কলম	১৮৲	১২৲
" অৰ্দ্ধকলম	২৪৲	১৮৲
" এক কলম	৩৬৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষান্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২॥০
মাসিক "	১৲

সংখ্যা ৴৫ ; বিশেষ সংখ্যার মূল্য স্বতন্ত্র ।

শ্রীধাম মায়াপুরে

—:০:—

"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট"—

—:০:—

[illegible] অধ্যাপকবৃন্দ

গঙ্গাতীরে [illegible] স্বাস্থ্যকর ; বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক খোলা। অধ্যাপকগণ খাঁটি ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। আহার ও বোর্ডিংবাসের প্রতি মাসে মাত্র ৬৲ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন্ পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিয়াছে। বর্ত্তমান বর্ষে ১৬ জন বালকের মধ্যে ১৫ জন ভালভাবে উত্তীর্ণ হইয়াছে।

মেধাবী ছাত্রগণের আরও সুবিধা

পরীক্ষায় যাহারা শতকরা ৬৫ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ সচ্চরিত্র দরিদ্র ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট,
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অভিজ্ঞভাবে আলোচিত হইয়াছে। এই এক অপূর্ব্ব সৌষ্ঠব বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

[illegible]ল প্রভুপাদের প্রবন্ধাবলী

—:০:—

শ্রীল প্রভুপাদের চতুঃষষ্টিতম বর্ষপূর্ত্ত্যাবির্ভাব-তিথিতে শ্রীল আচার্য্যদেবের অনুকম্পায় "শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী" প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। ইহাতে পূর্ব্বার্দ্ধ ও উত্তরার্দ্ধ দুইটি বিভাগ আছে। পূর্ব্বার্দ্ধে শ্রীল প্রভুপাদের আদি প্রবন্ধাবলী শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের সম্পাদিত '[illegible]', শ্রীল প্রভুপাদের 'নিবেদন' সাপ্তাহিক পত্র প্রভৃতি হইতে যথাযথ ও প্রয়োজনীয় অর্থ টীকা-সহ প্রকাশিত হইয়াছে। উত্তরার্দ্ধে শ্রীল প্রভুপাদের সম্পাদিত 'সজ্জনতোষণী'র কতিপয় প্রবন্ধ যথাযথ প্রভৃতির সহিত মুদ্রিত হইয়াছে। প্রবন্ধগুলি বর্ষাকালের ক্রমানুসারে গ্রথিত হইয়াছে; এতদ্ব্যতীত শ্রীল আচার্য্যদেবের একটি মূল্যবান্ উপোদ্ঘাত ও সম্পাদকীয় একটি বিস্তৃত ভূমিকা, শব্দ সূচী, স্থান-পাত্র-শ্লোক ও পয়ার-সূচী প্রভৃতি গ্রন্থে সংযোজিত হইয়াছে। দেশী উৎকৃষ্ট কাগজে পরিপাটীরূপে মুদ্রিত ও শ্রীল প্রভুপাদের আলেখ্যাদিদ্বারা ভূষিত ও সুন্দর বাঁধাই হইয়া প্রকাশিত হইয়াছে। প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, জিলা নদীয়া; শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ও শ্রীমাধ্বগৌড়ীয়মঠ, [illegible], পোঃ ওয়ারী, ঢাকা।

[illegible]ল প্রভুপাদের পদ্যপ্রসূন মালা

এই গ্রন্থে ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তি-সিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের রচিত পদ্যাবলী শ্রীল আচার্য্যদেবের বিরচিত "সৌরভ" নামক ভাষ্যের সহিত প্রকাশিত হইয়াছে। শ্রীল প্রভুপাদের অনেক অপ্রকাশিত পদ্য ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ॥০ আট আনা।

চৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত্র অভিজ্ঞতার সহিত সন্নিবিষ্ট হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ৪৲ টাকা। প্রাপ্তিস্থান শ্রীযুক্ত [illegible] ব্রহ্মচারী, শ্রীযোগপীঠ, [illegible], পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের দর্শনের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপাধ্যায় পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী সম্প্রদায়-বৈভবাচার্য এম-এ মহোদয়ের গ্রেষণাবেশ্য এবং পরিপক্ক লেখনীর অদ্ভুত ফল আবালবৃদ্ধ কবিতা প্রভাবে বর্ণন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত্র-পাঠে বহু হইবে। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিভিন্ন চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত শ্রীকৃষ্ণ-চৈতন্য মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সমন্বয় আলোচনা। প্রথম খণ্ডই প্রথম আকারে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ঐ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের প্রস্তাব, মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকারের ভূমিকাদ্বয় (Prefaces), বিষয়-তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সূচিপত্র ও শব্দসূচী-(Index Glossary) সহ গ্রন্থখানি প্রকাশিত। ভিক্ষা—১৫. পনর টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, রায়পেট্টা মাদ্রাজ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

ঠাকুর ভক্তিবিনোদ

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি-প্রচারের মূল মহাজন সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির আদিলীলা, জীবনচরিত এতদিন পর্যন্ত সমাজে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিন পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয়মঠাচার্য্যবরের প্রিয়শিষ্য সর্ববিদ্যাধিতিবিদ্যাক সু-লেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু মূল্যবান শিক্ষামালাও সন্নিবিষ্ট হইয়াছে। সর্বসমেত ১০৫ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৬০ আনা; ডাক খরচ স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান—ম্যানেজার গ্রন্থবিভাগ
শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু গ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১৪।১নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্

উক্ত কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

ই. বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	৪-৩৬	৬-০৬	৭-২৬	১২-২৬	১৪-৫০	১৬-৫৫	১৭-৫০	২২-২০
রাণাঘাট পৌঃ			৮-৫০	১৪-১৫				
(বদল) ছাঃ			৯-৩১	১৪-৫০				
কৃষ্ণনগর পৌঃ	৭-১	৮-৪৫	১০-৮	১৫-২৩	১৭-২৮	১৯-১১	২০-১৩	১-১৪
(বদল) ছাঃ	৭-১২		১০-৩১		১৭-৩৮		২০-২৩	
নবদ্বীপঘাট পৌঃ	৭-৪১		১১-১০		১৮-১৩		২০-৪৬	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
রাণাঘাট পৌঃ	১২-৫৫
ছাঃ	১৩-০
শান্তিপুর পৌঃ	১৩-২৬
(বদল) ছাঃ	১৩-৩১ (লাইট্ রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪-২
ছাঃ	১৪-২০
নবদ্বীপঘাট পৌঃ	১৫-০

ডাউন

নবদ্বীপঘাট ছাঃ		৫-৪৫		৯-২৫		১৩-৩১	১৬-০	১৮-৩১	
কৃষ্ণনগর পৌঃ		৬-২৩	৯-১৩	১০-৩	১১-৪১	১৪-১৩	১৬-৩৮	১৯-১১	
ছাঃ		৬-২৩	৭-১৮	১০-১১			১৬-৫৫	১৯-২৫	
রাণাঘাট পৌঃ				১০-৪৩			১৭-৩১		
(বদল) ছাঃ				১১-০			১৭-৪০		
কলিকাতা পৌঃ		৮-১৩	৯-২১	১২-১	১২-১৩	১৪-১৩	১৯-১১	২১-৪১	২৩-২৩

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৩-৩১	১৬-০	
কৃষ্ণনগর পৌঃ	১৪-১০	১৬-৩৮	
ছাঃ	১৫-২৮	১৭-১৫	
শান্তিপুর পৌঃ	১৬-৯	১৭-৫০	
(বদল) ছাঃ	১৬-৪৪	১৮-১ (রবিবার ভিন্ন)	১৮-৮ (রবিবার)
রাণাঘাট পৌঃ	১৭-১০	১৮-২৭	১৮-৩৩
(বদল) ছাঃ	১৭-৪০	১৮-৪০	১৮-৪০
কলিকাতা পৌঃ	১৯-১১	২০-৩	২০-৩

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠ ভরণের

... পাচন

সর্ব্ববিধ অজীর্ণ অম্লপিত্ত ...

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু নরনারীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাটতি এত অত্যন্ত অধিক। শিক্ষার যাঁহা সংযুক্ত তালাবদ্ধ এবং নূতন ও পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। মূল্য ছোট বোতল ৷৵০ দশ আনা, বড় বোতল ১৷৵০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা

অথবা

পোঃ বেহালা, ২৪ পরগণা।

ফোন— শ্রীমায়াপুর ৭
টেলিগ্রাম—শ্রীধাম
শ্রীমায়াপুর

REGD NO C 1544

দৈনিক নদীয়াপ্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৪শ খণ্ড | শ্রীমায়াপুর – ৭ই চৈত্র, ১৩৪৫, ২১শে মার্চ, ১৯৩৯ মঙ্গলবার | ১৮শ সংখ্যা

বিবিধ সংবাদ

——::০::——

ইঙ্গ-ভারত বাণিজ্য-চুক্তি

সরকারী মহলের আলোচনা হইতে জানা যায় যে, নূতন ইঙ্গ-ভারত বাণিজ্য-চুক্তি ২২শে মার্চ এক সঙ্গে ভারতবর্ষ ও ইংলণ্ডে প্রকাশ করা হইবে। ২৭শে মার্চ অথবা বাজেট বিলের আলোচনার শেষ হওয়া মাত্র কেন্দ্রীয় পরিষদে ইহার আলোচনা হইতে পারে। যতদূর সম্ভব আর্থিক বৎসর শেষ হইবার পূর্বেই চুক্তির শর্তাবলি সম্পর্কে পরিষদে ভোট গ্রহণের চেষ্টা করা হইবে।

কারণ তাহা হইলে নূতন বৎসরে শুল্কের পরিবর্তন করা প্রয়োজন হইলে যথা সময়েই তাহা প্রবর্তন করা সম্ভব হইবে। ৩১শে মার্চ তুলা, কাগজ, ম্যাগনেসিয়াম ক্লোরাইড, চিনি ও বস্ত্রশিল্প সম্পর্কে এই শুল্ক বিল উপস্থিত করিবার সম্ভাবনা আছে।

———

মহীশূরে দায়িত্বশীল শাসনতন্ত্র

রাজন্যবর্গের নিকট বড়লাট যখন দেশীয় রাজ্য সম্বন্ধে বক্তৃতা দিয়াছেন তথাপি মহীশূরের তাহার ... করিয়াছে। মহীশূরের প্রজাদের আত্মশাসন বিষয় লইয়া আলোচনা করিবার জন্য যে সংস্কার কমিটি বসিয়াছে, তাহা বর্তমানে মহীশূর গভর্ণমেন্ট ও গণতন্ত্রী দলের মধ্যে আপোষ করার জন্য প্রকৃত উন্নতি কামনা করে বলিয়া প্রকাশ। সুতরাং কেন্দ্রীয় ... সরকারী কাউন্সিলের ... প্রতিনিধি পরিষদ ও ব্যবস্থাপক সভা হইতে একজন করিয়া—এই দুইজন সাধারণের নির্বাচিত মন্ত্রী লইয়া শাসন পরিষদ গঠিত হওয়া উচিত বলিয়া মনে করেন। দেওয়ান এই শাসন পরিষদের নেতা হইবেন। বিশেষ দায়িত্বপূর্ণ মহল হইতে অবগত হইয়াছি যে, কমিটি কোনরূপ দ্বৈতশাসনের পক্ষপাতী নহে। কিন্তু তাঁহারা যুক্তরাষ্ট্রিক প্রথার সমর্থক অধিকাংশ সদস্য এখন পর্যন্ত সম্বন্ধে কোনরূপ স্থির ধারণা না হইতে পারে, সেইজন্য গঠনতন্ত্রের ভূমিকায় দায়িত্বশীল গবর্ণমেন্ট বলিয়া ঘোষণা করার পক্ষপাতী। দেশীয় রাজ্যগুলির রাজনীতি সম্পর্কে অধুনা সংঘটিত ঘটনাবলীতে সংস্কার কমিটি বিশেষভাবে প্রভাবান্বিত হইয়াছে। দেশের সর্বত্র এমন কি, সরকারী কর্তৃপক্ষের ধারণা যে, কমিটি দীর্ঘকাল ধরিয়া চলিতেছে এবং সুপারিশ জানাইতে কমিটির আর বিলম্ব করা উচিত নহে। শাসনতন্ত্র শেষ পর্যন্ত যে আকারেই গ্রহণ করুক না কেন, সকলেই একমত যে, অন্ততঃ কয়েক দফায় আত্মশাসন দেওয়া হইবে। তবে সি পি রামস্বামী আয়ার কংগ্রেসের বিরুদ্ধে সম্প্রতি বিষোদগার করা সত্ত্বেও মাদ্রাজে মহীশূরের অবস্থার পরিণতি গভীর মনোযোগের সহিত পরিলক্ষিত হইতেছে।

অনাবৃষ্টি ও প্রবল ঘূর্ণিবাত্যার ফলে গঞ্জাম জেলায় সর্বত্র শস্যের অশেষ ক্ষতি হইয়াছে। একত্র উড়িষ্যা সরকার গঞ্জাম জেলায় প্রায় ৩৫ হাজার টাকা খাজনা মকুব করিয়াছেন।

পঁয়ত্রিশ হাজার টাকার খাজনা মকুব

অনাবৃষ্টির ফলে ভোরহী পাহাড়ের নিকটবর্তী গ্রামসমূহে মোটেই শস্য হয় নাই। এই কারণে গবর্ণমেন্ট এই সকল গ্রামে সম্পূর্ণ খাজনা মকুব করিয়াছেন।

গঞ্জাম এষ্টেটে ঘূর্ণিবাত্যার ফলে শস্যের যথেষ্ট ক্ষতি হইয়াছে।

জানা গিয়াছে যে, গবর্ণমেন্ট শস্য হানির প্রতি ভূস্বামীগণের দৃষ্টি আকর্ষণ করিয়া প্রজাদের খাজনা মকুব করিবার জন্য তাহাদিগকে অনুরোধ করিয়াছেন।

লবণ সংগ্রহের সুবিধা সঙ্কোচ

প্রকাশ, সমুদ্রতীরবর্তী গ্রামসমূহে লবণ আইনের অপব্যবহারের জন্য এবং ঐ আইন ভঙ্গে বাধাদানের অসুবিধার জন্য গান্ধী-আরউইন চুক্তি অনুসারে প্রাপ্ত লবণ তৈয়ারীর সুবিধা সঙ্কোচ করিবার সিদ্ধান্ত করা হইয়াছে। এখন হইতে দুই মাস লবণ তৈয়ারী করা এবং দুই সপ্তাহ লবণ সংগ্রহ করা চলিবে। লবণ বিভাগের কর্মচারিগণ গ্রামবাসীদের প্রয়োজন অনুসারে লবণ সংগ্রহের পরিমাণ স্থির করিবার চেষ্টা অসন্তোষজনক হওয়ায় এই নূতন বন্দোবস্ত করা হইল।

যে সকল স্থানে স্বাভাবিক উপায়ে স্তূপাকার লবণ জমিয়া থাকে তথা হইতে লবণ সংগ্রহের জন্য দুই মাস সময় অত্যন্ত বেশী বলিয়া কর্তৃপক্ষ মনে করেন। তাঁহাদের মতে দুই ঋতুতে এক সপ্তাহ করিয়া দুই সপ্তাহ সময়েই এই উদ্দেশ্য যথেষ্ট।

কৃষ্ণনগর সংবাদ

——::(০)::——

আগামী ২৫শে মার্চ ১১ই চৈত্র শনিবার সন্ধ্যা ৬॥ ঘটিকার কৃষ্ণনগর রামগোপাল টাউন হলে বঙ্গীয় সাহিত্য সম্মেলনের কৃষ্ণনগর অধিবেশনের অভ্যর্থনা সমিতির সদস্যগণের এক সভা হইবে। সভ্যগণের উপস্থিতি প্রার্থনীয়।

আলোচ্য বিষয়

১। সম্মেলনের আয় ব্যয় পর্যালোচনা

২। বিবিধ।

শ্রী—লাল ভট্টাচার্য
সাধারণ সম্পাদক
অভ্যর্থনা সমিতি, কৃষ্ণনগর
১৫ই মার্চ ১৯৩৯

———

লক্ষ্ণৌ বিশ্ববিদ্যালয়

যাহারা লক্ষ্ণৌ বিশ্ববিদ্যালয়ের বিশেষ হিতসাধন করিয়াছেন, তাঁহাদের স্মৃতি রক্ষার জন্য বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষ তাঁহাদের নাম অনুসারে কোন কোন বিল্ডিং ও লেকচার হলের নামকরণের সিদ্ধান্ত করিয়াছেন। তদনুসারে এখন হইতে সি ভি হোষ্টেল ডি, ভি হোষ্টেল, গোকর্ণনাথ মিশ্র হোষ্টেল পুরাতন কেমিষ্ট্রি লেকচার থিয়েটার এ পি সেন লেকচার থিয়েটার, বটিং হল, রামপাল সিং হল এবং লাইব্রেরীর বিল্ডিং কম, বিশেশ্বরনাথ বিল্ডিং রূপ নামে অভিহিত হইবে।

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল সরস্বতী ঠাকুরের পরবিদ্যাভূষণ গোস্বামী মহারাজ সম্পাদিত ইংরেজী পাক্ষিক। প্রতি একাদশীতে প্রকাশিত হয়। কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। সডাক ভিক্ষা ৩।০ টাকা মাত্র।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩্, ষাণ্মাসিক ১।০ টাকা মাত্র।

৩। ভাগবত—হিন্দিভাষায় একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১্ টাকা।

৪। পরমার্থী—শ্রীযুক্ত মধুসূদন মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ টাকা মাত্র

৫। শ্রীগৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ মাত্র।

শ্রীভক্তিবিনোদ আবির্ভাব-শতবর্ষপূর্তি-তিথিপূজার উপায়ন-গ্রন্থমালা

———::(০)::———

১। গীতিসাহিত্যে শ্রীভক্তিবিনোদ

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র গীতিসাহিত্যের আলোচনা-গ্রন্থ)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

২। শ্রীভক্তিবিনোদবাণীবৈভব

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের রচনামৃতসাগর হইতে সংগৃহীত ১০৮টী অধ্যায়ে সম্বন্ধ-অভিধেয়-প্রয়োজনাকারে গ্রথিত অমূল্য উপদেশপূর্ণ গ্রন্থ)

ভিক্ষা—৩্ তিন টাকা মাত্র।

৩। ভক্তিবিনোদ-প্রসঙ্গ

ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ ও ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল সরস্বতী ঠাকুরের পরবিদ্যাভূষণ গোস্বামী প্রভু-বিরচিত এবং গৌড়ীয়ে প্রকাশিত শ্রীশ্রীভক্তিবিনোদ-চরিত্র-প্রসঙ্গ

ভিক্ষা—।৶০ ছয় আনা মাত্র।

৪। ছাত্রদের ভক্তিবিনোদ

(ছাত্রদের উপযোগী ভাষায় লিখিত শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্র ও শিক্ষা)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

ছাত্রদের পক্ষে ভিক্ষা—।০ আট আনা মাত্র)

প্রাপ্তিস্থান :—

(১) 'ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট', পোঃ শ্রীমায়াপুর, নদীয়া ;

২) শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ;

৩ শ্রীযুক্ত সুধাংশুরঞ্জন রায় এম্-এ, বি-এল্, ভুবনেশ্বরী পোঃ বগুলা, ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবত,—সমগ্র ৪০্

প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ৩৮্

দশম স্কন্ধ— ৭্

২। অনুভাষ্য বিবৃতি শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৬

৩। অনুভাষ্য শ্রীচৈতন্যচরিতামৃত ৬

৪। সরস্বতী জয়শ্রী (অবাঁধা) ৪

৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী

১ম খণ্ড ৷০ ; ২য় খণ্ড ৩য় খণ্ড—৷০ ৪র্থ খণ্ড—৷০

৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী

১ম খণ্ড—৷০ ; ২য় খণ্ড—১্, ৩য় খণ্ড—৷০

৭। শ্রীচৈতন্যদেব ১্

৮। সৎক্রিয়াসার দীপিকা সংস্কার দীপিকা ১।০

৯। বৈষ্ণবধর্ম ২্

১০। গৌড়ীয় কণ্ঠহার ২্

১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২্

১২। শ্রীমহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১্

১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৷০

১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ।০

১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ-তত্ত্ব ।০

১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৷০

১৭। বৈষ্ণবোপনিষৎ ।০

১৮। [illegible] ।০

১৯। তত্ত্ববিবেক ।০

২০। গৌড়ীয়-গৌরব ।৶০

২১। [illegible] ।৶০

২২। [illegible] ।০

২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃত ও শ্রীনবদ্বীপশতক (বাঁধা) ১্

২৪। গীতা (শ্রীবলদেব-টীকা-সহ) ২্

২৫। গীতা (চক্রবর্তি-টীকাসহ) ২্ অবাঁধা) ১্

২৬। গীতার বৈষ্ণব বাংলা ভাষ্য ।০

২৭। [illegible] (সানুবাদ) ১্

২৮। [illegible] (সানুবাদ) ।০

২৯। প্রেমবিবর্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৷০

৩০। দীপ-দিগ্-দর্শন ৶০

৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ।৶০

৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ।০

৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৷০

৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶০

৩৫। গীতমালা ৴১০

৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৶০

৩৭। [illegible] প্রদীপ-খণ্ড ৶০

৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০

৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ ।০

৪০। শরণাগতি ৴০

৪১। গীতাবলী ৴০

৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৷০

৪৩। [illegible] ৴০

৪৪। [illegible] ৴

৪৫। নবদ্বীপশতক

৪৬। [illegible]

৪৭। সদাচারস্মৃতিঃ ০/

৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৴৷০

৪৯। অর্চনপথ ৴১০

৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম ও ২য় খণ্ড) ৬্

৫১। ব্রহ্মসংহিতা ৷০

৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।০

৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৷০

৫৪। পুরুষার্থ-বিনির্ণয় ।০

৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ।০

৫৬। [illegible] ও [illegible] ৶০

৫৭। ঈশোপনিষৎ (ভাষ্যাদিসহ) ।০

৫৮। [illegible] ৶০

৫৯। সিদ্ধান্তদর্পণ ৶০

৬০। সাংখ্যবাণী ৴০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।০

৬২। সিদ্ধান্ত-সরস্বতী বিজয়ঃ

৬৩। সটীক-শিক্ষাষ্টকম্

৬৪। [illegible]

৬৫। সানুবাদ শিক্ষাষ্টকম্

৬৬। [illegible] ।০

৬৭। [illegible] ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।০

৬৯। [illegible] ।০

৭০। [illegible] ৴০

৭১। বেদান্ত—ইট্‌স মর্ফোলজী অ্যাণ্ড অন্টোলজী ।০

৭২। [illegible] ।৶০

৭৩। লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস্ অব শ্রীচৈতন্য মহাপ্রভু

৭৪। বৈষ্ণবীজম্ ।০

৭৫। [illegible] গৌড়ীয় মঠ ইন ব্রীফ ৵০

৭৬। দি হারমনিস্ট ।০

৭৭। [illegible] অ্যাণ্ড [illegible] ।০

৭৮। ব্রহ্মসংহিতা ১৷০

৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (প্রথম খণ্ড) ১০্

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি

৮১। সাধন-পথ

৮২। কল্যাণ-কল্পতরু

৮৩। গীতাবলী

৮৪। শরণাগতি

আসামী ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক

নদীয়া-প্রকাশ

একমাত্র পারমার্থিক দৈনিক পত্র

শ্রীধাম-মায়াপুর-নদীয়া

১৭শ বর্ষ | ১৬ বিষ্ণু ৪৫৩ গৌরাব্দ ৭ই চৈত্র বঙ্গাব্দ ১৩৪৫ ২১শে মার্চ ইং ১৯৩৯, মঙ্গলবার | ১৮শ সংখ্যা

সাময়িক-প্রসঙ্গ

কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠে মহামহোপদেশক অধ্যাপক শ্রীপাদ নারায়ণদাস ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী এবং মহোদয় নিয়মিত হরিকথা আলোচনা করিয়া শ্রীশ্রীগুরুপাদপদ্মসেবার ভক্তগণের চিত্তরঞ্জন করিতেছেন।

———

শ্রীধাম মায়াপুর শ্রীযোগপীঠ শ্রীমন্দিরে পণ্ডিত শ্রীপাদ [illegible] ভক্তিশাস্ত্রী মহোদয় প্রত্যহ সন্ধ্যারাত্রিকের পর শ্রীমদ্ভাগবত পাঠ ও ব্যাখ্যা করিয়া সকলের আনন্দবর্দ্ধন করিতেছেন।

———

শ্রীকৃষ্ণচৈতন্য মঠে শ্রীগৌরজন্মোৎসব

গত ২১শে ফাল্গুন রবিবার শ্রীধাম-বৃন্দাবনস্থ শ্রীকৃষ্ণচৈতন্যমঠে শ্রী[illegible]বৈষ্ণব রাজসভার রাজপাত্র ও বিষ্ণুপাদ পরমহংস শ্রীমদ্ [illegible] গোস্বামী মহারাজের আনুগত্যে শ্রীশ্রীগৌরজন্মোৎসব শ্রীনামসংকীর্ত্তনমুখে সুচারুরূপে সম্পন্ন হইয়াছে। [illegible] শ্রীমঙ্গলারাত্রিকান্তে শ্রীগুরু-বৈষ্ণববন্দনা, শ্রীগুরুপূজা, পঞ্চতত্ত্ব ও মহামন্ত্র কীর্ত্তনান্তে বেলা ৯টা পর্য্যন্ত শ্রীচৈতন্যভাগবত পারায়ণ হয়। পরে শ্রীবিগ্রহের অভিষেকাদি সমাপনান্তে বেলা [illegible] হইবার পর শ্রীচৈতন্যভাগবত হইতে শ্রীমন্মহাপ্রভুর জন্মলীলা পাঠ ও ব্যাখ্যা হয়।

প্রভুপাদের বাণী

শ্রীগুরুপাদপদ্মের নিকট কীর্ত্তন শ্রবণ করলে তাঁর [illegible] পরিণাম [illegible] [illegible] সৌভাগ্য লাভ করি, তা'হলে ভগবানের সেবা করতে পারি। শুরুপাদপদ্ম ও তাঁর [illegible] বস্তু নন। আমি মূর্খ, যে ভাষায় বললে আমার মূর্খতা যায়, তাঁরা সেই ভাষায় ব'লে আমার মূর্খতা অপনোদনের [illegible] [illegible] সঞ্চার করেন। সাধুদের বাণী [illegible] action এর মত। উহা অসদ্বস্তুকে repel ও সদ্বস্তুকে attract করে। সাধুগণের সঙ্গফলে সদ্বুদ্ধি লাভ হয়। অসদ্বস্তু ত্যাগ ও সদ্বস্তুগ্রহণের পরামর্শ ব্যতীত সাধুগণ অন্য পরামর্শ প্রদান করেন না। যাঁরা অসাধু তাঁরা সর্ব্বক্ষণ অন্যান্য পরামর্শ প্রদান করেন, অন্যান্য কথাবার্ত্তা বলেন।

শ্রীগুরুপাদপদ্মের কৃপাবলে ভক্তের বাধা [illegible] অপসারিত হয়। ভক্তের বাধা সাময়িক অপসারিত হ'লে সুবিধা হয়। গুরুমুখে—সাধুদের নিকট হ'তে শ্রবণ হয়। তাঁদের নিষ্কপট [illegible] গ্রহণের সুযোগ। নতুবা নিষ্কপটী হ'লে কখনও সংকল্পের বাধা হ'তে পারে, [illegible] নিষ্কপটী হ'বার জন্য [illegible], [illegible] [illegible] চলি, আবার কখনও [illegible] [illegible] গ্রহণ ক'রে অন্যায় সাধন করি। শ্রবণকীর্ত্তনের অভাব হ'লেই এই ক্ষতি হয়। শ্রীগুরুপাদপদ্ম হ'তে এক মুহূর্ত্তের জন্য বিচ্যুত হ'লে এরূপ দুর্দ্দশা অনিবার্য। শ্রবণকীর্ত্তন জল, সেবকাগী—[illegible] পারমার্থিক ব্যক্তি। বিশ্রম্ভের সহিত সর্ব্বদা শ্রীগুরুপাদপদ্মের সেবাই একমাত্র কৃত্য। আর পাঁচজনকে জিজ্ঞাসা করবার কোন দরকার নেই।

যিনি ভগবৎপাদপদ্মের সর্ব্বদা অনুশীলন করেন, তাঁর আনুগত্যকারী সেবাভাগী যিনি তাঁর সেবা করেন তাঁর [illegible] [illegible] যেতে পারে, অন্যথায় পাওয়া যেতে পারে না। নবধাভক্তি সবাই স্বীকার্য্য, অর্থাৎ কার্য্যটী [illegible]

———

গত [illegible]শে ফাল্গুন সোমবার গৌর-জয়ন্তী-বাসরে নির্দ্দিষ্ট পারলৌকিক ভক্তবৃন্দ ও অভ্যাগতগণকে বিবিধ মহাপ্রসাদ প্রদান করা হয়। বহু [illegible] মহাপ্রসাদ দেওয়া হইয়াছিল। শ্রীযুক্তা [illegible] দেবী ও চট্টগ্রাম [illegible] শ্রীযুক্ত [illegible] বাবু উক্ত উৎসবের ব্যয়ভার বহন করিয়া সকলের ধন্যবাদার্হ হইয়াছেন।

বাস্তবিক [illegible] [illegible] শ্রবণ করেন, তাঁরই মঙ্গল হয়। যদি আমাদের এমন সৌভাগ্য হয় যে, আমরা ভগবদ্ভক্তের সঙ্গ পাই, তা'হলে সেই সুযোগ কখনও যেন না একবার [illegible]—[illegible]। [illegible] [illegible] [illegible] তিনি [illegible] [illegible] প্রদান করেন। যাঁদের [illegible] [illegible] [illegible], তাঁরা এই সুবিধাটী পান। [illegible] [illegible] [illegible], তাঁর [illegible] শ্রীগুরুপাদপদ্ম উপস্থিত হন।

ভগবান্ যেরূপ সেব্য, তদপেক্ষাও অধিকতর সেব্য ভগবানের সেবক সম্প্রদায়। যাঁরা [illegible] ভগবানের সেবা করেন, তাঁরা বিষয় ও আশ্রয় [illegible] সেবা ক'রে থাকেন। [illegible] সেবার সহিত আশ্রয় [illegible] সংযোগ আছে। যাঁদের [illegible], তাঁরা শ্রীগুরুপাদপদ্মের সেবা [illegible] পারেন না। শ্রীচৈতন্যদেবের সেবা করবার পূর্ব্বে গুরুসেবা; সেই গুরুসেবা সর্ব্বাগ্রে গুরুদেবের সেবা। পূজককে ভগবান্ পূজা ক'রে থাকেন। সর্ব্বাপেক্ষা পূজ্য—ভগবান্। আর সেই ভগবানের পূজার পাত্র—[illegible] ভগবদ্ভক্ত। সেই ভগবদ্ভক্তের মধ্যে—শ্রীগুরুপাদপদ্ম। ভগবান্ যাঁ'র পূজা ক'রে থাকেন, সেই ভক্তের পূজা নিশ্চয়ই [illegible]।

ভগবান্ [illegible] [illegible] পূজা করতে হ'বে [illegible] [illegible] [illegible], তিনিই গুরুপাদপদ্ম। [illegible] [illegible] গুরুপাদপদ্মের [illegible] [illegible]। প্রত্যেক [illegible] [illegible] [illegible] [illegible] [illegible]।

"তিনিই প্রকৃত সাধু অর্থাৎ বৈষ্ণব—যিনি সকলের একমাত্র নিত্যভজনীয় নামী কৃষ্ণ ও কৃষ্ণাভিন্ন শব্দরূপে অবতীর্ণ নামের ভজন শিক্ষা দেন। সাধু বা বৈষ্ণব বা গুরু জীবের অধিকার বিচার পূর্ব্বক ক্রমশঃ ভজনের শুদ্ধপ্রণালী শিক্ষা দিয়া অনর্থের নিবৃত্তি করাইয়া থাকেন। শ্রদ্ধা হইতে ভাবোদয় পর্য্যন্ত জীবের অনর্থ থাকে।"

(শ্রীল আচার্য্যদেব)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

১৩ বিষ্ণু বাধু প্রত্যয় গৌরাব্দ ৪৫৩

আচার্য্যের করুণা

——::/•\::——

আমরা দুঃখময় ভবসাগরে নিমজ্জিত বদ্ধজীব। এই সংসার-সমুদ্রে আচার্য্যই একমাত্র কর্ণধার বা দীনবন্ধু। আচার্য্য ব্যতীত মাদৃশ পতিত জীবের রক্ষাকর্ত্তা বা পালনকর্ত্তা আর কেহ নাই। তিনিই বিশ্বের একমাত্র আশ্রয়স্থল। তিনি বিনা 'আর রক্ষাকর্ত্তা নাহি এ ভব সংসারে।' তাই মহাজন গাহিয়াছেন,—

গুরুদেব!
আমার উপায় নাই।
তুমি কৃপা করি আমারে লইলে
সংসার উদ্ধার পাই॥

গুরুদেব!
আমি ত তোমার জন।
তোমারে ছাড়িয়া সংসার ভজিনু
ভুলিয়া আপন ধন॥

গুরুদেব!
তুমি ত সকলি জান।
আপনার জনে দণ্ডিয়া এখন
শ্রীচরণে দেহ স্থান॥

মায়াক্রান্ত জীবের দুঃখের অবধি নাই। তাই পরদুঃখদুঃখী আচার্য্যের কোমল প্রাণ আমাদের জন্য কাঁদিয়াছে এবং এইজন্যই পতিতপাবন আচার্য্যের অবতার। এই আচার্য্য মুকুন্দপ্রিয়জন। তিনি নিত্যানন্দ প্রভু। তিনি আশ্রয়বিগ্রহ—সেবক-ভগবান্, কেবলমাত্র আশ্রয়জাতীয়-সেবক নহেন—জীব নহেন—সাধারণ বৈষ্ণব নহেন; তিনি বৈষ্ণবরাজ, মহাভাগবতবর ও পরমহংস-কুলচূড়ামণি। সেই পতিতপাবনের কৃপাই মাদৃশ পতিত জীবের একমাত্র সম্বল, আর কোন ভরসা দেখি না। তিনি পরমদয়াল অহৈতুক কৃপাময়, মহাবদান্য, অমোঘ-দর্শী, পরদুঃখদুঃখী, দীনের বন্ধু, কাঙ্গালের ঠাকুর, গৌরকরুণাশক্তি, অযাচকে কৃষ্ণপ্রেমদাতা —ইহাই একমাত্র ভরসা। এই আচার্য্য বা শ্রীগুরুদেবের সন্ধান জগদ্গুরু শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ আমাদিগকে দিয়াছেন,—

শ্রীমুকুন্দপ্রিয়জন গুরুদেবে জান মন,
তোমা লাগি' পতিতপাবন।
জগতে প্রকট তাই তাঁহা বিনা গতি নাই,
যদি চাহ আপন কুশল॥
তাঁহার চরণে ধরি ভজনেশ সদা স্মরি
এ ভক্তিবিনোদে দেহ' বল॥

শ্রীভক্তিবিনোদবাণীতে পাই—শ্রীগুরুদেব আমার ন্যায় পতিতকে উদ্ধারের জন্যই ইহজগতে নিত্যকাল প্রকটিত আছেন। তিনি সকলমঙ্গলাগার। তাঁহার আশ্রয় ব্যতীত আমার ন্যায় পতিতের গতি নাই। সেইজন্য করুণাময় ঠাকুর ভক্তিবিনোদ তাঁহার চরণে ধরিয়া আদেশ স্মরণ করিতে বলিয়াছেন, আচার্য্যের অনুগত থাকিয়া তাঁহার কৃপাদেশ শিরোধারণ করত গুরুসেবাময় জীবনযাপন করিতে বলিয়াছেন। সেই গৌরনিজজন ঠাকুর ভক্তিবিনোদের আদেশ, উপদেশ, কৃপা ও আশীর্ব্বাদ আমাদের শিরোধার্য্য হউক।

কৃষ্ণকার্ষ্ণের সম্বন্ধই আমাদের নিত্য-সম্বন্ধ, কৃষ্ণকার্ষ্ণপদধূলিই আমাদের নিত্য-ত্রাণ। মহাপ্রভু—শ্রীকৃষ্ণচৈতন্য; আর আচার্য্য—কার্ষ্ণ চৈতন্য। আমাদের নিত্যপ্রভু শ্রীগুরুদেব; আর আমার প্রভুর প্রভু—মহাপ্রভু। শ্রীগুরুপাদপদ্মই আমাদের সম্বল সম্পদ্। তৎপাদপদ্মই আমাদের ভজন-পূজন, তাহাই আমাদের প্রাণধন, জীবনের জীবন ও আভরণ। সেই আচার্য্যপাদপদ্ম সেবাই—তাঁহার ইচ্ছার সহিত ইচ্ছা মিশান—ই—তাঁহার আজ্ঞাবাহী নিষ্কপট ভৃত্য হওয়াই আমাদের ব্রত, তপ, জপ, ধর্ম্ম, কর্ম্ম যা' কিছু সব। এই আচার্য্যের সেবা বা গুরুসেবা অন্ধবিশ্বাস, মনের উচ্ছ্বাস বা ভাবপ্রবণতা নহে, ইহা আচার্য্য-ভৃত্যানুভৃত্যের অন্তরের কথা, অন্তরের সঙ্গপ্রীতি বা ভালবাসা। আচার্য্য সেই হৃদয় অধিকার করিয়াছে, প্রভুত্ব বিস্তার করিয়াছে। যেখানে করুণাময় আচার্য্য সেবককে কৃপাপূর্ব্বক গ্রহণ করিয়াছেন এবং গুরুসেবকও গুরুকৃপায় শ্রীগুরুপাদপদ্মকে নিঃসন্দিগ্ধভাবে যথার্থবিধ, পরমার্থীয় এবং একমাত্র আশ্রয়স্থল বলিয়া জানিবার সৌভাগ্য পাইয়াছে, সেখানে সংশয়ের কোন কথা নাই। সেখানে পরস্পরের মধ্যে একটা নিত্যসম্বন্ধ আছে। সমস্ত বিশ্ব তাঁহার প্রভুর বিরুদ্ধে দাঁড়াইলেও সেই শরণাগত গুরুদাস ভগবৎপরিকর শ্রীগুরুপাদপদ্মকে ছাড়া ত' দূরের কথা, সে বিষয় কোনদিন স্বপ্নে চিন্তাও করিতে পারেন না। নিষ্কপট জীবের প্রতি গুরুদেবের এত করুণা! এত দয়া! সেই গুরুপাদপদ্মে শরণাগত গুরুভক্তগণের সঙ্গই আমাদের কাম্য হউক। তাঁহাদের সঙ্গে থাকিয়া গুরুসেবার সৌভাগ্য আমাদের উদিত হউক।

সেবায় বহু বাধা, সেবাপথ—কোটি-কণ্টকময় বদ্ধজীব আমরা এ সকল কথা জানি না বলিয়া দয়ার-সাগর ভগবৎপ্রেরিত আচার্য্যগণ বিঘ্নরাশির কথা জানাইয়া পূর্ব্ব হইতেই আমাদিগকে সাবধান করেন ইহা জীবের প্রতি আচার্য্যের অপার করুণার নিদর্শন। আচার্য্য যদি কৃপা করিয়া ভক্তিকণ্টক বিদূরিত না করেন, সৎ ও অসতের স্বরূপের কথা কীর্ত্তন না করেন, তাহা হইলে আমরা কখনও শুদ্ধভক্তির সন্ধান পাইতে পারি না। স্বসুখকামী ভীরু আমরা বহির্ম্মুখ লোকের চীৎকারে অনেক সময় হটিয়া যাই এবং মনে করি যে, আমাদের কাম্য প্রতিষ্ঠা বা স্ব-সুখটাই যখন দরকার, তখন অপরের উপকার করিতে গিয়া—অপরকে কৃষ্ণকার্ষ্ণের সন্ধান দিতে গিয়া, তাঁহাদিগকে ভগবৎসেবার আকৃষ্ট বা নিযুক্ত করিবার কথা বলিতে গিয়া নানা প্রকার বহির্ম্মুখ লোকের গালাগালি শোনাই বা কি আবশ্যক? সুতরাং চুপ চাপ্ থাকাই ভাল, নির্জ্জনভজনানন্দী হওয়াই শ্রেয়ঃ। সত্যকথা না বলাই ভাল। কারণ, বোবার শত্রু নাই। কিন্তু পরদুঃখদুঃখী করুণাময় আচার্য্য এইরূপ স্বসুখকামী, প্রতিষ্ঠাকামী বা কাপুরুষ নহেন। সহস্র সহস্র লোক ত' দূরের কথা, অনন্তকোটী বিশ্বব্রহ্মাণ্ডের লোক যদি তাঁহার বিরুদ্ধে দণ্ডায়মান হইয়া তাঁহার নিন্দা করে তথাপি তিনি বাস্তবসত্যের কথা তারস্বরে বোলা না করিয়া থাকিতে পারেন না। বাস্তবসত্যকথা অনন্তকোটী বিশ্বের কোটি কোটি জীবের মধ্যে অন্ততঃ একটিরও কর্ণে প্রবিষ্ট হইয়া যাহাতে তাহার চিত্তকে শুদ্ধ করে, তজ্জন্যই তাঁহার আপ্রাণচেষ্টা। জীবের প্রতি তাঁহার এত দয়া! এত করুণা! এত তাঁহার মহাবদান্যতা! এত তাঁহার পরদুঃখকাতরতা!

সত্যকথা প্রচার করিতে গেলেই বহু বিপদ। সেইজন্য যাঁহারাই সত্য প্রচার করিয়াছেন, হরিবিমুখ মৎসর জগৎ তাঁহাদের সেই জগন্মঙ্গল-কার্য্যে বাধা প্রদান করিয়াছে। আচার্য্য গণগড্ডলিকার পক্ষপাতী নহেন, তিনি শ্রৌতপন্থী। তিনি শ্রৌত-ধারা-সংরক্ষণকারী। তিনি প্রচ্ছন্নভজনা-নন্দী বৈষ্ণবের ন্যায় বিবিক্তানন্দী নহেন, তিনি গোষ্ঠ্যানন্দী—বিশ্বে শ্রীচৈতন্যবাণী-কীর্ত্তনকারী। তিনি বহির্ম্মুখলোকপ্রিয়তার অপেক্ষা করেন না বা ভজনানন্দী বৈষ্ণবের ন্যায় কেবল স্বভজনে রত থাকেন না, তিনি জীবমঙ্গলের জন্য শ্রীমন্মহাপ্রভুর কথা আচার করিয়া প্রচার করিয়া থাকেন। সেইজন্য ভজনানন্দী বৈষ্ণব অপেক্ষা জীবের প্রতি তাঁহাদের দয়া আরও বেশী। তাঁহারাই অধিক পরোপকারী। প্রহ্লাদ, মাধ্বাচার্য্য ঠাকুর হরিদাস, শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ, শ্রীল প্রভুপাদ প্রমুখ নিত্যসিদ্ধভগবৎপার্ষদ-গণ যতদিন বাস্তব-সত্যকথা প্রচার করেন নাই, ততদিন তাঁহারা সকলেরই স্নেহ, আদর ও শ্রদ্ধার পাত্র ছিলেন। কিন্তু যখনই তাঁহারা সত্যের প্রচার আরম্ভ করিলেন, যখনই ভগবদ্ভক্তির ঐকান্তিকতা, হরিভজনের প্রয়োজনীয়তা, শুদ্ধভক্তের সঙ্গ ও সেবা এবং অসৎসঙ্গ-ত্যাগের কথা জানাইলেন, তখন হইতে একটী একটী করিয়া তাঁহাদের শত্রু বৃদ্ধি পাইতে লাগিল। কারণ সত্যের-বাণী পরমমঙ্গলপ্রদ হইলেও হরিবিমুখের নিকট তাহা মৃত্যুস্বরূপ বলিয়া মনে হয়, এমনি দুর্দ্দৈব! সত্যযুগেও এই সত্য-বিরোধের দৃষ্টান্ত দেখা যায়, সুতরাং কলিযুগে যে সত্যপ্রচারকার্য্যে আচার্য্যের প্রতি নানারূপ উৎপীড়ন ও বিরোধ-চেষ্টা পরি-লক্ষিত হইবে, তাহাতে আর সন্দেহ কি?

আচার্য্যগণ যখন বঞ্চনা করেন, তখন আর কেউ তাঁহার শত্রু হয় না, কিন্তু যখনই তিনি আমায় কৃপা করিবার জন্য ব্যস্ত হন, তখনই বঞ্চিত আমরা, অভি-লাষী আমরা এমন পরমবন্ধুকেও শত্রু বলিয়া মনে করি, এমনি আমাদের দুর্ভাগ্য! আচার্য্য নির্ভীকসত্য-প্রচারকারী। বাণীই তাঁহার স্বরূপ। তিনি মায়াতীত বস্তু। এজগতের কেহ সেই অপ্রাকৃত বৈষ্ণব-আচার্য্যের কেশাগ্রও স্পর্শ করি-তে পারে না। তবে যে বদ্ধজীব দুর্ব্বুদ্ধি আচার্য্যবিরোধের চেষ্টা করে, তাহাতে তাহারাই অধঃপতিত হয়। রাবণ সীতা-হরণ করিতে পারে না, ইহা নিখুঁত সত্য। কারণ 'অপ্রাকৃত বস্তু নহে প্রাকৃত-গোচর।' আচার্য্যচরণে অপরাধীর অবস্থাও তাহাই।

মহৎকৃপা বিনা কোন কর্ম্মে ভক্তি নয়। কৃষ্ণভক্তি দূরে রহু সংসার নহে ক্ষয়॥

ঐ দিবস অপরাহ্ণে শ্রীপাদ নৃসিংহানন্দ ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী বাণীবৈভবগ্রন্থ পাঠ ও ব্যাখ্যামুখে সম্বন্ধজ্ঞানের কথা আলোচনা করেন। সন্ধ্যার পর মহোপদেশক পণ্ডিত শ্রীপাদ নবীনকৃষ্ণ বিদ্যালঙ্কার মহোদয় শ্রীচৈতন্যচরিতামৃতোক্ত "কোন ভাগ্যে কোন জীবের শ্রদ্ধা যদি হয়। তবে সেই জীব সাধুসঙ্গ করয়॥" এই মহাজন-বাক্যাবলম্বনে প্রায় ১॥০ ঘণ্টাকাল হরিকথা কীর্ত্তন করিয়া সকলের আনন্দবর্দ্ধন করেন।

ঢাকায় প্রচার

শ্রীভক্তিবিনোদবাণীর সদ্গুরু মহামহো-পদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ ও উপদেশক পণ্ডিত শ্রীপাদ রাধা-গোবিন্দ ব্রহ্মচারী কাব্যপুরাণতীর্থ, কাব্যবিনোদ, ভক্তিশাস্ত্রী মহোদয় ঢাকা শ্রীমাধবগৌড়ীয়মঠে অবস্থান পূর্ব্বক শ্রীমহা-প্রভুর কথা সর্ব্বক্ষণ কীর্ত্তন করিতেছেন তাঁহাদের নিকট হরিকথা শ্রবণ করিয়া অনেক শ্রদ্ধালু ব্যক্তি শ্রীশ্রীমহাপ্রভুর পাদপদ্মে আকৃষ্ট হইতেছেন শ্রীপাদ সুন্দরানন্দ প্রভুর ভক্তিবিনোদ-গৌরবাণী কীর্ত্তনে পরমোৎসাহ ও পরমাগ্রহ দেখিয়া ভক্তগণ সকলেই পরমানন্দিত। তাঁহার সেবাপ্রবৃত্তির কিঞ্চিদংশও আমাদের হৃদয়ে সঞ্চারিত হইলে আমরা কৃতার্থ হইব।

কলিকাতায় প্রচার

শ্রীগৌড়ীয়মঠের অন্যতম প্রচারক ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিবৈভব সাগর মহারাজ কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠে কয়েক-দিন অবস্থান পূর্ব্বক ভক্তগণের নিকট নিরন্তর হরিকথা কীর্ত্তন করিয়া সম্প্রতি কাঙড়া জেলায় প্রচারার্থ গমন করিয়াছেন।

সাম্বৎসরিক শ্রাদ্ধ

গত ২৯শে ফাল্গুন, ১৩৪৫, ইং ১৩ই মার্চ্চ, ১৯৩৯ সোমবার ঢাকা-প্রবাসী শ্রীধাম মায়াপুর শ্রীচৈতন্যমঠাশ্রিত গৃহস্থ-ভক্ত শ্রীযুক্ত প্রবোধ-রঞ্জন চক্রবর্ত্তী মহাশয় তাঁহার পরলোকগতা সহধর্ম্মিণীর শ্রাদ্ধকার্য্য ঢাকা শ্রীমাধবগৌড়ীয়-মঠে শ্রীপাদ হরেন্দু ব্রহ্মচারীজীর পৌরোহিত্যে সাত্বতস্মৃতিবিধানে একাদশাহে মহাপ্রসাদ দ্বারা যথাবিধি সম্পাদন করিয়াছেন। এতদুপলক্ষে ঐ দিবস রাত্রিতে বৈষ্ণব-ব্রাহ্মণ ও সমাগত সাধারণকে মহাপ্রসাদ বিতরণ করা হয়

মায়ার খেলা

(৫ম পৃষ্ঠার পর)

হইতে পারে। নিজের মনের কথা খতিয়ান ক'রে সর্ব্বদা দেখতে শ্রীগুরুবৈষ্ণবেরা বলেন, প্রাণে হরিনামের এই সব নিয়ম চিরন্তন হউক। জীবরূপী মীন কোন না কোন জালে আবদ্ধ হবেই, এমন কৌশল ক'রে কৃষ্ণ জাল পাতাইয়াছেন। দেখে শুনে মহামায়ার জালে না পড়িয়া যোগমায়ার জালে পড়িতে পারিলেই জালে পড়ার সার্থকতা হইবে এবং নিজেরও চেষ্টা কেবল এইটুকু যে কোনমতে যদি যোগমায়ার জালে পড়িতে পারি।

বিষয়-গর্ত্তের কীট অতি দুরাচার।
ভক্তিহীন কামরত ক্রোধে মত্ত আর॥
এহেন দুর্জ্জন যদি মাগয় নিস্তার।
শ্রীগৌর সদয় বিনে নাহি গত্যন্তর॥
প্রেমদাতা কৃপাময় কৃপা-অকপট।
ভরসা তাহাতে বান্ধি আপদ্যা সঙ্কট॥
নবদ্বীপবাসী যত গৌর-ভক্তগণ।
এ পামর শিরে সবে ধরুন চরণ॥
এই ত' প্রার্থনা মোর শুন সর্ব্বজন।
আচরিতে পাই যেন চৈতন্যচরণ॥

মায়ারে করিয়া জয় ছাড়ান না যায়। সাধু-গুরু-কৃপা বিনা না দেখি উপায়॥

"তিনিই প্রকৃত সাধু অর্থাৎ বৈষ্ণব—যিনি সকলের একমাত্র নিত্য ভজনীয় নামী কৃষ্ণ ও কৃষ্ণাভিন্ন শব্দরূপে অবতীর্ণ নামের ভজন শিক্ষা দেন। সাধু বা বৈষ্ণব বা গুরু জীবের অধিকার বিচার পূর্ব্বক ক্রমশঃ ভজনের শুদ্ধপ্রণালী শিক্ষা দিয়া অনর্থের নিবৃত্ত করাইয়া থাকেন। শ্রদ্ধা হইতে ভাবোদয় পর্য্যন্ত জীবের অনর্থ থাকে।"

(শ্রীল আচার্য্যদেব)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

১১ বিষ্ণু তিথি সর্ব্বোদশাখী গৌরাব্দ ৪৪৩

প্রজল্প

অনাবশ্যক গ্রাম্যকথার নাম প্রজল্প বা জল্পনা। শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ বলিয়াছেন, 'গ্রাম্যকথা প্রজল্প নাশকে পাইল।' শ্রীল প্রভুপাদের বাণীতেও পাই,—

কৃষ্ণকথা ছাড়ি জিহ্বা আন কথা কহে।
প্রজল্পী তাহার নাম বৃথা বাক্য কহে॥

হরিবিমুখ আমরা আহার-বিহার, শয়ন, ভ্রমণ বা উপবেশন সকলেই প্রজল্পরত। আমাদের হরিবিমুখতা এত প্রবল যে, অযথা কাহারও সহিত আলাপাদি করিতে গেলেই যত বাজে কথা আসিয়া পড়ে। সাধক জীব আমাদের সেই অসদালাপ বা বৃথা সময় যাপন করিতে সর্ব্বক্ষণ দূরে থাকা বিশেষ আবশ্যক। সময় অমূল্য। আমাদের জীবন ক্ষণস্থায়ী। সুতরাং এই অমূল্য জীবনের সদ্ব্যবহার করা বুদ্ধিমান্ ব্যক্তিমাত্রেরই কর্ত্তব্য। বৃথা গল্প-গুজব, হরিকথা ব্যতীত অন্য ইতরকথা আলোচনা, পরনিন্দা, পরচর্চ্চা, তর্ক-বিতর্ক, পরদোষানুসন্ধান বা সাধুনিন্দা সবই প্রজল্প। এ সবই বাক্যবেগ। প্রজল্প কালক্ষয়কারী ও অতীব অনিষ্টকর। এইজন্য মঙ্গলাকাঙ্ক্ষী নিষ্কপট ব্যক্তিগণ প্রজল্প দ্বারা বৃথা সময় নষ্ট না করিয়া সকল সময়েই ভক্তসঙ্গে হরিকথা আলোচনা ও হরিনামাদি করিবেন। আমরা যদি বৃথা গল্পে দিনাতিপাত করি, তাহা হইলে শ্রীমন্মহাপ্রভুর "কীর্ত্তনীয়ঃ সদা হরিঃ" এই উপদেশ লঙ্ঘন করা হইবে এবং সেই অপরাধে আমরা অধঃপতিত হইব। বৃথা গ্রাম্যকথালাপ ত' দূরের কথা, ভক্তিসাধকগণ সেইজন্য গ্রাম্য-সংবাদপত্র পাঠ করাকেও অসৎসঙ্গ বলিয়া মনে করেন। তাঁহারা ভক্তি প্রতিকূল কোন কার্য্যেই নিযুক্ত না হইয়া শ্রদ্ধাহীন ব্যক্তির সহিত বৃথা তর্কবিতর্ক করিয়াও তাঁহারা সময় নষ্ট করেন না।

অকারণ পরচর্চ্চা অত্যন্ত খারাপ। ইহা ভক্তির বিরুদ্ধকথা। যে কথায় কৃষ্ণের সুখ হয়, তাহাই হরিকথা। আর বাদবাকী ইন্দ্রিয়তর্পণের যত কথা, সবই প্রজল্প। অনেকে আত্মপ্রতিষ্ঠা স্থাপনের জন্য পরচর্চ্চা করিয়া থাকেন। কেহ কেহ স্বভাবতঃ অন্যের প্রতি বিদ্বেষ পূর্ব্বক তাহার চরিত্র লইয়া আলোচনা করেন। এই সব উক্তর বিষয়ে যাঁহারা ব্যস্ত হন, তাঁহাদের চিত্ত কৃষ্ণপাদপদ্মে স্থির হয় না। সুতরাং ভক্তি সাধকমাত্রেরই পরচর্চ্চা সর্ব্বপ্রথমেই বন্ধ করা উচিত। কিন্তু শ্রীগুরুদেব যখন জীব-মঙ্গলের জন্য শিষ্যের নিকট অন্যের স্বরূপ বা কোন ব্যক্তিবিশেষের ভক্তিবিরোধ-কার্য্যের আলোচনা করিয়া শিষ্যকে সাবধান করেন, তাহা পরচর্চ্চা বলিয়া মনে হইলেও তাহা পরচর্চ্চা নহে। পরন্তু তাহা জীবের প্রতি পরম করুণার নিদর্শন। আমরা যেন গুরুবৈষ্ণবের অনুকরণ করিতে গিয়া পরচর্চ্চায় নিযুক্ত না হই। শ্রীগুরুপাদপদ্ম প্রজল্পী নহেন, তিনি নিরন্তর কৃষ্ণকীর্ত্তন-রত। তাঁহার সকল কার্য্যই কৃষ্ণের প্রীতি-বর্দ্ধক। আমরা যদি ঈর্ষা, দ্বেষ বা প্রতিষ্ঠার বশবর্ত্তী হইয়া পরের কথা আলোচনা করি, ভক্তি অনুকূল কথা আলোচনা ছাড়িয়া ভক্তিপ্রতিকূল কথায় ব্যস্ত হই, তাহা হইলে আমরা ভক্তিদেবীর নিকট অপরাধী হইব।

পরদোষানুসন্ধান বড় খারাপ জিনিষ। বৈষ্ণবগণ অদোষদর্শী ও গুণগ্রাহী। সর্ব্ব-গুণময় তাঁহারা কাহারও দোষদর্শন করেন না। লোভী ব্যক্তিগণই পিপীলিকার ন্যায় অপরের ছিদ্র দর্শন করিয়া থাকে। উহা হইতে সাবধান থাকা দরকার। নতুবা বাক্যবেগ বাড়িয়াই চলিবে, হরিবিমুখতা বৃদ্ধিপ্রাপ্ত হইবে।

সাধুনিন্দারূপ প্রজল্প অত্যন্ত অমঙ্গল-জনক। মহতের চরণে অপরাধের ন্যায় তীব্র অপরাধ আর নাই। যদি আমরা হরিভক্তি পাইবার আশা করি, তাহা হইলে আমাদের প্রত্যেকেরই সাধুনিন্দা করিব না বলিয়া প্রতিজ্ঞা করা উচিত। ভগবদ্ভক্তগণই সাধু, আর সেই সাধুগণের অগ্রণী বা সর্ব্বশ্রেষ্ঠ সাধু—আমাদের শ্রীগুরুপাদপদ্ম। তাঁহাদের নিন্দা করিলে সমস্ত শ্রেয়ঃ নষ্ট হয়।

কোন প্রকারেই বৃথা বাক্যব্যয় করা ভাল নয়। আপনার এবং অন্য জীবের যাহাতে মঙ্গল হয় সেই সমস্ত কথা আলোচনা করাই ভাল। বাক্যবেগ দমিত না হইলে কোন কিছুই হইবে না, কায়বেগ ও মনোবেগ দমিত হইবে না। নিরন্তর হরিকথা-কীর্ত্তনই বাক্যের সার্থকতা এবং ইহাই বাক্যবেগ-দমন।

যিনি পরের স্বভাব ও কর্ম্মের প্রশংসা করেন ও নিন্দা করেন, তিনি অসদ্বিষয়ে অভিনিবিষ্ট হইয়া শীঘ্রই ভ্রষ্ট হন। সুতরাং আমরা যেন প্রজল্পের হস্ত হইতে রক্ষা পাইতে পারি এবং অসৎসঙ্গ হইতে তফাৎ থাকিয়া সাধুজনের সেবা করিতে পারি, তজ্জন্য গুরুবৈষ্ণবগণ আমাদিগকে অযাচিত কৃপা করুন—ইহাই নিবেদন।

শ্রীগুরুপাদপদ্ম

——::•::——

আমরা পঙ্গু, পতিত জীব। আমাদিগকে সংসার বা অন্ধকারাগার হইতে উদ্ধার করিবার জন্যই কারুণ্যঘনবিগ্রহ পতিতপাবন শ্রীগুরু-পাদপদ্ম গোলোক হইতে ভূলোকে কপট-মানব-রূপে অবতরণ করিয়া থাকেন। তাই আমরা মঙ্গলাচরণেও এইভাবে শ্রীগুরুপাদপদ্ম বন্দনা করিয়া থাকি।

সংসার-দাবানললীঢ়-লোকত্রাণায়
কারুণ্যঘনাঘনত্বম্।
প্রাপ্তস্য কল্যাণগুণার্ণবস্য বন্দে
গুরোঃ শ্রীচরণারবিন্দম্॥

শ্রীগুরুপাদপদ্ম নিত্য, সনাতন, অখণ্ড-বস্তু। আমার গুরু আমার, তোমার গুরু তোমার, এরূপ নহে। আম্নায় পারম্পর্য্যে সাধুতঃ এই গুরুতত্ত্বটী আমাদের ন্যায় বদ্ধ-জীবের নিকট বহু দূরেই। আবার শ্রীশ্রীল প্রভুপাদের পাদপদ্মাশ্রয় অভিনয়কারী কতিপয় ব্যক্তি দুর্ভাগ্যবশে এই মহাগুরু-পাদপদ্মের নিত্যত্ব স্বীকার করিতে নারাজ। তাহারা বলিয়া থাকে যে, কোন বিশেষ কার্য্যের জন্য প্রভুপাদ এজগতে আসিয়া-ছিলেন, তাঁহার কার্য্য শেষ হওয়ায় তিনি চলিয়া গিয়াছেন। গুরুর সঙ্গে যাহাদের সাক্ষাৎ হয় নাই তাহাদের পক্ষে এরূপ কথা কিছু অসম্ভব নহে। কারণ, স্বয়ং-ভগবান্ই ইহাদের বিষয়ে বলিয়াছেন,—

অবজানন্তি মাং মূঢ়া মানুষীং তনুমাশ্রিতম্।
পরং ভাবমজানন্তো মমাব্যয়মনুত্তমম্॥

(গীতা)

[যাহারা নির্ব্বিশেষ বুদ্ধিকে শ্রেষ্ঠ মনে করিয়া এরূপ সিদ্ধান্ত করে যে, "আমি অব্যক্ত নির্ব্বিশেষস্বরূপ, কার্য্যবশতঃ ব্যক্ত হই" তাহারা যতই বেদান্তাদি শাস্ত্র আলোচনা করুক, তথাপি নির্ব্বোধ, যেহেতু তাহারা আমার সর্ব্বোত্তম, অব্যয়, সর্ব্বশ্রেষ্ঠ, নিত্য, বিশেষসম্পন্ন স্বরূপকে অবগত হয় নাই।]

মূঢ় ব্যক্তিগণের নিকট শ্রীগুরুপাদপদ্মের নিত্য স্বরূপ ও নিত্য প্রাকট্য উপলব্ধির বিষয় হয় না। আমরা আর এক শ্রেণীর ব্যক্তি যাহারা স্পষ্টভাবে মহান্ত গুরুপাদপদ্মের নিত্যত্ব স্বীকার করিয়াও অনেক সময় অজ্ঞাতসারে বশবর্ত্তী হইয়া প্রচ্ছন্নভাবে গুরুবিরোধ বা আচার্য্যবিরোধে দুষ্টবোধ করি না। এমনি আমাদের দুর্দ্দিন! শ্রীগুরুদেবের প্রপঞ্চে মনুষ্যবেশে অবতরণ-লীলা মাদৃশ গুরুবিমুখ জীবের উপলব্ধির বিষয় নহে বলিয়াই আমরা গুরুদেবে বা আচার্য্যদেবে মর্ত্ত্যবুদ্ধি করিয়া নরকের দ্বার উন্মুক্ত করি। আমরা মনে করি, তিনি আমাদের ন্যায় একজন মনুষ্য-বিশেষ কিন্তু শ্রীভগবান্ই যে জীবের প্রতি পরম কৃপাপরবশ হইয়া সেবকের রূপ ধরিয়া গুরুরূপে অবতীর্ণ হইয়াছেন, ইহা শাস্ত্রাদিতে এবং গুরুমুখে বহুবার শুনিয়াও তাঁহাকে মনুষ্যবুদ্ধি করিয়া অমঙ্গল বরণ করিয়া থাকি। শ্রীভগবান্ বলিয়াছেন,—

আচার্য্যং মাং বিজানীয়ান্নাবমন্যেত কর্হিচিৎ।
ন মর্ত্ত্যবুদ্ধ্যাসূয়েত সর্ব্বদেবময়ো গুরুঃ॥

[গুরুকে মৎস্বরূপ জানিবে। গুরুকে সামান্যবুদ্ধি করিয়া তাঁহার অবজ্ঞা করিবে না। গুরু সর্ব্বদেবময়।]

অবজানন্তি মাং মূঢ়া মানুষীং তনুমাশ্রিতম্।
পরং ভাবমজানন্তো মম ভূত-মহেশ্বরম্॥

[মূঢ় লোক সমূহ আমার সচ্চিদানন্দ মূর্ত্তিকে মানবতনু মনে করিয়া এই স্থির করে যে, আমি প্রপঞ্চে বিধির বাধ্য হইয়া ঔপাধিক শরীর ধারণ করিয়াছি। আমি যে এই স্বরূপেই সমস্ত ভূতের মহেশ্বর, তাহা তাহারা বুঝিতে পারে না। অতএব অবিবৎ-প্রতীতি দ্বারা আমাতে একটী দুর্ভাব অর্পণ করে।]

শ্রীভগবান্ যেরূপ কোন বিধির বাধ্য হইয়া প্রপঞ্চে অবতরণ করেন না, শ্রীগুরু-পাদপদ্মও তদ্রূপ কোন বিধির বাধ্য হইয়া মনুষ্যদেহ ধারণ করেন না। তাঁহার চিন্ময় দেহটী যেরূপ বিধির বাধ্য হইয়া অবতরণ করেন না, সেইরূপ তাঁহার যাবতীয় কার্য্য-কলাপও বিধিনিষেধের বাধ্য নহেন। তাঁহার

সমস্ত কার্য্যই জীবকল্যাণকর। আমাদের ক্ষুদ্র, সীমাবদ্ধ বুদ্ধি দ্বারা তাহা বুঝিয়া উঠিতে পারি না। শ্রীশ্রীল প্রভুপাদ বলিয়াছেন—"আচার্য্যের হরিসেবা ব্যতীত অন্য কার্য্য নাই"। মহাভাগবতবর শ্রীগুরু-পাদপদ্মের ক্রিয়াকলাপ আমরা ভ্রষ্ট অভিপ্রায়ে দেখিতে গিয়া তাঁহার চরণে অপরাধ করিয়া বসি। আমরা নিজে নিজেকে বিজ্ঞ বলিয়া মনে করিলেও শ্রীশ্রীল কবিরাজ গোস্বামী প্রভু বলিয়াছেন—"বৈষ্ণবের ক্রিয়া-মুদ্রা বিজ্ঞে না বুঝয়"। শাস্ত্র বলিয়াছেন,—"অবিদ্যায়ামন্তরে বর্ত্তমানাঃ স্বয়ং কৃতার্থা ইত্যভিমন্যন্তি বালাঃ॥" অজ্ঞ ব্যক্তিগণ বহুবিধ অবিদ্যার মধ্যে থাকিয়াই "আমরা কৃতার্থ হইয়াছি" এইরূপ অভিমান করে। কিন্তু বস্তুতঃ তাহারা তত্ত্ব-অনভিজ্ঞ।

শ্রীশ্রীল গৌরকিশোর দাস গোস্বামী প্রভু আমরা বদ্ধজীব, বিষয়বিষ্ঠার মধ্যে আছি বলিয়া তিনি পায়খানার ভিতরে অবস্থানের লীলা প্রদর্শন করিয়াছিলেন, আর আমরা তাহা দেখিয়া তাঁহাকে খুব বৈরাগ্যের পদবীতে আরূঢ় করিলাম। আবার শ্রীশ্রীল প্রভুপাদ মর্ম্মর-প্রস্তরখচিত গৃহে অবস্থান করিতেন বলিয়া তাঁহাকে জড়বিলাসী পদবী দিলাম, এইরূপ আমাদের অবস্থা চিত্তবৃত্তি! শ্রীশ্রীল আচার্য্যদেব হরিকথা-প্রসঙ্গে প্রায়ই বলেন শ্রীশ্রীল রঘুনাথ দাস গোস্বামী প্রভু, শ্রীশ্রীল গৌরকিশোর দাস গোস্বামী প্রভু এঁরা ছিলেন মহাচিদ্বিলাসী, আর রায় রামানন্দ প্রভু, পুণ্ডরীক বিদ্যানিধি প্রভু এঁরা ছিলেন মহাবৈরাগী। ইহার সমাধান কোথায়?

বদ্ধজীব যেকাল পর্য্যন্ত নিজস্বরূপে অবস্থিত না হইবে, সেকাল পর্য্যন্ত হয় ভোগ, নয় ত্যাগ, দুইটার একটাকে বহুমানন করিবেই করিবে। কিন্তু মহাভাগবতের সর্ব্বত্রই কৃষ্ণকার্ষ্ণ-দর্শনহেতু তাঁহাদের ভোগ বা ত্যাগবুদ্ধি নাই বা থাকিতে পারে না। তাঁহার সর্ব্বভূতে ভগবদ্দর্শন অর্থাৎ জীবাত্মা ও পরমাত্মা পরস্পর সেব্য-সেবকসম্বন্ধে অবস্থিত - এই উপলব্ধি। এই জীবাত্মা স্ত্রী নয়, পুরুষ নয়; বস্তুতঃ স্বরূপে "গোপীভর্ত্তুঃ পদকমলয়োর্দাসদাসানুদাসঃ" ইহা স্বয়ং ভগবান্ শ্রীমন্মহাপ্রভু আমাদিগকে জানাইয়াছেন। ইহাই জীবের নিত্য সত্ত্বা। যেখানে স্ত্রীদর্শন বা পুরুষ দর্শন সেখানেই ভোগদর্শন বা পুরুষাভিমান। তাই মহাপ্রভু বলিলেন—'সন্দর্শনং বিষয়িণামথ যোষিতাঞ্চ হা হন্ত হন্ত বিষভক্ষণতোঽপ্যসাধু।' দেহাত্মবোধ থাকাকালে আমরা পুরুষ-দেহধারীই হই বা স্ত্রী-দেহধারীই হই,

মায়ার নেশা

(২)

দেহ দর্শন ক'রে যে জীব দর্শন হয়, সেই এক দেহের প্রতি যে আর এক দেহের আকর্ষণ তাহা প্রেম নয় "কাম"। জীবের প্রতি প্রকৃত দয়া, জীবের রোগের বীজ উৎপাটন পূর্ব্বক জীবকে প্রেমিক ক'রে দেওয়া, এই চেষ্টা একমাত্র শ্রীচৈতন্যভক্তের আদর্শেই প্রকাশিত হয়। শ্রীচৈতন্যভক্ত নিষ্ক্রিয় সাধক

বাহ্যপোষাকে সন্ন্যাসীই হই বা বানপ্রস্থই হই, ব্রহ্মচারীই হই বা গৃহস্থই হই, পুরুষাভিমান কিছুতেই বিদূরিত হইবে না। দেহাত্মাভিমান বা পুরুষাভিমান যাহার যে পরিমাণে অপগত হইবে, সে স্ত্রী-দেহধারীই হউক, বা পুরুষদেহধারীই হউক, সন্ন্যাসী, বানপ্রস্থ, ব্রহ্মচারী, গৃহস্থ বেশধারী হউক বা না হউক, তাহার সেই পরিমাণেই হরিভজন হইবে। নতুবা শতপ্রকার হরিভজনের কাচ কাচিলেও হরিভজন হইবে না। ইহাই আমাদের শ্রীগুরুদেবের বাণী ইহা আমার ব্যক্তিগত কথা নহে।

যে কোন অবস্থায় আমরা মহাভাগবতের অনুকরণ করিতে গিয়া যেরূপ অধঃপতিত হইব, আবার তাঁহাকে বিবিধ বাধা করিতে গেলেও তদ্রূপ অধঃপতিত হইব, তাহাতে সন্দেহ নাই। আমার শ্রীগুরুদেবের সব ভাল। তাঁহার কার্য্যে আমার কৈফিয়ৎ লইবার অধিকার নাই। এইরূপ শরণাগতি না হইলে আমার গুরুবরণ হইল কোথায়? শিষ্যত্ব বা কোথায়? সেদিন শ্রীশ্রীল আচার্য্যদেব হরিকথাপ্রসঙ্গে বলিতেছিলেন, 'গৌরের আমার সব ভাল। কৃষ্ণের সরলতা, কুটিলতা সব ভাল।' বাহিরে আমরা শ্রীগুরুপাদপদ্ম আশ্রয় করিবার, কর্ণাহুগত্যের বহুবিধ আড়ম্বর দেখাইলেও অন্তরে অন্তরে তাঁহার সহিত সমচিত্তবৃত্তি-বিশিষ্ট না হইতে পারিলে, তাঁহার ইচ্ছার সহিত নিজের ইচ্ছা মিশাইতে না পারিলে, তাঁহার প্রতি কার্য্যকলাপে, প্রতিপদবিক্ষেপে করুণার প্রাবল্য উপলব্ধি করিতে না পারিলে আমাদের নিত্যমঙ্গল সুদূর-পরাহত এবং পতন অনিবার্য্য। তাই সকলের নিকট আমার করযোড়ে প্রার্থনা—

দন্তে নিধায় তৃণকং পদয়োর্নিপত্য
কৃত্বা চ কাকুশতমেতদহং ব্রবীমি।
হে সাধবঃ! সকলমেব বিহায় দূরা-
দ্গৌরাচন্দ্রচরণে কুরুতানুরাগম্॥

—শ্রীসাধনা দেবী

জীব নহে। যাথার্থ্য বা অজ্ঞজ্ঞানে শ্রীজীব লাভ হয় না, প্রকৃতপক্ষে যোগমায়া বস্তুতঃ মায়াকেই হরি-হর-বিরিঞ্চি-জননী বলিয়া থাকে। ভগবানের কথায় মায়া নেই, মায়া বঞ্চনা বা প্রবঞ্চনাকারিণী। যাহারা সংসার চায় মায়া তাহাদিগকে বঞ্চনা দেন কিন্তু ভক্তের নিকট স্বরূপতঃ তিনি কৃষ্ণদাসী চিচ্ছক্তি যোগমায়া। মায়া বহুরূপিণী—চণ্ডিকা, ভৈরবী কালিকা, মাহেশ্বরী ইত্যাদি। ... যাহার প্রতীতি আছে, কিন্তু ... যাহার প্রতীতি নাই, তাহাই মায়া। মায়াবৃন্দগণ ঈশ্বরকে প্রকৃতি বা মায়াজীব মনে করিতেছেন। আমরা মায়া কবলিত হইয়া পিতা, পিতামহ, মাতা, ভগ্নী ইত্যাদি রূপে দেখি। উপাস্য তত্ত্ব নির্ব্বিশেষ জ্ঞান বা ভাবের অনুশীলনের দ্বারা মায়াকে জয় করা যায় না। শরণাগতি ব্যতীত কেহই ভগবানের বৈষ্ণবী মায়া অতিক্রম করিতে পারে না।

দৈবী হ্যেষা গুণময়ী মম মায়া দুরত্যয়া।
মামেব যে প্রপদ্যন্তে মায়ামেতাং
তরন্তি তে।

ভগবানের দয়ার সীমা নেই, ভগবান্ ভক্তের প্রেমবাধ্য। শ্রীকৃষ্ণ ভক্তের প্রেমে ঋণ, তাই শ্রীকৃষ্ণ মধুপুরী হইতে নবদ্বীপে দীপান্তরিত হইলেন, কৃপা ক'রে জগৎকে এমন নিধি দিলেন। "অনর্পিতচরীং চিরাৎ" শ্লোক তার সাক্ষী। যাগাদি, নিদ্রিত অচেতন জগতের চৈতন্য বিধান করিলেন। কৃষ্ণ এবার কার্ষ্ণের বেশে—কৃষ্ণভক্তের বেশে এসে নিজের ভজন নিজে আচরণ ক'রে শিক্ষা দিলেন। শ্রীচৈতন্যের সেই দানই শ্রীকৃষ্ণপ্রেম, ইহা লাভ করাই প্রয়োজন। প্রেমই সর্ব্বশ্রেষ্ঠ অর্থ বা পঞ্চম পুরুষার্থ।

মায়ার নেশা ক'রে মাতাল গৃহব্রত কেবল ধর্ম্ম-অর্থ-কাম পর্য্যন্তই বুঝে গৃহমেধী ভোগের কথা বোঝে আর ভোগের আপাত প্রতিযোগী ত্যাগের কথায় তার অরুচি। হয় গৃহাসক্ত না হয় সন্ন্যাসী এই দুটা মোটা কথা বুঝা যায়। কিন্তু অপ্রাকৃত রাজ্যের গৃহস্থালী বা অপ্রাকৃত গৃহস্থের কথা মাথায় প্রবেশ ত' কই করে না? কৃষ্ণের মত এত বড় গৃহাসক্ত আর কে আছে? দ্বারকাতেও কৃষ্ণের গৃহস্থালী সম্পূর্ণ হয়নি, একমাত্র ব্রজবনিতাগণই কৃষ্ণের গৃহস্থালীর প্রকৃত সার্থকতা সম্পাদন করতে পেরেছিলেন; তাই তাঁ'রা সাধকগণকে কৃষ্ণের সঙ্গে মিলিত হ'য়ে ব'লেছিলেন,—

আহুশ্চ তে নলিননাভ পদারবিন্দং
যোগেশ্বরৈর্হৃদি বিচিন্ত্যমগাধবোধৈঃ।
সংসারকূপপতিতোত্তরণাবলম্বং
গেহং জুষামপি মনস্যুদিয়াৎ সদা নঃ॥

গোপীগণ ব'ল্লেন, 'হে পদ্মনাভ! অগাধ-বোধ বিষয়নিবৃত্ত যোগেশ্বরগণের হৃদয়ে সর্ব্বতোভাবে ধ্যেয়, সংসারকূপে পতিতগণের আশ্রয়স্বরূপ তোমার পাদপদ্ম তোমার গৃহসেবী আমাদের হৃদয়ে উদিত হউক। বিষয়নিবৃত্ত ত্যাগিগণের ভোগের অভাব ব'লে তারা দূর হ'তে তোমায় ধ্যান মাত্র করে আর ভোগী বিষয়িগণ তোমাকে ভুলে মায়ার লাথি ঝাঁটা খায়। আমরা যোগীর মত তোমাকে দূর হ'তে ধ্যান করতেও চাই না বা ভোগীর মত তোমাকে ভুলে থাকবার সামর্থ্যও আমাদের নেই; তুমি আমাদের নিকট এত সহজ, এত নিকট ও এত আপনার যে, তোমার গৃহসেবী আমাদের শত চেষ্টা ক'রেও তোমা হ'তে অন্তর মন ফিরাবার উপায় নেই।' এই যে মনোভাব যাতে কেবল কৃষ্ণেরই সুখ উৎপাদন করিতেছে তাহাই প্রেম, এই প্রেম সম্পত্তি একমাত্র কৃষ্ণেরই একচেটিয়া সম্পত্তি।

কামের তাৎপর্য্য নিজ সম্ভোগ কেবল।
কৃষ্ণসুখতাৎপর্য্য মাত্র 'প্রেম' ত প্রবল॥
সর্ব্বত্যাগ করি করে কৃষ্ণের ভজন।
কৃষ্ণসুখ হেতু করে প্রেম-সেবন॥

কোন না কোন মহতের চরণে অপরাধ আছে, তাই বৈষ্ণবের হরিকথা কাণে ঢুকে না, অজবাদের মত কাণে বিষয়বাসনা-রূপ তুলা প্রদান করিয়া সতত বৈকুণ্ঠবাণী হইতে কোটি-যোজন দূরে অবস্থান করি, বৈকুণ্ঠভক্তগণকে ছানি পড়া চোখে দেখি, তাই কানা যোগীর মত সকলকে আমার মত মনে করি। যে অক্ষের যতটুকু বৈকল্য দর্শন করে, তার ততটুকু বৈকল্য। এই মাপকাঠিকে ফাঁকি দিবার কারও সাধ্য নাই। যখন কৃষ্ণই একমাত্র মমতার পাত্র আর মমতার পাত্র কেহই নাই, এরকম একটী স্বাভাবিক আসক্তির উদয় হয়, তাকেই ভীষ্ম, প্রহ্লাদ, উদ্ধব, নারদাদি ভক্তগণ ভক্তি ব'লেছেন। সেই স্বাভাবিকী আসক্তি আমার কতটুকু উদয় হইয়াছে, তাহা কি আমি বুঝি না? আমার সবচেয়ে মমতার পাত্র স্ত্রী, পুত্র, মাতা, ভাই। এখন মায়া মদিরা পানে মাতাল হ'য়েছি, এই নেশা যদি কোন মহতের কৃপায় কাটে তখন সেই স্বাভাবিকী আসক্তি বা ভক্তির উদয় সম্ভব

(অতঃপর ৩য় পৃষ্ঠার শেষ কলমে দ্রষ্টব্য)

সাধুসঙ্গ সাধুসঙ্গ সর্ব্বশাস্ত্রে কয়। লবমাত্র সাধুসঙ্গে সর্ব্বসিদ্ধি হয়।

শুদ্ধভক্তি-মঠসমূহ

(১) শ্রীচৈতন্য-মঠ [illegible]

প্রাচীন নবদ্বীপ, [illegible] শ্রীমায়াপুর, নদীয়া

[illegible]

(২) [illegible]

[illegible]

(৩) যোগপীঠ মায়াপুর শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব ভূমি মহাযোগপীঠ।

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং [illegible] বর্ত্তমান।

(৬) মুরারিগুপ্তের পাট

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৭) কাজি-সমাধি-পাট

প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)

চাঁদ কাজীর সমাধি।

(৮) [illegible]

শ্রীধাম মায়াপুর

(৯) স্বানন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)

এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)

গৌরপার্ষদ শ্রীদ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

[illegible], পোঃ [illegible] (বর্দ্ধমান)

(১২) [illegible]-গৌড়ীয়মঠ

[illegible], পোঃ [illegible] (বর্দ্ধমান)

শ্রীগদাধর [illegible] স্থান

(১৩) কৃষ্ণদ্বীপ গৌড়ীয়মঠ

পোঃ [illegible]

(১৪) [illegible] গৌড়ীয়মঠালয়

(১৫) সুবর্ণবিহার গৌড়ীয়মঠ

[illegible]পুর, নদীয়া

(১৬) ঋতুদ্বীপ গৌড়ীয় মঠ

[illegible]

পোঃ [illegible] (নদীয়া)

(১৭) [illegible]

পোঃ [illegible] (নদীয়া)

(১৮) [illegible]

পোঃ [illegible] (নদীয়া)

(১৯) [illegible]মঠ

গোবিন্দপুর, পোঃ [illegible] (নদীয়া)

(২০) মহেশ-পণ্ডিতের পাট

[illegible], পোঃ চাকদা (নদীয়া)

(২১) বাগবাজার গৌড়ীয়মঠালয়

(২২) পুরী গৌড়ীয়মঠ

[illegible]

(২৩) মাধ্বগৌড়ীয় মঠ

[illegible] পোঃ [illegible], ঢাকা।

পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র।

(২৪) গোপালজীউমঠ

[illegible]পুর, পোঃ ঢাকা

(২৫) নিতাই-গৌরাঙ্গ মঠ

পোঃ [illegible] (ঢাকা)

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

[illegible], পোঃ ময়মনসিংহ

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চক্চকা, কামরূপ (আসাম)

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

[illegible], দার্জ্জিলিং

(৩০) মধুবন-গৌড়ীয়মঠ

পোঃ [illegible], জেঃ [illegible], ইউ, পি

(৩১) [illegible] গৌড়ীয়মঠ

[illegible] [illegible]।

(৩২) [illegible] গৌড়ীয়মঠ

[illegible]

(৩৩) [illegible] গৌড়ীয় মঠ

[illegible], দিল্লী

(৩৪) [illegible] গৌড়ীয়মঠ, [illegible]

(৩৫) [illegible] মঠ

পোঃ [illegible] [illegible]

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়

[illegible], পোঃ মথুরা

(৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

[illegible], শ্রীধাম বৃন্দাবন, মথুরা

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্যমঠ[illegible]

[illegible], বৃন্দাবন

(৩৯) [illegible]

পোঃ [illegible], মথুরা

(৪০) [illegible]বিহারী মঠ [illegible]

(৪১) রাধাকুণ্ড [illegible]

(৪২) শ্রীগোবর্দ্ধনমঠালয়

গোবর্দ্ধন, মথুরা

(৪৩) [illegible] বিহারী মঠ

[illegible], মথুরা।

(৪৪) [illegible] গৌড়ীয়মঠালয়

পোঃ [illegible], মথুরা

(৪৫) বর্ষাণা গৌড়ীয়মঠালয়

পোঃ বর্ষাণা, মথুরা

(৪৬) গোকুলবিহারী মঠ—[illegible],

পোঃ [illegible], জেলা [illegible] (পাঞ্জাব)

(৪৭) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

(৪৮) দিল্লী গৌড়ীয় মঠ

[illegible] রোড, নিউ দিল্লী,

(৪৯) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়াট্যাঙ্ক রোড, [illegible]

বম্বে [illegible]

(৫০) [illegible]-গৌড়ীয়মঠ

পোঃ [illegible], [illegible]

শ্রী[illegible] সেবা

(৫১) [illegible] গৌড়ীয়মঠ

পোঃ [illegible] [illegible]

শ্রীশ্রী[illegible] সেবা

(৫২) [illegible]গৌড়ীয়মঠ

[illegible], পোঃ [illegible], (পুরী)

(৫৩) [illegible] মঠ

[illegible], পোঃ [illegible], [illegible]

৫৪। [illegible]—[illegible], পুরী

৫৫ [illegible]

(৫৬) [illegible]-গৌড়ীয়মঠ

পোঃ [illegible], পুরী

(৫৭) [illegible] মঠ

[illegible], পোঃ [illegible] ([illegible])

(৫৮) [illegible] গৌড়ীয়[illegible]

(৫৯) শ্রী[illegible]গৌড়ীয়-প্রপন্ন-মঠ

পোঃ [illegible], পাটনা

(৬০) [illegible] মঠ

[illegible], পোঃ [illegible], [illegible]পুর

(৬১) [illegible] গৌড়ীয়মঠ

পোঃ [illegible], [illegible]পুর

(৬২) [illegible] প্রপন্নাশ্রম মঠ

পোঃ [illegible] (বর্দ্ধমান)

(৬৩) [illegible]গৌড়ীয়মঠ

[illegible], পোঃ [illegible], (মালদহ)

(৬৪) [illegible] গৌড়ীয়মঠ

৭০১ নং [illegible] ষ্ট্রীট, রেঙ্গুন।

(৬৫) লণ্ডন গৌড়ীয়মঠ

ফ্ল্যাট নং ২

৫১, [illegible] রোড

[illegible]

(৬৬) গৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

১৪।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,

কলিকাতা

(৬৭) গৌড়ীয়মঠ অফিস

২০এ [illegible] রোড, [illegible] (ইউ-পি)

(৬৮) শ্রীবিশ্ববিদিত গৌড়ীয়মঠালয়

[illegible], চট্টগ্রাম

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীমহানন্দ ব্রহ্মচারী ভক্ত্যালোক, ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

-[illegible]-

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও দ্বিতীয় বার	পরবর্ত্তী প্রত্যেক বার	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও দ্বিতীয় বার	পরবর্ত্তী প্রত্যেক বার
অস্থিরভাবে প্রতি লাইন ।০	৸০		।৵০	।০
" ইঞ্চি ২৲			১৸০	১৲
সিকিকলম ৫৲	৩॥০			৩৲
অর্দ্ধকলম ৮৲	৬৲		৬৲	৫৲
এক কলম ১৫৲			১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে হার

স্থায়ীভাবে প্রতি ইঞ্চি ৩৲	২।০
" সিকি কলম ১৫৲	১১৲
" অর্দ্ধকলম ২৫৲	১৮৲
" এক কলম ৪০৲	৩০৲

চাঁদার হার

বার্ষিক (ডাকমাশুল সমেত)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক ৩৲	
মাসিক ১৲	

প্রতি সংখ্যা /০ । [illegible]

শ্রীধাম-মায়াপুরে

—[illegible]—

—"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট"—

অধ্যক্ষ শ্রী[illegible] বিদ্যারত্ন

সার্ব্বজনীন শিক্ষালয়—[illegible] : বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক খোলা। [illegible] স্বাস্থ্য ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে খোরাক ও বোর্ডিংখরচ প্রতি মাসে মাত্র ৬৲ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন্ পরীক্ষায় সফল ফল প্রদর্শন করিতেছে। বর্ত্তমান বর্ষে ১৬ জন বালকের মধ্যে ১৫ জন ভালভাবে উত্তীর্ণ হইয়াছে।

মেধাবী ছাত্রগণের আরও সুবিধা

পরীক্ষায় যাহারা শতকরা ৭৫ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ সচ্চরিত্র দরিদ্র ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট, শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী

—[illegible]—

শ্রীল প্রভুপাদের চতুঃশত বর্ষপূর্ত্ত্যাবির্ভাব-তিথিতে শ্রীল আচার্য্যদেবের অভীষ্টক্রমে "শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী" প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। ইহাতে পূর্ব্বার্দ্ধ ও উত্তরার্দ্ধ দুইটি বিভাগ আছে। পূর্ব্বার্দ্ধে শ্রীল প্রভুপাদের আদি-প্রবন্ধাবলী শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের সম্পাদিত 'স-সজ্জনতোষণী,' শ্রীল প্রভুপাদের 'নিবেদন' সাপ্তাহিক পত্র প্রভৃতি হইতে সংগ্রহ ও প্রয়োজনীয় অংশের টীকা-সহ প্রকাশিত হইয়াছে। উত্তরার্দ্ধে শ্রীল প্রভুপাদের সম্পাদিত 'সজ্জনতোষণী'র কতিপয় প্রবন্ধ [illegible] মুদ্রিত হইয়াছে। প্রবন্ধগুলি রচনাকালের ক্রমানুসারে গ্রথিত হইয়াছে; এতদ্ব্যতীত শ্রীল আচার্য্যদেবের একটি মূল্যবান্ উপোদ্ঘাত ও সম্পাদকীয় একটি বিস্তৃত ভূমিকা, গ্রন্থসূচী, অবতরণিকা-শ্লোক ও পদার্থ-সূচী প্রভৃতি এতে সংযোজিত হইয়াছে। গ্রন্থটি উৎকৃষ্ট কাগজে [illegible] সহিত মুদ্রিত ও শ্রীল প্রভুপাদের আলেখ্যাদিদ্বারা ভূষিত ও সুন্দর বাঁধাই দ্বারা প্রকাশিত হইয়াছে। প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, জিলা নদীয়া; শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ও [illegible], [illegible], পোঃ [illegible], [illegible]।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতিবিস্তৃতভাবে আলোচিত হইয়াছে। এই এক অপূর্ব্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

প্রভুপাদের পদ্যপ্রসূন মালা

এই গ্রন্থে ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তি- সিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের রচিত পদ্যাবলী শ্রীল আচার্য্যদেবের বিরচিত "সৌরভ" নামক ভাষ্যের সহিত প্রকাশিত হইয়াছে। শ্রীল প্রভুপাদের অনেক অপ্রকাশিত পদ্য ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ॥০ আট আনা।

শ্রীচৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য- মহাপ্রভু এবং শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত অতিবিস্তৃতভাবে সন্নিবিষ্ট হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ৩৲ টাকা। প্রাপ্তিস্থান শ্রীযুক্ত নবকিশোর অধিকারী, শ্রীযোগপীঠ, শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্‌শ কলেজের দর্শনের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপদেশক পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী সম্প্রদায়-বৈভবাচার্য্য এম এ মহোদয়ের গ্রেষণাপূর্ণ গবেষণা এবং পরিপক্ক লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং তত্ত্ব ও ভগবানের জীবনচরিত পাঠে ধন্য হউন। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিচিত্র চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলক শ্রীমহাপ্রভুর দার্শনিক সিদ্ধান্তের সম্যক্‌ আলোচনা। প্রথম খণ্ড [illegible] অধ্যায়ে প্রায় [illegible] পৃষ্ঠা ব্যাপী। শ্রীবিষ্ণুপাদ [illegible] গোস্বামী প্রভুপাদের স্বলিখিত মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকারের ভূমিকাদ্বয় (Preface), বিষয় তালিকা (Contents) ও শেষে [illegible] সহিত [illegible] সূচীপত্র (Index Glossary) সহ প্রকাশিত। ভিক্ষা—১৫ পনর টাকা। প্রাপ্তিস্থান—বাগবাজার গৌড়ীয় মঠ, [illegible]; শ্রীগৌড়ীয় মঠ, বাগবাজার, কলিকাতা, শ্রীচৈতন্য মঠ, শ্রীধাম মায়াপুর (জেলা- নদীয়া)।

'ঠাকুর ভক্তিবিনোদ'

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি প্রচারের মূল মহাজন সাক্ষাৎ [illegible] শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণব-কুলচূড়ামণির অভিনব জীবনচরিত এতাবৎকাল সম্যক্‌ আকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। তাহা এক্ষণে [illegible] অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয় মঠাচার্য্যবর্গের অন্যতম [illegible] "গৌড়ীয়" সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীযুক্ত সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্তৃক সংগৃহীত "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী [illegible] প্রকাশিত হইয়াছে। [illegible] ঠাকুরের বহু [illegible] চিত্রাবলীও সন্নিবিষ্ট হইয়াছে। [illegible] ১০৫ পৃষ্ঠায় [illegible] সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র [illegible] আনা; ডাক মাশুল স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান—ম্যানেজার গ্রন্থবিভাগ
শ্রীগৌড়ীয় মঠ
পোঃ বাগবাজার,
কলিকাতা

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। [illegible] পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু গ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর [illegible] অবস্থিত। এখান হইতে [illegible] গ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস

[illegible] অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠ ভরণের

[illegible] পাচন

সর্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় ক্ষুধা, পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বাঙ্গলাই ইহার কার্য্যফল অতীব সাক্ষ্য। [illegible] যুক্ত [illegible] এবং নূতন ও পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। মূল্য ছোট বোতল ৷৵০ দশ আনা, বড় বোতল ১৷৵০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা
অথবা
পোঃ বেহালা, ২৪ পরগণা

ই. বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	৫ ১৬	৬ ০০	৭ ২৬	১২-২৬	১৪ ৫	১৬-৫৩	১৭ ৫৬	২২ ২৩
রাণাঘাট পৌঃ			৮-৫০	১৪ ১৫				
(বদল) ছাঃ			৯-০১	১৪-৫০				
কৃষ্ণনগর পৌঃ	৭ ১	৮ ৪৫	১০-৮	১৫-২০	১৭-২৮	১৯-১১	২০-১৩	১-১২
(বদল ছাঃ	৭ ১৫		১০-৩১		১৭-৩৮		২০-২৩	
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫১		১১ ১০		১৮-১৩		২০-৪৩	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
রাণাঘাট পৌঃ	১২-৫৫
ছাঃ	১৮ ০
শান্তিপুর পৌঃ	১৩-২৩
(বদল) ছাঃ	১৭-৩১ (লাইট রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪-৯
ছাঃ	১৪-৪০
নবদ্বীপঘাট পৌঃ	১৫-৮

ডাউন

নবদ্বীপঘাট ছাঃ	৫ ৪৫		৯ ২৫			১৩-৩০	১৬-	১৮-৩১
কৃষ্ণনগর পৌঃ	৬ ২৬	৬ ১৬	১০-৩	১১-৪১	১৪-১৩	১৬-৩৮	১৯-১১	
ছাঃ	৬-২৬	৭-১৮	১০-১১			১৬ ৫৩	১৯-২৫	
রাণাঘাট পৌঃ			১০-৪৬			১৭-৩১		
(বদল) ছাঃ			১১ ০			১৭-৪০		
কলিকাতা পৌঃ	৮-১৬	৯-২১	১২-১	১২-১৬	১৪-১৬	১৯-১১	২১-৩১	২০-২৩

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৩-৩১	১৬-০		
কৃষ্ণনগর পৌঃ	১৪-১০	১৬-৩৮		
ছাঃ	১৫-২৮	১৭-১৫		
শান্তিপুর পৌঃ	১৬-৯	১৭-৫৩		
(বদল) ছাঃ	১৬-৪০	১৮-১ (শনিবার ভিন্ন)	১৮-৮	(শনিবার)
রাণাঘাট পৌঃ	১৭-১০	১৮-২৭	১৮-৩৫	
(বদল) ছাঃ	১৭-৪৪	১৮-৪০	১৮-৪৭	
কলিকাতা পৌঃ	১৯-১১	২০-৭	২০-৩	

স্টেশন— কৃষ্ণনগর
টেলিগ্রাম— শ্রীমায়াপুর
শ্রীমায়াপুর

REGD No C 1546

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৪শ খণ্ড | শ্রীমায়াপুর—১১ই চৈত্র, ১৩৪৫, ২৫শে মার্চ, ১৯৩৯ শনিবার | ২২শ সংখ্যা

বিবিধ সংবাদ

হিন্দুগণ কর্ত্তৃক দস্যুদল বিতাড়িত

আব্দুল গনির আত্মীয় মামুদ এবং হাজি খোদা-উল্লাহ খাঁ ইহারা দল বাঁধিয়া [illegible] চাঁদা আদায়ের সময়ে একদল ডাকাত কর্ত্তৃক বিপন্ন হইয়াছে। ডাকাতগণ তাহার বন্দুক টাকা পয়সা এবং অনেকটি সোনা দানা প্রস্থান করিয়াছে।

আর একদল ডাকাত তাহার প্রায় লুঠ করিবার চেষ্টা করিয়াছিল; কিন্তু ঐ গ্রামের হিন্দুগণ বাধা দেওয়ায় তাহাদের চেষ্টা ব্যর্থ হয়। প্রকাশ যে, ডাকাতগণ গ্রামে হানা দিলে হিন্দুগণ "লোক" আক্রমণকারীদের প্রতি অগ্নিবর্ষণের জন্য নির্দ্দিষ্ট [illegible] গৃহ হইতে অগ্নিবর্ষণ করে। ইহার ফলে ডাকাতগণ দ্রুত পলায়ন করে।

সিন্ধুদের চোখে মরিচের গুঁড়া নিক্ষেপ করিয়া পলায়ন

গত ২১শে মার্চ বিকালে চোরাবাগান [illegible] নিকটে একটি চৌচাকা গাড়ী [illegible] ২টি কার্তুজ, একখানি ছোরা ও একটি [illegible] দুইটি লোককে গ্রেপ্তার করা হইয়াছে। প্রকাশ, উক্ত বিভাগের একজন [illegible] টাকার থলে লইয়া [illegible] তখন [illegible] আক্রমণকারীরা তাহাকে বাধিত হলে এবং তাহার চোখে মরিচের গুঁড়া ছিটাইয়া দেয়। ইহাতে [illegible] চীৎকার করিয়া উঠে এবং বহু লোক [illegible] পশ্চাদ্ধাবন করে। [illegible]

তাহাদের [illegible] হইতে দেয় না। পরে [illegible] আরো ৪ জনকে [illegible] লোক আক্রমণকারীদের ধরিয়া পুলিশের হস্তে সমর্পণ করে।

চিত্তগঞ্জে ভীষণ ঝড়বাত্যা

গত ১৯শে মার্চ প্রবল ঝড়বাত্যার ফলে বহু খড়ের ঘর ভূমিসাৎ হইয়াছে এবং বহু বৃক্ষ উৎপাটিত হইয়াছে। টেলিগ্রাফ ও টেলিফোনের তার ছিন্নভিন্ন হইয়া গিয়াছে। ফলে, [illegible] বন্ধ হয় এবং প্রায় চারি ঘণ্টা সমস্ত শহর অন্ধকারে ডুবিয়া থাকে।

ডেপুটি কমিশনারের বাংলো সমেত বহু বাড়ীর ক্ষতি হইয়াছে। স্থানীয় রামকৃষ্ণ মিশন, অরোরা ভবন এবং পোষ্টাল ক্লাব-গৃহ ভূমিসাৎ হইয়াছে এবং বৃক্ষাদির উপর বৃক্ষ পতিত হওয়ায় বিশেষ ক্ষতি হইয়াছে। ক্ষতির পরিমাণ প্রায় ২০ হাজার টাকা।

১৫ জন কংগ্রেসকর্ম্মী গ্রেপ্তার

ত্রিপুরা কংগ্রেসের সভাপতি শ্রীযুক্ত [illegible] গোস্বামী এবং অপর ১৪ জন কর্ম্মীকে স্টীমার এবং রেল কোম্পানীর বিরুদ্ধে আন্দোলন করিবার অভিযোগে গ্রেপ্তার করা হয়। তাঁহাদিগকে জামিনে মুক্তি দেওয়া হইয়াছে। আগামী ৩০শে মার্চ মামলার দিন ধার্য্য হইয়াছে।

যাত্রী পিকেটারগণ রেল লাইনের উপর শুইয়া ট্রেন চলাচল বন্ধ করিয়াছিল।

কলিকাতার খড়িতে ধর্ম্মঘট

অবৈতনিক [illegible] প্রতিবাদে ও [illegible] দাবী উপস্থিত করিয়া [illegible]

[illegible] গত ২০শে মার্চ প্রাতে ধর্ম্মঘট করিয়াছে।

চটকলগুলা লইয়া ও নানাপ্রকার [illegible] করিতে অন্যান্য বহু [illegible] প্রবল করে। সমস্ত ও সাধারণ পুলিশ মোতায়েন করা হইয়াছে। অবস্থা শান্ত আছে। [illegible] জন্য চেষ্টা চলিতেছে।

ঝড়বাত্যায় একটী যুবতী ও একটী বালিকার মৃত্যু

গত ১৯শে মার্চ প্রবল ঝড়-বৃষ্টি হইয়া গিয়াছে। ফলে সদরঘাটে বহু বড় বড় গাছ পড়িয়া গিয়াছে। এই সময়ের মধ্যে কোনাইবাড়ী গ্রামে একটি মুসলমান পরিবারের ২৫ বৎসর বয়স্কা এক যুবতী ও ১০ বৎসর বয়স্কা একটি বালিকার আহত [illegible] চাপা পড়িয়া মৃত্যু হইয়াছে।

লণ্ডনে সপত্নীক ফরাসী প্রেসিডেণ্ট

রাষ্ট্রপতি লেব্রা ও মাদাম লেব্রা ফরাসী গভর্ণমেণ্টের পক্ষ হইতে ইংলণ্ড পরিভ্রমণের জন্য গত ২১শে মার্চ লণ্ডনে পৌঁছিয়াছেন। ভিক্টোরিয়া রেল ষ্টেশনে সম্রাট ও সম্রাজ্ঞী প্রধানমন্ত্রী ও অন্যান্য মন্ত্রিগণ তাঁহাদিগকে সম্বর্দ্ধিত করেন। ষ্টেশন হইতে শোভাযাত্রা করিয়া তাঁহাদিগকে মোটরে বাকিংহাম প্রাসাদে লইয়া যাওয়া হয়। তাঁহারা শুক্রবার পর্য্যন্ত এখানে অবস্থান করিবেন।

জাপানীদের দাবী

চীনদেশে সর্ব্বত্র জাপানের আধিপত্য [illegible] সম্পূর্ণ।

করিবার জন্য এবং আপ-সাগর অঞ্চলের অন্তর্ভুক্ত করিবার জন্য চেষ্টা চলিতেছে। গত সেপ্টেম্বরের মধ্যেই জাপান এইরূপ দাবী করিয়াছিল।

আরও একদল রাজনৈতিক বন্দীর মুক্তি

বাংলার গভর্ণমেণ্ট সরকারীভাবে, নিম্নলিখিত রাজনৈতিক বন্দীদের বিষয় ও এডভাইসরী কমিটির সুপারিশ বিবেচনা করিয়া তাঁহাদের মুক্তির আদেশ দিয়াছেন :—

ভূপেশচন্দ্র সাহা, ইন্দুভূষণ দাস, দীনেশচন্দ্র সাহা, ধীরেন্দ্রকুমার বিশ্বাস ও হরিদাস সাহা।

ট্রেণ চাপা পড়িয়া দুইজনের মৃত্যু

দুইজন বৎসরজীবী রাঁচি হইতে টাটানগর রেল ষ্টেশনে প্রেরিত হওয়ার পথে গত ১৯শে মার্চ রেল লাইনের উপর দিয়া যাইবার সময় ট্রেন প্ল্যাটফর্মে ঢুকিয়া চাপা পড়ে ও তৎক্ষণাৎ মৃত্যুমুখে পতিত হয়। তাহাদের মৃত দেহ সরকারী হাসপাতালে পাঠাইয়া দেওয়া হইয়াছে।

ইসলামিয়া কলেজের ছাত্রদের ধর্ম্মঘটের অবসান

কলেজ কর্ত্তৃপক্ষ প্রতিশ্রুত দেওয়ায় ইসলামিয়া কলেজের আবাসী ছাত্রগণ ধর্ম্মঘট ত্যাগ করিয়া পুনরায় পড়াশুনা শুরু করিয়াছে।

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল সরস্বতী গোস্বামী [illegible] কলিকাতা [illegible] মূল্য [illegible] টাকা মাত্র।

২। গৌড়ীয় [illegible] সম্পাদিত [illegible] কলিকাতা শ্রীগৌড়ীয় মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১।০ টাকা মাত্র।

৩। ভাগবত [illegible] প্রকাশিত। ভিক্ষা সডাক ২৲ টাকা।

৪। [illegible] বার্ষিক ভিক্ষা সডাক ১।০ টাকা মাত্র।

৫। শ্রীগৌড়ীয় [illegible] কলিকাতা [illegible] হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ মাত্র।

শ্রীভক্তিবিনোদাবির্ভাব-শতবর্ষপূর্ত্তি-তিথিপূজার উপায়ন-গ্রন্থমালা

১। শ্রীচৈতন্যাশিক্ষা শ্রীভক্তিবিনোদ

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের [illegible] সমালোচনা-গ্রন্থ)

ভিক্ষা—৷৷০ বার আনা মাত্র।

২। শ্রীভক্তিবিনোদবাণীবৈভব

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের [illegible] ১০৮টি [illegible] গ্রন্থ)

ভিক্ষা—৩৲ তিন টাকা মাত্র।

৩। শ্রীশ্রীভক্তিবিনোদ-প্রসঙ্গ

[illegible] শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ [illegible] শ্রীল [illegible] গোস্বামী [illegible] এবং গৌড়ীয়ে প্রকাশিত শ্রীশ্রীভক্তিবিনোদ-চরিত্র প্রসঙ্গ

ভিক্ষা—৷৴০ ছয় আনা মাত্র।

৪। ছাত্রদের ভক্তিবিনোদ

(ছাত্রদের উপযোগী [illegible] শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্র ও শিক্ষা)

ভিক্ষা—৷৷০ বার আনা মাত্র।

ছাত্রদের পক্ষে ভিক্ষা—৷০ আট আনা মাত্র)

প্রাপ্তিস্থান :—

(১) শ্রীধাম [illegible] পোঃ শ্রীমায়াপুর, নদীয়া;

(২) শ্রীগৌড়ীয় মঠ; পোঃ বাগবাজার, কলিকাতা;

(৩) [illegible] পোঃ রমনা, ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

[illegible] প্রকাশিত

১।	শ্রীমদ্ভাগবত,—[illegible]	[illegible]
	[illegible]	[illegible]
	[illegible]	[illegible]
২।	[illegible] (অর্ধ খণ্ড)	[illegible]
৩।	[illegible]	[illegible]
৪।	[illegible] (পদ্যাদ)	[illegible]
৫।	শ্রীল [illegible]	
	[illegible]	
৬।	শ্রীল [illegible]	
	[illegible]	
৭।	শ্রীচৈতন্যচরিত	১৲
৮।	[illegible]	[illegible]
৯।	[illegible]	১৲
১০।	[illegible]	১৲
১১।	শ্রীচৈতন্য [illegible]	
১২।	[illegible]	১৲
১৩।	[illegible]	[illegible]
১৪।	[illegible]	[illegible]
১৫।	[illegible]	
১৬।	[illegible]	[illegible]
১৭।	[illegible]	।০
১৮।	[illegible]	।০
১৯।	[illegible]	
২০।	গৌড়ীয়-গৌরব	[illegible]
২১।	[illegible]	[illegible]
২২।	[illegible]	[illegible]
২৩।	[illegible]	১
২৪।	[illegible]	১৲
২৫।	[illegible]	১৲
২৬।	[illegible]	[illegible]
২৭।	[illegible]	[illegible]
২৮।	[illegible]	।০
২৯।	[illegible]	৷৷০
৩০।	[illegible]	[illegible]
৩১।	[illegible]	[illegible]
৩২।	[illegible]	।০
৩৩।	[illegible]	৷৷০
৩৪।	[illegible] (নবদ্বীপ পরিক্রমা)	[illegible]
৩৫।	[illegible]	[illegible]
৩৬।	[illegible]	[illegible]
৩৭।	[illegible]	[illegible]
৩৮।	[illegible]	।০
৩৯।	[illegible]	।০
৪০।	[illegible]	৴০
৪১।	[illegible]	৴০
৪২।	[illegible]	৷৷০
৪৩।	[illegible]	৴০
৪৪।	[illegible]	৴.
৪৫।	[illegible]	
৪৬।	[illegible]	
৪৭।	[illegible]	[illegible]
৪৮।	[illegible] (পত্রাবলী সংগ্রহ)	[illegible]
৪৯।	[illegible]	[illegible]
৫০।	[illegible]	[illegible]
৫১।	[illegible]	।০
৫২।	[illegible]	।০
৫৩।	[illegible]	৷৷০
৫৪।	[illegible]	০
৫৫।	[illegible]	।০
৫৬।	[illegible]	[illegible]
৫৭।	[illegible]	।০
৫৮।	[illegible]	[illegible]
৫৯।	[illegible]	[illegible]
৬০।	[illegible]	

[illegible] ভাষায় প্রকাশিত

৬১।	[illegible]	।০
৬২।	[illegible]	।০
৬৩।	[illegible]	।০
৬৪।	[illegible]	।০
৬৫।	[illegible]	[illegible]
৬৬।	[illegible]	
৬৭।	[illegible]	[illegible]

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮।	[illegible]	।০
৬৯।	[illegible]	।০
৭০।	[illegible]	
৭১।	[illegible]	।০
৭২।	[illegible]	[illegible]
৭৩।	[illegible]	
৭৪।	[illegible]	।০
৭৫।	[illegible]	৴০
৭৬।	[illegible]	।০
৭৭।	[illegible]	
৭৮।	[illegible]	।০
৭৯।	[illegible]	[illegible]

[illegible] ভাষায় প্রকাশিত

৮০।	[illegible]	।০
৮১।	[illegible]	।০
৮২।	[illegible]	[illegible]
৮৩।	[illegible]	৴০
৮৪।	[illegible]	৴০

[illegible] ভাষায় প্রকাশিত

৮৫।	[illegible]	০

[illegible] ভাষায় প্রকাশিত

৮৬।	[illegible]	[illegible]

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীগৌড়ীয় মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

দৈনিক
নদীয়া-প্রকাশ
একমাত্র পারমার্থিক দৈনিক পত্র
— মায়াপুর — নদীয়া

১ম বর্ষ | ২০ বিষ্ণু ৪৫৩ গৌরাব্দ ১১ই চৈত্র বঙ্গাব্দ ১৩৪৫ ২৫শে মার্চ ইং ১৯৩৯, শনিবার ২য় সংখ্যা

"তিনিই প্রকৃত সাধু অর্থাৎ বৈষ্ণব—যিনি সকলের একমাত্র নিত্য ভজনীয় নামী কৃষ্ণ ও কৃষ্ণাভিন্ন শব্দরূপে অবতীর্ণ নামের ভজন শিক্ষা দেন। সাধু বা বৈষ্ণব বা গুরু জীবের অধিকার বিচার পূর্ব্বক ক্রমশঃ ভজনের উচ্চপ্রণালী শিক্ষা দিয়া অনর্থের নিবৃত্তি করাইয়া থাকেন। ব্রহ্মা হইতে তাবোদর পর্য্যন্ত জীবের অনর্থ থাকে।"

(শ্রীল আচার্য্যদেব)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

২০ বিষ্ণু অবার শীরোদশায়ী গৌরাব্দ ৪৫৩

মঙ্গললাভের উপায়

আমাদের মঙ্গল কি করিয়া হইবে, একথা আমরা অনেকে অনেক সময় চিন্তা করিয়া থাকি। কিন্তু মনোধর্ম্মবশে নিজে নিজে উপায় ঠিক করিতে গিয়া বঞ্চিতই হই। মন বড় বিশ্বাসঘাতক, সে আমাকে ঠকাবেই। আমাকে বঞ্চনা করাই তাহার কাজ। সেই-জড় মনের কথা না শুনিয়া বৈষ্ণবের পরামর্শ গ্রহণ, অবৈষ্ণবের মনুষ্যপিত প্রলপিত বাক্য হইতে দূরে অবস্থান এবং অনুক্ষণ শ্রীগুরু-পাদপদ্মের কৃষ্ণকীর্ত্তন শ্রবণ-কীর্ত্তনই একমাত্র মঙ্গলের উপায়। হরিকথা শুনিলেই সব হইবে; আর তাহা বাদ দিলে 'সব' হইতে হইবে। প্রথমে কেবল শুনিতে হইবে, আগে দেখিতে বা আর কিছু করিতে হইবে না। কাণটী খুলিয়া রাখা দরকার, জাগ্রত থাকা দরকার, তৎপর থাকা দরকার; নতুবা মঙ্গলাভ সুদূর-পরাহত।

জাগতিক কোন কিছুরই বাস্তবতা নাই। বাস্তববস্তু—একমাত্র হরিকথা। শ্রীগুরু-মুখবিগলিত শ্রীহরিকথা যিনি সত্য সত্য শ্রবণ করেন এবং তাহা আচরণ করিয়া অনুকীর্ত্তন করেন, তাঁহার কোন অসুবিধা নাই, অভাব নাই, অকল্যাণ নাই। অহো, কি দুর্দ্দৈব! কৃষ্ণপ্রেষ্ঠ শ্রীগুরুদেবের সন্ধান পাইয়াও, তাঁহার সাক্ষাৎ পাইয়াও হতভাগ্য আমি তাঁহার পদধূলি প্রার্থনা না করিয়া কনক-কামিনী-প্রতিষ্ঠা বা সংসারই প্রার্থনা করিলাম! নির্ধন ব্যক্তি যেরূপ মূর্খতা-বশতঃ রাজার নিকট তণ্ডুলকণা প্রার্থনা করে, অজ্ঞ আমিও সেইরূপ শ্রীহরির নিকট অকিঞ্চিৎকর বস্তু প্রার্থনা করিলাম! শ্রীহরি—শ্রীগুরুপাদপদ্ম আমাকে নিত্যানন্দ বা সেবানন্দ প্রদান করিতে চাহিলেও আমি তাহা গ্রহণ করিলাম না! সুতরাং আমার ন্যায় দুর্ভাগা আর কে আছে?

যিনি সাত্বত-শাস্ত্রের কথা নিরন্তর কীর্ত্তন করিয়া আচারমুখে প্রচার করেন, যিনি প্রেম-প্রচারক ও পাষণ্ডদলনকারী শ্রীনিত্যানন্দের অভিন্নতনু, যিনি যোগী ও কৃষ্ণাভক্তমূলের মূলোৎপাটনকারী, যিনি প্রতি নিঃশ্বাসে-প্রশ্বাসে, প্রতি অঙ্গ প্রত্যঙ্গে, আনখকেশাগ্রে সর্ব্বক্ষণ কৃষ্ণেন্দ্রিয়তর্পণ করেন, যিনি কৃষ্ণের আপন জন, যাঁহার বাণী জীবের অজ্ঞানছিন্নকারী, যাঁহার কৃষ্ণাকর্ষী বাণী জীবকুলকে কৃষ্ণপাদপদ্মে আকৃষ্ট করে, ব্রজপ্রাপ্তি সর্ব্বদাই যাঁহার অধীন, যাঁহার কৃপা ব্যতীত শাস্ত্রার্থ উপলব্ধি করা যায় না, যিনি কৃপাপূর্ব্বক শাস্ত্ররূপ হস্তদ্বারা সংসার-পতিত জীবগণকে পরিত্রাণ করিয়া থাকেন, যিনি ঐকান্তিক কৃষ্ণ-ভক্তোত্তম, যিনি জগন্নাথ শ্রীহরির অভিন্ন-বিগ্রহ, তিনিই আমাদের শ্রীগুরুপাদপদ্ম—শ্রীআচার্য্যপাদপদ্ম। তিনি শুধু আমাদের গুরু নন, তিনি জগদ্গুরু—তিনি জগদাচার্য্য। এমন কৃষ্ণপ্রেষ্ঠের সন্ধান পাইয়াও তাঁহার আশ্রয় করিতে পারিলাম না, তদ্ভৃত্যানুভৃত্য বলিয়া নিজেকে উপলব্ধি করিতে পারিলাম না, ইহা অপেক্ষা দুর্ভাগ্যের কথা আর কি আছে?

ভগবান্ ভক্তকে বড় ভালবাসেন। ভক্তের মহিমা ভগবান্ সর্ব্বক্ষণ কীর্ত্তন করেন। ভক্তের সুখেই তাঁহার সুখ, ভক্ত তাঁহার এত প্রিয়! তাই ভক্তের সেবা ভগবানের সেবার চেয়েও বড়। ভগবান্ স্বয়ংই বলিয়াছেন,—

"মদ্ভক্তপূজাভ্যধিকা সর্ব্বভূতেষু মন্মতিঃ।"

(ভাঃ ১১।১৯।২১)

শ্রীল বৃন্দাবন দাস ঠাকুরও লিখিয়াছেন,—

"আমার ভক্তের পূজা - আমা হৈতে বড়।
সেই প্রভু বেদে ভাগবতে কৈলা দঢ়॥"

"মৎপরো দুর্ল্লভো নাস্তি জন-গুরু" প্রভৃতি শ্লোকে ভগবান্ আরও বলিয়াছেন,—হে অর্জ্জুন, ভক্তগণই নিখিল জগতের গুরু, আর আমি ভক্তজনের গুরু। যেরূপ আমি অখিল লোকের গুরু, ভক্তগণও তদ্রূপ। ভক্তগণ আমার বান্ধব, আমি ভক্তবৃন্দের বান্ধব; ভক্তগণ আমার গুরু এবং আমি ভক্তগণের গুরু। ভক্তগণ যথায় গমন করেন, আমিও তথায় গমন করি। মুক্তিগণ প্রভৃতিগণের সহিত ভক্তবৃন্দের আলোচনা করিয়া থাকেন। যাহারা কেবল আমার ভক্ত বলিয়া পরিচয় প্রদান করে, তাহারা প্রকৃত ভক্তপদবাচ্য নহে, আমার ভক্তগণের ভক্ত বলিয়া যাঁহাদের অভিমান তাঁহারাই আমার প্রকৃত ভক্ত। যাঁহারা আমার প্রতি আকৃষ্ট হইয়া আমার জন্য স্ত্রীপুত্র-বন্ধু-বান্ধবাদি বিসর্জ্জন করিয়াছেন, সেই সকল ভক্তের নিকটই আমি সর্ব্বতোভাবে বিক্রীত হইয়া আছি। ইহা ব্যতীত আমাকে ক্রয় করিবার অপরের সাধ্য নাই।

ভক্ত কৃষ্ণপ্রাণ, আর কৃষ্ণ ভক্তপ্রাণ। উভয়েই উভয়ের সুখের জন্য ব্যস্ত। কৃষ্ণ ভক্তগতপ্রাণ, আর ভক্ত কৃষ্ণগতপ্রাণ। কেউ কাহাকেও ছাড়িয়া থাকিতে পারেন

আশ্রয়ে করিয়া ভজ ছাড়ান না যায়। সাধু-গুরু-কৃপা বিনা না দেখি উপায়।

না। "গুরু ও আত্মার এত প্রীতি! এত মাখামাখি! এত আপন ভাব! অথচ ও দুয়ের এতখানি বিভেদ! শ্রীগুরুদেবের মত কৃষ্ণের প্রিয় আর কেহ নাই। এ সকল ভক্তের চরণে অপরাধ হইলে আর নিস্তার নাই। তাই, অজ্ঞ চিনিতে না পারিয়া বিপথে [illegible]। নিষ্কপটে আশ্রয়প্রার্থী হইলে গুরুকৃপাই প্রকৃত সদ্বস্তুর সন্ধান দিবে। সৎ ও অসৎকে এক করিলে চলিবে না; [illegible] কর্ষণ করিয়া সৎসঙ্গ করিতে হইবে। চক্ষের দ্বারা কৃষ্ণসেবা হয়, জিহ্বার দ্বারা কৃষ্ণসেবা হয় না—জিহ্বা কীর্তন করিয়া কৃষ্ণসেবা হয়। জিহ্বা কখনও অন্যভাবে কৃষ্ণসেবা করিতে পারে না, অন্যেন্দ্রিয় কখনও অন্যভাবে ভজনের অনুকূল হইতে পারে না। জিহ্বা পরিত্যাগ করিলে অসৎসঙ্গ বর্জন করণে ভজনের অনুকূলতা হয়। সেইজন্যই বলিয়াছি, অসদ্বস্তুর কর্ম হইতে নিস্তার পাইবার বা নিত্যমঙ্গললাভ করিবার একমাত্র উপায়—সাধুর উপদেশ শ্রবণ ও অসাধুর উপদেশে উদাসীনতা প্রদর্শন।

শ্রীগুরুপাদের চিত্তবৃত্তি

(শ্রীপাদ উজ্জ্বলনীলমণি ভক্তিশাস্ত্রী বি-এ)

নিতাইয়ের চরণ সত্য, তাঁহার সেবক নিত্য,
নিতাই-পদ সদা কর আশ।
এ অধম বড় দুঃখী, নিতাই মোরে কর সুখী,
রাখ রাঙ্গা চরণের পাশ॥

ইহা ভজনেরই কথা। জড়সংস্পর্শ চেতনের পক্ষে কিরূপ মহাপাতক তাহা তিনি জানেন। ত্রিতাপক্লিষ্ট অনন্তকোটি জীবদুঃখের আর্তনাদ ধ্বনি সর্বদা তাঁহার হৃদয়কে ব্যথিত করে। জীবের দুঃখ, জীবের প্রকৃতি-কবলিত হওয়ার কারণ কি, তাহা তিনি জানেন এবং এই জঘন্য অবস্থা হইতে উদ্ধারের উপায়ও তিনি জানেন। তিনি জানেন, অপ্রাকৃত নন্দনন্দন কৃষ্ণই জীবের নিত্যবস্তু, জীব স্বরূপতঃ কৃষ্ণদাস ও কৃষ্ণসেবাই তাঁহার নিত্যধর্ম; আর চিদ্বিলাস শ্রীগুরুপাদপদ্মে আশ্রিত থাকাই তাঁহার স্বরূপের নিত্যস্বভাব। পতিত, সংসার-দাবানলে দগ্ধ জীববৃন্দ বাঁচিতে শ্রীনিত্যানন্দাভিন্ন শ্রীগুরুপাদপদ্মের কোটিচন্দ্রসুশীতল ছায়ায় নিত্য আশ্রয় লাভ করিয়া নিরন্তর কৃষ্ণনামসংকীর্তনরসে নিমগ্ন থাকিতে পারে—তজ্জন্যই তাঁহার চেষ্টা।

অনাদিবহির্মুখ জীবের পুঞ্জীকৃত সুকৃতি ও বৈষ্ণবের [illegible] হরিকথা-শ্রবণের ফলে সদ্গুরু উদিত যে সৌভাগ্যবান্ জীবের সদ্গুরুপাদাশ্রয় হইয়াছে, তিনি জানেন যে, সদ্গুরুপাদাশ্রয় ব্যাপারটি কল্পনা নহে বা স্বপ্ন নহে বা কেবল দেখা ব্যাপার নহে। ইহা বাস্তবসত্য—চিৎপ্রত্যক্ষ। তিনি জানেন, শ্রীগুরুপাদপদ্ম শব্দব্রহ্ম—তাঁহার প্রত্যেকটি কথাই শাস্ত্রবাক্য, তাহা শ্রবণকারী শিষ্যকে শাসিত করে ও সংশোধিত করে। তিনি জানেন, শ্রীগুরুদেব জগদ্গুরু—নিত্যানন্দস্বরূপ, জীব নহেন,—প্রাকৃত কোন রক্তমাংসের পিণ্ড নহেন, তাঁহার কোন প্রাকৃত বিকার নাই। তিনি জানেন, শ্রীগুরুদেবের এই কৃষ্ণবিমুখ জগতে অবতরণ ব্যাপারের মধ্যে কতখানি জীবের প্রতি অহৈতুকী করুণার নিদর্শন রহিয়াছে। তিনি জানেন, স্বয়ংরূপ ভগবান্ শ্রীগৌরসুন্দরের করুণাশক্তিই জগদ্গুরুরূপে এজগতে অবতীর্ণ হন। তিনি জানেন, এজগতে পতিত জীবের শ্রীগুরুপাদপদ্ম ভিন্ন আর কেহ উদ্ধারকর্তা নাই, কোন রক্ষাকর্তা নাই এবং কোন বন্ধু নাই। তিনি জানেন, শ্রীগুরুপাদপদ্মের প্রত্যেকটি আচরণ কৃষ্ণসেবা ও জীবে দয়া। তিনি জানেন, সকল পতিত জীবের একমাত্র আশ্রয়—শ্রীগুরুপাদপদ্ম; তাঁহার কোটিচন্দ্রসুশীতল শ্রীপাদপদ্মে আশ্রয় লাভ করিবার ও তাঁহার শ্রীমুখবিগলিত অপ্রাকৃত বাণী শ্রবণ করিবার অধিকার প্রত্যেক জীবেরই আছে—তিনি যতই দীন, হীন, পতিত ও জগতের চক্ষে ঘৃণ্য হউন না কেন। অভিজাত বংশে জাত হইলে অথবা পাণ্ডিত্যের দ্বারা আবৃত হইলেই যে কেহ শ্রীগুরুপাদাশ্রয়ের যোগ্য হইবেন ইহা নহে; অথবা বর্ণে ব্রাহ্মণ কিংবা আশ্রমে সন্ন্যাসী হইলেই যে কেহ শ্রীগুরুপাদাশ্রয়ের যোগ্য হইবেন, ইহাও নহে। বরং যিনি নিজের পতিত্ব মর্মে মর্মে উপলব্ধি করিয়া নিষ্কপটে অনুতাপের সহিত অপরাধের জন্য ক্ষমা ভিক্ষা করিতে করিতে শ্রীগুরুপাদপদ্মের অযাচিত কৃপা প্রার্থনা করেন, তিনিই শ্রীগুরুপাদপদ্মের আশ্রয় লাভ করেন। আর যিনি অহংকারমত্ত হইয়া মনে মহত্তা প্রাপ্ত হইয়াছেন, তিনি ভোগ অথবা ত্যাগ-কামনায় অভিজ্ঞতা লাভ করিয়া নিত্যানন্দাভিন্ন শ্রীগুরুপাদপদ্মের অযাচিত করুণা প্রার্থনা করেন না। তাই তিনি নিত্যানন্দের করুণা হইতে বঞ্চিত হইয়া জড়বিলাসী হইয়া পড়েন অথবা 'জড়বিলাসকে ধ্বংস করিতে পারি' এই অভিমানে গর্বিত হইয়া চিদ্বিলাসের অস্তিত্ব অস্বীকার করিয়া মায়াবাদী হইয়া পড়েন। অকিঞ্চনই কৃপাপ্রার্থী হন—কৃপা পান। দাম্ভিক ব্যক্তি কৃপা প্রার্থনা করিতে পারে না; তাই কৃপা পায় না। জড়বিলাসী ও মায়াবাদী উভয়েই দাম্ভিক। ঠাকুর ভক্তিবিনোদ বলিয়াছেন, উহারা ভক্তিশূন্য এবং অকারণ প্রাণ ধারণ করিয়া থাকে। উহাদের প্রত্যেকটি চিন্তা, কার্য্য ও বাক্যধারা কেবল জীবহিংসা হয়। প্রত্যেক আত্মমঙ্গলকামী জীবই উহাদের সঙ্গ হইতে সাবধান থাকিবেন। উহাদের মধ্যে মায়াবাদীসঙ্গ সর্বতোভাবে ভক্তিপ্রতিকূল। ঐসঙ্গ পরিত্যাগ-বিষয়ে বজ্রাদপি কঠোর না হইলে ভক্তিপথ হইতে বিচ্যুত নিশ্চয়।

আমি সদ্গুরুপাদপদ্মে আশ্রয় লাভ করিয়াছি কিনা, এইরূপ সন্দেহ নিষ্কপট গুরুসেবকের নাই। যাহার সন্দেহ আছে, তিনি গুরুসেবক নহেন। সদ্গুরুপাদপদ্মের সন্ধানপ্রদাতা, জীবের প্রকৃত হিতৈষী বৈষ্ণবের সঙ্গলাভ অতীব দুর্লভ। যিনি নিজে সুদৃঢ়ভাবে পরমমঙ্গলময় করুণাসিন্ধু শ্রীগুরু-পাদপদ্ম আশ্রয় করিয়াছেন ও শ্রীগুরুদেবের কৃপায় কৃষ্ণভজনের সন্ধান লাভ করিয়াছেন তিনি সকল অসহায় জীববৃন্দকে সম্বোধন করিয়া বলেন, অসহায়ের সহায়, নিরাশ্রয়ের আশ্রয়, দুর্বলের বল বলদেবাভিন্ন শ্রীগুরু-পাদপদ্ম তোমাদের জন্যই এজগতে অবতরণ করিয়াছেন। তাঁহার শ্রীপাদপদ্ম কোটিচন্দ্র-সুশীতল। কৃষ্ণপাদপদ্মে প্রকৃত স্বাধীন তিনি কৃষ্ণাধীনতায় স্বতন্ত্রতার সদ্ব্যবহাররূপ প্রকৃত স্বাধীনতার সন্ধান-প্রদাতা। হে পার্থিববৃত্তির কবলে কবলিত ভ্রান্ত জীবগণ! "যদি পার্থিব অত্যাচার হইতে নিতান্তের জন্য রক্ষা পাইতে চান, যদি ভবরোগ হইতে মুক্ত হইয়া কৃষ্ণসেবামৃত-সমুদ্রে নিমজ্জিত হইতে চান, তবে বলদেবাভিন্ন শ্রীগুরুপাদপদ্মে নিষ্কপটে আশ্রয়প্রার্থী হউন—তাঁহার অযাচিত কৃপাপ্রার্থী হউন; তিনি আপনাদিগকে নিশ্চয়ই রক্ষা করিবেন, আপনাদিগকে কৃষ্ণনাম-সংকীর্তনে অধিকার প্রদান করিবেন।" সর্বতোভাবে অযোগ্য অধম পতিত জীবের প্রতি প্রভুর অহৈতুকী করুণার মহিমা অনন্তকাল কীর্তন করিলেও সম্যক্‌রূপে প্রকাশিত হয় না। যাঁহার করুণায় সংসার-বাসনা তুচ্ছ হয় ও অপ্রাকৃত কৃষ্ণনামে রুচি হয়, সেই প্রভুবর শ্রীগুরুপাদপদ্মে যাহার শ্রদ্ধা হয় না, তাহার দুর্ভাগ্যের সীমা নাই। বহু জন্মজন্মান্তরের মহতের চরণে অপরাধই ইহার কারণ, সন্দেহ নাই। শ্রীগুরুপাদ-পদ্মের করুণার এক কণাও যাহার হৃদয়কে স্পর্শ করিয়াছে, তিনি আর নিজেকে কোন জীবের ভোক্তা অথবা কোন জীবের ভোগ্য অভিমান করিতে পারেন না। কতটা অচেতন হইলে, কতটা প্রতিকূলতা আসিলে,

এইরূপ নিষ্ঠা কোন ক্রমে ত্যাজ্য নয়। কৃষ্ণভক্তি দূরে রহু, সংসার নহে তার।

শ্রীশ্রীআচার্য্যবাণী

——:*:——

শ্রীগুরু ও বৈষ্ণব স্বরূপতঃ এক অভিন্ন বস্তু। সকলেই সেব্য-ভগবান্। গুরু ও বৈষ্ণব পর্যায়ক্রমে সেবকাভিমানী। সিদ্ধের দিক্ হইতে দর্শনে শ্রীগুরুদেবের কৃষ্ণপ্রেষ্ঠত্ব এবং সেবা-দক্ষতা সর্বাধিক। গুরু ও বৈষ্ণব মহাভাগবত; তাঁহাদের ভূমিকায় তাঁহারা পরস্পর বন্ধু বা সখিভাবে সম্বন্ধ-যুক্ত। সেবক তাঁহার গুরুদেবে সর্বাপেক্ষা গুরুত্ব বা শ্রেষ্ঠত্ব দর্শন করেন, কিন্তু গুরুদেব নিজে অপর মহাভাগবত বৈষ্ণবকে

কতটা নিষ্ঠুর হইলে, কতটা মূঢ়তা প্রাপ্ত হইলে যে জীবের ভোক্তা বা জীবভোগ্য অভিমান হয়, তিনি জানেন। যাঁহারা রক্ত-মাংসের পিণ্ডে স্ত্রীদর্শন ও রক্তমাংসের পিণ্ডে পুরুষ দর্শন করেন, তাঁহাদের চেতনের বৃত্তি এতটা লুপ্ত হইয়াছে, তাঁহাদের মূর্খতার এতটা আধিক্য হইয়াছে যে, শাস্ত্র তাঁহাদিগকে পশুর মধ্যে গাধা আখ্যা দিয়াছেন, ইহা গুরুকৃপায় যিনি চেতনে উদ্বুদ্ধ হইয়াছেন তিনি জানেন। আত্মা স্ত্রী নহে, পুরুষ নহে, নপুংসক নহে—এই শ্রৌতবাণীতে অজ্ঞগণের অবিশ্বাস হইতে পারে কিন্তু শক্তিশালী শ্রীগুরুপাদপদ্মের আশ্রিত ভক্তগণের কোন সন্দেহ নাই। প্রত্যেক চেতনের স্বাভাবিক নিত্য বৃত্তিই ভক্তি, ভক্তি জড়দেহের বা জড়মনের ধর্ম নহে ইহাই ভক্তিসিদ্ধান্ত-বাণী। যিনি সকল আধার—বাহ্যতঃ যে কোন দেহে আবৃত থাকুক না কেন—কৃষ্ণ-সেবাবৃত্তি দর্শন করিতে পারেন তিনি সাধু—তিনিই সদ্গুরুপাদাশ্রিত। আর যিনি কৃষ্ণসেবাবৃত্তি দর্শন না করিয়া রক্তমাংস দর্শন করেন, তিনি অসাধু—গুরুকৃপা হইতে বঞ্চিত।

কৃষ্ণ কার্ষ্ণের ভৃত্য হওয়া, তাঁহাদের সন্তোষ-বিধান করাই ভক্তি। এতদ্ব্যতীত সব অভক্তি। ভক্তগণ কৃষ্ণ-কার্ষ্ণ-পদাশ্রয়ী। নিরপেক্ষতার ভানে তাঁহারা অন্তরে অসৎকে প্রশ্রয় দেন না—ইহার প্রত্যক্ষ প্রমাণ আমরা স্বচক্ষে দেখিবার সুযোগ পাইয়াছি। তাই ভগবান্ ঠাকুর ভক্তিবিনোদের আনুগত্যে বলিয়া থাকেন—

আচার্য্যপদ ছাড়ি' যে জন সেবক
যে ভাবে সে-ভাবে থাকে।
স্বামী ত' আচার্য্য- পদাশ্রয়ী সব
কভু না দেখিব তাকে।

ভগবানের সেবায় বাধা করিয়া নিবৃত্ত করিতে পারেন না। শ্রীবৃন্দাদেবীকে শ্রীবার্ষভানবীর পাদপদ্মে আমরা দিতে পারি না। তিনি নিজেকে শ্রীমতী বার্ষভানবীর চরণে প্রণতা অভিমান করিতে পারেন, কিন্তু আমরা তাঁহাকে জোর করিয়া সেবা করাইতে যাইব না, উহা ধৃষ্টতা, অপরাধ হইবে।

শ্রীচৈতন্যচরিতামৃত আদি ৭ম অধ্যায় ২৪৪ শ্লোকে এক ব্রাহ্মণ কর্তৃক শ্রীমন্মহাপ্রভুর পদধূলি গ্রহণ ও তজ্জন্য মহাপ্রভুর সম্মুখে গঙ্গাস্নান করিবার বিষয় বর্ণিত আছে। এখানে মহাপ্রভু স্ত্রীদেহস্পর্শের জন্য গঙ্গায় ঝাঁপ দেন নাই। শ্রীমন্মহাপ্রভু আশ্রয়ের আশ্রিতাভিমানিরূপে নিজে গোপীগণের কিঙ্করী এবং সকলকে কৃষ্ণশক্তি গোপীরূপে দর্শন করিতেছিলেন। আশ্রয় বা আশ্রয়বিগ্রহ সর্বত্রই গুরু বা কৃষ্ণশক্তি, আশ্রয় দর্শন করেন। তাঁহার বিচার -

নিজে শ্রেষ্ঠ জানি, উচ্ছিষ্টাদি দানে,
হ'বে অভিমান ভার।
তাই শিষ্য তব, থাকিয়া সর্বদা,
না লইব পূজা কার॥

আশ্রয়বিগ্রহ সর্বদা বিষয়বিগ্রহের পদধূলি এবং বিষয়বিগ্রহের উচ্ছিষ্ট প্রসাদ বিতরণ করেন। এখানে যে মহাপ্রভু সম্মুখে গঙ্গাস্নান করিয়াছেন এবং পুরীতে যমেশ্বর টোটায় গীতগোবিন্দের গান শুনিয়া সেদিকে ছুটিয়া যাইতে গোবিন্দ উহা স্ত্রীলোকের গান বলিয়া তাঁহাকে নিবারণ করায় মহাপ্রভু বলিয়াছিলেন—

গোবিন্দ, আজি রাখিলা জীবন।
স্ত্রী-পরশ হইলে আমার হইত মরণ॥

এই দুইটি সমতাব্যঞ্জক নহে। যেখানে তিনি "স্ত্রী-পরশ" বলিয়া উক্তি করিতেছেন, সেখানে নিজেকে আশ্রয়-জাতীয় সাধক জীব—সন্ন্যাসাশ্রমী বলিয়া অভিমান করিতেছেন। বিটোরাভিনিবেশযুক্ত পুরুষ সন্ন্যাসী-অভিমানে "আকারাদপি ভেতব্যং" শ্লোকের আচার শিক্ষা দিয়াছেন। নবদ্বীপে সচেলে গঙ্গাস্নান লীলায় গুরু বা আচার্য বা মহাভাগবতের আচার প্রদর্শন করিয়াছেন। এই মহাভাগবতের লীলাতেই নীলাচলে আবিষ্টা স্ত্রীকে গোবিন্দ স্তম্ভ হইতে নামাইবার চেষ্টা করায় মহাপ্রভু তাঁহাকে নিষেধ করিয়াছেন। সেখানে ঐ স্ত্রীলোকটি জগন্নাথকে দর্শন করিয়া বা তাঁহার দূত হইয়া তাঁহার আনন্দবিধান করিতেছিল। আশ্রিতাভিমানী মহাপ্রভু জগন্নাথের—বিষয়-বিগ্রহের আনন্দবিধানকারীর আনন্দবিধান-কার্যের সর্বতোভাবে সাহায্য করাই সেই শরণাগত নিত্যকৃষ্ণ বিচার করিয়াছেন। তিনি সেখানে আবিষ্টা স্ত্রীলোককে আশ্রয়বিগ্রহরূপে দর্শন করিতেছেন। আশ্রয়বিগ্রহ যেখানে বিষয়বিগ্রহকে সুখ দিবার জন্য তাঁহাকে দর্শন করিতেছেন, তখন সেই বিষয়বিগ্রহের ইন্দ্রিয়তর্পণকার্যে আশ্রিতাভিমানী মহাপ্রভু ত' বাধা দিতে পারেন না।

ব্রাহ্মণী পদস্পর্শ করায় গঙ্গায় ঝাঁপ দেওয়ার মধ্যেও এইরূপ চিত্তবৃত্তি প্রকাশিত হইয়াছে। ব্রাহ্মণীকে মহাপ্রভু আশ্রয়বিগ্রহরূপেই দর্শন করিয়াছেন। আশ্রয়বিগ্রহ যখন আশ্রিত আমার পদধূলি গ্রহণ করিতেছেন, তখন নিশ্চয়ই আমাকে বিষয়বিগ্রহের প্রাপ্য সম্মান দিয়া বঞ্চনা করিতেছেন। সুতরাং 'আমার গঙ্গায় প্রাণত্যাগ করাই শ্রেয়ঃ'—ইহাই তাঁহার বিচার। এইজন্যই চরিতামৃতকার বলিয়াছেন,—

'দেখিয়া প্রভুর দুঃখ হইল অপার।'

মহাপ্রভুর আপাতবিরোধমূলক এই সকল লীলাই এক তাৎপর্যপর। জীবের প্রতি দয়া করিবার জন্য সর্বদা প্রস্তুত থাকিতে হইবে। বালিশ, অজ্ঞ, সরল, মূর্খ যাহারা, তাহাদের প্রতি কৃপা করিতে উন্মুখ হইলেই শ্রীনিত্যানন্দ প্রভুর কৃপা হইবে। দয়া-কার্যটী নিতাইচাঁদের। অন্যকে দয়া করার অর্থই হইতেছে শ্রীনিত্যানন্দ বা গুরুপাদপদ্মের missionএ যোগদান করা। শ্রীগুরুদেবের mission জানিয়া নিজেকে গুরুসেবকাভিমানে জীবে দয়া করিবার প্রবৃত্তি হইলে শ্রীগুরুপাদপদ্ম হইতে ভজনবল লাভ হয়।

নিত্যানন্দের পাদপদ্মে অবস্থিত হইতে পারিলে বাহিরে যে-কোন স্থানেই অবস্থান করা যাইতে পারে, তাহাতে ভজনের কোন বিঘ্ন হয় না। যতক্ষণ নিত্যানন্দের পাদপদ্ম একমাত্র আশ্রয় বলিয়া বরণ করিতে না পারিতেছি, ততক্ষণ অতি সাবধানে বহির্মুখসঙ্গ বর্জন করিতে হইবে। যতক্ষণ দেহাত্মবুদ্ধি আছে ততক্ষণ দেহসম্পর্কীয় বস্তু বা ব্যক্তিতে মমতা আছে এবং ততক্ষণই সংসার আমাদের নিকট ভয়ানক পরীক্ষার স্থল। কিন্তু বস্তুতঃ সমস্তই ত' নিত্যানন্দের, তাঁরই সংসার। নিতাইএর হইয়া যাইতে পারিলে তখন সকল অবস্থায়, সকল স্থানে সকলেরই বন্ধু হইয়া যায়। সংসার নিতাইএর, তাঁহার হইয়া গেলে কি আর নিতাইচাঁদ তাঁহার সংসারে রাখিয়া গৌরবিমুখতা বাড়াইয়া দণ্ড দেন?, নিজের জনকে নিজের পরিবারের মধ্যে রাখিয়া কেহ কি মারিয়া ফেলে?

আমি যদি নিতাইএর সম্পূর্ণ শরণাগত, তাঁহার পরিবারভুক্ত বা তাঁহার দাসের দাস হইতে পারি, তখন তাঁহার সংসারে যাহারা তাঁহার সেবা অকৃতভাবে করিতেছে না, তাহাদের সহিত বাহ্য কপট ব্যবহার করিলেও নিতাই তাহার জন্য দণ্ড প্রদান করেন না অর্থাৎ চিত্তচাঞ্চল্য বা সেবা-শিথিলতা আসে না। পরিবারগত বা আত্মীয়ভাবে যাঁহারা নিত্যানন্দের পাদপদ্মে সুদৃঢ়ভাবে সংযুক্ত হইতে পারিয়াছেন, তাঁহাদের dismissal হইবার ভয় নাই। কাজেই তাঁহারা বহির্মুখদের সহিত বাহ্য কপট সঙ্গ করিলেও নিত্যানন্দের অযাচিত কৃপা হইতে বঞ্চিত হন না।

শরণাগত হইতে পারিলে আর কোন চিন্তা নাই। নিজের বল বা অন্য চেষ্টা এবং অপরের বল বা চেষ্টার প্রতি ভরসা ছাড়িয়া নিতাইকে গোপ্তৃত্বে বা পালকত্বে বরণ করিতে হইবে। নিতাইএর শরণাগত হইলে কোন কিছুরই অভাব থাকে না। বদ্ধাবস্থার লোক মর্ত্যজীবের প্রতি নির্ভর করিয়া নিশ্চিন্ত হইতে পারে। তাহাদের সব সময় ভয় অমুক ব্যক্তি না হইলে কে আমাকে পালন করিবে? নিত্যানন্দের সংসারে কোন লোকের অভাব কিছু থাকিতে পারে কি? তিনি সকলেরই মালিক। তিনি দিলে তবেই সকলে পায়। ক্ষিতি, অপ্, তেজ, বায়ু, আকাশ—এই ভোগ্য পদার্থগুলিও ত' মানুষের সৃষ্ট বা উপার্জিত বস্তু নয়, অথচ এগুলি ছাড়া আমরা এক মুহূর্তও বাঁচিতে পারি না, তাহার জন্য কাহার মুখ চাহিব? নিতাই কৃপা করিয়া তাঁহার বৈভব অপ্রাকৃতধামে চেতন মহাভূতসমূহ প্রকট করিয়াছেন, তিনি কি পালন করিতে অক্ষম? রাজার সংসারে থাকিয়া কেহ কি অন্নকষ্ট পায়? পরন্তু এমন জিনিষ পাইতে পারে—যাহা সে কখনও চিন্তাও করিতে পারে নাই।

নিত্যানন্দের সংসার—আনন্দময়; সেখানে দুঃখ কিছু নাই। শরণাগতের ঘাত-প্রতিঘাতমূলক সংকল্পবিকল্পময় চিন্তা বা ভাবনা ত' কিছু নাই, তিনি একনিষ্ঠ ব্যবসায়াত্মিকা বুদ্ধিবিশিষ্ট, কাজেই তিনি সকল বলের বল নিতাইর প্রতি একান্তভাবে নির্ভর করিয়া নিশ্চিন্ত থাকিতে পারেন। ভোগ্য বস্তুর মুখাপেক্ষা করিতে হইলেই দুঃখ আপনিই আসে। শরণাগতের অবস্থা কুকুরের মত। কুকুর প্রভুকে দেখিলেই আনন্দিত হয় এবং তাহা নানাভাবে প্রকাশ করে। তাহাকে যদি খাইতে দেওয়া যায়, তাহা হইলেও সে লেজ নাড়িবে; আবার খাইতে না দেও, তবুও সে মনিবকে দেখিয়া লেজনাড়া বন্ধ করিবে না। সকল সময়েই সে আনন্দে থাকে। নিত্যানন্দের সংসারে কি আনন্দের অভাব আছে?

কুকুর আবার নিজের প্রভু সেবাও কখনও ছাড়ে না। তাহাকে উপবাসী রাখিলেও সে অপরিচিত লোক দেখিবামাত্র চীৎকার করিয়া মনিবকে সতর্ক করা কি বন্ধ করিবে? তাহার কণ্ঠরোধ না হওয়া পর্যন্ত মনিবের এই সেবা হইতে তাহার বিরতি নাই। মৃত্যুকালে অত্যন্ত যাতনার মধ্যেও মনিবকে দেখিবামাত্র আনন্দ প্রকাশ করিতে সে ভুলিবে না।

ॐ ভক্তিসুধাকর প্রভুর পত্র

——(৩)——

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

শ্রীগৌড়ীয়মঠ
কলিকাতা
২০।৩।৩৩

শ্রীশ্রীবৈষ্ণবচরণে দণ্ডবৎপ্রণাম পূর্বক নিবেদন—

* * তোমার পত্র পাইয়া সমস্ত অবগত হইলাম।

তুমি মুক্তিকামী হইবে না। সেবাদ্বারা সেবা লাভ হয়, মুক্তি লাভ হয় না। মুক্তি সেবক গ্রহণ করেন না। সুবিধা হইলে অসুবিধা হইতে উদ্ধার হইবার আবশ্যক থাকে না। তুমি স্বরূপতঃ মুক্ত। সুতরাং তোমার মুক্তির আবশ্যক নাই। অসুবিধার কথা অধিক চিন্তা না করিয়া কর্তব্য অর্থাৎ সেবা সম্বন্ধে মনোযোগী হইবে, তাহা হইলে শীঘ্রই সমুদয় অসুবিধার মধ্যেও কেবল সুবিধাই অনুভব করিতে সমর্থ হইবে। পরমারাধ্য শ্রীল আচার্যদেবের শ্রীপাদপদ্ম সর্বদা স্মরণ করিবে।

আমার দণ্ডবৎপ্রণাম গ্রহণ করিবে।

দাসাধম—
শ্রীনারায়ণদাস অধিকারী

শুদ্ধভক্তি-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠ প্রধান

প্রাচীন নবদ্বীপ, ঢাকঘর শ্রীমায়াপুর, নদীয়া। শ্রীমন্মহাপ্রভুর ভবনে শ্রীচৈতন্যমঠ, পরবিদ্যা-পীঠ, শ্রীশ্রীগান্ধর্ব্বা-গোবিন্দ গোপীনাথ আড়াআড় চতুর্দ্দিশ বিগ্রহ আছেন। সুপ্রাচীন প্রব-আধিকারিকগণে নদীয়া প্রকাশ যন্ত্রালয় আছে।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৫

কলিকাতায় শ্রীভক্তিবিনোদ-আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, সঙ্কীর্ত্তন, গ্রন্থাদিভুক্তের সেবা-শ্রীমদ্ভাগবতাদি শাস্ত্রের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও তাহারই সাপ্তাহিক ইংরেজী পত্র প্রকাশিত হয়।

(৩) যোগপীঠ মায়াপুর-পীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব-ভূমি মহাযোগপীঠ।

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং চিহ্ন বর্ত্তমান।

(৬) মুরারিগুপ্তের পাট

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৭) কাজি-সমাধি-পাট

প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)

ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি।

(৮) অনুকূলকৃষ্ণানুশীলনাগার

শ্রীধাম মায়াপুর

(৯) শ্রীমদ্বয়-স্বরূপ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)

এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)

গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা।

(১১) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ চাঁপাহাটি (বর্দ্ধমান)

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মাউগাছি, পোঃ ভালুকা, (বর্দ্ধমান)

শ্রীবাসাবতার ঠাকুর বৃন্দাবনের স্থান

(১৩) কুলদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(১৪) ঋতুদ্বীপ-গৌড়ীয়মঠালয়

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ

গোকুলপুর, নদীয়া

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ

মাজিদা - (শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৭) ভক্তকুটীর

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

(২০) মহেশ-পণ্ডিতের পাট

আটামপুদি, পোঃ চাকদা (নদীয়া)

(২১) রাণাঘাট-গৌড়ীয়মঠালয়

(২২) পুরী গৌড়ীয়মঠ

চাকদহ পরগণা

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ

নারিন্দা পোঃ ওয়াড়ি, ঢাকা।

পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র।

(২৪) গোপালজীউমঠ

কমলাপুর, পোঃ ঢাকা

(২৫) নিতাই-গৌরাঙ্গ মঠ

পোঃ বালিয়াটি, (ঢাকা)

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

বড়বাজার, পোঃ ময়মনসিংহ

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চক্‌চকা, কামরূপ (আসাম)

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

৩নং গান্ধী রোড, দার্জ্জিলিং

(৩০) মানবক-গৌড়ীয়মঠ

পোঃ বলিহার, জেলা মহানন্দা, ইই, পি

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

মিঠাপুর পাটনা।

(৩২) গয়া গৌড়ীয়মঠ

মন্দা রোড গয়া

(৩৩) কাশীধাম গৌড়ীয় মঠ

৮/১১৭ বড় গণেশ, বেনারস সিটী

(৩৪) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

(৩৫) গৌড়ীয়মঠ মঠ.

পোঃ মিরজাপুর, সীতাপুর ইউ পি।

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়

দিগরবাটি, পোঃ মথুরা

(৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণবাহ, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ

গোপীনাথবাগ, বৃন্দাবন

(৩৯) রাধাকুণ্ড-শ্যামকুণ্ড

পোঃ রাধাকুণ্ড। মথুরা

(৪০) কুঞ্জবিহারী মঠ — শ্রীরাধাকুণ্ড

(৪১) রাধাকুণ্ড গোবর্দ্ধনবাটি

(৪২) শ্রীগোবর্দ্ধনমঠালয়

গোবর্দ্ধন, মথুরা

(৪৩) নন্দকুঞ্জ বিহারী মঠ

নন্দগ্রাম, মথুরা।

(৪৪) অযোধ্যার গৌড়ীয়মঠালয়

পোঃ অযোধ্যার, মথুরা

(৪৫) বরাণা গৌড়ীয়মঠালয়

পোঃ বরাণা, মথুরা

(৪৬) গোবিন্দবিহারী মঠ—কেলাহী,

পোঃ হোসেন, জেলা গুরদাসপুর (পাঞ্জাব)

(৪৭) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

(৪৮) দিল্লী গৌড়ীয় মঠ

৪নং কুইন্স রোড, নয়া দিল্লী

(৪৯) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, অগাস্ট ক্রান্তি রোড ৭

(৫০) সারস্বত-গৌড়ীয়মঠ

পোঃ মাধবপুর, মাদ্রাজ

শ্রীগুরুদেবের নামপ্রাপ্ত সার্বভৌমের সেবা

(৫১) সারস্বত-গৌড়ীয়মঠ

পোঃ কভুর, কাজরা গোদাবরী, মাদ্রাজ

শ্রীশ্রীগুরুদেবের নামপ্রাপ্ত-প্রতিষ্ঠিত সেবা

(৫২) বড়গৌড়ীয়মঠ

বালিয়াসাহী, পোঃ গ্রাম দঃ, (পুরী)

(৫৩) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা

(৫৪) ভক্তিকুটী—সমুদ্র পুরী

(৫৫) সীতাকুটী

(৫৬) ত্রিদণ্ডি-গৌড়ীয়মঠ

পোঃ ভুবনেশ্বর, পুরী

(৫৭) সচ্চিদানন্দ মঠ

গোপালপুর, পোঃ কটক (উড়িষ্যা)

(৫৮) নরসিংহ গৌড়ীয়মঠপীঠ

(৫৯) শ্রীব্রহ্মমাধ্বগৌড়ীয়-প্রপন্ন-মন্দির

পোঃ বরানগর, মাদ্রাজ

(৬০) ভাগবতজনানন্দ মঠ

চিকলিয়া, পোঃ সাতক্ষীর, মেদিনীপুর

(৬১) কাঁথি গৌড়ীয়মঠ

পোঃ কাঁথি, মেদিনীপুর

(৬২) আমলাযোড়া প্রপন্নাশ্রম মঠ

পোঃ আমলাযোড়া, বর্দ্ধমান।

(৬৩) চৈতন্যগৌড়ীয়মঠ

ভুবনেশ্বর, পোঃ ঝাড়গ্রাম, (মেদিনীপুর)

(৬৪) রেঙ্গুন গৌড়ীয়মঠ

১০১ নং স্পার্কস ষ্ট্রীট, রেঙ্গুন।

(৬৫) লণ্ডন-গৌড়ীয়মঠ

ফ্ল্যাট নং ২

৩১, আর্লসকোর্ট

স্কোয়ার, লণ্ডন, এস ডব্লিউ ৫

(৬৬) গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

১৬।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা

(৬৭) গৌড়ীয়মঠ অফিস

২০৪ নিউজেন্ট রোড, লণ্ডন (ডব্লিউ-সি)

(৬৮) শ্রীবিজ্ঞানিধি গৌড়ীয়মঠালয়

একদণ্ডাকম, চট্টগ্রাম

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে শ্রীমনীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীমহানন্দ ব্রহ্মচারী ভক্তালোক, ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

১

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

[illegible] পৃষ্ঠায়		[illegible] পৃষ্ঠায়	
১ম ও [illegible]	[illegible]	[illegible]	[illegible]
প্রতিবারে প্রতি লাইনে [illegible]	[illegible]	[illegible]	[illegible]
[illegible]			[illegible]
[illegible]	[illegible]		[illegible]
অর্দ্ধকলম [illegible]	[illegible]	[illegible]	[illegible]
এক কলম [illegible]		[illegible]	[illegible]

এক বৎসরের জন্য চুক্তি হইলে হার

প্রতিবারে প্রতি ইঞ্চি [illegible]	[illegible]
সিকি কলম [illegible]	[illegible]
অর্দ্ধকলম [illegible]	[illegible]
এক কলম [illegible]	[illegible]

চাঁদার হার

বাৎসরিক ([illegible])	[illegible]
ষাণ্মাসিক	[illegible]
ত্রৈমাসিক	[illegible]
মাসিক	

প্রতি সংখ্যা [illegible] [illegible]

শ্রীধাম মায়াপুরে

—"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট"—

[illegible]

[illegible] বিদ্যালয় ও বোর্ডিং [illegible]। [illegible] ও [illegible]। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে [illegible] বাসস্থানের ব্যবস্থা [illegible] খাওয়া ও বোর্ডিং খরচ প্রতি মাসে মাত্র ৬৲ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতি বৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। বর্ত্তমান বর্ষে ১৬ জন বালকের মধ্যে ১৫ জন ভালভাবে উত্তীর্ণ হইয়াছে।

মেধাবী ছাত্রগণের আরও সুবিধা

পরীক্ষায় যাহারা শতকরা ৬০ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ [illegible] ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট, ঈশোদ্যান, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী

শ্রীল প্রভুপাদের [illegible]-তিথিতে শ্রীল আচার্য্যদেবের [illegible] "শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী" প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। ইহাতে পূর্ব্বার্দ্ধ ও উত্তরার্দ্ধ দুইটি বিভাগ আছে। পূর্ব্বার্দ্ধে শ্রীল প্রভুপাদের আদি প্রবন্ধাবলী শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের সম্পাদিত 'স জ্জনতোষণী' [illegible]। শ্রীল প্রভুপাদের [illegible] [illegible] হইতে [illegible] ও প্রয়োজনীয় [illegible] টীকা-সহ [illegible] হইয়াছে। উত্তরার্দ্ধে শ্রীল প্রভুপাদের সম্পাদিত 'সজ্জনতোষণী'র কতিপয় প্রবন্ধ [illegible] হইয়াছে। [illegible] শ্রীল আচার্য্যদেবের একটি [illegible] ও [illegible] একটি [illegible] ভূমিকা, [illegible], [illegible] ও [illegible] প্রভৃতি [illegible] সংযোজিত হইয়াছে। [illegible] কাগজে [illegible] শ্রীল প্রভুপাদের [illegible] হইয়া প্রকাশিত হইয়াছে। প্রাপ্তিস্থান—শ্রী[illegible], পোঃ শ্রীমায়াপুর, জিলা নদীয়া; [illegible], পোঃ [illegible], [illegible] ও [illegible], [illegible], [illegible], [illegible]।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতিসুন্দরভাবে আলোচিত হইয়াছে। এই এক অপূর্ব্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ টাকা।

[শ্রী]ল প্রভুপাদের পত্রপ্রসূন মালা

এই গ্রন্থে [illegible] শ্রীশ্রীমদ্ ভক্তি-সিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের [illegible] পত্রাবলী শ্রীল আচার্য্যদেবের [illegible] "গৌড়" [illegible] মুদ্রিত [illegible] হইয়াছে। শ্রীল প্রভুপাদের [illegible] অপ্রকাশিত পত্র [illegible] হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র [illegible] আনা।

শ্রীচৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভুর [illegible] শিক্ষা ও চরিত অতিসুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ৩৲ টাকা। প্রাপ্তিস্থান [illegible] অধিকারী, [illegible] শ্রীচৈতন্য মঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

[illegible] কলেজের [illegible] প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপাধ্যায় [illegible] আচার্য্য শ্রীপাদ [illegible] [illegible] সম্প্রদায়-বৈষ্ণবাচার্য্য [illegible] এবং [illegible] অনুভব আস্বাদন করিয়া [illegible] বর্ণন এবং [illegible] ভগবানের [illegible] [illegible] ও [illegible] [illegible] ও [illegible] চিত্র-সম্বলিত। [illegible] ও [illegible] [illegible] [illegible] [illegible] আলোচনা। প্রথম খণ্ড [illegible] [illegible] পৃষ্ঠা [illegible]। [illegible] শ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), [illegible] ও গ্রন্থকারের ভূমিকাদ্বয় (Preface), বিষয়-তালিকা (Contents) ও [illegible] সূচীপত্র (Index Glossary) [illegible] প্রকাশিত। ভিক্ষা—১০ দশ টাকা। প্রাপ্তিস্থান—শ্রীমায়াপুর [illegible], [illegible]; শ্রীগৌড়ীয় মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্য মঠ, শ্রীধাম মায়াপুর জেলা—নদীয়া।

'ঠাকুর ভক্তিবিনোদ'

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি প্রচারের মূল [illegible] শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অভিনব জীবনচরিত [illegible] [illegible] প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। [illegible] বহুদিন পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয়মঠাচার্য্যদেবের [illegible] [illegible] সুলেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎ [illegible] [illegible] বি-এ, কর্ত্তৃক সঙ্কলিত "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের [illegible] জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। [illegible] ঠাকুরের বহু [illegible] [illegible] হইয়াছে। [illegible] ১১০ পৃষ্ঠায় এই [illegible] হইয়াছে। ভিক্ষা মাত্র ৮০ আনা; ডাকমাশুল স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান—ম্যানেজার গ্রন্থবিভাগ
শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা।

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের [illegible] বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু গ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১৩৫নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্

[illegible] কটক নগরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

[illegible] পাঁচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাটতি অত্যন্ত অধিক। [illegible] [illegible] [illegible] কালাজ্বর এবং নূতন ও পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। [illegible] ছোট বোতল ৷৵০ দশ আনা, বড় বোতল ৸৵০ আঠার আনা। পাইকারী দর [illegible]।

৩১নং [illegible] রোড, কলিকাতা
অথবা
পোঃ [illegible], ২৪ পরগণা।

ই. বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	৫-৩০	৬-০৬	৭-২৮	১২-২৯	১৪ ৫০	১৬-৫০	১৭-৫০	২২ ৪৫
রাণাঘাট পৌঃ			৮ ৫০	১৪ ১৫				
(বদল) ছাঃ			৯-০০	১৪-৫০				
কৃষ্ণনগর পৌঃ	৭-১	৮-৫৫	১০-৮	১৫-২৩	১৭-২৮	১৯-১১	২০-১৬	১-২
(বদল) ছাঃ	৭-১২		১০-৩১		১৭-৩৮		২০-২৫	
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫১		১১ ১০		১৮-১৩		২০-৫০	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৩
রাণাঘাট পৌঃ	১২-৫৫
ছাঃ	১৩ ০
শান্তিপুর পৌঃ	১৩-২৩
(বদল) ছাঃ	১৩-৩১ (লাইট্ রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪-২
ছাঃ	১৪-৩০
নবদ্বীপঘাট পৌঃ	১৫-০

ডাউন

নবদ্বীপঘাট ছাঃ	৫ ৫০		৯ ২৫			১৩-৩০	১৬-০	১৯-৩৩
কৃষ্ণনগর পৌঃ	৬ ২৩	৯-১৩	১০-৫	১১-৪১	১৪-১০	১৬-৩৬	১৯-১১	
ছাঃ	৬-২৩	৭-১৮	১০-১১			১৬ ৫৫	১৯-২৫	
রাণাঘাট পৌঃ			১০-৪৩			১৭-০১		
(বদল) ছাঃ			১১-০			১৭-৪০		
কলিকাতা পৌঃ	৬-১৬	৯-৩১	১২-১	১২-১৬	১৪-১৩	১৯-১১	২১-৩১	২৩-৫

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৩-৩১	১৬-০		
কৃষ্ণনগর পৌঃ	১৪-১০	১৬-৩৬		
ছাঃ	১৫-২৮	১৭-১৫		
শান্তিপুর পৌঃ	১৬-৯	১৭-৫৩		
(বদল) ছাঃ	১৬-৩৩	১৮-১ (শনিবার ভিন্ন)	১৯-৮ (শনিবার)	
রাণাঘাট পৌঃ	১৭-১৩	১৮-২৭	১৯-৩৩	
(বদল) ছাঃ	১৭-৪৩	১৮-৪০	১৯-৪০	
কলিকাতা পৌঃ	১৯-১১	২০-৩	২১-৩	

REGD NO C 1544

দৈনিক নদীয়াপ্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৪শ খণ্ড | শ্রীমায়াপুর—১৩ই চৈত্র, ১৩৪৫, ২৭শে মার্চ্চ, ১৯৩৯ সোমবার | ২৬শ সংখ্যা

বিবিধ সংবাদ

——[illegible]——

নদীয়া জেলা কৃষক-সম্মেলন

গত ১৮ই এবং ১৯শে মার্চ্চ [illegible] নদীয়া জিলা কৃষক-সম্মেলনের অধিবেশন হইয়া গিয়াছে। এই উপলক্ষে কলিকাতা হইতে আগত সভাপতি [illegible], ডাঃ ভূপেন্দ্রনাথ দত্ত, [illegible] সেন, বিধু সেন, বিভূতি [illegible] এবং অন্যান্য নেতৃবৃন্দকে ১৮ই তারিখে [illegible] স্টেশনে [illegible] এবং কৃষক [illegible] দেশের নিকট উপস্থিত থাকিয়া সম্বর্দ্ধনা জানান। অতঃপর মোটরে করিয়া নেতৃবৃন্দকে [illegible]পুরে আনয়ন করা হয়। এখানেও বহু [illegible] এবং কৃষক [illegible] তাঁহাদিগকে সম্বর্দ্ধনা জানান।

ভারতীয় রাষ্ট্রীয় পরিষদ

গত ২২শে মার্চ্চ রাষ্ট্রীয় পরিষদের মাত্র ৩০ মিনিট কাল অধিবেশন হয়। এই সময়ের মধ্যে ৫টি সরকারী বিল পাশ হইয়া যায়। এই বিলগুলি সমস্তই কেন্দ্রীয় ব্যবস্থা পরিষদে পাশ হইয়াছিল। সেদিন আর কোন প্রয়োজন হয় নাই।

বাণিজ্য বিভাগের সেক্রেটারী মিঃ [illegible] বৃটিশ ভারতে [illegible] প্রতিষ্ঠিত করিবার জন্য যে বিল কেন্দ্রীয় [illegible] গৃহীত হইয়াছে, তাহা [illegible] বৃটিশ [illegible] অনুমোদিত হয় এবং কেন্দ্রীয় [illegible] বিবেচনাধীন ছিল। [illegible]

প্রাদেশিক গবর্ণমেণ্টের সম্বন্ধেও এই বিল গৃহীত হইয়াছে। এই সকল আইনের উপর ভিত্তি করিয়া [illegible] প্রাদেশিক গবর্ণমেণ্টসমূহ [illegible] করিবেন।

অতঃপর স্যার জগদীশপ্রসাদ ভারতীয় [illegible] আইন সংশোধন বিলটি উপস্থিত করেন। তিনি বলেন যে, বর্ত্তমান আইন অনুসারে এক বৎসরের কম বয়স্ক শিশুদিগকে যাত্রী সংখ্যার মধ্যে গণ্য করা হয় না এবং যাত্রীবাহী জাহাজে তাহাদের জন্য স্থান নির্দ্দিষ্ট করা হয় না। ইহা [illegible] সম্পর্কে আন্তর্জ্জাতিক চুক্তির বিরোধী। তিনি আরও বলেন যে, বোম্বাই ও মিশর হইতে যে সকল জাহাজ আসে, তাহাতে ঐ চুক্তি পালিত হয়।

রেল কোম্পানীর সিন্দুক চুরি

কয়েকদিন পূর্ব্বে বি, এন, আর রেলওয়ের দৈনিক আয় সমেত সিন্দুকটি [illegible] হইতে [illegible] ও [illegible] স্টেশনের মধ্যে উধাও হয়। [illegible] গ্রামের একটি কূপের মধ্যে ঐ সিন্দুকটি পাওয়া গিয়াছে। [illegible] টাকা [illegible] পাওয়া গিয়াছে।

[illegible] একটি লোহার সিন্দুক চুরি গিয়াছে [illegible] করেন। [illegible] যে, [illegible] কোন [illegible] পাওয়া যায়।

[illegible] সিন্দুকটি যে [illegible], তিনি তাহার কিছুই বলিতে পারিলেন না। তাঁহাকে চাকুরী হইতে বরখাস্ত করা হইয়াছে।

ভারত শাসন আইন

গত ২১শে মার্চ্চ কমন্স সভায় মিঃ সরেনসেন সহকারী ভারত-সচিবকে জিজ্ঞাসা করেন যে, ভারতের কেন্দ্রীয় গবর্ণমেণ্টের কার্য্য সম্পূর্ণরূপে [illegible] ভারতবাসীকে অধিকার দিতে এবং কোন কোন বৃটিশ উপনিবেশে স্বায়ত্তশাসন প্রবর্ত্তনের জন্য অদূর ভবিষ্যতে কোন আইন প্রণয়নের অভিপ্রায় গবর্ণমেণ্টের আছে কি না।

স্যার জন সাইমন জানান যে, ভারত শাসন আইনের দ্বিতীয় ভাগের বিধানাবলী প্রবর্ত্তিত হইলেই ভারতের কেন্দ্রীয় সরকার অনেকাংশে ভারতীয় আইন পরিষদের নিকট দায়িত্বশীল হইয়া পড়িবেন। কিন্তু অদূর ভবিষ্যতে গবর্ণমেণ্টের আর কোনরূপ আইন প্রণয়নের অভিপ্রায় নাই। কিংবা কোন বৃটিশ কলোনীতে স্বায়ত্তশাসন প্রতিষ্ঠার জন্য অদূর ভবিষ্যতে কোন আইন প্রণয়নের অভিপ্রায় গবর্ণমেণ্টের নাই।

মিঃ সরেনসেন—'ভারতে স্বায়ত্তশাসন প্রবর্ত্তন সম্পর্কে উত্তরে তিনি যে যুক্তি দেখাইয়াছেন তাহাতে উক্ত আইন প্রবর্ত্তন করিয়া তিনি কি জগতে আমাদের এই গণতান্ত্রিক মনোভাবের কথা প্রমাণ করিতে চেষ্টা করিবেন না?

স্যার জন সাইমন—গত ১৯৩৫ সালের ভারত শাসন আইনের বিধানাবলী কমন্স সভার সকলেই অনেক ভাবিয়া-চিন্তিয়া গ্রহণ করিয়াছেন। কোনরূপ পরিবর্ত্তন করা হইবে এরূপ কথা আমি বলিতে পারি না।

মিঃ সরেনসেন—'তিনি কি অবগত আছেন যে, ভারতের রাজনৈতিক জনসংখ্যার অধিকাংশ লোকই উহা অপেক্ষাও অধিকতর স্বায়ত্তশাসনের দাবী করিতেছেন?' এই প্রশ্নের আর কোন জবাব তিনি দেন না।

কংগ্রেসের আগামী অধিবেশনের জন্য স্থান নির্ব্বাচন

কংগ্রেসের আগামী অধিবেশনের জন্য স্থান নির্ব্বাচনের কার্য্য পূর্ণোদ্যমে চলিতেছে।

ডাঃ রাজেন্দ্রপ্রসাদ, মিঃ [illegible] প্রসাদ, মিঃ মথুরাপ্রসাদ, মিঃ [illegible] সিংহ এম এল এ ও মিঃ দীপনারায়ণ সিংহ গত ১৯শে মার্চ্চ শোণপুর আসিয়াছিলেন।

তাঁহারা বহু স্থান পরিদর্শন করেন, কিন্তু শোণপুরের বিস্তৃত ময়দানটিই তাঁহারা উপযুক্ত স্থান বলিয়া বিবেচনা করেন। [illegible] ও [illegible] পার্শ্বেই বহু শত বিঘা লইয়া এই ময়দানটি বিস্তৃত।

স্থানীয় অধিবাসীগণ ও জেলাবোর্ড তাঁহাদিগের সহিত সহযোগিতা করিবে বলিয়া আশ্বাস দিয়াছেন। বর্ত্তমানে [illegible] জলের কলের ব্যবস্থা রহিয়াছে, তাহা বাড়াইয়া কংগ্রেস নগরে জল সরবরাহ করা চলিবে। প্রস্তাব, স্থানীয় [illegible] ইলেক্ট্রিক পাওয়ার হাউস হইতে বৈদ্যুতিক আলোর ব্যবস্থা করা যাইবে। ডাঃ রাজেন্দ্রপ্রসাদ তাঁহার সঙ্গীদের সঙ্গে পাটনায় পুনঃ রওনা হইয়া গিয়াছেন।

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল সরস্বতী প্রভুর পরবিদ্যাভূষণ গোস্বামী মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক। প্রতি একাদশীতে প্রকাশিত হয়। কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। সডাক ভিক্ষা ৪॥০ টাকা মাত্র।

২। গৌড়ীয়—মহোপদেশক পণ্ডিত শ্রীপাদ কুঞ্জবিহারী বিদ্যাভূষণ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক [illegible] ১।০ টাকা মাত্র।

৩। ভাগবত—উড়িয়াভাষায় একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১॥০ টাকা মাত্র

৫। শ্রীগৌড়ীয়—মহোপদেশক পণ্ডিত শ্রীপাদ কুঞ্জবিহারী বিদ্যাভূষণ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১॥০ মাত্র।

পরমগুরু শ্রীগৌরকিশোর

গৌড়ীয়-সম্পাদক-লিখিত, শ্রীগৌড়ীয়মঠাচার্য্যের ভূমিকা-সম্বলিত, বহুচিত্র-শোভিত ও বিস্তৃত সূচী-সম্বলিত "পরমগুরু শ্রীগৌরকিশোর" গ্রন্থাকারে প্রকাশিত হইয়াছেন। এই গ্রন্থে শুদ্ধগৌড়ীয়বৈষ্ণবগণের পরমারাধ্য, গৌড়ীয়গোষ্ঠীশিরোমণি অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তিমান বিগ্রহ বিপ্রলম্ভলীলাপ্রবিষ্ট পরমহংস ওঁ বিষ্ণুপাদ শ্রী শ্রীল গৌরকিশোরদাস গোস্বামী প্রভুবরের অতিমর্ত্ত্য চরিতকথা বর্ণিত আছে।

শ্রীশ্রীভক্তিবিনোদাবির্ভাব-শতবর্ষপূর্ত্তিতিথিপূজার উপায়ন-গ্রন্থমালা

———::(০)::———

১। গীতিসাহিত্যে শ্রীভক্তিবিনোদ

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র গীতিসাহিত্যের সমালোচনা-গ্রন্থ)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

২। শ্রীভক্তিবিনোদবাণীবৈভব

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের গ্রন্থামৃতসাগর হইতে আহৃত ১০৮টি অধ্যায়ে সম্বন্ধ-অভিধেয়-প্রয়োজনাকারে গ্রথিত অমূল্য উপদেশপূর্ণ গ্রন্থ)

ভিক্ষা—৩৲ তিন টাকা মাত্র।

৩। শ্রীশ্রীভক্তিবিনোদ-প্রসঙ্গ

ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ ও ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল পরিব্রাজকের পরবিদ্যাভূষণ গোস্বামীপ্রভু-লিখিত এবং গৌড়ীয়ে প্রকাশিত শ্রীশ্রীভক্তিবিনোদ-চরিত-প্রসঙ্গ

ভিক্ষা—।৵০ ছয় আনা মাত্র।

৪। ছাত্রদের ভক্তিবিনোদ

(ছাত্রদের উপযোগী ভাষায় লিখিত শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্র ও শিক্ষা)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

ছাত্রদের পক্ষে ভিক্ষা—॥০ আট আনা মাত্র)

প্রাপ্তিস্থান:—

(১) 'ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট', পোঃ শ্রীমায়াপুর, নদীয়া;

২) শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা;

৩ শ্রীযুক্ত [illegible] দাস এম্-এ, বি-এল্, পুরানা পল্টন, পোঃ রমনা, ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বাঙ্গালা অক্ষরে প্রকাশিত

১।	শ্রীমদ্ভাগবত,—সমগ্র	৪০
	প্রথম হইতে নবম স্কন্ধ পর্য্যন্ত –	৩৮৲
	দশম স্কন্ধ—	৯৲
২।	ঠাকুর নিতাই শ্রীচৈতন্যভাগবত (অখণ্ড)	৬৲
৩।	অনুভাষ্য শ্রীচৈতন্যচরিতামৃত	৬
৪।	সৎক্রিয়া সারদীপিকা (সটীকা)	৪
৫।	শ্রীল প্রভুপাদের পত্রাবলী	
	১ম খণ্ড ৸০; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড ৸০ ৪র্থ খণ্ড ৸০	
৬।	শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী	
	১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০	
৭।	শ্রীচৈতন্যদেব	১৲
৮।	সংক্রিয়াসার দীপিকা সংস্কার দীপিকা	১।০
৯।	বৈষ্ণবধর্ম্ম	৬৲
১০।	গৌড়ীয় কণ্ঠহার	৩৲
১১।	শ্রীচৈতন্য শিক্ষামৃত (বাঁধা)	২৲
১২।	শ্রীনবদ্বীপধাম পরিক্রমা (বাঁধা)	১৲
১৩।	হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ)	৸০
১৪।	প্রেমবিবর্ত্ত (দ্বিতীয় সংস্করণ)	।০
১৫।	বৈষ্ণবসিদ্ধান্তমালা	।০
১৬।	ব্রাহ্মণ ও বৈষ্ণব	৸০
১৭।	চৈতন্যোপনিষদ	।০
১৮।	প্রাকৃত রসশত দূষণী	।০
১৯।	তত্ত্বসূত্র	।০
২০।	গৌড়ীয় গৌরব	।৶০
২১।	গৌরাঙ্গস্মরণমঙ্গল	।০
২২।	ভজন রহস্য	।০
২৩।	শ্রীচৈতন্যভাগবতম ও শ্রীনবদ্বীপধাম মাহাত্ম্য (বাঁধা)	
২৪।	গীতা (শ্রীধরের টীকা-সহ)	
২৫।	গীতা (চক্রবর্ত্তি টীকাসহ বাঁধা)	৩৲
২৬।	গীতার বেদান্ত ভাষ্য	৸০
২৭।	প্রাকৃতরস শতদূষণী (দ্বিতীয় সংস্করণ)	১৲
২৮।	প্রেমবিবর্ত্ত (সংস্করণ)	।০
২৯।	শ্রীমদ্ভগবদ্গীতা (তৃতীয় সংস্করণ) (বাঁধা)	৸০
৩০।	শিক্ষা-দশমূল	৶০
৩১।	সাধনপথ (তৃতীয় সংস্করণ)	।৶০
৩২।	গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা)	১০
৩৩।	নবদ্বীপধাম গ্রন্থমালা	৸০
৩৪।	ভক্তিরত্নাকর (নবদ্বীপ পরিক্রমা)	৵০
৩৫।	শ্রীগৌরাঙ্গলীলা	
৩৬।	নবদ্বীপধাম মাহাত্ম্য	৵০
৩৭।	ঐ প্রমাণ-খণ্ড	৶০
৩৮।	শ্রীনবদ্বীপভাবতরঙ্গ	।০
৩৯।	শ্রীচৈতন্যচন্দ্রামৃত	।০
৪০।	নবদ্বীপশতক	৴০
৪১।	গীতাবলী	৴০
	শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা	৸০
৪৩।	সাধনতত্ত্ব	৴০
৪৪।	প্রেমভক্তিচন্দ্রিকা	৴
৪৫।	নবদ্বীপশতক	
৪৬।	অর্চনপদ্ধতি	
৪৭।	অমৃতপ্রবাহভাষ্য	৵/
৪৮।	অমৃতপ্রবাহভাষ্য (শিক্ষা সংস্করণ)	৴১০
৪৯।	আত্মনিবেদন	৴১০
৫০।	বৈষ্ণবমঞ্জুষা সমাহৃতি (১ম ও ২য় খণ্ড)	৲
৫১।	ব্রহ্মসংহিতা	।০
৫২।	মণিমঞ্জরী (সাপ্তাহিক)	।০
৫৩।	গৌরহরিনামামৃত	৸০
৫৪।	পুরুষার্থ নির্ণয়	।০
৫৫।	পদ্য ভাবনী বা আমনাদবিভাবরী	।০
৫৬	আচমন ও অভিষেক	৶০
৫৭।	ঈশোপনিষদ (আত্মাভিষেক)	।০
৫৮।	শ্রীকৃষ্ণদেবশর	৶০
৫৯।	সিদ্ধান্তদর্পণ	৶০
৬০।	সারস্বতাবলী	৴০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১।	শ্রীচৈতন্যলীলামৃতমাল	।০
৬২।	সিদ্ধান্ত সরস্বতী অভিষেক	।০
৬৩।	শ্রীকৃষ্ণনামামৃত	
৬৪।	অষ্টক	।০
৬৫।	সাধনার শিক্ষাষ্টক	৶০
৬৬।	গৌড়ীয়বৈষ্ণবাভিধান	৴০
৬৭।	সারার্থবর্ষিণী	৶৭

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮।	রায় রামানন্দ	৪০
৬৯।	এ কিউ ফর্ম্মাল অফ রেলিজ	।০
৭০।	বিষ্ণুদেব	৴০
৭১।	বেদান্ত—ইটস ম্যাথেমেটিক্স এন্ড মরফলজি	।৶
৭২।	ভেদাভেদ প্রকাশ	।৶০
৭৩।	লাইফ এন্ড প্রিসেপ্টস অব শ্রীচৈতন্য মহাপ্রভু	।৭
৭৪।	শ্রীনবদ্বীপ	।০
৭৫।	স্বামী গৌড়ীয়মঠ উইথ স্বামী	
৭৬।	দি ভাগবত	
৭৭।	রেলিজিয়ন ফিলসফি এন্ড আমাদের শিক্ষা	
৭৮।	ব্রহ্মসংহিতা	১৸০
৭৯।	শ্রীকৃষ্ণচৈতন্য (অংশ, পঞ্চম)	১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০।	শ্রীহরিনামচিন্তামণি	।০
৮১।	সাধন-পথ	।০
৮২।	কল্যাণ-কল্পতরু	৶০
৮৩।	গীতাবলী	৴০
৮৪।	শরণাগতি	৴০

আসামী ভাষায় প্রকাশিত

৮৫।	শরণাগতি	৴০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬।	শ্রীচৈতন্যশিক্ষামৃত	

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ



একমাত্র পারমার্থিক দৈনিক পত্র

শ্রীধাম-মায়াপুর-নদীয়া

১ম বর্ষ { ২২ গোবিন্দ ৪৪৪ গৌরাব্দ ৩রা চৈত্র বঙ্গাব্দ ১৩৩৬ ১৭ই মার্চ ইং ১৯৩০, সোমবার } ২৩শ সংখ্যা

সাময়িক-প্রসঙ্গ

চাঁদপুরে প্রচার

বিশ্ববিশ্রুত শ্রীগৌড়ীয়মঠের অন্যতম প্রচারক উপদেশক পণ্ডিত শ্রীপাদ ভক্তিসৌরভ ভক্তিবৈভব ভক্তিশাস্ত্রী মহোদয় কতিপয় মঠসেবকসহ ত্রিপুরা জেলার চাঁদপুর নামক স্থানে উপস্থিত হইয়া শ্রীচৈতন্যবাণী কীর্তন করিতেছেন।

গত ১৮ই ও ১৯শে মার্চ স্থানীয় কালীবাড়ী-প্রাঙ্গণে "শ্রীগৌরলীলা" ও "শ্রীরামলীলা" ছায়াচিত্রযোগে প্রদর্শিত হইয়াছে। গত ২১শে মার্চ প্রাতঃকালে শ্রীযুক্ত ব্রজনাথ কুণ্ডু মহাশয়ের বাড়ী হইতে এক বিরাট নগরকীর্তন-শোভাযাত্রা বহির্গত হইয়া নগরের পূর্বাংশ ভ্রমণ করেন। বহু লোক নগর-সংকীর্তনে যোগদান করিয়া আনন্দ অনুভব করেন।

গৌড়ীয়মঠে বিশিষ্ট দর্শক

গত ২৩শে মার্চ বৃহস্পতিবার প্রফেসর ডক্টর রাধাকুমুদ মুখার্জী মহোদয় কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠ দর্শনার্থ আগমন করেন। শ্রীগৌড়ীয়মিশনের সেক্রেটারী মহামহোপদেশক অধ্যাপক শ্রীপাদ নারায়ণ দাস ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী এম-এ মহোদয়ের সহিত তাঁহার বিস্তৃত আলাপ হয়।

সিলেটে প্রচার

শ্রীগৌড়ীয়মঠের অন্যতম প্রচারক শ্রীপাদ সুদর্শন ব্রহ্মচারী মহোদয় সিলেট গৌড়ীয়মঠের বাৎসরিক মহোৎসবে যোগদান করত গত ১লা মার্চ হইতে ৮ই মার্চ পর্যন্ত পাঠ ও বক্তৃতা করিয়া অযোধ্যা অভিমুখে প্রচারার্থ গমন করেন।

ব্রহ্মচারীজী গত ৭ই মার্চ নিউদিল্লীর বিখ্যাত ধনী ও কন্ট্রাক্টার পণ্ডিত টি, এস, স্বামী মহোদয়ের বাসাবাড়ীতে রাত্রি ৭ ঘটিকা হইতে ৯ ঘটিকা পর্যন্ত ছায়াচিত্রযোগে কৃষ্ণলীলা-প্রদর্শনমুখে শুদ্ধভক্তিধর্মের মাহাত্ম্য কীর্তন করেন।

বক্তৃতায় স্থানীয় বহু সম্ভ্রান্ত শিক্ষিত ব্যক্তির সমাবেশ হইয়াছিল। পরদিবস শ্রোতৃবর্গের বিশেষ আগ্রহে ব্রহ্মচারীজী পুনরায় রাত্রি ৮ ঘটিকা হইতে ১০ ঘটিকা পর্যন্ত ছায়াচিত্রযোগে নামভজন সম্বন্ধে বক্তৃতা করেন। বক্তৃতামুখে ব্রহ্মচারীজী শ্রীগৌড়ীয়মঠের প্রচার্য-বিষয় কীর্তন করেন। পণ্ডিত টি, এস্ স্বামীর শ্রীগৌড়ীয়মঠের প্রতি স্বাভাবিক শ্রদ্ধা বিশেষ প্রশংসনীয়।

পাটনায় প্রচার

গত ১৬শে মার্চ রবিবার শ্রীবিশ্ববৈষ্ণব-রাজসভার অন্যতম শাখা পাটনা শ্রীগৌড়ীয়মঠের সেবকবৃন্দ পাটনা সহরের হাইকোর্টের সুপ্রসিদ্ধ অ্যাডভোকেট শ্রীযুক্ত কৃষ্ণদেও প্রসাদ এম্-এ, বি-এল, কাব্যতীর্থ মহোদয়ের গৃহে সাদরে আহূত হইয়া তথায় হরিকথা-কীর্তন করেন। ভজনানন্দ, দশাবতার-স্তোত্র প্রভৃতি মহাজন-পদাবলী কীর্তনান্তে উপদেশক পণ্ডিত শ্রীপাদ রূপবিলাস ব্রহ্মচারী বিদ্যার্ণব ভক্তিশাস্ত্রী বি-এ মহোদয় শ্রীমদ্ভাগবত প্রথম স্কন্ধ হইতে "স বৈ পুংসাং" শ্লোকটী ব্যাখ্যা-প্রসঙ্গে কর্ম, যোগ, জ্ঞান প্রভৃতি হইতে ভক্তির অসমোর্দ্ধ মহিমার কথা, ভক্তিরাজ্যে প্রবেশের সর্বপ্রথম কর্তব্য শরণাগতি অর্থাৎ তত্ত্বদর্শী বা কৃষ্ণতত্ত্ববিদ্ সদ্গুরুর চরণে প্রণিপাত, পরিপ্রশ্ন, সেবাবৃত্তিসহকারে হরিকথা-শ্রবণ প্রভৃতি বিষয় প্রায় দেড়ঘণ্টা কাল হিন্দিভাষায় কীর্তন করেন। হরিকথা শ্রবণ করিয়া শ্রোতৃমণ্ডলী বিশেষ আনন্দিত ও উপকৃত হন।

পাঠান্তে "মানস দেহ গেহ" ও মহামন্ত্র কীর্তন হয়। সভায় উপস্থিত ব্যক্তিগণের মধ্যে—

শ্রীযুক্ত কৃষ্ণদেও প্রসাদ এম-এ বি-এল, অ্যাডভোকেট, শ্রীযুক্ত সুখদেও নারায়ণ বি-এল, অ্যাডভোকেট, শ্রীযুক্ত শম্ভুনাথ সাহাই উকিল, শ্রীযুক্ত সরস্বতী লাল উকিল প্রভৃতির নাম বিশেষ উল্লেখযোগ্য।

গত ১৯শে মার্চ রবিবার অনারেবল বাবু রামধারী সিংহ (বিহার লেজিস্লেটিভ কাউন্সিলের স্পীকার) মহোদয়ের গৃহে শ্রীগৌড়ীয়মঠাশ্রিত উপদেশক শ্রীযুক্ত মধুমঙ্গল দাসাধিকারী ভক্তিভূষণ মহোদয় প্রায় ২ ঘণ্টা যাবৎ শ্রীগৌড়ীয়মঠের বৈশিষ্ট্য, মনুষ্যজীবনের একমাত্র কর্তব্য ভগবদ্ভজন, কর্মাদির প্রয়াস পরিত্যাগপূর্বক সদ্গুরুর চরণাশ্রয়, কলিযুগের একমাত্র নামসংকীর্তন প্রভৃতির বিষয় হিন্দীভাষায় আলোচনা করেন। তাঁহার নিকট শ্রীহরিকথা-শ্রবণ করিয়া তিনি শ্রীগৌড়ীয়মঠের প্রতি বিশেষ আকৃষ্ট হইয়াছেন এবং শ্রীমঠে আসিবার জন্য প্রতিশ্রুতি দিয়াছেন।

[শ্রী]ল ভক্তিসুধাকর প্রভুর পত্র

——::(০)::——

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

শ্রীগৌড়ীয়মঠ
কলিকাতা
২২।৩।৩০

শ্রীশ্রীবৈষ্ণবচরণে দণ্ডবৎপ্রণাম পূর্বক নিবেদন—

• • তোমার ২০।৩ তারিখের পত্র পাইয়া সমস্ত অবগত হইলাম।

শ্রীগুরুপাদপদ্মের প্রতি অবিশ্বাসই সমুদয় দুর্বলতার কারণ। শ্রীগুরুদেবের আশিস্ ও শক্তির বলের অভাব নাই, সুতরাং তুমি নিজকে দুর্বল কেন ভাব? শ্রীগুরুদেবের সেবার সর্বক্ষণ নিযুক্ত থাকিলে, ইহাই পারিবে। অন্য কোন উপায়ে সবল হইতে পারা যায় না।

আমার দণ্ডবৎপ্রণাম কৃপাপূর্বক গ্রহণ করিবে।

দাসাধম—

শ্রীনারায়ণদাস অধিকারী

"তিনিই প্রকৃত সাধু অর্থাৎ বৈষ্ণব—যিনি সকলের একমাত্র নিত্যভজনীয় নামী কৃষ্ণ ও কৃষ্ণাভিন্ন শব্দরূপে অবতীর্ণ নামের ভজন শিক্ষা দেন। সাধু বা বৈষ্ণব বা গুরু জীবের অধিকার বিচার পূর্ব্বক ক্রমশঃ ভজনের শুদ্ধপ্রণালী শিক্ষা দিয়া অনর্থের নিবৃত্তি করাইয়া থাকেন। সাধু হইতে ভগবানের পাদপদ্মে জীবের অনর্থ থাকে।"

(শ্রীল আচার্য্যদেব)

শ্রীশ্রীগুরু-গৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

২২ বিষ্ণু সর্ব্বজিৎ সংবৎ গৌরাব্দ ৪৪৩

শ্রীভক্তিসিদ্ধান্তবাণী

যাঁহাদের সেবার জন্য স্বয়ং ভগবান্ও ব্যস্ত, সেই বৈষ্ণবের সেবা করবার জন্য অভক্ত, প্রাকৃত লোকের বুদ্ধি হয় না। তাই আমাদের প্রধান কর্ত্তব্য হ'চ্ছে—বৈষ্ণবের সেবা। অনেক প্রচারক ভগবানের সেবার কথা ব'লে থাকেন, কিন্তু শ্রীগৌরসুন্দর ভক্তের সেবার সর্ব্বোত্তমতার কথা ব'লেছেন। যেখানে মূর্ত্ত ভগবদ্বিগ্রহ—যেখান হ'তে ভগবদ্বিগ্রহের জীবন্ত কথা প্রকাশিত হয়—যেখানে প্রশ্ন ক'রে উত্তর পাওয়া যায়, সেবা কা'কে বলে জান্‌তে পারা যায়, সেই ভগবদ্ভক্তের কথা ভগবানের অর্চ্চামূর্ত্তির সেবাপেক্ষাও শ্রেষ্ঠ। অর্চ্চামূর্ত্তির সেবাও ভগবদ্ভক্তের বাণী-শ্রবণ ব্যতীত শুদ্ধ হ'তে পারে না। ভগবদ্ভক্তের পূজায়ই ভগবানের পূজার পূর্ণতা সাধিত হয়।

কেহ কেহ বলেন, চুপ্ করিয়া থাকাই ভাল; চুপ্ করিয়া না থাকিলে পরচর্চ্চা হইয়া যাইবে। কিন্তু পরোপকার-চিকীর্ষা-বৃত্তি অপেক্ষা প্রতিষ্ঠা প্রাপ্তির প্রবৃত্তিই যাহাদের প্রবল, তাঁহারাই অসত্যের প্রতিবাদকে 'পরচর্চ্চা' বলিয়া মৌখিক সংজ্ঞা প্রদান করেন। জগতের উপকার যদি কেহ না করেন, ভগবান্ কেন তাঁহার উপকার করিবেন? আমাদের একান্ত কর্ত্তব্য—দুঃসঙ্গ পরিত্যাগ করা; দুঃসঙ্গ পরিত্যাগের নামই—তীর্থবাস। সত্যে প্রতিষ্ঠানই—তীর্থ, তাহা সর্ব্বত্রই সম্ভব। ভজনের গৃহও তীর্থ হইতে পারে; কিন্তু কপটতা যেখানে—কপটতার আবরণে অবৈধ বরণের চেষ্টা যেখানে, তাহা তীর্থ নহে।

যদি কেহ বলেন, কাল কলি হউক না কেন, আমাদের ঠিক থাকিলেই হইল। তদুত্তরে বলিতেছেন, যে ইন্দ্রিয়বর্গকে আমরা সম্বল করিয়াছি, সেই চক্ষু, কর্ণ, নাসিকা, জিহ্বা, ত্বক্ প্রভৃতি ইন্দ্রিয়গুলিই আমাদের প্রতি পরম শত্রুতা ও বিশ্বাসঘাতকতা করিতেছে। তারপর ভক্তিমার্গ নানা-প্রকার মনোধর্ম্মের মতবাদরূপ কণ্টকের দ্বারা আবৃত হওয়ায় মানব ইন্দ্রিয়কে সম্বল করিয়া প্রকৃত সত্যপথ নির্দ্ধারণ করিতে পারিতেছে না। তাই শ্রীচৈতন্যদেবের নিজজনগণের শরণাগত হওয়া ব্যতীত আর কোন উপায় নাই।

প্রকৃত প্রস্তাবে ভোগী একমাত্র ভগবান্—তিনিই ভোগপুরুষ। জীবের স্বরূপ-ধর্ম্মে ভোগবুদ্ধির অবস্থান নাই। জীব ভোগপুরুষের ভোগের উপকরণমাত্র। নিষ্কপটভাবে হরিসেবা করিবার সময় কেহ যদি ভগবৎসেবককে ত্যাগী বা ভোগী দেখেন, দেখুন; হরিসেবক ত্যাগীও নন, ভোগীও নন; কিন্তু নিষ্কপট সেবক।

বর্ত্তমানে নিষ্কিঞ্চন সাধুর অভাব এবং আমাদেরও হরিকথা শুনিবার প্রবৃত্তির অভাব। আমরা ইতরবিষয় শুনিতে খুব প্রয়াসী! যেখানে গুরুর ও মহতের সম্মেলন, সেখানে হরিকীর্ত্তন হয়। বর্ত্তমান কালে নিষ্কপট পরচিন্তাশীল জগতে একান্ত বিরল। ভগবানের কথা আলোচনায় অভিনয়েও অনেক সময়ে অবান্তর উদ্দেশ্য-সিদ্ধির যথেষ্ট চেষ্টা থাকে—মাঝখানে অন্য অর্থ থাকে। যাঁহাদের ধর্ম্ম, অর্থ, কাম ও মোক্ষ অথবা অধর্ম্ম, অনর্থ, কামের অতৃপ্তি এবং সংসার প্রবৃত্তি বর্ত্তমান, জগতে তাঁহাদের সংখ্যাই বেশী। তাঁহারা যে হরিকথা আলোচনার অভিনয় করেন, তাহাও অন্যান্য অবান্তর উদ্দেশ্য-সিদ্ধির জন্য। সুতরাং কপটলোকের মুখে কীর্ত্তন শুনিলে কোন সুবিধা হইবে না। আমরা যদি সত্য সত্যই নিজের মঙ্গল করিতে দৃঢ় ইচ্ছাবিশিষ্ট হই, আর সত্য সত্যই পরের মঙ্গল করিতে ইচ্ছা করি, তাহা হইলে ভগবান্ নিশ্চয়ই আমাদের প্রতি দয়া করিবেন। অন্য লোককে ফাঁকি দিলে নিজেও ফাঁকিতে পড়িতে হইবে।

ভগবানের চরণে শরণ গ্রহণ ব্যতীত স্বাধীনতা লাভের আর অন্য উপায় নাই। ভগবানের অধোক্ষজ পূর্ণ পুরুষের অধীনতায় স্বতন্ত্রতার সদ্ব্যবহার, তাহাই পূর্ণস্বাধীনতা। মনোযোগ দিয়ে হরিকথা শ্রবণদ্বারাই প্রকৃষ্ট সাধুসঙ্গ হয়। সাধুগণের প্রকৃষ্ট সঙ্গ হ'লে ভগবানের বীর্য্য ও জগতের দৌর্ব্বল্যের কথা আমরা বুঝ্‌তে পারি। আমরা যখন সাধুগণের কথামত সেবা করতে করতে কৃষ্ণ সেবায় সুদৃঢ় বিশ্বাস, আসক্তি ও প্রীতি লাভ করতে পারি। কৃষ্ণসেবায় প্রীতিই নিখিল জীবের চরম প্রয়োজন।

কৃষ্ণ—ভজনীয় বস্তু, জীব—ভজনকারী বস্তু; উভয়ের মধ্যবর্ত্তী ক্রিয়া 'ভজন'। সম্বন্ধ জানার পর ক্রিয়া; যেমন ঘড়ি দেখ্‌লাম কটা বেজেছে; সে সময়ে আমার কি কর্ত্তব্য আছে, তা' জেনে সেই সময়ের আবশ্যক কাজ করলাম। ব্রহ্ম-জিজ্ঞাসার পর, ব্রহ্ম নিরূপিত হ'লে—ব্রহ্মের সঙ্গে আমার সম্বন্ধ জান্‌লে, তাঁ'র প্রতি আমার কি কর্ত্তব্য আছে, সেই কৃত্য করতে হ'বে।

যিনি বিচারমূঢ়, তাঁ'রই 'আমি কর্ত্তা'—এই অভিমান; তিনি বিমূঢ়। সুনীচতা বা ভগবদ্দাস্যই আমাদের কৃত্য। তৃণাদপি সুনীচ হ'লে কর্ত্তৃত্বাভিমান আদৌ থাক্‌বে না। কর্ম্ম আর কিছুই নয়—পরের জিনিষ নিয়ে কর্ত্তা-গিরি করা মাত্র।

ভক্তিটী একটী ক্রিয়া। নিষ্কপট হরি ভজন-পরায়ণ পুরুষ বা ভগবদ্ভক্ত প্রসাদ সেবা করেন—ভোগ করেন না। আর ভাত-ডাল খায় ভোগী। ভাত-ডাল খাওয়াটা কর্ম্ম। ভগবদ্ভক্তের প্রসাদ-সম্মান বাহ্যদৃষ্টিতে কর্ম্মেরই মত দেখ্‌তে পাওয়া গেলেও তাঁ'র দেহ প্রাণ আত্মা ভগবৎসেবার্থে সমর্পিত ব'লে সেটা 'কর্ম্ম' নয়, 'সেবা'। মনোধর্ম্মিগণ ভজনীয় বস্তু ও ভজনকারীর স্বরূপনির্ণয়ে অসমর্থ হ'য়ে ভক্তিকে কর্ম্মের সহিত এক মনে করেন।

শ্রীমদ্ তীর্থ মহারাজের হরিকথার মর্ম্ম

(শ্রীবিষ্ণুপ্রিয়াদেবীর প্রকট-বাসর স্থান—বাগবাজার, গৌড়ীয়মঠ)

ভগবানের সেবার জন্য লীলা, ভূ ও শ্রীশক্তি প্রকটিতা হন। লীলা—বাম, শ্রী—লক্ষ্মীদেবী এবং ভূ—বিষ্ণুপ্রিয়াদেবী। আজ সেই গৌর-মনোহরভীষ্টপূরণকারিণী ভূশক্তি শ্রীবিষ্ণুপ্রিয়াদেবীর প্রকট-বাসর। আজ জড়বিদ্যা-দাত্রী Godess of learningএরও পূজার দিন। শুদ্ধা সরস্বতীর আরাধনা কিরূপে করিতে হয়, তাহা শিক্ষা দিবার জন্য মাঘবী শুক্লপঞ্চমী তিথিতে শ্রীল প্রভুপাদের আবির্ভাব। শুদ্ধা সরস্বতীর বাণী ছায়া-সরস্বতীর উপাসকগণকে জাগ্রত করে। শুদ্ধা সরস্বতীর পূজা বৎসরে মাত্র একদিন, তাহা পাঁচ মিনিটেই শেষ হইয়া যায় না, সে পূজা সর্ব্বদিন, সর্ব্বক্ষণ হইয়া থাকে, তাহার অবসর নাই, বিরাম নাই। আপনাদের সম্মুখে যে শ্রীবিগ্রহ বিরাজমান, তিনি নিত্য, তাঁহার পূজাও নিত্য। এই শ্রীবিগ্রহ চেতনের চক্ষে দৃষ্ট হন। আমরা সেবোন্মুখ কর্ণদ্বারা শ্রীবিগ্রহ, আচার্য্য ও বৈষ্ণব দর্শন করিতে পারি। মহাপ্রসাদও কাণ দ্বারা গ্রহণ করিবার বিধি। ইহাতে বিস্ময়ের কিছু নাই, কাণ দ্বারা কৃষ্ণকথা শ্রবণ বা গ্রহণ করিলেই শরৎকালের জলের ন্যায় হৃদয় পরিষ্কার হয়, সুষুপ্তি হইতে আত্মা জাগ্রত হয়। তখনই চেতন ইন্দ্রিয় সমূহ কৃষ্ণেন্দ্রিয়-তর্পণে ব্যাকুল হয়। জীব গুরুকৃষ্ণকৃপায় স্বরূপে উদ্বুদ্ধ হইয়া নিত্যকাল সর্ব্বতোভাবে শ্রীকৃষ্ণের সেবা-সৌভাগ্য লাভ করিয়া ধন্য হয়। কিন্তু যিনি নিজেই সুষুপ্তির মধ্যে আছেন, তিনি অন্যকে জাগাইতে পারেন না। ছায়ার পূজায় 'বিদ্যাং দেহি' বলিয়া যিনি সতত বেত্রিয় তর্পণে রত, তিনি এই অনিত্য বিশ্ববিদ্যালয়ের সর্ব্বোচ্চ ডিগ্রীধারী হইলেও তাঁহার কথা ও সঙ্গফলে জীবের হরিবিমুখতা উত্তরোত্তর বৃদ্ধিই প্রাপ্ত হয়। কারণ, তিনি বিশ্বনাথ-সেবাবিমুখ। সুতরাং তাঁহার সঙ্গ বর্জ্জনীয়। তিনি বলেন, "আমি পি, আর, এস; ডি, লিট্, বড় দার্শনিক, চৈতন্যের কথা তুমি আমাকে কি শিখাবে? চৈতন্য একজন মানুষ ছিলেন। তবে ভক্ত বলিতে পার—মানুষকে ভগবান্ বলিও না।" "অবজানন্তি মাং মূঢ়া" শ্লোক তাঁহারা বুঝিয়া উঠিতে পারেন না। বিশ্ববিদ্যার ডিগ্রী যত বাড়ে, দম্ভও তত বাড়ে, চেতনের চক্ষু, কাণ প্রভৃতি ততই অধিকতর আবৃত হয়। জীবের এরূপ পরিণাম দেখিয়া

মহৎকৃপা বিনা কোন কর্ম্মে ভক্তি নয়। কৃষ্ণভক্তি দূরে রহু সংসার নহে ক্ষয়।

ঠাকুর ভক্তিবিনোদ বড় দুঃখ করিয়া বলিয়াছেন,—

জড় বিদ্যা যত মায়ার বৈভব
তোমার ভজনে বাধা।
মোহ জনমিয়া অনিত্য সংসারে
জীবকে করয়ে গাধা॥

এই বুদ্ধি হইতে ত্রাণ করিতে তিনি নিষ্কপটকে যেমন নীতি প্রদান করেন—

"ভক্তিবাধা যাহা হৈতে সে বিদ্যার মস্তকেতে
পদাঘাত কর অকৈতব।
সরস্বতী কৃষ্ণপ্রিয়া কৃষ্ণভক্তি তাঁর হিয়া
বিনোদের সেই সে বৈভব॥"

মুণ্ডক উপনিষদ্ "দ্বে বিদ্যে" শ্লোকে পরা, অপরা বিদ্যার কথা বিশেষভাবে বলিয়াছেন। যে বিদ্যায় সংসার-বাসনা বৃদ্ধিপ্রাপ্ত হয়, তাহাই অপরা বিদ্যা। অপরা দেবীর ভাবকগণ বৎসরে মাত্র একদিন এই পূজার ব্যবস্থা করেন। পুরোহিত পাঁচ মিনিটে পূজা শেষ করেন—তাহাতে আপত্তি করিলে বলেন—"আমার আরও ৫০ বাড়ী পূজা আছে—তোমাকে পাঁচ মিনিটের বেশী সময় দিতে পারি না।" অপরা বিদ্যার ফল এই কাল এই মত বিচারে সতত চঞ্চল। নিউটনের মাধ্যাকর্ষণের কথা ডক্টর আইন ষ্টাইন খণ্ডন করিয়াছেন। সম্প্রতি আবার ঢাকার কোন বিজ্ঞানবিদ্ যিনি Maker of many Doctors, তিনি আইন ষ্টাইনের Theory'ও খণ্ডন করিয়াছেন। এই চঞ্চলা বিদ্যার উপাসক চঞ্চল দুই হাতে তাবাখড়া ও আবাহন-বিসর্জনের চিন্তা লইয়া পূজা করেন বলিয়া তাঁহারা পৌত্তলিক। এই বিদ্যার কোন কৃতী পুরুষ ২১টী ভাষা জানিতেন। তাঁহার পাণ্ডিত্য দেখিয়া একদিন জগৎ মুগ্ধ হইয়াছিল; কিন্তু আমরা জানি, সাধারণ নৈতিকতা মাত্র তাঁহার ছিল না, তিনি চির-অন্ধকারেই ছিলেন এবং সেই অবস্থাতেই তিনি মৃত্যুমুখে পতিত হইয়াছেন। তিনি স্বর্ণ ও রত্ন পাইয়াও তাঁহার কোন মঙ্গলই করিয়া যাইতে পারেন নাই। আঁধারে যেরূপ আলো থাকিতে পারে না, ছায়াতেও তদ্রূপ সত্য থাকিতে পারে না। এইরূপে বহুভাবে আমরা তাহা বুঝিতে পারি; কিন্তু পরা বিদ্যা আলোকময়ী। পরা বিদ্যার উপাসনায় সংসার ক্ষয় হয়, দিব্যজ্ঞানের উদয় হয়, স্বরূপ জাগ্রত হয়। এই বিদ্যাবধূকে শাস্ত্র এইরূপে আখ্যান করিয়াছেন,—

"তাহারে সে বলি বিদ্যা মন্ত্র-অধ্যয়ন।
কৃষ্ণপাদপদ্মে যদি স্থির করে মন॥
সেই সে বিদ্যার ফল জানিহ নিশ্চয়।
কৃষ্ণপাদপদ্মে যদি চিত্তবৃত্তি রয়॥"

কৃষ্ণপাদপদ্মে চিত্তবৃত্তি রাখিয়া গৌড়ীয়-মঠবাসিগণ পরবিদ্যার উপাসনা করেন। প্রতিদিন রাত্রি ৪ ঘটিকা হইতে রাত্রি ১২ ঘটিকা পর্য্যন্ত সর্ব্বক্ষণ সর্ব্বতোভাবে এখানে শ্রীচৈতন্যসরস্বতীর শ্রবণকীর্ত্তনমুখে সেবা-পূজা হয়। যে সমস্ত সজ্জনগুলি, এই ছুটিরদিনে আজ আপনারা যেখানে সমবেত হইবার সুযোগ পাইয়াছেন, তাহা বৈকুণ্ঠ, এখানে কুণ্ঠাধর্ম্ম নাই, কখনও এস্থানকে সাধারণ স্থান মনে করিবেন না। ইহাই আপনাদের নিকট আমার করযোড়ে অনুরোধ। "স্বরূপে সবার হয় গোলোকেতে স্থিতি"। আমরা সকলেই গোলোকের বস্তু; কিন্তু দুর্ভাগ্যক্রমে দুঃসঙ্গ লাভ করিয়া বৃথা পুরুষ বা স্ত্রী অভিমানে বিভোর আছি। এবম্বিধ সংসারকূপে পতিত দুর্দ্দশাগ্রস্ত জীবের সম্মুখে ভগবানের কৃপারজ্জু সর্ব্বক্ষণ আছে; কিন্তু সংসারের প্রতি অধিক মনোযোগ দেওয়ায় আমরা অনেকে সে রজ্জু ধরিবার ভাণ মাত্র করিয়াছি। সংসারের সম্বন্ধ একটু শিথিল করিয়া কৃপারজ্জুটি দৃঢ়ভাবে ধরিলেই সংসারকূপ হইতে উদ্ধার পাওয়া সম্ভব। অনেকেই চিন্ময় ধাম শ্রীবৃন্দাবনের যাত্রী হইয়া আগ্রা বা চাক্‌তা বা ছোবড়ার মোহে পথের মধ্যে অবতরণ করেন। অনিত্য জগতের রূপ সর্ব্বক্ষণ আত্মবিস্মৃতি ঘটায়। অনিত্য জগতের রূপ, রস, গন্ধ, শব্দ, স্পর্শ সমস্তই অনিত্য ও আত্মবিভ্রমের কারণ আকাশ হইতে শব্দ, বায়ু হইতে শব্দ স্পর্শ, অগ্নি হইতে শব্দ, স্পর্শ, রূপ, জল হইতে শব্দ, স্পর্শ, রূপ, রস এবং পৃথিবী হইতে শব্দ, স্পর্শ, রূপ, রস, গন্ধের উৎপত্তি। এই পঞ্চ-ভূতের পঞ্চ বিষয় সকলই অনিত্য। ভেক যেরূপ কোলাহল করিয়া কালসর্পের গ্রাসে পতিত হয়, অনিত্য শব্দ-কোলাহলও তদ্রূপ সমস্ত জগৎ ভরিয়া অসুবিধা ঘটাইতেছে। এই অসুবিধা হইতে ত্রাণ-দানের জন্য পরমকারুণিক শ্রীমন্মহাপ্রভু গোলোকের ধন মহামন্ত্র জগজ্জীবকে দান করিয়া গিয়াছেন। ভূতাতীত চিদাকাশের ধর্ম্ম শব্দ-ব্রহ্ম-কীর্ত্তন। শব্দ-ব্রহ্ম বা শ্রীনামে সবই আছে। দুই কানকে ত্রাণ করেন যাহা, তাহাই মন্ত্র। মহামন্ত্র শব্দ-সামান্য নহেন, এই মহামন্ত্র কীর্ত্তনে জীবের যে মহাসৌভাগ্যের উদয় হয়, "চেতোদর্পণ" শ্লোকে শ্রীমন্মহাপ্রভু তাহা নিজে আস্বাদন করিয়া দুর্লভ জীবের অনুভূতির সৌধ বৃদ্ধি করিয়াছেন। আজ শ্রীল নরোত্তম ঠাকুরেরও আবির্ভাবতিথি। তিনি দয়াল নিতাই-চৈতন্যদেবের করুণা-কটাক্ষ ভিক্ষা করিয়া মহামন্ত্র কীর্ত্তনের অধিকার লাভ করিয়া সর্ব্বার্থসিদ্ধি করিতে

শ্রীশ্রীআচার্য্যবাণী

শ্রীনিত্যানন্দ প্রভু যে রূপ দেখিয়া আনন্দিত হন, সেই রূপেরই সার্থকতা। অবৈধতা-প্রসূত-শ্রীর মদ বা প্রতিষ্ঠা—স্বরূপের রূপের বাধা মাত্র। উহা রূপের উজ্জ্বল্য নষ্ট করে। শ্রীনিত্যানন্দ প্রভু যে রূপ দেখিয়া সন্তুষ্ট হন, সেই রূপকে তিনি মহাপ্রভুর সেবায় নিযুক্ত করেন। মহাপ্রভুর গ্রহণ, আর কৃষ্ণের গ্রহণ—একই।

যদি শ্রীগুরুপাদপদ্মের তুষ্টি অর্থাৎ শুরুদেবের কৃষ্ণেন্দ্রিয়-তর্পণযজ্ঞে নিজেকে আহুতি দিবার ইচ্ছা দ্বারা শুরুদেবের সন্তোষ বিধান হয়, তবেই অবৈধর্যাদির সার্থকতা আছে। নতুবা উহাকে বহির্মুখ নরাধমের ভোগবর্দ্ধক বিষয় করিয়া কি লাভ? যদি অকিঞ্চনতা থাকে, তবেই শ্রীনিত্যানন্দ তাঁহাদের শ্রীপাদপদ্মে এইভাবে বিজ্ঞপ্তি জানাইতে সংসারাসক্ত জীবকে শিক্ষা দিয়াছেন,

গৌরাঙ্গ বলিতে হবে পুলক শরীর।
হরি হরি বলিতে নয়নে ববে নীর॥
আর কবে নিতাইচাঁদ করুণা করিবে।
সংসার-বাসনা মোর কবে তুচ্ছ হবে॥

আজ গৌরপার্ষদ শ্রীল রঘুনাথ দাস গোস্বামী প্রভুরও প্রকটবাসর। তাঁহার বৈরাগ্য পাষাণের রেখা। তাঁহার সমস্তই সুন্দর। আজ শ্রীখণ্ডের শ্রীল রঘুনন্দন ঠাকুরেরও প্রকট বাসর। যিনি কৃষ্ণভক্ত তিনিই গুরু, তিনিই সর্ব্বপূজ্য। শ্রীল রঘুনন্দনের পিতা শ্রীমুকুন্দদাস। তিনি শ্রীমন্মহাপ্রভুর প্রেমোদয়ে ভক্ত পুত্রকে পিতা বলিয়া ভক্তবে বরণ করিবার আদর্শ জগৎকে শিক্ষা দিয়াছেন। শ্রীচৈতন্যসরস্বতীও চিরদিন আমাদের এই শিক্ষা দিয়াছেন। শ্রীল প্রভুপাদের এই সকল কথা যাহারা ২৫ বৎসর শুনিয়াও শুনে নাই, পালন করে নাই, বাণীকে চিরতরে জলাঞ্জলি দিয়া কেবল বপুর সহিত সম্পর্ক রাখিয়া নিজেরাই গুরুশ্রেষ্ঠ (?) হইবার চেষ্টা করিয়াছে, তাহাদের ভাগ্য অতিশয় মন্দ।

বর্ত্তমানে শ্রীল আচার্য্যদেব বিশ্বের সকলের মঙ্গলের জন্য সর্ব্বক্ষণ চিন্তা করিতেছেন। হরিবিদ্বেষীর প্রতি তিনি বজ্রাদপি কঠোর, আর নিষ্কপট সেবকের প্রতি তিনি কুসুমাদপি কোমল। তাঁহার দয়ার তুলনা নাই। আচার্য্যদেব আমাদের প্রতি অযাচিত কৃপা করুন, এই শুভবাসরে ইহাই আমাদের প্রার্থনা।

তাঁহার রূপ দেখিলেন এবং মহাপ্রভুর সেবায় নিয়োগ করিলেন। নতুবা ভোগীপালের গ্রাস হইয়া এই দৃশ্য উহারই শৃগালকুক্কুর-দেহের শেষ পরিণাম যে শ্মশান, ইহা প্রমাণ করিলেন।

অকিঞ্চনতাই স্বরূপের রূপ। অকিঞ্চনতা, দীনতা বা শরণাগতিই রূপশোভা। অকিঞ্চনতা আত্মার নিত্যসিদ্ধ রূপ, জীবের সেবাময় স্বরূপের রূপ। ইহা শ্রীরূপের বা শ্রীগুরুপাদপদ্মের রূপ। শ্রীগুরুদেবের কৃপায় অকিঞ্চনতা উদিত হইলেই শ্রীগুরুপাদপদ্মের—শ্রীরূপের নামসেবা সৌন্দর্য্য আমাদের অনুভূতির বস্তু হয়। তখনই আমরা তাঁহার সেবাসৌন্দর্য্যালোকে উদ্ভাসিত হইতে পারি। তবেই সৌন্দর্য্য বা লাবণ্যের বিকাশ। অকিঞ্চনতা, দীনতা বা শরণাগতি না থাকিলে শুরুপাদপদ্মের সেবা-বৈভব আমাদের উপলব্ধির বিষয় হয় না, তাঁহার অলৌকিক সেবা মহিমা আমাদের অনুভূতির বিষয় হয় না। আমরা সেবার লালসাবিশিষ্ট হইতে পারি না, তজ্জন্য সেবা সৌভাগ্যও লাভ করিতে পারি না। সেবাই সৌন্দর্য্য। শ্রীগুরুপাদপদ্মের, শ্রীরূপের রূপ-কিরণকণা লাভ হইলে প্রভুদেব সেই রূপ দেখিয়া আনন্দিত হন এবং তাহা নিত্যানন্দের নিকট পৌঁছাইয়া দেন। মহাপ্রভুর আনুগত্যেই সেই রূপ অখিলরসামৃতমূর্ত্তি, সকল অপ্রাকৃত রূপের আকর, স্বয়ংরূপ কৃষ্ণের কিশোর-রূপের (অথবা রস অনুযায়ী বালরূপ বা কুমার রূপের) গ্রাহ্য হইয়া থাকে। সে রূপের উজ্জ্বল্যের তুলনা নাই, সেই রূপই সার্থক, কারণ সকল বস্তুর মালিক ও ভোক্তা স্বয়ংরূপ কৃষ্ণ; সুতরাং তিনি গ্রহণ করিলেই সব সার্থক। রূপ থাকিলে ভূষণের প্রয়োজন হয় না। কৃষ্ণ যে রূপ গ্রহণ করেন, সেই রূপের উজ্জ্বলা এতই বেশী যে, ভূষণ তাহার শোভা বা সৌন্দর্য্য বৃদ্ধি করিতে পারে না। ভূষণ ভূষণাদের সেবায় নিযুক্ত রূপই ভূষণ এবং ভূষণই রূপ।

যদি হৃদয়ে অকিঞ্চনতা থাকে, কৃষ্ণ-বৈরাগ্য-শোভা থাকে, তাহা হইলেই শ্রীনিতাই-গৌরের সেবায় নিযুক্ত হইতে পারে, শ্রীগুরুদেবের সেবার তুষ্টি হইতে পারে। নতুবা অন্যাদির যাঁর শ্রীঅঙ্গ স্মরণে কেবল দম্ভই আনে। দম্ভই ভূষণ, ভূৎসিত; উহা রূপকে নষ্ট বা আবৃত করিয়া ফেলে। অকিঞ্চনতা রূপ, আর দম্ভ ঠিক তাহার বিপরীত বস্তু। দম্ভ থাকিলে শ্রীগুরুপাদপদ্মের বা শ্রীরূপের রূপে রূপী হওয়া যায় না।

সাধুসঙ্গ সাধুসঙ্গ সর্ব্বশাস্ত্রে কয়। লবমাত্র সাধুসঙ্গে সর্ব্বসিদ্ধি হয়।

শুদ্ধভক্তি-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠ
প্রাচীন নবদ্বীপ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌরসুন্দরের জন্মস্থান ... শ্রীচৈতন্যমঠের মূল প্রচার-কেন্দ্র ...

(২) শ্রীগৌড়ীয়মঠ
১নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ২২১৫।
কলিকাতায় শ্রীভক্তিবিনোদ আসন শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠ পাঠ, সঙ্কীর্ত্তন, ... এবং 'গৌড়ীয়' পত্র ও ... সাপ্তাহিক ইংরেজী পত্র প্রকাশিত হয়।

(৩) যোগপীঠ-মায়াপুর-পীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব ভূমি মহাযোগপীঠ।

(৪) শ্রীবাস-অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৫) অদ্বৈত ভবন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং টোল বর্ত্তমান।

(৬) মুরারিগুপ্তের পাট
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৭) কাজি-সমাধি-পাট
প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি।

(৮) অনুকূলকৃষ্ণানুশীলনাগার
শ্রীধাম মায়াপুর

(৯) স্বানন্দ-সুখদ-কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধাগোবিন্দ-সেবা বর্ত্তমান।

(১০) গৌর-গদাধর-মঠ
চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ জাননগর (বর্দ্ধমান)

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ
মাতাপুর, পোঃ ভারুইডাঙ্গা, (বর্দ্ধমান)
শ্রীবাসপণ্ডিতের প্রভু বৃন্দাবনের ধাম

(১৩) ঋতুদ্বীপ গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(১৪) জহ্নুদ্বীপ গৌড়ীয়মঠাশ্রম

(১৫) সুবর্ণবিহার গৌড়ীয়মঠ
গৌড়পুর, নদীয়া

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ
মাজিদা (শ্রীনামসঙ্কীর্ত্তনের পদ্ধতি নির্দ্দেশক)
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৭) কুত্তকুটীর
পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

(১৮) ভাগবত আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৯) একায়নমঠ
গোবিন্দপুর, পোঃ চাঁদপালি, (নদীয়া)

(২০) মহেশ-পণ্ডিতের পাট
চাঁদাপালি, পোঃ চাকদা (নদীয়া)

(২১) রাণাঘাট-গৌড়ীয়মঠাশ্রম

(২২) পুরী গৌড়ীয়মঠ
চব্বিশ পরগণা

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ
নারিন্দা পোঃ ওয়ারি, ঢাকা।
পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র।

(২৪) গোপালজীমঠ
কমলাপুর, পোঃ ঢাকা

(২৫) বালিয়াটী-গৌরাঙ্গ মঠ
পোঃ বালিয়াটী, (ঢাকা)

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ
মজ্জাপুর, পোঃ ময়মনসিংহ

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া (আসাম)

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ
পোঃ চক্চকা, কামরূপ (আসাম)

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
৩নং পাগলা ঝোরা, দার্জ্জিলিং

(৩০) সাক্ষীগোপাল-গৌড়ীয়মঠ
পোঃ ... , জেঃ মেদিনীপুর, ই, পি

(৩১) পাটনা গৌড়ীয়মঠ
...পুর পাটনা।

(৩২) গয়া গৌড়ীয়মঠ
...রোড, গয়া

(৩৩) সনাতন গৌড়ীয় মঠ
৮।১৭ নং মহল্লা, বেনারস সিটি

(৩৪) শ্রীরূপ গৌড়ীয়মঠ, এলাহাবাদ

(৩৫) পরমহংস মঠ,
পোঃ নিমসার, সীতাপুর ইউ পি)

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠাশ্রম
বিশ্রামঘাট, পোঃ মথুরা

(৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,
পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ
গোপালপুর, বৃন্দাবন

(৩৯) বৃন্দাবন-সুখদকুঞ্জ
পোঃ রাধাকুণ্ড, মথুরা

(৪০) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪১) রাধাকুণ্ড পাঠবাড়ী

(৪২) শ্রীগোবর্দ্ধনমঠালয়
গোবর্দ্ধন, মথুরা

(৪৩) সঙ্কেত বিহারী মঠ
নন্দগ্রাম, মথুরা।

(৪৪) নন্দগ্রাম গৌড়ীয়মঠালয়
পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৫) বর্ষাণা গৌড়ীয়মঠালয়
পোঃ বর্ষাণা, মথুরা

(৪৬) গোপীবিহারী মঠ—পেশাবাড়ী,
পোঃ ..., জেলা ... (পাঞ্জাব)

(৪৭) ব্যাসগৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

(৪৮) দিল্লী গৌড়ীয় মঠ
৯৫নং কুতুব রোড, নিউ দিল্লী

(৪৯) বোম্বে গৌড়ীয়মঠ
গোয়ালিয়া ট্যাঙ্ক রোড, অগস্ত্য কুঞ্জ গামডি রোড ৭

(৫০) আসাম-গৌড়ীয়মঠ
পোঃ ..., আসাম
শ্রীমহাপ্রভুর পাদপীঠ ...

(৫১) প্রপন্নাশ্রম-গৌড়ীয়মঠ
পোঃ ..., ...
শ্রীমহাপ্রভুর ...-বিরিঞ্চির সেবা

(৫২) ব্রহ্মগৌড়ীয়মঠ
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)

(৫৩) পুরুষোত্তম মঠ
চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা

(৫৪) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী
(৫৫) আলালনাথ

(৫৬) ত্রিদণ্ডি-গৌড়ীয়মঠ
পোঃ ভুবনেশ্বর, পুরী

(৫৭) সচ্চিদানন্দ মঠ
সাক্ষাল, পোঃ কটক (উড়িষ্যা)

(৫৮) বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ

(৫৯) শ্রীব্রহ্মমাধ্বগৌড়ীয়-প্রপন্ন-মঠ
পোঃ ..., মাদ্রাজ

(৬০) ভাগবতজনানন্দ মঠ
চিদ্গিরি, পোঃ নারায়ণপুর, মেদিনীপুর

(৬১) ময়ানি গৌড়ীয়মঠ
পোঃ ময়ানি, মেদিনীপুর

(৬২) আমলাযোড়া প্রপন্নাশ্রম মঠ
পোঃ ..., বর্দ্ধমান

(৬৩) চেতলা গৌড়ীয়মঠ
চুঁচুড়া, পোঃ চুঁচুড়া, (হুগলী)

(৬৪) রেঙ্গুন গৌড়ীয়মঠ
২০১ নং দিউইস্ ষ্ট্রীট, রেঙ্গুন।

(৬৫) লণ্ডন-গৌড়ীয়মঠ
ফ্ল্যাট ৬২
৫১, ...
... লণ্ডন, ...

(৬৬) গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্
১৪।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা

(৬৭) গৌড়ীয়মঠ অফিস
২০৪ ক্লিকেট রোড, কলো (সি-আই)

(৬৮) শ্রীবিশ্ববৈষ্ণব গৌড়ীয়মঠালয়
নবাবগঞ্জ, চট্টগ্রাম

শ্রীধাম মায়াপুর, নদীয়াপ্রকাশ-প্রিন্টিং ওয়ার্কস্ হইতে শ্রীনবীনগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীমহানন্দ ব্রহ্মচারী ভক্ত্যালোক, ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

-মূল্যাদি-

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও ২য় দিনের জন্য	পরবর্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও ২য় দিনের জন্য	পরবর্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি-পংক্তির ।০	৷৵০	৵০	।০
" " ইঞ্চি ২৲		১৷০	১৲
সিকিকলম ৫৲	৪৲		৩৲
অৰ্দ্ধকলম ৮৲	৬৲	৬৲	৫৲
এক কলম ১৫৲	১০৲	১০৲	

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিবারে প্রতি ইঞ্চি ৩৲	২৷০
" সিকি কলম ১৫৲	১২৷০
" অৰ্দ্ধকলম ২৫৲	২০৲
" এক কলম ৫০৲	৪০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৷০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা ৫ ; বিশেষ সংখ্যার মূল্য স্বতন্ত্র।

শ্রীধাম-মায়াপুরে

—:০:—

—"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট"—

—:০:—

বিশুদ্ধ নীতি শিক্ষা বিদ্যালয়

গাত্র ... বিদ্যালয় ও বোর্ডিং এর পরিবেশ ... ও আদর্শস্থানীয়। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে ... থাকিবার ব্যবস্থা হইয়াছে। খাওয়া ও থাকার খরচ প্রতি মাসে মাত্র ৬৲ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। বর্তমান বর্ষে .৬ জন বালকের মধ্যে ১৫ জন ভালভাবে উত্তীর্ণ হইয়াছে।

মেধাবী ছাত্রগণের আরও সুবিধা

পরীক্ষায় যাহারা শতকরা ৭৫ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ মেধাবী ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক-সম্পাদিত ; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা বিস্তৃতভাবে আলোচিত হইয়াছে। এই এক অপূর্ব্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

শ্রীচৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত্র অতিসুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত ইহার ভিক্ষা মাত্র ৩৲ টাকা। প্রাপ্তিস্থান শ্রীযুক্ত ... ভক্তিশাস্ত্রী, শ্রীযোগপীঠ, ... পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী

শ্রীল প্রভুপাদের চতুঃষষ্টিবর্ষপূর্ত্যাবির্ভাব-তিথিতে শ্রীল আচার্য্যদেবের অভীষ্টানুসারে "শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী" প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। ইহাতে পূর্ব্বার্দ্ধ ও উত্তরার্দ্ধ দুইটী বিভাগ আছে। পূর্ব্বার্দ্ধে শ্রীল প্রভুপাদের আদ্য-প্রবন্ধাবলী শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের সম্পাদিত 'সজ্জনতোষণী' ... শ্রীল প্রভুপাদের 'নিবেদন' সাপ্তাহিক পত্র প্রভৃতি হইতে ... প্রবন্ধ প্রকাশিত হইয়াছে। উত্তরার্দ্ধে শ্রীল প্রভুপাদের সম্পাদিত 'সজ্জনতোষণী'র কতিপয় প্রবন্ধ ... মুদ্রিত হইয়াছে। প্রবন্ধগুলি রচনাকালের ক্রমানুসারে প্রথিত হইয়াছে ; এতদ্ব্যতীত শ্রীল আচার্য্যদেবের একটি মূল্যবান উপোদ্ঘাত ও সম্পাদকীয় একটি বিস্তৃত ভূমিকা, শব্দ সূচী, ... ও পত্রাঙ্ক-সূচী প্রভৃতি গ্রন্থে সংযোজিত হইয়াছে। গ্রন্থটী উৎকৃষ্ট কাগজে পারিপাট্যের সহিত মুদ্রিত ও শ্রীল প্রভুপাদের ... বাঁধাই হইয়া প্রকাশিত হইয়াছে। প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, জেলা নদীয়া ; শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ও শ্রী... ঢাকা।

— — · ·

শ্রীল প্রভুপাদের পত্রপ্রসূন মালা

এই গ্রন্থে ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তি-সিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের রচিত পত্রাবলী শ্রীল আচার্য্যদেবের বিরচিত "গৌরভ" নামক ভাষ্যের সহিত প্রকাশিত হইয়াছে ; শ্রীল প্রভুপাদের অনেক অপ্রকাশিত পত্র ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। ইহার ভিক্ষা ... আনা।

শ্রীসরস্বতী-সংলাপ

প্রথম খণ্ড

শ্রীশ্রীব্রহ্ম-মাধ্ব-গৌড়ীয়সম্প্রদায়ৈকসংরক্ষক জগদ্গুরু পরমহংসকুলচূড়ামণি নিত্যলীলা-প্রবিষ্ট ১০৮শ্রী শ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামি-প্রভুপাদ বিভিন্ন বিষয়ক ও ... সজ্জনবৃন্দের পরিপ্রশ্নের ... যে সকল হরিকথা কীর্তন করিয়াছেন, যাহা তাঁহার প্রকটকালেই 'গৌড়ীয়' সম্পাদক শ্রীযুক্ত ... বিদ্যাবিনোদ বি-এ প্রভুপাদেরই শ্রীমুখে সংশোধিত করাইয়া ... 'গৌড়ীয়ে' প্রকাশিত হইয়াছে, তাহা "শ্রীশ্রীসরস্বতী সংলাপ" নাম ... শ্রীল প্রভুপাদের 'বক্তৃতাবলী' ও 'পত্রাবলী' আকারে খণ্ড খণ্ড প্রকাশিত হইতেছে। বর্ত্তমানে শ্রীল প্রভুপাদের প্রথমবার্ষিক বিরহতিথিপূজা-বাসরে এই গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। মানবজীবনের বহু জটিলতম সমস্যা ও কঠিন প্রশ্নের সমাধান ইহাতে পাওয়া যাইবে। ভক্তগণের পাঠকমাত্রেরই এই গ্রন্থ সংগ্রহ করা প্রয়োজন।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

প্রেসিডেন্সী কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপদেশক প্রফেসর শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী সম্প্রদায়-বৈভবাচার্য্য এম এ মহোদয়ের ঐতিহাসিক গবেষণা এবং নিরপেক্ষ লেখনীর অদ্ভুত ফল আধ্যাত্মিক জগতে দর্শন এবং ভক্ত ও ভগবানের ভাবপ্রকাশ-পক্ষে এক রত্ন। এই গ্রন্থটি, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিবিধ চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডটি ৩০০ অধিক পৃষ্ঠা সুন্দর বাঁধাই। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের প্রণীত মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকারের ভূমিকাদ্বয় (Prefaces), বিষয় তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত পারিভাষিক শব্দসূচী (Index Glossary) সহ প্রথমখানি প্রকাশিত। ভিক্ষা—১৫, পনর টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, রায়পেট্টা মাদ্রাজ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম মায়াপুর (জেলা—নদীয়া)।

'ঠাকুর ভক্তিবিনোদ'

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

(৩) শ্রীযুক্ত [illegible] রায় এম্-এ, বি-এল্, পুরাণাপল্টন পোঃ রমণা, ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বাঙ্গালা অক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবত,—সটীক ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্যন্ত — ৩৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। অনুভাষ্য সহিত শ্রীচৈতন্যভাগবত (অর্দ্ধ খণ্ড) ৯৲
৩। অনুভাষ্য শ্রীচৈতন্যচরিতামৃত ৬
৪। নবদ্বীপ ভক্তি (অর্দ্ধ খণ্ড) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৷৹; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৷৹; ৪র্থ খণ্ড—৷৹
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৷৹; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৷৹
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার দীপিকা ও সংস্কার দীপিকা ১।০
৯। বৈষ্ণবগণ ১৲
১০। গৌড়ীয় কণ্ঠহার ১৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ১৲
১২। শ্রীমহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৷৹
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ।০
১৫। বৈষ্ণব সিদ্ধান্ত [illegible] ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৷৹
১৭। বৈষ্ণবসিদ্ধান্তমালা ।০
১৮। [illegible] ।০
১৯। তত্ত্ববিবেক ।০
২০। গৌড়ীয়-গৌরব ৷৴০
২১। গৌড়ী-সঙ্গীত ।৴
২২। ভক্ত মহিমা ।০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃত ও শ্রীনবদ্বীপশতক (বাঁধা) ১
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা-সহ) ১
২৫। গীতা (চক্রবর্তি-টীকাসহ) ১
(বাঁধা) ১
২৬। গীতার কোন কথা কথা
২৭। প্রাকৃতরসশতদূষণী (সংস্করণ) ১৲
২৮। প্রেমবিবর্ত (সংস্করণ) ।০
২৯। প্রেমপ্রদীপ (তৃতীয় সংস্করণ) -
(বাঁধা ৷৹
৩০। জৈব-ধর্ম [illegible] ৶০
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ।৶০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ।০
৩৩। নবদ্বীপধাম গ্রন্থমালা ৷৹
৩৪। শ্রীকৃষ্ণসংহিতা (নবদ্বীপ-পরিক্রমা) ৶০
৩৫। গীতমালা /১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৶০
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৶০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ০
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমা ।০
৪০। শরণাগতি /০
৪১। গীতাবলী /০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৷৹
৪৩। সাধনপথ /০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা
৪৫। নবদ্বীপশতক
৪৬। অর্চনপদ্ধতি
৪৭। সদাচারস্মৃতি ৶/
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) /১০
৪৯। অর্চনপথ .১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম ও ২য় খণ্ড) ৯৲
৫১। কৃষ্ণভক্তিরহস্য ।০
৫২। মণিমঞ্জরী (বাঁধাই) ।০
৫৩। গৌড়ধামরহস্য ৷৹
৫৪। পুরুষার্থ-নির্ণয় ।০
৫৫। অমৃতবাণী বা [illegible] ।০
৫৬। প্রার্থনা ও প্রেমভক্তিচন্দ্রিকা ৶০
৫৭। উপদেশামৃত (অনুবাদিত) ।০
৫৮। শ্রীমনঃশিক্ষা ৶০
৫৯। শিক্ষাষ্টক ৶০
৬০। সারস্বতী

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যচন্দ্রোদয় ।০
৬২। সিদ্ধান্ত সরস্বতী নিবন্ধঃ ।০
৬৩। [illegible] ।০
৬৪। [illegible] ।০
৬৫। সারস্বত নিবন্ধ
৬৬। গৌড়ীয়বৈষ্ণবাভিধান
৬৭। সারার্থদর্শিনী

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।০
৬৯। এ ফিউ ওয়ার্ডস অন বেদান্ত ।০
৭০। [illegible] /০
৭১। [illegible] সরস্বতী [illegible]
[illegible] ।০
৭২। [illegible] ৷৴০
৭৩। [illegible]
[illegible] ।০
৭৪। [illegible]
৭৫। [illegible] গৌড়ীয়মঠ [illegible]
৭৬। [illegible]
৭৭। [illegible]
[illegible] ।০
৭৮। [illegible] ২।০
৭৯। [illegible] ১৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। [illegible]
৮১। সাধন-পথ
৮২। কল্যাণ-কল্পতরু
৮৩। গীতাবলী
৮৪। শরণাগতি

আসামী ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্য [illegible]

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

একমাত্র পারমার্থিক দৈনিক পত্র

শ্রীধাম-মায়াপুর-নদীয়া



১৭শ বর্ষ } ২৪ বিষ্ণু ৪৫৩ গৌরাব্দ ১৫ই চৈত্র বঙ্গাব্দ ১৩৪৫ ২৯শে মার্চ্চ ইং ১৯৩৯, বুধবার } ২৫শ সংখ্যা

বোম্বেতে প্রচার

জগদ্গুরু ওঁ বিষ্ণুপাদ পরমহংস পরিব্রাজকাচার্য্যবর্য্য ১০৮শ্রী শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী মহারাজের কৃপাশীর্ব্বাদ মস্তকে ধারণপূর্ব্বক বম্বে শ্রীগৌড়ীয়মঠের সেবকবৃন্দ পরমোৎসাহের সহিত শ্রীমঠে, মহানগরীর বিভিন্ন স্থানে এবং সহরের বাহিরে শ্রীচৈতন্যমহাপ্রভু-প্রচারিত বিমলপ্রেমধর্ম্মের কথা বিভিন্নভাষায় বিপুলভাবে কীর্ত্তন করিতেছেন। দৈনিক প্রাতে এবং সন্ধ্যায় শ্রীমঠে নিয়মিতভাবে পাঠ, কীর্ত্তন প্রভৃতি হইয়া থাকে। এতদ্ব্যতীত শ্রীমঠে আগত শ্রদ্ধালু সজ্জনগণের বিভিন্ন প্রশ্নের সমাধানমুখে এবং বিশেষ অধিবেশন প্রভৃতিতেও নানাভাবে হরিকথা আলোচিত হইতেছে।

গত ১৯শে মার্চ্চ রবিবার দিবস বম্বের প্রসিদ্ধ শেঠ্ মিঃ রামলাল মিস্ত্রী ও তাঁহার ভ্রাতা মিঃ খাটাউ ভাই বম্বে শ্রীগৌড়ীয়-মঠের প্রচারক উপদেশক শ্রীপাদ নিতাই দাস ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী রাগালঙ্কার মহোদয়কে তাঁহাদের নিজের মোটরে করিয়া লইয়া গিয়া বম্বে সহরের নিকটস্থ "ভিলা-পার্লা" নিবাসী প্রিন্সিপ্যাল মিঃ ভাগবৎ জ্যোতির এম্-এ (অক্সফোর্ড) নামক জনৈক পার্শী সজ্জনের সহিত ব্রহ্মচারীজীর পরিচয় করাইয়া দেন। তথায় ভক্তিশাস্ত্রীজী উক্ত প্রিন্সিপ্যাল মহোদয়ের সহিত প্রায় ২॥০ ঘণ্টাকাল ধরিয়া শ্রীগৌড়ীয়মঠের প্রচার-বৈশিষ্ট্য, শ্রীচৈতন্যমহাপ্রভুর দয়ার অসমোর্দ্ধতার কথা এবং প্রশ্নোত্তরমুখে বিভিন্ন ধর্ম্মমতাবলম্বীগণের কথা ও শান্ত, দাস্য, সখ্য, বাৎসল্য, মধুর প্রভৃতি রসের আশ্রয় ও বিষয়বিগ্রহের পরস্পর সম্বন্ধ এবং বৈশিষ্ট্যের কথা ইংরাজীভাষায় কীর্ত্তন করেন। প্রিন্সিপাল মহোদয় অতি সজ্জন ও অমায়িক ব্যক্তি। তিনি সস্ত্রীক এই সমস্ত বিষয় শ্রবণ করিয়া বিশেষ আনন্দপ্রকাশ করেন। সময় অধিক হওয়ায় তাঁহারা অন্য দিন পুনরায় আরও হরিকথা শুনিবার জন্য আগ্রহ প্রকাশ করেন এবং তাঁহার গৃহে এক দিবস কীর্ত্তন করিবার জন্য ব্রহ্মচারীজীকে অনুরোধ করেন

প্রায়শ্চিত্ত

——::•)::——

"বৈষ্ণবের ক্রিয়া-মুদ্রা বিজ্ঞে না বুঝয়।"
দোষের দর্শনে হয় সুকৃতির ক্ষয়॥
জনমার প্রতি শ্রদ্ধা হ'লে ধাবমান।
পুনরও তাঁহার বলি করে হেয় জ্ঞান॥
নীচযোনি প্রাপ্ত হয় অবশ্য তাহার।
বহু জন্ম অন্তে কভু লভে উদ্ধার॥
সেইরূপ কোন এক বৈষ্ণব চরণে।
অপরাধ হ'ল মোর বিনাশ কারণে॥
শাখা, মূল বিস্তারিয়া হ'ল মহীরুহ।
ভক্তিরস হৃদয়ের শুষি অহরহঃ॥
বিশুষ্ক হৃদয় হ'লো মরুভূমি-প্রায়।
সজ্জনার্ব্বক তাই ত্যজিল তাহায়॥
উত্তপ্ত মরুর সে "লু" বাতাসের ভয়ে।
সবাই ত্যজিল উহা সশঙ্কিত হ'য়ে॥
মায়ারে কাঁদিয়া জয় ছাড়ান না যায়
ক্রমে সে মরুর হ'ল অতীব বিস্তার।
সাগর শুকা'য়ে গেল বাতাসে তাহার॥
আমরের মরুভূমি সে যে ভয়ঙ্কর।
"রয়লের" অনুসার হ'লে শুভঙ্কর॥
হ'লে বা হ'তেও পারে কদাপি পবিত্র।
মরুর সে আশা নহে নিতান্ত বিচিত্র॥
মানুষেরই ভ্রম হয়, দেবতার নয়।
নিত্যানন্দ-কৃপা হ'লে ভ্রম দূর হয়॥
অতিতুচ্ছ অপমানে হইয়া বিক্ষুব্ধ।
চ'লেছি হইতে আমি চির অবরুদ্ধ॥
বিষ্ণুজনে অপরাধ মত্ত হস্তী সম।
ভক্তিলতা হৃদয়ের ছিন্ন করি' মম॥
করিল যে চিত্ত মোর কঠিন কুলিশ।
"কলমল পঙ্ক হৈল দুর্গন্ধ পুরীষ"॥
শ্রীনাম-সেবার যত রুচি মোর ছিল।
ক্রমশঃ অলক্ষ্যে তাহা অপগত হ'ল॥
হৃদয়ের আর্দ্রভাব গিয়াছে শুকা'য়ে।
সরস হইবে পুনঃ তাহা কি উপায়ে॥
পদ্মাকার জল নাহি দেখে কাল চক্ষে।
এ বিপদে নিত্যানন্দ বিনা কেবা রক্ষে॥
অদোষ-দরশী ওগো প্রভো নিত্যানন্দ।
এই দেখ দাস তব হ'য়ে নিরানন্দ॥
বিষাদ-সাগরে আজি চ'লেছে ভাসিয়া।
কর গো উদ্ধার তা'র কেশে আকর্ষিয়া॥
সর্ব্ব অভিমান ত্যাজ করহ বিদূর।
সহনে শকতি দাও কৃপায় প্রচুর॥
ধূলি সম সুনীচতা দাওগো তাহারে।
সহিষ্ণু বৃক্ষের সম কর দয়া ক'রে॥
মান দাতে উদাসীন মানদ অপরে।
হইতে শকতি দাও তব এ কিঙ্করে॥
এই সব গুণ বিনা ভক্তি লভ্য নয়।
অতএব মত সর্ব্ব ভক্তি করে ক্ষয়॥
সাধু-গুরু-কৃপা বিনা না দেখি উপায়
দু-পণ্ডিত জন নয় বুঝিতে আমায়।
তাতে অপরাধী ভক্ত-পদ্ম পাদায়॥
সমস্ত বৈষ্ণব মোর পূজ্য গুরুজন।
অথও তদ্ভের সেই লইনু শরণ॥
সর্ব্ব বৈষ্ণবের পায় ক্ষমা আজি চাই।
তাঁহাদের কৃপা বিনা অন্য গতি নাই॥
শুনেছি বৈষ্ণবগণ সদা কৃপাময়।
করুন পতিতে ত্রাণ হইয়া সদয়॥
প্রত্যক্ষ, পরোক্ষ কিম্বা অপরোক্ষ দৃষ্টি।
নাহি যেন করে মোর বিভ্রমের সৃষ্টি॥
অধোক্ষজ দিব্যজ্ঞানে হউক প্রতিষ্ঠা।
হরি গুরু-বিষ্ণুজনে হয় যেন নিষ্ঠা॥

শ্রীসহজানন্দ দাসাধিকারী

শ্রীল আচার্য্যদেবের হরিকথামৃত মধু

(৫ম পৃষ্ঠার পর)

গৌরের দয়া হ'লে ঈশ্বর-সাযুজ্য বা কৈবল্য নরকের ন্যায় - বিষ্ঠার ন্যায় মনে হয়, নির্ভেদজ্ঞানানুশীলন তুচ্ছ মনে হয়; "ত্রিদশপূঃ"—স্বর্গ আকাশ-পুষ্পের ন্যায়—ছায়াবাজীর ন্যায় নিরর্থক বা ভোগ্য দেখবা জিনিষ ব'লে মনে হয়। সে তখন আর বিষয় চায় না। ইন্দ্রিয়ের ন্যায় সুখদাত তখন আর শা'র জ্ঞান লা'গে না। যখনই দশও কীটের ন্যায় মনে হয়, 'ইন সুখময় হয়।

যেদিন গৃহেতে ভজন দেখি,
গৃহেতে গোলোক ভায়।

(ক্রমশঃ)

"যিনি প্রকৃত সাধু অর্থাৎ বৈষ্ণব—যিনি সকলের একমাত্র নিত্য ভজনীয় নামী কৃষ্ণ ও কৃষ্ণাভিন্ন শব্দরূপে অবতীর্ণ নামের ভজন শিক্ষা দেন। সাধু বা বৈষ্ণব বা গুরু জীবের অধিকার বিচার পূর্ব্বক ক্রমশঃ ভজনের শুদ্ধপ্রণালী শিক্ষা দিয়া অনর্থের নিবৃত্তি করাইয়া থাকেন। শ্রদ্ধা হইতে ভাবোদয় পর্য্যন্ত জীবের অনর্থ থাকে।"

(শ্রীল আচার্য্যদেব)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

২৪ বিষ্ণু বুধ অনিরুদ্ধ গৌরাব্দ ৪৫৩

আমার ভুল কোথায়?

—::(*)::—

পক্ষ মাত্র একটী। সেটী কৃষ্ণপক্ষ বা কৃষ্ণভক্তপক্ষ; সুতরাং দুইটী পক্ষই যেখানে নাই, সেখানে আবার গোলযোগের কি কথা আছে? আমরা মানি আর না মানি, সকলেই কৃষ্ণের সেবক, কৃষ্ণই সকলের একমাত্র বন্ধু। কৃষ্ণের শত্রু কেহ নাই। সুতরাং কৃষ্ণের সেবকদ্বয়ে জীবেরও শত্রু কেহ নাই। এইজন্য শুদ্ধভক্তগণ কাহাকেও শত্রু মনে করেন না, কাহারও প্রতি হিংসা বা বিদ্বেষ করেন না। দুর্ভাগ্যবশতঃ কেহ বন্ধুকে শত্রু মনে করিলে, কৃষ্ণকীর্ত্তনসেবায় উদাসীন হইলে একরূপে দিন কাটাইলে, গুরুপাদপদ্মে প্রতিষ্ঠিত হইবার বিচার গ্রহণের পরিবর্ত্তে আত্মপ্রতিষ্ঠার জন্য ব্যস্ত হইলে, শ্রীগুরুপাদপদ্মে শরণাগত না হইয়া স্বতন্ত্রতার অপব্যবহারবশে ভক্তগণে অপরাধ করিলে শুদ্ধভক্তগণ ভগবানের নিকট তাঁহার মঙ্গলকামনাই করিয়া থাকেন। এমন কি, ব্যক্তিগতভাবে কেহ তাঁহাকে আক্রমণ করিলেও তিনি তাহা অকাতরে সহ্য করিয়া তাঁহার মঙ্গলের জন্য তাঁহাকে হিতোপদেশ প্রদান করিয়া থাকেন। জীবের প্রতি দয়া, জীবের দুঃখে দুঃখী হওয়া, অপরের মঙ্গলের জন্য ব্যস্ত হওয়াই তাঁহার স্বভাব। তিনি এত করুণ! এত দয়াল! যাহারা ঠাকুর হরিদাসকে নির্দ্দোষ জানিয়া নানাভাবে উৎপীড়ন করিলেও তিনি তাহাদের প্রতি রুষ্ট না হইয়া তাহাদের মঙ্গলকামনাই করিয়াছিলেন, তাহাদের মঙ্গলের জন্য ভগবানের নিকট প্রার্থনা জানাইয়াছিলেন,একথা আমরা শাস্ত্রাদিতে দেখিতে পাই।

আসল ও নকল বাস্তবিক দেখিতে একরূপ হইলেও তাহাদের মধ্যে আকাশ-পাতাল ভেদ বর্ত্তমান। আসল ও নকল এক হইতে পারে না—যুক্তি ও বিচুরি কখনও একজাতীয় হইতে পারে না। নকল জিনিষ লইয়া সাধারণ লোককে ধাঁধা দেওয়া সহজ বাস্তবকে ধাঁধা দিতে গেলে নিজেই ধাঁধায় পড়িয়া যাইতে হয়। সৎসঙ্গের এমনি প্রভাব যে, তাহা নিষ্কপট ব্যক্তিগণকে সত্যের প্রতি আকৃষ্ট করিবেই। অসদ্ব্যক্তি সৎসঙ্গে সৎ হইবার সৌভাগ্য পায় তাহার সকল ধাঁধা ঘুচিয়া যায়, সে তখন সত্যের সন্ধান পাইয়া পরমানন্দিত হয়। ভাগ্যহীন জনগণ নির্ব্বুদ্ধিতাবশতঃ আসল ও নকলকে সমান জ্ঞান করিতে পারে, কিন্তু আসল ও নকল কখনই এক পর্য্যায়ে গণিত হইতে পারে না, এইজন্যই শুদ্ধভক্তগণ সাম্প্রদায়িক, সঙ্গদোষী, কৃষ্ণ বা কৃষ্ণভক্তপক্ষাবলম্বী। তাঁহারা সৎ ও অসতের সমন্বয় করেন না, কিন্তু যাহারা বিষ্ঠা ও চন্দনকে একাকার করে, সেই সকল তথাকথিত সমন্বয়বাদিগণ সত্যের প্রতি নিষ্ঠার অভাবহেতু কুসাম্প্রদায়িক হইয়া বৈষ্ণবনিন্দা করিয়া থাকে। সেইজন্যই শুদ্ধবৈষ্ণবের সহিত জগতের লোকের মিল হয় না, শুদ্ধভক্তের সহিত কপট ভক্তের চিরকালই অ-সহযোগ থাকে। নিজের জন্য সমস্ত বাধা সহ্য করিলেও ভক্ত কখনও ভগবানের সেবায় বা কৃষ্ণেন্দ্রিয়-তর্পণে বাধা সহ্য করিতে পারেন না। তাই পাণ্ডবপক্ষীয়গণের সহিত কৌরব-পক্ষের সংগ্রাম দেখা যায়। ভক্তগণের এই অকিঞ্চিৎকর-ব্যবহার-নিরপেক্ষ ও ভগবানের সুখের জন্যই। সমস্ত সত্যোদ্দিষ্ট হয়। নিত্যসত্যবস্তু ভগবান্ শ্রীগৌরসুন্দর ও গৌরবিগ্রহ অক্ষুণ্ণ থাকেন, শ্রীগুরুগৌরাঙ্গের বিলাসস্থলী শ্রীচৈতন্যমঠ অক্ষুণ্ণ থাকেন। অতএব শ্রীচৈতন্যমঠে অস্থান নাই বা থাকিতে পারে না। সেইজন্য নিষ্কপট শ্রীচৈতন্য-মঠবাসিগণ—শ্রীশ্রীল প্রভুপাদ ও তদভিন্ন-বিগ্রহ শ্রীশ্রীল আচার্য্যদেবের শ্রীচরণাশ্রিত-গণ নিশ্চিন্তে শ্রীধাম ও শ্রীধামেশ্বরের সেবায় নিযুক্ত আছেন। বাস্তবসত্যবস্তু নিত্য-কালই অক্ষুণ্ণ আছেন ও থাকিবেন,—ইহাতে কাহারও সন্দেহ করিতে হইবে না।

আমাদের গোড়াতেই গলদ বা ভুল হইয়াছে—জীবের একমাত্র আশ্রয় বা বন্ধু যে সাধু,আমরা তাঁহাতে বিশ্বাস হারাইয়াছি। মায়া আবরণরূপে উপস্থিত হওয়ায়, অন্তরে নিষ্কপট সেবাপিপাসার অভাব হওয়ায় মায়া সেই ছিদ্র পাইয়া সাধুকে সাধু বলিয়া জানিতে দিতেছে না, মায়ার এমনি খেলা! মায়ার চাপড়ে যে একবার পড়িয়াছে, মায়া যাহার বা যাহাদের প্রতি একবার গোলমাল বা বেতাল বিস্তার করিয়াছে, সে বুঝিয়াও বুঝিবে না। এমনি তাহার দুর্দ্দৈব! তখন বন্ধুকে শত্রু মনে করাই তাহার স্বভাব হইয়া পড়িবে। একটু ভুল হইলেই ভগবানের প্রতি নির্ভরতার অভাব বা সন্দেহ আসিয়া আমাদিগকে আক্রমণ করে। তখন চিন্তা করিয়া পার পাওয়া যায় না। মনোধর্ম্মের শেষ নাই। সেইজন্য মনোধর্ম্মী হইতে হইবে না—আত্মধর্ম্মী হইতে হইবে—শ্রৌতপন্থী হইতে হইবে—শ্রুতিবাক্যে বিশ্বাস করিতে হইবে—সাধুশাস্ত্র-গুরুবাক্যকে এক বলিয়া জানিতে হইবে। আমাদের এই ভুল সংশোধিত হওয়া দরকার। অসৎসঙ্গের ফলেই অশ্রদ্ধা হয় এবং সৎসঙ্গের প্রভাবে তাহা অনায়াসে বিদূরিত হইয়া জীব সত্যের আলোক দেখিতে পায়, নিঃসন্দিগ্ধচিত্তে সেবাযোগ বরণ করে।

আশ্রয় দরকার। আমি কাহার আশ্রিত, জানা আবশ্যক। তাহা হইলে গুরুকৃপায় সব ভুল কাটিয়া যাইবে, সব ঠিক হইবে। কিন্তু যদি তাহা না হয়, আমরা যদি কেবলই ভুল বুঝি তাহা হইলে আমাদের অসুবিধাই থাকিয়া চলিবে। এই ভুল শাস্ত্রের মর্ম বুঝিতে দেয় না, প্রকৃত সাধুকে বুঝিতে দেয় না—অসত্যকে সত্য মনে করায়, এক কথাকে আর এক কথা বলিয়া বুঝাইয়া দেয়, উপকারীকে অপকারী এবং অপকারীকে উপকারী মনে করায়।

ফল্গুবৈরাগ্য খারাপ জিনিষ সত্য, কিন্তু তাই বলিয়া যুক্তবৈরাগ্যকে তজ্জাতীয় মনে করিয়া খারাপ বলিতে হইবে না। ফল্গুবৈরাগ্য ও যুক্তবৈরাগ্যকে এক বলিলে ভুল বুঝা হইবে। জড়বিলাস খারাপ বলিয়া চিদ্বিলাসকে বাদ দিতে হইবে না, নির্বিশেষবাদকেই মুখ্য মনে করিতে হইবে না। প্রাকৃত-সহজিয়া ভাবটা খারাপ বলিয়া অপ্রাকৃত-সহজিয়া-ভাবের নিন্দা করিতে হইবে না। সদ্গুরু-চরণাশ্রিত গুরুদাসগণের শ্রীগুরুপাদপদ্মের প্রতি সহজ দৃঢ়বিশ্বাসকে কল্পনা, অন্ধবিশ্বাস বা মনের উচ্ছ্বাস মনে করিতে হইবে না। শ্রীগুরুপাদপদ্মে নিষ্ঠা ভক্তদাসের সহজবৃত্তি। ভক্তদাস জানেন, শ্রীগুরুনিত্যানন্দ সর্ব্বশক্তিমান, ধর্মার্থকাম-মোক্ষ তাঁহার সেবার জন্য ব্যস্ত। তিনি কোন অন্যায় কার্য্য করেন না। গৌরের সেবা ছাড়া তাঁহার অন্য কৃত্য নাই। গুরুনিত্যানন্দের সব ভাল। তাঁহার সবই গৌরপ্রীতিবর্দ্ধক। মহাভাগবতবর শ্রীগুরুদেব নির্দ্দোষ, মহাবদান্য, জ্ঞানী ও মানদ প্রভৃতি অনন্তগুণে গুণী। তিনি অন্যায় কার্য্য করেন এরূপ প্রতীতি নিজের দুর্ভাগ্য-জ্ঞাপক। অপ্রাকৃত বস্তুতে প্রাকৃত-বুদ্ধি মহাপরাধ। "প্রাকৃত করিয়া মানে বিষ্ণু-কলেবর। বিষ্ণুনিন্দা নাহি আর ইহার উপর॥" শ্রীগুরুদেব মায়াধীশ। মায়ার কোন সংস্পর্শ তাঁহাতে নাই। শ্রীশ্রীল প্রভুপাদও বলিয়াছেন,—"শ্রীগুরুতত্ত্ব—নিত্যানন্দ; সেই কৃষ্ণাভিন্নবিগ্রহকে যে পাষণ্ডী বিবেক-বুদ্ধিতে গ্রহণ করে,সেই পাষণ্ডীর সঙ্গিগণের সহিত সম্বন্ধ রাখা ভগবদ্ভক্তের কর্ত্তব্য নহে। অসৎসঙ্গ-প্রভাবেই শ্রীগুরুপাদপদ্মের সেবাধিকার নষ্ট হইয়া পড়ে। সুতরাং শ্রীগৌরসুন্দরের ঐকান্তিক নিত্যসেবক ও শ্রীগৌরসুন্দরের অভিন্ন-কলেবর শ্রীগুরুদেবের স্মৃতি যাহাতে বিপর্য্যস্ত না হয়, তদ্রূপ বিচারে ইহকালে ও পরকালে অবহিত হওয়া আবশ্যক। গুরুদ্রোহ ও গুরু—সম্পূর্ণ বিপরীত-ধর্ম্ম-বিশিষ্ট। সর্ব্বনাশ উপস্থিত হইলে জীব শ্রীকৃষ্ণচৈতন্যের প্রকাশবিগ্রহ শ্রীনিত্যানন্দকে ও তদভিন্নপ্রকাশ শ্রীগুরুদেবকে পৃথক্ জ্ঞান করেন। তাঁহাদের গৌরসুন্দরের সেবালাভ কখনও হয় না। তাঁহারা নিত্যকাল গুরুদ্রোহী ও দুর্ভোগী হইয়া পড়ে।"

আমরা অনেক সময় পাণ্ডিত্যকেই ভগবদ্ভজনের উপায় মনে করি এবং পাণ্ডিত্যের দ্বারা তত্ত্ববিষয় জানিবার যত্ন করি। শরণাগত না হইলে যে কিছু বুঝা যায় না, একথা আমরা তখন ভুলিয়া যাই, তাই আমাদের অনেক সময় হিতে বিপরীত হয়। পাণ্ডিত্য ভগবৎসেবায় নিযুক্ত হইলেই তাহার সার্থকতা, কিন্তু যদি আমি পাণ্ডিত্যের প্রভু হইয়া পড়ি, নিজে নিজে সব বিচার করিয়া লইতে যাই, তাহা হইলেই অসুবিধা। সুতরাং আমাদের জানিয়া রাখা উচিত যে আমরা পণ্ডিত নহি, আমরা গুরুদাসানুদাস। আবার কেহ কেহ মনে করেন, পাণ্ডিত্য থাকিলে যখন অহঙ্কার বাড়ে তখন মূর্খ থাকাই ভাল, মূর্খতা-বৃদ্ধির নামই হরিভজন। এ ধারণাও ভ্রমাত্মক। মায়া যে আমাদিগকে কত প্রকার ভুল বুঝাইতেছে, তাহার ইয়ত্তা নাই। এইরূপ

ভুল হইলে আমরা চৈতন্যচন্দ্রের দয়ার কথা বিচার করিবার সৌভাগ্য পাইব না। অনুগত হইয়া বিচার করাটা খারাপ নয়। জগতের সবই কৃষ্ণসেবাপর। সেইজন্যই বলিতেছি, মূর্খই হউক বা পণ্ডিত হউক, এই সব লইয়া মারামারি না করিয়া শরণাগত হওয়াই দরকার। শরণাগত ব্যক্তিই মায়ার জাল হইতে নিস্তার পায়, শরণাগত না হইলে ভগবৎকৃপা পাওয়া যায় না। সুতরাং এখন আমাদের চিন্তনীয় বিষয় আমরা শরণাগত হইব কি করিয়া?

নিষ্কপট হইলে চিন্তা নাই। মায়াধীশের লোক—প্রতিনিধি বা বৈকুণ্ঠদূত অশরণাগতকে শরণাগত করাইবার জন্য চতুর্দিকে ঘুরিতেছেন। আমরা নিষ্কপট হইলে তাঁহাদের সন্ধান পাইব। কিন্তু আমাদের একটি কথা মনে রাখা উচিত যে, এজগতে বৈকুণ্ঠদূতের নকল সংস্করণেরও অভাব নাই। এমন কি, তাহাদেরই দল বেশী ভারী। আমাদের বুঝিবার ভুল বা কপাল খারাপ হইলে আমরা বৈকুণ্ঠদূতকেই নকল ভাবি, বৈকুণ্ঠের দূত মায়ার কৌশল ধরাইয়া দিয়া আমাদিগকে সতর্ক করিলে আমরা তাহাকে পরনিন্দা মনে করি, সাধুর তীব্রসত্যকথার মধ্যেও কিছু স্বার্থপরতা আছে মনে করি। পরদুঃখদুঃখী তাঁহাদের জীবন্দশ-কার্য্যে এত গরজ কেন, তাহা বুঝিতে না পারিয়া উল্টা বুঝি, আবার সত্যকথা-কীর্ত্তনকারীকে কখনও প্রতিষ্ঠাকামী আবার কখনও দাম্ভিক মনে করিয়া থাকি। কিন্তু যেখানে অযোগ্যতার উপলব্ধি, নিজেকে কাঙ্গালবুদ্ধি—শ্রীগুরুপাদপদ্মের ধূলি অভিমান, সেখানে সে সব বালাই নাই। সেখানে গুরু-বৈষ্ণবের সেবানুষ্ঠানের আচরণকে বিপরীতভাবে দেখিবার দুর্ভাগ্য নাই, সেখানে আছে কেবল কৃপাপ্রার্থনা—নিরন্তর ব্যগ্র-ব্যাকুল-ভাবে কাতর ক্রন্দন। সেখানে আপনা আপনই সর্ব্বোৎকৃষ্ট সৌভাগ্য এবং সকলেই তৎপাদপদ্মে শরণাগত হইবার জন্য যত্নশীল। সেইজন্যই বলিতেছি, নিষ্কপট হইতে হইবে, কপটতা ছাড়িতে হইবে, শ্রীগুরুপাদপদ্মের নিকট কাঁদিয়া কাঁদিয়া দুঃখের কথা জানাইতে হইবে। তাহা হইলে কৃপাময় তিনি আমাদিগকে সৎপথে চালিত করিবেন, আমাদিগকে বিপথগমন হইতে রক্ষা করিবেন। গুরু-নিত্যানন্দ ছাড়া আর রক্ষাকর্ত্তা কেহ নাই। সুতরাং তৎপাদপদ্মধূলিই আমাদের সম্বল হউক। তাহা হইলেই আমাদের ভুল ভাঙ্গিবে।

শ্রীশ্রীল আচার্য্যদেবের হরিকথার মর্ম্ম

——::-::——

(স্থান—শ্রীল প্রভুপাদের সমাধিমন্দির
কাল—২৩শে ফেব্রুয়ারী ১৯৩১,
৫টা—৬টা)

আজ শ্রীশ্রীনবদ্বীপধাম-পরিক্রমার অধিবাস-দিবস। কাল অন্তর্দ্বীপ-পরিক্রমা হ'বে। অন্তর্দ্বীপ—আত্মনিবেদনের ক্ষেত্র, আত্মনিবেদনের অপর নাম—শরণাগতি। বলি মহারাজ আত্মনিবেদনের উপমান-স্বরূপ। বলী ও বলি—দুইটি বলা যেতে পারে। বলী—বলবান্, যাঁ'র বল আছে। শরণাগতই বলী, অশরণাগত দুর্ব্বল। 'বলি'-অর্থ উপহার। আত্মবলি দিতে হ'বে। প্রহ্লাদ মহারাজ ব'লেছেন—

"শ্রবণং কীর্ত্তনং বিষ্ণোঃ স্মরণং
পাদসেবনং
অর্চ্চনং বন্দনং দাস্যং সখ্যমাত্মনিবেদনম্।
ইতি পুংসার্পিতা বিষ্ণৌ ভক্তিশ্চেন্নবলক্ষণা।
ক্রিয়েত ভগবত্যদ্ধা তন্মন্যেঽধীতমুত্তমম্॥"

'আদৌ অর্পিতা সতী পশ্চাৎ ক্রিয়েত'—আগে আত্মনিবেদন, তারপর শ্রবণাদি ভক্তির অনুষ্ঠান—পরিক্রমার অনুষ্ঠান। জগদ্গুরু শ্রীধর স্বামিপাদ একথা ব'লেছেন ভজন ক্রিয়ার পূর্ব্বে আত্মনিবেদন ক'রেছি কিনা জিজ্ঞাসা করা যা'ক। অন্তর্দ্বীপ—নবদ্বীপের অন্তর্গত দ্বীপ। নবধা ভক্তি মূর্ত্ত হ'য়েছে আধাররূপে—নবদ্বীপধামরূপে। বিষ্ণুর শ্রবণ, বিষ্ণুর কীর্ত্তন, বিষ্ণুর স্মরণ, বিষ্ণুর পাদসেবন, বিষ্ণুর অর্চ্চন, বিষ্ণুর বন্দন, বিষ্ণুর দাস্য, বিষ্ণুর সহিত সখ্য, বিষ্ণুপাদপদ্মে আত্মনিবেদন—ইহাই নবধা ভক্তি। শ্রবণ, কীর্ত্তন, স্মরণ, পাদসেবন, বন্দন, দাস্য, সখ্য ও আত্মনিবেদন ভক্তদের বিষয় ও আশ্রয়-বিগ্রহের পীঠস্থানই নবদ্বীপ। এই নয়টি দ্বীপ পরিক্রমা হ'বে।

আগে ক্ষেত্র, ক্ষেত্র থেকে বীজ নির্গত হ'য়ে বৃক্ষ হয়। সুতরাং যখন পরিক্রমায় বেরুতে হ'বে, তখন জিজ্ঞাস্য আত্মনিবেদন ক'রেছি কিনা; নতুবা পরিক্রমা হ'বে না। ভগবানের সঙ্গে উপাসকের সম্বন্ধ বা প্রেমলাভের উপায়—অভিধেয়, সেবা বা ভক্তি। ভক্তি নয় প্রকার; কিন্তু সর্ব্বাগ্রে আত্মসমর্পণ। অকিঞ্চন না হ'লে আত্মসমর্পণ হয় না। তোমাদেরমধ্যে এজগতের কোন কিছু বা কৃষ্ণেতর বিষয় যাঁ'র নাই, তিনিই অকিঞ্চন। কৃষ্ণের সেবার জন্য অনন্তকোটি বৈষ্ণবগণই অকিঞ্চন। আমরা সেরূপ অকিঞ্চনের ভৃত্য হ'য়েছি কি? শ্রীল কবিরাজ গোস্বামিপ্রভু ব'লেছেন,—

শরণাগতের অকিঞ্চনের একই লক্ষণ।
তা'র মধ্যে প্রবেশয়ে আত্মসমর্পণ॥

অকিঞ্চনই শরণাগত, তন্মধ্যে অন্তর্গত আছে আত্মনিবেদন। দৈহিক ইন্দ্রিয় বা মনের দ্বারা ভোক্তৃত্বই কোন বস্তুর সঙ্গে অকিঞ্চনের সম্বন্ধ নাই। অকপটভাবে বুকে হাত দিয়ে দেখা যা'ক, আমি অকিঞ্চনের সেবক হ'তে পেরেছি কিনা। গুরুপাদপদ্ম স্পর্শ ক'রে নিষ্কপটে ব'লবার মত অবস্থা লাভ ক'রেছে কিনা, দেখা যা'ক। দেখা যা'ক, আমাকে অকিঞ্চন হ'বার উপদেশ দিবার মত কেউ আছেন কিনা। 'তৃণ শরণাগত হ'য়' এই ব'লে আমাকে কেউ কৃপা করবেন কিনা। বৈষ্ণবের কৃপা ছাড়া গতি দেখি না। শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ আমাদের শিক্ষা দিয়েছেন -

কবে শ্রীচৈতন্য মোরে করিবেন দয়া।
কবে আমি পাইব বৈষ্ণবপদছায়া॥
কবেবা কৃতাঞ্জলি বৈষ্ণব নিকটে।
দন্তে তৃণ ধরি দাঁড়াইব নিষ্কপটে॥
কাঁদিয়া কাঁদিয়া জানাইব দুঃখগ্রাম।
সংসার অনল হ'তে মাগিব বিশ্রাম॥
শুনিয়া আমার দুঃখ বৈষ্ণব ঠাকুর।
আমা লাগি কৃষ্ণে আবেদিবেন প্রচুর।
বৈষ্ণবের নিবেদনে কৃষ্ণ দয়াময়।
কৃপা করি' মোর প্রভু এই অকিঞ্চনে॥

• • •

কৃষ্ণ সে তোমার, কৃষ্ণ দিতে পার,
তোমার শকতি আছে।
আমি ত' কাঙ্গাল, কৃষ্ণ কৃষ্ণ বলি'
ধাই তব পাছে পাছে॥

শ্রীচৈতন্যের আবির্ভাবে এই দয়ার কথা লোকে বুঝতে পেরেছিল। শ্রীল প্রবোধানন্দ সরস্বতীপাদ ব'লেছেন —

শ্রীপুত্রাদিকথাং জহুর্বিষয়িণঃ শাস্ত্র-
প্রবাদং বুধা
যোগীন্দ্রা বিজহুর্ম্মরুন্নিয়মজক্লেশং
তপস্তাপসাঃ।
জ্ঞানাভ্যাসবিধিং জহুশ্চ যতয়শ্চৈতন্যচন্দ্রে
পরা-
মাবিষ্কুর্ব্বতি ভক্তিযোগপদবীং নৈবান্য
আসীদ্রসঃ॥

যাঁ'রা ইন্দ্রিয়দ্বারা ভোগে নিতে চান, বিষয় গ্রহণ ক'রে, তাঁ'রা বিষয়ী। ইন্দ্রিয়-ভোগ্য বস্তুই বিষয়। শ্রীচৈতন্যের দয়ার ফলে বিষয়িগণ স্ত্রীপুত্রাদির কথা—ভোগ্য-বিষয়ের কথা সব ছেড়ে দিয়েছে। পণ্ডিতগণ শাস্ত্রবিবাদ, ভক্তিবিরোধী যুক্তিতর্কমূলে যে মত, তা' ছেড়ে দিয়েছেন, তাঁ'রা তার্কিক হ'য়ে নিজ দর্প গর্ব্ব দেখাবার জন্য পরস্পর যুক্তির সাহায্যে আর বাগ্‌বিতণ্ডা ক'রছেন না; তাঁরা জিগীষা পরিত্যাগ ক'রেছেন। যোগাচার্য্যগণ—যাঁ'রা পতঞ্জলির অনুগত, তাঁ'রা প্রাণায়ামজনিত ক্লেশ, আসনাদি অষ্টাঙ্গ যোগ, সিদ্ধি কামনা সর্ব্বতোভাবে বর্জ্জন ক'রেছেন। সহস্রবদনের অবতার-রূপে কথিত পতঞ্জলি অষ্টাধ্যায়ীর মহাভাষ্য (ফণিভাষ্য) ক'রেছেন। হরিসেবাবিমুখ কোন 'ব্যাস' নামধারী ব্যক্তি আবার পতঞ্জলির যোগসূত্রের ভাষ্য ক'রেছেন। এই ব্যাস কৃষ্ণদ্বৈপায়ন ব্যাস নহেন। 'ব্যাস' নাম শুনে শ্রীমূর্ত্তিদ্বেষী কোন অপসম্প্রদায়ের একটও মারাত্মক ভুল ক'রেছেন। সর্পাদির বিকৃত অংশ যেমন রজ্জু, সহস্রবদন বা শেষ নাগের বিকৃত অংশও সেইরূপ পতঞ্জলি।

তপস্বিগণ তপস্যা ছেড়ে দিয়েছেন, মায়াবাদিগণ — নির্ভেদ ব্রহ্মানুসন্ধানরত জ্ঞানিগণ সোঽহংবাদ ত্যাগ ক'রেছেন। প্রকাশানন্দ প্রমুখ যতিগণ পর্য্যন্ত শঙ্কর-ভাষ্য আলোচনা ছেড়ে দিলেন। ব্রহ্মের সহিত সাযুজ্য-কামনা আর তাঁ'দের নাই। অকিঞ্চন এমনই জিনিষ। এই পরম-ভক্তিরস মহাপ্রভু যখন প্রকট ক'রলেন, তখন অন্য রস আর থাকলো না। তখন কৃষ্ণ-প্রেমরসে সমস্ত ভুবন প্লাবিত হ'ল। সেদিন আমার কবে হ'বে, কবে গৌর ও গৌরভক্তের দয়া পাব।

কবে শ্রীচৈতন্য মোরে করিবেন দয়া।
কবে আমি পাইব বৈষ্ণবপদছায়া॥

বৈষ্ণব কত বড়! জড় বিদ্যার দুর্ব্বুদ্ধিকে ফুৎকার দিতে পারেন, জড়পাণ্ডিত্যকে ধিক্কার দিতে পারেন, এমন কি বৈরাগ্যের বৈরাগ্যকেও অতি তুচ্ছ জ্ঞান ক'রতে পারেন, মায়াবাদ ভাষ্যালোচনাকে তিরস্কার ক'রতে পারেন। এমন ভক্তিরসের প্রকট হ'লে, শ্রীচৈতন্যের দয়া হ'লে বৈষ্ণবের পাদ কত বড় বুঝা যা'বে। বৈষ্ণবের পদছায়া লাভ হ'লে—

"কৈবল্যং নরকায়তে ত্রিদশপূরাকাশ-
পুষ্পায়তে
দুর্দ্দান্তেন্দ্রিয়কালসর্পপটলী প্রোৎখাত-
দংষ্ট্রায়তে।
বিশ্বং পূর্ণসুখায়তে বিধিমহেন্দ্রাদিশ্চ
কীটায়তে
যৎকারুণ্যকটাক্ষবৈভববতাং তং
গৌরমেব স্তুমঃ॥"

(অতঃপর ৩য় পৃষ্ঠায় ৫ম স্তম্ভে দ্রষ্টব্য)

সাধুসঙ্গ সাধুসঙ্গ সর্বশাস্ত্রে কয়। লবমাত্র সাধুসঙ্গে সর্বসিদ্ধি হয়॥

শুদ্ধভক্তি-মঠসমূহ

(১) শ্রীচৈতন্য-মঠ-শ্রীধাম

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীজগন্নাথের ভবনে শ্রীচৈতন্যমঠ, পরবিদ্যাপীঠ, শ্রীবিদ্যাভক্তি-সিদ্ধান্ত শ্রীপাদ প্রভুপাদ দ্বারা স্থাপিত। [illegible] প্রকাশ ও প্রচারের কেন্দ্র।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ২১১৫ কলিকাতায় শ্রীভক্তিবিনোদ আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, সংকীর্ত্তন, শ্রীমন্মহাপ্রভুর সেবায় শ্রীমদ্ভাগবতাদি গ্রন্থের সম্যক আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও বাংলায় সাপ্তাহিক ইংরেজী পত্র প্রকাশিত হয়।

(৩) যোগপীঠ-মায়াপুর-পীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব-ভূমি মহাযোগপীঠ।

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং [illegible] বর্ত্তমান।

(৬) মুরারিগুপ্তের পাট

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৭) কাজি-সমাধি-পাট

প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি।

(৮) অনুকূলকৃষ্ণানুশীলনাগার

শ্রীধাম মায়াপুর

(৯) স্বানন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা।

(১১) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ মামগাছি (বর্দ্ধমান)

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মামগাছি, পোঃ জাননগর, (বর্দ্ধমান)
শ্রীব্যাসাবতার ঠাকুর বৃন্দাবনের পাট

(১৩) রুদ্রদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(১৪) ঋতুদ্বীপ-গৌড়ীয়মঠাশ্রম

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ

গৌরপুর, নদীয়া

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ

মাটিয়ারী (শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৭) ভক্তকুটীর

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

(২০) মহেশ-পণ্ডিতের পাট

কাঁঠালপুলি, পোঃ চাকদহ (নদীয়া)

(২১) রাণাঘাট গৌড়ীয়মঠাসন

(২২) পুরী গৌড়ীয়মঠ

চাকদহ পরগণা

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ

বারদি পোঃ বারদি, ঢাকা।
পূর্ববঙ্গের প্রচার-কেন্দ্র।

(২৪) গোপালজীমঠ

কমলাপুর, পোঃ ঢাকা

(২৫) গদাই-গৌরাঙ্গ মঠ

পোঃ বালিয়াটী, (ঢাকা)

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

মঙ্গলাবাদ, পোঃ মৈমনসিংহ

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চক্চকা, কামরূপ (আসাম)

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

ওনং পাগলা ঝোরা, দার্জ্জিলিং

(৩০) সারঙ্গ-গৌড়ীয়মঠ

পোঃ হাটবার, জেঃ সাহারানপুর, ইউ, পি

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

মিঠাপুর পাটনা।

(৩২) গয়া গৌড়ীয়মঠ

মন্দা রোড গয়া

(৩৩) সনাতন গৌড়ীয় মঠ

৮।১৭ বড় গন্ধীপাল, বেনারস সিটি

(৩৪) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

(৩৫) পরমহংস মঠ,

পোঃ নিমসার, সীতাপুর ইউ পি।

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠাশ্রম

বিশ্রামঘাট, পোঃ মথুরা

(৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ

কিশোরপুর, বৃন্দাবন

(৩৯) ব্রজস্বানন্দ-সুখদকুঞ্জ

পোঃ রাধাকুণ্ড, মথুরা

(৪০) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪১) রাধাকুণ্ড গোবর্দ্ধনপীঠ

(৪২) শ্রীগোবর্দ্ধনমঠালয়

গোবর্দ্ধন, মথুরা

(৪৩) সঙ্কেত বিহারী মঠ

নন্দ, মথুরা।

(৪৪) কোশীপ্রান্ত গৌড়ীয়মঠালয়

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৫) বর্ষাণা গৌড়ীয়মঠালয়

পোঃ বর্ষাণা, মথুরা

(৪৬) গোকুলবিহারী মঠ—সেবাকুঞ্জ,

পোঃ কোজোম, জেলা গুর্দাস (পাঞ্জাব)

(৪৭) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

(৪৮) দিল্লী গৌড়ীয় মঠ

৪৫নং কুতুব রোড, নিউ দিল্লী,

(৪৯) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়া ট্যাঙ্ক রোড, কম্বালাহিল বম্বে ৭

(৫০) মাদ্রাজ গৌড়ীয়মঠ

পোঃ রায়পেট্টা, মাদ্রাজ
শ্রীগুরুগৌরাঙ্গ-রাধাগোবিন্দবিগ্রহের সেবা

(৫১) কাভুর গৌড়ীয়মঠ

পোঃ কভুর, কৃষ্ণা গোদাবরী মাদ্রাজ
শ্রীশ্রীগুরুগৌরাঙ্গরাধাগোবিন্দ-বিগ্রহের সেবা

(৫২) পুরুষোত্তম গৌড়ীয়মঠ

সাতাসনমঠ, পোঃ গ্রাণ্ড রোড, (পুরী)

(৫৩) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা

(৫৪) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৫) শীতাকুটী

(৫৬) ভ্রিপদি-গৌড়ীয়মঠ

পোঃ কভেশ্বর, পুরী

(৫৭) সচ্চিদানন্দ মঠ

শিবপাটন, পোঃ কটক (উড়িষ্যা)

(৫৮) সারদেশ্বর গৌড়ীয়মঠপীঠ

(৫৯) শ্রীব্রহ্মমাধ্বগৌড়ীয়-প্রপন্নাশ্রম

পোঃ বালুকহাটা, সাতার

(৬০) ভাগবত-জনানন্দ মঠ

চিরঞ্জিব, পোঃ বারুদেবপুর, মেদিনীপুর

(৬১) কাঁথি গৌড়ীয়মঠ

পোঃ কাঁথি, মেদিনীপুর

(৬২) আমলাযোড়া প্রপন্নাশ্রম মঠ

পোঃ রাণীগঞ্জ (বর্দ্ধমান)

(৬৩) চৈতন্যগৌড়ীয়মঠ

তুষ্টপুরা, পোঃ চন্দ্রপুর, (মালদহ)

(৬৪) রেঙ্গুন গৌড়ীয়মঠ

৯০১ নং শেঠিয়ন ষ্ট্রীট, রেঙ্গুন।

(৬৫) লণ্ডন গৌড়ীয়মঠ

গ্ল্যাড্ নং ৩
৪১, হ্যাণ্ডরোড
ব্রাম্পটন, লণ্ডন, ড ৫

(৬৬) গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

১৪.৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা

(৬৭) গৌড়ীয়মঠ অফিস

২০৪ ষ্টেশন রোড, লক্ষ্ণৌ (ইউ-পি)

(৬৮) শ্রীবিজ্ঞানবিধি গৌড়ীয়মঠাসন

নন্দনকানন, চট্টগ্রাম

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীমহানন্দ ব্রহ্মচারী ভক্ত্যালোক, ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

-প্রকাশিত-

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায়		বিজ্ঞাপনের পৃষ্ঠায়	
	১ম ও ২য় দিনের জন্য	পরবর্তী দিনের জন্য	১ম ও ২য় দিনের জন্য	পরবর্তী দিনের
প্রতিবারে প্রতি লাইনের	।০	৷৵০	।৵০	।০
" " ইঞ্চি	২৲			১৲
সিকিকলম	৫৲	৪৲		৩৲
অৰ্দ্ধকলম	৮৲	৬৲		৫৲
এক কলম	১২৲	১০৲	১০৲	

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিবারে প্রতি ইঞ্চি ৩৲	৷৷০
" সিকি কলম ১৫৲	১২৲
" অৰ্দ্ধকলম ২৫৲	২০৲
" এক কলম ৩৫৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৷০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা ৴৫ ; বিশেষ সংখ্যার মূল্য স্বতন্ত্র।

শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী

——:(°):——

শ্রীল প্রভুপাদের চতুঃষষ্টিবর্ষপূর্ত্ত্যাবির্ভাব-তিথিতে শ্রীল আচার্যদেবের আনুকূল্যে "শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী" প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। ইহাতে পূর্বার্দ্ধ ও উত্তরার্দ্ধ দুইটি বিভাগ আছে। পূর্বার্দ্ধে শ্রীল প্রভুপাদের আদি-প্রবন্ধাবলী শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের সম্পাদিত 'সজ্জনতোষণী পত্রিকা'য় এবং শ্রীল প্রভুপাদের 'নিবেদন' সাপ্তাহিক পত্র প্রভৃতি হইতে প্রবন্ধাদি ও প্রয়োজনীয় অংশের টীকা-সহ প্রকাশিত হইয়াছে। উত্তরার্দ্ধে শ্রীল প্রভুপাদের সম্পাদিত 'সজ্জনতোষণী'র ত্রয়োদশ খণ্ড হইতে প্রবন্ধাবলী প্রকাশিত হইয়াছে। প্রবন্ধগুলি রচনাকালের ক্রমানুসারে গ্রথিত হইয়াছে; এতদ্ব্যতীত শ্রীল আচার্যদেবের একটি মূল্যবান উপোদ্ঘাত ও সঙ্কলনকারীর একটি বিস্তৃত ভূমিকা, পত্র সূচী, শ্লোক-সূচী ও শব্দ-সূচী প্রভৃতি গ্রন্থে সংযোজিত হইয়াছে। গ্রন্থটি উৎকৃষ্ট কাগজে পারিপাট্যের সহিত মুদ্রিত ও শ্রীল প্রভুপাদের আলেখ্যাদিদ্বারা ভূষিত ও সুদৃশ্য বাঁধাই হইয়া প্রকাশিত হইয়াছে। প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, জিলা নদীয়া; শ্রীগৌড়ীয় মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ও শ্রীমাধ্বগৌড়ীয় মঠ, ঢাকা।

শ্রীল প্রভুপাদের পত্রপ্রসূন মালা

এই গ্রন্থে বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের রচিত পত্রাবলী শ্রীল আচার্যদেবের লিখিত "গৌরব" নামক ভাষ্যের সহিত প্রকাশিত হইয়াছে। শ্রীল প্রভুপাদের অনেক অপ্রকাশিত পত্র ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ।০ আট আনা।

শ্রীধাম-মায়াপুরে

——:(°):——

—"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট"—

——::°::——

উচ্চ ইংরাজী বিদ্যালয়

ধাম মায়াপুর মহামন্দিরের নিকটে, বিদ্যালয় ও বোর্ডিং এর পরিবেশ মনোরম। স্বাস্থ্য ও আবহাওয়া উৎকৃষ্ট। বিদেশী ছাত্রদের জন্য বোর্ডিং সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। আহার ও বেতনাদির ব্যয় মাসে মাত্র ৮৲ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতি বৎসরই ম্যাট্রিকুলেশন্ পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। বর্তমান বর্ষে ১৬ জন বালকের মধ্যে ১৫ জন ভালভাবে উত্তীর্ণ হইয়াছে।

মেধাবী ছাত্রগণের আরও সুবিধা

পরীক্ষায় যাহারা শতকরা ৭৫ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ সকল মেধাবী ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক-সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্যের জীবনচরিত, সিদ্ধান্ত ও শিক্ষা বিস্তৃতভাবে আলোচিত হইয়াছে। এই এক অপূর্ব্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

শ্রীচৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত্র বিস্তৃতভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত ইহার ভিক্ষা মাত্র ৩৲ টাকা। প্রাপ্তিস্থান শ্রীযুক্ত কুঞ্জবিহারী ভক্তিশাস্ত্রী, শ্রীযোগপীঠ, শ্রীধাম, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীসরস্বতী-সংলাপ

প্রথম খণ্ড

শ্রীশ্রীরূপানুগ গৌড়ীয়াচার্যবৈভবাবতার পরমহংসকুলচূড়ামণি বিশ্ববিখ্যাত প্রভুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী ঠাকুর বিভিন্ন জিজ্ঞাসু ও সজ্জনবৃন্দের সহিত প্রশ্নোত্তরে ও কথোপকথনে যে-সকল অমূল্য হরিকথা কীর্তন করিয়াছেন, যাহা তাঁহার প্রকটকালের 'গৌড়ীয়' সম্পাদক শ্রীযুক্ত সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ প্রভুপাদেরই শ্রীমুখে সংগৃহীত করিয়া লিপিবদ্ধ করেন এবং যাহা বিভিন্ন গৌড়ীয়পত্রে প্রকাশিত হইয়াছে, তাহা "শ্রীশ্রীসরস্বতী-সংলাপ" নামে ধারাবাহিকভাবে শ্রীল প্রভুপাদের 'বক্তৃতাবলী' ও 'পত্রাবলী' আকারে খণ্ডে খণ্ডে প্রকাশিত হইতেছে। বর্তমানে শ্রীল প্রভুপাদের শতবার্ষিকী বিরহতিথিপূজা-বাসরে ইহা গ্রন্থাকারে প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। ব্যবহারিক জীবনের বহু জটিল সমস্যা ও কঠিন প্রশ্নের সমাধান ইহাতে পাওয়া যাইবে। ভক্তগণের পাঠকমাত্রেরই এই গ্রন্থ সংগ্রহ একান্ত প্রয়োজন।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্স কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপদেশক পাঞ্চরাত্রাচার্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী সম্প্রদায়-বৈভবাচার্য এম-এ মহোদয়ের গ্রেষণাপূর্ণ এবং পরিপক্ব লেখনীর অদ্ভুত ফল আমাদের বর্তমান প্রকাশনে দর্শন এবং ভক্ত ও জগতের জীবমাত্রের পক্ষে বহু কঠিন। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিভিন্ন চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলক শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের আলোচনা। প্রথম খণ্ডই ৬৩৭ অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী; ও বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকারের ভূমিকাদ্বয় (Prefaces), বিষয় তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত বিস্তৃত সূচীপত্র (Index Glossary) সহ প্রথমাংশ প্রকাশিত। ভিক্ষা—১৫. পনর টাকা। প্রাপ্তিস্থান—মায়াপুর গৌড়ীয়মঠ, মায়াপুর; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

'ঠাকুর ভক্তিবিনোদ'

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি প্রচারের মূল মহাজন সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অভিনব জীবনচরিত এতাবৎকাল সম্যগ্ আকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিন পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয়মঠাচার্যদেবের অন্তরঙ্গ সরস্বতীপাদপদ্মাশ্রিত সুলেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্তৃক সংগৃহীত "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু দুষ্প্রাপ্য লিপিমালাও সন্নিবিষ্ট হইয়াছে। সর্বসমেত ২০০ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৮০ আনা; ডাক মাশুল স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান—গৌড়ীয় গ্রন্থবিভাগ

শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু গ্রন্থাদি এস্থান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১নং কালিপ্রসাদ চক্রবর্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর রাজপথে অবস্থিত। এখান হইতে ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

ই. বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	৫-৩৬	৬-০৬	৭-২৩	১২-২৬	১৪-৫৬	১৬-৫০	১৭-৫০	২২-৫০
রাণাঘাট পৌঃ			৮-৫০	১৪-১৫				
(বদল) ছাঃ			৯-৩৩	১৫-৫০				
কৃষ্ণনগর পৌঃ	৭-১	৮-৪৪	১০-৮	১৬-২০	১৭-২৮	১৯-১১	২০-১৬	১-২৪
(বদল) ছাঃ	৭-১২		১০-৩১		১৭-৩৮		২০-২৩	
নবদ্বীপঘাট পৌঃ	৭-৩১		১১-১০		১৮-১৬		২০-৪৩	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৩
রাণাঘাট পৌঃ	১২-৫৫
ছাঃ	১৩-০
শান্তিপুর পৌঃ	১৩-২৬
(বদল) ছাঃ	১৩-৩১ (গাড়ী বদলাইয়া)
কৃষ্ণনগর পৌঃ	১৪-২
ছাঃ	১৪ ৪০
নবদ্বীপঘাট পৌঃ	১৫-০

ডাউন

নবদ্বীপঘাট ছাঃ	৫ ৪৪		৯ ২৫			১৩-০২	১৬-০	১৯-০৪
কৃষ্ণনগর পৌঃ	৬ ২৬	৯ ১৬	১০-৩	১১-৪১	১৪-১০	১৬-৩৮	১৯-১১	
ছাঃ	৫৬ ৭-১৮		১০-১১			১৬ ৫০	১৯-২৫	
রাণাঘাট পৌঃ			১০-৪৩			১৭-০১		
(বদল) ছাঃ			১১-০			১৭-৪৩		
কলিকাতা পৌঃ	৬-১৬	৯-২১	১২-১	১২-১৩	১৪-১৬	১৯-১১	২১-৪১	২৩-২৬

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৩-৩১	১৬-০		
কৃষ্ণনগর পৌঃ	১৪-১০	১৬-৩৮		
ছাঃ	১৪-২৮	১৭-১৫		
শান্তিপুর পৌঃ	১৫-১	১৭-৪৩		
(বদল) ছাঃ	১৬-০৭	১৮-১	(শনিবার ভিন্ন)	১৮-৮ (শনিবার)
রাণাঘাট পৌঃ	১৭-১০	১৮-২৭		১৮-৩৩
(বদল) ছাঃ	১৭-৪০	১৮-৪০		১৮-৪০
কলিকাতা পৌঃ	১৯-১১	২০-৩		২০-৬

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

বেহালার পাচন

সর্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার খ্যাতি ভারতময় ব্যাপ্ত। বিভিন্ন প্রকার সংযুক্ত জ্বরের এবং নূতন ও পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। মূল্য ছোট বোতল ৷৵৹ দশ আনা, বড় বোতল ১৷৵৹ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

৮১নং আপার চিৎপুর রোড, কলিকাতা

অথবা

বেহালা, ২৪ পরগণা।

রেজিঃ— শ্রীমায়াপুর
টেলিগ্রাম — [illegible]
শ্রীমায়াপুর

REGD NO C 1844

দৈনিক নদীয়াপ্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

৪০ খণ্ড। শ্রীমায়াপুর—১৬ই চৈত্র, ১৩৪৫, ৩০শে মার্চ, ১৯৩৯ বৃহস্পতিবার। ২৬শ সংখ্যা

বিবিধ সংবাদ

নদীয়ার গ্রামে ভীষণ অগ্নিকাণ্ড

মেহেরপুর হইতে ৩০ মাইল দূরবর্তী চাঁদবিল গ্রামে অগ্নিকাণ্ডের ফলে ২৩শে মার্চ ৩০ খানি কুটির এবং কয়েকটি গরু সম্পূর্ণরূপে ভস্মীভূত হইয়াছে। একটি স্ত্রীলোক আগুন হইতে তাহার শিশুপুত্রকে উদ্ধার করিবার সময় জীবন্ত অবস্থায় দগ্ধ হইয়া মারা গিয়াছে।

এই অগ্নিকাণ্ডের ফলে যে ক্ষতি হইয়াছে তাহার পরিমাণ খুব বেশী বলিয়াই মনে হয়। প্রথমে একখানি বাড়ী ঘরে আগুন লাগিয়াছিল বলিয়া প্রকাশ।

চাবি মার্কার টিন মালপত্র

চীনের জন্য চাবি মার্কার টিন মালপত্র "কেপ সেন্ট জ্যাকস" নামে ভাড়া করা এক বৃটিশ জাহাজ হইতে রেঙ্গুন বন্দরে নামান হইয়াছে। বন্দুক, মেসিনগান, রাইফেল, গোলা-বারুদ প্রভৃতি উহার মধ্যে আছে। প্রকাশ, এই সব মালপত্র হংকংয়ে প্রথমে আসিয়াছিল; তথা হইতে ঐ জাহাজে করিয়া রেঙ্গুনে আনা হয়।

মে মাসের প্রথমে বর্ষা আরম্ভ হইবে বলিয়া চীনারা মালপত্র পূর্ব হইতে সংগ্রহ করিয়া রাখিতেছে। প্রকাশ যে, লাসিওতে চীনাদের বহু লরী আসিয়া পৌঁছিয়াছে। মালপত্র রেঙ্গুন হইতে লাসিওতে যাইতেছে এবং লাসিও হইতে লরীতে করিয়া আমিবার লইয়া যাওয়া হইতেছে। আরও কতকগুলি লরী রেঙ্গুন হইতে চীন যাইবার জন্য সীমান্ত অভিমুখে রওনা হইয়াছে। কয়েকটি লরীতে পেট্রোলের পিপা বোঝাই করিয়াছে। চীনের জন্য বিদেশ হইতে মোটরের যে সব অংশ ও কলকব্জা রেঙ্গুনে আসিয়াছে, সেগুলিকে সহরের উপকণ্ঠে প্রোম রোডের নিকট গুদামজাত করিয়া রাখা হইয়াছে।

চীনে অস্ত্রশস্ত্র প্রেরণে কোনরূপ বাধাপ্রাপ্ত হয় নাই

চীনা আন্তর্জাতিক দপ্তরের ভূতপূর্ব ডিরেক্টর মিঃ এস কে টান ইউরোপ যাইবার পথে গত সপ্তাহে সিঙ্গাপুর আসিয়া পৌঁছেন। তিনি বলেন, "বিদেশী রাষ্ট্র হইতে সমরসম্ভার আমদানী করা সম্পর্কে চীনের কোন অসুবিধা হইতেছে না; একমাত্র পার্থক্য হইতেছে এই যে, পূর্বে যে সব পথে সমরসম্ভার আমদানী করা হইত, এখন সে সব পথে আমদানী না করিয়া অন্য পথে অস্ত্রশস্ত্র আমদানী করা হইতেছে।" মিঃ টান রাষ্ট্রসংঘে চীনা প্রতিনিধি দলের উপদেষ্টারূপে কাজ করিবেন।

তিনি বলেন যে, চীন সম্মানজনকভাবে রাষ্ট্রসংঘ চুক্তি মানিয়া চলিতেছে। চীন-ব্রহ্ম রাস্তা দিয়া সমরসম্ভার আমদানী করা সম্পর্কে তিনি বলেন যে, দক্ষিণ পশ্চিম চীনে রাস্তাঘাটের যথেষ্ট উন্নতি হইয়াছে। 'চীনের সমস্ত প্রদেশগুলি এখন সঙ্ঘবদ্ধ হইয়াছে এবং চীনা সৈন্যবাহিনীর দৃঢ়তা অটুট আছে। চীন দীর্ঘদিনব্যাপী শত্রুকে বাধা দিতে দৃঢ়প্রতিজ্ঞ।"

আন্তর্জাতিক শান্তিসঙ্ঘ

আন্তর্জাতিক শান্তি সঙ্ঘের লণ্ডন অধিবেশনে মাদাম চিয়াং কাইশেক যে বাণী পাঠাইয়াছিলেন, উক্ত সঙ্ঘের যুগ্মসম্পাদক লর্ড সিসিল এবং মঃ পিয়ের কো তজ্জন্য তাঁহাকে ধন্যবাদ জ্ঞাপন করিয়া এক তার করিয়াছেন।

তাঁহারা মাদাম চিয়াং-কাইশেককে জানাইয়াছেন যে, জাপানী পণ্য বর্জন এবং তাহার উপর নিষেধাজ্ঞা জারীর জন্য এবং চীনকে আর্থিক সাহায্যের জন্য সঙ্ঘ পূর্ণ উদ্যমে কার্য করিতে সিদ্ধান্ত করিয়াছেন।

জাপ বাহিনীর উহুচেংচেন দখল

হংকংয়ের একটি সংবাদে প্রকাশ, জাপানীরা উহুচেংচেন দখল শেষ করিয়াছে। চীনা বাহিনী এক সপ্তাহকাল জাপানীদের প্রতিরোধ করিয়া রাখিয়াছিল। জাপানীরা দাবী করিতেছে যে, উহুচেংচেন দখল করায় এখন তাহারা সোজাসুজি কিয়াংসির রাজধানী নানচাং আক্রমণ করিতে সমর্থ হইবে।

জাপবাহিনী কর্তৃক নানচাং দখল

জাপ বাহিনী কিয়াংসি প্রদেশের রাজধানী নানচাং সম্পূর্ণরূপে দখল করিয়াছে বলিয়া দাবী করিতেছে। প্রকাশ, অন্যান্য স্থানে চীনা বাহিনীর প্রবল প্রতিরোধ সত্ত্বেও জাপ সৈন্যগণ নদী পার হইয়াছে।

যুক্তপ্রাদেশিক সরকারের প্রশংসনীয় উদ্যম

জানিতে পারা গিয়াছে যে, শিক্ষকগণকে তাঁহাদের অধীত বিষয়ে পুনরায় শিক্ষাদানের উদ্দেশ্যে যুক্তপ্রাদেশিক সরকারের শিক্ষা-বিভাগ হইতে ৭টি ইন্টারমিডিয়েট এলাকায় ৭টি কলেজ স্থাপনের জন্য একটি পরিকল্পনা রচিত হইয়াছে।

এই পরিকল্পনায় প্রদেশ গবর্ণমেন্টের পাঁচ লক্ষ টাকা খরচ হইবে এবং এপ্রিল মাস হইতে এই পরিকল্পনা অনুসারে কাজ আরম্ভ হইবে।

প্রথমে বিভিন্ন জেলা বোর্ডের অধীনে নিযুক্ত প্রায় ৩০ জন শিক্ষককে দুই বৎসরের জন্য শিক্ষাদানের ব্যবস্থা করা হইবে। অতঃপর গবর্ণমেন্ট ও স্থানীয় স্বায়ত্তশাসনশীল প্রতিষ্ঠানসমূহের অধীনে যে সমস্ত শিক্ষক ও শিক্ষয়িত্রী আছেন তাঁহাদিগকেও এই পরিকল্পনা অনুযায়ী শিক্ষা দিবার ব্যবস্থা করা হইবে।

ছোরার ঘায়ে পুলিশ কর্মচারী আহত

বোম্বাই সহরে জনৈক পুলিশ কর্মচারী যখন একজন পাঠানকে গ্রেপ্তার করেন, তখন ঐ পাঠানটি নাকি উক্ত পুলিশ কর্মচারীকে ছোরা মারে। পুলিশ কর্মচারীটির তলপেটে গভীর ক্ষত হয় এবং সেই অবস্থাতেই তাঁহাকে নর্থকোর্ট পুলিশ হাসপাতালে স্থানান্তরিত করা হয়।

ঘটনার বিবরণ এই যে, ঐ পুলিশ কর্মচারীটি কামাটিপুরায় টহল দিবার সময় পরিচিত আক্রমণকারীকে চিনিতে পারেন। পুলিশ কমিশনারের আদেশ অমান্য করিয়া ঐ লোকটি সহরে প্রবেশ করে। তাহাকে গ্রেপ্তার করিতে ঐ কর্মচারীটি একজন পুলিশ লইয়া যান। সেই সময় পাঠানটি হঠাৎ একখানি ছোরা বাহির করিয়া পুলিশ কর্মচারীর তলপেটে আঘাত করে।

পাঠানটিকে গ্রেপ্তার করা হয় এবং পরে তাহাকে আদালতে হাজির করা হইলে ম্যাজিষ্ট্রেট তাহাকে হাজতে রাখার আদেশ দিয়াছেন।

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—[illegible]

[illegible]

২। [illegible] মাসিক পত্র। [illegible] টাকা।

৩। [illegible]

৪। শ্রীগৌড়ীয় [illegible]

পরমগুরু শ্রীগৌরকিশোর

[illegible] "পরমগুরু শ্রীগৌরকিশোর" [illegible] প্রকাশিত হইয়াছেন। [illegible]

শ্রীভক্তিবিনোদাবির্ভাব-শতবর্ষপূর্ত্তিতিথিপূজার উপায়ন-গ্রন্থমালা

১। [illegible]

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের [illegible])

ভিক্ষা—[illegible] আনা মাত্র।

২। শ্রীভক্তিবিনোদবাণীবৈভব

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের [illegible])

ভিক্ষা—৩৲ তিন টাকা মাত্র।

৩। শ্রীশ্রীভক্তিবিনোদ-প্রসঙ্গ

[illegible]

ভিক্ষা—[illegible] আনা মাত্র।

৪। ছাত্রদের ভক্তিবিনোদ

([illegible] শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্র ও শিক্ষা)

ভিক্ষা—[illegible] আনা মাত্র।

ছাত্রদের পক্ষে ভিক্ষা—[illegible] আনা মাত্র)

প্রাপ্তিস্থান :—

(১) 'ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট', পোঃ শ্রীমায়াপুর, নদীয়া ;

২) শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা,

৩ [illegible]

[illegible]

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

[illegible]

প্রাপ্তিস্থান :—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

একমাত্র পারমার্থিক দৈনিক পত্র

শ্রীধাম-মায়াপুর-নদীয়া

৭ম বর্ষ | ১৫ বিষ্ণু ৪৫৩ গৌরাব্দ ১৬ই চৈত্র বঙ্গাব্দ ১৩৪৫ ৩০শে মার্চ ইং ১৯৩৯, বৃহস্পতিবার | ২৬শ সংখ্যা

দীনের বিজ্ঞপ্তি

(১)

প্রভু বাসুদেব মোর আচার্য্যরূপেতে।
জগতে প্রকট জীবে কৃষ্ণ বিতরিতে॥
কৃষ্ণসেবা নিরন্তর করে যেই জন।
কৃষ্ণছাড়া অন্য কিছু না করে চিন্তন॥
প্রভু বাসুদেব মোর পতিতপাবন।
এ পতিতে কর কৃপা এই নিবেদন॥

(২)

সর্ব্বশাস্ত্রে গায় যাঁকে শ্রীহরিস্বরূপ।
ভক্তগণ বলে যাঁকে সেই অনুরূপ॥
কিন্তু যিনি শ্রীকৃষ্ণের প্রিয়তমরূপ।
সেই বলদেব প্রভু আচার্য্যস্বরূপ॥
প্রভু বাসুদেব মোর পতিতপাবন।
এ পতিতে কর কৃপা এই নিবেদন॥

(৩)

শ্রীগৌরকরুণাশক্তি শ্রীআচার্য্যদেব।
নিত্যানন্দাভিন্ন মোদের শ্রীগুরুদেব॥
যেই মূঢ় কহে, আচার্য্য নিত্যানন্দ নহে
রৌরবে তাহার গতি সর্ব্বশাস্ত্রে কহে॥
প্রভু বাসুদেব মোর পতিতপাবন।
এ পতিতে কর কৃপা এই নিবেদন॥

(৪)

জীবে নিত্যানন্দ দিতে হইলে উদয়।
জীবদুঃখে দুঃখী তুমি অতি দয়াময়॥
জীব উদ্ধারিতে কত লাঞ্ছনা-গঞ্জনা।
সহিতেছ নিরন্তর একান্ত করুণা॥
প্রভু বাসুদেব মোর পতিতপাবন।
এ পতিতে কর কৃপা এই নিবেদন॥

(৫)

আচার্য্যের প্রতি যার সন্দেহ উদয়।
সেই নির্ব্বিশেষবাদী জানিহ নিশ্চয়॥
স্বপ্নেও তাহার সঙ্গ কভু না করিব।
তাহে ভক্তি হানি হয় নিশ্চয় জানিব॥
প্রভু বাসুদেব মোর পতিতপাবন।
এ পতিতে কর কৃপা এই নিবেদন॥

(৬)

আচার্য্যাবতাররূপে উদিত হইল।
মৎসর উলূকাদ্ধী তাহা না দেখিল॥
দিবান্ধ পেচকের কথা কেহ না শুনিবে।
চক্ষুষ্মান্ লোক সূর্য্য দেখিতে পাইবে॥
প্রভু বাসুদেব মোর পতিতপাবন।
এ পতিতে কর কৃপা এই নিবেদন॥

(৭)

অতএব ভক্তিচক্ষু আছয়ে যাঁহার।
সেই সে দেখিতে পায় আচার্য্যভাস্কর॥
বস্তু আছে, আমি অন্ধ দেখিতে না পাই।
বস্তুর কি দোষ দিব মোর ভাগ্য নাই॥
প্রভু বাসুদেব মোর পতিতপাবন।
এ পতিতে কর কৃপা এই নিবেদন॥

(৮)

ওহে মূঢ় মন! তোমায় বলি বারবার।
সাধুসঙ্গ কর, যাবে দুর্ব্বুদ্ধি তোমার॥
মদিরা যবনী যদি করয়ে গ্রহণ।
নিত্যানন্দে দোষ তুমি না কর দর্শন॥
প্রভু বাসুদেব মোর পতিতপাবন।
এ পতিতে কর কৃপা এই নিবেদন॥

(৯)

গোভক্ষ্যরূপকে জীব কীটাধম।
সেই হেতু দোষ তুমি করিবে দর্শন॥
আচার্য্যের দৃঢ়জ্ঞান যখনে হইবে।
তাঁহার কৃপায় তখন তাঁহাকে দেখিবে॥
প্রভু বাসুদেব মোর পতিতপাবন।
এ পতিতে কর কৃপা এই নিবেদন॥

(১০)

সেবোন্মুখে কৃপা হয় ওহে দুষ্ট মন।
ভোগোন্মুখে কৃপা নাহি হয় কদাচন॥
সেবা-আড়ম্বর আমি করিতেছি বহু।
হৃদয়ে নাহিক শ্রদ্ধা একবিন্দু লহ॥
প্রভু বাসুদেব মোর পতিতপাবন।
এ পতিতে কর কৃপা এই নিবেদন॥

(১১)

ইহার কারণ যদি করিয়ে নির্ণয়।
ভোগ-মোক্ষ-বাঞ্ছা আছে আমার হৃদয়॥
যত আমি করিয়াছি সেবার ছলনা।
সেবা নহে, করিয়াছি কেবল বঞ্চনা॥
শ্রীআচার্য্যদেব তব অভয় চরণে।
দাসের দাস করি রাখ এ পতিত জনে॥

(১২)

অতএব বঞ্চিত হইলাম আমি।
তোমার কি দোষ প্রভো মহাদোষী আমি॥
সতত দাম্ভিক অহঙ্কারী অভিমানী।
তোমার শরণাগত হই নাই আমি॥
শ্রীআচার্য্যদেব তব অভয় চরণে।
দাসের দাস করি রাখ এ পতিত জনে॥

(১৩)

অপ্রাকৃত কৃষ্ণনাম তব জিহ্বোপরি।
নৃত্য করিতেছে তাহা সাক্ষাৎ শ্রীহরি॥
সেবোন্মুখ কর্ণে যেই তাহা করে পান।
একমাত্র সেই পায় তোমার সন্ধান॥
শ্রীআচার্য্যদেব তব অভয় চরণে।
দাসের দাস করি রাখ এ পতিত জনে॥

(১৪)

পরমহংসবর তুমি ব্রহ্মাণ্ড তারিতে।
গোলোক হ'তে আসিয়াছ এই অবনীতে॥
তোমার মহিমা বেদে নাহি পারে দিতে।
ক্ষুদ্র কুমতি মুই না পারি বুঝিতে॥
শ্রীআচার্য্যদেব তব অভয়চরণে।
দাসের দাস করি রাখ এ পতিত জনে॥

(১৫)

গৌরনাম, গৌরনাম প্রচার করিতে।
অবতীর্ণ হইয়াছ এই পৃথিবীতে॥
ভুবনমঙ্গল তব গুণ গায়।
তারা নিজে ধন্য মানে যদি তোমা পায়॥
শ্রীআচার্য্যদেব তব অভয়চরণে।
দাসের দাস করি রাখ এ পতিত জনে॥

(১৬)

পরমহংসমণ্ডলমধ্যে তুমি অগ্রগণ্য।
তব কৃপা যেই পায় সেই জীব ধন্য॥
শুনিয়াছি সাধুমুখে তব গুণগান।
যেই করে সেই পায় তোমার সন্ধান॥
শ্রীআচার্য্যদেব তব অভয়চরণে।
দাসের দাস করি রাখ এ পামরজনে॥

(১৭)

জীবের কি সাধ্য করে তব গুণগান।
তব কৃপা হ'লে পারে ওহে গুণধাম॥
তব কৃপা যেই পায় সেই ভাগ্যবান্।
তাঁহার চরণে মোর অসংখ্য প্রণাম॥
শ্রীআচার্য্যদেব তব অভয়চরণে।
দাসের দাস করি রাখ এ পামরজনে॥

(১৮)

প্রভুপাদ জানাইল গোস্বামীগণে।
বজ্রাদপি কঠোর তুমি অসত্য সম্বাদে॥
তাহা এবে মোরা সবে প্রত্যক্ষ করিয়া।
তব সত্তা শ্রীচরণে আছি তাকাইয়া॥
শ্রীআচার্য্যদেব তব অভয়চরণে।
দাসের দাস করি রাখ এ পামরজনে॥

(১৯)

অহৈতুকী কৃপা দান করহে আমায়।
তবে ত' নিস্তার পাই ওহে দয়াময়॥
কাঁদিয়া কাঁদিয়া জানাই তোমার চরণে।
চরণ ছাড়া ক'রো না হে এ অধমজনে॥
শ্রীআচার্য্যদেব তুমি পতিতপাবন।
এ পতিতে কর কৃপা এই নিবেদন॥

শ্রীচরণরেণুভিখারী
শ্রীহরিদাস ব্রহ্মচারী (গয়া)

মায়ারে কারণে বস্ত হারান না যায়। সাধু-গুরু-কৃপা বিনা না দেখ উপায়॥

"তিনিই প্রকৃত সাধু অর্থাৎ বৈষ্ণব—যিনি সকলের একমাত্র নিত্য ভজনীয় নামী কৃষ্ণ ও কৃষ্ণাভিন্ন শব্দরূপে অবতীর্ণ নামের ভজন শিক্ষা দেন। সাধু বা বৈষ্ণব বা গুরু জীবের অধিকার বিচার পূর্ব্বক ক্রমশঃ ভজনের শুদ্ধপ্রণালী শিক্ষা দিয়া অনর্থের নিবৃত্ত করাইয়া থাকেন। এজন্য কষ্টে ভাবোদয় পর্য্যন্ত জীবের অনর্থ থাকে।"

(শ্রীল আচার্য্যদেব)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

২৫ বিষ্ণু তিথি গর্ভোদশায়ী গৌরাব্দ ৪৫৩

দুই একটী কথা

——::(০)::——

সূর্য্য স্বপ্রকাশ বস্তু। হাতে সূর্য্যকে ঢাকা যায় না। তাল দ্বারা নিজদর্শনকে বাধা দেওয়া হয় মাত্র। এমন কি মেঘও সূর্য্যকে ঢাকিতে পারে না। মেঘ কেবল অনুন্নতিসম্পন্ন লোকের চক্ষুকে ঢাকিয়া তাহাকে সূর্য্যদর্শন হইতে বঞ্চিত করে। সত্যসূর্য্য বা আচার্য্য-ভাস্করকেও তদ্রূপ কেহ আবরণ করিতে বা বাধা দিতে পারে না। তিনি স্বমহিমবলে জগতে উদিত হইবেনই হইবেন। আচার্য্য যে সে বস্তু নন—অত্যন্ত বড় জিনিষ - আমাদের ধারণার অতীত জিনিষ। তিনি কৃষ্ণাভিন্নবিগ্রহ—সচ্চিদানন্দতনু, নারায়ণেরও অংশী যিনি সেই কৃষ্ণ তাঁহার প্রেমাধীন। তিনি কৃষ্ণের প্রতিনিধি—কৃষ্ণপ্রেরিত বৈকুণ্ঠজন। সেই বৈষ্ণবাচার্য্য বা জগদ্গুরু মানুষ দেবতা বা চৌদ্দভুবনের কোন জীবের বড় করা বড় নহেন—তিনি স্বতঃসিদ্ধ বড়। আমরা গৌড়ীয়ের বাণীতে পাই,—"বৈষ্ণবাচার্য্য জগতের লোকের ভোট লইয়া বড় হন না—তিনি জনমতের গড়া 'বড়' নহেন—তিনি ভগবানের নির্ব্বাচিত 'বড়'। তাঁহার বড়ত্বের মধ্যে অসম্পূর্ণতা নাই। আর একজন বড় আসিয়া সেই বড়কে ম্লান করিয়া দিতে পারে না বা সেই ভগবন্নির্দ্দিষ্ট বড়র সহিত তাঁহাদের সমকক্ষ উপস্থিত হয় না। তিনি ছোট জীবের সৃষ্টি করা বড় নহেন, সর্ব্বাপেক্ষা বড় যিনি—যাঁহার সমান বা যাঁহা হইতে অধিক বড় আর কেহ নাই, সেই বড় তাঁহাকে বড় বলিয়া নির্ব্বাচন করিয়া দিয়াছেন; আর সেই সর্ব্বোচ্চ বড় পর্য্যন্ত সেই বড়র পূজা করেন। আমরা এমন বড়র—এমন জগদ্গুরুর—এমন মূলাচার্য্যের পূজায় যেন আমাদের মাথা নত করিতে পারি—চিরতরে মাথা বিকাইতে পারি।"

———

মহাজন বা বৈকুণ্ঠ-পুরুষগণ বড় চতুর। তাঁহারা মহাবলবান্। তাঁহাদের কেশাগ্র স্পর্শ করিবার ক্ষমতা বা যোগ্যতা কাহারও নাই। এই অসত্য জগতের—অজ্ঞানান্ধকারময় দিনের লোক সত্যের কোন সন্ধান জানে না। মায়ামুগ্ধ জগৎ চিরকালই সত্যবিমুখ। অন্ধকারে থাকা তাহাদের স্বরূপগত স্বভাব না হইলেও তাহাই আজ অভ্যাসে বা স্বভাবে পরিণত হইয়াছে; এমনি দুর্দ্দৈব! আমরা সত্য গ্রহণ করিব না, কেহ অযাচিতভাবে তাঁহার সন্ধান দিতে আসিলেও আমরা তাহা শ্রবণ করিব না, ইহাই আমাদের দৃঢ়প্রতিজ্ঞা। এত আমাদের মায়াভিনিবেশ! আমাদের হরিবিমুখতার সীমা বা শেষ নাই; আর পরমকরুণাময় ভক্তগৌরের করুণার তুলনা নাই। তাই গৌরজন কলে কৌশলে আমাদের দুর্ব্বোধ বা অজ্ঞানতা দূর করিবার জন্য, আমাদের একটু সত্যালোকের আভাস প্রদান করিবার জন্য কতই না যত্ন করিতেছেন। কিন্তু আমরা তাঁহার সেই আলোক সহ্য করিতে পারিতেছি না। একেত আমাদের অবস্থা দুষ্টক্ষতের পেঁচের মত; তদুপরি আমরা সত্যকথা শুনিয়া বেশীক্ষণ মনে রাখিতে পারি না। দ্বিতীয়তঃ আমাদের নিকট যতই ভাল কথা বলা হউক না কেন, পরক্ষণেই দেখা যায়, আমরা যেখানে ছিলাম সেখানেই আছি, কোন পরিবর্ত্তনই হয় নাই, এমনি আমাদের অস্থিমজ্জাগত মায়াবদ্ধতা। এই দুরারোগ্য রোগ হইতে রক্ষা করিতে একমাত্র শ্রীগুরু নিত্যানন্দই সমর্থ। সুতরাং তাঁহার কোটিচন্দ্রসুশীতল শ্রীচরণ আমাদের শরণ্য হউক। আমরা যদি শুদ্ধবৈষ্ণবচরণে নিষ্কপটে আশ্রয় গ্রহণ না করি, তাহা হইলে ভগবান্ যাঁহাকে আমাদের মঙ্গলের জন্য এজগতে পাঠাইয়াছেন, সেই জীবদুঃখদুঃখী মহাপুরুষপ্রবরকে মায়ার চাতুরে পড়িয়া বা মায়ার পরামর্শ শুনিয়া আমরা আমাদের একমাত্র আশ্রয়দাতা, রক্ষাকর্ত্তা, মঙ্গলপ্রদাতা, পালনকর্ত্তা, জগদ্গুরু ও মূলাচার্য্যরূপে গ্রহণ করিতে প্রস্তুত হইতে পারিব না। পরন্তু শ্রুতিতে বিশ্বাস হারাইয়া মায়ার যুক্তিতে পড়িয়া নিরাশ্রয় হইব, নরকেকে আসল মনে করিয়া বিপথগামী হইব।

———

অনেকে মনে করেন যে, আচার্য্য নূতন কিছু করিতেছেন, নূতন কথা বলিতেছেন, নূতন আইন জারী করিতেছেন, কিন্তু ইহা ভ্রান্ত ধারণা। আচার্য্য জগতে কিছু ভাঙ্গিতে বা গড়িয়া তুলিতে আসেন নাই। ভাঙ্গাগড়া—মনের ধর্ম্ম। তিনি মনোধর্ম্মী ত' নহেনই পরন্তু তাঁহার কৃপালাভ হইলে মনোধর্ম্ম হইতে ত্রাণ পাওয়া যায়। আচার্য্য আসেন জগৎকে তাঁহার সহজ স্বভাবে পুনঃ স্থাপন করিতে। আচার্য্য destroyer বা reformer নহেন, তিনি re-establisher. তাঁহার কথা, তাঁহার ভাব ও ভাষা, তাঁহার আচার প্রচার বিকৃত-মানব-প্রাণে সম্পূর্ণ নূতন ও বিস্ময়ময় মনে হইলেও তাহাই বাস্তবসত্য। আচার্য্যের কৃপা হইলেই—তাঁহার সহিত সর্ব্বচিত্তবৃত্তিবিশিষ্ট হইতে পারিলেই—তাঁহার অনুগত হইতে পারিলেই তাঁহার উদ্দেশ্য বুঝিতে পারিব; নতুবা নহে।

———

হরিকথাপেক্ষা বাজে কথাই আমাদের বেশী ভাল লাগে, আচার্য্যোপদেশ অপেক্ষা অনাচারীর কথাই আমাদের রুচিকর হয়। এমনি আমাদের মায়ামোহ! ইহাতেই বুঝা যায়, অসতেই আমাদের স্বাভাবিক প্রীতি। সুতরাং আমরা যদি রক্ষা চাই তাহা হইলে অসতের কোন পরামর্শ না শুনিয়া সতেরই পরামর্শ লইব।

———

যুক্তি বা বিচার জিনিষটা খারাপ নয়। তবে তাহা শ্রুতিবিরোধী হইলে সর্ব্বনাশ। গুরুবৈষ্ণব ভগবানের দয়ার কথা বিচার করিতে হইবে, অকৃতজ্ঞ হইতে হইবে না। এই বিচার বা যুক্তি শাস্ত্রানুগত হওয়া চাই; নতুবা বিপদ ঘটাইবে। আমাদের সর্ব্বক্ষণ মনে রাখা উচিত যে, আমরা শাসক নহি, শিষ্য। শাস্ত্র বা গুরুবৈষ্ণব-ভগবান্ আমার মনগড়া বিচারের বা মাপিয়া লইবার বস্তু নহেন। তবে তাঁহাদের অনুগত থাকিয়া তদনুকূলে তাঁহাদের বাণী বা কথা উপলব্ধি করিবার জন্য কৃপাপ্রার্থনামুখে যত্ন করিতে পারি মাত্র। কিন্তু এই আনুগত্য বাদ দিয়া স্বতন্ত্রতা বা স্বাধীনবিচার আসিয়া গেলে ব্যভিচার বা বিপথগমন অবশ্যম্ভাবী। তখনই প্রকৃত বস্তু বা প্রকৃত ভগবদ্ভক্তের প্রতি অবিশ্বাস, অশ্রদ্ধা ও সন্দেহ আসিয়া জীবকে গ্রাস করে। মায়া যে এইরূপ কতভাবে আমাদিগকে বঞ্চনা করিতেছে তাহা বুঝিয়া উঠা কঠিন। মায়ার এই ছলনা বা বঞ্চনা হইতে রক্ষা পাইতে হইলে শুদ্ধবৈষ্ণব-চরণে দৃঢ়শ্রদ্ধ হইবার জন্য ভগবানের শ্রীচরণে কৃপাভিক্ষা করা ছাড়া আমাদের মঙ্গললাভের আর কোন উপায় নাই।

———

শ্রীশ্রীল আচার্য্যদেবের হরিকথার মর্ম্ম

——::০::——

(২)

ভগবান্ নিত্যসুখবোধতনু। 'সুখ'—আনন্দ, 'বোধ'—জ্ঞান। সচ্চিদানন্দবিগ্রহের কৃপায় সমস্ত বস্তুতে সচ্চিদানন্দানুভূতি হওয়াতে বিশ্ব সুখময় মনে হয়, বিশ্বে গোলোক ভাস। সেখানে বিশ্ব-দর্শন নাই, বিশ্বগুরুর কর্ত্তৃত্ব সর্ব্বত্র দেখছে। বিশ্বগুরুর সেবক-অভিমানে সকলকে বিশ্বগুরুর সেবক ব'লে দর্শন হ'চ্ছে। গৌরকারুণ্য-কটাক্ষ লাভ হ'লে এইরূপই জানছি। বৈষ্ণবের পদধূলি হ'বার জন্য অদম্য পিপাসা জাগে। বৈষ্ণবপাদপদ্মধূলির এত বড় মহিমা! জানি না এরূপ ইচ্ছা কবে হ'বে। শ্রীচৈতন্যের দয়া হ'লেই মঙ্গল হ'বে—বৈষ্ণব-পদধূলিতে আদর হ'বে। শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ ব'লেছেন—

'কৃপা করি' সঙ্গে লহ এই অকিঞ্চনে।"

অকিঞ্চন না হ'লে সঙ্গে যাওয়া যায় না এবং তাঁ'রাও সঙ্গে নেন না।

অকিঞ্চন হওয়া মানে দীন, কাঙ্গাল, অমানি মানদ হওয়া। অকিঞ্চনের জড় দম্ভ নাই, অহঙ্কার নাই, কিন্তু শুদ্ধ অহঙ্কার আছে। 'আমি—তোমার' ইহাই শুদ্ধ অহঙ্কার।

গুরুদেব!

আমি ত' তোমার জন।
তোমারে ছাড়িয়া　　সংসার ভজিনু
ভুলিয়া আপন ধন।

গুরুদেব!

এই কি বিচার তব।
বিমুখ দেখিয়া　　ছাড় নিজজনে
না কর করুণা লব॥

গুরুদেব!

তুমি ত সকলি জান।
আপনার জনে　　দণ্ডিয়া এখন
শ্রীচরণে দেহ' স্থান॥

'তোমার জন', 'আপনার জন' ও 'নিজজন' ডিন্ধার ব'লেছেন। ইহাই সম্বন্ধজ্ঞানের কথা। চেতনের অভিমানে বা সেবকাভিমানেই "আমি ত' তোমার, তুমি ত' আমার,' কি কাজ অপর ধনে"—এই বিচার প্রবল হয়। যেখানে এইরূপ অকিঞ্চনতা, দীনতা, সেখানেই দয়া। 'দীনেরে অধিক দয়া করেন ভগবান্'। সেখানে দম্ভ নাই, সেখানে জড়দর্প থাকে না; সেখানে আছে কেবল সম্বন্ধযুক্ত জ্ঞান—কার্ষ্ণ্য-কিঙ্করত্বের অনুভূতি। শ্রীমন্মহাপ্রভু শিক্ষাষ্টকে ব'লেছেন—

"অয়ি নন্দতনুজ কিঙ্করং
পতিতং মাং বিষমে ভবাম্বুধৌ।
কৃপয়া তব পাদপঙ্কজ-
স্থিতধূলীসদৃশং বিচিন্তয়॥"

'স্থিত' অর্থে সংলগ্ন। অসংলগ্ন থাক্‌লে হ'বে না। শ্রীগুরুদেবের পাদপদ্ম সংলগ্ন ধূলি হ'তে হ'বে। ইহাই আমাদের স্বরূপ। আত্মনিবেদন না ক'র্‌লে শরণাগত বা অকিঞ্চন না হ'লে শ্রীধাম-পরিক্রমার অধিকার হ'বে না। পরমহংসকুলচূড়ামণি শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ এই শিক্ষা ক'রেছেন—

"রাধাকৃষ্ণ বল, সঙ্গে চল,
এইমাত্র ভিক্ষা চাই"॥

মনোধর্ম্মে মগ্ন হ'য়ে থাক্‌লে চল্‌বে না। অকিঞ্চন হ'য়ে বৈষ্ণবের সঙ্গে যেতে হ'বে—দক্ষিণা দিতে হ'বে। দক্ষিণা হ'চ্ছে আত্মনিবেদন। যে আত্মনিবেদন করে না, কায়মনোবাক্য এ তিনটীকে দক্ষিণা দেয় না, তা'র গুরু-বৈষ্ণবপার্ষদের সঙ্গে যা'বার অধিকার হয় না, বৈষ্ণবগণ তা'কে সঙ্গে যাবার অধিকার দেন না। সুতরাং আত্মনিবেদন হ'য়েছে কি না—শ্রীগুরুগৌরাঙ্গের পাদস্পর্শ ক'রে বুকে হাত দিয়ে বলা যায়। নোঙর যদি পোঁতাই থাকে, তবে নৌকা চালিয়ে কি হ'বে? অকিঞ্চনতার বিরুদ্ধ ধর্ম্ম অহঙ্কার যদি বজায় থাকে, তবে পরিক্রমা হ'বে কি? তাতে গ্রাম দেখা হ'বে, মাটি দেখা হ'বে, শ্রীধাম-দর্শন হ'বে না। তা'র ফল আবার সংসার—আবার গ্রামে যাওয়া। যে অমৃতের আস্বাদন একবার পায়, সে বিষ্ঠাগর্ত্তে যেতে চায় কি? কিন্তু শ্রীধামপরিক্রমা ক'রেও যদি আবার তোদের সংসারে ফিরে যেতে হয়, তবে ইহা কপটতা, না সরলতা?

অন্তর্যামীর কার্য্যটি ঈশ্বরের বা পরমাত্মার কার্য্য, তাহা জীবের উপর এবং প্রকৃতি বা জড়ের উপর—এই দুই প্রকারে বিভক্ত হয়। সঙ্কর্ষণ যেরূপ তাঁহার সাক্ষী শক্তি-প্রকটিত উদ্দেশ্যে, চিন্ময় অবস্থায়ে ওতঃপ্রোতভাবে (তাঁতির কাপড়ের টানা পড়েন সূতার ন্যায়) সর্ব্বত্র পরিব্যাপ্ত, তদ্রূপ তাঁহার অভিন্ন অংশ বা রূপ কারণার্ণবশায়ী ও শ্রীঅদ্বৈতপ্রভু শক্তিধররূপে (শক্তিপরিণতরূপে নহে) যথাক্রমে তটস্থ শক্তি বৈভব জীবগণের ও জড়জগতের নিমিত্ত-কারণ ও উপাদান কারণরূপে (অংশাদিরূপে নহে) নিত্য বর্ত্তমান। মহাবিষ্ণুর বিভক্ত অংশ রুদ্র প্রকৃতি-সঙ্গী (বা মায়া সঙ্গী) হইয়া প্রকৃতি-পরিণত দৃশ্য প্রধানরূপে বা জড়বিশ্বের উপাদান অণুপরমাণুরূপে চিন্ময় অবস্থান ভগবদ্দর্শনে বাধা বা বিরূপ হন—সেবাবিমুখ জীবকে আবরণ ও বিক্ষেপ করেন।

অন্তর্যামী, পরমাত্মা ও ঈশ্বর—ভগবান নহে; ভগবত্তার অন্তর্ভুক্ত এবং অচিৎ বিশ্বাধিপত্যের সংজ্ঞা-বিশেষ। ঐ অন্তর্যামী, পরমাত্মা বা ঈশ্বর—প্রকৃতি বা প্রধান বা মায়াশক্তির বা মায়াবদ্ধ জীবের উপরই বর্ত্তমান। ঐ দর্শনে বা ধারণায় আনন্দ বা বিলাস অর্থাৎ স্বরূপশক্তির সহিত সম্বন্ধ-সংশ্লেষ নাই, সুতরাং নাম, রূপ, গুণ, পরিকর ও লীলাবৈচিত্র্য নাই। ঐ অন্তর্যামী, পরমাত্মা বা ঈশ্বর ভগবানের অংশবৈভব মাত্র। কারণোদশায়ী, গর্ভোদশায়ী বা ক্ষীরোদশায়ী প্রত্যেকে শক্ত্যুক্ত বিগ্রহ হইলেও কারণ, গর্ভ ও ক্ষীর—এই তিনটি অচিৎ বা মায়াসম্বন্ধ উপাধি বা সংজ্ঞা। ঐ তিন পুরুষই স্বয়ং মায়াতীত, নিজেরা মায়ার সঙ্গে মিশেন দেখাইলেও বস্তুতঃ মিশেন না।

যাহারা হরিভজন করে না—beware of them, তাহারা অসদেব এবং তাহাদের আশীর্ব্বর্গ সকলকেই ঠকাইতে চায়। তাহার আশ্রিত বলিয়া পরিচিত, হরি-গুরু-বৈষ্ণবসেবা করিতে ইচ্ছুক, এরূপ ব্যক্তিদিগকে সে নিজের অধীন, পাল্য বা আশ্রিত এবং নিজেকে কর্ত্তা, পালক-অভিমান করিয়া তাহাদের উপর স্বীয় আধিপত্য-বিস্তারে উদ্যত হয়। যে হরিভজন করে না, সে বিদ্বেষী, সুতরাং আর কাহাকেও হরিভজনের সাহায্য করিবার পরিবর্তে ক্রমাগত বাধাই দিতে থাকিবে। তাহার প্রতি বিন্দুমাত্র টান, আত্মবুদ্ধি বা স্নেহ থাকিলে হরিভজনের আশা নাই।

অর্থগৃধ্নুতা একটি প্রধান অন্তরায়। উহার ফলে হৃদয় অত্যন্ত নীচ হইয়া যায় এবং শ্রীনারায়ণের চরণে অপরাধের সৃষ্টি হয়। যে হরিভজন করে না, তাহার স্বভাবই এই যে, সে গুরু-বৈষ্ণবের উপর এবং যাহারা হরিভজন করিতে ইচ্ছুক, তাহাদের উপর ক্রুদ্ধ হইয়া তাঁহাদিগকে ঠকাইতে চেষ্টা করিবে। সুতরাং খুব সাবধান! তাহার হাত হইতে রক্ষা পাইতে হইলে বরং তাহাকে বাহিরে সম্মান দেখাইয়া এরূপ ভাবে বঞ্চনা করিতে হইবে যেন সে নিজে কিছু বুঝিতে না পারে, অথচ নিজের পথ নিষ্কণ্টক হয়; অথবা যদি হৃদয়ে তত্টা বল না থাকে, তাহা হইলে তাহার নিকট হইতে দূরে থাকিতে হইবে।

পূর্ব্ব জন্মে বা এই জন্মেই কোন মহাত্মা বৈষ্ণবের চরণে অপরাধ করিবার ফলে দেহাত্মবুদ্ধি প্রবল হইয়া এমন জড়প্রায় পাষাণ করিয়া ফেলে যে, সাধু-গুরু-মুখনিঃসৃত বাণী কর্ণে প্রবেশ করিলেও তাহার হৃদয় সাড়া দেয় না। লোহে ক্রমাগত মরিচা ধরিয়া পুরু হইয়া থাকিলে যেমন চুম্বকের আকর্ষণ ব্যর্থ হয়, তদ্রূপ দেহাত্মাভিমান প্রবল থাকিলে সাধু-গুরু কীর্ত্তিত চৈতন্যবাণী শ্রবণ করিলেও হৃদয়ে হরিভজনের চেতনা উদ্দীপ্ত হয় না। এই মহাপাপ হইতে পরিত্রাণ পাইবার একমাত্র উপায়, যাঁহার নিকট অপরাধ হইয়াছে, সেই বৈষ্ণবের শ্রীপাদপদ্মে ক্ষমা ভিক্ষা করা। তিনি ক্ষমা করিলে তবেই নিস্তার, নতুবা কৃষ্ণও তাহাকে ক্ষমা করেন না।

অপরাধ নানা কারণে হইতে পারে; তবে প্রত্যক্ষভাবে বৈষ্ণববিদ্বেষী না হওয়া পর্য্যন্ত তাহার ক্ষমা বিধানের জন্য সর্ব্বপ্রকারে চেষ্টা করা যাইতে পারে।

অভক্তের হইবার জন্য সর্ব্বতোভাবে যত্ন-চেষ্টা হওয়া উচিত। Severest pangs of separation from our eternally nearest and dearest ones—ইহাই সর্ব্বোৎকৃষ্ট ভজন। শ্রীভক্তিবিনোদ ঠাকুর ও শ্রীল প্রভুপাদের বিরহ সর্ব্বদা তীব্রভাবে অন্তরের বিষয় হউক, তাহা হইলেই দৈন্য আসিবে। নিজের প্রতি সমস্ত অত্যাচার অম্লানবদনে সহ্য করিতে হইবে, কিন্তু গুরু-বৈষ্ণবের বিন্দুমাত্র অমর্য্যাদা সহ্য করিবে না। তৎক্ষণাৎ তাহার প্রতীকার যতটুকু সাধ্য হয়, তাহা করিতে হইবে। নিতান্ত অসমর্থ হইলে তাঁহার অমর্য্যাদা ঘটিবার সম্ভাবনার স্থল তৎক্ষণাৎ বা পূর্ব্বেই পরিত্যাগ করা কর্ত্তব্য।

জীবে দয়া করিতে হইবে। জীবে দয়া করিবার জন্য শ্রীমন্মহাপ্রভু উপদেশ দিয়াছেন। জীবে দয়া-প্রবৃত্তি না থাকিলে শ্রীনাম স্ফূর্ত্তি হয় না। বাহিরের লোককে ব্যবহারিক সম্মান বা মর্য্যাদা যথাযোগ্যভাবেই দিতে হইবে। যাহারা হরিকথা শুনিলেও শুনিতে পারে, তাহাদের নিকট মহাপ্রভুর শিক্ষা কীর্ত্তন করা বিশেষ প্রয়োজন। মহাপ্রভুর কথা কীর্ত্তন করাই জীবের প্রতি দয়া। জীবের প্রতি যতটা দয়া-বিশিষ্ট হওয়া যাইবে, ততই শ্রীনামের সেবায় উন্মুখ হওয়া ঘটিবে। নিজের প্রতি স্তুতি বা নিন্দায় কিছুতেই বিচলিত হইতে হইবে না। নিন্দা-স্তুতি সমভাবে গ্রহণ করিতে হইবে। নিন্দা যাহাদের মাথায় কোনমতেই প্রবেশ করে না, তাহারা পূর্ব্ব পূর্ব্ব অপরাধ-ক্রমে জড়প্রায় হইয়া পড়িয়াছে, তাহাদের সহিত মৌখিক ব্যবহার-মাত্র রাখিতে হইবে।

যথাযোগ্য সম্মান সকলকেই দেওয়া কর্ত্তব্য। তবে বৈষ্ণবোচিত সম্মান ও ব্যবহারিক সম্মানে পার্থক্য আছে, সেদিকে যেন লক্ষ্য থাকে। যাহারা এ জন্মে এখনও বৈষ্ণব-বিদ্বেষ করে নাই, যাহারা হরিকথায় অনাদর করে না, তাহাদের নিকট হরিকথা বলা বা তাঁহাদের প্রতি প্রকৃত দয়া করিবার জন্য যদি ব্যক্তিগত মান-সম্মানাদির হানি বা অন্য কোনপ্রকার জাগতিক ক্লেশ উপস্থিত হয়, তথাপি তাহা হইতে বিরত হইতে হইবে না। নামসংকীর্ত্তন ও বৈষ্ণবসেবার সাথে প্রচুর পরিমাণে জীবে দয়ার প্রবৃত্তি উদিত হলেই ভজনবল বৃদ্ধিপ্রাপ্ত হইয়া সেবাধিকার দিবে। জীবে দয়ার সঙ্গে সঙ্গে ভজনবল উত্তরোত্তর বৃদ্ধিপ্রাপ্ত হয়। আমাদের সেবা-প্রবৃত্তি তীব্রতর হউক, ভজনবলবৃদ্ধিক্রমে অগ্রগতির বাধাস্বরূপ অনর্থাদি দূরীভূত হউক।

ভোগবুদ্ধিতে কৃষ্ণপ্রসাদ গ্রহণ করিলে জীবের সর্ব্বনাশ হইয়া যায়। কৃষ্ণের প্রসাদ জলন্ত আগুনের মত মহাপ্রতাপশালী।

উঁহাকে শান্তভাবে গ্রহণ করিয়া ফেলা যায় না। কৃষ্ণের কৃপা—এই বুদ্ধিতে, সেব্য-বুদ্ধিতে না লইতে পারিলে পোড়াইয়া মারিবে অর্থাৎ "ভবিষা কুম্ভবর্ধে'ব"—এই গোলোকলিখিত চিত্রের গতি অতি দ্রুত আকারে দেখা দিবে। কৃষ্ণের প্রসাদ বা কার্ষ্ণের প্রতি সেবাবুদ্ধি ব্যতীত অন্য কোনপ্রকার বুদ্ধি লইয়া তাঁহাদের নিকট যাইতে হইবে না। আবার কৃষ্ণের প্রসাদকে প্রাপঞ্চিক জ্ঞানে পরিত্যাগ করিলেই কি ঐ সর্বনাশের হাত হইতে রক্ষা পাইব? কৃষ্ণের প্রসাদ গ্রহণ না করিলে অন্য বিষয়ীর দ্রব্য গ্রহণ করিতে হইবে। তাহাতে আমাদিগকে সতর্ক করা হইয়াছে।

বিষয়ীর অন্ন খাইলে মলিন হয় মন।
মন মলিন হইলে, নহে কৃষ্ণের স্মরণ॥

সুতরাং সেদিকেও রক্ষা পাওয়া যায় না। গুরুবৈষ্ণব যখন প্রসাদ দান করেন, তাহাকে না হয় ত্যাগ করিতে পারি, কিন্তু নিজের প্রাণাচ্ছাদনের জন্য নিজেই যদি অর্থাদি সংগ্রহ করি, তাহাই কি নিজের জিনিষ? এই দেহটাই কি আমাদের নিজের ভোগের দ্রব্য? যোগার্জিত অর্থ বা নিজের দেহ প্রভৃতিকে আমার ভোগের ইন্ধন বা আমার করায়ত্ত বস্তু মনে করিলে কৃষ্ণের সহিত বিরোধিতাই করা হইবে। সমস্তই কৃষ্ণের বস্তু, কোনটাই আমার ভোগের বা ত্যাগের জিনিষ নহে। আর ত্যাগ করিতে চাহিলেই কি করা যায়? আকাশ, বাতাস, জল, অগ্নি ও মাটী কি কেহ পরিত্যাগ করিতে পারে? কিন্তু ঐগুলিও ত' কৃষ্ণের বস্তু; উহাদের ভোগবুদ্ধিতে গ্রহণ করিবারই বা কি অধিকার আমাদের আছে? একমাত্র উপায় শরণাগত হইয়া থাওয়া, নিতাইচাঁদের হইয়া যাওয়া। সম্পূর্ণ ষোল আনা দিয়া আত্মসমর্পণ করিতে হইবে। চিদ্বৈভব এবং অচিদ্বৈভবের মালিক বলদেব প্রভু। শ্রীনিত্যানন্দ-বলদেব প্রভুর নিকট আত্মনিবেদন করিলে, সম্পূর্ণ নিতাইচাঁদের হইয়া যাইতে পারিলে আর চিন্তা নাই; তখন আর কিছুতে ভোগবুদ্ধি আসিবে না। নিতাইচাঁদের সংসারে প্রবেশ লাভ হইলে কৃষ্ণপ্রসাদবুদ্ধিতে সকল বস্তুর আহরণের বা গ্রহণের অধিকার তৎক্ষণাৎই আসিয়া যাইবে।

গুরুবৈষ্ণব—নিতাইয়ের সংসার অর্থাৎ নামহট্টের অধ্যক্ষ। তাঁহারা সকল সময়ই সকল ব্যক্তিকে নিতাইয়ের সংসারে কৃষ্ণের যত প্রসাদ আছে, সমস্তই সেবাবুদ্ধিতে গ্রহণ করিবার জন্য বলিতেছেন। লোকে নিজ-নিজ অধিকার বুঝিয়া তাহা গ্রহণ করিবে।

হরিভজন করে কে?

(প্রাপ্ত)

কৃষ্ণের তটস্থা শক্তি জীব স্বরূপে কৃষ্ণদাস, গোলোক-বৃন্দাবনবাসী। তাহার কৃত্য কৃষ্ণসেবা বা কৃষ্ণভজন। বর্ত্তমানে স্থূল ও লিঙ্গ দেহের আবরণে আবৃত হইয়া নিজের স্বরূপ ভুলিয়া গিয়া জীব এই জড় জগতই তাহার নিত্য বসতিস্থল, দেহ ও দেহ-সম্পর্কীয় বস্তুকেই আত্মজ্ঞান এবং জড়বস্তুর সেবাই তাহার কৃত্য বলিয়া জানিয়া লইয়াছে। শ্রীমন্মহাপ্রভু বলিলেন, 'জীবের স্বরূপ হয় কৃষ্ণের নিত্যদাস' জীব বলিতে

পাত্রপূর্ণ মধু রহিয়াছে, গুরুদেব বলেন, সমস্তই গ্রহণ কর। কিন্তু সকলেরই কি সকলটুকু গ্রহণের যোগ্যতা আছে? তবে এই যোগ্যতা হওয়া চাই, নতুবা অন্য কোন পন্থা নাই। কৃষ্ণের প্রসাদ-গ্রহণে যোগ্যতা না হইলে ভোগের বা ত্যাগের মধ্যে পড়িতে হইবে।

আবার অধিকার অনুযায়ী কৃষ্ণপ্রসাদ-গ্রহণের ব্যবস্থা নির্মৎসর, শিষ্যবৎসল কৃপালু গুরুদেব নিশ্চয়ই দেন বটে, কিন্তু তিনি সম্পূর্ণভাবে কৃষ্ণের বা নিতাইচাঁদের হইয়া কৃষ্ণের প্রসাদ সেবাবুদ্ধিতেই গ্রহণ করিতে বলেন, বৈষ্ণবে ভোগবুদ্ধি করিতে বলেন না। যেমন গোপীগণ কৃষ্ণের প্রসাদস্বরূপ; গুরুদেব কোন শিষ্যকে কৃষ্ণের প্রসাদজ্ঞানে গোপীগণের প্রতি ভোগবুদ্ধি বা ভোগ্যবুদ্ধি করিতে বলেন না।

কৃষ্ণের প্রসাদ পাইলে ভোগ-ত্যাগের আগুন অনায়াসে দূর হয়। আত্মসমর্পণ বা শরণাগতির বিচার ছাড়িয়া যাহাই করি না কেন, অর্থাৎ কৃষ্ণের নৈবেদ্য বস্তুর ভোগ বা ত্যাগের চেষ্টা যাহাই করি না কেন, সকলই আমাদের ভোগেচ্ছাকে আরও বাড়াইয়া তুলিবে। কৃষ্ণের বস্তু গ্রহণ না করিয়াও কোথাও পালাইতে পারিব না, সুতরাং উপায় কি? উপায়—শরণাগত হইয়া যাওয়া।

হরিভজনের রাস্তা ক্ষুরের ধারের ন্যায় দুর্গম। একটু এদিক্ ওদিক্ হইলেই সর্বনাশ। হয় ভোগ, না হয় ত্যাগ, যে-কোন গর্ত্তে পড়িয়া পঙ্গু হইয়া থাকিতে হইবে। কিন্তু শরণাগতের নিকট তাহা ঋজু, সরল বা স্বাভাবিক; প্রপন্নের কোন কষ্ট নাই। তাঁহাকে নিতাইচাঁদ চালিত করেন। তিনি চক্ষু বুজিয়া চলিলেও পতিত হন না।

প্রাণীমাত্রকেই বুঝায়। স্ত্রী, পুরুষ, পশু, পক্ষী, কীট, পতঙ্গ, স্থাবর, জঙ্গম, কাহাকেও বাদ দিয়া বলেন নাই। জীব অর্থাৎ জীবাত্মা — চেতনবস্তু। এই জীবাত্মার বাল্য, যৌবন, প্রৌঢ়, বৃদ্ধ, পুরুষ, স্ত্রী বা সন্ন্যাসী, বানপ্রস্থ, ব্রহ্মচারী, গৃহস্থ, রাজা, প্রজা, ধনী, দরিদ্র, ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র বলিয়া কোন পরিচয় নাই তাহার একমাত্র পরিচয়— 'গোপীভর্ত্তুঃ পদকমলয়োর্দাস দাসানুদাসঃ।' তাই মহাপ্রভু আমাদের জানাইলেন—

নাহং বিপ্রো ন চ নরপতির্নাপি
বৈশ্যো ন শূদ্রো
নাহং বর্ণী ন চ গৃহপতির্নো বনস্থো যতির্বা।
কিন্তু প্রোদ্যন্নিখিলপরমানন্দপূর্ণামৃতাব্ধে
র্গোপীভর্ত্তুঃ পদকমলয়োর্দাসদাসানুদাসঃ॥

নিজ নিজ কর্মফলানুযায়ী জীব এক একটী দেহ ধারণ করিয়া থাকে। তন্মধ্যে মনুষ্যদেহে ভগবদ্ভজনের বিশেষ সুযোগ লাভ হয়। মনুষ্য বলিতে স্ত্রী-দেহধারী বা পুরুষ দেহধারী উভয়কেই বুঝায়। অনেকের ধারণা যে, স্ত্রী-দেহধারী যাহারা, তাঁহাদের ভগবদ্ভজনের অধিকার নাই। কিন্তু শাস্ত্র বলিয়াছেন "নৃমাত্রস্যাধিকারঃ"। নর বা নারী মাত্রেরই অধিকার আছে। শ্রীচৈতন্যচরিতামৃত বলিয়াছেন,—

ব্রহ্মাণ্ড ভ্রমিতে কোন ভাগ্যবান্ জীব।
গুরুকৃষ্ণপ্রসাদে পায় ভক্তিলতা-বীজ॥
মালী হঞা সেই বীজ করে আরোপণ।
শ্রবণকীর্ত্তন-জলে করয়ে সেচন॥
উপজিয়া বাড়ে লতা ব্রহ্মাণ্ড ভেদি' যায়।
বিরজা ব্রহ্মলোক ভেদি' পরব্যোম পায়॥
তবে যায় তদুপরি গোলোক-বৃন্দাবন।
কৃষ্ণচরণ-কল্পবৃক্ষে করে আরোহণ॥

ভোগাজগতের বিচারে স্ত্রীদেহধারী যাঁহারা, তাঁহারা কেবল অন্তঃপুরে থাকিয়া গৃহস্থালী করিবেন, আর পুরুষ-দেহধারী যাঁহারা, তাঁহারা

অর্থাৎ পুরুষাভিমান প্রবল রাখিয়া গৃহস্থের সজ্জায় গৃহব্রত বা গৃহমেধী হইয়া থাকিবেন। এই গৃহস্থালী বা গৃহমেধীত্ব হইতে ছুটী লাভ করাইবার জন্য শ্রীমদ্ভাগবত, শ্রীমন্মহাপ্রভু, শ্রীল প্রভুপাদ ও বর্ত্তমানে শ্রীল আচার্য্যদেব কত প্রকারে চেষ্টা করিয়াছেন ও করিতেছেন কিন্তু আমাদের বহির্মুখতার চামড়া এতই পুরু হইয়া গিয়াছে যে, সেবোন্মুখতার বিষয় কিছুতেই উপলব্ধি হইতেছে না।

আমাদের স্থূলদেহ বা মন হরিভজন করে না। শুদ্ধমন বা আত্মাই শ্রীগুরুপাদাশ্রয় করেন বা হরিভজন করেন। শ্রীগুরুপাদাশ্রয়ের বা হরিভজনের অধিকার প্রত্যেক মানবেরই আছে। হরিভজন একটী মনঃকল্পিত ব্যাপার বিশেষ নহেন। শ্রীগুরুমুখ হইতে সাক্ষাৎ বৈকুণ্ঠবাণী, যাহা কৃষ্ণ হইতে অভিন্ন, সেই কৃষ্ণনাম রূপ-গুণাদি সেবোন্মুখ-কর্ণে শ্রবণ করিয়া তাঁহারই অনুকীর্ত্তনের দ্বারা জীব আত্মমঙ্গল ও পরমঙ্গল সাধন করিতে পারে। যাঁহাদের ধারণা কেবল নিজেরই মঙ্গল হউক, অন্যে বঞ্চিত হউক, তাঁহাদের বিষয়ে শ্রীল প্রভুপাদ বলিয়াছেন,—"স্বার্থপর যাহারা, তাহারা হরিভজন করিতে পারে না, কৃষ্ণ তাহাদের দয়া করেন না।"

গৌড়ীয়ের বাণীতে পাই—"পুরুষ বা স্ত্রী, ব্রাহ্মণ বা শূদ্র, সন্ন্যাসীর বেশ বা আচরণ প্রভৃতি স্থূল পরিচয় ভগবদ্ভজন রূপের যোগ্যতা ও অযোগ্যতার নির্ণায়ক নহে। আত্মাই গুরুপাদাশ্রয় করেন। দীক্ষাজীবি মন্ত্রব্যবসায়ী যেরূপ যোষিৎসঙ্গ করিবার জন্য যোষিৎ দূরবীপতি এবং অবৈধ যোষিৎকে দীক্ষাদি প্রদানের ছলনা করেন, মহাভাগবত বৈষ্ণবাচার্য্য সেইরূপ যোষিৎসঙ্গ করিবার জন্য মন্ত্র-প্রদানাদি করিতে ধাবিত হন না। স্ত্রী, শূদ্র, বালক, বৃদ্ধ—নৃমাত্রেরই হরিসেবার অধিকার। কারণ, আত্মা প্রকৃত স্ত্রী বা পুরুষ নহেন। মহাপ্রভুর শিক্ষা-প্রচারক আচার্য্য মহাপ্রভুর সেই শিক্ষানুসারে সকল সেবোন্মুখকেই কৃষ্ণসেবায় অধিকার প্রদান করেন। তিনি মন্ত্র-ব্যবসায়ীর মত পতিতার পাতিত্য সংরক্ষণ করিয়া পতিতপাবন গুরুদেবের সজ্জাগ্রহণ করিবার অভিনয় করেন না। অবৈধ যোষিৎসঙ্গিগণ ও যোষিৎসঙ্গীর সঙ্গিগণ এ সকল কথা বুঝিতে পারে না। প্রাকৃত সহজিয়াগণ ছোট হরিদাসের আদর্শের অনুসরণকারী, আর যথার্থ বৈষ্ণবাচার্য্যগণ নামাচার্য্য ঠাকুর হরিদাসের ন্যায় পরদুঃখদুঃখী। প্রকৃত বৈষ্ণবাচার্য্যের একমাত্র অহৈতুকী অকৃত্রিম দয়া বিতরণ ব্যতীত স্ত্রী পুরুষ, মানবজাতি বা সমগ্র বিশ্বের সহিত অন্য কোন ব্যবহার নাই।

শ্রীল প্রভুপাদের বাণীতে পাই,—"যে কোন দেশে, যে কোন কালে, যে-কোন পাত্রে যে কেহ উদিত হউক না কেন, শ্রীচৈতন্যের প্রেম সকলের চেতনবৃত্তিতে উদিত হইতে পারে"।

অনাদিবহির্মুখতার ফলে আমরা যে-কোন দেহই ধারণ করি না কেন, শ্রীগুরুপাদপদ্মের বাণীর আলোকে আমরা আমাদের স্বরূপ উপলব্ধি করিয়া ভগবানের নিজজন শ্রীগুরুপাদপদ্মের আনুগত্যে হরিভজন

(অতঃপর ৩য় পৃষ্ঠার শেষ কলমে দ্রষ্টব্য)

সাধুসঙ্গ সাধুসঙ্গ সর্বশাস্ত্রে কয়। লবমাত্র সাধুসঙ্গে সর্বসিদ্ধি হয়॥

শুদ্ধভক্তি-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠ

প্রাচীন নবদ্বীপ, অধুনা শ্রীমায়াপুর, নদীয়া। শ্রীব্রজপত্তন-ভবনে শ্রীচৈতন্যমঠ-পরিক্রমা পীঠ, শ্রীশ্রীগান্ধর্বিকা-গিরিধারীর সেবা আছে। চতুর্দিক শিক্ষা আছেন। প্রধান শিক্ষা-কেন্দ্র। 'নদীয়া প্রকাশ' দৈনিক পত্র প্রকাশিত হইতেছে।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ২২২৫ কলিকাতায় শ্রীশ্রীগুরু-গৌরাঙ্গ-গান্ধর্বিকা-গিরিধারী শ্রীমঠ প্রতিষ্ঠিত। নিয়মিত পাঠ, সংকীর্ত্তন, প্রচারকগণের শ্রীমদ্ভাগবতাদি গ্রন্থের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও হারমনিষ্ট নামক ইংরেজী পত্র প্রকাশিত হয়।

(৩) যোগপীঠ-মায়াপুর-পীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব-ভূমি যোগপীঠ।

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং সেবা বর্ত্তমান।

(৬) মুরারিগুপ্তের পাট

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৭) কাজি সমাধি-পাট

প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া) ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি।

(৮) অনুকূলকৃষ্ণানুশীলনাগার

শ্রীধাম মায়াপুর

(৯) স্বানন্দ-সুখদ কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)

এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীগৌরকিশোর ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)

গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রকটিত শ্রীগৌরগদাধর-সেবা।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ জাননগর (বর্দ্ধমান)

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মাউগাছি, পোঃ জাননগর, (বর্দ্ধমান)

শ্রীবৃন্দাবনদাস ঠাকুর বৃন্দাবনের স্থান

(১৩) ঋতুদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(১৪) জহ্নুদ্বীপ-গৌড়ীয়মঠাশ্রম

১৫) সুবর্ণবিহার গৌড়ীয়মঠ

গৌড়পুর, নদীয়া

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ

মাজিদা (শ্রীমুসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী) পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৭) কুঞ্জকুটীর

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ তালখালি, (নদীয়া)

(২০) মহেশ-পণ্ডিতের পাট

কাঁচালপাড়া, পোঃ চাকদা (নদীয়া)

(২১) রাণাঘাট-গৌড়ীয়মঠাশ্রম

(২২) পুড়া গৌড়ীয়মঠ

চব্বিশ পরগণা

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ

নারিন্দা পোঃ ওয়ারি, ঢাকা।

পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র।

(২৪) গোপালজীউমঠ

কমলাপুর, পোঃ ঢাকা

(২৫) গদাই-গৌরাঙ্গ মঠ

পোঃ বালিয়াটি, (ঢাকা)

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

মড়াপাড়া, পোঃ ময়মনসিংহ

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চকচকা, কামরূপ (আসাম।

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

৩নং পাগলা ঝোরা, দার্জ্জিলিং

(৩০) নারায়ণ-গৌড়ীয়মঠ

পোঃ ধরিহারা, জেঃ মাহাবুবনগর, ন্যু, দি

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

মিঠাপুর পাটনা।

(৩২) গয়া গৌড়ীয়মঠ

মধুপা রোড, গয়া

(৩৩) সনাতন গৌড়ীয় মঠ

৮।১৭ বড় গণেশ, বেনারস সিটি

(৩৪) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

(৩৫) পরমহংস মঠ,

পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠাশ্রম

বিশ্রামঘাট, পোঃ মথুরা

(৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ

কিশোরপুর, বৃন্দাবন

(৩৯) একাদশানন্দ-সুখদকুঞ্জ

পোঃ রাধাকুণ্ড। মথুরা

(৪০) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪১) রাধাকুণ্ড গোবর্দ্ধনপাটী

(৪২) শ্রীগোবর্দ্ধনমঠাশ্রম

গোবর্দ্ধন, মথুরা

(৪৩) সংকেত বিহারী মঠ

বর্ষাণা, মথুরা।

(৪৪) নন্দগ্রাম গৌড়ীয়মঠাশ্রম

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৫) বর্ষাণা গৌড়ীয়মঠাশ্রম

পোঃ বর্ষাণা, মথুরা

(৪৬) গোষ্ঠবিহারী মঠ—পেশাবী,

পোঃ কোকোন, জেলা অমৃতসর (পাঞ্জাব)

(৪৭) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

(৪৮) দিল্লী গৌড়ীয় মঠ

৪৫নং কুতুব রোড, নিউ দিল্লী;

(৪৯) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়া ট্যাঙ্ক রোড, কম্বালাহিল

বন্দর, বোম্বে ৭

(৫০) মাদ্রাজ-গৌড়ীয়মঠ

পোঃ রায়পেটা, মাদ্রাজ

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গ-রাধিকা-গিরিধারীর সেবা

(৫১) কাকিনাড়া গৌড়ীয়মঠ

পোঃ কভূর, গোদাবরী (মাদ্রাজ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গ-রাধিকা-গিরিধারীর সেবা

(৫২) বল্লভগৌড়ীয়মঠ

আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)

(৫৩) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা

(৫৪) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৫) সীতাকুটী

(৫৬) ত্রিদণ্ডি-গৌড়ীয়মঠ

পোঃ ভুবনেশ্বর, পুরী

(৫৭) সচ্চিদানন্দ মঠ

শাখারি, পোঃ কটক (উড়িষ্যা)

(৫৮) বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ

(৫৯) শ্রীব্রহ্মগাদগৌড়ীয়-প্রবণ-মঠ

পোঃ বরুণকুণ্ডা, গঞ্জাম

(৬০) ভাগবতজনানন্দ মঠ

চিতলিয়া, পোঃ নারায়ণগড়, মেদিনীপুর

(৬১) আমাদি গৌড়ীয়মঠ

পোঃ আমাদি, মেদিনীপুর

(৬২) আমলাযোড়া প্রপন্নাশ্রম মঠ

পোঃ রাণীগঞ্জ (বর্দ্ধমান)

(৬৩) চৈতন্যগৌড়ীয়মঠ

জুমরকুণ্ডা, পোঃ চক্রকুণ্ডা, (বাঁকুড়া)

(৬৪) রেঙ্গুণ গৌড়ীয়মঠ

৬০১ নং স্পার্কস ষ্ট্রীট, রেঙ্গুণ।

(৬৫) লণ্ডন গৌড়ীয়মঠ

ফ্ল্যাট নং ২

৫১, আর্লস কোর্ট

গ্লাডস্টন, লণ্ডন, এস ৫

(৬৬) গৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

১৪।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,

কলিকাতা

(৬৭) গৌড়ীয়মঠ অফিস

চিৎপুর রোড, দিল্লী (ইউ পি)

(৬৮) শ্রীবিদ্যানিধি গৌড়ীয়মঠাশ্রম

এনায়েতবাজার, চট্টগ্রাম

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীমহানন্দ ব্রহ্মচারী ভক্ত্যালোক, ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও দ্বিতীয় বারের জন্য	সংবাদের পৃষ্ঠায় পরবর্তী বারের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও দ্বিতীয় বারের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় পরবর্তী বারের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	।০	৷৵০	৷৵০	।০
" " ইঞ্চি	২৲		১৷০	১৲
সিকিকলম	৫	৪৲		৩৲
অর্দ্ধকলম	৮	৭৲		৬৲
এক কলম	১২৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিবারে প্রতি ইঞ্চি	৩৲	৬৷০
" সিকি কলম	১৩৲	১২৲
অর্দ্ধকলম	২৪৲	১৮
এক কলম	৩৬৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষান্মাসিক "	৬৲
ত্রৈমাসিক "	৩৷০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা ৫ ; বিশেষ সংখ্যার ভিক্ষা দ্বিগুণ।

শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী

শ্রীল প্রভুপাদের চতুঃষষ্টি বর্ষপূর্ত্যাবির্ভাব-তিথিতে শ্রীল আচার্য্যদেবের অহৈতুকী কৃপায় "শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী" প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। উহাতে পূর্ব্বার্দ্ধ ও উত্তরার্দ্ধ দুইটি বিভাগ আছে। পূর্ব্বার্দ্ধে শ্রীল প্রভুপাদের আদ্য প্রবন্ধাবলী শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের সম্পাদিত 'সজ্জনতোষণী,' শ্রীল প্রভুপাদের 'নিবেদন' সাপ্তাহিক পত্র প্রভৃতি হইতে কথাসার ও প্রয়োজনীয় অনেক টীকা-সহ প্রকাশিত হইয়াছে। উত্তরার্দ্ধে শ্রীল প্রভুপাদের সম্পাদিত 'সজ্জনতোষণী'র কতিপয় প্রবন্ধ কথাসার প্রভৃতির সহিত মুদ্রিত হইয়াছে। প্রবন্ধগুলি রচনাকালের ক্রমানুসারে গ্রথিত হইয়াছে; এতদ্ব্যতীত শ্রীল আচার্য্যদেবের একটি মূল্যবান উপোদ্ঘাত ও সঙ্কলনকারীর একটি বিস্তৃত ভূমিকা, শব্দ সূচী, স্থান-পাত্র-শ্লোক ও পয়ার-সূচী প্রভৃতি গ্রন্থে সংযোজিত হইয়াছে। গ্রন্থটি উৎকৃষ্ট কাগজে পারিপাট্যের সহিত মুদ্রিত ও শ্রীল প্রভুপাদের আলেখ্যাদিদ্বারা ভূষিত ও সুন্দর বাঁধাই হইয়া প্রকাশিত হইয়াছে। প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, জেলা নদীয়া; শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ও শ্রীমাধ্বগৌড়ীয়মঠ, নারিন্দা, পোঃ ওয়ারী, ঢাকা।

[শ্রী]ল প্রভুপাদের পদ্যপ্রসূন মালা

এই গ্রন্থে ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তি-সিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের রচিত পদ্যাবলী শ্রীল আচার্য্যদেবের বিরচিত "সৌরভ" নামক ভাষ্যের সহিত প্রকাশিত হইয়াছে। শ্রীল প্রভুপাদের অনেক অপ্রকাশিত পদ্য ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ।০ আট আনা।

শ্রীধাম মায়াপুরে

—"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট"—

[illegible] বিদ্যালয়

[illegible] নিকটে; বিদ্যালয় ও বোর্ডিং [illegible]। বিদেশী ছাত্রগণের জন্য [illegible] ব্যবস্থা। ছাত্রদের খোরাক ও বেতনাদির জন্য মাসে মাত্র ৬৲ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। বর্ত্তমান বর্ষে .৬ জন বালকের মধ্যে ১৫ জন ভালভাবে উত্তীর্ণ হইয়াছে।

মেধাবী ছাত্রগণের আরও সুবিধা

পরীক্ষায় যাহারা শতকরা ৭৫ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ মেধাবী ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক-সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা সংক্ষিপ্তভাবে আলোচিত হইয়াছে। এই এক অপূর্ব্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

শ্রীচৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত্র অতিসুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত ইহার ভিক্ষা মাত্র ৪৲ টাকা। প্রাপ্তিস্থান শ্রীযুক্ত নন্দকিশোর ব্রহ্মচারী, শ্রীযোগপীঠ, কর্ম্মাধ্যক্ষ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীসরস্বতী-সংলাপ

প্রথম খণ্ড

শ্রীশ্রীব্রহ্মমাধ্ব গৌড়ীয়-সম্প্রদায়ৈকসংরক্ষক [illegible] পরিব্রাজকাচার্য্য [illegible] শ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ [illegible] সময়ে [illegible] সম্প্রদায়ের [illegible] কীর্ত্তন করিয়াছেন, যাহা তাঁহার প্রকট কালে [illegible] বিদ্যাবিনোদ বি-এ প্রভুপাদের শ্রীমুখ সংগৃহীত [illegible] গৌড়ীয়পত্রে প্রকাশিত হইয়াছে, তাহা [illegible] শ্রীল প্রভুপাদের 'বক্তৃতাবলী' ও 'পত্রাবলী' আকারে [illegible] প্রকাশিত [illegible]। বর্ত্তমানে শ্রীল প্রভুপাদের প্রথমবার্ষিক বিরহ-তিথিপূজা-বাসরে [illegible] প্রকাশিত হইয়াছেন। মানবজীবনের বহু সমস্যার সমাধান [illegible] হইতে পাওয়া যাইবে। ভক্তগণের পাঠকগণের এই গ্রন্থ [illegible] প্রয়োজন।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্স কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপদেশক পণ্ডিত আর্. এম্. শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী সম্প্রদায়-বৈভবাচার্য এম এ মহোদয়ের শ্রেষ্ঠ গবেষণা এবং পরিপক্ক লেখনীর অদ্ভুত ফল আস্বাদন করিলে একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত-পাঠে বঞ্চ হইবেন। এই বিরাট, অভিনব ও আন্তর্জাতিক গ্রন্থ মানচিত্র ও বিবিধ চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য বাবতীয় দার্শনিক মতবাদের সহিত তুলনা-মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক আলোচনা। প্রথম খণ্ডই ডবল ক্রাউন আকারে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের লিখিত সূচনা (Foreword), প্রকাশক ও গ্রন্থকারের ভূমিকাদ্বয় (Prefaces), বিষয়-তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত বিষয়-সূচীপত্র (Index Glossary) সহ প্রকাশিত। ভিক্ষা—২০, পনর টাকা। প্রাপ্তিস্থান—কটক গৌড়ীয়মঠ, চাঁদনীচক পোঃ কটক ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা ; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম মায়াপুর জেলা—নদীয়া।

'ঠাকুর ভক্তিবিনোদ'

———::(•)::———

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি প্রচারের মূল মহাজন সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অভিনব জীবনচরিত এতাবৎকাল পর্যন্ত গ্রন্থাকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয়মঠাচার্যবরের আদেশায় সর্ববিদ্যাপ্রতিভায় সু-লেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু মূল্যবান শিক্ষামালাও সন্নিবিষ্ট হইয়াছে। সর্বসমেত ১২৫ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৮০ আনা ; ডাক মাশুল স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান—ম্যানেজার গ্রন্থবিভাগ

শ্রীগৌড়ীয়মঠ

পোঃ বাগবাজার

কলিকাতা

ই. বি. রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	৪-৩৬	৬ ০৬	৭ ২৬	১২-২১	১৪ ৫৬	১৬-৫৬	১৭-৫৬	২২-২৬
রাণাঘাট পৌঃ			৮-৫০	১৪ ১৫				
(বদল) ছাঃ			৯-৩৩	১৪-৫০				
কৃষ্ণনগর পৌঃ	৭-১	৮ ৪৫	১০-৮	১৫-২৩	১৭-২৮	১৯-১১	২০-১৬	১-১৫
(বদল) ছাঃ	৭-১২		১০-৩১		১৭-৩৬		২০-২৬	
নবদ্বীপঘাট পৌঃ	৭-৩১		১১-১০		১৮-১৬		২০-৪৬	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
রাণাঘাট পৌঃ	১২-৫৫
ছাঃ	১৩ ০
শান্তিপুর পৌঃ	১৩-২৬
(বদল) ছাঃ	১৯-৩১ (লাইট্ রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪-২
ছাঃ	১৪ ২০
নবদ্বীপঘাট পৌঃ	১৫-০

ডাউন

নবদ্বীপঘাট ছাঃ ৫ ৪৫ ৯ ২৫ ১৩-৩১ ১৬-০ ১৮-৩১

কৃষ্ণনগর পৌ ৬ ২৩ ৯ ১৬ ১০-৪ ১১-৪১ ১৪-১০, ১৬-৩৮ ১৯-১১

ছাঃ ৬-২৬ ৭-১৮ ১০-১১ ১৬ ৫৬ ১৯-২৫

রাণাঘাট পৌঃ ১০-৪৬ ১৭-৩১

(বদল) ছাঃ ১১-০ ১৭-৪০

কলিকাতা পৌঃ ৬ ১৬ ৯-২১ ১২-১ ১২-১৬ ১৪-১৬ ১৯-১১ ২১-৪১ ২৩-২৩

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৩ ৩১	১৬-০		
কৃষ্ণনগর পৌঃ	১৪-১০	১৬-৩৮		
ছাঃ	১৫-২৮	১৭-১৫		
শান্তিপুর পৌঃ	১৬-৯	১৭-৫৬		
(বদল) ছাঃ	১৬-৩৩	১৮-১ (রবিবার ভিন্ন)	১৮-৮ (রবিবার)	
রাণাঘাট পৌঃ	১৭-১০	১৮-২৭	১৮-৩৩	
(বদল) ছাঃ	১৭-৪৩	১৮-৪০	১৮-৪০	
কলিকাতা পৌঃ	১৯-১১	২০-৬	২০-৬	

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

———:(•)———

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। অধিকন্তু পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু গ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১৩।১নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের



ম্যালেরিয়া-প্লীহা ও জীর্ণ শীর্ণকায় মনুষ্য, পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাট্তি ৭৭ সংখ্যায় দাঁড়ায়। দিবার প্রীতা সংযুক্ত কাগজ এবং নূতন ও পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। মূল্য ছোট বোতল ৮৴০ দশ আনা, বড় বোতল ১৷৴০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা

অথবা

পোঃ বেহালা, ২৪ পরগণা

প্রকাশস্থান—শ্রীমায়াপুর
কার্য্যালয়—শ্রীধাম
শ্রীমায়াপুর

REGD NO C 1344

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৪শ খণ্ড] শ্রীমায়াপুর—২২শে চৈত্র, ১৩৪৫, ৫ই এপ্রিল, ১৯৩৯, বুধবার [৬১শ সংখ্যা

বিবিধ সংবাদ

——::•::——

ব্রিটিশ ইণ্ডিয়ান এসোসিয়েশন

শুক্রবার ৩১শে মার্চ অপরাহ্ণে ব্রিটিশ ইণ্ডিয়ান এসোসিয়েশনের বার্ষিক অধিবেশন বর্দ্ধমানের মহারাজাধিরাজ বাহাদুরের সভাপতিত্বে হইয়া গিয়াছে। মহারাজাধিরাজ বক্তৃতা-প্রসঙ্গে বাঙ্গলার জমিদারদিগকে নিজস্বার্থ রক্ষার্থ বদ্ধপরিকর হইতে উপদেশ দেন এবং যুক্তপ্রদেশ ও বিহারের জমিদারবর্গের দৃষ্টান্ত অনুসরণ করিয়া সঙ্ঘবদ্ধ হইতে বলেন।

ফ্লাউড কমিশনের সদস্য হিসাবে তিনি উক্ত কমিশনের কার্য্যকলাপ সম্পর্কে কোন কথা বলিতে অস্বীকৃত হন; কিন্তু ব্রিটিশ ইণ্ডিয়ান এসোসিয়েশনের কমিশনের প্রশ্নাবলীর যে উত্তর দিয়াছেন, তজ্জন্য তাঁহাদের প্রশংসা করেন।

বর্ত্তমান বৎসরের জন্য নিম্নোক্ত ব্যক্তিগণ কর্মকর্তা নির্বাচিত হইয়াছেন—

সভাপতি—বর্দ্ধমানের মহারাজাধিরাজ বাহাদুর।

সহঃ সভাপতিগণ—সন্তোষের মহারাজা; স্যার আবদুল হালিম গজনবী; স্যার হরিশঙ্কর পাল; কুমার নরেন্দ্রনাথ মিত্র।

কোষাধ্যক্ষ—কুমার রাজেন্দ্রনারায়ণ রায়।

যুগ্ম-সম্পাদকদ্বয়—মিঃ এস সি ঘোষ মৌলিক এবং মিঃ পি এন সিংহ রায়।

মেদিনীপুরের গ্রামে অগ্নিকাণ্ড

মেদিনীপুর জেলার সবঙ্গ থানার রামচন্দ্রপুর গ্রামে কৈলাস বেরা নামক এক গৃহস্থের বাড়ীতে ২৮শে মার্চ রাত্রি তিনটার সময় আগুন লাগে। আগে তাহার গোয়াল ঘর পোড়ে, দুইটী গরু দড়ি ছিঁড়িয়া পলাইয়া গিয়াছে আর পাঁচটী গরু জীবন্ত দগ্ধ হইয়াছে। এবৎসর এসব অঞ্চলে প্রায় প্রত্যহই গৃহদাহ হইতেছে। এই থানার উচিতপুর গ্রামে কয়েকদিন আগে একটি টিনের বাড়ীও পুড়িয়া গিয়াছে।

———

গোরক্ষপুরে কিষাণ আন্দোলন

যুক্তপ্রদেশ ব্যবস্থা পরিষদের সদস্য শ্রীযুক্ত শিবনন্দন পক্ষেরা, গোরক্ষপুর জেলার অন্তর্গত ব্রিজম্যানগঞ্জ আন্দোলন সম্পর্কে পণ্ডিত জওহরলাল নেহেরুর সহিত সাক্ষাৎ করিয়াছেন। জানা গিয়াছে যে, যুক্তপ্রদেশ কংগ্রেস কমিটির কার্য্যকরী সমিতিতে মহারাজগঞ্জ সম্পর্কিত সমস্ত বিষয়ের আলোচনা হইবে। কিষাণেরা পদব্রজে লক্ষ্ণৌ যাত্রার যে সংকল্প করিয়াছিল, সম্ভবতঃ তাহা স্থগিত রাখা হইবে।

———

বিহার সরকারের বিদ্যুৎ সরবরাহ পরিকল্পনা

বিদ্যুৎ সরবরাহ সম্পর্কে একটি বিস্তৃত পরিকল্পনা অনুসারে কাজ করিবার জন্য বিহার সরকার প্রাথমিক ব্যবস্থা হিসাবে বিদ্যুৎ সম্বন্ধে কারীগরী শিক্ষাপ্রাপ্ত কর্মচারী নিয়োগের আয়োজন করিতেছেন। প্রথমে বিহার সরকার একজন চীফ ইলেক্‌ট্রিক্যাল ইঞ্জিনিয়ার এবং তাঁহার একজন সহকারী নিয়োগ করিবেন। বিদ্যুৎ সরবরাহ পরিকল্পনা কার্য্যে পরিণত হইলে গবর্ণমেণ্ট বিশেষভাবে শিক্ষাপ্রাপ্ত বিহারীদিগকে এই কার্য্যে নিযুক্ত করিবেন। এইজন্য গবর্ণমেণ্ট ১০টি বৃত্তি দিবার ব্যবস্থা করিয়াছেন। বৃত্তিপ্রাপ্ত ব্যক্তিগণকে বিদেশে বিদ্যুৎ সম্বন্ধে বিশেষ জ্ঞান অর্জ্জন করিতে হইবে। চারিটি বৃত্তি চারি বৎসরের জন্য এবং ছয়টি দু'ও দুই বৎসরের জন্য দেওয়া হইবে। এতদ্ব্যতীত মাসিক ৫০৲ টাকা হিসাবে এক বৎসরের জন্য আরও ছয়টী বৃত্তি দেওয়া হইবে। শেষোক্ত শ্রেণীর বৃত্তি প্রাপ্ত ব্যক্তিগণকে ভারতবর্ষের কোনও বড় পাওয়ার হাউসে বিদ্যুৎ সম্বন্ধে শিক্ষালাভ করিতে হইবে। যাঁহারা ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং-এ উপাধিলাভ করিয়াছেন অথবা বাঙ্গালোর সায়েন্স ইন্‌ষ্টিটিউট হইতে সার্টিফিকেট পাইয়াছেন, তাঁহারা এই বৃত্তির জন্য আবেদন করিতে পারিবেন।

———

দশজন হিন্দুস্থানী ও পাঞ্জাবী ডাকাত ধৃত

আলিপুরের গোয়েন্দা পুলিশের কর্মচারিগণ দশজন হিন্দুস্থানী ও পাঞ্জাবীকে গ্রেপ্তার করিয়াছেন। প্রকাশ, ইহারা বেহালা মধ্যগ্রামের দুইটী ডাকাতদলের লোকজন। এই ব্যক্তিগণ বেহালা ও মধ্যগ্রাম অঞ্চলে ডাকাতি করিবার জন্য রওনা হয়, কিন্তু পুলিশের তৎপরতায় তাহাদের অভিসন্ধি ফাঁসিয়া যায়। পুলিশ তাহাদের যাইবার পথে লুকাইয়া থাকিয়া তাহাদিগকে গ্রেপ্তার করে। বেহালা পুলিশ ৪ জন হিন্দুস্থানী ও ১ জন পাঞ্জাবীকে গ্রেপ্তার করিয়াছেন। তাহাদের নিকট হইতে পুলিশ ৩ খানি তরোয়াল, একটি সাবল ও একখানি ছোরা উদ্ধার করিয়াছে, মধ্যগ্রামে যে ৫ জনকে গ্রেপ্তার করা হইয়াছে তাহাদের সকলেই পাঞ্জাবী এবং তাহাদের নিকট হইতে একখানি তরোয়াল, কতকগুলি সিঁদ কাটি, কয়েকখানি দা ও কয়েকটী টর্চ লাইট পাওয়া গিয়াছে।

———

নূতন মুদ্রা

ভারত-সম্রাট ষষ্ঠ জর্জ্জের নামাঙ্কিত মুদ্রা শীঘ্রই জনসাধারণের হস্তগত হইবে। পূর্ব্বে "ডবল পয়সা" প্রচলিত ছিল, এখন আর নাই—পুনরায় ইহার প্রবর্ত্তন করা হইতেছে। চতুষ্কোণ দু-আনির স্থায় ইহার গঠন হইবে। নূতন দু আনির কোণগুলি আরও একটু গোলাকার হইবে। এক আনি ও পয়সায় মুকুটসহ সম্রাটকে দেখা যাইবে এবং উহার অক্ষরগুলিতে "আর্ট" দেখা যাইবে। এক-আনি ও পয়সা ইতোমধ্যেই বাজারে বাহির হইয়াছে। সকলে শুনিয়া সুখী হইবেন যে, মুদ্রা যাহাতে কেহ জাল করিতে না পারে, এবার সেই ব্যবস্থা করা হইয়াছে। টাকা এমনভাবে সূক্ষ্ম নক্সাবিশিষ্ট হইবে, যাহা জাল করা সহজসাধ্য হইবে না।

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী মহারাজ সম্পাদিত ইংরেজী পাক্ষিক। প্রতি একাদশীতে প্রকাশিত হয়। কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। সডাক ভিক্ষা ৩।০ টাকা মাত্র।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ২৲, ষাণ্মাসিক ১।০ টাকা মাত্র।

৩। ভাগবত হিন্দীভাষায় একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৪। পরমার্থী—শ্রীযুক্ত মধুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ টাকা মাত্র।

৫। শ্রীগৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ মাত্র।

পরমগুরু শ্রীগৌরকিশোর

গৌড়ীয়-সম্পাদক-লিখিত, শ্রীগৌড়ীয়মঠাচার্য্যের ভূমিকা-সম্বলিত, বহুচিত্র-শোভিত ও বিষয় সূচী-সমন্বিত "পরমগুরু শ্রীগৌরকিশোর" গ্রন্থখানি প্রকাশিত হইয়াছেন। এই গ্রন্থে শুদ্ধগৌড়ীয়বৈষ্ণবগণের পরমারাধ্য, গৌড়ীয়গৌরবশিখামণি অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ নিত্যলীলাপ্রবিষ্ট পরমহংস ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল গৌরকিশোরদাস গোস্বামী প্রভুবরের অতিমধুর চরিতকথা বর্ণিত আছে।

শ্রীশ্রীভক্তিবিনোদাবির্ভাব-শতবর্ষপূর্ত্তিতিথিপূজার উপায়ন-গ্রন্থমালা

———::(•)::———

১। গীতিসাহিত্যে শ্রীভক্তিবিনোদ

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র গীতিসাহিত্যের সমালোচনা-গ্রন্থ)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

২। শ্রীভক্তিবিনোদবাণীবৈভব

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের রচনাসমুদ্র হইতে আহৃত ১০৮টি অধ্যায়ে সম্বন্ধ-অভিধেয়-প্রয়োজনাকারে গুম্ফিত অমূল্য উপদেশপূর্ণ গ্রন্থ)

ভিক্ষা—৩৲ তিন টাকা মাত্র।

৩। শ্রীশ্রীভক্তিবিনোদ-প্রসঙ্গ

ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ ও ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামীপ্রভুবরের উক্ত এবং গৌড়ীয়ে প্রকাশিত শ্রীশ্রীভক্তিবিনোদ-চরিত-প্রসঙ্গ

ভিক্ষা—।৵০ ছয় আনা মাত্র।

৪। ছাত্রদের ভক্তিবিনোদ

(ছাত্রদের উপযোগী ভাষায় লিখিত শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্র ও শিক্ষা)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

ছাত্রদের পক্ষে ভিক্ষা—॥০ আট আনা মাত্র।

প্রাপ্তিস্থান:—

(১) 'ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট', পোঃ শ্রীমায়াপুর, নদীয়া;

২) শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা;

৩ শ্রীযুক্ত সুধীররঞ্জন রায় এম্-এ, বি-এল্, পুরাণা-পল্টন, পোঃ রমনা, ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবত,—সমগ্র ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত — ৲
প্রথম খণ্ড—
২। আদর্শ বিরাট শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৲
৩। আদর্শ প্রায় শ্রীচৈতন্যচরিতামৃত ৬৲
৪। সরস্বতী-জয়শ্রী (অবাঁধা)
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০ ৪র্থ খণ্ড ৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সংক্রিয়াসার দীপিকা ও সংস্কার দীপিকা ১।০
৯। দৈব বর্ণ ২৲
১০। গৌড়ীয় কণ্ঠহার ৩৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ)
১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ তত্ত্ব ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। বৈষ্ণবোপনিষৎ ।০
১৮। [illegible]-আদর্শ ।০
১৯। সর্ব্ব[illegible] ।০
২০। গৌড়ীয়-গৌরব ।৵০
২১। গৌড়ীয়[illegible] ।৵০
২২ ভজন রহস্য ৷০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃত ও শ্রীনবদ্বীপশতক (বাঁধা) ১৲
২৪। গীতা (শ্রীবলদেব টীকা সহ) ১৲
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) ২৲
অবাঁধা) ১৲
২৬। গীতার কেবল মাত্র ভাষা ।০
২৭। [illegible] (সানুবাদ) ২৲
২৮। বেদান্তস্যমন্তক (সানুবাদ) ।০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা ৸০
৩০। দীন-দিগ্-দর্শন ৶০
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ।৵০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ।০
৩৩। নবদ্বীপধাম গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶০
৩৫। গীতমালা /১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৶০
৩৭। [illegible] ৶০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০
৩৯। শ্রী[illegible] ।০
৪০। শরণাগতি /০
৪১। গীতাবলী /০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
৪৩। সাধন[illegible] /০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা /
৪৫। নবদ্বীপশতক
৪৬। অর্থপঞ্চক
৪৭। সদাচারস্মৃতিঃ ০/
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) /১০
৪৯। অর্চ্চনকণ ৶০
৫০। বৈষ্ণবসেবা-সমাহৃতি (১ম ও ২য় খণ্ড) ৲
৫১। ব্রহ্মসংহিতা ৷০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ-বিনির্ণয় ।০
৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ।০
৫৬ ভারতবর্ষ ও [illegible] ৶০
৫৭। ঈশোপনিষদ (ভাষ্যাদিসহ) ।০
৫৮। শ্রী[illegible] ৶০
৫৯। সিদ্ধান্তদর্পণ ৶০
৬০। সংখ্যাবাণী

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।০
৬২। সিদ্ধান্ত সরস্বতী দিগ্বিজয়ঃ ।০
৬৩। সটীক-শিক্ষাদশমূলম্ ।০
৬৪। [illegible] ।০
৬৫। [illegible] ৶০
৬৬। গৌড়ীয়মঠ[illegible] /০
৬৭। মায়া[illegible] ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।
৬৯। [illegible] ।
৭০। [illegible] /
৭১। বেদান্ত—ইটস মরফলজী এণ্ড অন্টলজি ।০
৭২। রিলেটিভ ওয়ার্ল্ডস ।৵০
৭৩। লাইফ এণ্ড প্রিসেপ্টস অব শ্রীচৈতন্য মহাপ্রভু ।০
৭৪। বৈষ্ণবিজম ।০
৭৫। [illegible] /০
৭৬। দি ভাগবত ।০
৭৭। [illegible] ।০
৭৮। ব্রহ্মসংহিতা ২।০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (১ম খণ্ড) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রী[illegible] ।০
৮১। সাধন-পথ
৮২। কল্যাণ-কল্পতরু ৶০
৮৩। গীতাবলী /০
৮৪। শরণাগতি /০

আসামী ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

একমাত্র পারমার্থিক দৈনিক

শ্রীমায়াপুর

১৭শ বর্ষ | ১ মধুসূদন ৪৫৩ গৌরাব্দ ২২শে চৈত্র বঙ্গাব্দ, ১৩৪৫ ৫ই এপ্রিল ইং ১৯৩৯, বুধবার | ৩১শ সংখ্যা

সাময়িক-প্রসঙ্গ

চট্টগ্রামে প্রচার

শ্রীগৌড়ীয়মঠের অন্যতম প্রচারক উপদেশক শ্রীপাদ অনাদিকৃষ্ণ ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী মহোদয় প্রত্যহ চৈতন্যমঠাশ্রিত ভক্তবৃন্দ সমভিব্যাহারে চট্টগ্রাম নন্দনকাননস্থ শ্রীবিদ্যানিধি-গৌড়ীয়মঠালয় ও সহরের বিভিন্নস্থানে শুদ্ধভক্তির কথা প্রচার করিতেছেন। ভক্তিশাস্ত্রীজীর নিকট শ্রীশ্রীগৌরাঙ্গের চেতনবাণী শ্রবণে বহু সম্ভ্রান্ত শিক্ষিত ব্যক্তি আনন্দ লাভ করিতেছেন।

গত ২৪শে মার্চ্চ শুক্রবার স্থানীয় কিরিঙ্গিবাজার রোডের নিকটস্থ লেডি ডাক্তার মিসেস এস বি, মুখার্জ্জী মহোদয়ের স্বীয় বাসভবনে ভক্তিশাস্ত্রীজী শ্রীমদ্ভাগবত হইতে পরীক্ষিৎ মহারাজের প্রতি শুকশাপ-বিষয়ে প্রায় ২ ঘণ্টাকাল যাবৎ পাঠ ও কীর্ত্তন করতঃ সমবেত শ্রোতৃমণ্ডলীর আনন্দ বর্দ্ধন করিয়াছেন। মিসেস মুখার্জ্জী সপ্তাহে একদিন তাঁহার বাটীতে পাঠ কীর্ত্তনাদির জন্য ভক্তিশাস্ত্রীজীকে অনুরোধ করিয়াছেন। পাঠের আদি ও অন্তে মহাজনপদাবলী কীর্ত্তন হয়।

গত ২৬শে মার্চ্চ চট্টগ্রাম সদরঘাটের "রক্ষাকালী" কালী বাড়ীর কর্তৃপক্ষ কর্ত্তৃক আমন্ত্রিত হইয়া উপদেশক শ্রীপাদ অনাদিকৃষ্ণ ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রীজী কতিপয় ভক্তবৃন্দসহ তথায় গমনপূর্ব্বক হরিকথা কীর্ত্তন করেন। শুরুবন্দনা, পঞ্চতত্ত্ব প্রভৃতি মহাজন-পদাবলী ও মহামন্ত্র কীর্ত্তনান্তে পণ্ডিতজী শ্রীমদ্ভাগবতের শুক-পরীক্ষিৎ-সংবাদে মুমূর্ষু ব্যক্তি কে? তাহার একমাত্র কর্ত্তব্য কি? বদ্ধজীবের ভবসমুদ্র পার হওয়ার প্রকৃষ্ট পন্থা বা উপায় কি? ইত্যাদি বিষয় বিশেষভাবে শাস্ত্রযুক্তি দ্বারা ব্যাখ্যা করিয়া উপস্থিত সকলের আনন্দবিধান করিয়াছেন। ভক্তিশাস্ত্রীজীর মুখে শাস্ত্রযুক্তিমূলে শ্রীমদ্ভাগবতের সুযুক্তিপূর্ণ ব্যাখ্যা শ্রবণ করিয়া শ্রোতৃবর্গ তাঁহাকে সপ্তাহে একদিন উক্ত স্থানে পাঠকীর্ত্তনের জন্য অনুরোধ করেন। সভায় উপস্থিত ব্যক্তিগণের মধ্যে শ্রীযুত বরদাপ্রসন্ন বল, হেড্-ক্লার্ক, কমিশনার অফিস; শ্রীযুত দুর্গাকুমার ভট্টাচার্য্য বি, এল, উকীল; শ্রীযুত বিধুরায় চৌধুরী, ক্লার্ক পোর্টকমিশনার অফিস; শ্রীযুত উপেন্দ্রমোহন চক্রবর্ত্তী, ক্লার্ক; শ্রীযুত ঈশানচন্দ্র সরকার, মার্চ্চেণ্ট; শ্রীযুত মোহিনীমোহন তালুকদার, মার্চ্চেণ্ট; শ্রীযুত বিনোদবিহারী দফাদার, কন্ট্রাক্টার; শ্রীযুত মণিভূষণ ঘোষাল, কন্ট্রাক্টার; শ্রীযুত সুশীলকুমার দাশগুপ্ত, ক্লার্ক প্রভৃতির নাম উল্লেখযোগ্য।

এলাহাবাদে প্রচার

শ্রীগৌড়ীয়মঠাচার্য্যবর্য্য পরমহংস ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী প্রভুপাদের কৃপাদেশে শ্রীশ্রীবিশ্ববৈষ্ণবরাজসভার অন্যতম প্রচারক ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রকাশ অরণ্য মহারাজ গত ১১শে মার্চ্চ রবিবার এলাহাবাদ শ্রীরূপ-গৌড়ীয়মঠে গমন করেন। উক্ত দিবস হইতে স্বামীজী মহারাজ শ্রীমঠে হরিকথা কীর্ত্তন করিতেছেন। প্রতিদিন হরিকথা শ্রবণ করিবার জন্য সহরের অনেক সজ্জন ব্যক্তি স্বামীজীর নিকট আগমন করিতেছেন। স্বামীজী প্রতিদিন সন্ধ্যাকালে শ্রীচৈতন্য-চরিতামৃত হইতে শ্রীরূপশিক্ষা পাঠ ও ব্যাখ্যা করিতেছেন। পাঠে বহু ভদ্রমহিলা ও ভদ্রমহোদয়গণের সমাগম হইতেছে। পাঠ ও ব্যাখ্যা শ্রবণ করিয়া সকলেই গৌড়ীয়-মঠের বিচারের প্রশংসা করিতেছেন।

গত ২৩শে মার্চ্চ বৃহস্পতিবার এলাহাবাদে জনসনগঞ্জনিবাসী শ্রীযুক্ত নন্দকিশোর সরকার মহাশয়ের সাদর আহ্বানে কতিপয় মঠসেবক সহ স্বামীজী তাঁহার বাটীতে গমন করিয়া শ্রীমদ্ ভাগবত হইতে অম্বরীষ মহারাজের উপাখ্যান পাঠ ও ব্যাখ্যা করেন। ব্যাখ্যাকালে স্বামীজী গৃহস্থধর্ম এবং ব্রাহ্মণ ও বৈষ্ণবের বিষয় অতি সরল বাঙ্গলা ভাষায় সকলকে বুঝাইয়া দেন। তাঁহার পাঠ ও ব্যাখ্যা শ্রবণ করিয়া সকলেই আনন্দিত হইয়াছেন। পাঠের আদি ও অন্তে মহাজনপদাবলী কীর্ত্তন হয়। পাঠে বহু লোক উপস্থিত হইয়াছিলেন। তন্মধ্যে কয়েকজনের নাম বিশেষ উল্লেখযোগ্য। শ্রীযুক্ত তারাকিঙ্কর দত্ত, শ্রীযুক্ত বেণীমাধব ঘোষ, শ্রীযুক্ত উপেন্দ্রনাথ দত্ত, ডাক্তার শ্রীযুক্ত পান্নালাল চট্টোপাধ্যায়, এম, বি; শ্রীযুক্ত দেবদাস চট্টোপাধ্যায়, শ্রীযুক্ত ফণীন্দ্রনাথ চট্টোপাধ্যায়, শ্রীযুক্ত বেণীমাধব বন্দ্যোপাধ্যায়, শ্রীযুক্ত মণীন্দ্রনাথ সিংহ হেড্‌মাষ্টার, শ্রীযুক্ত মহেন্দ্রনাথ মুখোপাধ্যায়, শ্রীযুক্ত জ্ঞানেন্দ্রনাথ মিত্র এম্ এস-সি, এল্-টি প্রভৃতি।

গত ২৬শে মার্চ্চ রবিবার স্বামীজী বাইরাণা নিবাসী শ্রীযুত কেদারনাথ দাসাধিকারী ভক্তিসদন মহোদয়ের বাটীতে গমন করিয়া শ্রীমদ্ ভাগবত হইতে অম্বরীষ মহারাজের উপাখ্যান পাঠ ও ব্যাখ্যা করেন। বহু সজ্জন ব্যক্তি পাঠ-কীর্ত্তন শ্রবণ করিবার জন্য উপস্থিত ছিলেন। তাঁহাদের মধ্যে কতিপয় ভদ্রলোকের নাম বিশেষ উল্লেখযোগ্য। শ্রীযুক্ত তরণীকান্ত রায়, শ্রীযুক্ত গোপালদাস চট্টোপাধ্যায়, শ্রীযুক্ত রাখালদাস বসাক, শ্রীযুক্ত ইন্দুভূষণ ঘোষ প্রভৃতি।

ভগবৎ-স্বরূপ

(৫ম পৃষ্ঠার পর)

মোক্ষাভিসন্ধি একটী সর্ব্বপ্রধান কৈতব অর্থাৎ [illegible]। কেন না, তাহাতে জীবের নিত্যসিদ্ধ [illegible] আরাধনা নাই। [illegible] নিত্যসিদ্ধ [illegible] হইয়াছে। [illegible] আরাধনাই [illegible] এবং [illegible] নবীন [illegible] প্রসঙ্গ।

ধাক্কাতে কাঁদলে জন্ম ছাড়ান না যায়। সাধু-গুরু-কৃপা বিনা না দেখি উপায়।

"শ্রীভগবান্ আমাদের মঙ্গলের জন্য সকল বিধান করিয়া থাকেন—ইহা বিশ্বাস করি। নাস্তিকের কখনই জগতে প্রতিষ্ঠা লাভ করিতে পারে না। দিনকতক তাহারা লাফালাফি করিয়া পরিশেষে দৈন্যশাসনে ঠাণ্ডা হইয়া যায়। সমস্তই ঈশ্বরের ইচ্ছা।"

(শ্রীল প্রভুপাদ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

১ মধুসূদন ৬৬ অনিরুদ্ধ গৌরাব্দ ৪৫৩

যৎকিঞ্চিৎ

——::(*)::——

কৃষ্ণভক্তি অভিধেয়। কর্ম্ম জ্ঞান-যোগাদি ভক্তির আনুগত্য করিলেই তাহাদের সার্থকতা, নতুবা তাহাদের কোন মূল্য নাই। ভক্তি ব্যতীত কর্ম্ম, জ্ঞান, যোগ প্রভৃতি স্বতন্ত্রভাবে চিত্তশুদ্ধি, সম্বন্ধজ্ঞানোদয় ও চিত্তবৃত্তি নিরোধ করিতে পারে না। শ্রীচৈতন্য চরিতামৃতে আমরা পাই,—

সাধনের মধ্যে কৃষ্ণভক্তি সাধনের প্রধান।
কৃষ্ণোন্মুখ-নিরপেক্ষ কর্ম্ম-যোগ জ্ঞান॥

যাঁহারা ভক্তিসাধনে প্রবৃত্ত হইয়াছেন, তাঁহাদিগকে চিত্তশুদ্ধির নিমিত্ত আর পৃথক্ কোন চেষ্টা করিতে হয় না। ভক্তির আনুষঙ্গিকফলেই চিত্তশুদ্ধি হইয়া থাকে। শুদ্ধভক্তিই আবশ্যক, কিন্তু তাই বলিয়া কর্ম্মমিশ্রা ও জ্ঞানমিশ্রা ভক্তিকে একেবারেই উড়াইয়া দেওয়া হয় নাই। তাই শ্রীমন্মহাপ্রভু ঐগুলিকে বাহ্য বলিয়া অপেক্ষা উচ্চ-সিদ্ধান্তের কথা আলোচনা করিতে বলিয়াছেন জীবনযাত্রা নির্ব্বাহ করিবার জন্য কর্ম্মের প্রয়োজন। কিন্তু আমরা যদি কেহ সুষ্ঠুভাবে কর্ম্মানুষ্ঠান করিয়া তাহাতেই মগ্ন থাকি, হরিভজন না করি, তাহা হইলে আমাদের আর কি লাভ হইবে? জ্ঞানের ফল চিত্তশুদ্ধি অর্থাৎ আমি জড়দেহ বা জড়জগতের সৃষ্ট কোন বস্তুর অন্তর্গত নহি, কিন্তু শ্রীকৃষ্ণের নিত্যদাস। চিত্তশুদ্ধি—এইরূপ বিশুদ্ধজ্ঞান। এই জ্ঞান লাভ করিয়াও যদি কেহ হরিভজন না করেন অথবা প্রচ্ছন্ন হরিবিদ্বেষী বা নাস্তিক হইয়া পড়েন, তাহা হইলে উহা নিরর্থক।

অনর্থযুক্ত, কনিষ্ঠাধিকারী অর্থাৎ সাধন ভক্তির পঞ্চমস্তরে অবস্থিত ব্যক্তিগণ শুদ্ধভক্তির সাধন করিতে পারেন। ভক্তির নিষ্ঠা ভূমিকায় আরোহণ করিবার পূর্ব্বে জীবের কর্ম্মমিশ্রা বা জ্ঞানমিশ্রা ভক্তিই সাধনীয় জানিতে হইবে। তৎকালে অনর্থযুক্ত জনগণ আপনাদিগকে শুদ্ধভক্তের সহিত সাম্যজ্ঞান করিলেও শুদ্ধভক্তি সাধন করিতে পারেন না। তাঁহাদের অনুষ্ঠান মিশ্রা ভক্তিতে আবদ্ধ থাকে। অতএব অনর্থযুক্ত ভক্তগণ কৃষ্ণৈকশরণ, কৃষ্ণার্থে অখিলচেষ্ট, সাধন-ভূমিকার পঞ্চমস্তরে অবস্থিত শুদ্ধ সাধনভক্তের ন্যায় অমিশ্রা ভক্তির সাধন যোগ্যতা লাভ করিতে পারেন না। যাহার যে অধিকার, সেই অধিকারে থাকিয়াই ভগবানের সেবা করা কর্ত্তব্য। অধিকার লঙ্ঘন করিলে পতন অবশ্যম্ভাবী দুঃসঙ্গ পরিত্যাগ করিয়া নিরন্তর শুদ্ধভক্তের সঙ্গই বাঞ্ছনীয়। নতুবা নিজাপেক্ষা শ্রেষ্ঠ ব্যক্তিকেও ছোট মনে হওয়ার অপরাধ হইবে।

হরিনাম মহামন্ত্র নিরন্তর কীর্ত্তনীয়। শ্রীল প্রভুপাদ বলিয়াছেন,—"সর্ব্বদা ভগবানকে মহামন্ত্র উচ্চারণ করিয়া ডাকিবেন।" শ্রীমন্মহাপ্রভুও "কীর্ত্তনীয়ঃ সদা হরিঃ" এই উপদেশ প্রদান করিয়া সকলকে নিরন্তর কৃষ্ণকীর্ত্তন করিতে বলিয়াছেন, স্বয়ং মহামন্ত্র উচ্চৈঃস্বরে কীর্ত্তন করিয়া জীবকে কৃষ্ণকীর্ত্তন শিক্ষা দিয়াছেন। নামাচার্য্য শ্রীল ঠাকুর হরিদাসও একলক্ষ নাম উচ্চৈঃস্বরে কীর্ত্তন করিতেন। সুতরাং মহামন্ত্র যে শুধু জপ্য নহে, তাহা নিরন্তর কীর্ত্তনীয়, তাহা সহজেই অনুমেয়। কীর্ত্তন-বিরোধী যাহারা, তাহারাই মহামন্ত্র কীর্ত্তনীয় নহে বলিয়া লোককে ধোঁকা দিয়া থাকে।

হরিনাম-কীর্ত্তনই নিত্যধর্ম্ম।

কলিকালে একমাত্র হরিকীর্ত্তন দ্বারাই অতি সত্বর জীবের পরম প্রয়োজন বা নিত্যমঙ্গল লাভ হয়। এ সকল কথা শুনিয়া কোন কোন মৎসর ব্যক্তি বলিয়া থাকেন যে, 'যাঁহার কীর্ত্তনাখ্য না হয় মহামন্ত্র কীর্ত্তনীয়, কিন্তু উহা কেবল সংখ্যাযোগে কীর্ত্তনীয়, খোল-করতালের সহিত কীর্ত্তনীয় নহে।' কীর্ত্তনে বাধা প্রদান করাই এ সকল দুঃখিক লোকের একমাত্র উদ্দেশ্য। আমরা অধিপুরাণে দেখিতে পাই,—

হরে কৃষ্ণ হরে কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ হরে হরে।
:'"' :কেদয় বাপি তে কৃতার্থা ন সংশয়ঃ
[illegible]

[illegible] —স্থানে 'রটনা' শব্দের অর্থ ঘোষণা—সর্ব্বত্র প্রচার। 'কেদার' শব্দের দ্বারা সংখ্যাদি নির্ব্বন্ধ না থাকিলেও যে 'হরেকৃষ্ণ' নাম করা যায়, ইহা স্পষ্টই বুঝা যাইতেছে এবং হরিনাম মহামন্ত্র খোল-করতালের সহিত কীর্ত্তন, সংখ্যা বা নির্ব্বন্ধের সহিত কীর্ত্তন, মানসিক জপ ও উপাংশু জপ—সর্ব্বভাবেই নিরন্তর সেবিত। নাম বলিতে হরেকৃষ্ণ মহামন্ত্রই তারকব্রহ্ম নাম জানিতে হইবে। অনর্থযুক্ত ব্যক্তির পক্ষে উচ্চৈঃস্বরে তারকব্রহ্মনাম কীর্ত্তনই শ্রেয়ঃ। অনর্থযুক্ত ব্যক্তি যদি তারকব্রহ্ম নাম নির্জ্জনে জপের ছলনা দেখাইতে যান, তাহা হইলে সে ব্যক্তি শ্রীনাম জপ করিবার পরিবর্ত্তে হয় বিষয়জপ, না হয় নিদ্রা বা অন্যান্য ইতর কথাই স্মরণ করিবে। সুতরাং সকল সময় সর্ব্বতোভাবে উচ্চৈঃস্বরে হরেকৃষ্ণ নাম ব্যতীত আর মঙ্গলের দ্বিতীয় রাস্তা নাই। অতএব সকলে সদ্গুরুর আনুগত্যে সর্ব্বক্ষণ উচ্চৈঃস্বরে মহামন্ত্র কীর্ত্তন করুন—ইহাই আমাদের প্রার্থনা।

অসাধুসঙ্গে কৃষ্ণনাম হয় না। সেইজন্যই সাধুসঙ্গে হরিনাম করিতে হইবে। যিনি সর্ব্বক্ষণ হরিনামের সেবা করেন, হরি কীর্ত্তন করেন, তাঁহার সঙ্গ ও সেবা করিলে আমাদের শ্রীনামে রুচি হইবে, কীর্ত্তনে অধিকার হইবে। কিন্তু সাধুসঙ্গ ছাড়িয়া নিজে নিজে কোটিজন্ম নামাপরাধ করিলেও শ্রীনামের কৃপা বা সেবালাভ হইবে না। সুতরাং শ্রীনাম ও নামাচার্য্যের নিকট হইতে নিরন্তর কৃপা-ভিক্ষাই আমাদের একমাত্র কাম্য হউক। তাঁহাদের কৃপা হইলেই আমরা অধোক্ষজে ভক্তির কথা বুঝিতে পারিব।

আধ্যক্ষিক

(প্রাপ্ত)

এ জগতের যে কোনও বস্তুকে দেখিতে হইলে বা বুঝিতে হইলে আমরা আমাদের ইন্দ্রিয়ের সাহায্যে দেখিয়া বা বুঝিয়া থাকি। বৈকুণ্ঠ-জগৎ হইতে শ্রীগুরুপাদপদ্ম বা তাঁহার বাণী এই ভৌম-জগতে বা প্রপঞ্চে অবতরণ করিলে তাহা আমাদের চর্ম্মচক্ষে প্রপঞ্চের ন্যায় মনে হইলেও তাহা প্রপঞ্চাতীত অতীন্দ্রিয় হয়। কাজেই জড়জগতের বস্তুবিশেষের ন্যায় আমাদের ইন্দ্রিয়ের দ্বারা তাহা দেখিতে বা বুঝিতে যাওয়া ধৃষ্টতামাত্র। শ্রীগুরু-বৈষ্ণব-ভগবান্ বা তাঁহাদের বাণী অধোক্ষজ বস্তু। তাঁহারা আধ্যক্ষিকের ইন্দ্রিয়ের অধীন নহেন। তাই এ বিষয়ে শাস্ত্র বলিয়াছেন,—

অতঃ শ্রীকৃষ্ণনামাদি ন ভবেদ্ গ্রাহ্যমিন্দ্রিয়ৈঃ।
সেবোন্মুখে হি জিহ্বাদৌ স্বয়মেব স্ফুরত্যদঃ॥

শ্রীগুরুবৈষ্ণব সর্ব্বতন্ত্রস্বতন্ত্র। এই জগতের হেয়তা, অবরতা, অনুপাদেয়তা তাঁহাতে আরোপ করিলে তাহা দ্বারা তাঁহাদের কিছু হানি বা ক্ষতি হয় না, তদ্বারা নিজেই বঞ্চিত হইতে হয়। জড় ইন্দ্রিয় ব্যতীত আমাদের সম্বল কিছু নাই, কাজেই আমরা ইন্দ্রিয়ের প্রত্যক্ষ বিষয়কে কি করিয়া অস্বীকার করিতে পারি? তাহাই যে আমাদের একমাত্র অবলম্বন। ইহাই বঞ্চিত ব্যক্তির কথা। কিন্তু প্রকৃতপক্ষে হরিগুরু-বৈষ্ণবের কৃপাপ্রার্থী যাঁহারা, তাঁহারা অধোক্ষজ বস্তুর উপাসক, সেবার অভিনয় নন। অভিনয়কারী যখন স্টেজের উপরে অভিনয় করিতে আরম্ভ করে তখন যেরূপ তাহার কোন ত্রুটী-বিচ্যুতি দর্শকের নয়ন-পথের গোচরীভূত না হয় এ বিষয়ে খুব লক্ষ্য থাকে, কিন্তু অভিনয় শেষ হইলেই তাহার আবরণ উন্মোচন করিয়া ফেলে, অর্থাৎ নিজস্বরূপ প্রকাশ করিয়া দেয়, তদ্রূপ আধ্যক্ষিকের গুরুভক্তি বা গুরুসেবার পরিণামও ঐরূপ হইয়া থাকে। বাস্তবসত্যের উপাসক যাঁহারা, তাঁহারা আমাদের ন্যায় ইন্দ্রিয়ের দ্বারা প্রতারিত না হইয়া প্রণিপাত, পরিপ্রশ্ন, সেবাবৃত্তি লইয়া শ্রীগুরুবৈষ্ণবের কৃপাপ্রার্থী হন। তাঁহারই নিকট অধোক্ষজ শ্রীহরিগুরুবৈষ্ণব আত্মপ্রকাশ করেন। আর বঞ্চিতের নিকট—অভিনয়কারীর নিকট—আধ্যক্ষিকের নিকট যবনিকা টানিয়া দেন। আমার ইন্দ্রিয়ের দ্বারা যাহা দেখিয়াছি বা বুঝিয়াছি তাহাই যথেষ্ট, শাস্ত্র-বিচার বা শ্রৌত-প্রণালী স্বীকার করিব না, এই যে দম্ভ বা স্বতন্ত্রতা, তাহাতে বাস্তবসত্য জগৎ ইন্দ্রিয়পরায়ণ ব্যক্তিগণের নিকট অপ্রকাশিতই থাকে। যাঁহারা অক্ষ অর্থাৎ ইন্দ্রিয়কে অবলম্বন করিয়া রহিয়াছেন সেই সকল ব্যক্তির সম্বন্ধে শ্রীল প্রভুপাদ বলিয়াছেন,—

'সূর্য্য হইতে আগত রশ্মি যখন আমাদের চক্ষুর্গোলোকে পতিত হয়, তখন আমরা সেই সূর্য্যরশ্মির সাহায্যে সূর্য্যকে দর্শন করি'—ইহাই অবরোহ-প্রণালীতে সূর্য্যদর্শন, আর যখন সূর্য্যরশ্মির সাহায্য পরিত্যাগ করিয়া স্বাধীনভাবে আমাদের নিজেদের প্রজ্বলিত কৃত্রিম আলোকের দ্বারা সূর্য্যদর্শন করিবার চেষ্টা করি তাহাতে

মৎকৃপা বিনা কোন কর্ম্মে ভক্তি নয়। কৃষ্ণভক্তি দূরে রহু সংসার নহে ক্ষয়।

হর্ষাদর্শন হয় না। এই শেষোক্ত প্রণালীই আধ্যক্ষিকতা বা আরোহবাদ। আধ্যক্ষিকতাই রাবণের অভিনন্দিত প্রণালী। আধ্যক্ষিকতার বহির্মুখ লোকসমূহের ইন্দ্রিয়তর্পণ ও সমর্থন আছে। প্রহ্লাদের পিতৃরূপে আত্ম-পরিচয় প্রদানকারী দৈত্যরাজ সর্ব্বেশ্বরেশ্বর বিষ্ণুকে আধ্যক্ষিকতার দ্বারা উড়াইয়া দিতে চাহিয়াছিলেন। হিরণ্যকশিপু একজন বড় sophist ছিলেন এবং তিনি তাঁহার আত্মরক্ষার পাকা বন্দোবস্ত করিয়াছিলেন। কিন্তু নৃসিংহদেব তাঁহার যাবতীয় আধ্যক্ষিকতার বিনাশকারী মূর্ত্তিতে প্রকটিত হইলেন। প্রহ্লাদে অধোক্ষজ সেবাবৃত্তি ও হিরণ্যকশিপুতে আধ্যক্ষিকতার উপধান দৃষ্ট হয়। অনেক মনোধর্ম্মী ও বঞ্চক আমাদিগকে আপাত প্রলোভনের পথে বিপথগামী করিতে পারে; অনেক পুতনার বন্ধু, নানাপ্রকার মুখোস পরিধান করিয়া আমাদিগকে বঞ্চনা করিতে আসিতে পারে, কিন্তু আধ্যক্ষিকতা পরিহার করিয়া শ্রীকৃষ্ণপাদপদ্মে নিষ্কপটভাবে শরণগ্রহণ করিলেই আমরা বঞ্চনার হস্ত হইতে মুক্ত হইতে পারি।

ভগবানের দুইটী শক্তি,—একটী চিচ্ছক্তি, একটী অচিচ্ছক্তি। এই অচিচ্ছক্তির আনুগত্যে আধ্যক্ষিক জ্ঞান প্রবল হয়, অর্থাৎ এই জগতের বস্তুর ন্যায় গুরু-বৈষ্ণব-ভগবান্‌কে ও তাঁহাদের কার্য্যকলাপকে মাপিয়া লইতে পারি, এইরূপ বুদ্ধি হয়। এই মেপে নেওয়া ধর্ম্ম বা আধ্যক্ষিকজ্ঞান প্রবল থাকাকালেই আমরা গুরুবৈষ্ণবের পাদপদ্মনখশোভা দর্শন হইতে বঞ্চিত হই।

আমরা অচিচ্ছক্তির আনুগত্য পরিত্যাগ করিয়া চিচ্ছক্তির আনুগত্য বরণ করিয়া যেন বলিতে পারি—

সত্ত্বং বিশুদ্ধং বসুদেবশব্দিতং
যদীয়তে তত্র পুমানপাবৃতঃ।
সত্ত্বে চ তস্মিন্ ভগবান্ বাসুদেবো
হ্যধোক্ষজো মে মনসা বিধীয়তে॥

...ল প্রভুপাদের বক্তৃতাবলী

পরমার্থ-সম্পুটের রত্নরাজি
ভিক্ষা :— ১ম খণ্ড ৷৹; ২য় খণ্ড ৵; ৩য় খণ্ড ৷৹ ৪র্থ খণ্ড ৷৹ আনা।
প্রাপ্তিস্থান শ্রীচৈতন্যমঠ
শ্রীধামমায়াপুর নদীয়া

শ্রী শ্রীআচার্য্যবাণী

ভক্তি ষড়ৈশ্বর্য্যবতী। ভগবানের ষড়ৈশ্বর্য্যের মধ্যে জ্ঞান ও বৈরাগ্য আছে। ষড়ৈশ্বর্য্যের মধ্যে শ্রী বা মূর্ত্তি বা রূপই অঙ্গী। শ্রী ঐশ্বর্য্য-প্রধান ও মাধুর্য্য-প্রধানভাবে দুই রূপে প্রকাশিত। এই ঐশ্বর্য্য ভরতা বা মাধুর্য্য-ভরতার সহিত বৈরাগ্য আছে—ভুক্তি বা কিরণরূপে। এই বৈরাগ্য—ভক্তিরসযুক্ত বৈরাগ্য, যাহার সম্বন্ধে শ্রীকৃষ্ণদাস কবিরাজ গোস্বামী প্রভু বলিয়াছেন—

মহাপ্রভুর ভক্তগণের বৈরাগ্য প্রধান
যাহা দেখি' তুষ্ট হন গৌর ভগবান॥

এই বৈরাগ্য ... যুক্তবৈরাগ্য, বিলাসের সুধামী। শ্রীকৃষ্ণকে বাদ দিয়া কপটতা বা কপটত্যাগ-দ্বারা ফলসংগ্রহের কল্পনা মাত্র নহে। বৈরাগ্য বা ব্রহ্মচর্য্য শুষ্ক, নীরস, ঔদাস্য তীব্র জ্যোতির্ম্ময় নির্ব্বিশেষ ব্রহ্মজ্ঞানাত্মক; আর ভক্তি—রসময়ী, স্নিগ্ধ। ভক্তির বা অর্থপ্রবৃত্তির অনুশীলন প্রথমে আরম্ভ হয়—"ব্রহ্মাণ্ড ভ্রমিতে কোন ভাগ্যবান্ জীব। গুরু-কৃষ্ণ-প্রসাদে পায় ভক্তিলতা বীজ"— এই অনুসারে ভক্তিলতাবীজ-স্বরূপ শ্রদ্ধার উদয় হইতে ভক্তির সূত্রপাত হয়। গুরু-কৃষ্ণ কৃপায় শ্রদ্ধা উদিত হইবার পর শ্রবণ-কীর্ত্তনরূপ ভক্ত্যঙ্গের যাজন হইলে ক্রমশঃ ভক্তির অনুশীলন হইতে থাকে। ভজন-ক্রিয়ার সহিত নিষিদ্ধাচার, কুটিনাটি প্রভৃতির বর্জ্জন হয়। আগে নিষিদ্ধাচার প্রভৃতি বর্জ্জন, পরে গুরুকৃষ্ণপ্রসাদ লাভ বা শ্রবণাদি ভক্ত্যঙ্গের যাজন, তাহা নহে। প্রথমেই শ্রদ্ধা, পরে সাধুসঙ্গ, সাধুসঙ্গে ভজনক্রিয়া অর্থাৎ শ্রীনামানুশীলন—এইগুলি সমস্তই বাস্তব অনুশীলন বা ধনজাতীয়। এই অনুশীলন হইতে থাকিলে অনর্থনিবৃত্তি আনুষঙ্গিকভাবেই হইয়া যাইবে।

ভগবৎ-স্বরূপ

——::(০)::——

প্রীতির ন্যায় ভক্তিপ্রবৃত্তিও দুই প্রকার—ঐশ্বর্য্যপরা ও মাধুর্য্যপরা। ভগবানের মাহাত্ম্য ও ঐশ্বর্য্য কর্ত্তৃক আকৃষ্ট হইয়া ভক্তি যখন স্বকার্য্যে প্রবৃত্ত হয়, তখন ভক্তি ঐশ্বর্য্যপরা হয়। সাধকের নিজ ক্ষুদ্রতা-ভাব হইতে দাস্যরসের উদয় হয়। ভগবানের পরমৈশ্বর্য্য প্রকাশ হইতে ভগবত্তত্ত্বে অপারাক্ত প্রভুতা লক্ষিত হয়। তখন পরমৈশ্বর্য্যযুক্ত পরমপুরুষ সর্ব্বরাজরাজেশ্বরভাবে (নারায়ণ স্বরূপে) জীবের কল্যাণ বিধান করেন। এ ভাবটী ক্ষণিক নয়, কিন্তু নিত্য, সনাতন। পরমেশ্বর স্বভাবতঃ সর্ব্বৈশ্বর্য্য পরিপূর্ণ। তাঁহাকে ঐশ্বর্য্য হইতে পৃথক করা যায় না। কিন্তু ঐশ্বর্য্য অপেক্ষা মাধুর্য্যরূপ আর একটী চমৎকার ভাব তাঁহাতে স্বরূপসিদ্ধ। ভক্তের যখন মাধুর্য্যপর ভাবটী প্রবল হয়, তখন ভগবৎসত্তায় মাধুর্য্যের প্রকাশ হইয়া উঠে এবং ঐশ্বর্য্যভাবটী সূর্য্যোদয়ে চন্দ্রালোকের ন্যায় লুপ্তপ্রায় হয়। ঐশ্বর্য্যভাব লীন হইলে সেই ভগবৎসত্তা উচ্চোচ্চ রসের বিষয় হইয়া উঠে। তখন সাধকের চিত্ত সখ্য, বাৎসল্য ও মধুর রস পর্য্যন্ত আশ্রয় করে। ভগবৎ-সত্তাও তখন তত্তদ্রসবিগ্রহ, পরমানন্দধাম, সর্ব্বচিত্তাকর্ষক শ্রীকৃষ্ণ-স্বরূপে প্রকাশিত হন। নারায়ণ-সত্তা হইতে শ্রীকৃষ্ণ-সত্তার উদয় হইয়াছে, এরূপ নয়, কিন্তু উভয় সত্তাই বিচিত্ররূপে সনাতন নিত্য। ভক্তদিগের অধিকার ও প্রবৃত্তিভেদে পৃথক্‌ভেদ বলিয়া স্বীকার করা যায়। আস্বাদগত পক্ষে রসমধ্যে সর্ব্বোৎকৃষ্ট রসগুলির আশ্রয় বলিয়া ভক্তিতত্ত্বে ও প্রীতিতত্ত্বে শ্রীকৃষ্ণ-স্বরূপের সর্ব্বোৎকর্ষ মানা যায়।

স্বরূপে বিচার করিলে স্থির হয় যে, ভগবান্‌ই একমাত্র আলোচ্য। অদ্বয়তত্ত্ব-নিরূপণে পরমার্থের তিনটী স্বরূপ বিচার্য্য হইয়া উঠে। যথা—

বদন্তি তত্তত্ত্ববিদস্তত্ত্বং যজ্‌জ্ঞানমদ্বয়ম্।
ব্রহ্মেতি পরমাত্মেতি ভগবানিতি
শব্দ্যতে॥
(ভাঃ ১।২।১১)

আদৌ ব্যতিরেক চিন্তাক্রমে মায়াতীত ব্রহ্ম প্রতীত হন। ব্রহ্মের অন্বয় স্বরূপ লক্ষিত হয় না, কেবল ব্যতিরেক স্বরূপটী জ্ঞানের বিষয় হইয়া উঠে। জ্ঞানলাভই ব্রহ্মজিজ্ঞাসার অবধি জ্ঞানের আস্বাদন অবস্থা বলে উদিত হয় না, যেহেতু তত্ত্বে আস্বাদক আস্বাদ্যের পার্থক্য নাই। দ্বিতীয়তঃ আত্মাকে অবলম্বন করিয়া অন্বয়-ব্যতিরেক উভয়ভাবের মিশ্রতা সহকারে পরমাত্মা লক্ষিত হন। ভগবান্‌ই একমাত্র অনুশীলনীয় তত্ত্ব বলিয়া উক্ত শ্লোকের চরমাংশে দৃষ্ট হয়। আস্বাদ্য পদার্থের গুণগণ মধ্যে এক একটী গুণ অবলম্বিত হইয়া "ব্রহ্ম", 'পরমাত্মা' প্রভৃতি তত্ত্ব ভিন্ন অভিধা নির্ণীত হইয়াছে। যত প্রকার ঈশ্বর নাম ও স্বরূপ জগতে প্রচলিত আছে, সর্ব্বাপেক্ষা ভগবৎ স্বরূপের নৈর্ম্মল্য প্রযুক্ত পূর্ব্বগত পারমহংস্য সংহিতায় 'ভাগবত' নাম হইয়াছে। বস্তুতঃ ভগবান্‌ই সর্ব্বগুণাধার। মূল গুণ ছয়টী 'ভগবৎ' শব্দবাচ্য; যথা বিষ্ণুপুরাণে—

"ঐশ্বর্য্যস্য সমগ্রস্য বীর্য্যস্য যশসঃ শ্রিয়ঃ।
জ্ঞানবৈরাগ্যয়োশ্চৈব ষণ্ণাং ভগ ইতীঙ্গনা॥"

সমগ্র ঐশ্বর্য্য, বীর্য্য, যশঃ অর্থাৎ মঙ্গল, শ্রী অর্থাৎ সৌন্দর্য্য, জ্ঞান অর্থাৎ অনন্ত এবং বৈরাগ্য অর্থাৎ অপ্রাকৃতত্ব—এই ছয়টীর নাম 'ভগ'। যাঁহাতে এইসব পূর্ণরূপে লক্ষিত হয়, তিনিই 'ভগবান্'। এস্থলে জ্ঞাতব্য এই যে, ভগবান্ কেবল গুণ বা গুণসমষ্টি নহেন, কিন্তু কোন স্বরূপ-বিশেষ—যাঁহাতে ঐ সকল গুণ স্বাভাবিকভাবে বর্ত্তমান আছে। উক্ত ছয়টী গুণের মধ্যে ঐশ্বর্য্য ও শ্রী ভগবৎস্বরূপের সহিত ঐক্যভাবে প্রতীত হয়। অন্য চারিটী গুণ গুণরূপে সোপাদান আছে।

শ্রীমন্মহাপ্রভু বলিয়াছেন, জীবমাত্রই কৃষ্ণের সেবক, কৃষ্ণসেবাই জীবের একমাত্র স্বরূপধর্ম্ম। বিশ্বের যে কোনও জীব এই কৃষ্ণসেবার অধিকারী। অনন্তজ্ঞানময় মর্ত্ত্যজীবের ন্যায় তিনি নির্ব্বিশেষবাদমূলে প্রতিষ্ঠিত ভেকের আধুলির মত চিজ্জড়-সমন্বয়বাদ মাত্র প্রচার করেন নাই। নির্ব্বিশেষবাদিগণের 'কৃষ্ণ' শব্দের ধারণা ও ভক্তের 'কৃষ্ণ' এক নহে—আকাশ-পাতাল ভেদ। নির্ব্বিশেষবাদিগণ নিজ নিজ কামনার বশে বিষ্ণু, শিব, শক্তি, সূর্য্য ও গণেশ প্রভৃতিকে সাময়িকরূপে খাড়া করাইয়া ভুক্তি ও মুক্তি কামনা করেন। নিত্য বিষ্ণুসেবা ইঁহাদের লক্ষ্য নহে। চরমে তাঁহার সহিত অভেদজ্ঞান বা এক কথায় আত্মবিনাশই ইঁহাদের লক্ষ্য।

"সিদ্ধলোকস্তু তমসঃ পারে যত্র বসন্তি হি।
সিদ্ধা ব্রহ্মসুখে মগ্না দৈত্যাশ্চ হরিণা
হতাঃ॥"

তমঃ অর্থাৎ মায়িক জগতের পারে ব্রহ্মধামরূপ সিদ্ধলোক। সেখানে ব্রহ্মসুখ-মগ্ন নির্ব্বিশেষবাদিগণ ও বিষ্ণু কর্ত্তৃক নিহত কংসাদি অসুরগণ বাস করেন। পাতঞ্জল যোগিগণ কৈবল্যসিদ্ধি লাভ করিয়াও সেই লোকপ্রাপ্ত হন।

শ্রীমদ্ভাগবতে মোক্ষাভিসন্ধি পর্য্যন্তও ... নিরস্ত হইয়াছে। কারণ

(অবশিষ্ট ৩য় পৃষ্ঠার শেষ কলমে দ্রষ্টব্য)

শুদ্ধভক্ত-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠ

প্রাচীন নবদ্বীপ, অন্তর্দ্বীপ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীচন্দ্রশেখর ভবনে শ্রীচৈতন্যমঠ, শ্রীবিশ্ব-
পীঠ, শ্রীশ্রীগান্ধর্বিকা-গিরিধারীর, গোস্বামী আচার্য্য
চতুষ্টয় বিগ্রহ অবস্থিত। সুপ্রাচীন মঠ
শ্রীভক্তিবিনোদ-নদীয়া প্রকাশ-প্রকাশালয় আছে।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ১১১৫। কলিকাতায় শ্রীভক্তিবিনোদ-আসনে মঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠ পাঠ, সঙ্কীর্ত্তন, প্রধানচতুষ্টয়-সেবার শ্রীনবদ্বীপধাম প্রচারিণী সভা প্রভৃতির সম্যক আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও তাহার পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়।

(৩) যোগপীঠ মায়াপুর শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমহাপ্রভুর আবির্ভাব-ভূমি মহাযোগপীঠ।

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং টোল।

(৬) মুরারিগুপ্তের পাট

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৭) কাজি-সমাধি-পাট

সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি।

(৮) অপ্রকটকুঞ্জনীলাগার

শ্রীধাম মায়াপুর

(৯) আনন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
এখানে ও বিগ্রহাদি শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর গদাধর ও গদাধরানন্দের সেবা বর্তমান।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ চাঁপাহাটি (বর্দ্ধমান)

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মাউগাছি, পোঃ ভারুইডাঙ্গা, (বর্দ্ধমান)
শ্রীব্যাসাবতার ঠাকুর বৃন্দাবনের স্থান

(১৩) ঋতুদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(১৪) জহ্নুদেব-গৌড়ীয়মঠালয়

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ

গৌড়পুর, নদীয়া

(১৬) শ্রীনবদ্বীপ গৌড়ীয় মঠ

রাতুপাড়া (শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্তী)
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৭) কুঞ্জকুটীর

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

(১৮) ভাগবত জনানন্দ

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

(২০) মহেশ-পণ্ডিতের পাট

কাঁঠালপাড়ি, পোঃ চাকদা (নদীয়া)

(২১) রাণাঘাট-গৌড়ীয়মঠালয়

(২২) পুরী গৌড়ীয়মঠ

চব্বিশ পরগণা

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ

বারদী পোঃ ওয়ারি, ঢাকা।
পূর্ববঙ্গের প্রচার-কেন্দ্র।

(২৪) গোপালজীউমঠ

কমলাপুর, পোঃ ঢাকা

(২৫) বলাই-গৌরাঙ্গ মঠ

পোঃ বালিয়াটী, (ঢাকা)

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

বড়বাজার, পোঃ ময়মনসিংহ

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চকচকা, কামরূপ (আসাম)

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

৩নং পাগলা ঝোড়, দার্জ্জিলিং

(৩০) সারস্বত-গৌড়ীয়মঠ

পোঃ চারিয়ার, জেঃ সাহারণপুর, ইউ, পি

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

মিঠাপুর পাটনা।

(৩২) গয়া গৌড়ীয়মঠ

নয়া রোড, গয়া

(৩৩) সনাতন-গৌড়ীয় মঠ

৮।১৭ বড় গণেশদীঘিং, বেনারস সিটি

(৩৪) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

(৩৫) পয়হারি মঠ,

পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)

(৩৬) শ্রীমথুরা-গৌড়ীয়মঠালয়

বিশ্রামঘাট পোঃ মথুরা
[illegible]

(৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ

কিশোরপুর, বৃন্দাবন

(৩৯) প্রেমানন্দ-সুখদকুঞ্জ

পোঃ রাধাকুণ্ড (মথুরা)

(৪০) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪১) রাধাকুণ্ড গোষ্ঠবাটী

(৪২) শ্রীগোবর্দ্ধনমঠালয়

গোবর্দ্ধন, মথুরা

(৪৩) সঙ্কেত বিহারী মঠ

বর্ষাণা, মথুরা।

(৪৪) নন্দগ্রাম গৌড়ীয়মঠালয়

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৫) বর্ষাণা গৌড়ীয়মঠালয়

পোঃ বর্ষাণা, মথুরা

(৪৬) গোষ্ঠবিহারী মঠ—দেপালী,

পোঃ কোটোণ, জেলা গুরগাঁও (পাঞ্জাব)

(৪৭) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

(৪৮) দিল্লী গৌড়ীয় মঠ

৪৫নং [illegible] রোড, নিউ দিল্লী

(৪৯) বোম্বে গৌড়ীয়মঠ

সাম্যালধাস চাইল রোড, অন্ধেরী
বোম্বে ৭

(৫০) মাদ্রাজ-গৌড়ীয়মঠ

পোঃ রায়পেটা, মাদ্রাজ
শ্রীশ্রীকুঞ্জবিহারী-গান্ধর্বিকাগিরিধারীর সেবা

(৫১) কাম্যবন গৌড়ীয়মঠ

পোঃ কভূর, জেলা গোদাবরী (মাদ্রাজ)
শ্রীশ্রীগৌরগোপালগান্ধর্বিকা-গিরিধারীর সেবা

(৫২) ব্রহ্মগৌড়ীয়মঠ

আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)

(৫৩) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা

(৫৪) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৫) সাক্ষিগোপাল

(৫৬) ত্রিদণ্ডি-গৌড়ীয়মঠ

পোঃ কপিলেশ্বর, পুরী

(৫৭) সচ্চিদানন্দ মঠ

সাতসাঁখ, পোঃ কটক (উড়িষ্যা)

(৫৮) বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ

৫৯। শ্রীব্রহ্মানন্দগৌড়ীয়-প্রপন্ন-আশ্রম

পোঃ শ্রীশ্রীক্ষেত্র, মহীশূর

(৬০) ভাগবতজনানন্দ মঠ

চৈতন্যা, পোঃ নারায়ণপুর, মেদিনীপুর

(৬১) জমাই গৌড়ীয়মঠ

পোঃ জমাই, মেদিনীপুর

(৬২) আমলাযোড়া প্রপন্নাশ্রম মঠ

পোঃ রাজবাঁধ (বর্দ্ধমান)

(৬৩) চৈতন্যগৌড়ীয়মঠ

কুতুবপুর, পোঃ চিকপুর, (মালদহ)

(৬৪) রেঙ্গুণ গৌড়ীয়মঠ

৩০১ নং [illegible] ষ্ট্রীট, রেঙ্গুণ।

(৬৫) লণ্ডন গৌড়ীয়মঠ

ফ্ল্যাট নং ১
৩১, আর্ল-রোড
গ্ল্যাপ্টন, লণ্ডন, ই ৫

(৬৬) গৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

১৬।এ, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা

(৬৭) গৌড়ীয়মঠ অফিস

স্টেশন রোড, লক্ষ্ণৌ (ইউ পি)

(৬৮) শ্রীবিদ্যানিধি গৌড়ীয়মঠালয়

নন্দনকানন, চট্টগ্রাম

ধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীমহানন্দ ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী, ভক্তিশাস্ত্রী কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

-:(০):-

বিজ্ঞাপনের হার

	খবরের পৃষ্ঠায় ১ম ও ২য় দিনের জন্য	পরবর্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও ২য় দিনের জন্য	পরবর্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	।০	৵০	।৵০	
" " ইঞ্চি	২৲		১।০	১৲
" সিকিকলম	৩৲	৪০		৩৲
" অর্দ্ধকলম	৮৲	৬৲	৬৲	৫৲
" এক কলম	১২৲	১০৲	১০৲	

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

		বিজ্ঞাপনের দর
প্রতিমাসে প্রতি ইঞ্চি	৩৲	
" সিকি কলম	১৫৲	
" অর্দ্ধকলম	২৫৲	১৮৲
" এক কলম	৩৫৲	৩০৲

চাঁদার হার

সাংবৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৸০
মাসিক "	১৲

সংখ্যা ৫ ; বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

শ্রীধাম-মায়াপুরে

—:০:—

—"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট"—

—:০:—

উচ্চ ইংরাজী বিদ্যালয়

স্বাস্থ্যকর স্থানে অবস্থিত বিদ্যালয় ও বোর্ডিং এর পরিচালনা, ... ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বোর্ডিং-এ সুন্দর বাসস্থানের ব্যবস্থা আছে। খোরাক ও সেবকাদির খরচ মাসে মাত্র ৬৲ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন্ পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। বর্ত্তমান বর্ষে ১৬ জন বালকের মধ্যে ১৫ জন সসম্মানে উত্তীর্ণ হইয়াছে।

মেধাবী ছাত্রগণের আরও সুবিধা

পরীক্ষায় যাহারা শতকরা ৭৫ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর ঐরূপ সাত্ত্বিক বিপ্রো ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক-সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতিসুন্দরভাবে আলোচিত হইয়াছে। এই এক অপূর্ব্ব গৌরব বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী

—:(০):—

শ্রীল প্রভুপাদের চতুঃষষ্টিতম পূর্ত্ত্যাবির্ভাব-তিথিতে শ্রীল আচার্য্যদেবের অভীষ্টানুসারে "শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী" প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। ইহাতে পূর্ব্বার্দ্ধ ও উত্তরার্দ্ধ দুইটি বিভাগ আছে। পূর্ব্বার্দ্ধে শ্রীল প্রভুপাদের আদ্য-প্রবন্ধাবলী শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের সম্পাদিত 'স-সজ্জিনী সজ্জনতোষণী,' শ্রীল প্রভুপাদের 'নবেদন' সাপ্তাহিক পত্র প্রভৃতি হইতে ক্রমানুসারে ও প্রয়োজনীয় অর্থের টীকা-সহ প্রকাশিত হইয়াছে। উত্তরার্দ্ধে শ্রীল প্রভুপাদের সম্পাদিত 'সজ্জনতোষণী'র কতিপয় প্রবন্ধ ক্রমানুসারে প্রকাশিত সহিত মুদ্রিত হইয়াছে। প্রবন্ধগুলি রচনাকালের ক্রমানুসারে গ্রথিত হইয়াছে; এতদ্ব্যতীত শ্রীল আচার্য্যদেবের একটি মূল্যবান্ উপোদ্ঘাত ও সম্পাদকীয় একটি বিস্তৃত ভূমিকা, শব্দ-সূচী, স্থান-পাত্র-শ্লোক ও পদ্যর-সূচী প্রভৃতি গ্রন্থে সংযোজিত হইয়াছে। গ্রন্থটী উৎকৃষ্ট কাগজে পারিপাট্যের সহিত মুদ্রিত ও শ্রীল প্রভুপাদের আলেখ্যাদিদ্বারা ভূষিত ও সুন্দর বাঁধাই হইয়া প্রকাশিত হইয়াছে। প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, জিলা নদীয়া; শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ও শ্রীমাধ্বগৌড়ীয়মঠ, বরিশা, পোঃ ঢাকা।

শ্রীচৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত্র অতিসুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত ইহার ভিক্ষা মাত্র ৪৲ টাকা। প্রাপ্তিস্থান শ্রীযুক্ত ... ভাণ্ডারী, শ্রীযোগপীঠ, ... পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীসরস্বতী-সংলাপ

প্রথম খণ্ড

শ্রীশ্রীব্রহ্মমাধ্ব গৌড়ীয়বৈষ্ণবসংরক্ষক জগদ্গুরু পরমহংসকুলচূড়ামণি নিত্যলীলা-প্রবিষ্ট ১০৮শ্রী শ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী-প্রভুপাদ বিভিন্ন জিজ্ঞাসু ও সজ্জনবৃন্দের পরিপ্রশ্নে ও সন্দেহ-নিরাকরণকল্পে যে-সকল হরিকথা কীর্ত্তন করিয়াছেন, যাহা তাঁহার প্রকটকালেই 'গৌড়ীয়' সম্পাদক প্রভৃতি শিষ্যগণ প্রভুপাদেরই শ্রীমুখে সংশোধিত করাইয়া লইয়াছিলেন এবং যাহার কিয়দংশ গৌড়ীয়পত্রে প্রকাশিত হইয়াছে, তাহা "শ্রীশ্রীসরস্বতী সংলাপ" নামে শ্রীল প্রভুপাদের 'প্রবন্ধাবলী' ও 'পত্রাবলী' আকারে খণ্ডে খণ্ডে প্রকাশিত হইতেছে। এবারে শ্রীল প্রভুপাদের প্রথমবার্ষিক বিরহতিথিপূজা-বাসরে এই গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। মানবজীবনের বহু অমীমাংসিত সমস্যা ও জটিল প্রশ্নের সমাধান ইহাতে পাওয়া যাইবে। ভক্তগণের পারমার্থিক এই গ্রন্থ সংগ্রহ একান্ত প্রয়োজন।

শ্রীল প্রভুপাদের পদ্যপ্রসূন মালা

এই গ্রন্থে ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তি-সিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের রচিত পদ্যাবলী শ্রীল আচার্য্যদেবের বিরচিত "সৌরভ" নামক ভাষ্যের সহিত প্রকাশিত হইয়াছে। শ্রীল প্রভুপাদের অনেক অপ্রকাশিত পদ্য ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ।০ চারি আনা।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপদেশক পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী সম্প্রদায়-বৈভবাচার্য এম্-এ মহোদয়ের সুদীর্ঘকালের গবেষণা এবং গভীর লেখনীর অদ্ভুত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত্র-পাঠে মগ্ন হউন। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিভিন্ন চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রাসঙ্গ দর্শনের সহিত তুলনা-মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৩৩শ অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্ত্তার ভূমিকাদ্বয় (Prefaces), বিষয়-তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র-(Index Glossary) সহ প্রথমাবধি প্রকাশিত। ভিক্ষা ১৫, পনর টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, ম্যাঙ্গালোর মাদ্রাজ, শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

'ঠাকুর ভক্তিবিনোদ'

——::(০)::——

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি-প্রচারের মূল মহাজন সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অভিনব জীবনচরিত এতদিন গ্রন্থাকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয়মঠাচার্য্যবর্য্যের শুভেচ্ছায় সদ্বিদ্যানাদিশিরোমণি গুরু-সেবক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু মূল্যবান শিক্ষামালাও সন্নিবিষ্ট হইয়াছে। সুরঞ্জিত ১২৫ পৃষ্ঠার গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৷৴০ আনা; ডাক [illegible]

শ্রী [illegible]—ম্যানেজার গ্রন্থবিভাগ
শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

——:(০)::——

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু সদ্গ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১৩।১নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

[illegible] পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাটতি অত্যন্ত অধিক। পিতার প্লীহা সংযুক্ত ম্যালেরিয়া এবং নূতন ও পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। মূল্য ছোট বোতল ৷৵০ দশ আনা, বড় বোতল ১৶০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা
অথবা
পোঃ বেহালা, ২৪ পরগণা

ই. বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ ৪-৩৬ ৬-০৬ ৭-২৬ ১২-২৬ ১৪-৫৬ ১৬-৫৬ ১৭-৫০ ২২-২০
রাণাঘাট পৌঃ ৮-৫০ ১৪-১৫
(বদল) ছাঃ ৯-৩৩ ১৪-৫০
কৃষ্ণনগর পৌঃ ৭-১ ৮-৪৫ ১০-৮ ১৫-২৩ ১৭-২৮ ১৯-১১ ২০-১৬ ১-১৫
(বদল) ছাঃ ৭-১২ ১০-৩১ ১৭-৩৮ ২০-২৬
নবদ্বীপঘাট পৌঃ ৭-৫১ ১১-১০ ১৮-১৬ ২০-৪৬

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ ১১-৬
রাণাঘাট পৌঃ ১২-৫৫
ছাঃ ১৩-০
শান্তিপুর পৌঃ ১৩-২৬
(বদল) ছাঃ ১৭-৩১ (শনিবার ভিন্ন)
কৃষ্ণনগর পৌঃ ১৪-২
ছাঃ ১৪-৪০
নবদ্বীপঘাট পৌঃ ১৫-০

ডাউন

নবদ্বীপঘাট ছাঃ ৫-৪৫ ৯-২৫ ১৩-৩১ ১৬-০ ১৮-৩১
কৃষ্ণনগর পৌঃ ৬-২৩ ৯-১৬ ১০-৩ ১১-৪১ ১৪-১০ ১৬-৩৮ ১৯-১১
ছাঃ ৩-২৬ ৭-১৮ ১০-১১ ১৬-৫৬ ১৯-২৫
রাণাঘাট পৌঃ ১০-৪৬ ১৭-৩১
(বদল) ছাঃ ১১-০ ১৭-৪০
কলিকাতা পৌঃ ৩-১৬ ৯-২১ ১২-১ ১২-১৬ ১৪-১৬ ১৯-১১ ২১-৪১ ২০-৫৩

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ ১৩-৩১ ১৬-০
কৃষ্ণনগর পৌঃ ১৪-১০ ১৬-৩৮
ছাঃ ১৫-২৮ ১৭-১৫
শান্তিপুর পৌঃ ১৬-৯ ১৭-৫৬
(বদল) ছাঃ ১৬-৩৩ ১৮-১ (শনিবার ভিন্ন) ১৮-৮ (শনিবার)
রাণাঘাট পৌঃ ১৭-১০ ১৮-২৭ ১৮-৩০
(বদল) ছাঃ ১৭-৪০ ১৮-৪০ ১৮-৪০
কলিকাতা পৌঃ ১৯-১১ ২০-৬ ২০-৬

পোঃ— শ্রীমায়াপুর
টেলিগ্রাম—শ্রীধাম
শ্রীমায়াপুর

REGD No C 1544

দৈনিক নদীয়াপ্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৪শ খণ্ড। শ্রীমায়াপুর—২৩শে চৈত্র, ১৩৪৫, ৬ই এপ্রিল, ১৯৩৯ বৃহস্পতিবার। ৩২শ সংখ্যা

বিবিধ সংবাদ

চীনে ইংরাজ বণিকের নিরুদ্দেশ

টিয়েন্‌ৎসিনের এক খবরে প্রকাশ, বৃটিশ বণিক সভার সভাপতি এবং উইলসন এণ্ড কোম্পানীর জেনারেল ম্যানেজার মিঃ এইচ এফ ডারেটকে গত ১৭ই মার্চ্চ এক দল অপরিচিত লোক হরণ করে। পরে জানা গিয়াছে যে, জাপানী সামরিক কর্ত্তৃপক্ষের আদেশেই ঐ কার্য্য হইয়াছে। মিঃ ডারেট উত্তর চীনে জাপ মুদ্রানীতির খুব বিরোধিতা করিতেছিলেন বলিয়াই নাকি তাঁহাকে হরণ করা হইয়াছে।

উ চাং-লিন নামক এক চীনা ডাকাত-সর্দ্দারকে জাপানীরা পয়সা দিয়া হাত করে। মিঃ ডারেটকে হরণ করিবার জন্য তাহাকেই আদেশ দেওয়া হয়। ১৭ই মার্চ্চ তারিখে উ এবং তাহার সহচরবর্গ ভূতপূর্ব্ব জার্ম্মাণ এলাকায় মিঃ ডারেটের বাড়ীতে যায় এবং পিস্তল ধরিয়া তাঁহাকে তাহাদের সঙ্গে যাইতে বাধ্য করে।

গাড়ী একটু দূর অগ্রসর হওয়ার পর ইঞ্জিন বিগড়াইয়া যায়। তখন উ মিঃ ডারেটকে টিয়েন্‌ৎসিনের বাহিরে লইয়া যাইবার জন্য একটি ট্যাক্সি ভাড়া করে। টিয়েন্‌ৎসিনের ৫০ কিলোমিটার পূর্ব্বে পিপিং-মুকডেন রেলওয়ের উপর অবস্থিত পেহতাং-এ পৌঁছিবামাত্র জাপ-নিযুক্ত পুলিশ গাড়ী আটক করে এবং তাঁহারা টিয়েন্‌ৎসিন মিউনিসিপ্যাল গবর্ণমেন্টের জাপ উপদেষ্টাকে ফোন করে। বিষয়টি যথারীতি জাপ সামরিক কর্ত্তৃপক্ষকে জানান হয়; তাঁহারা তখনই পেইতাং জাপ সৈন্যবাসের অধ্যক্ষ মেজর কো'নশির নিকট লোক পাঠান।

পরে মিঃ ডারেটকে পেইতাং-এ আটক করা হয় সেখান হইতে তাঁহাকে এক অজ্ঞাত স্থানে লইয়া যাওয়া হয়। পেহতাং-এ যে মিঃ ডারেটকে দেখা যায়, এই খবর বাহাতে প্রকাশ না পায় সেজন্য কড়া ব্যবস্থা অবলম্বন করা হয়। সুতরাং বৃটিশ কর্ত্তৃপক্ষ যখন পেইতাং-এ আসেন তখন মিঃ ডারেটের কোন সন্ধান তাঁহারা পান নাই।

ভাতের সহিত সাপ সিদ্ধ ভক্ষণ

একটী পরিবারের ভাতের হাড়ির মধ্যে একটি সাপের মাথা ও দেহের কিয়দংশ পাওয়া যায়। প্রকাশ সর্পসমেত উক্ত হাড়িতে ভাত রান্না করা হয়। তৎপর ঐ ভাত পরিবারের কতিপয় লোককে পরিবেশন করা হয়। তাহারা উক্ত অন্ন আহার করিলে পর হাড়ির মধ্যে সাপের মাথা ও দেহ দেখা যায় তৎক্ষণাৎ ডাক্তার ডাকা হয় এবং পরিবারের ৫ জনকে চিকিৎসা করা হয়। তাহার পর তাহারা এখন পর্য্যন্ত কোনরূপ অসুখ বোধ করিতেছে না।

বরিশালে পুলিশ আইন জারী

পুলিশ আইনের ৩০ ধারায় এক নোটিশ জারী করিয়া ঘোষণা করা হইয়াছে যে, তিন দিন পূর্ব্বে দরখাস্ত করিয়া লাইসেন্স সংগ্রহ না করিলে, বরিশাল মিউনিসিপ্যালিটির এলাকাভুক্ত কোন প্রকাশ্য রাস্তায় সভাসমিতি বা শোভাযাত্রা করা চলিবে না। দুইমাস পর্য্যন্ত এই নিষেধাজ্ঞা বহাল থাকিবে।

ট্রেণ চাপা পড়িয়া মৃত্যু

সম্প্রতি দিনাজপুর ষ্টেশনে এক ব্যক্তি কাটিহার হইতে দিনাজপুর আগত ট্রেণের নীচে পড়িয়া শোচনীয়ভাবে মারা গিয়াছে।

ঘটনার বিবরণে প্রকাশ, ঐ ব্যক্তি মাতাল অবস্থায় উক্ত ট্রেণে গোচাগঞ্জ হইতে দিনাজপুর আসিতেছিল। ট্রেণখানা দিনাজপুর ষ্টেশন প্রাঙ্গণে ঢুকিবার সময়ই উক্ত ব্যক্তি চলন্ত ট্রেণ হইতে লাফাইয়া পড়ে কিন্তু দুর্ভাগ্যক্রমে সে ট্রেণের তলায় পড়িয়া মারা যায়।

নওগাঁ সংবাদ

গত ১৩ই চৈত্র অশোকাষ্টমী তিথিতে ব্রহ্মপুত্র স্নান উপলক্ষে অন্যান্য বৎসরের ন্যায় এবারও শিল ঘাটে বহু যাত্রীর সমাগম হইয়াছিল। যাত্রীদের যাতায়াতের সুবিধার জন্য আসাম বেঙ্গল রেল কোম্পানী অতিরিক্ত গাড়ীর ব্যবস্থা করিয়াছিলেন। নওগাঁ হইতে মোটর যোগেও বহু যাত্রী তীর্থস্থানে যোগ দিয়াছিলেন। ফিরিবার পথে যাত্রীসহ একখানি মোটর বাস চাকা ভাঙ্গিয়া উল্টাইয়া যায়; ফলে কয়েকজন লোক গুরুতরভাবে আহত হয়। আহত ব্যক্তিরা স্থানীয় হাসপাতালে আছেন।

বর্দ্ধমানে জোড়া দুর্ঘটনা

দুই দিনের মধ্যে বর্দ্ধমান সহরে দুইটি শোচনীয় দুর্ঘটনা ঘটিয়াছে।

কালু জগধারা নামক এক ব্যক্তি দীর্ঘকাল ধরিয়া দুরারোগ্য ব্যাধিতে ভুগিতেছিল। অবশেষে গত ৩০শে মার্চ্চ সে সহরের তাম্বাকর মহল্লাতে একটী গাছের ডালে দড়ি বাঁধিয়া নিজের গলায় ফাঁস লাগাইয়া আত্মহত্যা করিয়াছে।

মহাজন টুলির আশারাম দুবাকি নামক এক ব্যক্তি নিজের ঘরের ছাদ হইতে দড়ি ঝুলাইয়া নিজের গলায় ফাঁস লাগাইয়া আত্মহত্যা করিয়াছে। এই আত্মহত্যার কারণ অজ্ঞাত।

রাজসাহীর গ্রামে ডাকাতি

আত্রাই থানার অন্তর্গত বিশা গ্রামে একটি দুঃসাহসিক ডাকাতি হইয়া গিয়াছে বলিয়া সংবাদ পাওয়া গিয়াছে। ডাকাত দলের আক্রমণের ফলে গৃহস্বামী আহত হইয়াছে। তাহাকে নওগাঁ হাসপাতালে স্থানান্তরিত করা হইয়াছে। এই সম্পর্কে একজন কৃষককে সন্দেহক্রমে গ্রেপ্তার করা হইয়াছে। সে কয়েকজন ডাকাতের নাম করিয়াছে বলিয়া প্রকাশ।

কেমারী বন্দরে দাঙ্গার জের

গত ৩০শে মার্চ্চ কেমারী বন্দরে যে দাঙ্গা হইয়াছিল, তাহার ফলে এখনও তথায় হাঙ্গামা হইবার আশঙ্কা করিয়া জেলা ম্যাজিষ্ট্রেট ১৪৪ ধারায় আদেশ জারী করিয়াছেন। ইহাতে পাঁচ ব্যক্তির একত্র সমাবেশ এবং অস্ত্র-শস্ত্র লইয়া গমনা-গমন নিষিদ্ধ হইয়াছে। দুই মাসের জন্য এই আদেশ বলবৎ থাকিবে।

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল সরস্বতী ঠাকুরের পরবিদ্যাভূষণ গোস্বামী মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক। প্রতি একাদশীতে প্রকাশিত হয়। কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয় মঠ হইতে প্রকাশিত। সডাক ভিক্ষা ৭।০ টাকা মাত্র।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয় মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩॥০, ষাণ্মাসিক ১।০ টাকা মাত্র।

৩। ভাগবত—হিন্দী ভাষায় একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয় মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ টাকা মাত্র।

৫। শ্রীগৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয় মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ মাত্র।

পরমগুরু শ্রীগৌরকিশোর

গৌড়ীয়-সম্পাদক-লিখিত, শ্রীগৌড়ীয়মঠাচার্য্যের ভূমিকা-সম্বলিত, বহুচিত্র-শোভিত ও বিষয় সূচী-সমন্বিত "পরমগুরু শ্রীগৌরকিশোর" গ্রন্থরাজ প্রকাশিত হইয়াছেন। এই গ্রন্থরাজে শুদ্ধগৌড়ীয়বৈষ্ণবগণের পরম্পরা, গৌড়ীয়গৌরব সর্ব্বাধিক অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ নিত্যলীলাপ্রবিষ্ট পরমহংস ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল গৌরকিশোরদাস গোস্বামী প্রভুবরের অভিনব চরিতকথা বর্ণিত আছে।

শ্রীশ্রীভক্তিবিনোদাবির্ভাব-শতবর্ষপূর্ত্তিতিথিপূজার উপায়ন-গ্রন্থমালা

———::(০)::———

১। গীতিসাহিত্যে শ্রীভক্তিবিনোদ

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র গীতিসাহিত্যের সমালোচনা-গ্রন্থ)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

২। শ্রীভক্তিবিনোদবাণীবৈভব

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের রচনামৃতসাগর হইতে আহৃত ১০৮টি অধ্যায়ে সম্বন্ধ-অভিধেয়-প্রয়োজনাকারে গুম্ফিত অমূল্য উপদেশপূর্ণ গ্রন্থ)

ভিক্ষা—৩৲ তিন টাকা মাত্র।

৩। শ্রীশ্রীভক্তিবিনোদ-প্রসঙ্গ

ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ ও ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল সরস্বতী ঠাকুরের পরবিদ্যাভূষণ গোস্বামী প্রভু-বিরচিত এবং গৌড়ীয়ে প্রকাশিত শ্রীশ্রীভক্তিবিনোদ-চরিত-প্রসঙ্গ

ভিক্ষা—৷৶০ ছয় আনা মাত্র।

৪। ছাত্রদের ভক্তিবিনোদ

(ছাত্রদের উপযোগী ভাষায় লিখিত শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্র ও শিক্ষা)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

ছাত্রদের পক্ষে ভিক্ষা—৷০ আট আনা মাত্র)

প্রাপ্তিস্থান :—

(১) 'ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্', পোঃ শ্রীমায়াপুর, নদীয়া ;

২) শ্রীগৌড়ীয় মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ,

৩ শ্রীযুক্ত কুঞ্জবিহারী দাস এম-এ, বি-এল্, গুরুবন্ধুষ্টর পোঃ নসুনা, ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবত,—সমগ্র ৪০্
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত — ২৮্
দশম স্কন্ধ— ৯্
২। ভাষ্যের নিয়ামক শ্রীচৈতন্যচরিতামৃত (অমুদ্রিত) ৬্
৩। অনুভাষ্য শ্রীচৈতন্যভাগবত ৬
৪। নবদ্বীপ ভাবনা (অমুদ্রিত) ৪্
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০ ; ২য় খণ্ড ১্ ; ৩য় খণ্ড—৸০
৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০ ; ২য় খণ্ড—১্ ; ৩য় খণ্ড
৭। শ্রীচৈ[illegible] ১ম খণ্ড
[illegible] ৷০
৯। বৈষ্ণব ১্
১০। গৌড়ীয় কণ্ঠহার ৯্
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২্
১২ শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১্
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ৷০
১৫। বেদান্তদর্শনে সম্বন্ধ তত্ত্ব ৷০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষৎ ৷০
১৮। ব্রাহ্মণ-আদর্শ ৷০
১৯। তত্ত্ববিবেক ৷০
২০। গৌড়ীয়-গৌরব ৷৶০
২১। গৌড়ীয়-গীতিকা ৷৶০
২২ ভজন-রহস্য ৷০
২৩। শ্রীচৈতন্যচরিতামৃত ও শ্রীনবদ্বীপশতক (বাঁধা) ১্
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা-সহ) ২্
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) অমুদ্রিত) ২্
২৬। গীতার কেবল মাত্র ভাষা ৷০
২৭। শ্রীকৃষ্ণভক্তি-রসোদধিঃ (সাধারণ) ২্
২৮। বেদান্ততত্ত্বসার (সাধারণ) ৷০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৸০
৩০। দীপ-চিত্র-দর্শন ৶০
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ৷৶০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ৷০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶০
৩৫। গীতমালা ৴১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৶০
৩৭। শ্রী কল্যাণ-কল্পতরু ৶০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ৷০
৩৯। শ্রীগোদ্রুমকল্পাটবী ৷০
৪০। শরণাগতি ৴০
৪১। গীতাবলী ৴০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
৪৩। সাধনতত্ত্ব ৴০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ৴
৪৫। নবদ্বীপশতক
৪৬। অর্চ্চনকণ্ঠ
৪৭। সদাচারস্মৃতিঃ ৹৴
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৴১০
৪৯। অর্চ্চনপদ্ধতি ৹১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম ও ২য়) ৭্
৫১। ব্রহ্মসংহিতা ৷০
৫২। মণিমঞ্জরী (সাধারণ) ৷০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ-নির্ণয় ৷০
৫৫। তত্ত্বসূত্রাবলী বা মায়াবাদশতদূষণী ৷০
৫৬ ভাগবতধর্ম ও ভক্তিপথ ৶০
৫৭। ঈশোপনিষৎ (আম্নায়সূত্র) ৷০
৫৮। শ্রীকৃষ্ণবোধ ৶০
৫৯। সিদ্ধান্তদর্পণ ৶০
৬০। সাংখ্যমালী

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ৷০
৬২। সিদ্ধান্ত-সরস্বতী বিবিধাঃ ৷০
৬৩। শ্রীকৃষ্ণ-বিলাসবর্ণনম্ ৷০
৬৪ তত্ত্বম্ ৷০
৬৫। সাত্বত বিধানম্ ৶০
৬৬। গৌড়ীয়মঠপরিচয়ঃ ৴০
৬৭। সারস্বতলক্ষণম্ ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ
৬৯। এ ভিজিট টু গৌড়ীয় মঠ ৷০
৭০। নামভজন ৴০
৭১। বেদান্ত—ইটস্ মরফলজী এণ্ড অন্টলজী ৷০
৭২। ভিসেটিড এন্ড্রেস ৷৶০
৭৩। শ্রীকৃষ্ণ চৈতন্য প্রেমপ্রভু ৷০
৭৪। বেদান্ত
৭৫। শ্রীগৌড়ীয়মঠ ইন মুম্বঃ
৭৬ দি ভাগবত
৭৭ নবদ্বীপ পরিক্রমা এণ্ড সাধনা বিধান
৭৮। ব্রহ্মসংহিতা ২৷০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (তৃতীয় খণ্ড) ১৫্

উড়িয়া ভাষায় প্রকাশিত

৮০। শ্রীভাগবতঅর্কমরীচিমালা
৮১। প্রেম-পথ
৮২। কল্যাণ কল্পতরু ৶
৮৩। গীতাবলী ৴
৮৪। শরণাগতি ৴

আসামী ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ৲

প্রাপ্তিস্থান —শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

একমাত্র পারমার্থিক দৈনিক পত্র

শ্রীধাম-মায়াপুর-নদীয়া

গঙ্গা নিত্যানন্দ জয়।

১৭শ বর্ষ | ২ মধুসূদন ৪৫৩ গৌরাব্দ ২৩শে চৈত্র বঙ্গাব্দ ১৩৪৫ ৬ই এপ্রিল ইং ১৯৩৯, বৃহস্পতিবার | ৩২শ সংখ্যা

সাময়িক-প্রসঙ্গ

২৪পরগণায় প্রচার

পরমারাধ্যতম পূজ্যপাদ ওঁ বিষ্ণুপাদ পরমহংস পরিব্রাজকাচার্য্যবর্য্য অষ্টোত্তরশতশ্রী শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুর নির্দ্দেশানুসারে গত ১২ই মার্চ্চ শ্রীচৈতন্যমঠের অন্যতম প্রচারক শ্রীপাদ গদাধর দাসাধিকারী ভক্তিস্থহৃৎ প্রভু কতিপয় ব্রহ্মচারী সহ ২৪পরগণা জেলার বেড়াচাপা গ্রামনিবাসী শ্রীযুত জ্ঞানানন্দ দাসাধিকারী মহাশয়ের বাটীতে উপস্থিত হইয়া শ্রীচৈতন্যচরিতামৃত হইতে জীবের নিত্যধর্ম্ম সম্বন্ধে পাঠ ও ব্যাখ্যা করেন।

১৯শে মার্চ্চ তারিখে আরিজুল্যাপুর গ্রামের জমিদার শ্রীযুক্ত বঙ্কবিহারী ঘোষ মহাশয়ের ভবনে উপস্থিত হইয়া শ্রীচৈতন্য-চরিতামৃত হইতে সনাতনশিক্ষা পাঠ ও ব্যাখ্যা করেন। উক্ত সভায় বহু ব্যক্তি উপস্থিত হইয়া হরিকথা শ্রবণ করেন। পরে ঐ স্থান হইতে ২২।৩।৩৯ তারিখে দৈবজ্ঞপুর গ্রামনিবাসী শ্রীযুক্ত সাগরচন্দ্র বিশ্বাস ও শ্রীযুক্ত অঘোরচন্দ্র মণ্ডল মহোদয়-দ্বয়ের ভবনে শ্রীচৈতন্যচরিতামৃত মধ্যলীলা ২০শ পরিচ্ছেদ হইতে জীবের সাধ্য-সাধন-নির্ণয় বিষয় পাঠ হয়। পাঠের আদি ও অন্তে মহাজনপদাবলী কীর্ত্তন হয়।

২৯শে মার্চ্চ তারিখে জয়পুর গ্রামে শ্রীযুক্ত শ্রীকৃষ্ণ ঘোষ মহাশয়ের বাটীতে শ্রীচৈতন্য চরিতামৃতের মধ্যলীলা ৪র্থ পরিচ্ছেদ হইতে ক্ষীরচোরা গোপীনাথের বিষয় পাঠ হয়। পাঠের আদি ও অন্তে মহাজনপদাবলী কীর্ত্তন হয়।

৩০শে মার্চ্চ তারিখে বিড়াগ্রামনিবাসী শ্রীযুক্ত বিনোদবিহারী পাল মহাশয়ের ভবনে শ্রীচৈতন্যচরিতামৃত হইতে সম্বন্ধ অভিধেয় প্রয়োজনতত্ত্ব আলোচনা হয়। পাঠের পর শ্রীযুত জ্ঞানানন্দ দাসাধিকারী মহোদয় ঐ তত্ত্ব-ত্রয়ের বিষয় শ্রোতৃমণ্ডলীকে সহজ ও সরল ভাষায় বুঝাইয়া দেন। পরদিন শ্রীযুক্ত বিনোদবিহারী পাল ও শ্রীযুক্ত বিপিনবিহারী দত্ত প্রভৃতি কতিপয় সজ্জনের আন্তরিক সেবাচেষ্টায় একটী বিরাট্ নগর-সংকীর্ত্তন বাহির হইয়া বিড়া ও বল্লভপাড়া গ্রামে শ্রীপাদ ভক্তিস্থহৃৎ প্রভুর মুখপদ্মে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত শ্রীমহামন্ত্র ও মহাজনপদাবলী কীর্ত্তন করা হয়। বিড়া ও বল্লভপাড়া গ্রাম-বাসীর সেবাচেষ্টা বিশেষ প্রশংসনীয়।

———

বৈদ্যবাটীতে প্রচার

কলিকাতা গৌড়ীয়মঠের অন্যতম প্রচারক শ্রীপাদ সুদর্শন ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী অযোধ্যার বিভিন্নস্থানে প্রচারকার্য্য শেষ করিয়া বর্ত্তমানে ফয়জাবাদ নামক স্থানে শ্রীমন্মহা-প্রভুর আচরিত ও প্রচারিত বিমল বৈষ্ণব-ধর্ম্মের কথা প্রচার করিতেছেন।

ব্রহ্মচারীজী স্থানীয় পুলিশ সাহেব শ্রীযুক্ত পি, এন, লাহিড়ী মহাশয়ের বাড়ীতে ছায়া-চিত্রযোগে কৃষ্ণলীলা-প্রদর্শন করেন। সভায় উপস্থিত সজ্জনমণ্ডলী হরিকথা শ্রবণ করিয়া পরমানন্দিত হন।

সভায় উপস্থিত কতিপয় বিশিষ্ট লোকের নাম প্রদত্ত হইল- মিঃ কে, এল ভার্গব সাব্ জজ্, মিঃ বি, এন, লাহিড়ী, এস পি, মিঃ বি, সি, ব্যানার্জী ভাইস-প্রিন্সিপ্যাল, মিঃ সুখার্জি সিভিলসার্জ্জন।

স্থানীয় Grain market এর সুবিস্তৃত Hall এ ব্রহ্মচারীজী সনাতনধর্ম্ম সম্বন্ধে প্রায় ১৷০ ঘণ্টাকাল হিন্দিভাষায় একটী বক্তৃতা প্রদান করিয়াছেন। সভায় প্রায় ৪০০ ...

বক্তৃতার আদি ও অন্তে মহাজনপদাবলী ও মহামন্ত্র কীর্ত্তন হইয়াছিল।

———

দিল্লীতে প্রচার

শ্রীগৌড়ীয়মঠের সেবক শ্রীপাদ পূর্ণপ্রজ্ঞ ব্রহ্মচারীজী নিউ দিল্লীর গৌড়ীয়মঠের বাৎসরিক উৎসবে যোগদান করতঃ বিভিন্ন স্থানে পাঠ ও কীর্ত্তনাদি করিয়াছেন

ব্রহ্মচারীজী গত ১১ই মার্চ্চ ইণ্ডিয়া গভর্ণমেণ্ট প্রেসের বিশিষ্ট কর্ম্মচারী শ্রীযুত প্রমথনাথ সেন মহোদয়ের সাদর আহ্বানে রাত্রি ৭৷০ ঘটিকার সময় তাঁহার গৃহে উপস্থিত হইয়া শ্রীমদ্ভাগবত ১০ম স্কন্ধ হইতে স্বরাট্ ভগবান্ কৃষ্ণচন্দ্রের বিচিত্রতা-পূর্ণ বাল্যলীলার কিয়দংশ পাঠ ও ব্যাখ্যা-মুখে প্রায় ২ ঘণ্টাকাল হরিকথা কীর্ত্তন করেন।

পাঠের আদি ও অন্তে মহাজনপদাবলী ও মহামন্ত্র কীর্ত্তনান্তে সভা ভঙ্গ হয়। শ্রীযুত সেন মহাশয় শ্রীগৌড়ীয়মঠের প্রতি খুবই শ্রদ্ধাবিশিষ্ট। তাঁহার আন্তরিক সেবা-চেষ্টা বাস্তবিকই প্রশংসার্হ

গত ১২ই মার্চ্চ ব্রহ্মচারীজী রাত্রি ৭॥ ঘটিকার সময় শ্রীযুত জানকীনাথ সরকার মহোদয়ের আগ্রহাতিশয্যে তদীয় ভবনে গমন করতঃ শ্রীমদ্ভাগবত ১০ম স্কন্ধ হইতে যমলার্জ্জুনভঞ্জন-লীলা পাঠ ও ব্যাখ্যা করেন। এই দিবস শ্রোতৃবৃন্দের সংখ্যা খুবই বেশী হইয়াছিল।

শ্রীল ভক্তিসুধাকর প্রভুর পত্র

...

মারামারিই তাঁহাদের উভয়ের ধর্ম্মের প্রকৃত শিক্ষার প্রতি অমনোযোগের ফল। গৌড়ীয়-মঠের স্বার্থ সার্ব্বজনীন। সেইজন্যই তাঁহারা দল বিশেষের পক্ষ দলাদলি সৃষ্টি করিবার উদ্দেশ্য সমর্থন করিতে অসমর্থ। তাঁহারা সর্ব্বদাই সকলের আত্মশোধনের পক্ষপাতী। আত্মশোধন দ্বারাই সকল গোলমালের প্রকৃত এবং স্থায়ী নিষ্পত্তি সম্ভব।

তোমরা একটী কথা কখনই বিস্মৃত হইও না। শ্রীল প্রভুপাদ আমাদিগকে আশ্রয়বিগ্রহের আনুগত্যে সকলে মিলিয়া-মিশিয়া সেবাকার্য্যে নিযুক্ত থাকিতে আদেশ করিয়াছেন। আশ্রয়বিগ্রহের আনুগত্যেই মেলামেশা-একতা ও সম্প্রদায়-সংরক্ষণ সম্ভব। নচেৎ বিশৃঙ্খলা হইবে —যাহা শ্রীল প্রভুপাদের কখনই উদ্দেশ্য নহে। যদি আমাদের দ্বারা শ্রীল প্রভুপাদের উদ্দেশ্য পালিত না হয়, তাহা হইলে আমাদের সে বৎসর বৈষ্ণবতার কি আবশ্যক কি?

আমার দণ্ডবৎপ্রণাম কৃপাপূর্ব্বক গ্রহণ করিবেন।

দাসাধম—

শ্রীনারায়ণদাস অধিকারী

"শ্রীভগবান্ আমাদের মঙ্গলের জন্য সকল বিধান করিয়া থাকেন—ইহা বিশ্বাস করি। নাস্তিকেরা কখনই জগতে প্রতিষ্ঠা লাভ করিতে পারে না। দিনকতক তাহারা লাফালাফি করিয়া পরিশেষে দৈব-শাসনে ঠাণ্ডা হইয়া যায়। সমস্তই ঈশ্বরের ইচ্ছা।

(শ্রীল প্রভুপাদ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

মধুসূদন আদি কারণোদশায়ী গৌরাব্দ ৪৫৩

ভজনে বি

——::(১)::-

হরিভজনে বাধার আর শেষ নাই। শ্রীল প্রভুপাদ বলিয়াছেন—অনর্থগুলি [illegible]। সুতরাং হরিভজনের হরিসেবায় যতই বাধা আসুক না কেন, সেগুলি গুরুকৃপায় অতিক্রম করিয়া তিনি ভগবৎ-সেবায় উত্তরোত্তর অগ্রসর হন। এই প্রপঞ্চে কেবলই পরীক্ষা আসিতেছে। সেই সকল পরীক্ষায় উত্তীর্ণ বা বাধাগুলি অতিক্রম করিতে পারিলেই নিত্যমঙ্গল হইবে। এই বাধা নিজে নিজে অতিক্রম করা যায় না। হরিজনের শ্রীমুখে হরিকথা শ্রবণ করিয়া সেগুলি নিজ জীবনে পালন পূর্ব্বক কীর্ত্তন করিলেই পরীক্ষায় উত্তীর্ণ হওয়া যাইবে। এখানে সহিষ্ণুতা, দৈন্য ও পর-প্রশংসা প্রভৃতি হরিভজনের সহায়। এগুলি না থাকিলে হরিভজন করিতে গিয়া পদে পদে বাধা পাইতে হয়।

এ জগতের প্রায় শতকরা শতজনই হরিভজন করে না। সকলেই নিজ দল বৃদ্ধি করিতে চায়। সুতরাং তাহারা সকলেই যে হরিভজনে অনবরত বাধা দিবে, তাহাতে আর সন্দেহ কি? তবে একটা কথা, হরিভজনে যাহারা বাধা প্রদান করে, তাহাদের মধ্যে দেহ ও মনই সব চেয়ে বড় শত্রু। হরি-ভজনে প্রথমমুখে দেহ ও মন যেভাবে বাধা দেয়, এরূপভাবে বাধা আর কেহ দেয় না। আমরা পত্রটি পাঠে জানিতে পারি যে, প্রকৃত মহাজনের চরণে—জগদ্গুরু আচার্য্যের পাদপদ্মে চিরবিক্রীত হইতে না পারিলে ভজন আরম্ভই হয় না। সেইজন্য সর্ব্বপ্রথমেই সদ্গুরুচরণাশ্রয়ের কথা। শ্রীগুরুদেব যে সে বস্তু নন, আমাদের পক্ষে নন—আমাদের নিত্যবান্ধব। এই মর্ত্ত্যজগতে যদি আমাদের সর্ব্বশ্রেষ্ঠ হিতৈষী, নিত্য-মঙ্গলাকাঙ্ক্ষী, আমাদের দুঃখে দুঃখী কেহ থাকেন, তবে তিনি শ্রীগুরুদেব। তিনিই আমাদিগকে মরণময় প্রপঞ্চ হইতে অপ্রাকৃত নিত্যশান্তি-নিকেতনে লইয়া যান—নিত্যা-নন্দের সন্ধান প্রদান করেন। তাঁহার দয়ার তুলনা নাই, করুণার শেষ নাই। তাঁহার মহিমার কথা, অপার গুণের কথা বলিয়া শেষ করা যায় না, জগতের তাবৎ জগতের লোককে বুঝান যায় না, তিনি এত করুণ, এত দয়াল! এই সদ্গুরু অভিমর্ত্ত্য মহাপুরুষ। তিনি আর কেহই নহেন, তিনি আমাদের শ্রীল আচার্য্যদেব। তাঁহাকে মর্ত্ত্যজীব কখনও চিনিতে পারে না, ভোগের চক্ষুদ্বারা কখনও তাঁহার স্বরূপদর্শন হয় না। গুরু-কৃপা-প্রাপ্ত ও গুরুচরণে শরণাগতজনই সেই সদ্গুরুর সন্ধান পান ও অপরকে সেই সন্ধান দিতে পারেন। ভগবৎকৃপা ও নিষ্কপট গুরুচরণে শরণাগত হইলেই—গুরু সেবার জন্য ব্যাকুল হইলেই সব বুঝা যায়। শ্রীগুরুদেবের নিকট নিষ্কপট কৃপাপ্রার্থী হইলে তাঁহার কৃপাতেই তাঁহাদের সন্ধান পাওয়া যায়। আবার গুরুসেবার জন্য উদ্গ্রীব হইলে গুরুসেবক বৈষ্ণবগণও সেই প্রত্যাশ্-জনগণকে সর্ব্বতোভাবে জ্ঞাত বা অজ্ঞাতসারে সাহায্য করিয়া থাকেন। কোন ব্যক্তিকে গুরুসেবার জন্য উৎসুক দেখিলে তাঁহাদের আনন্দের আর সীমা থাকে না। শ্রীগুরুসুখে সুখী গুরুসেবকের এত সরল চিত্তবৃত্তি। শ্রীল প্রভুপাদ বলিয়াছেন,—"চিরকাল সকলেই কোন না কোন বিশিষ্ট নিত্য সেবকের অনুগত যেখানে এই নিয়মের ব্যতিক্রম, সেখানে সেবার স্ফূর্ত্তি হইতে পারে না। সদ্গুরুর নিষ্কপট চরণাশ্রয়ী অনুগতবর্গের মধ্যেও এইরূপই নিয়ম বর্ত্তমান। তাঁহারা কখনও ঘোড়া ডিঙ্গাইয়া ঘাস খাওয়ার প্রণালী গ্রহণ করেন না—প্রভুর নিত্য অন্তরঙ্গ সেবকগণের আনুগত্যে গুরুদেবের সেবা করিয়া থাকেন। যেখানে এই নিয়মের ব্যত্যয় ঘটিয়াছে সেখানে প্রতিষ্ঠাশা বা ইন্দ্রিয়তর্পণ বিরাজিত।"

শ্রীশ্রীল প্রভুপাদ আমাদের নিত্য প্রভু—আমাদের শ্রীগুরুদেব। আর শ্রীশ্রীল আচার্য্যদেব শ্রীশ্রীল প্রভুপাদের অন্তরঙ্গ নিজজন—শ্রীল প্রভুপাদের অভিন্নবিগ্রহ—আমাদের শিক্ষাগুরুদেব। সুতরাং প্রভুপাদ-নিজজন—প্রভুপাদের অভিন্নমূর্ত্তি শ্রীশ্রীল আচার্য্যদেবের আনুগত্যে আমরা শ্রীল প্রভুপাদের সেবা করিব, শ্রীশ্রীল আচার্য্যদেবের সুখবিধানমুখে শ্রীশ্রীল প্রভুপাদের সুখবিধানে তৎপর হইব। অনন্তকোটি বিঘ্নব্রাত যদি আমাদের এই আচার্য্যানুগত্যময়ী প্রভুপাদ-সেবায় প্রবল-ভাবে বাধা প্রদান করে, তথাপি আমরা শ্রীশ্রীল প্রভুপাদের—শ্রীশ্রীল আচার্য্যদেবের সেবা ছাড়িতে পারিব না। কারণ, তিনি ছাড়া যে আমাদের আর কেউ নাই। শ্রীল প্রভুপাদ যে তাঁহাকেই আমাদের রক্ষা করিবার জন্য রাখিয়া গিয়াছেন। শ্রীল প্রভুপাদ আমাদিগকে সর্ব্বক্ষণ রক্ষা করিতে-ছেন, শ্রীল আচার্য্যদেবের অহৈতুকী কৃপা আমাদিগকে তাহা সর্ব্বক্ষণ উপলব্ধি করাইতেছে। প্রভুর [illegible] যে প্রভুসেবা করা [illegible] না, একথা শ্রীল প্রভুপাদই আমাদিগকে জানাইয়া সাবধান করিয়াছেন ও করিতেছেন এবং যাহারা গুরুনিজজনের আনুগত্য পরিত্যাগ করিয়াছে, তাহাদের স্বরূপও আমাদিগকে জানাইয়া দিয়াছেন। আমরা যদি নিত্য-বিলাস-অস্বীকারকারী নির্ব্বিশেষবাদীর সঙ্গ করি, তাহাদিগকে প্রশ্রয় দিই, তাহা হইলে আমরাও গুরুসেবা হইতে বঞ্চিত হইব। সৎসঙ্গে যাহার আদর আছে, অসৎ-সঙ্গে তাহার অনাদর হওয়া স্বাভাবিক। কিন্তু সৎ ও অসৎ এই উভয়ের প্রতি নিরপেক্ষভাব যেখানে, সেখানে অসতেই আদর জ্ঞাত বা অজ্ঞাতসারে আছে জানিতে হইবে। এই দুঃসঙ্গে অনাদর, সদ্গুরু ও গুরুবৈষ্ণবে আসক্তি ও তাঁহাদের প্রতি স্বাভাবিক টান না হলে—সৎপক্ষপাতী না হইলে হরিভজন আরম্ভই হয় না—বাধা কাটে না।

মন বড় বিশ্বাসঘাতক! বড় দুষ্ট! বড় শয়তান! সেই শয়তানের পরামর্শ শুনিতে হইবে না। তাহার পরামর্শ শুনিয়া গুরুবৈষ্ণবানুগত্য ছাড়িতে হইবে না। বহুরূপী যাহার নাম আমাকে বহুধার বাধা দেখাইয়া সে কেবল আমাকে গুরুবৈষ্ণব-পাদপদ্মসেবা হইতে বঞ্চিত করিবে, অবৈষ্ণবকে বৈষ্ণব এবং বৈষ্ণবকে অবৈষ্ণব মনে করাইয়া আমাকে বিপথগামী করাইবে। সুতরাং আমরা যদি মঙ্গল চাই, তাহা হইলে এ জগতের কোন লোকের পরামর্শ, মনের কোন উপদেশ গ্রহণ না করিয়া শ্রৌতবাণীই গ্রহণ করিব। সকলে আমাকে ত্যাগ করিলেও আমার পরমবন্ধু শ্রীগুরুদেব আমাকে ছাড়িবেন না, ইহা মর্ম্মে মর্ম্মে বুঝিব এবং সেই সাধু বাক্যকে সত্যবাক্য জানিয়া তদনুসারে জীবনযাপন করিব। তাহা যদি না করি, তাহা হইলে ইন্দ্রিয়তর্পণকেই কৃষ্ণসেবা বলিয়া ভুল বুঝিব, মনের চালাকি ধরিতে পারিব না।

আমরা বৈষ্ণব নহি,—আমরা বৈষ্ণবের কিঙ্কর, বৈষ্ণবদাস্যই আমাদের একমাত্র কৃত্য। যখন মনের পাল্লায় পড়িয়া বৈষ্ণবসেবা ছাড়িয়া নিজেকে বৈষ্ণব বলিয়া জাহির করিবার জন্য ব্যস্ত হই, তখন যদি একটু স্থির হইয়া চিন্তা করি, তাহা হইলে নিশ্চয়ই বুঝিতে পারিব যে, হৃদয়ে ইন্দ্রিয়তর্পণপিপাসা জাগিয়াছে। তাই বৈষ্ণববিদ্বেষের উদ্দেশে বৈষ্ণব সাজিয়াছি। যেখানে সেবাপিপাসা নাই, সেখানে প্রভুগণের সহিত—হরিজন-বৈষ্ণবের সহিত একটা পাল্লা দেওয়ার প্রবৃত্তি হওয়া স্বাভাবিক। এইরূপ দুর্ব্বুদ্ধি জাগিলে সেখানে যে আনুগত্য নাই তাহা বুঝিতে পারা যায় এবং এই আনুগত্যের অভাব অন্তরে বাহিরে প্রকাশ পায়। ইন্দ্রিয়তর্পণের কথা ত' শ্রৌতবাণীতে নাই। সেইজন্য আমি তখন শ্রৌতপথ ছাড়িয়া কখনও প্রকাশ্যভাবে আবার কখনও প্রচ্ছন্নভাবে ইন্দ্রিয়তর্পণপথকেই বরণ করি। প্রভুসেবক হইবার পরিবর্ত্তে প্রভু হইবার যে দুরাশা, তাহা হরিভজনের প্রধান অন্তরায়। নিষ্কপট হরিজনের সঙ্গ ব্যতীত এই বিপদের হস্ত হইতে নিষ্কৃতি নাই। সাধুসঙ্গে আমার মঙ্গল হইবে, ইহা আমি অনেক সময় বুঝি, কিন্তু অসৎসঙ্গের এমনি প্রভাব যে, সে আমাকে কিছুতেই সৎসঙ্গ করিতে দেয় না; পরন্তু হরিকথা আলোচনার সুযোগ না দিয়া আমাকে ইতর কথাতেই মজাইয়া রাখে। সেইজন্যই বলিতেছি, যাহাকে তাহাকে গুরু করিতে বা উপদেষ্টা মনে করিতে হইবে না। প্রকৃত শিক্ষকেরই নিকটে যাইতে হইবে। মনকে বা মনোধর্ম্মী কাহাকেও গুরু করিলে সর্ব্বনাশ অবশ্যম্ভাবী।

সাধুর নিকট হরিকথা শুনিয়া আমরা অনেকসময় মঠবাস করিবার জন্য সবিশেষ-বিশিষ্ট হই। কিন্তু ভোগী মন এত শয়তান যে, সে আমাকে যে কোন উপায়ে সাধুসঙ্গ হইতে তফাৎ করিবার জন্য উঠিয়া পড়িয়া লাগে। সে তখন বলে, মঠে থাকিয়া কি হইবে, গৃহে যাও। ঠাকুর ভক্তিবিনোদের জৈবধর্ম্ম কি পড় নাই? গৃহে গিয়া যুক্তবৈরাগ্য অবলম্বন কর। সেখানে গণ্ডগোল নাই। ভজননিষ্ঠা ও বাহ্যে লোকব্যবহার করিতে থাক, মর্কটবৈরাগ্য ভাল নয়। যোষিৎসঙ্গ বা নিজেন্দ্রিয়তর্পণ করিলেই কৃষ্ণসেবা হইবে। মন এত বিশ্বাসঘাতক!

মনের সঙ্গে বন্ধুত্ব করিলেই ঠকিতে হইবে। মনের কথা না শুনিয়া যিনি শুদ্ধবৈষ্ণবের কথা শুনিয়াছেন, তাঁহারই মঙ্গল হইয়াছে ও হইবে।

গৃহস্থ হওয়া ভাল, কিন্তু গৃহব্রত হওয়া উচিত নয়। যাঁহারা মহাভাগবত ও শ্রীগুরুকে আশ্রয় করিয়া গৃহে অবস্থান পূর্ব্বক নিরন্তর হরিকথাবিধানে তৎপর থাকেন, যাঁহাদের হরিসেবা ব্যতীত অন্যাভিলাষ নাই, তাঁহারাই বিষ্ণুভক্তিপরায়ণ গৃহস্থ। আর যাঁহারা কেবল নিজ সুখসুবিধার জন্য গৃহে অবস্থান করেন, তাঁহারা গৃহব্রত। আজকাল প্রায় শতকরা শতজনই গৃহব্রত। আমি যদি সাধুসঙ্গ ছাড়িয়া গৃহে থাকিতে চাই, তাহা হইলে গৃহব্রতগণের সঙ্গফলে আমিও গৃহব্রত হইয়া পড়িব। অম্বরীষ মহারাজ, প্রহ্লাদ মহারাজ, শ্রীবাসাদি ভক্তবৃন্দ গৃহস্থ ছিলেন। তাঁহারা সকলেই পরমহংস। তাঁহারা গৃহস্থ নামমাত্র নহেন। তাঁহারা সকলেই ত্রিদণ্ডী—কায়মনোবাক্যে নিরন্তর ভগবৎসেবাপর। আমরা যেন তাঁহাদিগকে অনুকরণ করিতে গিয়া গৃহব্রত হইয়া না পড়ি। সম্ভব হইলে সাধুজনসঙ্গবাসে থাকাই ভাল, আর সে সৌভাগ্য না হইলে গৃহব্রত না হইয়া গৃহে থাকিয়া সর্ব্বক্ষণ সাধুসঙ্গে হরিকথা আলোচনা করাই আবশ্যক।

মনোধর্ম্ম বা মনোধর্ম্মীর পাল্লায় পড়িয়া ভুল বুঝাও আর একটা বাধা। আমি নিজের ভুলগুলি সংশোধন করি না তাই অপরের ভুল দেখাইয়া দিবার সাহসও আমার নাই। আমি অনেক সময় তৃণাদপিসুনীচ লোকের কার্য্য করিয়া সেই কার্য্যের আশ্রয়ে নিজেকে লুকাইয়া রাখিবার চেষ্টা করি. অবৈষ্ণবতা বা কপটতাকে নির্দ্দেশ করিয়া দেওয়া পরনিন্দা বা পরচর্চ্চা বলিয়া মনে করি। সেই সময় আমি খুব তৃণাদপিসুনীচতা দেখাই কিন্তু শুদ্ধবৈষ্ণবের নিন্দা করিতে পশ্চাৎপদ হই না। আবার তখন আমি লোকের নিকট শুদ্ধভক্ত সার্টিফিকেট বাহির করিতেও দ্বিধাবোধ করি না। ভাগবতধর্ম্মের নিন্দা হইলে আমার তাতে না কিন্তু যখনই আমার প্রতিষ্ঠায় বাধা পড়ে তখনই আমি অভিমানী হইয়া জ্বলিয়া উঠি, এমনি আমার সহিষ্ণুতা। ভক্তগণ ভক্তবৈষ্ণবের আক্রমণে অসহিষ্ণু হইলেও নিজ আক্রমণের প্রতি উদাসীন থাকেন, একথা তখন আমি ভুলিয়া যাই। তাই ভোগোন্মুখ আমি ভাগবতধর্ম্মের অপ্রাকৃত অচিন্ত্য চেষ্টায় কোথায় কোন্ ছিদ্র আছে তজ্জন্য উদ্গ্রীব হইয়া থাকি এবং অনবকাশে অচিন্ত্য বস্তুর সমালোচনা করিতে শতজিহ্ব হই। হরিভজনে আমার এত বাধা! এত গলদ! সেইজন্যই বলিতেছি, দুষ্ট মনকে জয় করিয়াই আমার এত বাধা হইয়াছে। কিন্তু তাহা না করিয়া যদি আমি নিষ্কিঞ্চন মহাভাগবতের চরণে আমাকে চিরবিক্রয় করিতে পারিতাম, তাঁহাকেই যদি একমাত্র কর্ণধার বলিয়া বরণ করিতে পারিতাম তাহা হইলে এ সকল বিপদ আসিত না, গুরুপাদপদ্মে শ্রদ্ধা হারাইতাম না, ভক্তিপথ হইতে বিচ্যুত হইতাম না। এ বিপদ হইতে উদ্ধারকর্ত্তা অমোঘদর্শী নিত্যানন্দাভিন্ন শ্রীগুরুপাদপদ্ম ব্যতীত আর কেহ নাই। তাই মনে হয়—

এমন নির্ঘৃণ মোরে কেবা দয়া করে।
এক নিত্যানন্দ বিনা জগৎ ভিতরে॥

এই নিত্যানন্দ আমার মনের ছাঁচে গড়া নিত্যানন্দ নয়। নিত্যানন্দের সম্বন্ধে [illegible] বা কল্পনা তাহা মায়া। এই নিত্যানন্দ—[illegible] নিত্যানন্দস্বরূপ শ্রীগুরুদেব—শ্রীআচার্য্যদেব। তিনি মাদৃশ দুর্ব্বলের বল, অসহায়ের সহায়, দীনের বন্ধু। আমি যেন নিষ্কপটে সেই গুরুনিত্যানন্দের চরণে চিরবিক্রীত হইতে পারি, ইহাই প্রার্থনা।

আত্মনিবেদন

(প্রাপ্ত)

শ্রীগুরুপাদাশ্রয়ের প্রথমেই আমরা আত্মনিবেদন বলিয়া কথাটী শুনিতে পাই। স্বরূপবিস্মৃত হইয়া জড়জগতে প্রভুত্ব, কর্ত্তৃত্ব বা ভোক্তৃত্ব করিতে করিতে আমাদের স্বভাবটী এমনই হইয়া দাঁড়াইয়াছে যে, বহু ভাগ্যফলে যদি বা গুরুপাদপদ্মে আসিবার সুযোগ উপস্থিত হইয়াছে, কিন্তু আত্মনিবেদন করিতে হইবে, একথাটী শুনিয়াও শুনিতে চাহি না, বুঝিয়াও বুঝিতে চাহি না। কর্ণরন্ধ্র তো আমাদের শুনিবার জন্যই সৃষ্ট হইয়াছে, তবে শুনি না কেন? শুনিতে চাহি না, তাই শুনি না। দুর্ল্লভ মনুষ্যজন্ম লাভ করিয়াছি, জ্ঞান, বুদ্ধি, বুঝিবার শক্তি আছে বলিয়াই আমরা পশুত্ব হইতে শ্রেষ্ঠ বলিয়া অভিমান করি, কিন্তু বুঝিতে চাহি না, তাই বুঝি না।

সাধু-গুরু-শাস্ত্র-বাক্য হইতে জানিতে পারি, 'আদৌ অর্পিতা', 'দীক্ষাকালে ভক্ত করে আত্মসমর্পণ। সেইকালে কৃষ্ণ তারে করে আত্মসম।' আগে আত্মনিবেদন হইলে তবে গুরুপাদাশ্রয় বা সেবার কথা। দীক্ষা অর্থে দিব্যজ্ঞান। সেই দিব্যজ্ঞান বা সম্বন্ধজ্ঞানপ্রদাতা—শ্রীগুরুপাদপদ্ম। প্রথমেই যদি আত্মনিবেদন না হয়, তবে দীক্ষা-মুদ্রাদি দুঃখদান করে না, অর্থাৎ দিব্যজ্ঞানলাভের পথে অন্তরায় ঘটায়। ভক্তিলাভের ক্রম-পন্থায় দেখা যায় 'আদৌ শ্রদ্ধা, ততঃ সাধুসঙ্গোঽথ ভজনক্রিয়া।' শ্রদ্ধাটিকে বাদ দিলে যেরূপ অন্য কোন অনুষ্ঠানই কার্য্যকরী হয় না, তদ্রূপ প্রথমে আত্মনিবেদন না হইলে, কর্মনিপুণতা সেবা-পথে ক্রিয়াশীল হয় না।

মূলে ভুল, অর্থাৎ আমরা আমাদের আত্মপরিচয় যে নিত্য বৈষ্ণব-দাস্য বা কৃষ্ণানুগত্য, তাহা ভুলিয়া গিয়া বিরূপের পরিচয়ে পরিচিত হইয়া সংসার ভ্রমণ করিতেছি। আমরা সকলেই আত্মবস্তু, জড়বস্তু নই। আত্মা স্ত্রী-পুরুষ নয়, ধনী, দরিদ্র, বালক, বৃদ্ধ, পশু, পক্ষী, কীট, পতঙ্গ কোনটীই নয়। জীবমাত্রেই যে কোন দেশবাসীই হউক বা যে কোন উপাধিধারীই হউক বা যে কোন দেহধারীই হউক, সকলেই কৃষ্ণদাস। তাই ঠাকুর শ্রীল ভক্তিবিনোদ বলিলেন,—

মিছে মায়ার বশে, যাচ্ছ ভেসে
খাচ্ছ হাবুডুবু, ভাই।
(জীব) কৃষ্ণদাস, এ বিশ্বাস,
করলে ত' আর দুঃখ নাই॥

সম্প্রতি আমরা নিজ নিজ কর্ম্মফলানুযায়ী এক একটী দেহ ধারণ করিয়া তাহাতে অহংবুদ্ধি করিয়া কৃষ্ণপাদপদ্মসেবা হইতে বঞ্চিত আছি। মহাজনবাক্যে আমরা আত্মনিবেদনের কথা এইভাবে শুনিতে পাই—

বপুরাদিষু যোঽপি কোঽপি বা
গুণতোঽসানি যথা তথাবিধঃ।
তদয়ং তব পাদপদ্ময়ো
রহমদ্যৈব ময়া সমর্পিতঃ॥

দেহাদি বিষয়ে আমার যে কোনও আখ্যাই হউক না কেন, অথবা গুণবিচারে আমার যে কোন পরিচয়ই হউক না কেন, হে ভগবান্, আমি আমার এই অহংবুদ্ধি তোমার শ্রীপাদপদ্মে সমর্পণ করিলাম, অর্থাৎ আজ হইতে আমি তোমার হইলাম।

আমি ভগবানের হইয়া গেলাম, একথা মুখে বলিলেই তো ভগবান্ আমাদের স্বীকার করিবেন না। কারণ, আমরা কৃষ্ণবিমুখ বদ্ধজীব। 'বৈষ্ণবের আবেদনে কৃষ্ণ দয়াময়। এ হেন পামর প্রতি হবেন সদয়॥' নিত্যানন্দ প্রভুর কৃপা না হইলে যেরূপ মহাপ্রভুর কৃপা পাওয়া যায় না, তদ্রূপ গুরুপাদপদ্ম প্রসন্ন না হইলে ভগবান্ সন্তুষ্ট হন না। ভগবানের হইয়া যাইতে হইলে আমাদিগকে আগে গুরুদেবের 'আমি' হইতে—গুরুপাদপদ্মে সম্পূর্ণরূপে আত্মনিবেদন করিতে হইবে।

বিষয় বিগ্রহ শ্রীভগবান্ ভোক্তা কৃষ্ণ, আর আশ্রয়বিগ্রহ শ্রীগুরুপাদপদ্ম সেবককৃষ্ণ। ভগবানের স্ব-মুখোক্তি 'অহং হি সর্ব্বযজ্ঞানাং ভোক্তা চ প্রভুরেব চ।' ভগবানে ভোক্তৃত্ব নাই। ভগবানের ভোগের যাবতীয় উপকরণকে তৎপাদপদ্মে পৌঁছাইবার মালিক নিত্যানন্দাভিন্ন শ্রীগুরুপাদপদ্ম। 'নিত্যানন্দ পূর্ণ করে চৈতন্যের কাম।' সেবক-ভগবান্, আশ্রয়বিগ্রহ—শ্রীগুরুদেব, যাঁহার আশ্রয়ে জীব কৃষ্ণপাদপদ্ম-সেবা লাভ করিতে পারে। তাই ঠাকুর শ্রীল নরোত্তম গাহিয়াছেন,—

শ্রীগুরুচরণপদ্ম, কেবল ভকতিসদ্ম,
বন্দোঁ মুই সাবধান মতে।
যাঁহার প্রসাদে ভাই, এ ভব তরিয়া যাই,
কৃষ্ণপ্রাপ্তি হয় যাঁহা হৈতে॥

কৃষ্ণপাদপদ্মসেবা লাভের আশা লইয়াই আমরা গুরুপাদপদ্মে উপনীত হই, কিন্তু আমাদের দুর্দ্দৈব বশতঃ প্রকৃত শরণাগত সাধুর সঙ্গের অভাবে আমরা গুরুপাদপদ্মে আত্মনিবেদন করিতে পারি না। আত্মনিবেদন করিতে পারিলে, শরণাগত হইতে পারিলে কি আর সংশয়, মমতা, দুঃখ, চিন্তা এ সকল অন্তরে স্থান পাইতে পারে? তাই শ্রীল ঠাকুর মহাশয় গাহিয়াছেন—

আত্মনিবেদন, তুয়া পদে করি,
হইনু পরম সুখী।
দুঃখ দূরে গেল, চিন্তা না রহিল
চৌদিকে আনন্দ দেখি॥

শ্রীল ভক্তিসুধাকর প্রভুর পত্র

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

শ্রীগৌড়ীয়মঠ,
কলিকাতা,
১৭|৩|৩৯

শ্রীশ্রীবৈষ্ণবচরণে দণ্ডবৎপ্রণাম পূর্ব্বক নিবেদন,—

* * তোমার ১৫|৩|৩৯ তারিখের কৃপালিপি পাইয়া সমস্ত অবগত হইলাম।

গৌড়ীয়মঠ হিন্দু ও মুসলমানের কোন দলেরই পক্ষ অবলম্বন না করিয়া তাহাদের পরস্পরের প্রকৃত সমন্বয় সাধনের যত্ন করিতেছেন, ইহা তাঁহাদিগকে ভালরূপ বুঝাইয়া দেওয়া আবশ্যক। হিন্দু মুসলমানের

(অতঃপর ৩য় পৃষ্ঠার শেষ কলমে দ্রষ্টব্য)

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্স কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপদেশক পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী সম্প্রদায়-বৈভবাচার্য এম্‌-এ মহোদয়ের গোবেষণাপূর্ণ এবং পাণ্ডিত্যপূর্ণ লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত্র-পাঠে মগ্ন হউন। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিবিধ চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৩৩শ অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের স্বলিখিত মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকারের ভূমিকাদ্বয় (Prefaces), বিষয়-তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সূচিপত্র ও শব্দার্থ-পত্র (Index Glossary) সহ প্রথমখানি প্রকাশিত। ভিক্ষা—১৫, পনর টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, তায়ারপেট মাদ্রাজ, শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

'ঠাকুর ভক্তিবিনোদ'

——::(০):——

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি-প্রচারের মূল মহাজন সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অতিমর্ত্ত্য জীবনচরিত অদ্যাবধি পর্য্যাপ্ত প্রকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয়মঠাচার্য্যবরের অন্তেবাসী পরবিদ্যাসমালঙ্কৃত সু-লেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু মূল্যবান শিক্ষামালাও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১৭৫ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৸৹ আনা; ডাক মাশুল স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান—ম্যানেজার গ্রন্থবিভাগ
শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

——:(০):——

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু গ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১৩।১নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্

ইহা কটক নগরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

ই. বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	৫-৩৬	৬-০৬	৭-২৬	১২-২৬	১৪-৫৬	১৬-৫৩	১৭-৫৩	২২-২৩
রাণাঘাট পৌঃ			৮-৫০,	১৪-১৫				
(বদল) ছাঃ			৯-৩৫	১৪-৫০				
কৃষ্ণনগর পৌঃ	৭-১	৮-৪৫	১০-৮	১৫-২৩	১৭-২৮	১৯-১১	২০-১৬	১-১৪
(বদল) ছাঃ	৭-১২		১০-৩১		১৭-৩৮		২০-২৬	
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫১		১১-১০		১৮-১৬		২০-৪৬	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
রাণাঘাট পৌঃ	১২-৫৫
ছাঃ	১৩-০
শান্তিপুর পৌঃ	১৩-২৬
(বদল) ছাঃ	১৩-৩১ (ন্যারো গেজে)
কৃষ্ণনগর পৌঃ	১৪-২
ছাঃ	১৪ ১০
নবদ্বীপঘাট পৌঃ	১৫-০

ডাউন

নবদ্বীপঘাট ছাঃ	৫-৪৫		৯ ২৫		১৩-৩১	১৬-০	১৮-৩১
কৃষ্ণনগর পৌঃ	৬ ২৩	৯-১৬	১০-৩	১১-৪১	১৪-১০	১৬-৩৮	১৯-১১
ছাঃ	৬-২৬	৭-১৮	১০-১১			১৬-৫৬	১৯-২৫
রাণাঘাট পৌঃ			১০-৪৬			১৭-৩১	
(বদল) ছাঃ			১১-০			১৭-৪৩	
কলিকাতা পৌঃ	৬ ১৬	৯-২১	১২ ১	১২-১৬	১৪-১৬	১৯-১১	২১-৪১

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৩-৩১	১৬-০			
কৃষ্ণনগর পৌঃ	১৪-১০	১৬-৩৮			
ছাঃ	১৫-২৮	১৭-১৫			
শান্তিপুর পৌঃ	১৬-৯	১৭-৫৬			
(বদল) ছাঃ	১৬-৩৩	১৮-১	(রবিবার ভিন্ন)	১৮-৮	(রবিবার)
রাণাঘাট পৌঃ	১৭-১০	১৮-২৭		১৮-৩৩	
(বদল) ছাঃ	১৭-৪৩	১৮-৪০		১৮-৪০	
কলিকাতা পৌঃ	১৯-১১	২০-৬		২০-৬	

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

[illegible] পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাট্‌তি অত্যন্ত অধিক। লিভার প্লীহা সংযুক্ত কালাজ্বর এবং নূতন ও পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। মূল্য ছোট বোতল ৸৹ দশ আনা, বড় বোতল ১৶৹ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা
অথবা
পোঃ বেহালা, ২৪ পরগণা।

ফোন— শ্রীমায়াপুর
টেলিগ্রাম—"শ্রীনাথ"
শ্রীমায়াপুর

REGD No C 1544

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৪শ খণ্ড] শ্রীমায়াপুর—২৪শে চৈত্র, ১৩৪৫, ৭ই এপ্রিল, ১৯৩৯ শুক্রবার | ৩৩শ সংখ্যা

বিবিধ সংবাদ

পাখী শিকার করিতে যাইয়া বিপত্তি

তারকেশ্বর (হুগলী) থানার অন্তর্গত চাঁপাডাঙ্গা হইতে প্রাপ্ত এক সংবাদে প্রকাশ,—জনৈক গ্রামবাসী একটী বন্দুক ছুঁড়িতে যাইয়া নিহত হইয়াছে। এক সপ্তাহ পূর্ব্বে সে একটী দোনালা বন্দুকের লাইসেন্স লয়। গত শনিবার লোকটি সেই বন্দুক নিয়া পাখী শিকার করিতে গিয়াছিল। হঠাৎ বন্দুকের গুলী তাহার গায়ে লাগে। ৬ ঘণ্টা পরে লোকটীর মৃত্যু হয়।

আরোহীদের সলিল সমাধি

জলঙ্গী থানার নিকটবর্ত্তী [illegible] গ্রামের নিকট পদ্মাবক্ষে একখানি যাত্রীবাহী নৌকা ডুবি হইয়াছে বলিয়া সংবাদ আসিয়াছে। প্রকাশ, উক্ত নৌকায় ১৯ জন যাত্রী ছিল তন্মধ্যে ৯ জনের মৃত্যু হইয়াছে। ৯ জনের মধ্যে ছয় জন স্ত্রীলোক ও ১ জন বালক ছিল।

সম্রাট পঞ্চম জর্জ্জের প্রতিমূর্ত্তি

সোমবার সকালে বাঙলার গবর্ণর স্যার জন হার্বার্ট আউটরাম ঘাটের সম্মুখে ষ্ট্রাণ্ড রোডের উপর পরলোকগত সম্রাট পঞ্চম জর্জ্জের প্রতিমূর্ত্তির আবরণ উন্মোচন করেন।

সস্ত্রীক বাঙলা গবর্ণর সকাল ৮টার সময় উপস্থিত হন। তিনি প্রথমে সৈন্যদল পরিদর্শন করেন এবং পরে স্মৃতিরক্ষা কমিটির সভ্যদের সহিত পরিচিত হন।

স্মৃতিরক্ষা কমিটির চেয়ারম্যান বর্দ্ধমানের মহারাজা বাঙলার গবর্ণরকে প্রতিমূর্ত্তির আবরণ উন্মোচন করিতে অনুরোধ করিয়া সম্রাট পঞ্চম জর্জ্জের মৃত্যুর পর হইতে স্মৃতিরক্ষা কমিটি কিভাবে কাজ করিয়াছেন তাহার একটা ধারাবাহিক বিবরণ দেন।

অতঃপর বাঙলার গবর্ণর স্যার জন হার্বার্ট একটি ক্ষুদ্র বক্তৃতা করিয়া প্রতিমূর্ত্তির আবরণ উন্মোচন করেন। সেই সময়ে বৃটিশদের জাতীয় সঙ্গীত বাজানো হয় এবং কেল্লা হইতে ৩১টি তোপ পড়ে। প্রতিমূর্ত্তির আবরণ উন্মোচন করিয়া গবর্ণর তাহা পরিদর্শন করেন এবং গবর্ণর চলিয়া যাওয়ার পর জনসাধারণ তাহা দেখে।

সাইকেল চাপা দিয়া মৃত্যু ঘটাইবার অভিযোগ

ডেপুটি ম্যাজিষ্ট্রেট মৌলবী নাজিরুদ্দিন আহম্মদের কোর্টে [illegible] থানার অন্তর্গত কালেখপাড়া নিবাসী সুরেন্দ্রকুমার রায় সাইকেল চাপা দিয়া এক অবসরপ্রাপ্ত বৃদ্ধ চৌকিদারের মৃত্যু ঘটাইবার অভিযোগে দণ্ডবিধির ৩০৪ক ধারা (অসতর্ক ও বে-পরোয়া কার্য্য দ্বারা মৃত্যু ঘটান) অনুসারে অভিযুক্ত হইয়াছে।

অভিযোগের বিবরণে প্রকাশ যে, গত ২৮শে ফেব্রুয়ারী বেলা প্রায় ১০ ঘটিকার সময়ে পাহাগ্রামের নিকটে জেলা বোর্ডের রাস্তা দিয়া একিরাদী নামক বৃদ্ধ অবসরপ্রাপ্ত চৌকিদার যাইতেছিল। বিপরীত দিক হইতে আসামী সুরেন্দ্র সাইকেল চালাইয়া আসিতেছিল। বৃদ্ধ সাইকেলের ধাক্কা লাগিয়া পড়িয়া যায় এবং তৎক্ষণাৎ মৃত্যুমুখে পতিত হয়।

কোর্ট সাব-ইন্সপেক্টর মৌলবী আলী আহাম্মদ সরকার পক্ষে ছিলেন।

ডাকাতি ও নরহত্যার অভিযোগ

ডাকাতি ও নরহত্যার অভিযোগে আবদুল মজিদ খাঁ এবং অন্য পাঁচজনের বিরুদ্ধে যে মামলা দায়ের হয়, গত সোমবার হাওড়ার ডেপুটি ম্যাজিষ্ট্রেট মিঃ এস কে ঘোষের নিকট ঐ মামলার এক দফা শুনানী হয়।

একজন আসামী রাজসাক্ষী হয় এবং আর একজন স্বীকারোক্তি করে। ফলে তদন্ত করিয়া পুলিশ অধিকাংশ লুণ্ঠিত সামগ্রী উদ্ধার করে।

অভিযোগে প্রকাশ, ঘটনার দিন পূর্ণচন্দ্র দত্ত অত্যন্ত পীড়িত ছিল। পরদিন সে মারা যায়। পূর্ণচন্দ্রের পুত্রকে ডাকাতরা ছোরা মারে। তাহাকে মেডিক্যাল কলেজ হাসপাতালে পাঠান হয়। সেখানে সে মারা যায়।

পূর্ণচন্দ্র দত্তের কন্যা সত্যবালা দাসী ডাকাতদিগকে বাধা দিতে গেলে ডাকাতরা তাহাকে আক্রমণ করে। কিন্তু দৈবাক্রমে সে রক্ষা পায়। জবানবন্দীতে সত্যবালা বলে যে, রাত্রি ২টার কাহারও পতন শব্দ শুনিয়া সে তাহার ভ্রাতাকে ডাকে। তাহার ভ্রাতা অগ্রসর হইলে ডাকাতরা তাহাকে ছোরা মারে। ভ্রাতার চীৎকার শুনিয়া সাক্ষী অগ্রসর হইলে একজন ডাকাত তাহাকে লক্ষ্য করিয়া লাঠি মারে। সে লাঠি তাহার পিঠে পড়ে। তারপর ডাকাতরা বাক্স ভাঙ্গিয়া জিনিষপত্র লইয়া চলিয়া যায়। প্রতিবেশীরা অগ্রসর হইলে ডাকাতরা ইটপাটকেল ছুঁড়িতে থাকে।

মামলার শুনানী স্থগিত আছে।

আসানসোলে খনি শ্রমিকদের ধর্ম্মঘট

আসানসোল বেঙ্গল এণ্ড ট্রেডিং কোং লিঃর টিকরা কয়লা খনির শ্রমিকেরা (অনুমান ৫০০ শত) ৩০শে মার্চ্চ সকালে ধর্ম্মঘট করিয়া সার বাঁধিয়া এক মাইল দূরবর্ত্তী এক ময়দানে সমবেত হয়।

ধর্ম্মঘটের কারণ সম্পর্কে প্রকাশ, মালকাটারা ইতঃপূর্ব্বে খনির মধ্যে যে রাস্তায় যাইয়া কয়লা কাটিত, খনির ম্যানেজার গত বুধবার তাহাদের সে পথে না যাইয়া অন্য এক সুদূর ও দুর্গম পথ বাহিয়া যাইতে আদেশ দেওয়ায় অসন্তোষের সৃষ্টি হয়।

প্রাতে ধর্ম্মঘট ঘোষণা করিলে কয়লার খনির ম্যানেজার ও সুপারিণ্টেণ্ডেণ্ট তাহাদিগকে কাজে যাইবার জন্য অনেক অনুরোধ উপরোধ করেন। অবশেষে তাহারা শ্রমিক ইউনিয়নের সভাপতি শ্রীযুত অতুলচন্দ্র চক্রবর্ত্তীকে মোটরযোগে এখান হইতে ডাকিয়া পাঠায়। ইউনিয়নের পক্ষ হইতে শ্রমিকদিগকে কাজে যোগদান করিতে বলা হয় যে, তাহাদের মধ্যে যে ৬০।৭০ জন দুই দিন কাজে যায় নাই তাহারা ঐ দুই দিনের পূর্ণ মজুরী পাইবে এবং ইতঃপূর্ব্বে যে রাস্তা দিয়া যাইয়া কাজ করিতেছিল, সেই রাস্তা দিয়া যাইয়া কাজ করিবে।

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST — [illegible] শ্রীল [illegible] [illegible] [illegible] [illegible] ও [illegible] [illegible] [illegible] [illegible] টাকা মাত্র।

২। [illegible] [illegible] [illegible] বার্ষিক ভিক্ষা [illegible]

৩। [illegible] [illegible] [illegible] মাসিক [illegible] [illegible] ভিক্ষা [illegible] ২ টাকা।

৪। [illegible] [illegible] [illegible] পত্রিকা। বার্ষিক ভিক্ষা মাত্র ১ টাকা মাত্র

৫। শ্রীগৌড়ীয় — [illegible] [illegible] শ্রীল [illegible] [illegible] সাপ্তাহিক [illegible] [illegible] হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা [illegible] মাত্র।

পরমগুরু শ্রীগৌরকিশোর

গৌড়ীয় [illegible] [illegible] [illegible] [illegible] [illegible], [illegible] [illegible] "পরমগুরু শ্রীগৌরকিশোর" [illegible] প্রকাশিত হইয়াছে। এই গ্রন্থে [illegible] [illegible], গৌড়ীয় [illegible] [illegible] বৈরাগ্যের [illegible] [illegible] [illegible] শ্রীল [illegible] গোস্বামী [illegible] [illegible] [illegible] আছে।

ভক্তিবিনোদাবির্ভাব-শতবর্ষপূর্ত্তিতিথিপূজার উপায়ন-গ্রন্থমালা

১। [illegible] [illegible]

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের [illegible] [illegible] সমালোচনা-গ্রন্থ)

ভিক্ষা—৸৹ বার আনা মাত্র।

২। শ্রীভক্তিবিনোদ[illegible]

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] উপদেশপূর্ণ গ্রন্থ)

ভিক্ষা—৩৲ তিন টাকা মাত্র।

৩। শ্রীশ্রীভক্তিবিনোদ-প্রসঙ্গ

[illegible] শ্রীল [illegible] গোস্বামী [illegible] [illegible] [illegible] [illegible] গোস্বামী [illegible] [illegible] এবং গৌড়ীয় [illegible] [illegible] শ্রীভক্তিবিনোদ-চরিত-প্রসঙ্গ

ভিক্ষা—৷৴৹ ছয় আনা মাত্র।

৪। ছাত্রদের ভক্তিবিনোদ

(ছাত্রদের উপযোগী [illegible] শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্র ও শিক্ষা)

ভিক্ষা—৸৹ বার আনা মাত্র।

ছাত্রদের পক্ষে ভিক্ষা—৷৹ আট আনা মাত্র)

প্রাপ্তিস্থান:—

(১) 'ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট', পোঃ শ্রীমায়াপুর, নদীয়া;

২) শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা;

৩ [illegible] [illegible] [illegible] [illegible]-[illegible], [illegible]-[illegible], [illegible] পোঃ [illegible], ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

[illegible] প্রকাশিত

১।	শ্রীচৈতন্যভাগবত,—মূল	[illegible]
	[illegible] [illegible] [illegible] [illegible] —	[illegible]
	[illegible] —	৩৲
২।	[illegible] [illegible] শ্রীচৈতন্যভাগবত ([illegible])	[illegible]
৩।	[illegible] শ্রীচৈতন্যচরিতামৃত	[illegible]
৪।	[illegible] [illegible] ([illegible])	
৫।	শ্রীল [illegible] [illegible]াবলী	
	১ম খণ্ড ৸৹; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸৹ ৪র্থ খণ্ড ৸৹	
৬।	শ্রীল [illegible] [illegible]াবলী	
	১ম খণ্ড- ৸৹; ২য় খণ্ড -১৲, ৩য় খণ্ড—৸৹,	
৭।	শ্রীচৈতন্যদেব	
৮।	[illegible] দীপিকা ও [illegible] দীপিকা	১৷৹
৯।	বৈষ্ণবধর্ম্ম	১৲
১০।	গৌড়ীয়-[illegible]	১৲
১১।	শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা)	২৲
১২।	[illegible] শিক্ষা (বাঁধা)	১৲
১৩।	[illegible] ([illegible] সংস্করণ)	৸৹
১৪।	[illegible] (দ্বিতীয় সংস্করণ)	১৹
১৫।	বৈষ্ণবসিদ্ধান্ত [illegible]	৷৹
১৬।	ব্রাহ্মণ ও বৈষ্ণব	৸৹
১৭।	বৈষ্ণবোপনিষৎ	৷৹
১৮।	[illegible]-[illegible]	৷৹
১৯।	[illegible]	
২০।	গৌড়ীয় গৌরব	৷৵৹
২১।	গৌড়ীয়[illegible]	৷৵
২২	[illegible] [illegible]	
২৩।	শ্রীচৈতন্য[illegible] ও [illegible] বাঁধা)	১৲
২৪।	গীতা ([illegible] টীকা সহ)	২৲
২৫।	গীতা ([illegible]-টীকাসহ) (বাঁধা)	১৲
	[illegible] [illegible] [illegible] [illegible]	
২৬।	[illegible] [illegible] ([illegible])	১৲
২৭।	[illegible] ([illegible])	৷৹
২৯।	[illegible] ([illegible]) (বাঁধা , ৸৹	
৩০।	[illegible]-[illegible]-[illegible]	৵৹
৩১।	[illegible] ([illegible] সংস্করণ)	৶৹
৩২।	[illegible] [illegible] বাঁধা)	৷৹
৩৩।	নবদ্বীপধাম-[illegible]	৸৹
৩৪।	[illegible] (নবদ্বীপ-পরিক্রমা)	৶৹
৩৫।	[illegible]	১৹
৩৬।	নবদ্বীপধাম মাহাত্ম্য	৵৹
৩৭।	[illegible]-[illegible]	৵৹
৩৮।	[illegible]	৷৹
৩৯।	[illegible]	৷৹
৪০।	[illegible]	৴৹
৪১।	গীতাবলী	৴৹
৪২।	শ্রীব্রজমণ্ডল পরিক্রমা	৸৹
৪৩।	[illegible]	৴৹
৪৪।	[illegible]	৴
৪৫।	[illegible]	
৪৬।	[illegible]	
৪৭।	[illegible]	৹৴
৪৮।	[illegible] ([illegible] সংস্করণ)	৵৹
৪৯।	[illegible]	৴৹
৫০।	বৈষ্ণব[illegible] (১ম ও ২য় খণ্ড)	৯৲
৫১।	[illegible]	৷৹
৫২।	[illegible] ([illegible])	৷৹
৫৩।	[illegible]	৸৹
৫৪।	[illegible] [illegible]	৷৹
৫৫।	[illegible] [illegible]	৷৹
৫৬	[illegible] ও [illegible]	৶৹
৫৭।	[illegible] ([illegible])	৷৹
৫৮।	শ্রী[illegible]	৶৹
৫৯।	[illegible]	৶৹
৬০।	[illegible]	৴৹

[illegible] ভাষায় প্রকাশিত

৬১।	শ্রীচৈতন্য[illegible]	৷৹
৬২।	[illegible] [illegible]	৷৹
৬৩।	[illegible] [illegible]	৷৹
৬৪।	[illegible]	৷৹
৬৫।	[illegible] [illegible]	৶৹
৬৬।	গৌড়ীয়[illegible]	৴৹
৬৭।	[illegible]	৶৹

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮।	[illegible]	৷৹
৬৯।	[illegible]	৷৹
৭০।	[illegible]	
৭১।	[illegible] [illegible]	৷৹
৭২।	[illegible]	৷৴৹
৭৩।	[illegible] [illegible]	
৭৪।	[illegible]	
৭৫।	[illegible] [illegible]	৴৹
৭৬।	[illegible]	৷৹
৭৭।	[illegible] [illegible] [illegible]	
৭৮।	[illegible]	১৷৹
৭৯।	[illegible] ([illegible])	১৲

[illegible] ভাষায় প্রকাশিত

৮০।	[illegible]	৷৹
৮১।	[illegible]-[illegible]	৷৹
৮২।	[illegible]-[illegible]	৶৹
৮৩।	গীতাবলী	৴৹
৮৪।	[illegible]	৴৹

[illegible] ভাষায় প্রকাশিত

৮৫।	[illegible]	৴৹

[illegible] ভাষায় প্রকাশিত

৮৬।	শ্রীচৈতন্য[illegible]	[illegible]

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

একমাত্র পারমার্থিক দৈনিক পত্র

শ্রীধাম-মায়াপুর-নদীয়া

১৭শ বর্ষ | ৩ মধুসূদন ৪৫৩ গৌরাব্দ ২৫শে চৈত্র বঙ্গাব্দ ১৩৪৫ ৭ই এপ্রিল ইং ১৯৩৯, শুক্রবার | ৬৩শ সংখ্যা

সাময়িক-প্রসঙ্গ

গত ১২ই চৈত্র, ২৬শে মার্চ্চ রবিবার শ্রীচৈতন্যমঠের অন্যতম শাখা কটক শ্রীসচ্চিদানন্দমঠে শ্রীপাদ হৃষীকেশ ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী শ্রীচৈতন্যভাগবত হইতে শ্রীমন্মহাপ্রভুর নবদ্বীপ হইতে গয়াগমন-প্রসঙ্গ পাঠ ও ব্যাখ্যা করেন। ব্রহ্মচারীজী প্রসঙ্গক্রমে বলেন যে, শ্রীমন্মহাপ্রভু গয়া-গমনের মধ্যপথে জ্বরযোগ প্রকাশ করিয়া লোকশিক্ষার জন্য বিষ্ণুভক্তের অচ্যুতাত্মা ব্রাহ্মণের শ্রেষ্ঠতা জগতে স্থাপন করিবার ইচ্ছায় ঔষধরূপে নিজপ্রিয় বিপ্রপাদোদক গ্রহণ করিবার লীলা প্রদর্শন করেন। এতদ্বারা একদিকে তিনি যেমন মায়াবদ্ধ স্মার্ত্ত মর্ত্ত্যজীবের মূঢ়তা উৎপাদন করিবার লীলা প্রদর্শন করিলেন, অপরদিকে জগতে যাহাতে বিষ্ণুতত্ত্ববিৎ ব্রাহ্মণগণের শ্রেষ্ঠ মর্য্যাদা অক্ষুণ্ণ থাকে তাহার আদর্শ প্রদর্শন করেন। নারায়ণলীলায় যেমন স্বীয় বক্ষোদেশে ভৃগুপদচিহ্ন ধারণ করিয়া নিজের ভক্তের গৌরব বর্দ্ধন করিয়াছিলেন, তদ্রূপ এই গৌরলীলায়ও তিনি মাধবী অতিক্রমে অচ্যুতাত্মা ব্রাহ্মণের মর্য্যাদা স্থাপন করিলেন। প্রভুর এই অচিন্ত্য গূঢ় লীলার তাৎপর্য্য না বুঝিয়া প্রাকৃত-সহজিয়া-সম্প্রদায় প্রাকৃত জাতসামান্যবুদ্ধিতে আচ্ছন্ন হইয়া তথাকথিত বিপ্রগণের চরণোদক পান করিয়া বসেন। অচ্যুতাত্মা ব্রাহ্মণগণই ভগবান্ অচ্যুতের সেবা করিতে সমর্থ। তমোগুণাবৃত পাপিষ্ঠ শূদ্রগণ সর্ব্বদা বিষ্ণুসেবাবিমুখ। অতএব ব্রাহ্মণ অনাত্মদেহে আত্মবুদ্ধিযুক্ত মনোধর্ম্মী নহেন। বৈষ্ণবের দাসগণই ব্রাহ্মণ। বৈষ্ণবতার মধ্যেই ব্রাহ্মণতা অন্তর্হিত। বৈষ্ণব ব্রাহ্মণের গুরু। এই লীলায় শ্রীমন্মহাপ্রভু প্রকৃত ব্রাহ্মণের মাহাত্ম্যই প্রকাশ করিয়াছেন। পাঠের আদি ও অন্তে মহাজনপদাবলী ও শ্রীনাম কীর্ত্তন হইয়াছিল। বহু সজ্জন ব্যক্তি পাঠে যোগদান করিয়াছিল।

রংপুর জেলায় প্রচার

শ্রীগৌড়ীয়মঠের অন্যতম প্রচারক ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিবিজ্ঞান আশ্রম মহারাজ কতিপয় মঠসেবক সহ গত ২২শে মার্চ্চ দার্জ্জিলিং গৌড়ীয়মঠ হইতে রওনা হইয়া শিলিগুড়িতে অবতরণ করেন ও তথা হইতে ২৪শে মার্চ্চ নেওয়ানগঞ্জে গমন করেন। সেখানে শ্রীশ্রীভক্তিসিদ্ধান্তবাণী-সেবক-সমিতিতে শ্রীচৈতন্যদেবের আচরিত ও প্রচারিত প্রেমধর্ম্মের কথা কীর্ত্তন করেন। স্বামীজী মহারাজ একাদিক্রমে নয়দিবস "সম্বন্ধ, অভিধেয় ও প্রয়োজনতত্ত্বের" কথা শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত হইতে ধারাবাহিকভাবে বিশেষরূপে পাঠ ও ব্যাখ্যা করেন।

২রা এপ্রিল রবিবার প্রাতে নেওয়ানগঞ্জ হইতে স্বামীজী মহারাজ শ্রীযুত রাধাচরণ গোস্বামী মহোদয় সহ নীলফামারী নামক স্থানে গমন করেন। তথায় শ্রীযুত ক্ষেত্র মণ্ডলের দানাধিকারী মহাশয়ের উদ্যোগে এক বিরাট্ সংকীর্ত্তন শোভাযাত্রা বহির্গত হয়। তথায় স্বামীজী মহারাজ শুদ্ধ ব্যক্তিগণের নিকট হরিকথা কীর্ত্তন করেন।

হাওড়ায় প্রচার

শ্রীচৈতন্যমঠের অন্যতম প্রচারক ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিকেবল ঔদুলোমি মহারাজ গত ৮ই চৈত্র ২২শে মার্চ্চ কতিপয় ব্রহ্মচারী সহ হাওড়া জেলার অন্তর্গত পাতিহাল গ্রামে শ্রীযুক্ত কার্ত্তিকচন্দ্র মান্না মহাশয়ের ভবনে উপস্থিত হইয়া ৯ই, ১০ই ও ১১ই চৈত্র শ্রীমদ্ভাগবত হইতে কুন্তীদেবীর স্তব পাঠ ও ব্যাখ্যা করেন। পাঠের আদি ও অন্তে মহাজনপদাবলী কীর্ত্তন হয়। স্বামীজী সেখান হইতে ১২ই চৈত্র রঘুনাথপুর গ্রামনিবাসী শ্রীযুক্ত অশ্বিনীকুমার সর্দ্দার মহাশয়ের ভবনে উপস্থিত হইয়া শ্রীমদ্ভাগবত পাঠ ও ব্যাখ্যা করেন। পাঠের আদি ও অন্তে মহাজনপদাবলী কীর্ত্তন হয়।

সাত্বত-বিধানে শ্রাদ্ধ

হুগলী জেলার অন্তর্গত আঁখরগ্রামনিবাসী শ্রীগৌড়ীয়মঠাশ্রিত শ্রীযুত পঞ্চানন চট্টোপাধ্যায় মহোদয় তদীয় পরলোকগতা মাতার শ্রাদ্ধকার্য্য একাদশাহে গত ৪ঠা এপ্রিল শ্রীধাম মায়াপুর শ্রীচৈতন্যমঠে সাত্বত-স্মৃতিবিধানানুসারে পণ্ডিত শ্রীপাদ মধুসূদনদাস কাব্যতীর্থ মহোদয়ের পৌরোহিত্যে সম্পন্ন করিয়াছেন। এতদুপলক্ষে বৈষ্ণব ব্রাহ্মণগণকে মহাপ্রসাদ বিতরণ করা হয়।

শ্রীআচার্য্যবাণী

অর্থপ্রবৃত্তি হইতে অনর্থনিবৃত্তি হইবে, অনর্থনিবৃত্তি হইতে অর্থপ্রবৃত্তি নহে। শুদ্ধ নামের স্ফূর্ত্তি ও গ্রহণ যত হইতে থাকিবে ততই নামাপরাধ দূর হইবে, আবার নামাপরাধ যতই দূর হইতে থাকিবে ততই নামাভাস এবং শুদ্ধ ইন্দ্রিয়ে নামের সেবা হইবে। যতই নিজকে অপ্রাকৃত কৃষ্ণসেবক বলিয়া উপলব্ধি হইবে, ততই পূর্ব্বাভিমান প্রভৃতি আনুষঙ্গিকভাবে দূর হইবে। নির্ব্বিশেষবাদী কল্পতাপসিগণের ন্যায় শ্রীনাম ভাণ্ডের মন্ত্র জপ করিতে করিতে প্রকৃতি সঙ্গের প্রতিই ধ্যান হইতে থাকিবে। শ্রীল প্রভুপাদ আমাদিগকে শিক্ষা দিয়াছেন—আমরা ইন্দ্রিয়তর্পণের সেবক অভিমানের নহি। শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর বলিয়াছেন, আমরা বৈরাগী নহি অনুরাগী।

যেখানে জড়বিলাসী কর্ম্মী হইতে জড়বিলাসত্যাগী জ্ঞানীকে শ্রেষ্ঠ বলা হইয়াছে—যেমন "কোটী কর্ম্মীর মধ্যে এক জ্ঞানী শ্রেষ্ঠ" সেস্থলে চতুঃসন মুমুক্ষুকেই জ্ঞানিরূপে লক্ষ্য করা হইয়াছে; যেমন চতুঃসন, শুকাদি তাঁহাদিগকে কৃষ্ণসেবামাধুর্য্যে আকৃষ্ট করিয়াছেন; তাঁহারা আত্মারাম হইলেও সাধুভাবাকাঙ্ক্ষী নহেন।

শ্রীবৈষ্ণবগণের অনেকেই জ্ঞানিপ্রভৃতি, আলোয়ারগণের অনেকেই, যেমন কুল শেখরাদি জ্ঞানিযুক্ত ভক্ত, শাণ্ডিল্যাদি প্রভৃতি যোগমিশ্র ভক্ত।

"শ্রীভগবান্ আমাদের মঙ্গলের জন্য সকল বিধান করিয়া থাকেন—ইহা বিশ্বাস করি। নাস্তিকেরা কখনই জগতে প্রতিষ্ঠা লাভ করিতে পারে না। দিন কতক তাহারা লাফালাফি করিয়া পরিশেষে দৈন্যাসনে ঠাণ্ডা হইয়া যায়। সমস্তই ঈশ্বরের ইচ্ছা।"

(শ্রীল প্রভুপাদ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

৩ মধুসূদন নিধি গর্ভোদশায়ী গৌরাব্দ ৪৪৩

দুই একটী কথা

—·:·—

ভগবান্‌ই জীবের প্রাণ। যিনি সেই ভগবানের সেবাশ্রয় করিয়াছেন, তিনিই জীবন্ত। কিন্তু যেখানে আশ্রয় নাই, যেখানে সেবাহীনতা লক্ষিত হয়, তাহা জীবন্ত চাঞ্চল্য। হরিসেবকই নরবান্ ও পাণ্ডব। তাঁহাদের সঙ্গ করিলে সর্ব্বজীবপ্রাণ ভগবানকে অনুসন্ধান করিবার শিক্ষা। এবং প্রেরণা হয়। অতএব সেবাহীন, প্রাণহীন, সঙ্গহীন, বন্ধুহীন হইয়া জীবন যাপন করিয়া কি লাভ? আমরা দরিদ্র কৃষ্ণপ্রেমসেবা লাভে বঞ্চিত জীব। অমৃতের সন্তান না হইয়া সেবক হইয়া আজ আমরা নির্ধন—ইহা অপেক্ষা দুঃখের কথা আর কি আছে? শ্রীল নরোত্তম ঠাকুর বলিয়াছেন—

ধন মোর নিত্যানন্দ পতি মোর গৌরচন্দ্র
প্রাণ মোর যুগল কিশোর।
অদ্বৈত আচার্য্য বল গদাধর মোর কুল
নরহরি বিলসই মোর॥
বৈষ্ণবের পদধূলি তাহে মোর স্নানকেলি
তর্পণ মোর বৈষ্ণবের নাম।

এই মহাজনবাণীতে আমরা জানিতে পারি যে, শ্রীনিত্যানন্দ-প্রভু ব্যতীত অর্থাৎ জগদ্গুরুর পাদপদ্ম ব্যতীত বদ্ধজীবের অন্য কোন সম্পত্তি নাই। এই নিত্যানন্দ হয়েছেন—আমাদের শ্রীগুরুপাদপদ্ম। তাঁহার পদাশ্রয় করিলে, জগতের মঙ্গল শ্রীগুরু নিত্যানন্দের কৃপা লাভ হইলে ধনবান্ হওয়া যায়—দারিদ্র্য অপসারিত হয়। অন্য বা অনর্থের নিবৃত্তি শ্রীনিত্যানন্দ-কৃপাতেই হয়। হরিগুরুবৈষ্ণবের দাস্যই ধন বা সম্পত্তি, তাহাই পরমার্থ, আর বাকী সবই অনর্থ বা অধন। বদ্ধজীব আমরা ধনের প্রতি উদাসীন থাকিয়া অনর্থরূপ অধনকেই মহাধন করি বলিয়া ইন্দ্রিয়ের দাস্যই আমাদের ভাল লাগে এবং তজ্জন্য আমরা জন্মজন্মান্তর কেবল কষ্ট পাই। এই বিপদ হইতে আমাদিগকে কেউ নিষ্কৃতি দিতে পারেন না একমাত্র বিপদ্‌তারণ শ্রীগুরুদেব ব্যতীত।

কাহারও জড়প্রতিষ্ঠা দেখিয়া অসহিষ্ণু হইতে হইবে না। শুদ্ধবৈষ্ণবগণের উচ্ছিষ্ট-ভোজী দাসহয়ে আমাদের হৃদয়ে সেইরূপ অসতী স্পৃহা যেন বিন্দুমাত্রও স্থান না পায়। আমরা যেন সকলকে যথাযোগ্য সম্মান দিয়া গুরু-বৈষ্ণব-ভগবানের কৈঙ্কর্য্য করিতে পারি—গুরুসেবারত হইতে পারি। যিনি ছাড়া বিশ্বে আমাদের বন্ধু বলিতে আর কেউ নাই, সেই জগদ্বন্ধু শ্রীগুরুদেবের করুণার কথা যেন আমরা এক মুহূর্তও বিস্মৃত না হই। 'আমি ত' তোমার তুমি ত' আমার কি কাজ অপর ধনে' এই সম্বন্ধজ্ঞানে নিত্যকাল প্রতিষ্ঠিত থাকিয়া যেন প্রভুর সেবা করিতে পারি। তৃণাদপি সুনীচতার কার্য আমার হৃদয় অধিকার করিয়া যেন আমাকে বিপথগামী না করে, বিদ্বেষিগণের নিন্দা শুনিয়াও তৃণাদপি সুনীচতার ভাণে আমি যেন সহনশীলতা দেখাইতে গিয়া জনমনোরঞ্জন না করি। আমরা যাকে তৃণাদপি সুনীচতা মনে করিয়া বৈষ্ণবের শত্রুর প্রতি সুনীচতাকে দাম্ভিকতা মনে করি, তাহা কপটতা ছাড়া আর কিছুই নয়। শুদ্ধবৈষ্ণবগণের মানে প্রতিষ্ঠাই তৃণাদপি সুনীচতা। বৈষ্ণব দাসগণের ইহাই লক্ষণ। এই জন্যই তাঁহারা দাম্ভিক, কপট ও বৈষ্ণব-নিন্দাকারীকে প্রশ্রয় দেন না, পক্ষান্তরে ইন্দ্রিয়তর্পণ চালাইতে গিয়া যাহারা বৈষ্ণবের উচ্ছিষ্টভোজী দুর্দ্দশাগ্রস্ত তাহাদের উৎকট মনোধর্ম্ম কার্য্যে বাধা প্রদান করিবার জন্য অগ্রসর হন এবং সকলকে দুর্দ্দশাগ্রস্ত জনগণকে সতর্ক করিয়া দেন। কপটদিগের সকল কপটতা নিষ্কপট গুরুদাসগণের নিকট ধরা পড়িয়া যায়। তাঁহারা যখন এই সব অসৎকার্য্যে ব্রতী হন তখন মনোধর্ম্মী জীবগণ তাঁহাদের বাক্‌রোধ করিবার জন্য প্রাণপণ চেষ্টা করে, এবং ভক্তি ও ভক্তকে উড়াইয়া দিতে চায়। এমন কি, শুদ্ধভক্তগণকে নানাভাবে উৎপীড়ন করিতে বা তাঁহাদের নিন্দাবাদ করিতেও দ্বিধাবোধ করে না। তখন তাহারা 'চোর বলে ঐ চোর' নীতি অবলম্বন করিয়া আত্মরক্ষা করিতে চায়। কিন্তু সময় হইলে কৃষ্ণের ইচ্ছায় তাহাদের সকল কপটতাই ধরা পড়িয়া যায়। ভক্তগণ তাহাদের এই সকল কার্য্যকলাপ দেখিয়া চুপ করিয়া থাকেন, সেই সকল বাজে কথায় সময় না কাটাইয়া তাঁহারা সর্ব্বক্ষণ হরিকীর্ত্তন করেন—গুরুবৈষ্ণবভগবানের মহিমা কীর্ত্তন করেন।

বৈষ্ণবদাসগণ কখনও হরি গুরু-বৈষ্ণবের অমর্য্যাদাবচন সহ্য করেন না, গুরুবর্গের নিন্দা শুনিতে পারেন না। তাই তাঁহারা তীব্রভাবে তাহার প্রতিবাদ করেন। অভক্তগণ তাঁহাদের এই তীব্র প্রতিবাদ সহ্য করিতে না পারিয়া তাঁহাদিগকে নানাভাবে বিপদ্‌গ্রস্ত করিবার চেষ্টা করে। তাঁহাদের সমভিব্যাহারিবিশিষ্ট বহু লোককে ডাকিয়া তাহাদিগকে বোকা বানাইবার বা কেবলই সাধারণ করিবার চেষ্টা করে। কিন্তু নিষ্কপট ভক্তগণ তাহাতে দৃক্‌পাত না করিয়া সম্পূর্ণভাবে কৃষ্ণপাদপদ্মে নির্ভর করেন, আপদ্‌বিপদকে ভগবৎ-কৃপা বলিয়াই গ্রহণ এবং কি সম্পদে, কি বিপদে সকল সময়েই স্থির থাকিয়া প্রভুসেবা করেন। তাঁহারা সর্ব্বক্ষণই শ্রীল প্রভুপাদের কথা স্মরণ করেন,—'শ্রীভগবান্ আমাদের মঙ্গলের জন্য সকল বিধান করিয়া থাকেন—ইহা বিশ্বাস করি। নাস্তিকেরা কখনও জগতে প্রতিষ্ঠা লাভ করিতে পারে না। দিন কতক তাহারা লাফালাফি করিয়া পরিশেষে দৈন্যাসনে ঠাণ্ডা হইয়া যায়। সমস্তই ঈশ্বরের ইচ্ছা।'

আমরা গৌড়ীয়ের বাণীতে পাই,—'নয়াপড়ী কখনও বিশ্বপ্রাণকুল রাবণের দ্বারা রামচন্দ্রের বিদ্বেষ সহ্য করেন না। প্রতিশোধ করাই তাঁহার তৃণাদপি সুনীচতার চরম আদর্শ। প্রাকৃত সাহজিক বহুবেশীর দিগ্‌দর্শককে তিরস্কার করাই গৌড়ীয়ের নায়ক শ্রীল স্বরূপ দামোদর গোস্বামীর দাস্যবেশ ধারণ। দিগ্বিজয়ী পণ্ডিতাভিমানীর প্রাকৃত পাণ্ডিত্যের গর্ব্ব বিনষ্ট করিয়া ভগবৎ-অপরাধকারীর জিহ্বা স্তম্ভিত করাই গুরুদেবতাত্মা আচার্য্য শ্রীল শ্রীজীবের তৃণাদপি সুনীচতার আদর্শ প্রচার।' গুরুবর্গের এই আচরণ হইতে আমরা জানিতে পারি যে, গুরুবর্গের নিন্দা শুনিয়া চুপ করিয়া থাকা তৃণাদপি সুনীচতা নহে, পরন্তু তাহাতে সহিষ্ণু থাকা অভক্তদের পক্ষে অসম্ভব এবং অসহিষ্ণু হওয়াই তাঁহাদের পক্ষে স্বাভাবিক।

আমার রক্ষাকর্ত্তা কে ;

(পণ্ডিত শ্রীপাদ উজ্জ্বলনীলমণি ভক্তিশাস্ত্রী বি-এ)

শ্রীচৈতন্যচরিতামৃতে গুণ্ডিচা-মার্জ্জন-লীলায় শ্রীমন্মহাপ্রভুর কৃপোপদেশ—'তুমি ভাল করিয়াছ, শিখাহ অন্যেরে।' হইতে আমরা জানিতে পারি যে, যে আচরণের দ্বারা আমরা নিজেরা নিত্যমঙ্গল লাভ করিয়াছি, সেইরূপ আচরণ করিতে সকলকে অনুরোধ করা আমাদের কর্ত্তব্য। মহাপ্রভুর আদেশ—অমন্দোদয়া দয়ার অভিব্যক্তি, তাহা নিত্য ও অপরিবর্ত্তনীয়। আমরা যদি তাঁহার আদেশ পালন করি—আচার-প্রচারে যত্নবিশিষ্ট হই, তবে আমরা নিত্যমঙ্গলের পথে অগ্রসর হইতে থাকিব। আর যদি তাঁহার আদেশপালনে উদাসীন হই, অমনোযোগী হই, তবে অমঙ্গল অনিবার্য্য।

কৃষ্ণবিস্মৃতিই জীবের একমাত্র অমঙ্গল। আর কৃষ্ণস্মৃতিতেই জীবের একমাত্র নিত্য-মঙ্গল। ইহা কল্পনার কথা নহে, ইহা শ্রৌত-বাণী। বহু জন্মজন্মান্তরের ভক্ত্যুন্মুখী সুকৃতিফলে ইহাতে যে সৌভাগ্যবান্ জীবের নিশ্চয়াত্মক সুদৃঢ় বিশ্বাস হইয়াছে, তিনি শ্রদ্ধাবান্—তিনি কৃষ্ণভক্তির অধিকারী—সদ্‌গুরুপাদাশ্রয়ের অধিকারী। সদ্‌গুরুসঙ্গে

এই জগৎটি হরিবিমুখ। সুতরাং এই স্থান হইতে হরিবিমুখতা লুপ্ত হইতে পারে না। এই হরিবিমুখ জগতের মধ্যে থাকিয়াই নিজের কাজ গুছাইয়া লইতে হইবে—নিষ্কিঞ্চন বৈষ্ণবের সঙ্গ করিয়া সর্ব্বক্ষণ ভগবৎসেবায় নিযুক্ত থাকিতে হইবে। যদিও সাধুর সংখ্যা অতি অল্প তথাপি নিষ্কপট হইলে প্রকৃত সাধুর সন্ধান পাওয়া যাইবেই। কারণ, করুণাময় ভগবানের পরদুঃখদুঃখী নিজজনগণ ভক্তরূপে মাদৃশ বহির্ম্মুখ জীবের আত্যন্তিক ক্লেশ মোচনের জন্য জগতে অবতীর্ণ হইয়া নিজে আচরণ করিয়া আমাদিগকে সেবাশিক্ষা দেন। তাঁহাদের পদাঙ্কানুসরণ করিলেই আমাদের মঙ্গল হইবে। কিন্তু তাহা না করিয়া যদি আমরা তাঁহাদের প্রতি হিংসা করি, মাৎসর্য্যবশতঃ তাঁহাদিগকে আমারই সমান মনে করি, তাহা হইলে অমঙ্গল অবশ্যম্ভাবী।

মহাপ্রভু বলিয়াছেন—'যেই কৃষ্ণতত্ত্ববেত্তা সেই গুরু হয়।' কৃষ্ণ যাঁহার প্রেমবশীভূত—যিনি নিত্যকাল কৃষ্ণসেবা করেন ও কৃষ্ণসেবা অপরকে প্রদান করেন, তিনিই সদ্‌গুরু—অন্য কেহ নহেন। সেই সদ্‌গুরুপাদপদ্ম এ জগতে বৈষ্ণবাচার্য্যরূপে প্রকটিত থাকেন। সুতরাং আমরা দেখিতেছি যে, সদ্‌গুরুপাদাশ্রয়ের একমাত্র যোগ্যতা শ্রদ্ধা, অর্থাৎ 'আমার কৃষ্ণভজনই একমাত্র কর্ত্তব্য, অন্য কোন কর্ত্তব্য নাই।'—এইরূপ সুদৃঢ় বিশ্বাস। শ্রীগুরুদেব শ্রদ্ধাবান্ জীবকেই কৃষ্ণনামভজন প্রদান করেন। 'কৃষ্ণভক্তি-জন্মমূল হয় সাধুসঙ্গ।' অর্থাৎ সদ্‌গুরুপাদাশ্রয় হইতেই কৃষ্ণভজন আরম্ভ হয়। সদ্‌গুরুপাদপদ্মে যিনি আশ্রয় লাভ করেন নাই, তিনি কৃষ্ণভজন করিতে পারেন না। স্বতন্ত্রভাবে কৃষ্ণভজন করিবার সামর্থ্য দুর্ব্বল জীবের নাই। তিনি যদি সদ্‌গুরুপাদপদ্মে আশ্রয় লাভ করিতে না পারেন তবে তিনি নিশ্চয়ই মায়া-কবলিত হইবেন, ভুক্তি-মুক্তি-পিশাচীদ্বয়ের ক্রীড়াপুত্তলী হইয়া মায়িক ব্রহ্মাণ্ডে ভ্রমণ করিতে বাধ্য হইবেন। কেহ তাঁহাকে রক্ষা করিতে পারিবে না। কারণ, সদ্‌গুরুপাদপদ্ম ভিন্ন জীবের রক্ষাকর্ত্তা আর কেহ নাই। একমাত্র তিনিই কৃষ্ণভজন প্রদান পূর্ব্বক শরণাগত জীবকে নিত্যকাল পালন করিতে পারেন। যিনি সদ্‌গুরুপাদাশ্রিত, তাঁহার উপর মায়ার অধিকার নাই। সুতরাং সদ্‌গুরুপাদাশ্রয়ই জীবের একমাত্র পরম মঙ্গলের কারণ, আর সদ্‌গুরুপাদাশ্রয় করিতে না পারাই ত' সকল অমঙ্গলের হেতু।

দীন, হীন, অকিঞ্চন ব্যক্তিই শ্রদ্ধাবান্—তিনি একমাত্র অপ্রাকৃত কৃষ্ণনামের কাঙ্গাল। নিজের সম্পূর্ণ অযোগ্যতা বিষয়ে তাঁহার কোন সন্দেহ নাই; তাই তিনি নিত্যকাল কৃষ্ণনাম-প্রদাতা শ্রীগুরুদেবের কৃপা-ভিখারী।

এখন জিজ্ঞাস্য—আমরা কি উদ্দেশ্যে প্রভুপাদ শ্রীল সরস্বতী ঠাকুরের নিকট আসিয়াছিলাম? আমরা কি অপ্রাকৃত কৃষ্ণনামের কাঙ্গাল হইয়া সদ্‌গুরুপাদাশ্রয়ের জন্য তাঁহার নিকট আসিয়াছিলাম, না আমাদের অন্য মতলব ছিল? যাঁহাদের অন্যাভিলাষ ছিল, তাঁহারা সদ্‌গুরুপাদাশ্রয় লাভ করিতে পারেন নাই। তাঁহারা বঞ্চনা করিতে আসিয়াছিলেন,—কাজে কাজেই বঞ্চিত হইয়াছেন—ভুক্তি-মুক্তি পিশাচীর পাদক্রীড়নক হইয়াছেন। কিন্তু যাঁহারা একমাত্র অপ্রাকৃত কৃষ্ণনামের কাঙ্গাল হইয়া সদ্‌গুরুপাদাশ্রয়ের জন্য আসিয়াছিলেন, তাঁহারা সদ্‌গুরুপাদাশ্রয় হইতে বঞ্চিত হন নাই। প্রভুপাদ শ্রীল সরস্বতী ঠাকুর তাঁহাদিগকে পরমকরুণাময় ও বিভুপাদ শ্রীশ্রীল অনঙ্গমোহনের পরবিভাভূষণ গোস্বামী প্রভুর কোটিচন্দ্রসুশীতল পাদপদ্মে আশ্রয় প্রার্থনা করিবার প্রেরণা দিয়াছেন।

যিনি নিষ্কপটে জগদ্‌গুরু শ্রীশ্রীল আচার্য্যদেবের আশ্রয় প্রার্থনা করিয়াছেন, তিনি নিশ্চয়ই তাঁহার পাদপদ্মে আশ্রয় পাইয়াছেন অথবা নিশ্চয়ই পাইবেন। ইহা সাধারণভাবে কৃপা। কিন্তু শ্রীল আচার্য্যদেব অসাধারণভাবেও কৃপা করিতে পারেন—সর্ব্বাপেক্ষা অযোগ্য ব্যক্তিকেও কৃষ্ণভজনের যোগ্যতা দিতে পারেন।

সর্ব্বাপেক্ষা অণু, সর্ব্বাপেক্ষা দুর্ব্বল, সর্ব্বাপেক্ষা মায়াবশযোগ্য, সর্ব্বাপেক্ষা পতিত, সর্ব্বাপেক্ষা পশুবৃত্তির কবলে কবলিত, রক্ত-মাংস সম্ভোগেচ্ছারূপ আলেয়ায় আকৃষ্ট হইয়া দ্রুতবেগে নিশ্চিত ধ্বংসপথের যাত্রী আমাকে কে রক্ষা করিয়াছেন? তিনি—অহৈতুকী করুণাসিন্ধু শ্রীল আচার্য্যদেব। ইহাতে কোন সন্দেহ নাই। আর কেহ আমাকে রক্ষা করেন নাই—আশ্রয় দেন নাই। পরমকরুণাময় শ্রীল প্রভুপাদের কৃপা-লাভের সৌভাগ্য মাদৃশ নরাধমের হয় নাই। তাঁহার একটি কথাও আমার ভোগোন্মুখ কর্ণে প্রবেশ করে নাই। সেইজন্যই দয়াময় প্রভুপাদ আমাকে শ্রীশ্রীল আচার্য্যদেবের শ্রীচরণে স্থান দিয়াছেন। অনাশ্রিত আমাকে যদি পতিতপাবন শ্রীল আচার্য্যদেব কৃপাপূর্ব্বক রক্ষা না করিতেন তবে আমার রক্ষা পাওয়ার কোনই উপায় ছিল না। শ্রীল আচার্য্যদেব আমাকে রক্ষা করিয়াছেন ও নিত্যকাল রক্ষা করিতে পারেন—ইহা বাস্তবসত্য কথা। ইহাতে যাঁহার শ্রদ্ধা হইবে, তিনিও নিষ্কপটে শ্রীল আচার্য্যদেবের কৃপা প্রার্থনা করিলে নিশ্চয়ই তাঁহার পাদপদ্মে আশ্রয় লাভ করিবেন—কৃষ্ণনামসংকীর্ত্তনের যোগ্যতা লাভ করিবেন। শ্রীল আচার্য্যদেব আমাকে দুঃসঙ্গ হইতে রক্ষা করিয়াছেন, করিতেছেন ও করিবেন—ইহাতে আমার কোন সন্দেহ নাই, সন্দেহ নাই, সন্দেহ নাই। শ্রীল আচার্য্যদেবের কৃপায় বুঝিবার সৌভাগ্য হইয়াছে যে অন্তরে কনক-কামিনী-প্রতিষ্ঠাশার নরক সযত্নে রক্ষা করিয়া বাহিরে তিলকমালা ও দণ্ডধারণ করা কৃষ্ণভজন নহে। নিষ্কপটে আমার স্বাভাবিক বৃত্তিই কৃষ্ণভজন। এ জগতে ভক্তিবিনোদধারা ব্যতীত অন্যত্র শুদ্ধ কৃষ্ণভক্তির কথা নাই। আর এই ভক্তিবিনোদধারাকে সংরক্ষণ করিবার জন্যই শ্রীল আচার্য্যদেবের [illegible] বক্তব্য। শ্রীল আচার্য্যদেবের অহৈতুকী কৃপা ভিন্ন কৃষ্ণভক্তি লাভের অন্য উপায় নাই। শ্রীল আচার্য্যদেব অনধিকারচর্চ্চা সহ্য করেন না—ইহা তাঁহার অপার করুণা। রক্তমাংসে দর্শনের যোগ্যতা লইয়া যে সব বুদ্ধাভিমানী বহির্ম্মুখ জীব কৃষ্ণের অপ্রাকৃত সম্ভোগ লীলা আলোচনা করিবার দাম্ভিকতা করিবেন তাঁহারা শ্রীল আচার্য্যদেবের পাদপদ্মে অপরাধ করিয়া অধঃপতিত হইবেন—ইহাতে কোন সন্দেহ নাই, কোন সন্দেহ নাই—কোন সন্দেহ নাই। কৃষ্ণের সম্ভোগ-লীলার কথা শ্রবণ করা, কীর্ত্তন করা, এমন কি মনে মনে চিন্তা করাও বহির্ম্মুখের পক্ষে নিষেধ। যিনি করিবেন তিনি অনধিকার চর্চ্চা করার অপরাধে নিশ্চয়ই বিনাশপ্রাপ্ত হইবেন। "সম্পূর্ণভাবে স্বরূপশক্তিভিন্ন শ্রীল আচার্য্যদেবের ইচ্ছানুসারে [illegible] কখনও অনধিকার চর্চ্চা করিব না।" এইরূপ দৃঢ় প্রতিজ্ঞা বিশিষ্ট ব্যক্তিই শ্রীল আচার্য্যদেবের কৃপালাভে অধিকারী, অন্য নহে। যাহারা নিজেদের স্বতন্ত্রতা বজায় রাখিতে চাহে—সুবিধামত পায়ে হাত ও অসুবিধা হইলেই গলায় দিতে প্রস্তুত—তাহাদের মঙ্গল হওয়া সুকঠিন। শ্রীল আচার্য্যদেবের অনন্ত করুণার এক কণা যাঁহার হৃদয় স্পর্শ করিবে—শ্রীল আচার্য্যদেবের করুণার কথা সর্ব্বক্ষণ কীর্ত্তন করাই তাঁহার স্বভাব হইবে এবং শ্রীল আচার্য্যদেবের করুণার কথা যিনি যত কীর্ত্তন করিবেন—তাঁহার হৃদয় তত নির্ম্মল হইবে ও কৃষ্ণনামোদয়ের যোগ্যতা লাভ করিবে; ইহাতে বিন্দুমাত্রও সন্দেহ নাই। যিনি শ্রীল আচার্য্যদেবের করুণা লাভ করিয়াছেন ও শ্রীল আচার্য্যদেবের অসমোর্দ্ধ দয়ালুতার কথা সর্ব্বক্ষণ নির্ভীক কণ্ঠে কীর্ত্তন করেন—আমি তাঁহার কৃপাপ্রার্থী। [illegible] তাঁহার পাদপদ্মের ধূলিতে অভিষিক্ত হইলেই আমার নিত্যমঙ্গল হইবে।

বিপদের সময়েই বন্ধুতার পরীক্ষা হয়। যিনি আমাকে অনিবার্য্য ধ্বংস হইতে রক্ষা করিয়াছেন, সেই শ্রীল আচার্য্যদেবই আমার একমাত্র প্রকৃত বন্ধু নহেন কি? তিনিই আমার একমাত্র প্রকৃত মঙ্গলাকাঙ্ক্ষী নহেন কি? তাঁহার অহৈতুকী করুণার কথা যদি বিস্মৃত হই তবে কি উহা কৃতঘ্নতা হইবে না—বিশ্বাসঘাতকতা হইবে না? শ্রীল আচার্য্যদেবের পাদপদ্মে শরণাগত না হইতে পারায় যখন যে অবর্ণনীয় ক্লেশ সহ্য করিয়াছি এবং যখনই তাঁহার কোটিচন্দ্রসুশীতল শ্রীপাদপদ্মের ছায়া আমার উপর পতিত হইয়াছে তখনই যে সমস্ত ক্লেশ দূরীভূত [illegible] [illegible] পারায় মত কঠিনতম দণ্ড আর হইতে পারে না। যিনি সর্ব্বতোভাবে পতিতপাবন জগদ্‌গুরু শ্রীল আচার্য্যদেবের শ্রীপাদপদ্মে শরণাগত হইবেন, সম্পূর্ণরূপে তাঁহার মনোভীষ্টপূরণে আত্মনিয়োগ করিবেন, তাঁহাকে শুদ্ধবৈষ্ণব জানিয়া—নিত্যকালের জন্য হৃদয়ের বন্ধু বলিয়া বরণ করিব; আর অহৈতুক-করুণাসিন্ধু শ্রীআচার্য্যপাদপদ্মে তিলমাত্র কেহ যিনি অপরাধ পোষণ করিবেন, তাঁহার দুঃসঙ্গ নিত্যকালের জন্য পরিত্যাগ করিব—ইহাই আমার দৃঢ় প্রতিজ্ঞা হউক—শ্রীল প্রভুপাদের শ্রীচরণে আমার ইহাই একমাত্র প্রার্থনা।

শ্রীল ভক্তিসুধাকর প্রভুর পত্র

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

শ্রীগৌড়ীয়মঠ,
কলিকাতা,
১৭|৩|৩৯

শ্রীশ্রীবৈষ্ণবচরণে সাষ্টাঙ্গ দণ্ডবৎপ্রণাম পূর্ব্বক নিবেদন,—

* * তোমার ১৮|৩ তারিখের কৃপা-লিপি পাইয়া সমস্ত অবগত হইলাম।

হিন্দু ও মুসলমানের বিবাদ, জগতের সর্ব্বপ্রকার বিবাদ ও বিপদের সমূলে নাশ নিষ্পত্তি করিবার জন্য একমাত্র গৌড়ীয়মঠ যত্ন করিতেছেন। সুতরাং যাহারা বিবাদের সমর্থক তাহারা ব্যতীত কেহই গৌড়ীয়মঠের বিরোধী হইতে পারে না। গৌড়ীয়মঠের শিক্ষা ও আচরণ সম্বন্ধে যাঁহারা কিঞ্চিন্মাত্রও আলোচনা করিয়াছেন তাঁহারা ইহার সত্যতা সম্বন্ধে নিঃসংশয় হইয়াছেন।

তোমরা সকলে আমার দণ্ডবৎ প্রণাম গ্রহণ করিবে। ইতি।

দাসাধম—

শ্রীনারায়ণচন্দ্র অধিকারী

সাধুসঙ্গ সাধুসঙ্গ সর্ব্বশাস্ত্রে কয়। লবমাত্র সাধুসঙ্গে সর্ব্বসিদ্ধি হয়।

শুদ্ধভক্তি-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠ-শ্রীধাম

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীজগন্নাথ মন্দিরে শ্রীচৈতন্যমঠ-প্রতিষ্ঠা-শ্রীশ্রী, শ্রীশ্রীবাসাঙ্গন শ্রীমন্দির গোপীনাথ অধ্যক্ষ ঠাকুর বিগ্রহ আছেন। পুণ্যভূমি শ্রীকৃষ্ণ-পাঠাগার, ভাগবত, পদ্মপুরাণ প্রকাশ-স্থান আছে।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৫
কলিকাতায় শ্রীভক্তিবিনোদ-আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, সঙ্কীর্ত্তন, শ্রীমহাপ্রভুর সেবা, শ্রীমদ্ভাগবতাদি শাস্ত্রের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও সাপ্তাহিক পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়।

(৩) যোগপীঠ-মায়াপুর-শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব ভূমি মহাযোগপীঠ।

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং টোল বর্ত্তমান।

(৬) মুরারিগুপ্তের পাট

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৭) কাজি সমাধি-পাট

প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি।

(৮) অপ্রকট-কাজীনগর-সমাধি

শ্রীধাম মায়াপুর

(৯) আনন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
এখানে ও বিদ্যমান শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ চাকদহ (বর্দ্ধমান)

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মাউগাছি, পোঃ ভালুকা, (বর্দ্ধমান)
শ্রীব্যাসাবতার ঠাকুর বৃন্দাবনের স্থান

(১৩) ঋতুদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(১৪) নৃসিংহ গৌড়ীয়মঠালয়

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ

গৌড়পুর, নদীয়া

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ

মাজিদা (শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৭) কুলিয়া মঠ

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

(১৮) ভাগবত আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ চাঁদপাড়া, (নদীয়া)

(২০) মহেশ-পণ্ডিতের পাট

পাঁচপাড়া, পোঃ চাকদহ (নদীয়া)

(২১) রাণাঘাট গৌড়ীয়মঠাশ্রম

(২২) পুরী গৌড়ীয়মঠ

চাকদহ পরগণা

(২৩) মাধবগৌড়ীয়মঠ

বারিদা পোঃ ভুঞাদি, ঢাকা।
পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র।

(২৪) গোপালজীউ মঠ

কমলাপুর, পোঃ ঢাকা

(২৫) বলাই-গৌরাঙ্গ মঠ

পোঃ নারিন্দা, (ঢাকা)

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

বড়বাজার, পোঃ ময়মনসিংহ

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চকচকা, কামরূপ (আসাম)

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

৩নং পাণ্ডুং'র রং, দার্জ্জিলিং

(৩০) সারঙ্গ-গৌড়ীয়মঠ

পোঃ হরিদ্বার, জেঃ সাহারাণপুর, ইউ, পি

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

দিঘাপুর পাটনা)

(৩৫) গয়া গৌড়ীয়মঠ

মধ্য রোড, গয়া

(৩৩) নয়াদিল্লী গৌড়ীয় মঠ

৮।১৭ বড় দরীবগলি, নেয়ারসম সিটি

(৩৪) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

(৩৫) সত্যাশ্রম মঠ,

পোঃ বিঠুর, সীতাপুর ইউ পি।

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়

বিশ্রামঘাট, পোঃ মথুরা

(৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাতন, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্য মঠপীঠ

কিশোরপুর, বৃন্দাবন

(৩৯) গোবর্দ্ধন-কৃষ্ণকুণ্ড

পোঃ রাধাকুণ্ড (মথুরা)

(৪০) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪১) রাধাকুণ্ড গোষ্ঠবাটী

(৪২) শ্রীগোবর্দ্ধনমঠালয়

গোবর্দ্ধন, মথুরা

(৪৩) সঙ্কেত বিহারী মঠ

বর্ষাণা, মথুরা।

(৪৪) নন্দগ্রাম গৌড়ীয়মঠালয়

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৫) বর্ষাণা গৌড়ীয়মঠালয়

পোঃ বর্ষাণা, মথুরা

(৪৬) গোষ্ঠবিহারী মঠ—সেকালী.

পোঃ হোডোল, জেলা গুরগাঁও (পাঞ্জাব)

(৪৭) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

(৪৮) দিল্লী গৌড়ীয় মঠ

৪৫নং কুতুব রোড, দিল্লী সিটী,

(৪৯) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়া ট্যাঙ্ক রোড, অপ্যাসাম বৈল ডিং বোম্বে ৭

(৫০) মান্দ্রাজ-গৌড়ীয়মঠ

পোঃ রায়পেট্টা, মান্দ্রাজ
শ্রীগুরুগৌরাঙ্গরাধাবিনোদবিহারীর সেবা

(৫১) রাজমহেন্দ্রী-গৌড়ীয়মঠ

পোঃ কভুর, জেলা গোদাবরী (মান্দ্রাজ)
শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকা-গিরিধারীর সেবা,

(৫২) পুরুষোত্তম-গৌড়ীয়মঠ

আঠারনালা, পোঃ গ্রাণ্ডরোড, (পুরী)

(৫৩) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা

(৫৪) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৫) কাশীকুটী

(৫৬) সচ্চিদ্-গৌড়ীয়মঠ

পোঃ ভুবনেশ্বর, পুরী

(৫৭) সচ্চিদানন্দ মঠ

সাতকড়ি, পোঃ কটক (উড়িষ্যা)

(৫৮) বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ

(৫৯) শ্রীব্রজমোহনগৌড়ীয়-প্রপন্ন-মঠ

পোঃ বল্লভকুণ্ড, শহর

(৬০) ভাগবতজনানন্দ মঠ

চিকলিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর

(৬১) জমাই গৌড়ীয়মঠ

পোঃ জমাই, মেদিনীপুর

(৬২) আমলাযোড়া প্রপন্নাশ্রম মঠ

পোঃ রাণীগঞ্জ (বর্দ্ধমান)

(৬৩) চৈতন্যগৌড়ীয়মঠ

চুঁচুড়া, পোঃ চন্দননগর, (বাংলা)

(৬৪) রেঙ্গুন গৌড়ীয়মঠ

৩০১ নং লিউইস্ ষ্ট্রীট, রেঙ্গুন।

(৬৫) লণ্ডন গৌড়ীয়মঠ

ফ্ল্যাট নং ২
৩১, গ্লাডস্টোন রোড
ক্ল্যাপাম, লণ্ডন, এস ডব্লিউ ৫

(৬৬) গৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

১৪।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা

(৬৭) গৌড়ীয়মঠ অফিস

ডিষ্ট্রিক্ট রোড, লক্ষ্ণৌ, ইউ-পি)

(৬৮) শ্রীবিজ্ঞানিধি গৌড়ীয়মঠালয়

মধ্যমবাড়ীর, চট্টগ্রাম

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীমহানন্দ ব্রহ্মচারী ভক্ত্যালোক, ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও দ্বিতীয় দিনের জন্য	পরবর্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও দ্বিতীয় দিনের জন্য	পরবর্তী দিনের
প্রতিবারে প্রতি লাইনে	।০	৵০	।৵০	।০
" " ইঞ্চি	৪৲		১॥০	১৲
সিকিকলম	৫৲	৪৲		৩৲
" অর্দ্ধকলম	৮৲		৬৲	
" এক কলম	১২৲	১০৲	১০৲	

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চি	৩৲	২॥০
" সিকি কলম	১৫৲	১২৲
" অর্দ্ধকলম	২৪৲	১৮৲
" এক কলম	৩৬৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২॥০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা /০ ; বিশেষ সংখ্যা ।০ ভিক্ষা মাত্র।

শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী

——::(॰)::——

শ্রীল প্রভুপাদের চতুঃষষ্টিতম বর্ষপূর্ত্তি-আবির্ভাব-তিথিতে শ্রীল আচার্য্যদেবের অভিপ্রায়ানুসারে "শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী" প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। উহাতে পূর্ব্বার্দ্ধ ও উত্তরার্দ্ধ দুইটি বিভাগ আছে। পূর্ব্বার্দ্ধে শ্রীল প্রভুপাদের আদি-প্রবন্ধাবলী শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের সম্পাদিত 'সজ্জনতোষণী,' শ্রীল প্রভুপাদের 'নিবেদন' সাপ্তাহিক পত্র প্রভৃতি হইতে কথাসার ও প্রয়োজনীয় অর্থের টীকা-সহ প্রকাশিত হইয়াছে। উত্তরার্দ্ধে শ্রীল প্রভুপাদের সম্পাদিত 'সজ্জনতোষণী'র কতিপয় প্রবন্ধ কথাসার প্রভৃতির সহিত মুদ্রিত হইয়াছে। প্রবন্ধগুলি রচনাকালের ক্রমানুসারে গ্রথিত হইয়াছে; এতদ্ব্যতীত শ্রীল আচার্য্যদেবের একটি মূল্যবান্ উপোদ্ঘাত ও সঙ্কলনকারীর একটি বিস্তৃত ভূমিকা, শব্দ-সূচী, স্থান-পাত্র-শ্লোক ও পয়ার-সূচী প্রভৃতি গ্রন্থে সংযোজিত হইয়াছে। গ্রন্থটি উৎকৃষ্ট কাগজে পারিপাট্যের সহিত মুদ্রিত ও শ্রীল প্রভুপাদের আলেখ্যাদিদ্বারা ভূষিত ও সুন্দর বাঁধাই হইয়া প্রকাশিত হইয়াছে। প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, জিলা নদীয়া; শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ও শ্রীমাধ্ব-গৌড়ীয়মঠ, নারিন্দা, পোঃ ওয়ারী, ঢাকা।

শ্রীল প্রভুপাদের পত্রপ্রসূন মালা

এই গ্রন্থে ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তি- সিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের রচিত পত্রাবলী শ্রীল আচার্য্যদেবের বিরচিত "সৌরভ" নামক ভাষ্যের সহিত প্রকাশিত হইয়াছে। শ্রীল প্রভুপাদের অনেক অপ্রকাশিত পত্র ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ।০ আট আনা।

শ্রীধাম-মায়াপুরে

——

—"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট"—

——::॰::——

শ্রীচৈতন্যমঠের উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্বাস্থ্যকর মনোরম পল্লী—গঙ্গার সান্নিধ্যে ; বিদ্যালয় ও বোর্ডিং এর পবিত্রতা ও সুদক্ষ শিক্ষক ও অভিভাবক দ্বারা পরিচালিত। বিদেশী ছাত্রগণের জন্য সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে আহার ও বোর্ডিংখরচ প্রতি মাসে মাত্র ৬৲ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসর ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিয়াছে। বর্ত্তমান বর্ষে ১৬ জন বালকের মধ্যে ১৫ জন ভালভাবে উত্তীর্ণ হইয়াছে।

মেধাবী ছাত্রগণের অশেষ সুবিধা

পরীক্ষায় যাহারা শতে শতকরা ৭৫ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ মেধাবী দরিদ্র ছাত্রগণকে বিনা খরচে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট, শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক-সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা আনুপূর্ব্বিকভাবে আলোচিত হইয়াছে। এই এক অপূর্ব্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

শ্রীচৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত্র অভিনবরূপভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত ইহার ভিক্ষা মাত্র ৩৲ টাকা। প্রাপ্তিস্থান শ্রীযুত নন্দকিশোর ব্রহ্মচারী, শ্রীযোগপীঠ, শ্রীধাম, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীসরস্বতী-সংলাপ

প্রথম খণ্ড

শ্রীশ্রীব্রহ্মমাধ্ব গৌড়ীয়সম্প্রদায়ৈকসংরক্ষক জগদ্গুরু পরমহংসকুলচূড়ামণি নিত্যলীলা প্রবিষ্ট ১০৮শ্রী শ্রীমদ্ ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামি-প্রভুপাদ বিভিন্ন জিজ্ঞাসু ও মুমুক্ষু সজ্জনবৃন্দের পরিপ্রশ্নোত্তরে ও সংশয় নিরাকরণকল্পে যে সকল হরিকথা মুখে প্রচারিত কীর্ত্তন করিয়াছেন, যাহা তাঁহার প্রকটকালেই 'গৌড়ীয়' সম্পাদক শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ প্রভুপাদের শ্রীচরণে সংশোধিত করাইয়া বাঙ্গালায় এবং ইংরেজী 'হার্মনিষ্ট' গৌড়ীয়পত্রে প্রকাশিত হইয়াছে, তাহা "শ্রীশ্রীসরস্বতী-সংলাপ" নামে নিত্যলীলাপ্রবিষ্ট শ্রীল প্রভুপাদের 'প্রবন্ধাবলী' ও 'পত্রাবলী' আকারে খণ্ডে খণ্ডে প্রকাশিত হইতেছে। এক্ষণে শ্রীল প্রভুপাদের প্রথমবার্ষিক বিরহ-তিথিপূজা-বাসরে ইহার প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। মানবজীবনের বহু অমীমাংসিত সমস্যা ও জটিল প্রশ্নের সমাধান ইহাতে পাওয়া যাইবে। ভক্তিগণের পারমার্থিকেরই এই গ্রন্থ সংগ্রহ একান্ত প্রয়োজন।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্শা কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপদেশক পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর ভাক্তশাস্ত্রী সম্প্রদায়-বৈভবাচার্য্য এম-এ মহোদয়ের গ্রেষণপূর্ণ এবং পরিপক্ক লেখনীর অমৃত ফল আস্বাদন করিলে একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত্র-পাঠে ধন্য হইবেন। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিবিধ চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় দার্শনিক দর্শনের সহিত তুলনা-মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডটি ৩৫৭ অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্ত্তার ভূমিকাদ্বয় (Preface), বিষয়-তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত অভিধান ও সূচীপত্র (Index Glossary) সহ গ্রন্থখানি প্রকাশিত। ভিক্ষা—১৫৲ পনর টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, রায়পেট্টা মাদ্রাজ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

ঠাকুর ভক্তিবিনোদ

——::০)::——

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি প্রচারের মূল মহাজন সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির আদিমধ্য জীবনচরিত এতাবৎকাল সম্যক্ প্রকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয়মঠাচার্য্যবরের শুভেচ্ছায় সদ্বিদ্যাসাহিত্যিক সু-লেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু গুণাবলী শিক্ষামালাও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১৭৫ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৮০ আনা; ডাক মাশুল স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান— ম্যানেজার গ্রন্থবিভাগ

শ্রীগৌড়ীয়মঠ

পোঃ বাগবাজার

কলিকাতা

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

——:(০.)——

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু সদ্গ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১৩।১নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

ম্যালেরিয়ার পাঁচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মনুষ্য, পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাট্‌তি অত্যন্ত অধিক। লিভার প্লীহা সংযুক্ত জ্বরাদির এবং নূতন ও পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। মূল্য ছোট বোতল ৷৵০ দশ আনা, বড় বোতল ১৷০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা

অথবা

পোঃ বেহালা, ২৪ পরগণা।

ই. বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	৫ ৩৬	৬ ০৬	৭-২৬	১১-২৬	১৪ ৫০	১৬-৫৬	১৭ ৫০	২২-২৬
রাণাঘাট পৌঃ			৮-৫০	১২-১৫				
(বগুলা) ছাঃ			৯-০৩	১২-৪০				
কৃষ্ণনগর পৌঃ	৭ ১	৮ ৪৪	১০-৮	১৪-২০	১৭-২৮	১৯-১১	২০-১৬	১-১৯
(বগুলা) ছাঃ	৭-১২		১০-৩১		১৭-৩৮		২০-২৬	
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫১		১১-১০		১৮-১৬		২০-৪৬	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
রাণাঘাট পৌঃ	১২-৫৫
ছাঃ	১৩ ০
শান্তিপুর পৌঃ	১৩-২৬
(বদল) ছাঃ	১৭-৩১ (লাইট রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪-২
ছাঃ	১৪ ৪০
নবদ্বীপঘাট পৌঃ	১৫-০

ডাউন্

নবদ্বীপঘাট ছাঃ	৫ ৪৪		৯ ২৫		১৩-০১	১৬-০	১৯-০৩	
কৃষ্ণনগর পৌঃ	৬ ২০	৮-১৬	১০-৪	১১-৪১	১৪-১০	১৬-০৬	১৯-১১	
ছাঃ	৬-২৬	৭-১৮	১০-১১			১৬ ৫০	১৯-৪৫	
রাণাঘাট পৌঃ			১০-৪০			১৭ ৩১		
(বগুলা) ছাঃ			১১ ০			১৭-৪০		
কলিকাতা পৌঃ	৬-১৬	৯-২১	১২-১	১২-১৬	১৪-১৬	১৯-১১	২১-৪১	২৩-২০

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৩-৩১	১৬-০		
কৃষ্ণনগর পৌঃ	১৪-১০	১৬-৩৮		
ছাঃ	১৫-২৮	১৭-১৫		
শান্তিপুর পৌঃ	১৬-৯	১৭-৫৩		
(বদল) ছাঃ	১৬-৩৩	১৮-১ (শনিবার ভিন্ন)	১৮-৮	(শনিবার)
রাণাঘাট পৌঃ	১৭-১০	১৮-২৭	১৮-৩৩	
(বদল) ছাঃ	১৭-৪০	১৮-৪০	১৮-৪০	
কলিকাতা পৌঃ	১৯-১১	২০-৭	২০-৩	

ফোন— শ্রীমায়াপুর
টেলিগ্রাম—শ্রীনাথ
শ্রীমায়াপুর

দৈনিক নদীয়াপ্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়াজেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৪শ খণ্ড। শ্রীমায়াপুর—২৫শে চৈত্র, ১৩৪৫, ৮ই এপ্রেল, ১৯৩৯ শনিবার। ৩৯৪শ সংখ্যা

বিবিধ সংবাদ

—::০::—

ভারত সরকারের নূতন অর্থসচিব

গত শনিবার অপরাহ্নে ভারত সরকারের অর্থসচিব স্যার জেমস গ্রীগ বোম্বাই হইতে টেলিগ্রামে দিল্লীতে মিঃ এ জে রাইসম্যানকে কার্যভার বুঝাইয়া দিবেন। তিনি ঐ দিন বোম্বাই হইতে ইংলণ্ড যাত্রা করিবেন।

স্যার জেমস গ্রীগ জুন মাসের মাঝামাঝি লণ্ডনে সমর আফিসে তাঁহার নূতন কার্যভার গ্রহণ করিবেন।

———

জাতীয় স্বেচ্ছাসেবকবাহিনী

কলিকাতার অ্যাংলো ইণ্ডিয়ান ব্যক্তি-স্বাধীনতা সংঘের প্রেসিডেন্ট মিঃ জি ই গিবন একটি নিখিল ভারত জাতীয় স্বেচ্ছাসেবকবাহিনী গঠনের পরিকল্পনা করিতেছেন। রাজনীতি ও ধর্মের সহিত এই স্বেচ্ছাসেবকবাহিনীর কোনই সম্পর্ক থাকিবে না এবং ইহা সম্পূর্ণ অহিংস হইবে।

———

মালগাড়ীর ওয়াগনে অগ্নিকাণ্ড

গত সোমবার রাত্রি ১টা ৫৫ মিনিটের সময় ই বি রেলপথের পাকশী ও ভেড়ামারা ষ্টেশনের মধ্যে একখানি ডাউন মালগাড়ীর ওয়াগনে আগুন লাগিয়া ওয়াগনখানি লাইনচ্যুত হয়। ইহার ফলে ডাউন লাইনের ক্ষতি হইয়াছে।

শীঘ্রই এক লাইনের উপর দিয়া সমস্ত ট্রেণ চলাচলের ব্যবস্থা করা হয় এবং প্রায় দুই ঘণ্টা বিলম্বের পর ডাউন দার্জ্জিলিং মেল আপ লাইনের উপর দিয়া ঐ স্থান অতিক্রম করে। এই দুর্ঘটনার ফলে পরবর্তী ৪ ঘণ্টা পর্য্যন্ত সমস্ত ট্রেণই সামান্য বিলম্বে চলিয়াছে।

———

আবার ট্রেণ ধ্বংসের চেষ্টা

৫ই এপ্রিল শুক্রবার বিহার সীমান্তের নিকটে ইষ্ট ইণ্ডিয়ান রেলওয়েতে আর একটি ট্রেণ দুর্ঘটনা ঘটাইবার চেষ্টা ধরা পড়িয়াছে।

প্রকাশ, ২৩নং ডাউন লুপ ট্রেণের ড্রাইভার সাহেবগঞ্জ সেক্সনে চাতরা ষ্টেশনের পূর্ববর্তী সিগন্যাল পার হওয়ার অল্পপরে একটি পুল পার হওয়ার সময় কয়েকবার ঝাঁকানি লাগায় লাইন পরীক্ষা করিবার জন্য ট্রেণ থামান। কয়েকটি ফিস প্লেট, সরানো হইয়াছে এবং কয়েকটি বোল্ট আলগা করা হইয়াছে বলিয়া দেখা যায়

ঘটনাস্থল কলিকাতা হইতে ১৫০ মাইল দূরে।

———

ভারত শাসন আইন সংশোধন বিল

১৯৩৫ সালের ভারত শাসন আইন ভারতের বিভিন্ন প্রদেশে অনেক স্থান সম্পূর্ণ ও আংশিকভাবে শাসন সংস্কার বহির্ভূত অঞ্চল বলিয়া ঘোষণা করা হইয়াছে। ঐ সকল অঞ্চল যাহাতে ভারত-শাসনমূলক সংশ্লিষ্ট প্রাদেশিক গবর্ণমেণ্টগুলির কর্তৃত্বাধীনে আসিতে পারে সেই উদ্দেশ্যে ভারত সরকার ও ভারত সচিবের মারফৎ ভারত-শাসন আইনের উপরোক্ত ধারাসমূহ উঠাইয়া দিতে বৃটিশ গবর্ণমেণ্টের নিকট আবেদন করার জন্য বিহার গবর্ণমেণ্টকে অনুরোধ করিয়া প্রধান মন্ত্রী যে প্রস্তাব আনিয়াছিলেন, বিহার ব্যবস্থা পরিষদে উহা গৃহীত হইয়াছে

———

দ্বারভাঙ্গায় প্রবল শিলাবৃষ্টি

দ্বারভাঙ্গা হইতে প্রাপ্ত এক সংবাদে প্রকাশ, ভীষণ শিলাবৃষ্টির ফলে অনেক লোক নিহত এবং বহুলোক আহত হইয়াছে। শিলাগুলি আকারে আপেলের ন্যায় বড় ছিল।

বহু সংখ্যক গবাদি পশু, হরিণ ও পক্ষী নিহত হইয়াছে এবং শস্যের যথেষ্ট ক্ষতি হইয়াছে। অনেক চালাঘর একেবারে ধ্বংস হইয়া গিয়াছে। বহু বৃক্ষ উৎপাটিত হইয়াছে এবং সকল গাছের পাতা খসিয়া পড়িয়া গিয়াছে।

———

ই বি রেলপথে দুর্ঘটনা

গত সোমবার রাত্রি ৩টা ৫১ মিনিটের সময় পূর্ণিয়া আরারিয়া শাখা লাইনের [illegible] গাঁও পূর্ণিয়া ষ্টেশনের মধ্যে ২৬১ নং ডাউন প্যাসেঞ্জার ট্রেণের সহিত দুইখানি গরুর গাড়ীর সংঘর্ষ হয়। ফলে একজন গাড়োয়ান সাংঘাতিক আঘাত পাইয়াছে এবং দুইখানি গরুর গাড়ীরই ক্ষতি হইয়াছে। দ্বিতীয় গাড়োয়ানটী দৌড়াইয়া পলাইয়া যায়। এই ঘটনার ফলে ট্রেণ চলাচলে কোনও বিলম্ব হয় নাই বা রেলপথের কোনও ক্ষতি হয় নাই।

———

ট্রেণে বস্তাবন্দী বিকৃত শব

মঙ্গলবার প্রাতঃকালে নৈহাটী ষ্টেশনের কর্মচারিগণ একটী তৃতীয় শ্রেণীর কামরার মধ্যে দুইটী বস্তার ভিতর চারিটী মানুষের মাথা ও দুইটী দেহের কতকগুলি খণ্ড খণ্ড অংশ পান। চারিটী মাথার মধ্যে দুইটী খুলি ছাড়া আর কিছুই ছিল না এবং অপর দুইটী অত্যন্ত বিকৃত অবস্থায় ছিল। বিস্তৃত সংবাদ পাওয়া যায় নাই।

ঘটনার বিবরণে প্রকাশ,—মঙ্গলবার ভোরে কলিকাতা হইতে একখানি লোক্যাল ট্রেণ (নৈহাটী লোক্যাল) নৈহাটী ষ্টেশনে পৌঁছিলে যে সমস্ত কর্মচারী ট্রেণ পরীক্ষা করিয়া থাকেন, তাঁহারা দেখিতে পান যে, চট দিয়া জড়ানো দুইটী প্যাকেট একখানি তৃতীয় শ্রেণীর কামরার মধ্যে পড়িয়া আছে এবং মালিকের কোন খোঁজ নাই। রেলওয়ের লোক যখন প্যাকেট দুইটী নামাইয়া লয় তখন বস্তা দুইটীর মধ্য হইতে অত্যন্ত দুর্গন্ধ বাহির হইতেছিল। ইহাতে তাহাদের সন্দেহ হয় এবং তাহারা বস্তা দুইটী শিয়ালদহ ষ্টেশনে পাঠাইয়া দেয়।

শিয়ালদহ ষ্টেশনে বস্তা দুইটী খোলা হইলে রেল কর্তৃপক্ষ ও পুলিশ চারিটী মানুষের মাথা ও দুইটী দেহের কতকগুলি খণ্ড খণ্ড অংশ পান। বস্তার মধ্যে কয়েকখানি শাড়ীও ছিল। অতঃপর সেইগুলি শব ব্যবচ্ছেদাগারে ময়না তদন্তের জন্য পাঠান হয়।

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল সরস্বতীঠাকুরের পরিব্রাজকবর গোস্বামী মহারাজ সম্পাদিত ইংরাজী পাক্ষিক। পাঁচ বৎসর যাবৎ প্রকাশিত হয়। কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা ৪।০ টাকা মাত্র।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত সাপ্তাহিক। [illegible] শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক [illegible] টাকা মাত্র।

৩। ভাগবত 'উৎকল' ভাষায় একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। [illegible] ভিক্ষা সডাক ১।০ টাকা মাত্র।

৫। শ্রীগৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ মাত্র।

পরমগুরু শ্রীগৌরকিশোর

গৌড়ীয়-সম্পাদক-লিখিত, শ্রীগৌড়ীয়াচার্য্যের ভূমিকা সম্বলিত, বহুচিত্র শোভিত ও বিষয় সূচী-সম্বলিত "পরমগুরু শ্রীগৌরকিশোর" গ্রন্থখানি প্রকাশিত হইয়াছে। এই গ্রন্থে শুদ্ধগৌড়ীয়বৈষ্ণবজগতের পরমারাধ্য, গৌড়ীয়গৌরবশিরোমণি অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ নিত্যলীলাপ্রবিষ্ট পরমহংস ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল গৌরকিশোরদাস গোস্বামী প্রভুবরের অভিনব চরিতকথা বর্ণিত আছে।

শ্রীশ্রীভক্তিবিনোদাবির্ভাব-শতবর্ষপূর্ত্তিতিথিপূজার উপায়ন-গ্রন্থমালা

১। সাহিত্যে শ্রীভক্তিবিনোদ

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র সাহিত্যের সমালোচনা-গ্রন্থ)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

২। শ্রীভক্তিবিনোদবাণীবৈভব

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের গ্রন্থাবলী হইতে সংগৃহীত ১০৮টি অধ্যায়ে সম্বন্ধ-অভিধেয়-প্রয়োজনাকারে গ্রথিত অমূল্য উপদেশপূর্ণ গ্রন্থ)

ভিক্ষা—৩৲ তিন টাকা মাত্র।

৩। শ্রীশ্রীভক্তিবিনোদ-প্রসঙ্গ

ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ ও ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল [illegible] পরিব্রাজকবর গোস্বামীপ্রভু-বিরচিত এবং গৌড়ীয়ে প্রকাশিত শ্রীশ্রীলভক্তিবিনোদ-চরিত প্রসঙ্গ

ভিক্ষা—।৶০ ছয় আনা মাত্র।

৪। ছাত্রদের ভক্তিবিনোদ

(ছাত্রদের উপযোগী ভাষায় লিখিত শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্র ও শিক্ষা)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

ছাত্রদের পক্ষে ভিক্ষা—।০ আট আনা মাত্র)

প্রাপ্তিস্থান :—

(১) 'ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট', পোঃ শ্রীমায়াপুর, নদীয়া ;

২) শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ;

৩ শ্রীযুক্ত সুশীলরঞ্জন রায় এম্-এ, বি-এল্, [illegible] পোঃ [illegible], ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবত, সমগ্র ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত — ১৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। ঠাকুর বিরচিত শ্রীচৈতন্যভাগবত ([illegible]) ৬৲
৩। কবিরাজ শ্রীচৈতন্যচরিতামৃত ৬
৪। সরস্বতী জয়শ্রী ([illegible]) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০ ৪র্থ খণ্ড ৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার দীপিকা ও সংস্কার দীপিকা ১।০
৯। [illegible] ২৲
১০। গৌড়ীয় কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ।০
১৫। বৈষ্ণবসিদ্ধান্ত [illegible] ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। [illegible] ।০
১৮। [illegible] ।০
১৯। তত্ত্ববিবেক ।০
২০। গৌড়ীয় গৌরব ।৵০
২১। [illegible] ।৵০
২২। ভজন রহস্য ।০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃত ও শ্রীনবদ্বীপশতক (বাঁধা) ১৲
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা সহ) ২৲
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) ২৲
(বাঁধা) ১৲
২৬। গীতার [illegible] ৷০
২৭। [illegible] ২৲
২৮। [illegible] (অনুবাদ) ।০
২৯। প্রেমবিবর্ত্ত (ঠাকুর-সংস্করণ) (বাঁধা) ৸০
৩০। [illegible] ৵০
৩১। সাধনপথ (তৃতীয় সংস্করণ) ।৵০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ।০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৵০
৩৫। গীতমালা ।১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৵০
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৵০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০
৩৯। [illegible] ।০
৪০। শরণাগতি ⁄০
৪১। গীতাবলী ⁄০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
৪৩। [illegible] ⁄০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ⁄
৪৫। নবদ্বীপশতক
৪৬। অর্থপঞ্চক
৪৭। সদাচারস্মৃতিঃ ৵/
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ⁄১০
৪৯। [illegible] ৶১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম ও ২য় খণ্ড) [illegible]
৫১। ব্রহ্মসংহিতা ।০
৫২। মণিমঞ্জরী (অনুবাদ) ।০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ বিনির্ণয় ।০
৫৫। [illegible] ।০
৫৬। [illegible] ৵০
৫৭। ঈশোপনিষদ্ (অন্বয়াদিসহ) ।০
৫৮। [illegible] ৵০
৫৯। [illegible] ৵০
৬০। [illegible] ⁄০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। [illegible] ।০
৬২। সিদ্ধান্ত [illegible] ।০
৬৩। সটীক [illegible] ।০
৬৪। তত্ত্বসূত্র ।০
৬৫। [illegible] ৵০
৬৬। [illegible] ⁄০
৬৭। [illegible] ৵০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।০
৬৯। এ ফিউ ওয়ার্ডস অন বেদান্ত (?) ।০
৭০। নামভজন ⁄০
৭১। বেদান্ত—ইটস্ মরফলজী এণ্ড অন্টোলজি ।০
৭২। [illegible] ৸০
৭৩। [illegible] প্রেসেপ্টস অব শ্রীচৈতন্য মহাপ্রভু ।০
৭৪। [illegible] ।০
৭৫। [illegible] ⁄০
৭৬। দি ভাগবত ।০
৭৭। [illegible] ।০
৭৮। ব্রহ্মসংহিতা ২।০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (প্রথম খণ্ড) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ।০
৮১। সাধন-পথ ।০
৮২। কল্যাণ-কল্পতরু ৵০
৮৩। গীতাবলী ⁄০
৮৪। শরণাগতি ⁄০

আসামী ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ⁄০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ



একমাত্র পারমার্থিক দৈনিক পত্র

শ্রীধাম-মায়াপুর-নদীয়া

১৭শ বর্ষ { ৪ মধুসূদন ৪৫৩ গৌরাব্দ ২৫শে চৈত্র বঙ্গাব্দ ১৩৪৫ ৮ই এপ্রিল ইং ১৯৩৯, শনিবার } ৬৪শ সংখ্যা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

৪ মধুসূদন অবায় কামদাশায়ী গৌরাব্দ ৪৫৩

গুরুসেবাময় হরিভজন

——::(০)::——

গুরু-নিত্যানন্দই জীবের একমাত্র আশ্রয়। এই সংসারে তিনিই একমাত্র আশ্রয়স্থল। এই বিশ্বে মাদৃশ বদ্ধজীবের আশ্রয় আর কেহ নাই। তাঁহার আশ্রয় লইয়াই হরিভজন করিতে হইবে। তাঁহার নিত্য আশ্রিত থাকিয়া গুরুসেবামুখে হরিসেবা করিতে হইবে। এক কথায় সদ্গুরুপদাশ্রিত হইয়া নিরন্তর অকপট গুরুসেবাময় হরিভজনে প্রবৃত্ত থাকিতে হইবে। কায়মনোবাক্যে তাঁহার শুশ্রূষা বা সেবা করিবার জন্য চেষ্টাযুক্ত থাকিতে হইবে। নতুবা আমরা যদি আশ্রয় ছাড়িয়া দিই অর্থাৎ স্বতন্ত্রভাবে হরিসেবা করিতে যাই, তবে আমাদের বৃথা পণ্ডশ্রম হইবে। সেইজন্যই মহাজন বলিয়াছেন—'আশ্রয় লইয়া ভজে তাঁরে কৃষ্ণ নাহি ত্যজে আর সব মরে অকারণ।' তাই শ্রীল প্রভুপাদও বলিয়াছেন,—'বাহিরের দৃষ্টিতে ভগবানের সেবা ছেড়েও ভক্তের সেবা কর্ত্তে হ'বে।'

'গুরু আমি' বিচার প্রবল হওয়া দরকার। ইহাই সম্বন্ধজ্ঞান। গুরুশিষ্য-সম্বন্ধ নিত্য। 'চক্ষুদান দিলা যেই জন্মে জন্মে প্রভু সেই।' বৈষ্ণবগণ গুরুদেবতাত্মা। আমাদিগকেও গুরুদেবতাত্মা হইতে হইবে অর্থাৎ গুরুই দেবতা, ঈশ্বর এবং আত্মা অর্থাৎ প্রেষ্ঠ, এতাদৃশ দৃষ্টিবিশিষ্ট হইয়া ভজন করিতে হইবে। শ্রীল প্রভুপাদ বলিয়াছেন,—'যিনি নিজের যথাসর্ব্বস্ব তথা ত্রিভুবনের যথাসর্ব্বস্ব কৃষ্ণ-সেবায় নিযুক্ত করার জন্য ব্যস্ত, তিনি গুরুদেব। আর যিনি নিজের যথাসর্ব্বস্ব এবং ত্রিভুবনের যথাসর্ব্বস্ব সর্ব্বক্ষণ শ্রীগুরু-সেবায় নিযুক্ত করিবার জন্য ব্যস্ত তিনি ভগবান; সুতরাং কৃষ্ণের অধিক প্রিয়।' হরিভজনে সর্ব্বত্রই গুর্ব্বানুগত্যের কথা আছে। নির্ব্বিশেষবাদিগণের ন্যায় ছাদে উঠিয়া মই ফেলিয়া দেওয়ার ন্যায় গুর্ব্বানুগত্য পরিহারের কথা ভক্তিশাস্ত্রে নাই। তাই শ্রীল কবিরাজ গোস্বামিপ্রভু লিখিয়াছেন,—

নিজাভীষ্ট কৃষ্ণপ্রেষ্ঠ পাছে ত' লাগিয়া।
নিরন্তর কৃষ্ণ ভজে অন্তর্মনা হৈয়া॥

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ এই পয়ারের অমৃত-প্রবাহভাষ্যে লিখিয়াছেন,—"ব্রজবাসী ভক্তগণ কৃষ্ণের প্রেষ্ঠ। তন্মধ্যে যিনি যে ভক্তের মাধুর্য্যে লোভপূর্ব্বক তদনুগমনে অভীষ্ট সেবা মনে করেন, তিনি তাঁহার পশ্চাতে থাকিয়া অন্তর্মনা হইয়া নিরন্তর কৃষ্ণসেবা করেন।"

রাগানুগ ভক্তগণ সর্ব্বক্ষণ গুর্ব্বানুগত্যে সেই অভীষ্ট সেবা করেন। অন্য পরে বা কথা, রাগাত্মিক ভক্ত গোপীগণ—আমাদের গুরুবর্গ সকলেই শ্রীরূপের আনুগত্যে কৃষ্ণ-সেবা করিয়া থাকেন। সাধুসঙ্গ বা সাধুর আনুগত্য বাদ দিলে কখনও হরিসেবা হয় না।

"সাধুসঙ্গে কৃষ্ণনাম এই মাত্র চাই।
সংসার জিনিতে আর কোন বস্তু নাই॥"

সাধুসঙ্গ—গুরুবৈষ্ণবের আনুগত্য বাদ দিয়া হরিনাম বা হরিসেবা হয় না। অসাধুসঙ্গে বা নিঃসঙ্গ হইয়া হরিনাম বা হরিসেবা হয় না। বদ্ধ ত' দূরের কথা, সিদ্ধাবস্থায়ও গুর্ব্বানুগত্য থাকে—শ্রবণ-কীর্ত্তন থাকে। গুরুপাদাশ্রয় নিত্য—গুর্ব্বানুগত্য নিত্য—শ্রবণকীর্ত্তন নিত্য, ইহা দু'দিনের জন্য নহে। সাধুসঙ্গ বাদ দিয়া কোটিজন্ম শ্রবণকীর্ত্তন করিলেও কিছু হইবে না।

বহু জন্ম করে যদি শ্রবণকীর্ত্তন।
তবু ত' না পায় কৃষ্ণপদে প্রেমধন॥

'জ্ঞানতঃ সুলভা মুক্তির্ভুক্তির্যজ্ঞাদি-পুণ্যতঃ।
সেয়ং সাধনসাহস্রৈর্হরিভক্তিঃ সুদুর্লভা॥'

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ লিখিয়াছেন,—'জ্ঞানচেষ্টা দ্বারা সহজে মুক্তি হয়, যজ্ঞাদি পুণ্য দ্বারা স্বর্গভোগাদি সুলভ হয়, কিন্তু সহস্র সহস্র সাধন করিলেও সহজে হরিভক্তি লাভ হয় না। তাৎপর্য্য এই—সাধনের সহিত আরও কিছু প্রক্রিয়া (শুদ্ধভক্তের দয়া ও সম্বন্ধজ্ঞান) আছে, তাহা অবলম্বন করিলে হরিভক্তি লাভ হয়।'

শ্রীকৃষ্ণ বা শ্রীকৃষ্ণনাম মুকুন্দের উপাস্য। গুরু, বৈষ্ণব বা সাধুর কৃপায় অনর্থনিবৃত্তি না হইলে কেহই কৃষ্ণসেবা করিতে পারেন না। মহৎ বা শুদ্ধভক্তের আনুগত্য ব্যতীত কৃষ্ণপ্রাপ্তি অসম্ভব। কৃষ্ণ হ'চ্ছেন গুরুদেবেরই একচেটিয়া সম্পত্তি। গুরুদেব কৃষ্ণধনের মালিক। তিনি কৃপা করিয়া কৃষ্ণসেবা দিলে জীব কৃষ্ণসেবা পায়, নতুবা নহে। 'কৃষ্ণভক্তি জন্মমূল হয় সাধুসঙ্গ।' সাধুসঙ্গেই কৃষ্ণভক্তি লাভ হয়। সাধুসঙ্গ বা গুরুপাদপদ্মসঙ্গ হইতে বিচ্যুতি যেখানে, সেখানে হরিভক্তি বা হরিসেবার কোন কথাই নাই। শাস্ত্র বলেন,—

মহৎকৃপা বিনা কোন কর্ম্মে ভক্তি নয়।
কৃষ্ণভক্তি দূরে রহু সংসার নহে ক্ষয়॥

হরিনামকীর্ত্তন বা হরিসেবা ত' দূরের কথা, গুরুবৈষ্ণবের কৃপা না হইলে সংসার-নিবৃত্তিও হইবে না। সুতরাং গুরুকৃপা ছাড়া, গুরুসেবা ছাড়া, গুরুর নিত্যদাস্য ছাড়া মঙ্গলাকাঙ্ক্ষী জীবের মঙ্গললাভের আর কোন উপায় নাই। তাঁহার শ্রীপাদপদ্মের ধূলি হওয়াই আমাদের নিত্যসত্তা। মহৎপাদরজে অভিষিক্ত থাকাই আমাদের কৃত্য।

শ্রীগুরুদেব আশ্রয়বিগ্রহ। তিনি কৃষ্ণের স্বরূপশক্তি। তিনি আমাদের শাসক ও নিয়ামক হইলেও আমাদের ভোক্তা নহেন; কৃষ্ণই একমাত্র ভোক্তা। শ্রীগুরুদেব তাঁহার শিষ্যসম্প্রদায়কে কৃষ্ণসেবোপকরণ জানে কৃষ্ণপাদপদ্মে সমর্পণ পূর্ব্বক কৃষ্ণের সেবা করেন। তিনি কৃষ্ণের ন্যায় ভোক্তা নহেন, তিনি সেবক-ভগবান্। একজন শক্তি আর একজন শক্তিমান্। গুরু ও কৃষ্ণ পরস্পর অবিচ্ছেদ্য-সম্বন্ধান্বিত। তাঁহারা কেহ কাহাকেও ছাড়িয়া থাকিতে পারেন না। সর্ব্বত্রই তাঁহাদের যুগপৎ অবস্থান। শ্রীল আচার্য্যদেব বলিয়াছেন—"কৃষ্ণ—(বিয়োগ) গুরু=মায়াবাদীর নির্ব্বিশেষ ব্রহ্ম। আর

মায়ারে করিয়া জয় ছাড়ান না যায়। সাধু-গুরু-কৃপা বিনা না দেখি উপায়॥

ভঙ্গ—(বিয়োগ) কৃষ্ণ=সাংখ্যের প্রকৃতি বা মায়া। এই উভয় কষ্ট অর্ত্তফলের বক্তব্য। 'অদ্বিতীয় বিলাসী কৃষ্ণের বিলাসের সর্ব্বশ্রেষ্ঠ উপকরণ গুরুদেবকে বর্জ্জন করিলে তথায় মায়াবাদীর নির্ব্বিশেষ ব্রহ্মের ধারণা আসিয়া উপস্থিত হয়।"

শ্রীগুরুসেবকগণই কৃষ্ণসেবক। গুরুসেবা ছাড়িয়া যাহারা কৃষ্ণসেবার দাম্ভিকতা করে, তাহারা কৃষ্ণসেবক নহে। শাস্ত্র বলেন,—

যে মে ভক্তজনাঃ পার্থ ন মে
ভক্তাশ্চ তে জনাঃ।
মদ্ভক্তানাঞ্চ যে ভক্তাস্তে মে
ভক্ততমা মতাঃ॥

অর্থাৎ হে পার্থ, যাহারা আমার ভক্ত বলিয়া অভিমান করে, তাহারা আমার ভক্ত নয়। যাঁহারা আমার ভক্তের ভক্ত তাঁহারাই আমার প্রকৃত ভক্ত।

অর্চ্চয়িত্বা তু গোবিন্দং
তদীয়ান্নার্চ্চয়েত্তু যঃ
ন স ভাগবতো জ্ঞেয়ঃ কেবলং
দাম্ভিকঃ স্মৃতঃ।

যিনি ভগবানের উপাসনা করেন কিন্তু ভক্তের উপাসনা করেন না, তিনি ভক্ত নহেন, কেবল দাম্ভিক মাত্র।

"সিদ্ধির্ভবতি বা নেতি সংশয়োঽচ্যুত-
সেবিনাম্।
ন সংশয়োঽস্তি তদ্ভক্তপরিচর্য্যারতাত্মনাম্॥"

যাঁহারা কেবল অচ্যুতের সেবা করেন তাঁহাদের সিদ্ধি বিষয়ে সন্দেহ আছে, কিন্তু যাঁহারা ভগবদ্ভক্তের সেবা করেন, তাঁহাদের সিদ্ধি-বিষয়ে কোন সন্দেহ নাই।

শ্রীগুরুপাদপদ্মে শরণাগত ব্যক্তি কৃষ্ণসেবা পাইবেনই। এবং কৃষ্ণসেবা পাইয়াও তিনি নিত্যকালই গুর্ব্বানুগত্যে কৃষ্ণসেবা করিবেন। শ্রীল প্রভুপাদ বলিয়াছেন,—'ভগবদ্ভক্তের পূজাদ্বারাই পূজাবস্তুর পূজার পূর্ণতা সাধিত হয়। কেবল ভগবানের পূজায় পূর্ণতা সাধিত হয় না। তা'তে বাকী থেকে যায়। ভগবদ্ভক্তের পূজাতেই ভগবানের পূজার পূর্ণতা সাধিত হয়।' শ্রীচৈতন্যভাগবতে আমরা পাই,—

আমার ভক্তের পূজা আমা হৈতে বড়।
সেই প্রভু বেদে-ভাগবতে কৈল দৃঢ়॥

নামাচার্য্যের আনুগত্যেই নামানুশীলন করিতে হইবে। গুরু-নন্দের ঘরের চাকর না হইতে পারিলে কৃষ্ণসেবা লাভ হইবে না। সুতরাং গুরুপাদপদ্ম আশ্রয় করাই আমাদের কর্ত্তব্য। গুরুপাদাশ্রয় ব্যতীত সত্যোপলব্ধির আর কোন উপায় নাই। শ্রীল প্রভুপাদ বলিয়াছেন, 'বাস্তব সত্য তখনই করায়ত্ত হয়—যখনই আমরা গুরুপাদপদ্ম আশ্রয় করি। যাঁহারা শ্রৌতপ্রণালী বা বেদপন্থা স্বীকার করেন, তাঁহারাই শ্রীগুরুদেবের নিত্যত্ব স্বীকার করেন। বৈদান্তিকগণ সকলেই আচার্য্যের নিত্যত্ব স্বীকার ক'রেছেন। বৈদান্তিকব্রুব বেদ-মুখো-মায়াবাদী সম্প্রদায় মুখে আচার্য্য বা গুরু স্বীকার করিলেও নিজের অদ্বয়জ্ঞানতত্বের জন্য আচার্য্যের নিত্য অস্তিত্ব স্বীকার করেন না। এঁদের সকলই কপটতা; বেদমানা—কপটতা, বেদপড়া—কপটতা, গুরুমানা—কপটতা, সাধন—কপটতা, সিদ্ধি—কপটতা। আচার্য্যের পারমার্থিক নিত্যত্ব, বেদের পারমার্থিক নিত্যত্ব স্বীকার করেন না ব'লে এঁরা বেদবিরোধী প্রচ্ছন্ন-বৌদ্ধ।'

অবৈধ ব্যক্তি সকল কেহ হাসিবে, কেহ কাঁদিবে, কেহ মহাভারতকে কল্পনা করেন করুন, আমরা কিন্তু গুরু-নন্দেরই বন্দনা করি—যাঁহার বাগানবাড়ীতে পরব্রহ্ম কৃষ্ণ খেলা করেন। কৃষ্ণ-প্রেষ্ঠগণই আমাদের সরণীয় হউন।

"সভিমানেরে স্মৃতিমিত্তরে ভারতসরে জলন্ত
তবর্ত্তীতাঃ।
অহমিহ নন্দং বন্দে যস্যালিন্দে পরংব্রহ্ম॥"

গুরুকৃপা ও কৃষ্ণকৃপা, গুরুসেবা ও কৃষ্ণসেবা একটাই জিনিষ, পৃথক্ নয়। কৃষ্ণ অঙ্গী আর গুরুবৈষ্ণব অঙ্গ। গুরুবৈষ্ণবানুগত্যে কৃষ্ণসেবাই বিধি। তাই শ্রীরূপ গোস্বামী প্রভু আমাদিগকে ব্রজবাসিজনের অনুগত থাকিয়া কৃষ্ণসেবা করিতে বলিয়াছেন,—

তন্নামরূপচরিতাদি-সুকীর্ত্তনানু-
স্মৃত্যোঃ ক্রমেণ রসনামনসী নিয়োজ্য।
তিষ্ঠন্ ব্রজে তদনুরাগিজনানুগামী
কালং নয়েদখিলমিত্যুপদেশসারম্॥

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদও আমাদিগকে গুর্ব্বানুগত্যে কৃষ্ণভজনের কথা শিক্ষা দিয়াছেন. গুর্ব্বানুগত্য ছাড়িয়া কৃষ্ণসেবার কথা বলেন নাই। গুরুসেবাহীন কৃষ্ণভজন বৃথা পণ্ডশ্রম মাত্র, এই কথা তিনি আমাদিগকে জানাইয়াছেন।

'রাধাভজনে যদি মতি নাহি ভেলা।
কৃষ্ণভজন তব অকারণে গেলা॥
বৃষভানুসুতা- চরণ-সেবনে
হইব যে পাল্যদাসী।
শ্রীরাধার সুখ সতত সাধনে
রহিব আমি প্রয়াসী॥
শ্রীরাধার সুখে কৃষ্ণের যে সুখ
জানিব মনেতে আমি।
রাধাপদ ছাড়ি শ্রীকৃষ্ণ-সঙ্গমে
কভু না হইব কামী
সখীগণ মম পরম সুহৃৎ
যুগল প্রেমের গুরু।
তদনুগ হ'য়ে সেবিব রাধার
চরণ-কল্পতরু॥
রাধাপক্ষ ছাড়ি যে জন সেজন
যে ভাবে সে ভাবে থাকে।
আমি ত' রাধিকা- পক্ষপাতী সদা
কভু নাহি হেরি তাকে॥'

মাদৃশ অশরণাগতের প্রার্থনা ভগবান্ শুনেন না। 'ষড়ঙ্গ শরণাগতি হইবে যাহার। তাহার প্রার্থনা শুনে শ্রীনন্দকুমার॥' গুরুবৈষ্ণবগণ সকলের সকল কথা কৃপাপূর্ব্বক শ্রবণ করেন। গুরুনিত্যানন্দ জীবকে শুদ্ধ ও নির্দ্দল করিয়া ভগবৎসেবায় নিযুক্ত করেন। তাই মঙ্গলাকাঙ্ক্ষী ব্যক্তিগণ কাঁদিয়া কাঁদিয়া গুরুবৈষ্ণবপাদপদ্মে প্রার্থনা ও বিজ্ঞপ্তি জানাইয়া থাকেন। আমাদের সকল আবেদন নিবেদন গুরুবৈষ্ণবগণ কৃষ্ণকে জানান। 'বৈষ্ণবের আবেদনে কৃষ্ণ দয়াময়। মো হেন পামর প্রতি হ'বেন সদয়॥' তাই বলিয়া কেহ যেন মনে না করেন যে, তাহা হইলে কি ভগবানের নিকট কৃপা ভিক্ষা করিতে হইবে না? কথা তা নয়। ভক্তগণ গুরু-বৈষ্ণব-ভগবান্ তিনজনের নিকটেই কৃপা ভিক্ষা করেন। তবে তাঁহারা ভগবানের নিকট কৃপাপ্রার্থনা প্রভৃতি যা কিছু সবই গুরুবৈষ্ণবের আনুগত্যে করিয়া থাকেন।

নিষ্কপটে ভগবানের নিকট প্রার্থনা জানাইলে ভগবানের কৃপায় সাধুগুরুসঙ্গ লাভ হয় এবং তাঁহাদের কৃপাতে ভগবৎসেবা লাভ হইয়া থাকে।

শ্রী শ্রীআচার্য্যবাণী

কৃষ্ণের রৌদ্ররূপ প্রভাবই—ব্রহ্ম। প্রকৃতিগত cessation of conception and perception ঘটে অর্থাৎ অচিন্ত্যাবস্থা; ইহা মহাকালীর গর্ভে লয়, আর প্রপঞ্চে চিন্তাভাবহাই কৃষ্ণহর্ষের কিরণের অন্তর্ভুক্তি।

"সিদ্ধা ব্রহ্মসুখে মগ্না দৈত্যাশ্চ
হরিণা হতাঃ"
(ব্রহ্মাণ্ডপুরাণ)

এখানে যে 'ব্রহ্মসুখ' শব্দ বলা হইয়াছে, তাহা লোকদিগকে বুঝাইবার জন্য। শিশুপাল, দন্তবক্র প্রভৃতি সাযুজ্যকামী জ্ঞানী; ইহারা জ্ঞানের সহিত 'ব্রহ্মলয়' চাহিয়াছিল। শিশুপাল deliberately কৃষ্ণের বিলাস অস্বীকার করিয়াছে। শিশুপাল কৃষ্ণের মাধুর্য্যের বিষয় জানিত, প্রতিকূলভাবে—অনুকূলভাবে নহে। অনুকূলভাবে জানিলে সেই মাধুর্য্যের আকর্ষণে আকৃষ্ট হইয়া যাইত। যাঁহারা ব্রহ্মে লীন হন, তাঁহারাও ক্রমশে কারণার্ণবশায়ীর মধ্যে প্রবেশ করেন।

মধ্যমাধিকারে অনর্থ থাকে, ভাবের আবির্ভাব পর্য্যন্তও অনর্থ থাকে।

শাস্ত্রযুক্তি নাহি জানে দৃঢ়, শ্রদ্ধাবান্।
মধ্যমাধিকারী সেই মহাভাগ্যবান্॥

এখানে "দৃঢ়" শব্দের পরে (,) হইবে, "জানে"এর পর নহে। মধ্যমাধিকারী দৃঢ়-শাস্ত্রযুক্তি জানেন না; কিন্তু শ্রদ্ধাবান্। মধ্যমাধিকারী শাস্ত্রযুক্তি দ্বারা সমস্ত সমস্যার সমাধান করিতে পারেন না; কিন্তু উত্তমাধিকারী শাস্ত্র ও যুক্তিতে যেরূপ সুনিপুণ, শ্রদ্ধায়ও সেইরূপ সুদৃঢ়; এজন্য তিনি সংসার তারণ করিতে পারেন।

বেদ ও শ্রুতিতে অধিকাংশ স্থলেই কারণ, গর্ভ ও ক্ষীরোদকশায়ী বিষ্ণুর কথা পর্য্যন্ত পাওয়া যায়। "যতো বা ইমানি ভূতানি জায়ন্তে" প্রভৃতি মন্ত্রে কারণার্ণবশায়ী বিষ্ণুর কথা বলা হইয়াছে, "সহস্রশীর্ষা পুরুষঃ সহস্রাক্ষঃ সহস্রপাৎ" প্রভৃতি মন্ত্রে গর্ভোদকশায়ী বিষ্ণুর কথা উক্ত হইয়াছে, "দ্বা সুপর্ণা" মন্ত্রে ক্ষীরোদকশায়ী বিষ্ণুর কথা বর্ণিত হইয়াছে, দাক্ষিণাত্যে ও উত্তরাপথে শেষশায়ী বিষ্ণু (পুরুষাবতারত্রয়), না হয় বড় জোর তুরীয় পুরুষোত্তমের কথা পর্য্যন্ত প্রচারিত রহিয়াছে। লীলা-পুরুষোত্তম কৃষ্ণের কথার গ্রাহক এই সংসার জগতে খুব কম এবং পরাঙ্মুখ বদ্ধজীব তাঁহার প্রতি নৈসর্গিক বাৎসল্যযুক্ত বলিয়া প্রাকৃতবৎ প্রতীয়মান, কিন্তু বস্তুতঃ অপ্রাকৃত বা কেবল কৃষ্ণনামরূপ-চরিতাদির বর্ণন বেদে অতি সুনিগূঢ়ভাবে আছে, তজ্জন্য বেদগূঢ় আচার্য্য শ্রীনামপরায়ণ বৈষ্ণবের নিকট শুশ্রূষু হইতে হইবে।

কয়লা অগ্নির সংযোগে দহন করিতে পারে, লৌহ অগ্নির শক্তিতে দহন করে,—"অগ্নিশক্ত্যে লৌহ যৈছে করয়ে জারণ"। এক সম্প্রদায় কয়লা ও লৌহকেই মুখ্য মনে করিতেছেন। বৈষ্ণবগণ কয়লা বা লৌহ দর্শন করেন না, তাঁহারা অগ্নি দর্শন করেন। কয়লার কারণত্ব দর্শনই কালী দর্শন—প্রকৃতিকে জগৎকর্ত্রী বা জগৎকারণরূপে দর্শন। প্রকৃতির স্বতঃ কর্তৃত্ব বা কারণত্ব নাই। শক্তি—শক্তিমানেরই অধীনা—ইহাই বেদোপনিষদে প্রদর্শিত হইয়াছে।

কৃপার প্রকারভেদ আছে। মহাপ্রভু বেঙ্কট ভট্টকে সাক্ষাৎ মাধুর্য্যবিগ্রহের সেবা দান

মহৎকৃপা বিনা কোন কর্ম্মে ভক্তি নয়। কৃষ্ণভক্তি দূরে রহু সংসার নহে ক্ষয়॥

করিলেন মুরারিগুপ্ত [illegible] তাহা দিতে চাহিয়াছিলেন; কিন্তু [illegible] তাহা গ্রহণ করিলেন না। [illegible] প্রভু কতকটা [illegible] পণ্ডিতকে উন্নত উজ্জ্বল রসের [illegible] কথা বলিয়াছিলেন।

বাচ্য হইতে [illegible] কৃপাময়। বাচকের স্বরূপে—[illegible] বেশী। "হরিস্থানে অপরাধ [illegible]।" বাচ্য ও বাচক, এবং [illegible] চরণে অপরাধ বাচকের [illegible] দূরীভূত হয়—বাচক ক্ষমা করেন [illegible] বাচকের চরণে অপরাধ অর্থাৎ নামা[illegible] ভীষণ বস্তু। বাচকের চরণে অপ[illegible] সাধুর চরণে অপরাধ হয়। [illegible] প্রধানতম বাচকা পরাধ। বাচকের অর্থাৎ হরিনামের যিনি বিলাসী অর্থাৎ হরিনাম উচ্চারণ করিয়া হরিনামকে সুখ প্রদান করেন, তাঁহার চরণে অপরাধ তিনিই ক্ষমা না করিলে তাহা হইতে উদ্ধার লাভের আর উপায় নাই। যে পথ দিয়া শরীরে কাঁটা প্রবিষ্ট হয়, সেই পথ দিয়াই উহাকে বাহির করিতে হইবে· তাহা না করিলে শরীরে পুঁজ জন্মিবে, এমন কি, সমস্ত শরীর বিষাক্ত হইয়া যাইবে; তাহাতে [illegible] পর্য্যন্ত ঘটিতে পারে। আবার ক্ষমাকারী বৈষ্ণব যদি ক্ষমা বিষয়ে indifferent (উদাসীন) থাকেন, তাহা হইলে আরও ভীষণ অবস্থা। অপরাধ দুইপ্রকার,—অজ্ঞতাজনিত ও জ্ঞানজনিত। অজ্ঞতাজনিত অপরাধ সাধুর নিকট হরিকথা শ্রবণের ফলে নিবৃত্তি হয়, কিন্তু জ্ঞানজনিত অপরাধ [illegible]।

'ঐশ্বর্য্যজ্ঞানে সর্ব্বজগৎ মিশ্রিত'। এজন্য জগতের লোক ঐশ্বর্য্যবিগ্রহ নারায়ণের পরমেশ্বরত্বের কথা পর্য্যন্ত বুঝিতে পারে, কেননা, নারায়ণ জগৎ হইতে বিলক্ষণ তত্ত্ব। মনুষ্য বা প্রাণী মাতাপিতা হইতে জন্মগ্রহণ করে; নারায়ণের মাতাপিতা নাই, তিনি অজ। মনুষ্যের দুই হস্ত, নারায়ণের চারি হস্ত। কিন্তু কৃষ্ণরূপচরিত্রাদি সমস্তই প্রাকৃত মানুষের মত বৈচিত্র্যময়, কেবলমাত্র অপ্রাকৃতত্বে ও পরমচমৎকারিত্বে অত্যন্ত প্রভেদ। তাই কৃষ্ণরূপ মানুষের ধারণার অতীত· কৃষ্ণ মানুষের মত মাতাপিতার জন্মলীলা প্রকাশ করেন, মানবেরই মত দ্বিভুজ। মানুষের মত হইয়াও কিরূপে তাঁহাতে অচিন্ত্য ও অপ্রাকৃতত্ব থাকিতে পারে,—ইহাই জীবের ধারণার অতীত। এজন্য কৃষ্ণতত্ত্বে পণ্ডিতগণ মোহপ্রাপ্ত হন।

গোস্বামিগণ শ্রীমদ্ভাগবত অবলম্বন করিয়াই সমস্ত সিদ্ধান্ত প্রকাশ করিয়াছেন। শ্রীসনাতন গোস্বামী প্রভু শ্রীমদ্ভাগবত হইতেই বৃহদ্ভাগবতামৃত প্রভৃতি গ্রন্থ ও শ্রীরূপগোস্বামী প্রভু ভক্তিরসামৃতসিন্ধু, সংক্ষেপ ভাগবতামৃত, স্তবমালা ও বিভিন্ন কাব্যগ্রন্থ আবিষ্কার করিয়াছেন। শ্রীমদ্ভাগবত-গ্রন্থটীকে রসামৃতসিন্ধুর মধ্যে কিরূপ সুবৈজ্ঞানিক প্রণালীতে সাজাইয়াছেন! আর শ্রীজীবপ্রভু শ্রীরঘুনাথদাস গোস্বামী প্রভু প্রভৃতি আচার্য্যবৃন্দ সেই সিদ্ধান্তকেই শ্রীমদ্ভাগবতের ষট্‌সন্দর্ভ, স্তব ও বিভিন্ন কাব্যগ্রন্থে প্রকাশ করিয়াছেন। শ্রীল রঘুনাথের স্তবাবলী প্রভৃতি শ্রীসনাতনরূপের প্রণালীতে বা শ্রীমন্মহাপ্রভুর বিচারানুসারে শ্রীমদ্ভাগবতেরই বিবৃতি।

যেখানে নির্ব্বিশেষবাদ কৃষ্ণকে পিষিয়া ফেলিয়াছে, এইরূপ মনে হয়—কৃষ্ণ নাই এইরূপ মনে হইতেছে, তথায়ও অধোক্ষজের আবির্ভাব; কৃষ্ণ সেখানেও রহিয়াছেন। শকটাসুর কৃষ্ণকে পিষিয়া দেলেন, মনে হইয়াছিল; কিন্তু সেখানে অধোক্ষজ কৃষ্ণই আছেন। পাষণ্ডসম্প্রদায় হরি-গুরু-বৈষ্ণবকে তাহাদের দাম্ভিকতারূপ ভারবাহিতার দ্বারা পিষিয়া ফেলিতেছে মনে হইলেও তথায় অধোক্ষজেরই আবির্ভাব হয়।

বৃকের দুরাগ্রহের ফলে রুদ্রেরও বুদ্ধিভ্রম হইয়াছিল। কেবল বিষ্ণু মায়াধীশ বলিয়া বৃককে কৌশলে বিনষ্ট করিয়া রুদ্রকে রক্ষা করিয়াছিলেন। বৃক তাহার ইষ্টদেবকেই—গুরুদেবকেই তৎপ্রদত্ত সিদ্ধিবলে বিনাশ করিতে উদ্যত হইয়াছিল। বিষ্ণু রুদ্রের এই অবস্থা দেখিয়া বৃককে বলিয়াছিলেন,—'তুমি কি শেষে রুদ্রের কথায় পাগল হইয়া পড়িলে? তোমার সিদ্ধির কার্য্যকারিতা সম্বন্ধে অপরের নিকট যাইবার প্রয়োজন কি? তোমার নিজের কাছেই ত' কষ্টিপাথর রহিয়াছে. নিজের মাথায় একবার হাত দিয়া দেখ না।' বৃক নিজের মাথায় হস্ত প্রদান-মাত্রই বিনষ্ট হইল।

যদি খাঁটি একজন লোক পাওয়া যায়, তবে তাঁহাকে লইয়াই 'মিশন' হয়—তিনিই 'মিশন'। এইরূপ একটী মঠ থাকিলেই প্রকৃত আচারপ্রচার থাকিবে- হাউই বাজির মত কতকগুলি সাজের প্রতিষ্ঠানের অকস্মাৎ অভ্যুদয় দেখাইয়া লোকের ইন্দ্রিয়তর্পণ করা প্রচার নহে। মাংসভুক্ ব্যক্তিগণের ইন্দ্রিয়তর্পণ করাইয়া, তাঁহাদিগকে ছানার ডাল্‌না খাওয়াইয়া বা তাঁহাদের মাংসচক্ষে তাঁহারা যাহাকে কাঠ-পাথররূপে দর্শন করিতেছেন, সেইরূপভাবের সজ্জায় শ্রীমূর্ত্তি খাড়া করাইয়া মঠবাসিগণ যদি পরস্পরের মধ্যে ইন্দ্রিয়তর্পণের একটা রফাদফা করিয়া লয় অর্থাৎ তোমরা আমাদিগকে মাসিক কিছু চাঁদা দিও, আমরা সেই মালকড়া পাইয়া বেতনজীবী গৃহরক্ষকগণের ন্যায় নিশ্চিন্তমনে জীবন যাপন করিব, আর আমাদের শেঠ ঠাকুরদের্শনকে তিন্তজীবী রাখিবার জন্য উহার পক্ষপক্ষে তোমাদিগকে ছানার ডাল্‌না খাওয়াইয়া বা গালোৎসবে, ঝুলনোৎসবে (?) কিম্বা [illegible] উৎসবে তোমাদের মনের মত করিয়া [illegible] সাজাই [illegible] ইন্দ্রিয়তর্পণ করাইব তোমাদিগকে কোন চেতনের কথা [illegible] তোমাদের কোন নিত্যমঙ্গলের বা উপকারের চেষ্টা করিব না—এইরূপ বিচার প্রবল হইলে তাহাকে আর 'মঠ' বলা যায় না। এই সকল অর্থাভিলাষী [illegible] কাজ [illegible] করিতে হইলে, যদি সমস্ত খানাবাড়ী [illegible] উঠিয়াও যায়। খানাবাড়ী মঠ নহে, বাস্তব সত্য কথা কীর্ত্তনকারীই মঠ।

মঠবাসিগণ বিষয়ী গৃহস্থ লোকের তোষামোদ করিবার জন্য মঠবত গ্রহণ করেন নাই। কেহ যদি শুদ্ধবৈষ্ণবের পাদপদ্মে আত্মসমর্পণ করেন, তাঁহাদের [illegible] হইয়া হরিভজন করেন, তবে মঠবাসিগণ প্রাণপণে তাঁহাদের সেবা করিবেন, আর যাঁহারা বহির্ম্মুখতা সংরক্ষণে তৎপর, কেবল সাময়িকভাবে কোন না কোন অর্থাভিলাষের বশবর্ত্তী হইয়া কিছু অর্থাদি পদার্থ বা অন্য কোন উপায়ে মঠের সেবার আনুকূল্য করেন, তাঁহাদের নিকট হইতে কৌশলে তাঁহাদের যথাসর্ব্বস্ব শুদ্ধবৈষ্ণবসেবায় নিয়োগ করাইয়া তাঁহাদিগের প্রকৃত মঙ্গল বিধান করিবার চেষ্টা করিতে হইবে। তৎপরিবর্ত্তে তাঁহাদিগের কিঙ্কর বা ক্রীতদাস হইয়া যাইতে হইবে না। তাঁহাদিগের নিকট নির্ভীকভাবে সত্যকথা কীর্ত্তন করিয়া জানাইতে হইবে যে, কৃষ্ণভক্তকে সর্ব্বস্ব দিতে হয়, তাঁহার নিকট হইতে কোন-প্রকারে কিছু আদায় করিতে হয় না। যেহেতু বিষয়িগণ মঠের সেবানুকূল্য করেন, অতএব মঠবাসিগণ বিষয়ীর খিদ্মদ্‌গার, ইহা যেন বিষয়িগণ মনে করিয়া অধঃপতিত না হন। পারমার্থিক মঠ জনসেবার স্থান নহে, জনগণের নিত্য মঙ্গলবিধানের স্থান, তাহা পূর্ণচেতনের অনুশীলনকারী অপ্রাকৃত শুদ্ধবৈষ্ণবের সেবার স্থান—অপ্রাকৃত হরিজনসেবা সদন।

সাময়িক-প্রসঙ্গ

শ্রীশ্রীমদ্ [illegible] অন্যতম প্রচারক [illegible] শ্রীমৎ [illegible] তীর্থ [illegible] ব্রহ্মচারী সহ [illegible] গমন করেন [illegible] ১১শে মার্চ্চ [illegible] রামকৃষ্ণ-[illegible] ঘটিকা হইতে [illegible] সম্বন্ধে এক [illegible] বক্তৃতা প্রদান করেন। বক্তৃতা [illegible] হইয়াছিল। হরিকথা [illegible] শিক্ষিত ব্যক্তি সভায় [illegible] করিয়াছিলেন।

[illegible] শেষ করিয়া স্বামীজী [illegible] গমন করেন। গত ২৯শে মার্চ্চ স্থানীয় হাইস্কুলে বেলা ৩ ঘটিকা হইতে ৬ ঘটিকা পর্য্যন্ত শুদ্ধভক্তি সম্বন্ধে বক্তৃতা হয়। [illegible] ৩০শে ও ৩১শে মার্চ্চ দুই দিবস স্বামীজী বলরাম ইন্ডিয়ান্ ইন্‌ষ্টিটিউটে অপরাহ্ণে প্রত্যহ ২ ঘণ্টা করিয়া 'মনুষ্যজীবনের পরম প্রয়োজন' সম্বন্ধে বক্তৃতা প্রদান করেন।

গত ১লা এপ্রিল ইষ্ট এন্ড ওয়ার্কস্ এষ্টেটের প্রোপ্রাইটর শ্রীযুত উমানাথ মিশ্রের ভবনে স্বামীজী [illegible] ঘটিকার সময় শ্রীমদ্ভাগবত হইতে অজামিল-উপাখ্যান পাঠ ও ব্যাখ্যা করিয়া সকলের আনন্দবর্দ্ধন করেন। তৎপরদিবস রাধাকিষণ জুটমিলের ম্যানেজার শ্রীযুত এইচ্, এন্ ঝুন্‌ঝুন্ ওয়ালার সাদর আহ্বানে স্বামীজী তাঁহার গৃহে গমনপূর্ব্বক অপরাহ্ণে 'মনুষ্যজীবনই' কর্ত্তব্য সম্বন্ধে অনেকক্ষণ যাবৎ হরিকথা কীর্ত্তন করেন।

[illegible]বাদে প্রচার

শ্রীশ্রীবিশ্ববৈষ্ণবরাজসভার অন্যতম প্রচারক শ্রীপাদ সুদর্শন ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী গত ২৫শে মার্চ্চ হইতে [illegible]বাদের সুবিখ্যাত বিশ্বাস কোম্পানীতে চারি দিবস যথাক্রমে শ্রীকৃষ্ণ ও শ্রীগৌর-লীলা ও শ্রীরামলীলা-সম্বন্ধে ছায়াচিত্র-যোগে কীর্ত্তন করেন। ৪র্থ দিবস শ্রীচৈতন্য-চরিতামৃত হইতে শ্রীনারদ গোস্বামী ও ব্যাধের উপাখ্যান পাঠ করেন। উক্ত দিবস শ্রীরামচন্দ্রের জন্ম উপলক্ষে প্রায় ২০০ শত ভদ্রলোক ও ভদ্রমহিলাদিগকে বিচিত্র মহাপ্রসাদ বিতরণ করা হইয়াছে। ব্রহ্মচারীজীর মুখে হরিকথা শ্রবণ করিয়া সকলেই উপকৃত হইয়াছেন।

শুদ্ধভক্তি-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠ-শ্রীমায়াপুর

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীচৈতন্যদেবের ভবনে শ্রীচৈতন্যমঠ, শ্রীশ্রীগান্ধর্বিকা-গিরিধারী
শ্রীগৌরাঙ্গ শ্রীবিগ্রহের [illegible] আছেন। [illegible] [illegible]
[illegible] আছে।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৫
কলিকাতায় শ্রীভক্তিবিনোদ-আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমদ্ভাগবত পাঠ, সঙ্কীর্ত্তন, প্রত্যহ [illegible] শ্রীমদ্ভাগবতাদি গ্রন্থের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও হারমনিষ্ট পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়।

(৩) যোগপীঠ-শ্রীমায়াপুর শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব ভূমি মহাযোগপীঠ।

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং [illegible] বর্ত্তমান।

(৬) মুরারিগুপ্তের পাট

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৭) কাজি-সমাধি-পাট

শ্রীধাম শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি।

(৮) অমূল্যকৃষ্ণ[illegible]

শ্রীধাম মায়াপুর

(৯) আনন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ জাহ্নগর (বর্দ্ধমান)

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মাউগাছি, পোঃ জাহ্নগর, (বর্দ্ধমান)
শ্রীবৃন্দাবনদাস ঠাকুর [illegible] স্থান

(১৩) ঋতুদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(১৪) জহ্নুদ্বীপ গৌড়ীয়মঠাশ্রম

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ

গোকুলপুর, নদীয়া

(১৬) শ্রীনবদ্বীপ গৌড়ীয় মঠ

বাঁইগাছী -(শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৭) কুঞ্জকুটীর

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

(২০) মহেশ-পণ্ডিতের পাট

কাঠালপুলি, পোঃ চাকদহ (নদীয়া)

(২১) রাণাঘাট-গৌড়ীয়মঠাসন

(২২) সুন্দা গৌড়ীয়মঠ

চব্বিশ পরগণা

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ

বালিয়াটী পোঃ জাদি, ঢাকা।
পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র।

(২৪) গোপালজীউমঠ

কমলাপুর, পোঃ ঢাকা

(২৫) বলাই-গৌরাঙ্গ মঠ

পোঃ বালিয়াটী, (ঢাকা)

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

বড়বাজার, পোঃ ময়মনসিংহ

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চক্চকা, কামরূপ (আসাম)

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

ওল্ড পোষ্ট অফিস বিল্ডিং, দার্জ্জিলিং

(৩০) মায়াবত-গৌড়ীয়মঠ

পোঃ হরিদ্বার, জিঃ সাহারাণপুর, ইউ, পি

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

[illegible] পাটনা)

(৩২) গয়া গৌড়ীয়মঠ

মণ্ডপা রোড, গয়া

(৩৩) সনাতন গৌড়ীয় মঠ

৮।১৭ বড় গণেশমহল্লা, বেনারস সিটি

(৩৪) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

(৩৫) পরমহংস মঠ,

পোঃ নিমসার, সীতাপুর ইউ পি)

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠাশ্রম

বিশ্রামঘাট, পোঃ মথুরা

(৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণসহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ

কিশোরপুর, বৃন্দাবন

(৩৯) প্রেমাধামন-কুঞ্জকুণ্ড

পোঃ রাধাকুণ্ড। মথুরা

(৪০) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪১) রাধাকুণ্ড গোষ্ঠবাটী

(৪২) শ্রীগোবর্দ্ধনমঠালয়

গোবর্দ্ধন, মথুরা

(৪৩) সঙ্কেত বিহারী মঠ

বর্ষাণা, মথুরা।

(৪৪) নন্দগ্রাম গৌড়ীয়মঠালয়

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৫) বর্ষাণা গৌড়ীয়মঠালয়

পোঃ বর্ষাণা, মথুরা

(৪৬) গোষ্ঠবিহারী মঠ—সেবাকারী,

পোঃ হোডেল, জেলা গুরগাঁও (পাঞ্জাব)

(৪৭) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

(৪৮) দিল্লী গৌড়ীয় মঠ

৩৩নং সেখান রোড, নিউ দিল্লী

(৪৯) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, [illegible]
বিল্ডিং বোম্বে ৭

(৫০) মাদ্রাজ-গৌড়ীয়মঠ

পোঃ রায়পেট্টা, মাদ্রাজ
শ্রীশ্রীগৌরাঙ্গ-গান্ধর্ব্বিকা-গিরিধারীর সেবা

(৫১) রাজমহেন্দ্রী গৌড়ীয়মঠ

পোঃ কভূর, পূর্ব্ব গোদাবরী মাদ্রাজ
শ্রীশ্রীগৌরাঙ্গ-রাধিকা-গিরিধারীর সেবা

(৫২) ব্রহ্মগৌড়ীয়মঠ

আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)

(৫৩) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা

(৫৪) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৫) লীলাকুটী

(৫৬) ভুবনেশ্বর-গৌড়ীয়মঠ

পোঃ ভুবনেশ্বর, পুরী

(৫৭) সচ্চিদানন্দ মঠ

[illegible], পোঃ কটক (উড়িষ্যা)

(৫৮) সাক্ষিগোপাল গৌড়ীয়মঠপীঠ

(৫৯) শ্রীপ্রপন্নাশ্রমগৌড়ীয়-প্রপন্ন-মঠ

পোঃ [illegible], গঞ্জাম

(৬০) ভাগবতজনানন্দ মঠ

চিকন্দিয়া, পোঃ নারায়ণপুর, মেদিনীপুর

(৬১) জামালি গৌড়ীয়মঠ

পোঃ জামালি, মেদিনীপুর

(৬২) আমলাজোড়া প্রপন্নাশ্রম মঠ

পোঃ রাজবাঁধ (বর্দ্ধমান)

(৬৩) চৈতন্যগৌড়ীয়মঠ

কুমুরকুণ্ডা, পোঃ চিরকুণ্ডা, (মানভূম)।

(৬৪) রেঙ্গুণ গৌড়ীয়মঠ

৩০১ নং [illegible] ষ্ট্রীট, রেঙ্গুন।

(৬৫) লণ্ডন-গৌড়ীয়মঠ

ফ্লাট নং ২
৫১, আর্লস্-রোড
ক্লাপহাম, লণ্ডন, ই ৫

(৬৬) গৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

১৬।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা

(৬৭) গৌড়ীয়মঠ অফিস

[illegible] রোড, লক্ষ্ণৌ (ইউ-পি)

(৬৮) শ্রীবিদ্যাবিধি গৌড়ীয়মঠালয়

[illegible], চট্টগ্রাম

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীমহানন্দ ব্রহ্মচারী ভক্ত্যালোক, ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

-ঃ(০)ঃ-

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও দ্বিতীয় জন্য	পরবর্ত্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও দ্বিতীয় জন্য	পরবর্ত্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে ৷৷০	৷৵০	৷৵০		৷০
" " ইঞ্চি ২৲		১৷০		
সিকিকলম ৫৲	৪৲			৪৲
অর্দ্ধকলম ৮৲	৭৲	৭৲		৫৲
এক কলম ১৪৲	১০৲	১০৲		৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিবারে প্রতি ইঞ্চি ৬	৷৷০
" সিকি কলম ১৫৲	১২৲
" অর্দ্ধকলম ২৫৲	১৮.
" এক কলম ৩৫৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৷৷০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা ৴৫ ; বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

শ্রীধাম-মায়াপুরে

—ঃ০ঃ—

—ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট—

—ঃঃ০ঃঃ—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান স্বাস্থ্যকর—পরম সাধুসঙ্গ ; বিদ্যালয় ও বোর্ডিং এর পরিবেশ বেশ। শিক্ষকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বোর্ডিংএ সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে খোরাক ও সেভবাবদ প্রতি মাসে মাত্র ৬৲ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিয়াছে। বর্ত্তমান বর্ষে ১৬ জন বালকের মধ্যে ১৫ জন ভালভাবে উত্তীর্ণ হইয়াছে।

মেধাবী ছাত্রগণের অশেষ সুবিধা

পরীক্ষায় যাহারা গড়ে শতকরা ৬৫ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ সচ্চরিত্র বিদেশী ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক-সম্পাদিত ; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা আনুপূর্ব্বিকভাবে আলোচিত হইয়াছে। এই এক অপূর্ব্ব বৌদ্ধিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

শ্রীচৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত অতিসুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত ইহার ভিক্ষা মাত্র ৩৲ টাকা। প্রাপ্তিস্থান শ্রীযুক্ত নন্দকিশোর অধিকারী, শ্রীযোগপীঠ, ঈশোদ্যান, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীসরস্বতী-সংলাপ

প্রথম খণ্ড

শ্রীশ্রীব্রহ্মমাধ্ব গৌড়ীয়সম্প্রদায়ৈকসংরক্ষক জগদ্গুরু পরমহংস-কুলচূড়ামণি নিত্যলীলা-প্রবিষ্ট ১০৮শ্রী শ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামি-প্রভুপাদ বিভিন্ন জিজ্ঞাসু ও শুদ্ধ সজ্জনবৃন্দের প্রশ্নোত্তরে ও সন্দেহ-নিরাকরণকল্পে যে সকল শুদ্ধভক্তিসিদ্ধান্তবাণী কীর্ত্তন করিয়াছেন, যাহা তাঁহার প্রকটকালের 'গৌড়ীয়' সম্পাদক শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ প্রভুপাদেরই শ্রীহস্তে সংশোধিত করাইয়া লইয়াছিলেন এবং ধারাবাহিকরূপে গৌড়ীয়পত্রে প্রকাশিত হইয়াছে, তাহা "শ্রীশ্রীসরস্বতী সংলাপ" নাম দিয়া পুস্তক শ্রীল প্রভুপাদের 'বক্তৃতাবলী' ও 'পত্রাবলী' আকারে খণ্ডে খণ্ডে প্রকাশিত হইতেছেন। বর্ত্তমানে শ্রীল প্রভুপাদের প্রথমবার্ষিক বিরহতিথিপূজা-বাসরে এই গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছেন। মানবজীবনের বহু অমীমাংসিত সমস্যা ও জটিল প্রশ্নের সমাধান ইহাতে পাওয়া যাইবে। ভক্তগণের পাঠমাত্রেরই এই গ্রন্থ সংগ্রহ একান্ত প্রয়োজন।

ল প্রভুপাদের প্রবন্ধাবলী

—ঃঃ(০)ঃঃ—

শ্রীল প্রভুপাদের চতুঃষষ্টিবর্ষপূর্ত্ত্যাবির্ভাব-তিথিতে শ্রীল আচার্য্যদেবের অভীপ্সানুসারে "শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী" প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। ইহাতে পূর্ব্বার্দ্ধ ও উত্তরার্দ্ধ দুইটি বিভাগ আছে। পূর্ব্বার্দ্ধে শ্রীল প্রভুপাদের আদি-প্রবন্ধাবলী শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের সম্পাদিত 'স-সাপ্তাহিক সজ্জনতোষণী,' শ্রীল প্রভুপাদের 'নিবেদন' সাপ্তাহিক পত্র প্রভৃতি হইতে যথাসাধ্য ও প্রয়োজনীয় অংশের টীকা-সহ প্রকাশিত হইয়াছে। উত্তরার্দ্ধে শ্রীল প্রভুপাদের সম্পাদিত 'সজ্জনতোষণী'র কতিপয় প্রবন্ধ যথাসাধ্য প্রস্তুতের সহিত মুদ্রিত হইয়াছে। প্রবন্ধগুলি রচনাকালের ক্রমানুসারে গ্রথিত হইয়াছে ; এতদ্ব্যতীত শ্রীল আচার্য্যদেবের একটি মূল্যবান্ উপোদ্ঘাত ও সম্পাদকীয় একটি বিস্তৃত ভূমিকা, শব্দ-সূচী, স্থান-পাত্র-শ্লোক ও পয়ার-সূচী প্রভৃতি গ্রন্থে সংযোজিত হইয়াছে। গ্রন্থটি উৎকৃষ্ট কাগজে পাইকার সহিত মুদ্রিত ও শ্রীল প্রভুপাদের আলেখ্যাদিদ্বারা ভূষিত ও সুন্দর বাঁধাই হইয়া প্রকাশিত হইয়াছে। প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, জিলা নদীয়া ; শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ও শ্রীমাধ্বগৌড়ীয়মঠ, বাংলা, পোঃ রমনা, ঢাকা।

শ্রীল প্রভুপাদের পদ্যপ্রসূন মালা

এই গ্রন্থে ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তি- সিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের রচিত পদ্যাবলী শ্রীল আচার্য্যদেবের বিরচিত "সৌরভ" নামক ভাষ্যের সহিত প্রকাশিত হইয়াছে। শ্রীল প্রভুপাদের অনেক অপ্রকাশিত পদ্য ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ৷০ আট আনা।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপদেশক পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী সম্প্রদায়-বৈভবাচার্য এম্-এ মহোদয়ের প্রৌঢ়গবেষণা এবং পরিপক্ক লেখনীর অদ্ভুত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত্র-পাঠে মত্ত হউন। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিভিন্ন চিত্র-সবলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলে শ্রীকৃষ্ণচৈতন্যের প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডে ৩০শ অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্তার ভূমিকাদ্বয় (Prefaces), বিষয়-তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র-(Index Glossary) সহ গ্রন্থখানি প্রকাশিত। ভিক্ষা—১৫৲ পনর টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, রায়পেটা মাদ্রাজ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

'ঠাকুর ভক্তিবিনোদ'

———:(•):———

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি-প্রচারের মূল মহাজন সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অতিমর্ত্ত্য জীবনচরিত এতাবৎকাল সর্ব্বাঙ্গ সুন্দরাকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয়মঠাচার্য্যবর্যের গুরুভ্রাতা পরবিদ্যাশাস্ত্রীবিজ্ঞ সু-লেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীযুত সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু মূল্যবান শিক্ষামালাও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১০৪ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৮০ আনা; ডাক মাশুল স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান—ম্যানেজার গ্রন্থবিভাগ

শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

———:(•):———

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু গ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১৩।১নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

[illegible] পাঁচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাট্‌তি এত অত্যন্ত অধিক। লিভার প্লীহা সংযুক্ত কালাজ্বর এবং নূতন ও পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। মূল্য ছোট বোতল ৸৵০ দশ আনা, বড় বোতল ১৷৵০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা
অথবা
পোঃ খোলা, ২৪ পরগণা

ই. বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	৪-৩৬	৬-০৬	৭-২৩	১২-২৬	১৪-৫৩	১৬-৫৬	১৭-৫৩	২২-৫৩
রাণাঘাট পৌঃ			৮-৫০	১৪-১৫				
(বদল) ছাঃ			৯-৩০	১৪-৫০				
কৃষ্ণনগর পৌঃ	৭-১	৮-৪৫	১০-৮	১৫-২৩	১৭-২৮	১৯-১১	২০-১৩	১-১৫
(বদল) ছাঃ	৭-১২		১০-৩১		১৭-৩৮		২০-৫৬	
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫১		১১-১০		১৮-১৬		২০-৪০	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
রাণাঘাট পৌঃ	১২-৫৫
ছাঃ	১৩-০
শান্তিপুর পৌঃ	১৩-২৬
(বদল) ছাঃ	১৩-৩১ (লাইট্ রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪-২
ছাঃ	১৪-২০
নবদ্বীপঘাট পৌঃ	১৫-০

ডাউন

নবদ্বীপঘাট ছাঃ	৪ ৪৫		৯ ২৫		১৩-৩১	১৬-০	১৮-৩১	
কৃষ্ণনগর পৌঃ	৬ ২৩	৯-১৬	১০-৩	১১-৪১	১৪-১০	১৬-৩৮	১৯-১১	
ছাঃ	৬-২৬	৭-১৮	১০-১১			১৬ ৫৬	১৯-২৫	
রাণাঘাট পৌঃ			১০-৪৩			১৭-৩১		
(বদল) ছাঃ			১১-০			১৭-৪০		
কলিকাতা পৌঃ	৬-১৬	৯-২১	১০-১	১২-১৬	১৪-১৬	১৯-১১	২১-৪১	২৩-২৩

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৩-৩১	১৬-০	
কৃষ্ণনগর পৌঃ	১৪-১০	১৬-৩৮	
ছাঃ	১৫-২৮	১৭-১৫	
শান্তিপুর পৌঃ	১৬-৯	১৭-৫৩	
(বদল) ছাঃ	১৬-৩৩	১৮-১ (শনিবার ভিন্ন)	১৮-৮ (শনিবার)
রাণাঘাট পৌঃ	১৭-১০	১৮-২৭	১৮-৩৩
(বদল) ছাঃ	১৭-৪০	১৮-৪০	১৮-৪০
কলিকাতা পৌঃ	১৯-১১	২০-৬	২০-৬

পোঃ— শ্রীমায়াপুর
টেলিগ্রাম—শ্রীধাম
শ্রীমায়াপুর

REGD NO C 1544

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৪শ খণ্ড] শ্রীমায়াপুর—২৭শে চৈত্র, ১৩৪৫, ১০ই এপ্রিল, ১৯৩৯ সোমবার [৬৫শ সংখ্যা

বিবিধ সংবাদ

——ঃঃ(০)ঃঃ——

নদীয়ার গ্রামে ডাকাতি

গোপীনাথপুর গ্রামের শ্রীযুক্ত হৃষীকেশ বিশ্বাসের বাড়ীতে গত ৩১শে মার্চ রাত্রিতে একটি ডাকাতি হইয়া গিয়াছে। ডাকাতেরা গৃহস্বামীর পুত্র শ্রীযুক্ত অদ্বৈতকুমার বিশ্বাসের বক্ষকে আঘাত করে ও অলঙ্কার, নগদ টাকা ও অন্যান্য দ্রব্যাদি লইয়া চলিয়া যায়। পুলিশ তদন্ত চলিতেছে। এ পর্য্যন্ত কেহই ধরা পড়ে নাই।

ছোটখাট সিঁধচুরি প্রায় প্রত্যহই হইতেছে।

রাঁচিতে সামরিক-কলেজ প্রতিষ্ঠা

বিহার গবর্ণমেণ্ট রাঁচিতে একটি সামরিক কলেজ প্রতিষ্ঠার সিদ্ধান্ত করিয়াছেন বলিয়া জানা গিয়াছে। রাঁচি ডোরাণ্ডার হাসপাতালটি এক্ষণে খালি পড়িয়া আছে। ঐ বাড়ীতে কলেজ খোলা হইবে। কলেজের উদ্বোধন ১৫ই এপ্রিল হইবে বলিয়া জানা গিয়াছে।

লক্ষ্ণৌয়ে পুলিশের গুলীচালনা

গত ৩১শে মার্চ শিয়া ও সুন্নীদের ভিতরে সংঘর্ষ বাধিলে পুলিশে শিয়া মসজিদ ও আসফ উদ্দৌলা ইমামবারার মাঝখানে যে গুলী চালাইয়াছিল, জেলা ম্যাজিষ্ট্রেট কুমার যশোবীর সিং সকালে তৎসম্পর্কে তদন্ত করেন। তিনি মন্তব্য করেন যে, গুলীচালনা ঠিকই হইয়াছে। গুলীবর্ষণের ফলে শুধু একটি সভাসদটই নিহত হয় নাই; ইহার ফলে অনেকের জীবন রক্ষা পাইয়াছে। গুলীবর্ষণ না করিলে বহু লোকের জীবন বিনষ্ট হইত।

নিংপো বন্দরে জাহাজ চলাচল বন্ধ

প্রকাশ, চীনের সামরিক কর্তৃপক্ষ সাংহাই বন্দরের দক্ষিণে চুকিয়াং উপকূলস্থ সন্নিকট নিংপো বন্দরে সর্ব্বশ্রেণীর জাহাজ চলাচল বন্ধ করিয়া দিয়াছেন। বন্দরে জাহাজ চলাচল বন্ধ হইলে বৃটিশের বিশেষ ক্ষতি হইবে। কেন না, সাংহাই ও নিংপোর মধ্যে যে বিপুল ব্যবসা-বাণিজ্য চলিত পূর্ব্বোক্ত ব্যবস্থায় তাহা বন্ধ হইয়া যাইবে

পিতৃ সিংহাসনে মহারাজ-কুমারের অভিষেক

৫ই এপ্রিল রামনগর দুর্গে সর্দারগণ, সরকারী কর্ম্মচারীগণ এবং বারাণসীর জনসাধারণের উপস্থিতিতে রেসিডেণ্টের পক্ষ হইতে মহারাজ কুমার বিভূতিনারায়ণ সিংহকে তাঁহার স্বর্গীয় পিতার সিংহাসনে অভিষেকের ঘোষণা বাণী প্রচার করা হয়।

নরহত্যার দায়ে নেপালী

একটি উল্লেখযোগ্য নরহত্যা মামলার বিচার শেষ হইয়াছে। এক নেপালী পাহারাদার একদিন তাহার মনিবের ঠাকুরঘরের সম্মুখে উন্মুক্ত ভোজালীসহ নৃত্য করিয়া ভোজালী দ্বারা বাড়ীর সকলকে তাড়া করিয়া ত্রাস সঞ্চার করিয়াছিল এবং শেষ পর্য্যন্ত বাড়ীর এক ভদ্রলোককে ভোজালী দ্বারা আঘাত করিয়া তাঁহার মৃত্যু ঘটাইয়াছিল। আসামী পক্ষ হইতে আসামীর মানসিক মস্তিষ্ক বিকৃতির অজুহাত দেওয়া হয়। কিন্তু জুরীগণ উক্ত অজুহাত অবিশ্বাস করিয়া একবাক্যে আসামী রণবাহাদুর সিংকে দণ্ডবিধির ৩২৬ ধারা (মারাত্মকভাবে আহত করা) অনুসারে দোষী সাব্যস্ত করেন। অতিরিক্ত দায়রা জজ শ্রীযুত সরোজকুমার চট্টোপাধ্যায় আই-সি-এস জুরীদের অভিমত গ্রহণ করিয়া আসামীকে যাবজ্জীবন দ্বীপান্তর দণ্ডে দণ্ডিত করেন।

জাতীয় সপ্তাহ পালনের বাধা

বেলগাঁওয়ের নিকটবর্ত্তী রামদুর্গ রাজ্যে জাতীয় সপ্তাহের উদ্বোধন উপলক্ষে পতাকা অভিবাদনের জন্য বাজারে যে এক হাজার পরিমিত লোক সমবেত হয়, তাহাদিগকে ছত্রভঙ্গ করিয়া দিবার জন্য পুলিশ ঐ জনতার উপর লাঠি চালনা করে এবং বন্দুকের ফাঁকা আওয়াজও করে।

পুলিশ নাকি গমনাগমনে বাধা সৃষ্টির অভিযোগ করিয়া পতাকাদণ্ডটিও চক হইতে অপসারিত করিয়াছে। এক বৎসরকাল উক্ত দণ্ডটি ঐ চকে প্রোথিত ছিল। জনতা পতাকা অভিবাদন অনুষ্ঠানের অভিপ্রায়ে আর একটি পতাকাদণ্ড পুনরায় তথায় স্থাপন করিয়াছিল। সেই সময় নাকি পুলিশের প্রতি প্রস্তরখণ্ড নিক্ষিপ্ত হয় ও তাহার ফলে একজন সিপাহী নাকি গুরুতরভাবে জখম হয় এবং আরও কয়েকজন সামান্য রকম আঘাত পায়। তখন ঐ জনতাকে ছত্রভঙ্গ করিবার জন্য লাঠী চালনার আদেশ নাকি দেওয়া হয়। কিন্তু অবস্থা আয়ত্তের বাহিরে যাইবে মনে করিয়া পুলিশকে নাকি ফাঁকা আওয়াজ করার আদেশও দেওয়া হয়। পুলিশ ফাঁকা আওয়াজ করার পর জনতা ছত্রভঙ্গ হইয়া যায়।

খুলনায় সাম্প্রদায়িক দাঙ্গা

গত দোল পূর্ণিমার দিন সদর মহকুমার কসবাউলথানা অঞ্চলে হিন্দু মুসলমানের মধ্যে যে সাম্প্রদায়িক বিরোধ দেখা দিয়াছিল। তাহার ফলে মুসলমানগণ দোলমঞ্চ ভাঙ্গিয়া ফেলে। হিন্দুগণ মুসলমানগণের বিরুদ্ধে ফৌজদারী মামলা আনয়ন করে।

সদর মহকুমা ম্যাজিষ্ট্রেট কুমার সবিক্রম মজুমদারের চেষ্টায় মামলাটি নিষ্পত্তি হইয়া যায়। ম্যাজিষ্ট্রেট নিজে ঐ অঞ্চলে যান এবং উভয় সম্প্রদায়ের মধ্যে শান্তিপূর্ণভাবে একটা মিটমাট করিয়া দেন। নিষ্পত্তির সর্ত্ত এই যে, হিন্দুরা মুসলমানদের বিরুদ্ধে যে মামলা দায়ের করিয়াছে তাহা তুলিয়া লইবে। মুসলমানগণও যেখানে বর্ত্তমানে দোলযাত্রা অনুষ্ঠিত হয়, তাহার কিঞ্চিৎ উত্তরে হিন্দুগণ দোল উৎসব করিলে আপত্তি করিবে না। মুসলমানগণ উপরোক্ত মর্ম্মে একটা প্রতিজ্ঞাপত্র লিখিয়া দেয়।

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক। প্রতি একাদশীতে প্রকাশিত হয়। কলিকাতা বাগবাজারস্থ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। সডাক ভিক্ষা ৪॥০ টাকা মাত্র।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১।০ টাকা মাত্র।

৩। ভাগবত—হিন্দিভাষার একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১॥০ টাকা মাত্র

৫। শ্রীগৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১॥০ মাত্র।

পরমগুরু শ্রীগৌরকিশোর

গৌড়ীয়-সম্পাদক-লিখিত, শ্রীগৌড়ীয়মঠাচার্য্যের ভূমিকা-সম্বলিত, বহুচিত্র-শোভিত ও বিষয় সূচী-সম্বলিত "পরমগুরু শ্রীগৌরকিশোর" গ্রন্থরাজ প্রকাশিত হইয়াছেন। এই গ্রন্থরাজে শুদ্ধগৌড়ীয়বৈষ্ণবগণের পরমারাধ্য, গৌড়ীয়গৌরবশিখামণি অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ নিত্যলীলাপ্রবিষ্ট পরমহংস ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল গৌরকিশোরদাস গোস্বামী প্রভুবরের অতিমর্ত্ত্য চরিতকথা বর্ণিত আছে।

শ্রীশ্রীভক্তিবিনোদাবির্ভাব-শতবর্ষপূর্ত্তিতিথিপূজার উপায়ন-গ্রন্থমালা

———::(০)::———

১। গীতিসাহিত্যে শ্রীভক্তিবিনোদ

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র গীতিসাহিত্যের সমালোচনা-গ্রন্থ)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

২। শ্রীভক্তিবিনোদবাণীবৈভব

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের রচনামৃতসাগর হইতে আহৃত ১০৮টী অধ্যায়ে সম্বন্ধ-অভিধেয়-প্রয়োজনাকারে গুম্ফিত অমূল্য উপদেশপূর্ণ গ্রন্থ)

ভিক্ষা—৩৲ তিন টাকা মাত্র।

৩। শ্রীশ্রীভক্তিবিনোদ-প্রসঙ্গ

ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ ও ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী প্রভু-বিরচিত এবং গৌড়ীয়ে প্রকাশিত শ্রীশ্রীভক্তিবিনোদ-চরিত-প্রসঙ্গ

ভিক্ষা—৷৶০ ছয় আনা মাত্র।

৪। ছাত্রদের ভক্তিবিনোদ

(ছাত্রদের উপযোগী ভাষায় লিখিত শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্র ও শিক্ষা)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

ছাত্রদের পক্ষে ভিক্ষা—॥০ আট আনা মাত্র)

প্রাপ্তিস্থান :—

(১) 'ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট', পোঃ শ্রীমায়াপুর, নদীয়া ;

(২) শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ;

(৩) শ্রীযুক্ত সুধাংশুরঞ্জন দাস এম্-এ, বি-এল, পুরাণপল্টন পোঃ রমণা, ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্,—সমগ্র ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ২৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। ভাষায় বিবৃতি শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৯৲
৩। অনুভাষ্য শ্রীচৈতন্যচরিতামৃত ৬
৪। সজ্জনতোষণী (অবাঁধা) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০ ; ২য় খণ্ড ১৲ ; ৩য় খণ্ড—৸০
৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০ ; ২য় খণ্ড—১৲ ; ৩য় খণ্ড—৸
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার দীপিকা ও সংস্কার দীপিকা ১।০
৯। জৈবধর্ম্ম ২৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ৷০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ-তত্ত্ব ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষৎ ।০
১৮। ব্রাহ্মণ-আম্নায় ।০
১৯। তত্ত্ববিবেক ।০
২০। গৌড়ীয় গৌরব ৷৶০
২১। গৌড়ীয়সাহিত্য ৷৶০
২২। ভজন-রহস্য ।০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা সহ) ২৲
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) ২৲
অবাঁধা) ১৲
২৬। গীতার কেবল মাধ্ব-ভাষ্য ।০
২৭। দুর্ল্লভসার গৌরাঙ্গ-সঙ্গীত (সাজনার) ২৲
২৮। বেদান্ততত্ত্বসার (সাজনার) ।০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৸০
৩০। দীপ-দিগ্-দর্শন ৶০
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ৷৶০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ।০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶০
৩৫। গীতমালা ৵১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৶০
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৶০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০
৩৯। শ্রীগোদ্রুমকল্পতরু-পরিক্রমার ।০
৪০। শরণাগতি ৵০
৪১। গীতাবলী ৵০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
৪৩। সাধনতত্ত্ব ৵০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ৴
৪৫। নবদ্বীপশতক
৪৬। অর্চ্চনপদ্ধতি
৪৭। সদাচারবৃত্তি ০/
৪৮। অভিধেয়তত্ত্ব (পঞ্চম সংস্করণ) ৵১০
৪৯। অর্চ্চনকণ ৷১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম ও ২য় খণ্ড) ৩৲
৫১। ব্রহ্মসংহিতা ।০
৫২। মণিমঞ্জরী (সাজনার) ।০
৫৩। গৌরকৃষ্ণোদয় ৸০
৫৪। পুরুষার্থ-বিনির্ণয় ।০
৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ।০
৫৬। ভারতবর্ষ ও ভক্তিপথ ৶০
৫৭। ঈশোপনিষৎ (ভাষ্যাদিসহ) ।০
৫৮। শ্রীকৃষ্ণবিবেক ৶০
৫৯। শিক্ষাদর্পণ ৶০
৬০। সাধ্যবাণী ৵০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।০
৬২। সিদ্ধান্ত-সরস্বতী বিজয়ঃ ।০
৬৩। নদীয়-শিক্ষাষ্টকম্ ।০
৬৪। তত্ত্বসূত্রম্ ।০
৬৫। সাত্বত শিক্ষাষ্টকম্ ৶০
৬৬। গৌড়ীয়মঠগুপরিচয়ঃ ৵০
৬৭। সারাংশবর্ণনম্ ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।০
৬৯। এ বিউ ওয়ার্ল্ড ন অন বেদাস ।০
৭০। সাধুতত্ত্ব ৵০
৭১। বেদাস—উইথ্ সরস্বতী ঠাকুর অর্জ্জুন ।০
৭২। রিলেটিভ ওয়ার্ল্ডস ৷৶০
৭৩। লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস অব শ্রীচৈতন্য মহাপ্রভু ।০
৭৪। বৈষ্ণবীজম ।০
৭৫। বোম্বাই গৌড়ীয়মঠ ইন ব্রুইফ ৴
৭৬। দি ভাগবত ।
৭৭। ইরোটিক প্রিন্সিপাল অ্যাণ্ড আনআল্লয়েড ডিভোশন ।০
৭৮। ব্রহ্মসংহিতা ২॥০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (প্রথম খণ্ড) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ।০
৮১। সাধন-পথ ।০
৮২। অভিধেয়-তত্ত্ব ৶০
৮৩। গীতাবলী ৵০
৮৪। শরণাগতি ৵০

আসামী ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ৴

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

একমাত্র পারমার্থিক দৈনিক পত্র

শ্রীধাম-মায়াপুর-নদীয়া

১৭শ বর্ষ | ৬ মধুসূদন ৪৫৩ গৌরাব্দ ২৭শে চৈত্র বঙ্গাব্দ ১৩৪৫ ১০ই এপ্রিল খৃঃ ১৯৩৯. সোমবার ৬৫শ সংখ্যা

প্রচার-প্রসঙ্গ

দিল্লীতে

পরমারাধ্যতম শ্রীশ্রীল আচার্য্যদেবের অহৈতুকী কৃপায় ভারতের রাজধানী নিউদিল্লীস্থ শ্রীগৌড়ীয়মঠ হইতে উপদেশক পণ্ডিত শ্রীপাদ অপ্রমেয় দাস ভক্তিশাস্ত্রী প্রমুখ প্রচারকগণের বিপুল উদ্যমে রাজধানীর বিভিন্নস্থানে ইংরাজী ও বঙ্গভাষায় পাঠ ও বক্তৃতাদি হইতেছে। প্রচারের ফলে কতিপয় সজ্জন প্রায়ই শ্রীমঠে আগমন করিয়া বিবিধ পরিপ্রশ্ন-মুখে পণ্ডিতজীর নিকট হরিকথা শ্রবণ করিতেছেন।

গত ২৪শে ফেব্রুয়ারী কতিপয় সজ্জনের আগ্রহাতিশয্যে শ্রীগৌড়ীয়মঠের প্রচারক উপদেশক পণ্ডিত শ্রীপাদ অপ্রমেয় দাস ভক্তিশাস্ত্রী মহোদয় কতিপয় ব্রহ্মচারী সহ জেনারেল পোষ্ট এণ্ড টেলিগ্রাফ অফিসের বিশিষ্ট অফিসার শ্রীযুত জ্ঞানকান্ত সরকার মহোদয়ের ভবনে শ্রীমদ্ভগবদ্গীতার শিক্ষা পাঠ ও ব্যাখ্যা করেন।

গত ২৫শে ফেব্রুয়ারী পণ্ডিতজী শ্রীযুত সরকার মহোদয়ের ভবনে রাত্রে ৮ ঘটিকা হইতে গীতা হইতে কর্ম্ম কাহাকে বলে ও সম্বন্ধ, অভিধেয় ও প্রয়োজন কি? কৃষ্ণচন্দ্র কেনই বা কর্ম্মের প্ররোচনা দিলেন, বর্ণাশ্রম-ধর্ম্ম কাহাকে বলে, কাহার উপাসনা করা কর্ত্তব্য, বর্ত্তমানযুগে যে নাস্তিকতাপূর্ণ, কর্ম্মজড়-স্মার্ত্তবাদ কখনও ভক্তির সমান নয়, গীতার অবতারণের কারণ কি? গীতার তাৎপর্য্য কাহার নিকট প্রকাশিত হন, ইত্যাদি বহু কথা ভক্তিশাস্ত্রীজী প্রায় ২ ঘণ্টাকাল কীর্ত্তন করেন।

ময়মনসিংহে

গত ১লা এপ্রিল ময়মনসিংহ শ্রীজগন্নাথ-গৌড়ীয়মঠের সেবকবৃন্দ ময়মনসিংহ গভর্ণমেণ্ট কৃষিবিভাগের ইন্‌স্পেক্টর শ্রীযুত বি, জি মুখার্জ্জি মহাশয়ের সাদর আহ্বানে তাঁহার ভবনে উপস্থিত হইয়া শ্রীমদ্ভাগবত হইতে পরীক্ষিতের ব্রহ্মশাপ উপাখ্যান প্রায় ২ঘণ্টা-কাল যাবৎ পাঠ ও ব্যাখ্যা করেন।

মনুষ্য, জীবের কর্ত্তব্য এবং হরিই যে একমাত্র আরাধ্য এই সম্বন্ধে বহু কথা আলোচনা হয়। প্রসঙ্গক্রমে শ্রীগৌড়ীয়মঠের প্রচারবৈশিষ্ট্য এবং শ্রীচৈতন্যদেবের দয়ার স্বরূপ সম্বন্ধে বহু বিষয় আলোচনা হয়। সকলেই গৌড়ীয়মঠের কথা শুনিয়া আনন্দিত হন।

বহু ভদ্রলোক ও ভদ্রমহিলা পাঠে যোগদান করিয়াছিলেন। পাঠের আদি ও অন্তে হরিকীর্ত্তন হইয়াছে। মুখার্জ্জি মহাশয় বিশিষ্ট ভদ্রলোক, তাঁহার হরিকথা শ্রবণে আগ্রহ দেখিয়া আমরা সকলে পরমানন্দিত।

শ্রীমঠে প্রত্যহ নিয়মিতভাবে সন্ধ্যা-রাত্রিকের পর ও মঙ্গলারাত্রিকের পর যথাক্রমে শ্রীচৈতন্যভাগবত ও সাধনপথ পাঠ ও ব্যাখ্যা হইতেছে। সহরের অনেক ভদ্রলোক পাঠে নিয়মিতভাবে যোগদান করিতেছেন।

সাঁওতাল পরগণায় জামসেদপুরে

শ্রীগৌড়ীয়মঠের অন্যতম প্রচারক ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ গত ৩রা এপ্রিল জামসেদপুর টাটা আয়রণ ওয়ার্কসের ম্যানেজার শ্রীযুত সতীশচন্দ্র দত্ত মহাশয়ের গৃহে সন্ধ্যার পর প্রায় দুই ঘণ্টাকাল শ্রীমদ্ভাগবতের মাহাত্ম্য কীর্ত্তন করেন। স্বামীজীর রসিকতাপূর্ণ পাঠ ও ব্যাখ্যা শুনিয়া সকলেই পরমানন্দিত ও পরমোপকৃত হইয়াছেন।

শ্রেয়স্কা ও শান্তি

(৫ম পৃষ্ঠার পর)

তন্মধ্যে সাধুর চরণে অপরাধ সর্ব্বপ্রধান অপরাধ। ভক্তের সেবা ভগবানের সেবা হইতেও বড় কথা। ভগবান্ বলিয়াছেন, 'আমার ভক্তের সেবা আমা হইতে বড়'। কাজেই ভগবদ্ভক্তি লাভ করিতে হইলে আমাদের মহদতিক্রম বিষয়ে বিশেষ সাবধান থাকা প্রয়োজন। ভগবানের চরণে অপরাধ হইলে শ্রীগুরুবৈষ্ণব কৃপা করিয়া তাহা মার্জ্জনা করিয়া থাকেন, কিন্তু মহদপরাধ বা মহতের চরণে অপরাধ বা তাঁহার কোনরূপ অমর্য্যাদা হইলে ভগবান্ তাহা সহ্য করিতে পারেন না। সাধারণতঃ দেখা যায়, যাঁহারা গুরুবৈষ্ণবে অনুরাগী বা স্বাভাবিক প্রীতিবিশিষ্ট, তাঁহাদের স্বভাব— তাঁহারা নিজে অপর কর্ত্তৃক নানাপ্রকারে লাঞ্ছিত হইলেও তাহা তাঁহারা সহিষ্ণুতা গুণের দ্বারা সহ্য করিয়া থাকেন, কিন্তু সাধু বা গুরু বৈষ্ণবের নিন্দা শুনিয়া তাঁহারা তাহার প্রতিবাদ না করিয়া স্থির থাকিতে পারেন না। ইহাই শরণাগত বা অনুরাগী ভক্তের লক্ষণ। ভক্তিপথে বিধি ও রাগ বলিয়া দুইটী কথা আছে। বিধিমার্গে ভগবানকে পরমৈশ্বর্য্য-শালী বলিয়া বোধ হয়, সেখানে রাগ বা অনুরাগ বলিয়া কথাটী ঐশ্বর্য্যের দ্বারা শিথিল। এই ঐশ্বর্য্যবুদ্ধিতে যে সেবা, তাহাতে কৃষ্ণ তত প্রীত হন না। সেইজন্য রাগমার্গেই কৃষ্ণভজন হয়। শ্রীহরি-গুরু বৈষ্ণবে শ্রদ্ধা—দৃঢ়বিশ্বাস হইলে, তাঁহাদের সঙ্গ করিতে করিতে তাঁহাদের কৃপায় রাগ বা অনুরাগ স্বতঃই প্রকাশ পায়। ভগবানে যাঁহার প্রীতি বা অনুরাগ আছে, ভগবদ্ভক্তে তাঁহার ততোধিক অনুরাগ দৃষ্ট হয়। যেখানে ভগবানে খুব ভক্তি,প্রীতি আছে, কিন্তু ভগবদ্ভক্তে প্রীতি বা অনুরাগ নাই, সেখানে জানিতে হইবে, ভগবানে ভক্তি বা প্রীতির অভাব আছে। ভগবদ্ভক্তে প্রীতির প্রাবল্যই ভগবদ্ভক্তির মূল।

স্বাভাবিক প্রীতি বা অনুরাগ, যাহা আমাদের স্বরূপে রহিয়াছে, তাহা জড়বস্তুর সেবায় না লাগাইয়া, শ্রীকৃষ্ণে ও শ্রীকৃষ্ণের স্বজন, তাঁহাদের প্রতি ভক্ত, প্রীতি বা অনুরাগ হইলে, কৃষ্ণ তাহা সানন্দে গ্রহণ করেন। কিন্তু শুধু ইন্দ্রিয় প্রীতি রহিত হইয়া তাঁহাদের প্রীতি হইবে. অনুরাগ-পরায়ণ হইয়া যোড়শোপচারে ভগবানের সেবা[illegible] করিলেও ভগবান্ তাহা গ্রহণ করেন না।

[illegible]

প্রার্থনার বিষয় হউক।

শ্রীমাধবী দেবী

"শ্রীভগবান্ আমাদের মঙ্গলের জন্য সকল বিধান করিয়া থাকেন—ইহা বিশ্বাস করি। নাস্তিকেরা কখনই জগতে প্রতিষ্ঠা লাভ করিতে পারে না। দিনকতক তাহারা লাফালাফি করিয়া পরিশেষে দৈব-শাসনে ঠাণ্ডা হইয়া যায়। সমস্তই ঈশ্বরের ইচ্ছা।"

(শ্রীল প্রভুপাদ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

শ্রীমায়াপুর সম্বন্ধিত সর্ব্বশ্রী গৌরাব্দ ৪৫০

শ্রীভক্তিসিদ্ধান্তবাণী

শ্রেয়ঃ ও প্রেয়ঃ যখন এক হইয়া যায়, যখন শ্রেয়ঃ ও প্রেয়ের সুসম্মিলন হয় তখন শ্রীরাধাগোবিন্দের সেবায় আমাদের চিত্ত ধাবিত হইয়া থাকে। তখন প্রেয়ঃই শ্রেয়ঃ ও প্রেয়ঃই শ্রেয়ঃ হয়। কৃষ্ণভজনকারী মহাভাগবতের প্রেয়ঃই শ্রেয়ঃ, আর শ্রেয়ঃই প্রেয়ঃ।

যিনি সদ্‌গুরুপাদাশ্রয়ে হরিনাম গ্রহণ করেন, তাঁ'কে মনে মনে আদর কর্‌তে হ'বে, আর যদি দীক্ষিত হ'য়ে তিনি অকপট গুরুসেবায় হরিভজনে প্রবৃত্ত থাকেন, তাহা হইলে তাঁ'কে মধ্যম-বৈষ্ণব জেনে প্রণামাদির দ্বারা তাঁ'র আদর কর্‌তে হ'বে, আর যিনি অনন্যশরণ হ'য়ে নিন্দাবন্দনাদিতে উদাসীন থেকে অষ্টকাল অকৃত্রিম কৃষ্ণভজনে নিযুক্ত থাকেন, তাহা হইলে সেইরূপ মহাভাগবতকে বাঞ্ছিত সঙ্গ জেনে সর্ব্বপ্রকারে তাঁ'র শুশ্রূষা কর্‌তে হয়। কায়মনোবাক্যে মহাভাগবতের সেবাই কৃষ্ণভজনের মূল। বৈষ্ণবকে হৃদয়ের সহিত আদর কর্‌তে হ'বে, আর অবৈষ্ণবকে লৌকিক মাত্র সম্মান দিতে হ'বে। বৈষ্ণবকে যদি হৃদয়ের সহিত আদর না করি, তাহা হইলে আমাদের পতন অনিবার্য্য।

বৈষ্ণব হওয়া মানে—সকলের গুরু হ'য়ে যাওয়া। নিজে বৈষ্ণব হ'লে, অপরকে 'ও' আর বুঝিতে হ'ল না। এই সমস্ত গুর্ব্বাদি ব্যবসায় থেকে ছুটি পাওয়া দরকার। নতুবা ভাব বা ব্রাহ্মণের বৃত্তি হ'ল না।

ভক্তিতে চতুর্ব্বিধ কামুকতা নাই। ধর্ম্ম, অর্থ, কাম ও মোক্ষের অভিলাষই কামুকতা। ভোগ ও ত্যাগ দুইটাই কামুকতা। যাঁ'রা মুক্তিকে তুচ্ছ বলিয়া পদাঘাত করিতে না পারেন তাঁ'রা ভক্তিপদবী লাভ করিতে পারেন না। জ্ঞানবিমুক্ত হইলে শুদ্ধভক্ত-পদলাভ হইতে পারেন। শুদ্ধভক্তিই পরমা ভক্তি।

শ্রীগুরুপাদপদ্মের কৃপা হইলে কৃষ্ণ পাওয়া যায়। একমাত্র গুরুপাদপদ্ম ব্যতীত কার্য্য করিবার ক্ষমতা আর কাহারও নাই। কৃষ্ণই প্রযোজক-কর্ত্তা আর প্রযোজ্য-কর্ত্তৃত্ব শ্রীগুরুপাদপদ্মের।

স্থূল শরীরের দ্বারা ভগবানের সেবা করা যায়—ইহা যেন কেহ মনে না করেন। চক্ষু, কর্ণ প্রভৃতি স্থূল ইন্দ্রিয় বা মন প্রভৃতি সূক্ষ্ম ইন্দ্রিয়ের দ্বারা হরিভজন হয় না। কিন্তু এই কথাটাই এই জগতের সম্বল। এইজন্য শ্রীল রূপগোস্বামিপ্রভু এই ইন্দ্রিয়-সমূহ কিরূপে অতীন্দ্রিয় রাজ্যে পৌঁছিবার যোগ্যতা লাভ করিতে পারে, তজ্জন্য একটি কৌশল বলিয়াছেন। উক্তরূপ প্রভু বলিয়াছেন, 'ইন্দ্রিয় যখন নিজ চেষ্টায় অতীন্দ্রিয়ে আরোহণ করিবার চেষ্টা করে তখন তাহা অতীন্দ্রিয়ে পৌঁছতে পারে না। এইজন্য আরোহবাদী অপ্রাকৃতের সন্ধান পায় না। কিন্তু ইন্দ্রিয় যখন অতীন্দ্রিয় রাজ্যে অবতীর্ণ সেবোন্মুখতায় আলোকিত হয়, তখনই ইন্দ্রিয়ের অতীন্দ্রিয় দিব্য রাজ্যপ্রবেশ যোগ্যতা লাভ হয়। তখন আর ইন্দ্রিয়ের বহির্ম্মুখতা থাকে না। ইন্দ্রিয় সেবোন্মুখতায় উদ্ভাসিত হইয়া অতীন্দ্রিয়ের অন্তঃপুরে প্রবেশের অধিকার লাভ করে।'

কৃষ্ণের অনুসন্ধান করিতে হইলে আমা-দিগকে কৃষ্ণের কার্য্যের অনুসন্ধানের জন্য প্রাণপণ যত্ন করিতে হইবে। শুদ্ধবৈষ্ণবের পাদপদ্ম আশ্রয় না করার দরুণই—অবৈষ্ণবকে বৈষ্ণব জ্ঞান করায় আমাদের অসুবিধা হইতেছে।

যিনি সতত সর্ব্বক্ষণই হরিভজন করেন, তাঁ'র কাছে ছাড়া অপরের নিকট ভাগবত শুনিলে ভাগবতের কথা কিছুই বুঝা যায় না। পূর্ণতম হরিভজনকারী ব্যক্তি ব্যতীত অপরকে কখনও গুরু বলা যাইতে পারে না। এইরূপ গুরুপাদপদ্মই একান্ত-ভাবে আশ্রয় করিতে হইবে। শত পরিমাণ অর্থাৎ পরিপূর্ণ হরিভজনকারীর আশ্রয়ে না থাকিলে কখনও হরিভজন হইতে পারে না।

শ্রীগুরুদেব জগদ্বিধ্বংসী রক্তমাংসের পিণ্ডমাত্র নহেন। সর্ব্বতন্ত্রস্বতন্ত্র শ্রীগুরুদেব স্বেচ্ছাবশতঃ মহান্ত গুরুরূপে কৃপা পূর্ব্বক আমাদের নয়নপথের পথিক হন, আবার স্বেচ্ছাক্রমে অপ্রকট-লীলা প্রকাশ করেন। প্রকট-অপ্রকট-ভেদে উভয় লীলাতেই তিনি নিত্য। তিনি লীলাময়ের লীলার পার্ষদ বা সখী। আমাদের পরিচয়—আমরা শ্রৌত-গুরুপাদপদ্মের কিঙ্কর।

দেবতা যেরূপ নিত্য, গুরুও তদ্রূপ নিত্য। দেবতা শব্দে—অপ্রাকৃত কামদেব কৃষ্ণ। শ্রীগুরুদেব সেই কৃষ্ণস্বরূপ—কৃষ্ণ হইতে অভিন্ন, কৃষ্ণের প্রকাশবিগ্রহ। গৌড়ীয়গণ গুরুদেব ও কৃষ্ণে নিত্য-অভিন্ন-বুদ্ধিতে শ্রীগুরুদেবে পরভক্তিযুক্ত। এই পরভক্তি-বৃত্তি যাঁ'তে পূর্ণমাত্রায় বিরাজমান তাঁ'রই হৃদয়ে শ্রীগুরুমুখনিঃসৃত শ্রৌতবাণী পূর্ণভাবে প্রবিষ্ট হয়।

ভগবান্ পূর্ণ-পুরুষ। তাঁহার বিধানে কোন অপূর্ণতার স্থান নাই। তাঁহার বিধান শিরে ধারণ করিলেই নিজ মঙ্গল লাভ হইবে। অকিঞ্চন না হইলে আমরা সকলের নিকট হইতেই প্রয়োজনীয় জিনিষ পাইতে পারি। ভগবানের প্রীতিসম্পাদনে যত্নবান্ হইলেই সমস্ত কষ্টের সমাধান। আমাদিগকে এই জগৎ হইতে চলিয়া যাইতে হইবে—আমাদের নিত্যকর্ম্মস্থল ব্রজে যাইতে হইবে। 'ব্রজ' ধাতুর অর্থ চলা অর্থাৎ শ্রীগুরুপাদপদ্মের আনুগত্যে শ্রীরাধামাধবের অপ্রাকৃত কামবর্দ্ধনের জন্য সর্ব্বক্ষণ চেষ্টাপর থাকিতে হইবে। নির্জ্জনভজনের প্রতি লোভ হইলে অথবা হরিসেবা কীর্ত্তন করিতে অক্ষম বা অলস হইয়া পড়িলে বৈষ্ণবসেবায় বিধি-বিচার-বিশিষ্ট নির্ব্বিশেষবাদী মায়াবাদী হইয়া পড়িতে হইবে। যাহারা জ্ঞানপ্রধান ব্যক্তি, তাহারা পরিণামে নির্ব্বিশেষবাদী হইয়া পড়ে।

সরস্বতীর অপর নাম কথা। হরিকথা-রূপা সরস্বতীর সেবা করিলে চিদ্বিলাসে প্রবেশ হয়। আর রূপণী ছায়া সরস্বতী বা দুষ্টা সরস্বতীর সেবা করিলে ক্রমশঃ জড়বিলাস বৃদ্ধি হয়। একমাত্র ভগবানের উপাসনার দ্বারাই সমস্ত ফল লাভ করা যায়। যাঁহারা একনিষ্ঠ—নিশ্চয়াত্মিকা-বুদ্ধিবিশিষ্ট, তাঁহারা স্বভাবতঃই একমাত্র ভগবদুপাসনাই করিয়া থাকেন। হরিকথা ব্যতীত সংসার-নিবৃত্তি—ত্রিতাপ হইতে উদ্ধারের অন্য কোন উপায় নাই নাই—নাই। আমরা যদি কর্ণদ্বারা অহর্নিশ হরিকথা-শ্রবণরূপ প্রসাদসেবা না করি, তাহা হইলে জাগতিক অশ্লীলচিন্তাযুক্ত পুস্তক পড়িতে ও শুনিতে ইচ্ছা হইবে।

কৃষ্ণের চরণাশ্রয় ছাড়া আমাদের অন্য উপায় নাই। কেবল হরিকথা শ্রবণ করিতে হইবে, হরিভজন কি তাহা বুঝিতে হইবে। হরিকথা ব্যতীত অন্য সব কথাই কেবল সংসার বা মায়া।

বৈষ্ণবদিগের মধ্যে সর্ব্বশ্রেষ্ঠ হইলেন —শ্রীগুরুপাদপদ্ম। তাঁহার উপদেশ নিত্যকাল শ্রবণ করা দরকার। তাঁহার উপদেশ শ্রবণ না করিয়া কর্ম্ম করিলে অবশ্য দুঃখকে ডাকা হইবে। বৈষ্ণবের অনুকরণ করা বা অনাদর করা উচিত নয়। তাঁহাদের অনুসরণ করিতে হইবে। ভক্ত ও অভক্ত, মুক্ত ও বদ্ধ বা সিদ্ধ ও অসিদ্ধ এক নয়। যেমন অসিদ্ধ চাউল খাওয়া চলে না; চাউল সিদ্ধ হইলে এবং তাহা জুড়াইলে খাওয়ার উপযুক্ত হয়, তদ্রূপ সিদ্ধভক্তগণের সঙ্গই সর্ব্বাপেক্ষা অধিক প্রয়োজনীয়।

যিনি প্রকৃত বিষয়টি বুঝিয়াছেন, তিনি ভাল। যিনি উহা মোটেই বোঝেন নাই তিনিও ভাল হইতে পারেন; কিন্তু যিনি মাঝ রাস্তায় দাঁড়াইয়া আছেন, সীমা বা শেষগতি না জানিয়াই বলেন—জানি, তিনি অসৎ ও দুর্ব্বুদ্ধিযুক্ত। বুঝিতে না পারার দল বা কথকুথুদার ভেঁপো দলের অসুবিধা আছে। হয় বুদ্ধিমান্ হও নতুবা নমনুথদার থাকিয়া একটি বুঝিবার যত্ন কর। বাস্তবসত্য অনুসরণ করা আবশ্যক। তাহা হইলেই সংসার থামিয়া যাইবে, চতুর্ব্বর্গের প্রয়াস থাকিবে না এবং সমস্তই মঙ্গলময় হইয়া যাইবে অর্থাৎ পরমমঙ্গল লাভ হইবে।

অজ্ঞজ্ঞান দ্বারা কখন বৈষ্ণবের চরিত্র বুঝা যায় না। যিনি নিজে হরিভজন করেন ও অন্যকে ভজন করিতে উপদেশ দেন তিনি আমাদের জগদ্বিজ্ঞা

অধিক হইলে হরিভজনের পরিবর্ত্তে বাধা উৎপাদনের পক্ষে শতকরা প্রায় শতভাগই সম্ভাবনা। আধ্যক্ষিকের কোন কথাই এবং কোন উপদেশই গ্রহণ করিতে হইবে না। যাহারা নিজদিগকে বৈষ্ণব মনে করে, তাহারা গোখর।

কোনরূপ অন্যবাসনা লইয়া হরিনাম করিলে হরিনাম হইবে না। হরিভজনই করিব—এইরূপ বিচারযুক্ত হইয়া নাম-পরায়ণের আনুগত্যে নাম করিলে তবে ভজন হয়। ভক্তসঙ্গে থাকিয়া খুব দৃঢ়চিত্ত হইয়া অসৎসঙ্গ ত্যাগ করিতে হইবে। ভক্ত ভক্তিবলে ভগবান্ ও ভক্তিভজনকে চিনিতে পারেন।

ভগবানের ইন্দ্রিয়তোষণ ছাড়িয়া নিজের ইন্দ্রিয়তোষণ-চেষ্টায় কেবল জড়সুখ ও নিরানন্দ মাত্রই লাভ হয়। ভোগ ও মোক্ষের ইচ্ছা থাকিলে ভগবান্‌কে বঞ্চনা করা হয় মাত্র। ফলে নিজেই বঞ্চিত হইয়া যায়। ভগবদ্ভক্ত সর্ব্বাপেক্ষা বুদ্ধিমান্। ভগবদ্ভক্তির উদয় না হইলে হয় ভোগ নতুবা ত্যাগ হয়।

শ্রীমন্মহাপ্রভু মাত্র একজন। শ্রীনিত্যা-নন্দ প্রভু শ্রীমহাপ্রভুর শ্রেষ্ঠ, ঈশ্বরতত্ত্ব। ভগবানের কায়ব্যূহ সকল বিভিন্ন স্থানে বিভিন্ন ব্যক্তির মধ্যে প্রকাশিত হইয়া আচার্য্য নামে অভিহিত হন। শ্রীগুরুপাদপদ্মকে শ্রীভগবানের প্রকাশবিগ্রহরূপে জানিলে জীবের মঙ্গল হয়। তাঁহাতে অশ্রদ্ধা বা মৎসরতা করিতে হইবে না। স্বপরসাদি বিষয়-ভোগের জন্য চিত্ত ব্যাকুল হইলেও শ্রীনিত্যানন্দ-পাদপদ্মের কৃপা ব্যতীত তাহা হইতে উদ্ধার লাভ করিবার আর উপায়ান্তর নাই। শ্রীনিত্যানন্দের পাদপদ্ম আশ্রয় না করিলে হরিভজন হয় না। হরিভজন না হইলে মৃত্যুর পর যমালয়ে যাইতেই হইবে।

পরমমঙ্গলেচ্ছু ব্যক্তির নবদ্বীপ-ধামাশ্রয় একান্ত প্রয়োজন। শ্রীগৌরনিত্যা-নন্দের পাদপদ্ম আশ্রয় করা একান্ত কর্ত্তব্য। তাঁহাদের নাম, ধাম ও কামের সেবা করা কর্ত্তব্য। যাহারা শুদ্ধবৈষ্ণবের আনুগত্য পরিত্যাগ করিয়া ইন্দ্রিয়জজ্ঞানের দ্বারা প্রত্যক্ষবাদী হইয়া পড়িয়াছে, তাহারা অধোক্ষজের সেবা করে না।

ভগবানে অকপট দৃঢ় শ্রদ্ধা বিশ্বাসই প্রয়োজন। ভগবানের চরণে যাঁহাদের অকপট দৃঢ়বিশ্বাস রহিয়াছে, তাঁহাদের সেবা করা দরকার। শ্রীল রূপ-রঘুনাথাদির শ্রীগুরুপাদপদ্মের কৃপা ব্যতীত কখনও যুগল-ভজনের সন্ধান পাওয়া যায় না। আমরা জগতে ছোট বড় সকল প্রকার অভিমান ভুলিয়া যেন শ্রীরূপ গোস্বামি প্রভুর পাদপদ্মের নিত্যরেণুরূপে নিত্য অবস্থান করিতে পারি, ইহাই প্রার্থনা।

নিষ্কিঞ্চন ভক্তের পাদপদ্মধূলিকে মুকুট করিতে না পারিলে আমাদের সকলই অসুবিধা হইবে। কৃষ্ণভক্তের বিশেষ প্রিয়-পাত্র হইতে না পারিলে মায়া আমাদিগকে সংসারকূপে ফেলিয়া দিবে।

অনধিকার চর্চ্চা

(পণ্ডিত শ্রীপাদ উজ্জ্বলনীলমণি ভক্তিশাস্ত্রী)

জীবের পতনের বা প্রকৃতিকবলিত হওয়ার কারণ অনুসন্ধান করিলে দেখিতে পাই, সেবাবিমুখ হইয়া প্রভুত্ব-কামনারূপ 'অনধিকার-চর্চ্চা'ই উহার মূল-কারণ। জীব স্বরূপতঃ অধীনতত্ত্ব। কৃষ্ণদাস্যরূপ বিমল প্রেমই তাহার নিত্যধর্ম্ম। কৃষ্ণ তাহার নিত্যপ্রভু। প্রভুত্ব-কামনা তাহার পক্ষে অনধিকার চর্চ্চা। জীব স্বরূপশক্তি নহে এবং জড়শক্তিও নহে। জীব চিন্ময় হইলেও অত্যন্ত অণুস্বরূপ দুর্ব্বল। সে যদি স্বরূপশক্তির আশ্রয় গ্রহণ না করে তবে সে বলবতী মায়ার বশীভূত হইবার যোগ্য। সুতরাং প্রভুত্ব-কামনা বা মায়া সম্ভোগেচ্ছারূপ অনধিকার-চর্চ্চা করা বা কৃষ্ণবিস্মৃতিই তাহার মূল অপরাধ। মায়া স্বরূপশক্তির ছায়া। তিনি অপরাধী জীবকে দণ্ড দিয়া শুদ্ধ করেন। জীবকে স্বতন্ত্রতা দেওয়ার জন্য কৃষ্ণের কোন দোষ হয় নাই বরং উহা জীবের প্রতি কৃষ্ণের বিশেষ অনুগ্রহ বলিতে হইবে। কৃষ্ণদাস্য পরিত্যাগ পূর্ব্বক মায়াভিনিবেশজনিত ক্লেশ স্বীকার করার জন্য জীব নিজেই দায়ী। অপরাধী জীবকে সংশোধন করিবার জন্য কৃষ্ণ অপার করুণা প্রকাশ করত জড়জগৎরূপ কারাগার এবং জড়মায়ারূপ কারাকর্ত্রীকে স্থাপন করিয়াছেন।

জীব কখনও কৃষ্ণ হইতে পারে না বা কৃষ্ণের স্বরূপশক্তি হইতে পারে না। কৃষ্ণ হওয়ার ইচ্ছা জীবের পক্ষে অনধিকার চর্চ্চা, ইহা অত্যন্ত অপরাধ। জীব স্বরূপতঃ কৃষ্ণদাস হইলেও সে স্বাধীনভাবে কৃষ্ণসেবা করিতে পারে না। স্বরূপশক্তি যদি কৃপা করিয়া তাহাকে কৃষ্ণসেবা প্রদান না করেন, তবে সে কৃষ্ণসেবা করিতে পারে না। স্বরূপশক্তি জীবশক্তি হইতে অনন্তগুণ শ্রেষ্ঠ তত্ত্ব। স্বরূপশক্তি সম্পূর্ণরূপে কৃষ্ণের ইচ্ছাধীন কৃষ্ণ হইতে কোন স্বাধীন ইচ্ছা বা চেষ্টা তাঁহার নাই। ইচ্ছা কৃষ্ণের—সেই ইচ্ছার অধীন যে কৃষ্ণসেবার ইচ্ছা তাহা স্বরূপ শক্তির। স্বরূপশক্তি কখন দুর্ব্বল নহেন। জীব কখনও স্বরূপশক্তির উপর প্রভুত্ব করিতে পারে না, অর্থাৎ স্বরূপশক্তি কখনও জীবের ভৃত্য বা ভোগ্য হন না। স্বরূপশক্তি নিত্যকালই কেবল লীলাপুরুষোত্তম নন্দনন্দন শ্রীকৃষ্ণের ভৃত্য ও ভোগ্য। জীবের [illegible] কৃষ্ণসেবা লাভ করা স্বরূপশক্তির কৃপা-সাপেক্ষ। তটস্থ জীবের স্বতন্ত্রতা আছে। সে স্বরূপশক্তির আনুগত্যও করিতে পারে, আবার স্বরূপশক্তির আনুগত্য বরণ না করিয়া মায়াশক্তির উপর প্রভুত্ব-কামনাও করিতে পারে।

জীব কখনও আশ্রয় বিগ্রহ হইতে পারে না। আমরা আশ্রয়বিগ্রহ নহি, আমরা আশ্রয়জাতীয় সেবক। বিষয়বিগ্রহ একমাত্র কৃষ্ণ; শান্ত, দাস্য, সখ্য, বাৎসল্য ও মধুর এই পঞ্চবিধ রসের আশ্রয়বিগ্রহগণ পঞ্চবিধ রসে বিষয়বিগ্রহ শ্রীকৃষ্ণের সেবা করিয়া থাকেন। আশ্রয়বিগ্রহের আশ্রিত অর্থাৎ অনুগত হইয়া জীব কৃষ্ণসেবারস আস্বাদন করিতে পারে।

কৃষ্ণবহির্ম্মুখ জীব অবিদ্যা দ্বারা আবৃত হইয়া পুরুষাভিমানে অর্থাৎ ভোক্তাভিমানে জড়ে প্রবেশ করে। অণুচৈতন্যশক্তি জীবের মায়াকে ভোগ করিবার ইচ্ছা অনধিকার-চর্চ্চা—অপরাধ। এই অবস্থায় জীবের কেবল পতন—কেবল অধোগতি। জীব যত অধোগমন করিতে থাকে, পরম কারুণিক কৃষ্ণ সপার্ষদে ও স্বধামের সহিত তাহাদের সম্মুখীন হইয়া তত উচ্চাধিকার প্রবিধা প্রদান করেন। জীব কৃষ্ণের অমৃত-ময়লীলা জড়জগতে পাইবে না বলিয়া কৃষ্ণ দয়া করিয়া স্বীয় অচিন্ত্যলীলা প্রপঞ্চে উদয় করান; আবার জীব সেই [illegible] অবস্থায় বুঝিতে পারে না বলিয়া শ্রীনবদ্বীপে অবতীর্ণ হইয়া পরম উপাস্যের নাম, রূপ, গুণ ও লীলা গুরুরূপে ব্যাখ্যা করেন এবং নিজভক্তি চরিত্র দ্বারা শিক্ষা দেন।

শ্রদ্ধা ও ত্যাগ

ভক্তিপথে অগ্রসর হইতে বা ভজনপথে পদার্পণ করিতে প্রথমেই শ্রদ্ধা বা বিশ্বাসের একান্ত প্রয়োজন হয়। গুরু-বৈষ্ণব-পাদপদ্মে দৃঢ় বিশ্বাসের নাম শ্রদ্ধা। কোমল শ্রদ্ধার অপর নাম প্রাকৃত শ্রদ্ধা। কোমল শ্রদ্ধা সাধুসঙ্গ দ্বারা ক্রমশঃ দৃঢ়তা লাভ করে। [illegible] আমাদের এই কোমল শ্রদ্ধাকে দৃঢ় করিয়া থাকেন। কোমল শ্রদ্ধাকালে আমাদের মনে নানাপ্রকার সংশয় ও সন্দেহ উদয় হইয়া থাকে। বিশ্বাস দৃঢ় হইলে, শ্রদ্ধাবান্ হইলে অর্থাৎ ভক্তিরাজ্যে প্রবেশ করিলে আর সংশয় ও সমস্যা [illegible] থাকে না।

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ ভক্তি-প্রচারের মূল মহাজন সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অতিমর্ত্ত্য জীবনচরিত এতাবৎকাল সম্যক্ প্রকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয়মঠাচার্য্যবর্য্যের শুভেচ্ছায় পরবিদ্যাপারিশিষ্ট্যক সু-লেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বংশ-বৃন্দাবন শিক্ষাবলী ও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১২৫ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৬০ আনা; ডাক মাশুল স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান— ম্যানেজার গ্রন্থবিভাগ

শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

———:(*):———

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু সদ্গ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১৩।১নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর আউটপোষ্টে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

ই. বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	৫ ১৬	৬-০৬	৭ ২৫	১২-২৫	১৪ ৪৫	১৬-৪৬	১৭ ৪০	২২ ২০
রাণাঘাট পৌঃ			৮-৪০	১৪ ১৪				
(বদল) ছাঃ			৯-৩৫	১৪-৪০				
কৃষ্ণনগর পৌঃ	৭-১	৮ ৪৫	১০-৮	১৫-২৯	১৭-২৮	১৯-১১	২০-১৬	১-১৪
(বদল) ছাঃ	৭ ১৫		১০-৩১		১৭-৩৬		২০-২৬	
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫১		১১ ১০		১৮-১৬		২০-৪৬	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
রাণাঘাট পৌঃ	১২-৫৫
ছাঃ	১৩ ০
শান্তিপুর পৌঃ	১৩-২৬
(বদল) ছাঃ	১৭-৩১ (ন্যারো গেজে)
কৃষ্ণনগর পৌঃ	১৪-২
ছাঃ	১৪ ২০
নবদ্বীপঘাট পৌঃ	১৫-০

ডাউন

নবদ্বীপঘাট ছাঃ	৫ ৪৫			৯ ২৫		১৩-৩০	১৬-০	১৮-৩১	
কৃষ্ণনগর পৌঃ	৬ ২০	৯ ১৬		১০-৪	১১-৪১	১৪-১০	১৬-৩৮	১৯-১১	
ছাঃ	৬-২৬	৭ ১৮		১০-১১			১৬ ৪৬	১৯-২৪	
রাণাঘাট পৌঃ				১০-৪৬			১৭-৩১		
(বদল) ছাঃ				১১ ০			১৭-৪০		
কলিকাতা পৌঃ	৮-১৬	৯ ২১	১২-১	১২-৩৬	১৪-১৬		১৯-১	২১-৪১	২৩-২৬

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৩-৩১	১৬-০	
কৃষ্ণনগর পৌঃ	১৪-১০	১৬-৩৮	
ছাঃ	১৫-২৮	১৭-১৫	
শান্তিপুর পৌঃ	১৬-৯	১৭-৫৬	
(বদল) ছাঃ	১৬-৩৩	১৮-১ (রবিবার ভিন্ন)	১৮-৮ (রবিবার)
রাণাঘাট পৌঃ	১৭-১০	১৮-২৭	১৮-৩৩
(বদল) ছাঃ	১৭-৪০	১৮-৪০	১৮-৪০
কলিকাতা পৌঃ	১৯-১১	২০-৬	২০-৬

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

[illegible]

[illegible] জ্বরের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় সন্নিপাত উহার কাট্‌তিই তাহার সাক্ষ্য। শিকার মীটা সংযুক্ত পাচন এবং নূতন ও পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। মূল্য ছোট বোতল ৮০ দশ আনা, বড় বোতল ১৯০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

—১১নং ওল্টাডিঙ্গি রোড, কলিকাতা

অথবা

পোঃ বেহালা, ২৪ পরগণা

পোঃ—শ্রীমায়াপুর
টেলিগ্রাম—"শ্রীধাম"
শ্রীমায়াপুর

REGD NO C434

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৪শ খণ্ড] শ্রীমায়াপুর—২৯শে চৈত্র, ১৩৪৫, ১২ই এপ্রিল, ১৯৩৯ বুধবার ৬৭শ সংখ্যা

বিবিধ সংবাদ

—::০::—

বিহারে মাদক বর্জ্জন আইন

বিহার গভর্ণর মাদক-বর্জ্জন আইন সংশোধন বিলে সম্মতি দান করিয়াছেন। বিলটি বর্ত্তমানে আইনে পরিণত হইয়াছে এবং তদনুযায়ী উহা গেজেটে প্রকাশিতও হইয়াছে।

উদ্বন্ধনে ছাত্রের আত্মহত্যা

পরলোকগত ব্যবসায়ী সুরেন্দ্রমোহন পালের পুত্র হরিমোহন পাল (বয়স ১৬ বৎসর) নামে স্কুলের একজন ছাত্র বৃক্ষের শাখায় উদ্বন্ধনে আত্মহত্যা করিয়াছে। তাহার মৃতদেহ যে গাছে পাওয়া যায়। আত্মহত্যার কারণ জানা যায় নাই।

—

জেনারেল ফ্রাঙ্কোর গভর্ণমেণ্ট

বুর্গোস হইতে প্রাপ্ত এক সংবাদে জানা গেল যে, জেনারেল ফ্রাঙ্কোর গভর্ণমেণ্ট কোমিনটার্ণ-বিরোধী চুক্তিতে যোগদান করিতে সিদ্ধান্ত করিয়াছেন বলিয়া সরকারীভাবে ঘোষিত হইয়াছে।

রাজসাহীতে কুষ্ঠরোগীদের চিকিৎসার ব্যবস্থা

রাজসাহী মিউনিসিপ্যালিটির সদর হাসপাতালের এক অংশে কুষ্ঠ রোগী চিকিৎসার জন্য একটি বিভাগ খোলার জন্য সম্প্রতি ২০০৲ টাকা বরাদ্দ করিয়াছেন। রাজসাহী সহরে কুষ্ঠ-রোগীর সংখ্যা বৃদ্ধি প্রাপ্ত হইতেছে।

কামরূপে ভীষণ ঝড়

কামরূপে ভাঙাভাঙ্গী গ্রাম হইতে এই খবর আসিয়াছে যে, গত ৬ই এপ্রিল সন্ধ্যায় প্রবল ঝটিকায় ১২০খানা বাড়ী বিধ্বস্ত হইয়া গিয়াছে। কোন জিনিসপত্র রক্ষা পায় নাই এবং গ্রামবাসিগণ গৃহহীন হইয়াছে।

—

শিক্ষাকরের বিরুদ্ধে আন্দোলন

গত ১৬ই চৈত্র পাইকপাড়া কানাই-বনের মাঠে শ্রীযুত চারুচন্দ্র চক্রবর্ত্তীর সভাপতিত্বে শিক্ষাকরের বিরুদ্ধে প্রতিবাদ করিবার জন্য এক সাধারণ সভা হয়। বহু হিন্দু মুসলমান এই সভায় যোগদান করেন। শান্তিরঞ্জন দাস, মাধবচন্দ্র দাস, ধীরেন্দ্র দাস ও সভাপতি মহাশয় সভায় বক্তৃতা দেন। তাঁহারা বলেন, দরিদ্র জনসাধারণের পক্ষে কোন নূতন কর দেওয়া একেবারে মোটেই সম্ভবপর নয়। তদুপরি কর বাধ্যতামূলক করায় এবং শিক্ষা বাধ্যতামূলক না হওয়ায় অধিকাংশ প্রজাই কর দিয়াও কোন সুবিধাজনক পাইবে না। অতএব জনসাধারণের কর্ত্তব্য হইবে শিক্ষাকরের প্রতিবাদে সঙ্ঘবদ্ধভাবে আন্দোলন করা।

নিঃ ভাঃ রাষ্ট্রীয় সমিতির সদস্যপদ

নিঃ ভাঃ রাঃ সমিতির সদস্য এবং 'হিন্দুস্থান ষ্ট্যাণ্ডার্ড' পত্রের সম্পাদক ডাঃ ধীরেন্দ্রনাথ সেন, নিঃ ভাঃ রাঃ সমিতির আগামী অধিবেশনে নিম্নোক্ত প্রস্তাব উত্থাপন করিবেন বলিয়া নোটিশ দিয়াছেন—

নিঃ ভাঃ রাঃ সমিতি কর্ত্তৃক কংগ্রেসের গঠনতন্ত্রের পরিবর্ত্তন না হওয়া পর্য্যন্ত এই সমিতির মতে ১৯৩৫ সালের ভারত-শাসন আইনের অধীনে নিযুক্ত মন্ত্রী ও পার্লামেণ্টারী সেক্রেটারী নিঃ ভাঃ রাঃ সমিতির সদস্যপদে নির্ব্বাচিত হইতে পারিবেন না। অতএব নিঃ ভাঃ রাঃ সমিতির যে সকল সদস্য, মন্ত্রী অথবা পার্লামেণ্টারী সেক্রেটারী, তাঁহাদিগকে অবিলম্বে পদত্যাগ করিতে বলা হইয়াছে এবং তাঁহাদের স্থলে নূতন সদস্য নির্ব্বাচনের উপযুক্ত ব্যবস্থা অবলম্বনের নির্দ্দেশ দিতেছে।

৫০ বৎসর বয়সে প্রবেশিকা-পরীক্ষা

মহম্মদ আশরফ নামক পঞ্চাশ বৎসর বয়স্ক এক ব্যক্তি নারায়ণগঞ্জ কেন্দ্র হইতে এই বৎসর প্রাইভেট পরীক্ষার্থী হিসাবে কলিকাতা বিশ্ববিদ্যালয়ে ম্যাট্রিকুলেশন পরীক্ষা দিয়াছেন। তিনি ঢাকার জনৈক দোকানের মুহুরী। মহম্মদ আশরফের এক পুত্র এই বৎসর কলিকাতা বিশ্ববিদ্যালয়ে আই-এ পরীক্ষা দিয়াছেন। তাঁহারা ত্রিপুরা জেলার অন্তর্গত মতলব থানার নাওডি গ্রামের অধিবাসী।

রামদুর্গ রাজ্যে জেলখানা আক্রান্ত

সংবাদ পাওয়া গিয়াছে যে, সহস্রাধিক লোক সমবেত হইয়া রামদুর্গ রাজ্যের জেল আক্রমণ করে এবং ৮জন কনেষ্টবল ও জেল ওয়ার্ডারকে পিটাইয়া মারিয়া ফেলে।

প্রকাশ, জনতা ইটপাটকেল জড় করে, জেলে যাইবার সমস্ত রাস্তা অবরুদ্ধ করে এবং টেলিগ্রাফের তার কাটিয়া দেয়। পুলিশ তখন গুলী চালায়। ৬টি গুলী বর্ষিত হইয়াছিল বলিয়া একটি সংবাদে প্রকাশ। ইহার ফলে জনতার মধ্যে বহুলোক আহত হয়। জনতা তখন জেল-ফটক অভিমুখে ধাবিত হয় এবং জেলের বাসাপত্র কাড়িয়া লইয়া জেল-ফটকের সম্মুখে তাহাতে আগুন ধরাইয়া দেয়।

জেলকর্ত্তৃপক্ষ ২৩জন কয়েদী ও ১২জন বিচারাধীন বন্দীকে জেল হইতে আত্মরক্ষা করিবার জন্য সুযোগ দিয়াছিলেন।

জনতা তাহার পর জেলারের বাড়ী আক্রমণ করে এবং তাঁহাকে মারপিট করিয়া তাঁহার বাড়ীতে আগুন ধরাইয়া দেয়।

এই সব হাঙ্গামার জন্য বাধ্যে পুণা হইতে এক দল ভারতীয় সৈন্য রামদুর্গ রাজ্য অভিমুখে রওনা হইয়াছে।

—

বিমান-ক্লাবে সাহায্যদান

শ্রীযুক্ত সত্যমূর্ত্তির প্রশ্নের উত্তরে যানবাহন বিভাগের ভারপ্রাপ্ত সদস্য মিঃ এ জি ক্লো বলেন যে, গভর্ণমেণ্ট বিমান ক্লাবসমূহকে আর তিন বৎসর সাহায্য দান করিবেন। বিমান-ক্লাবে ভারতীয় শিক্ষানবীশ গ্রহণের কোন নির্দ্দিষ্ট সংখ্যা বাঁধিয়া দেওয়া হয় নাই। ক্লাবসমূহ পরিচালনে কোনপ্রকার বৈষম্যমূলক ব্যবস্থা করা হয় না।

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক। প্রতি একাদশীতে প্রকাশিত হয়। কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। সডাক ভিক্ষা ৪৷০ টাকা মাত্র।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১॥০ টাকা মাত্র।

৩। ভাগবত—উড়িয়া ভাষায় একমাত্র পারমার্থিক মাসিক পত্র পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত ভিক্ষা সডাক ১৲ টাকা।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উড়িয়া পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ টাকা মাত্র।

৫। শ্রীগৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ মাত্র।

পরমগুরু শ্রীগৌরকিশোর

গৌড়ীয়-সম্পাদক-লিখিত, শ্রীগৌড়ীয়মঠাচার্য্যের ভূমিকা-সম্বলিত, বহুচিত্র-শোভিত ও বিবিধ সূচী সমন্বিত "পরমগুরু শ্রীগৌরকিশোর" গ্রন্থখানি প্রকাশিত হইয়াছেন। এই গ্রন্থখানিতে শুদ্ধগৌড়ীয়বৈষ্ণবজগতের পরমারাধ্য, গৌড়ীয়গোবর্দ্ধনাবধি অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ নিত্যলীলাপ্রবিষ্ট পরমহংস ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ গৌরকিশোরদাস গোস্বামী প্রভুবরের আলৌকিক চরিতকথা বর্ণিত আছে।

শ্রীশ্রীভক্তিবিনোদাবির্ভাব-শতবর্ষপূর্ত্তিতিথিপূজার উপায়ন-গ্রন্থমালা

———:(*):———

১। গীতিসাহিত্যে শ্রীভক্তিবিনোদ

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র গীতিসাহিত্যের সমালোচনা-গ্রন্থ)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

২। শ্রীভক্তিবিনোদবাণীবৈভব

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের রচনাসমুদ্র হইতে আহৃত ১০৮টি অধ্যায়ে সম্বন্ধ-অভিধেয়-প্রয়োজনাকারে সাজান সমুদয় উপদেশপূর্ণ গ্রন্থ)

ভিক্ষা—৩৲ তিন টাকা মাত্র।

৩। শ্রীশ্রীভক্তিবিনোদ-প্রসঙ্গ

ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ ও ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল গৌরকিশোর প্রমুখ শ্রীল প্রভুপাদের শিষ্যবর্গ লিখিত এবং গৌড়ীয়ে প্রকাশিত শ্রীশ্রীভক্তিবিনোদ-চরিত-প্রসঙ্গ

ভিক্ষা—৷৴০ ছয় আনা মাত্র।

৪। ছাত্রদের ভক্তিবিনোদ

(ছাত্রদের উপযোগী ভাষায় লিখিত শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত ও শিক্ষা)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

ছাত্রদের পক্ষে ভিক্ষা—৷০ আট আনা মাত্র।

প্রাপ্তিস্থান:—

(১) 'ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট', পোঃ শ্রীমায়াপুর, নদীয়া;

(২) শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা;

(৩) শ্রীযুক্ত সুশীলরঞ্জন রায় এম্-এ, বি-এল্, পুরানা পল্টন, পোঃ রমণা, ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবত,—সমগ্র ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত — ২৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। ঠাকুর বিনোদ শ্রীচৈতন্যভাগবত (অধীন) ৬৲
৩। কবিরাজ শ্রীচৈতন্যচরিতামৃত ৬
৪। সজ্জনতোষণী (অধীন) ৪.
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০
৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার দীপিকা ও সংস্কার দীপিকা ১৷০
৯। বৈষ্ণবধর্ম্ম ১৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ১৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা)
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ৷০
১৫। বৈষ্ণবসাহিত্যে পরতত্ত্ব ৷০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষৎ ৷০
১৮। ধামের কথা ৷০
১৯। তত্ত্ববিবেক ৷০
২০। গৌড়ীয় গৌরব ৷৴০
২১। গৌড়ীয়গীতিকা ৷০
২২। শুদ্ধ বচন ৷০
২৩। শ্রীচৈতন্যভাগবত ও শ্রীনবদ্বীপদর্শন বাঁধা। ১৲
২৪। গীতা (শ্রীবলদেব টীকা সহ) ১৲
২৫। গীতা (রসিক-রঞ্জন বাঁধা) ১.
২৬। গীতার কেবল বাঙ্গলা ভাষা ৷০
২৭। দুঃসঙ্গসঙ্গ অপরাধ ও মায়াবাদ ১৲
২৮। প্রেমপ্রদীপ (সাপ্তাহিক) ৷০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয় সংস্করণ) (বাঁধা) ৸০
৩০। দীপ-দিগ্-দর্শন ৵০
৩১। সাধনপথ (তৃতীয় সংস্করণ) ৷৵০
৩২। গোস্বামী রঘুনাথ দাস বাঁধা ৷০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ পরিক্রমা) ৵০
৩৫। গীতমালা ৷১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৵০
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৵০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ৷০
৩৯। শ্রীগোদ্রুমচন্দ্রপাদ ভজন ৷০
৪০। শরণাগতি ৴০
৪১। গীতাবলী ৴০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
৪৩। সাধনতত্ত্ব ৴০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ৴
৪৫। নবদ্বীপশতক
৪৬। অর্চ্চনপদ্ধতি
৪৭। মায়াবাদশতদূষণী ৴
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৴১০
৪৯। অর্চ্চনকণ্
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম ও ২য় খণ্ড) ৯৲
৫১। ব্রহ্মসংহিতা ৷০
৫২। মণিমঞ্জরী (সাপ্তাহিক) ৷০
৫৩। গৌরহরেবাচ্যা ৸০
৫৪। পুরুষার্থ-বিনির্ণয় ৷০
৫৫। তত্ত্ব জ্ঞানী বা মায়াবাদশতদূষণী ৷০
৫৬। আচার্য্য ও ভক্তিপথ ৵০
৫৭। ঈশোপনিষৎ (আখ্যাবিবৃত) ৷০
৫৮। শ্রীকৃষ্ণসংহিতা ৵০
৫৯। সিদ্ধান্তদর্পণ ৵০
৬০। সাধুসঙ্গাবলী

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ৷০
৬২। সিদ্ধান্ত সরস্বতী বিবৃতিঃ ৷০
৬৩। সটীক-শিক্ষাষ্টকম্ ৷০
৬৪। তত্ত্বসূত্রম্ ৷০
৬৫। সাত্বত শিক্ষাষ্টকম্ ৵০
৬৬। গৌড়ীয়মঠপরিচয়ঃ ৴০
৬৭। শরণাগতিরহস্যম্ ৵০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ
৬৯। এ লিভিং ধর্ম্ম ইন এ দেশ ৷০
৭০। নামতত্ত্ব
৭১। গৌরাঙ্গ—ইউঁস লাইফ অ্যান্ড প্রিসেপ্টস্ ৷০
৭২। শ্রীচৈতন্য মহাপ্রভু ৷৴০
৭৩। সারসংগ্রহ ভক্তিতত্ত্ব ও বেদান্ত
৭৪। সেবা-সূত্র ৷০
৭৫। কোয়াইট গৌড়ীয়মঠ ইন ইন্ডিয়া ৴০
৭৬। ঐ ভারত ৷০
৭৭। সংক্ষিপ্ত শিক্ষাপত্র ও ভাগবতধর্ম্মের শিক্ষার
৭৮। ব্রহ্মসংহিতা
৭৯। শ্রীমন্মহাপ্রভুর অপূর্ব্ব দান ৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীজগন্নাথচরিতামৃত ৷০
৮১। সাধন-পথ ৷০
৮২। কল্যাণ-কল্পতরু ৵০
৮৩। গীতাবলী ৴০
৮৪। শরণাগতি ৴০

হিন্দী ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ৴০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যদেব ১৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

একমাত্র পারমার্থিক দৈনিক

শ্রীধাম-মায়াপুর-নদীয়া

১৭শ বর্ষ { ৮ মধুসূদন ৪৫৩ গৌরাব্দ ২৯শে চৈত্র বঙ্গাব্দ ১৩৪৫ ১২ই এপ্রেল ইং ১৯৩৯, বুধবার } ৬৭শ সংখ্যা

"শ্রীভগবান্ আমাদের মঙ্গলের জন্য সকল বিধান করিয়া থাকেন—ইহা বিশ্বাস করি। নাস্তিকেরা কখনই জগতে প্রতিষ্ঠা লাভ করিতে পারে না। দিন কতক তাহারা লাফালাফি করিয়া পরিশেষে দৈন-শ্মশানে ঠাণ্ডা হইয়া যায়। সমস্তই ঈশ্বরের ইচ্ছা।"

(শ্রীল প্রভুপাদ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

মধুসূদন কৃষ্ণ অনিরুদ্ধ গৌরাব্দ ৪৫৩

মঠে গৃহভ্রম

——::(০)::——

গর্ভধারিণী জননী ও ধাত্রীর আচরণ, ক্রিয়াকলাপ, হাবভাব এক প্রকার হইলেও, উভয় বস্তু এক নহে। জননীর পুত্রস্নেহ ধাত্রীতে জন্মে না। শ্রীকৃষ্ণের প্রতি শ্রীযশোমতী ও পূতনার ব্যবহার দৃশ্যতঃ এক প্রকার হইলেও বস্তুতঃ এক নহে, বরং বিপরীত। যাঁহারা বাহিরের আচরণ বা ক্রিয়াদি দ্বারা জননী ও ধাত্রী বা যশোদা ও পূতনাকে সমজ্ঞান করেন, তাঁহারা বস্তুর যথার্থ পরিচয় হইতে দূরে থাকেন, ফলে প্রথমতঃ আত্মবঞ্চনা, দ্বিতীয়তঃ পরবঞ্চনা আসিয়া উপস্থিত হয়। এই জড়চক্ষুর প্রদত্ত সংবাদে নির্ভর করিয়া ভোগবাসনাময় জড়মন সর্ব্বদাই উপরিউক্ত ভ্রম করিয়া থাকে, যশোদার স্থানে পূতনার হাতে পড়িয়া বিপদ্‌গ্রস্ত হন।

পরমার্থরাজ্যেও এই জাতীয় ভ্রম অনাদিকাল হইতে চলিয়া আসিতেছে। বাহিরের দৃষ্টিতে পরমার্থ ও জড়ীয় অর্থ বা ভোগ্যবস্তু—ভগবানের সেবা ও স্বীয় ইন্দ্রিয়-তোষণ অনেকেই একরূপ দর্শন করেন। অনেকে গৃহাদি নির্ম্মাণ করিয়া পুত্রকন্যাদি লইয়া অর্থোপার্জ্জন পূর্ব্বক দিনপাত করেন, সঙ্গে সঙ্গে শব্দ, রূপ, রস, গন্ধাদির ভোগে প্রমত্ত থাকেন। ইঁহারা সংবাদ রাখেন না যে, এই অনিত্য ক্ষণভঙ্গুর দেহ ভবসাগর তরণের সুপটু নৌকা। কিন্তু যাঁহারা এই নশ্বর দেহের এই বিশেষত্ব অবগত হইয়া ক্ষণবিলম্ব না করিয়া মৃত্যু উপস্থিত হইবার পূর্ব্ব পর্য্যন্ত কায়মনোবাক্যে সর্ব্বদা ভবজলধি উত্তোরণ-কার্য্যে আত্মনিয়োগ করিতেছেন, তাঁহাদিগকে যদি ঐ জাতীয় ভোগপরায়ণ মানবগণ স্বীয় স্বীয় ভ্রম, প্রমাদ, বিপ্রলিপ্সা, করণাপাটবপূর্ণ মনের দ্বারা মাপিতে যান, তবে জননীর স্থানে ধাত্রী বা যশোমতী স্থানে পূতনা দেখিয়া ফেলিবেন।

মঠ বলিয়া যে বস্তুটি বাহিরের দৃষ্টিতে গৃহস্থালীর ন্যায় প্রতীত হয়, বস্তুতঃ উহা গৃহস্থালী নহে। যাঁহারা কায়মনোবাক্যে সর্ব্বস্ব বিষয়ভোগ হইতে তুলিয়া লইয়া বৈষ্ণবের আনুগত্যে আশ্রয় হইয়া অহর্নিশ শ্রীহরিগুরুবৈষ্ণবের সেবায় নিরত, তাঁহারাই মঠে বাস করেন। মঠবাসীর সর্ব্বেন্দ্রিয়ের ভোগরহিত চেষ্টা এবং দীনচেতা গৃহীদিগের প্রতি দয়ার কার্য্য নানা আকারে প্রকাশিত হয়। মঠবাসিগণ সর্ব্বস্ব সরলভাবে শ্রীভগবানে অর্পণ করিয়াছেন, আর গৃহী সর্ব্বস্ব অর্পণ করা দূরে থাকুক, কপর্দ্দকমাত্রও অনেক সময়ে শ্রীভগবানের সেবায় নিয়োগ করিতে চাহে না। মঠবাসিগণ জীবে দয়ার কার্য্যে ব্রতী বলিয়া ঐ জাতীয় কৃপণ-স্বভাব গৃহীর প্রতি দয়াপরবশ হইয়া তাঁহার সহিত যৎকিঞ্চিৎ সংগ্রহ করিয়া তাঁহারই কল্যাণবিধান করেন। গৃহীর অর্থ সংগ্রহ করিয়া মঠবাসিগণ স্বীয় ইন্দ্রিয়তর্পণ করেন না। যেহেতু তাঁহাদের ইন্দ্রিয়প্রীতি নাই। হৃষীকেশ তাঁহাদের সমস্ত হৃষীক অপহরণ করিয়া নিজে সেই ধনের অধিকারী হইয়া রাজা সাজিয়াছেন। মঠবাসী হৃষীকেশকে হৃদয়-সিংহাসনে বসাইয়া নিত্যকাল সংগৃহীত বস্তুদ্বারা সেবা করিতেছেন। এই সেবাকার্য্যে মঠবাসীর স্বতন্ত্রতা নাই। স্বয়ং নিত্যানন্দের আনুগত্যে অভিন্ন ব্রজেন্দ্রনন্দন শ্রীগৌর-সুন্দরের সেবাই মঠের একমাত্র কৃত্য।

মঠবাসিগণ বদ্ধজীবের সুকৃতি জন্মাইয়া তাঁহাদের সাধুসঙ্গলাভের পথ সুগম করিয়া দিতেছেন। এই পথ নির্ম্মাণ ও পথপ্রদর্শন কার্য্যের জন্য মঠের বিবিধ অনুষ্ঠান। যাঁহারা মঠের নিত্য দয়ামূলক অনুষ্ঠানসমূহকে গৃহীর নিত্য নিষ্ঠুরতামূলক ও আত্মহননকারী অনুষ্ঠানের সহিত তুল্য বুদ্ধি করেন, তাঁহাদের দুর্ভাগ্য দর্শন করিয়া মঠবাসিগণ নিত্যকাল আক্ষেপোক্তি করিতেছেন। যাহারা দুষ্কৃতির বশবর্ত্তী হইয়া মঠকে গৃহ, মঠবাসীকে গৃহী, বৈষ্ণবকে অবৈষ্ণবজ্ঞানে খাদ্যতরিতার কূপে পতিত হইতেছে, তাহাদের "গতি নাহি কোন কালে।"

মঠ বদ্ধজীবের—ভবরোগীর চিকিৎসালয়। এখানে ত্রিতাপউন্মূলনকারী ঔষধ-পথ্য প্রদানের প্রকৃষ্ট ব্যবস্থা আছে। এখানে যে জীবে দয়া হয়, তদ্রূপ জীবে দয়া গৃহী, কর্ম্মী বা জ্ঞানী কল্পনা দূরে থাকুক, ধারণাও করিতে পারে না। এখানে জীবহিংসার কোন ব্যবস্থাই নাই। জীবের সত্তারাহিত্য বা সত্তা রাখিয়া উহাকে জড়বৎ অবস্থা প্রদানের চেষ্টারূপ হিংসার অনুষ্ঠান করা হয় না। এখানে ভোক্তা আছেন, ভোগ্য আছেন, বোধ আছেন। এই তিনের নিত্য সম্বন্ধ মূর্ত্তিমন্ত হইয়া এই মঠে নিত্য বিরাজ করে। সুতরাং মঠবিদ্বেষ বা মঠবাসীর প্রতি গৃহস্থালীর ভাব আরোপ জীব-হিংসারই পরাকাষ্ঠা। হিরণ্যকশিপু সর্ব্বদা 'হিরণ্য' (অর্থাদি) ও 'কশিপু' (উত্তম শয্যাদি ভোগবিলাসের দ্রব্য) প্রাপ্তি, সংগ্রহ ও ভোগের চেষ্টায় নিরত, সুতরাং তদ্বিপরীত বস্তু বিষ্ণু বা বিষ্ণুভক্ত দর্শনে অন্ধ। প্রহ্লাদ সর্ব্বদাই হিরণ্যকশিপুর বিপরীত দর্শনযুক্ত। তিনি 'হিরণ্য' ও 'কশিপু'তে কোন প্রকার আস্বাদ অনুভব করেন না। তাঁহার বিষ্ণু-বৈষ্ণবে আসক্ত। এইজন্য হিরণ্যকশিপু ও প্রহ্লাদে নিত্যকাল বিরুদ্ধভাব সমান্তরাল রেখার ন্যায় প্রবাহিত হইতেছে। এই দুই রেখা কখনও মিলিত হয় না। 'তামাক'ও খাব, 'দুধ'ও খাব, দুই কার্য্য যুগপৎ চলিবে না।

একদিন হিরণ্যকশিপু যখন প্রহ্লাদকে নিজের ভোগাবস্থ জানে ক্রোড়ে স্থাপন করিয়া তাঁহার মস্তক চুম্বন পূর্ব্বক তাঁহার গুরু-গৃহে অধ্যয়ন পাঠের হিসাবে 'সকল শিক্ষার' ছলে জিজ্ঞাসা করিয়াছিলেন,—"বৎস প্রহ্লাদ! তুমি গুরুগৃহে এই কয় মাসে যাহা পড়িয়াছ, তাহা আমাকে বল।" উত্তরে প্রহ্লাদ মহারাজ, নাম, রূপ, গুণ, টাকা, পয়সা, বাড়ী, [illegible] বলেন, বিশেষ কলা-কানন, [illegible], সমাস, কবিতা কিছুই না বলিয়া বলিলেন "হে অসুরশ্রেষ্ঠ! যাঁহারা সকল অসদ্ গ্রহ সঙ্গ করার ফলে নিরন্তর উদ্বিগ্ন চিত্তে দিন যাপন করিতেছেন, তাঁহারা অন্ধকূপরূপ গৃহ পরিত্যাগ করিয়া বনে গমনপূর্ব্বক শ্রীহরিকে আশ্রয় করিলে তাঁহাদের নিত্যকল্যাণ, নিত্য শান্তি লাভ হইবে। অন্ধকূপস্থানে গৃহ পরিত্যাগ করিয়া শুধু পাহাড় ও বৃক্ষতলে বাস করার উদ্দেশ্যে বনে গমন করিলে কোন প্রয়োজন হইবে না। জীবের হরিভজনই কৃত্য, হরিপাদাশ্রয়ই উদ্দেশ্য। উদ্দেশ্য-হীন হইয়া শুধু সুখ লাভ বা মুক্তি লাভের আশায় গিরি-গহ্বরে নির্জ্জন [illegible] প্রবেশ করিলে কি হইবে? গৃহ ও বনের প্রভেদ কি? বনে গমন করিয়া বিষয়ানুসন্ধান করিলে তাহা কি বনবাস, না গৃহবাস? গৃহে আসক্তি, ভোগবুদ্ধিই [illegible] অন্ধকূপ। যে গৃহী গৃহে আসক্ত নহে [illegible] বনবাসী বানপ্রস্থ বা সন্ন্যাসী। [illegible] হরিভজন, তিনিই গৃহে থাকিয়াও গৃহবাসী বা গৃহস্থ নহেন, তিনি মঠবাসীর মধ্যে মঠবাসী তাঁহার [illegible]। ঠাকুর মহাশয়ের ভাষায় মঠবাসী বলেন,—

"গৃহে বা বনেতে থাকে,
হা গৌরাঙ্গ ব'লে ডাকে,
নরোত্তম মাগে তার সঙ্গ।"

কৃপাকরুণাহিত মহা [illegible] জীবের প্রতি যখন মঠবাসী দয়া প্রকাশ করেন, তখনই সেই পতিত অজ্ঞ জীব মঠ ও মঠবাসীকে বুঝিতে ও জানিতে পারে। গৃহান্ধকূপে থাকিয়া কূপমণ্ডুকের ন্যায় নিজ-কলেবর [illegible] দ্বারা বিশাল-বিস্তীর্ণ জলধির সৌন্দর্য্য উপলব্ধি বা পরিমাপ করিবার প্রয়াসের ন্যায় যাঁহারা মঠ বা মঠবাসীকে বুঝিতে চেষ্টা করেন, তাঁহাদের ভ্রান্তির অবধি কোথায়? পতিত জীবের কবে যেন সুবুদ্ধির উদয় [illegible] করিয়া কাঁদি। বলিবে—

"বৈষ্ণব ঠাকুর দয়ার সাগর
এ দাসে করুণা করি।
দিয়া পদছায়া শোধহ আমারে
তোমার চরণ ধরি॥"

আমার মঠবাস হইল না কেন?

(শ্রীপাদ বৈদেশ গোবর্দ্ধন ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী)

মঠবাসীর প্রকৃত স্বরূপ উপলব্ধি না করিয়া—আত্মবোধ নিত্যাঙ্গত না হইয়া লক্ষ লক্ষ জন্ম যদি মঠবাসী বলিয়া অভিমান করি, তাহা হইলে কি সত্যসত্যই মঠবাসী বলিয়া পরিচয় দিতে পারিব? আমার স্বরূপের আত্মজ্ঞান অন্তর হইতে বিদূরিত হইল না, জড়দেহধারক ও স্ত্রীর অভিমান গেল না, দম্ভ, মান, অভিমান, হিংসা, দ্বেষ মৎসরতা, স্বার্থপরতা, অহঙ্কার, দর্প, গর্ব্ব অহঙ্কার, অসৎ-কর্ম্মপ্রবৃত্তি হইতে পরিমুক্ত হইতে যখন পারিলাম না, তখন কি করিয়া মঠবাসী হইব? পদে পদে আমি ব্রহ্মচারী, সন্ন্যাসী, গৃহস্থ ও বানপ্রস্থের অভিমান—ভোগের অভিমান লইয়া ব্যস্ত। সুতরাং কি করিয়া আমার মঠে বাস হইল? গত বৎসর মঠবাস ছলনায় সর্ব্বপ্রথমে শ্রীগুরুবৈষ্ণবগণ শ্রীমুখ হইতে এই বীর্য্যবতী শ্রীভাগবতবাণী কর্ণকুহরে প্রবেশ করিয়াছিল—'স্বরূপে সবার হয় গোলোকেতে স্থিতি' শুনিয়াছিলাম—'জীবের স্বরূপ হয় কৃষ্ণের নিত্যদাস', কিন্তু এখন দেখিতেছি, আমি কৃষ্ণকার্য্য কিঙ্করে নিযুক্ত না থাকিয়া কৃষ্ণেতর বস্তুদাসীর দাস্যে, কনকের দাস্যে, কামিনীর দাস্যে দশবর্গ্য মায়ার দাস্যে প্রতিষ্ঠিত আছি। গোপীভর্ত্তার দাসানুদাস না হইয়া ভবানীভর্ত্তা সাজিয়া বসিয়াছি। পুরুষাভিমানে—স্ত্রী অভিমানে, কর্ত্তাভিমানে প্রমত্ত হইয়া [illegible] উপর প্রভুত্ব করিতে যাইতেছি। কৃষ্ণসেবক-অভিমান ব্যতীত জড়ীয় স্ত্রী বা পুরুষ-অভিমানে নিজেকে ভোক্তা জ্ঞান করিতেছি। প্রাকৃত স্ত্রীপুরুষ অভিমান থাকা কালে গুরুবৈষ্ণবের আনুগত্য করা যায় না। এতদিন তাহা শুনিয়াও শুনি নাই। আমি শ্রীগুরুবৈষ্ণবের অনুগত, শরণাগত, সমর্পিতাত্ম ও গুরুবৈষ্ণব-উচ্ছিষ্ট-পরভৃত বলিয়া মৌখিক কপটতা করিয়া অন্তরে অন্তরে কপটতাবশে স্বতন্ত্র গুরুবৈষ্ণব অভিমানে প্রমত্ত থাকায় আমার মঠবাস হইল না।

আমি মুখে শ্রীগুরুবৈষ্ণব-কথিত বাণীর [illegible], জগন্মঙ্গলকারী ও ভোগত্যাগনাশকারী পাণ্ডিত্যভাষার পরিচয় দিয়াও আমি আমার অন্তরের গুপ্ত আসুরিক বৃত্তির মুখোস্ লোকাস্তে প্রকাশ করিয়া মঠ হইতে চলিয়া যাইবার প্রয়াসী হইয়াছি। এমনই নির্লজ্জ আমি!

আমি এতদিন নিয়মিত হরিকথা শ্রবণ-কীর্ত্তনে, শ্রীশ্রীগুরুবৈষ্ণবের সেবায় অহর্নিশ কাল যাপনে, গৌরবাণী প্রচার অভ্যাস-যাজনে, মঠসেবার বিবিধ আনুকূল্য সংগ্রহে, অনাহারে, অনিদ্রায় কায়মনোবাক্যে শ্রীশ্রীভক্তিসিদ্ধান্ত-বাণী-প্রচার-মন্দিরে ও লেখনী সাহায্যে বাণীসেবার অহোরাত্র কাটাইয়াও মঠবাসী হইতে পারিলাম না, গুরুবৈষ্ণবে মর্ত্ত্যবুদ্ধি দূর করিতে পারিলাম না, শ্রীগুরুপাদপদ্মকে নিখুঁত, নিষ্কলঙ্ক, অপতিত-চরিত্র ও সচ্চিদানন্দময় অভিন্ন নিত্যানন্দপাদপদ্ম বলিয়া উপলব্ধি করিতে পারিলাম না, এমনই আমার দুর্ভাগ্য! তিনি ভগবানের অত্যন্ত প্রিয়জন; স্বরূপবিস্মৃত, ভ্রমে বিচরণে অসমর্থ বদ্ধজীবের উদ্ধারকল্পে সাধুশ্রেষ্ঠ পতিত-পাবন আচার্য্যরূপে তাঁহার জগতে অবতরণ-লীলা। তাঁহার বাণী অভ্রান্ত ও খাঁটী, তিনিই এজগৎ বিশ্বে সর্ব্বজীবের অকৃত্রিম বন্ধু ও বৈকুণ্ঠপথের একমাত্র পথপ্রদর্শক, তিনিই অজ্ঞানতম বদ্ধজীবের অপ্রাকৃত ভগবৎসম্বন্ধ-জ্ঞান-প্রদানকারী মহাগুরু ও অপ্রাকৃত নরোত্তমরূপে তাঁহার এই পাদপ্রদান ও প্রেমপ্রচারলীলা, আমি ইহা বুঝিয়াও বুঝিলাম না কেন? আমি ভক্তির স্বরূপ, ভক্তের স্বরূপ, মঠসেবাস্বরূপ জানিবার সৌভাগ্য পাইলাম কৈ? আমার মত পোড়াকপাল আর কাহার?

আমার গৃহবাস করিবার, গুরু হইয়া পাণ্ডলীলা করিবার—তাঁহাকে ত্যাগ করিবার, মঠান্তরপে মঠস্থাপন করিবার অসৎপ্রবৃত্তি-প্রায় আসিতেছে কেন, সরলভাবে মনকে এই প্রশ্ন করায় তিনি উত্তর দিলেন—

গুরুকৃষ্ণের সেবার সর্ব্বস্ব বলি যেওয়ার কথা থাকায় তোমার ভোগ-চরিতার্থ হইবে না, তোমার ধর্ম্মার্থকামমোক্ষ ও কনককামিনী প্রতিষ্ঠা সংগ্রহের বাধা হইবে, সেইজন্য তুমি ভাবের ঘরে চুরি ক'রে আপন ঘরে ফিরে চল। মঠে আর থাকার আবশ্যকতা নাই। গুরুবৈষ্ণব তোমার পরম শত্রু ও বৈরী। তাঁহারা যেন তেন প্রকারেণ তোমার দ্বারা তাঁহাদের মঠস্বার্থসিদ্ধি করাইয়া লইবেন এবং তোমাকে ফেলিয়া দিবেন।"

তাই আমি আজ মনোধর্ম্মবশে—খেয়ালের বশে—মায়ার বশে সংসার-সাগরের স্রোতে গা ভাসাইয়া দিতেছি। যে গৃহকে—যে সংসারকে নরকের দ্বার, যে আত্মীয়স্বজনকে স্বজনাখ্যদস্যু, যে পিতামাতা পরমার্থপথের পরম বৈরী, যে ভোগ্যবিষয় বিষমবিষরূপ, যে দেহমন প্রকৃতিকে ভজনপ্রতিকূল বলিয়া তাহাদিগকে সম্যক্‌ভাবে গর্হণ ও তাহাদের সমস্ত পদার্থকে কুপথার্থ বলিয়া বর্জ্জন করিয়াছিলাম, সেগুলিকেই আজ সাদরে বরণ করিয়া সমাবর্ত্তন করিবার প্রয়াসী হইয়াছি। কি আমার দুর্ভাগ্য! এমনই অঘটনঘটন-পটীয়সী দৈবীমায়ার প্রাদুর্ভাব!

দৈবী মায়া বলাৎকারে, খসাইয়া সেই ডোরে
ভবকূপে দিলেক ডারিয়া।

আমার এরূপ অধঃপতনের কারণ জিজ্ঞাসায় উৎসুক হইয়া শ্রীগুরুবৈষ্ণব সমীপে উপস্থিত হইলে শুনিতে পাইলাম, আমার গোড়ায় গলদ আছে। শ্রীল আচার্য্য-পাদপদ্মের উচ্চারিত কলিমলবিধ্বংসী বীর্য্যবতী বাণী, শ্রীরূপের শিক্ষা আমার কর্ণে প্রবেশ করে নাই।

"ভুক্তি-মুক্তি স্পৃহা যাবৎ পিশাচী
হৃদি বর্ত্ততে।
তাবদ্ভক্তিসুখস্যাত্র কথমভ্যুদয়ো ভবেৎ॥"
"ভুক্তি মুক্তি বাঞ্ছে যেই, কাঁহা
দোঁহার গতি।
স্থাবরদেহ, দেবদেহ বৈছে অবস্থিতি॥"
"কৃষ্ণ আমায় পালে রাখে জান সর্ব্বকাল।
আত্মনিবেদন-দৈন্যে ঘুচাও জঞ্জাল॥"

এই বাণী অনুসরণ ও ব্যক্তিগত জীবনে তাহা আচরণ করিতে পারি নাই। তাই আজ বঞ্চক আমি বঞ্চিত হইয়া চেতনসত্তা লোপ করিবার অভিপ্রায়ে নির্ব্বিশেষবাদী হইবার আশা করিয়াছি। শ্রীগুরুপাদপদ্ম আশ্রয়ের অভিনয় করার পূর্ব্বে কৃষ্ণতত্ত্ববিৎ শ্রীগুরুপাদপদ্মে আত্ম-সমর্পণ করিয়া প্রহ্লাদ মহারাজ কথিত নববিধা ভক্তিযাজনের দ্বারা শ্রীকৃষ্ণপাদপদ্ম-সেবা লাভ হইতে পারে শুনিয়াছিলাম, কিন্তু আমার দ্বিতীয়াভিনিবেশ থাকায় নিষ্কিঞ্চন শ্রীগুরুপাদপদ্মে আমি নিষ্কপট শরণাগত হইতে পারি নাই। অঙ্ক নির্দ্ধারিত হইলে এবং এক অঙ্ক লিখিয়া শূন্য বসাইলে যেমন বৃত্ত গঠিত হয় ও সেই শূন্যের মূল্য থাকে, উহাদের অভাব হইলে যেমন কোনটীর মূল্য থাকে না, সেইরূপ শ্রীগুরুপাদপদ্মে আত্মসমর্পণ না করিয়া—সম্বন্ধজ্ঞান লাভ না করিয়া স্বতন্ত্রবৃত্তি বজায় রাখিয়া যতই না কেন ভক্তির অনুষ্ঠান যাজন করিয়াছি বলিয়া মনকলা খাই, তাহা হইলে তাহার মূল্য অর্দ্ধকপর্দ্দকও নয়।

দুগ্ধ খাইলে যেমন পুষ্টি-পুষ্টি হয়, চূণ গোলার জল খাইলে যেমন তাহার বিপরীত ফল হয়, তাহাতে উদরাময় রোগের সৃষ্টি হয়, পরে অকালমৃত্যু ঘটে, অসৎসঙ্গ ফলে আজ আমারও সেইরূপ শোচনীয় অবস্থা হইয়াছে।

কৃষ্ণভক্তি দূরে রহে সংসার নহে ক্ষয়।

সাধুসঙ্গ হইলে positive এর দিকে আত্মার গতি হইবে। সেই গতির নাম —ভক্তি। শ্রীগুরুবৈষ্ণব-ভগবানই গোপ্তা, ত্রাতা, রক্ষাকর্ত্তা ও নিয়ন্তা—এইরূপ সুদৃঢ় বিশ্বাসীর শরণাগতের বৃত্তিই ভক্তি বা সেবা। উহা সেবোন্মুখ চেতনের ধর্ম্মে নিত্য-প্রসবিনী। তাহাতে শৈথিল্য, জড়তা, কর্ম্মস্পৃহা, আত্মেন্দ্রিয়-প্রীতিবাঞ্ছা প্রভৃতি কোন ভাবই নাই। গুরুবৈষ্ণবের সঙ্গ লাভ হইলে শাস্ত্রকথিত যুগপৎ ভক্তি, পরেশানুভব ও কৃষ্ণেতর বিষয়ে বিরক্তি লাভ হইত। সাধুসঙ্গের চরম ফল যে কৃষ্ণ-সেবোন্মুখ আত্মার, তাহার ক্রম-নির্দ্দেশে উক্ত হইয়াছে,—

আদৌ শ্রদ্ধা ততঃ সাধুসঙ্গোঽথ
ভজনক্রিয়া।
ততোঽনর্থনিবৃত্তিঃ স্যাত্ততো নিষ্ঠা
রুচিস্ততঃ॥
অথাসক্তিস্ততো ভাবস্ততঃ
প্রেমাভ্যুদঞ্চতি।
সাধকানাময়ং প্রেম্ণঃ প্রাদুর্ভাবে
ভবেৎ ক্রমঃ॥

ভক্তিস্রোত পুনঃ প্রবাহের মূল মহাজন শ্রীমদ্ ভক্তিবিনোদ ঠাকুর ঐ কথাই কল্যাণ-কল্পতরু গ্রন্থে বলিয়াছেন,—

শ্রদ্ধা হৈতে সাধুসঙ্গে ভজনের ক্রিয়াসঙ্গে
নিষ্ঠা রুচি আসক্তি উদয়।
আসক্তি হইতে ভাব, তাহে প্রেম প্রাদুর্ভাব,
এই ক্রমে প্রেম উপজয়॥

ইহার প্রথমে শ্রদ্ধা না উদিত হইলে জীব কোন প্রকারেই সাধুসঙ্গ লাভ করিতে পারে না। সাধুসঙ্গে বাস করিয়াও জীব যদি মনে মনে অসাধুসঙ্গ করে, তাহা হইলে সহস্র প্রকার ভজনলিঙ্গ স্বীকার করিলেও কোন প্রকারে প্রেমলাভ করিতে পারে না। অসৎসঙ্গ স্ত্রীজাতীয় বস্তু বা ধনজাতীয় বস্তু। অসৎসঙ্গ দুই প্রকার—স্ত্রীসঙ্গী ও কৃষ্ণাভক্ত। প্রাথমিক আত্মা যে শ্রদ্ধা, তাহার অভাব হইলে চরম অবস্থা লাভ তাহার পক্ষে কি করিয়া হইবে? সাধুর সঙ্গে একত্র বসবাস করিলেই সাধুসঙ্গ হয় না। যথা, মৎকুণ ও উকুন যেমন সকল ব্যক্তির অতি নিকট সংস্পর্শে থাকিয়াও পরম শত্রু বলিয়া কথিত হয়, সেইরূপ সাধুর অত্যাচিন্তাগ্রস্ত বদ্ধজীবও সাধুর সঙ্গে থাকিয়া যথার্থ সাধুর অন্তরঙ্গ বলিয়া পরিচয় দিয়াও মৎকুণ ও উকুনের Part play করিয়া থাকে।

আমি একদিন সাধুগুরুর অন্নে প্রতিপালিত হইলাম, সাধুর অজস্র বাঞ্ছিত পালন পোষণ চিত্তবৃত্তের দ্বারা সংবর্দ্ধিত হইলাম, যিনি নিরাশ্রয় আমার দুঃখে ব্যথিত হইয়া আমার মঙ্গলের জন্য কত না কত ভাবেই কৃষ্ণের নিকট আবেদন জানাইলেন, সাধুর গৃহে আশ্রয় পাইয়া তাঁহারই কৃপাশীর্বাদে বর্দ্ধিত হইয়া সেই মহোপকারীর উপকারের প্রত্যুপকারস্বরূপে আমি নিমকহারাম হইয়া—অকৃতজ্ঞ হইয়া সাধুর আচরিত ধর্ম্মকে বিধ্বস্ত করিবার ও তাঁহার সম আসনে বসিবার দুর্দ্দমনীয় লোভ পোষণের জন্য তাঁহার দোষ দর্শন করিয়া সাধুর হইতে খারিজ করিবার জন্য উঠিয়া পড়িয়া লাগিয়া আমার জঘন্য চিত্তবৃত্তির পরিচয় দিতেছি।

"শ্রদ্ধা শব্দে বিশ্বাস কহে সুদৃঢ় নিশ্চয়।
কৃষ্ণে ভক্তি কৈলে সর্ব্বকর্ম্ম কৃত হয়॥"

এই শ্রদ্ধা-শব্দের মূল তাৎপর্য্য না জানিয়া—এতদিন কত লম্ফ-ঝম্প করিয়া আজ আমার পতন হইয়া গেল। গুরুবৈষ্ণবকে পিছনে রাখিয়াছি বলিয়াই মায়ার কবলে কবলিত হইলাম।

শ্রীগুরুমুখপদ্মবাক্য চিত্তেতে করিয়া ঐক্য
আর না করিহ মনে আশা।
শ্রীগুরুচরণে রতি সেই সে উত্তমা গতি
যে প্রসাদে পুরে সর্ব্ব আশা॥
সকল বুঝিয়া আসিয়াছি আমি
তোমার চরণে নাথ
আমি নিত্যদাস তুমি পালয়িতা
তুমি গোপ্তা জগন্নাথ॥
সংসারসাগর হৈতে উদ্ধারহ মোরে।
এই আমি দেহ সমর্পিলাম তোমারে॥
তুমি ত' আমার আমি ত' তোমার
কি কাজ অপর ধনে।

এই বিচারগুলি শুনিয়াও, বহুবার আবৃত্তি করিয়াও হৃদয়েতে কপটতা থাকায় গুরুবৈষ্ণবে শ্রদ্ধা ও আনুগত্যের অভাবে ঐ বাণীতে প্রতিষ্ঠিত হইবার সুযোগ হইল না। প্রাণহীন হওয়ায় তোতাপাখীর ন্যায় ঐ বুলি আওড়ান'র মূল্য কিছুই রহিল না। ফাঁকা আওয়াজ বাতাসে মিলাইয়া গেল। তাই আজ দুর্দ্দশার সীমা নাই।

'আপন আপন স্থানে, পীরিতি সবাই টানে' বিচারের ন্যায় আমার মনের মাধব, আমার তোষামোদকারী, আমার ইন্দ্রিয়-তর্পণের সহায়ক গুরুবৈষ্ণববিদ্বেষী ব্যক্তির সঙ্গ করিয়া আমার আজ এরূপ দুরবস্থা লাভ হইল। মায়া যে কতভাবে আমাকে বঞ্চনা করিতেছে, তাহা বলার ভাষা নাই। ইংরাজীতে একটা কথা আছে—One sheep follows another. সেইরূপ আমি গোলামের সঙ্গ করিয়া গোলাম হইলাম, গৃহব্রতগণকে বহুমানন করিলাম এবং তাহাদের চিত্তবৃত্তির অনুকরণ করিয়া বসিলাম। কৃষ্ণ-গৃহের গৃহস্থ হইবার ও পরমপাবন গোস্বামিগণের সুদুর্ল্লভ সঙ্গ পাইবার আশা হইতে চিরতরে বঞ্চিত হইলাম। এমনই আমার মন্দমতি!

এমন দিন আমার কবে হইবে, যেদিন আমি মহাজনের অনুগমনে কাঁদিয়া কাঁদিয়া বলিতে পারিব যে, যদি জগতের সমস্ত লোক নিরঙ্কুশভাবে বাস্তবসত্যের বিরুদ্ধে দাঁড়ায়, তথাপি আমি আমার শ্রীগুরুপাদপদ্মের কোটী-প্রদুর্শিত ছায়ায় দাঁড়াইয়া ঐরূপ বহির্ম্মুখ গুরুবিরোধীদের সমস্ত বিচার ও যুক্তি অসার ও ভ্রান্ত বলিয়া তীব্রভাবে খণ্ডন করিয়া দিব। আকাশ-পাতাল আলোড়ন হইলেও কদাপি আমি শ্রীগুরুপাদপদ্ম হইতে বিচলিত হইব না। কবে আমি উচ্চকণ্ঠে বলিতে পারিব যে, আমার গুরুপাদপদ্মের আদেশ পালন করিতে যদি আমাকে পশু হ'তে হয়, নরকে যেতে হয়, তাহা হইলেও অনন্তকালের তরে Contract করে আমি নরকে যেতে প্রস্তুত আছি। বৈষ্ণব সাধুর আজ্ঞা পালন ছাড়া আমি জগতের হিংসাপরায়ণ কোন ব্যক্তির খেয়ালের কথা শুন্‌বো না। অসতর্ক ধর্ম্মধ্বজিগণের অপ্রমত্ত মস্তিষ্ক-প্রসূত যত সমস্ত ভক্তিবিরোধিনী মতকে আমি আমার অভীষ্টদেবের কৃপাশীর্বাদে মুষ্ট্যাঘাতে নিষ্প্রভ করবো। হায়! হায়! কবে আমি এইরূপ চিন্তনে বলীয়ান্ হ'য়ে শ্রীগুরুনিত্যানন্দের সেবায় অনুপ্রাণিত হ'ব! জড়বিলাস পরিত্যাগ ক'রে কবে চিদ্বিলাসী শ্রীগুরুপাদপদ্মের অপ্রাকৃত সেবাসৌন্দর্য্য দর্শনের সৌভাগ্য পাইব। কবে আমার সেই শুভক্ষণ আসিবে—যেদিন বলিতে পারিব—

সর্ব্বস্ব তোমার চরণে সঁপিয়া
পড়েছি তোমার ঘরে।
তুমি ত' ঠাকুর তোমার কুকুর
বলিয়া জানহ মোরে॥

শ্রীগুরুপাদপদ্মই অবঞ্চক, অনর্পিত-চরবরদাবিতরণকারী ও জগতে কৃষ্ণপ্রেম-প্রদানকারী জানিয়া কি করিয়া দৃঢ়ভাবে তাঁহার চরণ আশ্রয় করিব, সেজন্য তাঁহার শ্রীচরণে অহৈতুকী কৃপা ভিক্ষা করিতেছি। কি করিয়া আজ হইতে আমি ভজন-চতুর হইতে পারি, কি করিয়া কে আমার ভজন-পথের অকৃত্রিম বন্ধু ও কে আমার ভজনের অন্তরায় চিনিতে পারি, কৃষ্ণের সংসারে সংসারী—প্রকৃত মঠবাসী বলিয়া পরিচয় দিতে পারি ও অনিত্য অনাচারীর সংসার হইতে পৃথক্ থাকিতে পারি, সেজন্য নির্ব্বালীক হইয়া আজ মহাজন-বাণীর অনুকীর্ত্তনে শ্রীগুরুপাদপদ্মে শরণাগত হইতেছি। তিনি কৃপাপূর্ব্বক এ দীনহীন কাঙ্গালকে অভয়চরণে আশ্রয় প্রদান করুন। যেন শ্রীগুরুদেবের পদরেণুর আস্বাদনায় বঞ্চিত না হই, ইহাই এ অধমের সকাতর নিবেদন।

বৈষ্ণব-চরিত্র সর্ব্বদা পবিত্র
যেই নিন্দে হিংসা করি।
বিনোদ-সেবক না সম্ভাষে তারে
থাকে সদা মৌন ধরি॥

প্রচার-প্রসঙ্গ

ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিরক্ষক শ্রীধর মহারাজ ও মহোপদেশক শ্রীপাদ ভক্তি-সারঙ্গ গোস্বামী প্রভু কতিপয় মঠসেবকের সহিত খুলনায় শ্রীপাদ অনন্ত বাসাধিকারী প্রভুর আগ্রহাতিশয্যে সেই অঞ্চলে হরিকথা প্রচার করিয়াছেন।

শ্রীশ্রীবিশ্ববৈষ্ণব রাজসভার অন্যতম প্রচারক উপদেশক পণ্ডিত শ্রীপাদ ভক্তিসৌরভ ভক্তিশাস্ত্রী মহোদয় শিলচর নর্ম্মাল স্কুলহলে গত ২রা, ৩রা ও ৬ঠা এপ্রিল যথাক্রমে "শ্রীচৈতন্যদেবের দান", "সাম্প্রদায়িকতা ও সমন্বয়বাদ" এবং "বিশ্ব ও ব্রহ্ম" সম্বন্ধে বক্তৃতা প্রদান করিয়াছেন। স্থানীয় গণ্যমান্য সজ্জনগণ ও শিক্ষিত সম্প্রদায় শ্রীপাদ ভক্তিসৌরভ প্রভুর বক্তৃতা-শ্রবণে বিশেষ আকৃষ্ট হইয়াছেন।

— —

২রা এপ্রিল রবিবার প্রাতে ত্রিদণ্ডি-স্বামী শ্রীমদ্ ভক্তিবিজ্ঞান আশ্রম মহারাজ রাধাচরণ গোস্বামী কক্ষিরায় প্রমুখ ভক্তগণের সহিত নগরসংকীর্ত্তনমুখে নীলকামারীতে গমন করেন। স্বামীজী ও স্থানীয় ভক্তগণের প্রচেষ্টায় পরমারাধ্যতম শ্রীশ্রীল প্রভুপাদ ও তদভিন্নবিগ্রহ শ্রীশ্রীল আচার্য্যদেবের অসমোর্দ্ধ মহিমার কথা উত্তমরূপে বিশেষভাবে বিঘোষিত হইতেছে।

শ্রীমাধবগৌড়ীয়মঠের সাপ্তাহিক অধিবেশন

ঢাকা শ্রীমাধবগৌড়ীয়মঠের সাপ্তাহিক অধিবেশনে 'গৌড়ীয়'-সম্পাদক মহামহোপদেশক শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, মহোদয় ২রা এপ্রিল রবিবার 'সাধক-জীবনের কর্ত্তব্য' সম্বন্ধে একটী বক্তৃতা প্রদান করেন। সভায় স্থানীয় বহু শিক্ষিত ও সম্ভ্রান্ত ব্যক্তি উপস্থিত ছিলেন। সভার আদি ও অন্তে মহাজনপদাবলী কীর্ত্তন হয়।

শুদ্ধভক্তি-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠ-শ্রীধাম

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীচন্দ্রশেখর-ভবনে শ্রীচৈতন্যমঠ-পরবিদ্যা-পীঠ, শ্রীশ্রীরাধাকৃষ্ণ-শ্রীগৌর-গোপাল আচার্য চতুষ্টয় বিগ্রহ আছেন। সুপ্রাচীন গ্রন্থ প্রাচিন-পুস্তক-সংগ্রহ-শালা আছে।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৫

কলিকাতায় শ্রীভক্তিবিনোদ-আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, সঙ্কীর্ত্তন, প্রত্যহচতুষ্টয় সেবার শ্রীমদ্ভাগবতাদি ভক্তগ্রন্থের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও ত্রৈমাসিক পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়।

(৩) যোগপীঠ-মায়াপুর-পীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব ভূমি মহাযোগপীঠ।

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং টোল বর্ত্তমান।

(৬) মুরারিগুপ্তের পাট

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৭) কাজি-সমাধি-পাট

প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)

ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি।

(৮) অন্তর্দ্বীপকুঞ্জাবলীসমাধাস্থ

শ্রীধাম মায়াপুর

(৯) স্বানন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)

এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)

গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ চাঁপাহাটি (বর্দ্ধমান)

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মাউগাছি, পোঃ জান্নগর, (বর্দ্ধমান)

শ্রীব্যাসাবতার ঠাকুর বৃন্দাবনের স্থান

(১৩) ঋতুদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(১৪) জহ্নুদ্বীপ গৌড়ীয়মঠাশ্রম

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ

গোদ্রুমপুর, নদীয়া

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ

মাজিদায় (শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী) পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৭) কুলিয়াদ্বীপ

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ চাঁদপাড়া, (নদীয়া)

(২০) সদাশিব-পণ্ডিতের পাট

কাঁঠালপুলি, পোঃ চাকদহ (নদীয়া)

(২১) রাণাঘাট-গৌড়ীয়মঠাশ্রম

(২২) পুরী গৌড়ীয়মঠ

চব্বিশ পরগণা

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ

বাঁধা পোঃ ওয়ারি, ঢাকা।

পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র।

(২৪) গোপালজীউমঠ

কমলাপুর, পোঃ ঢাকা

(২৫) নিতাই-গৌরাঙ্গ মঠ

পোঃ বালিয়াটি, (ঢাকা)

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

বড়বাজার, পোঃ ময়মনসিংহ

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চক্চকা, কামরূপ (আসাম।

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

৩নং পাথাং বিজং, দার্জ্জিলিং

(৩০) মারধরু-গৌড়ীয়মঠ

পোঃ চরিয়ার, জেঃ নারায়ণপুর, ইউ, পি

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

মিঠাপুর পাটনা।

(৩২) গয়া গৌড়ীয়মঠ

মদনা রোড, গয়া

(৩৩) সনাতন গৌড়ীয় মঠ

৮।১৭ বড় গন্ধীগঙ্গ, বেনারস সিটি

(৩৪) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

(৩৫) প্রদ্যুম্ন মঠ,

পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠাশ্রম

বিশ্রামঘাট, পোঃ মথুরা

(৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ

কিশোরপুর, বৃন্দাবন

(৩৯) বলভদ্র-শ্যামকুণ্ড

পোঃ রাধাকুণ্ড। মথুরা

(৪০) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪১) রাধাকুণ্ড গোবর্দ্ধন

(৪২) শ্রীগোবর্দ্ধনমঠাশ্রম

গোবর্দ্ধন, মথুরা

(৪৩) নন্দগ্রাম বিহারী মঠ

বর্ষা, মথুরা।

(৪৪) নন্দগ্রাম গৌড়ীয়মঠাশ্রম

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৫) বর্ষাণা গৌড়ীয়মঠাশ্রম

পোঃ বর্ষাণা, মথুরা

(৪৬) গোষ্ঠবিহারী মঠ—সেবাধী.

পোঃ কোটোবা, জেলা গুজরাট (পাঞ্জাব)

(৪৭) ধ্যানগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

(৪৮) দিল্লী গৌড়ীয় মঠ

৪৫নং কুতুব রোড, নিউ দিল্লী,

(৪৯) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়া ট্যাঙ্ক রোড, ক্যাম্বাগাম বম্বে ২০৭

(৫০) মাদ্রাজ-গৌড়ীয়মঠ

পোঃ রায়পেট্টা, মাদ্রাজ

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গরাধাপার্থসারথিজীউর সেবা

(৫১) কাব্যারণ্য-গৌড়ীয়মঠ

পোঃ কভুর, কভুর গোদাবরী (মাদ্রাজ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকা-গিরিধারীর সেবা

(৫২) রমণগৌড়ীয়মঠ

আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)

(৫৩) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা

(৫৪) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৫) গোলকুটী

(৫৬) ক্ষিপ্তি-গৌড়ীয়মঠ

পোঃ কপিলেশ্বর, পুরী

(৫৭) সচ্চিদানন্দ মঠ

গাছরাজি, পোঃ কটক (উড়িষ্যা)

(৫৮) কাজেশ্বর গৌড়ীয়মঠপীঠ

(৫৯) শ্রীব্রহ্মনাদগৌড়ীয়-প্রবণ-মঠ

পোঃ বহরমপুর, গঞ্জাম

(৬০) ভাগবতজনানন্দ মঠ

চিদম্বিয়া, পোঃ নারায়ণপুর, মেদিনীপুর

(৬১) জাজপুর গৌড়ীয়মঠ

পোঃ জাজপুর, মেদিনীপুর

(৬২) আমলাজোড়া প্রপন্নাশ্রম মঠ

পোঃ পানাগড় (বর্দ্ধমান)

(৬৩) চৈতন্যগৌড়ীয়মঠ

ঢুঢুকা, পোঃ চকদহ, (মানভূম)

(৬৪) রেঙ্গুন গৌড়ীয়মঠ

৩০১ নং লিউইস্ ষ্ট্রীট, রেঙ্গুন।

(৬৫) লণ্ডন-গৌড়ীয়মঠ

ফ্ল্যাট নং ২

৫১, ক্রাউনরোড

ফ্লাপহাম, লণ্ডন, এ ৫

(৬৬) গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

১৪।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,

কলিকাতা

(৬৭) গৌড়ীয়মঠ অফিস

ফিল্ডেট রোড, লক্ষ্ণৌ (ইউ-পি)

(৬৮) শ্রীবিদ্যানিধি গৌড়ীয়মঠাসন

সদরকালন, চট্টগ্রাম

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীমহানন্দ ব্রহ্মচারী ভক্ত্যালোক, ভক্তিশাস্ত্রী কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও দ্বিতীয় বার	পরবর্ত্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও দ্বিতীয় বার	পরবর্ত্তী দিনের
প্রতিবারে প্রতি লাইনে	।০	৶০	।৶০	
" " ইঞ্চি	২৲		১।০	১৲
সিকিকলম	৩৲	৪০		
অর্দ্ধকলম	৮৲		৬৲	
এক কলম	১৫৲	১০৲	১০৲	

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিবারে প্রতি ইঞ্চি	৬	১।০
" সিকি কলম	১৫৲	১২৲
" অর্দ্ধকলম	২৫৲	১৮
" এক কলম	৩৫৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুল সহ)		৯৲
ষান্মাসিক	"	৫৲
ত্রৈমাসিক	"	২॥০
মাসিক	"	১৲

প্রতি সংখ্যা /৫ ; বিশেষ সংখ্যার ভিন্ন দর

প্রভুপাদের প্রবন্ধাবলী

শ্রীল প্রভুপাদের চতুঃষষ্টিতমবর্ষপূর্ত্ত্যাবির্ভাব-তিথিতে শ্রীল আচার্য্যদেবের অভীষ্ট প্রচারে "শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী" প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। উহাতে পূর্ব্বার্দ্ধ ও উত্তরার্দ্ধ দুইটি বিভাগ আছে। পূর্ব্বার্দ্ধে শ্রীল প্রভুপাদের আদ্য-প্রবন্ধাবলী শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের সম্পাদিত 'সজ্জনতোষণী,' শ্রীল প্রভুপাদের 'নিবেদন' সাপ্তাহিক পত্র প্রভৃতি হইতে কথাসার ও প্রয়োজনীয় অংশের টীকা-সহ প্রকাশিত হইয়াছে। উত্তরার্দ্ধে শ্রীল প্রভুপাদের সম্পাদিত 'সজ্জনতোষণী'র কতিপয় প্রবন্ধ কথাসার প্রভৃতি সহ মুদ্রিত হইয়াছে। প্রবন্ধগুলি রচনাকালের ক্রমানুসারে গ্রথিত হইয়াছে; এতদ্ব্যতীত শ্রীল আচার্য্যদেবের একটি মূল্যবান্ উপোদ্ঘাত ও সঙ্কলনকারীর একটি বিস্তৃত ভূমিকা, শব্দ সূচী, [illegible]-শ্লোক ও পত্রাঙ্ক-সূচী প্রভৃতি গ্রন্থে সংযোজিত হইয়াছে। গ্রন্থটি উৎকৃষ্ট কাগজে পারিপাট্যের সহিত মুদ্রিত ও শ্রীল প্রভুপাদের আলেখ্যাদিদ্বারা ভূষিত ও সুন্দর বাঁধাই হইয়া প্রকাশিত হইয়াছে। প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, জিলা নদীয়া; শ্রীগৌড়ীয় মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ও শ্রীমাধ্বগৌড়ীয়মঠ, বাংলা, পোঃ [illegible], ঢাকা।

প্রভুপাদের পদ্যপ্রসূন মালা

এই গ্রন্থে ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের রচিত পদ্যাবলী শ্রীল আচার্য্যদেবের বিরচিত "সৌরভ" নামক ভাষ্যের সহিত প্রকাশিত হইয়াছে। শ্রীল প্রভুপাদের অনেক অপ্রকাশিত পদ্য ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ।০ চারি আনা।

শ্রীধাম-মায়াপুরে

ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট

উচ্চ ইংরেজী বিদ্যালয়

[illegible]—গঙ্গার সন্নিকটে, বিদ্যালয় ও বোর্ডিং এর পবিত্র [illegible]। [illegible] ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য [illegible] বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। আহার ও বেতনাদির প্রতি মাসে মাত্র ৬৲ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন্ পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। বর্ত্তমান বর্ষে ১৬ জন বালকের মধ্যে ১৫ জন ভালভাবে উত্তীর্ণ হইয়াছে।

মেধাবী ছাত্রগণের আরও সুবিধা

পরীক্ষায় যাহারা শতে শতকরা ৭৫ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ মেধাবী ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক-সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবনচরিত, সিদ্ধান্ত ও শিক্ষা [illegible] আলোচিত হইয়াছে। এই এক অপূর্ব্ব [illegible] গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

শ্রীচৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত্র [illegible] সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ [illegible] তীর্থ মহারাজ লিখিত ইহার ভিক্ষা মাত্র ৪৲ টাকা। প্রাপ্তিস্থান [illegible] শ্রীযোগপীঠ, [illegible], পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

সরস্বতী-সংলাপ

প্রথম খণ্ড

শ্রীশ্রীব্রহ্মমাধ্ব গৌড়ীয়সম্প্রদায়ৈকসংরক্ষক জগদ্‌গুরু [illegible] ১০৮শ্রী শ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ [illegible] সম্বন্ধে [illegible] কীর্ত্তন করিয়াছেন, যাহা তাঁহার প্রকটকালেই 'গৌড়ীয়' সম্পাদক [illegible] বিদ্যাবিনোদ বি-এ মহোদয় [illegible] 'গৌড়ীয়'তে প্রকাশিত হইয়াছে, তাহা "শ্রীশ্রীসরস্বতী-সংলাপ" [illegible] শ্রীল প্রভুপাদের 'বক্তৃতাবলী' ও 'পত্রাবলী' আকারে [illegible] হইতেছেন। বর্ত্তমানে শ্রীল প্রভুপাদের পঞ্চসপ্ততিতম 'বর্ষ'-[illegible]-বাসরে [illegible] প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছেন। [illegible] উত্তর [illegible] ইহাতে পাওয়া যাইবে। ভক্তগণের পাঠসাধারণের [illegible] প্রয়োজন।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপদেশক পাঞ্জাব আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল এম-এ, ডক্টর মহাশয় সম্প্রদায়-বৈষ্ণবাচার্য্য এবং এ মহোদয়ের শ্রৌতপন্থা এবং গবেষণার অমৃত ফল আস্বাদন করিবা একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত্র পাঠে হয় হইন। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিভিন্ন চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রাসঙ্গ দর্শনের সহিত তুলনা-মূলে শ্রীমন্মহাপ্রভু প্রচারিত সিদ্ধান্তের সম্যক আলোচনা; প্রথম খণ্ড তৎপর অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকারের ভূমিকাদ্বয় (Prefaces), বিষয়-তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত শব্দ ও সূচীপত্র (Index Glossary) সহ প্রথম খণ্ড প্রকাশিত। ভিক্ষা—১২৲ বার টাকা। প্রাপ্তিস্থান—মান্দ্রাজ গৌড়ীয়মঠ, আমাদের মান্দ্রাজ, শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

'ঠাকুর ভক্তিবিনোদ'

——::(০):——

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি-প্রচারের মূল মহাজন সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অভিনব জীবনচরিত এতাবৎকাল পর্য্যন্ত গ্রন্থাকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয়মঠাচার্য্যবরের শুভেচ্ছায় সর্ব্ববিদ্যাসাহিত্যক সু-লেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীযুৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু মূল্যবান শিক্ষাবলীও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১২৫ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৷৷০ আনা; ডাক মাশুল স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান—ম্যানেজার গ্রন্থবিভাগ

শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

-:(০):——

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিভিন্ন ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। অধিকন্তু পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু গ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১।১নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়াভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

ই. বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	৫-৩৬	৬-০৬	৭-২৬	১২-২৬	১৪-৫৬	১৬-৫৬	১৭-৫৬	২২-২৬
রাণাঘাট পৌঃ			৮-৫০	১৪-১৫				
(বদল) ছাঃ			৯-৩৯	১৪-৫০				
কৃষ্ণনগর পৌঃ	৭-১	৮-৪৫	১০-৮	১৫-২৩	১৭-২৮	১৯-১১	২০-১৬	১-১৪
(বদল) ছাঃ	৭-১২		১০-৩১		১৭-৩৮		২০-২৬	
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫১		১১-১০		১৮-১৬		২০-৫৬	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
রাণাঘাট পৌঃ	১২-৫৫
ছাঃ	১৩-০
শান্তিপুর পৌঃ	১৩-২৬
(বদল) ছাঃ	১৩-৩১ (ন্যারো গেজে)
কৃষ্ণনগর পৌঃ	১৪-২
ছাঃ	১৪-২০
নবদ্বীপঘাট পৌঃ	১৫-০

ডাউন

নবদ্বীপঘাট ছাঃ		৫ ৪৫		৯ ২৫		১৩-৩১	১৬-০	১৮-৩১	
কৃষ্ণনগর পৌঃ		৬ ২৩	৯-১৬	১০-৩	১১-৪১	১৪-১০	১৬-৩৮	১৯-১১	
ছাঃ	৫-২৬	৭-১৮		১০-১১			১৬ ৫৬	১৯-২৫	
রাণাঘাট পৌঃ				১০-৫৬			১৭-৩১		
(বদল) ছাঃ				১১ ০			১৭-৪০		
কলিকাতা পৌঃ	৬-১৬	৯-২১	১২-১	১২-১৬	১৪-১৬		১৯-১১	২১-৪১	২৩-২৬

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৩-৩১	১৬-০	
কৃষ্ণনগর পৌঃ	১৪-১০	১৬-৩৮	
ছাঃ	১৫-২৮	১৭-১৫	
শান্তিপুর পৌঃ	১৬-৯	১৭-৫৬	
(বদল) ছাঃ	১৬-৩০	১৮-১ (শনিবার ভিন্ন)	১৮-৮ (শনিবার)
রাণাঘাট পৌঃ	১৭-১০	১৮-২৭	১৮-৩৩
(বদল) ছাঃ	১৭-৪০	১৮-৪০	১৮-৪০
কলিকাতা পৌঃ	১৯-১১	২০-৬	২০-৬

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

[illegible]

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাটতি অত্যন্ত অধিক। লিভার প্লীহা সংযুক্ত কালাজ্বর এবং নূতন ও পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। মূল্য ছোট বোতল ৷৷৵০ দশ আনা, বড় বোতল ১৷৵০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা

অথবা

লাল বোয়ালা, ২৪ পরগণা।

পোঃ— শ্রীমায়াপুর
টেলিগ্রাম—"শ্রীধাম
শ্রীমায়াপুর

REGD NO C 1544

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৪শ খণ্ড | শ্রীমায়াপুর—৩০শে চৈত্র, ১৩৪৫ ১৩ই এপ্রিল, ১৯৩৯ বৃহস্পতিবার | ৬৮শ সংখ্যা

বিবিধ সংবাদ

—::○::—

মুর্শিদাবাদ জেলায় কৃষকদের দুরবস্থা

গত বৎসর মুর্শিদাবাদ জেলায় প্রবল বন্যার ফলে কান্দীর ও বাগড়ী অঞ্চলে এবং ভাগীরথী নদীর উভয় পার্শ্বে ভিন্ন স্থানে [illegible] ফসল না হওয়ায় কৃষকগণ চরম দুরবস্থায় উপনীত হইয়াছে। রবিশস্য যাহা বপন করিয়াছিল তাহা মোটেই আশাপ্রদ নহে। অর্থাভাবে অনেকে পাটের ও ধানের বীজ ক্রয় করিতে না পারিয়া কৃষিকার্য্য আরম্ভ করিতে পারে নাই। কেহ বা জেলা বোর্ড পরিচালিত টেষ্ট রিলিফ কার্য্যে কাজ করিয়া কোন প্রকারে দিনাতিপাত করিতেছে। কেহ কেহ স্ত্রী পুত্র পরিত্যাগ করিয়া অন্নান্বেষণে বিদেশে চলিয়া গিয়াছে। অভাবের তাড়নায় তাহারা তৈজস-পত্রাদি সমস্ত বিক্রয় করিয়া সর্ব্বস্বান্ত হইয়া পড়িয়াছে।

———

আলবানিয়ায় ইতালীর অধিকার কায়েম করার ব্যবস্থা

পররাষ্ট্র-সচিব কাউণ্ট সিয়ানো টিরানা হইতে বিমানযোগে রোমে প্রত্যাবর্ত্তন করেন এবং কালবিলম্ব না করিয়া প্যালাজো চিগিতে গিয়া সিনর মুসোলিনীর সহিত সাক্ষাৎ করেন। টিরানা হইতে প্রকাশিত একটি ইস্তাহারে বলা হইয়াছে, ইতালীয়ান সৈন্যেরা দক্ষিণ আলবেনিয়ার আর্গিরো কাষ্ট্রো নামক স্থান দখল করিয়াছে। অপর একটি ইস্তাহারে বলা হইয়াছে যে, "কতিপয় আলবেনিয়ান রাজপুরুষ ও প্রধান ব্যক্তিদিগকে" লইয়া গঠিত আলবেনীয় শাসন-সংস্থা কমিটি সাময়িকভাবে আলবেনিয়ার শাসনভার গ্রহণ করিয়াছেন। ইস্তাম্বুলের সংবাদে প্রকাশ যে, জার্ম্মানীর প্রচার-সচিব ডাঃ গোয়েবলস বুধবার ইস্তাম্বুলে পৌঁছিবেন এবং বিমানযোগে জার্ম্মানী যাত্রার পূর্ব্বে তিনি আঙ্কারায়ও যাইতে পারেন এরূপ সম্ভাবনা রহিয়াছে।

বৃহত্তর জার্ম্মানীর অধিবাসী

হের হিটলার এক বিরাট 'গাইডবুক' প্রণয়নে আদেশ দিয়াছেন; এই গ্রন্থে বৃহত্তর জার্ম্মানীর প্রত্যেকটি নর-নারী ও শিশুর পূর্ণ ব্যক্তিগত বিবরণ তো থাকিবেই, উপরন্তু সমস্ত দোকান, কারখানা, হোটেল-কফি ও ব্যবসা প্রতিষ্ঠানের পরিচয় থাকিবে।

উহার প্রাথমিক ব্যবস্থা হিসাবে আগামী ১৭ই মে সমগ্র দেশব্যাপী সেন্সাস লওয়া হইবে। প্রত্যেক লোকের পরিবার ও কাজকর্ম্ম সম্বন্ধে যাহা জানিতে চাওয়া হইবে তাহা বলিতে হইবে। সাড়ে সাত লক্ষ বেতন হীন এজেন্ট 'কম্পটোমিটার' বাছাই করিয়া ভাগ করিবে এবং সূচক তৈয়ারী করিবে।

এই সেন্সাস হইতেই প্রথমে বোঝা যাইবে, কাহারা খাঁটি ইহুদী, আধা ইহুদী, চারভাগ ইহুদী, আটভাগ ইহুদী ও ষোলভাগ ইহুদী আছে।

কৃষকগণকে দেখাইতে হইবে, কত মজুর তাহারা খাটায়, কত জমি আবাদ করে এবং কত গরু, ঘোড়া ও অন্য পশু তাহাদের আছে।

———

১৯জনের যাবজ্জীবন দীপান্তর

৬ই এপ্রিল মেদকের অতিরিক্ত দায়রা জজের আদালতে নিজামাবাদ জেলার গোদা মারদন গ্রামের মালী প্যাটেল নরসিমহার হত্যাকাণ্ড সম্পর্কিত মামলার বিচার শেষ হইয়া গিয়াছে। জজ দাঙ্গাহাঙ্গামা এবং হত্যাকাণ্ডের অভিযোগে অভিযুক্ত ১৯ জন আসামীকেই দণ্ডিত করিয়াছেন।

আদালতে প্রকাশ, জমি-জায়গা ও গবাদি পশু লইয়া দুই পক্ষে বহুদিন যাবৎ বিবাদ বিসম্বাদ চলিতেছিল। এই দুই পক্ষের মধ্যে এক পক্ষে ছিল আসামীগণ এবং অপর পক্ষে মৃত প্যাটেল। প্রকাশ, গত ৭ই আগষ্ট তারিখে আসামীগণ নরসিমহাকে পথিমধ্যে আক্রমণপূর্ব্বক এমন সাংঘাতিকভাবে লাঠি পেটা করে যে, তাহার ফলেই তাহার মৃত্যু ঘটে।

দায়রা জজ আসামীদের সকলকেই দোষী সাব্যস্ত করিয়া তাহাদের প্রত্যেকের প্রতি যাবজ্জীবন দীপান্তর দণ্ডের আদেশ দিয়াছেন।

———

জাপানের সহিত বাণিজ্য চুক্তি

শোনা যাইতেছে যে, ১৯৪০ সালের ৩১শে মার্চ্চ জাপানের সহিত ভারতের বাণিজ্য চুক্তির মেয়াদ উত্তীর্ণ হইবার পর উক্ত চুক্তি বহাল বা সংশোধন বা বাতিল করা হইবে, তৎসম্পর্কে ভারত গভর্ণমেণ্ট প্রাদেশিক গভর্ণমেণ্টগুলির অভিমত জানিতে চাহিয়া পত্র প্রেরণ করিয়াছেন।

স্বামী, স্ত্রী ও পুত্র জীবন্ত দগ্ধ

গত ২৬শে মার্চ্চ মান্দালয় জেলার অন্তর্গত ভবেহতো গ্রামে উচাইত নামক এক জমিদারের গৃহে কতকগুলি দুর্বৃত্ত প্রবেশ করিয়া উচাইত, তাঁহার স্ত্রী ও পুত্রকে ঘরের খুঁটির সঙ্গে বাঁধিয়া তাঁহার যাহা কিছু নগদ অর্থ তাঁহাদিগকে দিতে বলে। উচাইত-এর স্ত্রী তাঁহার সমস্ত অলঙ্কার তাহাদিগের হস্তে দিয়া স্বামীর ও পুত্রের প্রাণ ভিক্ষা করেন। কিন্তু দুর্বৃত্তগণ তাহাতে সন্তুষ্ট না হইয়া ঘরে আগুন লাগাইয়া দিয়া নগদ অলঙ্কারাদিসহ প্রস্থান করে। উচাইত তাঁহার স্ত্রী ও পুত্রসহ জীবন্ত দগ্ধ হইয়াছেন।

———

কাশীতে আবার অশান্তি

৯ই এপ্রিল অপরাহ্নে দুই ব্যক্তি ছোরার আঘাতে আহত হওয়ায় হিন্দুগণের উপর ২৪ ঘণ্টার জন্য সান্ধ্য-শান্তি আইন জারী করা হইয়াছে। আগামী ১২ই এপ্রিল পর্য্যন্ত হিন্দুদের উপর এই সান্ধ্য-শান্তি আইন বলবৎ থাকিবে। মুসলমানগণ এই সান্ধ্যবিধি আইনের আমলে আসিবে না তবে মুসলমানদের উপর রাত্রি ৮ ঘটিকা হইতে সকাল ৬ ঘটিকা পর্য্যন্ত সান্ধ্যবিধি আইন প্রবর্ত্তিত আছে। ৫০ জন লোক সহঃ [illegible] বাহির করার অনুমতি পুলিশ মুসলমানদিগকে দেয়। কিন্তু মুসলমানগণ উক্ত [illegible] শান্তি বজায় [illegible] না। কেবলমাত্র হিন্দুদের উপরই সান্ধ্য-শান্তি আইন জারী করায় হিন্দুরা বিক্ষুব্ধ হইয়াছে। সাধক ও ছাত্রগণকে এই সান্ধ্যবিধি আইন হইতে রেহাই দেওয়া হইয়াছে।

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল সরস্বতী ঠাকুরের পরিব্রাজকাচার্য্য গোস্বামী মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক। প্রতি একাদশীতে প্রকাশিত হয়। কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। সডাক ভিক্ষা ৪৸০ টাকা মাত্র

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৸০ টাকা মাত্র।

৩। ভাগবত—[illegible] একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৸০ টাকা মাত্র

৫। শ্রীগৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৸০ মাত্র।

পরমগুরু শ্রীগৌরকিশোর

গৌড়ীয়-সম্পাদক-লিখিত, শ্রীগৌড়ীয়মঠাচার্য্যের ভূমিকা-সম্বলিত, বহু চিত্র শোভিত এই গ্রন্থ সম্বলিত "পরমগুরু শ্রীগৌরকিশোর" গ্রন্থাকারে প্রকাশিত হইয়াছেন। এ গ্রন্থখানিতে শুদ্ধগৌড়ীয়বৈষ্ণবগণের পরমারাধ্য, গৌড়ীয়গোষ্ঠীপতি অপ্রাকৃত বৈরাগ্যমূর্ত্তিবিগ্রহ নিত্যলীলাপ্রবিষ্ট পরমহংস ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল গৌরকিশোরদাস গোস্বামী প্রভুবরের আলেখ্য চরিতকথা বর্ণিত আছে।

শ্রীশ্রীভক্তিবিনোদাবির্ভাব-শতবার্ষিকী-তিথিপূজার উপায়ন-গ্রন্থমালা

———:্:o:্:———

১। গীতিসাহিত্যে শ্রীভক্তিবিনোদ

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র গীতিসাহিত্যের সমালোচনা গ্রন্থ)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

২। শ্রীভক্তিবিনোদবাণীবৈভব

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের রচনামৃতসাগর হইতে আহৃত ১০৮টি অধ্যায়ে সম্বন্ধ-অভিধেয়-প্রয়োজনাকারে গ্রথিত অমূল্য উপদেশপূর্ণ গ্রন্থ)

ভিক্ষা—৩৲ তিন টাকা মাত্র।

৩। শ্রীশ্রীভক্তিবিনোদ-প্রসঙ্গ

ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ ও ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল গৌরকিশোর [illegible] এবং গৌড়ীয়ে প্রকাশিত শ্রীশ্রীভক্তিবিনোদ-চরিত-প্রসঙ্গ

ভিক্ষা—৷৶০ ছয় আনা মাত্র।

৪। ছাত্রদের ভক্তিবিনোদ

(ছাত্রদের উপযোগী ভাষায় লিখিত শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত ও শিক্ষা)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

ছাত্রদের পক্ষে ভিক্ষা—৷০ আট আনা মাত্র)

প্রাপ্তিস্থান:—

(১) 'ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট', পোঃ শ্রীমায়াপুর, নদীয়া;

২) শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা;

৩ শ্রীযুক্ত [illegible] এম-এ, বি-এল্,
পুরাণপল্টন পোঃ রমণা, ঢাকা।

[illegible]ক্তি-গ্রন্থমালা

বাগবাজারে প্রকাশিত

১।	শ্রীমদ্ভাগবত,—সম্পূর্ণ	
	প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত —	১৮৲
	দশম স্কন্ধ—	৯৲
২।	ভাগবত বিবৃতি শ্রীচৈতন্যভাগবত (অভিন্ন)	৯৲
৩।	অমৃতপ্রবাহ শ্রীচৈতন্যচরিতামৃত	৬
৪।	সরস্বতী জয়শ্রী (অধীনা)	
৫।	শ্রীল প্রভুপাদের পত্রাবলী	
	১ম খণ্ড ৸০; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—	
	৪র্থ খণ্ড ৸০	
৬।	শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী	
	১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—	
৭।	শ্রীচৈতন্যদেব	
৮।	সৎক্রিয়াসার দীপিকা ও সংস্কার দীপিকা	
৯।	বৈষ্ণবধর্ম্ম	৷
১০।	গৌড়ীয় কণ্ঠহার	৷
১১।	শ্রীচৈতন্য শিক্ষামৃত (বাঁধা)	
১২।	শ্রীমহাপ্রভুর শিক্ষা (বাঁধা)	
১৩।	হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ)	
১৪।	[illegible] (দ্বিতীয় সংস্করণ)	
১৫।	বৈষ্ণবসিদ্ধান্ত [illegible]	
১৬।	[illegible]	৷৹
১৭।	[illegible]	৷
১৮।	[illegible]	৷৹
১৯।	[illegible]	৷৹
২০।	গৌড়ীয় গৌরব	৷৶০
২১।	গৌড়ীয়[illegible]	৷৶
২২।	[illegible]	
২৩।	শ্রীচৈতন্যভাগবত ও শ্রীনবদ্বীপশতক (বাঁধা)	
২৪।	গীতা (শ্রীবলদেব টীকা সহ)	
২৫।	[illegible] অধীনা)	১৲
২৬।	গীতার [illegible]	
২৭।	[illegible]	১৲
২৮।	[illegible] (সানুবাদ)	৷০
২৯।	[illegible] (তৃতীয় সংস্করণ) (বাঁধা)	৸০
৩০।	শ্রীল [illegible]	৶০
৩১।	সাধনপথ (তৃতীয় সংস্করণ)	৶০
৩২।	গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা)	৷০
৩৩।	নবদ্বীপধাম গ্রন্থমালা	৷০
৩৪।	[illegible] (নবদ্বীপ পরিক্রমা)	৶০
৩৫।	[illegible]	
৩৬।	[illegible]	
৩৭।		
৩৮।	[illegible]	
৩৯।	[illegible]	
৪০।	[illegible]	/০
৪১।	গীতাবলী	
৪২।	শ্রীকৃষ্ণ[illegible]	
৪৩।	[illegible]	
৪৪।	[illegible]	/
৪৫।	নবদ্বীপশতক	
৪৬।	[illegible]	
৪৭।	সদাচারস্মৃতিঃ	
৪৮।	[illegible] (প্রথম সংস্করণ)	/১
৪৯।	[illegible]	
৫০।	বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম ও ২য় খণ্ড)	
৫১।	[illegible]	
৫২।	মণিমঞ্জরী (সানুবাদ)	
৫৩।	গৌরকৃষ্ণোদয়ঃ	
৫৪।	পুরুষার্থ নির্ণয়	
৫৫।	তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী	
৫৬।	[illegible]	
৫৭।	[illegible]	
৫৮।	[illegible]	
৫৯।	[illegible]	
৬০।	[illegible]	

[illegible] প্রকাশিত

৬১।	[illegible]	
৬২।	[illegible]	
৬৩।	[illegible]	
৬৪।	[illegible]	
৬৫।	[illegible]	
৬৬।	গৌড়ীয় [illegible]	
৬৭।	[illegible]	

[illegible] প্রকাশিত

৬৮।	রায় রামানন্দ	৷
৬৯।	[illegible]	৷
৭০।	[illegible]	
৭১।	বেদান্ত—[illegible]	৷
৭২।	[illegible]	৷৶
৭৩।	[illegible]	
৭৪।	[illegible]	
৭৫।	[illegible]	
৭৬।	[illegible]	
৭৭।	[illegible]	
৭৮।	[illegible]	
৭৯।	[illegible]	

[illegible] প্রকাশিত

৮০।	[illegible]	৷
৮১।	[illegible]	৷
৮২।	[illegible]	
৮৩।	[illegible]	
৮৪।	[illegible]	

[illegible] প্রকাশিত

৮৫।	[illegible]	
৮৬।	[illegible]	

প্রাপ্তিস্থান—[illegible], পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

দৈনিক নদীয়া-প্রকাশ

একমাত্র পারমার্থিক দৈনিক পত্র

শ্রীধাম-মায়াপুর-নদীয়া



১৪শ বর্ষ { ১ মধুসূদন ৪৫৩ গৌরাব্দ, ৩০শে চৈত্র বঙ্গাব্দ ১৩৪৫, ১৩ই এপ্রিল ইং ১৯৩৯, বৃহস্পতিবার } ৮৬শ সংখ্যা

সাময়িক প্রসঙ্গ

গৌড়ীয়বৈষ্ণবাচার্য্য পরমহংস শ্রীশ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী মহারাজ বর্ত্তমানে শ্রীচৈতন্যমঠে অবস্থান করিয়া নিরন্তর হরিকথা কীর্ত্তন করিতেছেন। অপ্রকটলীলাপ্রকাশের মধ্যেও শ্রীল আচার্য্যদেবের হরিকথা-কীর্ত্তনে বিরাম নাই। যখন যিনি তাঁহার শ্রীপাদপদ্ম-দর্শনাভিলাষী হইয়া তাঁহার নিকটে যান, তাঁহার নিকটই স্বতঃপ্রণোদিত হইয়া পরম মঙ্গলের কথা কীর্ত্তন করেন। গত ২৮শে চৈত্র মঙ্গলবার প্রাতে শ্রীপাদ শচীচরণ রায় ভক্তিবিজয় মহোদয়ের ও অপরাহ্নে শ্রীরাধারমণ ব্রহ্মচারীর কতিপয় প্রশ্নের উত্তরে শ্রীল আচার্য্যদেব বহুক্ষণ আত্মমঙ্গলের কথা কীর্ত্তন করেন। উপস্থিত বহু শ্রোতা শ্রীল আচার্য্যদেবের শ্রীমুখে সেই সমস্ত নিত্যমঙ্গলের কথা শুনিয়া বিশেষ লাভবান্ হইয়াছেন।

বোম্বেতে প্রচার

গত ৪ঠা এপ্রিল মঙ্গলবার দিবস ভিলা-পার্লানিবাসী পার্শী সজ্জন মিঃ জাহাঙ্গীর ভকীল এম্-এ (অক্সফোর্ড) মহোদয়ের সাদর আহ্বানে বোম্বে শ্রীগৌড়ীয়মঠের সেবকবৃন্দ রাত্রি ৮ঘটিকার সময় তাঁহার "ভিলাপার্লা" বাসভবনে উপস্থিত হন। সজ্জনাগ্রণী, ধর্ম্মপ্রাণ মিঃ রামদাস পীমজী মহোদয় তাঁহার নিজের মোটরে করিয়া মঠসেবকগণকে তথায় লইয়া যান।

ব্রহ্মচারীবৃন্দ তথায় উপস্থিত হইয়া প্রথমে শ্রীহরি গুরু-বৈষ্ণব-বন্দনা, তৎপরে যথাক্রমে দশাবতারস্তোত্র, পঞ্চতত্ত্ব, মহাজন-পদাবলী ও মহামন্ত্র কীর্ত্তন করেন। কীর্ত্তনান্তে শ্রোতৃবৃন্দের বিশেষ আগ্রহে শ্রীপাদ পতিতপাবন ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রীজী শ্রীগৌড়ীয়মঠের উদ্দেশ্য, প্রচার্য্য-বিষয় এবং প্রসঙ্গক্রমে "মনুষ্য জীবনের কর্ত্তব্য" সম্বন্ধে বহু কথা গুজরাটী ভাষায় আলোচনা করেন। সভায় বহু বিশিষ্ট, উচ্চশিক্ষিত গুজরাটী ও পার্শী ভদ্রমহোদয় ও মহিলাবৃন্দ উপস্থিত ছিলেন। মিঃ ভকীল মহোদয়ের হাইস্কুলের অনেক ছাত্র ছাত্রীও সভায় উপস্থিত ছিল। কীর্ত্তন ও হরিকথা-শ্রবণে সকলেই বিশেষ প্রীতিলাভ করেন। মিঃ ভকীল, মিঃ ত্রিবেদী বি-এ, মিঃ রামদাস পীমজী প্রভৃতি ভদ্রমহোদয়গণের ভগবদ্ভক্তির কথা শ্রবণে উৎসাহ সত্যসত্যই প্রশংসনীয়।

পুরীতে প্রচার

শ্রীচৈতন্যমঠের অন্যতম শাখা শ্রীপুরুষোত্তমমঠের সেবকবৃন্দ জগদ্গুরু ওঁ বিষ্ণুপাদ পরমহংস অষ্টোত্তর শতশ্রী শ্রীমদ্ অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী প্রভুপাদের পূর্ণানুমত্যে ও নির্দ্দেশানুসারে শ্রীমঠে প্রত্যহ প্রাতে ও সন্ধ্যায় শ্রীচৈতন্যচরিতামৃত, শ্রীচৈতন্যভাগবত ও শ্রীমদ্ভাগবত গ্রন্থ পাঠ ও ব্যাখ্যা করিতেছেন।

গত ১লা এপ্রিল শ্রীমঠের অন্যতম সেবক শ্রীপাদ কেশবানন্দ ব্রহ্মচারী প্রভু শ্রীচৈতন্যচরিতামৃত হইতে শ্রীসনাতন-শিক্ষা পাঠ ও ব্যাখ্যা করেন। ব্রহ্মচারীজী জীবের স্বরূপ কি, জীবের বদ্ধাবস্থার কারণ এবং কি করিলে জীব মায়ার বন্ধ হইতে মুক্তি লাভ করিয়া শ্রীভগবানের নিত্যসেবায় নিযুক্ত হইতে পারেন, এ বিষয়ে বিশদভাবে চিত্তাকর্ষিণী ভাষায় ব্যাখ্যা করেন। সভায় বহু ভদ্রলোক ও মহিলা উপস্থিত ছিলেন। সকলে পাঠ-কীর্ত্তন-শ্রবণে আনন্দ প্রকাশ করেন। পাঠের আদি ও অন্তে শ্রীপাদ রসিকলাল ব্রহ্মচারী প্রভু সুললিত কণ্ঠে মহাজন-পদাবলী কীর্ত্তন করেন।

গত ২রা এপ্রিল সন্ধ্যারাত্রিকের পর মহাজন-পদাবলী কীর্ত্তনান্তে শ্রীমঠ-সেবক শ্রীপাদ গৌরানুগ্রহ ব্রহ্মচারী ভক্তিবিজ্ঞান মহোদয় শ্রীমদ্ভাগবতের ১ম স্কন্ধের প্রথম অধ্যায় হইতে 'জন্মাদ্যস্য' শ্লোকটী বিশদভাবে ব্যাখ্যা করেন। ব্যাখ্যাকালে ব্রহ্মচারীজী বলেন, শ্রীগুরুপাদপদ্মে সম্পূর্ণভাবে শরণাপন্ন না হইলে জীব ভগবৎকথা-কীর্ত্তনে অধিকার পায় না। কীর্ত্তনকারী—শ্রীগুরুপাদপদ্ম। শ্রীগুরুপাদপদ্ম বা আচার্য্যের কৃপা লাভ হইলে তাঁহার ঐ বাণীর দোহার করিবার যোগ্যতা লাভ হইতে পারে। শ্রীগুরুপাদপদ্মে মর্ত্ত্যবুদ্ধিই নিরয়গামী হইবার সুপ্রশস্ত পথ। "আচার্য্যং মাং বিজানীয়াৎ" এই ভগবদুক্তী আমাদের হৃদয়ে সম্পূর্ণরূপে উপলব্ধ না হইলে কখনই ভগবৎকথা শ্রবণ-কীর্ত্তনের যোগ্যতা লাভ করিতে পারি না, আধ্যক্ষিকের মনগড়া বিচারে যদিও শিক্ষাগুরু ও দীক্ষাগুরুকে সমভাবে সেবা ও বন্দনা করিতে কুণ্ঠাবোধ করে; কিন্তু শ্রৌতপন্থী আমরা আম্নায়-পারম্পর্য্যের নিতান্ত আনুগত্য স্বীকার করি বলিয়া ঐপ্রকার মায়িক বিচারকে কখনও বহুমানন করি না। জগদ্গুরু শ্রীল আচার্য্যদেব আশীর্ব্বাদ করুন যেন নিত্যকাল তাঁহার ভক্তানুকূল্য-সূত্রে নিজের সত্তাকে সংরক্ষণ করিয়া শ্রীল প্রভুপাদের ও শ্রীগৌরাঙ্গ-পার্ষদবৃন্দের পাদপদ্মসেবায় নিযুক্ত হইতে পারি।

তৎপর তিনি "জন্মাদ্যস্য" শ্লোকটী গুজরাটী ভাষায় উপস্থিত সজ্জনমণ্ডলীর নিকট পাঠ ও ব্যাখ্যা করেন। পাঠ শ্রবণে সমাগত ভদ্রমহোদয় ও মহিলাবৃন্দ শ্রীগৌড়ীয়মঠের প্রতি বিশেষ আকৃষ্ট হন। পাঠের আদি ও অন্তে "গুরুদেব কৃপাবিন্দু দিয়া"—এই গীতিটী ও শ্রীমহামন্ত্র কীর্ত্তন করা হয়।

গত ৩রা এপ্রিল, সন্ধ্যারাত্রিকের পর শ্রীপাদ কেশবানন্দ ব্রহ্মচারীজী শ্রীচৈতন্যচরিতামৃত হইতে সার্ব্বভৌম-প্রসঙ্গ পাঠ ও ব্যাখ্যা করেন। ব্রহ্মচারীজী বলেন,—অচিন্ত্যশক্তিসম্পন্ন ভগবানকে তর্কদ্বারা কখনও জানা যায় না, পরমকরুণাময় শ্রীভগবদ্বিগ্রহকে মায়িক বিচারোত্থিত বিবিধ বাক্যজাল দ্বারা প্রকৃত বলিয়া নির্দ্দেশ করিলেও স্বয়ং ভগবান্ তিনি সাক্ষাৎ সার্ব্বভৌমভট্টাচার্য্যের হৃদয়ের অচিন্ত্যশক্তিকে সম্পূর্ণভাবে বিনাশ করিয়া স্বস্বরূপ কৃষ্ণ অতুল্য শক্তি প্রকাশ হইয়া তর্কজাল হইতে তাঁহাকে ছাড়িয়া আসিয়া সাক্ষাৎ ভক্তবাক্যের সত্যতা সংরক্ষণ করিয়াছিলেন।

"শ্রীভগবান্ আমাদের মঙ্গলের জন্য সকল বিধান করিয়া থাকেন—ইহা বিশ্বাস করি। নাস্তিকেরা কখনই জগতে প্রতিষ্ঠা লাভ করিতে পারে না। দিনকতক তাহারা লাফালাফি করিয়া পরিশেষে দৈবশাসনে ঠাণ্ডা হইয়া যায়। সমস্তই ঈশ্বরের ইচ্ছা।"

(শ্রীল প্রভুপাদ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

মধুসূদন আদি কারণোদশায়ী গৌরাব্দ ৪৫০

শ্রীশ্রীআচার্য্যবাণী

ভগবান্ যে অবস্থায় আমাদের রাখুন না কেন, তাহাই ভাল। আমি যেরূপ কর্ম্ম করিয়াছি, সেইরূপই ত' ফল পাইব। কর্ম্ম করিবার সময় আমি কুকর্ম্ম করিয়াও খাঁটি থাকিব, আর ফল দিবার সময়ও উপযুক্ত ফল দিলে ঈশ্বরই দোষী হইবেন—ইহা কিরূপ বিচার? যতক্ষণ দেহাত্মাভিমান আছে, ততক্ষণই আমাদের বাধা বা অসুবিধা। ব্রজবাসীদের কি কোন বাধা আছে? তাঁহাদের কৃষ্ণের দিকে স্বচ্ছন্দ-সেবা-প্রগতিকে কি কেহ রোধ করিতে পারে? জীবস্বরূপটা ত' কাহারও স্ত্রী, পুত্র, কন্যা, ভগ্নী প্রভৃতি নয়, কোন খণ্ড-দেশের অধিবাসীও নয়—সে কৃষ্ণেরই নিত্য সেবক—ব্রজবাসী।

দণ্ড দেওয়াই ত' আশীর্ব্বাদ। দণ্ড যখন দিয়াছেন, তখন নিশ্চয়ই আমাকে আপন জন বলিয়া স্বীকার করিয়াছেন। ঠাকুর ভক্তিবিনোদ বলিয়াছেন—"আপনার জনে, দণ্ডিয়া এখন, শ্রীচরণে দেহ স্থান"। দণ্ড কাহাকে দিবেন? আপনার জনকেই ত' দণ্ড দিবেন। আর দণ্ড দিলেই, তিনি যে শ্রীচরণে স্থান দিতে ইচ্ছুক, তাহাও জানা যাইতেছে।

দেহের সৌন্দর্য্যবিধানটা কিছু নয়। এই জড়রূপের কোন বড়াই করা উচিত নয়। এ জড়রূপ ত' শ্রীকৃষ্ণ দেখেন না। বৈষ্ণবের অর্থাৎ যিনি স্বরূপে ভক্তসেবারূপ শোভাবিশিষ্ট, তাঁহার পদধূলি হইতে পারিলেই শ্রীকৃষ্ণের দৃষ্টি বা আদরের বস্তু হওয়া যায়। এ জগতের অনিত্য অজ্ঞানময় রূপ লইয়া বড়াই করিয়া লাভ কি? জগতের রূপ থাকে না, যে রূপ যাহাকে মুগ্ধ করে, সেও থাকে না। কৃষ্ণনামের এমন একটা রূপ আছে, যাহা নষ্ট হয় না এবং সে রূপের অসমোর্দ্ধ উজ্জ্বল্য সমস্ত চেতনাচেতন রূপকে ঢাকিয়া দেয়। তিনি "ভূষণ-ভূষণাঙ্গ", তাঁহার অঙ্গই ভূষণের ভূষণ। লোকে অলঙ্কার পরে অঙ্গের শোভা বাড়াইবার জন্য; কিন্তু তাঁহার অঙ্গ সমস্ত অপ্রাকৃত চিন্ময় ভূষণেরও সৌন্দর্য্য কোটিগুণ বৃদ্ধি করে। তাঁহার অঙ্গের যে ভূষণ, তাহা প্রাকৃত স্বর্ণ বা হীরকাদির অলঙ্কার নয়, অপ্রাকৃত অলঙ্কারসমূহও তাঁহার অঙ্গশোভা দ্বারা অলঙ্কৃত হয়। সে রূপ যাঁহার দর্শনীয় অর্থাৎ সেবনীয় হইয়াছে, তাঁহার পদধূলি হইতে পারিলে আমাদের স্বরূপে সেবা রূপ প্রকাশিত হইতে পারে। দম্ভই কুরূপ বা কুৎসিৎ রূপ। কৃষ্ণের রূপের কথা যিনি শুনিয়াছেন, তাঁহার নিকট কোন রূপের বড়াই টিকিতে পারে না। তিনি কেবল ব্রজবাসীর—গোপীদের পদধূলি, ধামের বা গোষ্ঠের ধূলি হইতে চান। ধামের ধূলি বাহ্যদর্শনে স্বরূপবিশিষ্ট নহেন বলিয়া মনে হয়, কিন্তু প্রকৃতপক্ষে তাহা নয়। প্রাকৃত জগতের শ্রেষ্ঠ রূপকে কোটি কোটি বার ধিক্কার দিতে পারে, এমন রূপ তাহাতে আছে। কৃষ্ণের রূপ সকলকে মোহিত—আকৃষ্ট করে। কিরূপে আকৃষ্ট করে, তাহা বলিয়াছেন,—

ত্রিজগন্মানসাকর্ষি-মুরলীকলকূজিতঃ।
অসমানোর্দ্ধরূপশ্রী বিস্মাপিতচরাচরঃ॥

তাঁহার অতুলনীয় নাম রূপ গুণ-লীলাদি চেতনাচেতন জঙ্গম-স্থাবর, সকলের পরম বিস্ময়ের উদয় করায় এবং ত্রিজগৎ ও ত্রিজগদতীত ধামসমূহে স্থিত সকল পদার্থকেই আকর্ষণ করে তাঁহার বেণু, বংশী বা মুরলী, তাঁহার ধ্বনি অর্থাৎ তাঁহার বাণী। সেই বাণীই লইয়া যাইতে পারে সেই রূপের কাছে। সেই রূপই নামরূপে—বাণীরূপে জগতকে পরম করুণা করিয়া অবতীর্ণ হইয়াছেন।

বিরহ-উৎসবে আসিয়া কেবল এ বাড়ী ও বাড়ীতে [illegible] করিয়া আর খুব হৈ-চৈ করিয়া প্রসাদ পাইয়া গেলাম, তাহাতে বিরহের কি সেবা হইল? শোক দেখাইয়া কাঁদিলেই কিছু বিরহ হইবে না। প্রভুপাদের জন্য তাঁর বিরহ বোধ সর্ব্বক্ষণ হওয়া দরকার। শ্রীল প্রভুপাদের শ্রীপাদপদ্মে যাইবার জন্য লোভ হওয়া দরকার। লোভ হইলেই বিরহ-বোধ হয়। শ্রীল প্রভুপাদ অপ্রকটপ্রকাশে কি ভাবে কৃষ্ণসেবা করেন, সমস্ত গুরুবর্গ অপ্রকট-প্রকাশে আছেন, তাঁহাদের সহিত তিনি কি ভাবে কোন্ লীলা করিতেছেন, তাহা জানিবার জন্য একটা তীব্র আর্ত্তি হওয়া দরকার। কাহাকেও না জানাইয়া গোপনে শ্রীল প্রভুপাদের নিকট অকৈতবে কাঁদিয়া কাঁদিয়া তীব্র আর্ত্তি জানাইতে পারিলে তাঁহার, গুরুবর্গের ও পঞ্চতত্ত্বের দর্শন হইবে, শ্রীধাম তাঁহার আবরণ মুক্ত করিবেন। তখন নিজকেও দেখা যাইবে। যে স্থানে শ্রীল প্রভুপাদ, শ্রীমন্মহাপ্রভু থাকেন, সে স্থানের দর্শন হইবে। তখন আর কাদা-মাটি, জল বা বাদ-বিসম্বাদ দেখিব না; তখন ধাম আমাকে দেখিবেন, ধামের প্রত্যেক ধূলিকণাই আমাকে দেখিবেন; প্রসাদ আমাকে দেখিবেন, গ্রহণ করিবেন—আমি ধামের বস্তুকে অর্থাৎ বৈষ্ণবকে ভোগ করিব না।

অকৈতবে অতি গোপনে প্রচুর অশ্রু-বিসর্জ্জন করিয়া প্রভুপাদের নিকট হরিনামে রুচির জন্য আবেদন জানাইতে হইবে। হরিনামের মধ্যেই গুরুদেব আছেন। নামকারী নাম হইতে পৃথক্ নহেন; যে স্থানে নাম আছেন, সে স্থানেই নামকারী গুরুদেব আছেন। যেখানে সাক্ষাৎ দর্শন হয় না, সেখানেই বিরহ। আর নামরূপে অবতীর্ণ শ্রীকৃষ্ণের স্ফূর্ত্তি না হওয়া অর্থাৎ জিহ্বায় নামের উদয় না হওয়াও বিরহ। কপট কৃত্রিম দুঃখ করিলে হইবে না। শ্রীনামের কৃপালোকের জন্য সত্য সত্যই অকৈতব আর্ত্তি হওয়া চাই।

প্রভুপাদের চরণে নিষ্কপট দুঃখ জানাইতে হইলে তাঁহার পাদপদ্মে ও তাঁহার আশ্রিত-গণের পাদপদ্মে শরণাগত হইতে হইবে। শরণাগত হইলেই তখন আর প্রভুপাদকে রক্তমাংসময় মনুষ্যরূপবিশিষ্ট দেখিব না। তখন প্রভুপাদ কি জিনিষ, তাহা দেখিতে ও বুঝিতে পারিব; তিনি কোথায় থাকেন, তাহাও দেখিব। শ্রীবাসঅঙ্গনে, সংকীর্ত্তন-রাসে, শ্রীচৈতন্যমঠে—সর্ব্বত্র 'প্রভুর কীর্ত্তন' দেখিব — প্রভুপাদের কীর্ত্তনে নৃত্যরত গৌরসুন্দরকে দেখিব। কীর্ত্তন ছাড়া প্রভুপাদকে দেখা যায় না, কীর্ত্তনই সব।

সেই ত' সুমেধা আর কলিহত জন।
সংকীর্ত্তনযজ্ঞে তারে করে আরাধন॥

যখন নাম বা প্রভুপাদ বা গৌরসুন্দর আমাদিগকে দেখিবেন, তখনই সংকীর্ত্তনরাস দেখিবার যোগ্যতা হইবে।

(কোন শিশুর দোলার উপর খাদ্যের টুকরা পড়ায় সে তাহা কাড়িয়া ফেলিয়া দেয়। তাহা দেখিয়া শ্রীল আচার্য্যদেব বলেন,—) খাদ্য বস্তুটি যদিও উহার প্রিয়, তথাপি উহার দোলার উপর সেটা থাকিবে, তাহা সে চায় না। কারণ খাদ্য বস্তুই প্রিয় হউক, দোলাটা পায়ের সহিত বাঁধা থাকায় সে উটাকে নিজের দেহের সহিত একাত্মবোধ করিতেছে। দেহটাকে এত প্রিয়জ্ঞান করিতেছে যে, সে তাহাতে অন্য কোন আগন্তুক জিনিষ (foreign element) থাকা পছন্দ করে না। খাদ্যবস্তু প্রিয় হইলেও দেহ সম্বন্ধে সে আগন্তুক (foreign)। যখন অতিপ্রিয় দেহটার প্রতি নজর পড়িতেছে, তখন foreign element তাৎকালিক প্রিয় হইলেও রাখিতে চায় না। আমাদের আত্মাই আমাদের প্রিয় বস্তু। যখন তাহার দিকে নজর পড়ে, তখন আর এখানকার প্রিয় দেহ প্রভৃতি foreign element বা আবরণের আদর থাকে না। শ্রুতি বলেন—"আত্মা বা প্রিয়মুপাসীত"। কৃষ্ণই আত্মার সম্বন্ধে প্রিয়তম বস্তু। তিনি সকলের প্রিয়—প্রভুপাদের, গুরুবর্গের প্রিয়। তাঁহার ভজনে ইচ্ছা হইলে জড় জগতের জড়ীয় দেহ-সম্বন্ধ, বহির্ম্মুখ আত্মীয়স্বজনের সম্বন্ধ আর ভাল লাগে না।

সকলের গুণ গ্রহণ করা উচিত। লোকের দোষ খুঁজিয়া বেড়ান ঠিক নয়, তাহা হইলে আমরা সারগ্রাহী হইতে পারিব না। প্রত্যেকের অন্তরে প্রবেশ না করিলে অবশ্য কে কি রকম, তাহা জানা যায় না। এই রকম দেখিবার চক্ষুটি থাকা দরকার। ভগবদ্গুরু-প্রদত্ত শক্তিদ্বারাই দেখিতে বা জানিতে পারা যায়। বৈষ্ণবসেবা করিবার ইচ্ছা হইলেই নিজকে ত্যাগ করিবার ইচ্ছা হয়। নিজ হইতে শ্রেষ্ঠ সাধুর সঙ্গ করা দরকার। তাঁহার কথা বুঝিবার বা ধরিবার জন্য সর্ব্বদা চেষ্টা করিতে হইবে, তাঁহার ভূমিকার কথা জানিতে হইবে। তাঁহাকে আপন জানিয়া তাঁহার আনুগত্য করিতে হইবে।

তাঁহার বাণীর সন্নিকটে থাকা দরকার, নতুবা তাঁহার বাণী আমরা শুনিতে পাইব না। সাধুসঙ্গ করিবার জন্য যে-সকল দৈহিক বা মানসিক কষ্ট হয়, তাহা সানন্দে মাথা পাতিয়া লওয়া উচিত। কৃষ্ণের জন্য কষ্ট স্বীকার করায় ক্ষতি নাই বরং লাভ আছে; উহাই ভজন। সমস্ত কষ্ট স্বীকার করিয়াও সাধুসঙ্গ করা উচিত। তিনি তাঁহার ভূমিকায় দাঁড়াইয়া যে কথা বলেন, তাহা বুঝিবার জন্য শ্রদ্ধা, আগ্রহ ও শরণাগতি থাকা প্রয়োজন। তিনি যে

মহৎকৃপা বিনা কোন কর্ম্মে ভক্তি নয়। কৃষ্ণভক্তি দূরে রহু সংসার নহে ক্ষয়॥

ভূমিকায় আছেন, আমাদেরও সেই ভূমিকায় থাকা দরকার এবং তাহা একমাত্র তাঁহার বাণী-শ্রবণদ্বারাই হইতে পারে। গুরু-বৈষ্ণবের সমষ্টি বা তাঁহাদের সহিত সম-আশয়বিশিষ্ট হইতে না পারিলে তাঁহাদের সঙ্গ হয় না। আবার অন্তরে প্রবেশ করিতে না পারিলে কেবল বাহ্য অনুষ্ঠান দ্বারা কিছু হয় না। এই অন্তরে প্রবেশ করিবার শক্তি তাঁহার কৃপাসাপেক্ষ। তাঁহার বাণীগ্রহণে যদি আমরা প্রযত্ন করি, তাহা হইলে তাঁহারই কৃপার আলোকে আমরা তাঁহাদের অন্তরে প্রবেশ লাভ করিতে পারিব।

বলভদ্র ভট্টাচার্য্য শ্রীমন্মহাপ্রভুর অনেক সেবা করিয়াছেন। কিন্তু শ্রীরূপ-সনাতন, শ্রীরঘুনাথ বা শ্রীহরিদাস—ইঁহারা কেহই শ্রীমন্মহাপ্রভুর জন্য নৈবেদ্য প্রস্তুত করা, দণ্ড, কমণ্ডলু বা বস্ত্রাদি বহন করা অথবা শ্রীঅঙ্গ-মর্দ্দন প্রভৃতি বাহ্যসেবা কিছুই করেন নাই। শ্রীরূপ-সনাতন দৈন্যভরে দূরে দূরে থাকিতেন। যদিও তাঁহারা কর্ণাট দেশীয় (যাজুষ) ব্রাহ্মণকুলে আবির্ভূত হইয়াছিলেন, তথাপি বহির্দৃষ্টিতে ম্লেচ্ছসংসর্গে থাকায় নিজদিগকে পতিত, অস্পৃশ্য জ্ঞান করিতেন। তাঁহাদের দৈন্য ভাষায় ব্যক্ত করা যায় না। দৈন্য দেখিয়া শ্রীমন্মহাপ্রভু বলিয়াছেন—"দৈন্য ছাড়, তোমার দৈন্যে ফাটে মোর মন।" সে দৈন্যে বিরাট্ পাষাণময় হিমালয়ও গলিয়া দ্রব হইয়া যায়। শ্রীসনাতনের দেহে কণ্ডুরসা হইয়াছে বলিয়া অভিনয় করিতেছেন, মহাপ্রভু আলিঙ্গন করিতে চাহিতেছেন, আর তিনি ভয়ে ভয়ে পশ্চাতে সরিয়া যাইতেছেন। কারণ, তিনি মনে করিতেন, তিনি একে পতিত, তাহাতে আবার কণ্ডু হওয়ায় দেহটা অস্পৃশ্য হইয়া উঠিয়াছে; তাঁহারা সর্ব্বদা দূরে দূরে থাকিতেন, মহাপ্রভুর শ্রীঅঙ্গ-সেবা কিছুই করেন নাই; তথাপি তাঁহারাই মহাপ্রভুর অন্তরে প্রবেশ করিয়াছেন, তাঁহার মনোহভীষ্ট সম্পূর্ণ উপলব্ধি করিয়া জগতে স্থাপন করিয়াছেন। তাঁহারা মহাপ্রভুর অন্তরের ভাব ষোল আনাই জানিতে পারিয়াছেন; কেন না, তাঁহারা ষোল আনাই আত্মসমর্পণ করিয়াছেন।

বলভদ্র পাক করিয়াছেন, ভিক্ষা করিয়াছেন, কাঁথাকম্বল-বস্ত্রাদি বহন করিয়াছেন। শ্রীমন্মহাপ্রভু ত' প্রেমে উন্মাদ, কোন বাহ্যজ্ঞান নাই, প্রেমভরে মূর্চ্ছিত হইয়া কোথায়ও পড়িয়া না যান,—এ বিষয়ে বলভদ্র সর্ব্বদা সতর্ক। নৃত্যাদি-শেষে পরিশ্রান্ত হইলে অঙ্গমর্দ্দনাদি সমস্ত কার্য্যই বলভদ্র একাই নিজের হাতে করিতেন।

কিন্তু করিয়া ফল কি হইল? মথুরায় গিয়া দশজনের অর্থাৎ গণমতের বাক্য বিশ্বাস করিয়া কৃষ্ণ দেখিতে যাইবার জন্য মহাপ্রভুর নিকট অনুমতি চাহিলেন। মহাপ্রভু তাঁহাকে চাপড় মারিয়া নিবারণ করিলেন। এখানে বলভদ্র স্বয়ং কৃষ্ণের সেবা করিয়া তাঁহারই নিকট আবার অনুমতি চাহিতেছেন—কৃষ্ণ দেখিতে যাইবেন কি না। কৃষ্ণের সেবা করিয়াও তাঁহাকে জানিতে পারিলেন না, কালিয়দহে কৃষ্ণ দেখিতে চলিলেন! দশজনে বলিতেছে, তাহা কি মিথ্যা হইতে পারে?

বলভদ্র সরল বিপ্র ছিলেন। মহাপ্রভু তাঁহাকে বুঝাইলেন,—কলিকালে কৃষ্ণের অবতার হয় না। প্রকারান্তরে নিজের ও শ্রীনামের স্বরূপ ভগবত্তা জানাইলেন। কিন্তু সকলের ভাগ্যে ত' সেরূপ কৃপা হয় না।

যখন গুরুদেবের নিকট হইতে কিছু পাইবার ইচ্ছা হয় অর্থাৎ শালগ্রাম দিয়া বাদাম ভাঙ্গিবার ইচ্ছা হয়, তখন গুরুদেবও তাঁহাকে মৌখিক সম্মতি দিয়া আরও অধিক বঞ্চনা করেন।

অবৈষ্ণব মূর্খসাধারণ যাহাকে 'মিশন' বলে, ঐরূপ মিশনের সহিত প্রভুপাদের কোন সম্পর্ক নাই; আমাদেরও ঐরূপ মিশন-সেবার কোনই প্রয়োজন নাই—ঐরূপ মায়াকল্পিত মিশন জগতে না থাকিলেই জগতের মঙ্গল। মিশন বলিতে সজ্জনসঙ্গ বা নিত্য গুরুদেবের বৈষ্ণব-সম্প্রদায় বুঝায়; তাহা ভাঙ্গা গড়ার বাহিরে। তাহা যেমন গড়া যায় না, সেইরূপ তাহার ধ্বংসও হয় না। বিষ্ণুর সৃষ্টি বা ধ্বংস নাই। তাঁহার বৈষ্ণবেরও সৃষ্টি বা ধ্বংস হয় না।

নিজের অভিজ্ঞতায় গুরুদেব বা গুরুদেবের মিশনকে জানা যায় না। ইহা আমাদের মনঃকল্পিত কথা নয়; ইহাই সাধু ও শাস্ত্রের বাণী। প্রভুপাদের মিশন বা body অর্থাৎ দেহকে—অঙ্গকে বাদ দিয়া অঙ্গীর সেবা বা মস্তকের সেবা কেবল আত্মবঞ্চনা মাত্র। আমরা বিদ্বেষমূলে কাহাকেও কিছু বলিতেছি না। যে স্থানে পরস্পর প্রতিযোগী দুইটি কোন পক্ষ বর্ত্তমান—সে স্থানেই বিদ্বেষ প্রভৃতি থাকিতে পারে। কিন্তু আমরা ত' জানি পক্ষ মাত্র একটি এবং সেটি কৃষ্ণের পক্ষ। কৃষ্ণের পক্ষ ও মায়ার পক্ষ, আলো ও অন্ধকারের দুই পক্ষ আমরা স্বীকার করি না। আমরা জানি পক্ষ কেবল আলোরই; কাজেই আমাদের প্রতিযোগিতা নাই। তবে যেখানে গুরু-বৈষ্ণব-বিরোধ বা অন্ধকার, তাহা সরাইবার বা তাহার স্বরূপ জানাইবার চেষ্টাই আমাদের গুরু বৈষ্ণব-সেবা; তাহারই জন্য এই ক্ষুদ্র নগণ্য জীবনকে উৎসর্গ করা কর্ত্তব্য। গৌড়ীয়কিঙ্করানুকিঙ্করগণের দুর্দ্দশা নাই। তবে যেমন অবতারী কৃষ্ণের মধ্যে রাম-নৃসিংহাদি আছেন, সেইরূপ আশ্রয় বিগ্রহের মধ্যেও হনুমান্, প্রহ্লাদ, অর্জ্জুন প্রভৃতি সকলেই আছেন। আমরা আমাদের নিত্যসিদ্ধ ব্রজবাসী শ্রীগুরুদেবের মধ্যে যে মহাবীরত্ব বা প্রোজ্জ্বলতা প্রকাশিত হইয়াছে, তাহার অনুসরণ করিব। শ্রীল প্রভুপাদ, ঠাকুর ভক্তিবিনোদ, বলদেব, বিশ্বনাথ, শ্রীজীব গোস্বামী প্রভৃতির প্রতিকূল মতবাদ-নিরাস-কার্য্যে মহাবীরত্বই প্রকাশিত হইয়াছে।

ব্যক্তিগতভাবে প্রচার ও মিশনের মধ্যে বৈশিষ্ট্য আছে। যেখানে কোন শক্তিশালী অতিমর্ত্ত্য মহাপুরুষ বা গৌর-নিজ-জন 'মিশন' স্থাপন করিয়াছেন, সে-স্থানে মিশনের অনুগত হইয়া প্রচারই গৌরমনোহভীষ্ট জানিতে হইবে। প্রতিষ্ঠানের দুই চারিজন যূথপতি হইলে প্রতিষ্ঠান থাকিতে পারে না। মস্তক দুই চারিটি হয় না। শ্রীল প্রভুপাদের একজন যূথপতিই আমরা স্বীকার করিব। যূথ যে স্থানে আছে, সে স্থানে যূথেশ্বর বা যূথেশ্বরী একজন। যূথ বা মিশন—অঙ্গ, যূথপতি—মস্তক।

নিজের চেষ্টায় কিছুই জানা যায় না। নিজের চেষ্টায় দেখিতে গেলে শ্রীল প্রভুপাদকে শুভ্রশ্মশ্রুযুক্ত সুন্দর আকৃতিবিশিষ্ট, বংশীদাস বাবাজী মহারাজকে অতিদীনহীন—এইরূপই দেখা যায়। বস্তুতঃ তাঁহারা সেরূপ নহেন। তাঁহাদিগকে দেখিতে হইলে সাধুসঙ্গে শ্রদ্ধাপূর্ণ কাণ দিয়া দেখা প্রয়োজন। সেই জন্যই বলিতেছিলাম—নিজাপেক্ষা শ্রেষ্ঠ সাধুর সঙ্গ করা দরকার। 'সঙ্গ' করা অর্থ—অন্তরে প্রবেশ করা। অনেকে পাক সমাপ্ত হইলে ভোজন করিয়াই চলিয়া যায়, কোন দিকে কিছুই খেয়াল করে না। অনেকে আবার রন্ধনের প্রকারটা শিখিবার জন্য ব্যগ্র হয়। সেইরূপ শ্রেষ্ঠ সাধুর সঙ্গে থাকিয়া তাঁহার ভজন-প্রণালীটি শিক্ষা করা দরকার।

শ্রীল প্রভুপাদ যে 'প্রাণপাত দিয়া বাগবিভাগ নীতির অনুসরণকারীদিগের দ্বারা মিশনে বহু সেবা, এমন কি বড় গুরুতর দায়িত্বপূর্ণ সেবাও করাইয়া লইয়াছেন,—এ বাহাদুরী তাঁহারই। সার্কাস্‌ওয়ালা যে বাঘ-সিংহ লইয়া খেলা দেখাইয়া অর্থোপার্জ্জন করে, সেখানে বাহাদুরী কি সার্কাস্‌ওয়ালার, না বাঘ-সিংহের? বাঘ-সিংহ লইয়া খেলা দেখাইয়া অর্থোপার্জ্জন করিতে গেলে তাহাদিগকে বদ্ধ করিয়া খাঁচায় স্থান দিতে হয়, প্রত্যহ মাংস দিতে হয়। বাঘ-সিংহের মত দেখিয়া কি সার্কাস্ ওয়ালার খাঁচার বন্ধন প্রতিবাদ করে? সার্কাসওয়ালার স্বার্থ ও তাহাদের স্বার্থ একই। তাহারা কেন প্রতিবাদ করিবে?

শ্রীল প্রভুপাদ ঐরূপ বদ্ধ করিয়া মাংসের টুকরা দিয়া স্বার্থসাধন করাইয়া লইয়াছেন, তাহাতে বাধা দেওয়া ত' সেবা নহে। আর বাধা দেওয়া ত' আত্মমঙ্গলকর নহে; কারণ, মাংসের টুকরায় ত' আমাদের আত্মস্বরূপের প্রয়োজন নাই। শ্রীল প্রভুপাদ অর্থ প্রতিষ্ঠার বিনিময়ে অপরের দ্বারা যে সকল সেবা সাধন করাইয়া লইয়াছেন, তাঁহার সেবক সম্প্রদায়েরও ত' তাহাতেই লাভ; কারণ, তাঁহাদের সকলের একই স্বার্থ। 'গৌড়ীয়ে' এইসকল কথা পূর্ব্বেই আলোচিত হইয়াছে। শ্রীল প্রভুপাদের নিষ্কপট আশ্রিতাশ্রিতগণ কনক, কামিনী বা প্রতিষ্ঠাশার সর্ব্বদাই নির্ম্মম পরিত্যাগ করিয়া থাকেন।

শ্রীল ভক্তিসুধাকর প্রভুর পত্র

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

শ্রীগৌড়ীয়মঠ,
কলিকাতা.
১।৪।৩৯

শ্রীশ্রীবৈষ্ণবচরণে সাষ্টাঙ্গ দণ্ডবৎপ্রণাম পূর্ব্বক নিবেদন,—

* * তোমার ৩০।৩ তারিখের পত্র পাইয়া সমস্ত অবগত হইলাম।

শ্রীগুরুদেবে মর্ত্ত্যবুদ্ধি করিতে হইবে না। বৈষ্ণবে জাতিবুদ্ধি করিলে বৈষ্ণবাপরাধ হয়।

আমি বৈষ্ণব নহি। সুতরাং আমার প্রতি অভিমর্ত্ত্যবুদ্ধি করিলে বৈষ্ণবাপরাধই

আমাকে দয়া করিয়া শ্রীহরি-গুরু বৈষ্ণবের সেবায় অধিকার দিন মাত্র
প্রকৃত সুহৃদ্ ও প্রার্থী।

আমার দণ্ডবৎ প্রণাম গ্রহণ করিও।

শ্রীনারায়ণদাস অধিকারী

সাধুসঙ্গ সাধুসঙ্গ সর্ব্বশাস্ত্রে কয়। লবমাত্র সাধুসঙ্গে সর্ব্বসিদ্ধি হয়।

শুদ্ধভক্তি-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠ

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া। শ্রীব্রজপত্তন স্থানে শ্রীচৈতন্যমঠ, শ্রীবার্ষভানবী, শ্রীগৌর-গোপাল আদি চতুর্ভুজ বিগ্রহ আছেন। মূল প্রাচীন মঠ ... আছে

(২) শ্রীগৌড়ীয়মঠ

১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট বাগবাজার কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪২১১। কলিকাতায় শ্রীভক্তিবিনোদ-আসন শ্রীমঠ পরিচিত। শ্রীমঠে পাঠ, নদীয়া-প্রকাশচতুষ্টয়-সেবায় শ্রীমদ্ভাগবতাদি গ্রন্থের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও হারমনিষ্ট পাক্ষিক ইংরেজী প্রকাশিত হয়।

(৩) যোগপীঠ মায়াপুর পীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন ও শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব-ভূমি মহাযোগপীঠ

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং ... বর্ত্তমান।

(৬) মুরারিগুপ্তের পাট

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৭) কাজি-সমাধি-পাট

প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)। ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি।

(৮) অনুকূলকৃষ্ণানুশীলনাগার

শ্রীধাম মায়াপুর

(৯) আনন্দ সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)। এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)। গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর সেবা।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ জাহ্নগর (বর্দ্ধমান)

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মাউগাছি, পোঃ জাহ্নগর, (বর্দ্ধমান)। শ্রীব্যাসাবতার ঠাকুর বৃন্দাবনের স্থান

(১৩) রুদ্রদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(১৪) জহ্নুদেব গৌড়ীয়মঠালয়

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ

গৌড়পুর, নদীয়া

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ

মাজিদা - (শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৭) কুলকুটীর

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ কাঁসপালি, (নদীয়া)

(২০) সত্যেন্দ-পণ্ডিতের পাট

কাঠালপুলি, পোঃ চাকদা (নদীয়া)

(২১) রাণাঘাট গৌড়ীয়মঠালয়

(২২) পুরী গৌড়ীয়মঠ

চব্বিশ পরগণা

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ

বারিধা পোঃ ধামরাই, ঢাকা। পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র।

(২৪) গোপালজীউমঠ

কমলাপুর, পোঃ ঢাকা

(২৫) গদাই-গৌরাঙ্গ মঠ

পোঃ বালিয়াটি, (ঢাকা)

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

বড়বাজার, পোঃ ময়মনসিংহ

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চকচকা, কামরূপ (আসাম)

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

৩নং পাগলাঝোরা, দার্জ্জিলিং

(৩০) সারস্বত-গৌড়ীয়মঠ

পোঃ চাঁদবার, জেঃ সাহারাণপুর, ইউ. পি

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

মঠাপুর পাটনা।

(৩২) গয়া গৌড়ীয়মঠ

বরদা রোড, গয়া

(৩৩) সনাতন গৌড়ীয় মঠ

৮।১৭ বড় গম্বীকান্দি, বেনারস সিটি

(৩৪) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

(৩৫) সত্যবর্দ্ধন মঠ,

পোঃ নিমসার, সীতাপুর ইউ পি।

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়

বিশ্রামঘাট, পোঃ মথুরা

(৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ

কিশোরপুর, বৃন্দাবন

(৩৯) শ্রীব্রজানন্দ-সুখদকুঞ্জ

পোঃ রাধাকুণ্ড, মথুরা

(৪০) কৃষ্ণবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪১) রাধাকুণ্ড পার্ষদবাটী

(৪২) শ্রীগোবর্দ্ধনমঠালয়

গোবর্দ্ধন, মথুরা

(৪৩) সত্যেন্দ্র বিহারী মঠ

বরশা, মথুরা।

(৪৪) নন্দগ্রাম গৌড়ীয়মঠালয়

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৫) বরশা গৌড়ীয়মঠালয়

পোঃ বরশা, মথুরা

(৪৬) গোকুলবিহারী মঠ—কোশী,

পোঃ কোকোবন, জেলা গুরগাঁও (পাঞ্জাব)

(৪৭) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

(৪৮) দিল্লী গৌড়ীয় মঠ

১৫নং ওয়ার্ডেন রোড, নিউ দিল্লী,

(৪৯) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, কম্যাণ্ডাল ...

(৫০) মান্দ্রাজ-গৌড়ীয়মঠ

পোঃ রায়পেট্টা, মান্দ্রাজ

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গ-রাধাপার্থসারথি বিগ্রহের সেবা

(৫১) রামানন্দ-গৌড়ীয়মঠ

পোঃ কভুর, গোদাবরী তীরে (মান্দ্রাজ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গ-রাধিকা-গিরিধারীর সেবা

(৫২) ব্রহ্মগৌড়ীয়মঠ

আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)

(৫৩) পুরুষোত্তম মঠ

চটকপর্বত, পোঃ পুরী, উড়িষ্যা

(৫৪) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৫) লীলাকুটী

(৫৬) শ্রীশচীক্ষি-গৌড়ীয়মঠ

পোঃ বালেশ্বর, পুরী

(৫৭) সচ্চিদানন্দ মঠ

লালবাগ, পোঃ কটক (উড়িষ্যা)

(৫৮) বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ

(৫৯) শ্রীপ্রপন্নাশ্রমগৌড়ীয়-শ্রবণ-মঠ

পোঃ বড়দকুড়া, গঞ্জাম

(৬০) ভাগবতজনানন্দ মঠ

চিরুলিয়া, পোঃ নারায়ণপুর, মেদিনীপুর

(৬১) জলেশ্বর গৌড়ীয়মঠ

পোঃ জলেশ্বর, মেদিনীপুর

(৬২) আমলাজোড়া প্রপন্নাশ্রম মঠ

পোঃ পাণ্ডবেশ্বর (বর্দ্ধমান)

(৬৩) ঢেঙ্কানল গৌড়ীয়মঠ

কুমুরকুড়া, পোঃ ঢেকুয়া, (মানভূম)

(৬৪) রেঙ্গুন গৌড়ীয়মঠ

৩০১ নং শিউবস ষ্ট্রীট, রেঙ্গুন।

(৬৫) লণ্ডন গৌড়ীয়মঠ

ফ্ল্যাট নং ২

৫১, গ্লাউস্টার রোড

ক্যান্সিংটন, লণ্ডন, ই ৫

(৬৬) গৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

১৪।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,

কলিকাতা

(৬৭) গৌড়ীয়মঠ অফিস

[illegible]

(৬৮) শ্রীবিদ্যানিধি গৌড়ীয়মঠালয়

নন্দনকানন, চট্টগ্রাম

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে শ্রীসনাতন গোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত শ্রীমহানন্দ ব্রহ্মচারী ভক্তালোক, ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও দ্বিতীয় বার	পরবর্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও দ্বিতীয় বার	পরবর্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে ।০	।৵০	।৵০		
" " ইঞ্চি ২৲		১।০	১৲	
সিকিকলম ৫৲	৪০		৩৲	
অর্দ্ধকলম ৮৲	৭৲	৭৲	৫৲	
" এক কলম ১২৲	১০৲	১০৲	৮৲	

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিবারে প্রতি ইঞ্চি ৩৲	২।০
" সিকি কলম ১৫৲	১২৲
" অর্দ্ধকলম ২৫৲	১৮
" এক কলম ৩৫৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৸০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা ৫ ; বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

শ্রীধাম-মায়াপুরে

ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট—

[illegible] বোর্ডিং

[illegible] মায়াপুর [illegible] বিদ্যালয় ও বোর্ডিং [illegible] । বিদেশী ছাত্রগণের জন্য [illegible] বাসস্থানের ব্যবস্থা আছে। খোরাক ও বেতনাদির প্রত্যেক মাসে মাত্র ৬৲ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ [illegible] ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিয়াছে। বর্ত্তমান বর্ষে ১৬ জন বালকের মধ্যে ১৫ জন ভালভাবে উত্তীর্ণ হইয়াছে।

মেধাবী ছাত্রগণের আরও সুবিধা

পরীক্ষায় যাহারা শতকরা ৭৫ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর সকল [illegible] ছাত্রগণকে বিনা [illegible] আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট,
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক-সম্পাদিত ; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, [illegible] ও শিক্ষা অতি সুন্দরভাবে আলোচিত হইয়াছে। এই এক অপূর্ব [illegible] গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

শ্রীচৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত্র অতি সুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ [illegible] শ্রীমদ্ [illegible] তীর্থ মহারাজ লিখিত ইহার ভিক্ষা মাত্র ২৲ টাকা। প্রাপ্তিস্থান শ্রীযুক্ত [illegible] ভক্তিশাস্ত্রী, শ্রীযোগপীঠ, ঈশোদ্যান, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী

শ্রীল প্রভুপাদের চতুঃষষ্টিতম আবির্ভাব-তিথিতে শ্রীল আচার্য্যদেবের আনুকূল্যে "শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী" প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। ইহাতে পূর্ব্বার্দ্ধ ও উত্তরার্দ্ধ দুইটি বিভাগ আছে। পূর্ব্বার্দ্ধে শ্রীল প্রভুপাদের আদি-প্রবন্ধাবলী শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের সম্পাদিত 'সজ্জনতোষণী,' শ্রীল প্রভুপাদের 'নিবেদন' সাপ্তাহিক পত্র প্রভৃতি হইতে কতিপয় ও প্রয়োজনীয় অংশের টীকা-সহ [illegible] হইয়াছে। উত্তরার্দ্ধে শ্রীল প্রভুপাদের সম্পাদিত 'সজ্জনতোষণী'র কতিপয় প্রবন্ধ [illegible] সহিত মুদ্রিত হইয়াছে। প্রবন্ধগুলি রচনাকালের ক্রমানুসারে গ্রথিত হইয়াছে; এতদ্ব্যতীত শ্রীল আচার্য্যদেবের একটি মূল্যবান্ উপোদ্ঘাত ও সঙ্কলনকারীর একটি বিস্তৃত [illegible], শব্দ সূচী, গ্রন্থ-পত্র-শ্লোক ও পত্র-সূচী প্রভৃতি গ্রন্থে সংযোজিত হইয়াছে। গ্রন্থটি উৎকৃষ্ট কাগজে পারিপাট্যের সহিত মুদ্রিত ও শ্রীল প্রভুপাদের [illegible] [illegible] শোভিত হইয়া প্রকাশিত হইয়াছে। প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, জেলা নদীয়া; শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ও শ্রীমাধ্ব গৌড়ীয়মঠ, ঢাকা, পোঃ [illegible], ঢাকা।

শ্রীল প্রভুপাদের পদ্যপ্রসূনমালা

এই গ্রন্থে ও বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের রচিত পদ্যাবলী শ্রীল আচার্য্যদেবের বিরচিত "সৌরভ" নামক ভাষ্যের সহিত প্রকাশিত হইয়াছে। শ্রীল প্রভুপাদের অনেক অপ্রকাশিত পদ্য ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ।০ চারি আনা।

শ্রীসরস্বতী-সংলাপ

প্রথম খণ্ড

শ্রীশ্রীমদ্ভাগবত গৌড়ীয়সম্প্রদায়ৈকসংরক্ষক জগদ্গুরু [illegible] শ্রীপাদ [illegible] ১০৮ শ্রী শ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ [illegible] সজ্জনগণের পরিপ্রশ্নের উত্তরে ও সংশয় নিরাকরণকল্পে যে সকল হরিকথা কীর্ত্তন করিয়াছেন, যাহা তাঁহার প্রকটকালেই 'গৌড়ীয়' সম্পাদক শ্রীমদ্ [illegible] বিদ্যাবিনোদ বি-এ প্রভুপাদের শ্রীমুখে শুনিয়া [illegible] লিখিয়াছিলেন এবং যাহা ক্রমশঃ গৌড়ীয়পত্রে প্রকাশিত হইয়াছে, তাহা "শ্রীশ্রীসরস্বতী-সংলাপ" নামে সংগৃহীত শ্রীল প্রভুপাদের 'বক্তৃতাবলী' ও 'পত্রাবলী' আকারে খণ্ডে খণ্ডে প্রকাশিত হইতেছে। ইহার [illegible] শ্রীল প্রভুপাদের প্রথমবার্ষিক বিরহোৎসবপূর্ত্তি-বাসরে [illegible] প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। মানবজীবনের বহু অধিকাংশ সমস্যার উচিত সমাধান ইহাতে পাওয়া যাইবে। ভক্তগণের পাঠকগণের এই গ্রন্থ সংগ্রহ একান্ত প্রয়োজন।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্শ কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপদেশক পাঠক আচার্য্য শ্রীযুক্ত নিশিকান্ত সান্যাল ভক্তিশাস্ত্রী ভক্তিশাস্ত্রী সম্প্রদায়-বৈভবাচার্য্য এম্ এ মহোদয়ের প্রেমভক্তিপূর্ণ এবং গবেষণাপূর্ণ লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং তত্ত্ব ও ইতিহাসের জীবনচরিত্র-পাঠে মগ্ন হউন। এই বিরাট, সচিত্র ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিভিন্ন চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় দার্শনিক মতের সহিত তুলনা-মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৩৬ অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকারের ভূমিকাদ্বয় (Prefaces), বিষয়সূচী (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে শব্দসূচী ও শব্দার্থসূচী (Index Glossary) সহ অদ্যাবধি প্রকাশিত। ভিক্ষা—২৫, পঁচিশ টাকা। প্রাপ্তিস্থান—বাগবাজার গৌড়ীয়মঠ, [illegible], শ্রীগৌড়ীয়মঠ, [illegible], কটক ৪; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম মায়াপুর জেলা—নদীয়া।

‘ঠাকুর ভক্তিবিনোদ’

———:::(•):::———

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি প্রচারের মূল প্রবর্ত্তক সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অভিনব জীবনচরিত এতাবৎকাল সম্যক্ আকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয়মঠাচার্য্যবরের শুভেচ্ছায় [illegible] "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু [illegible] সন্নিবিষ্ট হইয়াছে। ডিমাই ১২৫ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৷৷০ আনা; ডাক মাশুল স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান—ম্যানেজার গ্রন্থবিভাগ

শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

———:•:———

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা ‘গৌড়ীয়’ এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু গ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১৩।১নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্

ইহা কটক নগরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

[illegible]

ম্যালেরিয়া প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায়। বাজারে ইহার কাটতিই অত্যন্ত অধিক। দ্বিতীয় প্লীহা সংযুক্ত [illegible] এবং নূতন ও পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। মূল্য ছোট বোতল ৷৵০ দশ আনা, বড় বোতল ১৵০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা
অথবা
[illegible]বেহালা, ২৪ পরগণা

ই. বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্টাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	৪-৩৬	৬ ০৬	৭-২৫	১২-২৬	১৪ ৫৬	১৬-৫৬	১৭ ৫৬	২২-২৬
রাণাঘাট পৌঃ			৮ ৫০	১৪-১৫				
(বদল) ছাঃ			৯-৩৩	১৪-৫০				
কৃষ্ণনগর পৌঃ	৭-১	৮ ৪৫	১০-৮	১৫-২৩	১৭-২৮	১৯-১১	২০-১৬	১-১৫
(বদল) ছাঃ	৭ ১২		১০-৩১		১৭-৩৮		২০-২৬	
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫১		১১-১০		১৮-১৬		২০-৫৬	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
রাণাঘাট পৌঃ	১২-৫৫
ছাঃ	১৩ ০
শান্তিপুর পৌঃ	১৩-২৬
(বদল) ছাঃ	১৭ ৩১ (লাইট্ রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪-২
ছাঃ	১৪-৪০
নবদ্বীপঘাট পৌঃ	১৫-০

ডাউন

নবদ্বীপঘাট ছাঃ	৫ ৪৫		৯ ২৫		১৩-৩১	১৬-০	১৮-৩১	
কৃষ্ণনগর পৌঃ	৬ ২৩	৯-১৬	১০-৪	১১-৪১	১৪-১০	১৬-৩৮	১৯-১১	
ছাঃ	..-২৬ ৭ ১৮		১০-১১			১৬ ৫৬	১৯-২৫	
রাণাঘাট পৌঃ			১০-৪৭			১৭ ৩১		
(বদল) ছাঃ			১১ ০			১৭-৪০		
কলিকাতা পৌঃ	৯ ১৬	৯-২১	১২-১	১২-১৬	১৪-১৬	১৯-১১	২১-৪১	২৩-২৩

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৩-৩১	১৬-০	
কৃষ্ণনগর পৌঃ	১৪-১০	১৬-৩৮	
ছাঃ	১৫-২৮	১৭-১৫	
শান্তিপুর পৌঃ	১৬-৯	১৭-৫৯	
(বদল) ছাঃ	১৬-৩৩	১৮-১ (রবিবার ভিন্ন)	১৮-৮ (রবিবার)
রাণাঘাট পৌঃ	১৭-১০	১৮-২৭	১৮-৩০
(বদল) ছাঃ	১৭-৪১	১৮-৪০	১৮-৪০
কলিকাতা পৌঃ	১৯-১১	২০-৬	২০-৬

ফোন- শ্রীমায়াপুর
টেলিগ্রাম—শ্রীধাম
শ্রীমায়াপুর

REGD NO C 1544

দৈনিক নদীয়াপ্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্বত্র বহুল প্রচারিত নদীয়াজেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৪শ খণ্ড | শ্রীমায়াপুর—৩১শে চৈত্র, ১৩৮৫, ১৪ই এপ্রিল, ১৯৭৯ শুক্রবার | ৬৯শ সংখ্যা

বিবিধ সংবাদ

—::•::—

ইতালীর আসন্নবাসিন্না অভিযান

শ্রীসের উপকূলবর্তী কর্ফু দ্বীপে দুর্ঘটনাগ্রস্ত ব্রিটিশ নৌবহর সন্নিবেশ করার যে সংবাদ প্রচারিত হইয়াছে, নৌ-সচিবের দপ্তর হইতে উহা সরাসরি অস্বীকৃত হইয়াছে।

১০ই এপ্রিল বেলা ১১ঘটিকার সময় কমন্স-সভার অধিবেশন আরম্ভ হয়। বহু বৎসর পর ছুটির দিনে এরূপভাবে মন্ত্রিসভার অধিবেশন আহূত হইল। গত গুড্‌ফ্রাইডের হইতে ইউরোপে যে পরিস্থিতির উদ্ভব হইয়াছে, তৎসম্পর্কে পররাষ্ট্র-সচিব লর্ড হ্যালিফাক্সের বিস্তৃত বিবরণ এবং সরকারবিরোধী দল পার্লামেন্টের অধিবেশন আহ্বানের যে প্রস্তাব করিয়াছেন, তাহা আলোচনার জন্য মন্ত্রিসভার অধিবেশন আহূত হয়। লর্ড হ্যালিফ্যাক্স (সম্প্রতি বিদেশে আছেন) এবং মিঃ ম্যালকম ম্যাকডোনাল্ড (অবস্থ থাকায়) ব্যতীত মন্ত্রীদের সকলেই বৈঠকে উপস্থিত ছিলেন। মিঃ নেভিল চেম্বারলেন বৈঠকে সভাপতিত্ব করেন। সওয়া দুই ঘণ্টাকাল ব্যাপী মন্ত্রিসভার অধিবেশন হয়। মন্ত্রিবর্গ ডাউনিং ষ্ট্রীট ত্যাগ করিবার সময় সমবেত বিপুল জনতা জয়ধ্বনি করিয়া তাঁহাদিগকে অভিনন্দিত করে। জনতা প্রাতঃকাল হইতে তথায় অপেক্ষা করিতেছিল। লর্ড হ্যালিফাক্স মিঃ চেম্বারলেন এবং লর্ড চ্যাটফিল্ডকে জনতা বিশেষভাবে অভিনন্দিত করে। বেলা চার ঘটিকার সময় পুনরায় মন্ত্রিসভার বৈঠক হইবে। সরকারীভাবে ঘোষিত হইয়াছে যে, ১৩ই এপ্রিল পার্লামেন্টের লর্ড ও কমন্স সভার অধিবেশন হইবে স্থির হইয়াছে।

মন্ত্রি-সভার অধিবেশন চলার সময়, গ্রীস ও রুমানিয়ার দুইজন পররাষ্ট্র দপ্তরে আসেন। রুমানিয়ার দূত অপরাহ্ণে পররাষ্ট্র দপ্তর হইতে প্রত্যাবর্তন করেন। এই সময় ইতালীয়ান দূতও পররাষ্ট্র দপ্তরে আসেন। এপ্রিল ১০ই অপরাহ্ণে বেলজিয়ম প্রধান মন্ত্রী মিঃ নেভিল চেম্বারলেনের সহিত সাক্ষাৎ করেন। তাঁহাদের মধ্যে ৪৫ মিনিটকাল বর্তমান পরিস্থিতি সম্পর্কে আলোচনা হয়।

ইতালীয়ান সোলজারগণ গ্রীস সীমান্তের নিকটবর্তী কোরিৎসা নামক স্থান দখল করিয়াছে। ব্রিটিশ ও ফরাসী সভার অধিবেশনে আন্তর্জাতিক পরিস্থিতি সম্পর্কে যে আলোচনা হইবে, তার ফলাফল না জানা পর্যন্ত মিঃ মুসোলিনী সম্ভবতঃ নিজেরা বাধা স্থগিত রাখিবেন।

—————

তারকেশ্বর অঞ্চলে কলেরা

হুগলী জিলার হেলথ অফিসার মিঃ মুখার্জি জানাইতেছেন—

এতদ্বারা তারকেশ্বরগামী যাত্রিগণকে জানান যাইতেছে যে, তারকেশ্বর ও উহার পার্শ্ববর্তী গ্রামসমূহে কলেরা হইতেছে। এরূপ অবস্থায় প্রত্যেক ব্যক্তির পূর্ব হইতে কলেরা প্রতিষেধক টীকা লইয়া তারকেশ্বর যাওয়া কর্তব্য। প্রত্যেক থানার স্যানিটারী ইন্সপেক্টরের নিকট বিনামূল্যে টিকা দিবার ব্যবস্থা আছে।

দুর্নীতি দূরীকরণের চেষ্টা

বোম্বাই-সরকার ঐ প্রদেশের সরকারী কর্মচারিদের মধ্য হইতে দুর্নীতি দূর করিবার উদ্দেশ্যে ব্যবস্থা অবলম্বন করিয়াছেন। প্রত্যেক জেলায় সরকারী ও বে-সরকারী ব্যক্তিদিগকে লইয়া কমিটি গঠিত হইবে, এই কমিটিতে জেলার কালেক্টর ও পুলিশ সুপারিন্টেন্ডেন্ট এবং দুইজন বিশিষ্ট জন-নেতা থাকিবেন। এই কমিটি দুর্নীতি দূরীকরণ কার্যে গবর্ণমেন্টকে সাহায্য করিবেন এবং কোথায়ও কেহ দুর্নীতির আশ্রয় গ্রহণ করিলে তৎসম্পর্কে ব্যবস্থা অবলম্বনের জন্য গবর্ণমেন্টকে জানাইতে হইবে। এই আদেশ হাইকোর্ট সম্পর্কে খাটিবে না।

বোম্বাই সহরের জন্য পৃথক আদেশ জারী করা হইবে।

—————

শ্রীদুর্গাদাস আগরওয়ালা

শ্রীদুর্গাদাস আগরওয়ালা এম. এ. সম্প্রতি কলিকাতা বিশ্ববিদ্যালয় কর্তৃক ফলিত মনোবিজ্ঞান বিভাগে বিশারদ করার নিযুক্ত হইয়াছেন। কলিকাতা বিশ্ববিদ্যালয় প্রথম এই সম্মান মাড়োয়ারীদের মধ্যে ইনিই সর্বপ্রথম লাভ করিলেন। শ্রীযুক্ত আগরওয়ালা প্রেসিডেন্সী কলেজ হইতে বি-এ, পাশ করিয়া সায়েন্স কলেজ হইতে ফলিত মনোবিজ্ঞানে এম-এ উপাধি লাভ করেন। তিনি ইণ্ডিয়ান সাইকো এ্যানালিটিক্যাল ইন্‌ষ্টিটিউটে অবৈতনিকরূপে psychoanalysis শিক্ষা গ্রহণ করিতেছেন।

খেয়া নৌকা ডুবির জের

গত মঙ্গলবার একখানা খেয়া নৌকা ডুবি হইয়া একটি লোক জলে ডুবিয়া মারা গিয়াছে।

ঘটনার প্রকাশ, লাউকাঠী হাটের খেয়া নৌকায় ৩০।৩৫ জন যাত্রী নিয়া যখন পটুয়াখালী আসিতেছিল, তখন লঞ্চ চিপায় ষ্টীমারখানার ঢেউ খেয়া নৌকার উপর দিয়া হঠাৎ যাওয়ায় নৌকাখানা ডুবিয়া যায়। ৭ই এপ্রিল শুক্রবার, লোকটির মৃতদেহ নদীতে পাওয়া গিয়াছে।

—————

ব্রহ্মপুত্র নদের সংস্কার

নারায়ণগঞ্জ মহকুমার প্রায় ২শত বর্গ মাইল স্থান প্রবাহিত ব্রহ্মপুত্র নদের ৩০ মাইল ব্যাপী গর্ভদেশ খনন ও পুনঃ সংস্কারের জন্য ৫০ হাজার অধিবাসী স্বাক্ষরিত এক আবেদন সম্প্রতি বাঙ্গালা সরকার সকাশে পেশ হইয়াছে। যে স্থান দিয়া ব্রহ্মপুত্র নদ প্রবাহিত হইয়াছে সেইস্থানে ১২ লক্ষ লোক বসবাস করে, নদী গর্ভের অসংস্কার হেতু ঐ স্থানের স্বাস্থ্যের ক্ষতি হইয়াছে। সংবাদে প্রকাশ ঐ স্থানের অধিবাসীবৃন্দ স্বেচ্ছাপ্রণোদিত অর্থ দান করিতে ও স্বেচ্ছায় পরিশ্রম করিতে প্রস্তুত আছে।

—————

শীত কমে কেন ?-

বৈজ্ঞানিকেরা বলিতেছেন, সারা পৃথিবী ব্যাপিয়া শীতের প্রকোপ কমিতেছে। ১৯০০ খৃষ্টাব্দে এ শীত কমার কারণ ইংলণ্ড দেশেতে বহুদেশ জমাট জল গলিয়া সাগরে অন্তরাল রচনা করিতেছে। উহার ফলে শ্রীলঙ্কাদের অধিক আচ্ছাদনা শীত তাহাও তেজ কমিয়াছে।

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল সরস্বতী ঠাকুরের পরবিদ্যাভূষণ গোস্বামী মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক। পত্রি একাদশীতে প্রকাশিত হয়। কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। সডাক ভিক্ষা ৪১০ টাকা মাত্র।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৲০ টাকা মাত্র।

৩। ভাগবত—হিন্দিভাষায় একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৲০ টাকা মাত্র

৫। শ্রীগৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৲০ মাত্র।

পরমগুরু শ্রীগৌরকিশোর

গৌড়ীয়-সম্পাদক-লিখিত, শ্রীগৌড়ীয়মঠাচার্যের ভূমিকা-সম্বলিত, বর্ণানুক্রমিক, পত্রিকা সূচী-সম্বলিত "পরমগুরু শ্রীগৌরকিশোর" গ্রন্থখানি প্রকাশিত হইয়াছেন। এই গ্রন্থখানিতে শুদ্ধগৌড়ীয়বৈষ্ণবগণের পরমারাধ্য, গৌড়ীয়গৌরব-শিরোমণি অলৌকিক বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ নিত্যলীলাপ্রবিষ্ট পরমহংস ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল গৌরকিশোরদাস গোস্বামী প্রভুবরের অলৌকিক চরিতকথা বর্ণিত আছে।

শ্রীশ্রীভক্তিবিনোদাবির্ভাব-শতবর্ষপূর্ত্তি-বিরহপূজার উপায়ন-গ্রন্থমালা

——:॥০॥:——

১। গীতিসাহিত্যে শ্রীভক্তিবিনোদ

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র গীতিসাহিত্যের সমালোচনা-গ্রন্থ)

ভিক্ষা—৸৹ বার আনা মাত্র।

২। শ্রীভক্তিবিনোদবাণীবৈভব

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের গ্রন্থসমূহ হইতে আহৃত ১০৮টি অধ্যায়ে সম্বন্ধ-অভিধেয়-প্রয়োজনাকারে গুম্ফিত অমূল্য উপদেশপূর্ণ গ্রন্থ)

ভিক্ষা—৩৲ তিন টাকা মাত্র।

৩। শ্রীশ্রীভক্তিবিনোদ-প্রসঙ্গ

ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ ও ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের পরবিদ্যাভূষণ গোস্বামী প্রভু-লিখিত এবং গৌড়ীয়ে প্রকাশিত শ্রীশ্রীভক্তিবিনোদ-চরিত-প্রসঙ্গ

ভিক্ষা—৷৶৹ ছয় আনা মাত্র।

৪। ছাত্রদের ভক্তিবিনোদ

(ছাত্রদের উপযোগী ভাষায় লিখিত শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্র ও শিক্ষা)

ভিক্ষা—৸৹ বার আনা মাত্র।

ছাত্রদের পক্ষে (ভিক্ষা—৷৹ আট আনা মাত্র)

প্রাপ্তিস্থান :—

(১) 'ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট', পোঃ শ্রীমায়াপুর, নদীয়া ;

২) শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ;

● শ্রীযুক্ত সুধীরচন্দ্র দাস এম-এ, বি-এল্‌,

পুরাণাপণ্টন, পোঃ রমনা, ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্‌—সমগ্র ৪০৲

প্রথম হইতে দশম স্কন্ধ পর্যন্ত— ১৮৲

দশম স্কন্ধ— ৯৲

২। ভাগবত বিবৃতি শ্রীচৈতন্যভাগবত (অবীনা) ৯৲

৩। আদ্যখণ্ড শ্রীচৈতন্যচরিতামৃত ৬

৪। সরস্বতী জয়শ্রী (অবীনা) ৪৲

৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী

১ম খণ্ড ৸৹; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸

৪র্থ খণ্ড ৸৹

৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী

১ম খণ্ড—৸৹; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸৹

৭। শ্রীচৈতন্যদেব ১৲

৮। সৎক্রিয়াসার দীপিকা ও সংস্কার দীপিকা ১।০

৯। বৈষ্ণব ১৲

১০। গৌড়ীয় কণ্ঠহার ২৲

১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲

১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲

১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸৹

১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ।০

১৫। বৈষ্ণবসাহিত্যে বিষয় সূচী ।০

১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸৹

১৭। বৈষ্ণবোপনিষৎ ।০

১৮। প্রাকৃত আলেখ্য ।০

১৯। অর্চ্চবিগ্রহ ।০

২০। গৌড়ীয়-গৌরব ৷৶৹

২১। গৌড়ীয়গীতিকা ৷৶৹

২২। শুদ্ধ রত্ন ।০

২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃত ও শ্রীনবদ্বীপশতক (বাঁধা)

২৪। গীতা (শ্রীবলদেব-টীকা সহ) ২৲

২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকা সহ অবীনা) ১৲

২৬। গীতার কেবল মূল শ্লোক ০

২৭। মুক্তাফলক অপরোক্ষঃ সাধনাবলী ১৲

২৮। প্রেমবিবর্ত্ত (সাক্ষাৎ) ।০

২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৸৹

৩০। জৈব-ধর্ম্ম-তত্ত্ব ৶৹

৩১। সাধনপথ (তৃতীয় সংস্করণ) ৷৶৹

৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ।০

৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৷০

৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶৹

৩৫। গীতমালা ./০

৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৶৹

৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৶৹

৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০

৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমা ।০

৪০। নবদ্বীপ ৴০

৪১। গীতাবলী ৴০

৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸৹

৪৩। সাধনতত্ত্ব ৴০

৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ৴

৪৫। নবদ্বীপশতক

৪৬। স্বর্ণগড়

৪৭। আচারস্মৃতি ৹/

৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৴১০

৪৯। অর্চ্চনকল্প .১০

৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম ও ২য় খণ্ড) ২৲

৫১। রসমঞ্জরী ।০

৫২। মণিমঞ্জরী (সাত্ত্বত) ।০

৫৩। গৌরকৃষ্ণোদয় ৸৹

৫৪। পুরুষার্থ-বিনির্ণয় ।০

৫৫। অমৃতবাণী বা মহাজনসম্মতি ।০

৫৬। স্বরূপ ও ভক্তিপথ ৶৹

৫৭। উপনিষদ (অদ্বৈতবাদ) ।০

৫৮। শ্রীকৃষ্ণদেব ৶৹

৫৯। শিক্ষাষ্টকম্‌ ৶৹

৬০। সাংখ্যবাণী -

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।

৬২। সিদ্ধান্ত সরস্বতী বিচিন্তনঃ ।০

৬৩। ভক্তি-সিদ্ধান্তসূত্রম্‌ ।০

৬৪। ভক্তবন্দ্য ।০

৬৫। মায়াবাদ বিনাশনম্‌ ৶৹

৬৬। গৌড়ীয়মঠপরিচয় ৴০

৬৭। মায়াবাদখণ্ডন ৶৹

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।০

৬৯। এ ফিউ ওয়ার্ডস অন বেদান্ত ।০

৭০। ব্রহ্মসূত্র ৴০

৭১। বেদান্ত—ইট্‌স মরফলজী এণ্ড অন্টলজী ।।

৭২। কিংডম অফ প্যারাডাইস ৷৶৹

৭৩। লাইফ এণ্ড প্রিসেপ্টস অফ শ্রীচৈতন্য মহাপ্রভু ।০

৭৪। বেদান্তসূত্র

৭৫। শ্রীমঠ গৌড়ীয়মঠ এণ্ড ইট্‌স ৴০

৭৬। দি ভাগবত ।০

৭৭। ইংরাজী বিশিষ্টাদ্বৈত এণ্ড আবিষ্কার বিজ্ঞান ।০

৭৮। ব্রহ্মসংহিতা ২।০

৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (প্রথম খণ্ড) ১০৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ।০

৮১। সাধন-পথ ।০

৮২। কল্যাণ-কল্পতরু ৶০

৮৩। গীতাবলী ৴০

৮৪। শরণাগতি ৴০

আসামী ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ



দৈনিক নদীয়া-প্রকাশ

একমাত্র পারমার্থিক দৈনিক পত্র

ধাম-শ্রীমায়াপুর-নদীয়া

১৭শ বর্ষ } ১০ মধুসূদন ৪৫৩ গৌরাব্দ, ৩১শে চৈত্র বঙ্গাব্দ ১৩৪৫, ১৩ই এপ্রিল ইং ১৯৩৯, শুক্রবার } ৩১শ সংখ্যা

প্রচার প্রসঙ্গ

রেঙ্গুণে

গত ২০শে মার্চ্চ রেঙ্গুণ গৌড়ীয়মঠের সেবক শ্রীপাদ নন্দদুলাল ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রীজী রেঙ্গুণ বুদ্ধিষ্ট মিসনের ভিক্ষু অরিন্দমের সহিত "আত্মা"র সম্বন্ধে কিছুক্ষণ বাবৎ-আলোচনা করেন। হরিকথা শুনিয়া তিনি পরমানন্দিত হন।

গত ৩০শে মার্চ্চ রেঙ্গুণ ৩২ গলি নিবাসী এম, সি, সাহার গৃহিতে রেঙ্গুণ গৌড়ীয়মঠের সেবকবৃন্দ পাঠ ও কীর্ত্তনাদি করেন। শ্রীমদ্ভাগবত হইতে বলিরাজার উপাখ্যান পাঠ হয়। শ্রীপাদ অনন্তরাম দাসাধিকারীজীর মূলগায়কত্বে কীর্ত্তন হয়। অবশেষে শ্রীপাদ বনবিহারী ব্রজবাসী প্রভু মহামন্ত্র কীর্ত্তন করেন। স্থানীয় ভদ্রমহোদয়গণের গৌড়ীয় মঠের প্রতি সহানুভূতি প্রশংসনীয়।

পাটনায়

শ্রীশ্রীবিশ্ববৈষ্ণবরাজসভার অন্যতম শাখা পাটনা শ্রীগৌড়ীয়মঠে বর্ত্তমান গৌড়ীয়-বৈষ্ণবাচার্য্য শ্রীল আচার্য্যদেবের আনুগত্যে নিয়মিতরূপে পাঠকীর্ত্তনমুখে হরিকথা আলোচিত হইতেছে। সহরের বিভিন্ন স্থানেও ভক্তগণ হরিকথা কীর্ত্তন করিতেছেন। গত ৪ঠা এপ্রিল মঙ্গলবার সন্ধ্যায় শ্রীযুত বাবু হরেন্দ্রনাথ পালিত মহোদয়ের সাদর আহ্বানে মঠবাসী সেবকবৃন্দ তাঁহার গৃহে গমনপূর্ব্বক শ্রীহরিকথা কীর্ত্তন করেন।

শ্রীপাদ পশুপালপঙ্কজদৃক্ দাসাধিকারী ভক্তিপ্রদীপ প্রভু শ্রীচৈতন্যচরিতামৃত হইতে 'অনর্পিতচরীং চিরাৎ' শ্লোকটী বিশেষরূপে ব্যাখ্যা করিয়া সকলের আনন্দবিধান করেন। সভায় বহু শিক্ষিত ভদ্রমহোদয় ও মহিলা উপস্থিত ছিলেন। পাঠের আদি ও অন্তে মহাজন-পদাবলী কীর্ত্তন হয়।

নীলফামারীতে

গত ৩রা এপ্রিল সোমবার সন্ধ্যা ৭ ঘটিকা হইতে নীলফামারীর সর্ব্বধর্ম্ম-সদনে আশ্রমে গৌড়ীয়মঠাচার্য্য ও বিষ্ণুপাদ পরমহংস শ্রীমদ্ অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী মহারাজের আনুগত্যে শ্রীমঠের অন্যতম প্রচারক ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিবিজ্ঞান আশ্রম মহারাজ "শ্রীশ্রীচৈতন্যদেবের অচিন্ত্য-ভেদাভেদ-দর্শন" সম্বন্ধে বক্তৃতা প্রদান করেন। সভার আদিতে গুরু-বৈষ্ণব-বন্দনা ও 'গুর্ব্বষ্টক, পঞ্চতত্ত্ব এবং অন্তে মহাজন-পদাবলী কীর্ত্তন হইয়াছে। হরিকথা শুনিয়া সকলেই আনন্দিত হইয়াছেন।

বক্তৃতায় যে সমস্ত সজ্জন উপস্থিত ছিলেন, তন্মধ্যে কতিপয় ব্যক্তির নাম বিশেষ উল্লেখযোগ্য—

শ্রীযুক্ত সতীশচন্দ্র মুখোপাধ্যায়, শ্রীযুক্ত হরনাথ বিশ্বাস বি-এল, শ্রীযুক্ত রাজেন্দ্রনাথ রায় বি-এল, শ্রীযুক্ত বটকৃষ্ণ কুণ্ডু বি-এল, শ্রীযুক্ত সাতানাথ সাহুলী মোক্তার, শ্রীযুক্ত বিশ্বেশ্বর দাসগুপ্ত, শ্রীযুক্ত আনন্দনাথ গুহ নিয়োগী, শ্রীযুক্ত বসন্তকুমার লাহিড়ী কবিরাজ প্রভৃতি।

পুরীতে

গত ৪ঠা এপ্রিল মঙ্গলবার পুরী শ্রীপুরুষোত্তম-মঠের নাটমন্দিরে মঠসেবক শ্রীপাদ গৌরাঙ্গপ্রভু ব্রহ্মচারীজী শ্রীমদ্ভাগবত প্রথম স্কন্দের প্রথম অধ্যায় পাঠ ও ব্যাখ্যা করেন। তাঁহার পাঠ শ্রবণ করিয়া উপস্থিত শ্রোতৃমণ্ডলী সকলেই আনন্দিত হইয়াছেন। পাঠের আদি ও অন্তে মহাজন-পদাবলী ও মহামন্ত্র কীর্ত্তন হয়।

শ্রীল ভক্তিসুধাকর প্রভুর

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

শ্রীগৌড়ীয়মঠ,
কলিকাতা,
৪।৪।৩৯

শ্রীশ্রীবৈষ্ণবচরণে দণ্ডবৎপ্রণাম পূর্ব্বক নিবেদন,—

• • তোমার ৩০ তারিখের পত্র পাইয়া সমস্ত অবগত হইলাম।

তোমার প্রশ্ন খুব ভাল ও সময়োপযোগী হইয়াছে। সেবার জন্য সেবা করিলে কিরূপে বঞ্চিত হওয়া সম্ভব? অন্য উদ্দেশ্যে সেবার অভিনয় করিলে বৈষ্ণবের সেবা দ্বারা উদ্দেশ্য অনুযায়ী ফল পাওয়া যায়। উহাই প্রকৃত বঞ্চনা। উহা গ্রহণ করিতে নাই। সেবাই গ্রহণ করিতে হয়। ইহা নিষ্কপট ব্যক্তি-মাত্রেই সেবাদ্বারা বুঝিতে পারেন। নিষ্কপট অর্থে—যাঁহারা জ্ঞাতসারে শঠ নহেন। অর্থাৎ মুখে সেবা করেন বলেন, কিন্তু সেবা করিবার কিংবা সেবা কি, তাহা জানিবার উদ্দেশ্য নাই ইহাও তাঁহাদের জানা আছে। এরূপ অবস্থায় কিরূপে সেবালাভ সম্ভব? অনর্থযুক্ত অবস্থায় সেবার স্বরূপ জানিতে পারা যায় না। কিন্তু অনর্থযুক্ত অবস্থায় অনর্থ চাওয়াকে সেবা চাওয়া বলাও উচিত নহে এবং উহা সেবা নহে, ইহা সকলেই অনর্থযুক্ত অবস্থাতেও অনায়াসে বুঝিতে পারেন। দুর্ব্বলতা প্রকৃত বাধা নহে। কপটতাই একমাত্র বাধা। কপট জানিয়া শুনিয়া যাহা সেবা নহে, তাহাই চায় এবং মুখে বলে যে, সে সেবা চায়। সেবা কাহাকে বলে, অবশ্য তাহাও সে জানে না, জানিতে পারে না এবং জানিতে চায় না, অথচ বলে, সে সেবা চায় ও সেবা করে। এইরূপ ব্যক্তির সংখ্যা নিতান্ত কম নহে। সেবা অনেকেরই ভাল লাগে না। কিন্তু ভাল না লাগিলেও কপট হইবার আবশ্যক নাই। এই সব কথা ভালরূপ চিন্তা করিয়া সকলেরই বর্ত্তমান অবস্থার বিশেষ সাবধান হওয়া আবশ্যক। যেন ইচ্ছাপূর্ব্বক সেবা ভিন্ন অন্য কিছু চাওয়ার প্রবৃত্তি প্রবল না হয়। শ্রীল প্রভুপাদের আনুগত্যই একমাত্র প্রার্থনার বস্তু হউক।

আমার দণ্ডবৎ-প্রণাম গ্রহণ করিবা। ইতি

দাসাধম –
শ্রীনারায়ণদাস অধিকারী

"শ্রীভগবান্ আমাদের মঙ্গলের জন্য সকল বিধান করিয়া থাকেন—ইহা বিশ্বাস করি। নাস্তিকেরা কখনই জগতে প্রতিষ্ঠা লাভ করিতে পারে না। দিনকতক তাহারা লাফালাফি করিয়া পরিশেষে দৈব শাসনে ঠাণ্ডা হইয়া যায়। সমস্তই ঈশ্বরের ইচ্ছা।"

(শ্রীল প্রভুপাদ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

১০ মধুসূদন দাস গঙ্গোপাধ্যায় গৌরাব্দ ৪৫৩

দুঃসঙ্গ-বর্জ্জন

—::(০)::—

শ্রীল কবিরাজ গোস্বামীর পরম উপদেশ যদি কৃষ্ণপ্রেমধন লাভ করিতে হইলে যেমন সাধুসঙ্গ গ্রহণ একান্ত আবশ্যক, তেমনি দুঃসঙ্গ-বর্জ্জনও বিশেষ প্রয়োজন; তাহা না হইলে কখনও কৃষ্ণভক্তি লাভ করা যায় না। সমস্ত শাস্ত্র এবং মহাজনগণ একবাক্যে এই কথার সমর্থন করিয়াছেন।

নোঙ্গর না তুলিয়া সারারাত নৌকা চালাইলেও যেরূপ সেই নৌকা কিঞ্চিন্মাত্রও অগ্রসর হয় না, বরং পণ্ডশ্রমমাত্র হয়, তদ্রূপ দুঃসঙ্গ-বর্জ্জন না করিয়া দশপ্রহর বা চৌষট্টি প্রহর চেঁচাইলেও, নাম মালায় অনবরত নাম-গ্রহণ বা অন্য সাধন অনুষ্ঠান করিলেও ভজন-পথে কিছুমাত্র অগ্রসর হওয়া যায় না, বরং পিছুহটা হয়। এইজন্যই শ্রীল কবিরাজ গোস্বামী প্রভু বলিয়াছেন,—

বহু জন্ম করে যদি শ্রবণ কীর্ত্তন।
তথাপি না পায় কৃষ্ণপদে প্রেমধন॥
(চৈঃ চঃ আঃ ৮ম পঃ)

শ্রীল কবিরাজ গোস্বামী প্রভু শ্রীচৈতন্য চরিতামৃতের প্রারম্ভে ভাগবতীয় শ্লোক উদ্ধার করিয়াও দুঃসঙ্গ বর্জ্জনের উপদেশ দিয়াছেন—

ততো দুঃসঙ্গমুৎসৃজ্য সৎসু সজ্জেত
বুদ্ধিমান্।
সন্ত এবাস্য ছিন্দন্তি মনোব্যাসঙ্গমুক্তিভিঃ॥
(ভাঃ ১১।২৬।২৬)

এই শ্লোকটীতে তিনটী মূল্যবান্ কথা আছে আমরা দেখিতে পাই—(১) দুঃসঙ্গ-বর্জ্জন, (২) সৎসঙ্গগ্রহণ ও (৩) সাধুর লক্ষণ। বুদ্ধিমান্ ব্যক্তি যদি বিচারজ্ঞ হন, তবে সর্ব্বপ্রযত্নে দুঃসঙ্গবর্জ্জনপূর্ব্বক অনুক্ষণ সাধুসঙ্গ করিবেন; কারণ, সাধুগণের কৃত্য এই যে, তাঁহারা সর্ব্বক্ষণ বিষয়াসক্ত জীবগণের বিষয়বাসনারূপ বন্ধনগুলিকে শাস্ত্রযুক্তিরূপ শাণিত অস্ত্রদ্বারা ছেদন করিয়া সম্বন্ধ জ্ঞানের উদয় করাইয়া দেন।

সাধারণ জীব মনে করেন,—ভোগে সুখ নাই, সুখ যদি থাকে, তবে কামিনী-কাঞ্চন-ত্যাগে। ঐ বৃক্ষতলবাসী কৌপীনধারী মহাত্মা বেদান্তবাক্যে সদা মগ্ন থাকিতে থাকিতে বলিতেছেন—"অহং ব্রহ্মাস্মি এবং সোহহমস্মি" বা "শিবোহহং শিবোহহং", তিনিই সুখী; সুতরাং উঁহার পদাঙ্ক যদি যথাসাধ্য গ্রহণ করিয়া খুটাইতে পারি, তবেই সুখী হইতে পারিব। এই ভাবিয়া অজ্ঞানান্ধ জীব এক প্রকার অবিদ্যার হস্ত হইতে নিষ্কৃতি পাইতে গিয়া অন্য প্রকার অবিদ্যার হস্তে পড়িয়া কখনই না জানিয়া ভোগ করিতেছেন। হায়! হায়! তাঁহারা জানেন না যে—

'দুঃসঙ্গ' কহিয়ে 'কৈতব', 'আত্মবঞ্চনা'।
কৃষ্ণ, কৃষ্ণভক্তি বিনা অন্য কামনা॥
(চৈঃ চঃ ম ২৪।৯৮)

কৃষ্ণসেবা ব্যতীত অন্য কামনাই দুঃসঙ্গ। যোষিৎ সঙ্গ, সাধুসঙ্গ পরিত্যাগ কালে সকল লাভ সম্ভব; কিন্তু মন্ত্রদাতা যে আত্মবঞ্চনারূপ কপটতা করিয়া প্রচ্ছন্ন ভোগের আবাহন করেন, তাহা আরও ভয়ানক নিন্দনীয়। তাই শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর গাহিয়াছেন,—

নিবৃত্তি জগতে যবে সাধুসঙ্গ পায়
অনায়াসে লভে ভক্তি ভক্তের কৃপায়॥
মায়াবাদ দোষ যার হৃদয়ে পশিল।
কুতর্কে হৃদয় তার বজ্রসম ভেল॥
নিন্দ তার কৃষ্ণসেবা শ্রবণ কীর্ত্তন।
কৃষ্ণ-অঙ্গে বজ্র হানে তাহার স্তবন॥

অতএব আত্মমঙ্গলকামী ব্যক্তির পক্ষে দুঃসঙ্গ বর্জ্জন করিয়া সৎসঙ্গ গ্রহণ করা আবশ্যক। দুঃসঙ্গ-বর্জ্জনের সঙ্গে সঙ্গে সৎসঙ্গ গ্রহণ প্রয়োজনের কথা নহে। কৃষ্ণসেবার প্রতিকূল বর্জ্জনই দুঃসঙ্গ বর্জ্জন, আর কৃষ্ণসেবার অনুকূল গ্রহণই সৎসঙ্গ গ্রহণ। নির্ব্বিশেষবাদিগণ—মায়াবাদিগণ ইহা বুঝিতে না পারিয়া কৃষ্ণসেবার অনুকূল বিষয়গুলিকেও মায়িক বুঝিয়া ত্যাগ করিয়া থাকে। এইজন্যই তাহাদের ত্যাগকে ফল্গুত্যাগ বলে। তাহারা যে দুঃসঙ্গ ত্যাগ করিতে গিয়া

"করি নীরে বাস, গেল না পিয়াস"

(শ্রীপাদ মুকুন্দমাধব ব্রহ্মচারী)

আমি অনাদিকাল কৃষ্ণবহির্ম্মুখ হইয়া কভু স্বর্গে, কভু নরকে এবং কত কীট, পতঙ্গ, পশু, পক্ষী প্রভৃতি যোনিতে পরিভ্রমণ করিয়া ভজনের অনুকূল সুদুর্ল্লভ নরতনু লাভ করিয়াছি। কতবার মাতৃগর্ভে প্রবেশ করিয়া অশেষ যন্ত্রণা ভোগ করিয়াছি—কতবার জরা-শোক-মোহাদি ও ত্রিতাপে দগ্ধীভূত হইয়াছি, তাহার ইয়ত্তা নাই। মাতা-পিতা প্রভৃতি আত্মীয়স্বজন অনেকবার লাভ করিয়া তাঁহাদের প্রীতি অর্জ্জন করিবার জন্য আপ্রাণ চেষ্টা করিয়াছি; তাহাতে আমার কত বাধা-বিঘ্ন উপস্থিত হইয়াছে, কিন্তু আমি তাহার প্রতি ভ্রূক্ষেপ করি নাই।

ক্ষণিক সুখের জন্য ইন্দ্রিয়গণের চির-গোলামের ন্যায় কত দুষ্ট-আদেশ পালন করিলাম, কিন্তু তাহাতে আকাঙ্ক্ষা ত' মিটিল না, বরং আরও দিন দিন বৃদ্ধি পাইতে চলিল। ষড়্‌বেগ ও ষড়্‌দোষ আমাকে সর্ব্বদা সংসার সমুদ্রে হাবুডুবু খাওয়াইতেছে; তাহাদের হস্ত হইতে উদ্ধারের আর কোন উপায় নাই দেখিয়া, অন্য কোন আশ্রয় না পাইয়া, শ্রীগুরুপাদপদ্মের সুশীতল ছায়ায় আশ্রয় গ্রহণ করিতে আসিয়াছি। আমার শ্রদ্ধা নাই, ভক্তি নাই বা কোন যোগ্যতাও

অপর দুঃসঙ্গের কবলে পতিত হয়। কিন্তু শুদ্ধভক্তগণ— বৈষ্ণবগণ শ্রীহরি-গুরু-বৈষ্ণব সেবার প্রতিকূল বিষয়কেই দুঃসঙ্গ জ্ঞানে ত্যাগ করেন এবং শ্রীহরি গুরু-বৈষ্ণব-সেবার অনুকূল বিষয়কে সৎসঙ্গ বলিয়া গ্রহণ করিয়া থাকেন। সর্ব্বেন্দ্রিয় ও সর্ব্ব বিষয়ের দ্বারা সর্ব্বক্ষণ সর্ব্বেশ্বরেশ্বর শ্রীহরির ইন্দ্রিয়তৃপ্তি বিধানই তাঁহাদের একমাত্র কৃত্য। যে কামিনী কাঞ্চন প্রতিষ্ঠা প্রভৃতি নির্ব্বিশেষ-বাদীর অস্পৃশ্য বিচারে ত্যাগের বস্তু, হরি-সেবকের অধোক্ষজ সেবার নিকট তাহাই ভগবৎসেবার উপকরণ। সুতরাং যাহা কল্পত্যাগীর নিকট দুঃসঙ্গ জ্ঞানে ত্যাজ্য বস্তু, তাহা আমার শ্রীহরি-গুরু বৈষ্ণব সেবকের নিকট ভগবৎসম্বন্ধি পূজ্যবস্তু। তাঁহারা সর্ব্বক্ষণ বলেন,—

"আসক্তি রহিত, সম্বন্ধ-সহিত,
বিষয়-সমূহ সকলি মাধব।
কামিনীর কাম, নহে তব ধাম,
তাহার মালিক কেবল যাদব॥"

নাই। আমি সর্ব্বপ্রকারে নিকৃষ্ট। কিন্তু শুনিয়াছি—শ্রীগুরুদেব পরমদয়াল অবতার, অধম পতিতজনের নিত্যবান্ধব। তাহাই আমার একমাত্র ভরসা।

শ্রীগুরুদেব আমাকে শ্রীচরণে স্থান দিয়া অযাচিত কৃপা বিতরণ করিতেছেন সত্য, কিন্তু আমি তাহা বরণ করিলাম কৈ? গুরু-গৃহ বা মঠ গুরুসেবকের নিকট নিত্য নিরাপদ ও পরমানন্দদায়ক স্থান। ধর্ম্মার্থকামী বা ভোগী-সম্প্রদায় ও মুক্তাভিমানী ত্যাগী-সম্প্রদায় যে অনিত্য সুখের জন্য বহুবর্ষ পর্য্যন্ত নানাপ্রকার কৃচ্ছ্রসাধন করে, সে সুখ মঠাশ্রিত গুরুসেবকের সেবা করিতে সর্ব্বদা সম্মুখে প্রতীক্ষা করে। কিন্তু তিনি উহার প্রতি আসক্ত না হইয়া গুরুসেবানন্দে সর্ব্বদা মগ্ন থাকেন। আমার এমনি দুর্দ্দৈব যে, আমি সেই স্থানে বাস (?) করিয়াও চাতকের ন্যায় "জল দেও, জল দেও" করিতেছি, পিপাসা মিটিতেছে না।

বৈষ্ণবের নিকট অবস্থান (?) করিয়া প্রাকৃত বিচারে তাঁহাদের সঙ্গ করিতে গিয়া আত্মমঙ্গলের পরিবর্ত্তে প্রধান ও প্রথম অপরাধ সাধুনিন্দার ফলে কুম্ভীপাক নরকের পথ পরিষ্কার করিয়া রাখিতেছি। বৈষ্ণবগণ সর্ব্বদা শ্রীহরির সেবায় নিযুক্ত আছেন; কিন্তু অনর্থযুক্ত আমি অপণ্ডিত, অমলচরিত বৈষ্ণব-ঠাকুরের নানাপ্রকার দোষ দর্শন করিয়া হরিভজন হইতে বহু দূরে অবস্থান করিতেছি। আমার এমনি নষ্টবুদ্ধি প্রভাব যে, তথাপিও নিজেকে বৈষ্ণব বলিয়া অভিমান করিতেছি। সুতরাং যদিও বাহ্যিক দৃষ্টিতে আমি মঠে সাধুসঙ্গে বাস করিতেছি, তথাপি বস্তুতঃ আমি নরকেই আছি। প্রাকৃত-বিচারে এক স্থানে বাস করিলেও বৈষ্ণবগণ বৃন্দাবনে সর্ব্বদা কৃষ্ণসেবা করিতেছেন, আর আমি নরকে বিষ্ঠার মধ্যে হাবুডুবু খাইতেছি।

আমি কি হরিভজন করিতে চাই? যদি চাইতাম, তবে নিশ্চয়ই বিপুল উৎসাহে গুরুবৈষ্ণবের সেবা করিতাম, যাহার সংসার প্রতিপালন করিবার জন্য অর্থের বিশেষ প্রয়োজন হয়, তাহার অপরের দাসত্ব করিতেও কুণ্ঠাবোধ হয় না। সেইরূপ আমার যদি পরমার্থলাভের বিশেষ প্রয়োজন বোধ হইত, তবে শ্রীগুরুপাদপদ্মে সর্ব্বাত্ম-সমর্পণপূর্ব্বক তাঁহার নিত্য দাসত্ব করিতে পরাঙ্মুখ হইতাম না। তাই গুরুদেবে রতি না হওয়ায় প্রকৃত সেবা লাভ করিতে পারিতেছি না।

কিরূপে পাইব সেবা মুই দুরাচার।
শ্রীগুরুবৈষ্ণবে রতি না হৈল আমার॥

মহৎকৃপা বিনা কোন কর্ম্মে ভক্তি নয়। কৃষ্ণভক্তি দূরে রহু সংসার নহে ক্ষয়॥

মহাপ্রসাদকে অন্নব্যঞ্জনের খাদ্যদ্রব্য-বিশেষ, গোবিন্দকে প্রাকৃতজ্ঞান, নাম-ব্রহ্মকে শব্দ-সামান্যবুদ্ধি, বৈষ্ণবকে জন্মমরণশীল জীব বিশেষ বলিয়া যখন দর্শন হইতেছে, তখন আমি যে একটা দুরন্ত পাষণ্ডী, ইহাতে আর সন্দেহ কি? কিন্তু গুরুবৈষ্ণব আমা ভাবি-মঙ্গলের জন্য উৎসাহ প্রদান করিতেছেন দেখিয়া "যোগ্যতা বিচারে, কিছু নাহি পাই" এই শাস্ত্রবাক্য বিস্মৃত হইয়া নিজেকে 'বৈষ্ণব' বলিয়া অভিমান করিয়া নিজেই বঞ্চিত হইতেছি।

আমি ত' বৈষ্ণব,   এ বুদ্ধি হইলে
অমানী না হ'ব আমি।
প্রতিষ্ঠাশা আসি,   হৃদয় দূষিবে
হইব নিরয়গামী॥

মঠকে (?) ভোগের একটা আড্ডাখানা মনে করিয়া, হরিকথা শ্রবণ-কীর্ত্তন বাদ দিয়া আমি আহার নিদ্রাতে খুব প্রবল হইয়াছি। গুরুবৈষ্ণবের আনুগত্য ছাড়িয়া নিজের খাম-খেয়ালীর কার্য্যকে সেবা বলিয়া জানিয়া লইয়াছি। তাই আমি সেবা বঞ্চিত।

আমরা বিভিন্ন স্থান হইতে হরিভজন করিতে একস্থানে মিলিত হইয়াছি সত্য, কিন্তু বর্ত্তমানে তাহা বিস্মৃত হইয়া বাহিক প্রীতির ভাব দেখাইয়াও পরস্পর পরস্পরের প্রতি শত্রুতা করিয়া নূতন কাঁথা বিবাদময় সংসার পত্তন করিয়া লইয়াছি। মঠের যাবতীয় বস্তুকে সেবার উপকরণ না বুঝিয়া নিজের ভোগ্য বলিয়া তাহাতে আসক্ত হইয়া পড়িয়াছি। সুতরাং আমার মঠে বাস করা ত' বহু দূরের কথা, এখনও মঠ দর্শনই হয় নাই।

হরিভজন করিতে আসিয়া কপটতার জন্যই বঞ্চিত হইয়া গেলাম। হৃদয়ের যাবতীয় সন্দেহ বৈষ্ণব-চরণে জানানের পরিবর্ত্তে গোপন করিয়া রাখি—যাহাতে তাঁহারা আমাকে শাসন না করেন—অর্থাৎ আমি শাসিত হইতে চাই না। কিন্তু মূঢ় মন্দমতি আমি বুঝিলাম না যে ইহাতে নিজের শিরে নিজেই কুঠারাঘাত করিলাম। হায় কবে আমি—

দন্তে বস্ত্র কৃতাঞ্জলি বৈষ্ণব নিকটে।
দন্তে তৃণ ধরি দাঁড়াইব নিষ্কপটে॥
কাঁদিয়া কাঁদিয়া জানাইব দুঃখগ্রাম।
সংসার-অনল হৈতে মাগিব বিশ্রাম॥

আমার নিষ্কপট প্রার্থনা শ্রবণ করি দয়ার সাগর বৈষ্ণবঠাকুর পরমকরুণাময় হবে নিশ্চই আমায় জন্য কৃপা বাঞ্ছা করিবেন নিজ প্রিয়জনের প্রার্থনা শ্রবণ করিয়া ভগবান্ নিশ্চয়ই আমার প্রতি সদয় হইবেন। সুতরাং বুঝিলাম, বৈষ্ণবের কৃপা—গুরু-কৃপা বিনা কখনও কৃষ্ণ-কৃপা পাওয়া যায় না।

মহাজনগণ মাদৃশ বদ্ধজীবের মঙ্গলের জন্য যে-সমস্ত প্রার্থনা-পংক্তি লিপিবদ্ধ করিয়াছেন, তাহা নিষ্কপটে, আর্ত্তির সহিত একাগ্রচিত্তে অনুকীর্ত্তন করিতে পারিতেছি না; সুতরাং সেই প্রার্থনা গুরুবৈষ্ণবগণ শ্রবণ করিতেছেন না। তাই আমার মঙ্গলও হইতেছে না।

আমার মঙ্গল হইতেছে না—ইহার জন্য অন্য কেহ দায়ী নয়—সমস্ত দোষ আমারই। গুরুবৈষ্ণবগণ আমার নিত্যমঙ্গলের জন্য সর্ব্বদা সাধুসঙ্গে হরিকথামুখে ভজনের যত প্রকার সুযোগ প্রদান করিয়াছেন, তাহা অন্য কোন যুগে কোন আচার্য্যও দেন নাই।

গোরা পঁহু না ভজিয়া মৈনু।
প্রেমরতনধন হেলায় হারাইনু॥
অধনে যতন করি' ধন তেয়াগিনু।
আপন করমদোষে আপনি ডুবিনু॥
সৎসঙ্গ ছাড়ি' কৈনু অসতে বিলাস
তেকারণে লাগিল যে কর্ম্মবন্ধ-ফাঁস
বিষয় বিষম বিষ সতত খাইনু।
গৌরকীর্ত্তনরসে মগন না হৈনু॥

পতিতপাবন শ্রীগুরুদেব—পরমারাধ্যতম শ্রীশ্রীল আচার্য্যদেব অযাচিত কৃপাপূর্ব্বক আমাকে সংসার-বিষ্ঠাগর্ত্ত হইতে উদ্ধার করিয়া সর্ব্বক্ষণ হরি কীর্ত্তন-মুখরিত শ্রীমঠে আশ্রয় বিগ্রহের আনুগত্যে বিষয়বিগ্রহের সেবার অপূর্ব্ব সুযোগ দিয়াছেন সত্য, কিন্তু নিজদোষে যে সুযোগ গ্রহণ করিতেছি না! তাই বড় দুঃখেই বলিতেছি—

"নদী নীরে বাস,   গেল না পিয়াস
আপন করম দোষে॥"

কবে আমার দৃঢ়বিশ্বাস হইবে—পরম করুণাময় জগদ্গুরু শ্রীশ্রীল আচার্য্যদেব আমার একমাত্র পালক, রক্ষক ও আশ্রয় এবং তাঁহার শ্রীচরণসেবা বিনা আমার আর গতি নাই।

"কবে হবে বল সেদিন আমার।
কবে নিত্যানন্দ   মোরে করি দয়া
ছাড়াইবে মোর বিষয়ের মায়া।
দিয়া মোরে নিজ-   চরণের ছায়া
নামের হাটেতে দিবেন অধিকার॥"

শ্রীশ্রীল আচার্য্যদেব ও রায়বাহাদুর মদনগোপাল সার্দ্দানা

সার্দ্দানা সাহেব—নির্জ্জনস্থানে বসিয়া হরিনাম করা কি বৈষ্ণবধর্ম্মের অনুমোদিত পথ নহে?

আচার্য্যদেব—যখন দুর্ভাগ্যক্রমে আমরা সাধু দেখিতে পাই না, তখন বহির্মুখ জনসঙ্গ অপেক্ষা নির্জ্জনে হরিনাম গ্রহণ করিবার বিধি দেখা যায়। বস্তুতঃ অকপট সাধুর সঙ্গই প্রকৃত নির্জ্জনতা।

সার্দ্দানা সাঃ—আমরা ত' প্রকৃত সাধু পাই না।

আচার্য্যদেব—আপনাকে প্রকৃত সাধুর অনুসন্ধান করিতে হইবে। এ বিষয়ে অলস বা উদাসীন হইলে চলিবে না। প্রকৃত সাধুর সন্ধানের জন্য সর্ব্বপ্রকারে চেষ্টা করিতে হইবে। আপনার সন্ধানে ও ভগবানের প্রতি নিষ্কপট আর্ত্তি ও শ্রদ্ধা থাকিলে কৃষ্ণ কৃপায় প্রকৃত সাধুর দর্শন মিলিবেই।

সার্দ্দানা সাঃ—প্রকৃত সাধু পাইলেও আমাদের ন্যায় সংসারী লোকের সেরূপ সাধুসঙ্গ করিবার সময় কোথায়?

আচার্য্যদেব—আপনি নশ্বর পরিবারবর্গের পোষণের জন্য এতটা সময় ও শক্তি নিয়োগ করিতে পারেন, আর আপনার আত্মার ও আত্মসম্বন্ধী আত্মীয়গণের নিত্য-মঙ্গলার্থ সাধুসঙ্গের সময় নাই, এইরূপ বিচার উপস্থিত হইলে তাহা বড়ই দুর্ভাগ্যের কথা। সাধুসঙ্গের জন্যই সংসার বা দেহযাত্রা নির্ব্বাহের আবশ্যকতা আছে; নতুবা উহাদের কিছুরই আবশ্যকতা নাই। যে উদ্দেশ্যের জন্য সংসার, সেই মূল উদ্দেশ্যটী পরিত্যাগ করিয়া সংসার-প্রবৃত্তি যে পশু প্রবৃত্তি হইতেও হীন!

সার্দ্দানা সাঃ—ভাল হইলে যখন আমরা হরিনাম গ্রহণ করি, তখন কি একাকী থাকিব না?

আচার্য্যদেব কিছুতেই একাকী থাকি হইবে না। নিজাপেক্ষা শ্রেষ্ঠ অকপট বৈষ্ণবের সঙ্গে থাকিয়া হরিনাম করিতে হইবে; শ্রীহরিনামের কৃপা প্রার্থনা করিতে হইবে। যদি নিষ্কপট সাধুর অভাব হয় তবে শ্রীহরিনামের নিকট এইরূপ প্রার্থনা করিতে হইবে যে, যেন শুদ্ধ নামাচার্য্য অর্থাৎ শুদ্ধনামপরায়ণ প্রকৃত বৈষ্ণবের সঙ্গ লাভ হয়। শ্রীনাম প্রভুর নিকট সকাতরে প্রার্থনা জানাইলে তিনি প্রকৃত সাধু প্রদর্শন করিবেন এবং সাধুসঙ্গে থাকিয়া নাম গ্রহণ সেবা করিবার যোগ্যতা ও বল প্রদান করিবেন।

সার্দ্দানা সাঃ—যখন সাধুসঙ্গ পাই, তখন কি করিব?

আচার্য্যদেব—তখন সাধুর নিকট অকপটে আত্মসমর্পণ পরিপ্রশ্ন করিবেন এবং তিনি যাহা কীর্ত্তন করেন, তাহা সেবোন্মুখ কর্ণের দ্বারা গ্রহণ (অর্থাৎ শ্রবণ) করিয়া তদনুরূপ জীবন যাপন করিবেন। ইহারই নাম 'সাধুসঙ্গ'।

সার্দ্দানা সাঃ—আমি যদি সাধুর সঙ্গে হরিকথায় একটা সময় দান করি, তবে নির্দ্দিষ্ট একান্ত হরিনাম করিবার সময় পাইব কিরূপে?

আচার্য্যদেব—হরিকথা ও হরিনাম একই বস্তু। যিনি হরিকথা কীর্ত্তন বা শ্রবণ করেন, তিনি হরিনাম করেন না, এরূপ জড় ও পশুপ্রাকৃত বিচার করিবেন না। তবে নির্জ্জনভাবে যে হরিনাম গ্রহণ করা যায়, তাহা যদি হরিসেবায় বা হরিকার্য্যে নিযুক্ত থাকাকালে সম্পূর্ণ না হয়, তাহা হইলে অন্যান্য লৌকিক কার্য্য—যেমন নিদ্রাদির সঙ্কোচ করিয়া হরিনাম করিতে পারেন।

সার্দ্দানা সাঃ—সেইরূপভাবে যে হরিনাম-গ্রহণ, তাহা ত' একাকীই করিতে হইবে; নতুবা কিরূপে নির্ব্বন্ধ রক্ষা হইবে?

আচার্য্যদেব—পূর্ব্বেই ত' বার বার বলিয়াছি—নিজাপেক্ষা শ্রেষ্ঠ ও নামপরায়ণ সাধুর সান্নিধ্য না ঘটিলে অগত্যা একাকী দুঃসঙ্গ বা নামাপরাধ পরিত্যাগে যত্নবান্ হইয়া নৈরন্তর্য্যে শ্রীনাম করিবেন। সাধুর মুখে হরিকথা ও হরিনাম-মাহাত্ম্য শুনিতে শুনিতে, হরিনামের আদর করিতে করিতে শ্রীনাম গ্রহণ করিতে হইবে

(ক্রমশঃ

শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী

পারমার্থ সম্পুটের রত্নরাজি

ভিক্ষা :— ১ম খণ্ড ৮০; ২য় খণ্ড ১৲, ৩য় খণ্ড ৮০; ৪র্থ খণ্ড —৮০ আনা

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্য মঠ
শ্রীধাম-মায়াপুর, নদীয়া

সাধসঙ্গ সাধুসঙ্গ সম্বন্ধে কথা। নবম্বীপ সাধুসঙ্গ সম্বন্ধে কথা

শুদ্ধভক্তি-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠ শ্রীধাম

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীমন্মহাপ্রভুর জন্মস্থলের অদূরে শ্রীচৈতন্যমঠ, গৌড়ীয়
মঠ, শ্রীশ্রীরাধাকৃষ্ণ শ্রীগৌর গোপাল আচার্য্য
চতুষ্টয় বিগ্রহ আছেন। উপাসিন এই
[illegible]

(২) শ্রীগৌড়ীয়মঠ

১৬নং কালী গঙ্গার চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার,
কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৩১১৫
কলিকাতায় শ্রীভক্তিবিনোদ-আসনে
প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, কীর্ত্তন,
প্রত্যাহচতুষ্টয় সেবার শ্রীমদ্ভাগবতাদি গ্রন্থ
গুরুর সম্যক আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র
ও হারমণি পাক্ষিক ইংরেজী পত্র
প্রকাশিত হয়।

(৩) যোগপীঠ-মায়াপুর-শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা
শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব ভূমি যোগপীঠ।

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং
টোল ছিল।

(৬) মুরারিগুপ্তের পাট

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৭) কাজি-সমাধি-পাট

প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর
সমাধি।

(৮) অন্তর্দ্বীপ-শ্রীমায়াপুর

শ্রীধাম মায়াপুর

(৯) আনন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ
ঠাকুরের সমাধি, শ্রীগৌর গদাধর ও
শ্রীরাধাগোবিন্দের সেবা বর্ত্তমান।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত
শ্রীগৌরগদাধর-সেবা।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ জাহ্নগর (বর্দ্ধমান)

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মামগাছি, পোঃ জাহ্নগর, (বর্দ্ধমান)
শ্রীবাসাবতার ঠাকুর বৃন্দাবনের স্থান

(১৩) ঋতুদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(১৪) জহ্নুদেব-গৌড়ীয়মঠালয়

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ

গৌড়পুর, নদীয়া

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ

মাজিদা -(শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৭) কুঞ্জকুটীর

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

(২০) মহেশ-পণ্ডিতের পাট

কাঠালপাড়া, পোঃ চাকদা (নদীয়া)

(২১) রাণাঘাট গৌড়ীয়মঠালয়

(২২) পুরী গৌড়ীয়মঠ

চাঁদন পরগণা

(২৩) মাধ্বগৌড়ীয় মঠ

নারিন্দা পোঃ ওয়ারি, ঢাকা।
পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র।

(২৪) গোপালজীমঠ

কমলাপুর, পোঃ ঢাকা

(২৫) গদাই-গৌরাঙ্গ মঠ

পোঃ বালিয়াটি, (ঢাকা)

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

নতুনবাজার, পোঃ ময়মনসিংহ

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চক্চকা, কামরূপ (আসাম)

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

৩নং পাগলা ঝোড়া, দার্জ্জিলিং

(৩০) সারঙ্গ-গৌড়ীয়মঠ

পোঃ দাঁতন, জেঃ মেদিনীপুর, বি, এন, আর

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

[illegible] বাঁকীপুর পাটনা)

(৩২) গয়া গৌড়ীয়মঠ

[illegible] রোড, গয়া

(৩৩) মন্দার গৌড়ীয় মঠ

[illegible]

(৩৪) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

(৩৫) সনাতন মঠ

পোঃ মির্জাপুর, সীতাপুর (ইউ পি)

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়

বিশ্রামঘাট, পোঃ মথুরা

(৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্য মঠপীঠ

কিশোরপুর, বৃন্দাবন

(৩৯) ব্রজস্বানন্দ-সুখদকুঞ্জ

পোঃ রাধাকুণ্ড, মথুরা

(৪০) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪১) রাধাকুণ্ড গোবর্দ্ধন

(৪২) শ্রীগোবর্দ্ধনমঠালয়

গোবর্দ্ধন, মথুরা

(৪৩) সঙ্কেত বিহারী মঠ

বর্ষাণা, মথুরা।

(৪৪) নন্দগ্রাম গৌড়ীয়মঠালয়

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৫) বর্ষাণা গৌড়ীয়মঠালয়

পোঃ বর্ষাণা, মথুরা

(৪৬) গোকুলবিহারী মঠ—

পোঃ [illegible], জেলা [illegible] (পাঞ্জাব)

(৪৭) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

(৪৮) দিল্লী গৌড়ীয় মঠ

১১নং [illegible] রোড, নিউ দিল্লী,

(৪৯) বোম্বে গৌড়ীয়মঠ

[illegible] রোড, [illegible] বোম্বে ৭

(৫০) রাজপুত-গৌড়ীয়মঠ

পোঃ রামনগর, মাদ্রাজ
শ্রীশ্রীরাধাগোবিন্দবিগ্রহের সেবা

(৫১) মাদ্রাজ গৌড়ীয়মঠ

পোঃ [illegible], [illegible] (মাদ্রাজ)
শ্রীশ্রীরাধাকৃষ্ণ-বিগ্রহের সেবা

(৫২) বঙ্গগৌড়ীয়মঠ

[illegible], পোঃ [illegible], (পুরী)

(৫৩) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত পোঃ পুরী, উড়িষ্যা

(৫৪) ভক্তিকুটী—স্বর্গদ্বার পুরী

(৫৫) গোপালকুটী

(৫৬) শ্রীসচ্চিদ্-গৌড়ীয়মঠ

পোঃ [illegible], পুরী

(৫৭) [illegible] মঠ

[illegible], পোঃ [illegible] (উড়িষ্যা)

(৫৮) [illegible] গৌড়ীয়মঠপীঠ

(৫৯) শ্রীব্রহ্মমাধ্বগৌড়ীয়-[illegible]

পোঃ [illegible], পাঞ্জাব

(৬০) [illegible] মঠ

চিরুলিয়া, পোঃ [illegible], মেদিনীপুর

(৬১) [illegible] গৌড়ীয়মঠ

পোঃ [illegible], মেদিনীপুর

(৬২) [illegible] প্রপন্নাশ্রম মঠ

পোঃ [illegible] (বর্দ্ধমান)

(৬৩) চৈতন্যগৌড়ীয়মঠ

[illegible], পোঃ [illegible], ([illegible])

(৬৪) [illegible] গৌড়ীয়মঠ

৭০১ নং [illegible] ষ্ট্রীট, [illegible]

(৬৫) [illegible] গৌড়ীয়মঠ

ফ্ল্যাট নং ৫
৩১, [illegible] রোড
[illegible]

(৬৬) গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

১৩।১, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা

(৬৭) গৌড়ীয়মঠ অফিস

[illegible] রোড, [illegible] (ইউ-পি)

(৬৮) শ্রীবিদ্যানিধি গৌড়ীয়মঠালয়

নন্দনকানন, চট্টগ্রাম

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীমহানন্দ ব্রহ্মচারী ভক্তালোক, ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

[illegible]

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায়		বিজ্ঞাপনের পৃষ্ঠায়	
	১ম ও দিনের জন্য	পরবর্তী দিনের জন্য	১ম ও দিনের জন্য	পরবর্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	।০	৶০	।৶০	
" " ইঞ্চি	২৲		১।০	১৲
সিকিকলম	৫৲			৬৲
" অর্দ্ধকলম	৮৲		৬৲	৫৲
এক কলম	১২৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে হার

প্রতিমাসে প্রতি ইঞ্চি ৬	৪।০
" সিকি কলম ১৫৲	১২৲
" অর্দ্ধকলম ২৫৲	২০৲
" এক কলম ৫০৲	৪০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৸০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা [illegible] বিশেষ সংখ্যার [illegible] স্বতন্ত্র।

শ্রীধাম-মায়াপুরে

—:০:—

—"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট"—

—::০::—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

[illegible] বিদ্যালয় ও বোর্ডিং [illegible] । [illegible] ও স্বাস্থ্যকর। বিদেশী ছাত্রগণের জন্য [illegible] সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে খাওয়া ও [illegible] প্রতি মাসে মাত্র ৬৲ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন্ পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিয়াছে। বর্ত্তমান বর্ষে [illegible] জন বালকের মধ্যে ১৫ জন ভালভাবে উত্তীর্ণ হইয়াছে।

মেধাবী ছাত্রগণের আরও সুবিধা

পরীক্ষায় যাহারা শতকরা ৭৫ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর [illegible] বিদেশী বালকগণকে বিনা খরচে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট, শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক-সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা [illegible] আলোচিত হইয়াছে। এই এক অপূর্ব্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

শ্রীচৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত [illegible] সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ [illegible] শ্রীমৎ [illegible] তীর্থ মহারাজ লিখিত ইহার ভিক্ষা মাত্র ১৲ টাকা। প্রাপ্তিস্থান শ্রীযুক্ত [illegible], শ্রীযোগপীঠ, [illegible], পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীসরস্বতী-সংলাপ

প্রথম খণ্ড

শ্রীশ্রীব্রহ্মমাধ্ব গৌড়ীয় [illegible] প্রতিষ্ঠ ১০৮শ্রী শ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামি-প্রভুপাদ [illegible] ও [illegible] যে-সকল [illegible] কীর্ত্তন করিয়াছেন, যাহা তাঁহার প্রকটকালেই 'গৌড়ীয়' সম্পাদক [illegible] বিদ্যাবিনোদ বি-এ প্রভুপাদেরই শ্রীচরণে সংশোধিত [illegible] 'গৌড়ীয়'-এ প্রকাশিত হইয়াছে, তাহা "শ্রীশ্রীসরস্বতী-সংলাপ" [illegible] শ্রীল প্রভুপাদের 'বক্তৃতাবলী' ও 'পত্রাবলী' আকারে [illegible] । বর্ত্তমানে শ্রীল প্রভুপাদের [illegible] বিরহ [illegible] প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছেন। [illegible] সমস্যা ও কঠিন প্রশ্নের সমাধান ইহাতে পাওয়া যাইবে। [illegible] এই গ্রন্থ [illegible] প্রয়োজন।

[illegible]ন প্রভুপাদের প্রবন্ধাবলী

—::০::—

শ্রীল প্রভুপাদের চতুঃষষ্টিবর্ষপূর্ত্ত্যাবির্ভাব-তিথিতে শ্রীল আচার্য্যদেবের অর্চ্চনাঞ্জলিরূপে "শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী" প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। ইহাতে পূর্ব্বার্দ্ধ ও উত্তরার্দ্ধ দুইটি বিভাগ আছে। পূর্ব্বার্দ্ধে শ্রীল প্রভুপাদের আদি-প্রবন্ধাবলী শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের সম্পাদিত 'সজ্জনতোষণী,' শ্রীল প্রভুপাদের "নবেন্দু" [illegible] হইতে [illegible] প্রয়োজনীয় অর্থের টীকা-সহ প্রকাশিত হইয়াছে। উত্তরার্দ্ধে শ্রীল প্রভুপাদের সম্পাদিত 'সজ্জনতোষণী'র কতিপয় প্রবন্ধ [illegible] হইয়াছে। প্রবন্ধগুলি রচনাকালের ক্রমানুসারে [illegible] হইয়াছে; এতদ্ব্যতীত শ্রীল আচার্য্যদেবের একটি মূল্যবান উপোদ্ঘাত ও সঙ্কলনকারীর একটি বিস্তৃত ভূমিকা, শব্দ সূচী, স্থান-পাত্র-শ্লোক ও শব্দ-সূচী প্রভৃতি গ্রন্থে সংযোজিত হইয়াছে। [illegible] কাগজে [illegible] ও শ্রীল প্রভুপাদের [illegible] ভূষিত ও সুন্দর বাঁধাই হইয়া প্রকাশিত হইয়াছে। প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, জেলা নদীয়া; শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ও শ্রীমাধবগৌড়ীয়মঠ, [illegible], পোঃ [illegible], ঢাকা।

[illegible]ন প্রভুপাদের পদ্যপ্রসূন মালা

এই গ্রন্থে ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের রচিত [illegible] শ্রীল আচার্য্যদেবের বিরচিত "গৌরব" নামক [illegible] প্রকাশিত হইয়াছে। শ্রীল প্রভুপাদের অনেক অপ্রকাশিত পদ্য ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ।০ [illegible] আনা।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপদেশক পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর ডক্টর্ণাম্বা সম্প্রদায়-বৈভবাচার্য এম-এ মহোদয়ের গবেষণা এবং পরিপক্ক লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত্র-পাঠে ধন্য হউন। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিভিন্ন চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য দার্শনিক প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৩৩শ অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্‌ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকারের ভূমিকাদ্বয় (Preface), বিষয়-তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র (Index Glossary) সহ প্রকাশিত। ভিক্ষা ১৫, পনর টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, রায়পেটা মাদ্রাজ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

'ঠাকুর ভক্তিবিনোদ'

———:৹:———

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি-প্রচারের মূল মহাজন সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অভিনব জীবনচরিত এতাবৎকাল সম্যক্ প্রকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয়মঠাচার্য্যদেবের শুভেচ্ছায় সর্ব্ববিদ্যাপারদর্শী সু-লেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু মূল্যবান শিক্ষাবলীও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১২৫ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৬০ আনা; ডাক মাশুল স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান—ম্যানেজার গ্রন্থবিভাগ

শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

———:৹:———

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিভিন্ন ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু গ্রন্থরত্ন এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১৩।১নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

ই, বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	৪-৩৬	৬ ০৬	৭-২৭	১২-২৬	১৪ ৫৬	১৬-৫৬	১৭ ৫৬	২২-২৬
রাণাঘাট পৌঃ			৮-৫০	১৪ ১৫				
(বদল) ছাঃ			৯-৩৩	১৪-৫০				
কৃষ্ণনগর পৌঃ	৭-১	৮-৪৫	১০-৮	১৫-২৩	১৭-২৮	১৯-১১	২০ ১৬	১-১৪
(বদল) ছাঃ	৭-১২		১০-৩১		১৭-৩৮		২০-৫৬	
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫১		১১-১০		১৮-১৩		২০-৪৬	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
রাণাঘাট পৌঃ	১২-৫৫
ছাঃ	১৩ ০
শান্তিপুর পৌঃ	১৩-২৬
(বদল) ছাঃ	১৭-৩১ (লাইট্ রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪-২
ছাঃ	১৪ ২০
নবদ্বীপঘাট পৌঃ	১৫-০

ডাউন

নবদ্বীপঘাট ছাঃ	৫ ৪৫		৯ ২৫		১৩-৩১	১৬-০	১৮-৩১	
কৃষ্ণনগর পৌঃ	৬ ২৩	৯-১৬	১০-৩	১১-৪১	১৪-১০	১৬-৩৮	১৯-১১	
ছাঃ	৬-২৬	৭-১৮	১০-১১			১৬ ৫৬	১৯-২৫	
রাণাঘাট পৌঃ			১০-৪৬			১৭-৩১		
(বদল) ছাঃ			১১ ০			১৭-৪০		
কলিকাতা পৌঃ	৮-১৬	৯-৩১	১১-১	১২-১৬	১৪-১৬	১৯-১১	২১-৪১	২৩-৫৬

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৩-৩১	১৬-০		
কৃষ্ণনগর পৌঃ	১৪-১০	১৬-৩৮		
ছাঃ	১৫-২৮	১৭-১৫		
শান্তিপুর পৌঃ	১৬-৯	১৭-৫৬		
(বদল) ছাঃ	১৬-৩৩	১৮-১ (রবিবার ভিন্ন)	১৮-৮ (রবিবার)	
রাণাঘাট পৌঃ	১৭-১০	১৮-২৭	১৮-৩৩	
(বদল) ছাঃ	১৭-৪৩	১৮-৪০	১৮-৪০	
কলিকাতা পৌঃ	১৯-১১	২০-৬	২০-৬	

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

ম্যালেরিয়ার পাঁচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু, পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বাঙ্গলাই ইহার কাটতি দিন দিন অত্যধিক বাড়িতেছে। লিভার প্লীহা সংযুক্ত কালাজ্বর এবং নূতন ও পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। মূল্য ছোট বোতল ৷৵০ দশ আনা, বড় বোতল ১৷৵০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা

অথবা

পোঃ বেহালা, ২৪ পরগণা

শ্রীমায়াপুর

REGD NO C 1544

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

৪র্থ খণ্ড] শ্রীমায়াপুর— ১লা বৈশাখ, ১৩৭৬ ১৫ই এপ্রিল, ১৯৬৯, শনিবার [৪০শ সংখ্যা

বিবিধ সংবাদ

মাল্টায় উপকূলরক্ষী বাহিনীকে প্রস্তুত থাকিতে আদেশ দান

আনগুইলায় যে-সব সৈন্য প্রেরণ করা হইয়াছে, তাহাদের স্থলে কার্য্য করার জন্য বিভিন্ন শ্রেণীর (সৈন্যগণের মধ্যে যাহারা যে সালে জন্মগ্রহণ করিয়াছে সাধারণ ভাষায় তাহাদিগকে সেই শ্রেণীর সৈন্য বলা হয়) রিজার্ভ সৈন্যকে সৈন্য-দলে যোগদানের জন্য আহ্বান করা হইয়াছে বলিয়া জানা গেল। প্রকাশ, ইহাদের মধ্যে অধিকাংশই ১৯১২ শ্রেণীর সৈন্য। যে-সব রিজার্ভ সৈন্যকে আহ্বান করা হইয়াছে তাহাদের সংখ্যা দুইলক্ষ হইবে বলিয়া বে-সরকারীভাবে বলা হইয়াছে। ইতালীর আলবানিয়া অধিকার সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণের ভার পার্লামেণ্টের উপর অর্পিত হইতে পারে বলিয়া সংবাদ আসায় ইতালীর রাজনৈতিক মহল আশা করিতেছেন যে, প্রতিবাদ পত্র প্রেরণ করা ব্যতীত বৃটেন এ সম্বন্ধে আর কোন কড়া ব্যবস্থা অবলম্বন করিবে না। ইতালী কর্ত্তৃপক্ষ সম্বন্ধে লিখিত সকল বিবরণের প্রতিই সতর্ক দৃষ্টি রাখিতেছে। কোন কোন মহল এই বলিয়া শাসাইয়াছে যে, ইতালীর মতের বিরুদ্ধে যদি কর্ফু অধিকার করা হয় তাহা হইলে ইতালী গ্র্যালোনিকা অভিমুখে অভিযান করিবে।

মাল্টার এক সংবাদে জানা গেল যে, মাল্টাতে সতর্কতামূলক ব্যবস্থা হিসাবে উপকূলরক্ষী ও বিমানধ্বংসী বাহিনীকে প্রস্তুত রাখা হইয়াছে।

পোষ্ট মাষ্টার দণ্ডিত

বিশ্বাসভঙ্গপূর্ব্বক সরকারী টাকা তছরূপের অপরাধে, আলীপুরের ডেপুটি ম্যাজিষ্ট্রেট মিঃ এইচ সি বাড়ৈ, টালিগঞ্জ গড়িয়া পোষ্ট আফিসের (একষ্ট্রা ডিপার্টমেণ্টাল ব্রেঞ্চ আফিস) পোষ্ট মাষ্টার হরিনাথ চক্রবর্ত্তীকে আদালতের কার্য্য শেষ না হওয়া পর্য্যন্ত আটক এবং ৫০৲ জরিমানা এবং তাহা অনাদায়ে আরও ৩ মাস সশ্রম কারাদণ্ডে দণ্ডিত করিয়াছেন। আসামী অপরাধ স্বীকার করিয়াছে।

অভিযোগে প্রকাশ, লক্ষ্মী দাসী নাম্নী একটী স্ত্রীলোক সেভিংস ব্যাঙ্ক একাউণ্ট খুলিবার জন্য ২০০৲ জমা দেয় এবং সত্য প্রামাণিক নামক অপর এক ব্যক্তি তাহার একাউণ্টে জমা দিবার জন্য ৫০৲ টাকা দেয়। আসামী সমস্ত টাকাই আত্মসাৎ করে।

আসামী অনেকদিন যাবৎ বৃদ্ধ ও গুরুতর রোগে ভুগিতেছে এবং টাকাও ফেরৎ দিয়াছে বলিয়া ম্যাজিষ্ট্রেট তাহাকে লঘু দণ্ড দেন। মিঃ বীরেন চৌধুরী আসামী পক্ষে ছিলেন;

মুঙ্গেরে তামাকের কারখানায় শ্রমিক চাঞ্চল্যের অবসান

মুঙ্গের তামাকের কারখানায় শ্রমিক চাঞ্চল্য সম্পর্কে উক্ত কারখানার জেনারেল ম্যানেজার মিঃ চাওয়ান্ট ও লেবার ইউনিয়নের সভাপতি শ্রীযুক্ত নিবারণ মুখার্জ্জি শ্রমিক বিভাগের পার্লামেণ্টারী সেক্রেটারী শ্রীযুক্ত জগৎনারায়ণ লালের সহিত সাক্ষাৎ করিয়াছেন। বহুক্ষণ আলোচনার পর তাঁহারা একটি সন্তোষজনক মীমাংসায় পৌঁছিয়াছেন বলিয়া জানা গিয়াছে।

উক্ত তামাকের কারখানার চীফ ডিরেক্টর মিঃ বেকার পৃথকভাবে শ্রীযুক্ত জগৎনারায়ণ লালের সহিত আলোচনা করিয়াছেন।

ছয় শত বাড়ী ভস্মীভূত

মঙ্গুনী মহকুমার অন্তর্গত বসন্ত গ্রামে ভীষণ অগ্নিকাণ্ডের ফলে প্রায় ৬ শত বাড়ী ভস্মীভূত হইয়াছে, ৪ জন আগুনে পুড়িয়া মারা গিয়াছে এবং আর ৭ জন গুরুতররূপে দগ্ধ হইয়া গিয়াছে। প্রথমে একটি রান্নাঘরে আগুন ধরিয়াছিল বলিয়া প্রকাশ।

বাঙ্গলা ও আসামের নানাস্থানে ভূমিকম্প

গত ৮ই এপ্রিল রাত্রিতে বাঙ্গলা ও আসামের নানাস্থানে ভূমিকম্প হইয়া গিয়াছে। স্থানভেদে এই কম্পন বেগের তারতম্য ঘটিয়াছে।

রাত্রি প্রায় দুইটার সময় ঢাকায় মৃদু কম্পন অনুভূত হয়। লালমণিরহাটেও প্রায় এই সময়েই কিছুক্ষণ ধরিয়া প্রবল ভাবে কম্পন অনুভূত হয়।

কোথাও কোনরূপ ক্ষতি হইয়াছে বলিয়া সংবাদ পাওয়া যায় নাই।

আসাম প্রাদেশিক লাইব্রেরী এসোসিয়েশন

পল্লী-সংগঠন কার্য্যে সহায়তা করিবার জন্য এবং প্রাপ্ত-বয়স্কের অশিক্ষা দূর করিবার জন্য আসাম প্রাদেশিক লাইব্রেরী এসোসিয়েশন গঠিত হইয়াছে। এই উদ্দেশ্যে একটি প্রাদেশিক কার্য্যকরী সমিতিও গঠন করা হইয়াছে। অশিক্ষা দূর করা ছাড়া নিম্নোক্ত বিষয়গুলিও উক্ত এসোসিয়েশনের কার্য্যতালিকাভুক্ত হইবে—

১। আসামে যতগুলি লাইব্রেরী আছে, জানিতে হইবে।

২। কিছুদিন অন্তর লাইব্রেরী সম্মেলনের অধিবেশন আহ্বান করিতে হইবে।

৩। যাঁহারা লাইব্রেরীয়ান হইতে চান তাঁহাদিগকে আধুনিক উপায়ে লাইব্রেরী বিষয়ে শিক্ষা দিতে হইবে।

নিম্নোক্ত ব্যক্তিগণকে লইয়া প্রাদেশিক কমিটি গঠিত হইয়াছে—

শ্রীযুক্ত এ কে চন্দ, শ্রীযুক্ত রাধিকারঞ্জন গুপ্ত চৌধুরী, বাবু রমাকান্ত দত্ত, সৈয়দ এম এম চিশ্‌তি, শ্রীযুক্ত অবিনাশচন্দ্র ভট্টাচার্য্য, প্রোঃ এস সি দেব মজুমদার, এন কে মিশ্র, শ্রীযুক্ত সুখেন্দুভূষণ চৌধুরী, মিঃ টি কাজী, মৌলবী, মাহমুদ আলী আহমেদ চৌধুরী, শ্রীযুক্ত কালীরাম বরুয়া ও শ্রীযুক্ত রাজকুমার ভট্টাচার্য্য।

বিনা টিকেটে ভ্রমণ

একরূপ প্রকাশ যে, এ-বি ও ই-বি এবং ই-আই রেলওয়ে প্রভৃতি অনুরোধে বাঙ্গলা সরকার রেলওয়ে ষ্টেশন সমূহে বিশেষ ম্যাজিষ্ট্রেট দ্বারা বিনা টিকেটে ভ্রমণকারীদের বিচার পদ্ধতি বিষয়ে বিবেচনা করিতেছেন। ইহাও জানা যায় যে, ঐ পদ্ধতি প্রবর্ত্তিত হইলে, রেল কোম্পানী সমূহকে তাহার জন্য ব্যয়ের অংশবিশেষ বহন করিতে হইবে বলিয়া সরকার অভিপ্রায় পোষণ করেন।

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল সরস্বতীঠাকুরের পরবিদ্যাভূষণ গোস্বামী মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক। প্রতি একাদশীতে প্রকাশিত হয়। কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। সডাক ভিক্ষা ৩৸০ টাকা মাত্র।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩, ষাণ্মাসিক ১৷০ টাকা মাত্র।

৩। ভাগবত—হিন্দিভাষায় একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহোদয় সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ টাকা মাত্র।

৫। শ্রীগৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ মাত্র।

পরমগুরু শ্রীগৌরকিশোর

গৌড়ীয়-সম্পাদক-লিখিত, শ্রীগৌড়ীয়মঠাচার্যের ভূমিকা-সহ ১০, বহুচিত্র-শোভিত ও বিষয় সূচী সম্বলিত "পরমগুরু শ্রীগৌরকিশোর" গ্রন্থাকারে প্রকাশিত হইয়াছেন। এই গ্রন্থে, ও গুরুগৌরাঙ্গবৈষ্ণবগণের পরম্পরা, গৌড়ীয়গৌরবশিরোমণি অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ নিত্যলীলাপ্রবিষ্ট পরমহংস ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল গৌরকিশোরদাস গোস্বামী প্রভুবরের অলৌকিক চরিত্র বর্ণিত আছে।

ভক্তিবিনোদাবির্ভাব-শতবর্ষপূর্ত্তিতিথিপূজার উপায়ন-গ্রন্থমালা

১। গীতিসাহিত্যে শ্রীভক্তিবিনোদ

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র গীতিসাহিত্যের সমালোচনা-গ্রন্থ)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

২। শ্রীভক্তিবিনোদবাণীবৈভব

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের রচনাবলী হইতে সংগৃহীত ১০৮টি অধ্যায়ে সম্বন্ধ-অভিধেয়-প্রয়োজনাকারে গুম্ফিত অমূল্য উপদেশপূর্ণ গ্রন্থ)

ভিক্ষা—৩৲ তিন টাকা মাত্র।

৩। শ্রীশ্রীভক্তিবিনোদ-প্রসঙ্গ

ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ ও ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল সরস্বতীঠাকুরের পরবিদ্যাভূষণ গোস্বামীপাদ বিরচিত এবং গৌড়ীয়ে প্রকাশিত শ্রীশ্রীভক্তিবিনোদ-চরিত পাঠ

ভিক্ষা—।৶০ ... মাত্র।

৪। ছাত্রদের ভক্তিবিনোদ

(ছাত্রদের উপযোগী ভাষায় লিখিত শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত ও শিক্ষা)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

ছাত্রদের পক্ষে ভিক্ষা—৷০ আট আনা মাত্র)

প্রাপ্তিস্থান:—

(১) 'ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট', পোঃ শ্রীমায়াপুর, নদীয়া;

২) শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা;

৩ শ্রীযুক্ত সুপতিরঞ্জন নাগ এম্-এ, বি-এল্, পুরাণাপল্টন পোঃ রমণা, ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবত,—সমগ্র ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্যন্ত— ২৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। ঠাকুর বৃন্দাবন শ্রীচৈতন্যভাগবত (অর্দ্ধবাঁধা) ৬৲
৩। ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬
৪। সরস্বতী জয়শ্রী (বাঁধা) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০ ৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড ৸০
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার দীপিকা ও সংস্কার দীপিকা ১৷০
৯। বৈষ্ণব ২
১০। গৌড়ীয় কণ্ঠহার ২
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীমহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ৷০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিবর্ত্ত ৷০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষদ ৷০
১৮। বাদশ-আদর্শ ৷০
১৯। তত্ত্ববিবেক
২০। গৌড়ীয় গৌরব ।৶
২১। গৌড়ীয়গীতিকা ।৶
২২। ভজন রহস্য
২৩। শ্রীচৈতন্যভাগবত ও শ্রীনবদ্বীপশতক (বাঁধা) ১৲
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা সহ)
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ অর্দ্ধবাঁধা) ১৲
২৬। গীতার কেমন মানে ভাষা ৸০
২৭। [illegible] (সানুবাদ) ১৲
২৮। বেদান্তসার (সানুবাদ) ৷০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৸০
৩০। শ্রীল হিত-দর্শন ৶০
৩১। সাধনপথ (তৃতীয় সংস্করণ) ।৶০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ৷০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪। [illegible] (নবদ্বীপ-পরিক্রমা) ৶০
৩৫। গীতমালা ৴১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৶০
৩৭। [illegible] ৶০
৩৮। শ্রীনবদ্বীপ ভাবতরঙ্গ ৷০
৩৯। [illegible] ৷০
৪০। শরণাগতি ৴০
৪১। গীতাবলী
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা
৪৩। [illegible] ৴০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ৴
৪৫। নবদ্বীপশতক
৪৬। অর্চ্চনপদ্ধতি
৪৭। সদাচারস্মৃতি ৴০
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৴১০
৪৯। অর্চ্চনকণ
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম ও ২য়) ৬৲
৫১। ব্রহ্মসংহিতা ৸০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ৷০
৫৩। গৌরকৃষ্ণোদয় ৸০
৫৪। পুরুষার্থ বিনির্ণয়
৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ৷০
৫৬। ভাগবতধর্ম্ম ও ভক্তিপথ ৶০
৫৭। ঈশোপনিষদ (ভাষ্যাদিসহ) ৷০
৫৮। [illegible] ৶০
৫৯। শিক্ষাদর্শন ৶০
৬০। সাংখ্যবাণী ৴০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ৷০
৬২। সিদ্ধান্ত সরস্বতী বিভিন্নঃ ৷০
৬৩। সটীক শিক্ষাষ্টকম্ ৷০
৬৪। স্তবরত্ন ৷০
৬৫। সাত্বত শিক্ষাষ্টক ৶০
৬৬। গৌড়ীয়মঠপরিচয় ৴০
৬৭। সারার্থবর্ষিণী ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ৷০
৬৯। এ ফিউ ওয়ার্ডস অন বেদান্ত ৷০
৭০। নামভজন ৴০
৭১। বেদান্ত—ইটস মরফলজী অ্যাণ্ড অন্টোলজী ৷০
৭২। [illegible] ।৶০
৭৩। লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস অব শ্রীচৈতন্য মহাপ্রভু ৷০
৭৪। বৈষ্ণবীজম্ ৷০
৭৫। কোয়ার্টি গৌড়ীয়মঠ কুইজ ৴০
৭৬। দি ভাগবত ৷০
৭৭। [illegible] ৷০
৭৮। ব্রহ্মসংহিতা ১৸০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (প্রথম খণ্ড)

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীনামভজনোপদেশ ৷০
৮১। সাধন-পথ ৷০
৮২। কল্যাণ-কল্পতরু ৶০
৮৩। গীতাবলী ৴০
৮৪। শরণাগতি ৴০

আসামী ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ৴০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ১৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক
নদীয়া-প্রকাশ
একমাত্র পারমার্থিক দৈনিক পত্র
শ্রীধাম-মায়াপুর-নদীয়া

১৭শ বর্ষ { ১১ মধুসূদন ৪৫৩ গৌরাব্দ, ১লা বৈশাখ বঙ্গাব্দ ১৩৪৬, ১৫ই এপ্রিল ইং ১৯৩৯, শনিবার } ৮০শ সংখ্যা

প্রচার প্রসঙ্গ

——::(০)::——

খুলনায়

শ্রীগৌড়ীয়মঠের অন্যতম প্রচারক ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিরক্ষক শ্রীধর মহারাজ ও মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ অপ্রাকৃত ভক্তিসারঙ্গ গোস্বামী প্রভু কতিপয় ব্রহ্মচারী ও কলিকাতা প্রবাসী শ্রীযুত রাধাগোবিন্দ দাসাধিকারী বি-এ মহোদয়সহ খুলনা জেলার অন্তর্গত সাতবেড়িয়া-নিবাসী প্রবীণ গৃহস্থ-ভক্ত শ্রীযুত জনার্দ্দন দাসাধিকারী মহাশয়ের সাদর আহ্বানে গত ২রা এপ্রিল তাঁহার গৃহে উপস্থিত হন। ঐ দিবস স্বামীজী মহারাজের ও গোস্বামী প্রভুর নির্দ্দেশমত শ্রীপাদ গৌরকৃষ্ণ দাসাধিকারী, শ্রীপাদ কৃষ্ণপ্রসন্ন ব্রহ্মচারী ও শ্রীপাদ রাধাগোবিন্দ দাসাধিকারী প্রভৃতি ভক্তগণ হরিকীর্ত্তনমুখে বৈষ্ণবস্মৃতি-মতে, বৈষ্ণব-হোম ও মহাপ্রসাদের দ্বারা শ্রীযুত জনার্দ্দন বাবুর পরমা ভাগ্যবতী শ্বশ্রূমাতার শ্রাদ্ধকার্য্য সম্পন্ন করেন। শ্রাদ্ধ-উপলক্ষে একটী মহোৎসবের আয়োজন হয় এবং তাহাতে চতুষ্পার্শ্বস্থ গ্রামের প্রায় ৭০০।৮০০ শত বিশিষ্ট ভদ্রমহোদয় ও ভদ্র-মহিলাকে বিচিত্র মহাপ্রসাদ বিতরণ করা হয়।

শ্রীযুত জনার্দ্দন বাবুর গৃহে অপরাহ্নে ২রা ও ৩রা এপ্রিল দুইটী সভার অধিবেশন হয়। প্রথম দিন প্রথমে শ্রীপাদ শ্রীধর মহারাজ শ্রীমদ্ভাগবত পাঠ ও ব্যাখ্যা করেন। পরে শ্রীপাদ গোস্বামী প্রভু শ্রীহরি-গুরু-বৈষ্ণব-সেবাই যে মনুষ্যজীবনের একমাত্র কর্ত্তব্য, তাহা সরল ভাষায় সকলকে বুঝাইয়া দেন।

দ্বিতীয় দিবসের অধিবেশনে নোয়াপাড়া-নিবাসী স্বনামধন্য জমিদার শ্রীযুক্ত হেমন্ত-কুমার ঘোষ মহাশয়ের সুযোগ্য পুত্র শ্রীযুত সুধীরকুমার ঘোষ মহাশয় সর্ব্বসম্মতিক্রমে সভাপতির আসন গ্রহণ করিলে পর শ্রীপাদ শ্রীধর মহারাজ ও শ্রীপাদ গোস্বামী প্রভু যথাক্রমে দুইটী নাতিদীর্ঘ বক্তৃতা প্রদান করেন। দুইদিনই সভার আদি ও অন্তে ভক্তগণ মহাজনপদাবলী ও মহামন্ত্র কীর্ত্তন করেন।

পরদিন ৪ঠা এপ্রিল নোয়াপাড়ার বালিকা বিদ্যালয়ের জমিদার শ্রীযুক্ত হেমন্ত-কুমার ঘোষ মহাশয়ের সভাপতিত্বে শ্রীপাদ শ্রীধর মহারাজ ও শ্রীপাদ গোস্বামী প্রভু দুইটী বক্তৃতা করেন। নোয়াপাড়া, পিপরুল এবং পার্শ্ববর্ত্তী গ্রামের বহু সম্ভ্রান্ত ব্যক্তি ও ভদ্রমহিলা সভায় উপস্থিত হইয়াছিলেন। শ্রীগৌড়ীয়মঠের বাণী শ্রবণ করিয়া সকলেই বিশেষ আনন্দিত হন। এই প্রচারের ফলে তথায় বেশ একটা সাড়া পড়িয়া গিয়াছে। পাঠের আদি ও অন্তে মহাজনপদাবলী কীর্ত্তন হয়।

বাগেরহাটের নিকটে, সরল গৃহস্থভক্ত ডাঃ শ্রীযুত নগেন্দ্রগোপাল বিশ্বাস এল্-এম্-এফ্ মহাশয়ের চেষ্টায় তথাকার হরিসভা-গৃহে বাগেরহাট কলেজের প্রিন্সিপ্যাল শ্রীযুক্ত কামাখ্যাচরণ নাগ মহাশয়ের সভাপতিত্বে একটী সভার ব্যবস্থা হয়।

৫ই এপ্রিল বুধবার দিবস সন্ধ্যা ৭ ঘটিকার সময় স্থানীয় হরিসভা গৃহে বাগেরহাট কলেজের সুযোগ্য প্রিন্সিপাল শ্রীযুক্ত কামাখ্যাচরণ নাগ মহাশয়ের সভা-পতিত্বে গৌড়ীয়-মিশনের পাশ্চাত্য-প্রচারক মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ অপ্রাকৃত ভক্তিসারঙ্গ গোস্বামী প্রভু "সনাতন ধর্ম্ম" সম্বন্ধে বক্তৃতা করিবেন—এ কথা সহরে পূর্ব্ব হইতে প্রচারিত হওয়ায় সহরের প্রফেসর, উকিল, মোক্তার, স্কুলের শিক্ষক, জমিদার প্রভৃতি বহু সম্ভ্রান্ত ব্যক্তি এবং মহিলা উপস্থিত হন। সভাপতি মহাশয়ের অনুরোধে ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিরক্ষক শ্রীধর মহারাজ "সনাতন-ধর্ম্ম" সম্বন্ধে কিছু সময় বক্তৃতা প্রদান করিলে পর প্রথমে সভাপতি মহাশয় প্রচারকগণের পরিচয় প্রদানমুখে একটী নাতিদীর্ঘ বক্তৃতা প্রদান করেন। সভার আদি ও অন্তে মহাজনপদাবলী কীর্ত্তন হয়।

পরদিন ৬ই এপ্রিল সন্ধ্যায় গোস্বামীজী ডাক্তার শ্রীযুক্ত নগেন্দ্রগোপাল বিশ্বাস এল-এম-এফ মহোদয়ের গৃহে শ্রীমদ্ভাগবত পাঠ ও ব্যাখ্যা করেন। পাঠের আদি ও অন্তে মহামন্ত্র কীর্ত্তন হইয়াছিল।

গত ৭ই এপ্রিল দ্বিপ্রহরে গোস্বামীজী পার্টিসহ বাগেরহাট হইতে রওনা হইয়া রাত্রি ১১ ঘটিকার সময় কলিকাতা শ্রীগৌড়ীয়মঠে উপস্থিত হন। সপরিবার শ্রীযুত জনার্দ্দন দাসাধিকারী, শ্রীযুত নগেন্দ্রগোপাল বিশ্বাস এবং শ্রীযুত কেবল লাল দাসাধিকারী প্রমুখ ভক্তগণের সেবাচেষ্টা বিশেষ প্রশংসনীয়।

খুলনায় প্রচারকালে যে সকল শিক্ষিত সম্ভ্রান্ত ব্যক্তি [illegible] হইয়াছিলেন, তন্মধ্যে নিম্নলিখিত ব্যক্তিগণের নাম বিশেষ উল্লেখ যোগ্য—

শ্রীযুত বিভূতিনাথ বসু বি এল্ (উকিল), শ্রীযুত প্রফুল্লনাথ সরকার বি এল্ (উকিল), শ্রীযুত [illegible] গুপ্ত এম্ এ, বি এল্ (উকিল), শ্রীযুত মণিলাল ঘোষ জমিদার (কাটিপাড়া), ডাঃ শ্রীযুত নগেন্দ্রগোপাল বিশ্বাস এম্ বি (বাগেরহাট), শ্রীযুত দীনেন্দ্রকুমার ঘোষ বি-এল্ উকিল, (নওয়াপাড়া), শ্রীযুত যতীশচন্দ্র দাস, শ্রীযুত রাজকুমার ঘোষ, শ্রীযুত গোপালচন্দ্র ঘোষ জমিদার (নওয়াপাড়া), শ্রীযুত সুরেন্দ্রনাথ চট্টোপাধ্যায় বি-এ, (পিপরুল), ডাঃ শ্রীযুত মতিলাল ঘোষ (রাজিরদিয়া), ডাঃ শ্রীযুত উপেন্দ্রনাথ চৌধুরী (মরগাছিয়া), শ্রীযুত বঙ্কুবিহারী মিত্র মোক্তার (বাগেরহাট) প্রভৃতি।

—

পাটনায়

শ্রীশ্রীবিশ্ববৈষ্ণবরাজসভার অন্যতম শাখা পাটনা শ্রীগৌড়ীয়মঠে গত -ই এপ্রিল [illegible] প্রচারক উপদেশক পণ্ডিত [illegible] ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী [illegible] শ্রীগৌড়ীয়মঠ হইতে আগমন করিয়া সহরের বিভিন্ন স্থানে হরিকথা কীর্ত্তন করিতেছেন। সহরের নানা স্থান হইতে বহু শিক্ষিত সম্ভ্রান্ত ভদ্রমহোদয় শ্রীমঠে আগমন করিয়া হরিকথা শ্রবণ করিতেছেন।

———

মায়ারে করিয়া জয় ছাড়ান না যায়। সাধু-গুরু-কৃপা বিনা না দেখি উপায়॥

"শ্রীভগবান্ আমাদের মঙ্গলের জন্য সকল বিধান করিয়া থাকেন—ইহা বিশ্বাস করি না নাস্তিকেরা কখনই জগতে প্রতিষ্ঠা লাভ করিতে পারে না। দিনকতক তাহারা লাফালাফি করিয়া পরিশেষে দৈব-শাসনে ঠাণ্ডা হইয়া যায়। সমস্তই ঈশ্বরের ইচ্ছা।"

(শ্রীল প্রভুপাদ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

১১ মধুসূদন অব্দ শ্রীগৌরাব্দ পৌষ ৪৪৩

আমাদের "বড় ভরসা

শ্রীচৈতন্য-লীলার ব্যাস শ্রীল ঠাকুর বৃন্দাবন আপনাকে গুরু নিত্যানন্দ-প্রভুর আশ্রিত নিত্যদাসাভিমানে মহাপ্রভুর সেবা-লাভ-বিষয়ে দৃঢ় আশাবন্ধ পোষণ করিয়া শ্রীচৈতন্যভাগবতের বহু স্থানে উর্দ্ধবাহু হইয়া পুনঃ পুনঃ আবৃত্তি করিয়াছেন—

"আমার প্রভুর প্রভু শ্রীগৌরসুন্দর।
এ বড় ভরসা চিত্তে ধরি নিরন্তর॥"

(চৈঃ ভাঃ আ ১।১৫৩

পরমারাধ্য শ্রীল প্রভুপাদ এই বাক্যের ভাষ্যে লিখিয়াছেন—"নিত্যানন্দ প্রভু চৈতন্য-প্রকাশ হইয়াও মহাপ্রভুর দাস। নিত্যানন্দ-স্বরূপ—আমার প্রভু এবং গৌরসুন্দর—আমার প্রভুর প্রভু মহাপ্রভু। আমার গুরুদেবের ভজনীয় বস্তু স্বয়ং শ্রীগৌরসুন্দর বলিয়া সর্ব্বক্ষণ আমার চিত্তে দৃঢ় বিশ্বাস আছে যে, আমার গুরু নির্দ্দিষ্ট অভিধেয় আমার প্রভু গুরুদেবের কৃপা-বলে কোন-না-কোনদিন মহাপ্রভুর শুদ্ধসেবায় আমি সত্তা অধিকার লাভ করিব অর্থাৎ মহাপ্রভু আমাকে স্বীয় দাসানুদাস বলিয়া মনে করিবেন।"

শ্রীল ঠাকুর বৃন্দাবনের ও শ্রীল প্রভুপাদের উপরি-উক্ত বাক্যগুলি আলোচনা করিলে আমরা স্পষ্টভাবে বুঝিতে পারি—শ্রীল বৃন্দাবনদাস ঠাকুর মহাশয় জগদ্গুরু শ্রীমন্নিত্যানন্দ প্রভুর ভৃত্য, শিষ্য, সেবক বা অনুগত জন। মহাপ্রভুর শুদ্ধসেবায় সত্তা অধিকার লাভ করিবার বা মহাপ্রভুর দাসানুদাস হইবার তাঁহার জীবনের একমাত্র আকাঙ্ক্ষা; আর এই আকাঙ্ক্ষা শ্রীগুরুদেবের কৃপাবলে নিশ্চয়ই একদিন না একদিন পরিপূর্ণ হইবে,—ঠাকুর বৃন্দাবন সর্ব্বক্ষণ এই দৃঢ়বিশ্বাসযুক্ত। কারণ, যে নিত্যানন্দ-স্বরূপকে তিনি তাঁহার শ্রীগুরুদেব বা প্রভুরূপে বরণ করিয়াছেন, সেই নিত্যানন্দ-শ্রীগুরুদেব শ্রীমহাপ্রভুর প্রকাশবিগ্রহ হইয়াও মহাপ্রভুর দাস, সেই নিত্যানন্দ-শ্রীগুরুদেবের প্রভুর প্রভু—মহাপ্রভু অর্থাৎ সেই নিত্যানন্দ গুরুদেবের ভজনীয় বস্তু শ্রীগৌরসুন্দর।

শ্রীল বৃন্দাবনদাস ঠাকুর মহাশয় শ্রীমন্নিত্যানন্দ প্রভুর ভৃত্য বা শিষ্যরূপে চিন্তা করিতেছেন আমার গুরুদেব শ্রীনিত্যানন্দ প্রভুর প্রভু, গুরু বা আরাধ্যের —শ্রীমহাপ্রভু ইহা ত' বুঝিলাম; কিন্তু মহাপ্রভুকে আরাধ্য-রূপে জানিয়া তিনি কি কার্য্য করেন, তাহাও অনুসন্ধান করিয়া জানা আবশ্যক। শ্রীগুরু কৃপায় ও এই প্রকার অনুসন্ধানের ফলে তিনি জানিতে পারিলেন—

"শ্রীচৈতন্য—সেই কৃষ্ণ, নিত্যানন্দ—রাম।
নিত্যানন্দ পূর্ণ করে চৈতন্যের কাম॥"

(চৈঃ চঃ আঃ ৫।১৫৬)

অর্থাৎ শ্রীচৈতন্যদেব—সেই ব্রজেন্দ্রনন্দন কৃষ্ণ, আর শ্রীনিত্যানন্দ—সেই কৃষ্ণের দ্বিতীয় দেহ—শ্রীবলরাম। এই বলরাম নিত্যানন্দ প্রভু অবধূত পরমহংস; তিনি শ্রীকৃষ্ণচৈতন্যদেবের মনোবাঞ্ছা পরিপূরণ—দ্বিবিধ গৌর-সেবন—"প্রেম-প্রচারণ, আর পাষণ্ড-দলন" কার্য্য করিয়া থাকেন—

"প্রেম-প্রচারণ, আর পাষণ্ড-দলন।
দুই কার্য্যে অবধূত করেন ভ্রমণ॥"

(চৈঃ চঃ অঃ ৩।১৪৮)

জগদ্গুরু শ্রীনিত্যানন্দ-সেবক ঠাকুর শ্রীবৃন্দাবনের চিত্তের বড় ভরসার কথাটী কি এবং কেনই বা তিনি এই কথাটিকে 'বড় ভরসা'র কথা বলিয়া বিচার করিয়াছেন, তাহা আমরা এখন অনেকটা বুঝিতে পারিলাম। ঠাকুর বৃন্দাবনের চিত্তের যে 'বড় ভরসা' ও 'দৃঢ় বিশ্বাস'—"আমার গুরু নির্দ্দিষ্ট অভিধেয় আমার প্রভু গুরুদেবের কৃপা-বলে কোন-না-কোনদিন মহাপ্রভুর শুদ্ধসেবায় আমি সত্তা অধিকার লাভ করিব অর্থাৎ মহাপ্রভু আমাকে স্বীয় দাসানুদাস বলিয়া মনে করিবেন",—এই 'বড় ভরসা' ও 'দৃঢ়বিশ্বাস' কখনও খেয়ালের বড় ভরসা ও অকারণবিশ্বাস নহে।

শ্রীনিত্যানন্দ-প্রভু—গুরুদেব, আর শ্রীবৃন্দাবনদাস ঠাকুর তাঁহার শিষ্য। শিষ্য শ্রীবৃন্দাবনদাস ঠাকুরের একমাত্র আকাঙ্ক্ষা—শ্রীগুরুদেব-নিত্যানন্দের সেব্য বা ভজনীয় বস্তু শ্রীগৌরসুন্দরের শুদ্ধসেবায় সত্তা অধিকার লাভ বা শ্রীগৌরসুন্দরের দাসানুদাস হওয়া। শ্রীগৌরসুন্দরের ইচ্ছা বা বাসনা এই যে, জগতে কৃষ্ণভক্তির বাধক যত প্রকার শুভাশুভ কর্ম্ম, চিন্তা, ধারণা, কথা, আচার-প্রচার বা মতবাদ, সমস্তই খণ্ডিত—দলিত হইয়া শুদ্ধভক্তি—উন্নত ভক্তি—প্রেমভক্তির কথা জগতে প্রচার হউক; ইহাই শ্রীগৌরসুন্দরের প্রীতি বা মনোহভীষ্ট পরিপূরণ সেবা-কার্য্য। শ্রীবৃন্দাবনদাস ঠাকুরের শ্রীগুরুদেব শ্রীচৈতন্যদেবের প্রকাশবিগ্রহ শ্রীনিত্যানন্দ প্রভু সর্ব্বক্ষণ স্বীয় প্রভু শ্রীগৌরসুন্দরের এই মনোহভীষ্ট-পরিপূরণ-সেবা করিয়া থাকেন অর্থাৎ শ্রীনিত্যানন্দের "প্রেম-প্রচারণ ও পাষণ্ড দলন"-কার্য্যে শ্রীচৈতন্যদেবের পূর্ব্বোক্ত কামনা মনোহভীষ্ট-পরিপূরণ-সেবা সর্ব্বক্ষণ সাধিত হইতেছে। শ্রীনিত্যানন্দ প্রভু যা শ্রীগুরুদেব যে শ্রীগৌরসুন্দরের মনোহভীষ্ট-পরিপূরণ সেবা-কার্য্যে সর্ব্বক্ষণ নিযুক্ত, তদীয় শিষ্য শ্রীবৃন্দাবনদাস ঠাকুরও সেই শ্রীগৌরসুন্দরের শুদ্ধসেবা, মনোহভীষ্ট পরিপূরণ-সেবা-লাভের জন্য—মহাপ্রভুর দাসানুদাস হওয়ার জন্য সর্ব্বদা উৎকণ্ঠিত।

শ্রীগুরুদেব শ্রীনিত্যানন্দ প্রভুর নিত্যকাল শ্রীমহাপ্রভুর মনোহভীষ্ট-পরিপূরণ সেবা ব্যতীত অন্য কোন কৃত্য নাই; শেষিয় শ্রীগুরুদেবের উদ্দেশ্য, চিত্তবৃত্তি, আচার প্রচার, বিচার ও চিন্তাধারার সহিত যদি শিষ্যের উদ্দেশ্য, চিত্তবৃত্তি, আচার-প্রচার, বিচার ও চিন্তাধারা এক হয় অর্থাৎ খাপে খাপে মিল থাকে, তাহা হইলেই শিষ্য সর্ব্বক্ষণ নিত্যমঙ্গল-লাভের দৃঢ় আশা-ভরসা করিতে পারেন। এখানে আমরা দেখিতে পাইতেছি যে, জগদ্গুরু শ্রীনিত্যানন্দ প্রভু নিরন্তরই বাস্তব সত্যসহ শ্রীগৌরসুন্দরের মনোহভীষ্ট-পরিপূরণ-সেবা সর্ব্বক্ষণ করিয়া থাকেন। এই গুরুতত্ত্বে—নিত্যানন্দ তত্ত্বে অন্য কোন কামনা নাই, কখনও থাকিতে পারে না; এই প্রকার জগদ্গুরু শ্রীনিত্যানন্দ-প্রভুর প্রকৃত শিষ্য যে শ্রীবৃন্দাবনদাস ঠাকুর, তাঁহারও শ্রীগৌরসুন্দরের মনোহভীষ্ট-পরিপূরণ সেবা-লাভের আশা ব্যতীত অন্য কোন কামনা নাই, অর্থাৎ শ্রীগুরুদেব নিত্যানন্দ-প্রভুর উদ্দেশ্য, চিত্তবৃত্তি, আচার প্রচার ও চিন্তাধারার সহিত তদীয় শিষ্য শ্রীবৃন্দাবনদাস ঠাকুরের উদ্দেশ্য, চিত্তবৃত্তি, আচার-প্রচার ও চিন্তাধারার মিল রহিয়াছে, কোনও স্থলে বিন্দুমাত্র বেমিল নাই। এই জন্যই ঠাকুর বৃন্দাবন তদীয় শ্রীগুরুদেব শ্রীনিত্যানন্দ-পাদপদ্মে সর্ব্বক্ষণ দৃঢ়বিশ্বাসযুক্ত ও দৃঢ়নিষ্ঠ থাকিয়া শ্রীগুরুদেবের কৃপায় একদিন-না-একদিন নিশ্চয়ই শ্রীমহাপ্রভুর শুদ্ধসেবায় সত্তা অধিকার লাভের দৃঢ় আশা-ভরসা নিরন্তর হৃদয়ে পোষণ করিতেছেন।

শ্রীচৈতন্য-লীলার ব্যাস জগদ্গুরু শ্রীল ঠাকুর বৃন্দাবনের ভৃত্যানুভৃত্য-সূত্রে তদীয় শ্রীপাদপদ্মের অনুসরণে আজ আমরাও কি উচ্চকণ্ঠে উর্দ্ধবাহু হইয়া বলিতে পারিব না ?—

'আমাদের প্রভুর প্রভু শ্রীগৌরসুন্দর।
এ বড় ভরসা চিত্তে ধরি নিরন্তর॥

নিত্যলীলাপ্রবিষ্ট জগদ্গুরু ও বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামি-প্রভুপাদকে ত' আমরা সকলেই শ্রীনিত্যানন্দ-প্রভু হইতে অভিন্ন বলিয়া জানি এবং শ্রীনিত্যানন্দ-প্রভুর প্রভু বা ভজনীয় বস্তু যেরূপ শ্রীগৌরসুন্দর ও শ্রীগৌরসুন্দরের মনোহভীষ্ট-পরিপূরণ-সেবায় অর্থাৎ "প্রেম-প্রচারণ ও পাষণ্ড-দলন"-কার্য্যে যেরূপ শ্রীনিত্যানন্দ-প্রভু সর্ব্বক্ষণ নিযুক্ত থাকেন, তদ্রূপ শ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের প্রভু বা ভজনীয় বস্তু শ্রীগৌরসুন্দর ও তদীয় মনোহভীষ্ট-পরিপূরণ উক্ত সেবাকার্য্য সম্পাদনই শ্রীল প্রভুপাদের একমাত্র কৃত্য, ইহাও ত' আমরা সকলেই জানি। শ্রীল প্রভুপাদের উদ্দেশ্য, চিত্তবৃত্তি, আচার-প্রচার, বিচারধারা ও চিন্তাস্রোতের মধ্যে ইহা সাক্ষাদ্ভাবে সর্ব্বক্ষণ দর্শন ও উপলব্ধি করিবারও সৌভাগ্য আমরা পাইয়াছি। সুতরাং আমরা যাঁহারা শ্রীল প্রভুপাদকে গুরুরূপে বরণ করিয়াছি, শ্রীল প্রভুপাদের শ্রীপাদপদ্ম আশ্রয় করিয়াছি, শ্রীল প্রভুপাদের উদ্দেশ্য, চিত্তবৃত্তি, আচার-প্রচার, বিচার ধারা ও চিন্তাস্রোতের সহিত যদি আমাদের উদ্দেশ্য, চিত্তবৃত্তি, আচার-প্রচার, বিচার-ধারা ও চিন্তাস্রোত এক হয়, কাটায় কাটায় মিল থাকে, তাহা হইলে আমরাও সকলে সমস্বরে মুক্তকণ্ঠে বলিতে পারিব —

"আমাদের গুরুদেবের ভজনীয়বস্তু স্বয়ং শ্রীগৌরসুন্দর বলিয়া সর্ব্বক্ষণ আমাদের চিত্তে এই দৃঢ়বিশ্বাস আছে যে, আমাদের গুরু-নির্দ্দিষ্ট অভিধেয় আমাদের প্রভু গুরুদেবের কৃপাবলে কোন-না-কোনদিন মহাপ্রভুর শুদ্ধসেবায় আমরা সত্তা অধিকার লাভ করিব অর্থাৎ মহাপ্রভু আমাদিগকে স্বীয় দাসানুদাস বলিয়া মনে করিবেন।"

শ্রীগুরুদেব—শ্রীনিত্যানন্দপ্রভু অসত্য বা অনিত্যবস্তু নহেন, তিনি নিরন্তরই বাস্তবসত্যবস্তু, নিত্যকাল জগতে আছেন;

তাঁহার প্রকৃত শিষ্যগণ—সেবকগণও নি- কৃষ্ণে বাস্তবসত্যবস্তু, তাঁহারাও নিত্য জগতে আছেন—

"নিতাইর চরণ সত্য, তাঁহার সেবক নি-
নিতাই-পদ সদা কর আশ।"

"আচার্য্য-ধারা, ভক্তিবিনোদ-ধারা কখ লুপ্ত হইবে না।"

"অদ্যাপিহ সেই লীলা করে গৌররায়।"

—এই সকল মহাজন-বাক্যের দ্বারা শ্রীগু- দেবের—শ্রীনিত্যানন্দের—শ্রীআচার্য্যের- শুদ্ধবৈষ্ণবের—শ্রীমন্মহাপ্রভুর অর্থাৎ শ্রীগু- রু-বৈষ্ণবের বাস্তবত্ব ও নিত্যত্ব প্রমাণি- হইতেছে।

অতএব সপার্ষদ শ্রীমন্মহাপ্রভুর নিত্যানন্দাভিন্ন-বিগ্রহ শ্রীল প্রভুপাদে অপ্রকট-লীলাবিষ্কারের পরে আর তাঁহ কেহই এখন জগতে নাই বা তাঁহাদের শি- সেবক জগতে নাই—এ কথা শ্রীল প্রভুপাদে শ্রীপদাশ্রিত কোন সেবক বা শিষ্যই কখ- বলিতে পারেন না; বলা দূরে থাকুক, এ ক তাঁহারা চিন্তাও করিতে পারেন না। শ্রী প্রভুপাদের অপ্রকট-লীলাবিষ্কারের শ্রীল প্রভুপাদ কর্ত্তৃক পূর্ব্বেই আচার্য্যরূ নিরূপিত (শ্রীল প্রভুপাদ প্রকটকালে শ্রী আচার্য্যদেবকে স্বয়ং যে গৌরাশীর্ব্বাদপত্র প্রদান করিয়াছেন ও অপ্রকটের পূর্ব্বমুহূর্তে স্বয়ং শ্রীমুখে সকলের সম্মুখে শ্রীল আচার্য্য দেবকে যে কৃপাদেশ করিয়াছেন, তদ্দ্বারা শ্রীল আচার্য্যদেবের আচার্য্যত্ব স্পষ্টভাবে বিঘোষিত হইয়াছে) তদীয় সেবকশ্রে পরমারাধ্য শ্রীল আচার্য্যদেব যে স্বয়ং আচার্য রূপে আত্মপ্রকাশ করিয়াছেন এবং শ্রী প্রভুপাদের নিষ্কপট সেবকমাত্রই যে তাঁহাকে শ্রীল প্রভুপাদের স্থলাভিষিক্ত আচার্য্যরূপে বরণ করিয়া তদানুগত্যে শ্রীগুরুগৌরাঙ্গসেবা লাভের দৃঢ়াশা সর্ব্বক্ষণ চিত্তে পোষ করিতেছেন—ইহা কোনপ্রকার ছলনা, কপটতা, তামাসা বা কৌতূহল-নিবৃত্তি নহে, —ইহা নিরস্তকুহক বাস্তবসত্য।

শ্রীনিত্যানন্দের—শ্রীগুরুদেবের উদ্দেশ্য, চিত্তবৃত্তি, আচার-প্রচার, বিচার-ধারা ও চিন্তাস্রোতের সহিত অভিন্নবিগ্রহ শ্রীল বৃন্দাবনদাস ঠাকুরের—শ্রীল প্রভুপাদের— শ্রীল আচার্য্যদেবের ও শুদ্ধবৈষ্ণবগণের উদ্দেশ্য, চিত্তবৃত্তি, আচার-প্রচার, বিচার-ধারা ও চিন্তাস্রোতের কাটায় কাটায় মিল আছে বলিয়া তাঁহাদের অনুগত, সেবক ব শিক্ষাভিমানী আমরাও আজ শ্রীল বৃন্দাবন দাস ঠাকুরের—শ্রীল প্রভুপাদের—শ্রী আচার্য্যদেবের ও তদনুগত শুদ্ধবৈষ্ণবগণের উদ্দেশ্য, চিত্তবৃত্তি, আচার-প্রচার, বিচার ও চিন্তাস্রোতের সহিত আমাদের উদ্দে চিত্তবৃত্তি, আচার-প্রচার, বিচারধারা ও চি স্রোত এক করিয়া উচ্চকণ্ঠে উদ্দাম আমাদের এই বড় ভরসার কথা জগ- জানাইতেছি—

"আমাদের শ্রীগুরুদেবের—আচার্য্যদেবের —শুদ্ধবৈষ্ণবগণের অভীষ্ট বস্তু শ্রীগৌরসুন্দর বলিয়া সর্ব্বক্ষণ আমাদের চি- এই দৃঢ়বিশ্বাস আছে যে, আমাদের শু- নির্ম্মল অভিপ্রায় আমাদের প্রভু শ্রীগুরুদেবের —শ্রীআচার্য্যদেবের—শুদ্ধবৈষ্ণবগণের কৃপ বলে কোন-না-কোনদিন মহাপ্রভুর শুদ্ধসেবা আমরা সত্য অধিকার লাভ করিব অর্থা মহাপ্রভু আমাদিগকে স্বীয় দাসানুদাস বলি মনে করিবেন।"

আজ এই 'বড় ভরসা'য় বুক বাঁধি সেবক-ভগবান্ শ্রীনিত্যানন্দ-চন্দ্রে—শ্রীগু- রুদেবে—শ্রীআচার্য্যদেবে ও শুদ্ধবৈষ্ণব-তত্ত্বে কোনপ্রকার ভেদবুদ্ধি না করিয়া ঠাকু শ্রীবৃন্দাবনের—শ্রীগুরুদেবের—শ্রীআচার্য দেবের ও তাঁহাদের অনুগত শুদ্ধবৈষ্ণবগণে দাসানুদাস সূত্রে মুক্তকণ্ঠে দৃঢ়বিশ্বাসের সহি উদ্দাম হইয়া ইহাও পুনঃ পুনঃ নিবে- করিতেছি,—

"নিতাইপদ-কমল, কোটিচন্দ্র সুশীতল
যে ছায়ায় জগৎ জুড়ায়।
হেন নিতাই বিনে ভাই,
রাধাকৃষ্ণ পাইতে নাই
দৃঢ় করি, ধর নিতাইর পায়॥
সে সম্বন্ধ নাহি যার, বৃথা জন্ম গেল তার
সেই পশু বড় দুরাচার।"
(প্রার্থনা-কণ্ঠমালা

"সংসারের পার হই' ভক্তির সাগরে।
যে ডুবিবে, সে ভজুক নিতাইচাঁদেরে॥"
"যদ্যপি যবনী ধরি নিত্যানন্দ ধরে।
তথাপি ব্রহ্মার বন্দ্য কহিল তোমারে॥
মদিরা যবনী যদি ধরে নিত্যানন্দ।
তথাপি ব্রহ্মার বন্দ্য বলে গৌরচন্দ্র॥
কেহ বলে—নিত্যানন্দ যেন বলরাম।
কেহ বলে—চৈতন্যের বড় প্রিয়ধাম॥
কেহ বলে—মহাতেজী অংশ অধিকারী।
কেহ বলে—কোনরূপ বুঝিতে না পারি॥
কিবা জীব নিত্যানন্দ, কিবা ভক্ত-জ্ঞানী
যা'র যেন-মত ইচ্ছা না বলয়ে কেনি।
যে সে কেনে চৈতন্যের নিত্যানন্দ নহে।
তার পাদপদ্ম মোর রহুক হৃদয়ে॥
'সে আমার প্রভু, আমি জন্ম জন্ম দাস।'
সবার চরণে মোর এই অভিলাষ॥
এত পরিহারেও যে পাপী নিন্দা করে।
তবে লাথি মারোঁ তা'র শিরের উপরে॥

শ্রীশ্রীল আচার্য্যদেব ও রায়বাহাদুর

মদনগোপাল সার্কেল

(৬)

সার্কেল সাঃ—তাহা হইলে সেইরূপ হরিনাম গ্রহণ ত' mechanical হইয়া পড়িবে?

আচার্য্যদেব—ইহাতে হরিনাম স্ফূর্ত্তির পক্ষে আরও সাহায্য হইবে। সাধুর শ্রীমুখ নিঃসৃত উপদেশগুলি হরিনাম কীর্ত্তনেরই পোষক। সাধুর শ্রীমুখ বাণীর শ্রবণ ও হরিনাম গ্রহণের তাৎপর্য্য ভিন্ন নহে। শ্রীহরিনাম-প্রভুর যাহা উদ্দিষ্টতৃপ্তি করে, তাহা হরিনামস্ফূর্ত্তিরই পুষ্টিকারক। যেরূপ হরিনাম ও হরি এক, সেইরূপ হরিকথা ও হরিনাম অভিন্ন। হরিকথাও হরি,— হরিনামই হরি। অতএব হরিকথাই হরি- নাম। যিনি হরিকথা কীর্ত্তন করেন, তিনি হরিনামই করেন। হরিনাম গ্রহণের সময় [illegible] কারণ, তাহা একই তাৎপর্য্যময়। হরিকথা হরিনামের অধিকতর স্ফূর্ত্তি করাইয়া থাকে। উভয়ের মধ্যে কোনপ্রকার বিভাগীয় ভাব [illegible] স্বরূপ।

সার্কেল সাঃ—আমার পিতৃদেব খুব অর্চ্চনাপর ও নেষ্ঠিক ছিলেন। তিনি বৈষ্ণব ছিলেন না, তিনি নির্জ্জনে বসিয়া একসঙ্গে কয়েক ঘণ্টা ধ্যান করিতেন। আমি যখন খুব বালক, তখন হইতেই তিনি আমাকে নির্জ্জনে চক্ষু মুদ্রিত করিয়া ঈশ্বরের ধ্যান করিবার জন্য উপদেশ দিতেন। এজন্য আমরা বাল্যকাল হইতেই নির্জ্জনে ধ্যানাদির দ্বারা চিত্ত নিরোধ করিবার বিচারের পক্ষপাতী। ইহার বিপরীত বিচার বিশ্বাস করিতে পারি না।

আচার্য্যদেব—কার্য্য দেখিয়া কারণ নির্ণীত হয়। আপনি বাল্যকাল হইতে নির্জ্জনে ধ্যানাদিতে অভ্যস্ত থাকিয়া কতটা আত্মোন্নতি করিতে পারিয়াছেন?

সার্কেল সাঃ—আমি ত' এ বিষয়ে ঐকান্তিক হই নাই। ঐকান্তিক হইলে মনে হয়, এ বিষয়ে উন্নতি লাভ করিতে পারিতাম।

আচার্য্যদেব—ইহা ত' আপনার অনুমান। শ্রীমদ্ভাগবত অতি স্পষ্টভাবে দৃঢ়তার সহিত বলিয়াছেন যে, চি- সম্পূর্ণরূপে শুদ্ধসত্ত্ব ভূমিতে উপস্থিত হ হয়া পর্য্যন্ত কোন আকারের ধ্যান করিলে তাহা পৌত্তলিকতা ব্যতীত আ- কিছুই হইতে পারে না। অধোক্ষজ পরমেশ্বরের সচ্চিদানন্দ আকারকে চতুর্ব্বি মানের কোন ধ্যান বা ধারণার দ্বারা পরিমা- করা যায় না। পরমেশ্বর বদ্ধ জীবকে কল্পনার দ্বারা নির্ম্মিত হন না বলিয়া তাঁহার অধোক্ষজত্ব।

সার্কেল সাঃ—তাহা হইলে কি [illegible] হরিনাম গ্রহণ করিলে, তিনি কেবলমাত্র স্পন্দন করা ব্যতীত আর কিছুই করিবে না? সেই সময় তাঁহার মন কোথা থাকিবে?

আচার্য্যদেব—শ্রীহরিনাম গ্রহণকারী প্রথমেই প্রভাবযুক্ত বা শরণাগত হইবেন [illegible] আত্মনিবেদন করিয়া শ্রবণ কীর্ত্তন রত হইবেন। [illegible] আত্মনিবেদন বা শরণা- গতিতে ছয়টী লক্ষণ আছে। সেই জন্য লক্ষণের দ্বারা চিত্তবৃত্তি অধিষ্ঠিত থাকিলে মন হরিনামগ্রহণকালে সেই নামেরই সেবানু- কূল্য করিবে। শরণাগতের মন সাধারণ ভোগী বা ত্যাগী জীবের মনের ন্যায় দৈহিক ভোগ বা ত্যাগের সন্ধানে ঘুরিয়া বেড়ায় না। যাঁহারা শরণাগতির পথে চলিয়াছেন, দীক্ষা মন্ত্রের দ্বারা সর্ব্বপ্রথমেই তাঁহাদের মনোধর্ম্ম নিরস্ত হইতে থাকে এবং হরিনাম গ্রহণের দ্বারা কৃষ্ণপাদপদ্মে চিত্ত ক্রমশঃ সম্পূর্ণরূপে ভুক্তাভুক্ত হয়। কাজেই হরিনামগ্রহণকালে তাঁহাদিগের মনের কোন উপজীব্য বস্তু পৃথক্‌ভাবে সরবরাহ করিবার প্রয়োজনীয়তা হয় না। মন তখন স্বতঃই হরিনামের রূপ ও মাধুর্য্যে আকৃষ্ট হয়। হরিনামের নিকট কৃপা প্রার্থনা করিতে করিতে তাহাতেই চিত্ত আকুল হইয়া উঠে। সেই আর্ত্তি ও আকুলতা যতই বৃদ্ধি পাইতে থাকে, ততই চিত্ত হরিনামে অধিকতর আকৃষ্ট হয়, আর অন্য মনোধর্ম্ম থাকে না। শ্রীনামপ্রভুর দিক্ হইতে যতটা কৃপা অবতীর্ণ হইতে থাকে, ততই চেতনের বৃত্তি বিকশিত হইয়া স্বতঃই এক- তাৎপর্য্যপর হইয়া উঠে। তখন শ্রবণ-কীর্ত্তন ও স্মরণে অন্তরায় থাকে না। শ্রীহরিনামের সেবা তাৎপর্য্যই সকল পথান্ত হইয়া উত্তরোত্তর উৎকণ্ঠা বৃদ্ধি করিতে থাকে। এই উৎকণ্ঠার বিরাম নাই, ইহা ক্রমবর্দ্ধমান।

আমার প্রভুর প্রভু শ্রীগৌরসুন্দর।
এ বড় ভরসা আমি ধরিয়ে অন্তর॥
হেন দিন হইবে কি চৈতন্য-নিত্যানন্দ।
দেখিব বেষ্টিত চতুর্দ্দিকে ভক্তবৃন্দ॥"
[illegible]

শুদ্ধভক্তি-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠ

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীগৌরসুন্দরের ভবন শ্রীগৌড়ীয় মঠের [illegible] শ্রীব্রজপত্তন [illegible] [illegible] [illegible] [illegible] আছে।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন – [illegible] কলিকাতায় [illegible] আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠ প্রাঃ, সজীবন, প্রচারকগণের শ্রীমদ্ভাগবতের [illegible] সম্যক আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও সাময়িক পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়।

(৩) যোগপীঠ-মায়াপুর শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব স্থান মহাযোগপীঠ।

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং [illegible] বর্তমান।

(৬) মুরারিগুপ্তের পাট

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৭) কাজি-সমাধি পাট

প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)। ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি।

(৮) অনুকূলকৃষ্ণানুশীলনাগার

শ্রীধাম মায়াপুর

(৯) স্বানন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)

এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)। গৌরপার্ষদ বিপ্রবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ জান্নগর (বর্দ্ধমান)

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মামগাছি, পোঃ জান্নগর, (বর্দ্ধমান)। শ্রীবৃন্দাবনদাস ঠাকুর বৃন্দাবনের স্থান

(১৩) ঋতুদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(১৪) জহ্নুদেব গৌড়ীয়মঠালয়

(১৫) সুবর্ণবিহার গৌড়ীয়মঠ

গৌরপুর, নদীয়া

(১৬) শ্রীমদ্বীপ গৌড়ীয় মঠ

রাউতারা (শ্রীনসিংহদেবের মন্দির নিকটবর্ত্তী) পোঃ [illegible] (নদীয়া)

(১৭) কুলিয়ার [illegible]

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

(১৮) ভাগবত আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ ধানপাল, (নদীয়া)

(২০) মহেশ পণ্ডিতের পাট

কাঁঠালপুলি, পোঃ চাকদা (নদীয়া)

(২১) রাণাঘাট গৌড়ীয়মঠাসন

(২২) পুরী গৌড়ীয়মঠ

চ'ব্বিশ পরগণা

(২৩) মাধ্বগৌড়ীয় মঠ

নারিন্দা পোঃ ওয়ারি, ঢাকা। পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র।

(২৪) গোপালজীউমঠ

কমলাপুর, পোঃ ঢাকা

(২৫) মদন-গৌড়ীয় মঠ

পোঃ নারিন্দা, (ঢাকা)

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

মছলাকান্দা, পোঃ ময়মনসিংহ

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

(২৮) সরভোগ গৌড়ীয়মঠ

পোঃ চক্চকা, কামরূপ (আসাম)

"ভগবান্ ও ভক্তের কথা পড়িতে পড়িতে আমাদের সকল দূরে যাবে। কালের ভয় থাকিবে না হইয়া দৈন্য ও সরলতার সহিত সর্বদা ক্রন্দন করুন। ভগবানও নিশ্চয়ই চুপ করিয়া বসিয়া থাকিবেন না। তাঁহার সেবক সাধন [illegible] শ্রীগোবিন্দের [illegible] অনুসারে তাঁহাকে স্বরূপ প্রদান করেন। হরি-সেবার নামই ভক্তি।"

(শ্রীল প্রভুপাদ)

[illegible]

দৈনিক নদীয়া-প্রকাশ

১৬ মধুসূদন [illegible] গৌরাব্দ ৪৪৩

অপরাধ

ভক্তের চরণে অপরাধ মহা বিপজ্জনক। যাঁহার চরণে অপরাধ হয়, তিনি যদি দয়া করিয়া ক্ষমা করেন, তবেই অপরাধের হস্ত হইতে নিষ্কৃতি পাওয়া যায়, অন্যথা ভগবৎসেবার অধিকার লাভ হয় না। ভগবান্ অঙ্গী, আর ভক্তগণ তাঁহার অঙ্গস্বরূপ। অঙ্গকে বাদ দিয়া অঙ্গীর সেবা হয় না। আবার অঙ্গীকে বাদ দিয়া অঙ্গের সেবাও বৃথা পণ্ডশ্রম মাত্র। ভগবান্ ভক্তপরাধীন - ভক্তহৃদয়ে রুদ্ধ। ভক্তগণ তাঁহার হৃদয়ে আত্মসাৎ করিয়াছেন। তিনি ভক্তেরই সব ভোগ লইয়াছেন। ভক্তগণ ভগবানের বিলাস। সেইজন্য ভক্তই ভগবান্ মন্দির। বৈষ্ণবগণ ভগবানের অঙ্গ এবং ভগবান্ বৈষ্ণবগণের হৃদয়। ভগবানের যাঁহারা বৈষ্ণবের নিন্দা করেন ভগবান্ ব্যথিত হন। আবার বৈষ্ণবের প্রাণ ভগবানের নিন্দা করিলে বৈষ্ণবগণ দুঃখিত হন। সেইজন্য ভগবানের প্রায় ভক্তগণের সেবা করিতে হইলে, তাঁহাদিগকে প্রীত করিতে হইবে। একমাত্র ভক্তকৃপাতেই ভগবানের সেবাধিকারে প্রবিষ্ট হইবেন। যিনি ভক্ত, তিনিও ভগবানের; আবার যিনি ভগবানের তিনিই ভক্ত। ভক্ত ও ভগবান্ কখনও পৃথক্ থাকেন না। ভক্ত সর্বক্ষণ ভগবানের সেবায় নিযুক্ত থাকেন। ভগবৎসেবা ছাড়া ভক্তের অন্য কোন কৃত্য নাই। ভক্তই ভগবানের বেশি প্রিয়। এই ভক্তের ভক্ত-ভক্তের সেবক না হইতে পারিলেই ভগবানের কৃপা লাভ করা যায়। শ্রীনারায়ণগণ ভক্তের কৃপা ও সঙ্গ ব্যতীত শ্রীনামের সেবা ভগবানের অনুবিধান করা যায় না। সুতরাং আমরা যাহাতে ভক্তগণের অপরাধ না করি তজ্জন্য আমাদিগকে বিশেষ সাবধান থাকিতে হইবে।

ভক্ত ব্যতীত অপরের নিকট হরিকথা বা শাস্ত্রব্যাখ্যা শুনিতে হইবে না। অবৈষ্ণবের নিকট হরিকথা শুনিলে সাধকজীব আমাদের মঙ্গলের আশা নাই। কেহ কেহ শ্রীনাম পণ্ডিতের অনুকরণে যে কোন ব্যক্তির নিকট হরিকথা শুনিতে গেলে ক্ষতি অবশ্যই হইবে। শ্রীনামপণ্ডিতের ন্যায় মহাভাগবতও বৈষ্ণবী নিরপেক্ষ কৃষ্ণসেবা-বিলাসী। তাঁহারা আত্মস্বরূপে প্রতিষ্ঠিত, তেজীয়ান্ এবং সর্বদা অপ্রাকৃত কৃষ্ণকার্ষ্ণদর্শনে নিযুক্ত থাকায় তাঁহারা অন্যের মুখে হরিকথা শ্রবণের অভিনয় করিলেও, অসৎসঙ্গ তাঁহাদিগকে স্পর্শ করিতে পারে না। ক্ষীর ও নীর একত্রে মিশ্রিত থাকিলেও যথার্থ শুদ্ধা ভক্তি ও মিছা ভক্তির কথা কোন অন্যাভিলাষী ব্যক্তি কীর্তন করিলে পরমহংস মহাভাগবতগণ তাঁহাদের অধিকারবলে মিশ্রিত শব্দ হইতে প্রকৃত বিষয়টী ধরিয়া লইতে পারেন। কিন্তু অপরে তাহা পারে না। কখন কখন কেহ পারি মনে করিলেও তিনি বঞ্চিত হইয়া থাকেন। সেইজন্য শাস্ত্রে নিরপেক্ষ শ্রৌতপন্থী শুদ্ধভক্তের সঙ্গ করিতে এবং অভক্তসঙ্গ হইতে তফাৎ থাকিতে বলিয়াছেন। বৈষ্ণবাপরাধী, মুমুক্ষু ও অন্যাভিলাষী ব্যক্তির মুখে কখনই ভাগবত ব্যাখ্যা শুনিতে হয় না। সাধক জীবের কখনও ঐরূপ ব্যক্তির মুখে ভাগবত শ্রবণ করা উচিত নয়—শ্রীমন্মহাপ্রভু উহা আমাদিগকে জানাইবার জন্য শ্রীবাস পণ্ডিতের চরণে অপরাধী ভাগবত-ব্যাখ্যাতা দেবানন্দ পণ্ডিতের প্রতি ক্রোধ প্রকাশ করিয়াছেন। শ্রীমহাপ্রভুর সেবক বা কীর্তনকারী কখনও গ্রন্থভাগবত ও ভক্তভাগবতে ভেদবুদ্ধি করেন না। তাঁহারা [illegible] শ্রীভাগবতের সেবা বা কীর্তন করিয়া থাকেন। আমরা দুর্বল জীব। আমরা জ্ঞাত বা অজ্ঞাতসারে অপরাধ করিয়া ফেলিতেছি। আমরা নিষ্কপট শরণাগত হইলে, শুদ্ধবৈষ্ণব-ভগবানের নিকট ক্ষমাভিক্ষা করিলে তাঁহারা নিজগুণে আমাদের সকল অপরাধ ক্ষমা করিবেন। তাঁহারা অদোষদর্শী। তাঁহারা কাহারও দোষ বা অপরাধ গ্রহণ করেন না। আমরা দেবানন্দ পণ্ডিতের জীবনে দেখিতে পাই, তিনি ভোগবাদী হইলেও এবং জ্ঞাত বা অজ্ঞাতভাবে বৈষ্ণবাপরাধ করিয়া ফেলিলেও শ্রীমন্মহাপ্রভুর বাক্যও সহিষ্ণুতার সহিত শিরোধার্য করিয়াছিলেন এবং বৈষ্ণবের চরণে ক্ষমা প্রার্থনা করিয়াছিলেন বলিয়া অপরাধের হস্ত হইতে নিষ্কৃতি পাইয়াছিলেন। অপরাধী জীব আমাদের অপরাধ বশতঃ ভগবান্ ও ভক্তসেবায় রুচি নাই, হরিকথালোচনায় আগ্রহ নাই। এক্ষেত্রে আমরা যদি আমাদের অভিমান ছাড়িয়া শুদ্ধবৈষ্ণব-ভগবানের বাক্যও শিরে ধারণপূর্বক নিষ্কপট অপরাধের জন্য অনুতপ্ত হইয়া তাঁহাদের চরণে ক্ষমাভিক্ষা করি, তাহা হইলে আমাদের নিশ্চয়ই মঙ্গলই হইবে—শ্রীনামে রুচি হইবে। আমরা যদি আত্মশোধনে তৎপর না হই, নিজের দোষ যদি নিজে না বুঝিতে পারি, শুদ্ধবৈষ্ণব-ভগবানের চরণে অপরাধ ক্ষালনের আবশ্যকতা বোধ না করি, তাহা হইলে আমরা ভগবৎ-কৃপা কি কারণে লাভ করিব? যাদৃশ অপরাধগ্রস্ত বহু জীবের অপরাধের অন্ত নাই। শুদ্ধবৈষ্ণবগণ নিজগুণে ক্ষমা করিয়া আমাদিগকে সেবাধিকার প্রদান করুন—ইহাই তাঁহাদের শ্রীচরণে প্রার্থনা।

প্রশ্নোত্তর স্তম্ভ

প্রশ্ন—১। অহংগ্রহোপাসনা কাহাকে বলে? উহার প্রাপ্য ফল কি?

উত্তর—শ্রীল জীবগোস্বামীপ্রভু অহংগ্রহোপাসনার সংজ্ঞা দিয়াছেন "অথাহংগ্রহোপাসনং তচ্ছক্তিবিশিষ্ট ঈশ্বর এবাহমিতি-চিন্তনম্"—(ভঃ সঃ ২১৬ সংখ্যা)। "আমিই তাদৃশশক্তিবিশিষ্ট ঈশ্বর - এইরূপ চিন্তার নামই অহংগ্রহোপাসনা।"

অহংগ্রহোপাসনার ফল সম্বন্ধেও শ্রীজীবগোস্বামী প্রভু এইরূপ লিখিয়াছেন,—

"অস্য ফলং স্বস্মিংস্তচ্ছক্ত্যাবির্ভাবঃ। যথা বিষ্ণুপুরাণে নাগপাশাভিবন্ধিতঃ শ্রীপ্রহ্লাদস্তাদৃশত্বাধ্যানং স্মরন্ নাগপাশাদিক-মুৎসারিতবান্। অন্যত্রাপ্যসঙ্ক কীটপেশস্কৃন্যায়েন সারূপ্য-সার্ষ্ট্যাদিকঞ্চ জ্ঞেয়ম্।'

(ভঃ সঃ ২১৬ সংখ্যা)

"নিজের মধ্যে তাদৃশ শক্ত্যাদির আবির্ভাবই তাদৃশ উপাসনার ফলস্বরূপ। বিষ্ণুপুরাণে দৃষ্ট হইয়াছে যে,—শ্রীপ্রহ্লাদ নাগপাশে আবদ্ধ হইয়া তাদৃশরূপে আত্মাকে স্মরণ পূর্বক বন্ধন হইতে মুক্ত হইয়াছিলেন। পেশকারী কীট (কাচপোকা) কর্তৃক তৎকার্য্য নিজগৃহে আনীত অন্যজাতীয় কীট যেরূপ সর্বদা ভয়ের সহিত ঐ পেশকারী কীটের রূপ চিন্তা করিতে করিতে স্বয়ংও তাদৃশ রূপ প্রাপ্ত হয়, সেইরূপ অহংগ্রহোপাসনারও ভগবানের সারূপ্য এবং সমান ঐশ্বর্য্যাদিই অভিব্যক্তরূপে প্রাপ্য"।

প্রশ্ন—২। সংসারী লোক, যাহারা পাপপুণ্যে রত, তাহাদের অপেক্ষা ব্রহ্মজ্ঞানী শ্রেষ্ঠ কি না? জগাইমাধাই যেকালে পাপে লিপ্ত ছিলেন, সে অবস্থার সহিত কাশীবাসী প্রকাশানন্দ সরস্বতী ও তাঁহার মায়াবাদী শিষ্যগণের তুলনা করিলে কাহাকে অপেক্ষাকৃত ভাল বলা হইবে?

উত্তর—২। জগাইমাধাই পূর্বজীবনে পাপী ও মহাপ্রভুর সমসাময়িক কাশীবাসী মায়াবাদী সন্ন্যাসিগণ পূর্বজীবনে কৃষ্ণাপরাধী। পূর্বজীবনে জগাই-মাধাই জড়বিলাসী, আর মায়াবাদিগণ কৃষ্ণের বিলাস অস্বীকারকারী। প্রাকৃত নীতির দৌলতে বিচার করিলে ব্রহ্মচর্য্যপরায়ণ, বেদান্তনিরত, তপস্বী পরম ত্যাগী কাশীবাসী মায়াবাদী সন্ন্যাসিগণই শ্রেষ্ঠ। আত্মধর্ম-ভক্তির বিচারে পাপপুণ্য অপেক্ষা শ্রীভগবানের চরণে অপরাধ অধিকতর গুরুতর, বৈষ্ণবাপরাধ হইলে ত' কথাই নাই। পাপপুণ্য আত্মবৃত্তির ধ্বংসসাধন করে না, সাময়িকভাবে আচ্ছাদিত রাখে, কিন্তু অপরাধ আত্মার উপর ক্রিয়া করে। এজন্য [illegible] মহাজনগণ পাপ অপেক্ষা অপরাধকে সর্বাধিকভাবে গর্হণ করিয়াছেন। কিন্তু ইহার দ্বারা মনে করিতে হইবে না যে, তাঁহারা কোন প্রকার পাপ বা দুর্নীতির প্রশ্রয়দাতা। তাঁহাদের সিদ্ধান্ত এই যে, পাপ ভক্তির দ্বারকে চিরতরে রুদ্ধ করিতে পারে না; কিন্তু অপরাধ চিরতরে ভক্তিকে রুদ্ধ করিয়া থাকে। যেমন শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ লিখিয়াছেন,—

'যদিও ঘটনাক্রমে দুরাচার, এমত কি, সুদুরাচার (পরহিংসা, পরদ্রব্যহরণ, পরদারধর্ষণ, যাহাতে ভক্তের সহজে রুচি হইতে পারে না, তাহা) কদাচিৎ লক্ষিত হয়, তাহাও অবিলম্বে যাইবে এবং তদ্দ্বারা প্রবলপ্রবৃত্তিরূপা ভক্তি দূষিত হয় না,—ইহাই জানিবে।'—

শ্রীল শ্রীজীবগোস্বামী প্রভু বলেন,—

"ব্রহ্মাণ্ডপুরাণে জন্মাষ্টমী-মাহাত্ম্যে কৃষ্ণজন্মাষ্টমীকারাঃ দাস্যাঃ প্রসঙ্গেনাপি কস্যচিৎ তৎফলপ্রাপ্তিঃ। তথা চ বৃহন্নারদীয়ে তাদৃশ দুষ্কার্যার্থমপি ভগবদালয়ং মার্জয়িত্বা কশ্চিজ্জন্মাং গতিমবাপ। নত্বীদৃশমং ব্রহ্মজ্ঞানস্যাপি; যথোক্তং ব্রহ্মবৈবর্ত্তে,—বিষয়স্নেহসংযুক্তো ব্রহ্মাহমিতি যো বদেৎ। কল্পকোটিসহস্রেষু পচ্যতে পাপকৃন্নরঃ॥"—

(ভঃ সঃ ১৫২ সং)

ব্রহ্মাণ্ডপুরাণে জন্মাষ্টমী-মাহাত্ম্যেও উক্ত আছে যে, জন্মাষ্টমীব্রতকারিণী এক দাসীর (কুলটার) সহিত অসৎসঙ্গ-সত্ত্বেও একব্যক্তি জন্মাষ্টমীব্রতের ফল লাভ করিয়াছিল। বৃহন্নারদীয়েও এরূপ কথিত আছে যে, তাদৃশ চরণের নিমিত্ত কোন ব্যক্তি ভগবন্মন্দির মার্জ্জন করিয়াও উত্তমা গতি লাভ করিয়াছিলেন। কিন্তু ব্রহ্মজ্ঞানের ঐরূপ ফল কোথাও নাই। যথা ব্রহ্মবৈবর্ত্তে —বিষয়রাগযুক্ত হইয়া যে ব্যক্তি 'আমি—ব্রহ্ম', এরূপ উক্তি করে, সেই পাপাচারী সহস্রবার গর্ভবাস-যাতনায় দণ্ডীভূত হয়।

কিন্তু সাধু সাবধান!! এই সকল দৃষ্টান্ত দেখিয়া যেন আমরা প্রাকৃত সহজিয়া বা ভক্তদেবীর সম্বন্ধে অপরাধী কিংবা নামবলে পাপপ্রবৃত্তিবিশিষ্ট নামাপরাধী হইয়া না পড়ি। ঐ সকল দৃষ্টান্ত আকস্মিক অর্থাৎ যদি কোনও অকপট সেবোন্মুখ ব্যক্তিতে আকস্মিকভাবে ঐ সকল দুরাচারও দৃষ্ট হয়, তথাপি যেন কেহ ভক্তদেবীর প্রতি শ্রদ্ধাহীন না হইয়া পড়ে। অজামিল, বিল্বমঙ্গল, ভক্তাজিতদেবু, পরাশর, ব্যাস ও জগাই মাধাইর চরিত্রে আকস্মিক দুরাচার দেখিয়া কেহ যেন তাঁহাদিগের প্রতি বিমুখীব অশ্রদ্ধা না করেন, বা ভক্তিকে কর্ম্ম, যোগ, জ্ঞানাদির ন্যায় কিংবা বিশ্বামিত্রের তপস্যার ন্যায় ব্যাপারাদেশের মনে করিয়া ভক্তিদেবীর পাদপদ্ম হইতে চিরতরে ভ্রষ্ট না হন; বিশেষতঃ পূর্ব্বোক্ত মহাজনগণের অচিন্ত্য চরিত্র অনুকরণ করিয়া নামবলে পাপপ্রবৃত্তিবিশিষ্ট প্রাকৃত সহজিয়া, লম্পট, নামাপরাধী না হইয়া পড়েন। যখনই আমরা মনে করিয়াছি, "আমিও বিল্বমঙ্গল বা জগাই-মাধাইর ন্যায় পূর্ব্বজীবনে পাপের চরম সীমায় উপনীত হইয়া পরজীবনে সদাচারী সাধু হইব", তখনই আমার হৃদয়ে নামবলে পাপপ্রবৃত্তির উদয় হইয়াছে, আমি ভক্তির চরণে অপরাধী হইয়াছি; তবে ইহাও জানিতে হইবে যে, বিল্বমঙ্গল বা ভক্তাজিতদেবু কিংবা পরাশর, ব্যাস, জগাইমাধাই প্রভৃতির চরিত্রে আকস্মিক দুরাচার দৃষ্ট হইয়াছিল বলিয়া তাঁহারা জগদ্গুরু, মহাভাগবত বা আচার্য্যপদবাচ্য হইতে পারেন নাই, তাহা নহে। যদি তাঁহাদিগকে আমার আধ্যক্ষিক বিচারের গণ্ডির মধ্যে নিক্ষেপ করিয়া দুরাচার বা 'পতিত' বলিয়া তাঁহাদের নিন্দা করি, তবে আমিই ভক্তিরাজ্য হইতে চিরতরে ভ্রষ্ট হইব। তাঁহাদিগের পূর্ব্বচরিত্র স্মরণ করিয়া তাঁহাদিগকে দর্শন করিলে প্রভো নরকভুক্ ন্যায়ানুসারে জীবনাদপি তীব্র বৈষ্ণবাপরাধ হইবে।

প্রশ্ন—৩। হরিকথা-শ্রবণকীর্ত্তন ও গুরুবৈষ্ণবের আদেশাদি পালন সত্ত্বেও আমাদের ভক্তিবৃত্তি উত্তরোত্তর বৃদ্ধি হয় না কেন?

উত্তর—৩। হৃদয়ে প্রচ্ছন্নভাবে কোন কপটতা থাকিলে শাস্ত্রশ্রবণাদির অভিনয় ও কীর্ত্তনের অভিনয় করিয়াও ভক্তি বৃদ্ধি হয় না। শ্রীল শ্রীজীবগোস্বামী প্রভু বলেন,—

"পূজিতো ভগবান্ বিষ্ণুর্জন্মান্তরশতৈরপি। প্রসীদতি ন বিশ্বাত্মা বৈষ্ণবে চাপমানিতে ॥ অত্র কৌটিল্যম্ অশ্রদ্ধা ভগবন্নিষ্ঠাচ্যাবকবস্তুস্মৃতিঃ নিবেশো ভক্তৈশ্বর্য্যাদিকৃতা-নির্ব্বিন্নোপাসনায়াগীন মহৎসেবাদি লক্ষণ ভক্ত্যাপি নির্বর্ত্যং দুষ্কর্ম্মাণি চেৎ হি ভগবৎপদবন্দৈক কার্যাণি চাপ্রীতিস্তু উক্ত সিদ্ধান্ত। অতএব কুটিলাত্মনামুত্তমমপি নানোপচারা দিকং নাঙ্গীকরোতি ভগবান্ যথা দুর্য্যোধনস্য দ্রোণাদিনস্য। আধুনিকানাং শ্রুতশাস্ত্রানামপ্যপরাধনোমধ্যে শ্রীমদর্চিত শ্রীগুরো দেবতাদিষু চাপ্রদানাদ্যপরাধাদি সতি বহিঃক্রিয়াঙ্গতারম্ভ কৌটিল্যম্। অত এবাকুটিলচরানাং তদ্বিনা ভাসাদিনাপি কৃতার্থসম্পদম্। কুটিলানাং ভক্তাভক্তৃত্বমপি ন ভবতীতি স্কান্দে শ্রীপরাশর বাক্যে দৃশ্যতে,—'ন হ্যপুণ্যবতাং লোকে মূঢ়ানাং কুটিলাত্মনাম্। ভক্তির্ভবতি গোবিন্দে কীর্ত্তনং স্মরণং তথা॥' ইতি এতদপি কয়োক্তং বিষ্ণুধর্ম্মে—"সত্যং শতেন বিঘ্নানাং সহস্রেণ তথা তপঃ। বিঘ্নায়ুতেন গোবিন্দে নৃণাং ভক্তির্নিবার্য্যতে॥" ইতি অতএবাহ (ভাঃ ৩।১১।৩৪),—'ঘং মুমানাথামূর্দ্ধিক্ষতনৃপবৈণুর্ন্তিঃ। কৃতজ্ঞঃ কো ন সেবেত দুরারাধ্যমসাধুভিঃ॥"

(ভঃ সঃ ১৫৩ সং)।

শত শত জন্মে ভগবান্ বিষ্ণু পূজিত হইলেও শ্রীবিষ্ণুপ্রিয় শ্রীবৈষ্ণব ঠাকুর যদি অবমানিত হন, তাহা হইলে বিশ্বাত্মা শ্রীহরি কখনও প্রসন্ন হন না। কুটিলতা, অশ্রদ্ধা, ভগবন্নিষ্ঠা-চ্যুতিকারক বস্তুতে বস্তুর প্রতি অভিনিবেশ, ভজন শৈথিল্য, সেবাকার্য্যাদির ভক্ত অহঙ্কারের প্রভৃতি দোষগুলি যদি মহৎ অর্থাৎ মহাভাগবত বৈষ্ণব বা সাধুর সঙ্গ প্রভৃতি লক্ষণযুক্ত ভক্তির দ্বারাও নিবারণ করা অযোগ্য হয় অর্থাৎ নিবৃত্ত না হয়, তাহা হইলে ঐসকল দোষ অপরাধেরই শাখা এবং পূর্ব্বাপরাধের সূচক বা কারণ বলিয়া বুঝিতে হইবে। অতএব দুর্য্যোধনের নিকট পাণ্ডবদের দূতরূপে প্রেরিত ভগবান্ শ্রীকৃষ্ণ যেরূপ দুর্য্যোধনপ্রদত্ত নানা বিলাসোপচারযুক্ত পূজা গ্রহণ করেন নাই, তদ্রূপ কুটিল চিত্তজনের বিবিধ উপচারাদি প্রস্তুত হইলেও ভগবান্ তাহা স্বীকার করেন না। শাস্ত্র শ্রবণ করিয়াও আধুনিক কোন কোন লোকেরা অপরাধ দোষে শ্রীভগবান্, শ্রীগুরুদেব ও ভগবদ্ভক্তগণের প্রতি অদান অনাদর সত্ত্বেও বাহিরে তাঁহাদের প্রতি যে পূজাদির অনুষ্ঠান করে, তাহা সমস্তই কুটিলতা মাত্র। অতএব যদি হইলেও অকুটিল অর্থাৎ সরলচিত্ত ব্যক্তিগণের ভক্ত্যাভাসাদি দ্বারাও কৃতার্থতা কথিত হইয়াছে; কিন্তু কুটিল (কপট) ব্যক্তিগণের আদৌ ভক্তির আবির্ভাব হয় না,—ইহা স্কন্দপুরাণে পরাশরবাক্যে দৃষ্ট হয়,—এই জগতে মূঢ়, কুটিলচিত্ত, পাপী অজনগণেরই শ্রীগোবিন্দের প্রতি ভক্তি বা তাঁহার কীর্ত্তন ও স্মরণ-সেবা হয় না। বিষ্ণুধর্ম্মোত্তরেও এইরূপ কথিত হইয়াছে,—'শতাধিকের দ্বারা সত্য, সহস্র বিঘ্নের দ্বারা তপস্যা এবং অযুত অযুত অর্থাৎ অসংখ্য বিঘ্নের দ্বারা শ্রীগোবিন্দের প্রতি লোকের ভক্তি বাধাপ্রাপ্ত হয়।' অতএব শ্রীভাগবতের প্রতি শ্রীসূতের উক্তি,—কেবলার অনুসরণ অর্থাৎ নিষ্কিঞ্চন, অকৈতব, সরলচিত্তজনগণের অনায়াস-সেব্য এবং অসাধু, দুর্জ্জন, অভক্তগণের দুষ্প্রাপ্য সেই ভগবান্ শ্রীহরিকে কোন্ কৃতজ্ঞ ব্যক্তি সেবা না করিয়া থাকেন?

শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী

পরমার্থ-সম্পুটের রত্নরাজি

ভিক্ষা :- ১ম খণ্ড ৮০; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড ৮০, ৪র্থ খণ্ড —৮০ আনা।

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ

শ্রীধাম-মায়াপুর,-নদীয়া

পৌত্তলিক কে?

(শ্রীপাদ ভক্তিপ্রমোদ ভক্তিশাস্ত্রী)

মহাপ্রভু আনন্দময় আত্মা ভাব হ'লে।
কল্পনে জড়ের পূজা পৌত্তলিক ব'লে॥
প্রতিমার বিগ্রহেতে ভেদ সেই নয়।
বস্তুতত্ত্ব-জ্ঞানহীন পৌত্তলিক হয়॥
গুণজাত বস্তু মূর্ত্তি সৃষ্ট আকৃতিগণ।
যে করে সে পূজাকারী পৌত্তলিক জন॥

(২)

নিত্য সত্য গুণ নষ্ট করি তুচ্ছ জ্ঞান।
জড় নিত্যভাব যারা করে সাধন দান॥
না জানিয়া ঈশ্বরের স্বরূপ-বিশেষে।
ঈশ্বর কল্পনা করে শান নির্বিশেষে॥
ভক্তিজ্ঞানহীন যারা নির্ব্বিশেষ গায়।
অজ্ঞানে সেই জন পৌত্তলিক হয়॥

(৩)

ঈশ্বরের রূপ নাই করিয়াছে স্থির।
অথচ ঈশ্বর বলি যে হয় অস্থির॥
ঈশ্বরের জড়রূপ করিয়া কল্পনা।
নির্ব্বিশেষবাদী করে পঞ্চ-উপাসনা॥
তাহারা স্বরূপ তত্ত্ব কভু জানা নয়।
অতএব কল্পনাকারী পৌত্তলিক হয়॥

(৪)

কাষ্ঠ বিষ্ণুর মূর্ত্তি ধ্যানেতে আনিয়া।
সেইজন এক চিৎশক্তির লাগিয়া॥
অষ্টদল সিদ্ধ তাকে দয়া হ'তে পারে।
শ্রীচৈতন্যের সাক্ষাৎকার প্রভু দিতে নারে॥
সচ্চিৎ আনন্দ-সেবা বিনা বাঞ্ছা যদি।
পৌত্তলিক বলি শাস্ত্র যায় উচ্চ করি॥

(৫)

বহু রূপে বহু জীব নিত্য সমুখে।
ঈশ্বর ভাবনা করে ঈশ্বরের মুখে॥
সেইজন পৌত্তলিক তুমি শাস্ত্রের বিচারে।
তাই মত সেই পৌত্তলিকা অনুসারে॥
শালগ্রাম শিলাতে যেই বলে নারায়ণ।
মহা-অপরাধী সেই পাষণ্ড গণন॥

(৬)

শুদ্ধ সত্ত্বে শ্রীবিগ্রহ চিন্ময় স্বরূপ।
স্বধাম আবির্ভাব সদা হয় হরিরূপ॥
প্রেমাঞ্জনে দেখে যেবা তাঁহার প্রকাশ।
শ্রীহরির সাক্ষাৎ নহে বস্তু, জানি পাশ॥
ভক্ত বিনা অন্য সব পুত্তলপূজক।
মৎস্য শিলা নহে ভক্ত বিগ্রহ-পূজক॥

(৭)

সর্ব্বশক্তি নিত্য দেখে হেরে ভগবান্।
সর্ব্ব রূপে অবতরণ হয় ভগবান্॥
মন্দিরে বিগ্রহ যে বলে সদা তাঁ'র ধাম।
প্রেমে সে দর্শন তাঁর পায় নিত্যধাম॥
ক্ষীরে নিত্য নহে অন্য ভগবান্।
শ্রীগুরুর সেবাতেই উপায় প্রধান॥

[illegible]-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যজন্মস্থান [illegible]

প্রাচীন নবদ্বীপ, [illegible] শ্রীমায়াপুর, নদীয়া [illegible]

[illegible]

(২) শ্রী[illegible] মঠ

[illegible]

৩। যোগপীঠ মায়াপুর শ্রী[illegible]

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

এই স্থানে শ্রী[illegible] [illegible]

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

এই স্থানে [illegible] [illegible] বর্তমান।

(৬) মুরারিগুপ্তের পাট

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৭) কাজি সমাধি-পাট

[illegible] শ্রীমায়াপুর, [illegible] (নদীয়া)

[illegible] [illegible] [illegible]

(৮) [illegible]

শ্রীধাম মায়াপুর

(৯) [illegible]

[illegible], পোঃ [illegible] (নদীয়া)

[illegible]

(১০) গৌর-[illegible]-মঠ

[illegible], পোঃ [illegible] (বর্দ্ধমান)

[illegible]

১১) [illegible] গৌড়ীয়মঠ

[illegible], পোঃ [illegible] (বর্দ্ধমান)

(১২) [illegible]-গৌড়ীয়মঠ

[illegible], পোঃ [illegible], (বর্দ্ধমান)

[illegible]

(১৩) [illegible]-গৌড়ীয়মঠ

পোঃ [illegible]

(১৪) [illegible] গৌড়ীয়মঠ

১৫ । [illegible]-গৌড়ীয়মঠ

[illegible], নদীয়া

(১৬) [illegible] গৌড়ীয় মঠ

[illegible]

পোঃ [illegible] (নদীয়া)

১৭ [illegible]

পোঃ [illegible], (নদীয়া)

(১৮) [illegible]

পোঃ [illegible] (নদীয়া)

(১৯) [illegible]মঠ

[illegible], পোঃ [illegible], (নদীয়া)

(২০) [illegible] পাট

[illegible], পোঃ [illegible] (নদীয়া)

(২১) [illegible] গৌড়ীয়মঠ[illegible]

২২ । [illegible] গৌড়ীয়মঠ

[illegible]

(২৩) [illegible]গৌড়ীয়মঠ

[illegible], ঢাকা।

[illegible]

(২৪) [illegible]গৌড়ীয়মঠ

[illegible] পোঃ ঢাকা

(২৫) [illegible]-গৌড়ীয় মঠ

পোঃ [illegible], (ঢাকা)

(২৬) [illegible] গৌড়ীয়মঠ

[illegible], পোঃ [illegible]

(২৭) [illegible]

পোঃ [illegible] (আসাম)

(২৮) [illegible]-গৌড়ীয়মঠ

পোঃ [illegible], [illegible], আসাম।

(২৯) [illegible] গৌড়ীয়মঠ

[illegible]

(৩০) [illegible]-গৌড়ীয়মঠ

পোঃ [illegible]

(৩১) [illegible] গৌড়ীয়মঠ

[illegible] [illegible]।

(৩২) [illegible] গৌড়ীয়মঠ

[illegible]

(৩৩) [illegible] গৌড়ীয় মঠ

[illegible]

(৩৪) [illegible]-গৌড়ীয়মঠ [illegible]

(৩৫) [illegible] মঠ

পোঃ [illegible]

(৩৬) [illegible] গৌড়ীয়[illegible]

[illegible] পোঃ [illegible]

(৩৭) [illegible] মঠ,

[illegible], [illegible]

(৩৮) [illegible]

[illegible]

(৩৯) [illegible]

পোঃ [illegible]

(৪০) [illegible] মঠ—[illegible]

(৪১) [illegible]

(৪২) শ্রী[illegible]

[illegible], মথুরা

(৪৩) [illegible] মঠ

[illegible], মথুরা।

(৪৪) [illegible] গৌড়ীয়মঠালয়

পোঃ [illegible], মথুরা

(৪৫) [illegible]

পোঃ [illegible], মথুরা

(৪৬) [illegible] মঠ—[illegible],

পোঃ [illegible] ([illegible])

(৪৭) [illegible]গৌড়ীয়মঠ

[illegible]

(৪৮) [illegible] গৌড়ীয় মঠ

[illegible]

(৪৯) [illegible] গৌড়ীয়মঠ

[illegible]

(৫০) [illegible] গৌড়ীয়মঠ

পোঃ [illegible]

[illegible]

(৫১) [illegible] গৌড়ীয়মঠ

[illegible]

[illegible]

৫২ । [illegible]গৌড়ীয়মঠ

[illegible], পোঃ [illegible], ([illegible])

(৫৩) [illegible] মঠ

[illegible] পোঃ [illegible]

৫৪ । [illegible]—[illegible]

[illegible]

(৫৫) [illegible]-গৌড়ীয়মঠ

পোঃ [illegible]

(৫৬) [illegible] মঠ

[illegible], পোঃ [illegible]

(৫৭) [illegible] গৌড়ীয়মঠ[illegible]

(৫৮) শ্রী[illegible]গৌড়ীয়-[illegible]

পোঃ [illegible]

(৫৯) [illegible] মঠ

[illegible], পোঃ [illegible]

(৬০) [illegible] গৌড়ীয়মঠ

[illegible]

(৬১) [illegible] মঠ

পোঃ [illegible]

(৬২) [illegible]গৌড়ীয়মঠ

[illegible]

(৬৩) [illegible] গৌড়ীয়মঠ

[illegible]

(৬৪) [illegible] গৌড়ীয়মঠ

[illegible]

(৬৫) গৌড়ীয় [illegible]

[illegible]

(৬৬) গৌড়ীয়মঠ [illegible]

[illegible]

(৬৭) শ্রী[illegible] গৌড়ীয়মঠালয়

[illegible]

[illegible] মায়াপুর [illegible] প্রকাশ [illegible] হইতে শ্রী[illegible] [illegible]

[illegible]

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও দ্বিতীয় বারের জন্য	সংবাদের পৃষ্ঠায় পরবর্ত্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও দ্বিতীয় বারের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় পরবর্ত্তী দিন
প্রতিবারে প্রতি লাইনের ।০	৶০	।৶০	।	
" " ইঞ্চি ২৲		১।০	১৲	
সিকিকলম ৫৲	৪৲		৩৲	
" অৰ্দ্ধকলম ৮৲	৭৲	৬৲	৫৲	
" এক কলম ১২৲	১০৲	১০৲	৮৲	

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিবারে প্রতি ইঞ্চি ৩৲	২।০
" সিকি কলম ১৫৲	১২৲
" অৰ্দ্ধকলম ২৫৲	২০৲
" এক কলম ৩৫৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৸০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা [illegible] ; বিশেষ সংখ্যার মূল্য স্বতন্ত্র।

[illegible]ল প্রভুপাদের প্রবন্ধাবলী

শ্রীল প্রভুপাদের চতুঃশতীতম [illegible] শ্রীল আচার্য্যদেবের [illegible] "শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী" প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। ইহাতে পূর্ব্বার্দ্ধ ও উত্তরার্দ্ধ দুইটি বিভাগ আছে। পূর্ব্বার্দ্ধে শ্রীল প্রভুপাদের আদ্য প্রবন্ধাবলী শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের সম্পাদিত 'সাপ্তাহিক সজ্জনতোষণী,' শ্রীল প্রভুপাদের "নদীয়া-প্রকাশ" [illegible] [illegible] হইতে যথাসাধ্য [illegible] টীকা-সহ প্রকাশিত হইয়াছে। উত্তরার্দ্ধে শ্রীল প্রভুপাদের সম্পাদিত 'সজ্জনতোষণী'র কতিপয় প্রবন্ধ যথাসাধ্য [illegible] হইয়াছে। প্রবন্ধগুলি রচনাকালের ক্রমানুসারে গ্রথিত হইয়াছে; এতদ্ব্যতীত শ্রীল আচার্য্যদেবের একটি [illegible] [illegible] একটি বিস্তৃত [illegible], [illegible] [illegible]-[illegible] ও [illegible]-সূচী প্রভৃতি গ্রন্থে সংযোজিত হইয়াছে। গ্রন্থটি উৎকৃষ্ট কাগজে [illegible] [illegible] শ্রীল প্রভুপাদের [illegible] [illegible] [illegible] হইয়া প্রকাশিত হইয়াছে। প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্য মঠ, পোঃ শ্রীমায়াপুর, [illegible]; শ্রীগৌড়ীয় মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ও শ্রীমাধব গৌড়ীয় মঠ, [illegible], পোঃ [illegible], ঢাকা।

শ্রীল প্রভুপাদের পত্রপ্রসূন মালা

এই গ্রন্থে ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তি-সিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের [illegible] পত্রাবলী শ্রীল আচার্য্যদেবের বিরচিত "গৌরব" নামক গ্রন্থের সহিত প্রকাশিত হইয়াছে। শ্রীল প্রভুপাদের অনেক অপ্রকাশিত পত্র ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ১০ আট আনা।

শ্রীধাম-মায়াপুরে

—ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট—

[illegible] ইংরেজী বিদ্যালয়

[illegible] [illegible] [illegible] [illegible] সন্নিকটে বিদ্যালয় ও বোর্ডিং [illegible] [illegible] [illegible]। [illegible] [illegible] ও [illegible]। বিদেশী ছাত্রগণের জন্য [illegible] [illegible] [illegible] থাকিবার ব্যবস্থা হইয়াছে। আহার ও বোর্ডিংখরচ প্রতি মাসে মাত্র ৮৲ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন্ পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। বর্ত্তমান বর্ষে [illegible] জন বালকের মধ্যে ১৫ জন ভালভাবে উত্তীর্ণ হইয়াছে।

মেধাবী ছাত্রগণের জন্য সুবিধা

পরীক্ষায় যাহারা শতকরা [illegible] নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ [illegible] [illegible] ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক-সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা [illegible] আলোচিত হইয়াছে। এই এক অপূর্ব্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

চৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত্র [illegible] সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ [illegible] [illegible] [illegible] [illegible] লিখিত ইহার ভিক্ষা মাত্র ৪৲ টাকা। প্রাপ্তিস্থান [illegible] [illegible] [illegible], শ্রীযোগপীঠ, [illegible], পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীসরস্বতী-সংলাপ

প্রথম খণ্ড

শ্রীশ্রীমদ্ [illegible] [illegible] [illegible] [illegible] ১০৮শ্রী শ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] কীর্ত্তন করিয়াছেন, যাহা তাঁহার [illegible] গৌড়ীয় [illegible] [illegible] [illegible] [illegible] শ্রীহস্তে [illegible] [illegible] [illegible] [illegible] গৌড়ীয়পত্রে প্রকাশিত হইয়াছে, তাহা [illegible] [illegible] শ্রীল প্রভুপাদের [illegible] [illegible] আকারে [illegible] [illegible] শ্রীল প্রভুপাদের [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] হইয়াছেন। [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] পাওয়া যাইবে। [illegible] [illegible] এই গ্রন্থ [illegible] [illegible] প্রয়োজন

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্স কলেজের ইংরাজের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপদেশক পণ্ডিত আচার্য্য শ্রীনিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী সরস্বতী-বৈষ্ণবাচার্য্য এম এ মহোদয়ের প্রেমোন্মাদন এবং গভীর লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত পাঠে ধন্য হউন। এই বিরাট অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিবিধ চিত্র শোভিত। প্রাচ্য ও পাশ্চাত্য দার্শনিক মতবাদের সহিত তুলনা-মূলে শ্রীমহাপ্রভুর পরাবিদ্যা সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ড ৩২শ অধ্যায়ে প্রায় ৮০০ পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের প্রণীত মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকারের ভূমিকাদ্বয় (Prefaces) বিষয় তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত শব্দসূচী ও সূচীপত্র (Index Glossary) সহ অধুনা প্রকাশিত। ভিক্ষা—২৫, পঁচিশ টাকা। প্রাপ্তিস্থান—বাগবাজার গৌড়ীয়মঠ, চাপড়া বাজার, শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম মায়াপুর জেলা—নদীয়া।

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

———:(০):———

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। অধিকন্তু পাক্ষিক ইংরেজী পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু গ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্

উহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠ ভরতের

[illegible]

আমেরিকা প্রভৃতি কার্য্য দীর্ঘকাল মুক্ত, পাটীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই উহার কাটতি ক্রমশঃ বাড়িয়া যাইতেছে। শিশুর গ্রীষ্মা সম্বন্ধ কাগজের এবং নূতন ও পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। মূল্য ছোট বোতল ৷৵০ দশ আনা, বড় বোতল ১৷৵০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা

অথবা

পোঃ বেহালা, ২৪ পরগণা

'ঠাকুর ভক্তিবিনোদ'

———:(০):———

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি প্রচারের মূল মহাজন সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অভিনব জীবনচরিত এতাবৎকাল সম্যক্ প্রকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয়মঠাচার্য্যবর্য্যের অনুজ্ঞায় সর্ব্ববিদ্যাশাস্ত্রবিৎ সুলেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু মূল্যবান শিক্ষামালাও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১২৫ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৷০ আনা; ডাক মাশুল স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান— ম্যানেজার গ্রন্থবিভাগ

শ্রীগৌড়ীয়মঠ

পোঃ বাগবাজার

কলিকাতা

ই. বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	৫-৩৬	৬ ০৬	৭ ২৬	১২-২৬	১৪ ৫৬	১৬-৫৬	১৭-৫৬	২২-২৬
রাণাঘাট পৌঃ			৮ ৫০	১৪-১৫				
(বদল) ছাঃ			৯-৩৯	১৪ ৫০				
কৃষ্ণনগর পৌঃ	৭-১	৮ ৪৫	১০-৮	১৫-২০	১৭-২৮	১৯-১১	২০-১৩	১-১৯
(বদল) ছাঃ	৭-১১		১০-৩১		১৭-৩৮		২০-৫৬	
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫১		১১-১০		১৮ ১৬		২১-৪৬	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
রাণাঘাট পৌঃ	১২-৫৫
ছাঃ	১৩-০
শান্তিপুর পৌঃ	১৩-২৬
(বদল) ছাঃ	১৩ ৩১ (লাইট্ রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪-৩
ছাঃ	১৪ ১০
নবদ্বীপঘাট পৌঃ	১৫-০

ডাউন

নবদ্বীপঘাট ছাঃ ৫ ৫৫ ৯ ২৫ ১৩-০১ ১৬-০ ১৮-০১

কৃষ্ণনগর পৌঃ ৬ ২৬ ৯ ১০-৩ ১১-৪১ ১৪-১০ ১৬-৩৬ ১৯-১১

ছাঃ ৬ ২৩ ৭ ১৮ ১০-১১ ১৬ ৫৩ ১৯-২৫

রাণাঘাট পৌঃ ১০-৫৬ ১৭-৩১

(বদল) ছাঃ ১১ ০ ১৭-৪০

কলিকাতা পৌঃ ৮-১৬ ৯-২, ৯ ১ ১২-১৬ ১৪-১৬ ১৯-১১ ২১-৪১ ২৩-২৬

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৩-৩১	১৬-০		
কৃষ্ণনগর পৌঃ	১৪-১০	১৬-৩৮		
ছাঃ	১৫-২৮	১৭-১৫		
শান্তিপুর পৌঃ	১৬-৯	১৭-৫৬		
(বদল) ছাঃ	১৬-৩৩	১৮-১	(শনিবার ভিন্ন)	১৮-৮ (শনিবার)
রাণাঘাট পৌঃ	১৭-১০	১৮-২৭		১৮-৩৩
(বদল) ছাঃ	১৭-৪০	১৮-৪০		১৮-৪০
কলিকাতা পৌঃ	১৯-১১	২০-৬		২০-৬

ফোন— শ্রীমায়াপুর
টেলিগ্রাম—'শ্রীধাম' শ্রীমায়াপুর

REGD NO C 1544

দৈনিক নদীয়াপ্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত

[illegible] একমাত্র দৈনিক মুখপত্র

১৪শ খণ্ড] শ্রীমায়াপুর— ৭ই বৈশাখ, ১৩৪৬ ২১শে এপ্রিল, ১৯৩৯, শুক্রবার [৪৪শ সংখ্যা

বিবিধ সংবাদ

বর্দ্ধমান সহরে জলকষ্টের আশঙ্কা

বর্দ্ধমান সহরে শীঘ্রই দারুণ জলকষ্ট হওয়ার সম্ভাবনা। মিউনিসিপ্যালিটির কর্ত্তৃপক্ষের নিকট সন্ধান করিয়া জানা গেল যে, এক সপ্তাহ হইল, বাঁকা নদীর জল [illegible] গিয়াছে। দামোদর ক্যানাল কর্ত্তৃপক্ষকে, দামোদর ক্যানাল হইতে বাঁকা নদীতে অবিলম্বে জল সরবরাহের জন্য অনুরোধ করা হইয়াছে। তাঁহারা জানাইয়াছেন যে, জাহানপুরে একটি বাঁধের ভাঙ্গা বাঁধ প্রস্তুত আরম্ভ হইয়াছে; সুতরাং জল সরবরাহ করিতে এক সপ্তাহ বিলম্বের সম্ভাবনা।

বর্দ্ধমান সহরের জলের কলে সম্প্রতি যে জল মজুত আছে, তাহাতে এক সপ্তাহ চলিবে না। মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান সেইজন্য ১০ ঘণ্টার পরিবর্ত্তে ৭ ঘণ্টাকাল সহরে দৈনিক জলসরবরাহ করার আদেশ দিয়াছেন। চেয়ারম্যান এই সম্পর্কে সেচ-বিভাগের চীফ ইঞ্জিনীয়ারের নিকট তার করিয়াছেন।

কংগ্রেস নেতার প্রতি হুমকী

শ্রীযুক্ত বিজয়কৃষ্ণ রায় একজন সম্ভ্রান্ত উকিল। তিনি যশোহর জেলা কংগ্রেস কমিটির সহকারী সভাপতি। তিনি সম্প্রতি [illegible] ডাকঘরের শীলমোহরযুক্ত ভীতি প্রদর্শনমূলক পত্র পাইয়াছেন। তাহাতে লেখা হইয়াছে যে, তিনি কংগ্রেসী হইয়া মুসলমানগণের বিরোধিতা করিতেছেন। তিনি যদি তাহার প্রচার কার্য্য বন্ধ না করেন তাহা হইলে অপমানিত হইবেন এবং তাঁহার বাড়ী লুট হইবে ইত্যাদি। পত্রখানি স্থানীয় নেতৃবর্গকে এবং স্থানীয় কর্ত্তৃপক্ষকে দেখান হইয়াছে।

পল্লীর নিরক্ষরতা দূরীকরণ ব্যবস্থা

চট্টগ্রাম ছাত্র ফেডারেশন ঐ জেলার পল্লী অঞ্চলে নিরক্ষরতা দূরীকরণের ব্যবস্থা করিয়াছেন। গ্রীষ্মের ছুটির সময় ছাত্রগণ পল্লী অঞ্চলে যাইয়া উক্ত ব্যবস্থানুযায়ী কার্য্য করিবেন স্থির করিয়াছেন।

৪।৫ জন ছাত্র দল বাঁধিয়া ভিন্ন ভিন্ন অঞ্চলে যাইবেন এবং 'শান্তি, উন্নতি ও স্বাধীনতার' পতাকা বহন করিয়া, প্রচার-পত্র, ছাত্রদের সাময়িক পত্র, প্রগতি পন্থী সংবাদপত্র ও মাসিক পত্রসহ পল্লীতে প্রবেশ করিবেন। এই উপলক্ষে ছাত্রগণ প্রতি গৃহস্থের দারিদ্র্য, বেকার, নিরক্ষরতা এবং ঋণ সম্পর্কে তথ্য সংগ্রহ করিবেন। ক্লাবে, খেলার মাঠে, প্রাঙ্গণে তাঁহারা স্থানীয় ছাত্রদের সহিত সাক্ষাৎ করিবেন। চারি সপ্তাহ এই পদ্ধতিতে কার্য্য চলিবে।

জাপানীদের সহিত প্রচণ্ড হাতাহাতি সংগ্রাম

চীনা মহলের জনৈক মুখপাত্র বলিয়াছেন যে, তিন দিন তিন রাত্রিব্যাপী কঠোর সংগ্রামের পর চীনাবাহিনী ক্যান্টনের ৪০ মাইল পূর্ব্বদিকবর্ত্তী শাওচেন নামক সহর দখল করিয়াছে। প্রবল গোলা বর্ষণের মধ্যে চীনাবাহিনী সহরের উত্তর ও দক্ষিণ দ্বারে হানা দেয় এবং চীনাবাহিনীর দুর্দ্ধর্ষ সৈন্যেরা জাপানীদের প্রবল অগ্নি বৃষ্টি তুচ্ছ করিয়া সাঁতরাইয়া পরিখা পার হয় এবং সহরে প্রবেশ করে। ইতোমধ্যে সহরের বিভিন্ন স্থানে অগ্নিকাণ্ড আরম্ভ হইয়াছিল। অতঃপর প্রচণ্ড হাতাহাতি সংগ্রাম আরম্ভ হয় এবং জাপানীরা দক্ষিণ দিকে পশ্চাদপসরণ করে। তদুপরি দক্ষিণ শান্সির কুলান এবং বাইকেঙ-এর দক্ষিণপশ্চিমবর্ত্তী টাকঙ চীনারা দখল করিয়াছে বলিয়া দাবী করা হইয়াছে।

বর্মী লরী চালকগণের প্রতি চীনা কর্ত্তৃপক্ষের দুর্ব্ব্যবহার

ব্রহ্ম সরকারের এক ইস্তাহারে বলা হইয়াছে যে, সম্প্রতি সংবাদপত্রে এই মর্ম্মে এক সংবাদ বাহির হইয়াছে যে, ব্রহ্ম-ইউনিয়নবোর্ডে যে সমস্ত লরী চালক লরী চালনা করে, তাহাদের প্রতি চীনের কর্ত্তৃপক্ষ অত্যন্ত দুর্ব্ব্যবহার করিতেছে। আরও প্রকাশ যে, জনৈক ব্রহ্মদেশীয় লরী চালককে নাকি গুলি করিয়া মারা হইয়াছে।

অনুসন্ধান করিয়া জানা যায় যে, গুলী করিয়া মারার সংবাদ সম্পূর্ণ ভিত্তিহীন। প্রকাশ, দুইজন লরী চালককে অসঙ্গত আচরণের জন্য গ্রেপ্তার করা হইয়াছে; কিন্তু তাহাদের প্রতি যে খারাপ ব্যবহার করা হইয়াছে তাহা মনে করিবার কোনই কারণ নাই।

মাটী ধসিয়া পড়ায় মৃত্যু

বিহার থানার অধীন চরাখণ্ড গ্রামের জনৈক মজুরের শোচনীয়ভাবে মৃত্যু ঘটিয়াছে। প্রকাশ, উক্ত গ্রামের কয়েকদিন যাবৎ জনৈক ব্যক্তি পাতকুয়া খনন করিবার জন্য কূপের তলদেশে নামিয়া কাজ করিতে থাকে। হঠাৎ চারিদিক হইতে মাটির চাপ ধসিয়া পড়ায় সে চাপা পড়িয়া মারা যায়। উক্ত মজুরের মৃতদেহ কূপ খনন করিয়া বাহির করা হইয়াছে।

ভারতীয় ছাত্রের কৃতিত্ব

এই মর্ম্মে এক সংবাদ পাওয়া গিয়াছে যে, মরিসাস প্রবাসী মিঃ প্রহ্লাদ রায় চিনি প্রস্তুতের এক নূতন উপায় উদ্ভাবন করিয়াছেন। আখের গুড় হইতে তিনি ঐ পদ্ধতিতে শতকরা ৯০ ভাগ চিনি বাহির করিতে সমর্থ হইয়াছেন। মিঃ রায়ের উদ্ভাবিত উপায়কে সুপ্রসিদ্ধ ব্যাটেল পদ্ধতিরই সহজ সংস্করণ বলা যাইতে পারে।

মিঃ রায় মরিসাসের রয়েল কলেজে এবং ইউনিয়ন ক্লাব সুগার এষ্টেটে গবেষণার কার্য্য করেন। কলিকাতা বিশ্ববিদ্যালয়ের বিশেষ বৃত্তি লইয়া মিঃ রায় গবেষণার কার্য্য সম্পূর্ণ করার জন্য মরিসাসে গিয়াছিলেন।

বেকার সমস্যার প্রতিকার

গত ২৮শে মার্চ মঙ্গলবার বঙ্গীয় ব্যবস্থা পরিষদের অধিবেশনে বাঙ্গালা দেশের বেকার সমস্যার প্রতিকার কল্পে আনীত একটী বে-সরকারী বিল পাশ হইয়াছে। উক্ত বিলটী পূর্ব্বে উচ্চতন পরিষদে পাশ হইয়াছিল।

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল সরস্বতী ঠাকুরের পরবিদ্যাভূষণ স্বামী মহারাজ সম্পাদিত ইংরেজী পাক্ষিক। প্রতি একাদশীতে প্রকাশিত হয়। কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। সডাক ভিক্ষা ৪৷০ টাকা মাত্র।

২। গৌড়ীয় —মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা ডাক ৩৲, ষান্মাসিক ১॥০ টাকা মাত্র।

৩। ভাগবত —হিন্দী ভাষায় একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা গৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৪। পরমার্থী —শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ টাকা মাত্র

৫। শ্রীগৌড়ীয় —মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা ডাক ১৷০ মাত্র।

পরমগুরু শ্রীগৌরকিশোর

গৌড়ীয়-সম্পাদক-লিখিত, শ্রীগৌড়ীয়মঠাচার্য্যের ভূমিকা-সম্বলিত, বহুচিত্র-শোভিত বিরাট গ্রন্থ "পরমগুরু শ্রীগৌরকিশোর" প্রকাশিত হইয়াছেন। এই গ্রন্থে শুদ্ধগৌড়ীয়বৈষ্ণবগণের পরমারাধ্য, গৌড়ীয়গৌরবশিরোমণি অপ্রাকৃত বৈরাগ্যের বিগ্রহ নিত্যলীলাপ্রবিষ্ট পরমহংস ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল গৌরকিশোরদাস গোস্বামী প্রভুর অপূর্ব্ব চরিতকথা বর্ণিত আছে।

শ্রীশ্রীভক্তিবিনোদাবির্ভাব-শতবর্ষপূর্ত্তিতিথিপূজার উপায়ন-গ্রন্থমালা

——::(०)::——

১। গীতিসাহিত্যে শ্রীভক্তিবিনোদ

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র গীতিসাহিত্যের সমালোচনা-গ্রন্থ)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

২। শ্রীভক্তিবিনোদবাণীবৈভব

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের রচনাবলী হইতে আজ ১০৮টি অধ্যায়ে সম্বন্ধ-অভিধেয়-প্রয়োজনাকারে গ্রথিত অমূল্য উপদেশপূর্ণ গ্রন্থ)

ভিক্ষা—৩৲ তিন টাকা মাত্র।

৩। শ্রীশ্রীভক্তিবিনোদ-প্রসঙ্গ

ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ ও ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের পরমহংস গোস্বামী প্রভু-বর্ণিত এবং গৌড়ীয়ে প্রকাশিত শ্রীশ্রীভক্তিবিনোদ-চরিত-প্রসঙ্গ

ভিক্ষা —৷৵০ ছয় আনা মাত্র।

৪। ছাত্রদের ভক্তিবিনোদ

(ছাত্রদের উপযোগী ভাষায় লিখিত শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্র ও শিক্ষা)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

ছাত্রদের পক্ষে ভিক্ষা—॥০ আট আনা মাত্র)

প্রাপ্তিস্থান :—

(১) 'ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট', পোঃ শ্রীমায়াপুর, নদীয়া ;

২) শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ;

৩ শ্রীযুক্ত [illegible] এম-এ, বি-এল্, পুরাণপল্টন পোঃ রমণা, ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

[illegible] প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবত,—সমগ্র ৪০৲
[illegible] হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত — ১৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। ভাষ্যসহ বিরাট শ্রীচৈতন্যভাগবত (অবীণা) ৬৲
৩। ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৩
৪। সরস্বতী জয়শ্রী (অবীণা) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০ ; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০
৪র্থ খণ্ড ৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড ৸০; ২য় খণ্ড —১৲, ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার দীপিকা ও সংস্কার দীপিকা
৯। বৈষ্ণব ১৲
১০। গৌড়ীয় কণ্ঠহার ১৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বীণা) ১৲
১২। শিক্ষাষ্টক্ (প্রভুর শিক্ষা) (বীণা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধকণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ৷০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিবর্ত্ত তত্ত্ব ৷০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। বৈষ্ণবোপনিষদ ৷০
১৮। বামন-আদর্শ ৷০
১৯। তত্ত্ববিবেক ৷০
২০। গৌড়ীয়-গৌরব ৷৵০
২১। গৌড়ীয়গীতিকা ৷৵০
২২ ভজন রহস্য ॥০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বীণা) ১৲
২৪। গীতা (শ্রীবলদেব টীকা সহ) ২৲
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ, অবীণা) ২৲ / ১
২৬। গীতার কেবল মাত্র কথা ॥০
২৭। শ্রীকৃষ্ণতত্ত্ব অপগোঁরত্ত্ব (অবীণা) ১৲
২৮। প্রেমাম্ভোজমার (অবীণা) ৷০
২৯। প্রেমাবিবর্ত্ত (তৃতীয় সংস্করণ) (বীণা) ৸০
৩০। দীন-দিশা-দর্শন ৵০
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ৷৵০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বীণা) ৷০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৵০
৩৫। শ্রীভজনমালা ৴১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৵০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০
৩৯। শ্রীগোদ্রুমকল্পাতবী প্রভৃতি ৷০
৪০। নবদ্বীপশতক ৴০
৪১। গীতাবলী ৴০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
৪৩। সাধনতত্ত্ব ৴০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ৴

৫। নবদ্বীপশতক
৬। অর্চ্চনপদ্ধতি
৭। সদাচারস্মৃতি
৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৴১০
৯। অর্চ্চনকণ [illegible]
০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম ও ২য়) ৬৲
১। ব্রজশিক্ষা
২। বর্ণিবদ্ধী (সাগ্রহ) [illegible]
৩। গৌরকৃষ্ণোদয়ঃ [illegible]
৪। পুরুষার্থ-বিনির্ণয় ৷০
৫। তত্ত্বসূত্রাবলী বা মায়াবাদশতদূষণী ৷০
৬। ভাগবতের ও ভক্তিপথ
৭। ঈশোপনিষদ্ (আধ্যাত্মিক) ৷০
৫৮। শ্রীকৃষ্ণলেখা ৶০
৯। সিদ্ধান্তদর্পণ [illegible]
০। সাধুবাণী

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ
৬২। সিদ্ধান্ত সরস্বতী বিধিঃ [illegible]
৬৩। সটীক [illegible]
৬৪। [illegible]
৬৫। সাত্বত নিত্যকৃত্য
৬৬। গৌড়ীয়ভাষ্য-নিত্যাঃ ৷০
৬৭। সাধুসম্মত্বম্ ৷০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ৷০
৬৯। A Key to Vedic [illegible] ৷০
৭০। [illegible]
৭১। বেদান্ত—শ্রীল সরস্বতী ঠাকুর [illegible]
৭২। [illegible]
৭৩। [illegible] শ্রীচৈতন্য মহাপ্রভু
৭৪। [illegible]
৭৫। [illegible] ৴০
৭৬। [illegible] ৷০
৭৭। [illegible]
৭৮। [illegible] ৷০
৭৯। [illegible] ১৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি
৮১। সাধন-পথ ৷০
৮২। কল্যাণ-কল্পতরু ৶০
৮৩। গীতাবলী ৴০
৮৪। নবধাভক্তি ৴০

[illegible] ভাষায় প্রকাশিত

৮৫। নবধাভক্তি ৴০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক
নদীয়া-প্রকাশ
একমাত্র পারমার্থিক
দৈনিক পত্র
শ্রীধাম-মায়াপুর-নদীয়া

১৪শ বর্ষ | ১৭ মধুসূদন ৪৫৩ গৌরাব্দ, ৭ই বৈশাখ বঙ্গাব্দ ১৩৪৬, ২১শে এপ্রিল ইং ১৯৩৯, শুক্রবার | ৪৭শ সংখ্যা

প্রচার প্রসঙ্গ

——:(*):——

কলিকাতায়

শ্রীগৌড়ীয়মঠের অন্যতম প্রচারক ত্রিদণ্ডিস্বামী শ্রীপাদ ভক্তিবিচার যাযাবর মহারাজ কতিপয় মঠসেবক সহ গত ১৫ই এপ্রিল কলিকাতা ভবানীপুরনিবাসী ডাঃ শ্রীযুক্ত রাজেন্দু রায় মহোদয়ের বাসভবনে গমন করিয়া শ্রীমদ্ভাগবত হইতে নিমি-নবযোগেন্দ্র-সংবাদ পাঠ ও ব্যাখ্যা করেন। উপস্থিত ভদ্রমহোদয়গণের সকলেই স্বামীজীর পাঠ ও ব্যাখ্যা শ্রবণ করিয়া আনন্দিত হইয়াছেন। পাঠে বহুলোক উপস্থিত হইয়াছিলেন তন্মধ্যে কয়েকজনের নাম প্রদত্ত হইল।

ডাঃ রাজেন্দু রায় এম-বি; ডাঃ গোবিন্দ প্রসাদ মিত্র এম-বি; ডাঃ প্রফুল্ল চক্রবর্ত্তী এম-বি; ডাঃ নিখিলরঞ্জন চাটার্জ্জি এম-বি; ডাঃ সুধাংশু কর এম-বি; ডাঃ এ, আঢ্য; ক্যাপ্টেন মাণিক মুখার্জ্জি; ডাঃ আর, মুখার্জ্জি এম বি; মিঃ এস, সিংহ বি-এস-সি; ডাঃ পি, কে গুপ্ত এম বি; মিঃ শ্রীপতিরঞ্জন বোস; মিঃ নিত্যগোপাল রায়; মিঃ মণীন্দ্র লাল দত্ত; মিঃ সুকুমার বোস; মিঃ রাম-নারায়ণ রায় এম-এ বি এল; মিঃ ডি, এন রায় চৌধুরী; গৌরীশঙ্কর এণ্ড কোং'র ম্যানেজার; মিঃ কে, সি দে; মিঃ কিরণচন্দ্র সেন; মিঃ এস মুখার্জ্জি প্রভৃতি।

বম্বে নগরীতে

জগদ্গুরু পরমহংস ওঁ বিষ্ণুপাদ অষ্টোত্তর শতশ্রী শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদগণের পরিব্রাজকাচার্য্য ভক্তিরক্ষক... কৃপাশীর্ব্বাদে বম্বে নগরীর প্রসিদ্ধ ব্যক্তি সমূহ কেহ মঠে আগমন পূর্ব্বক, কেহ বা নিজ গৃহে মঠবাসী প্রচারকগণকে আহ্বান করিয়া বিশেষ আগ্রহের সহিত শ্রীগৌড়ীয়-মঠের বাস্তবসত্যবাণী শ্রবণ করিতে-ছেন জানিয়া আমরা সকলেই বিশেষ আনন্দিত। যে সমস্ত ব্যক্তি পূর্ব্বে এক মিনিট সময় দিতে অনিচ্ছুক ছিল, সেই সমস্ত ব্যক্তি এখন পরমারাধ্যতম শ্রীশ্রীল আচার্য্যদেবের কৃপায় ৪।৫ ঘণ্টা পর্য্যন্ত পরিশ্রম সহকারে এই সমস্ত চেতনবাণী শ্রবণ করিতেছেন এবং সকলেই শ্রীগৌড়ীয়-মঠাচার্য্যের করুণার প্রতি বিশেষভাবে আকৃষ্ট হইতেছেন, ইহা শ্রীল আচার্য্যদেবের অহৈতুকী করুণা ব্যতীত আর কি হইতে পারে? মঠসেবকগণও শ্রীল আচার্য্যদেবের শ্রীপাদপদ্ম একমাত্র সম্বল করিয়া পরমোৎ-সাহের সহিত বাস্তবসত্যের বাণী বিপুলভাবে কীর্ত্তন করিতেছেন।

গত ১০ই এপ্রিল সোমবার দিবস বম্বে সেকেণ্ড পাঁচীগল্লা-নিবাসী শেঠ, ধীরজলাল জবকিল মিস্ত্রী মহোদয় শ্রীমদ্-ভগবদ্গীতা পাঠ এবং শ্রীহরিসংকীর্ত্তনের জন্য মঠসেবকগণকে সাদর আহ্বান করিয়া নিজ গৃহে লইয়া যান। রাত্রি ৮।০ ঘটিকার সময় ব্রহ্মচারিবৃন্দ তথায় উপস্থিত হন। প্রথমে যথাবিধি শ্রীশ্রীগুরুবৈষ্ণববন্দনা হয় এবং দশাবতারস্তোত্র, 'ভজহুঁ রে মন, শ্রীনন্দনন্দন' প্রভৃতি গীতিসমূহ কীর্ত্তন হয়। তৎপরে শ্রীপাদ পতিতপাবন ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী শ্রীমদ্-ভগবদ্গীতা পাঠ ও গুজরাটী ভাষায় ব্যাখ্যা করেন। পাঠ-কালে ব্রহ্মচারীজী "শ্রীমদ্ ভগবদ্গীতা" শব্দের প্রকৃত তাৎপর্য্য, কি ভাবে গীত বা কীর্ত্তিত হইলে তাহাকে সুগীত বলা যাইতে পারে? ভগবান্ কে? গীতা পাঠ ও শ্রবণের অধিকারী কে? অষ্টাদশ অধ্যায়ের "যথা হয় অধ্যায়ে" কেন ভক্তিযোগের কথা কীর্ত্তিত হইয়াছে এবং শ্রীভগবানের অভিন্ন-বিগ্রহ শ্রীশ্রীআচার্য্যপাদপদ্মে শরণাগতি ব্যতীত যে কোন ব্যক্তিই গীতার প্রকৃত তাৎপর্য্য উপলব্ধি করিতে পারেন না, এই সমস্ত কথা প্রায় এক ঘণ্টাকাল বিশেষভাবে কীর্ত্তন করেন। পাঠান্তে কিছুক্ষণ যাবৎ মহামন্ত্র কীর্ত্তন হইবার পর সভা ভঙ্গ হয়। বহু গুজরাটী ভদ্রমহোদয় ও মহিলা পাঠে যোগদান করিয়াছিলেন। পাঠকীর্ত্তন শ্রবণ করিয়া সকলেই বিশেষ প্রীতি লাভ করেন।

——

শ্রীএকায়নমঠে

শ্রীশ্রীবিশ্ববৈষ্ণবরাজসভার অন্যতম প্রচারক ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ গত ১৩ই এপ্রিল শ্রীধাম মায়াপুর শ্রীচৈতন্যমঠ হইতে হংসখেড় শ্রীএকায়নমঠে গমন করিয়া তথায় হরিকথা কীর্ত্তন করিয়াছেন। ভক্তবৃন্দ তাঁহার নিকট হরিকথা শুনিয়া পরমানন্দিত হইয়াছেন।

দিল্লীতে

শ্রীশ্রীবিশ্ববৈষ্ণব রাজসভার অন্যতম শাখা নিউদিল্লীর শ্রীগৌড়ীয়মঠে ভারত সরকারের আইন-সচিব স্যার এন্ এন্ সরকার কে-টি মহোদয়ের সহধর্ম্মিণী মাননীয়া লেডি সরকার মহোদয়া গত ১৩ই এপ্রিল পূর্ব্বাহ্ণ ১০ ঘটিকার সময় শ্রীমঠে বিগ্রহ-দর্শনার্থ আগমন করেন। শ্রীমূর্ত্তি দর্শনান্তে তিনি খুবই প্রীতি লাভ করেন। তিনি কিছুক্ষণ যাবৎ উপদেশক পণ্ডিত শ্রীপাদ অপ্রমেয় দাস ভক্তিশাস্ত্রী মহোদয়ের নিকট গৌড়ীয়-মঠের কথা ও বর্ত্তমান শ্রীশ্রীল আচার্য্যদেবের প্রতি তাঁহার আন্তরিক শ্রদ্ধা জ্ঞাপন করেন ও তাঁহার শ্রীচরণ-দর্শনার্থ আগ্রহ প্রকাশ করেন।

নির্য্যাণ

শ্রীগৌড়ীয়মঠাশ্রিত রঙ্গপুর জেলার অন্তর্গত সিংদৈনিবাসী গৃহস্থভক্ত (নামাশ্রিত) শ্রীযুক্ত মাধবচন্দ্র রায় মহোদয় গত ২৩শে চৈত্র বৃহস্পতিবার রাত্রি ৮ ঘটিকার সময় হরিনাম করিতে করিতে স্বধামে গমন করিয়াছেন। তিনি খুব সরল ও হরি-গুরু বৈষ্ণব-সেবোন্মুখ ছিলেন। তাঁহার অপ্রকটে আমরা দুঃখিত।

মায়ারে করিয়া জয় ছাড়ান না যায়। সাধু-গুরু-কৃপা বিনা না দেখি উপায়

"ভগবান ও ভক্তের কথা পড়িতে পড়িতে আমাদের সকল দূরে যাইবে। কালের জন্য ব্যস্ত না হইয়া ধৈর্য্য ও সহিষ্ণুতার সহিত সর্ব্বদা কাম্যনাম করুন। ভগবান্‌ও নিশ্চয়ই চুপ্ করিয়া বসিয়া থাকিবেন না। যাঁহার যেরূপ সাধন; শ্রীগৌরহরি স্বয়ংই তদনুসারে তাঁহাকে সুফল প্রদান করেন। হরি-সেবার নামই ভক্তি

(শ্রীল প্রভুপাদ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

১৭ মধুসূদন নিধি শতোদশায়ী গৌরাব্দ ৪৫৩

যৎকিঞ্চিৎ

——::(•)::——

ভগবদ্ভক্তের সম্পূর্ণ আনুগত্যের দ্বারা ভগবানের প্রকৃত সেবা লাভ হয়। যাঁহারা ভগবানের নিজজনগণকে ভগবান্ হইতে পৃথক্ বুদ্ধি করিয়া ভগবদ্দাসগণের সেবা করেন না, তাঁহারা ভগবৎসেবা হইতে বঞ্চিত হন। ভগবদ্ভক্তের সেবা দ্বারা ভগবৎসেবাশিক্ষা লাভ করা যায়। যাঁহারা সর্ব্বক্ষণ ভগবৎ-সেবা করেন, তাঁহাদের সঙ্গ, আনুগত্য ও সেবা না করিলে, তাঁহাদিগকে সেবাশিক্ষা-গুরুরূপে বরণ না করিলে, তাঁহাদের শিক্ষার অনুসরণ না করিলে, কি করিয়া ভগবৎসেবা লাভ হইবে? সেইজন্যই বলিতেছি, ভগবদ্-ভক্তসেবা উপেক্ষা করিয়া কেবল ভগবানের সেবাচেষ্টা দ্বারা ভগবানের সেবা হয় না, পরন্তু ভক্তের সেবাদ্বারাই ভগবানের সেবা লাভ হয়। ভক্তকে নিজের নিকট বাঁধিতেই হইবে; নতুবা ভক্তের ভক্তত্ব যাইবে না। যাঁহারা এই সব কথায় দুর্ভাগ্যবশতঃ বিশ্বাস করিতে পারেন না, তাঁহারা ভগবৎসেবা হইতে বঞ্চিতই হইয়া থাকেন। এমন কি, ভক্তসেবার ভাণ করিয়া আমরা যদি তাঁহার সম্পূর্ণ আনুগত্য না করি, তাহা হইলে আমরা ভগবৎসেবা লাভ করিতে পারিব না, সাধুগুরুর কৃপালাভ আমাদের ভাগ্যে ঘটিবে না। সাধুর চরণে সম্পূর্ণ শরণাগত হইয়া তাঁহার ইচ্ছার সহিত ইচ্ছা মিলাইতে না পারিলে, তাঁহার বিশেষ কৃপালাভ হইতে না পারিলে সাধুপ্রাণধন ভগবানের সন্ধান মিলিবে না।

ভগবান্ অখণ্ডবস্তু। ভগবদ্দর্শনের কথা আলোচনা করিতে গিয়া আমরা ভগবদ্দর্শন, পরমাত্মদর্শন ও ব্রহ্মদর্শনের কথা শুনিতে পাই। ব্রহ্মদর্শন ভগবানের অঙ্গপ্রভাদর্শন-মাত্র। উহা সমগ্র দর্শন নহে। ভগবানের এই অঙ্গপ্রভা দর্শন হইলে তদ্দ্বারা জীবের সমস্ত অজ্ঞানান্ধকার বা অনর্থ দূর হয়। ভগবানের এই অঙ্গপ্রভা বা চিন্ময়জ্যোতিঃ জড়জ্ঞানগম্য নহে। ভগবদ্দর্শনের প্রাগ্ভাগ দর্শন বা শাস্ত্রোক্ত ব্রহ্মদর্শন ও জড়জ্ঞানীর নির্ব্বিশেষ কল্পনা সজাতীয় নহে। জড় নির্ব্বিশেষজ্ঞান চিন্নির্ব্বিশেষজ্ঞানের বিকৃত প্রতিফলন। আরোহপন্থাবলম্বনে যে নির্ব্বিশেষ ব্রহ্মবাদ তাহা কাল্পনিক-মতমাত্র। তাহা শাস্ত্রোক্ত ব্রহ্মদর্শন নয়। এই কাল্পনিক জড়-নির্ব্বিশেষবাদ নাস্তিকতার নামান্তরমাত্র। আমরা প্রকৃত ভগবদ্ভক্তের আনুগত্য বাদ দিয়া স্বতন্ত্রভাবে শাস্ত্রাদির আলোচনা দ্বারা কল্পনা-বলে যদি ব্রহ্ম-দর্শন বা ভগবদ্দর্শন পাইয়াছি মনে করি, তাহা হইলে তাহা ভ্রান্তি ছাড়া আর কিছুই নয়। গুরু-কৃপায় ভগবদ্ভাবে চিজ্জ্যোতিঃর আভাসদর্শনবাদেই তদ্দ্বারা বিষয়ভোগস্পৃহা সম্পূর্ণরূপে নিরস্ত হইলে সাধুর আনুগত্যে ভগবদ্দর্শন সম্ভব হয়। শাস্ত্রোক্ত চিন্ময় জ্যোতিঃ-দর্শন ভগবানের অসম্যগ্ দর্শন হওয়ায় তদ্দ্বারা ভগবানের সেবা সম্ভব হয় না। নিরন্তর ভগবৎসেবারত সাধুর চরণে নিষ্কপট শরণাগত হইলে তাঁহার কৃপাতেই জীবের ভগবদ্দর্শন সম্ভব হয়। তখন ভাগ্যবান্ জীব ভগবৎ-সেবায় অধিকার পায়

ভক্তের দর্শনই ঠিক। তাঁহাদের দর্শনে কোন ভ্রান্তি নাই। তাঁহাদের দর্শনই সুদর্শন। সে দর্শনে হেয়তা, অনিত্যতা বা লঘুতা নাই। সে দর্শন—কৃষ্ণকার্ষ্ণ-দর্শন—শুদ্ধদর্শন। ভক্তগণ সর্ব্বক্ষণ সর্ব্বেন্দ্রিয়ে ভগবানের সেবা করেন এবং বিশ্বের যাবতীয় পদার্থকে ভগবানের সেবায় নিযুক্ত করেন। ভগবৎসেবা যেরূপ অপ্রাকৃত চিন্ময় বস্তু, তাঁহার সেবার উপকরণাদিও সেইরূপ সম্পূর্ণ চিন্ময়। সেবকের সেবা-দর্শন ছাড়া অন্য কোন দর্শন নাই। তাই তিনি বিশ্বের যাবতীয় বস্তুকে ও সচ্চিদানন্দ-সম্বিৎযুক্ত জীবগণকে ভগবৎসেবার উপকরণরূপে—গুরুরূপে দর্শন করেন। তিনি কাহারও নিকট হইতে নিজের জন্য কোন কিছু গ্রহণ করেন না। তিনি জানেন, চিন্ময় উপকরণের দ্বারা কিরূপে ভগবানের সেবা করিতে হয়, উপকরণগুলিই তাহা উপাসককে জানাইয়া দেন। সুতরাং তাঁহারা গুরুস্থানীয়। ভক্তগণ সর্ব্বক্ষণ কৃষ্ণেন্দ্রিয়-সুখবিধানে নিযুক্ত থাকায়, সেবকাভিমান তাঁহাদের হৃদয়ে অত্যন্ত প্রবল থাকায়, সেব্যাভিমান ব্যতীত তাঁহাদের হৃদয়ে সেব্য, ভোক্তা বা কর্ত্তাভিমানের লেশমাত্রও না থাকায়, সেবাচিন্তা ছাড়া অন্য চিন্তা স্থান না পাওয়ায় তাঁহাদের হৃদয়ে ভোগ্যবুদ্ধি আদৌ নাই। কারণ তাঁহারা নিজেকে ভগবদ্ভোগ্য বলিয়া জানেন এবং সকলকেই ভগবদ্ভোগ্য জানিয়া গুরুজ্ঞানে সম্মান করেন। ভগবান্ ও ভগবদ্ভক্তের কৃপাতেই এই সুদর্শন লাভ হয়। ইহাই প্রকৃত দর্শন, শুদ্ধদর্শন বা সুদর্শন।

প্রশ্নোত্তর-স্তম্ভ

——::(•)::——

প্রশ্ন—৪। শ্রীল জীবগোস্বামী প্রভু ভক্তিসন্দর্ভে বলিয়াছেন যে, "বৈষ্ণবপূজকগণ বৈষ্ণবগণের আচার সম্বন্ধে বিচার করিবেন না, যেহেতু গীতাশাস্ত্রে উক্ত হইয়াছে যে, সুদুরাচার পুরুষও অনন্যচিত্তে আমার ভজন করিলে, তিনি সাধু এবং সম্যক্ ব্যবসায়যুক্ত-রূপেই জ্ঞাত হইয়া থাকেন। গরুড়পুরাণেও উক্ত হইয়াছে যে, বিষ্ণুভক্তিযুক্ত পুরুষ মিথ্যাচার এবং অনাশ্রমী হইলেও উদিত সূর্য্যের ন্যায় অখিল সমস্ত লোক পবিত্র করিয়া থাকেন।" আবার শ্রীল ঠাকুর ভক্তি-বিনোদ 'হরিনামচিন্তামণি'র সাধুনিন্দা-অপরাধ-প্রসঙ্গে লিখিয়াছেন—"বৈষ্ণবাবৈষ্ণব বিচার পরিত্যাগ করিলে যথার্থ বৈষ্ণবের বৈষ্ণবাপরাধ হয়।"—উপরি-উক্ত দুই আচার্য্যের এই সিদ্ধান্তের সামঞ্জস্য কি?

উত্তর—৪। শ্রীল জীবগোস্বামী প্রভুর উক্তির উদ্দেশ্য এই যে, নামপরায়ণ বৈষ্ণবের বা শুদ্ধভক্তের কাদাচিৎক অর্থাৎ প্রমাদগত দোষ, নষ্টপ্রায় দোষ ও শরণা-পত্তির পূর্ব্বাচরিত দোষ বা মিথ্যাপবাদ ধরিয়া নিন্দা করিলে বৈষ্ণবাপরাধ হইবে। কিন্তু তাই বলিয়া কর্ম্মী, জ্ঞানী, সিদ্ধাভক্ত বা প্রাকৃত সহজিয়াগণের সম্বন্ধে বৈষ্ণবাবৈষ্ণব বিচার করিতে হইবে না, তাহা নহে। ভক্ত-ভোগী, বৈষ্ণবে ভোগবুদ্ধিকারী বা বৈষ্ণবা-পরাধীকে বৈষ্ণব বলিতে হইবে না। গুরু বা আচার্য্যবর্গের সম্বন্ধে আধ্যক্ষিক বিচার করিয়া তাঁহাদের দোষোদ্ঘাটন বা মিথ্যাপ-বাদে বিশ্বাস করিলে ভক্তিরাজ্য হইতে চিরতরে পতিত হইতে হইবে।

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ লিখিয়াছেন,—"ভক্ত সমস্ত পাপ হইতে দূরে থাকিয়া আবার ভজন করেন। তথাপি জড়দেহসম্বন্ধে কখনও কোন গতিকে যোষিৎ অযোগ্যসংযুক্ত উৎ-সেবনের ন্যায় কোন পাপ-ক্রিয়া ঘটিতে পারে। এই পাপ অত্যন্ত অস্থায়ী কেন না, প্রবৃত্তিগত নয়।" "* * * অসদাচারী ব্যক্তিগণ আচার্য্যচরিত্রে মিথ্যা দোষারোপ করিয়া আপনাদের দোষকে গুণ বলিয়া দেখাইতে চেষ্টা করেন। হা কলি! তুমি যাহা প্রতিজ্ঞা করিয়াছিলে তাহাই করিলে! অনেকগুলি ব্যক্তি কপট বৈষ্ণব হইয়া শ্রীনিত্যানন্দকে মৎস্য-মাংসাশী বলিয়া নিন্দা করেন, আবার ধর্ম্ম-মূর্ত্তি শ্রীমহাপ্রভুতে যোষিৎসঙ্গদোষারোপ করিয়া তাঁহাকে নবরসিক মধ্যে গণন করেন। নির্ম্মলচরিত্র শ্রীরূপ-গোস্বামী ও শ্রীরামানন্দ প্রভৃতির সম্বন্ধে মিথ্যা স্ত্রীসঙ্গদোষ রচনা করিয়া জগৎকে বঞ্চনা করেন, এ সমস্তই দুষ্ট কলির কার্য্য।"

শ্রীল শ্রীজীবগোস্বামী প্রভুর ভক্তিসন্দর্ভের উক্তি ও তাঁহার উদাহৃত শাস্ত্রীয় বচন হইতে ইহাই সিদ্ধান্তিত হয় যে, বিষ্ণুভক্তিযুক্ত পুরুষেরই আপাতপ্রতীয়মান মিথ্যাচার বা সুদুরাচার প্রভৃতি দর্শন করিবে না। কিন্তু যাহার বিষ্ণুভক্তি নাই—অর্থাৎ যে কর্ম্মী, জ্ঞানী বা সিদ্ধাভক্ত, তাহার মিথ্যাচার বা সুদুরাচারের বিচার করিলে অপরাধ হইবে না, বরং তাহা না করাই বৈষ্ণবাপরাধ। ইহাই শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ ও শ্রীল শ্রীজীবগোস্বামিপ্রভুর সিদ্ধান্তের সঙ্গতি। শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর লিখিয়াছেন,—যিনি বৈষ্ণবের (১) জাতিদোষ (২) কাদাচিৎক অর্থাৎ প্রমাদগত দোষ (৩) নষ্টপ্রায় দোষ ও (৪) শরণাপত্তির পূর্ব্বা-চরিত দোষ ধরিয়া বৈষ্ণবকে নিন্দা করেন, তিনি বৈষ্ণবনিন্দক; তাঁহার কখনও নামে রুচি হইবে না। যিনি শুদ্ধভক্তির আশ্রয় করিয়াছেন, তিনি শুদ্ধবৈষ্ণব। পূর্ব্বোক্ত চারি প্রকার দোষ কথঞ্চিৎ তাঁহাতে লক্ষিত হইতে পারে; তাঁহার অন্য কোন দোষের সম্ভাবনা নাই।"

শ্রীশ্রীল ঠাকুর ভক্তিবিনোদের কথিত শাস্ত্রসম্মত সিদ্ধান্ত এই যে,—শুদ্ধবৈষ্ণবকে নিন্দা করিলে বৈষ্ণবাপরাধ হয়। এখানে সংশয় হইতে পারে শুদ্ধবৈষ্ণব কাহাকে বলিব? সেই সংশয় নিরসনকল্পে ঠাকুর ভক্তিবিনোদ বলিয়াছেন,—"যিনি শুদ্ধভক্তি আশ্রয় করিয়াছেন, অর্থাৎ যিনি অন্যাভি-লাষিতাশূন্য জ্ঞানকর্ম্মাদিদ্বারা অনাবৃত ভক্তির আশ্রয় করিয়াছেন, তিনিই শুদ্ধবৈষ্ণব।" এখানে আর একটী সংশয় হইতে পারে

মৎকল্পনা ছিন্ন। কোন কষ্টে ভক্তি নয়। কৃষ্ণভক্তি দূরে রয় সংসার নহে ক্ষয়।

কোন্ অধিকার হইতে এই শুদ্ধবৈষ্ণবের গণনা আরম্ভ হয়? অর্চ্চনপর কনিষ্ঠ ভক্তকেও কি শুদ্ধভক্ত বলা যাইবে? শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ সজ্জনে বলিয়াছেন, "মধ্যম-বৈষ্ণব হইতেই শুদ্ধবৈষ্ণবের গণনা।"

"মধ্যম-বৈষ্ণব হইতে" বাক্যে "হইতে" শব্দের দ্বারা মধ্যম-বৈষ্ণব হইতে আরম্ভ করিয়া মহাভাগবত বা উত্তম বৈষ্ণব পর্য্যন্ত বুঝিতে হইবে। শুদ্ধবৈষ্ণবে পূর্ব্বোক্ত চারিপ্রকার দোষ কথঞ্চিৎ লক্ষিত হইতে পারে; কিন্তু তাঁহার অন্য কোন দোষের সম্ভাবনা নাই; ইহাই শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের শাস্ত্রসম্মত-সিদ্ধান্ত।

মধ্যমভাগবত ও মহাভাগবতের জাতিগত দোষ দর্শন করিলে বৈষ্ণবাপরাধ ও সাধু-নিন্দা নামাপরাধ হইবে। ঐরূপ অপরাধকারীর কখনও নামে রুচি হইবে না। যেমন মহাভাগবত-শিরোমণি শ্রীসনাতন, শ্রীরূপ, শ্রীরঘুনাথদাস গোস্বামী প্রভুগণকে বা শঠকোপাদি আল্‌বার বা শ্রীহরিদাসকে যদি কেহ "নীচ জাতি" বা "শূদ্র" বলিয়া মনেও মনে করেন, তবে তাঁহার বৈষ্ণবাপরাধ হইবে।

শুদ্ধভক্তির আশ্রয়কারী মধ্যম-ভাগবত হইতে মহাভাগবত পর্য্যন্ত যদি কাহারও কাদাচিৎক অর্থাৎ প্রমাদাগত দোষ বা দুরাচার লক্ষিত হয়, তাহা হইলে তিনি শুদ্ধ বৈষ্ণবতা বা মহাভাগবতত্ব হইতে ভ্রষ্ট হন নাই জানিতে হইবে। আধ্যক্ষিক দৃষ্টিতে বিপ্রনারায়ণ ভক্তাঙ্ঘ্রিরেণু বা তোণ্ডরাডিপ্পোড়ি আল্‌বারের প্রমাদাগত দোষ দর্শন করিয়া যদি কেহ তাঁহাকে নিন্দা করে, তবে তাহার অতীব তীব্র বৈষ্ণবাপরাধ হইবে, কখনও তাহার নামে রুচি হইবে না। সেইরূপ অপরাধী যদি সাক্ষাৎ শূলপাণি শিব বা ব্রহ্মার তুল্য ব্যক্তিও হন তথাপি তাঁহাকে ভক্তিপথ হইতে ভ্রষ্ট হইয়া হয় জড়বিলাসী না হয় নির্ব্বিশেষবাদী হইয়া পড়িতে হইবে। * উক্ত ভক্তাঙ্ঘ্রিরেণুর চরিত্র প্রপন্নামৃত গ্রন্থে ও শ্রীল প্রভুপাদের সম্পাদিত সজ্জনতোষণীতে দৃষ্ট হয়। "ইঁহার পূর্ব্বনাম বিপ্রনারায়ণ। ইনি দাক্ষিণাত্যের অন্তর্গত মণ্ডনগুড়ি গ্রামে ১৮১৪ খৃষ্টপূর্ব্বাব্দে আবির্ভূত হন। বিপ্রনারায়ণ শ্রীরঙ্গনাথের সেবায় জীবন উৎসর্গ করিয়া শ্রীরঙ্গমে অবস্থান করেন। অহিংসা, ইন্দ্রিয়-নিগ্রহ, সর্ব্বভূতে দয়া, ক্ষান্তি, হরিকীর্ত্তন, হরিস্মরণ, জ্ঞান ও সত্য এই অষ্টপ্রকার মানসার্চ্চনোপকরণরূপ পুষ্পমালা দ্বারা তিনি ভগবানের নিত্য শ্রীঅর্চ্চন করিতেন। তিনি শ্রীরঙ্গনাথের সেবার জন্য উরাইউর নামক রাজধানীর নিকটবর্ত্তী স্থানে শ্রীরঙ্গনাথের একটী পুষ্পকানন নির্ম্মাণ করাইয়াছিলেন। একদিন দেবদেবী নাম্নী একটী বারবণিতা চোল-রাজের প্রাসাদ হইতে নিজ ভগ্নীর সহিত গৃহে প্রত্যাবর্ত্তন-কালে বিপ্রনারায়ণকে সেই পুষ্পকানন-মধ্যে একাগ্রমনে পুষ্পচয়ন করিতে দেখিয়া তাহার ভগ্নীকে জিজ্ঞাসা করিল,—"ঐ লোকটী কি পাগল? নতুবা কেন সে আমাদের রূপ-লাবণ্যের প্রতি একটুকুও দৃক্‌পাত করিতেছে না?"

তাহারা বিপ্রনারায়ণ সম্বন্ধে পরস্পর নানাপ্রকার আলোচনা করিবার পর দেবদেবী প্রতিজ্ঞা করিল,—যে-কোনরূপেই হউক, সে বিপ্রনারায়ণকে মোহিত করিবে। একদিন দেবদেবী ছদ্মবেশে বিপ্রনারায়ণের সম্মুখে আগমন করিয়া ঐ বাগানে মালিনীর কার্য্য করিবার জন্য কাতরভাবে আবেদন জানাইল। সরলচিত্ত ভক্তাঙ্ঘ্রিরেণু কপটিনীর কথায় বিশ্বাস স্থাপন করিয়া তাহাকে তথায় স্থান দিলেন; কিন্তু সেই সুযোগে সেই বারনারী সরলচিত্ত বিপ্রনারায়ণের সাধুতা ক্রমে ক্রমে অপহরণ করিতে থাকিল। শ্রীরঙ্গনাথ কোন কৌশলের দ্বারা নিজ ভক্তকে মোহিতের কবল হইতে উদ্ধার করিলেন। দেবদেবী নাম্নী বারবণিতাও ভক্তাঙ্ঘ্রিরেণুর কৃপায় বৈষ্ণবধর্ম্মে দীক্ষিতা হন। এই ভক্তাঙ্ঘ্রিরেণুকে শ্রীযামুন-রামানুজাচার্য্যাদি শ্রীনারায়ণের বৈজয়ন্তী বনমালার নিত্যসিদ্ধ অবতার ও জগদ্‌গুরু দিব্যসূরি বলিয়া পূজা করিয়াছেন ও সমগ্র শ্রী-সম্প্রদায় ও বৈষ্ণবসম্প্রদায় এখনও করেন।

শ্রীচৈতন্যভাগবতে শ্রীমদ্ভাগবতের তৃতীয় স্কন্ধ দ্বাদশ-অধ্যায়ের আখ্যায়িকা-অবলম্বনে বর্ণিত হইয়াছে যে, জগদ্‌গুরু ব্রহ্মা কামোদয়ের ভায় অভিনয় করিয়া নিজ সুন্দরী কন্যাকে যখন অভিলাষ করিয়াছিলেন, তখন তাহা দেখিয়া ব্রহ্মার ছয় পৌত্র 'সিদ্ধদেবগণ' উপহাস করিয়াছিলেন, তৎফলে তাঁহাদের (ঐ 'সিদ্ধদেবগণের'ও) অধঃপাত ও অসুরযোনিতে জন্মলাভ হয়।—"সে সব ব্রহ্মার পৌত্র সিদ্ধ দেবগণ। তা' সবার এত দুঃখ শুন যে-কারণ। দৈবে ব্রহ্মা কামশরে হইলা মোহিত। লজ্জা ছাড়ি' কন্যা প্রতি করিলেন চিত। তাহা দেখি' হাসিলেন এই ছয় জন। সেই দোষে অধঃপাত হৈল সেইক্ষণ। মহান্তের কর্ম্মেতে করিল উপহাস। অসুর-যোনিতে পাইলেন গর্ভবাস॥"

শ্রীমদ্ভাগবত ৬ষ্ঠ স্কন্ধ ১৭শ অধ্যায়ে 'বৈষ্ণবাগ্রণী' চিত্রকেতু জগদ্‌গুরু বৈষ্ণব-শ্রেষ্ঠ শিবকে স্থূলদৃষ্টি-বিচারে (আন্তরিক না হইলেও বাহ্যতঃ) উপহাসের অভিনয় করায় বৃত্রাসুররূপে জন্ম-গ্রহণ করেন—এই শিক্ষা প্রকাশিত হইয়াছে। পরন্তু বৈষ্ণবী পার্ব্বতী বৈষ্ণব-নিন্দা সহ্য করেন নাই। শ্রীল চক্রবর্ত্তী ঠাকুর বলেন যে, চিত্রকেতু ও শিবের আদর্শের মধ্যে এই শিক্ষা আছে যে, অনন্য-ভজনপরায়ণ বৈষ্ণবগণের দুরাচার দর্শন করিতে হইবে না। চিত্রকেতু সহস্র বিদ্যাধরীর সহিত নির্জ্জনে বাস করিয়াও যেরূপ হরিভক্তি হইতে চ্যুত হন নাই, তদ্রূপ জগদ্‌গুরু শিবও লোকসমক্ষে পত্নীকে ক্রোড়ে স্থাপন ও আলিঙ্গনপূর্ব্বক অবস্থান করায় কিছু চরিত্রাঙ্কের বিরুদ্ধ কার্য্য বা আদর্শকে হীন করেন নাই। কারণ, ঐরূপ আদর্শের দ্বারা ইহাই প্রচারিত হইয়াছে যে, কৃষ্ণে অনন্যশরণাগত পরমহংস বৈষ্ণবের ঐ সকল দুরাচার-দর্শনকারীরই অমঙ্গল ঘটে। বৈষ্ণবের দুরাচারত্ব নাই—দর্শনকারীরই দুরাচারত্ব ও পাতিত্য। মহান্তের আচরণ অনুকরণীয় বা নিন্দনীয় নহে, ইহাই শিক্ষা।

শ্রীল রূপগোস্বামী প্রভুও তাঁহার উপদেশামৃতে এই সিদ্ধান্তই প্রকাশ করিয়াছেন—

দৃষ্টৈঃ স্বভাবজনিতৈর্বপুষশ্চ দোষৈ-
র্ন প্রাকৃতত্বমিহ ভক্তজনস্য পশ্যেৎ।
গঙ্গাম্ভসাং ন খলু বুদ্বুদফেনপঙ্কৈ-
র্ব্রহ্মদ্রবত্বমপগচ্ছতি নীরধর্ম্মৈঃ॥

মঙ্গলাকাঙ্ক্ষী জীব সতত আত্মশোধনে তৎপর হইবেন। গুরুর উপদেশ বা কৃপা শাসন শিরোধার্য্য করিয়া তাহা নিজজীবনে পালন করিবার জন্য [illegible] করিবেন। পর-দোষানুসন্ধান করা উচিত নয়। গুণগ্রাহী হওয়া দরকার। সাধুর চিত্তবৃত্তি অনুসরণ করা উচিত। সংযম বিশেষ প্রয়োজন। সংযম ব্যতীত মহৎসেবা ভগবানের সেবা-প্রবৃত্তি হৃদয়ে জাগিতে পারে না। জীবন ক্ষণস্থায়ী, কখন কি হয় বলা যায় না। সুতরাং এই মুহূর্ত্ত হইতে আর বৃথা কালক্ষেপ না করিয়া সর্ব্বক্ষণ হরিকথা আলোচনায় নিযুক্ত হওয়া দরকার। নতুবা বৃত্রাসুর সংসার অনর্থজালে [illegible] সাধুর হরিকথা ছাড়া আমাদের আর রক্ষাকর্ত্তা নাই—নাই—

[illegible] বিদ্যাবুদ্ধি, কৌশল কেহই আমাদিগকে রক্ষা করিতে পারিবে না। বিপদগ্রস্ত আমাদের একমাত্র রক্ষাকর্ত্তা শ্রীহরিনাম — শ্রীকৃষ্ণকথামৃত শ্রীকৃষ্ণ। সেই হরিই আমাদের একমাত্র আশ্রয় হউন।

কৃপা কর বৈষ্ণব ঠাকুর

(পণ্ডিত শ্রীপাদ মধুসূদন দাস কাব্যতীর্থ)

আচার্য্যঠাকুর কৃপাপূর্ব্বক যখন এই প্রপঞ্চে অবতীর্ণ হন, তখনই মায়ার প্রভাবে আবৃত, সুপ্তচেতন মৃতপ্রায় জীবকুলের মধ্যে অত্যল্পমাত্র অত্যন্ত সুকৃতিসম্পন্ন জীবের অসামান্য সৌভাগ্যফলে শ্রদ্ধার উদয় হইলে তাঁহারা আচার্য্যবাণী শ্রদ্ধাপূত আত্মকর্ণে শ্রবণ করিয়া তাঁহার সঙ্গলাভ ও সেবালাভের জন্য লোলুপ হন। আচার্য্যবাণীতে সুদৃঢ় বিশ্বাসকেই শ্রদ্ধা বলা হয়। গৌরসুন্দরের কৃপায় যাঁহাদের আচার্য্যের অবতরণবিষয়ে ও তাঁহার বাণীতে স্বাভাবিকভাবে শ্রদ্ধা বা দৃঢ়-বিশ্বাস থাকে তাঁহাদেরই 'সাধু-সঙ্গ' হয়। সাধুগণের শ্রীমুখ হইতে শুদ্ধ কর্ণের দ্বারা সৎকর্ণরসায়ন, অত্যন্ত বীর্য্যবতী হরিকথা নিরন্তর শ্রবণ ও আচরণ করিতে করিতে ক্রমশঃ তাঁহারা কৃষ্ণরতি— সাধন-ভাব-প্রেম-ভক্তি পর্য্যন্ত লাভ করিতে পারেন। শ্রদ্ধা বা বিশ্বাসই হরিভজনের 'মূলধন' বা ভজন-সম্পৎ। সাধু ও শ্রৌতবাণীতে বিশ্বাসটি আবশ্যক। যাঁহারা প্রকৃত সাধু বা নামাচার্য্য বা তাঁহার আচার ও বাণীতে অকৃত্রিম বিশ্বাস আছে, যাঁহাদের হৃদয়ে কোন সন্দেহের লেশ-মাত্রও নাই, সমগ্র চতুর্দ্দশভুবনের অনাত্ম-ধর্ম্মে প্রতিষ্ঠিত সন্দিগ্ধচিত্ত জীবকুল সমস্বরে যদি তাঁহাদের একমাত্র কাণ্ডারী ধ্যানসর্ব্বস্ব শ্রীগুরুপাদপদ্মের আচরণে বা বাণীতে কটাক্ষ কিম্বা সন্দেহবাদ ঘোষণা করে, তথাপি সেই জীবগণের অপার দুর্ভাগ্যের বিষয় চিন্তা করিয়া তাহাদের কতদিনে সুমতি হইবে, কতদিনে মহতের শ্রীচরণে তাহারা প্রণত হইয়া তাহাদের অপরাধের খণ্ডন করিবে, এই মঙ্গলচিন্তা করিতে থাকেন। যাঁহার এই প্রকার দৃঢ়বিশ্বাস হৃদয়ে স্থান পাইয়াছে, তিনিই সাধুসঙ্গ করিয়াছেন ও করিবেন; তাঁহারই জীবন সার্থক। সাধুসঙ্গে যেমন ক্রমশঃ শ্রদ্ধার বৃদ্ধি হয়, কৃষ্ণরতি লাভ হয় তদ্রূপ অসাধুসঙ্গে প্রাপ্ত শ্রদ্ধারও ক্রমশঃ হ্রাস হয়, এমনকি হরি-গুরু-বৈষ্ণবের অস্তিত্ব-সম্বন্ধেও অবিশ্বাস আসিয়া যায়, ইহাই জীবের শোচনীয় দুরবস্থা। সেইজন্য পুনরায় 'কৃষ্ণ-রতি' লাভ করিয়া জীবন সার্থক করিবার ইচ্ছা থাকিলে যাহাতে সাধু বা গুরুর প্রতি অবিশ্বাসের লেশমাত্রও আছে জানা যায় তাহার সঙ্গ তন্মুহূর্ত্তেই পরিত্যাগ করা একান্ত কর্ত্তব্য। এই ভক্তির প্রতিকূল-বিষয় ত্যাগে ঔদাসীন্য লক্ষিত হইলে সেই ভজনকারীর নিষ্কপটতা নাই ইহাই প্রমাণিত হইয়া যায়।

যাঁহারা অত্যন্ত সৌভাগ্যবান্ তাঁহারাই 'বৈষ্ণবদাসানুদাস' হওয়াই একমাত্র জীবনের সার্থকতা বলিয়া সুবিশ্বাস করিতে পারেন এবং তাহাই তাঁহাদের একমাত্র প্রার্থনীয় হয়। "কৃপা কর বৈষ্ণব ঠাকুর। সম্বন্ধ জানিয়া ভজিতে ভজিতে (জড়) অভিমান হউ দূর।" এই যে ভক্তিবিনোদ ঠাকুরের সাবধান বা উদ্যান ইহা যাঁহাদের হৃদয়ে জড়ত হইয়াছে, এই গীতি আত্মকর্ণে শ্রবণ করিয়া যাঁহাদের পুরুষ, স্ত্রী, বর্ণগত নানাপ্রকার দুরভিমান বা জড়ীয় মিথ্যাভিমান হইতে মুক্ত হইয়া বৈষ্ণবের কিঙ্করাছকিঙ্কর বা বৈষ্ণবচরণরেণু হইবার লোভ জাগিয়াছে তাঁহাদের ভাগ্যের সীমা নাই। শ্রীভক্তিবিনোদ ঠাকুরের, শ্রীভক্তি-সিদ্ধান্তসরস্বতী ঠাকুরের ও শ্রীআচার্য্যপাদপদ্মের এই প্রপঞ্চে অবতরণের একমাত্র উদ্দেশ্য,— কৃষ্ণবহির্ম্মুখ, মায়ার কারাগারে বদ্ধ জীবগণকে "তোমরা কৃষ্ণদাস, নিত্যপ্রভু ছেড়ে তোমরা আর কেন দুঃখ পাও, আমাদের সঙ্গে চ'লে এস তোমাদের আপন দেশে, 'কৃষ্ণ বল সঙ্গে চল এই মাত্র ভিক্ষা চাই।' 'কৃষ্ণদাস এ বিশ্বাস ক'রলে তো আর দুঃখ নাই।" এই সমস্ত সংবাদ দিয়ে জড়ভোগতৃপ্ত-জীবের বিষয়সুখকে তুচ্ছ ক'রে দিয়ে তাহাদিগকে নিত্যপ্রভুর পাদপদ্মে ফিরে যাবার জন্য ব্যাকুলতা দান করা। তাঁহাদের বাণীই ইহার সুপ্রমাণ। শ্রীশ্রীচৈতন্যশিক্ষামৃতে ষষ্ঠবৃষ্টি তৃতীয় ধারায় ভক্তিবিনোদ ঠাকুর —কি উপায় অবলম্বন করিলে কৃষ্ণ কৃপা-পূর্ব্বক আবার নিজচরণে জীবকে টানিয়া লইয়া সেবা দান করেন তাহার সন্ধান দিয়াছেন—"জীব অন্য উপায় না দেখিয়া সাধুভক্তকৃপায় যখন ক্রন্দন করিয়া বলেন, হে কৃষ্ণ, হে পতিতপাবন, আমি তোমার নিত্যদাস হইয়া সংসার-সমুদ্রে পড়িয়া ক্লেশ পাইতেছি; প্রভো, কৃপা করিয়া আমাকে ভবদীয় চরণধূলিতে আশ্রয় দাও। তখন কৃপাময় প্রভু জীবকে স্বচরণে তুলিয়া লইয়া আদর করেন।" যখন কোন ভাগ্যবান্ জীবের সংসার ক্ষয়োন্মুখ হয়, অত্যন্ত সৌভাগ্য উদয় হয় তখনই সেই জীব ভক্তিবিনোদ ঠাকুরের এই সমস্ত দয়া লাভ করিয়া ধন্য হয়। ভক্তিবিনোদ ঠাকুরের দয়ার এক বিন্দু লাভ করিবার সুযোগ ঘটিলেই জীব ব্যাকুল হইয়া উঠে। তখন আর এই বিষয়ভোগাম্বুধিমধ্যে পড়িয়া থাকিয়া বৃথা তর্কে, বাদবিসম্বাদে, ভোগে বা ত্যাগে এক মুহূর্ত্ত সময় নষ্ট করিবার ইচ্ছা থাকে না। তখন তাঁহার রচিত গীতাবলীর গীতি নিরন্তর আস্বাদন করিয়া জীব অনুক্ষণ আর্ত্ত, দীন, ও অকিঞ্চন হইতে থাকে। ঐ সমস্ত গীতি আস্বাদন করিতে করিতে জীব নিত্যানন্দ লাভ করিতে থাকে। ভক্তি-বিনোদঠাকুর গীতাবলীতে জীবের বিষয়বাসনা তুচ্ছ করাইয়া কৃষ্ণপাদপদ্মরেণুরূপে স্থলস্থিতি লাভে লোভ জন্মাইয়া গাহিয়াছেন—

অনাদি করমফলে পড়ি ভবার্ণব জলে,
তরিবারে না দেখি উপায়।
এ বিষয় হলাহলে, দিবানিশি হিয়া জ্বলে,
মন কভু সুখ নাহি পায়।
* * * *
আমি তব নিত্যদাস ভুলিয়া, মায়ার পাশ-
বদ্ধ হ'য়ে আছি দয়াময়।
পতিত কিঙ্করে ধরি, পাদপদ্মধূলি করি,
দেহ' ভক্তিবিনোদে আশ্রয়॥

এখানে ভক্তিবিনোদঠাকুর বদ্ধজীবের বদ্ধরূপে অনর্পিতচর সহজ ব্রজাভিমানের পথ দেখাইয়াছেন। ইহাতেই তিনি যে নিত্য-ব্রজবাসী ইহার প্রমাণ সুব্যক্ত হইয়াছে। এ জগতের বস্তুর ন্যায় তিনি এখানের রূপরসে লুব্ধ হইয়া থাকিতে উপদেশ দেন নাই। এ জগতের জড়সুখে বা বিলাসে লুব্ধ থাকিয়াও ভক্তিবিনোদ ঠাকুরের ভৃত্যিসাধন করিতেছি এই যে বিশ্বাস, ইহা দম্ভ মাত্র। যাঁহাদের হৃদয়ে কৃষ্ণচরণে ফিরে যাওয়ার জন্য ব্যাকুলতা অনুক্ষণ উদ্দীপ্ত তাঁহারাই ভক্তি-বিনোদঠাকুরের নয়নোৎসব বিধান করেন সন্দেহ নাই। তিনি বলেন যে, নামাশ্রিত প্রকৃত দুঃখিদের হৃদয়ের বাস্তব লক্ষণ এইরূপ হইবে—

গাইতে গাইতে নাম কি দশা হইল।
কৃষ্ণ নিত্যদাস মুঞি হৃদয়ে স্ফুরিল॥
জানিলাম মায়াপাশে এ জড় জগতে।
গোবিন্দ-বিরহে দুঃখ পাই নানা মতে॥
আর যে সংসার মোর নাহি লাগে ভাল।
কাঁহা যাই, কৃষ্ণ হেরি এ চিন্তা বিশাল॥

যাঁহারা ভক্তিবিনোদঠাকুরের কৃপার পাত্র হইতে পারিয়াছেন, তাঁহাদের গৌর-সুন্দরের পাদপদ্মদর্শন-বিরহ-বেদনা সর্ব্বক্ষণ হৃদয়ে বর্ত্তমান ও বর্দ্ধনশীল। তাঁহারা হরি-গুরু-বৈষ্ণবের কৃপার কাঙ্গাল। যাহাদের এ সংসার ভাল লাগে, যাহাদের কর্ম্ম-জ্ঞানানুশীলন, তর্ক-বিবাদবিসম্বাদ, পরচর্চ্চাদি কার্য্যে দক্ষতা খুব বেশী কিন্তু গৌড়ীয়গণের একমাত্র প্রীতিবিধান যদ্দ্বারা হয় সেই কৃষ্ণ-রতির একেবারেই অভাব তাহাদিগকে সাধু ও শাস্ত্র 'শব' আখ্যা দিয়াছেন। ভগবদ্ভক্তিহীন জীবের সমস্ত চেষ্টা প্রাণহীন শবের লোক-রঞ্জনহেতু মণ্ডনের ন্যায় বৃথা। প্রভুপাদের যাহাতে সন্তোষ, তাহাই যদি অনুষ্ঠিত না হইল, তবে বৃথাই থাকিলাম, চৈতন্যলাভ হইল না। প্রভুপাদের সন্তোষ কিসে হয়? তাঁহার বাণীই তাহার প্রমাণ। (গৌ ১৬শঃ খঃ ৩৯ সংখ্যা) "ভগবানের চরণে

অকপট দৃঢ়তা বিশ্বাসই প্রয়োজন। ভগবানের চরণে যাঁহাদের অকপট দৃঢ়বিশ্বাস রহিয়াছে তাঁহাদের সেবা করা দরকার। আমরা কোনদিন মরিয়া যাইব তাহার স্থিরতা নাই। আমরা জগতে ছোটবড় সর্ব্বপ্রকার অভিমান ভুলিয়া যেন শ্রীল রূপগোস্বামিপ্রভুর পাদপদ্মের নিত্য-রেণুরূপে নিত্য অবস্থান করিতে পারি। শ্রীরূপরঘুনাথাভিন্ন শ্রীগুরুপাদপদ্মের কৃপা-ব্যতীত কখনও মূলতত্ত্বের সন্ধান পাওয়া যায় না। মহতের পদরজে অভিষিক্ত হইতে না পারিলে অর্থাৎ তাঁহার ঐকান্তিক ভৃত্য না হইতে পারিলে কখনও জীবের নিস্তার নাই। 'I should have no other ambition than to be the transcendental Dust of Sree Rupa Goswami Prabhu only'. শ্রীরূপের আনুগত্যের দ্বারাই অভিধেয়াধিদেবতা শ্রীগোবিন্দের কৃপালাভ হয়। নিষ্কিঞ্চন ভক্তের পাদপদ্মধূলিকে মুকুট করিতে না পারিলে আমাদের সকলই অসুবিধা হইবে। কৃষ্ণভক্তের বিশেষ প্রিয়পাত্র না হইতে পারিলে মায়া আমাদিগকে সংসারকূপে ফেলিয়া দিবে।"

প্রভুপাদ এ জগতের রূপরসাদি বিষয়-ভোগ বা ত্যাগে ব্যস্ত হইয়া দম্ভ করিয়া জীবনযাপন করিতে তো উপদেশ দেন নাই। তিনি বলিয়াছেন—"জাগতিক জ্বালা-যন্ত্রণা আমাদিগকে এই যে এত চঞ্চল করিয়া ফেলিয়াছে তাহা সত্ত্বেও কেন আমরা ভগবানের চিন্তা করি না। এমন দিন কি আমাদের আসিবে যেদিন আমরা জগতের বন্ধন হইতে মুক্তি পাইব? ভগবান্ যে আমাদের নিত্য আশ্রয় সেই বিচার তো আসিল না। সেই বিচার না আসা পর্য্যন্ত যে আমাদিগকে এই অনিত্য সম্বন্ধে ব্যস্ত থাকিতে হইবে। ত্রিতাপে তাপিত হইয়াও যদি আমাদের বুদ্ধির উদয় না হয়, তাহা হইলে কি প্রকারে আমাদের সদ্গতি হইবে? শ্রীনিত্যানন্দের করুণা ব্যতীত তত্ত্ব-বিচার পাওয়া যাইবে না। শ্রীগুরুনিত্যানন্দের পাদপদ্মই আমাদের একমাত্র ভরসা। স্বয়ংপ্রকাশতত্ত্ব, কৃষ্ণের শ্রেষ্ঠ বস্তু শ্রীনিত্যানন্দপ্রভুর আকর্ষণে এই ঘোর সংসার হইতে মুক্তি পাইব। যে কাল পর্য্যন্ত কৃষ্ণসেবা-বিমুখ থাকি, সেইকাল পর্য্যন্তই সংসার। কবে কৃষ্ণের কথা চিন্তা করিতে করিতে ভোগ ও ত্যাগের কথা পরিত্যাগ করিয়া কৃষ্ণভক্তিরসে মগ্ন হইব? যাহারা গুরু-বৈষ্ণবানুগত্য পরিত্যাগ করিয়া ইন্দ্রিয়জ-জ্ঞানের দ্বারা প্রত্যক্ষবাদী হইয়া পড়িয়াছে, তাহারা অধোক্ষজের সেবা করে না।"

এই সমস্ত বাণী শ্রবণ বা ইহার তাৎপর্য্য না বুঝিয়া যদি চর্ম্মচক্ষু ও জড়বিজ্ঞানজ মনোধর্ম্মের দ্বারা সাদা কালা দেখিয়াও বৈষ্ণবকে বুঝিয়া লইয়াছি মনে করিয়া তৃপ্ত হইয়া দাম্ভিক হইতে থাকিলাম তাহা হইলে আমার দ্বারা বিন্দুমাত্রও প্রভুপাদের সন্তোষ বিহিত হয় নাই ইহা জানা উচিত কি না? কখন গৌরসুন্দরের, পঞ্চতত্ত্বের, যোগমায়ার কৃপায় যোগপীঠের দর্শন হইবে, কবে মহাপ্রভুর প্রসাদ আমাকে অকিঞ্চন জানিয়া আমাকে আত্মসাৎ করিবেন, এই আকাঙ্ক্ষা বা বিরহ-ব্যাকুলতা যদি আমার হৃদয়কে অহর্নিশ দ্রব না করে, যদি রূপরঘুনাথাভিন্ন পূর্টসুন্দরদ্যুতি-সম্বলিত, সমস্ত জীবের একমাত্র আকাঙ্ক্ষার বিষয় শ্রীশ্রীল প্রভুপাদ-পদ্মনখজ্যোতি-সন্দর্শনলালসা, এই মায়ার কারাগার পরিত্যাগের তীব্র আর্ত্তি যদি সর্ব্বক্ষণ হৃদয় অধিকার করিয়া না থাকিল, তবে তো মৃত, অচেতন আমার দ্বারা শ্রীগুরু-পাদপদ্মের বিন্দুমাত্র প্রীতি বিহিত হইল না, হায় হায়, আমার জীবন তো বৃথা যাইতেছে! কেন এরূপ হয়? তৃপ্ত হ'য়ে থাকিতে পারি কেন? 'আমি কৃষ্ণদাস' এই অভিমান আবৃত হইলেই আমাদের এ সংসারে থাকিতে ভাল লাগে, যদি বৈষ্ণব ঠাকুরই আমার একমাত্র ভরসা এই সম্বন্ধজ্ঞান হৃদয়ে সর্ব্বক্ষণ জাগরূক থাকিত—তবে তাঁহার অদর্শনেও প্রাণধারণ করা নিতান্ত অসহনীয় হইত। আমার জড় অভিমানটি তো প্রবল। তাইতো তাঁ'দের সাক্ষাৎকার না হওয়াতেও আমার কিছু ক্ষতিবোধ হ'চ্ছে না। বৈষ্ণব ঠাকুরের কৃপাই বিমুখ বিষয়ান্ধ আমার একমাত্র সম্বল। তিনিই— 'আমি তো তোমার জন' এই সম্বন্ধজ্ঞানের কথা ব'লে প্রাণ-সঞ্চার করেন, তিনি জীবে কৃপা সঞ্চার ক'রে 'কৃপার' কাঙ্গাল করেন, অবশেষে তাঁহাকে তাঁহার প্রাণারাম গৌরসুন্দরকে পর্য্যন্ত দান করেন। এই আমার বড় ভরসা।

আমার প্রভুর প্রভু শ্রীগৌরসুন্দর।
এ বড় ভরসা চিত্তে ধরি নিরন্তর॥

তিনি যে পঞ্চতত্ত্ব, প্রভুপাদ, শ্রীগৌর-ধাম দিতে পারেন তাহা তাঁহার বাণী সুস্পষ্টভাবে প্রকাশ করিয়া দিয়াছেন, তিনি প্রকট প্রকাশ্য ও অপ্রকাশ্যভাবে শরণাগত অকিঞ্চনকে শক্তিসঞ্চার করিয়া বাঁচাইতে-ছেন, ইহা শরণাগত তাঁহার উচ্ছিষ্টভোজী অযোগ্যতম কিঙ্করকিঙ্করগণ শেষনিঃশ্বাস-টুকু থাকা পর্য্যন্ত উচ্চকণ্ঠে বলিতে বিরত হইবে না, বিরত হইতে পারেন না। আচার্য্যের এই করুণা আধ্যাক্ষিক-গণের বোধের বিষয় নহে, যেহেতু অবিশ্বাসই তাহাদের ব্যবসায়ের মূলধন। শ্রীশ্রীল আচার্য্যদেব আমাদের রাধিকামাধবাশা প্রদান করিতে-ছেন, তিনি আমাদিগকে নিত্যানন্দ প্রদান করিতেছেন, ইহা প্রত্যেক নিষ্কপট শরণাগত কৃপাপ্রার্থীর উপলব্ধির বিষয় হইয়াছে, সন্দেহ নাই—(গৌঃ ১৭শ বর্ষ ৩৫ সংখ্যায়) তিনি বাণীদ্বারে যে শক্তি সঞ্চার করিয়াছেন তাহা এই—

"প্রভুপাদের জন্য তীব্র বিরহবোধ সর্ব্বক্ষণ হওয়া দরকার। শ্রীল প্রভুপাদের পাদপদ্মে যাইবার জন্য লোভ হওয়া দরকার। লোভ হইলেই বিরহবোধ হয়। শ্রীল প্রভু-পাদ অপ্রকট-প্রকাশে কি ভাবে কৃষ্ণসেবা করেন, সমস্ত গুরুবর্গ অপ্রকট-প্রকাশে আছেন, তাঁহাদের সাথে তিনি কি ভাবে কোন্ লীলা করিতেছেন, তাহা জানিবার জন্য একটা তীব্র আর্ত্তি হওয়া দরকার। "কাহাকেও না জানাইয়া গোপনে শ্রীল প্রভুপাদের নিকট অকৈতবে কাঁদিয়া কাঁদিয়া তীব্র আর্ত্তি জানাইতে পারিলে তাঁহার (প্রভুপাদের), সকল গুরুবর্গের ও পঞ্চতত্ত্বের দর্শন হইবে, শ্রীধাম তাঁহার আবরণ মুক্ত করিবেন। তখন নিজেকেও দেখা যাইবে। যে স্থানে শ্রীল প্রভুপাদ, শ্রীমহাপ্রভু থাকেন, সেখানের দর্শন হইবে। তখন আর কান্নাকাটি, দল বা বিবাদবিসম্বাদ দেখব না। তখন ধাম আমাকে দেখিবেন, ধামের প্রত্যেক ধূলিকণাই আমাকে দেখিবেন, গ্রহণ করিবেন—আমি ধামের বস্তুকে অর্থাৎ বৈষ্ণবকে ভোগ করিব না। অকৈতবে অতিগোপনে প্রচুর অশ্রুবিসর্জ্জন করিয়া প্রভুপাদের নিকট হরিনামে রুচির জন্য আবেদন জানাইতে হবে।"

ইঁহারা সকলেই ব্রজবাসী, ধামবাসী, দেখুন তাই কেবল আমাদিগকে ব্রজে, ধামে লইয়া যাইবার জন্য, ব্রজবাসী গুরুবর্গের সেবায় নিযুক্ত করিবার জন্য আর্ত্ত হইতে বলিতে-ছেন, ধামে যাবার জন্য ব্যাকুল হ'লেই তাঁ'দের আনন্দ। আর সে বিষয়ে নিশ্চেষ্ট হইয়া বহুই activity দেখান যাউক্ না কেন, তাঁ'রা অত্যন্ত দুঃখিত হন, ইহা অত্যন্ত সত্য কথা। তাই কবে প্রভুপাদের শ্রীচরণান্তিকে উপনীত হ'ব, এই আশায় অনুক্ষণ 'কৃপা করি তোল মোরে বলে, কৃপা অসি ধরি বন্ধন ছেদিয়া পড়িতে করহ দাস।' 'কৃপা কর বৈষ্ণব ঠাকুর। সম্বন্ধ জানিয়া ভজিতে ভজিতে অভিমান হউ দূর॥' 'কৃপা করি কর' মোরে পদধূলিসম। তোমার সেবক করো' তোমার সেবন॥" এই সমস্ত বাণী হৃদয়ে ধারণ ক'রে ক্রন্দন ক'রতে ক'রতে শ্রীগুরুপাদপদ্মের অযোগ্য ভৃত্যরূপে—ধূলিরূপে স্থান লাভ ক'রবো, এই আকাঙ্ক্ষা আমার হৃদয়কে সর্ব্বক্ষণ সমগ্রভাবে অধিকার করুক, ইহাই গৌরসুন্দরের শ্রীচরণে একমাত্র প্রার্থনা। গৌরসুন্দরের কৃপা হ'লে তবে শ্রীশ্রীনিত্যানন্দাভিন্নবিগ্রহ শ্রীশ্রীগুরুপাদপদ্মে রতি হয়, আবার শ্রীশ্রীগুরুপাদপদ্মের কৃপায় সপরিকর শ্রীশ্রীকৃষ্ণচৈতন্যের সাক্ষাৎ সেবা লাভ হয়। তাই কবে বিষয় ছাড়িয়া শুদ্ধমনে শুদ্ধসম্বন্ধজ্ঞানে গৌরবনে ব্রজবন ও ব্রজবনে গৌরবনের অনুভূতিতে গৌরনিত্যানন্দের সেবা লাভ ক'রবো—এই আশায় যেন সর্ব্বদা জাগ্রত-চেতন থেকে গুরুগৌরাঙ্গের শ্রীচরণে প'ড়ে ক্রন্দন ক'রতে পারি—

কবে শ্রীচৈতন্য মোরে করিবেন দয়া।
কবে আমি পাইব বৈষ্ণবপদছায়া॥
পতিতের নিবেদন বৈষ্ণবচরণে।
কৃপা করি সঙ্গে লহ এই অকিঞ্চনে॥

গুরুদেব,

আমি তো তোমার জন।
আপনার জনে দণ্ডিয়া এখন
শ্রীচরণে দেহ স্থান॥

চট্টগ্রামে প্রচার

গত ১৪ই এপ্রিল শুক্রবার শ্রীশ্রীবিশ্ব-বৈষ্ণবরাজসভার অন্যতম প্রচারক উপদেশক শ্রীপাদ অনাদিকৃষ্ণ ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী চৈতন্যমঠাশ্রিত কতিপয় ভক্তসমভিব্যাহারে চট্টগ্রামের কিরিঙ্গিবাজার রোডস্থিত মিসেস্ এস্, বি, মুখার্জ্জী লেডী ডাক্তার মহোদয়ার বাসভবনে উপস্থিত হইয়া শ্রীমদ্ভাগবত হইতে মহাত্মা অম্বরীষ মহারাজের প্রতি ব্রহ্মশাপ বিষয়ে কীর্ত্তন-প্রসঙ্গে জীবের সর্ব্বকালে একমাত্র হরিকীর্ত্তনই শ্রেয়ঃ, অন্য কোন প্রকারে জীবের সর্ব্বোত্তমা গতি লাভ হইতে পারে না ইত্যাদি বিষয় বহু শাস্ত্র-প্রমাণমুখে সরল প্রাঞ্জল ভাষায় পাঠ ও ব্যাখ্যা করিয়া সমবেত শিক্ষিত ভদ্রলোক ও ভদ্রমহিলাদিগের আনন্দবিধান করিয়াছেন। উপস্থিত শ্রোতৃমণ্ডলীর মধ্যে নিম্নলিখিত নাম সমূহ বিশেষভাবে উল্লেখযোগ্য। শ্রীযুত বাবু গঙ্গাদাস সেন, এম, এ, বি এল, উকীল, শ্রীযুত উপেন্দ্রচন্দ্র মজুমদার, এম, বি ডাক্তার, শ্রীযুত রজনীকুমার চক্রবর্ত্তী, শ্রীযুত শরচ্চন্দ্র রক্ষিত, কবিরাজ শ্রীযুত শশীভূষণ সেন, শ্রীযুত যশোরঞ্জন চক্রবর্ত্তী।

পাঠের আদি ও অন্তে ভক্তিশাস্ত্রীজীর সুমধুরকণ্ঠে মহাজনপদাবলী কীর্ত্তন খুব চিত্তাকর্ষক হইয়াছিল।

সাধুসঙ্গ সাধুসেবা সকলশাস্ত্রে কয়। লবমাত্র সাধুসঙ্গে সর্ব্বসিদ্ধি হয়॥

শুদ্ধভক্তি-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠ

প্রাচীন মায়াপুর, কাজন্দ শ্রীমায়াপুর, নদীয়া। শ্রীচৈতন্যদেবের জন্মস্থান শ্রীমায়াপুর; তদ্‌সন্নিকটে শ্রীচৈতন্যমঠ ...। [illegible]

(২) শ্রীগৌড়ীয়মঠ

১নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। [illegible] কলিকাতায় শ্রীশ্রীগান্ধর্ব্বিকা-গিরিধারীর শ্রীমঠে প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, সংকীর্ত্তন, মহাপ্রভুর বৈষ্ণবগণের শ্রীমদ্ভাগবতাদি শাস্ত্রের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও ভারতীয় পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়।

(৩) যোগপীঠ মায়াপুর শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া। এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমহাপ্রভুর আবির্ভাব ভূমি মহাযোগপীঠ।

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া। এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং [illegible] বর্ত্তমান।

(৬) মুরারিগুপ্তের পাট

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৭) কাজি সমাধি-পাট

প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)। ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি।

(৮) অনুকূলকৃষ্ণানুশীলনাগার

শ্রীধাম মায়াপুর

(৯) স্বানন্দ সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)। এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)। গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ কালনা (বর্দ্ধমান)

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মাউগাছি, পোঃ জাননগর, (বর্দ্ধমান)। শ্রীনারায়ণীর ঠাকুর বৃন্দাবনের স্থান

(১৩) ঋতুদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(১৪) জহ্নুদেব-গৌড়ীয়মঠাশ্রম

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ

গৌরপুর, নদীয়া

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ

মাজিদা (শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী) পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৭) কুলিয়া

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

(২০) মহেশ-পণ্ডিতের পাট

কাঁঠালপুলি, পোঃ চাকদা (নদীয়া)

(২১) রাণাঘাট-গৌড়ীয়মঠাশ্রম

(২২) পুরী গৌড়ীয়মঠ

চব্বিশ পরগণা

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ

নারিন্দা পোঃ ওয়ারি, ঢাকা। পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র।

(২৪) গোপালজীউমঠ

কমলাপুর, পোঃ ঢাকা

(২৫) বালিয়াটী-গৌরাঙ্গ মঠ

পোঃ বালিয়াটী, (ঢাকা)

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

বড়বাজার, পোঃ ময়মনসিংহ

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চকচকা, কামরূপ (আসাম)

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

৩নং পাগলাঝোরা, দার্জ্জিলিং

(৩০) সারস্বত-গৌড়ীয়মঠ

পোঃ সরিষাবাড়ী, জেঃ সাহারাণপুর, ইউ, পি

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

দিঘাপুর পাটনা।

(৩২) গয়া গৌড়ীয়মঠ

রমনা রোড, গয়া

(৩৩) সনাতন গৌড়ীয় মঠ

৮।২৭ বড় গণেশ, বেনারস সিটি

(৩৪) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

(৩৫) পরমহংস মঠ,

পোঃ নৈমিষার, সীতাপুর, ইউ পি।

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠাশ্রম

বিশ্রামঘাট, পোঃ মথুরা

(৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ

কিশোরপুর, বৃন্দাবন

(৩৯) রাধাকুণ্ড-কুঞ্জকুটীর

পোঃ রাধাকুণ্ড। মথুরা

(৪০) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪১) রাধাকুণ্ড গৌড়ীয়বাটী

(৪২) শ্রীগোবর্দ্ধনমঠাশ্রম

গোবর্দ্ধন, মথুরা

(৪৩) নন্দেশ্বর বিহারী মঠ

নন্দগ্রাম, মথুরা।

(৪৪) নন্দগ্রাম গৌড়ীয়মঠাশ্রম

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৫) বর্ষাণা গৌড়ীয়মঠাশ্রম

পোঃ বর্ষাণা, মথুরা

(৪৬) গোকুলবিহারী মঠ—পেশোয়ারী

পোঃ [illegible], জেলা গুরদাস (পাঞ্জাব)

(৪৭) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

(৪৮) দিল্লী গৌড়ীয় মঠ

১২নং কুতুব রোড, নই দিল্লী,

(৪৯) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়া ট্যাঙ্ক রোড, [illegible] বিল্ডিং বোম্বে ৭

(৫০) মাদ্রাজ-গৌড়ীয়মঠ

পোঃ রায়পেটা, মাদ্রাজ

শ্রী [illegible] সেবা

(৫১) ব্রহ্মগৌড় গৌড়ীয়মঠ

পোঃ [illegible], জেলা গোদাবরী (মাদ্রাজ)

শ্রীশ্রী [illegible]-গিরিধারীর সেবা

(৫২) পুরুষোত্তম-গৌড়ীয়মঠ

আঠারনালা, পোঃ পুরুষোত্তম, (পুরী)

(৫৩) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত পোঃ পুরী, উড়িষ্যা

(৫৪) ভক্তিকুটী—স্বর্গদ্বার পুরী

(৫৫) সীতাকুটী

(৫৬) প্রিয়নাথ-গৌড়ীয়মঠ

পোঃ নবরঙ্গপুর, পুরী

(৫৭) সচ্চিদানন্দ মঠ

[illegible], পোঃ কটক (উড়িষ্যা)

(৫৮) [illegible] গৌড়ীয়মঠপীঠ

(৫৯) শ্রীব্রহ্মমাধ্বগৌড়ীয়-প্রপন্ন-আশ্রম

পোঃ [illegible], গঞ্জাম

(৬০) [illegible] মঠ

চিকনিয়া, পোঃ [illegible], মেদিনীপুর

(৬১) অলালী গৌড়ীয়মঠ

পোঃ অলালী, মেদিনীপুর

(৬২) আমলাজোড়া প্রপন্নাশ্রম মঠ

পোঃ আমলাজোড়া (বর্দ্ধমান)

(৬৩) চেতন্যগৌড়ীয়মঠ

[illegible], পোঃ চন্দনগর, (মানভূম)

(৬৪) রেঙ্গুন গৌড়ীয়মঠ

৭০।১ নং [illegible] ষ্ট্রীট, রেঙ্গুন।

(৬৫) লণ্ডন গৌড়ীয়মঠ

ষ্ট্যাড নং ২

৫১, [illegible]

ব্ল্যাণ্ডন, লণ্ডন, ই ৫

(৬৬) গৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

১৪।এ, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা

(৬৭) গৌড়ীয়মঠ অফিস

[illegible] রোড, [illegible] (ইউ-পি)

(৬৮) শ্রীবিদ্যানিধি গৌড়ীয়মঠাশ্রম

[illegible], চট্টগ্রাম

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীমহানন্দ ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

-[illegible]-

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায়		বিজ্ঞাপনের পৃষ্ঠায়	
	১ম ও দিনের জন্য	পরবর্তী দিনের জন্য	১ম ও দিনের জন্য	পরবর্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে ।০	।৵০	।৵০	।০	
ইঞ্চি ২৲		১।০	১৲	
সিকিকলম ৫৲	৪৲		৩৲	
" অৰ্দ্ধকলম ৮৲	৭৲	৭৲	৫৲	
" এক কলম ১২৲	১০৲	১০৲	৮৲	

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চি ৩৲	১।০
" সিকি কলম ১৫৲	১২৲
" অৰ্দ্ধকলম ২৫৲	২০৲
এক কলম ৪০৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৸০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা ৫ ; বিশেষ সংখ্যার ভিন্ন মূল্য।

শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী

শ্রীল প্রভুপাদের চতুঃষষ্টিতম-আবির্ভাব-তিথিতে শ্রীল আচার্য্যদেবের [illegible] "শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী" প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। ইহাতে পূর্ব্ব ও উত্তর দুইটি বিভাগ আছে। পূর্ব্বাদ্ধে শ্রীল প্রভুপাদের আদি-প্রবন্ধাবলী শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের সম্পাদিত 'সজ্জনতোষণী' [illegible] শ্রীল প্রভুপাদের [illegible] সাপ্তাহিক পত্র প্রভৃতি হইতে কথাসার ও প্রয়োজনীয় অংশের টীকা-সহ প্রকাশিত হইয়াছে। উত্তরার্দ্ধে শ্রীল প্রভুপাদের সম্পাদিত 'সজ্জনতোষণী'র কতিপয় প্রবন্ধ কথাসার প্রভৃতি [illegible] হইয়াছে। প্রবন্ধগুলি রচনাকালের ক্রমানুসারে গ্রথিত হইয়াছে; গ্রন্থারম্ভে শ্রীল আচার্য্যদেবের একটি [illegible] উপোদ্ঘাত ও গ্রন্থশেষে একটি বিস্তৃত সূচী, শব্দ সূচী, স্থান-পাত্র-লোক ও পয়ার সূচী [illegible] সংযোজিত হইয়াছে। প্রথমে [illegible] শ্রীল প্রভুপাদের [illegible] বাঁধাই [illegible] প্রকাশিত হইয়াছে। প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্য মঠ, পোঃ শ্রীমায়াপুর, জেলা নদীয়া; শ্রীগৌড়ীয় মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ও শ্রীমাধ্ব গৌড়ীয় মঠ, [illegible], পোঃ [illegible], ঢাকা।

শ্রীল প্রভুপাদের পদ্যপ্রসূন মালা

এই গ্রন্থে [illegible] শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের রচিত পদ্যাবলী শ্রীল আচার্য্যদেবের বিরচিত "গৌরব" নামক গদ্যের সহিত প্রকাশিত হইয়াছে। শ্রীল প্রভুপাদের অনেক অপ্রকাশিত পদ্য ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ।০ চারি আনা।

শ্রীধাম-মায়াপুরে

—:০:—

—ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট

[illegible] বিদ্যালয়

[illegible] বিদ্যালয় ও বোর্ডিং [illegible] পরিচালিত [illegible]। [illegible] আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য [illegible] বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খাওয়া ও বোর্ডিংখরচ প্রতি মাসে মাত্র ৬৲ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিয়াছে। বর্ত্তমান বর্ষে [illegible] জন বালকের মধ্যে ১৫ জন ভালভাবে উত্তীর্ণ হইয়াছে।

মেধাবী ছাত্রগণের জন্য [illegible]

পরীক্ষায় যাহারা শতকরা [illegible] নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ সচ্চরিত্র বিদ্যার্থী ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউশন্‌,
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক-সম্পাদিত: এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা [illegible] আলোচিত হইয়াছে। এত এক অপূর্ব্ব গৌরব বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

শ্রীচৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত [illegible] সন্নিবিষ্ট হইয়াছে। এই [illegible] তীর্থ মহারাজ লিখিত ইহার ভিক্ষা মাত্র ৪৲ টাকা। প্রাপ্তিস্থান [illegible] শ্রীযোগপীঠ, [illegible], পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রী[illegible]-সংলাপ

প্রথম খণ্ড

শ্রীশ্রীমদ্ভক্তি [illegible] প্রবিষ্ট ১০৮শ্রী [illegible] গোস্বামী [illegible] কীর্ত্তন করিয়াছেন, যাহা ইঁহার [illegible] 'গৌড়ীয়' [illegible] শ্রীল প্রভুপাদের [illegible] প্রকাশিত হইয়াছে, [illegible] শ্রীল প্রভুপাদের [illegible] প্রকাশিত হইয়াছেন। [illegible] পাওয়া যাইবে। [illegible] ও লোকের

" শ্রী কৃষ্ণচৈতন্য "

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপদেশক পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী সম্প্রদায়-বৈভবাচার্য এম্-এ মহোদয়ের গ্রেষণাবেশণা এবং পরিপক্ক লেখনীর অদ্ভুত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং তত্ত্ব ও ভগবানের লীলাচরিত্র-পাঠে ধন্য হউন। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিবিধ চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলে শ্রীমহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ড ত্রিশ অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের স্বলিখিত মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকারের ভূমিকাদ্বয় (Prefaces), বিষয়-তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র-(Index Glossary) সহ প্রথমখানি প্রকাশিত। ভিক্ষা—১৫, পনর টাকা। প্রাপ্তিস্থান—ঢাকার গৌড়ীয়মঠ, আরমানিটোলা; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম মায়াপুর জেলা—নদীয়া।

'ঠাকুর ভক্তিবিনোদ'

——::(০):——

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি প্রচারের মূল মহাজন সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অভিনব্য জীবনচরিত এতাবৎকাল পর্য্যন্ত প্রচারাকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয়মঠাচার্য্যবরের অনুজ্ঞায় সর্ব্ববিদ্যাসাগিত্যে সু-লেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু মূল্যবান শিক্ষাবলীও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১২৫ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৮০ আনা; ডাক মাশুল স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান—ম্যানেজার গ্রন্থবিভাগ
শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

——:(০):——

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তথাগত পাক্ষিক ইংরেজী পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু গ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১।১নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর গোয়াড়ীতে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

ম্যালেরিয়ার পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু, পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় নিশ্চয়ই ইহার কার্য্যকরিতা অতীব আশ্চর্য্য। লিভার প্লীহা সংযুক্ত জ্বরাদির এবং নূতন পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। মূল্য ছোট বোতল ৸৹ দশ আনা, বড় বোতল ১৷৹ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা

অথবা

পোঃ বেহালা, ২৪ পরগণা

ই. বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	৫-৩৬	৬-০৬	৭-২৬	১২-২৬	১৪-৫৬	১৬-৫৬	১৭-৫৬	২২-২৬
রাণাঘাট পৌঃ			৮-৫০	১৪-১৫				
(বদল) ছাঃ			৯-৩৩	১৪-৫০				
কৃষ্ণনগর পৌঃ	৭-১	৮-৫৫	১০-৮	১৪-২০	১৭-২৮	১৯-১১	২০-১৬	১-১৫
(বদল) ছাঃ	৭-১২		১০-৩১		১৭-৩৮		২০-২৬	
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫১		১১-১০		১৮-১৬		২০-৪৬	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
রাণাঘাট পৌঃ	১২-৫৫
ছাঃ	১৩ ০
শান্তিপুর পৌঃ	১৩-২৬
(বদল) ছাঃ	১৭-৩১ (লাইট রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪-২
ছাঃ	১৪-২০
নবদ্বীপঘাট পৌঃ	১৫-০

ডাউন

নবদ্বীপঘাট ছাঃ	৫ ৪৫		৯ ২৫			১৩-৩১	১৬-০	১৮-৩১
কৃষ্ণনগর পৌঃ	৬ ২০	৯ ১৬	১০-৩	১১-৪১		১৪-১০	১৬-৩৮	১৯-১১
ছাঃ	৬ ২৬	৭-১৮	১০-১১				১৬ ৫৬	১৯-২৫
রাণাঘাট পৌঃ			১০-৪৬				১৭ ৩১	
(বদল) ছাঃ			১১ ০				১৭-৪০	
কলিকাতা পৌঃ	৮-১৬	৯-২১	১২-১	১২-১৬	১৪-১৬		১৯-১১	২১-৪১	২৩-২৬

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৩-৩১	১৬-০		
কৃষ্ণনগর পৌঃ	১৪-১০	১৬-৩৮		
ছাঃ	১৫-২৮	১৭-১৫		
শান্তিপুর পৌঃ	১৬-৯	১৭-৫৬		
(বদল) ছাঃ	১৬-৬০	১৮-১	(শনিবার ভিন্ন)	১৮-৮ (শনিবার)
রাণাঘাট পৌঃ	১৭-১০	১৮-২৭		১৮-৩৩
(বদল) ছাঃ	১৭-৪০	১৮-৪০		১৮-৪০
কলিকাতা পৌঃ	১৯-১১	২০-৬		২০-৬

পোঃ- শ্রীমায়াপুর
টেলিগ্রাম—শ্রীধাম
শ্রীমায়াপুর

REGD NO C 1544

দৈনিক নদীয়াপ্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

৪র্থ খণ্ড] শ্রীমায়াপুর— ১৩ই বৈশাখ, ১৩৪৬, ২৭শে এপ্রিল, ১৯৩৯, বৃহস্পতিবার [৪১শ সংখ্যা

বিবিধ সংবাদ

—::○::—

নদীয়ার গ্রামে অগ্নিকাণ্ড

নদীয়া জেলার মেহেরপুর মহকুমার নিকটস্থ গোপালনগর গ্রামে অগ্নিকাণ্ডের ফলে ৬০ খানি গৃহ ভস্মীভূত হয়। উহার ফলে বহু লোক গৃহহীন হয়। বর্দ্ধমানের নিকট বালিয়া গ্রামে অগ্নিকাণ্ডের ফলে ৭ জন লোক গৃহহীন হয় এবং বহু সম্পত্তি ও কয়েকটি গোলাঘর বিনষ্ট হয়।

—

চীনাবাহিনীর ব্যাপক আক্রমণ

জনৈক চীনা সামরিক মুখপাত্র দাবী করিয়াছেন যে, চীনা বাহিনী বিগত দুই দিনে ৩০টির অধিক সহর অধিকার করিয়াছে; তন্মধ্যে অনেকগুলি সহরের সামরিক গুরুত্ব খুব বেশী। তিনি আরও বলেন যে, সম্প্রতি যে সব যুদ্ধ হইয়াছে, তাহার ফলাফল দেখিয়া চীনারা তাহাদের সাফল্য সম্পর্কে অনেকটা আশান্বিত হইয়াছে। তবে ব্যাপকভাবে আক্রমণ সুরু করার ঠিক সময় এখনও আসে নাই। তিনি বলেন, চীনাদের উদ্দেশ্য হইতেছে, জাপ-সৈন্যগণকে বিশেষ করিয়া তাহাদের প্রধান বাহিনীকে পার্ব্বত্য অঞ্চলের মধ্যে এমন স্থানে লইয়া আসা যেখানে তাহাদের উন্নত ধরণের অস্ত্র-শস্ত্র কোন কাজে আসিবে না এবং তখন তাহাদের উপর তীব্রভাবে আক্রমণ সুরু করা।

—

জাপবাহিনীর দাবী

যুদ্ধক্ষেত্র হইতে প্রেরিত একটি সংবাদে জাপসামরিক কর্তৃপক্ষ দাবী করিয়াছে যে, তাহারা চীনাদের অভিযান ব্যর্থ করিয়া বর্ত্তমানে পশ্চিম এবং উত্তর দিকে অগ্রসর হইতেছে। আনপে অধিকার করার পর জাপ-বাহিনী ইনান পর্ব্বত-শ্রেণী পর্য্যন্ত চীনাসৈন্যদের পশ্চাদ্ধাবন করে। আনপে পাওটাওর ৪০ মাইল উত্তর-পশ্চিমে অবস্থিত।

—

চীনা সৈন্যবাহিনীর সাফল্য

চীনাদের সামরিক ইস্তাহারে প্রকাশ যে, ২৩শে এপ্রিল তারিখ হইতে চীনারা নানকিং—চিংকিয়াং অঞ্চলে জাপানীদের বিরুদ্ধে ব্যাপক আক্রমণ চালাইতেছে।

—

ই বি রেলের চলন্ত ট্রেণে চুরি

আসাম বেঙ্গল রেলওয়ের কুমেরঘাট ষ্টেশনের নিকট চলন্ত ট্রেণে দুঃসাহসিক চুরির ফলে নগদ ও অলঙ্কারাদি ৭ শত পরিমিত টাকা অপহৃত হইয়াছে বলিয়া সংবাদ পাওয়া গিয়াছে।

ঘটনার বিবরণে প্রকাশ যে, শ্রীযুক্ত বি চক্রবর্ত্তী এবং তাঁহার পত্নী চট্টগ্রাম মেলে সিলেট যাইবার সময় ট্রেণে একটি প্রথম শ্রেণীর কামরায় ঘুমাইতেছিল। সেই সময় দুর্বৃত্তকারী ঐ কামরায় প্রবেশ করিয়া নগদ ও অলঙ্কার পত্র অপহৃত করে। সাড়া পাইয়া শ্রীযুক্ত চক্রবর্ত্তী জাগরিত হন ও চোরটিকে ধরিবার চেষ্টা করেন। লোকটি কুমেরঘাট ষ্টেশনে ট্রেণ হইতে অবতরণ করিয়া চম্পট দেয়।

শ্রীযুক্ত চক্রবর্ত্তী আসাম বেঙ্গল রেলের ইঞ্জিনীয়ারের আফিসের চীফ ক্লার্ক। ঘটনা সম্বন্ধে পুলিশ তদন্ত চলিতেছে।

—

বিহার ব্যবস্থা পরিষদ

বিহার ব্যবস্থা পরিষদের মুলতুবী অধিবেশন ২৪শে এপ্রিল সোমবার হইতে পুনরায় আরম্ভ হইবে এবং প্রাত্যহিক অধিবেশন হইবে। এই অধিবেশনে বহু বিল আলোচিত হইবে।

সাধারণ বিক্রয় বিল, বিহার কোর্টস অব ওয়ার্ডস সংশোধন বিল, ছোটনাগপুর কোর্টস অব ওয়ার্ডস সংশোধন বিল, মুসলিম ওয়াকফ বিল, মার্কেট ও ব্যবসায় বিল। এই বিল সম্পর্কে এই যে পর্য্যন্ত তদন্ত সংগ্রহ করা হইবে। মোটর স্পিরিট ট্যাক্স বিল, পাণ্ডুলিপি ছাপন বিল, কৃষি আয়কর সংশোধন বিল, সেচ বিল (দ্বিতীয়) ও অর্ডিন্যান্স সম্পর্কিত সংশোধন বিল—পূর্ব্বেই পেশ হইয়াছিল। বর্ত্তমান অধিবেশনে এই সব বিলের আলোচনা শেষ হইবে বলিয়া আশা করা যায়।

কলিকাতায় আসন্ন নিখিল ভারত রাষ্ট্রীয় সমিতির অধিবেশন এবং বৃন্দাবনে (চম্পারণ) গান্ধী সেবাসঙ্ঘের সম্মেলনের জন্য মাঝে মাঝে স্থগিত থাকিতে পারে। ইহাতে যে মাসের শেষ পর্য্যন্ত অধিবেশন চলিবার সম্ভাবনা। সুতরাং গবর্ণমেণ্টের ১৫ই মে হইতে জুন মাসের প্রথম সপ্তাহ পর্য্যন্ত রাঁচি যাইবার পরিকল্পনা কার্য্যকরী নাও হইতে পারে।

—

বিহার কৃষি আয়কর আইন

প্রকাশ, পাটনার মহারাজ শ্রীযুক্ত বিশ্বনারায়ণ সিংহ পাটনার কালেক্টরকে জানাইয়াছেন যে, তিনি পাটনা কোর্টে এই মর্ম্মে এক মামলা আনিবেন যে, ১৯৩৮ সালের কৃষক আয়কর আইন রচনা করা বিহার ব্যবস্থা পরিষদের পক্ষে অবৈধ এবং সেই হেতু তাঁহার এবং তাঁহার জমিদারীর উপর উহা প্রযোজ্য নহে, এই মর্ম্মে আদালত হইতে ঘোষণা করা হউক।

—

ফরাসী সরকারের তোড়জোড়

মন্ত্রিসভা বৈঠকের সিদ্ধান্ত অনুসারে যে কয়েকটি নূতন বিধান জারী করা হইয়াছে তাহার একটিতে বলা হইয়াছে যে, ফ্রান্সের পশ্চিমে মার্সেলকেন্দ্রিক বন্দরে একটি নূতন নৌঘাঁটি নির্ম্মাণ করা হইবে। উক্ত বিধানে গবর্ণমেণ্টকে প্রয়োজনীয় জমি দখল লইবার ক্ষমতা দেওয়া হইয়াছে এবং সামরিক লাইসেন্স ব্যতীত কোন ব্যক্তি উক্ত এলাকায় নূতন অট্টালিকা নির্ম্মাণ করিতে পারিবে না বলিয়া বলা হইয়াছে।

—

জার্ম্মাণী ফিনল্যাণ্ডের বন্ধু

জার্ম্মাণীর প্রশ্নের উত্তরে ফিনিশ গবর্ণমেণ্ট জার্ম্মাণ দূতকে জানাইয়াছেন যে জার্ম্মাণী ফিনল্যাণ্ডের উপর আক্রমণ করিবে বলিয়া তাঁহারা আশঙ্কা করেন না।

—

ক্ষুধার তাড়নায় সন্তান বিক্রয়

টেকপাড়া গ্রাম হইতে একটি ছেলে বিক্রয়ের সংবাদ পাওয়া গিয়াছে। প্রকাশ, চারিদিন উপবাসে থাকার পর উক্ত গ্রামের ইমান শেখ ক্ষুধার জ্বালায় তাহার একটি নাবালক পুত্রকে পাঁচ টাকা মূল্যে বিক্রয় করিয়াছে।

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল সরস্বতী গোস্বামী প্রভুপাদের পরিব্রাজক গোস্বামী মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক। প্রতি একাদশীতে প্রকাশিত হয়। কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। সডাক ভিক্ষা ৪৷৷০ টাকা মাত্র।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ কুঞ্জবিহারী বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৷৷০ টাকা মাত্র।

৩। ভাগবত—হিন্দিভাষার একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ টাকা মাত্র।

৫। শ্রীগৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ কুঞ্জবিহারী বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ মাত্র।

পরমগুরু শ্রীগৌরকিশোর

গৌড়ীয়-সম্পাদক-লিখিত, শ্রীগৌড়ীয়মঠাচার্য্যের ভূমিকা সম্বলিত, বহুচিত্র-শোভিত ও বিষয় সূচী সম্বলিত "পরমগুরু শ্রীগৌরকিশোর" গ্রন্থরত্ন প্রকাশিত হইয়াছেন। এই গ্রন্থরত্নে শুদ্ধগৌড়ীয়বৈষ্ণবগণের পরমারাধ্য, গৌড়ীয়গৌরবশিখামণি অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ নিত্যলীলাপ্রবিষ্ট পরমহংস ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল গৌরকিশোরদাস গোস্বামী প্রভুবরের অত্যাশ্চর্য্য চরিতকথা বর্ণিত আছে।

শ্রীশ্রীভক্তিবিনোদাবির্ভাব-শতবর্ষপূর্ত্তিতিথিপূজার উপায়ন-গ্রন্থমালা

——::(০)::——

১। গীতিসাহিত্যে শ্রীভক্তিবিনোদ

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র গীতিসাহিত্যের সমালোচনা-গ্রন্থ)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

২। শ্রীভক্তিবিনোদবাণীবৈভব

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের রচনারত্নাকর হইতে আহৃত ১০৮টি অধ্যায়ে সম্বন্ধ-অভিধেয়-প্রয়োজনাকারে ভক্তির অমূল্য উপদেশপূর্ণ গ্রন্থ)

ভিক্ষা—৩৲ তিন টাকা মাত্র।

৩। শ্রীশ্রীভক্তিবিনোদ-প্রসঙ্গ

ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ ও ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল সরস্বতী গোস্বামী পরিব্রাজক গোস্বামীপাদ-বিরচিত এবং গৌড়ীয়ে প্রকাশিত শ্রীশ্রীভক্তিবিনোদ-চরিত-প্রসঙ্গ

ভিক্ষা—।৶০ ছয় আনা মাত্র।

৪। ছাত্রদের ভক্তিবিনোদ

(ছাত্রদের উপযোগী ভাষায় লিখিত শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্র ও শিক্ষা)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

ছাত্রদের পক্ষে ভিক্ষা—৷৷০ আট আনা মাত্র)

প্রাপ্তিস্থান :—

(১) 'ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট', পোঃ শ্রীমায়াপুর, নদীয়া ;

২) শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ;

৩ শ্রীযুক্ত সুধীরঞ্জন দাস এম-এ, বি-এল, পুরাণাপল্টন পোঃ রমণা, ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবত,—সমগ্র ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ১৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। ভাষ্যসহ বিরাট শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৯৲
৩। ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৩
৪। সরস্বতী-জয়শ্রী (অবাঁধা) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০ ; ২য় খণ্ড ১৲ ; ৩য় খণ্ড—৸০ ৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার-দীপিকা ও সংস্কার দীপিকা ১৷০
৯। বৈষ্ণবধর্ম্ম ৪৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ।০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিবর্ত্ত তত্ত্ব ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষৎ ।০
১৮। বামন-আন্দুর ।০
১৯। তত্ত্ববিবেক ।০
২০। গৌড়ীয়-গৌরব ৷৶০
২১। গৌড়ীয়সাহিত্য ৷৶০
২২ ভজন-রহস্য ।০
২৩। শ্রীচৈতন্যভাগবত ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা সহ ২৲
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) ২৲
অবাঁধা) ১৲
২৬। গীতার কেবল মাত্র ভাষা ।০
২৭। মুক্তিকর্ণামৃত গৌরগোবিন্দঃ (সানুবাদ) ১৲
২৮। বেদান্তদর্শন (সানুবাদ) ।০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৸০
৩০। দীপ-দিগ্-দর্শন ৶০
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ৷৶০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ।০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶০
৩৫। গীতমালা ৵১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৶০
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৶০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ
৩৯। শ্রীগোদ্রুমকল্পাটবী-প্রবাদ
৪০। শরণাগতি ৵০
৪১। গীতাবলী ৵০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
৪৩। সাধনতত্ত্ব ৵০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ৴
৪৫। নবদ্বীপশতক
৪৬। অর্চ্চনপদ্ধতি
৪৭। সদাচারস্মৃতিঃ
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৵০
৪৯। অর্চ্চনবিধি ৵১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম-৪ খণ্ড) ৬৲
৫১। ব্রহ্মসংহিতা ।০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ-বিনির্ণয় ।০
৫৫। ভজনামৃত বা নামানামাপরাধ ।০
৫৬ ভারতবর্ষ ও ভক্তিপথ ৶০
৫৭। ঈশোপনিষৎ (অন্বয়াদিসহ) ।০
৫৮। শ্রীকৃষ্ণদেব ৶০
৫৯। সিদ্ধান্তদর্পণ ৶০
৬০। সাংখ্যবাণী ৵০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।০
৬২। সিদ্ধান্ত সরস্বতী বিজয়ঃ ।০
৬৩ সটীক-শিক্ষাষ্টকম্ ।০
৬৪। স্তবরত্ন ।০
৬৫। সাত্বত শিক্ষাষ্টকম্ ৶০
৬৬। গৌড়ীয়মঠপরিচয়ঃ ৵০
৬৭। শারণাগত্যম্ ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।০
৬৯। এ ফিউ ওয়ার্ডস অন বৈষ্ণবিজম ।০
৭০। ব্রহ্মতত্ত্ব ৵০
৭১। বেদান্ত—ইট্‌স্ মরফলজী এণ্ড অন্টলজি ।০
৭২। রিলেটিভ ওয়ার্ল্ডস ৷৶০
৭৩। লাইফ এণ্ড প্রিসেপ্টস্ অব শ্রীচৈতন্য মহাপ্রভু
৭৪। বৈষ্ণবিজম
৭৫। গোল্ডেন গৌড়ীয়াজ ইন জুইক
৭৬। দি ভাগবত
৭৭। ইম্পোরিক্যাল ফিলজফী এণ্ড আবদনালসেন্ট ফিলোসফি
৭৮। ব্রহ্মসংহিতা
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (প্রথম খণ্ড) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি
৮১। সাধন-পথ ।০
৮২। কল্যাণ-কল্পতরু
৮৩। গীতাবলী
৮৪। শরণাগতি

আসামিয়া ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ৵০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ৬৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

একমাত্র পারমার্থিক দৈনিক পত্র

শ্রীধাম-মায়াপুর-নদীয়া

১৫শ বর্ষ { ২৩ মধুসূদন ৪৪৩ গৌরাব্দ, ১৩ই বৈশাখ বঙ্গাব্দ ১৩৩৬, ২৭শে এপ্রিল ইং ১৯২৯, বৃহস্পতিবার } ৯৫শ সংখ্যা

সাময়িক-প্রসঙ্গ

---::(*)::---

শ্রীল আচার্য্যদেব

পরমকরুণাময় মহামহাবদান্য জগদ্গুরু পতিতপাবন শ্রীশ্রীল আচার্য্যদেব শ্রীধাম মায়াপুর শ্রীচৈতন্যমঠে অবস্থান পূর্ব্বক নিরন্তর বীর্য্যবতী শ্রীহরিকথা কীর্ত্তন করিতেছেন। গত ২৩শে এপ্রিল রবিবার সন্ধ্যায় তিনি অর্চ্চা, অর্চ্চাবাসী, বৈভব, ব্যূহ ও পরতত্ত্ব বিষয়ে বিস্তৃতভাবে কীর্ত্তন করেন। তাঁহার শ্রীমুখে হরিকথা শ্রবণ করিয়া ভক্তবৃন্দ সকলেই পরমোপকৃত ও পরমানন্দিত হইতেছেন।

শ্রীধামে শ্রীপাদ তীর্থ মহারাজ

শ্রীশ্রীবিশ্ববৈষ্ণবরাজসভার অন্যতম প্রচারক ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ নদীয়া জেলার অন্তর্গত হংসক্ষেত্র ও শিবনিবাস প্রভৃতি স্থানে হরিকথা প্রচার করিয়া গত ২৩শে এপ্রিল সন্ধ্যায় আকর-মঠরাজ শ্রীচৈতন্যমঠে শ্রীশ্রীআচার্য্যপাদপদ্মে উপস্থিত হইয়া নিরন্তর হরিকথা কীর্ত্তন করিতেছেন। তাঁহার সঙ্গ পাইয়া মঠবাসী ভক্তবৃন্দ সকলেই পরমানন্দিত হইয়াছেন।

বিরাট্ নগর-সংকীর্ত্তন-শোভাযাত্রা

শ্রীশ্রীবিশ্ববৈষ্ণবরাজসভার অন্যতম প্রচারক উপদেশক পণ্ডিত শ্রীপাদ ভক্তিসৌরভ ভক্তিসার, ভক্তিশাস্ত্রী মহোদয় প্রায় একপক্ষকাল শিলচর প্রভৃতি স্থানে প্রবল উৎসাহে হরিকথা প্রচার করিয়াছেন। তাঁহার হরিকথা-প্রচারে তথায় একটা বেশ সাড়া পড়িয়াছে। গত ২৬শে চৈত্র ভক্তিশাস্ত্রীজীকে অগ্রণী করিয়া শিলচর হরিসভা-প্রাঙ্গণ হইতে একটী বিরাট্ নগর-সঙ্কীর্ত্তন-শোভাযাত্রা বহির্গত হইয়া শিলচর সহরের সর্ব্বত্র পরিভ্রমণ করেন। শোভাযাত্রায় আবাল-বৃদ্ধ বনিতা জাতি-ধর্ম্ম-নির্ব্বিশেষে সকলেই যোগদান করিয়াছিলেন। বিচিত্র বর্ণের পতাকা, খোল, করতাল, শঙ্খ, ঘণ্টা, কাঁসর প্রভৃতি বিবিধ বাদ্যসংযোগে এরূপ বিরাট্ সংকীর্ত্তন-শোভাযাত্রা ইতঃপূর্ব্বে এই সহরে আর দৃষ্ট হয় নাই। সহরের পথিপার্শ্বস্থ গৃহ হইতে সকলেই নির্ণিমেষনয়নে এই অপূর্ব্ব দৃশ্য দর্শন করিয়াছিলেন। তথাকার হৃদয়বান্ জনগণের শ্রীগৌড়ীয়মঠের বাস্তবসত্যবাণী প্রচারে সহানুভূতি দেখিয়া আমরা সকলে পরমানন্দিত।

শ্রীল আচার্য্যদেবের একনিষ্ঠ সেবক পণ্ডিত শ্রীপাদ ব্রজসুন্দর দাসাধিকারী বি-এ মহোদয় বর্ত্তমানে কয়েকজন ব্রহ্মচারী সহ শিলচর সহরের নানাস্থানে শ্রীশ্রীগুরুগৌরাঙ্গবাণী প্রচার করিতেছেন। তাঁহার আচার্য্যচরণে দৃঢ় সেবা-নিষ্ঠা দেখিয়া শ্রীগুরুবৈষ্ণবগণ সকলেই প্রীত হইয়াছেন। আমরা শ্রীগুরুপাদপদ্মে প্রার্থনা জানাইতেছি, যেন তাঁহার শ্রীচৈতন্যবাণী-প্রচারে উৎসাহ আরও উত্তরোত্তর বর্দ্ধিত হয়।

মঙ্গল-বরণ

সময়ে অমরজ্যী

তীর, স্রোত আদি করি যত অতিরথ
তিমিঙ্গিলপরিপূর্ণ দুরন্ত দুস্তার
ভয়াবহ দুর্দ্দৈবের সাগর বিশাল।
যাঁহার চরণতরী করিয়া আশ্রয়
দুস্তরে পাণ্ডবগণ অতি অবহেলে
গোষ্পদ সলিল সম কালসিন্ধু সেই
অতিক্রমি পারে গেলা উচ্চারে নিশান
গাহি কণ্ঠে নিরবধি বাসুদেব জয়।
নানামতবাদ-নক্র-পরিপূর্ণ ধরা
মায়া ঘন অন্ধকারে কলি বিসবাদে
আমরাও গুরুপদ করিয়া আশ্রয়
বিশ্বমাঝে সর্ব্বস্থানে করিব উড্ডীন
শ্রীগুরুগৌরাঙ্গবাণী বিজয় নিশান
গাহিব আচার্য্যজয় কোটিকণ্ঠে মেলি
জয় শ্রীগৌড়ীয়াচার্য্য বাসুদেব জয়।
পার হব দুস্তাপূর্ণ সংসার-সাগর
কৃষ্ণ বলি ছুটে যাব গুরুপদপুত
দলিয়া সকল বাধা আচার্য্য কৃপায়।
কক্ষচ্যুত হয় যদি রবি-শশি-তারা
স্থানভ্রষ্ট হয় যদি জ্যোতিষ্কনিচয়
অনন্ত ব্রহ্মাণ্ড যদি বাধা দেয় মোরে
প্রলোভিয়া কত্তলে বিবিধ-দেবেন্দ্রের পদ
টলিব না, নড়িব না, গুরুসেবা
হ'তে একতিল।
দুর্ল্লভ ক্রুকৃতি যেন দুষ্ট মন।
তাহে আছে বিপত্তি ভীষণ
কিন্তু মন নিষ্কপটে গুরুপদে লইলে শরণ
অনায়াসলভ্য হবে ভকতি রতন।
কুহকী মায়ার গান শুনিব না কাণে
বাজায়ে বিজয়ডঙ্কা আচার্য্যের নামে
সাধুসঙ্গে ছুটে যাব গোকুল নগরে।
ফেরিব নিখিল দেশে চৈতন্যের মহামহোৎসব
পরমকরুণাময় আচার্য্য কৃপায়।
নতুবা অসৎসঙ্গে হবে চির-
অন্ধকার নিরয়ে পতন
পরমকরুণাময় হে আচার্য্যদেব!
শ্রীচৈতন্যসরস্বতী শির বাসুদেব
শ্রীচরণধূলি করি রাখ দীনে করুণা বিতরি।

ভক্তবৈষ্ণবকৃপাবিন্দুপ্রার্থী
শ্রীভক্তিসৌরভ দাস

পাটনায় প্রচার

শ্রীশ্রীবিশ্ববৈষ্ণবরাজসভার অন্যতম শাখা পাটনা শ্রীগৌড়ীয়মঠের সেবকবৃন্দ গত ২২শে এপ্রিল শনিবার সন্ধ্যা ৭॥ ঘটিকায় মিঠাপুরস্থ মিঃ সরযূপ্রসাদ শ্রীবাস্তব মহোদয়ের গৃহে হরিকীর্ত্তন করিতে গমন করেন। শ্রীগুরুবৈষ্ণব-বন্দনা, দশাবতার স্তোত্র, "যশোমতী নন্দন" প্রভৃতি মহাজনপদাবলী কীর্ত্তনান্তে শ্রীপাদ পত্তপালপঙ্কজভৃঙ্গ দাসাধিকারী ভক্তিপ্রদীপ প্রভু শ্রীমদ্ ভাগবত হইতে "প্রহ্লাদ উপাখ্যান" পাঠ ও সরল হিন্দি ভাষায় ব্যাখ্যা করেন। পাঠে বহু শিক্ষিত বাঙ্গালী ও বিহারী ভদ্রলোক উপস্থিত ছিলেন। তাঁহারা পাঠ ও ব্যাখ্যা শ্রবণ করিয়া বিশেষ প্রীতি লাভ করিয়াছেন। উক্ত শ্রীবাস্তব মহোদয় বিভিন্ন প্রকারে শ্রীমঠের সেবা করিয়া থাকেন। পাঠের পর "ভজহুঁ রে মন" ও "মহামন্ত্র" কীর্ত্তন হয়।

"ভগবান্ আমাদিগকে পরীক্ষা করিবার জন্ত এবং আমাদিগের মঙ্গল বিধানের জন্ত নানাপ্রকার অসুবিধা এই প্রপঞ্চে স্থাপন করিয়াছেন। ঐ গুলিই আমাদিগের মঙ্গলের কারণ জানিয়া আমরা তাঁহার সেবায় প্রবৃত্ত হইব। যাঁহারা ভগবানের সেবা করেন তাঁহারাই ধন্ত। সকল অসুবিধার মধ্যে ভগবৎ-কথা শ্রবণ, কীর্ত্তন ও স্মরণ করিবেন।"

(শ্রীল প্রভুপাদ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

২০ মধুসূদন আদি কারণোদশায়ী গৌরাব্দ ৪৫৩

রাবণ সীতার দর্শনই পায় নাই

আমরা শাস্ত্রে যে সীতাহরণের কথা শুনিতে পাই, তাহা মায়িক—অসত্য। শ্রীরামচন্দ্র সাক্ষাৎ নারায়ণের অবতার। তিনি কোন দেব বা মনুষ্য নহেন, তিনি শক্তিমান্—বিষ্ণু। শ্রীসীতাদেবী ভগবান্ রামচন্দ্রের স্বরূপশক্তি, সুতরাং তাহা হইতে অভিন্ন। তিনি অপ্রাকৃত বস্তু। 'অপ্রাকৃত বস্তু নহে প্রাকৃত-গোচর।' প্রাকৃতচক্ষে অপ্রাকৃত দর্শন হয় না, সুতরাং দশানন রাবণ অপ্রাকৃত সীতাদেবীকে স্পর্শ ও হরণ করা ত' দূরের কথা, তাঁহার দর্শনও পায় নাই। তাই শ্রীমন্মহাপ্রভু জানাইয়াছেন,—

ঈশ্বর-প্রেয়সী সীতা—চিদানন্দমূর্ত্তি।
প্রাকৃত ইন্দ্রিয়ে তাঁ'রে দেখিতে নাহি শক্তি॥
স্পর্শিবার কার্য্য আছুক না পায় দর্শন।
সীতার আকৃতি-মায়া হরিল রাবণ॥
রাবণ আসিতেই সীতা অন্তর্দ্ধান কৈল।
রাবণের আগে মায়াসীতা পাঠাইল॥
অপ্রাকৃত বস্তু নহে প্রাকৃত-গোচর।
বেদ-পুরাণেতে এই কহে নিরন্তর॥

শ্রীরামচন্দ্র পরমেশ্বর, শ্রীসীতাদেবীও পরমেশ্বরী। ভগবান্ রামচন্দ্র যে যে বিশিষ্ট প্রকার লীলা সম্পাদন করিতে ইচ্ছা প্রকাশ করেন, স্বরূপশক্তি শ্রীসীতাদেবীও তাঁহার সহায়কারিণী হন। তাই সীতাদেবীকে হরণ করিতে রাবণ তাঁহার সম্মুখে আসিলে সীতাদেবী নিজ মায়া-প্রতিকৃতি রাবণের অগ্রে স্থাপন করিয়া কৈলাসে গমন করেন ও তথায় হরগৌরী কর্ত্তৃক অর্চ্চিতা হন।

আমরা কূর্ম্মপুরাণ-পাঠে জানিতে পারি, সীতা কর্ত্তৃক প্রার্থিত হইয়া অগ্নি ছায়া সীতা প্রস্তুত করিলেন। দশগ্রীব রাবণ সেই ছায়াসীতা হরণ করিয়াছিল; মূলসীতা বহ্নিপুরে রহিলেন। রামচন্দ্র যখন পরীক্ষা করেন, তখন ছায়াসীতা বহ্নিমধ্যে প্রবেশ করিলেন; অগ্নিদেব মূলসীতাকে আনিয়া রামচন্দ্রের নিকট উপস্থিত করিলেন। এসম্বন্ধে শ্রীল কবিরাজ গোস্বামী প্রভু শ্রীচৈতন্যচরিতামৃতে বলিয়াছেন,—

পতিব্রতা-শিরোমণি জনকনন্দিনী।
জগতের মাতা সীতা রামের গৃহিণী॥
রাবণ দেখিয়া সীতা লৈল অগ্নির শরণ।
রাবণ হৈতে অগ্নি সীতা কৈল আবরণ॥
মায়াসীতা রাবণ নিল শুনিল আখ্যানে।
শুনি মহাপ্রভু হৈলা আনন্দিত মনে॥
সীতা লৈয়া রাখিলেন পার্ব্বতীর স্থানে।
মায়াসীতা দিয়া অগ্নি বঞ্চিলা রাবণে॥
রঘুনাথ আসি যবে রাবণে মারিল।
অগ্নিপরীক্ষা দিতে সীতারে আনিল॥
তবে মায়াসীতা অগ্নি কৈল অন্তর্দ্ধান।
সত্য সীতা আনি দিল রাম বিদ্যমান॥

সীতা স্বয়ং চিদানন্দমূর্ত্তি। তাঁহাকে স্পর্শ ত' দূরের কথা তাঁহাকে দর্শন করিবার শক্তিও এজগতের কাহারও নাই। সুতরাং রাবণ যে তাঁহার চিদাকৃতির ছায়াস্বরূপ মায়াসীতাই হরণ করিয়াছিল, তাহাতে আর সন্দেহ কি?

শ্রীশ্রীআচার্য্যবাণী

রুচি—হ্লাদিনীর কণা। রুচিমার্গই ভক্তিবিনোদ অন্বোদয়ধারার সন্ধান প্রদান করে—কৃষ্ণপাদপদ্মে লইয়া যায়। সজাতীয়াশয় স্বরূপের আশ্রয় লইতে হইবে—ভক্তিবিনোদধারা আশ্রয় করিতে হইবে, তদ্ব্যতীত শুদ্ধভক্তিপথের অনুসরণ হইবে না। ভক্তিবিনোদধারার আশ্রিত যাঁহারা, তাঁহাদের ভক্তিবিনোদ-ধারাশ্রিত লোক দেখিলে আপনা হইতেই প্রীতির উদয় হইবে। বিবাহিত ভগ্নী তাহার ভ্রাতাকে কখনও না দেখিলেও পিত্রালয়ে আসিয়া তাহার ভ্রাতৃসৌহার্দ্দ্য যেরূপ স্বতঃস্ফূর্ত্তি লাভ করে, নিজের লোক দেখিলেই প্রীতির উদয় হয়, সেইরূপ সজাতীয়াশয়স্নিগ্ধ সাধুতে প্রীতি স্বাভাবিক। যেখানে তাহার অভাব, সেখানে আত্মীয়তা-বিচারে কোন না কোন বিপর্য্যয় অবশ্যই উদিত হইয়াছে বুঝিতে হইবে।

'গুরুদেবের আমি' বিচারাভিমানই প্রকৃত তৃণাদপি ভাব। জগতের লোকের চিন্তাধারার সঙ্গে dovetailed হইতে গিয়া—তাহাদের নিকট তৃণাদপি সুনীচতা দেখাইতে গিয়া তাহাদের বহির্ম্মুখতার—শুদ্ধভক্তিসিদ্ধান্ত-বিরুদ্ধ বিচারের নিকট আত্মবিক্রয় করিতে হইবে না। জগতের লোক আমাকে তাহাদের সমশ্রেণীর জানিতে পারিয়া আমাকে দাম্ভিক বলে বলুক। তাহাদের নিকট ভাল হইতে গিয়া তাহাদের ভক্তি-বিরোধী আচার-বিচারে ditto (সায়) দেওয়া কখনও আত্মমঙ্গলের বিচার নহে। আমার বিচার হইবে আমি "গোপীভর্ত্তুঃ পদকমলয়োর্দাসদাসানুদাসঃ"। এই প্রতিষ্ঠানিষ্ঠাই আমার সর্ব্বক্ষণ বলবতী থাকা আবশ্যক। তাহা হইলেই বিপজ্জালে জড়িত হইতে হইবে না, ভক্তিবিনোদধারা ছাড়িতে হইবে না। গুরুদেবের নিকট দীক্ষার অভিনয় করিলেই যে তিনি গুরুদেবের ধারার আশ্রয় লাভ করিলেন, তাহা নহে।

হরিকথা-প্রসঙ্গ

(মহোপদেশক পণ্ডিত শ্রীপাদ নবীনকৃষ্ণ বিদ্যালঙ্কার)

হরিকথা বলিতে হরিসম্বন্ধিনী কথা বুঝাইয়া থাকে। হরিজন অর্থাৎ সাধু-গুরু-বৈষ্ণব-মহাজনের কথাও হরিকথা। শ্রীমদ্ভাগবত বলেন—"হরির্হি নির্গুণঃ সাক্ষাৎ" অর্থাৎ হরি সাক্ষাৎ নির্গুণ বস্তু; সুতরাং হরিসম্বন্ধি বা হরিজনসম্বন্ধি কথাও নির্গুণ কথা। কোনও কোনও অক্ষজ-জ্ঞানদৃপ্ত সম্প্রদায়ের বিচার এই যে, নির্গুণ বস্তুর সম্বন্ধে কোন কথাই বলা যাইতে পারে না। যাহা কিছু বলা হইবে সকলই অসম্পূর্ণ ও ভুল, সুতরাং অনর্থক। এ সম্বন্ধে কথা না বলিয়া চুপ্ করিয়া ধ্যান-জপাদি সাধনভজন করাই ভাল।

"যতো বাচো নিবর্ত্তন্তে অপ্রাপ্য মনসা সহ" ইত্যাদি শ্রুতির বাক্য দ্বারা এইরূপ বুঝিতে হইবে না যে, হরি বা নির্গুণ বস্তু কীর্ত্তনীয় হইতে পারেন না। ইহার দ্বারা সারগ্রাহী অধোক্ষজ সেবোন্মুখ হরিজনগণ জানেন যে, শ্রীহরি ভোগোন্মুখ জড় ইন্দ্রিয়ের কীর্ত্তনীয় বিষয় নহেন, কিন্তু শ্রীহরি সেবোন্মুখ চিদিন্দ্রিয় জিহ্বাদির সাহায্যে কীর্ত্তনীয়। এই বিষয় লইয়া একদিকে যেমন অক্ষজজ্ঞানদৃপ্ত মুমুক্ষু মায়াবাদি-সম্প্রদায় ভ্রমে পতিত, তদ্রূপ অপরদিকে কর্ম্মজড়, স্মার্ত্তাভিমানী, কর্ম্মী প্রভৃতি বুভুক্ষু সম্প্রদায়ও অপর একপ্রকার ভ্রমে পতিত।

মায়াবাদি-সম্প্রদায় বিচার করেন যে, জগতের যাবতীয় বস্তুই ভ্রম-কল্পিত, অতএব ব্রহ্মও যদি সবিশেষ বস্তু হন, তাহা হইলে তিনিও জাগতিক বস্তুশ্রেণীর অন্তর্গত হইয়া পড়েন; সুতরাং নির্গুণ বস্তুর সম্বন্ধে কোন কথা নাই, তাঁহার সম্বন্ধে কোন কথা বলিলে তাহা সগুণ ব্রহ্মেরই কথা হইয়া পড়িবে। মায়াবাদিগণের এইরূপ বিচারের মূল—অক্ষজ বা ইন্দ্রিয়-জ্ঞান। জাগতিক অভিজ্ঞানকে অবলম্বন করিয়া তাঁহারা এরূপ সিদ্ধান্ত করেন,—শ্রুতির যথার্থ গ্রহণ করেন না। ইহার দ্বারা ব্রহ্মের বৃহত্ত্ব বা বৃংহণত্বকে খর্ব্ব করা হইল। বৃহৎ বস্তু যে সর্ব্বশক্তিমান্ বা সর্ব্বশক্তির আধার, তাহা অস্বীকার করা হইল।

ব্রহ্মবস্তু তাঁহার অনন্ত, অসীম, অচিন্ত্য শক্তির বলে পরম নির্গুণ বস্তু হইয়াও সেবোন্মুখ শুদ্ধজীবের চিদাত্মায় তাঁহার নির্গুণ স্বরূপ প্রকাশ করিতে পারেন এবং সেই শরণাগত সেবোন্মুখ জীব চিদিন্দ্রিয়ের সাহায্যে নির্গুণ হরিকথা কীর্ত্তন করিতে সমর্থ হন। ভগবানের অবিচিন্ত্য-শক্তিকে মাপিয়া লইবার প্রয়াস করেন বলিয়া অক্ষজজ্ঞানবাদি-সম্প্রদায় সাত্বতশাস্ত্র ও মহাজনগণ কর্ত্তৃক মায়াবাদি-সম্প্রদায় নামে অভিহিত হন। তাঁহারা অনন্তশক্তিসম্পন্ন ভগবান্‌কেও নিজ নিজ ক্ষুদ্র মাপকাঠির ছাঁচে ফেলিয়া ভগবানের অচিন্ত্যশক্তির কার্য্যাবলীতেও মায়ার বিবাদ উঠাইয়া থাকেন। এইরূপ বিচারের উপর নির্ভর করিয়াই তাঁহারা বলিয়া থাকেন যে, নির্গুণ ব্রহ্মের সম্বন্ধে কোনও কথা নাই, সগুণ ব্রহ্মের সম্বন্ধেই কথা। কিন্তু সাত্বত-শাস্ত্র বলেন, নির্গুণ হরিই সর্ব্বদা কীর্ত্তনীয়—

তস্মাদেকেন মনসা ভগবান্ সাত্বতাং পতিঃ।
শ্রোতব্যঃ কীর্ত্তিতব্যশ্চ ধ্যেয়ঃ পূজ্যশ্চ
নিত্যদা॥

(ভাঃ ১।২।১৪)

অর্থাৎ সর্ব্বক্ষণ একান্তভাবে ধর্ম্মার্থকাম-মোক্ষবাঞ্ছাশূন্য হইয়া ভক্তপালক ভগবান্ শ্রীহরির শ্রবণ, কীর্ত্তন, স্মরণ ও পূজা করা কর্ত্তব্য।

অপরদিকে অর্থকাম বা প্রাকৃত সাহজিকগণ মনে করেন,—শ্রীহরির বা শ্রীহরিজনগণের অপ্রাকৃত নাম-রূপ-গুণ-লীলা আমাদের জড়েন্দ্রিয় গোচর হইতে পারে। জড়েন্দ্রিয়ের সাহায্যে যে অক্ষর উচ্চারণ করা হয়, তাহাই 'নাম', জড়েন্দ্রিয়ের সাহায্যে যে-সকল কথা কীর্তন বা শ্রবণ করা হয়, তাহাই হরিকীর্তন বা শ্রবণ। ইঁহারাও বিষ্ণুমায়া-মোহিত হইয়া শাস্ত্রের যথার্থ উপলব্ধি করিতে পারেন না—

'অপ্রাকৃত বস্তু নহে প্রাকৃত-গোচর।'

অতঃ শ্রীকৃষ্ণনামাদি ন ভবেদ্
গ্রাহ্যমিন্দ্রিয়ৈঃ।
সেবোন্মুখে হি জিহ্বাদৌ স্বয়মেব
স্ফুরত্যদঃ॥

অর্থাৎ শ্রীকৃষ্ণের অপ্রাকৃত নাম, রূপ, গুণ ও লীলা বদ্ধজীবের জড়েন্দ্রিয়ের গোচর নহে; কিন্তু সেবোন্মুখ অপ্রাকৃত চিদিন্দ্রিয়ে সেই স্বপ্রকাশবস্তু স্বতঃই কৃপাপূর্বক স্ফুরিত হইয়া থাকেন।

যদি প্রাকৃত ইন্দ্রিয়ের দ্বারা হরিকথা শ্রবণ বা কীর্তন করা যাইত, তাহা হইলে গ্রামোফোনে কোন হরিবিষয়ক কথার রেকর্ড লাগাইয়া শ্রবণ-কীর্তন করিলে গ্রামোফোনের বা ঐ সকল কথা শ্রবণকারীর মঙ্গল হইয়া যাইত। কিন্তু ঐরূপভাবে—

কোটি জন্ম করে যদি শ্রবণ-কীর্তন।
তথাপি না পায় কৃষ্ণপদে প্রেমধন॥

দেহে আত্মবুদ্ধির সহিত বা ভোগোন্মুখ ইন্দ্রিয়ের সাহায্যে যে-সকল কথা হয়, তাহাতে 'হরি'—এই অক্ষরের বারংবার উল্লেখ থাকিলেও বা তাহা শাস্ত্রের কথা হইলেও প্রজল্প বা কাব্য, ইতিহাস, সাহিত্যের কথার ন্যায় হইয়া পড়িবে। নির্গুণ হরিকথা ভোগোন্মুখ ব্যক্তির নিকট তাঁহার স্বরূপ প্রকাশ করেন না। এজন্য দেখা যায়, ঐ সকল বিজ্ঞ ভোগী ব্যক্তি হরিকথার সেবা না করিয়া তাঁহার সাহায্যে কনক-কামিনী প্রতিষ্ঠা সংগ্রহের চেষ্টা করিয়া থাকে। এজন্যই ভাগবত ৭ম স্কন্ধে প্রহ্লাদ মহারাজ "শ্রবণং কীর্তনং বিষ্ণোঃ" শ্লোকে শরণাগত ব্যক্তিকেই হরিকথা-শ্রবণ-কীর্তনের যথার্থ অধিকারী বলিয়া নিরূপণ করিয়াছেন।

কর্মজড় ব্যক্তিগণের ধারণা এই যে, হরিকথার দ্বারা কখনও জীবের উপকার হইতে পারে না, ইহা কেবল কথার কথা বা লোককে ভোলা দেওয়া মাত্র। সুতরাং হরি-কথাদির আলোচনা করাইয়া দরিদ্রের সেবা, দেশের সেবা, দশের সেবা, সমাজের উন্নতি, পীড়িতকে ঔষধ-প্রদান, ক্ষুধার্তকে অন্ন-প্রদান, চাকা, যন্ত্র প্রভৃতি শিল্পকার্যের শিক্ষা-প্রদান করাই বিশেষ কর্তব্য। কারণ, তাহাদের যুক্তি এই—আগে বাঁচিয়া না থাকিলে হরিকথা শুনিবে কে? রোগ-শোক-কাতর ব্যক্তির কর্ণে কি হরিকথা পৌঁছে?

জগতের শতকরা নিরানব্বই জনেরও বেশীসংখ্যক লোক এই সকল কথার আদর করিয়া থাকেন। সূক্ষ্মদৃষ্টিপরায়ণ হইয়া বিচার করিয়া দেখিলে দেখা যায়, এই সকল কথার মূলে অসীম অপরিতৃপ্ত ভোগাকাঙ্ক্ষা লোল-জিহ্বা ব্যতীত আর কিছু নাই। এরূপ দেশ-সেবা, দশ-সেবা, সমাজ হিতৈষিতার মূলে নিজ-নিজ সুবিধার চেষ্টা প্রচ্ছন্নভাবে লুকাইয়া রহিয়াছে। ঐসকল কার্যে যদি নিজ-সুখ না থাকিত, আমি যদি ঐ দেশের দশজনের মধ্যে একজন না থাকিতাম, তাহা হইলে সেই দেশের বা সমাজের ঐরূপ উন্নতির জন্য আমার চেষ্টা হইত না। গভীর নদীর জল শুকাইলে তারপর নদী পার হইব,—এ আশা বিফল; নদীও শুকাইবে না, পারও হওয়া যাইবে না। দেশের উন্নতি করিয়া, খাওয়া-দাওয়ার সংস্থান করিয়া পরে হরিকথায় মনোনিবেশ করিব,—এ বিচারও তদ্রূপ।

খাওয়া দাওয়ার যোগাড় করিলেই হরিকথা শুনিবার কাল হয় না, যদি তাহাই হইত, তবে সমস্ত ধনী বা অবস্থাশালী লোকই হরিকথা শুনিতেন। 'আগে উপসর্গগুলি কমাইয়া পরে মূল রোগ চিকিৎসা করা যাইবে, আগে গাছের পাতায় পাতায় জল সেচন করা যাউক, আগে বিবিধ অঙ্গ-প্রত্যঙ্গে আহার্যবস্তু প্রদান করা হউক'—ইহা বাতুলের প্রলাপমাত্র।

সুবিজ্ঞ চিকিৎসক সর্বপ্রথমে মূল রোগ অনুসন্ধান করিয়া চিকিৎসা করিয়া থাকেন, উত্তম মালী গাছের গোড়ায় জল সেচন করে, বুদ্ধিমান্ ব্যক্তি প্রাণেই আহার প্রদান করেন। এই জগৎটাই অভাব-অসুবিধার রাজ্য—বদ্ধজীবের জেলখানা; জেলখানায় আরাম, সুখ সুবিধা হাজার হাজার বৎসর চেষ্টা করিয়াও পাওয়া যাইবে না। যতদিন ভগবান্‌কে ভুলিয়া থাকিব, ততদিন এই অভাব-অসুবিধা থাকিবেই থাকিবে। কখনও সোনার খাঁচায় পরিবর্তন হইতে পারে, কিন্তু ভগবান্‌কে ভুলিয়া থাকা পর্যন্ত খাঁচা বা শৃঙ্খল দূর হইবে না। ভগবদ্বিমুখতা রাখিয়া দেশের উন্নতি, সমাজের উন্নতি প্রভৃতির চেষ্টা—কুকুরের লেজ সোজা করিবার মত বৃথা পরিশ্রম।

সারগ্রাহী বুদ্ধিমান্ ব্যক্তিগণ পূর্বোক্ত ফলত্যাগী নির্বিশেষবাদী—মায়াবাদী বা বিষয়ভোগীর ঐরূপ পণ্ডশ্রমের কার্যে দুর্লভ মনুষ্য-জীবন নষ্ট করেন না; তাঁহারা বলেন,—

যথেচ্ছ ভবান্ ভবতু ভগবান্
পূর্বকর্মানুরূপম্।
এতৎপ্রার্থ্যং মম বহুমতং জন্মজন্মান্তরেঽপি।
ত্বৎপাদাম্ভোরুহযুগগতা নিশ্চলা ভক্তিরস্তু॥

অর্থাৎ হে ভগবন্, পূর্বকর্মানুসারে আমার যাহা হয় হউক না কেন, আমার যেন তোমার পাদপদ্মে একান্ত রতি হয়।

হরিকথা-বিমুখ হইয়া বাঁচিয়া থাকিয়া কি লাভ? শ্রীমদ্ভাগবত বলেন—অশ্বত্থ-বৃক্ষাদি কি মানুষের অপেক্ষা অধিক দিন বাঁচিয়া থাকে না? কামারশালের ভস্ত্রা কি মানুষের চেয়েও অধিক শ্বাস-প্রশ্বাস-গ্রহণাদি করে না? গ্রাম্য শূকরগুলি কি মানবের চেয়েও অধিকবার খাদ্যাদিগ্রহণ ও স্ত্রীসঙ্গাদি ইন্দ্রিয়তর্পণ করে না? ভগবদ্ভজনকারীর সামান্য খাওয়া-দাওয়ার অভাব ত' দূরের কথা, ইন্দ্রাদিপদ, সার্বভৌমত্ব, ধর্ম, অর্থ, কাম ও পঞ্চবিধ মুক্তি ভক্তের শ্রীচরণে বিলুণ্ঠিত হইবার জন্য—ভক্তের সেবার জন্য সর্বদা প্রতীক্ষা করিতে থাকে।

শ্রীগীতোপনিষদে শ্রীভগবান্ স্বয় বলিয়াছেন—

অনন্যাশ্চিন্তয়ন্তো মাং যে জনাঃ
পর্যুপাসতে।
তেষাং নিত্যাভিযুক্তানাং যোগক্ষেমং
বহাম্যহম্॥

ভগবান্ নিজে ভক্তের যাবতীয় বোঝা বহন করিতে পর্যন্ত স্বীকৃত। আমরা এতদূর নাস্তিক যে, বেদবাণীতে পর্যন্ত আমাদের বিশ্বাস নাই। যে পর্যন্ত আমাদের হরিকথায় শ্রদ্ধা না হইবে, ততদিন আমাদের ধর্ম, কর্ম বৃথা পরিশ্রম মাত্র।

ধর্মঃ স্বনুষ্ঠিতঃ পুংসাং বিষ্বক্‌সেনকথাসু যঃ।
নোৎপাদয়েদ্ যদি রতিং শ্রম এব হি
কেবলম্॥
(ভাঃ ১।২।৮)

একমাত্র হরিকথায় রতি হইলে জীবের যাবতীয় অনর্থ-বীজ উৎপাটিত হয় এবং শ্রীভগবান্ জীবের হৃদয়ে প্রবিষ্ট হইয়া যাবতীয় কামাদি বাসনা বিনষ্ট করেন—

শৃণ্বতাং স্বকথাঃ কৃষ্ণঃ পুণ্যশ্রবণকীর্তনঃ।
হৃদ্যন্তঃস্থো হ্যভদ্রাণি বিধুনোতি সুহৃৎ
সতাম্॥
(ভাঃ ১।২।১৭)

হরিকথা মুমূর্ষু ব্যক্তিরও মৃতসঞ্জীবনী। একমাত্র হরিকথা-শ্রবণ-কীর্তনাদি দ্বারাই জীবের ঐকান্তিক মঙ্গল সাধিত হয়। যোগ, যাগ, ধ্যান প্রভৃতির দ্বারা জীবের নিত্য-কল্যাণ হইতে পারে না; কারণ, ঐসকল আত্মার স্বরূপধর্ম নহে। মহারাজ পরীক্ষিৎ তাহার প্রকৃষ্ট উদাহরণ। পরীক্ষিৎ মহারাজ নানাযুক্তি নানাধর্মাদি পরিত্যাগ করিয়া শ্রীশুকদেব গোস্বামীর শ্রীমুখে হরিকথা-শ্রবণ-পূর্বক মুমূর্ষু অবস্থায়ও নিত্যমঙ্গল লাভ করিয়াছিলেন। মহারাজ পরীক্ষিৎ হরিকথা শ্রবণ করিতে করিতে শ্রীশুকদেব গোস্বামী প্রভুকে বলিয়াছিলেন,—

নৈষাতিদুঃসহা ক্ষুন্মাং ত্যক্তোদমপি
বাধতে।
পিবন্তং ত্বন্মুখাম্ভোজচ্যুতং হরিকথামৃতম্॥
(ভাঃ ১০।১।১৩)

অর্থাৎ হে ব্রহ্মন্, যদিও আমি প্রায়োপবেশনার্থ উদক পর্যন্ত পরিত্যাগ করিয়াছি, কিন্তু আপনার মুখপদ্ম-বিনিঃসৃত হরিকথামৃত পান করাতে এই দুঃসহ ক্ষুধা আমাকে কিঞ্চিন্মাত্রও ক্লেশ দিতে সমর্থ হইতেছে না।

বিষ্ণুপাদোদ্ভূতা গঙ্গা অথবা শ্রীবিষ্ণু-চরণোদক যেরূপ ঊর্ধ্ব, মধ্য এবং অধোলোক-সমূহকে (ত্রিভুবনকে) পবিত্র করিয়া থাকেন, তদ্রূপ বাসুদেব-চরিত্রবিষয়ক প্রশ্ন বক্তা, প্রশ্নকর্তা ও শ্রোতা—এই ত্রিবিধ ব্যক্তিকেই পবিত্র করেন, ইহাতে কোন সন্দেহ নাই। যথা—

বাসুদেবকথাপ্রশ্নঃ পুরুষাংস্ত্রীন্ পুনাতি হি।
বক্তারং প্রচ্ছকং শ্রোতৄংস্তৎপাদসলিলং
যথা॥
(ভাঃ ১০।১।১৬)

সূর্য প্রতিদিন সকল লোকেরই আয়ুঃ হরণ করিতেছেন; কিন্তু যাঁহারা হরিকথায় কালযাপন করেন, তাঁহাদেরই আয়ুঃ বৃথা নষ্ট হয় না, অমর হইয়া থাকে—

আয়ুর্হরতি বৈ পুংসামুদ্যন্নস্তঞ্চ যন্নসৌ।
তস্যর্তে যৎক্ষণো নীত উত্তমশ্লোকবার্তয়া॥
(ভাঃ ২।৩।১৭)

হরিকথা মুক্ত, মুমুক্ষু ও বিষয়ী—সকলেরই আস্বাদনীয় বস্তু, ইহা একমাত্র ভবৌষধি। যিনি এই হরিকথা হইতে বিরত হন, তিনি আত্মঘাতী বা পশুঘাতী—

নিবৃত্ততর্ষৈরুপগীয়মানাদ্-
ভবৌষধাচ্ছ্রোত্রমনোঽভিরামাৎ।
ক উত্তমশ্লোকগুণানুবাদাৎ
পুমান্ বিরজ্যেত বিনা পশুঘ্নাৎ॥
(ভাঃ ১০।১।৪)

শুদ্ধভক্তি-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠ প্রধান

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীমন্মহাপ্রভুর ভবনে শ্রীচৈতন্যমঠ, পরবিদ্যা-পীঠ, শ্রীশ্রীগান্ধর্ব্বা-গোবিন্দ-সেবা, আচার্য্য চতুষ্টয় বিগ্রহ আছেন। ভগবদ্দীন প্রভু-বাক্তিগণের 'নদীয়া'-প্রকাশ'-প্রকাশালয় আছে।

(২) শ্রীগৌড়ীয় মঠ

১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৫
কলিকাতায় শ্রীভক্তিবিনোদ-আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠ পাঠ, সংকীর্ত্তন, প্রভুপাদগণের বেদান্ত-শ্রীমদ্ভাগবতাদি গ্রন্থের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও হারমণিষ্ট পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়।

(৩) যোগপীঠ মায়াপুর-পীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব ভূমি মহাযোগপীঠ।

(৪) শ্রীবাস-অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৫) অদ্বৈত ভবন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং [illegible] বর্ত্তমান।

(৬) মুরারিগুপ্তের পাট
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৭) কাজি-সমাধি-পাট
সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি।

(৮) অন্তর্দ্বীপ [illegible]
শ্রীধাম মায়াপুর

(৯) স্বানন্দ-সুখদ-কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান।

(১০) গৌর-গদাধর-মঠ
চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ জাহাননগর (বর্দ্ধমান)

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ
মাউগাছি, পোঃ ভালুকা, (বর্দ্ধমান)
শ্রীব্যাসাবতার ঠাকুর বৃন্দাবনের স্থান

(১৩) ঋতুদ্বীপ-গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(১৪) জহ্নুদ্বীপ-গৌড়ীয়মঠাশ্রম

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ
গৌরপুর, নদীয়া

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ
মাজিদা -(শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৭) কুলিয়া কুটীর
পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

(১৮) ভাগবত-আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৯) একায়নমঠ
গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

(২০) মহেশ-পণ্ডিতের পাট
কাঠালপুলি, পোঃ চাকদা (নদীয়া)

(২১) রাণাঘাট গৌড়ীয়মঠাশ্রম

(২২) পুরী গৌড়ীয়মঠ
চব্বিশ পরগণা

(২৩) মদনগোপালমঠ
নারিন্দা পোঃ ওয়ারি, ঢাকা।
পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র।

(২৪) গোপালজীমঠ
কমলাপুর, পোঃ ঢাকা

(২৫) নিতাই-গৌরাঙ্গ মঠ
পোঃ গদিয়াটি, (ঢাকা)

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ
বড়বাজার, পোঃ ময়মনসিংহ

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া (আসাম)

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ
পোঃ চকচকা, কামরূপ (আসাম)

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
৩নং পাগলা বিল্ডিং, দার্জ্জিলিং

(৩০) নারায়ণ-গৌড়ীয়মঠ
পোঃ নরিয়াও, জেঃ নারায়ণপুর, ইউ, পি

(৩১) পাটনা গৌড়ীয়মঠ
মিঠাপুর (পাটনা)

(৩২) গয়া গৌড়ীয়মঠ
মণলা রোড, গয়া

(৩৩) সনাতন-গৌড়ীয় মঠ
৮।১৭ বড় গম্ভীরসিং, বেনারস সিটি

(৩৪) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

(৩৫) পরমহংস মঠ,
পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠাশ্রম
বিশ্রামঘাট, পোঃ মথুরা

(৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,
পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ
কিশোরপুর, বৃন্দাবন

(৩৯) শ্রীশ্রীরাধাকুণ্ড-কুঞ্জ
পোঃ রাধাকুণ্ড, মথুরা

(৪০) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪১) রাধাকুণ্ড গোষ্ঠবাটী

(৪২) শ্রীগোবর্দ্ধনমঠালয়
গোবর্দ্ধন, মথুরা

(৪৩) নন্দোত্ত বিহারী মঠ
নন্দগ্রাম, মথুরা।

(৪৪) বর্ষাণা গৌড়ীয়মঠালয়
পোঃ বর্ষাণা, মথুরা

(৪৫) কাম্যবন গৌড়ীয়মঠালয়
পোঃ কাম্যবন, মথুরা

(৪৬) গোষ্ঠবিহারী মঠ—দেবলালী,
পোঃ কোজোল, জেলা গুরগাঁও (পাঞ্জাব)

(৪৭) ব্যাসগৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

(৪৮) দিল্লী গৌড়ীয় মঠ
৪৫নং [illegible] রোড, নিউ দিল্লী

(৪৯) বোম্বে গৌড়ীয়মঠ
গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, [illegible]
বম্বে ৭

(৫০) মাদ্রাজ-গৌড়ীয়মঠ
পোঃ রায়পেটা, মাদ্রাজ
শ্রীশ্রীগুরুগৌরাঙ্গ-[illegible]-বিগ্রহের সেবা

(৫১) [illegible]-গৌড়ীয়মঠ
পোঃ কভুর, জেলা গোদাবরী [illegible]
শ্রীশ্রীগুরুগৌরাঙ্গ-[illegible]-বিগ্রহের সেবা

(৫২) ব্রহ্মগৌড়ীয়মঠ
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)

(৫৩) পুরুষোত্তম মঠ
চটকপর্বত, পোঃ পুরী, উড়িষ্যা

(৫৪) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৫) শ্রীসত্যকুটী

(৫৬) [illegible]-গৌড়ীয়মঠ
পোঃ [illegible], পুরী

(৫৭) সচ্চিদানন্দ মঠ
[illegible], পোঃ কটক (উড়িষ্যা)

(৫৮) বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ

(৫৯) শ্রীব্রহ্মবাসগৌড়ীয়-প্রপন্ন-মঠ
পোঃ [illegible], মাদ্রাজ

(৬০) [illegible]-মঠ
চিকনিয়া, পোঃ নারায়ণপুর, মেদিনীপুর

(৬১) আমাবি গৌড়ীয়মঠ
পোঃ আমাবি, মেদিনীপুর

(৬২) আমলাযোড়া প্রপন্নাশ্রম মঠ
পোঃ রাণীগঞ্জ (বর্দ্ধমান)

(৬৩) চৈতন্যগৌড়ীয়মঠ
কুসুমকুড়া, পোঃ [illegible], (বাঁকুড়া)

(৬৪) রেঙ্গুণ গৌড়ীয়মঠ
৩০১ নং [illegible] ষ্ট্রীট, রেঙ্গুণ।

(৬৫) লণ্ডন গৌড়ীয়মঠ
ফ্ল্যাট নং ২
৫১, [illegible] রোড
[illegible], লণ্ডন, [illegible]

(৬৬) গৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্
১৬।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা

(৬৭) গৌড়ীয়মঠ অফিস
[illegible] রোড, [illegible] (ইউ-পি)

(৬৮) শ্রীবিজয়ানিধি গৌড়ীয়মঠালয়
[illegible], চট্টগ্রাম

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীমহানন্দ ব্রহ্মচারী ভক্ত্যালোক, ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও দ্বিতীয় দিনের জন্য	পরবর্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও ২য় দিনের জন্য	পরবর্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	।০	৶০	।৵০	।০
" " ইঞ্চি	২৲		১।০	১৲
" সিকিকলম	৫৲	৪৲		৩৲
" অর্দ্ধকলম	৮৲	৭৲	৭৲	৫৲
" এক কলম	১৫৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিবারে প্রতি ইঞ্চি	৩৲	২।০
" সিকি কলম	১৫৲	১২৲
" অর্দ্ধকলম	২৫৲	১৮৲
" এক কলম	৩৫৲	৩০৲

চাঁদার হার

সাংবৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৸০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা এক পয়সা, বিশেষ সংখ্যার মূল্য ভিন্ন হইবে।

ধাম-মায়াপুরে

—"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট"—

শ্রীধাম শ্রীচৈতন্য বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে; বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক খোলা। অধ্যাপকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে স্বতন্ত্র বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খোরাক ও সেবকবাবদ প্রতি মাসে মাত্র ৬৲ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন্ পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। বর্ত্তমান বর্ষে ১৬ জন বালকের মধ্যে ১৫ জন ভালভাবে উত্তীর্ণ হইয়াছে।

মেধাবী ছাত্রগণের আরও সুবিধা

পরীক্ষায় যাহারা শতে শতকরা ৭৫ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ সচ্চরিত্র মেধাবী ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক-সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতিসুন্দরভাবে আলোচিত হইয়াছে। এই এক অপূর্ব্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

চৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত অতিসুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত ইহার ভিক্ষা মাত্র ৩৲ টাকা। প্রাপ্তিস্থান শ্রীযুক্ত নন্দকিশোর ভক্তিশাস্ত্রী, শ্রীযোগপীঠ, শ্রীধাম, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

ন প্রভুপাদের প্রবন্ধাবলী

শ্রীল প্রভুপাদের চতুঃষষ্টিতম শুভাবির্ভাব-তিথিতে শ্রীল আচার্য্যদেবের অভিপ্রায়ে "শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী" প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। ইহাতে পূর্ব্বার্দ্ধ ও উত্তরার্দ্ধ দুইটি বিভাগ আছে। পূর্ব্বার্দ্ধে শ্রীল প্রভুপাদের আদি-প্রবন্ধাবলী শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের সম্পাদিত 'সজ্জনতোষণী,' শ্রীল প্রভুপাদের 'নিবেদন' সাপ্তাহিক পত্র প্রভৃতি হইতে যথাসাধ্য ও প্রয়োজনীয় অর্থের টিকা-সহ প্রকাশিত হইয়াছে। উত্তরার্দ্ধে শ্রীল প্রভুপাদের সম্পাদিত 'সজ্জনতোষণী'র কতিপয় প্রবন্ধ যথাসাধ্য প্রকৃত্তর সহিত মুদ্রিত হইয়াছে। প্রবন্ধগুলি রচনাকালের ক্রমানুসারে গ্রথিত হইয়াছে; এতদ্ব্যতীত শ্রীল আচার্য্যদেবের একটি মূল্যবান্ উপোদ্ঘাত ও সঙ্কলনকারীর একটি বিস্তৃত ভূমিকা, শব্দ সূচী, শ্লোক-পাদ-সূচী ও পয়ার-সূচী প্রভৃতি গ্রন্থে সংযোজিত হইয়াছে। গ্রন্থটি উৎকৃষ্ট কাগজে পরিপাটীরূপে মুদ্রিত ও শ্রীল প্রভুপাদের আলেখ্যাদিদ্বারা ভূষিত ও সুন্দর বাঁধাই হইয়া প্রকাশিত হইয়াছে। প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, জিলা নদীয়া; শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ও শ্রীমাধ্বগৌড়ীয়মঠ, বাঙ্গলা, পোঃ ওয়ারী, ঢাকা।

ন প্রভুপাদের পদ্যপ্রসূন মালা

এই গ্রন্থে ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তি- সিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের রচিত পদ্যাবলী শ্রীল আচার্য্যদেবের বিরচিত "গৌরব" নামক কাব্যের সহিত প্রকাশিত হইয়াছে। শ্রীল প্রভুপাদের অনেক অপ্রকাশিত পদ্য ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ।০ চারি আনা।

শ্রীশ্রীসরস্বতী-সংলাপ

প্রথম খণ্ড

শ্রীশ্রীমন্মাধ্ব গৌড়ীয়সম্প্রদায়ৈকসংরক্ষক জগদ্গুরু পরমহংসকুলচূড়ামণি নিত্যলীলা-প্রবিষ্ট ১০৮শ্রী শ্রীমদ্ ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামি-প্রভুপাদ বিশেষ জিজ্ঞাসু ও মুমুক্ষু সজ্জনগণের পরিপ্রশ্নোত্তরে ও সংশয়-নিরাকরণকল্পে যে সকল সুসিদ্ধান্তপূর্ণ বাণী কীর্ত্তন করিয়াছেন, যাহা তাঁহার প্রকটকালেই 'গৌড়ীয়' সম্পাদক প্রবর সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ প্রভুপাদেরই শ্রীমুখে সংশোধিত করাইয়া রাখিয়াছিলেন এবং যাহার অনেকাংশ গৌড়ীয়পত্রে প্রকাশিত হইয়াছে, তাহা "শ্রীশ্রীসরস্বতী-সংলাপ" নামে সংগৃহীত হইয়া শ্রীল প্রভুপাদের 'প্রবন্ধাবলী' ও 'পত্রাবলী' আকারে খণ্ডে খণ্ডে প্রকাশিত হইতেছে। বর্ত্তমানে শ্রীল প্রভুপাদের প্রথমবার্ষিক বিরহোৎসব-বাসরে উক্ত গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। মানবজীবনের বহু অমীমাংসিত সমস্যা ও কঠিন প্রশ্নের সমাধান ইহাতে পাওয়া যাইবে। ভক্তগণের পাঠমাত্রেই এই গ্রন্থ সংগ্রহ একান্ত প্রয়োজন।

"শ্রীকৃষ্ণচৈতন্য

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্শা কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপদেশক পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিশাস্ত্রী ভক্তিসাগর সম্প্রদায়-বৈভবাচার্য এম-এ মহোদয়ের প্রৌঢ়গবেষণা এবং পরিপক্ক লেখনীর অদ্ভুত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত্র-পাঠে বহু কঠিন। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ বাঁধাই ও বিভিন্ন চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় দার্শনিক মতবাদের সহিত তুলনা-মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডটি ৩৩শ অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্তার ভূমিকাদ্বয় (Prefaces), বিষয় তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সংক্ষিপ্ত অভিধান ও সূচীপত্র (Index Glossary) সহ গ্রন্থখানি প্রকাশিত। ভিক্ষা—১৫, পনর টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, রায়পেটা মাদ্রাজ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

'ঠাকুর ভক্তিবিনোদ'

———:::(০):::———

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি-প্রচারের মূল মহাজন সাম্প্রতিক শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অভিনব্য জীবনচরিত এতাবৎকাল সম্যক্ আকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু এতদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয়মঠাচার্য্যবরের শুভেচ্ছায় সর্ব্ববিদ্যাশাস্ত্রবিত্ সু-লেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হওয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু মূল্যবান শিক্ষাবলীও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১২৫ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৮০ আনা; ডাক মাশুল স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান—ম্যানেজার গ্রন্থবিভাগ

শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার,
কলিকাতা

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

-:(০)-——

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু গ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১৩।১নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস

উহা কটক নগরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের



ম্যালেরিয়া-প্লীহা জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু, পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই উহার ক্রমবৃদ্ধি জয় ঘোষিত। দিবার মাত্রা সংযুক্ত কাগজ এবং নূতন ও পুরাতন ব্যবে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। মূল্য ছোট বোতল ৷৶০ দশ আনা, বড় বোতল ১৶০ আঠার আনা। প্যাকিং খরচ স্বতন্ত্র।

১১০।১ উল্টাডিঙ্গি রোড, কলিকাতা
অথবা
পোঃ বেহালা, ২৪ পরগণা

ই. বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্টাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	৪-৩৬	৬-০৬	৭-২৬	১২-২১	১৪-৫৬	১৬-৫৬	১৭-৫৬	২২-২৬
রাণাঘাট পৌঃ			৮-৪০	১৪-১৫				
(বদল) ছাঃ			৯-০১	১৪-৫০				
কৃষ্ণনগর পৌঃ	৭-১	৮-৪৪	১০-৮	১৫-২৩	১৭-২৮	১৯-১১	২০-১৬	১-১৫
(বদল) ছাঃ	৭-১২		১০-৩১		১৭-৩৮		২০-২৬	
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫১		১১-১০		১৮-১৬		২০-৫৬	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
রাণাঘাট পৌঃ	১২-৫৫
ছাঃ	১৩-০
শান্তিপুর পৌঃ	১৩-২৬
(বদল) ছাঃ	১৩-৩১ (লাইট রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪-২
ছাঃ	১৪-২০
নবদ্বীপঘাট পৌঃ	১৫-০

ডাউন

নবদ্বীপঘাট ছাঃ	৫ ৫৫		৯ ২৫		১৩-৩১	১৬-০	১৮-৩১	
কৃষ্ণনগর পৌঃ	৬ ২৩	৯-১৬	১০-৩	১১-৪১	১৪-১০	১৬-৩৮	১৯-১১	
ছাঃ	৬-২৬	৭-১৮	১০-১১			১৬ ৫৬	১৯-২৫	
রাণাঘাট পৌঃ			১০-৫৬			১৭-৩১		
(বদল) ছাঃ			১১ ০			১৭-৪০		
কলিকাতা পৌঃ	৮-১৬	৯-২১	১২-১	১২-১৬	১৪-১৬	১৯-১১	২১-৪১	২০-৯

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৩-৩১	১৬-০	
কৃষ্ণনগর পৌঃ	১৪-১০	১৬-৩৮	
ছাঃ	১৫-২৮	১৭-১৫	
শান্তিপুর পৌঃ	১৬-৯	১৭-৫৬	
(বদল) ছাঃ	১৬-৩০	১৮-১ (শনিবার ভিন্ন)	১৮-৮ (শনিবার)
রাণাঘাট পৌঃ	১৭-১০	১৮-২৭	১৮-৩৩
(বদল) ছাঃ	১৭-৪৪	১৮-৪০	১৮-৪০
কলিকাতা পৌঃ	১৯-১৯	২০-৮	২০-৮

ফোন-- মায়াপুর
টেলিগ্রাম--শ্রীমা
শ্রীমায়াপুর

দৈনিক নদীয়াপ্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৪শ খণ্ড। শ্রীমায়াপুর— ১৪ই বৈশাখ, ১৩৪৬, ২৮শে এপ্রিল ১৯৩৯ শুক্রবার। ৫০শ সংখ্যা

বিবিধ সংবাদ

ইতালি ও জার্মানের ভাগাভাগি

যুগোশ্লাভিয়ার সংখ্যালঘু ক্রোট জাতির নেতা ডাঃ মাটচেক মনে করেন, হিটলার ও মুসোলিনী যুগোশ্লাভিয়াকে তাহাদের প্রভাবাধীন দুইটি অংশে বিভক্ত করিবার মতলব করিয়াছেন।

"ডেলী এক্সপ্রেস" পত্রিকার সংবাদদাতার নিকট ডাঃ মাটচেক বলেন, "আমার বিশ্বাস, জার্মানী বেলগ্রেড ও দক্ষিণ পূর্ব্ব অঞ্চলকে তাহার আয়ত্তে আনিতে চায়। আমি একটি মানচিত্র দেখিয়াছি, যাহাতে বেলগ্রেডের মধ্য দিয়া সালোনিকা পর্য্যন্ত বিরাট জার্মান রাজ্য ও রেলপথ বিস্তারিতভাবে অঙ্কন করা হইয়াছে। সালোনিকা বন্দরকে জার্মানরা তাহাদের প্রধান ভূমধ্যসাগরীয় পোতাশ্রয়ে পরিণত করিতে চাহে।

"যুগোশ্লাভিয়ার আড্রিয়াটিক উপকূল এবং ক্রোশিয়া ইটালীকে ছাড়িয়া দেওয়া হইবে। আর ক্রোশিয়াতে মুসোলিনীর প্রভাব হিটলার ক্ষুণ্ণ করিবেন না।"

যুগোশ্লাভিয়াকে ভাগ করিয়া যে এই প্ল্যান কার্য্যে পরিণত করা হইবে তাহা নয়। ডাঃ মাটচেক মনে করেন, জার্মানী ও ইটালী রাষ্ট্রনৈতিক চাপ দিয়া তাহাদের মতলব হাসিলের চেষ্টা করিবেন, যুগোশ্লাভিয়ার স্বাধীনতাকে নামমাত্র অক্ষুণ্ণ রাখিবেন।

হিটলার ও মুসোলিনী যুগোশ্লাভিয়া বিচ্ছিন্ন করিবার জন্য একটি পাকা কৌশল অবলম্বন [illegible]। চেকো-শ্লোভাকিয়ার ক্ষেত্রে তাঁহারা যেমন শ্লোভাকগণকে চেকদের সহিত সংযোগ ছিন্ন করিতে উৎসাহিত করিয়াছিলেন, তেমনি যুগোশ্লাভিয়া রাষ্ট্রান্তর্গত ৬০ লক্ষ ক্রোটকে তাঁহারা সার্ব্বদের সহিত সম্পর্কচ্ছেদের প্ররোচনা দিতে পারেন।

গত দুই সপ্তাহের মধ্যে ক্রোশিয়া এবং শ্লোভেনিয়া প্রদেশে বহু জার্মান-চর প্রবেশ করিয়াছে।

ডাঃ মাটচেক বলেন যে, তাঁহার নিকট কোন জার্মান বা ইটালীর সাহায্য প্রস্তাব লইয়া আসে নাই। যাহাতে ক্রোটরা স্বায়ত্তশাসন পাইয়া যুগোশ্লাভিয়ার মধ্যে সন্তুষ্টচিত্তে বাস করিতে পারে, সে জন্য তিনি যুগোশ্লাভ গবর্ণমেণ্টের সহিত আলাপ আলোচনা চালাইতেছেন।

নিখিল ভারত মজলিস-ই আহরার

২১জন সদস্য লইয়া নিখিল ভারত মজলিস-ই আহরার [illegible] নির্ব্বাহক সমিতি গঠিত হইয়াছে।

নিম্নোক্ত ব্যক্তিগণ কর্মকর্ত্তা নির্ব্বাচিত হইয়াছেন—সভাপতি—মৌলানা হাবিবুর রহমান, সহঃ-সভাপতিগণ—[illegible] এবং মৌলানা [illegible]। জেনারেল সেক্রেটারী—মৌলানা মাজহার আলী আজহার, [illegible] সেক্রেটারী মৌলানা [illegible], কোষাধ্যক্ষ—[illegible]।

সহযোগিতার প্রতিশ্রুতি

কাউণ্ট সিয়ানো ও যুগোশ্লাভিয়ার পররাষ্ট্র সচিব মঃ মার্কোভিচের মধ্যে আলোচনা শেষ হইবার পর একটি ইস্তাহার প্রকাশ করিয়া বলা হয় যে, বর্ত্তমান আন্তর্জ্জাতিক পরিস্থিতি চিন্তা করিয়া উভয় রাষ্ট্রের স্বার্থ ও [illegible] সম্পর্কিত ঘটনাবলীর বিষয় আলোচনা হয়। ইস্তাহারে বলা হয় যে, কাউণ্ট সিয়ানো এবং মঃ মার্কোভিচের মধ্যে বন্ধুত্বপূর্ণ আলোচনা চলিয়াছিল। ফলে উভয় রাষ্ট্র পারস্পরিক সহযোগিতার দৃঢ় [illegible] রাষ্ট্রসমূহের শান্তি ও নিরাপত্তা [illegible] ক্ষেত্রে যুগোশ্লাভিয়া ও ইটালীর মধ্যে পারস্পরিক সহযোগিতা প্রতিষ্ঠা করিতে প্রতিশ্রুত হইয়াছে। [illegible] বিষয় বিবেচনা করিয়া উভয় রাষ্ট্রের সচিব এই মত প্রকাশ করেন যে, [illegible] হইয়াছে যাহার ফলে [illegible] ও [illegible] একটি আপোষ-আলোচনার পথ উন্মুক্ত হইয়াছে। মঃ মার্কোভিচ জার্মান কর্তৃপক্ষের আমন্ত্রণ ক্রমে ২৬শে এপ্রিল বার্লিন যাত্রা করিবেন।

স্পেনে বিদেশী সৈন্য অবস্থান

একটি সরকারী বিবৃতিতে বলা হইয়াছে, "বিদেশী সৈন্যগণের স্পেনে অবস্থান সম্পর্কে যে সংবাদ প্রকাশিত হইয়াছে তাহা নিছক মিথ্যা এবং জিব্রাল্টার ও ট্যাঞ্জিয়ার সম্বন্ধে যে সংবাদ প্রচারিত হইয়াছে তাহাও [illegible]।" বিবৃতিতে আরও বলা হইয়াছে যে, স্পেন এখন সংশ্লিষ্ট [illegible] অভিযোগ করিতে সক্ষম।

ভারতীয় সরকারী রেলপথের আয়

গত ১০ই এপ্রিলের পূর্ব্ববর্ত্তী দশ দিনে ভারতবর্ষের সমস্ত সরকারী রেলপথ হইতে মোট ৮৮ কোটি সত্তর লক্ষ টাকা আয় হইয়াছে।

পূর্ব্ববর্ত্তী বৎসরের ঠিক এই সময়েই যে আয় হইয়াছিল, তাহা হইতে এবার এই সময়ে ছয় লক্ষ টাকা কম আয় হইয়াছে।

টাটা ষ্টীল কোম্পানীর শ্রমিক বিরোধ

জানা গিয়াছে যে, টাটা ষ্টীল কোম্পানীর শ্রমিক বিরোধ নিষ্পত্তির জন্য যে সালিশী বোর্ড হইয়াছে, সেই বোর্ডে পণ্ডিত জওহরলাল নেহরু থাকিতে রাজী হইয়াছেন। মে মাসের দ্বিতীয় সপ্তাহে কমিটির অধিবেশন হইবে আশা করা হইতেছে।

ঢাকা বিশ্ববিদ্যালয় সম্পর্কে আলোচনা

প্রকাশ, কলিকাতার বণিক সমিতি ঢাকা বিশ্ববিদ্যালয় [illegible] সম্বন্ধে আলোচনা করিতে সম্মত হইয়াছে। অর্থাৎ বিষয়ে কলিকাতা বিশ্ববিদ্যালয় সংবাদ সরবরাহ ও নিয়োগ-বিভাগের সহিত যেরূপ ভাবে আলোচনা করা হয়, সেইরূপ ভাবে আলোচনা করিতে

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী মহারাজ সম্পাদিত ইংরেজী পাক্ষিক। প্রতি একাদশীতে প্রকাশিত হয়। কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। সডাক ভিক্ষা ৩।০ টাকা মাত্র।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১।০ টাকা মাত্র।

৩। ভাগবত—হিন্দিভাষায় একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহোপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ টাকা মাত্র

৫। শ্রীগৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ মাত্র।

পরমগুরু শ্রীগৌরকিশোর

গৌড়ীয়-সম্পাদক-শিরোমণি, শ্রীগৌড়ীয়মঠাচার্য্যের কৃপাপাত্র, বহু গ্রন্থ প্রণেতা পণ্ডিত শ্রীযুক্ত সুন্দরানন্দ "পরমগুরু শ্রীগৌরকিশোর" গ্রন্থ প্রকাশিত করিয়াছেন। এই গ্রন্থে শুদ্ধগৌড়ীয়বৈষ্ণবগণের পরমারাধ্য, গৌড়ীয়গণের যথার্থ অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ নিত্যলীলাপ্রবিষ্ট পরমহংস ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল গৌরকিশোরদাস গোস্বামী প্রভুবরের অত্যদ্ভুত চরিতকথা বর্ণিত আছে।

শ্রীশ্রীভক্তিবিনোদাবির্ভাব-শতবর্ষপূর্ত্তিতিথিপূজার উপায়ন-গ্রন্থমালা

——:::(০):::——

১। গীতিসাহিত্যে শ্রীভক্তিবিনোদ

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র গীতিসাহিত্যের সমালোচনা-গ্রন্থ)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

২। শ্রীভক্তিবিনোদবাণীবৈভব

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের রচনারত্নাকর হইতে আহৃত ১০৮টি অধ্যায়ে সম্বন্ধ-অভিধেয়-প্রয়োজনাকারে গুম্ফিত অমূল্য উপদেশপূর্ণ গ্রন্থ)

ভিক্ষা—৩৲ তিন টাকা মাত্র।

৩। শ্রীশ্রীভক্তিবিনোদ-প্রসঙ্গ

ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ ও ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী প্রভু-বর্ণিত এবং গৌড়ীয়ে প্রকাশিত শ্রীশ্রীভক্তিবিনোদ চরিত প্রসঙ্গ

ভিক্ষা—৷৵০ ছয় আনা মাত্র।

৪। ছাত্রদের ভক্তিবিনোদ

(ছাত্রদের উপযোগী ভাষায় লিখিত শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্র ও শিক্ষা)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

ছাত্রদের পক্ষে ভিক্ষা—৷০ আট আনা মাত্র)

প্রাপ্তিস্থান :—

(১) 'ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট্', পোঃ শ্রীমায়াপুর, নদীয়া;

২) শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা;

৩ শ্রীযুক্ত সুন্দরানন্দ দাস এম্-এ, বি-এল্, পুরুষোত্তম পোঃ [illegible], ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবত,—সমগ্র ৪০৲
প্রথম হইতে নবম স্কন্ধ পর্য্যন্ত — ২৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। অনুভাষ্য সহিত শ্রীচৈতন্যভাগবত (বাঁধা) ৬৲
৩। অমৃতপ্রবাহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬
৪। সরস্বতী জয়শ্রী (বাঁধা) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০
৪র্থ খণ্ড ৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার দীপিকা ও সংস্কার দীপিকা ১।০
৯। বৈষ্ণবধর্ম্ম ৯৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ৯৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীমহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ।০
১৫। বৈষ্ণবসিদ্ধান্তমালা ১ম খণ্ড ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। শ্রীচৈতন্যোপনিষদ্ ।০
১৮। [illegible] ।০
১৯। তত্ত্ববিবেক
২০। গৌড়ীয়-গৌরব
২১। গৌড়ীয়[illegible]
২২। ভজন রহস্য
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃত ও শ্রীনবদ্বীপশতক (বাঁধা) ১৲
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা, মূল)
২৫। গীতা (চক্রবর্ত্তি টীকাসহ) (বাঁধা)
২৬। গীতার কেবল মূল [illegible]
২৭। [illegible]
২৮। বেদান্তদর্শন (সংস্কৃত) ।০
২৯। শোকশাতন (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৸০
৩০। [illegible] ৶
৩১। সাধনপথ (তৃতীয় সংস্করণ) ।৵০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ॥০
৩৩। নবদ্বীপধাম গ্রন্থমালা ৸
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶
৩৫। গীতমালা ৵১
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৶
৩৭। [illegible] ৶
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।
৩৯। শ্রীগোদ্রুম[illegible] ।০
৪০। শরণাগতি ৴০
৪১। গীতাবলী
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
৪৩। সাধনকল্প
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা
৪৫। নবদ্বীপশতক
৪৬। অর্চ্চনপদ্ধতি
৪৭। সদাচারস্মৃতি ০৴
৪৮। কল্যাণকল্পতরু (পকেট সংস্করণ) ৴১০
৪৯। [illegible] ৴১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম ও ২য়) ৬৲
৫১। ব্রহ্মসংহিতা ।০
৫২। মণিমঞ্জরী (সাহিত্য) ।০
৫৩। গৌরকৃষ্ণোদয় ৸০
৫৪। পুরুষার্থ-বিনির্ণয় ।০
৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ।০
৫৬। [illegible] ৶০
৫৭। [illegible] ।০
৫৮। [illegible] ৶০
৫৯। সিদ্ধান্তদর্পণ ৶০
৬০। [illegible] ৴০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।০
৬২। [illegible] ।০
৬৩। সটীক-[illegible]
৬৪। তত্ত্বসূত্রম্
৬৫। [illegible] ৶০
৬৬। গৌড়ীয়[illegible] ৴০
৬৭। [illegible] ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ॥০
৬৯। [illegible]
৭০। [illegible]
৭১। [illegible] ।০
৭২। [illegible] ৷৵০
৭৩। [illegible] শ্রীচৈতন্য মহাপ্রভু
৭৪। [illegible]
৭৫। [illegible] ৴০
৭৬। দি ভাগবত ।০
৭৭। [illegible]
৭৮। ব্রহ্মসংহিতা ১।০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (প্রথম খণ্ড) ১৫

উড়িয়া ভাষায় প্রকাশিত

৮০। শ্রী[illegible]
৮১। নাম[illegible]
৮২। কল্যাণ-কল্পতরু
৮৩। গীতাবলী
৮৪। শরণাগতি

আসামী ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ৬৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক

নদীয়া-প্রকাশ

একমাত্র পারমার্থিক দৈনিক

শ্রীধাম-মায়াপুর-নদীয়া

১৭শ বর্ষ | ২৮ মধুসূদন ৪৫৩ গৌরাব্দ, ১৭ই বৈশাখ বঙ্গাব্দ ১৩৪৫, ১৮শে এপ্রিল ১৯৩৯, শুক্রবার ৫০৭ সংখ্যা

সাময়িক-প্রসঙ্গ

——:(*):——

শ্রীমাধ্বগৌড়ীয়মঠে কীর্ত্তন

গত ১লা বৈশাখ একাদশীব্রতবাসরে শনিবার দিবস সন্ধ্যারাত্রিকের পর শ্রীমাধ্বগৌড়ীয়মঠের শ্রবণসদনে পণ্ডিতপ্রবর মহামহোপদেশক শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ মহোদয় শ্রীমদ্ভাগবত ৭ম স্কন্ধ, ৭ম অধ্যায় হইতে অসুরবালকগণের প্রতি শ্রীল প্রহ্লাদ মহারাজের উপদেশপ্রসঙ্গে "তত্রোপায়সহস্রাণাময়ং", "গুরুশুশ্রূষয়া ভক্ত্যা", "শ্রদ্ধয়া তৎকথায়াঞ্চ", "এবং নির্জ্জিতষড়্‌বর্গৈঃ ক্রিয়তে ভক্তিরীশ্বরে।" প্রভৃতি শ্লোক পাঠ ও ব্যাখ্যা করেন। "ভগবতো উদিতঃ" অর্থাৎ সহস্র সহস্র সাধন বা উপায়ের মধ্যে সাক্ষাৎ শ্রীভগবদ্ভক্ত উপায়ই একমাত্র উপায়। অন্য উপায়গুলি অর্থাৎ কর্ম্ম-জ্ঞান-যোগাদি উপায় অনিত্য। তদ্দ্বারা কখনও ভগবৎপ্রেমা লাভ হয় না। ভগবৎকথিত উপায় ও উপেয় যে ভগবৎপ্রীতি তাহাতে ভেদ নাই। শ্রীহরির শ্রবণ-কীর্ত্তনাদি উপায় ও উপেয়। গুরুশুশ্রূষা শব্দে শ্রীগুরুদেবের বহির্দ্দর্শনে অঙ্গসেবামাত্র বুঝায় না। শ্রীগুরুদেবের বাণী উন্মুখ হইয়া শ্রবণেচ্ছাকেই শুশ্রূষা বলে, অকপট শ্রবণেচ্ছা না থাকিলে সেবা হয় না। তাহাতে গুরুকে ভোগ করা হয়। ভোগ ও ভক্তি এক নহে। ভক্তিতে নিজের কামনা নাই, কেবল পরিপূর্ণভাবে সেব্যের ইন্দ্রিয়তৃপ্তির কথা আছে। সর্ব্বস্ব শ্রীগুরুপাদপদ্মে না দিলে হরিভজন আরম্ভই হয় না। শ্রীগুরুবৈষ্ণবসেবা ব্যতীত কখনও ভগবানের সেবা হয় না। শ্রীগুরুবৈষ্ণবের ভিন্ন তারতম্য দ্বারাই ভগবানে ভক্তির তারতম্য লক্ষিত হয়। শ্রবণ-কীর্ত্তনকে বাদ দিয়া কখনও শুদ্ধ স্মরণ বা ধ্যান হয় না। কারণ, শ্রবণ-কীর্ত্তন ব্যতীত অনর্থ অপগত হয় না। অনর্থ অপগত না হইলে চিত্ত শুদ্ধ হয় না। অশুদ্ধচিত্তে নির্জ্জনে বসিয়া হরিধ্যানের ছলনা করিলে মায়ারই ধ্যান হয়। প্রাকৃতসহজিয়াগণ প্রথমেই ধ্যানের জন্য ব্যস্ত হয়। ইহা হরিভক্তির সম্পূর্ণ বিপরীত পথ। "শ্রদ্ধয়া তৎকথায়াঞ্চ" এস্থলে সাধুগুরু-শাস্ত্রবাক্যে দৃঢ়বিশ্বাস অর্থাৎ "কৃষ্ণে ভক্তি কৈলে সর্ব্বকর্ম্ম কৃত হয়।" এই দৃঢ়বিশ্বাসই শ্রদ্ধা। শ্রদ্ধার তারতম্যানুসারেই কনিষ্ঠ, মধ্যম ও উত্তমাধিকার। "নির্জ্জিতষড়্‌বর্গৈঃ" ছয় রিপুর বশীভূত হইলে হরিভজন হয় না। ভক্তির অনুশীলনের আনুষঙ্গিকভাবেই অনর্থ দূর হয়।—ইত্যাদি শাস্ত্রযুক্তিমূলে বহু কথা বলেন। তাঁহার মর্ম্মস্পর্শিনী বীর্য্যবতী হরিকথা শ্রবণে সজ্জনবৃন্দ পরম উপকৃত হন। বহু শিক্ষিত সজ্জন ব্যক্তি সভায় উপস্থিত ছিলেন। পাঠের আদি ও অন্তে মহাজনপদাবলী ও মহামন্ত্র কীর্ত্তন হয়।

——

কলিকাতায় প্রচার

কলিকাতা মহানগরীর বেলগাছিয়াস্থিত ভেটারিনারি কলেজের ডাক্তার শ্রীযুক্ত শৈলেন্দ্রলাল সেন মহাশয়ের সাদর আহ্বানে শ্রীগৌড়ীয়মঠের অন্যতম প্রচারক ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিবৈভব সাগর মহারাজ গত ২৭শে এপ্রিল শুক্রবার সন্ধ্যায় কয়েকজন ব্রহ্মচারী সহ তাঁহার বাসায় উপস্থিত হন। তথায় স্বামীজী মহারাজ শ্রীমদ্ভাগবত হইতে পুত্রশোকাতুর রাজা চিত্রকেতুর প্রতি দেবর্ষি নারদ এবং অঙ্গীরা ঋষির সান্ত্বনায় উপদেশপ্রসঙ্গ পাঠ ও ব্যাখ্যা করেন। পাঠের আদি ও অন্তে মহাজনপদাবলী ও মহামন্ত্র কীর্ত্তন হয়। সভায় অন্তঃপুরমহিলা ও অন্য মহোদয়গণ বিশেষ শ্রদ্ধার সহিত স্বামীজী মহারাজের পাঠ ও সরল ব্যাখ্যা শ্রবণ করেন এবং পাঠান্তে শ্রোতাগণ বিশেষ কৃতজ্ঞতা ও আনন্দপ্রকাশ করেন।

'গুরুকৃপা হি কেবলম্'

শ্রীগুরুচরণে যার রতি নাহি কেল
বৃথা তার জীবনধারণ।
নামমন্ত্র জপ তপ অকারণে গেল
ব্যর্থ তার ভজন-সাধন॥
শ্রীগুরুকরুণা বিনা কেহ নাহি জানে,
কিবা নাম অর্চ্চার স্বরূপ।
অপ্রাকৃত গুরুদেবে হেরে নরজ্ঞানে;
অন্ধ সেই জড় পিণ্ডরূপ॥
শ্রীগুরুচরণে নাহি ঘটিলে সম্বন্ধ,
বুঝিবে না সাধু কোন্ জন।
চিজ্জড়ে বিবর্ত্ত হবে সতত প্রমাদ,
নাহি হবে সংসার-মোচন॥
না করিলে গুরুপদ সদা আরাধনা,
নাহি হবে শ্রবণকীর্ত্তন।
না করিলে গুরুপ্রীতি সতত কামনা
নাহি হবে নির্জ্জনে স্মরণ॥
না সেবিলে অকপটে আচার্য্যরতন
নাহি হবে শ্রীহরি-তোষণ।
না পূজিলে সর্ব্বোপরি আচার্য্যচরণ
নাহি হবে শ্রীহরি অর্চ্চন॥
শ্রীগুরুচরণে হ'লে আত্মনিবেদন
তবে হবে ভক্তি সম্ভব।
গুরু তুষ্ট হ'লে মিলে কৃষ্ণ-প্রেমধন,
রুষ্ট হ'লে ভক্তি অসম্ভব॥
যে সাধনে গুরুদেব আরাধিত নন
সে সাধনে বিষময় ফল।
যে সাধনে গুরুদেব আরাধিত হন
সেই ভক্তি জীবের সম্বল॥
অন্তরে বাহিরে যার গুরুসেব নাই
সেই ছার হয় মায়াদাস।
অন্তরে বাহিরে যদি গুরু স্ফূর্ত্তি পাই
তবে হয় গোলোকেতে বাস॥
শ্রীচৈতন্য-দেশে যেতে গুরুকৃপা যার
তাহা নিত্য কল্যাণের পথ।
অন্ধ হ'লে সেই দ্বার সব অন্ধকার
ছলনায় ব্যর্থমনোরথ॥
দেখিলাম বিশ্বমাঝে করিয়া ভ্রমণ
সব মাঝে আশ্রয় না পাই।
হে আচার্য্য কৃপাময় পতিতপাবন
তোমা বিনা আর কেহ নাই॥
দাও দীনে সুশীতল চরণ আশ্রয়
অহৈতুকী করুণা বিতরি।
দাস করি রাখ মোরে সকল সময়
শ্রীচরণে নত কেশে ধরি॥

শ্রীগুরুকৃপাভিক্ষু—
শ্রীভক্তিসৌরভ দাস

[illegible] না যায়। সাধু-গুরু-কৃপা বিনা না দেখে উপায়॥

"ভগবান্ আমাদিগকে পরীক্ষা করিবার জন্য এবং আমাদিগের মঙ্গল বিধানের জন্য নানাপ্রকার অসুবিধা এই প্রপঞ্চে স্থাপন করিয়াছেন। ঐ গুলিই আমাদিগের মঙ্গলের কারণ জানিয়া আমরা তাঁহার সেবায় প্রমত্ত হইব। যাঁহারা ভগবানের সেবা করেন তাঁহারাই ধন্য। সকল অসুবিধার মধ্যে ভগবৎ-কথা শ্রবণ, কীর্ত্তন ও স্মরণ করিবেন।"

(শ্রীল প্রভুপাদ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

২৪ মধুসূদন তিথি গর্ভোদশায়ী গৌরাব্দ ৪৫৩

কর্ম্ম ও ভক্তি

কর্ম্ম ও ভক্তি পরস্পর পৃথক্। একটী অন্যটীর বিপরীত। একটী স্বেন্দ্রিয়তর্পণ-মূলে ক্রিয়ার আবাহন আর অপরটী সেবকাভিমানে সেব্যসুখবিধানে তৎপরতা। কাম—কর্ম্ম, আর প্রেম—ভক্তি।

আত্মেন্দ্রিয়প্রীতি-বাঞ্ছা তারে বলি কাম।
কৃষ্ণেন্দ্রিয়প্রীতি-ইচ্ছা ধরে প্রেম নাম॥

কর্ম্ম করিতে করিতে ভক্তি হয় না। পশ্চিম দিকে যাইতে যাইতে কি পূর্ব্বদিকে আসা যায়? ইহার দ্বারা স্পষ্টই প্রতীয়মান হয় যে, কাম বা কর্ম্ম কখনও ভক্তি বা প্রেমের জনক হইতে পারে না। সেইজন্যই শ্রীমন্মহাপ্রভু বলিয়াছেন,—

কর্ম্মনিন্দা, কর্ম্মত্যাগ, সর্ব্বশাস্ত্রে কহে।
কর্ম্ম হৈতে প্রেমভক্তি কৃষ্ণে কভু নহে॥

কর্ম্ম-প্রতিপাদক শাস্ত্রাদিতে কর্ম্মের প্রশংসা দেখা গেলেও চরমে কর্ম্মের নিন্দা বা ত্যাগের কথাই শাস্ত্রাদিতে দেখা যায়। এক হৃদয়ে দুইটী বাসনা যুগপৎ থাকিতে পারে না। যে হৃদয়ে কর্ম্মবাসনা, ভোগবাসনা বা স্বসুখবাসনা প্রবল, সেখানে কৃষ্ণসুখবাসনা কি করিয়া স্থান পাইবে?

ভুক্তি-মুক্তি-স্পৃহা যাবৎ পিশাচী হৃদি বর্ত্ততে।
তাবদ্ভক্তিসুখস্যাত্র কথমভ্যুদয়ো ভবেৎ॥

কর্ম্ম বা কর্ম্মার্পণ দ্বারা কৃষ্ণে কখনই প্রেমভক্তি হইতে পারে না। কৃষ্ণে কর্ম্মার্পণ প্রভৃতি দ্বারা চিত্ত শুদ্ধ হয়। চিত্ত শুদ্ধ হইলে সৎসঙ্গবলে অনন্য কৃষ্ণভক্তিতে শ্রদ্ধার উদয় হয়। শ্রদ্ধোদয় হইলে শ্রবণ-কীর্ত্তনাদি-রূপ সাধনভক্তি হয়। শ্রবণ-কীর্ত্তনাদি ভক্তি সাধন করিতে করিতে অনর্থের যত নিবৃত্তি হয়, প্রেমের ততই অভ্যুদয় হয়। সুতরাং কর্ম্ম বা কর্ম্মার্পণ হইতে অনিবার্য্যরূপে কৃষ্ণভক্তি উদয় হইবার সম্ভাবনা নাই; কেন না, শুদ্ধকৃষ্ণভক্তি সৎসঙ্গ-জনিত শরণাপত্তিলক্ষণা শ্রদ্ধার অপেক্ষা করে।

কর্ম্ম ও ভক্তি বাহিরের দৃষ্টিতে দেখিতে একরূপ মনে হইলেও কর্ম্ম ও ভক্তি এক নহে। কর্ম্ম ও ভক্তির মধ্যে পার্থক্য এই যে, কর্ম্ম দেহ ও মনের নশ্বর কার্য্য-বিশেষ আর ভক্তি চেতন আত্মার নিত্যবৃত্তি। কর্ম্মের ফল ইন্দ্রিয়তোষণ আর ভক্তির ফল কৃষ্ণের সন্তোষ। প্রাকৃত দেহ-মনের দ্বারা এই ভক্তি সাধিত হইতে পারে না। গুরু বা ভগবৎকৃপায় জীবের আত্মবৃত্তি জাগরিত হইলে তিনি ভগবচ্চরণে সহজভাবে আকৃষ্ট হইয়া যে চেষ্টা করেন, তাহাই ভক্তি।

শুধু কর্ম্মই বা বলি কেন, জ্ঞান বা বৈরাগ্য কেহই ভক্তির জনক নহে। ভক্তি নিরপেক্ষ। ভক্তি জীবের নিত্যসিদ্ধা সেবা-বৃত্তি. এই ভক্তি হইতেই তত্ত্বজ্ঞান ও ভগবদিতর ব্যাপারে বিরক্তি উৎপন্ন হয় শ্রীমদ্ভাগবত বলেন,—

বাসুদেবে ভগবতি ভক্তিযোগঃ প্রযোজিতঃ।
জনয়ত্যাশু বৈরাগ্যং জ্ঞানঞ্চ যদহৈতুকম্॥

(ভাঃ ১।২।৭)

কৃষ্ণে আত্মসমর্পণপূর্ব্বক শ্রবণকীর্ত্তনাদি নববিধা ভক্তি যাজন করিতে হইবে। আত্ম-নিবেদন না করিলে, শরণাগত না হইলে কিছুই হইবে না। কৃষ্ণার্থে অখিলচেষ্টাযুক্ত হওয়াই আত্মসমর্পণের লক্ষণ। ভগবানের জন্য অখিলচেষ্টাবিশিষ্ট হইয়া শ্রীনাম শ্রবণ, কীর্ত্তন, স্মরণ, ভগবচ্চিন্তা, গ্রন্থ পাঠ প্রভৃতি ভক্ত্যঙ্গের অনুষ্ঠান কর্ম্ম নহে। কিন্তু খোসা লইয়া টানাটানি করিলে যেমন প্রকৃত বস্তু লাভে অসমর্থ হয়, সেইরূপ ভোগপর-বুদ্ধি লইয়া দাম্ভিকগণের ভক্ত্যঙ্গের অনুষ্ঠান কর্ম্ম অর্থাৎ আত্মেন্দ্রিয়প্রীতির প্রয়াস বা কনক-কামিনী প্রতিষ্ঠার আকাঙ্ক্ষা ছাড়া আর কিছুই নয়।

কর্ম্ম ও জ্ঞান যদি ভক্তির অনুগত হয় তবেই তাহাদের মূল্য আছে। ভক্তি ব্যতীত কখনও মুক্তি হইতে পারে না। ভক্তি বলেই মুক্তি হয় এবং মুক্ত হইয়াই জীব কৃষ্ণভজন করে।

ভক্তি বিনা মুক্তি নাহি, ভক্ত্যে মুক্তি হয়।
তবে মুক্তি পাইলে অবশ্য কৃষ্ণ ভজয়॥
ভক্ত্যে জীবন্মুক্ত গুণাকৃষ্ট হঞা
কৃষ্ণ ভজে।
শুষ্কজ্ঞানে জীবন্মুক্ত অপরাধে অধো মজে॥

মঙ্গললাভের উপায় কি?

——::(•)::——

মঙ্গললাভের উপায় জানিবার পূর্ব্বেই আমাদের প্রত্যেকেরই জানিয়া রাখা উচিত, সেই মঙ্গল জিনিষটা কি? মঙ্গলময় শ্রীকৃষ্ণের সেবাকামনাই মঙ্গল। এতদ্ব্যতীত আর যা কিছু সবই অমঙ্গল। কৃষ্ণপ্রেমই মঙ্গল আর তদ্বিপরীত রাগ অমঙ্গলজনক। এই মঙ্গল লাভ করিতে হইলে নিষ্কপট হইতে হইবে, সাধুর সঙ্গ করিতে হইবে। মঙ্গলময় সাধুই মঙ্গলপ্রদাতা— সেবাপ্রদাতা। সাধুর কাছে বসিয়া থাকিলে চলিবে না। সাধুর সঙ্গ করিতে হইবে—সেবা করিতে হইবে —ভজনে প্রমত্ত হইতে হইবে, সাধুকে আপনজ্ঞান করিতে হইবে। সাধুকে জীবনের অকপট বন্ধু জানিয়া অসৎসঙ্গ হইতে তফাৎ থাকিতে হইবে। যেখানে সাধুসঙ্গ সেইখানেই মঙ্গল। সাধুর সঙ্গ করিলে—সাধুকৃপায় সাধুর অন্তরে প্রবেশ করিতে পারিলে, তাঁহার মনোগতভাব জানিতে পারিলে জীবহৃদয়ে সেবাকামনা স্বতঃই স্ফূর্ত্তি-প্রাপ্ত হয়।

নিজের আচরণ ঠিক রাখিতে হইবে। কদাচারও করিব আবার সাধুসঙ্গও করিব, এরূপ হয় না। এরূপ নিরপেক্ষতার ফল ভয়াবহ।

জীব হয় সৎসঙ্গী না হয় অসৎসঙ্গী না হইয়া থাকিতে পারে না। কিন্তু সৎসঙ্গ না করিয়া যেখানে নিরপেক্ষতার ভাণ সেখানে হৃদয়ে অন্তঃসলিলা ফল্গুনদীর ন্যায় অসৎ-সঙ্গস্পৃহা আছে জানিতে হইবে। এরূপ দুর্দ্দৈব উপস্থিত হইলে সাবধান থাকিতে হইবে। অসৎসঙ্গ হইতে তফাৎ থাকিয়া সাধুসঙ্গের জন্য উদগ্রীব হইতে হইবে—কায়মনোবাক্যে সাধুসঙ্গ করিতে হইবে। এই সাধুসঙ্গ, সাধুতে আশ্রয়, সাধুতে প্রীতিই মঙ্গললাভের একমাত্র উপায়। কৃষ্ণপ্রিয় সাধুর সঙ্গই মঙ্গলজনক। যদি আমরা মঙ্গল চাই, তাহা হইলে যাহাতে আমাদের অন্তরে হরিসেবোৎসাহ বা বৈষ্ণব-বৈষ্ণব-ভগবানে প্রীতি হয় এরূপ আচরণ করিতে হইবে। বৈষ্ণব-ভগবানে যদি অকৃত্রিম আন্তরিক অনুরাগ না থাকে, তাহা হইলে বাহ্যে যতই আমরা সেবাভজন করি না কেন, তাহাতে কৃষ্ণ সন্তুষ্ট হইবেন না—কৃপা করিবেন না, কৃষ্ণ সেখান হইতে অনন্তকোটী-যোজন দূরে লুকাইয়া থাকিবেন, আমাদের নিকট আত্মপ্রকাশ করিবেন না। যদি কেহ অকপটে ভজনে আগ্রহযুক্ত হন, তাহা হইলে তাঁহারা সেই গুরুবর্গের নিকট আর্ত্তিভরে উপস্থিত হন, তখন আলোর আগমনে অন্ধকার অপগমের ন্যায় সকল অসুবিধা আপনা হইতেই চলিয়া যায়।

সর্ব্বক্ষণ হরি ও হরিজন-সঙ্গ করা দরকার। শ্রীল গৌরকিশোর প্রভু বলিয়াছেন,—"আমরা যদি উপবাস করিয়া দিবারাত্র হরিনাম করিতে পারি, আর লোককে না দেখাইয়া অন্তরের আর্ত্তির সহিত বৃষভানু-নন্দিনীর সেবালাভের জন্য সর্ব্বক্ষণ কাঁদিতে পারি, তাহা হইলে রাধার প্রাণ-ধন কৃষ্ণ আপনা হইতেই পাকড়াও হইয়া যাইবে।"

শ্রীভক্তিসিদ্ধান্তবাণী

——::(•)::——

জগতের অভাবগ্রস্ত বা শোকার্ত্ত লোক তাঁহাদের অভাব বা শোকের কারণ উপস্থিত না হইবার জন্য ভগবানের নিকট প্রার্থনা করিয়াও বিফলমনোরথ হওয়ায় শেষে ভগবান্‌কেই দোষী সাব্যস্ত করে, অথবা ভগবান্ বলিয়া কিছু নাই, একটা কল্পনামাত্র বা 'গোবিন্দ মিথ্যা, ভগবান্‌ই সত্য' অর্থাৎ ভগবানের নাম রূপাদি কাল্পনিক মতবাদমাত্র, ভগবান্ বলিয়া কিছু থাকিলে তিনি নিরাকার নির্ব্বিশেষ-তত্ত্ব—এইরূপ অপসিদ্ধান্তে উপনীত হয়। 'পূর্ব্বে ভক্তি ছিল, এখন নাই'—এ সকল কথার কোন অর্থ নাই। যাঁহার জাগতিক স্বার্থের একটু আঘাত ঘটিলেই ভক্তি ছুটিয়া যায় তাঁহার পূর্ব্বের ভক্তিও বিশ্বাসযোগ্য নহে। ভগবান্ যখন "হরিষ্যে তদ্ধনং শনৈঃ"-রূপ কৃপা বিস্তার করেন, যখন প্রকৃতপক্ষে ভজন আরম্ভ হইবার কথা, তখন যদি ভক্তি ছুটিয়া যায়, তবে জানিতে হইবে—সে ভক্তি জাগতিক সুবিধাবাদোত্থ কপট ভক্তি; সুখে দুঃখে সর্ব্বাবস্থায় ভগবানের বিচারের উপর আত্মনির্ভর করাই প্রকৃত ভক্তের বিচার।

মহৎকৃপা বিনা কোন কর্ম্মে 'ভক্তি' নয়। কৃষ্ণভক্তি দূরে রহু, সংসার নহে ক্ষয়॥

হরিকথা-প্রসঙ্গ

(২)

হরিকথাই অনন্তভক্তগণের প্রাণ। শ্রীভগবান্ গীতায় অর্জ্জুনকে বলিয়াছেন,—

মচ্চিত্তা মদ্গতপ্রাণা বোধয়ন্তঃ পরস্পরম্।
কথয়ন্তশ্চ মাং নিত্যং তুষ্যন্তি চ রমন্তি চ॥
তেষাং সততযুক্তানাং ভজতাং
প্রীতিপূর্ব্বকম্।
দদামি বুদ্ধিযোগং তং যেন মামুপযান্তি তে॥
(গীঃ ১০।৯,১০)

অর্থাৎ ভগবদ্ভক্তগণ চিত্ত ও প্রাণকে ভগবানে সমর্পণ করিয়া পরস্পর ভাব-বিনিময় ও হরিকথার কথোপকথন করিয়া থাকেন। সেইরূপ শ্রবণ-কীর্ত্তন-দ্বারা সাধনাবস্থায় ভক্তিসুখ এবং সাধ্যাবস্থায় আস্বাদন করিয়া রাগমার্গে প্রেমানন্দ-সুখে রমণ করেন। যিনি এইরূপ হরিকথা-কীর্ত্তন করিতে করিতে সতত ভগবানের সহিত যুক্ত থাকিয়া প্রীতিপূর্ব্বক ভগবানের ভজনা করেন, ভগবান্ তাঁহাকে নির্ম্মল বুদ্ধিযোগ প্রদান করেন। সেই সম্বন্ধজ্ঞানের সাহায্যে তিনি ভগবানের নিত্যসেবা লাভ করেন।

হরিকথা-কীর্ত্তনের ন্যায় আর সর্ব্বশ্রেষ্ঠ দান নাই। যিনি হরিকথা-কীর্ত্তন-দ্বারা জীবের নিত্যমঙ্গলবিধান করেন, তিনিই মহাবদান্যবর। কলিযুগ-পাবনাবতারী শ্রীগৌরসুন্দর, শ্রীনিত্যানন্দপ্রভু ও গৌরপার্ষদগণ সকলেই মহাবদান্য। শ্রীমদ্ভাগবতে বিরহ-কাতরা গোপীগণ শ্রীকৃষ্ণকে বলিয়াছিলেন,—

তব কথামৃতং তপ্তজীবনং কবিভিরীড়িতং
কল্মষাপহম্।
শ্রবণমঙ্গলং শ্রীমদাততং ভুবি গৃণন্তি যে
ভূরিদা জনাঃ॥

অর্থাৎ হরিকথা বিরহদুঃখে ম্রিয়মাণ জনের অমৃত এবং মুক্তকুলেরও উপাস্য-বস্তু, যাবতীয় কল্মষ-বিধৌতকারী, কর্ণরসায়ন ও সর্ব্বশক্তিসমন্বিত। যাঁহারা সংসারে এই হরিকথা বিস্তার করেন, তাঁহাদের মত মহাদানশীল আর দ্বিতীয় নাই; অন্ন-দান, বস্ত্র-দান, ঔষধ-দান, বিদ্যা-দান, যত দানই হউক না কেন, তাহা তাৎকালিক নৈমিত্তিক ক্ষুদ্র দান-মাত্র; কারণ, তদ্দ্বারা আত্মমঙ্গল সাধিত হয় না; কিন্তু হরিকথা-দানই সর্ব্বশ্রেষ্ঠ দান, কারণ তাহার দ্বারাই জীবের নিত্যমঙ্গল—আত্মমঙ্গল লাভ হইয়া থাকে। এইজন্য সাধুগণ, সাত্বতাগ্রগণ জীবকে হরিকথা দান ব্যতীত অপর ক্ষুদ্র দান বা তাৎকালিক নৈমিত্তিক দান করেন না।

কলিযুগপাবনাবতারী, শ্রীকৃষ্ণকীর্ত্তন-বিগ্রহ, সঙ্কীর্ত্তনধর্ম্মপ্রবর্ত্তক ভগবান্ শ্রীগৌরসুন্দর স্বয়ং শ্রীমুখে বলিয়াছেন—"কীর্ত্তনীয়ঃ সদা হরিঃ।"

যারে দেখ তারে কহ কৃষ্ণ-উপদেশ।
আমার আজ্ঞায় গুরু হঞা তার
এই দেশ॥
ইহাতে না বাধিবে তোমার বিষয়-তরঙ্গ।
পুনরপি এই ঠাঁই পাবে মোর সঙ্গ॥
চেতোদর্পণমার্জ্জনং ভবমহাদাবাগ্নি-
নির্ব্বাপণম্।
শ্রেয়ঃকৈরবচন্দ্রিকাবিতরণং
বিদ্যাবধূজীবনম্।
আনন্দাম্বুধিবর্দ্ধনং প্রতিপদং
পূর্ণামৃতাস্বাদনম্।
সর্ব্বাত্মস্নপনং পরং বিজয়তে
শ্রীকৃষ্ণসংকীর্ত্তনম্॥

উপরিউক্ত শ্লোকের বিবৃতিতে শ্রীল প্রভুপাদ আমাদিগকে জানাইয়াছেন—"সর্ব্বসিদ্ধির মধ্যে সাতটী বিশেষ সিদ্ধি শ্রীকৃষ্ণসংকীর্ত্তনে সংশ্লিষ্ট। তাহাই এস্থলে উদাহৃত হইতেছে। শ্রীকৃষ্ণ-সংকীর্ত্তন জীবের মলিন চিত্তদর্পণের মার্জ্জনকারী। ঈশ-বৈমুখ্যরূপ অন্যাভিলাষ, ফলভোগ ও ফল-ত্যাগ—এই ত্রিবিধ প্রাকৃত আবিলতাদ্বারা বদ্ধজীবের চিত্ত সম্পূর্ণভাবে আবৃত হইয়া আছে। জীবের চিত্তদর্পণ হইতে ঐ আবর্জ্জনা পরিষ্কার করিবার প্রধান যন্ত্র—শ্রীকৃষ্ণসংকীর্ত্তন। জীবচিত্তদর্পণে জীবস্বরূপ প্রতিফলিত হইবার বাধারূপে ঐ ত্রিবিধ কৈতব-আবরণ বর্ত্তমান। শ্রীকৃষ্ণের সংকীর্ত্তনই তাহা উন্মোচন করিতে সমর্থ। শ্রীকৃষ্ণের সম্যগ্‌রূপে কীর্ত্তন করিতে করিতে জীব স্বীয় চিন্মুকুরে নিজ কৃষ্ণকৈঙ্কর্য্য উপলব্ধি করেন।

এই সংসার আপাতমধুর হইলেও ইহা নিবিড় অরণ্যাভ্যন্তরে দাবাগ্নি-সদৃশ। দাবাগ্নিদ্বারা কাননস্থিত বৃক্ষরাজি মধ্যে মধ্যে বিনাশপ্রাপ্ত হয়। কৃষ্ণবিমুখজন সংসারের জ্বালা দাবাগ্নির তাপের ন্যায় সর্ব্বদা সহ্য করেন, কিন্তু কৃষ্ণের সম্যক্ কীর্ত্তন হইলেই এই সংসারে থাকিয়াও কৃষ্ণোন্মুখতা-হেতু দাবজ্বালার দহন হইতে নিষ্কৃতি লাভ করেন।

শ্রীকৃষ্ণের সম্যক্ কীর্ত্তন পরম মঙ্গল-জ্যোৎস্না বিতরণ করে। 'শ্রেয়ঃ'—মঙ্গল; 'কৈরব'—কুমুদ; 'চন্দ্রিকা'—জ্যোৎস্না, ঔজ্জ্বল্য। চন্দ্রোদয়ে যেরূপ কুমুদের ঔজ্জ্বল্য বিকাশ লাভ করে, শ্রীকৃষ্ণ-সংকীর্ত্তনে সেরূপ অখিল-কল্যাণ সমুদিত হয়। অন্যাভিলাষ, কর্ম্ম ও জ্ঞান কল্যাণের উপায় নহে, পরন্তু শ্রীকৃষ্ণসংকীর্ত্তনই জীবের পরম-মঙ্গল-বিধায়ক।

মুণ্ডক উপনিষদে দুই প্রকার বিদ্যার কথা আছে—লৌকিকী বিদ্যা ও পরা বিদ্যা। শ্রীকৃষ্ণসংকীর্ত্তন গৌণভাবে লৌকিকী বিদ্যা-বধূর জীবনসদৃশ এবং মুখ্য ভাবে পরা বিদ্যা বা অপ্রাকৃত বিদ্যা-বধূর জীবন। শ্রীকৃষ্ণ-সংকীর্ত্তন-প্রভাবে জীব জাগতিক বিদ্যার অহঙ্কার হইতে উন্মুক্ত হইয়া কৃষ্ণসম্বন্ধজ্ঞান লাভ করেন। অপ্রাকৃত বিদ্যার সর্ব্বস্ব বস্তুই শ্রীকৃষ্ণসংকীর্ত্তন।

শ্রীকৃষ্ণসংকীর্ত্তনই জীবের অপ্রাকৃত আনন্দ-সমুদ্রের বর্দ্ধনকারী। খণ্ড জলাশয় সমুদ্র-শব্দবাচ্য নহে, অতএব অখণ্ড আনন্দই অসীম সমুদ্রের সহিত তুলনীয়।

শ্রীকৃষ্ণসংকীর্ত্তন প্রতিপদেই পূর্ণামৃত আস্বাদন করায়। অপ্রাকৃত-রসাস্বাদনে অভাব বা অপূর্ণতা নাই, শ্রীকৃষ্ণসংকীর্ত্তন হইতেই সর্ব্বক্ষণ পূর্ণ নিত্য রসাস্বাদন হয়।

অপ্রাকৃত সকল বস্তুই শ্রীকৃষ্ণ সংকীর্ত্তনে স্নিগ্ধতা লাভ করে এবং প্রাকৃতরাজ্যে দেহ, মন ও তদতিরিক্ত আত্মা শ্রীকৃষ্ণ-সঙ্কীর্ত্তনে কেবল যে নির্ম্মলতা লাভ করে, তাহা নহে, পরন্তু তাহাদের স্নিগ্ধতাও অলঙ্ঘ্যবারী। উপাধিগ্রস্ত জীব স্থূল-সূক্ষ্মভাবে যে সকল মলিনতা লাভ করিয়াছেন, সেই সমস্ত কীর্ত্তন প্রভাবে বিধৌত হইয়া যায়। জড়ের অভিনিবেশ ছাড়িয়া গেলে কৃষ্ণোন্মুখ জীব সুশীতল কৃষ্ণপাদপদ্মসেবা লাভ করেন।"

আধুনিক চিজ্জড়সমন্বয়বাদী বা কর্ম্মজড় নাস্তিকগণের ন্যায় শ্রীকৃষ্ণচৈতন্যদেব হরি-বিমুখ ভোগপরায়ণ দেহের সেবা, দরিদ্রসেবা প্রভৃতি কার্য্যের দ্বারা পরোপকারের দৃষ্টান্ত দেখান নাই। তিনি স্বয়ং এবং তাঁহার পার্ষদবৃন্দ জগতে হরিকথা-কীর্ত্তন প্রচার দ্বারা পরোপকারের দৃষ্টান্ত দেখাইয়াছিলেন। ইহাকেই বলে মহা-বদান্যতা। যথা শ্রীচৈতন্য-চরিতামৃত (আদি ৯ম পরিচ্ছেদ)—

একলা মালাকার আমি কাঁহা কাঁহা যাব।
একলা বা কত ফল পাড়িয়া বিলাব॥
একলা উঠাঞা দিতে হয় পরিশ্রম।
কেহ পায়, কেহ না পায়, রহে মনে ভ্রম॥
অতএব আমি আজ্ঞা দিল সবাকারে।
যাঁহা তাঁহা প্রেমফল দেহ যারে তারে॥
অতএব সবে ফল দেহ যারে তারে।
খাইয়া হউক লোক অজর অমরে॥
ভারত-ভূমিতে হৈল মনুষ্য-জন্ম যার।
জন্ম সার্থক করি কর পর উপকার॥

সুতরাং যাঁহারা হরিকথা প্রচার করেন, তাঁহারাই সর্ব্বশ্রেষ্ঠ দাতা, তাঁহারাই জীবের নিত্যমঙ্গলপ্রদাতা।

হরিজনগণ, সাধুগণ, বিবেকিগণ জাগতিক অভ্যুদয়, ধর্ম্ম, অর্থ, কাম বা নৈতিক কথার আদর করেন না, একমাত্র হরিকথাতেই তাঁহাদের সন্তোষ। শৌনকাদি ঋষি ভাগবত-বক্তা শ্রীসূত গোস্বামীকে বলিয়াছেন,—

তৎকথ্যতাং মহাভাগ যদি কৃষ্ণকথাশ্রয়ম্।
অথবাস্য পদাম্ভোজমকরন্দলিহাং সতাম্।
কিমন্যৈরসদালাপৈরায়ুষো যদসদ্ব্যয়ঃ॥
(ভাঃ ১।১৬।৬-৭)

হে মহাভাগ সূত! যদি আপনার বক্তব্য বিষয় বিষ্ণুকথাশ্রয় হয় অথবা ইহাতে যদি বিষ্ণুর পাদপদ্মের মধু আস্বাদনকারী হরিজনের কথার সংশ্রব থাকে, তাহা হইলেই বর্ণন করুন, নচেৎ অসদালাপে প্রয়োজন নাই, তাহাতে বৃথা আয়ুক্ষয় হয় মাত্র। একমাত্র হরিকথা-শ্রবণ-কীর্ত্তন দ্বারাই জীবের সর্ব্বার্থসিদ্ধি হয়।

জ্ঞান-কর্ম্ম যোগাদি চেষ্টা দ্বারা জীবের নিত্যমঙ্গল হয় না, বরং জীবকে নানাপ্রকারে বিপদে পাতিত করিয়া থাকে। জ্ঞানে আত্মবিনাশরূপ অনর্থ, যোগে অষ্টসিদ্ধ্যাদির প্রলোভনরূপ বিপদ্ বা কৈবল্যরূপ আত্মবিনাশ এবং কর্ম্মে নানা যোনিভ্রমণাদি হইয়া থাকে। কিন্তু হরিকথায় অজিত ভগবান্ও জিত ও সম্যক্ হৃদয়ে অবরুদ্ধ হন।

জ্ঞানে প্রয়াসমুদপাস্য নমন্ত এব
জীবন্তি সন্মুখরিতাং ভবদীয়বার্ত্তাম্।
স্থানে স্থিতাঃ শ্রুতিগতাং তনুবাঙ্মনোভি-
র্যে প্রায়শোঽজিত জিতোঽপ্যসি
তৈস্ত্রিলোক্যাম্॥

অর্থাৎ হে ভগবন্, নির্ভেদব্রহ্মানুসন্ধান-রূপ জ্ঞান-চেষ্টাকে সম্পূর্ণরূপে দূরে পরিত্যাগ করিয়া যাঁহারা সাধুমুখ-বিগলিত ভবদীয়কথা শ্রবণ করেন ও সাধুগণে স্থিত হইয়া ভবদীয় কথা শ্রবণ করেন ও সাধুপথে স্থিত হইয়া ভবদীয় নাম-রূপ-গুণ-লীলাপর বাক্য শরীর, মন ও বাক্যের দ্বারা সৎকার করিতে করিতে জীবনধারণ করেন, ত্রৈলোক্য মধ্যে আপনি সকলের নিকট অজিত হইলেও তাঁহাদের বশ হন।

শুদ্ধভক্তি-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠ

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীচন্দ্রশেখর-ভবনে শ্রীচৈতন্যমঠ, পরবিদ্যা-পীঠ, শ্রীশ্রীরাধাকৃষ্ণ, শ্রীগৌর, গোপাল আচার্য চতুষ্টয় বিগ্রহ আছেন। সুপ্রাচীন প্রত্ন-তাত্ত্বিক ও 'নদীয়া-প্রকাশ' প্রকাশ আছে।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১৬নং কালীপ্রসাদ চক্রবর্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৫
কলিকাতায় শ্রীভক্তিবিনোদ-আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, কীর্ত্তন, প্রত্যহ অষ্টপ্রহর-ব্যাপী শ্রীভাগবতাদি শাস্ত্রের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও সাপ্তাহিক পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়।

(৩) যোগপীঠ মায়াপুর-পীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমহাপ্রভুর আবির্ভাব ভূমি মহাযোগপীঠ।

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং মঠ বর্ত্তমান।

(৬) মুরারিগুপ্তের পাট

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৭) কাজি-সমাধি-পাট

সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি।

(৮) অপকূলকৃষ্ণাস্মরণ-লীলাস্থান

শ্রীধাম মায়াপুর

(৯) স্বানন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
এখানে ও বিদ্যমান শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধারমণের সেবা বর্ত্তমান।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
গৌরাঙ্গ মহাপ্রভু প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা।

(১১) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ জাননগর (বর্দ্ধমান)

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মাউগাছি, পোঃ জাননগর, (বর্দ্ধমান)
শ্রীব্যাসাবতার ঠাকুর বৃন্দাবনের স্থান

(১৩) রুদ্রদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(১৪) ঋতুদ্বীপ-গৌড়ীয়মঠালয়

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ

গৌড়পুর, নদীয়া

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ

মাজিদায় (শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৭) কৃষ্ণকুটীর

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

(২০) মহেশ-পণ্ডিতের পাট

কাঠালপুলি, পোঃ চাকদা (নদীয়া)

(২১) রাণাঘাট-গৌড়ীয়মঠালয়

(২২) পুরী গৌড়ীয়মঠ

চাকদহ পরগণা

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ

বারিধা পোঃ ওয়ারি, ঢাকা।
পূর্ববঙ্গের প্রচার-কেন্দ্র।

(২৪) গোপালজীউমঠ

কমলাপুর, পোঃ ঢাকা

(২৫) বরাট-গৌরাঙ্গ মঠ

পোঃ বালিয়াটি, (ঢাকা)

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

বড়বাজার, পোঃ ময়মনসিংহ

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চক্চকা, কামরূপ (আসাম)

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

৩নং পাগলা বেন্ধে, দার্জ্জিলিং

(৩০) আসাম-গৌড়ীয়মঠ

পোঃ গৌহাটী, জিঃ মজঃফরপুর, ই, আই, পি

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

মিঠাপুর পাটনা।

(৩২) গয়া গৌড়ীয়মঠ

ষ্টেশন রোড, গয়া

(৩৩) সনাতন-গৌড়ীয় মঠ

৮।১৭ বড় গণেশ, বেনারস সিটি

(৩৪) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

(৩৫) পরমহংস মঠ,

পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়

বিশ্রামঘাট, পোঃ মথুরা

(৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্যমঠশ্রীপীঠ

গোপেশ্বর, বৃন্দাবন

(৩৯) একান্তানন্দ-কুঞ্জকুটীর

পোঃ রাধাকুণ্ড, মথুরা

(৪০) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪১) রাধাকুণ্ড গৌড়ীয়মঠ

(৪২) শ্রীগোবর্দ্ধনমঠালয়

গোবর্দ্ধন, মথুরা

(৪৩) মদনমোহন বিহারী মঠ

বর্ষাণা, মথুরা।

(৪৪) নন্দগ্রাম গৌড়ীয়মঠালয়

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৫) বর্ষাণা গৌড়ীয়মঠালয়

পোঃ বর্ষাণা, মথুরা

(৪৬) গৌরবিহারী মঠ—লেখাশী,

পোঃ কোটকোম, জেলা গুর্দ্দাশপুর (পাঞ্জাব)

(৪৭) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

(৪৮) দিল্লী গৌড়ীয় মঠ

৪৫নং কুতুব রোড, নিউ দিল্লী;

(৪৯) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়া ট্যাঙ্ক রোড, অগাষ্টক্রান্তি কিং রোডে ৭

(৫০) মাদ্রাজ-গৌড়ীয়মঠ

পোঃ রায়পেটা, মাদ্রাজ
শ্রীঅনন্তাচার্য্য-প্রতিষ্ঠিত শ্রীবিগ্রহের সেবা

(৫১) রাজমহেন্দ্রী-গৌড়ীয়মঠ

পোঃ কভুর, গোদাবরী (মাদ্রাজ)
শ্রীশ্রীরায়রামানন্দ-মিলন-স্থান

(৫২) ব্রহ্মগৌড়ীয়মঠ

আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)

(৫৩) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা

(৫৪) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৫) লীলাকুটী

(৫৬) সিদ্ধবকুল-গৌড়ীয়মঠ

পোঃ ভুবনেশ্বর, পুরী

(৫৭) সচ্চিদানন্দ মঠ

সাক্ষীগোপাল, পোঃ কটক (উড়িষ্যা)

(৫৮) বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ

(৫৯) শ্রীরামানন্দ-গৌড়ীয়-প্রচার-মণ্ডল

পোঃ কুরুক্ষেত্র, পাঞ্জাব

(৬০) ভাগবতজনানন্দ মঠ

চিকনিয়া, পোঃ নারায়ণগড়, মেদিনীপুর

(৬১) কাঁথি গৌড়ীয়মঠ

পোঃ কাঁথি, মেদিনীপুর

(৬২) আমলাজোড়া প্রপন্নাশ্রম মঠ

পোঃ রাণীগঞ্জ (বর্দ্ধমান)

(৬৩) চৈতন্যগৌড়ীয়মঠ

কুলুকুল্পা, পোঃ চাঁচল, (মালদহ)

(৬৪) রেঙ্গুণ গৌড়ীয়মঠ

৩০১ নং ডালহৌসি ষ্ট্রীট, রেঙ্গুণ।

(৬৫) লণ্ডন-গৌড়ীয়মঠ

ফ্ল্যাট নং ২
৫১, কাউন্সিল রোড
আর্লস কোর্ট, লণ্ডন, এস ডব্লিউ ৫

(৬৬) গৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

১৪।৫, কালীপ্রসাদ চক্রবর্তী ষ্ট্রীট,
কলিকাতা

(৬৭) গৌড়ীয়মঠ অফিস

চিৎপুর রোড, কলিকাতা (ইউ-পি)

(৬৮) শ্রীবিজয়বিদ্যানিধি গৌড়ীয়মঠালয়

নন্দনকানন, চট্টগ্রাম

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে শ্রীবনগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীমহানন্দ ব্রহ্মচারী ভক্ত্যালোক, ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায়		বিজ্ঞাপনের পৃষ্ঠায়	
	১ম ৩ দিনের জন্য	পরবর্তী দিনের জন্য	১ম ৩ দিনের জন্য	পরবর্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	।০	৵০	।৵০	
" " ইঞ্চি	২৲		১।০	১৲
সিকিকলম	৫৲			৩৲
" অর্দ্ধকলম	৮৲	৬৲	৬৲	৫৲
এক কলম	১৫৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিবারে প্রতি ইঞ্চি	৩৲	॥০
" সিকি কলম	১৫৲	১২৲
" অর্দ্ধকলম	২৫৲	১৮৲
" এক কলম	৩৫৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৷০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা ৴৫ ; বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

প্রভুপাদের প্রবন্ধাবলী

শ্রীল প্রভুপাদের চতুঃষষ্টিতম শুভাবির্ভাব-তিথিতে শ্রীল আচার্য্যদেবের আনুকূল্যে "শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী" প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। ইহাতে পূর্ব্বার্দ্ধ ও উত্তরার্দ্ধ দুইটি বিভাগ আছে। পূর্ব্বার্দ্ধে শ্রীল প্রভুপাদের আদি-প্রবন্ধাবলী শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের সম্পাদিত 'স-সাপ্তাহিক সজ্জনতোষণী,' শ্রীল প্রভুপাদের "নিবেদন" সাপ্তাহিক পত্র প্রভৃতি হইতে [illegible] প্রকাশিত হইয়াছে। উত্তরার্দ্ধে শ্রীল প্রভুপাদের সম্পাদিত 'সজ্জনতোষণী'র কতিপয় প্রবন্ধ [illegible] হইয়াছে। প্রবন্ধগুলি বর্ষানুক্রমে [illegible] হইয়াছে; অধিকন্তু শ্রীল আচার্য্যদেবের একটি মূল্যবান উপোদ্ঘাত ও সম্পাদকীয় একটি বিস্তৃত ভূমিকা, পত্র সূচী, [illegible]-শ্লোক ও পয়ার-সূচী গ্রন্থে সংযোজিত হইয়াছে। গ্রন্থটি উৎকৃষ্ট কাগজে [illegible] ও শ্রীল প্রভুপাদের আলেখ্য সম্বলিত ও সুন্দর বাঁধাই হইয়া প্রকাশিত হইয়াছে। প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, জিলা নদীয়া; শ্রীগৌড়ীয় মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ও শ্রীমাধব গৌড়ীয় মঠ, বাংলা, পোঃ ঢাকা, ঢাকা।

শ্রীল প্রভুপাদের পত্রপ্রসূন মালা

এই গ্রন্থে ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের রচিত পত্রাবলী শ্রীল আচার্য্যদেবের বিরচিত "গৌরব" নামক ভাষ্যের সহিত প্রকাশিত হইয়াছে। শ্রীল প্রভুপাদের অনেক অপ্রকাশিত পত্র ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। ইহার ভিক্ষা, [illegible]।

শ্রীধাম-মায়াপুরে

"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট"

উচ্চ ইংরেজী বিদ্যালয়

[illegible] গঙ্গার সন্নিকটে, বিদ্যালয় ও বোর্ডিং এর [illegible]। শিক্ষকগণ [illegible] ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য [illegible] বাসস্থানের ব্যবস্থা আছে। খোরাক ও [illegible] প্রতি মাসে মাত্র ৮৲ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। বর্তমান বর্ষে ১৬ জন বালকের মধ্যে ১৫ জন ভালভাবে উত্তীর্ণ হইয়াছে।

মেধাবী ছাত্রগণের আরও সুবিধা

পরীক্ষায় যাহারা শতে শতকরা ৬০ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ সচ্চরিত্র দরিদ্র ছাত্রগণকে বিনা খরচে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট এণ্ড
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক-সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা সংক্ষিপ্তভাবে আলোচিত হইয়াছে। এই এক অপূর্ব্ব গৌরব বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

শ্রীচৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত্র বিস্তৃতভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ [illegible] শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত ইহার ভিক্ষা মাত্র ৪৲ টাকা। প্রাপ্তিস্থান [illegible] গ্রন্থাগার, শ্রীযোগপীঠ, [illegible], পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীসরস্বতী-সংলাপ

প্রথম খণ্ড

শ্রীশ্রীমন্মহাপ্রভুর [illegible] পরমহংসকুলচূড়ামণি [illegible] প্রভৃতি ১০৮শ্রী শ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী-প্রভুপাদ বিভিন্ন বিভাগীয় ও [illegible] সঙ্গে 'হরিকথা'র যে সকল [illegible] কীর্তন করিয়াছেন, যাহা তাঁহার প্রকটকালের 'গৌড়ীয়' সম্পাদক শ্রীযুক্ত সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি এ প্রভুপাদের শ্রীমুখে সংগৃহীত করিয়া [illegible] গৌড়ীয়পত্রে প্রকাশিত হইয়াছে, তাহা "শ্রীশ্রীসরস্বতী-সংলাপ" নামে [illegible] শ্রীল প্রভুপাদের 'প্রবন্ধাবলী' ও 'পত্রাবলী' আকারে [illegible] প্রকাশিত হইল। বর্তমানে শ্রীল প্রভুপাদের পঞ্চবার্ষিক বিরহতিথিপূজা-বাসরে [illegible] প্রকাশিত হইয়াছে। [illegible] এই গ্রন্থ সংগ্রহ একান্ত প্রয়োজন।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের সংস্কৃতের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপদেশক পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর ভাগবতাচার্য্য সম্প্রদায়-বৈভবাচার্য্য এম এ মহোদয়ের গবেষণা এবং সর্ব্বিশেষ লেখনীর অমৃতফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত পাঠে ধন্য হউন। এই বিরাট, অভিনব ও আদর্শ গ্রন্থ মানচিত্র ও বিবিধ চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য দার্শনিক প্রসিদ্ধ মতের সহিত তুলনা-মুখে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ড ৬৩০ অধ্যায়ে প্রায় ৬০০ পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকারের ভূমিকাদ্বয় (Prefaces), বিষয় তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র (Index Glossary) সহ সম্প্রতি প্রকাশিত। ভিক্ষা—১৫ পনর টাকা। প্রাপ্তিস্থান—গৌড়ীয় মঠ, [illegible], শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীমায়াপুর, জেলা—নদীয়া।

'ঠাকুর ভক্তিবিনোদ'

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি প্রচারের মূল মহাজন সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অভিনব জীবনচরিত এতাবৎকাল সম্যক প্রকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয়মঠাচার্য্যবর্য্যের অনুকম্পায় পরবিদ্যাসাহিত্যিক সুলেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু মূল্যবান শিক্ষামালাও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১২৫ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৸৹ আনা; ডাক মাশুল স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান—ম্যানেজার গ্রন্থবিভাগ
শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু গ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১৩।১নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস

উহা কটক নগরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

[illegible]

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মনুষ্য, পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই উহার কাটতি অত্যন্ত অধিক। শিশুর প্লীহা যকৃৎ কামলা এবং নূতন ও পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ নাশ সার্থক হয় কিনা। মূল্য ছোট বোতল ৷৷৹ দশ আনা, বড় বোতল ১৷৹ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা
অথবা
পোঃ বেহালা, ২৪ পরগণা

ই. বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	৫-৩৬	৬-০৬	৭-২৭	১২-২০	১৪ ৫৬	১৬-৫৬	১৭ ৫৬	২২-৫৬
রাণাঘাট পৌঃ			৮-৫০	১৪ ১৫				
(বদল) ছাঃ			৯-৩৩	১৪-৫০				
কৃষ্ণনগর পৌঃ	৭ ১	৮-৫৫	১০-৮	১৫-২০	১৭-২৮	১৯-১১	২০-১৬	১-১৮
(বদল) ছাঃ	৭-১২		১০-৩১		১৭-৩৮		২০-২৬	
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫১		১১-১০		১৮-১৩		২০-৫৩	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
রাণাঘাট পৌঃ	১২-৫৫
ছাঃ	১৩-০
শান্তিপুর পৌঃ	১৩-২৬
(বদল) ছাঃ	১৩-৩১ (লাইট রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪-২
ছাঃ	১৪-২০
নবদ্বীপঘাট পৌঃ	১৫-০

ডাউন

নবদ্বীপঘাট ছাঃ	৫ ৪৫		৯ ২৫		১৩-৩১	১৬-০	১৮-৩৮	
কৃষ্ণনগর পৌঃ	৬ ২৬	৯ ১৬	১০-৩	১১-৪১	১৪-১০	১৬-৩৮	১৯-১১	
ছাঃ	৬ ২৬	৭-১৮	১০-১১			১৬ ৫৬	১৯-২৫	
রাণাঘাট পৌঃ			১০-৪৬			১৭-৩১		
(বদল) ছাঃ			১১-০			১৭-৪৩		
কলিকাতা পৌঃ	৮-১৬	৯-২১	১১-১	১২-১৬	১৪-১৬	১৯-১১	২১-৪১	২৩-২৬

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৩-৩১	১৬-০		
কৃষ্ণনগর পৌঃ	১৪-১০	১৬-৩৮		
ছাঃ	১৫-২৮	১৭-১৫		
শান্তিপুর পৌঃ	১৬-৯	১৭-৫৬		
(বদল) ছাঃ	১৬-৩৩	১৮-১	(রবিবার ভিন্ন)	১৮-৮ (রবিবার)
রাণাঘাট পৌঃ	১৭-১০	১৮-২৭		১৮-৩৩
(বদল) ছাঃ	১৭-৪০	১৮-৪৭		১৮-৪০
কলিকাতা পৌঃ	১৯-১১	২০-৬		২০-৬

পোঃ— শ্রীমায়াপুর
টেলিগ্রাম—শ্রীধাম
শ্রীমায়াপুর

REGD NO C 1544

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

৪০ খণ্ড । শ্রীমায়াপুর— ১৫ই বৈশাখ, ১৩৪৬, ২৯শে এপ্রিল, ১৯৩৯, শনিবার । ৫১শ সংখ্যা

ইনকাম্‌ট্যাক্স নোটিশ

[ভারতবর্ষীয় ১৯২২ সালের ইনকাম্‌ট্যাক্স আইনের (১৯২২ সনের ১১ আইন) ২২ ধারার (১) সাবসেকসন]

১৯৩৯ সালের ১লা এপ্রিলের পূর্ব্বে ১ বৎসর অতীত হইয়াছে। সেই বৎসরের আয় সম্বন্ধে রিটার্ণ দিবার নিয়ম। ১৯২২ সনের ভারতবর্ষীয় ইনকাম্‌ ট্যাক্স আইনের ২২ধারার অন্তর্গত ১ নং ধারা বিধান অনুযায়ী নোটিশ দেওয়া যায় যে, প্রত্যেক ব্যক্তি যাহার আয় পূর্ব্ব বৎসরে ইনকাম্‌-ট্যাক্স ধার্য্য হইবার যোগ্য আয়কে ছাপাইয়া গিয়াছে সেই ব্যক্তি এই নোটিশ পাইবার পর ৬০ দিনের মধ্যে যেন রেকর্ডের নির্দ্দিষ্ট ফরমে ও নির্দ্দিষ্ট ভেরিফিকেসন দ্বারা লিখিত সমুদয় বিবরণসহ পৃথিবীব্যাপী তাহার পূর্ব্ব বৎসরের সমস্ত আয়ের রিটার্ণ দাখিল করেন।

যে ব্যক্তি এই নোটিশ অনুযায়ী কার্য্য করিতে প্রস্তুত, তিনি মুর্শিদাবাদ-নদীয়ার বহরমপুরে অবস্থিত ইনকাম্‌ট্যাক্স অফিসারের নিকট দরখাস্ত করিলে বিনা ব্যয়ে তাহাকে ঐরূপ নিয়মের ফরম্‌ প্রদত্ত হইবে।

অকরণে দণ্ডবিধি—যদি বিনা বিশেষ কারণে এই নোটিশের মর্ম্মানুযায়ী ঐরূপ রিটার্ণ দাখিল করেন না বা উপরোক্ত সময় মত দাখিল করিবেন না অথবা নিয়মিত দিন অনুযায়ী দাখিল করিবেন না তিনি উক্ত আইনের ২৮ ধারা অনুযায়ী দণ্ডনীয় হইবেন। উক্ত দণ্ডের পরিমাণ তাহার দেয় ট্যাক্সের দেড় গুণের অতিরিক্ত হইবে না।

ট্যাক্স ধার্য্য হইবার স্থান—উক্ত আইনের ৬৪ বিধান অনুসারে ট্যাক্সদাতা যেখানে তাঁহার কারবার কার্য্য বা ব্যবসা বাণিজ্য করিয়া থাকেন সেই এলাকার ইনকাম্‌ট্যাক্স অফিসার কর্ত্তৃক অথবা যদি তাঁহার ব্যবসা-বাণিজ্য ইত্যাদি ভিন্ন ভিন্ন এলাকায় অবস্থিত থাকে, তবে তাঁহার প্রধান ব্যবসায়কেন্দ্র যেখানে অবস্থিত সেই এলাকার ইনকাম্‌ট্যাক্স অফিসার কর্ত্তৃক এবং অন্যত্র অবস্থায় যে স্থানে বসবাস করেন, সেই এলাকার ইনকাম্‌ট্যাক্স অফিসার কর্ত্তৃক তাঁহার ট্যাক্স ধার্য্য হইতে পারে।

তবে যদি কোথাও কোনও ইনকাম্‌ট্যাক্স অফিসার কোন বিশেষ প্রকারের আয় বা কোন বিশেষ প্রকারের ব্যক্তির উপর ট্যাক্স ধার্য্য করিবার জন্য বিশেষভাবে ক্ষমতা প্রাপ্ত হইয়া থাকেন, তাহা হইলে সেই ব্যক্তি বা সেইরূপ আয় উক্ত অফিসার কর্ত্তৃক ধার্য্য হইবে।

তারিখ ২৯শে এপ্রিল ১৯৩৯

Note :—১৯৩৯ সালে যে বৎসর আরম্ভ হইয়াছে যে পরিমাণ আয়ের ট্যাক্স ধার্য্য হয় না।

(১) কোর্ট অব্‌ ওয়ার্ডস্‌ ম্যাজিষ্ট্রেটের যেকোন অফিসার স্থায়ী কোন আদালত কর্ত্তৃক নিযুক্ত কোন ম্যানেজার বা রিসিভার কিম্বা কোন ট্রাষ্টি (বলিল) কর্ত্তৃক নিযুক্ত, যেখানে কোন ব্যক্তি বিশেষের পক্ষে কোন আয় বা মুনাফা গৃহীত হয় না কিম্বা যেখানে অনেক লোকের সম্বন্ধে আয় গৃহীত হয় অথচ ব্যক্তিগত ভিন্ন অংশাই বা জানা থাকে না সেখানে............(টাকা শূন্য)

২। কোন কোম্পানী বা লোক্যাল অথরিটি........(টাকা শূন্য)

৩। কোন ব্যক্তি যদি বৃটিশের প্রজা কিম্বা ভারতবর্ষ কিম্বা বর্ম্মার অন্তর্গত কোন ষ্টেটের প্রজা এবং যিনি বৃটিশ-ভারতবর্ষের অধিবাসী নহেন এবং যাহার মোট পৃথিবীব্যাপী আয় ২০০০৲ টাকার অধিক.. .. .. (টাকা শূন্য)

৪। অন্য কোন ব্যক্তি যিনি এ দেশের অধিবাসী নহেন.. .. .. (টাকা শূন্য)

৫। অন্য কোন ব্যক্তি, হিন্দু যৌথ পরিবার যৌথ কারবার বা সঙ্ঘ...... (২০০০৲ টাকা)

স্বাক্ষর
মিঃ এ, আর মুখার্জ্জি

২৯শে এপ্রিল
১৯৩৯

ইন্‌কামট্যাক্স অফিসার
মুর্শিদাবাদ-নদীয়া
বহরমপুর (বেঙ্গল)

ফজলেহকের প্রতি সাভারকর

নিখিল ভারত হিন্দু মহাসভার সভাপতি শ্রীযুত বিনায়ক দামোদর সাভারকর মিঃ ফজলুল হকের নিকট নিম্নলিখিত তার প্রেরণ করিয়াছেন—

"হিটলারের নিকট আপনি যে প্রস্তাব করিয়াছেন, যদি তাহা সার্থক অভিযান হইতে স্বাধীনতা ও গণতান্ত্রিকতাকে রক্ষার জন্য নিষ্কাশিত মানবীয় ভূমিকা প্রণোদিত হইয়া করিয়া থাকেন, তবে অনুগ্রহপূর্ব্বক বৃটেনকে হিন্দুস্থানের উপর তাহার সমস্ত আধিপত্য অপসারণ করিতে এবং তাহাকে স্বাধীন ও আত্মনিয়ন্ত্রণশীল শাসনতন্ত্র অর্পণ করিতে বলিবেন। ক্ষুদ্র জাতিগুলি যতখানি আত্মনিয়ন্ত্রণ অধিকার দাবী করিতে পারে, হিন্দুস্থানের ন্যায় একটা বিরাট জাতি অন্ততঃ ততটুকু ন্যায়সঙ্গতভাবে দাবী করিতে পারে।"

কার্ম্মান-ইহুদীর মরীশাসে চাকুরী লাভ

ডাঃ অটো কোমিসেনবাক্তর নামক একজন জার্ম্মান ইহুদীকে মরীশাস সরকারের অতিরিক্ত স্থপতি নিযুক্ত করা হইয়াছে। আগামী ডিসেম্বর মাসে মরীশাস সরকারের স্থপতি মিঃ এস এইচ গ্রীমসোয়া অবসর গ্রহণ করিলে তিনি তাঁহার পদে প্রতিষ্ঠিত হইবেন বলিয়া জানা গিয়াছে।

কুচাও বন্দরে জাপ বিমানের হানা

এই মর্ম্মে সংবাদ আসিয়াছে যে, ২৯শে এপ্রিল তারিখে কুচাও সহরে ও বন্দরের উপর জাপ-বোমারু বিমান বোমা বর্ষণ করে। ফলে বিদেশীদের ধনসম্পত্তির বহু ক্ষতি হইয়াছে। একটি জার্ম্মান জাহাজ ধ্বংস হইয়াছে। একটি আমেরিকান হাসপাতালের উপর বোমা পড়ে এবং বৃটিশ ধর্ম্মযাজকের আফিস আংশিকভাবে বিনষ্ট হইয়াছে।

পৃথিবীর সবচেয়ে দামী মানচিত্র

ফ্রান্সের রেশাল্ড মুসেও ট্রেজারীতে একখানা মানচিত্র আছে। উক্ত ম্যাপটি ফ্রেঞ্চ বিপ্লব সম্পর্কে রচিত। সম্পূর্ণ ম্যাপখানি খাঁটি সোনা দ্বারা প্রস্তুত ও দামী রত্নের বোতাম দ্বারা আঁটা আছে। ম্যাপখানির মূল্য প্রায় ২২ লক্ষ ৫০ হাজার টাকা।

ভাক্তর অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল সরস্বতী ঠাকুরের পরবিদ্যাভূষণ গোস্বামী মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক। প্রতি একাদশীতে প্রকাশিত হয়। কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। সডাক ভিক্ষা ৩।০ টাকা মাত্র।

২। গৌড়ীয়—মহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৷০ টাকা মাত্র।

৩। ভাগবত—হিন্দীভাষায় একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ টাকা মাত্র

৫। শ্রীগৌড়ীয়—মহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৸০ মাত্র।

পরমগুরু শ্রীগৌরকিশোর

গৌড়ীয়-সম্পাদক-শিরোমণি, শ্রীগৌড়ীয়মঠাধ্যক্ষের কৃপাপ্রাপ্ত, বহুশাস্ত্রবিৎ এর রচিত "পরমগুরু শ্রীগৌরকিশোর" গ্রন্থখানি প্রকাশিত হইয়াছে। এই গ্রন্থে শুদ্ধগৌড়ীয়বৈষ্ণবজগতের পরমারাধ্য, গৌড়ীয়গৌরব মহামহিম অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ নিত্যলীলাপ্রবিষ্ট পরমহংস ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল গৌরকিশোর গোস্বামী প্রভুবরের অলৌকিক চরিতকথা বর্ণিত আছে।

শ্রীশ্রীভক্তিবিনোদাবির্ভাব-শতবর্ষপূর্ত্তি-তিথিপূজার উপায়ন-গ্রন্থমালা

——※——

১। শ্রীতিসাহিত্যে শ্রীভক্তিবিনোদ

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র সাহিত্যের সমালোচনা-গ্রন্থ) —

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

২। শ্রীভক্তিবিনোদবাণীবৈভব

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের রচনাবলী হইতে সংগৃহীত ১০৮টী অধ্যায়ে সম্বন্ধ-অভিধেয়-প্রয়োজনাকারে গ্রথিত অপূর্ব্ব উপদেশপূর্ণ গ্রন্থ)

ভিক্ষা—৩৲ তিন টাকা মাত্র।

৩। শ্রীশ্রীভক্তিবিনোদ-প্রসঙ্গ

ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ ও ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল গৌরকিশোর পরমহংস গোস্বামীপ্রভু-বর্ণিত এবং গৌড়ীয়ে প্রকাশিত শ্রীশ্রীভক্তিবিনোদ-চরিত-প্রসঙ্গ

ভিক্ষা—।৵০ ছয় আনা মাত্র।

৪। ছাত্রদের ভক্তিবিনোদ

(ছাত্রদের উপযোগী ভাষায় লিখিত শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্র ও শিক্ষা)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

(ছাত্রদের পক্ষে ভিক্ষা—।০ আট আনা মাত্র)

প্রাপ্তিস্থান :—

(১) 'ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট', পোঃ শ্রীমায়াপুর, নদীয়া ;

(২) শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ;

(৩) শ্রীযুক্ত [illegible] ৮৭-এ, বি-এম্‌, [illegible] পোঃ [illegible]।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্‌,—সমগ্র ৪০
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত — ৩৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। ভাষ্যসহ বিরাট শ্রীচৈতন্যভাগবত (অধীনা) ৭৲
৩। ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬
৪। সজ্জনতোষণী (অধীনা) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০ ; ২য় খণ্ড ১৲ ; ৩য় খণ্ড—৸০
৪র্থ খণ্ড ৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড —৸০ ; ২য় খণ্ড —১৲ ; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার দীপিকা ও সংস্কার দীপিকা ১।০
৯। বৈষ্ণবধর্ম ১৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ১৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ।০
১৫। [illegible] ।০ ৸০
১৭। [illegible] ।০
১৮। [illegible] ।০
১৯। তত্ত্ববিবেক ।০
২০। গৌড়ীয়-গৌরব ।৵০
২১। গৌড়ীয়দর্শিকা ।৵০
২২ ভজন রহস্য ।০
২৩। শ্রীচৈতন্যভাগবত ও শ্রীনবদ্বীপশতক (বাঁধা) ১৲
২৪। গীতা (শ্রীধরের টীকা সহ) ১৲
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) ১৲
অধীনা) ১৲
২৬। গীতার কেবল মাত্র ভাষা ৸০
২৭। [illegible] (সংস্করণ) ১৲
২৮। [illegible] (সংস্করণ) ।০
২৯। প্রেমবিবর্ত (তৃতীয় সংস্করণ) (বাঁধা) ৸০
৩০। শ্রীল [illegible] ৵০
৩১। সাধনপথ (তৃতীয় সংস্করণ) ।৵০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ।০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪। [illegible] (নবদ্বীপ-পরিক্রমা) ৵০
৩৫। শ্রীগুণমালা ৵১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৵০
৩৭। [illegible] ৵০
৩৮। [illegible] ।০
৩৯। [illegible] ।০
৪০। [illegible] ৵০
৪১। গীতাবলী ৵০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
৪৩। সাধনপথ ৵০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ৵
৪৫। নবদ্বীপশতক
৪৬। অর্চনপদ্ধতি
৪৭। সদাচারস্মৃতিঃ ৹/
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৵১০
৪৯। অর্চনকণ্ঠ ৵১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম ও ২য় খণ্ড) ২৲
৫১। ব্রহ্মসংহিতা ।০
৫২। মণিমঞ্জরী (সংস্কৃত) ।০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ-বিনির্ণয় ।০
৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ।০
৫৬ ভারতবর্ষ ও ভক্তিপথ ৶০
৫৭। ঈশোপনিষদ (ভাষ্যাদিসহ)
৫৮। শ্রীরূপশিক্ষা ৶০
৫৯। নিত্যধর্মদর্পণ ৶০
৬০। সাধনবাণী /০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতম্‌ ।০
৬২। শিক্ষাষ্টক সম্বন্ধী বিবৃতিঃ ।০
৬৩। সটীক-শিক্ষাদশমূলম্‌ ।০
৬৪। [illegible] ।০
৬৫। [illegible] ৶০
৬৬। গৌড়ীয়[illegible] /০
৬৭। [illegible] ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।
৬৯। এ ভিজিট টু ওয়েষ্টার্ন [illegible] ।
৭০। [illegible] /০
৭১। বেদান্ত—ইটস্‌ মরফলজি অ্যাণ্ড অণ্টলজি ।০
৭২ রিলেটিভ ওয়ার্ল্ডস্‌ ।৵০
৭৩। লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস অব শ্রীচৈতন্য মহাপ্রভু ।০
৭৪। [illegible] ।০
৭৫। [illegible] /০
৭৬। দি ভাগবত ।০
৭৭। থিইষ্টিক ফিলজফি অ্যাণ্ড [illegible] ।০
৭৮। ব্রহ্মসংহিতা ২৸০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (প্রথম খণ্ড) ১২৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীচৈতন্যশিক্ষামৃত ।০
৮১। সাধন-পথ ।০
৮২। কল্যাণ-কল্পতরু ৶০
৮৩। [illegible] /০
৮৪। [illegible] /০

জার্মান ভাষায় প্রকাশিত

৮৫। [illegible]

ফ্রেঞ্চ ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যদেব ২৲

প্রাপ্তিস্থান — শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

দৈনিক নদীয়া-প্রকাশ

একমাত্র পারমার্থিক দৈনিক-পত্র

শ্রীধাম-মায়াপুর-নদীয়া

১৭শ বর্ষ | ২৫ মধুসূদন ৪৫৩ গৌরাব্দ, ১৫ই বৈশাখ বঙ্গাব্দ ১৩৪৬, ২৯শে এপ্রিল ইং ১৯৩৯, শনিবার | ৫১শ সংখ্যা

সাময়িক-প্রসঙ্গ

——:(*):—

শ্রীপাটে কীর্ত্তন

শ্রীধামমায়াপুর আকর মঠরাজ শ্রীচৈতন্য-মঠ প্রাঙ্গণে, যথারীতি ৭ সন্ধ্যায় সর্ব্বক্ষণ হরিকথা কীর্ত্তন হইতেছে। গত ২৫শে এপ্রিল মঙ্গলবার সন্ধ্যারাত্রিকের পর ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ বহুক্ষণ যাবৎ হরিকথা কীর্ত্তন করেন। প্রাতে পণ্ডিত শ্রীপাদ উদ্ধারণীনন্দি ভক্তিশাস্ত্রী, বি-এ মহোদয় শ্রীচৈতন্যভাগবত ও মধ্যাহ্নে উপদেশক পণ্ডিত শ্রীপাদ ভক্তি-সৌরভ, ভক্তিসৌরভ ভক্তিশাস্ত্রী মহোদয় "শ্রীভক্তিবিনোদ-বাণী-বৈভব" গ্রন্থ পাঠ ও ব্যাখ্যা করেন। পাঠের আদি ও অন্তে মহাজনপদাবলী ও মহামন্ত্র কীর্ত্তন হয়।

— —

কলিকাতা মঠাশ্রমগৃহে প্রচার

কলিকাতা মহানগরীর (বালিগঞ্জ) গোতার রোডস্থিত শ্রীযুক্ত শান্তিময় সেন মহাশয়ের মাতাঠাকুরাণীর আন্তরিক আহ্বানে শ্রীগৌড়ীয়মঠের অন্যতম প্রচারক ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিবৈভব সাগর মহারাজ গত ২৫শে এপ্রিল মঙ্গলবার কতিপয় ব্রহ্মচারী সহ অপরাহ্ণ ৬॥০ ঘটিকার সময় তাঁহার গৃহে গমন করেন। স্বামীজী মহারাজ শ্রীমদ্ভাগবত হইতে চিত্রকেতু উপাখ্যান পাঠ ও ব্যাখ্যা করেন।

প্রসঙ্গক্রমে তিনি বলেন, নিত্যবস্তু কৃষ্ণ, তাঁহাকে না চাহিয়া, তাঁহার সহিত সম্বন্ধ না করিয়া, আমরা এই পরিবর্ত্তনশীল জগতে অনিত্য বস্তু চাহিতেছি এবং তাঁহার সহিত সম্বন্ধ করিতেছি তাই বস্তুর অপ্রাপ্তিতে দুঃখ ও প্রাপ্তিতে ভয় আসিয়া শোক প্রভৃতি নানাপ্রকার কষ্ট ভোগ করিতেছি। সুতরাং বুদ্ধিমান্ ব্যক্তিগণ অশোক, অভয় ও অমৃতপূর্ণ নিত্য শ্রীকৃষ্ণপাদপদ্মের সহিত সম্বন্ধ করিয়া নিত্যশান্তি লাভ করিবেন। স্বামীজী মহারাজ প্রায় ২॥০ ঘণ্টা-কাল হরিকথা কীর্ত্তন করেন। পাঠের আদি ও অন্তে মহাজনপদাবলী ও মহামন্ত্র কীর্ত্তন হয়। বহু শ্রদ্ধালু ভদ্র মহোদয় ও মহিলা সভায় উপস্থিত ছিলেন। সকলেই বিশেষ শ্রদ্ধা ও আগ্রহের সহিত স্বামীজী মহারাজের নিকট হরিকথা শ্রবণ করেন।

চট্টগ্রামে প্রচার

শ্রীশ্রীবিশ্ববৈষ্ণবরাজ-সভার অন্যতম প্রচারক উপদেশক শ্রীপাদ অনাদিকৃষ্ণ ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রীজী কতিপয় মঠসেবক সহ গত ১৫ই এপ্রিল ১লা বৈশাখ শনিবার পাথরঘাটা নিবাসিনী শ্রীযুক্তা সাবিত্রী বালা সেন মহোদয়ার ভবনে উপস্থিত হইয়া শ্রীমদ্ভাগবত হইতে শ্রীকৃষ্ণের যাজ্ঞিক-বিপ্রপত্নীগণকে অনুগ্রহ ও যাজ্ঞিক-বিপ্রগণের অনুতাপ সম্বন্ধে পাঠ ও ব্যাখ্যা করেন। তথায় বহু শিক্ষিত ভদ্রলোক ও অন্তঃপুরিকা মহিলা উপস্থিত হইয়া ভক্তিশাস্ত্রীজীর মুখে পাঠ ও ব্যাখ্যা শ্রবণে পরমানন্দ লাভ করেন। পাঠের আদি ও অন্তে শ্রীগুরুবন্দনা, বৈষ্ণববন্দনা, গৌরকীর্ত্তন, মহাজনপদাবলী ও মহামন্ত্র কীর্ত্তন হয়।

গত ১৭ই এপ্রিল সোমবার ভক্তিশাস্ত্রীজী কতিপয় মঠসেবক সমভিব্যাহারে চৈতন্য-মঠাশ্রিত ভক্ত ডাক্তার শ্রীযুত ভজনলাল দাসাধিকারী মহাশয়ের খাতুনগঞ্জস্থিত বাসায় উপস্থিত হইয়া রাত্রি ৮টা হইতে ১০টা পর্য্যন্ত শ্রীমদ্ভাগবত ৩য় স্কন্ধ ৩০শ অধ্যায়ের কপিল দেবহূতি-সংবাদ মরণ প্রাক্কালীন অবস্থার ব্যাখ্যা করিয়া সমবেত সজ্জনমণ্ডলীর আনন্দবিধান করেন। পাঠের আদি ও অন্তে গুরুবন্দনা, গৌরকীর্ত্তন, মহামন্ত্র ইত্যাদি কীর্ত্তন হয়। সভায় উপস্থিত শিক্ষিত সজ্জনবৃন্দের মধ্যে নিম্নলিখিত ব্যক্তিগণের নাম বিশেষ উল্লেখযোগ্য—

শ্রীযুত ধীরেন্দ্রচন্দ্র দে সরকার, ডাক্তার শ্রীযুক্ত নলিনীকান্ত নন্দী, কবিরাজ, কবিশেখর, শ্রীযুত নন্দকুমার মহাজন মার্চ্চেন্ট, শ্রীযুত দুলীগোপাল পাল, মার্চ্চেন্ট, শ্রীযুত দুর্গাচরণ পোদ্দার, মার্চ্চেন্ট, শ্রীযুত বিহারী লাল সাহা, মার্চ্চেন্ট, ব্রাহ্মণবাড়িয়া।

বিশ্বমাঝে জানিবে বন্ধু পিতামাতা
বিনাতে পরমা শান্তি তাঁর পদতলে॥

(৭)

ভজনের মূল হয় শ্রীভজনগণ—
ভজন সেবক হয় মাত্র আপনার।
ভগবান্ কৃপা করি জানায় তখন,
ভক্তরূপে বাসুদেব কৃপা-অবতার।

ভজনের মূল

(প্রাপ্ত)

(১)

নির্জ্জনে বসি মন কিবা কর ধ্যান,
"ধ্যানমূলং গুরুমূর্ত্তি" আশ্রয়-বিগ্রহ;
গুরুপাদে না লভিলে চেতন বিজ্ঞান,
জানিবে অদৃষ্টে আছে দারুণ দুর্গ্রহ।

(২)

গুরুপাদপদ্মপূজা করি বিসর্জ্জন,
কোথা যাও করিবারে শ্রীহরি অর্চ্চন;
"পূজামূলং গুরুপদং" জেনো সর্ব্বক্ষণ,
কর মন গুরুপদে আত্মনিবেদন।

(৩)

অবহেলি গুরুবাক্য কিবা কর জপ,
"মন্ত্রমূলং গুরুবাক্যং" শুন ওরে মন,
চেতনতা হীন হবে যত জপ তপ,
গুরু বিনা বিধ্যাচার সকল সাধন।

(৪)

গুরু ত্যজি হ'তে চাও সিদ্ধ-মহাজন,
কতই করিছ মন জল্পনা কল্পনা;
"সিদ্ধিমূলং গুরুকৃপা" মুক্ত্য বচন,
অকৃপায় কপটতা স্বপর-বঞ্চনা।

(৫)

কৃপাময় শ্রীগুরুদেবে করি অনাদর,
দশুক্তে প্রীতি তব ওরে মূঢ় মন,
বৎসহীনা বকাগাভী-সেবনে তৎপর,
মিটিবে না ক্ষুধা তাহে শুন রে বচন।

(৬)

কৃষ্ণশ্রেষ্ঠ গুরুদেব কৃষ্ণভক্তি-দাতা,
মহা অপরাধ তাঁরে মর্ত্ত্যবুদ্ধি হ'লে।

মায়ারে করিয়া জয় ছাড়ান না যায়। সাধু-গুরু-কৃপা বিনা না দেখি উপায়॥

"ভগবান্ আমাদিগকে পরীক্ষা করিবার জন্য এবং আমাদিগের মঙ্গল বিধানের জন্য নানাপ্রকার অসুবিধা এই প্রপঞ্চে স্থাপন করিয়াছেন। ঐ গুলিই আমাদিগের মঙ্গলের কারণ জানিয়া আমরা তাঁহার সেবায় প্রবৃত্ত হইব। যাঁহারা ভগবানের সেবা করেন তাঁহারাই ভক্ত। সকল অসুবিধার মধ্যে ভগবৎ-কথা, শ্রবণ, কীর্ত্তন ও স্মরণ করিবেন।"

(শ্রীল প্রভুপাদ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

২৫ মধুসূদন অব্যয় ক্ষীরোদশায়ী গৌরাব্দ ৪৫৩

অসুখ

সুখের অভাবই অসুখ। যিনি সুখময় বস্তু, যিনি নিত্যসুখবোধবস্তু, যিনি নিত্যানন্দ বস্তু, যাঁহাকে আশ্রয় করিয়া জীব সুখসাগরে নিমজ্জিত হয়, যাঁহার আশ্রয় ব্যতীত সুখশান্তি লাভের অন্য কোন উপায় নাই, সেই শুদ্ধবৈষ্ণব ভগবানের নিকট কি অসুখ থাকিতে পারে? যেখানে আলোক সেখানে কি অন্ধকার থাকিতে পারে? তবে সুখময়গণের অসুখ দেখা যায় কেন? অন্ধকারে কি সুখের সম্ভাবনা আছে? কিন্তু তথাপি যদি সুখময়গণের মধ্যে অসুখ দেখা যায়, তবে তাহা বঞ্চনা নহে কি? সুখ ও দুঃখের যুগপৎ সমন্বয় হইতে পারে না। যেখানে সুখ সেখানে দুঃখ নাই, যেখানে দুঃখ সেখানে সুখ নাই, ইহা স্বাভাবিক। সুখের মধ্যে দুঃখ বা আলোর মধ্যে অন্ধকার প্রতীতি ভ্রান্ত প্রতীতি ছাড়া আর কিছুই নহে

নিরন্তর ভগবৎসেবানন্দে মত্ত থাকিয়া সময় সময় শুদ্ধবৈষ্ণবগণকে যে অসুখের লীলাভিনয় করিতে দেখা যায় তাহা ত্রিতাপ-ভোগ নহে, পরন্তু তাহাতে অপার কৃপা নিহিত আছে। শুদ্ধবৈষ্ণব-ভগবান্ উভয়েই কৃপাময় ও রক্ষক উভয়ই। বঞ্চিত তাঁহাদের কৃপালাভে অসমর্থ হইয়া বঞ্চিত হয়, কিন্তু কৃপাপ্রার্থীর নিকট তাঁহার কোন কথা নাই। ভক্তগণ অসুস্থাভিনয় করিয়া সেবোন্মুখ ব্যক্তিগণকে সেবাসুযোগ প্রদান করেন, আর বিমুখ অপরাধী জীবকে বঞ্চনা করেন। অসুস্থ হইয়াও, নানা ক্লেশের মধ্যে থাকিয়াও যে কি করিয়া হরিসেবার জন্য অখিল-চেষ্টাবিশিষ্ট হইতে হয়, তাহা তাঁহারা এই লীলায় প্রদর্শন করেন। সুস্থই হরিভজন করিতে পারে, অসুস্থ হরিভজন করিতে পারে না, সর্ব্বাবস্থায় হরিভজন করিতে পারা যায় না,—এই ভ্রম ভাঙ্গিবার জন্য অসুস্থতার মধ্যেও তাঁহারা নানাভাবে ভগবৎ-সেবাকার্য্যে নিযুক্ত থাকিয়া আমাদিগকে ভগবদ্ভজন শিক্ষা দিয়া থাকেন। সুতরাং ভক্তের অসুখের অভিনয় যে সেবাশিক্ষা বা সেবার সুযোগ প্রদান ছাড়া আর কিছুই নহে, তাহা বলাই বাহুল্য।

দেহাসক্ত জীবের জন্য কৃপাবতার শ্রীবিগ্রহ যেরূপ পূর্ণকাম হইয়াও সাপেক্ষপ্রায়, সর্ব্বজ্ঞ হইয়াও অজ্ঞপ্রায়, সর্ব্বশক্তিসম্পন্ন হইয়াও অশক্তিকপ্রায়, রক্ষক হইয়াও রক্ষ্যপ্রায়, পালক হইয়াও পাল্যপ্রায় রূপ প্রদর্শন করেন, শুদ্ধবৈষ্ণবগণও সেইরূপ সেবোন্মুখ জীবকে সেবানুষ্ঠানের সুযোগ প্রদানের জন্য ঐরূপ রোগিপ্রায়, অজ্ঞপ্রায় ও সাপেক্ষপ্রায় রূপ প্রদর্শন করিয়া থাকেন। ঐরূপ না করিলে দেহাসক্ত জীবের সেবাসুযোগ লাভ হয় না। সেইজন্যই বলিতেছি, ইহা তাঁহাদের জগতের প্রতি অপার করুণার নিদর্শন।

যাঁহার কৃপায় মায়ামুক্ত হওয়া যায়, ত্রিতাপ হইতে উদ্ধার লাভ করা যায়, তাঁহার কি আবার ত্রিতাপ থাকে? ভক্তগণ জানেন যে, শুদ্ধবৈষ্ণবের অসুখ হয় না, তথাপি শুদ্ধবৈষ্ণব-ভগবানে তাঁহার এত প্রীতি যে, তাঁহারা তাঁহার সেবার জন্য আর্ত্ত না হইয়া পারেন না। শ্রীগুরুদেব অভিমর্ত্ত্য, তাঁহার রোগ-শোক-কষ্ট নাই, সুতরাং তাঁহার সেবার কোন দরকার নাই, এরূপ দুর্ব্বিচার তাঁহাদের হৃদয়ে স্থান পায় না। যেরূপ স্বয়ংরূপ শ্রীকৃষ্ণকে কেহ মারিতে পারেন না জানিয়াও ব্রজবাসিগণ কৃষ্ণের কোন কিছু দেখিয়া স্থির থাকিতে পারে না সেইরূপ। অভক্তগণ ইহা বুঝিতে না পারিয়া, এত সুযোগ পাইয়াও শুদ্ধবৈষ্ণব-কৃপা ও সেবা হইতে বঞ্চিতই হন। সুতরাং শ্রীগুরুবৈষ্ণবগণ রোগের অভিনয় করিয়া অনুগত শিষ্যকে যে সেবাসুযোগ প্রদান করেন, সেই সুযোগ গ্রহণ না করিলে শিষ্যের পক্ষে সেই সর্ব্বনিরপেক্ষ মহাভাগবতের সেবা করিবার অন্য সুযোগ নাই

ভজন-বিজ্ঞান-রহস্য

(প্রাপ্ত)

সদ্গুরু-পদাশ্রিত নিষ্কপট আত্মমঙ্গলকামী ব্যক্তিমাত্রেই সর্ব্বক্ষণ চিন্তা করিয়া থাকেন,—"আমি ক্রমশঃ ভজন-উন্নতি করিয়া আমার একমাত্র লোভনীয়—পরম পুরুষার্থ—পরম প্রয়োজনীয় বস্তু কৃষ্ণপ্রেমধন লাভ করিব।" এই প্রকার বিচারে প্রতিষ্ঠিত থাকিয়া শ্রীগুরুবৈষ্ণবগণের কৃপায় তিনি বুঝিতে পারেন যে, শুদ্ধভক্তির অনুকূল-বিষয়-গ্রহণ ও প্রতিকূল বিষয়-বর্জ্জনে সর্ব্বদা চেষ্টা না থাকিলে তিনি কখনও অভীষ্টের আস্বাদন—কৃষ্ণপ্রেমধন লাভ করিতে পারিবেন না। তখন এ বিষয়ে সাধু শাস্ত্রসমূহের — মহাজনগণের — শ্রীগুরুবৈষ্ণবসাধুগণের আচরণ ও উপদেশ-সমূহকেই তিনি তাঁহার জীবনের ধ্রুবতারারূপে নির্দ্দেশ করেন।

• ঠাকুর শ্রীভক্তিবিনোদের উপদেশ—

"যদি ভজন-প্রারম্ভে উৎসাহ থাকে এবং ঐ উৎসাহ শিথিল না হইয়া পড়ে, তবে আর কখনও নাম-ভজনে উদাসীনতা, আলস্য বা বিক্ষেপ আসিতে পারে না। সুতরাং উৎসাহই সকল ভজনের সহায়। ভক্তিক্রিয়া উৎসাহময়ী হইলে অতি অল্পদিনে অনিষ্ঠতা-দর্প পরিত্যক্ত হইয়া নিষ্ঠা দশাকে লাভ করে।"

("উৎসাহ",—সঃ তোঃ ১১।১)

"সাধন-সময়ে যে কাল বিলম্ব হয়, তাহাতে অধৈর্য্য হইয়া কোন কোন ব্যক্তি পরমার্থ হইতে বিচ্যুত হন। অতএব ফলের আশা করিয়াও যে ভজন-প্রয়াসী ব্যক্তি ধৈর্য্য অবলম্বন করেন, তাঁহারই ফলপ্রাপ্তি হয়। 'কৃষ্ণ আমাকে অদ্য বা একশত বৎসরে বা কোন জন্মে অবশ্য কৃপা করিবেন; আমি দৃঢ়তা পূর্ব্বক তাঁহার চরণ আশ্রয় করিব, কখনও ছাড়িব না'—এই প্রকার ধৈর্য্য ভক্তিসাধকদিগের পক্ষে নিতান্ত বাঞ্ছনীয়।"

(—'ধৈর্য্য', সঃ তোঃ ১১।৫)

"ভক্তির অনুকূল স্বীকার এবং প্রতিকূল পরিহার-বিষয়ে সাধকের দৃঢ়তা ও যত্ন আবশ্যক। সংসারী জীবের অনেক সময়ে অনেক ভজন-প্রতিকূল ব্যাপার ঘটে; বিশেষ যত্ন ও দৃঢ়তা-পূর্ব্বক সেগুলি পরিত্যাগ না করিলে সাধনের বিঘ্ন উপস্থিত হইয়া অভীষ্ট-লাভে বিলম্ব ঘটায়।"

(—'সাধন' সঃ তোঃ ১১।৫)

"ভগবদ্ভাগবত-প্রসাদ ব্যতীত কিছুই ভোজন করিব না, ভগবদ্-ভাগবতরূপ ব্যতীত ও স্থানাদি ব্যতীত আর কিছুই দেখিব না, প্রসাদ-গন্ধ ব্যতীত আর কিছুর ঘ্রাণ লইব না, ভগবদ্-ভাগবত কথা ব্যতীত আর কোন কথা শুনিব না, হস্তপদাদিবিশিষ্ট শরীরকে ভগবদ্-ভাগবত-সম্বন্ধযুক্ত ব্যাপারে নিযুক্ত করিব না, তদ্ব্যতীত কিছুই ধ্যান, চিন্তা ও আস্বাদন করিব না, ভক্তির ব্যতীত অন্য কাব্যালাপাদি বলিব না'—এইরূপ সমস্ত প্রাতিকূল্য বর্জ্জন।"

(—'শ্রদ্ধা ও শরণাগতি', সঃ তোঃ ৪।৯)

"ভজনের অনুকূল বিষয়ে মহাজনের চিত্তটি পুষ্পের ন্যায় কোমল। ভজনানুকূল বিষয়, দ্রব্য, কাল, পাত্র ও দেশ লক্ষ্য করিলে মহাজনের চিত্ত আর্দ্র হয়। ভজনের প্রতিকূল বিষয়, দ্রব্য, কাল পাত্র ও দেশ লক্ষ্য করিলে মহাজনের চিত্ত বজ্রের ন্যায় কঠিন হয়; সে সমুদয় তিনি কিছুতেই স্বীকার করেন না।"

(—'বৈষ্ণবস্বভাব', সঃ তোঃ ৪।১১)

"নামাশ্রিত ভক্ত গৃহে থাকুন বা বনে যান, তাহাতে কোন বিচার নাই; কেন না, গৃহ নামানুশীলনের অনুকূল হইলে ভিক্ষাশ্রম অপেক্ষা ভাল, আবার নামানুশীলনের প্রতিকূল হইলে গৃহত্যাগই বৈষ্ণবের কর্ত্তব্য।"

(—'নামবলে পাপবুদ্ধি,' হঃ চিঃ

"নামভজনকারী ব্যক্তি নামের যাহা অনুকূল, তাহা ব্যতীত আর কিছুই করিবেন না।" নামাপরাধ অর্থাৎ নামের যাহা প্রতিকূল, তাহা সর্ব্বতোভাবে পরিত্যাগ করিবেন। কৃষ্ণই আমার একমাত্র রক্ষাকর্ত্তা ও প্রতিপালক,—এই অনন্যভাব আশ্রয় করিবেন।"

(—'কৃষ্ণলাভ,' সঃ তোঃ ১১।৩)

"আমার মত এই প্রতিকূল বিষয়টী স্বীকার করি, কল্য হইতে বিশেষ সাবধান হই।"—এইরূপ হৃদয়-দৌর্ব্বল্য প্রকাশ করিলে কখনই মঙ্গল হয় না। যে বিষয়টী ভজন-বাধক বোধ হইবে, শ্রীমহাপ্রভুর কৃপা অবলম্বন করিয়া তখনই তাহা পরিত্যাগ করিবে। দৃঢ়তাই সাধনের মূল। দৃঢ়তার অভাব হইলে সাধন-কার্য্যের এক পদও অগ্রসর হওয়া যাইবে না।"

(—সাধন, সঃ তোঃ ১১।৫)

"শুদ্ধবৈষ্ণব-মতে পুরুষ-সাধকগণ স্ত্রী-সাধক হইতে পৃথক্ মণ্ডলী হইয়া ভজন করিবেন এবং স্ত্রী সাধকগণ কোন পুরুষকে তাঁহাদের ভজন-মণ্ডলীতে আসিতে দিবেন না। ভজন সম্পূর্ণ চিন্ময় কার্য্য, একটু জড়ভাব প্রবেশ করিলেই নষ্ট হয়।"

(—'সর্ব্বসিদ্ধান্তের বেদ,' সঃ তোঃ ৪।৬)

হরিকথা-প্রসঙ্গ

(৩)

একদা দেবহূতি কপিলদেবকে জিজ্ঞাসা করিয়াছিলেন—"বৎস, আমি অবলা নারী, যোগ-যাগ-জ্ঞানাদি-সাধন আমার পক্ষে সম্ভব নহে, আমার পক্ষে নিত্যমঙ্গল-লাভের সহজ সাধন কি?" তদুত্তরে কপিলদেব বলিয়াছিলেন—

সতাং প্রসঙ্গান্মম বীর্য্যসংবিদো
ভবন্তি হৃৎকর্ণরসায়নাঃ কথাঃ।
তজ্জোষণাদাশ্বপবর্গবর্ত্মনি
শ্রদ্ধা-রতির্ভক্তিরনুক্রমিষ্যতি॥

(ভাঃ ৩।২৫।২৫)

সাধুগণের প্রকৃষ্ট সঙ্গক্রমে আমার বিক্রম হৃৎকর্ণরসায়ন কথা সকল আলোচিত হয়। সেই সকল কথা শ্রবণ করিতে করিতে অপবর্গপথস্বরূপ আমাতে অনতিবিলম্বে প্রথমে শ্রদ্ধা, পরে রতি ও অবশেষে প্রেম-ভক্তি উদিত হয়।

শ্রীমদ্ভাগবত বহু স্থানে হরিকথার আরও প্রচুর মাহাত্ম্য কীর্ত্তন করিয়াছেন—

শৃণ্বতঃ শ্রদ্ধয়া নিত্যং গৃণতশ্চ স্বচেষ্টিতং।
নাতিদীর্ঘেণ কালেন ভগবান্ বিশতে হৃদি॥

(ভাঃ ২।৮।৪)

অর্থাৎ শ্রীকৃষ্ণের কীর্ত্তি-বিষয়ক কথা নিত্য শ্রদ্ধার সহিত শ্রবণ করিতে করিতে কিম্বা প্রবণেই অতি অল্পকালের মধ্যেই ভগবান্ হৃদয়ে প্রবিষ্ট হন। শ্রীল চক্রবর্ত্তী ঠাকুর এই শ্লোকের টীকায় লিখিয়াছেন,—"সোঽপি স্মরণপ্রধানঃ শ্রবণকীর্ত্তনয়োর্ভক্ত্যঙ্গানাং স্বতন্ত্রতয়াহ শৃণ্বত ইতি শ্রবণকীর্ত্তনাধীনমেব স্মরণাদ্যন্ত জ্ঞেয়ং।" অর্থাৎ হরিকথা-শ্রবণ-কীর্ত্তনকারী ব্যক্তির স্মরণ-প্রথা অনাবশ্যক। স্মরণ শ্রবণও কীর্ত্তনেরই অধীন।

প্রবিষ্টঃ কর্ণরন্ধ্রেণ স্বানাং ভাবসরোরুহম্।
ধুনোতি শমলং কৃষ্ণঃ সলিলস্য
যথা শরৎ॥

(ভাঃ ২।৮।৫)

শ্রীহরি কথারূপে কর্ণরন্ধ্র দ্বারা হৃদয়ে প্রবিষ্ট হইয়া ভক্তগণের হৃৎসরোজের কাম-ক্রোধাদি মল ধৌত করিয়া থাকেন,—যেমন শরৎ ঋতুর প্রবেশে নদী-তড়াগাদির জলের মলিনতা তিরোহিত হইয়া যায়। শ্রীল শ্রীল চক্রবর্ত্তী ঠাকুর এই শ্লোকের টীকায় বলিতেছেন—কাম-ক্রোধাদিরূপ হৃদয়ের মল ত' জ্ঞান-যোগাদি সাধনের দ্বারাও দূরীভূত হইতে পারে, তবে হরিকথার বিশেষত্ব কি? সেইজন্য শ্রীমদ্ভাগবত শরৎকালের নদীর জলের সহিত হরিকথার তুলনা করিয়াছেন।

কূপের মলিন জল যেমন কোন যন্ত্রবিশেষ দ্বারা পরিস্রুত হইলেও মলরাশি কূপের নীচে পড়িয়া থাকে, আবার জল ঈষৎ ক্ষুভিত হইলেই মলাগুলি জলের সহিত মিশ্রিত হইয়া পড়ে, তদ্রূপ জ্ঞান-যোগ-তপাদি দ্বারা হৃদয়ের কাম-ক্রোধাদি অনর্থ কথঞ্চিৎ ও কিয়ৎকাল প্রশান্তভাবে থাকিলেও আবার ক্ষোভের কোন কারণ উপস্থিত হইলেই ঐসকল অনর্থ দেখিতে পাওয়া যায়। কিন্তু হরিকথার বিশেষত্ব এই যে, উহা দ্বারা হৃদয়ের সমস্ত মল নিঃশেষিতরূপে বিদূরিত হয়। কৃষ্ণকথা কৃষ্ণ হইতে অভিন্ন, সুতরাং যেখানে কৃষ্ণ প্রবেশ করেন, সেখানে মায়ার কোন অধিকার থাকিতে পারে না; যেমন শরৎকাল জগতে প্রবিষ্ট হইলেই নদীর মলিনতা আপনিই বিদূরিত হয়, তখন পুনঃ পুনঃ বিক্ষুব্ধ হইলেও জলে মলিনতা আর আসিতে পারে না।

ধৌতাত্মা পুরুষঃ কৃষ্ণপাদমূলং ন মুঞ্চতি।
মুক্তসর্ব্বপরিক্লেশঃ পান্থঃ স্বশরণং যথা॥

(ভাঃ ২।৮।৬)

ক্রমসন্দর্ভঃ—"এবং ন কর্ম্মজ্ঞানাদিবৎ স্বকার্য্যসিদ্ধৌ তত্ত্যাগঃ। কিন্তু স্বতঃ পরম-সুখরূপত্বাদপি তদেকত্বাশ্রয়ণম্।"

যেমন প্রবাস হইতে আগত পথিক স্বগৃহে পৌঁছিয়া সর্ব্বক্লেশমুক্ত হইলে আর নিজ-গৃহ পরিত্যাগ করেন না, তদ্রূপ প্রশান্তচিত্ত পুরুষ হরিকে প্রাপ্ত হইয়া কর্ম্ম-জ্ঞান-যোগাদি-সাধনের মত হরিকথাকে পরিত্যাগ করেন না, বরং তখনও আরও হরিকথাতে রমণ করিতে থাকেন।

হরিকথা জীবের সাধন ও সাধ্য। নারদ-শুকদেবাদির ন্যায় মুক্তকুলও নিয়ত হরিকথা সুধা-সরিৎ পান করিয়া থাকেন—

এতন্নির্ব্বিদ্যমানানামিচ্ছতামকুতোভয়ং।
যোগিনাং নৃপ নির্ণীতং হরের্নামানু-
কীর্ত্তনং॥

(ভাঃ ২।১।১১)

শ্রীধরটীকা—"সাধকানাং সিদ্ধানাঞ্চ নাতঃ পরমন্যৎ শ্রেয়োহস্তীত্যাহ এতদিতি।"—হরির নামানুকীর্ত্তন একান্ত ভক্তগণের আস্বাদনীয় বস্তু, কর্ম্মকাণ্ডি-মুমুক্ষুদিগের অজ্ঞতাবশেষ মধ্যেও, মুমুক্ষুদিগের মোক্ষ সাধন, আত্মারামগণেরও সেব্য বস্তু। সাধক ও সিদ্ধের ইহা অপেক্ষা অন্য পরমমঙ্গল নাই।

কর্ম্মজড়বুদ্ধি ব্যক্তিগণের হরিকথায় বিশ্বাস নাই। তাঁহারা কর্ম্মের কথাটীকেই বড় মনে করেন। উহার কারণ, তাঁহারা দৈবী মায়ায় বিমোহিত। সেইজন্যই শ্রীমদ্ভাগবতে (৬।৩।২৫) ধর্ম্মরাজ বলিয়াছেন—

প্রায়েণ বেদ তদিদং ন মহাজনোঽয়ং
দেব্যা বিমোহিতমতির্ব্বত মায়য়ালম্।
ত্রয্যাং জড়ীকৃতমতির্ম্মধুপুষ্পিতায়াং
বৈতানিকে মহতি কর্ম্মণি যুজ্যমানঃ॥

হরিকথাই জীবের স্বরূপধর্ম্ম বা পরমধর্ম্ম। যথা শ্রীমদ্ভাগবতে—

এতাবানেব লোকেঽস্মিন্ পুংসাং ধর্ম্মঃ
পরঃ স্মৃতঃ।
ভক্তিযোগো ভগবতি তন্নামগ্রহণাদিভিঃ॥

গৌরপার্ষদ শ্রীপ্রবোধানন্দ সরস্বতীপাদ চৈতন্যচন্দ্রামৃত গ্রন্থে লিখিয়াছেন,—

তাবদ্ ব্রহ্মকথা বিমুক্তপদবী
তাবন্ন তিক্তীভবেৎ
তাবচ্চাপি বিশৃঙ্খলত্বমুয়তে নো
লোক বেদ স্থিতিঃ।
তাবচ্ছাস্ত্রবিদাং মিথঃ কলকলোনানা-
বহির্ব্বর্ত্মসু
শ্রীচৈতন্যপদাম্বুজপ্রিয়জনো যাবন্ন দৃগ্-
গোচরঃ॥

অর্থাৎ জীব যতদিন পর্য্যন্ত প্রকৃত নিষ্কিঞ্চন হরিজনের সাক্ষাৎকার না পান, ততদিনই তাঁহার সামাজিক কথা, দেশের কথা, নৈতিক কথা, সাহিত্য ও কাব্যের কথা, বহির্ম্মুখ শাস্ত্রবিদ্‌গণের পরস্পর বিবাদের কথা, নির্ব্বিশেষবাদী সন্ন্যাসিগণের ব্রহ্মকথা বা মুক্তির কথায় রুচি থাকে। কিন্তু প্রকৃত হরিজন বা সাধু শুদ্ধহরিসেবার কথা ছাড়া অন্য কোন কথার আদর করেন না।

প্রেমাবতার শ্রীগৌরসুন্দর স্বয়ং শ্রীমুখে বলিয়াছেন,—

শ্রুতমপ্যৌপনিষদং দূরে হরিকথামৃতাৎ।
যন্ন সন্তি দ্রবচ্চিত্তকম্পাশ্রুপুলকাদয়ঃ॥

অর্থাৎ ঔপনিষদ পরম ব্রহ্ম হরিকথা-মৃতের প্রসঙ্গ হইতে দূরে অবস্থিত। যেখানে হরিকথা অবস্থান করেন, তথায় চিত্তের দ্রব, কম্প, অশ্রু, পুলক প্রভৃতি [illegible] সকল [illegible] বিকার নিসর্গতঃ উদিত হয়। ভাবপ্রবণ ব্যক্তির চতুর ফল নহে, প্রাকৃত সহজিয়ার কৃত্রিম ভাব-চেষ্টা নহে, কারণ, শ্রীমদ্ভাগবতের "এবংব্রতঃ" শ্লোকে তাহা নিরাকৃত হইয়াছে। ইহা শুদ্ধ প্রেমিক ভক্তের পরম প্রাণাবস্তু, ইহাই পরম প্রয়োজন, জীবের একমাত্র সাধ্য, আত্মধর্ম্মের চরম উৎকর্ষ। সুতরাং হরিকথা-প্রচারই জীবে দয়া, একাধারে পরার্থপরতা ও স্বার্থপরতার অপূর্ব্ব সম্মিলনের দৃষ্টান্ত, জীবমাত্রেরই নিত্য আচরণ, অভিন্ন শ্রীহরির মূর্ত্ত সঙ্গ ও সেবা।

স্বয়ং ভগবান্, সাধু গুরু-বৈষ্ণব-মহাজন এবং সকল শাস্ত্রশাস্ত্র একবাক্যে বলিয়াছেন যে, কলির জীবের হরিনামগ্রহণ ব্যতীত নিত্যমঙ্গলের অন্য কোন উপায় নাই। এই শ্রীহরিনাম ও শ্রীহরিকথা ভিন্ন বস্তু নহেন। এতৎসম্বন্ধে শ্রীল আচার্য্যদেবের শ্রীমুখ-নিঃসৃত বাণীতে আমরা শুনিতে পাই—

"সাধুর শ্রীমুখনিঃসৃত উপদেশবাণী হরিনামকীর্ত্তনের পোষক। সাধুর শ্রীমুখ-বাণীর শ্রবণ ও হরিনামগ্রহণের তাৎপর্য্য ভিন্ন নহে। শ্রীহরিনাম-প্রভুর যাহা ইন্দ্রিয়তৃপ্তি করে, তাহা হরিনাম-স্ফূর্ত্তিরই পুষ্টিকারক। যেরূপ হরিনাম ও হরি এক, সেইরূপ হরিকথা ও হরিনাম অভিন্ন। হরিকথাই হরি,—হরিনামই হরি। অতএব হরিকথাই হরিনাম। যিনি হরিকথা কীর্ত্তন করেন, তিনি হরিনামই করেন। হরিনাম গ্রহণের সময় সময় হরিকথা শুনিলে চিত্তের বিক্ষেপ হয় না; কারণ, তাহা একই তাৎপর্য্যময়। হরিকথা হরিনামের অধিক স্ফূর্ত্তি করাইয়া থাকে। উভয়ের মধ্যে কোন-প্রকার বিজাতীয় ভাব নাই। হরিকথা ও হরিনাম—উভয়ই একই স্বরূপ।"

শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী

পরমার্থ সম্পুটের রত্নরাজি

ভিক্ষা :—১ম খণ্ড ৷৵০ ; ২য় খণ্ড ৷৶ ; ৩য় খণ্ড ৷৵০, ৪র্থ খণ্ড —৷৵০ আনা।

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্য মঠ
শ্রীধাম-মায়াপুর, নদীয়া

শুদ্ধভক্তি-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠ [illegible]
প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীচন্দ্রশেখর ভবনে শ্রীচৈতন্যমঠ, পরবিদ্যাপীঠ, শ্রীবিদ্যাধর [illegible] আচার্য্য চতুষ্টয় বিগ্রহ আছেন। [illegible] এখানে [illegible] আছে।

(২) শ্রীগৌড়ীয়মঠ
১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ২১১৪
কলিকাতায় শ্রীভক্তিবিনোদ আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, সঙ্কীর্ত্তন, আচার্য্যচতুষ্টয় সেবা, শ্রীমদ্ভাগবতাদি ভক্তিগ্রন্থের নিয়ত আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও হার্মনিষ্ট পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়।

(৩) যোগমায়াপুর পীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমহাপ্রভুর আবির্ভাব ভূমি মহাযোগপীঠ।

(৪) শ্রীবাস অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৫) অদ্বৈত ভবন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং [illegible] বর্ত্তমান।

(৬) মুরারিগুপ্তের পাট
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৭) কাজি সমাধি-পাট
প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি।

(৮) [illegible]
শ্রীধাম মায়াপুর

(৯) স্বানন্দ সুখদ-কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
এখানে ও বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান।

(১০) গৌর-গদাধর-মঠ
চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর সেবা।

(১১) সার্ব্বভৌম গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ জাননগর (বর্দ্ধমান)

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ
মামগাছি, পোঃ জাননগর, (বর্দ্ধমান)
শ্রীনারায়ণীসুত ঠাকুর বৃন্দাবনের স্থান

(১৩) রুদ্রদ্বীপ-গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(১৪) জহ্নুদ্বীপ গৌড়ীয়মঠাশ্রম

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ
গোপপুর, নদীয়া

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ
মাজিদা (শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৭) কুঞ্জকুটীর
পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

(১৮) ভাগবত-আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৯) একায়নমঠ
গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

(২০) মহেশ-পণ্ডিতের পাট
কাঁঠালপুলি, পোঃ চাকদহ (নদীয়া)

(২১) রাণাঘাট গৌড়ীয়মঠাশ্রম

(২২) পুড়া গৌড়ীয়মঠ
চব্বিশ পরগণা

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ
[illegible] পোঃ ওয়ারি, ঢাকা।
পূর্ববঙ্গের প্রচার-কেন্দ্র।

(২৪) গোপালজীউমঠ
কমলাপুর, পোঃ ঢাকা

(২৫) বয়াই-গৌরাঙ্গ মঠ
পোঃ বালিয়াটি, (ঢাকা)

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ
বড়বাজার, পোঃ ময়মনসিংহ

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া (আসাম)

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ
পোঃ চকচকা, কামরূপ (আসাম)

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
৩নং [illegible], দার্জ্জিলিং

(৩০) [illegible]-গৌড়ীয়মঠ
পোঃ হরিদ্বার, জেলা সাহারাণপুর, ইউ, পি

(৩১) পাটনা গৌড়ীয়মঠ
মিঠাপুর (পাটনা)

(৩২) গয়া গৌড়ীয়মঠ
[illegible] রোড, গয়া

(৩৩) সনাতন গৌড়ীয় মঠ
৮।৩৭ বড় [illegible], বেনারস সিটি

(৩৪) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

(৩৫) পরমহংস মঠ,
পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠাশ্রম
বিশ্রামঘাট, পোঃ মথুরা

(৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,
পুরাণসহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ
কিশোরপুর, বৃন্দাবন

(৩৯) [illegible]-কুঞ্জ
পোঃ রাধাকুণ্ড, মথুরা

(৪০) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪১) রাধাকুণ্ড গোষ্ঠবাটী

(৪২) শ্রীগোবর্দ্ধনমঠাশ্রম
গোবর্দ্ধন, মথুরা

(৪৩) সঙ্কেত বিহারী মঠ
[illegible], মথুরা।

(৪৪) নন্দগ্রাম গৌড়ীয়মঠাশ্রম
পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৫) বর্ষাণা গৌড়ীয়মঠাশ্রম
পোঃ বর্ষাণা, মথুরা

(৪৬) গোষ্ঠবিহারী মঠ—[illegible]
পোঃ [illegible], জেলা [illegible] (পাঞ্জাব)

(৪৭) ব্যাসগৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

(৪৮) দিল্লী গৌড়ীয় মঠ
৩০নং [illegible] রোড, নিউ দিল্লী

(৪৯) বোম্বে গৌড়ীয়মঠ
গোয়ালিয়া ট্যাঙ্ক রোড, [illegible]
[illegible] রোড ৭

(৫০) মাদ্রাজ-গৌড়ীয়মঠ
পোঃ রায়পেট্টা, মাদ্রাজ
শ্রী [illegible] সেবা

(৫১) [illegible]-গৌড়ীয়মঠ
পোঃ কভুর, পূর্ব্ব গোদাবরী [illegible]
শ্রীশ্রী [illegible]

(৫২) ব্রহ্মগৌড়ীয়মঠ
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)

(৫৩) পুরুষোত্তম মঠ
চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা

(৫৪) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৫) লীলাকুটী

(৫৬) [illegible]-গৌড়ীয়মঠ
পোঃ ভুবনেশ্বর, পুরী

(৫৭) সচ্চিদানন্দ মঠ
[illegible], পোঃ কটক (উড়িষ্যা)

(৫৮) বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ

(৫৯) শ্রীব্রহ্মমাধ্বগৌড়ীয়-প্রপন্ন-আশ্রম
পোঃ [illegible], মাদ্রাজ

(৬০) ভাগবতজনানন্দ মঠ
[illegible], পো [illegible], মেদিনীপুর

(৬১) [illegible] গৌড়ীয়মঠ
পোঃ [illegible], মেদিনীপুর

(৬২) আমলাযোড়া প্রপন্নাশ্রম মঠ
পোঃ রাজবাঁধ (বর্দ্ধমান)

(৬৩) চৈতন্যগৌড়ীয়মঠ
[illegible], পোঃ [illegible], (মালদহ)

(৬৪) রেঙ্গুন গৌড়ীয়মঠ
৩০১ নং [illegible] ষ্ট্রীট, রেঙ্গুন।

(৬৫) লণ্ডন গৌড়ীয়মঠ
ফ্ল্যাট নং ২
৫১, [illegible] রোড
[illegible], লণ্ডন, ডব্লিউ ৫

(৬৬) গৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্
১৬।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা

(৬৭) গৌড়ীয়মঠ অফিস
[illegible] রোড, [illegible] (ইউ পি)

(৬৮) শ্রীবিদ্যানিধি গৌড়ীয়মঠাশ্রম
[illegible], চট্টগ্রাম

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীমহানন্দ ব্রহ্মচারী ভক্তালোক, ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

ফোন— শ্রীমায়াপুর
টেলিগ্রাম—'ইশান'
শ্রীমায়াপুর

REGD NO C 1544

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৪শ খণ্ড । শ্রীমায়াপুর— ১৭ই বৈশাখ, ১৩৪৬, ১লা মে, ১৯৩৯ সোমবার । ৫২শ সংখ্যা

বিবিধ সংবাদ

হিন্দু যুবকের সামরিক শিক্ষালাভের সুযোগ

এই বৎসর কয়েকজন বাঙ্গালী হিন্দু যুবককে নাগপুরে স্বেচ্ছাসেবকবাহিনীর অফিসার ট্রেনিং ক্যাম্পে ভর্ত্তি করিবার বিশেষ ব্যবস্থা হইয়াছে। প্রতি বৎসর ভারতের সকল স্থান হইতে পাঁচশতাধিক যুবক নাগপুরের এই শিক্ষাকেন্দ্রে যোগদান করেন। আমরা আশা করি যে, বাঙ্গলার হিন্দু যুবকগণ এই সুযোগ সুবিধা গ্রহণ করিবেন।

অদ্য হইতে ১০ই জুন পর্য্যন্ত ক্যাম্প হইবে। এখানে মিলিটারী স্কোয়াড ড্রিল, কোম্পানী ড্রিল, ব্যাটেলিয়ান ড্রিল, মাস্কেট্রি (বন্দুক) প্রভৃতি ও শরীরচর্চা শিক্ষা দেওয়া হইয়া থাকে।

নাগপুরে স্বেচ্ছাসেবকগণের আহার ও বাসস্থানের ব্যবস্থা করা হইবে। আহার, বাসস্থান, ভৃত্য প্রভৃতির ব্যয়ের জন্য ১৭ টাকা (সতের) মাত্র লাগে। কলিকাতা হইতে নাগপুরের রেলভাড়া ১১ টাকা (প্যাসেঞ্জার ট্রেনে)। প্রত্যেক ক্যাম্পার্থীকে নিজের ইউনিফর্ম তৈয়ারী করাইতে হইবে এবং তাহাতেও আনুমানিক ১৫ (পনের) টাকা ব্যয় হইবে। সর্ব্বসমেত মোট খরচ পঞ্চাশ টাকার অধিক হইবে না।

যাঁহারা এই শিক্ষাকেন্দ্রে শিক্ষালাভ করিবেন, তাঁহাদিগের নিকট হইতে আমরা বাঙ্গলা দেশে স্বেচ্ছাসেবকবাহিনীর গঠন ও শিক্ষাদানে সাহায্যলাভের আশা করি।

শিক্ষার্থিগণের বয়স ১৬ বৎসরের অধিক ও ম্যাট্রিক উত্তীর্ণ হওয়া আবশ্যক।

যাঁহারা নাগপুর অফিসার্স ট্রেনিং ক্যাম্পে শিক্ষালাভে ইচ্ছুক, তাঁহাদের সন্ধ্যা ৬-৩০ হইতে ৭-৩০টার মধ্যে ২০শে এপ্রিলের মধ্যে নিম্ন ঠিকানায় দেখা করিতে অনুরোধ করি—ডাক্তার শ্রীসত্যেন্দ্রনাথ মুখোপাধ্যায়, হিন্দুমহাসভা ভবন, ১নং সরকার লেন, কলিকাতা।

ইংলণ্ডে সামরিক শিক্ষা বাধ্যতামূলক করিতে মন্ত্রিসভার মতলব

স্যার নেভিল হ্যাণ্ডারসন বোধ হয় হের ভন রিবেনট্রপের সহিত দেখা করিবেন। রাজনৈতিক সংবাদদাতা জানাইতেছেন যে, ইহাতে এইরূপ ধারণা করা হইতেছে যে, জার্ম্মাণী আর কোন রাজ্য দখলের চেষ্টা করিলে ব্রিটিশ সরকারের তাহাতে বাধা দান করিতে সঙ্কল্প প্রভৃতি ব্রিটিশ রাজনীতির কতিপয় মূলসূত্র এই সাক্ষাৎকারের সময় ব্রিটিশ রাজদূত দৃঢ়তার সহিত ব্যক্ত করিবেন। ব্রিটিশ রাজদূত একথাও উল্লেখ করিতে পারেন যে, শান্তি প্রতিষ্ঠার নীতিই এখনও ব্রিটিশ সরকার অনুসরণ করিতেছেন। তবে সেই সঙ্গে সম্প্রতি কতিপয় ঘটনার ফলে যে সঙ্কটের উদ্ভব হইয়াছে, তাহার অবসান করাও তাঁহারা একান্ত প্রয়োজনীয় বলিয়া মনে করেন।

জীব্রাল্টারে তোড়জোড়

জীব্রাল্টারে দুর্গনির্ম্মাণ কার্য্যে যোগদান করার জন্য পেন্সনভোগী ৬৫ বৎসর বয়স পর্য্যন্ত সাবেক সমস্ত রাইফেল কারীকে তলব দিয়া আনা হইয়াছে বলিয়া সংবাদ পাওয়া গিয়াছে। তাহারা দৈনিক সকাল ৫ ঘটিকা হইতে রাত্রি ৮ ঘটিকা পর্য্যন্ত কার্য্য করিতেছে।

বৃটেনে বাধ্যতামূলক সামরিক বৃত্তি মন্ত্রিসভার অভিমত

জানা গেল, বৃটিশ মন্ত্রিসভা বৈঠকে নীতির দিক দিয়া বাধ্যতামূলক সামরিক বৃত্তি প্রবর্ত্তনের বাঞ্ছনীয়তা স্বীকার করেন। সমীচীনতার প্রশ্ন এখনও বিবেচনা করা হয় নাই।

জার্ম্মাণীতে বৃটিশ ব্যবসায়ী বহিষ্কারের আদেশ জারী

জার্ম্মাণীতে যে তিন জন বৃটিশ ব্যবসায়ীকে গবর্ণমেণ্ট বহিষ্কৃত করিবার সঙ্কল্প করেন তাঁহাদিগকে জানাইয়া দেওয়া হইয়াছে যে, ১০ই মে'র মধ্যে তাঁহাদিগকে জার্ম্মাণী ত্যাগ করিতে হইবে।

হের হিটলারের প্রশ্ন

রুমানিয়া জার্ম্মাণ আক্রমণ আশঙ্কা করে কি না, হের হিটলারের এই প্রশ্নের উত্তরে রুমানীয় গবর্ণমেণ্ট একটি 'নোট' পাঠাইয়াছেন। এই 'নোটে' বলা হইয়াছে যে, রুমানিয়া জার্ম্মাণ সীমান্ত সংলগ্ন নয় বলিয়া রুমানিয়া জার্ম্মাণ আক্রমণের আশঙ্কা করে কি না তাহা বলা কঠিন। এ প্রশ্নের উত্তর জার্ম্মাণী নিজেই সবচেয়ে ভাল দিতে পারে। রুমানিয়াকে প্রেসিডেণ্ট রুজভেল্টের প্রস্তাব পূর্ব্বে জানান হয় নাই; তবে ইউরোপের বর্ত্তমান পরিস্থিতিতে সে সম্মত নয়।

ডেনমার্কের উত্তর

ডেনমার্ক হের হিটলারকে জানাইয়াছেন যে, জার্ম্মাণী তাহাকে আক্রমণ করিবে বলিয়া সে মনে করে না এবং প্রেসিডেণ্ট রুজভেল্টের প্রস্তাব তাহাকে পূর্ব্বে জানান হয় নাই।

লাহোরে কুড়িজন কিষাণ সত্যাগ্রহী গ্রেপ্তার

ডেপুটি ম্যাজিষ্ট্রেটের নিষেধাজ্ঞা অমান্য করায় পুলিশ কুড়িজন কিষাণ সত্যাগ্রহীকে গ্রেপ্তার করিয়াছে। ইহাদের মধ্যে দুইজন স্ত্রীলোক আছেন। মহিলা সত্যাগ্রহী দ্বয়কে আনারকলি বাজারে এবং পুরুষ সত্যাগ্রহীদিগকে পরিষদ গৃহের নিকট গ্রেপ্তার করা হয়।

বেলুচিস্থানের রেসিডেণ্ট ও চীফ কমিশনার নিযুক্ত

আগামী আগষ্ট মাসে লেফটেন্যাণ্ট কর্ণেল স্যার আর্থার পারসন্স বেলুচিস্থানের রেসিডেণ্ট ও চীফ কমিশনারের পদ হইতে অবসর গ্রহণ করিলে বর্ত্তমান পররাষ্ট্র বিভাগের সেক্রেটারী স্যার অব্রে মেটকাফ ঐ পদে বহাল হইবেন। যে তারিখে স্যার অব্রে মেটকাফ পররাষ্ট্র বিভাগের সেক্রেটারীর পদ হইতে অবসর গ্রহণ করিবেন ঐ দিন হইতে বেলুচিস্থানের রেভিনিউ কমিশনার মিঃ সি কে বেলী আই-সি-এস ঐ পদে বহাল হইবেন।

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল সরস্বতী ঠাকুরের পরিব্রাজক গোস্বামী মহারাজ সম্পাদিত ইংরেজী পাক্ষিক। প্রতি একাদশীতে প্রকাশিত হয়। কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। সডাক ভিক্ষা ৩।০ টাকা মাত্র।

২। গৌড়ীয়—মহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১।০ টাকা মাত্র।

৩। ভাগবত—উড়িষ্যার একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৪। পরমার্থী—শ্রীযুক্ত বনমালী মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ টাকা মাত্র

৫। শ্রীগৌড়ীয়—মহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ মাত্র।

পরমগুরু শ্রীগৌরকিশোর

গৌড়ীয়-সম্পাদক-লিখিত, শ্রীগৌড়ীয়মঠাচার্যের ভূমিকা-সম্বলিত, বহুচিত্র-শোভিত ও বিষয় সূচী সম্বলিত "পরমগুরু শ্রীগৌরকিশোর" গ্রন্থরাজ প্রকাশিত হইয়াছেন। এই গ্রন্থরাজে শুদ্ধগৌড়ীয়বৈষ্ণবগণের পরমারাধ্য, গৌড়ীয়গৌরবশিখামণি অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ নিত্যলীলাপ্রবিষ্ট পরমহংস ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল গৌরকিশোরদাস গোস্বামী প্রভুবরের আশ্চর্য্য চরিতকথা বর্ণিত আছে।

শ্রীশ্রীভক্তিবিনোদাবির্ভাব-শতবর্ষপূর্ত্তিতিথিপূজায় উপায়ন-গ্রন্থমালা

——::(০)::——

১। গীতিসাহিত্যে শ্রীভক্তিবিনোদ

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র গীতিসাহিত্যের সমালোচনা-গ্রন্থ)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

২। শ্রীভক্তিবিনোদবাণীবৈভব

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের রচনামৃতসাগর হইতে আহৃত ১০৮টি অধ্যায়ে সম্বন্ধ-অভিধেয়-প্রয়োজনাকারে ভক্তির অমূল্য উপদেশপূর্ণ গ্রন্থ)

ভিক্ষা—৩৲ তিন টাকা মাত্র।

৩। শ্রীশ্রীভক্তিবিনোদ-প্রসঙ্গ

ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ ও ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল সরস্বতী ঠাকুরের পরিব্রাজক গোস্বামী প্রভু-বিরচিত এবং গৌড়ীয়ে প্রকাশিত শ্রীশ্রীভক্তিবিনোদ-চরিত-প্রসঙ্গ

ভিক্ষা—।৵০ ছয় আনা মাত্র।

৪। ছাত্রদের ভক্তিবিনোদ

(ছাত্রদের উপযোগী ভাষায় লিখিত শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্র ও শিক্ষা)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

ছাত্রদের পক্ষে ভিক্ষা—৷০ আট আনা মাত্র)

প্রাপ্তিস্থান :—

(১) 'ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট', পোঃ শ্রীমায়াপুর, নদীয়া ;

২) শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ;

৩ শ্রীযুক্ত সুন্দরানন্দ দাস এম্-এ, বি-এল্, পুরাণাশ্রম পোঃ [illegible], ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবত,—সমগ্র ২০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ১৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। ভাষ্যসহ বিরাট শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৭৲
৩। ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৩
৪। সরস্বতী জয়শ্রী (অবাঁধা) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০ ; ২য় খণ্ড ১৲ ; ৩য় খণ্ড—৸০
৪র্থ খণ্ড – ৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০ ; ২য় খণ্ড—১৲ ; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার দীপিকা ও সংস্কার দীপিকা ১।০
৯। বৈষ্ণবধর্ম্ম ২৲
১০। গৌড়ীয় কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধককণ্ঠমণি (দ্বিতীয় সংস্করণ) ।০
১৫। বৈষ্ণবসিদ্ধান্ত [illegible]
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব
১৭। চৈতন্যোপনিষদ্
১৮। বামন অষ্টক
১৯। তত্ত্ববিবেক
২০। গৌড়ীয়-গৌরব ৷৵০
২১। গৌড়ীয়গীতি গ্রন্থ ৷৵০
২২। ভজন রহস্য ।০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃত ও শ্রীনবদ্বীপশতক (বাঁধা) ১৲
২৪। গীতা (শ্রীবলদেব টীকা সহ ৯৲
২৫। গীতা (চক্রবর্ত্তি টীকাযুক্ত) ২৲
অবাঁধা) ১৲
২৬। গীতার কেবল বাংলা ভাষা
২৭। দুর্গমসঙ্গমনী (অনুবাদ সহ)[illegible]
২৮। প্রেমবিবর্ত্ত (সানুবাদ) ।০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৸০
৩০। গীত-চিন্তামণি ৵০
৩১। সাধনপথ (তৃতীয় সংস্করণ) ৷৵০
৩২। গোস্বামী রঘুনাথ দাস বাঁধা) ।০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ পরিক্রমা) ৵০
৩৫। গৌরমালা ৴০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৵০
৩৭। ঠাকুর শ্রীমহাপ্রভু ৵০
৩৮। শ্রী-নবদ্বীপভাবতরঙ্গ ।০
৩৯। শ্রীগোদ্রুমকল্পতরু ।০
৪০। কল্যাণকল্পতরু ৴০
৪১। গীতাবলী ৴০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
৪৩। সাধনক্রম ৴০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ৴
৪৫। নবদ্বীপশতক
৪৬। অর্চ্চনপদ্ধতি
৪৭। সদাচারস্মৃতি ৵/
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৴১০
৪৯। অর্চ্চনকণ
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম-৪ খণ্ড) ৬৲
৫১। ব্রহ্মসংহিতা ।০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।০
৫৩। গৌরকৃষ্ণোদয় ৸০
৫৪। পুরুষার্থ-বিনির্ণয় ।০
৫৫। তত্ত্বসূত্র [illegible] ।০
৫৬। ভাগবত ও ভক্তিপথ ৵০
৫৭। ঈশোপনিষদ্ (সানুবাদ) ।০
৫৮। শ্রীকৃষ্ণবিজয় ৵০
৫৯। সিদ্ধান্তদর্পণ ৵০
৬০ সাধনবাণী ৴০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যশিক্ষামৃতম্ ।০
৬২। সিদ্ধান্ত সরস্বতী বিভিন্ন ।০
৬৩। জীব [illegible]ম্ ।০
৬৪। তত্ত্বসূত্রম্ ।০
৬৫। সাত্ত্বত [illegible] ৵০
৬৬। গৌড়ীয়মঠপরিচয় ৴০
৬৭। [illegible] ৵০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।৲
৬৯। এ ভিউ অফ্ দ্য [illegible] ।০
৭০। [illegible] ৴০
৭১। বেদান্ত—ইট্স মরফলজী অ্যাণ্ড অন্টোলজী ।০
৭২। ভিজেটিং বৈষ্ণবিজ্ম ৷৵০
৭৩। লর্ড অ্যাণ্ড ভক্তিভিজেন্স অফ্ শ্রীচৈতন্য মহাপ্রভু ।০
৭৪। বেদান্ত [illegible] ।০
৭৫। গোয়াই গৌড়ীয়মঠ [illegible] ৴০
৭৬। দি ভাগবত ।০
৭৭। [illegible] গ্যাজেট অ্যাণ্ড আল্‌ট্রা [illegible] ।০
৭৮। ব্রহ্মসংহিতা ১।০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (অনুবাদ প্রকাশ) ১০৲

উড়িয়া ভাষায় প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ।০
৮১। [illegible] ।০
৮২। [illegible]
৮৩। গীতাবলী
৮৪। [illegible]

আসামী ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ৴

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত

প্রাপ্তিস্থান— শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

একমাত্র পারমার্থিক দৈনিক পত্র

ধাম—শ্রীমায়াপুর—নদীয়া

১৪শ বর্ষ | ২১ মধুসূদন ৪৫৩ গৌরাব্দ, ১৭ই বৈশাখ বঙ্গাব্দ ১৩৪৬, ১লা মে ইং ১৯৩৯, সোমবার | ৫২৭ সংখ্যা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

২১ মধুসূদন সর্ব্বনিৎ সংকর্ষণ গৌরাব্দ ৪৫৩

শ্রীভক্তিসিদ্ধান্তবাণী

ভক্তগণের তথাকথিত অমঙ্গল নাই। কিন্তু অভক্তগণের অন্যাভিলাষ ও কর্ম্মজ্ঞানাদি স্পৃহাজনিত তথাকথিত শুভ ও মঙ্গলে অমঙ্গলের খনি প্রচ্ছন্ন থাকে। ঐকান্তিক ভগবদ্ভক্তগণ ভগবানের যাবতীয় বিধান অবনত-মস্তকে স্বীকার করেন। ভগবানের ব্যবস্থায় চঞ্চলতা প্রকাশ করিলে তাঁহাতে শ্রদ্ধার অভাব ও নিজের অন্যাভিলাষ প্রমাণিত হয়। বৃষ্টি বজ্রগর্ভই হউক বা সুশীতল বারিগর্ভই হউক, চাতক সেই বৃষ্টির জল ব্যতীত অন্য কোন জল গ্রহণ করে না। ভগবদ্ভক্তও ভগবৎকৃপা আপাত-দৃষ্টিতে দণ্ড বা নিষ্ঠুরতা বলিয়া প্রতীয়মান্ হউক, কিম্বা সম্পদযুক্তই হউক, তৎপ্রতি দৃষ্টি না করিয়া ঐকান্তিকভাবে শ্রীভগবানেরই শরণাগত থাকেন। জাগতিক কোন প্রকার অসুবিধা তাঁহাকে শরণাগতি হইতে—কৃষ্ণের গোষ্ঠে বাস হইতে বিন্দুমাত্রও চ্যুত করিতে পারে না।

ভগবান্ সর্ব্বদ্রষ্টা; কিন্তু বদ্ধজীবের দর্শন নানাপ্রকার বাধাযুক্ত। কাজেই ভগবানের বিধানে অসন্তোষ বা চঞ্চলতা প্রকাশ করিলে নিজের অমঙ্গলই বরণ করা হয়। শরণাগত ব্যক্তির ভগবানের বিধানে সন্তুষ্ট হইয়া অনুক্ষণ হরিসেবা ব্যতীত অন্য কোন বিচার নাই।

ঐকান্তিক ভগবদ্ভক্ত কর্ম্মফলবাধ্য নহেন। কিন্তু তিনি নিজে দৈন্যক্রমে জানেন যে, 'আমি কর্ম্মফল ভোগ করিতেছি'। তিনি হরিসেবা ব্যতীত অন্য কোন শুভাশুভ কর্ম্মের আবাহন করেন না।

যাঁহারা কুকুরের সেবা, ঘোড়ার সেবা, মানবের সেবা বা দেবতার সেবা করেন না, কিন্তু ইহাদের সকলেরই একমাত্র প্রভু শ্রীভগবানের সেবা করেন, তাঁহারাই নিজের ও পরের প্রকৃত মঙ্গল করিতে পারেন। বহু অপূর্ণের সেবায় এক পূর্ণের সেবা—ইহাই আরোহবাদের কথা। আর এক পূর্ণতম মূলবস্তুর সেবায় সমস্ত বস্তুর প্রকৃত মঙ্গল—ইহাই অবতারবাদের কথা। আমরা চব্বিশঘণ্টার মধ্যে চব্বিশ ঘণ্টা তাঁহার সেবা করিব, সকল বিপদের মীমাংসা ভগবানের উপর নির্ভর করা, ইহাই ভাগবতী চিত্তবৃত্তির লক্ষণ।

শ্রীগৌরনিত্যানন্দের পাদপদ্ম আশ্রয় করাই কর্ত্তব্য। তাঁহাদের নাম, ধাম ও কামের সেবা করাই কর্ত্তব্য। যাহারা অদ্বৈতবাদ-গন্ধ পরিত্যাগ করিয়া ইন্দ্রিয়জ্ঞানের দ্বারা প্রত্যক্ষবাদী হইয়া পড়িয়াছে, তাহারা অধোক্ষজের সেবা করে না।

ভগবানের চরণে অকপট দৃঢ় শ্রদ্ধা-বিশ্বাসই প্রয়োজন। ভগবানের চরণে যাঁহাদের অকপট দৃঢ়শ্রদ্ধা-বিশ্বাস হইয়াছে, তাঁহাদের সেবা করা দরকার। আমরা কোন্ দিন মরিয়া যাইব তাহার স্থিরতা নাই, অতএব আমাদের ক্ষুদ্র, অনিত্য, নশ্বর বস্তুর সেবা করিবার সময় নাই। মহতের পাদরজে অভিষিক্ত হইতে না পারিলে অর্থাৎ তাঁহাদের ঐকান্তিক ভৃত্য হইতে না পারিলে কখনও জীবের নিস্তার নাই।

যিনি হরিনাম না করেন, তিনি ভোগ ও ত্যাগে আসক্ত হইয়া পড়িবেন। হরিনাম না করিলে জীবের নিশ্চয়ই ক্ষোভ হইয়া যাইবে। একমিনিট কালও হরিভজন না করিলে সংসারে আসক্ত হইয়া পড়িতে হইবে। নিষ্কিঞ্চন ভক্তের পাদপদ্মধূলিকে মুকুট করিতে না পারিলে আমাদের সকলই অসুবিধা হইবে। কৃষ্ণভক্তের বিশেষ প্রিয়পাত্র হইতে না পারিলে মায়া আমাদিগকে সংসারকূপে ফেলিয়া দিবে।

শ্রীকৃষ্ণের মন্দির—সঙ্কর্ষণ-বলদেবের অভিপ্রকাশ। জীবের হৃদয়ই ভগবানের মন্দির। ভগবানের ধাম ও মন্দিরাদি বলদেবপ্রকাশতত্ত্বের সেবাকার্য্য। এই বলদেব-প্রকাশ হইলেন নারায়ণের অংশী। যাঁহারা শ্রীমন্দিরকে বিষ্ণু মনে করেন, তাঁহারাই আস্তিক। মন্দির বিষ্ণু হইতে অভিন্ন হইলে তাহা ভাঙ্গা সম্ভব নহে। মন্দিরকে কেহ ভাঙ্গিতে পারে না, ভাঙ্গে জোরের বস্ত। শ্রীমন্দির ও শ্রীবিগ্রহকে যাহারা প্রাকৃত মনে করে, তাহারা অন্ধ। দিব্যজ্ঞান লাভ না হইলে শ্রীবিগ্রহ অর্চ্চন ও শ্রীমন্দির দর্শনাদি—কিছুই হয় না।

শ্রীল আচার্য্যদেবের অভিভাষণের মর্ম্ম

[স্থান—শ্রীআনন্দসুখদকুঞ্জ; কাল—বেলা ৩৷৷ ঘটিকা; তারিখ—২২শে ফেব্রুয়ারী, ১৯৩৯]

নমো ভক্তিবিনোদায় সচ্চিদানন্দনামিনে।
গৌরশক্তিস্বরূপায় রূপানুগবরায় তে॥
অমদাদপ্যহং বন্দে বারং বারং পুনঃ পুনঃ।
ভক্তিবিনোদপাদাব্জেষু তাং জন্মজন্মনি॥

আজ পরিক্রমার তৃতীয় দিবস। আজ কীর্ত্তনাখ্য গোদ্রুম-দ্বীপ-পরিক্রমা হইল। এই দ্বীপে ঠাকুর ভক্তিবিনোদ গৌর কৃষ্ণের ইচ্ছায় জীবের ভজনের জন্য অবতীর্ণ হ'য়ে নিজে নামসংকীর্ত্তন ক'রে অপরকে সেই কীর্ত্তন-প্রচার ক'রেছেন। তাঁ'র এই করুণার তুলনা জগতে আর কোথাও পাওয়া যায় না। গৌড়মণ্ডলের অন্তর্গত নিত্য-ধাম গৌড়ীয়মঠ সকলস্থানের আচার্য্য-বিগ্রহ ঠাকুর ভক্তিবিনোদ এই স্থানে তাঁ'র নিত্যাবস্থানের অনুভব ক'রেছেন। শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর নিত্যসিদ্ধ গৌরজন। জগদ্গুরু শ্রীল জগন্নাথ প্রভুকে ভক্তিবিনোদঠাকুরের আপনতত্ত্বাবধানে ভজনের

মায়ারে করিয়া জয় ছাড়ান না যায়। সাধু-গুরু-কৃপা বিনা না দেখি উপায়॥

দর্শন করতে পাই। গুরুর সঙ্গে সাক্ষাৎকার হ'বার পূর্ব্বেই বা কোন মহাপুরুষের নিকট শিক্ষালাভ ক'রবার পূর্ব্বেই শুদ্ধভক্তির রহস্যের কথা তিনি স্বকৃত গ্রন্থে লিখেছেন। যেমন রায় রামানন্দ ভক্তিকথা শুনবার আগেই মহাপ্রভুর নিকট তা' কীর্ত্তন ক'রেছেন। সেখানে শ্রোতা—মহাপ্রভু, আর বক্তা—রায় রামানন্দ। শ্রীস্বরূপ-দামোদর—যাঁ'র পূর্ব্বনাম শ্রীপুরুষোত্তম ভট্টাচার্য্য, তিনি মহাপ্রভুর সন্ন্যাসের কথা শুনে, নির্ব্বিণ্ণ হ'য়ে কাশীতে গেলেন। সেখানে সন্ন্যাস গ্রহণ না ক'রে ব্রহ্মচারী নাম নিলেন। কাহারও নিকট তাঁ'র শিক্ষার কথা কোন লেখনীতে দেখ্‌তে পাই না। যদিও তিনি দীক্ষার অভিনয় ক'রেছেন, কিন্তু তিনি কা'রও নিকট কোন শিক্ষা গ্রহণ করেন নাই। তৎপূর্ব্বেই তিনি গৌর-প্রচারিত ভক্তিরহস্য তাঁ'র গ্রন্থে লিপিবদ্ধ ক'রেছেন। শ্রীল ঠাকুর ভক্তিবিনোদও সেইরূপ বৈষ্ণব-সার্ব্বভৌম শ্রীল জগন্নাথ প্রভুর বাহ্যদৃষ্টিতে সাক্ষাৎকারের পূর্ব্বেই বাংলাদেশ গ্রন্থে সম্বন্ধ-অভিধেয়-প্রয়োজনের কথা বর্ণন ক'রেছেন। এতেই বুঝা যায়, তিনি—নিত্যসিদ্ধ।

ব্যক্তিগতভাবে ভজন ও সঙ্গে থেকে ভজন এই দুইএর বৈশিষ্ট্য আছে। চিন্ময়জগতে নির্জ্জনতা নাই, ওখানে সঙ্গ আছে। যূথপতির সঙ্গে থেকে ওখানে সেবা করতে হয়। সেই সঙ্গ এখানেও আছে। ব্যক্তিগত ভজনও হয়। ব্যক্তিগত ভজনে কাহারও সহিত মেলামেশার দরকার হয় না। কোন প্রকারে দেহযাত্রা নির্ব্বাহ ক'রে হরিনাম-ভজন করতে হয়।

যাঁ'রা রোগী বা অযোগ্য কনিষ্ঠাধিকারী তাঁ'দিগকে মধ্যমাধিকারে এবং যাঁ'রা মধ্যম তাঁ'দিগকে উত্তমাধিকারে উঠাবার জন্যই সঙ্গ। বিভিন্ন অধিকারের লোক নিয়েই সঙ্গ। এখানে অধিকারবিচার আছে। সব একাকার করলে চ'ল্‌বে না। সঙ্গে থেকে "যা'রে দেখ তা'রে কহ কৃষ্ণ-উপদেশ। আমার আজ্ঞায় গুরু হঞা তার এই দেশ॥" —মহাপ্রভুর এই আদেশ পালন করতে হবে। মহাপ্রভু একবার বল্‌লেন—গুরুপরম্পরা বা গৌড়-পথে যে বাণী বা শিক্ষা, তাঁ'র বাস্তব-স্বরূপে তোমার জন্য যেগুলাকে যা ব'লেছেন তাই সকল বা গ্রহণ ক'রে সকলের নিকট গিয়ে আমার কথা বল—কৃষ্ণ-উপদেশ কর। আবার বল্‌ছেন—

নিষ্কিঞ্চনস্য ভগবদ্ভজনোন্মুখস্য
পারং পরং জিগমিষোর্ভবসাগরস্য।
সন্দর্শনং বিষয়িণামথ যোষিতাঞ্চ
হা হন্ত হন্ত বিষভক্ষণতোঽপ্যসাধু॥
(শ্রীচৈতন্যচন্দ্রোদয়)

বিষয়ী দর্শন ক'রো না। যোষিদ্দর্শন বিষ-ভক্ষণ অপেক্ষাও অসাধু, অনিষ্টকর। এখানে সঙ্গের কথা নাই।

ভোগপ্রবৃত্তিযুক্ত হ'য়ে দর্শনই সন্দর্শন। হরি-গুরু-বৈষ্ণব-সম্বন্ধচ্যুত বা তৎসম্বন্ধ-গন্ধ-বিহীন হ'য়ে পুরুষাভিমানীর ইন্দ্রিয়চালনায় যে দর্শন, তা' যোষিদ্-দর্শন।

জগদেব তাঁ'র গুরুদেবের কাছে এই কথা শুনে, অনুগত-জনকে বলেন—'যা'রে দেখ তা'রে কহ কৃষ্ণ-উপদেশ।' ইহা গোষ্ঠীকে নিয়ে ভজনের কথা। ইহা বিশিষ্টের কথা—একজনের কথা বা ব্যষ্টিগত কথা নয়। সমষ্টি বা সকলের মঙ্গললাভের একমাত্র উপায়—কৃষ্ণসংকীর্ত্তন, যাহা পরম অভিধেয় ও পরম প্রয়োজন।

ঠাকুর যেখানে ব্যক্তিগতভাবে ভজনের কথা ব'লেছেন, সেখানে 'নির্জ্জন' বল্‌তে বৈষ্ণবসঙ্গশূন্য হওয়ার কথা বলেন নাই—সাধুসঙ্গহীন হ'য়ে থাকতে বলেন নাই। তিনি অসজ্জনসঙ্গরাহিত্যের কথাই ব'লেছেন। যেখানে সাধুজন নাই, বিলাসের উপকরণ নাই, সর্ব্বশ্রেষ্ঠ পুরোহিত, উদ্গাতা যিনি, তিনি এইরূপ নির্জ্জনতার কথা নিশ্চয়ই বলেন নাই। জনসঙ্গ খারাপ। শ্রীরূপ যে 'জনসঙ্গশ্চ পরমাণসেবাকুতে' ব'লেছেন, সেই জন—সজ্জন। অন্ত জন—দুর্জ্জন। অসৎসঙ্গ-রহিত হ'য়ে হরিভজন কর, তাঁ'র নাম নির্জ্জনতা। সজ্জন-সঙ্গ ক'রে হরি-ভজন কর—ইহাই তাৎপর্য্য। অসৎসঙ্গ ত্যাগ বা বর্জ্জন ও সৎসঙ্গে বাস বা সৎসঙ্গ-গ্রহণই তাৎপর্য্য। সব স্থানেই সাধুসঙ্গ। সাধুসঙ্গ ছেড়ে হরিভজন হয় না। তাই ঐ ঠাকুরটিই ব'লেছেন,—

'বৈষ্ণব-ঠাকুর, দয়ার সাগর,
এ দাসে করুণা করি'।
দিয়া পদছায়া, শোধ হে আমায়,
তোমার চরণ ধরি॥
ছয় বেগ দমি', ছয় দোষ শোধি',
ছয় গুণ দেহ' দাসে।
ছয় সৎসঙ্গ, দেহ হে আমারে,
বসেছি সঙ্গের আশে॥
একাকী আমার, নাহি পায় বল,
হরিনামসংকীর্ত্তনে।
তুমি কৃপা করি', শ্রদ্ধাবিন্দু দিয়া,
দেহ কৃষ্ণনাম-ধনে॥'

হরিসঙ্গ-রহিত হ'য়ে, কোন প্রকার অসৎসঙ্গ না ক'রে সৎসঙ্গে হরিভজন কর। তিনি ব'লেছেন, সৎসঙ্গ চাই। বৈষ্ণব ঠাকুরের নিকট তোমার প্রার্থনা হউক। 'দদাতি প্রতিগৃহ্ণাতি' এই ছয় প্রকার সঙ্গ যেন বৈষ্ণবের সঙ্গে হয়। নির্জ্জন-ভজনের কথা যিনি বল্‌ছেন, তিনিই বল্‌ছেন সৎসঙ্গ যেন হয়। এখানে আপাতবিরোধ দেখা গেলেও ঠিকই আছে। কারণ সৎসঙ্গই প্রকৃত নির্জ্জনতা। গৌড়ীয়-সঙ্গের নিত্যারাধ্য শ্রীস্বরূপদামোদরের অভিন্নমূর্ত্তি নিত্যোপাস্য ঠাকুর শ্রীল ভক্তিবিনোদ মহাপ্রভুর নিজজন। তিনি কৃষ্ণসংকীর্ত্তন বা সঙ্গের কথা আমাদিগকে জানিয়েছেন। বৈষ্ণবঠাকুরের অনুগত হও। বহুর দ্বারা তিনি কৃষ্ণকে ভোগ করান। সংকীর্ত্তন-রাসে বহু সেবক যোগ দিয়েছেন। তা'তেই গৌরের আনন্দ। নিত্যানন্দের কার্য্যই এই। 'নিত্যানন্দ পূর্ণ করে চৈতন্যের সাধ।' সংকীর্ত্তনে প্রবেশ করান—নিত্যানন্দ।

• ঠাকুর ভক্তিবিনোদ ব'লেছেন—
'কবে নিত্যানন্দ মোরে করি' দয়া
ছাড়াইবে মোর বিষয়ের মায়া।
দিয়া মোরে নিজ চরণের ছায়া
নামের হাটেতে দিবে অধিকার॥'

শুদ্ধভক্তিলতার বৃদ্ধিকে স্তব্ধ ক'রে দেয় যে উপশাখা, সেই আগাছাগুলিকে সর্ব্বদা হল চালনা ক'রে ধ্বংস ক'রে দেন। গুরু-নিত্যানন্দ সেবোন্মুখ সাধকের হৃদয় থেকে লাভ-পূজা-প্রতিষ্ঠাদি আগাছাগুলি উপড়ে দিয়ে সেই হৃদয়কে কৃষ্ণের নির্ম্মল রসভিক্ষা ক'রবার জন্য—কৃষ্ণবিলাসক্ষেত্র ক'রবার জন্য সর্ব্বক্ষণ ব্যস্ত।

চৈতন্যরূপ—সংকীর্ত্তন। কৃষ্ণ স্বয়ং এসেছিলেন ভক্তভাব নিয়ে এই সংকীর্ত্তন প্রচার ক'রবার জন্য। বহু সেবোন্মুখ ব্যক্তি মিলে যে শ্রীনামকীর্ত্তন তাহাই সংকীর্ত্তনের রাস। এই রাসের নাম গৌর-রাস। সেই রাসে পৌঁছিয়ে দেন গুরু নিত্যানন্দ এবং তাঁ'র বৈভব বৈষ্ণবঠাকুর। ঠাকুর নামহট্টের পরিমার্জ্জকের কার্য্য ক'রেছেন। তিনি শত উপায়ে—শত গ্রন্থ লিখে—শতমুখী নিয়ে একান্ত সেবাভিলাষী জনগণের হৃদয়রূপ হট্ট পরিমার্জ্জন ক'রেছেন। যত আবর্জ্জনা, যত কাঁকর, সব পরিষ্কার ক'রে দিয়ে যা'তে জনগণের বসবার সুখ হয় তাঁ'র ব্যবস্থা ক'রেছেন। নামহট্টের কার্য্য বিবিক্তানন্দিগণ করেন না। নিত্যানন্দাভিন্নবিগ্রহ ঠাকুর ভক্তিবিনোদ গৌরনাম, গৌরধাম ও গৌরকামের সেবা নিজে ক'রে কি ক'রে গৌরসুন্দরের সুখবিধান করতে হয় তা' শিক্ষা দিয়েছেন। তিনি গোষ্ঠ্যানন্দী ছিলেন। যেখানে সাধু নাই তথায়ই নির্জ্জনভজন। এরূপ নির্জ্জনে অনর্থই প্রবল হয়। সুতরাং যেখানে সাধু পাওয়া যায় তথায়ই যেতে হ'বে।

পাষণ্ডগণ বল্‌ছে, শ্রীল প্রভুপাদ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের মনোহভীষ্ট প্রচার করেন নাই। কিন্তু শ্রীল প্রভুপাদই যে তাঁ'র মনোহভীষ্ট প্রচার ক'রেছেন একথা জগদ্‌গত জনগণই সন্ধান পে'য়েছেন। শ্রীস্বরূপদামোদরাভিন্ন ঠাকুরের চরণাশ্রয়ের (?) সৌভাগ্য পেয়েও অপরাধিগণ ঠাকুরের চরণে কিরূপ অপরাধ করছে দেখুন; তা'রা বল্‌ছে—প্রভুপাদ ঠাকুরের বিরুদ্ধ কথা প্রচার ক'রেছেন। এদের উদ্ধার নাই!—যদি শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর ও শ্রীল প্রভুপাদ কৃপা না করেন।

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ এই গোদ্রুমে তাঁ'র নিত্যারাধ্য উপাস্যগণের ভজনা ক'রেছেন। তিনি কেশ-পোষাকশয্যা। কেশ—ক+ঈশ। ক—ব্রহ্মা, ঈশ—মহেশ। শেষ—সহস্রবদন। এঁ'রা তাঁ'র সন্ধান পান না। এই স্থানের রেণু বা ধূলি হ'তে পারলেই নিত্যমঙ্গল। যে ধূলির উপর তাঁ'র পাদপদ্ম বিচরণ করে—যে পাদপদ্ম তাঁ'র বক্ষে রাখেন—সেই পাদপদ্মের ধূলি যেন হ'তে পারি—ইহাই প্রার্থনা।

"আদদানস্তৃণং দন্তৈরিদং যাচে পুনঃ পুনঃ।
ভক্তিবিনোদপাদাব্জরেণুঃ স্যাং জন্মজন্মনি॥"

পূর্ণ আত্মনিবেদন ক'রে শ্রবণ ক'রে, তবে কীর্ত্তন। Reserved Tank থেকে জল বা Power House থেকে light আসবে। শ্রবণপুটে যে বাণীর ধারা বা স্রোতঃ আসছে, শিক্ষামৃত-ধারা আসছে, সেই চৈতন্য-শিক্ষা, মহাপ্রভুর শিক্ষা বা অমৃতধারা কর্ণের pipe দিয়ে অবতীর্ণ হ'য়ে মুখ দিয়ে বেরোয়। চৈতন্যের শিক্ষামৃত—উপদেশামৃত, এটি চলে আসছে—শ্রীস্বরূপ-দামোদর-রূপ রঘুনাথ-শ্রীজীব-কবিরাজ-নরোত্তম-বিশ্বনাথ-বলদেব-জগন্নাথ-ভক্তিবিনোদ-গৌরকিশোর ও সরস্বতী-ধারায়। তাঁ'রা সেই অমৃতধারা পান ক'রে বিলিয়েছেন। তা' আবার শ্রীল প্রভুপাদের উচ্ছিষ্ট হ'য়ে মহামহাপ্রসাদ হ'য়েছে। শ্রীমদ্ভাগবত যেমন শুকমুখবিগলিত হ'য়ে অমৃত হ'তেও অমৃত হ'য়েছে—সেইরূপ। প্রভুপাদ যেভাবে শ্রবণ ক'রে কীর্ত্তন ক'রেছেন, সেই ধারায় আসতে হ'বে, নতুবা হয় অহঙ্কার বা গুরুত্যাগ হ'তে হ'বে অথবা নির্জ্জন-ভজনের নাম ক'রে বিলাসের বিপরীত নির্ব্বিশেষ-গতি লাভ হ'বে। সজ্জনকে দুর্জ্জন জ্ঞান ক'রে, অসৎ জ্ঞান ক'রে নির্জ্জন-বিলাসী হওয়াটাই মায়াবাদ,—তা' ভক্তিবিনোদবিরোধ। শ্রীল

গৌরকিশোর প্রভু শ্রীমদ্ভাগবত-শ্রবণ-কীর্ত্তন-রূপ বিলাসে—ভক্তিবিলাসে অবস্থিত ছিলেন। তিনি—মহাচিদ্বিলাসী, আর ঠাকুর ভক্তিবিনোদ—মহাবৈরাগী। রায় রামানন্দ—মহাবৈরাগী আর শ্রীরূপসনাতন—মহাবিলাসী—চিদ্বিলাসী—সেবাবিলাসী—ভক্তিবিলাসী। এই বিলাস ও বৈরাগ্য একতাৎপর্য্যপর—একার্থবোধক। যাঁ'রা সাধুর অনুকরণ করবার জন্য ব্যস্ত, তাঁদের মূলে অহংগ্রহোপাসনা। তথায় কেবল শরীরপূজা। যেখানে কৃষ্ণসুখবাঞ্ছা নাই তথায় জীবন-পুষ্পগুলিকে কৃষ্ণপাদপদ্মে দিবার ইচ্ছা নাই। সংকীর্ত্তন-পূজার পূজারী যদি "জন্ম সার্থক করি' কর পরোপকার" এই শিক্ষার অনুগত হ'য়ে কোন জীবকে সুযোগ না দেন, তা হ'লে তাঁর অসাধ্য কিছুই নাই—তিনি সব কর্‌তে পারেন। যে জীবকে হিংসা কর্‌ল,—মহাপ্রভুর কথামৃত বল্‌ল না—সেই ধারায় পৌঁছিয়ে না দিয়ে হিংসা কর্‌ল, কৃষ্ণবিলাসের উপকরণ যে তত্ত্বজ্ঞ, তাঁ'র অনুগত না হ'য়ে বিরোধ আচরণ কর্‌ল তাঁ'র প্রতি কৃষ্ণের দয়া হ'বে না। উন্মুখ বহু না হ'লে তাঁ'র উল্লাস হয় না। তিনি বহুবল্লভ। তাঁ'র বহু গোপী। এই নিয়েই তাঁ'র সুখ—উল্লাস। কৃষ্ণ একজনকে নিয়েই সন্তুষ্ট। তিনি আবার বহু কায়বিস্তার ক'রে কৃষ্ণকে সম্ভোগ করান। বৈষ্ণবঠাকুর দয়ার সাগর। তাঁ'র ইচ্ছা—সকল জীব কৃষ্ণের ইন্দ্রিয়তর্পণ করুক। অনেকে মিলে যে কীর্ত্তন তা'ই রাস, উন্মুখ বহুর সমাবেশ সেখানে। নিবৃত্তানর্থ শুদ্ধভক্তগণ বড় সুন্দর। বৈষ্ণবঠাকুর অভিন্ন-নিত্যানন্দ,—পূজারী হ'য়ে কৃষ্ণের পাদপদ্মে সেই অনন্ত বহু পুষ্পসম্ভার অঞ্জলি প্রদান ক'রে সুখ পা'ন। নির্জ্জনে ব'সে থাক্‌লে হ'বে না—সাধুসঙ্গে সেবা কর্‌তে হ'বে। নতুবা সংকীর্ত্তন হ'বে না। 'বহুভির্মিলিত্বা যৎ কীর্ত্তনং তদেব সংকীর্ত্তনম্'।

একাকী আমার নাহি পায় বল
হরিনাম-সংকীর্ত্তনে।
তুমি কৃপা করি' শ্রদ্ধাবিন্দু দিয়া
দেহ কৃষ্ণনামধনে॥

আমি যদি নির্জ্জনে হরিনাম—হরিভজন কর্‌তে যাই, তবে বল পাব না। একজনে সংকীর্ত্তন হয় না। সংকীর্ত্তন হচ্ছে—নামের বিলাস বা আরাধনা। শ্রেষ্ঠ উপাস্য—যুগলনাম; সংকীর্ত্তন-রাসে তাঁ'র বিলাস।

কবে নিত্যানন্দ মোরে করি দয়া
ছাড়াইবে মোর বিষয়ের মায়া।
দিয়া মোরে নিজ চরণের ছায়া
নামের হাটেতে দিবে অধিকার॥

আর কবে নিতাইচাঁদ করুণা করিবে।
সংসার-বাসনা মোর কবে তুচ্ছ হবে॥

আমার বিষয়-তৃষ্ণা দূর হো'ক, তত্ত্ব বাসনা, অপরাধ, চারি প্রকার অনর্থ নিবৃত্ত হ'য়ে আমার হৃদয় সংকীর্ত্তন-রাসোৎসবের উপযুক্ত হো'ক, কৃপা ক'রে আমাকে যোগ্যতা দাও।

কাঙ্গাল না হ'লে বৈষ্ণবের কৃপা হ'বে না। যে স্থানে শুদ্ধ-বৈষ্ণবসঙ্গ পরিত্যাগের ইচ্ছা, তথায় বিলাসবিরোধ। কৃষ্ণের বিলাস হো'ক, জড়বিলাস রহিত হো'ক—ভক্তিবিলাস হো'ক—সেবাবিলাস হো'ক—সংকীর্ত্তন-বিলাস হো'ক। যে যুগে ভক্তিবিরোধিনী যুক্তি প্রবল, যে যুগে একপক্ষ অর্থাৎ কৃষ্ণপক্ষ বা কৃষ্ণের পূর্ণাধিপত্য নাই, সেই কলি বা বিবাদযুগে ঠাকুর এই প্রপঞ্চে এসে সেবা-বিলাসের কথা কীর্ত্তন ক'রেছেন।

শ্রীল ভক্তিবিনোদ নিজকে কাঙ্গাল ব'লেছেন। যতক্ষণ কাঙ্গাল না হওয়া যায় ততক্ষণ হ'বে না। নিত্যানন্দ ও তদ্বৈভব বৈষ্ণবের কৃপা না হ'লে হ'বে না। কৃষ্ণের অনুকরণ ক'র্‌তে হ'বে না; পুরুষাভিমান তাঁ'রই একচেটিয়া। পুরুষাভিমানে ইন্দ্রিয়-পরিচালনা ক'র্‌তে গেলে বদ্ধজন্ম হ'বে। যে কাঙ্গাল তাঁ'র সর্ব্বত্র গুরুদর্শন—কৃষ্ণপ্রিয়-দর্শন—সুদর্শন—চেতন দর্শন। সচ্চিদানন্দাকৃতিই—তত্ত্ববিবেক। এই অনুভূতিতে নিজেকে কাঙ্গাল—বৈষ্ণবের দাসানুদাস অভিমান। সর্ব্বত্র কৃষ্ণভোগ্য—কৃষ্ণসম্বন্ধি দর্শন। কৃষ্ণেরই পৌরুষ থাক্‌বে। ইচ্ছাশক্তির কর্ত্তা মদনমোহন। আমার ইচ্ছা তাঁর ইচ্ছার অনুগত হওয়া দরকার, নতুবা বন্ধন—বিবর্দর্শন—অবৈষ্ণব-দর্শন—অন্যদর্শন—অবিদ্যা; তা'তে অসুবিধা। বৈষ্ণবঠাকুরের কৃপার পর্দ্দা স'রে গেলে পুরুষাভিমান চ'লে গিয়ে দীনতা বা অকিঞ্চনতা প্রবল হয়। ঠাকুর ভক্তিবিনোদের উপদেশ—

'একাকী আমার নাহি পায় বল
হরিনাম-সংকীর্ত্তনে।
তুমি কৃপা করি শ্রদ্ধাবিন্দু দিয়া
দেহ' কৃষ্ণনাম-ধনে॥
কৃষ্ণ সে তোমার কৃষ্ণ দিতে পার
তোমার শকতি আছে।
আমি ত' কাঙ্গাল কৃষ্ণ কৃষ্ণ বলি'
ধাই তব পাছে পাছে॥

আমরা যেন ভক্তিবিনোদ ঠাকুরের পিছনে নিত্যকাল যেতে পারি। দেখুন, এখানে অভিন্ন ব্রজধাম। গৌরলীলায় কৃষ্ণলীলা এবং কৃষ্ণলীলায় গৌরলীলা সর্ব্বত্র দর্শন ক'রে কীর্ত্তনমুখে স্মরণ ক'রে নিত্যসিদ্ধ গৌরজন ঠাকুর ভক্তিবিনোদ গৌরধাম আশ্রয়ের আদর্শ প্রদর্শন ক'রেছেন। গৌরধাম—গৌরাভিন্ন। গৌরধাম গৌরের ন্যায় মহাবদান্য। শ্রীধামের সাক্ষাৎ কৃপা-কটাক্ষ লাভ করা দরকার। তিনি কৃষ্ণধামে গৌরধাম এবং গৌরধামে কৃষ্ণধাম দর্শন ক'রেছেন। তিনি কৃষ্ণকীর্ত্তনের কথা ব'লেছেন। নাম-সংকীর্ত্তনই যে একমাত্র সর্ব্বশ্রেষ্ঠ অভিধেয় তা' তিনি চোখে অঙ্গুলি দিয়ে দেখিয়ে দিয়েছেন, প্রকৃষ্টভাবে দর্শন ক'রেছেন। তিনি অতি সৌভাগ্যবান্ জীবের সেবোন্মুখ জিহ্বায় কীর্ত্তন করিয়েছেন। জীবের প্রতি এটা তাঁ'র মহাকৃপা; তিনি মহাবদান্য। তাঁ'র এই উপকারের কথা সহস্রবদনও বর্ণন ক'র্‌তে পারেন কিনা জানি না। যে যুগে ভক্তিকে লঙ্ঘন ক'রে, বৈষ্ণবের আনুগত্য বাদ দিয়ে পাষণ্ডতার শেষ সীমায় যাঁ'রা জড় সম্ভোগে উন্মত্ত, সেই বিবাদ যুগে একমাত্র চরম পরমমঙ্গলের পূর্ণ নিদান শ্রীনামপ্রভুর অবতরণের জন্য অহৈতুক-জীবদুঃখকাতর ঠাকুর ভক্তিবিনোদ যে যত্ন ক'রেছেন তাঁ'র তুলনা নাই।

ভকতিবিনোদ দয়া করহ বিচার।
বিচার করিলে চিত্তে পাবে চমৎকার॥

যদি উন্মুখ হ'য়ে, তাঁ'র হৃদ্গত চিত্তবৃত্তির সহিত এক হ'য়ে, সেই চিত্তবৃত্তির সহিত dovetailed হ'য়ে তাঁর ইচ্ছার সহিত খাপে খাপে মিলে গিয়ে, সেই ভূমিকায় গিয়ে দর্শন ক'রার ইচ্ছা হয় তবে পাষাণ গলে যাবে,—অতি বড় পাষণ্ড গ'লে যা'বে। এত বড় কথা—এই গূঢ়রহস্য তাঁর অনুগত হ'য়ে অনুসরণ ক'র্‌লে বুঝা যা'বে। অনুসরণ না ক'র্‌লে সর্ব্বনাশ।

অপ্রাকৃত বস্তুর প্রতি প্রাকৃত বিলাস আরোপ ক'র্‌তে হ'বে না। ভগবান্‌কে anthropomorphise ক'র্‌তে হ'বে না—বদ্ধমানবোচিত মনে কর্‌তে হ'বে না। জড় বিচার সর্ব্বতোভাবে পরিত্যাজ্য। বহির্ম্মুখ জীবকে বৈষ্ণব বা বিষ্ণুজ্ঞান নিষেধ ক'রেছেন। আমাদের আত্মার সব কৃত্রিমতা, কপটতা পরিত্যাগ ক'রে যে শুদ্ধবৃত্তি, তা' যা'তে জাগে, কৃষ্ণপ্রেম যা'তে লাভ হয়, তার উপায় শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ সহজভাবে ব'লে দিয়েছেন। কোন আচার্য্য জীবের প্রতি এরূপ উপকার দেখিয়েছেন, সহজ ভাষায় বহির্ম্মুখ জীবকে উন্মুখ ক'রবার জন্য সুযোগ দিয়েছেন কি না আমাদের জানা নাই। ঠাকুর ভক্তিবিনোদের আরও অনেক গুণরত্নের কথা তাঁ'র কৃপা ব্যতীত ব'লবার উপায় নাই। শ্রীল প্রভুপাদের কৃপা ব্যতীত ঠাকুরের দয়ার কথা বলা যায় না। অনেক কথা ব'লবার আছে কিন্তু আমি নির্গুণ্য অন্ধ জীব-কীট। তাই কোন কথা হৃদয়ে আসে না। ঠাকুরের মহিমা কীর্ত্তন ক'র্‌তে আমি সর্ব্বতোভাবে অযোগ্য, তাঁর গুণের কথা ব'লবার সাধ্য আমার নাই। তাঁ'র বৈষ্ণবরূপে আপনারা আমার প্রতি কৃপা করুন, যেন নিত্যকাল ব'ল্‌তে পারি,—

'আদদানস্তৃণং দন্তৈরিদং যাচে পুনঃ পুনঃ।
ভক্তিবিনোদপাদাম্ভোজরেণুঃ স্যাং জন্মজন্মনি॥

দুঃসঙ্গ-বর্জ্জন

(প্রাপ্ত)

(১)

বাজিল ধর্ম্মের ভেরী গম্ভীর নিনাদে,
আবার পঙ্কিল পথ সাধু সাবধান।
মজো না দুর্ব্বল জীব কলিতস্কবাদে,
আচার্য্যচরণে লও বিশ্রামের স্থান॥

(২)

পুনঃ পুনঃ উঠে ধ্বনি সাধু সাবধান,
শ্রীনাম, গোবিন্দ, সাধু, শ্রীমহাপ্রসাদ।
অপ্রাকৃত বলি কহে সর্ব্বশাস্ত্রগণে,
বাধা'বে তাহাতে কলি সংশয় বিবাদ॥

(৩)

গুরুদেবে মর্ত্ত্যবুদ্ধি করিয়া দুর্জ্জন,
বন্ধ করিবারে চাহে শ্রৌতবাণী-ধার।
গুরুদ্রোহী সঙ্গ চির করিয়া বর্জ্জন,
সাধুসঙ্গ করি ধর ভক্তিপথ সার॥

(৪)

কলি ছলনায় কর্ণে প্রদানি অঙ্গুলি,
কর্ণপুটে পান কর গুরুবাণী সার।
শিরে লহ আশীর্ব্বাদ আচার্য্যের ধূলি,
চলরে অমৃত দেশে ত্যজিয়া অসার॥

(৫)

কৃষ্ণশক্তি গুরু নন্দে যেই দুরাচার,
জেনো স্থির তার সঙ্গ নরক গমন।
অসৎসঙ্গ-ত্যাগ—এই বৈষ্ণব-আচার,
গুরুভোগ গুরুত্যাগী দুঃসঙ্গ দুর্জ্জন॥

(৬)

দুঃসঙ্গ পিশাচ আসে বিস্তারি বদন,
ছুটে এস জীব ভক্তিসুধাকরালোকে।
নতুবা আঁধারে চির আত্মার পতন,
একমাত্র বাস্তবে আশ্রয় ভূলোকে॥

শুদ্ধভক্তি-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠ

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া। শ্রীগৌরসুন্দরের জন্মস্থান শ্রীযোগপীঠ, শ্রীবাস-অঙ্গন ... শ্রীচৈতন্যমঠ [illegible] চতুর্দিকে [illegible] ... অবস্থিত [illegible] আছে।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১৬নং কালীপ্রসাদ চক্রবর্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৫ কলিকাতায় শ্রীভক্তিবিনোদ-আসনে মঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠ পাঠ, মহোৎসব, প্রত্যহ শ্রীমদ্ভাগবতাদি শাস্ত্র সম্বন্ধে আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও [illegible] পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়।

(৩) যোগপীঠ মায়াপুর-পীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব ভূমি মহাযোগপীঠ।

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং টোল বর্তমান।

(৬) মুরারিগুপ্তের পাট

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৭) কাজি-সমাধি-পাট

প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)

ইহা গৌরকৃপা-প্রাপ্ত শ্রীচাঁদকাজীর সমাধি।

(৮) অনন্তকুলকুণ্ডলীমন্দির

শ্রীধাম মায়াপুর

(৯) আনন্দ সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)

এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্তমান।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)

গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা।

(১১) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ জান্নগর (বর্দ্ধমান)

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মাউগাছি, পোঃ জান্নগর, (বর্দ্ধমান)

শ্রীবাসপত্নীর ঠাকুর বৃন্দাবনের স্থান

(১৩) রুদ্রদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(১৪) অম্বুদেব গৌড়ীয়মঠালয়

(১৫) স্বর্ণবিহার-গৌড়ীয়মঠ

গৌরপুর, নদীয়া

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ

মাজিদা (শ্রীনৃসিংহদেব মন্দির নিকটবর্তী) পোঃ [illegible] (নদীয়া)

(১৭) কুলিয়া

পোঃ [illegible] (নদীয়া)

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ চাঁদপাড়া, (নদীয়া)

(২০) মহেশ-পণ্ডিতের পাট

[illegible], পোঃ চাকদহ (নদীয়া)

(২১) রাণাঘাট গৌড়ীয়মঠালয়

(২২) পুরী গৌড়ীয় মঠ

চারধাম পরগণা

(২৩) মাধবগৌড়ীয়মঠ

বালিয়াটী পোঃ ওয়ারি, ঢাকা। পূর্ববঙ্গের প্রচার-কেন্দ্র।

(২৪) গোপালজীউমঠ

কমলাপুর, পোঃ ঢাকা

(২৫) বলাই-গৌরাঙ্গ মঠ

পোঃ পানিহাটি, (ঢাকা)

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

বড়বাজার, পোঃ ময়মনসিংহ

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চকচকা, কামরূপ (আসাম)

(২৯) দার্জিলিং গৌড়ীয়মঠ

[illegible], দার্জিলিং

(৩০) সারস্বত-গৌড়ীয়মঠ

পোঃ হরিদ্বার, জেঃ সাহারাণপুর, ইউ, পি

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

[illegible] পাটনা।

(৩২) গয়া গৌড়ীয়মঠ

[illegible] রোড, গয়া

(৩৩) সনাতন গৌড়ীয় মঠ

৮।১৭ বড় গণেশ, বেনারস সিটি

(৩৪) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

(৩৫) [illegible] মঠ,

পোঃ [illegible], [illegible] ইউ পি।

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়

বিশ্রামঘাট, পোঃ মথুরা

(৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ

কিশোরপুর, বৃন্দাবন

(৩৯) [illegible]-কুঞ্জ

পোঃ রাধাকুণ্ড। মথুরা

(৪০) কুঞ্জবিহারী মঠ - শ্রীরাধাকুণ্ড

(৪১) রাধাকুণ্ড গোবর্দ্ধন

(৪২) শ্রীগোবর্দ্ধনমঠালয়

গোবর্দ্ধন, মথুরা

(৪৩) নন্দ বিহারী মঠ

নন্দগ্রাম, মথুরা।

(৪৪) [illegible] গৌড়ীয়মঠালয়

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৫) বর্ষাণা গৌড়ীয়মঠালয়

পোঃ বর্ষাণা, মথুরা

(৪৬) গোবিন্দবিহারী মঠ—[illegible],

পোঃ [illegible], জেলা [illegible] (পাঞ্জাব।

(৪৭) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

(৪৮) দিল্লী গৌড়ীয় মঠ

[illegible] রোড, নিউ দিল্লী,

(৪৯) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, [illegible] বোম্বে ৭

(৫০) [illegible]-গৌড়ীয়মঠ

পোঃ [illegible], মাদ্রাজ

শ্রী[illegible] সেবা

(৫১) [illegible]-গৌড়ীয়মঠ

পোঃ [illegible], [illegible]

শ্রী[illegible] প্রাপ্ত

(৫২) নন্দ গৌড়ীয়মঠ

[illegible], পোঃ [illegible], (পুরী)

(৫৩) পুরুষোত্তম মঠ

[illegible] পোঃ পুরী, উড়িষ্যা

(৫৪) ভক্তিকুটী—[illegible], পুরী

(৫৫) লীলাকুটী

(৫৬) [illegible]-গৌড়ীয়মঠ

পোঃ ভুবনেশ্বর, পুরী

(৫৭) [illegible] মঠ

[illegible], পোঃ কটক (উড়িষ্যা)

(৫৮) বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ

(৫৯) শ্রী[illegible]গৌড়ীয়-[illegible]

পোঃ [illegible], গঞ্জাম

(৬০) [illegible] মঠ

চিলকিয়া, পোঃ [illegible], মেদিনীপুর

(৬১) [illegible] গৌড়ীয়মঠ

পোঃ [illegible], মেদিনীপুর

(৬২) [illegible] প্রপন্নাশ্রম মঠ

পোঃ [illegible] (বর্দ্ধমান)

(৬৩) [illegible]গৌড়ীয়মঠ

[illegible], পোঃ [illegible], (মানভূম)

(৬৪) রেঙ্গুন গৌড়ীয়মঠ

৩০১ নং [illegible] ষ্ট্রীট, রেঙ্গুন।

(৬৫) লণ্ডন গৌড়ীয়মঠ

ফ্ল্যাট নং ২

৫১, [illegible] রোড

[illegible], লণ্ডন, উ ৫

(৬৬) গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

১৬।৫, কালীপ্রসাদ চক্রবর্তী ষ্ট্রীট, কলিকাতা

(৬৭) গৌড়ীয়মঠ অফিস

[illegible] রোড, [illegible] (ইউ-পি)

(৬৮) শ্রীবিদ্যানিধি গৌড়ীয়মঠালয়

[illegible], চট্টগ্রাম

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে শ্রীবনীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীমহানন্দ ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

—:(০):—

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও দ্বিতীয় দিনের জন্য	সংবাদের পৃষ্ঠায় পরবর্ত্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় পরবর্ত্তী দিনের
প্রতিবারে প্রতি লাইনে	।০	৵০	।৵০	।০
" " ইঞ্চি	২৲		১৷০	১৲
সিকিকলম	৫৲	৪৲		৩৲
অর্দ্ধকলম	৮৲		৬৲	৫৲
" এক কলম	১৫৲	১০৲	১০৲	

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চি	৩৲	৩৷০
" সিকি কলম	১৫৲	১২৲
অর্দ্ধকলম	২৫৲	১৮
এক কলম	৩০	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৸০
মাসিক "	

প্রতি সংখ্যা ৫ । বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী

———:(০):———

শ্রীল প্রভুপাদের চতুঃষষ্টিবর্ষপূর্ত্ত্যাবির্ভাব-তিথিতে শ্রীল আচার্য্যদেবের অভীষ্টানুসারে "শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী" প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। ইহাতে পূর্ব্বার্দ্ধ ও উত্তরার্দ্ধ দুইটি বিভাগ আছে। পূর্ব্বার্দ্ধে শ্রীল প্রভুপাদের আদি-প্রবন্ধাবলী শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের সম্পাদিত 'সজ্জনতোষণী পত্রিকা,' শ্রীল প্রভুপাদের 'নিবেদন' সাপ্তাহিক পত্র প্রভৃতি হইতে সংগৃহীত ও প্রয়োজনীয় অর্থের টীকা-সহ প্রকাশিত হইয়াছে। উত্তরার্দ্ধে শ্রীল প্রভুপাদের সম্পাদিত 'সজ্জনতোষণী'র কতিপয় প্রবন্ধ সংগৃহীত ও মুদ্রিত হইয়াছে। প্রবন্ধগুলি রচনাকালের ক্রমানুসারে গ্রথিত হইয়াছে; এতদ্ব্যতীত শ্রীল আচার্য্যদেবের একটি মূল্যবান্ উপোদ্ঘাত ও সঙ্কলনকারীর একটি বিস্তৃত ভূমিকা, শব্দসূচী, স্থান-পাত্র-শ্লোক ও পয়ার-সূচী প্রভৃতি গ্রন্থে সংযোজিত হইয়াছে। গ্রন্থটি উৎকৃষ্ট কাগজে পারিপাট্যের সহিত মুদ্রিত ও শ্রীল প্রভুপাদের আলেখ্যাদিদ্বারা ভূষিত ও সুন্দর বাঁধাই হইয়া প্রকাশিত হইয়াছে। প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, জিলা নদীয়া; শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ও শ্রীমাধ্বগৌড়ীয়মঠ, [illegible], পোঃ [illegible], ঢাকা।

[illegible]ল প্রভুপাদের পদ্যপ্রসূন মালা

এই গ্রন্থে ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তি-সিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের রচিত পদ্যাবলী শ্রীল আচার্য্যদেবের বিরচিত "সৌরভ" নামক ভাষ্যের সহিত প্রকাশিত হইয়াছে। শ্রীল প্রভুপাদের অনেক অপ্রকাশিত পদ্য ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ।০ চারি আনা।

শ্রীধাম-মায়াপুরে

—:০:—

—"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট"—

—::০::—

[illegible] শ্রেণী বিদ্যালয়

[illegible] ম্যাট্রিকুলেশন [illegible] বিদ্যালয় ও বোর্ডিং এর পরিচালনা [illegible] আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য [illegible] বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খাবার ও সেবকনাপিত প্রভৃতি মাসে মাত্র ৬৲ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। বর্ত্তমান বর্ষে ১৬ জন বালকের মধ্যে ১৫ জন ভালভাবে উত্তীর্ণ হইয়াছে।

মেধাবী ছাত্রগণের আরও সুবিধা

পরীক্ষায় যাহারা শতে শতকরা ৭৫ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ সচ্চরিত্র মেধাবী ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট, শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক-সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতিসুন্দরভাবে আলোচিত হইয়াছে। এই এক অপূর্ব্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

———

শ্রীচৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত্র অতিসুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত ইহার ভিক্ষা মাত্র ৪৲ টাকা। প্রাপ্তিস্থান শ্রীযুত [illegible] ভক্তিশাস্ত্রী, শ্রীযোগপীঠ, [illegible], পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীসরস্বতী-সংলাপ

প্রথম খণ্ড

শ্রীশ্রীব্রহ্মমাধ্ব গৌড়ীয়সম্প্রদায়ৈকসংরক্ষক জগদ্গুরু পরমহংসকুলচূড়ামণি [illegible] শ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী [illegible] বিভিন্ন স্থানে সজ্জনবৃন্দের প্রশ্নোত্তরে ও সম্বন্ধে [illegible] করিয়াছেন, যাহা তাঁহার প্রকটকালেই [illegible] বিদ্যাবিনোদ বি-এ প্রভুপাদেরই শ্রীমুখে [illegible] ধারাবাহিকভাবে গৌড়ীয়পত্রে প্রকাশিত হইয়াছে, তাহা "শ্রীশ্রীসরস্বতী-সংলাপ" নামে [illegible] শ্রীল প্রভুপাদের 'বক্তৃতাবলী' ও 'পত্রাবলী' আকারে [illegible] বর্ত্তমানে শ্রীল প্রভুপাদের প্রথমবার্ষিক 'বিরহ'-উৎসব-বাসরে [illegible] প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছেন। মানবজীবনের বহু সমস্যার সমাধান [illegible] পাওয়া যাইবে। ভক্তগণের পক্ষে [illegible] এই গ্রন্থ সংগ্রহ একান্ত প্রয়োজন।

৮৬ শ্রীকৃষ্ণচৈতন্য

প্রথম খণ্ড শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্‌শ কলেজের সংস্কৃতের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপাধ্যায় পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিশাস্ত্রী ভক্তিভাস্কর সম্প্রদায়-বৈভবাচার্য্য এম-এ মহোদয়ের প্রৌঢ়গবেষণা এবং পরিপক্ব লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং শুদ্ধ ভগবানের জীবনচরিত্র-পাঠে ধন্য হউন। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিবিধ চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলে শ্রীমহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ড ত্রয়োদশ অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্তার ভূমিকাদ্বয় (Prefaces), বিষয় তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র (Index Glossary) সহ প্রথমার্দ্ধ প্রকাশিত। ভিক্ষা—১৫, পনর টাকা। প্রাপ্তিস্থান—মান্দ্রাজ গৌড়ীয়মঠ, রায়পেটা মান্দ্রাজ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু সদ্গ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১।১নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্

ইহা কটক নগরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

[illegible] পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাটতি এত অধিক। দিবার শীলমোহর সংযুক্ত কাগজের এবং নূতন ও পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। মূল্য ছোট বোতল ৸০ দশ আনা, বড় বোতল ১৵০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা

অথবা

, পোঃ বেহালা, ২৪ পরগণা

'ঠাকুর ভক্তিবিনোদ'

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি প্রচারের মূল মহাজন সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অভিমর্ত্ত্য জীবনচরিত এতাবৎকাল পর্য্যন্ত গ্রন্থাকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু এতদিন পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয়মঠাচার্য্যবর্য্যের শুভেচ্ছায় সর্ববিদ্যাসাগরিত্বিক সু-লেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু গ্রন্থাবলী শিক্ষামালাও সন্নিবিষ্ট হইয়াছে। সর্বসমেত ১২৫ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৸০ আনা; ডাক মাশুল স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান—ম্যানেজার গ্রন্থবিভাগ
শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

ই. বি. রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	৪-৩৬	৬ ০৬	৭-২৬	১২-২৬	১৪ ৫৬	১৬-৫৬	১৭-৫৬	২২-২৬
রাণাঘাট পৌঃ			৮-৫০	১৪-১৫				
(বদল) ছাঃ			৯-৩৩	১৪-৫০				
কৃষ্ণনগর পৌঃ	৭-১	৮-৪৫	১০-৮	১৫-২৩	১৭-২৮	১৯-১১	২০-১৬	১-১২
(বদল) ছাঃ	৭-১২		১০-৩১		১৭-৩৮		২০-২৬	
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫১		১১-১০		১৮-১৩		২০-৫৬	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
রাণাঘাট পৌঃ	১২-৫৫
ছাঃ	১৩-০
শান্তিপুর পৌঃ	১৩-২৬
(বদল) ছাঃ	১৩-৩১ (লাইট্ রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪-২
ছাঃ	১৪ ২০
নবদ্বীপঘাট পৌঃ	১৫-০

ডাউন

নবদ্বীপঘাট ছাঃ	৫ ৪৪			৯-২৫	১৩-৫১	১৬-০	১৮-৩১	
কৃষ্ণনগর পৌঃ	৬ ২৬	৯-১৬	১০-৩	১১-৪১	১৪-১০	১৬-৩৮	১৯-১৯	
ছাঃ	৬-২৬	৭-১৮		১০-১১		১৬ ৫৬	১৯-২৫	
রাণাঘাট পৌঃ				১০-৪৬		১৭-৩১		
(বদল) ছাঃ				১১ ০		১৭-৪০		
কলিকাতা পৌঃ	৮-১৬	৯-২১	১২-১	১২-১৬	১৪-১৬	১৯-১১	২১-৪১	২৩-২৬

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৩-৩১	১৬-০	
কৃষ্ণনগর পৌঃ	১৪-১০	১৬-৩৮	
ছাঃ	১৫-২৮	১৭-১৫	
শান্তিপুর পৌঃ	১৬-৯	১৭-৫৬	
(বদল) ছাঃ	১৬-৩৩	১৮-১ (শনিবার ভিন্ন)	১৮-৮ (শনিবার)
রাণাঘাট পৌঃ	১৭-১০	১৮-২৭	১৮-৩৩
(বদল) ছাঃ	১৭-৪৩	১৮-৪০	১৮-৪০
কলিকাতা পৌঃ	১৯-১১	২০-৬	২০-৬

পোঃ— শ্রীমায়াপুর
টেলিগ্রাম—শ্রীধাম
শ্রীমায়াপুর

REGD NO [illegible]

দৈনিক নদীয়াপ্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্বত্র বহুল প্রচারিত নদীয়াজেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৪শ খণ্ড, শ্রীমায়াপুর— ১৮ই বৈশাখ, ১৩৪৬, ২রা মে, ১৯৩৯, মঙ্গলবার। ৫৩শ সংখ্যা

বিবিধ সংবাদ

গাংপুর রাজ্যে সৈন্যপ্রেরণ

উড়িষ্যা দেশীয়-রাজ্য প্রজা সম্মেলন নিম্নোক্ত বিজ্ঞপ্তি প্রকাশ করিয়াছেন—

"বিশ্বস্ত সূত্রে জানা গিয়াছে যে, গাংপুর রাজ্যের প্রজারা সমবেত হইয়া কয়েকজন লোকের গ্রেপ্তারে বাধা দিয়েছে এবং সম্ভবতঃ দরবারের অনুরোধে কটক ও ঢেঙ্কানাল হইতে প্রায় ৭০ জন ভারতীয় সৈন্যকে সত্বরে সম্বলপুরের পথে গাংপুর পাঠান হইয়াছে। গাংপুরে কোন প্রজা মণ্ডল না থাকায় গ্রেপ্তার এবং দাঙ্গাহাঙ্গামার কারণ বোঝা যাইতেছে না। তথাপি এই সংবাদ পাইবার পর উড়িষ্যা দেশীয় রাজ্য প্রজা সম্মেলনের সম্পাদক [illegible] তাঁহার জনৈক বন্ধুকে ভার দিয়া, তাঁহার মারফতে উক্ত রাজ্যের প্রজাদিগকে এরূপ কার্য হইতে বিরত হইবার পরামর্শ দিয়াছেন। এই কার্য অহিংসানীতির বিরোধী এবং উহার ফলে দরবার কর্তৃক দমননীতির আশঙ্কা রহিয়াছে। সঠিক সংবাদের প্রতীক্ষা করা হইতেছে।"

গাংপুর উড়িষ্যার দেশীয় রাজ্যগুলির মধ্যে চতুর্থ। ইহা সম্বলপুর জেলার সীমান্তে অবস্থিত। উহার আয়তন ২,৪৯২ বর্গমাইল এবং লোকসংখ্যা ২,৫৬,৬৭৮।

বুন্দেলখণ্ডে [illegible] দল গঠন

রাজা '[illegible]' [illegible]'-এর দ্বিতীয় ব্যাটেলিয়নের [illegible] অনুমোদন-

গার্ডস"-এর দ্বিতীয় ব্যাটেলিয়ান গঠন অনুমোদন করিয়াছেন।

যুক্তরাষ্ট্র পরিকল্পনা

ভারতবাসীর সাহায্য ও সহানুভূতি লাভের জন্য বৃটিশ সাম্রাজ্যবাদ প্রতিক্রিয়াপন্থীদের সাহায্য এদেশে যুক্তরাষ্ট্র পরিকল্পনা প্রবর্তন করিতে চেষ্টা করিতেছে। এ সম্বন্ধে জাতীয় কংগ্রেসের বিরোধিতা সত্ত্বেও ভারতের নেতৃবর্গের এক দল সংশোধিত আকারে প্রস্তাবিত যুক্তরাষ্ট্র গ্রহণ করিবার অনুকূল মনোভাব প্রকাশ করিয়াছে। এই সম্প্রদায়ের অভিমত এই যে, আপোষ রফার পথে ভারতের স্বাধীনতালাভ হইবে না। অতএব সাম্রাজ্যবাদের সঙ্গে আপোষহীন সংগ্রাম আবশ্যক। সুনিয়ন্ত্রিত আন্দোলন ও প্রচার দ্বারা জনসাধারণের মনোবৃত্তি আরও সংগ্রামশীল করিয়া তুলিলে এবং সাম্রাজ্যবাদ-বিরোধী প্রতিষ্ঠানসমূহের সহযোগিতা লাভ করিলে কংগ্রেস শক্তিশালী এবং ভারতের স্বাধীনতার পথ সুগম হইবে বলিয়া এই সম্প্রদায় মনে করিতেছে।

রাষ্ট্রপতি সুভাষচন্দ্র বসু যুক্তরাষ্ট্র পরিকল্পনার বিরুদ্ধে দৃঢ় অভিমত ব্যক্ত করায় এই সম্প্রদায় তাঁহার উপর পূর্ণ আস্থা স্থাপন করিয়াছেন এবং এ সম্বন্ধে তিনি যে কোন পন্থা অবলম্বন করিবেন, তাঁহার সঙ্গে সহযোগিতা করিতে এই সম্প্রদায় প্রতিশ্রুতি দিয়েছে।

হাজারীবাগ ট্রেন দুর্ঘটনার তদন্ত

হাজারীবাগ ট্রেন দুর্ঘটনার তদন্তের জন্য যে তদন্ত কমিটি নিযুক্ত হয়, তাহার রিপোর্ট [illegible] রেলওয়ে বোর্ডের নিকট দাখিল করা হইয়াছে এবং বোধ হয় আগামী সপ্তাহে উহা প্রকাশ করা হইবে। উক্ত ট্রেন দুর্ঘটনা লাইন অপসারণের ফলেই ঘটে, কমিটি এইরূপ মন্তব্য প্রকাশ করিয়াছেন বলিয়া অনুমান করা হইতেছে।

কংগ্রেস নেতৃবৃন্দের পুনরায় সমবেত প্রচেষ্টা

ওয়াকিবহাল রাজনীতিক মহলের মতে বৃহস্পতিবার সোদপুরে গান্ধীজী এবং রাষ্ট্রপতি বসুর মধ্যে চার ঘণ্টা ব্যাপী যে আলোচনা হইয়াছে, তাহাতে গুরুতর পরিস্থিতির উদ্ভব সম্ভবপর।

একটি সংবাদে প্রকাশ যে, গত বৎসরের ওয়ার্কিং কমিটির সদস্যদিগকে লইয়া নূতন ওয়ার্কিং কমিটি গঠন করিবার পরামর্শ দিতে গান্ধীজী এখনও স্বীকৃত নন; কেন না রাষ্ট্রপতি বসু ও তাঁহার পূর্ব সহকর্মীদের মধ্যে নীতি এবং কার্যক্রম লইয়া গভীর মতভেদ আছে বলিয়া মনে হয়।

অবস্থা যেরূপ দাঁড়াইয়াছে, তাহাতে শেষ পর্যন্ত হয় ত, গান্ধীজীর সাহায্য ও পরামর্শ ছাড়াই রাষ্ট্রপতিকে নিজ অভিপ্রায় অনুসারে নূতন ওয়ার্কিং কমিটি গঠন করিতে হইতে পারে।

গান্ধী-বসু আলোচনা পণ্ডিত জওহরলাল নেহরু মধ্যস্থের কাজ করিতেছেন; রাষ্ট্রপতিকে ওয়ার্কিং কমিটি গঠনের পরামর্শ দিবার জন্য তিনি গান্ধীজীকে বিশেষভাবে অনুরোধ করিয়াছেন। তিনি জোর দিয়া বলিয়াছেন যে, যে কোন প্রকারেই হউক, কংগ্রেস হইতে ভেদ-বিরোধ দূর করা আবশ্যক; কেন না বর্তমান আন্তর্জাতিক পরিস্থিতি বিবেচনা করিলে কংগ্রেসের মধ্যে ভেদ-বিরোধ ঘটিতে দেওয়া কোনক্রমে উচিত হইবে না। বৃহস্পতিবার পণ্ডিতজীর সকল চেষ্টা ব্যর্থ হইয়াছে। প্রকাশ যে, গুজরাট প্রান্তে যে সকল নেতা কলিকাতায় পৌঁছিবেন, তাঁহাদের কাহারও সহায়তায় তিনি পুনরায় চেষ্টা করিবেন।

মেদিনীপুর পল্লীতে শিলাবৃষ্টি ও বজ্রপাত

গত ২২শে এপ্রিল, শনিবার অপরাহ্ণ ৩টার সময় হইতে রাত্রি পর্যন্ত মেদিনীপুর জেলার চন্দ্রকোণা থানার গৌরি ও তৎপার্শ্ববর্তী গ্রামসমূহে প্রচণ্ড ঝড় ও প্রবল শিলাবৃষ্টি হইয়া গিয়াছে। শিলা বর্ষণ এত অধিক হইয়াছিল যে ভূমিতলে প্রায় ৩ ইঞ্চি পুরু শিলা জমিয়াছিল। দরিদ্র গ্রামবাসিগণের বহু টাকার শস্যাদি বিনষ্ট হইয়াছে।

ঐ দিন বৈকালে প্রায় ৫টার সময় হুগলী জেলার গোঘাট থানার ভাংগাঙ্গা গ্রামে একটি গোয়াল-ঘরে বজ্রপাত হয়। ইহার ফলে বৎস সহ একটি সদ্য প্রসূতা গাভীর মৃত্যু হয় এবং গোয়াল ঘরটি অগ্নিতে ভস্মীভূত হয়

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST— ওঁ বিষ্ণুপাদ শ্রীল প্রভুপাদের পরিব্রাজকগণ গোস্বামী মহারাজগণ দ্বারা সম্পাদিত হইয়া থাকে। পক্ষি একবারেই প্রকাশিত হয়। কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। সডাক ভিক্ষা ৪॥০ টাকা মাত্র।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩্, ষান্মাসিক ১॥০ টাকা মাত্র।

৩। ভাগবত—হিন্দীভাষায় একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১্ টাকা।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ টাকা মাত্র।

৫। শ্রীগৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ মাত্র।

পরমগুরু শ্রীগৌরকিশোর

গৌড়ীয়-সম্পাদক লিখিত, শ্রীগৌড়ীয়মঠ হইতে ভূমিকা সম্বলিত, বর্দ্ধিত শোভিত ও চিত্র সহ সমন্বিত "পরমগুরু শ্রীগৌরকিশোর" গ্রন্থখানি প্রকাশিত হইয়াছেন। এই গ্রন্থখানিতে শুদ্ধগৌড়ীয়বৈষ্ণবজগতের পরমারাধ্য, গৌড়ীয়গণের যথার্থ অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ নিত্যলীলাপ্রবিষ্ট পরমহংস ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল গৌরকিশোরদাস গোস্বামী প্রভুবরের অত্যদ্ভুত চরিতকথা বর্ণিত আছে।

শ্রীভক্তিবিনোদাবির্ভাব-শতবর্ষপূর্ত্তিতিথিপূজার উপায়ন-গ্রন্থমালা

——::(০)::——

১। গীতিসাহিত্যে শ্রীভক্তিবিনোদ

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র গীতিসাহিত্যের সমালোচনা গ্রন্থ)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

২। শ্রীভক্তিবিনোদবাণীবৈভব

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের রচনাসমূহ হইতে আহৃত ১০৮টি অধ্যায়ে সম্বন্ধ-অভিধেয়-প্রয়োজনাকারে গ্রথিত অমূল্য উপদেশপূর্ণ গ্রন্থ)

ভিক্ষা—৩্ তিন টাকা মাত্র।

৩। শ্রীশ্রীভক্তিবিনোদ-প্রসঙ্গ

ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ ও ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের পরিব্রাজকগণ গোস্বামীপাদ [illegible] এবং গৌড়ীয়ে প্রকাশিত শ্রীশ্রীভক্তিবিনোদ-চরিত [illegible]

ভিক্ষা—৷৴০ ছয় আনা মাত্র।

৪। ছাত্রদের ভক্তিবিনোদ

(ছাত্রদের উপযোগী ভাষায় লিখিত শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত ও শিক্ষা)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

ছাত্রদের পক্ষে ভিক্ষা—॥০ আট আনা মাত্র)

প্রাপ্তিস্থান :—

(১) "ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট", পোঃ শ্রীমায়াপুর, নদীয়া;

২) শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা;

৩) শ্রীযুক্ত [illegible] দাস [illegible], [illegible], পুরাণা-[illegible] পোঃ [illegible], ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্, —সমগ্র ৪০্
প্রথম হইতে নবম স্কন্ধ পর্য্যন্ত— ৩৮্
দশম স্কন্ধ— ৯্
২। অনুভাষ্য বিবৃতি শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৬্
৩। অমৃতপ্রবাহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬
৪। সরস্বতী জয়শ্রী (অবাঁধা) ৪্
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০, ২য় খণ্ড ১্, ৩য় খণ্ড—৸০
৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড ৸০; ২য় খণ্ড—১্; ৩য় খণ্ড ৸০
৭। শ্রীচৈতন্যদেব ১্
৮। সৎক্রিয়াসার দীপিকা সংস্কার দীপিকা ১।
৯। [illegible] ১্
১০। গৌড়ীয় কণ্ঠহার ২্
১১। শ্রীচৈতন্য শিক্ষামৃত (বাঁধা) ২্
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা)
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ।০
১৫। বৈষ্ণবসিদ্ধান্তের বিরুদ্ধ মত ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষদ্ ।০
১৮। [illegible] ।০
১৯। [illegible] ৷০
২০। গৌড়ীয় গৌরব ।৶০
২১। গৌড়ীয়গীতিকা ।৶০
২২ ভজন রহস্য
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃত ও শ্রীনবদ্বীপশতক (বাঁধা) ১্
২৪। গীতা (শ্রীবলদেব টীকা সহ ২্
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) অবাঁধা) ১
২৬। গীতার কোন কথা [illegible] ।০
২৭। [illegible] (সানুবাদ) ১্
২৮। [illegible] (সানুবাদ) ।০
২৯। প্রেমবিবর্ত (তৃতীয় সংস্করণ) (বাঁধা) ৸০
৩০। [illegible] ৶০
৩১। সাধনপথ (তৃতীয় সংস্করণ) ।৶০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ।০
৩৩। নবদ্বীপধাম গ্রন্থমালা ৷০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶০
৩৫। গীতমালা ৴১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৶০
৩৭। [illegible] ৶০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০
৩৯। [illegible] ।০
৪০। শরণাগতি ৴০
৪১। গীতাবলী
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা
৪৩। সাধনপথ
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ৴
৪৫। নবদ্বীপশতক
৪৬। অর্চ্চনপদ্ধতি
৪৭। [illegible] ৴
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৴১০
৪৯। অর্চ্চনকণ ৴১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম ও ২য় খণ্ড) ৬্
৫১। ব্রহ্মসংহিতা ৷০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ বিনির্ণয় ।০
৫৫। [illegible] বা মাহাত্ম্যজ্ঞানলহরী ।০
৫৬। আচরণ ও উপদেশ ৶০
৫৭। ঈশোপনিষৎ (সানুবাদ) ।০
৫৮। শ্রীকৃষ্ণনেত্র ৶০
৫৯। শিক্ষাষ্টক ৶০
৬০। [illegible] ৴০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতম্
৬২। সিদ্ধান্ত সরস্বতী বিভিন্নঃ ।০
৬৩। [illegible] ।০
৬৪। [illegible]
৬৫। [illegible]
৬৬। গৌড়ীয়মঠপরিচয়ঃ
৬৭। [illegible]

হিন্দী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ
৬৯। এ কিট [illegible]
৭০। নামভজন
৭১। বেদান্ত- [illegible] ভাষ্য [illegible]
৭২। [illegible] ৷৶০
৭৩। [illegible]
৭৪। [illegible]
৭৫। [illegible] গৌড়ীয়মঠ [illegible]
৭৬। [illegible]
৭৭। [illegible] [illegible]
৭৮। ব্রহ্মসংহিতা ১৷০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (অনুবাদ) ১৫্

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীনামনামাষ্টকাবলি ।০
৮১। সাধন-পথ ।০
৮২। কল্যাণ-কল্পতরু ৶০
৮৩। গীতাবলী ৴০
৮৪। শরণাগতি ৴০

আসামিয়া ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যের শিক্ষা ৬্

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

একমাত্র পারমার্থিক দৈনিক পত্র

শ্রীধাম-মায়াপুর-নদীয়া

১৩শ বর্ষ | ২৮ মধুসূদন ৪৫৩ গৌরাব্দ, ১৮ই বৈশাখ, বঙ্গাব্দ ১৩৪৬, ২রা মে ইং ১৯৩৯, মঙ্গলবার | ৫৬শ সংখ্যা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

২৮ মধুসূদন হাপু প্রত্যয় গৌরাব্দ ৪৫৩

শ্রীশ্রীআচার্য্যবাণী

——::(*)::-

"গৌড়ীয়মঠ" বলিতে শ্রীগুরুপাদপদ্ম ও তাঁহার অনুগতজন। গৌড়ীয়ের নাথ মহাপ্রভুর পার্ষদপ্রবর শ্রীস্বরূপ-দামোদর সজাতীয়াশয়-স্নিগ্ধ শুদ্ধভক্তগণ ব্যতীত অন্যধারাবলম্বী কাহাকেও মহাপ্রভুর পাদপদ্মে উপনীত হইবার অধিকার দেন না। গুরুপাদপদ্মে একান্ত শরণাগত অর্পিতকৰ্ম্ম ব্যক্তিই সচ্চিদানন্দময় শ্রীবিগ্রহে পুত্তলি বুদ্ধি বা পুত্তলিতে শ্রীবিগ্রহ-বুদ্ধির নিবৃত্তি হইতে আত্মরক্ষায় সমর্থ। নতুবা 'অর্চ্চ্যে বিষ্ণৌ শিলাধীঃ'-রূপ নারকী বুদ্ধি অনিবার্য্য। মর্ত্ত্য স্থাবর-জঙ্গমাদিকে ভগবান্ বলিয়া তোলা বা ভগবানে মর্ত্ত্যবুদ্ধি—ঘোরতর পৌত্তলিকতা। শ্রীগুরু-কৃপা ব্যতীত প্রেমাঞ্জনচ্ছুরিত ভক্তিবিলোচন লাভ না হওয়ায় অচিন্ত্য-অপ্রাকৃত-রূপ-স্বরূপ ভগবদ্বস্তুর দর্শন লাভ হয় না—পৌত্তলিকতা যায় না। শ্রীবিগ্রহ-সেবকাভিমানীর অযোগ্যতা বিচার করিতে গিয়া শ্রীবিগ্রহকে বাদ দিতে হইবে না। আমাদের জিহ্বা বা অনুশীলনেই দোষগুণ বিচার্য্য, বস্তুর সম্বন্ধে কোন কথা নাই। মৎসরজড়িত ছড়ানাম আপত্তিকর বলিয়া নাম কখনও দোষের নহে। গৌরনিজজনের শ্রীমুখে উচ্চারিত নামই শব্দব্রহ্ম। অপরাধীর উচ্চারণই দোষের, নাম দোষের নহেন। 'অবৈষ্ণব-মুখোদ্গীর্ণং' শ্লোকে 'উদ্গীর্ণং' কথাটীই বিচার্য্য; নতুবা অমৃত কখনও বিষ হইতে পারে না।

শ্রীগুরুপাদপদ্মের দীক্ষাগ্রহণের ছলনা বা অভিনয়েই যে দিব্যজ্ঞানের অধিকারী হওয়া যায়, তাহা নহে। শ্রীগুরুপাদপদ্মের চিদ্বিলাস-সিদ্ধান্ত বুঝিতে না পারিলে তাঁহার কৃপাবঞ্চিত হইয়া চরমে অচিদ্বিলাস বা নির্ব্বিশেষবাদই সত্য হইয়া পড়ে। শ্রীল মাধবেন্দ্রপুরীপাদের শিষ্যাভিমানকারী শ্রীরামচন্দ্রপুরীই তাহার দৃষ্টান্ত। "জাতে কৃষ্ণ ভজে করে গুরুর সেবন মায়াজাল ছুটে, পায় কৃষ্ণের চরণ"—বিচারই চরম নিঃশ্রেয়স প্রদান করে।

জগতের লোক শ্রীগৌড়ীয়মঠের যত নিন্দাই করুক, তাঁহার সহিত যুক্তিতে কখনও আঁটিয়া উঠিতে পারে না। কেবলমাত্র এইজন্য যে, শ্রীগৌড়ীয়মঠ শুদ্ধভক্তিসিদ্ধান্ত কীর্ত্তন করেন। ভক্তিসিদ্ধান্তে ফাঁকি বা গোঁজামিল নাই। এইজন্য সতর্ক থাকা দরকার, গোলমাল যেন কিছু না হয়।

ব্রহ্মা ও শ্রীকৃষ্ণ

(উপদেশক পণ্ডিত শ্রীপাদ ভক্তিসৌরভ ভক্তিসার, ভক্তিশাস্ত্রী)

ভক্তজন-পালক ভগবান্ শ্রীকৃষ্ণ মৃত্যু-স্বরূপ অঘাসুরের কবল হইতে ব্রজবালকগণকে রক্ষা করিয়া এক মনোরম সরোবর-তীরে উপস্থিত হইলেন। কৃষ্ণ বলিলেন,—হে বয়স্যগণ, দেখ, এই সরোবরতীর অতিশয় রমণীয়। বিকশিত পদ্মগন্ধে আকৃষ্ট ভ্রমর ও পক্ষিগণের নৃত্যগীতে এস্থান মুখরিত। আমাদের বিলাসোপযোগী কোমল ও নির্ম্মল বালুকাপূর্ণ এই স্থানে আমাদের বনভোজন একান্ত প্রয়োজন। ভোজনের সময় অতীত হওয়ায় সকলেই ক্ষুধায় কাতর হইয়াছে। বৎসগণ জলপান করিয়া নিকটেই তৃণ ভোজন করুক।

ব্রজরাখালগণ শ্রীকৃষ্ণবাক্য অঙ্গীকার করিয়া বৎসগণকে জলপান করাইয়া শ্রীকৃষ্ণের সহিত আনন্দে ভোজন করিতে লাগিলেন। পদ্মমধ্যস্থিত কর্ণিকারের চতুর্দ্দিকে যেরূপ পত্রসমূহ শোভা পায়, সেইরূপ বন মধ্যে ব্রজবালকগণ শ্রীকৃষ্ণের চতুর্দ্দিকে বহু পংক্তি রচনা করিয়া শোভা পাইতেছিলেন।

কৃষ্ণপরায়ণ গোপালগণ এইরূপে শ্রীকৃষ্ণ সহ ভোজনানন্দে মগ্ন হইলে গো-বৎসগণ তৃণ-লোভে দূর বন মধ্যে প্রবেশ করিল। গোপবালকগণ গোবৎসগণকে দেখিতে না পাইয়া ভীত হইলে বিশ্বের ভয়রূপ মৃত্যুরও ভয়প্রদ শ্রীকৃষ্ণ বালকগণের ভয় নিবারণ পূর্ব্বক বলিলেন—হে মিত্রগণ, তোমরা স্বচ্ছন্দে আহার কর, আমি এখনই বৎসগণকে আনয়ন করিতেছি। এই বলিয়া শ্রীকৃষ্ণ দধি ও অন্নমিশ্রিত গ্রাস হাতে লইয়াই বৎস অন্বেষণ করিতে করিতে পর্ব্বত, কন্দর, কুঞ্জ, গহ্বর প্রভৃতি সর্ব্বত্র বিচরণ করিতে লাগিলেন। যিনি পূর্ব্বে আকাশে অবস্থান করিয়া মহাপ্রভাবশালী শ্রীকৃষ্ণের অঘাসুর-মোচন-কার্য্যদর্শনে বিস্ময়প্রাপ্ত হইয়াছিলেন, সেই ব্রহ্মা তখন সেখানে উপস্থিত হইয়া সর্ব্ব মোহোৎপাদক বাল্যলীলাপরায়ণ নিজ ঐশ্বর্য্য-প্রকটকারী ভগবানের মহিমার দর্শনাভিলাষে গোবৎস এবং গোপালগণকে তথা হইতে অন্যত্র লইয়া গিয়া স্বয়ং অন্তর্হিত হইলেন। অতঃপর শ্রীকৃষ্ণ বৎসগণকে দেখিতে না পাইয়া সরোবরতীরে প্রত্যাবর্ত্তন করিলেন। কিন্তু সেখানেও গোপবালকদিগকে দেখিতে পাইলেন না। তখন সর্ব্বত্র বৎস ও বালক অনুসন্ধান করিতে লাগিলেন। বনমধ্যে কোথায়ও তাহাদিগকে দেখিতে না পাইয়া সর্ব্বজ্ঞ শ্রীকৃষ্ণ সহসা বুঝিতে পারিলেন যে—এই সমস্ত কার্য্য একমাত্র ব্রহ্মা কর্ত্তৃক অনুষ্ঠিত হইয়াছে। তখন সর্ব্বকারণ কারণ পরমেশ্বর শ্রীকৃষ্ণ ব্রহ্মা এবং গোপালকগণের সন্তোষ উৎপাদনের জন্য নিজকে গোবৎস এবং গোপালসমূহ রূপে প্রকট করিলেন। তৎকালে শ্রীকৃষ্ণ বৎসপালক এবং বৎসগণের সংখ্যানুসারে সুকোমল হস্ত পদাদি উপাঙ্গ, যষ্টি, বিষাণ, বেণু, শৃঙ্গ, কুণ্ডল, যথাযোগ্য অলঙ্কার, গুণ, নাম, আকৃতি, বয়স এবং ক্রীড়াভঙ্গী প্রভৃতি যাহার যেরূপ, ঠিক সেইরূপ ভাব গ্রহণ করিয়া আত্মপ্রকাশ করিলেন।

ধামারে পাইয়া জন্ম ছাড়ান না যায়। সাপ—

পূর্ব্ববৎ তাঁহাদের লইয়া তিনি ক্রীড়াবিলাস করিতে লাগিলেন। এইরূপ শ্রীকৃষ্ণ গোপালক হইয়া বৎসপালক রূপে নিজেই নিজেকে পরিপালন করিতে করিতে এক বৎসর পর্য্যন্ত বনে ও ব্রজে ক্রীড়া করিয়াছিলেন।

ব্রহ্মা নিজ পরিমাণে ত্রুটিমাত্র কাল গত হইলে পুনরায় আগমন করিয়া দেখিলেন যে, মানবের পরিমাণে এক বৎসর অতীত হইয়াছে এবং এ পর্য্যন্ত শ্রীহরি স্বকীয় অংশরূপ বালক ও গোবৎসগণের সহিত ক্রীড়ায় রত আছেন। তখন ব্রহ্মা চিন্তা করিতে লাগিলেন যে গোকুলে যে সব বালক ছিল, আমি গোবৎসগণের সহিত তাহাদিগকে মায়াশয্যায় শায়িত করিয়া রাখিয়াছি। তাহারা আজ পর্য্যন্ত উত্থিত হয় নাই অতএব আমার মায়ায় মোহিত বালকগণের অতিরিক্ত তাহাদের সমসংখ্যক এই সকল বালক এখানে কোথা হইতে আসিয়া এক বৎসর যাবৎ শ্রীকৃষ্ণের সহিত বিহার করিতেছে? এইরূপে ব্রহ্মা বহুকাল চিন্তা করিয়াও প্রকৃত এবং শ্রীকৃষ্ণ-কল্পিত বালকগণের মধ্যে কাহারা সত্য এবং কাহারা অসত্য তাহা কোনরূপেই জানিতে সমর্থ হইলেন না।

ব্রহ্মা স্বয়ং বিশ্বের মোহজনক শ্রীকৃষ্ণকে মুগ্ধ করিতে উপক্রম করিয়া বিভুর মায়াবলে স্বয়ংই এইরূপে মোহগ্রস্ত হইলেন। হিমজনিত অন্ধকার যেরূপ তামসী রাত্রির অন্ধকার বিনাশ করিতে পারে না, পরন্তু সাহাই করিয়া থাকে কিংবা দিবাভাগে খদ্যোতের আলোক সূর্য্যালোকের নিকট যেরূপ তিরস্কৃত হয়, সেইরূপ নিকৃষ্ট মায়া মহাপুরুষের প্রতি প্রযুক্ত হইয়া কিছুই করিতে পারে না; পরন্তু নিজেরই সামর্থ্য নাশ করে। যথা :-

তম্যাং তমোবন্নৈহারং খদ্যোতার্চ্চিরিবাহনি।
মহতীতরমায়ৈশ্যং নিহন্ত্যাত্মনি যুঞ্জতঃ॥
• (ভাঃ ১০।১৩।৪৫)

ব্রহ্মা এইরূপ দেখিতে দেখিতে তাঁহার সম্মুখেই সমস্ত বৎস ও বালকগণ নবঘনের ন্যায় শ্যামবিগ্রহ পীতবর্ণ কৌশেয়বসন পরিহিতরূপে দৃষ্ট হইলেন। তাঁহারা সকলেই চতুর্ভুজ, শঙ্খ, চক্র, গদা, পদ্ম সুশোভিত, তাঁহাদের মস্তকে কিরীট, কর্ণে কুণ্ডল, বক্ষঃস্থলে হার এবং গলদেশে বনমালা বিরাজমান। ব্রহ্মাদি হইতে তৃণ পর্য্যন্ত স্থাবর-জঙ্গম সকলেই মূর্ত্তিমান্ হইয়া নৃত্য-গীত-বাদ্য প্রভৃতি বহুবিধ উপচারের দ্বারা পৃথক্ পৃথক্ ভাবে উপাসনা করিতেছেন। . . . সত্য, জ্ঞান, অনন্ত, আনন্দময় [illegible] হলেন। তাঁহার প্রকাশ . . . প্রকাশ পাইতেছে, ব্রহ্মা সেই পরব্রহ্ম ও তদাত্মক নিখিল গো, গোবৎস এবং গোপালগণকে একবার দর্শন করিলেন। তদনন্তর অত্যন্ত আশ্চর্য্যবশতঃ ব্রহ্মার চিত্ত বিশেষভাবে আলোড়িত হইতে লাগিল এবং আনন্দে তাঁহার সর্ব্বেন্দ্রিয়ের বৃত্তি স্তম্ভীভূত হইল, তিনি ঐ সকল বৎস ও বালকগণের তেজঃপ্রভাবে বহু লোকের পূজনীয় গ্রামদেবতার সম্মুখে অপূজ্য মৃণ্ময়ী পুত্তলিকার ন্যায় অবস্থান করিতে লাগিলেন। ব্রহ্মা সেই প্রকৃতির পরতত্ত্ব পরব্রহ্ম বিষয়ে "ইহা কি"—বর্ণন করিতে অসমর্থ হইয়া মোহগত হইলেন। তখন পরমপুরুষ শ্রীকৃষ্ণ তাহা জানিতে পারিয়া তৎক্ষণাৎ স্বীয় মায়া বা ঐশ্বর্য্য সংবরণ করিলেন। অনন্তর ব্রহ্মা বাহ্যদৃষ্টি লাভ করিয়া মৃততুল্য ব্যক্তির ন্যায় উত্থিত হইলেন এবং অতিকষ্টে নয়ন উন্মীলিত করিয়া নিজের সহিত এই বিশ্ব দর্শন করিলেন। তৎক্ষণাৎ চতুর্দ্দিকে দৃষ্টিপাত করিয়া সম্মুখে জনসমূহের জীবিকার উপায়স্বরূপ বৃক্ষে পরিপূর্ণ, সর্ব্ব ঋতুতে সুখদায়ক বৃন্দাবনধাম দেখিতে পাইলেন। সেখানে পরস্পর স্বাভাবিক শত্রুতাযুক্ত মানুষ ও সিংহ প্রভৃতি প্রাণিগণ মিত্রের ন্যায় অবস্থিত রহিয়াছে এবং শ্রীকৃষ্ণের নিবাস বলিয়া তথা হইতে ক্রোধ, লোভ প্রভৃতি ভাব পলায়ন করিয়াছে। সেখানে ব্রহ্মা দেখিলেন যে, গোপালবালকের বেশধারণরূপ অভিনয়কারী অদ্বিতীয় নিত্য পূর্ণজ্ঞানময় পরমতত্ত্ব শ্রীকৃষ্ণ একাকী হস্তে দধিমিশ্রিত অন্নগ্রাস ধারণ করিয়াই পূর্ব্বের ন্যায় সর্ব্বত্র গোবৎস এবং গোপালবালকগণের অনুসন্ধান করিতেছেন। ব্রহ্মা তদ্দর্শনে সত্বর নিজবাহন হইতে অবতীর্ণ হইয়া নিজশরীরকে সুবর্ণদণ্ডের ন্যায় নিপতিত করিয়া শিরস্থিত মুকুট চতুষ্টয়ের অগ্রভাগ দ্বারা শ্রীকৃষ্ণের পদযুগল স্পর্শ ও প্রণাম পূর্ব্বক আনন্দাশ্রুজলে সেই পদযুগলের অভিষেক করিলেন। তিনি শ্রীকৃষ্ণের পূর্ব্বদৃষ্ট মহিমা পুনঃ পুনঃ স্মরণ করিয়া দীর্ঘকাল পর্য্যন্ত তদীয় পদযুগলে পতিত ও উত্থিত হইতে লাগিলেন। অনন্তর ধীরে ধীরে উত্থিত হইয়া নয়নযুগল মার্জ্জনপূর্ব্বক অবনত কন্ধরে শ্রীকৃষ্ণকে অবলোকন করিয়া সবিনয়ে ও সাবধানে কৃতাঞ্জলি সহকারে কম্পিতকলেবরে গদগদবাক্যে তাঁহার স্তুতি করিতে লাগিলেন।

জগদ্‌গুরু লোকপিতামহ চতুর্ম্মুখ ব্রহ্মা নিজ আচরণদ্বারা জগদ্বাসীকে মহতী শিক্ষা দান করিলেন। অপ্রাকৃত ভগবান্ শ্রীকৃষ্ণ, শ্রীগুরুদেব ও তাঁহার নিজজনগণের সমূহ প্রাকৃত চক্ষে দর্শন করিতে গেলে মোহগ্রস্ত হইতে হইবে। 'দুহিতি বং যয়ঙ্গ' অনুসারে সে তত্ত্বে চতুর্ম্মুখ ব্রহ্মাদি পর্য্যন্ত মোহগ্রস্ত হন, সাধারণ মনুষ্য ত' দূরের কথা। কিন্তু অশোকভক্তরে শরণাগত জন "সদা পশ্যন্তি" বেদ-বাক্যানুসারে শ্রীভগবানের কৃপায় তাঁহার শ্রীচরণদর্শন লাভ করিয়া ধন্য হন।

গুরুতত্ত্ব—ভগবত্তত্ত্ব তর্কের অগোচর। নিজ ঐশ্বর্য্যে প্রতিষ্ঠিত স্বপ্রকাশ সুখস্বরূপ অস্থূল, অনণু, অহ্রস্ব প্রভৃতি শ্রুতিবাক্য দ্বারা আরাধিত। অতএব জড়জ্ঞান-নিরস্ত হইলে সেই প্রকৃতির অতীত পরতত্ত্বের জ্ঞান লাভ হয়।

শ্রীগুরুদেব নিজ সেবাদ্বারা শ্রীকৃষ্ণকে মোহিত করিতে নিত্য সমর্থ। সেই তত্ত্বে আধ্যক্ষিকগণ মোহগ্রস্ত হন বলিয়া যেন আমরা গুরুদেবে মর্ত্ত্যবুদ্ধি করিয়া অপরাধ সঞ্চয় না করি শ্রীগুরুদেবে শরণাগত হইলেই পরম কল্যাণ।

জ্ঞানে প্রয়াসমুদপাস্য নমন্ত এব
জীবন্তি সন্মুখরিতাং ভবদীয়বার্ত্তাং।
স্থানে স্থিতা শ্রুতিগতাং তনুবাঙ্‌মনোভি-
র্যে প্রায়শোঽজিত জিতোঽপ্যসি
তৈস্ত্রিলোক্যাম্॥

শরণাগত হইতে হইবে

(শ্রীধনঞ্জয় ব্রহ্মচারী, ভক্তিশাস্ত্রী)

দৈবী হ্যেষা গুণময়ী মম মায়া দুরত্যয়া।
মামেব যে প্রপদ্যন্তে মায়ামেতাং
তরন্তি তে

ভগবানে প্রপন্ন বা শরণাগত না হইলে কেহই এই দুরতিক্রমণীয়া মায়াকে জয় করিতে পারে না। মায়া না ছাড়িলে বা সংসার-ভোগ-ত্যাগস্পৃহা না কমিলে কেহই নিত্যমঙ্গল লাভ করিতে পারে না—ভক্তি বা ভগবদ্ভজন হয় না। সাধুগুরুর অহৈতুকী কৃপা ব্যতীত কৃষ্ণ-বিমুখ, মায়ামোহিত জীব আমাদের নিত্যমঙ্গল লাভের অন্য উপায় নাই। জীব আমরা স্বরূপতঃ চেতন বা নিত্য ভগবৎ-সেবক হইলেও বিমুখমোহিনী মায়ার মোহে পতিত হইয়া জড়তাপ্রাপ্ত হইয়াছি—প্রাণহীন হইয়াছি—হরিগুরুবৈষ্ণব-পাদপদ্ম-সেবা হইতে বহু দূরে নিক্ষিপ্ত হইয়াছি। এখন আমাদের স্বরূপে অবস্থিত হইতে হইলে—তাঁহাদের পাদপদ্মসেবালাভ করিতে হইলে তাঁহাদের শ্রীপাদপদ্মে প্রপন্ন হইতে হইবে—আত্মসমর্পণ করিতে হইবে যদি তাঁহারা কৃপা পূর্ব্বক তাঁহাদের শ্রীপাদপদ্ম-সেবার অধিকার দিতে ইচ্ছা করেন, যদি কোন দিন আমার স্বরূপ লাভ করিবার মহাসৌভাগ্য উপস্থিত হয়, সেইদিনই কৃষ্ণ-কৃপাবতার শ্রীশ্রীগুরুপাদপদ্ম—শ্রীশ্রীআচার্য্য-পাদপদ্মের সহিত আমার সাক্ষাৎকার লাভ হইবে।

শ্রীশ্রীগুরুপাদপদ্ম—শ্রীশ্রীআচার্য্যপাদপদ্ম শ্রীকৃষ্ণের আকর্ষণী শক্তি। তিনি আকর্ষক-শিরোমণি শ্রীকৃষ্ণপাদপদ্মে আকৃষ্ট। তিনিই কৃপাপূর্ব্বক জগতের সমস্ত জীবকে কৃষ্ণপাদপদ্মসেবার অধিকার দিতে পারেন। শ্রীগুরুপাদপদ্ম ব্যতীত শ্রীকৃষ্ণপাদপদ্মে পৌঁছাইয়া দিতে আর কেহই সমর্থ নহেন। ভগবান্ একমাত্র গুরুপাদপদ্মেরই একচেটিয়া সম্পত্তি। কৃষ্ণের উপর ষোল আনা অধিকার একমাত্র শ্রীশ্রীআচার্য্যপাদপদ্মেরই আছে। অজিত ভগবান্ একমাত্র শ্রীগুরুপাদপদ্মেরই জিত ও প্রেমবাধ্য। 'কৃষ্ণ সে তোমার কৃষ্ণ দিতে পার, তোমার শকতি আছে,' কৃষ্ণ-প্রদানের ক্ষমতা একমাত্র তাঁহারই আছে। অন্তর্যামী শ্রীশ্রীগুরুপাদপদ্ম—শ্রীশ্রীআচার্য্য-পাদপদ্ম আমাদের মূর্খতা, অক্ষমতা, দুর্ব্বলতা, অসদ্বিচারপ্রণালী, অস্থির সিদ্ধান্ত প্রভৃতি পূর্ণমাত্রায় অবগত আছেন। কাজেই তিনি আমাদের অবস্থানুযায়ী ব্যবস্থা করেন। শ্রীশ্রীআচার্য্যপাদপদ্ম আমার জন্য আমাদের যে ব্যবস্থা করেন তাহা শরণাগত কৃপার ভিখারী হইয়া অবনত-মস্তকে সাদরে সাগ্রহে গ্রহণ করিলে মায়া ছাড়িয়া যাইবেই, এ বিষয়ে কোন সন্দেহ নাই। সকল মঙ্গলের মঙ্গলস্বরূপ ভগবান্ আমাদের সকল মঙ্গল অর্পণ করিয়াছেন—শ্রীশ্রীগুরুপাদপদ্মে—শ্রীশ্রীআচার্য্যপাদপদ্মে। আমরা যদি সরল নিষ্কপট হইয়া তাঁহার শ্রীপাদপদ্মে সর্ব্বস্ব সমর্পণ করিতে পারি—তাঁহার অযাচিত কৃপার ভিখারী হইতে পারি—"গুরুদেব! আমি ত' তোমার জন। তোমারে ছাড়িয়া সংসার ভজিনু ভুলিয়া আপন ধন।" এই সম্বন্ধজ্ঞানে প্রতিষ্ঠিত হইয়া "মাগে এ পামর কাঁদিয়া কাঁদিয়া করহে করুণা দান" এইরূপ আকুল ক্রন্দনে ব্যাকুল হইতে পারি, তবেই তিনি তাঁহার কোটিচন্দ্রসুশীতল শ্রীপাদপদ্মে আশ্রয় দিবেন, সংসার-দাবানলদগ্ধ তাপিতপ্রাণে সুশীতল-বায়ু সঞ্চালন করিবেন। শ্রীশ্রীগুরুপাদপদ্ম—শ্রীশ্রীআচার্য্যপাদপদ্ম অতি দয়াল, অতি করুণাময়, মহামহাবদান্যাবতার। নিরাশ্রয়, অসহায়, দুর্ব্বল, পতিত আমাদের কাতর ক্রন্দন দেখিয়া তিনি স্থির থাকিতে পারেন না, মঙ্গলময় আমাদের মর্ম্মবিদারী না করিয়া পারেন না। আর যদি কপটতা করি, বিজ্ঞতা করি, লোক-দেখান ভক্তি

ভাবি কৃষ্ণ সাধনের। কৃষ্ণভক্তি দূরে রহে সংসার নহে ক্ষয়।

করি, জগতে থাকিলে যেমন রাজা বা শাসক একজন স্বীকার করিতে হয়, তাই রাজা বা শাসক স্বীকার করি, সেইরূপ মিশনে থাকিতে হইলে গুরু বা আচার্য্য স্বীকার করিতে হয় তাই গুরু বা আচার্য্যকে মুখে মানি কিন্তু অন্তরে অন্তরে অনাদর করি, বিরোধ আচরণ করি, তাহা হইলে বঞ্চক-শিরোমণি শ্রীশ্রীগুরুপাদপদ্ম আমাদিগকে চিরতরে বঞ্চনা করিবেন—কনক-কামিনী-প্রতিষ্ঠা প্রদান করিয়া—সোনার সার্টিফিকেট প্রদান করিয়া হরিভক্তির রাজ্য হইতে অনন্তকোটি যোজন দূরে নিক্ষেপ করিবেন। শ্রীগুরুপাদপদ্ম নির্দোষ, নিষ্কলঙ্ক, তিনি সমস্ত গুণের আকর। ভগবান্ যেরূপ নির্দোষ, ভগবদভিন্ন শ্রীশ্রীগুরুপাদপদ্মও সেইরূপ নির্দোষ। ভগবান্ স্বয়ং শ্রীমুখে বলিয়াছেন,—

আচার্য্যং মাং বিজানীয়ান্নাবমন্যেত
কর্হিচিৎ।
ন মর্ত্ত্যবুদ্ধ্যাসূয়েত সর্ব্বদেবময়ো গুরুঃ॥

শ্রীগুরুপাদপদ্ম মর্ত্ত্যবস্তু নহেন। তাঁহাকে যাহারা মর্ত্ত্যবুদ্ধি করে, তাঁহাতে দোষ দর্শন করে, তাঁহাকে দেশকাল-পাত্রের অন্তর্গত-বস্তু মনে করে, যাহারা অহঙ্কারে মত্ত হইয়া শ্রীগুরুপাদপদ্মকে লঘু মনে করে, তাঁহার অস্তিত্ব স্বীকার করে না, প্রভুপাদ-রূপে স্বীকার করে না, সেই বঞ্চক অসতের সঙ্গ হইতে বহু যোজন দূরে থাকিতে হইবে—অসহযোগ করিতে হইবে—ঠাকুর ভক্তিবিনোদ কথিত পদ্ধতি অবলম্বন করিতে হইবে।

'বৈষ্ণব-চরিত্র সর্ব্বদা পবিত্র
যেই নিন্দে হিংসা করি।
ভকতিবিনোদ না সম্ভাষে তারে
থাকে সদা মৌন ধরি॥'
'দুষ্ট মনঃ তুমি ভক্তিবিনোদ জেন
অকতজ্ঞ করি সার।'

কনককামিনীমাত্রেই গুরুভোগপদ, গুরু-পদ—আচার্য্যপদ বা কৃষ্ণপদ অবলম্বন করিয়া গুরুভোগী, গুরুত্যাগী, চিদ্বিলাস-অস্বীকারকারী, নির্বিশেষবাদীর সঙ্গ হইতে তফাৎ থাকাই কর্ত্তব্য। হরিসেবা-লোলুপ ব্যক্তির ইহাই প্রথম লক্ষণ। কারণ,—

অসৎসঙ্গত্যাগ এই বৈষ্ণব-আচার।
স্ত্রীসঙ্গী এক অসাধু—কৃষ্ণাভক্ত আর॥
* * * *
বিষয়-বিমুগ্ধ আর মায়াবাদী জন।
ভক্তিশূন্য দুঁহে প্রাণ ধরে অকারণ॥
এই দুই সঙ্গ নাথ না হয় আমার।
প্রার্থনা করিয়ে আমি চরণে তোমার॥
সে দুয়ের মধ্যে বিষয়ী তবু ভাল।
মায়াবাদী সঙ্গ নাহি মাগি কোন কাল॥

শ্রীগুরুপাদপদ্ম অজর, নিত্য, সনাতন বস্তু। তাঁহার সেবক নিত্য, তাঁহার সেবা নিত্য। "নিতাই চরণ-সত্য, তাঁহার সেবক নিত্য, নিতাইপদ সদা কর আশ।" সুতরাং যিনি শ্রীগুরুপাদপদ্মাশ্রিত হইয়াছেন, তাঁহার দর্শন পাইয়াছেন, তাঁহার আর চিন্তা কি? শিষ্যের নিকট শ্রীগুরুপাদপদ্ম নিত্য প্রকটিত থাকেনই যে কোনরূপে। তাঁহারা অবশ্যই আচার্য্যেই শ্রীগুরুপাদপদ্ম-শোভা দর্শন করেন। তাঁহারা জানেন, আচার্য্য-তত্ত্ব—গুরুতত্ত্ব—সেব্যতত্ত্ব — প্রভুপাদতত্ত্ব। তাঁহারা জানেন, গুরুতত্ত্বের মধ্যে ছোট বড় নাই। যাহারা মাৎসর্য্যবশতঃ তাঁহাতে ভেদ-দর্শন করে,—ছোট বড় দর্শন করে, তাহাদের দুঃসঙ্গ হইতে তফাৎ থাকাই সকলের কর্ত্তব্য। তাহাদের সেই ভীষণ সংক্রামক ব্যাধির বীজাণু কোমলশ্রদ্ধের হৃদয়ে একটু প্রবেশ করিলে তাহার কোমল শ্রদ্ধাটুকুকে একেবারেই নষ্ট করিয়া ফেলে। এ বিষয়ে মঙ্গলাকাঙ্ক্ষী সাধককে খুব সাবধান হইতে হইবে। নিজের সুবিধা-অসুবিধা, উন্নতি-অবনতি, লাভ-ক্ষতির দিকে খুব তীক্ষ্ণ দৃষ্টি রাখিয়া চলিতে হইবে। হরিভক্তির পথ কোটি-কণ্টকময় ও ক্ষুরের ধারের ন্যায় তীক্ষ্ণ। একটু অসাবধান হইলেই —শুদ্ধবৈষ্ণবের বাণীর আনুগত্য ছাড়িলেই বিপদ। একটু সুযোগ পাইলেই মায়া আমাদিগকে সংসারকূপে ফেলিয়া দিবে। কলি নানামূর্ত্তিতে বৈষ্ণবের বেশে জীবকে পাতিত করায়। এতদবস্থায় আমাদের প্রত্যেক ইন্দ্রিয় নামাচার্য্য শ্রীল আচার্য্যদেব, শ্রীনাথ প্রভু ও শ্রীল আচার্য্যদেবের একান্ত ভৃত্যগণের শাসনবাণী দ্বারা যদি নিয়মিত না হয়—আমাদের প্রত্যেক পদ-বিক্ষেপে, ভ্রমণে, জাগরণে, শয়নে, যে কোন কার্য্যকালে তাঁহার বাণীর সহিত নিজের আচরণকে যদি না মিলাইতে পারি—কৃষ্ণ যদি স্মৃতিপথে না থাকেন—শ্রীল ঠাকুর হরিদাস, প্রহ্লাদ মহারাজ ও পাণ্ডবগণের কথা যদি ভুলিয়া যাই, তাহা হইলে আমরা নিশ্চয়ই বিপথগামী হইব, কোনও সন্দেহ নাই। ভগবান্‌কে, ভগবদভিন্ন শ্রীল আচার্য্যদেবকে, আচার্য্যানুগত ভক্তবৃন্দকে কেন্দ্র করিয়া সকল কাজ করিতে হইবে। তাঁহাদের সুখবিধানের জন্য আকাশ-পাতাল আলোড়ন করিতে হইবে, জগতের সমস্ত লোক যদি বিরুদ্ধে দাঁড়ায় তথাপি অচল অটল থাকিতে হইবে। "আচার্য্যপাদাতোভূমিঃ তাং অবলম্বনি" বলিয়া সকল ভক্তবৃন্দ ও শ্রীভগবানের নিকট কৃপাভিক্ষা করিতে হইবে। আমরা যে মুহূর্ত্তে আচার্য্যকে ভুলিব—তাঁহার আচার্য্যত্বে—ভগবৎপ্রেষ্ঠত্বে সন্দিহান হইব—মর্ত্ত্যবুদ্ধি করিব সেই মুহূর্ত্তেই মায়া আমাদিগকে আক্রমণ করিবে, সত্যপথ হইতে কুপথে, বিপথে, অসৎপথে লইয়া যাইবে। তাই বলি মন, 'দৃঢ় করি ধর আচার্য্যের পায়।'

'আচার্য্যকৃপা হি কেবলম্।'

মায়াবদ্ধ, নির্ব্বোধ, দুষ্কৃত আমার শ্রীল আচার্য্যদেবের অহৈতুকী করুণাই একমাত্র সম্বল। আমরা এ জগতের কাহারও কৃপার ভিখারী নহি। এই গুরুকৃপা বা আচার্য্য-কৃপাও অনুগত গুরুসেবকের কৃপাসাপেক্ষ। নিজে নিজে হরিভজন হয় না—গুরুসেবা হইতে পারে না। যিনি গুরুসেবতাক—গুরুর অন্তরে যিনি প্রবেশ করিয়াছেন, অন্তরঙ্গ হইয়াছেন, তিনি জানেন, কিসে গুরুদেবের সুখ হয়, সেইরূপ শুদ্ধবৈষ্ণবের আনুগত্যে তাঁহার শাসন ও নিয়মনের মধ্যে থাকিয়া—অনর্গল হরিকথা স্রোতের মধ্যে থাকিয়াই গুরুসেবা করিতে হইবে। আনুগত্যই বৈষ্ণবধর্ম্মের প্রাণ। 'তস্মাত্তো-পাস্যো হি তদনুগতিরেব'। শ্রেষ্ঠ বৈষ্ণবের আনুগত্য ব্যতীত হরিভক্তির পথে এক পদও অগ্রসর হওয়া যায় না। সাম্‌নে হরিভজন-কারী কোন শুদ্ধবৈষ্ণবের জলন্ত আদর্শ না থাকিলে নিজে নিজে উন্নতি লাভ করা যায় না। যাঁহার নিকট উপস্থিত হইলে বা যাঁহার নিকট হরিকথা শুনিলে হৃদয় অভূত-পূর্ব্ব বলে বলীয়ান্ হইয়া উঠে—বিপুল উৎসাহ বাড়ে, আলস্য, জাড্য, নিরুৎসাহ, দ্বিতীয়াভিনিবেশ কমে, গুরুকৃপা লাভ করিবার একটা প্রবল আশার সঞ্চার হয়, সেইরূপ শ্রেষ্ঠ সাধুর সঙ্গে, সঙ্ঘে ও গোষ্ঠীতে থাকিয়া গুরুসেবা করিতে হইবে। আমরা কখনও তাঁহার আনুগত্য ছাড়িব না, তাঁহার বিরুদ্ধে কোন কথা শুনিব না, কেহ তাঁহার বিরুদ্ধে বলিতে আসিলে তাঁহাকে দুঃসঙ্গ-জ্ঞানে তাঁহার সঙ্গ পরিত্যাগ করিব। মৎসর জগতের লোক শুদ্ধবৈষ্ণবের প্রতি চিরদিনই মৎসরতা করিবে। তাহারা সর্ব্বদাই ছলনাময় বাক্যদ্বারা যাহাতে আমাদের শুদ্ধবৈষ্ণবের পাদপদ্মে দৃঢ়শ্রদ্ধা না হয় তজ্জন্য চেষ্টা করিবেই। তাই সাধু সাবধান! সেই সকল ব্যক্তির সঙ্গ ত্যাগ করিতেই হইবে, তাহারা যতই নিকটজন হউক না কেন। তাই অতিশয় দুর্ব্বল, দীন, হীন আমি বলদেব-নিত্যানন্দ শ্রীশ্রীআচার্য্যপাদপদ্মের অহৈতুকী কৃপাবল ভিক্ষা করিতেছি।

দাস্য-ভিক্ষা

বহুদিন করিলাম গুরুগৃহে বাস।
প্রচারিনু বিশ্বমাঝে আমি গুরুদাস॥
কিন্তু রে অদৃষ্টে মোর একি হলাহল।
না হেরিনু একদিন গুরুপদতল॥
কোটিচন্দ্রশীতল চরণ-ছায়ায়।
কখন আশ্রয় আমি না লইনু হায়॥
বুঝিলাম অদূরে নিত্যানন্দদয়া।
শ্রীচৈতন্য-সেবাদাতা অমন্দ উদয়া॥
তবু গুরুপদে মোর নহিল বিশ্বাস।
কেন রে জীবিত আমি ধরণীর ত্রাস॥
বন্ধু বলি কপটেরে করি আলিঙ্গন।
নিত্যবন্ধু প্রতি করি খরতর নয়ন॥
কৃষ্ণের সংসার করি সবারে জানাই।
দিবানিশি ভোগচিন্তা প্রভুচিন্তা নাই॥
ভোগে বাধা হ'য়ে মোর ক্রোধে হয় ...
পরবশ্যারে দেখি' মোর অসন্তোষ॥
আচার্য্য গৌরাঙ্গপ্রেষ্ঠ জগত-মঙ্গল।
নাশিবারে পারে যিনি মোর অমঙ্গল॥
সে আচার্য্যে না হইল নিত্যপ্রিয় ...
কেমনে নাশিবে মোর সেবকাভিমান।
আচার্য্য-সেবক মুই বাহ্যবেশবাস।
এই চিন্তা বিনা মোর কেন বহে শ্বাস॥
কবে হব শ্রীআচার্য্য-সেবক-সেবক ...
হেরিব নিজেরে পাল্য তিনি ...
অনন্ত ব্রহ্মাণ্ড যাঁকে তিনি সর্ব্বাধার।
কৃষ্ণপ্রেম-ভক্তিদাতা অশোক ...
অনন্ত ব্রহ্মাণ্ড তাঁর সব দাস দাসী।
কৃপাকণা মাগে যাঁর চরাচরবাসী॥
কিন্তু রে হৃদয় মোর এমনি পাষাণ।
না মাগিনু তাঁর পদে করুণার দান॥
কত জন্ম কেটে গেল স্বতন্ত্র হইয়া।
এ সংসারকারাগারে যাঁহারে ভুলিনু॥
কত দুঃখে মরিয়াছি ভুলিয়া যাঁহারে।
কহিবার স্থান নাই বলিব কাহারে॥
চেতন বিজ্ঞানে মোর নাহিক প্রয়াস।
ভে কাগজে না খুলিল কর্ণ বদ্ধ কাঁস॥
অশেষ মায়ার বাঁধ হাতে পলে মোর।
গুরুকৃপা-অসি বিনা কে কাটিবে ডোর॥
কৃপাময় গুরুদেব আচার্য্য রতন।
তব শ্রীচরণে কাঁদে এই মূঢ় জন॥
নিজগুণে কৃপা করি পামর দুর্জ্জনে।
ভুলায়ে মায়ার চিন্তা রাখহ চরণে॥
পারি যেন এ বাঞ্ছা দিতে বিসর্জ্জন।
পাবনার পুলিশ সাহেব মিঃ এইচ ঘোষ চৌধুরী রূপনাই হিন্দুদের "চড়ক" মুসলমান-গণ কর্ত্তৃক বিধ্বস্ত হইবার সংবাদ পাইয়া সম্প্রতি তদন্ত করিবার জন্য রূপনাই অঞ্চলে গিয়াছিলেন। তদন্ত করিয়া ৪ জন মুসলমানের বিরুদ্ধে চার্জসীট দাখিল করিবার জন্য পুলিশকে নির্দ্দেশ দিয়াছেন। যাহাতে উক্তরূপ কোন ঘটনা ভবিষ্যতে না ঘটে তজ্জন্য পুলিশ সাহেব কড়া বন্দোবস্ত করিবেন বলিয়া মত প্রকাশ করিয়াছেন।

মিঃ ঘোষ চৌধুরী সিরাজগঞ্জ থানার অন্তর্গত ভুলপাড়া, সিমলা, পাঁচটিকুরী, কুড়ালিয়া প্রভৃতি স্থানে মুসলমানগণ কর্ত্তৃক হিন্দুদিগের কালীমূর্ত্তি ভঙ্গ ও অপবিত্র করার সংবাদ পাইয়া তদন্ত করিবার জন্য ঐ সকল প্রত্যেক জায়গায় উপস্থিত হইয়া ঘটনার অবস্থা বিবেচনা করেন। ভগ্ন মূর্ত্তিগুলি বর্ত্তমানে পুলিশ হেপাজতে আছে। এখনও তদন্ত শেষ হয় নাই।

ব্রেজিলে বাধ্যতামূলক সামরিক বৃত্তি

সম্প্রতি এই মর্ম্মে একটি আদেশ জারী করা হইয়াছে যে, যুদ্ধের সময় ব্রেজিলের প্রত্যেক অধিবাসীর সৈন্যবিভাগে যোগদান বাধ্যতামূলক করা হইল। ব্রেজিলের প্রত্যেক নারীও এই আদেশের আমলে আসিবে; তবে তাহাদিগকে হাসপাতালে, কলকারখানায় কিম্বা অন্য কোন কাজে নিযুক্ত করা হইবে।

ভবিষ্যতে সামরিক বিভাগের কাগজ-পত্র পরীক্ষা করিয়া না দেখা পর্য্যন্ত ব্রেজিলের কোন অধিবাসীকে সরকারী কার্য্যে নিয়োগ করা হইবে না কিম্বা বিদেশে যাইবার ছাড়পত্র দেওয়া হইবে না।

মেমেলে সামরিক তোড়জোড়

মেমেলের অন্তর্গত ক্রেমবুর্গ হইতে যে সব লোক আসিয়া পৌঁছিয়াছে তাহাদের নিকট হইতে জানা গেল যে মেমেলের সামরিক কর্তৃপক্ষ হুকুম জারী করিয়া তথাকার অধিবাসিগণের যে সব মোটর ও লরি আছে, তাহা সরকারী কার্য্যে ব্যবহারের জন্য আদেশ দিয়াছেন। তাহাদের নিকট হইতে ইহাও জানা গেল যে, শত শত চেক মজুর দিবারাত্রি পরিশ্রম করিয়া ক্রেমবুর্গের খাড়ির দক্ষিণ উপকূলে মাটির নীচে বিমানপোত রাখার জন্য এক বিরাট ঘর তৈয়ারী করিতেছে।

রাষ্ট্রপতি সুভাষ বসুর পদত্যাগ

কংগ্রেস মহল সুভাষচন্দ্র বসুর পদত্যাগের সংবাদ শুনিয়া স্তম্ভিত হইয়াছেন। ঘটনার এইরূপ পরিবর্ত্তনে কংগ্রেস বিরোধী দল উৎফুল্ল হইয়াছেন কিন্তু যাহারা কোন দলভুক্ত নহেন তাঁহাদের অভিমত এই যে [illegible] পারে। যাহারা দক্ষিণ-পন্থীও নহেন, কিম্বা বামপন্থীও নহেন, এইরূপ বহু কংগ্রেস কর্ম্মী কংগ্রেসের এই সঙ্কটের জন্য [illegible] এই যে, এই সঙ্কটজনক অবস্থার জন্য ভারতের স্বাধীনতার যাহারা শত্রু তাহারা ভিন্ন অপর কেহই সুখী হইবেন না। এরূপ একজন কংগ্রেস নেতা আমাকে বলেন যে, [illegible] নেতাদের মধ্যে এই সব দ্বন্দ্ব দেখা দিয়াছে। [illegible] তাহা কিরূপ নৈতিক অধঃপতন ঘটাইয়াছে তাহার দৃষ্টান্ত।

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক। প্রতি একাদশীতে প্রকাশিত হয়। কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। সডাক ভিক্ষা ৪।০ টাকা মাত্র।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৭, ষাণ্মাসিক ১।০ টাকা মাত্র।

৩। ভাগবত—হিন্দিভাষার একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ টাকা মাত্র

৫। শ্রীগৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ মাত্র।

পরমগুরু শ্রীগৌরকিশোর

গৌড়ীয়-সম্পাদক-লিখিত, শ্রীগৌড়ীয়মঠাধ্যক্ষের ভূমিকা-সম্বলিত, বর্দ্ধিত কলেবর ও বহু ছবি সম্বলিত "পরমগুরু শ্রীগৌরকিশোর" সম্প্রতি প্রকাশিত হইয়াছেন। এই গ্রন্থখানিতে শুদ্ধগৌড়ীয়বৈষ্ণবগণের পরমারাধ্য, গৌড়ীয়গৌরবশিখামণি অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ নিত্যলীলাপ্রবিষ্ট পরমহংস ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল গৌরকিশোর দাস গোস্বামী প্রভুবরের অলৌকিক চরিতকথা বর্ণিত আছে।

শ্রীশ্রীভক্তিবিনোদাবির্ভাব-শতবর্ষপূর্ত্তিতিথিপূজার উপায়ন-গ্রন্থমালা

———:::(০):::———

১। গীতিসাহিত্যে শ্রীভক্তিবিনোদ

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র গীতিসাহিত্যের সমালোচনা গ্রন্থ)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

২। শ্রীভক্তিবিনোদবাণীবৈভব

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের রচনাবলী হইতে সংগৃহীত ১০৮টি অধ্যায়ে সম্বন্ধ-অভিধেয়-প্রয়োজনাকারে প্রশ্নোত্তরে অমূল্য উপদেশপূর্ণ গ্রন্থ)

ভিক্ষা—৩৲ তিন টাকা মাত্র।

৩। শ্রীশ্রীভক্তিবিনোদ-প্রসঙ্গ

ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ ও ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী প্রভু-বিরচিত এবং গৌড়ীয়ে প্রকাশিত শ্রীশ্রীভক্তিবিনোদ-চরিত প্রসঙ্গ।

ভিক্ষা—৷৵০ ছয় আনা মাত্র।

৪। ছাত্রদের ভক্তিবিনোদ

(ছাত্রদের উপযোগী ভাষায় লিখিত শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্র ও শিক্ষা)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

ছাত্রদের পক্ষে ভিক্ষা—৷০ আট আনা মাত্র)

প্রাপ্তিস্থান:—

(১) "ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট", পোঃ শ্রীমায়াপুর, নদীয়া;

(২) শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা;

(৩) শ্রীযুক্ত সুধাংশুরঞ্জন দাস এম-এ, বি-এল, পুরাণাপল্টন, পোঃ রমনা, ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

- ১। শ্রীমদ্ভাগবত,—সমগ্র ৪০৲
- প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ১৮৲
- দশম স্কন্ধ— ৲
- ২। ভাষ্যসহ বিরাট শ্রীচৈতন্যভাগবত (অর্দ্ধাংশ) ৬৲
- ৩। ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৩
- ৪। সজ্জনতোষণী (অর্দ্ধাংশ)
- ৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী — ১ম খণ্ড ৸০; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড— ৪র্থ খণ্ড —৸০
- ৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী — ১ম খণ্ড —৸০; ২য় খণ্ড —১৲; ৩য় খণ্ড—৸০
- ৭। শ্রীচৈতন্যদেব ১৲
- ৮। সৎক্রিয়াসার দীপিকা ও সংস্কার দীপিকা ১।০
- ৯। বৈষ্ণবধর্ম্ম ৯৲
- ১০। গৌড়ীয়-কণ্ঠহার
- ১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲
- ১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
- ১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
- ১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ।০
- ১৫। বৈষ্ণবসাহিত্যে বিবর্ত্ত তত্ত্ব ।০
- ১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
- ১৭। চৈতন্যোপনিষৎ ।০
- ১৮। বালক আদর্শ ।৹
- ১৯। তত্ত্ববিবেক ।
- ২০। গৌড়ীয় গৌরব ৷৶
- ২১। গৌড়ীয়দর্শিকা ৷৶
- ২২ ভজন রহস্য ।
- ২৩। শ্রীচৈতন্যভাগবত ও শ্রীনবদ্বীপতত্ত্ব (বাঁধা) ১৲
- ২৪। গীতা (শ্রীবলদেব-টীকা সহ) ২৲
- ২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) ১৲ (অর্দ্ধাংশ) ১৲
- ২৬। গীতার কেবল মাত্র কথা ।০
- ২৭। [illegible] (সাড়বার) ১৲
- ২৮। বেদান্ততত্ত্বসার (সাড়বার) ।০
- ২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয় সংস্করণ) (বাঁধা) ৸০
- ৩০। দীপ-দিগ্-দর্শন ৹০
- ৩১। সাধনপথ (তৃতীয় সংস্করণ) ৷৵০
- ৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ।০
- ৩৩। নবদ্বীপধাম প্রমাণ ৷০
- ৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶০
- ৩৫। গীতমালা ৴১০
- ৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৶০
- ৩৭। দৈব বর্ণাশ্রম ধর্ম ৶০
- ৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০
- ৩৯। শ্রীগোদ্রুমভজনোপদেশ ।০
- ৪০। শরণাগতি /০
- ৪১। পদ্যাবলী /০
- ৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৷০
- ৪৩। সাধনতত্ত্ব ৴০
- ৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা /
- ৪৫। নবদ্বীপশতক
- ৪৬। অর্চ্চনতত্ত্ব
- ৪৭। সদাচারস্মৃতিঃ
- ৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) /১০
- ৪৯। অর্চ্চনকথা ৶১০
- ৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম ও ২য় খণ্ড) ৬৲
- ৫১। ব্রহ্মসংহিতা ।
- ৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।০
- ৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
- ৫৪। পুরুষার্থ-বিনির্ণয় ।০
- ৫৫। তত্ত্বসূত্রবাণী বা মায়াবাদশতদূষণী ।০
- ৫৬ ভারতবর্ষ ও ধর্ম্মপথ ৶০
- ৫৭। ঈশোপনিষৎ (ভাষ্যানুবাদ) ।০
- ৫৮। [illegible] ৶০
- ৫৯। সিদ্ধান্তদর্পণ ৶০
- ৬০। [illegible] /০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

- ৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।০
- ৬২। সিদ্ধান্ত সরস্বতী বিজয়ঃ ।০
- ৬৩। সটীক-বিলাপকুসুমম্ ।০
- ৬৪। স্তবত্রয় ।০
- ৬৫। সাত্বত বিলাসচম্পু ৶০
- ৬৬। গৌড়ীয়মঠতুলামান /০
- ৬৭। সারাৎসারম্ ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

- ৬৮। রায় রামানন্দ ।০
- ৬৯। এ ফিউ ওয়ার্ড্স অন বেদান্ত ।০
- ৭০। নামভজন
- ৭১। বেদান্ত—ইটস মরফলজী অ্যান্ড অন্টলজি ।০
- ৭২। রিলেটিভ ওয়ার্ল্ড্স ৷৵০
- ৭৩। [illegible] অ্যান্ড প্রিসেপ্টস অব শ্রীচৈতন্য মহাপ্রভু
- ৭৪। [illegible]
- ৭৫। হোয়াট গৌড়ীয়মঠ ইজ ডুইং
- ৭৬। দি ভাগবত
- ৭৭। [illegible] প্রিন্সিপাল অ্যান্ড [illegible] ।০
- ৭৮। ব্রহ্মসংহিতা ।০
- ৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য ([illegible] খণ্ড) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

- ৮০। শ্রীহরিনামচিন্তামণি ।০
- ৮১। [illegible] ।০
- ৮২। কল্যাণ-কল্পতরু ৶০
- ৮৩। গীতাবলী ৴০
- ৮৪ [illegible] /০

আসামী ভাষায় প্রকাশিত

- ৮৫। শরণাগতি /০

হিন্দুস্থানী ভাষায় প্রকাশিত

- ৮৬। শ্রীচৈতন্যদেব ৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শ্রী শ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

একমাত্র পারমার্থিক দৈনিক পত্র

শ্রীধাম-মায়াপুর-নদীয়া

১৪শ বর্ষ | ২ ত্রিবিক্রম ৪৫৩ গৌরাব্দ, ২১শে বৈশাখ বঙ্গাব্দ ১৩৪৫, ৫ই মে ইং ১৯৩৮, শুক্রবার | ৫৮শ সংখ্যা

সাময়িক-প্রসঙ্গ

——::(০)::—

ওঁ বিষ্ণুপাদ পরমহংস পরিব্রাজকাচার্য্যবর্য্য অষ্টোত্তরশতশ্রী শ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ অন্তর্লীলাভিনয়ের মধ্যেও নিরন্তর চেতনবাণী কীর্ত্তন করিতেছেন। গত ২রা মে মঙ্গলবার অপরাহ্ণ প্রায় ৫॥০ ঘটিকার সময় শ্রীপ্রহ্লাদ মহারাজের প্রতি হিরণ্যকশিপুর অত্যাচার, প্রহ্লাদের সর্ব্বত্র বিষ্ণু-বৈষ্ণব-দর্শন, অসৎসঙ্গ ত্যাগ করিয়া সৎসঙ্গ গ্রহণই কর্ত্তব্য, অসতের স্বরূপ, শুদ্ধবৈষ্ণবকেই একমাত্র বন্ধু বলিয়া গ্রহণ করিতে হইবে, ইত্যাদি বহু কথা কীর্ত্তন করেন। তাঁহার শ্রীমুখবিগলিত বীর্য্যবতী হরিকথা-শ্রবণে ভক্তবৃন্দ সকলেই পরমোপকৃত ও পরমানন্দিত হইয়াছেন।

———

গৌড়ীয়-মিশনের সেক্রেটারী মহামহোপদেশক অধ্যাপক শ্রীপাদ নারায়ণদাস ভক্তিসুধাকর, ভক্তিশাস্ত্রী, এম-এ মহোদয় ও ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ শ্রীচৈতন্যমঠে অবস্থান করিয়া মঠবাসী ভক্তবৃন্দের নিকট সর্ব্বক্ষণ হরিকথা কীর্ত্তন করিতেছেন। ভক্তবৃন্দ তাঁহাদের সঙ্গ পাইয়া পরম হর্ষিত হইয়াছেন।

———

আকরমঠরাজ শ্রীচৈতন্যমঠে প্রত্যহ শ্রীশ্রীগুরু-গৌরাঙ্গ-গান্ধর্ব্বিকা-গিরিধারীজীউর মঙ্গলারাত্রিক কীর্ত্তনান্তে শ্রীমন্দিরাদি পরিক্রমা ও মহাজন-পদাবলী কীর্ত্তনাদির পর শ্রীপাদ অকিঞ্চন ব্রহ্মচারী ভক্তিসর্ব্বস্ব শ্রীচৈতন্যভাগবত পাঠ ও ব্যাখ্যা করিতেছেন।

মধ্যাহ্নে শ্রীপাদ উপদেশকশিরোমণি ভক্তিশাস্ত্রী বি-এ মহোদয় উপদেশামৃত পাঠ ও ব্যাখ্যা করিতেছেন।

সন্ধ্যারাত্রিকের পর উপদেশক শ্রীপাদ ভক্তিসৌরভ ভক্তিবৈভব ভক্তিশাস্ত্রী মহোদয় শ্রীচৈতন্যচরিতামৃত পাঠ ও ব্যাখ্যা করিতেছেন। পাঠের পর মহাজনপদাবলী ও মহামন্ত্রাদি কীর্ত্তন হইয়া থাকে।

———

শ্রীধামে শ্রীনৃসিংহদেবের আবির্ভাব-তিথি-পূজা

গৌড়ীয়বৈষ্ণবাচার্য্য শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী ঠাকুরের কৃপার নির্দ্দেশানুসারে শ্রীধাম মায়াপুর শ্রীযোগপীঠে শ্রীশ্রীনৃসিংহদেবের আবির্ভাব-তিথিপূজা যথাবিধি অনুষ্ঠিত হইয়াছে। ঐ দিবস মঙ্গলারাত্রিক কীর্ত্তনের পর শ্রীচৈতন্যমঠের অবিদ্যাহরণ নাট্যমন্দিরে শ্রীপাদ অকিঞ্চন ব্রহ্মচারী ভক্তিসর্ব্বস্ব প্রভু শ্রীচৈতন্যভাগবত পাঠ ও ব্যাখ্যা করেন। তৎপরে শ্রীচৈতন্যমঠবাসী ও ধামবাসী ভক্তবৃন্দ শ্রীমঠ হইতে একটী সংকীর্ত্তন শোভাযাত্রা করিয়া উচ্চ-সংকীর্ত্তন করিতে করিতে শ্রীচৈতন্যমঠের শ্রীমন্দির, শ্রীল প্রভুপাদের সমাধিমন্দির, শ্রীঅদ্বৈতভবন, শ্রীশ্রীবাস অঙ্গন, শ্রীযোগপীঠ শ্রীমন্দির পরিক্রমা করিয়া শ্রীনৃসিংহদেবের শ্রীমন্দিরে উপস্থিত হন। ভক্তবৃন্দ উদ্দণ্ড নৃত্যসহকারে শ্রীমন্দির পরিক্রমা করিয়া শ্রীমন্দির-সম্মুখে উপবেশন করিয়া বিবিধ মহাজনপদাবলী কীর্ত্তন করিতে থাকেন। অনন্তর উপদেশক পণ্ডিত শ্রীপাদ ভক্তিসৌরভ ভক্তিবৈভব ভক্তিশাস্ত্রী মহোদয় শ্রীমদ্ভাগবত হইতে প্রহ্লাদ-উপাখ্যান পাঠ ও ব্যাখ্যা করেন। মহাজনপদাবলী কীর্ত্তনের পর পুনরায় উচ্চসংকীর্ত্তন করিতে করিতে ভক্তবৃন্দ শ্রীমুরারিগুপ্তের শ্রীপাট পরিক্রমা করিয়া শ্রীচৈতন্যমঠে প্রত্যাবর্ত্তন করেন।

অপরাহ্ণ ৫ ঘটিকার সময় পুনরায় শ্রীচৈতন্যমঠ হইতে কীর্ত্তন করিতে করিতে ভক্তবৃন্দ শ্রীনৃসিংহদেবের শ্রীমন্দিরে উপস্থিত হন এবং স্তবস্তুতি, ভক্তিতত্ত্ব, মহাজনপদাবলী কীর্ত্তন করিতে থাকেন। অনন্তর সন্ধ্যারাত্রিক কীর্ত্তনের পর শ্রীনৃসিংহদেবের মন্দির পরিক্রমা করিয়া যোগপীঠ শ্রীমন্দিরে আগমন করেন এবং স্তবস্তুতি, পঞ্চতত্ত্ব, 'জয় জয় শ্রীগুরু-চরণরেণু' প্রভৃতি গীতি কীর্ত্তনের পর ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ শ্রীমদ্ভাগবত অবলম্বনে বহুক্ষণ যাবৎ হরিকথা কীর্ত্তন করেন। পাঠ-কীর্ত্তনে ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউটের শিক্ষক ও ছাত্রবৃন্দ সকলেই যোগদান করিয়াছিলেন। তৎপরে মহাজন-পদাবলী ও মহামন্ত্র কীর্ত্তনের পর সভা ভঙ্গ হয়।

তৎপর দিবস শ্রীমঠে একটী মহোৎসব অনুষ্ঠিত হয় এবং নিমন্ত্রিত ও অনিমন্ত্রিত বহু লোককে মহাপ্রসাদ বিতরণ করা হয়।

———

শ্রীবিদ্যানিধি গৌড়ীয়মঠে কীর্ত্তন

গত ১৮ই এপ্রিল চট্টগ্রাম নন্দন-কাননস্থিত শ্রীবিদ্যানিধিগৌড়ীয়মঠে সন্ধ্যারাত্রিকের পর শ্রীচৈতন্যমঠাশ্রিত ভক্ত শ্রীব্রজবল্লভ দাসাধিকারী মহোদয় শ্রীচৈতন্যভাগবত হইতে নামাচার্য্য হরিদাস ঠাকুরের মাহাত্ম্য বর্ণন প্রসঙ্গে হরিভজনই মানবের একমাত্র কর্ত্তব্য এবং মহাপ্রভুর দানের অসমোর্দ্ধত্ব বিষয়ে প্রায় দুই ঘণ্টাকাল পাঠ ও ব্যাখ্যা করিয়া উপস্থিত সজ্জনমণ্ডলীর আনন্দবিধান করিয়াছেন। তথাকার সমাগত ব্যক্তিগণের হরিকথা-শ্রবণে আগ্রহ ক্রমশঃ বৃদ্ধি পাইতেছে দেখিয়া আমরা আনন্দিত।

বিখ্যাত ঐন্দ্রজালিক প্রফেসর মিঃ সাহা যে কোন প্রকার জীবন্ত বিষধর সর্প ভক্ষণ ও যে কোন প্রকার বিষ-ভক্ষণের দ্বারাও জীবনাশ হয় না, এরূপ অদ্ভুত শক্তিশালী যাদু সর্বস্থানে বাহবিদ্যা প্রদর্শনপূর্ব্বক বর্ত্তমানে চট্টগ্রাম আসিয়াছেন। তিনি গত ২৬শে এপ্রিল বুধবার বৈকালে শ্রীবিদ্যানিধিগৌড়ীয়মঠে আসিয়া উপদেশক শ্রীপাদ অনাদিকৃষ্ণ ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রীজীর নিকট প্রায় একঘণ্টাকাল হরিকথা শ্রবণ করেন। ভক্তিশাস্ত্রীজী প্রসঙ্গক্রমে তাঁহাকে আচ্ছাদিত চেতন, সঙ্কুচিত চেতন, মুকুলিত চেতন, বিকশিত চেতন ও পূর্ণবিকশিত চেতনের ক্রমবিকাশক্রমে জীবের ক্রমোন্নতির বিষয় বর্ণন করেন। এই সকল দার্শনিক বিচার শ্রবণ করিয়া প্রফেসার মিঃ সাহা ও তাঁহার সঙ্গী ভদ্রমহোদয়গণ বিশেষ আনন্দিত হন।

মায়ারে কাটিয়া ভয় ছাড়ান না যায়। সাধু-গুরু-কৃপা বিনা না দেখি উপায়।

"ভগবান্ আমাদিগকে পরীক্ষা করিবার জন্য এবং আমাদিগের মঙ্গল বিধানের জন্য নানাপ্রকার অসুবিধা এই প্রপঞ্চে স্থাপন করিয়াছেন। ঐ গুলিই আমাদিগের মঙ্গলের কারণ জানিয়া আমরা তাঁহার সেবায় প্রবৃত্ত হইব। যাঁহারা ভগবানের সেবা করেন তাঁহারাই ধন্য। সকল অসুবিধার মধ্যে ভগবৎ কথা শ্রবণ, কীর্ত্তন ও স্মরণ করিবেন।"

(শ্রীল প্রভুপাদ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

২ ত্রিবিক্রম তিথি পর্দ্ধোদশায়ী গৌরাব্দ ৪৫৩

শাস্ত্রসিদ্ধান্ত

প্রাকৃত করিয়া মানে বিষ্ণুকলেবর।
বিষ্ণুনিন্দা নাহি আর ইহার উপর॥

যাঁহারা শ্রীচৈতন্যবাণীপ্রচারক শ্রীগুরুদেব এবং তাঁহার বাণী পরস্পর অভিন্ন বলিয়া না জানেন, তাঁহারাই শ্রীগুরুপাদপদ্মে সর্ব্বাপেক্ষা অধিক অপরাধী। তাঁহাদের শ্রবণ-কীর্ত্তনাদি ভজনের যাহা কিছু অনুষ্ঠান সবই ছলনাময় বা কপটতা। তাঁহারা বাহিরে গুরুসেবা করিয়াও অন্তরে অন্তরে শ্রীগুরুদেবের আসনে বসিবার প্রবৃত্তিবিশিষ্ট।

সিদ্ধান্ত বলিয়া চিত্তে না কর অলস।
ইহা হৈতে কৃষ্ণে লাগে সুদৃঢ় মানস॥

সিদ্ধান্তজ্ঞান লাভ বিষয়ে উদাসীন হইলে বিশেষ কিছু সুবিধা হইবে না। শাস্ত্রসিদ্ধান্তে উদাসীন হইয়া যে কিছু উদ্যম করা যায়, তাহার মূলে আছে কোন অভিসন্ধি। সিদ্ধান্তহীন সেবা কল্পনা, উহা সেবা নহে। সিদ্ধান্তের সেবায় যখন অনুরাগ হয় তখনই বুঝিতে হইবে হৃদয়ে কোন কপটতা প্রবেশ [illegible] নাই।

শাস্ত্রসিদ্ধান্ত শ্রীগুরুদেবের কৃপা [illegible] ইহা [illegible] দ্বারা উপার্জ্জন করা যাইতে পারে না। শরণাগত [illegible] [illegible] শরণাগত [illegible] [illegible] হইলে, যাহা ক্রমশঃ অপরাধে পর্য্যবসিত হয়। পূর্ণ শরণাগত হইয়া শ্রীগুরুদেবে প্রপন্ন হইলে ঐ সিদ্ধান্তজ্ঞান আমাদের হৃদয়ে স্ফূর্ত্তিপ্রাপ্ত হয়। শাস্ত্রসিদ্ধান্তজ্ঞান লাভে বিদ্যা বুদ্ধির অপেক্ষা নাই। যাঁহারা প্রকৃত বৈষ্ণব তাঁহারা সকলেই সিদ্ধান্ত-পারদর্শী। সিদ্ধান্তজ্ঞানপূর্ণ না হইলে মহাজনগণ তাঁহাকে বৈষ্ণব বলেন না।

অনেক সময় এরূপ দেখা যায়, কেহ হয়তো কিছুদিন শ্রদ্ধালু হইয়া শ্রীগুরুপাদপদ্ম হইতে শিক্ষা লাভ করিলেন। সেই সময় তাঁহার সেবাবৃত্তির উন্মেষক্রমে সৎসিদ্ধান্ত তাঁহার হৃদয়ে স্ফূর্ত্তি পাইতেছিলেন এবং ঐ সময় শ্রীগুরুদেবের অনুগত হইয়া তাঁহারই কীর্ত্তিত বিষয়ের অনুকীর্ত্তন করিতে ঐ ব্যক্তি যে চেষ্টা করিয়াছেন তাহাতে সৎসিদ্ধান্তই কীর্ত্তিত হইয়াছে। [illegible] হয়তো ঐ ব্যক্তির দুঃসঙ্গ-দোষে শ্রীগুরুপাদপদ্মে অপরাধের সঞ্চার হইল, অবোধক শ্রীগুরুপাদপদ্মে মর্ত্ত্যবুদ্ধি করিল। যে মুহূর্ত্তে শ্রীগুরুপাদপদ্মে এইরূপ অপরাধ হয় সেই মুহূর্ত্তে শাস্ত্রের প্রকৃত সিদ্ধান্ত সেই অপরাধী ব্যক্তির নিকট হইতে আপনাকে সঙ্গোপন করেন। কিন্তু অপরাধী ব্যক্তি তাহার কিছুই বুঝিতে পারে না। প্রকৃত শাস্ত্রসিদ্ধান্ত তাহার হৃদয়ে মায়িক প্রতিচ্ছবি রাখিয়া অন্তর্হিত হন। সেই বঞ্চিত ব্যক্তি তখনও তাহাকে প্রকৃত সিদ্ধান্ত মনে করিয়া ও নিজেকে সিদ্ধান্তবিৎ মনে করিয়া অহঙ্কারে স্ফীত হইতে থাকেন তখনও তিনি পূর্ব্বের ন্যায় কীর্ত্তনের ছলনা করিতে পারেন কিন্তু ঐ কীর্ত্তন শ্রবণে বক্তা ও শ্রোতা কাহারও কোন প্রকার মঙ্গলোদয়ের সম্ভাবনা নাই। কারণ, যদিও তিনি শ্রীগুরুদেবের শ্রীমুখনিঃসৃতবাণীর কীর্ত্তনের অভিনয় করেন বলিয়া তাঁহার বাক্যে ও শ্রীগুরুদেব-কীর্ত্তিত বাক্যে আপাততঃ কোন ভেদ দেখা যায় না কিন্তু বাস্তবিকপক্ষে উভয়ে আকাশ-পাতাল ভেদ রহিয়াছে। ভক্তিসিদ্ধান্তবাণী—বৈকুণ্ঠবস্তু এবং তাহার চরম কল্যাণদাতা [illegible]। কিন্তু ঐ সব বাণী বাস্তব [illegible] উচ্চারণ করে, তাহা প্রাকৃত [illegible] হইতে উৎপন্ন শব্দ মাত্র। [illegible] [illegible] [illegible] নিকট [illegible] [illegible] হইলেও প্রকৃত পক্ষে [illegible] আছে। [illegible] [illegible] [illegible] যে সেরূপ কোন মঙ্গল হয় না, সেই প্রকার ঐ পতিত ব্যক্তির কীর্ত্তিত হরিকথাও কোন মঙ্গল উৎপাদন করিতে পারে না। বৈকুণ্ঠবস্তু কাহারও অধীন নহেন। [illegible] সেব্যবস্তু, তাঁহাকে ভোগ করা যায় না। সেবক-অভিমানে যে কীর্ত্তন হয় তদ্দ্বারা বৈকুণ্ঠবস্তু কীর্ত্তিত হন বটে, কিন্তু যখনই অপরাধমূলে সেব্যবস্তুতে ভোগ-বুদ্ধি হয়, তখন আর তাহার জিহ্বায় বৈকুণ্ঠবস্তু উচ্চারিত হন না। উহা মায়ারই কীর্ত্তন হইয়া যায়।

ভক্তিসিদ্ধান্ত জাগতিক দর্শনীতি বা সমাজ-নীতির ন্যায় অধ্যয়ন জ্ঞানগম্য নহে। জাগতিক বিদ্যা বা অভিজ্ঞতার দ্বারা ঐগুলি অর্জ্জন করা যায় সুতরাং প্রয়োজন হইলে অন্তরে মানি আর না মানি বাহিরে ঐগুলিকে অর্থ বা মানের জন্য যথাযথভাবে আবৃত্তি করা যাইতে পারে। কিন্তু শ্রীগুরুপাদপদ্ম হইতে লব্ধবাণী ঐরূপ নহে। অপরাধী ব্যক্তি শ্রীগুরুদেবের শ্রীমুখনিঃসৃত কোন সিদ্ধান্ত পুনঃ পুনঃ শ্রবণ করিলেও উহা নির্দ্দোষভাবে অপরের নিকট কীর্ত্তন করিতে পারেন না। তাহাতে সিদ্ধান্ত-বিরোধ থাকিবেই, সাধারণ ব্যক্তি তাহা বুঝিতে পারেন না।

ঈশ্বরের দেহ-দেহীতে ভেদবুদ্ধি অপরাধজনক। উহা নির্ব্বিশেষবাদ; সেইরূপ শ্রীগুরুদেব ও শ্রীচৈতন্যবাণীতে যাহারা ভেদ-বুদ্ধি করেন, তাঁহারা জ্ঞাতসারে বা অজ্ঞাতসারে নির্ব্বিশেষবাদেরই আবাহন করেন বুঝিতে হইবে। মায়াবাদী-সম্প্রদায় মুখে আপনাদিগকে বেদান্তী বলিয়া পরিচয় দিয়াও শ্রীগুরুদেবও [illegible] পোষণ করিতে পারেন, এরূপ ধারণা করায় "প্রচ্ছন্ন নাস্তিক" নামে অভিহিত হইয়াছে। সেইরূপ যাঁহারা শ্রীগুরুদেব ও শ্রৌত সিদ্ধান্তসমূহ পরস্পর অভিন্ন বলিয়া না জানেন, তাঁহারা বাহিরে মায়াবাদকে যতই গর্হণ করুন না কেন, অন্তরে প্রচ্ছন্ন নির্ব্বিশেষবাদেরই আশ্রয় করিতেছেন মাত্র। সিদ্ধান্তকে বাহিরে ইঁহারা যতই সম্মান দান করুন না কেন, সিদ্ধান্তের প্রতি ইঁহাদের আন্তরিক টান কতটুকু তাহা তখনই বুঝা যায়, যখনই ইঁহাদের স্বার্থে আঘাত পড়ে। তখন স্বার্থান্ধ হইয়া ইঁহারা যে সকল প্রলাপোক্তি করিতে থাকেন, তাঁহার অকিঞ্চিৎকরতা [illegible] [illegible] ধরিতে পারেন।

বল্লভ ভট্টের সাধুবুদ্ধিতে শাস্ত্রজ্ঞান কম ছিল না। শ্রীমন্মহাপ্রভু যখন শ্রীরূপের [illegible] একটু ছলনাবশে বল্লভকে বলিয়াছিলেন, "তুমি মহাকুলীন এবং পণ্ডিত ব্যক্তি আর শ্রীরূপ হীনজাতি তাঁহাকে তুমি স্পর্শ করিও না", তখনও বল্লভভট্ট শ্রীমন্মহাপ্রভুর বঞ্চনামূলক বাক্যে বঞ্চিত হইবার লক্ষণ দেখান নাই। বলিয়াছিলেন, "শ্রীরূপ সর্ব্বদা হরিনাম করেন সুতরাং ইঁনিই সর্ব্বোত্তম ব্যক্তি" তৎসত্ত্বেও বল্লভ শ্রীমন্মহাপ্রভুর সাক্ষাৎ কৃপা পাইলেন না। কারণ, এরূপ যে উক্তি করিয়াছিলেন উহা শরণাগতিমূলক নহে। প্রাকৃত বিচার-বুদ্ধি লইয়া বল্লভ শ্রীমদ্ভাগবত পাঠ করিয়াছিলেন এবং নিজেকে শ্রীমদ্ভাগবত-সিদ্ধান্তবিৎ জানিয়াই ঐরূপ উক্তি করিয়াছিলেন। মুখে শ্রীরূপকে উত্তম বলিলেও শ্রীরূপগত প্রাণের বিচার তাঁহার হৃদয়ে উদিত হয় নাই। শ্রীরূপের সিদ্ধান্ত গ্রহণ না করায় অপ্রাকৃত ভাগবত-সিদ্ধান্ত তাঁহার হৃদয়ে কখনও স্ফূর্ত্তিলাভ করেন নাই, তাঁহার পাণ্ডিত্য অবশেষে স্বার্থদ্রোহেতেই পর্য্যবসিত হইয়াছিল। শরণাগতির প্রথম কথা "আনুকূল্যস্য সঙ্কল্প"। যাহা অনুকূল-কৃষ্ণানুশীলন বিচারে পূর্ণতালাভ করিয়াছে, তাহাতে যখনই আমরা অনাদর করি তখনই মায়াবাদীর প্রতিকূল-বিচারের আবাহন হইয়া পড়ে। যিনি সর্ব্বাপেক্ষা অনুকূলভাবে কৃষ্ণের অনুশীলন করেন, যিনি জীবের প্রতি সর্ব্বাপেক্ষা অধিক অনুকূল হইয়া কৃষ্ণের কথা শিক্ষা দেন, সেই শ্রীগুরুপাদপদ্মের পূর্ণানুগত্যে যখন কৃষ্ণানুশীলন হয় তখনই তাঁহার প্রতি একান্ত অনুকূল কৃষ্ণ আমাদের প্রতি অনুকূল হন। ভক্তিসিদ্ধান্তবাণীর অমায়ায় কৃপা হইতেই কৃষ্ণস্বরূপ জ্ঞান লাভ হয়, আর যখন সেই অনুকূল শ্রীগুরুপাদপদ্মের আনুগত্য পরিত্যাগ করিয়া পণ্ডিতম্মন্যরূপে কৃষ্ণানুশীলন করি, তখনই কৃষ্ণ ও কৃষ্ণনামে ভেদবুদ্ধি করিয়া বসি। কৃষ্ণনামের বহু অর্থ কল্পনা করিয়া স্বৈরাচারী হইয়া যাই; তখনই মায়া আসিয়া আমাদের চিত্ত কলুষিত করে।

অতএব ভক্তিমার্গানুশীলনকারী প্রত্যেক ব্যক্তিরই সুশৃঙ্খল হইয়া সিদ্ধান্ত আলোচনা করা দরকার কিন্তু শাস্ত্র-বিচারকালে উহার প্রকৃত সিদ্ধান্ত গ্রহণে যদি যত্ন না হয়, তাহা হইলে শাস্ত্রপাঠ বৃথা। শাস্ত্রবাক্য বা সাধুবাক্যই জীবকে কৃষ্ণের সন্ধান দিয়া থাকেন।

সিদ্ধান্তজ্ঞান আমাদের কষ্টিপাথরের স্বরূপ। যাঁহার যে পরিমাণে শ্রীগুরুপাদপদ্মে শরণাগতি ও প্রপত্তির উদয় হয়, সিদ্ধান্তজ্ঞানও তাঁহার হৃদয়ে সেই পরিমাণে নির্ম্মলভাবে স্ফূর্ত্তি পাইতে থাকে। শ্রীগুরুপাদপদ্ম হইতে শাস্ত্র-সিদ্ধান্ত অবগত হইয়া শিষ্য নিজস্বরূপের পরিচয়লাভে সমর্থ হন। এই স্বরূপজ্ঞান বা সিদ্ধান্ত-জ্ঞানই চিত্তকে শ্রীগুরুপাদপদ্মে সুদৃঢ়ভাবে নিবিষ্ট করায়। সিদ্ধান্ত বিষয়ে জ্ঞানলাভে অনাদর হইলেই প্রাকৃত সহজিয়াবাদ আসিয়া হৃদয়ে স্থান করে। যাঁহারা বলেন—ও রুচি ব্যক্তির পক্ষে

শাস্ত্রাদি পাঠের আবশ্যকতা নাই, তাঁহারা অন্ধ। একমাত্র সিদ্ধান্তবাণীই জীবের অনর্থ দূর করিয়া তাহাকে পরমতত্ত্বে নিষ্ঠিত করিতে সমর্থ এবং শাস্ত্র-সিদ্ধান্তই অন্য কোন শ্রদ্ধাকে দৃঢ় করিতে পারেন। শাস্ত্রপাঠ কেবলমাত্র কনিষ্ঠাধিকারীর পক্ষেই প্রয়োজনীয় নহে, উহা সকল সময়ে সকল অধিকারেই অনুশীলনের বস্তু।

অমোঘ দর্শন

(প্রাপ্ত)

নীলাচলে সার্ব্বভৌম প্রভুর চরণে
নিবেদিলা আকুল-পরাণে। কৃপাময়
মোর গৃহে একমাস কৃপা বিতরণে
ভিক্ষা অঙ্গীকার কৈলে তবে ধন্য হয়
দাসাধম। ধন্য হবে গৃহাশ্রম মোর।
হাসিয়া কহিলা প্রভু ভট্টাচার্য্য শুন
সন্ন্যাসীর ধর্ম্ম হয় অত্যন্ত কঠোর—
অন্ন ছিদ্রে সন্ন্যাসীর নাশে সর্ব্বগুণ,
বহুদিন একস্থানে ভিক্ষা অঙ্গীকার
হয় অনুচিত। সার্ব্বভৌম অনুরোধে
ভক্ত বৎসল হরি করিলা স্বীকার,—
পঞ্চদিন ভিক্ষা তাঁর গৃহে ভক্তবোধে
করুণা-প্রকাশি।
সার্ব্বভৌম ভট্টাচার্য্য
প্রভুর ইঙ্গিত লভি' আনন্দিত মনে,
আদেশিলা কহিবারে রন্ধনাদি কার্য্য
আপন গৃহিণী প্রতি। পরম যতনে
গৌরভক্তি-পরায়ণা 'ষাঠীর' জননী
মহানন্দে, নানাবিধ নৈবেদ্য 'আহরি',
রচিলা বিচিত্র ভোগ আদর্শ-গৃহিণী।
যাহে পরিতৃপ্ত হন প্রভু গৌরহরি
ভক্তারাধ্যধন। ভক্তিপূত যে দম্পতি
সাজাইল যে বিচিত্র নৈবেদ্য-সম্ভার
বর্ণিতে না পারে মোর অতিক্ষুদ্র মতি;
বর্ণিলা 'চরিতামৃতে' করিয়া বিস্তার
'কৃষ্ণদাস কবিরাজ' গোস্বামীপ্রবর।
হেনকালে মহাপ্রভু মধ্যাহ্ন করিয়া
ভট্টাচার্য্য গৃহে অতি হরষ অন্তর
আসিলা একাকী তাঁর হৃদয় জানিয়া।
পাদ-প্রক্ষালন করে, ভোজনে বসিতে
হইলা বিস্মিত অতি, অলৌকিক সব
প্রসাদ ব্যঞ্জন হেরি কহিলা ভঙ্গীতে
অবিলম্বে এত সজ্জ হয় অসম্ভব,
শতেক চুল্লিতে যদি রাঁধে শতজনে
তথাপি করিতে নারে এত আয়োজন।
তুলসীমঞ্জরি দেখি অতি যতনে
রাধাকৃষ্ণ এই অন্ন কৈলা আস্বাদন
ভক্তশিরোমণি অনুমানে। শ্রীচৈতন্যদেবে
বসাইল ভট্টাচার্য্য শ্রীকৃষ্ণ আসনে।
আচার্য্য-গৃহিণী তাঁরে শ্রীভক্তিরে সেবে
স্বগৃহে পাইয়া সেই গোলোক-রতনে।
প্রভু কহে এত অন্ন খাইতে না পারি,
শুনিয়া কহিলা ভট্ট, করি কৃতাঞ্জলি
তুমি অন্ন খাও শত শত ভার ভরি
একাকী বারম্বার। জানি গো সকলি
নীলাচল শ্রীমন্দির-দ্বারে। দ্বারকাতে
ষোড়শ সহস্র নিজ মহিষী কক্ষেতে,
যাদব গৃহেতে আর ব্রজ মথুরাতে,
ভোজন করিলা বহু। অন্নকূটেতে
গোবর্দ্ধনে খেলে অন্ন পর্ব্বত-প্রমাণ
তার পাশে এই অন্ন নহে একগ্রাস
কৃপা করি হে ঠাকুর করহ গ্রহণ।
কৃষ্ণ মাধুকরী এই, ধন্য হবে দাস।
ভট্টাচার্য্য অনুরোধে হাসিয়া তখন
শ্রীকৃষ্ণচৈতন্যদেব বসিলা ভোজনে
আচার্য্য স্বহস্তে তাঁরে করান ভোজন,
জগন্নাথের প্রসাদ আনি যতনে।
হেনকালে ভট্টাচার্য্য জামাতা কুলীন
ষাঠীনাথী কন্যাকর্ত্তা অমোঘ ব্রাহ্মণ
ভোজন দেখিতে চাহে। জানি তাঁরে হীন
দুর্জ্জনে ভট্ট দ্বার করেন রক্ষণ,
যাহে না আসিতে পারে নিন্দক দুর্জ্জন।
একবার ভট্টাচার্য্য হৈলে অন্যমন
অমোঘ আসিয়া দেখে, প্রভুর ভোজন
মাৎসর্য্য-স্বভাবি করে শ্রীগৌর-নিন্দন
সেই দুরাচার। 'সন্ন্যাসী সেজেছে ধন
ভোজনের লাগি। যেই অন্ন খাইলেও
পরিতৃপ্ত হ'তে পারে দশ বার জন
একেলা সন্ন্যাসী খায় কোন বিচারেতে'
বলিয়া নিন্দয় পাপী। শুনি ভট্ট তবে
চাহিল উলটি। অমোঘ পলা'ল দূর
ভট্ট যষ্টি লয়ে ধায় আজি কোথা যাবে
প্রহারিব তোমা পাপী পঞ্চে দূর দূর।
প্রভুনিন্দা শুনি ভট্ট অভিশাপ দিলা
"ষাঠী রাণ্ডী হো'ক" বলি গজ্জিতে লাগিলা
ষাঠীর জননী শোকে শিরে বজ্রহানে,
কাঁদিতে লাগিল দুঁহে মহাপ্রভু স্থানে,
ধূলায় লুটায়ে পড়ি। অন্য অপরাধ
নিবারিয়া আনি গৃহে করিনু নিন্দন
হ'ল মোর চিত্তে শুদ্ধভক্তি-বাধ,
কেন পূর্ব্বে নাহি হল মোদের মরণ
বলি কাঁদে উচ্চৈঃস্বরে।
অমোঘ দরশি প্রভু কহিলা তখন
মোর নিন্দা নহে, ইহা সত্য কহিল
'কিবা অপরাধ' বলি আশ্বাসি তখন
চলিলা স্বস্থানে। ভট্ট সঙ্গেতে চলিল
প্রভু তুষ্টভরে। ভট্টাচার্য্য গৃহে আসি'
নিন্দিয়া আপনে, কহিলা বিষাদভরে
পত্নী, কন্যা পতি। কেন মোরা ভালবাসি
চৈতন্য-নিন্দকে। মোর হস্তে যদি মরে
এই অমোঘ, তবে প্রায়শ্চিত্ত হয়
নিন্দা শ্রবণের। কিম্বা যদি নিজ প্রাণ
পারি বিসর্জ্জিতে। তবু অপরাধ ক্ষয়
হয় কথঞ্চিৎ। বধ্য নহে বিপ্রপ্রাণ
কি করি উপায়। নিশ্চয় ত্যজিনু আজ
জামাতা অমোঘে, মুখ না হেরিব তার
নাম না শুনিব। জামাতার নাহি কাজ
সে পতিতে কন্যা যেন করে পরিহার।
হরি-গুরু ভক্তদ্বেষী অধম পতিত
হইলেও পতি সেই ত্যজিতে উচিত
ষাঠীরে জানাও ইহা শাস্ত্রসম্মত
নাহি তাহে কোন পাপ। সজ্জন-বিদিত
"পতিঞ্চ পতিতং ত্যজেৎ" স্মৃতির বচন।
অমোঘ পলাল কোথা। ষষ্টির গঞ্জনে
পরদিন অমোঘের ঘটিল তখন
বিসূচিকা ব্যাধি। শুনি হাসে ভট্ট মনে
এতক্ষণে দৈব মোর হইল সহায়—
ঈশ্বরের অপরাধ ফলিল এখন,
ভট্টাচার্য্য শ্রোতবাণী উচ্চৈঃকণ্ঠে গায়
মহৎ আত্মক্রমে হয় বিনাশ সাধন
আয়ুঃ শ্রী, যশঃ, ধর্ম্ম,লোক, আশীর্ব্বাদ।
অমোঘের মৃত্যুবার্ত্তা মহাপ্রভু শুনি
ভট্টাচার্য্য গৃহে, জানি ভক্তের বিষাদ
অমোঘেরে বক্ষে দিয়া বক্ষে হস্ত দানি।
'সহজে নির্ম্মল হয় ব্রাহ্মণ হৃদয়।
কৃষ্ণের বসতি এই যোগ্যস্থান হয়।
মাৎসর্য্য চণ্ডাল কেনে ইহা বসাইলা।
পরমপবিত্র স্থান অপবিত্র কৈলা।"
জানাইলা মহাপ্রভু কিবা ব্রাহ্মণতা।
ভক্ত বৎসল ভগবান ভব চণ্ডাল—
অমোঘ-দর্শনে দণ্ড হয়ে ভক্তিদাতা
দুষ্ট হলে চেতনতা, ধ্বংস সর্ব্বকাল।
অমোঘের প্রতি ভক্তসম্পাদিত বিচার
অভিশাপী অভিশক্তি কভু ইহা নয়।
'ক্রোধ ভক্তদ্বেষী জনে' বৈষ্ণব-আচার।
অমোঘ হেরিয়া চক্ষে প্রত্যক্ষ দর্শনে
না করিল গৌরচন্দ্রে মাৎসর্য্য প্রভাবে।
ভট্টাচার্য্য নিরখিল প্রেমের নয়নে
গৌরচন্দ্রে কৃষ্ণচন্দ্র শুদ্ধভক্তি ভাবে।
অমোঘ হেরিল গৌরে উদরক-স্বামী
ভট্টাচার্য্য জানে গৌর গোলোকনিবাসী
সর্ব্বলোকা কৃষ্ণচন্দ্র। শ্রীগৌরকৃপায়
জাগিল অমোঘ, পুনঃ চেতনতা পায়।
কৃষ্ণ, গুরু, ভক্ত হয় অপ্রাকৃত বস্তু
কভু দৃশ্য নহে। যোগ্য ভাব ভেদে হেরে
সব অসার। গুরুদেব কৃপা বিনু
নহে চেতনতা লভি মৃত্যু মায়া ঘোরে।
পদে যার পরিহর অমোঘ দর্শন
ভক্ত-আনুগত্য কর হতে মুক্ত মন।
হেরিবে চিন্ময়দেশে আচার্য্যচরণ
স্বরূপে অবতীর্ণ কৃষ্ণবিগ্রহগণ।

চট্টগ্রামে প্রচার

শ্রীবিশ্ববৈষ্ণব রাজসভার অন্যতম প্রচারক উপদেশক শ্রীপাদ অনাদিকৃষ্ণ ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী কতিপয় মঠসেবক সহ গত ২০শে এপ্রিল সোমবার কোর্টজানী-পর্ব্বতস্থ শ্রীযুত বরদাকান্ত সরকার মহাশয়ের বাসভবনে উপস্থিত হইয়া শ্রীমদ্ভাগবতের ৩য় স্কন্ধ ৩৩ অধ্যায় হইতে কপিল-দেবহূতি-সংবাদ বর্ণনপ্রসঙ্গে জীবের বিবিধপ্রকার গতি সম্বন্ধে শাস্ত্রভাষায় প্রায় দুইঘণ্টাকাল পাঠ ও ব্যাখ্যা করিয়া উপস্থিত সজ্জন মণ্ডলীর আনন্দবিধান করিয়াছেন। পাঠে বহু শিক্ষিত ভদ্রলোক উপস্থিত ছিলেন। পাঠের আদি ও অন্তে ভক্তিশাস্ত্রীজী সুললিতস্বরে মহাজনপদাবলী কীর্ত্তন করেন।

গত ২১শে এপ্রিল মঙ্গলবার ভক্তিশাস্ত্রীজী শ্রীচৈতন্যমঠাশ্রিত কতিপয় ভক্তসহ জানায় মাদারবাড়ীর নিকটবর্ত্তী "শ্রীমঙ্গলেশ্বরী" বাড়ীর প্রাঙ্গণে উপস্থিত হইয়া শ্রীমদ্ভাগবতের ৭ম অধ্যায় হইতে প্রহ্লাদচরিত্র বর্ণন-প্রসঙ্গে সর্ব্বোত্তম প্রয়োজন কি? নবধা ভক্তির যাজন কিরূপ? অনিত্য দুঃখপূর্ণ সংসারে আসিয়া ভগবদ্ভজনই একান্ত কর্ত্তব্য ইত্যাদি বিষয় সম্বন্ধে শাস্ত্রযুক্তিমূলে দুই ঘণ্টাকাল পাঠ ও ব্যাখ্যা করিয়া শ্রোতৃ-মণ্ডলীর আনন্দবিধান করেন। উক্ত দিবসের সভায় বহু শিক্ষিত সম্ভ্রান্ত লোক ও ভদ্রমহিলা উপস্থিত ছিলেন। পাঠের আদি ও অন্তে মহাজনপদাবলী ও মহামন্ত্র কীর্ত্তন হয়।

উপস্থিত ভদ্রলোকগণের মধ্যে নিম্নলিখিত কয়েকজনের নাম উল্লেখযোগ্য—শ্রীযুত সুধাংশুধর সিংহ উকিল, শ্রীযুত কামিনীকুমার সেন উকিল, শ্রীযুত ব্রজেন্দ্রলাল দত্ত মোক্তার, শ্রীযুত পুলিনবিহারী পাল মোক্তার, শ্রীযুত উপেন্দ্রমোহন চক্রবর্ত্তী, শ্রীযুত বিনোদবিহারী মজুমদার, শ্রীযুত মধুসূদন ঘোষ, কণ্ট্রাক্টর, শ্রীযুত মদনলাল সরকার, শ্রীযুত জিতেন্দ্রনাথ চক্রবর্ত্তী শ্রীযুত দুর্গাপদ চক্রবর্ত্তী প্রভৃতি।

গত ২৭শে এপ্রিল বৃহস্পতিবার ভক্তিশাস্ত্রীজী কতিপয় মঠাশ্রিত ভক্তসহ পাথরঘাটায় 'পতিতপাবন কীর্ত্তন সমিতি'-তে উপস্থিত হইয়া শ্রীচৈতন্যভাগবতের মধ্যলীলা ১৩শ পরিচ্ছেদ হইতে জগাই-মাধাই উদ্ধার-প্রসঙ্গে উক্ত সম্প্রদায়ের বিচার বর্ণন করিয়া উপস্থিত বিশিষ্ট সভ্যবৃন্দের চিত্ত আকর্ষণ করেন। পাঠের আদি ও অন্তে মহাজন পদাবলী ও মহামন্ত্র কীর্ত্তন হয়।

"সাধুসঙ্গ সাধুসঙ্গ সর্ব্বশাস্ত্রে কয়। লবমাত্র সাধুসঙ্গে সর্ব্বসিদ্ধি হয়।"

শুদ্ধভক্তি-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠ

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীচন্দ্রশেখর-ভবনে শ্রীচৈতন্যমঠ, গান্ধর্ব্বিকা-পীঠ, শ্রীশ্রীরাধাকৃষ্ণ-শ্রীগৌর-গোপাল আছাড়া চতুর্ব্বিংশ বিগ্রহ আছেন। সুপ্রাচীন প্রত্নতত্ত্ব...মঠে 'নদীয়া-প্রকাশ'-যন্ত্রালয় আছে।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১
কলিকাতায় শ্রীভক্তিবিনোদ-আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, কীর্ত্তন, শ্রীব্রহ্মসূত্র-বেদান্ত-শ্রীমদ্ভাগবতাদি গ্রন্থের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও হার্মণিষ্ট পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়।

(৩) যোগপীঠ-মায়াপুর-পীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীচৈতন্যপ্রভুর আবির্ভাব-ভূমি মহাযোগপীঠ

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৫) অদ্বৈত-ভবন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং টোল বর্ত্তমান।

(৬) মুরারিগুপ্তের পাট

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৭) কাজি-সমাধি-পাট

সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি।

(৮) অনুকূলকৃষ্ণানুশীলনাগার

শ্রীধাম মায়াপুর

(৯) স্বানন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীলভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ চাঁপাহাটি (বর্দ্ধমান)

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মাউগাছি, পোঃ ভালুকা, (বর্দ্ধমান)
শ্রীব্যাসাবতার ঠাকুর বৃন্দাবনের স্থান

(১৩) রুদ্রদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(১৪) জহ্নু-গৌড়ীয়মঠাশ্রম

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ

গৌড়পুর, নদীয়া

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ

মাজিদা — (শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৭) কুলিয়াদ্বীপ

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

(১৮) ভাগবত-আশ্রম

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

(২০) মহেশ-পণ্ডিতের পাট

কাঁচাদপাড়া, পোঃ চাকদা (নদীয়া)

(২১) রাণাঘাট-গৌড়ীয়মঠাশ্রম

(২২) পুরী গৌড়ীয়মঠ

চটক পর্ব্বত

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ

বারিদ্দা পোঃ ওয়ারি, ঢাকা।
পূর্ববঙ্গের প্রচার-কেন্দ্র।

(২৪) গোপালজীউমঠ

কমলাপুর, পোঃ ঢাকা

(২৫) নিতাই-গৌরাঙ্গ মঠ

পোঃ গণ্ডারিয়া, (ঢাকা)

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

বড়বাজার, পোঃ ময়মনসিংহ

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চক্চকা, কামরূপ (আসাম)

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

৬নং গান্‌তাক রোড, দার্জ্জিলিং

(৩০) নারায়ণ-গৌড়ীয়মঠ

পোঃ হরিদ্বার, জেঃ সাহারাণপুর, ইউ, পি

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

মিঠাপুর · পাটনা)

(৩২) গয়া গৌড়ীয়মঠ

রমনা রোড, গয়া

(৩৩) সনাতন-গৌড়ীয় মঠ

৮।১৭ বড় গণেশদেবী(?), বেনারস সিটি

(৩৪) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

(৩৫) পরমহংস মঠ,

পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠাশ্রম

বিশ্রামঘাট, পোঃ মথুরা

(৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ

কিশোরপুর, বৃন্দাবন

(৩৯) এক্ষোলনন্দ-সুখদকুঞ্জ

পোঃ রাধাকুণ্ড। মথুরা

(৪০) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪১) রাধাকুণ্ড গোবর্দ্ধনী

(৪২) শ্রীগোবর্দ্ধনমঠালয়

গোবর্দ্ধন, মথুরা

(৪৩) সঙ্কেত বিহারী মঠ

বর্ষাণ, মথুরা।

(৪৪) নন্দগ্রাম গৌড়ীয়মঠালয়

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৫) বর্ষাণা গৌড়ীয়মঠালয়

পোঃ বর্ষাণা, মথুরা

(৪৬) গোকুলবিহারী মঠ—পেশোয়ারী,

পোঃ মেহেরোল, জেলা গুরগাঁও (পাঞ্জাব)

(৪৭) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

(৪৮) দিল্লী গৌড়ীয় মঠ

৪৫নং ক্যানাল রোড, নিউ দিল্লী;

(৪৯) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, ওয়ানাথাম ভিলা বোম্বে ৭

(৫০) ভারাপুর-গৌড়ীয়মঠ

পোঃ বারপেটা, আসাম
শ্রীরুক্মিণীরমণবিক্রমাদিত্যবিরচিতের সেবা

(৫১) আলালনাথ-গৌড়ীয়মঠ

পোঃ ব্রহ্মগিরি, খোর্দ্দা মোহনগড় (জেলা)
শ্রীশ্রীরুক্মিণীরমণবাসিকা-গিরিধারীর সেবা

(৫২) নদীয়া গৌড়ীয়মঠ

আলমচাঁদ, পোঃ সন্তোষ, (পুরী)

(৫৩) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা

(৫৪) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৫) সীতাকুটী

(৫৬) ত্রিদণ্ডি-গৌড়ীয়মঠ

পোঃ জয়দেবপুর, পুরী

(৫৭) সচ্চিদানন্দ মঠ

বালিয়াটি, পোঃ কটক (উড়িষ্যা)

(৫৮) বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ

(৫৯) শ্রীব্রহ্মমাধ্বগৌড়ীয়-প্রপন্ন-মঠ

পোঃ মধুকুণ্ডা, মাদ্রাজ

(৬০) ভাগবতজনানন্দ মঠ

তিলদিয়া, পোঃ নারায়ণগড়, মেদিনীপুর

(৬১) আমাবি গৌড়ীয়মঠ

পোঃ আমাবি, মেদিনীপুর

(৬২) আমলাজোড়া প্রপন্নাশ্রম মঠ

পোঃ রাজবাঁধ (বর্দ্ধমান)

(৬৩) চৈতন্যগৌড়ীয়মঠ

ভুবনেশ্বর, পোঃ চিঙ্কণ, (মানভূম)

(৬৪) রেঙ্গুণ গৌড়ীয়মঠ

৩০১ নং লেইস্‌ ষ্ট্রীট, রেঙ্গুণ।

(৬৫) লণ্ডন-গৌড়ীয়মঠ

ফ্ল্যাট নং ২
৫১, আর্ডলোড
ক্ল্যাপহাম, লণ্ডন, ই ৫

(৬৬) গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্‌

১৩।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা

(৬৭) গৌড়ীয়মঠ অফিস

হিউয়েট রোড, লক্ষ্ণৌ (ইউ-পি)

(৬৮) শ্রীবিজ্ঞানিধি গৌড়ীয়মঠালয়

নন্দনকানন, চট্টগ্রাম

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্‌ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীমহানন্দ ব্রহ্মচারী ভক্ত্যালোক, ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও দ্বিতীয় দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও দ্বিতীয় দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	।০	৷৶০	।৶০	
" ইঞ্চি	২৲		১৷০	১৲
সিকিকলম	৫৲			৩৲
অর্দ্ধকলম	৮৲		৬৲	
এক কলম	১২৲	১০৲	১০৲	

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিবারে প্রতি ইঞ্চি	৬৲	৪৷০
" সিকি কলম	১৫৲	১২৲
অর্দ্ধকলম	২৫৲	২০৲
এক কলম	৩৫৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৷০
মাসিক "	

প্রতি সংখ্যা ৴৫ ; বিশেষ সংখ্যার মূল্য ভিন্ন হইবে।

শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী

শ্রীল প্রভুপাদের চতুঃষষ্টিতম বর্ষপূর্ত্ত্যাবির্ভাব-তিথিতে শ্রীল আচার্য্যদেবের আজ্ঞানুসারে "শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী" প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। ইহাতে পূর্ব্বার্দ্ধ ও উত্তরার্দ্ধ দুইটি বিভাগ আছে। পূর্ব্বার্দ্ধে শ্রীল প্রভুপাদের আদি-প্রবন্ধাবলী শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের সম্পাদিত 'স-পাক্ষিকী সজ্জনতোষণী,' শ্রীল প্রভুপাদের 'নিবেদন' সাপ্তাহিক পত্র প্রভৃতি হইতে কথাসার ও প্রয়োজনীয় অংশের টীকা-সহ প্রকাশিত হইয়াছে। উত্তরার্দ্ধে শ্রীল প্রভুপাদের সম্পাদিত 'সজ্জনতোষণী'র কতিপয় প্রবন্ধ কথাসার প্রভৃতি সংযুক্ত হইয়াছে। প্রবন্ধগুলি রচনাকালের ক্রমানুসারে গ্রথিত হইয়াছে; এতদ্ব্যতীত শ্রীল আচার্য্যদেবের একটি মূল্যবান্ উপোদ্ঘাত ও সম্পাদকীয় একটি বিস্তৃত ভূমিকা, শব্দ সূচী, শ্লোক-পাদ-সূচী ও প্রমাণ-সূচী প্রভৃতি গ্রন্থে সংযোজিত হইয়াছে। গ্রন্থটি উৎকৃষ্ট কাগজে পারিপাট্যের সহিত মুদ্রিত ও শ্রীল প্রভুপাদের আলেখ্যাদিদ্বারা ভূষিত ও সুন্দর বাঁধাই করিয়া প্রকাশিত হইয়াছে। প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, জিলা নদীয়া; শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ও শ্রীমাধ্ব-গৌড়ীয়মঠ, নারিন্দা, পোঃ ওয়ারী, ঢাকা।

ল প্রভুপাদের পদ্যপ্রসূন মালা

এই গ্রন্থে ও বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তি- সিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের রচিত পদ্যাবলী শ্রীল আচার্য্যদেবের বিরচিত "সৌরভ" নামক ভাষ্যের সহিত প্রকাশিত হইয়াছে। শ্রীল প্রভুপাদের অনেক অপ্রকাশিত পদ্য ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ৷০ আট আনা।

শ্রীধাম-মায়াপুরে

ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান স্বাধীন গঙ্গাতীরে -সন্নিকটে। বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক খোলা। সমস্ত আবাস ও আলোবাতাসযুক্ত। বিদেশী ছাত্রগণের জন্য শ্রীধাম মায়াপুরে বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খোরাক ও বোর্ডিংখরচ প্রতি মাসে মাত্র ৬৲ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন্ পরীক্ষায় উৎকৃষ্ট ফল প্রদর্শন করিতেছে। বর্ত্তমান বর্ষে ১৬ জন বালকের মধ্যে ১৫ জন ভালভাবে উত্তীর্ণ হইয়াছে।

মেধাবী ছাত্রগণের অশেষ সুবিধা

পরীক্ষায় যাহারা শতকরা ৭৫ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ সদাচারী দরিদ্র ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউশন,
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক-সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতিসুন্দরভাবে আলোচিত হইয়াছে। এই এক অপূর্ব্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

শ্রীচৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত্র সংক্ষিপ্তভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত ইহার ভিক্ষা মাত্র ৩৲ টাকা। প্রাপ্তিস্থান শ্রীযুত কার্য্যাধ্যক্ষ ভাণ্ডারী, শ্রীযোগপীঠ, শ্রীমায়াপুর, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীসরস্বতী-সংলাপ

প্রথম খণ্ড

শ্রীশ্রীব্রহ্মমাধ্ব গৌড়ীয়সম্প্রদায়ৈকসংরক্ষক জগদ্‌গুরু পরমহংসকুলচূড়ামণি নিত্যলীলা-প্রবিষ্ট ১০৮শ্রী শ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামি-প্রভুপাদ বিভিন্ন জিজ্ঞাসু ও তত্ত্বানুসন্ধিৎসুগণের প্রশ্নোত্তরে ও সন্দেহ-নিরাকরণকল্পে যে-সকল সুদুর্লভ সদুপদেশ কীর্ত্তন করিয়াছেন, যাহা তাঁহার প্রকটকালেই 'গৌড়ীয়' সম্পাদক শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ কিন্তু প্রভুপাদেরই শ্রীহস্তে সংশোধিত করাইয়া বা দেখাইয়া লইয়াছেন এবং যাহার কিয়দংশ গৌড়ীয়পত্রে প্রকাশিত হইয়াছে, তাহা "শ্রীশ্রীসরস্বতী-সংলাপ" নাম দিয়া পূর্ব্ব শ্রীল প্রভুপাদের 'প্রবন্ধাবলী' ও 'পত্রাবলী' আকারে খণ্ডে খণ্ডে প্রকাশিত হইতেছে। বর্ত্তমানে শ্রীল প্রভুপাদের [illegible]বার্ষিক বিরহতিথিপূজা-বাসরে এই গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। মানবজীবনের বহু অমীমাংসিত সমস্যা ও জটিল প্রশ্নের সমাধান ইহাতে পাওয়া যাইবে। ভক্তিপথের পথিকমাত্রেরই এই গ্রন্থ সংগ্রহ একান্ত প্রয়োজন।

“শ্রীকৃষ্ণচৈতন্য”

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্স কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপদেশক পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী সম্প্রদায়-বৈভবাচার্য এম-এ মহোদয়ের গৌরগবেষণা এবং পরিপক্ব লেখনীর অদ্ভুত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত্র-পাঠে ধন্য হউন। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিভিন্ন চিত্র-সমন্বিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ড ৩৩শ অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্তার ভূমিকাদ্বয় (Prefaces), বিষয়-তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র (Index Glossary) সহ প্রথমখানি প্রকাশিত। ভিক্ষা—১৫, পনর টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, ত্যাগরাজ নগর, শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর, জেলা—নদীয়া।

‘ঠাকুর ভক্তিবিনোদ’

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি-প্রচারের মূল মহাজন সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অধিকৃত জীবনচরিত এতাবৎকাল পর্য্যন্ত গ্রন্থাকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয়মঠাচার্য্যবরের শুভেচ্ছায় সর্ববিদ্যাবিভূষিত সু-লেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু মূল্যবান শিক্ষামৃতও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১২৫ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৮০ আনা; ডাক মাশুল স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান—ম্যানেজার গ্রন্থবিভাগ
শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিভিন্ন ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু গ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১৩।১নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্

উৎকল কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

ম্যালেরিয়ার পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাটতি অত্যন্ত অধিক। [illegible] সংযুক্ত কাগজের এবং নূতন ও পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। মূল্য ছোট বোতল ৷৵০ দশ আনা, বড় বোতল ১৶০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা
অথবা
পোঃ বেহালা, ২৪ পরগণা।

ই. বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	৫-৩৬	৬-০৬	৭-২৬	১২-২৬	১৪ ৫৬	১৬-৫৬	১৭-৫৬	২২-২৬
রাণাঘাট পৌঃ			৮-৫০	১৪-১৫				
(বদল) ছাঃ			৯-৩৩	১৪-৫০				
কৃষ্ণনগর পৌঃ	৭-১	৮-৪৫	১০-৮	১৫-২৩	১৭-২৮	১৯-১১	০-১৬	১-৪২
(বদল) ছাঃ	৭-১২		১০-৩১		১৭-৩৮		২০-২৩	
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫১		১১-১০		১৮-১৬		২০-৪৬	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
রাণাঘাট পৌঃ	১২-৫৫
ছাঃ	১৩-০
শান্তিপুর পৌঃ	১৩-২৬
(বদল) ছাঃ	১৩-৩১ (লাইট্ রেলওয়ে
কৃষ্ণনগর পৌঃ	১৪-২
ছাঃ	১৪-২০
নবদ্বীপঘাট পৌঃ	১৫-০

ডাউন

নবদ্বীপঘাট ছাঃ		৫ ৪৫		৯-২৫		১৩-৫১	১৬-০	১৮-৩৯	
কৃষ্ণনগর পৌঃ		৬ ২৩	৯-১৬	১০-৩	১১-৪১	১৪-১০	১৬-৩৮	১৯-১১	
ছাঃ	৩-২৬	৭-১৮		১০-১১			১৬-৫৬	১৯-২৫	
রাণাঘাট পৌঃ				১০-৪৬			১৭-৩১		
(বদল) ছাঃ				১১-০			১৭-৪০		
কলিকাতা পৌঃ	৬-১৬	৯-২১	১০-১	১২-১৬	১৪-১৬		১৯-১১	২১-৪১	২৩-২৬

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৩-৩১	১৬-০		
কৃষ্ণনগর পৌঃ	১৪-১০	১৬-৩৮		
ছাঃ	১৫-২৮	১৭-১৫		
শান্তিপুর পৌঃ	১৬-৯	১৭-৫৬		
(বদল) ছাঃ	১৬-৩৩	১৮-১	(শনিবার ভিন্ন)	১৮-৮ (শনিবার)
রাণাঘাট পৌঃ	১৭-১০	১৮-২৭		১৮-৩৩
(বদল) ছাঃ	১৭-৪০	১৮-৪০		১৮-৪০
কলিকাতা পৌঃ	১৯-১১	২০-৬		২০-৬

পোঃ- শ্রীমায়াপুর
টেলিগ্রাম—শ্রীধাম
শ্রীমায়াপুর

REGD NO C 1844

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

৪০ খণ্ড | শ্রীমায়াপুর— ২২শে বৈশাখ, ১৩৪৬ ৬ই মে, ১৯৩৯ শনিবার | ৫৭শ সংখ্যা

বিবিধ সংবাদ

জাভাবাসীর বীরত্ব

বাটাভিয়া (ডাচ ইষ্ট ইণ্ডিজ) জনৈক জাভাবাসী তাহার স্ত্রীকে একটি বাঘ মুখে করিয়া ঝোপের মধ্যে প্রবেশ করিতে দেখিয়া উন্মত্ত হইয়া পড়ে; কিন্তু সে শেষ পর্যন্ত খালি হাতে বাঘটির সহিত লড়াই করিয়া তাহার স্ত্রীকে উদ্ধার করিয়াছেন।

ঘটনার বিবরণে প্রকাশ, স্ত্রীলোকটি একটি বন পথে তাহার স্বামীর পিছনে পিছনে যাইতেছিল। এমন সময় বাঘটি হঠাৎ তাহাকে আক্রমণ করে।

উক্ত স্ত্রীলোকটির স্বামীর নিকট যদিও কোন অস্ত্রশস্ত্র ছিল না, তথাপি সে খালি হাতেই বাঘটিকে পাল্টা আক্রমণ করে; ফলে বাঘটি স্ত্রীলোকটিকে ফেলিয়া দিয়া বনের মধ্যে পালাইয়া যায়।

পরে স্ত্রীলোকটিকে হাসপাতালে স্থানান্তরিত করা হয়। তাহার জীবনের আশা আছে বলিয়া ডাক্তারগণ বলিতেছেন।

গোয়ালপাড়ায় অনাবৃষ্টি

ধুবড়ী গোয়ালপাড়া অঞ্চলে ভীষণ জলকষ্ট দেখা দিয়াছে। অনাবৃষ্টির ফলে লক্ষীপুর থানা এলাকার অধিকাংশে কূপ ও নদী শুকাইয়া গিয়াছে। শত শত গরু-বাছুর মারা যাইতেছে। ৪/৫ মাইল দূর হইতে লোকে জল টানিয়া আনিতেছে। আর এক সপ্তাহকাল এইরূপ চলিলে মানুষও আর বাঁচিবে না। গবর্ণমেণ্টকে এ বিষয়ে বিশেষ সতর্কতা অবলম্বন করিবার জন্য আবেদন জানান হইতেছে।

ব্রিটিশ মন্ত্রিসভার বিশেষ অধিবেশন

মন্ত্রিসভার এক বিশেষ অধিবেশন হয়, মন্ত্রিদের সকলেই সভায় উপস্থিত ছিলেন। মন্ত্রিসভার অধিবেশন হইবার আরও পূর্বে মিঃ এটলি ও মিঃ গ্রীনউড প্রধান মন্ত্রী মিঃ নেভিল চেম্বারলেনের সহিত ১৫ মিনিট কাল ধরিয়া আলোচনা করেন। অতঃপর মন্ত্রিসভার বৈঠক আরম্ভ হইবার পূর্বে সাম্রাজ্য-রক্ষা কমিটির এক অধিবেশন হয়। অতঃপর বাধ্যতামূলক সামরিক বৃত্তি সম্পর্কে শ্রমিক ও ট্রেড ইউনিয়নের নীতি নির্দ্ধারণের জন্য ট্রান্সপোর্ট হাউসে নেশনাল লেবার কাউন্সিলের এক সভা হয়।

কুমিল্লার নিকটে মোটর দুর্ঘটনা

গত ২০শে এপ্রিল কুমিল্লার নিকট এক শোচনীয় বাস দুর্ঘটনা হইয়াছে। প্রকাশ, ঐ তারিখে কুমিল্লা-আগরতলা বাস সার্ভিসের একখানা গাড়ী রাস্তা হইতে পড়িয়া যাওয়ায় বেনারসী নিবাসী মিঃ এস গোস্বামী নামক এক যুবক নিহত ও একজন মহিলা সহ তিনজন যাত্রী সাংঘাতিকভাবে আহত হইয়াছেন। প্রকাশ, বাসখানা আগরতলার বৈশাখী মেলা উপলক্ষে ১৩ জন যাত্রী লইয়া কুমিল্লা হইতে যাত্রা করে, কিন্তু দূর যাইতে না যাইতেই মোটর গাড়ী বিকল হইয়া পড়িয়া যায়। ড্রাইভার যাত্রীদের রক্ষার কোন চেষ্টা না করিয়াই লাফাইয়া পড়িয়া পলায়ন করে।

কুমিল্লা স্কুলের শিক্ষক ও ছাত্রগণ আহত ব্যক্তিগণের প্রাথমিক সেবা শুশ্রূষা করেন। মৃতদেহ ব্রাহ্মণবাড়িয়াতে আনীত হওয়ার পর ময়না তদন্ত করা হয়।

ইতালীর মন্ত্রীসভার বৈঠক

গত ডিসেম্বর মাসে দেশরক্ষা বাবদ যে এক হাজার কোটি লিরা বিশেষ বরাদ্দ করা হইয়াছিল, তাহার একটি মোটা অংশ কিরূপভাবে ব্যয়িত হইবে সিনর মুসোলিনী তৎসম্পর্কে সেনাপতি-মণ্ডলীর প্রধান কর্তা এবং অর্থসচিবের সহিত আলোচনা করিয়া এক সিদ্ধান্তে উপনীত হইয়াছেন। মন্ত্রিসভার এক বৈঠকে সিনর মুসোলিনী এ সম্বন্ধে তাঁহার রিপোর্ট পেশ করেন। একটি ইস্তাহারে বলা হইয়াছে যে, সৈন্যবাহিনীর জন্য নূতন করিয়া বরাদ্দ করা হইয়াছে। এ সম্বন্ধে অনেকে অনুমান করিতেছে যে, আগামী দশ বৎসরে সৈন্যবাহিনীর জন্য পাঁচ শত কোটি লিরা ব্যয় করা হইবে। সিনর গায়াদা এই বরাদ্দকে ইতালী ও জার্মানীকে বেকায়দায় ফেলিবার জন্য গণতান্ত্রিক রাষ্ট্রগুলির প্রচেষ্টার আর একটি উত্তর বলিয়া মন্তব্য করিয়াছেন।

পোল্যাণ্ডের নিকট জার্মানীর নোট

পোলিশ গবর্ণমেণ্ট হের হিটলারের নোটের উত্তর দিবেন বলিয়া আশা করা যায়। কর্ণেল বেক শুক্রবার দিবসে একটি বক্তৃতা দিতে পারেন এবং সেই সঙ্গে জার্মাণ নোটের উত্তরও সরকারীভাবে প্রদত্ত হইতে পারে। জার্মাণী পোল্যাণ্ডের সহিত ২৫ বৎসরের জন্য একটি অনাক্রমণ চুক্তি করিবার এবং স্লোভাকিয়া সম্পর্কে সম্মিলিতভাবে জার্মাণ-পোলিশ-হাঙ্গেরীয়ান প্রতিশ্রুতি দিবার প্রস্তাব করিয়াছিল বলিয়া হের হিটলার বলিয়াছেন। এখন তাহা অস্বীকার করা হইয়াছে এবং বলা হইয়াছে যে, হের হিটলার বৃটেন ও পোল্যাণ্ডের মধ্যে গণ্ডগোল সৃষ্টির চেষ্টা করিতেছেন।

৫শত টাকা পুরস্কার ঘোষণা

গত ২১শে এপ্রিল রাত্রিতে পাটনার যাদুঘর হইতে পাঁচশতটি দুষ্প্রাপ্য স্বর্ণমুদ্রা চুরি গিয়াছে। কে বা কাহারা এই চুরি করিয়াছে, যে ব্যক্তি তাহার সন্ধান দিতে পারিবে তাহাকে ৫ শত টাকা পুরস্কার দেওয়া হইবে বলিয়া ঘোষণা করা হইয়াছে।

এই চুরি সম্পর্কে কয়েকজন লোকের সাক্ষ্য গ্রহণ করা হইয়াছে এবং পুলিশ কয়েকটি বাড়ীতে খানাতল্লাসীও করিয়াছে।

বাংলায় উষ্ণ প্রবাহ

বাংলা দেশের অধিকাংশ স্থানে উষ্ণ প্রবাহের ফলে সর্দ্দি গর্ম্মিতে একাধিক ব্যক্তির মৃত্যু হইয়াছে।

মুরাদপুর বাজারে একটি মোটবাহী কুলী অকস্মাৎ অচেতন হইয়া পড়ে এবং কোনরূপ চিকিৎসার পূর্ব্বেই তাহার মৃত্যু হয়।

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল [illegible] পরিব্রাজক গোস্বামী মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক। প্রতি একাদশীতে প্রকাশিত হয়। কলিকাতা বাগবাজারস্থ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। সডাক ভিক্ষা ৪৷০ টাকা মাত্র।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১॥০ টাকা মাত্র।

৩। ভাগবত—হিন্দিভাষায় একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ টাকা মাত্র

৫। শ্রীগৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ মাত্র।

পরমগুরু শ্রীগৌরকিশোর

গৌড়ীয়-সম্পাদক লিখিত, শ্রীগৌড়ীয়মঠাচার্য্যের ভূমিকা-সম্বলিত, বহুচিত্র-শোভিত ও বিস্তৃত সূচী-সমন্বিত "পরমগুরু শ্রীগৌরকিশোর" গ্রন্থ প্রকাশিত হইয়াছেন। এই গ্রন্থে শুদ্ধগৌড়ীয়বৈষ্ণবগণের পরমারাধ্য, গৌড়ীয়গোবর্দ্ধনধারী অসাধারণ বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ নিত্যলীলাপ্রবিষ্ট পরমহংস ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল গৌরকিশোরদাস গোস্বামী প্রভুবরের অপূর্ব্ব চরিতকথা বর্ণিত আছে।

শ্রীশ্রীভক্তিবিনোদাবির্ভাব-শতবর্ষপূর্ত্তিতিথিপূজার উপায়ন-গ্রন্থমালা

——::(*)::——

১। গীতিসাহিত্যে শ্রীভক্তিবিনোদ

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র গীতিসাহিত্যের সমালোচনা-গ্রন্থ)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

২। শ্রীভক্তিবিনোদবাণীবৈভব

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের বহু গ্রন্থাবলী হইতে সংগৃহীত ১০৮টি অধ্যায়ে সম্বন্ধ-অভিধেয়-প্রয়োজনাকারে গ্রথিত অমূল্য উপদেশপূর্ণ গ্রন্থ)

ভিক্ষা—৩৲ তিন টাকা মাত্র।

৩। শ্রীশ্রীভক্তিবিনোদ-প্রসঙ্গ

ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ ও ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল [illegible] গোস্বামী প্রভুবর [illegible] এবং গৌড়ীয়ে প্রকাশিত শ্রীশ্রীভক্তিবিনোদ-চরিত-প্রসঙ্গ

ভিক্ষা—৷৶০ ছয় আনা মাত্র।

৪। ছাত্রদের ভক্তিবিনোদ

(ছাত্রদের উপযোগী ভাষায় লিখিত শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্র ও শিক্ষা)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

ছাত্রদের পক্ষে ভিক্ষা—৷০ আট আনা মাত্র)

প্রাপ্তিস্থান:—

(১) 'ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট', পোঃ শ্রীমায়াপুর, নদীয়া;
(২) শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা;
(৩) শ্রীযুক্ত সুন্দরানন্দ [illegible], বি-এ, [illegible]

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবত,—সমগ্র ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ২৮৲
দশম স্কন্ধ— ৮৲
২। অনুভাষ্য সহিত শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৯৲
৩। অনুভাষ্য শ্রীচৈতন্যচরিতামৃত ৮
৪। সৎক্রিয়াসারদীপিকা (অবাঁধা) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০
৪র্থ খণ্ড ৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যমঙ্গল
৮। সৎক্রিয়াসার দীপিকা ও সংস্কার দীপিকা ১৷০
৯। বৈষ্ণবধর্ম্ম ৩৲
১০। গৌড়ীয় কণ্ঠহার ৩৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীনবদ্বীপধাম মাহাত্ম্য (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ।০
১৫। বৈষ্ণবসাহিত্যে [illegible] ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। বৈষ্ণবের পরিচয় ।০
১৮। ব্রাহ্মণ ও [illegible] ।০
১৯। অর্চ্চনপদ্ধতি ।০
২০। গৌড়ীয়-গৌরব ।৶০
২১। গৌড়ীয়গীতিকা ।৶০
২২। [illegible]
২৩। শ্রীচৈতন্যভাগবত ও শ্রীনবদ্বীপধামপরিক্রমা (বাঁধা) ১৲
২৪। গীতা (শ্রীবলদেব টীকা সহ) ২৲
২৫। গীতা (চক্রবর্ত্তী টীকা সহ, অবাঁধা) ১৲
২৬। শ্রীমায়াপুর যোগপীঠ [illegible] ৷০
২৭। শ্রীকৃষ্ণ চৈতন্য [illegible] (সংস্করণ) ১৲
২৮। প্রেমবিবর্ত্ত (সংস্করণ) ।০
২৯। প্রেমবিবর্ত্ত (দ্বিতীয় সংস্করণ) (বাঁধা) ৸০
৩০। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা ৶০
৩১। সাধনপথ (দ্বিতীয় সংস্করণ) ।৶০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ।০
৩৩। নবদ্বীপধাম গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ পরিক্রমা) ৶০
৩৫। গীতমালা ৴০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৶০
৩৭। [illegible] ৶০
৩৮। [illegible] ।০
৩৯। [illegible] ।০
৪০। [illegible] /০
৪১। গীতাবলী /০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
৪৩। সাধনকণ্ঠ /০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা /
৪৫। নবদ্বীপশতক
৪৬। অর্চ্চনপদ্ধতি
৪৭। আচারপদ্ধতি ৶/
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) /১০
৪৯। অর্চ্চনপদ্ধতি ।১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম ও ২য়) ৲
৫১। ব্রহ্মসংহিতা ।০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ-বিনির্ণয় ।০
৫৫। চৈতন্যচন্দ্রামৃত বা মহাপ্রভুর [illegible] ।০
৫৬। [illegible] ৶০
৫৭। ঈশোপনিষৎ (সানুবাদ) ।০
৫৮। শ্রীকৃষ্ণবিজয় ৶০
৫৯। সিদ্ধান্তদর্পণ
৬০। সাংখ্যবাণী

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।
৬২। সিদ্ধান্ত সরস্বতী বিবৃতিঃ ।০
৬৩। সটীক-[illegible] ।০
৬৪। [illegible] ।০
৬৫। সানুবাদ [illegible] ৶০
৬৬। গৌড়ীয়সম্প্রদায়বিচারঃ /০
৬৭। [illegible] ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।০
৬৯। [illegible] ।
৭০। [illegible] ৲
৭১। [illegible] ।০
৭২। [illegible] ।৶০
৭৩। [illegible] শ্রীচৈতন্য মহাপ্রভু
৭৪। [illegible]
৭৫। [illegible] গৌড়ীয় [illegible]
৭৬। [illegible]
৭৭। [illegible]
৭৮। [illegible] ১।০
৭৯। [illegible] ৫৲

হিন্দী ভাষায় প্রকাশিত

৮০। [illegible] ।০
৮১। সাধন-পথ ।০
৮২। কল্যাণ-কল্পতরু ৶০
৮৩। গীতাবলী /০
৮৪। [illegible] /০

আসামী ভাষায় প্রকাশিত

৮৫। [illegible] /০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

একমাত্র পারমার্থিক দৈনিক পত্র

শ্রীধাম-মায়াপুর-নদীয়া

১৭শ বর্ষ | ৩ ত্রিবিক্রম ৪৫৩ গৌরাব্দ, ২২শে বৈশাখ বঙ্গাব্দ ১৩৪৬, ৬ই মে ১৯৩৯, শনিবার ৫০৭ সংখ্যা

শ্রীগৌড়ীয়মঠে

শ্রীনৃসিংহদেবের আবির্ভাব তিথিপূজা

পরমারাধ্যতম শ্রীল আচার্য্যদেবের কৃপানির্দ্দেশে কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয় মঠে শ্রীনৃসিংহচতুর্দ্দশী মহামহোৎসব দিবস শ্রবণ-কীর্ত্তনমুখে যথারীতি পালিত হয়। ব্রাহ্মমুহূর্ত্তে মঙ্গলারাত্রিকান্তে মহাজন-পদাবলী কীর্ত্তনের পর মহোপদেশক পণ্ডিত শ্রীপাদ নবীনকৃষ্ণ বিদ্যালঙ্কার প্রভু শ্রীচৈতন্য-ভাগবত পাঠ ও ব্যাখ্যা করেন। অতঃপর মহামন্ত্র কীর্ত্তনমুখে সমাগত সজ্জনবৃন্দ শ্রীমন্দির পরিক্রমা করেন। পণ্ডিত শ্রীপাদ ত্রিভুবনের দাসাধিকারী, শ্রীপাদ কবিভূষণ ব্রহ্মচারী, শ্রীপাদ অনিরুদ্ধ ব্রহ্মচারী প্রমুখ ভক্তবৃন্দ সমস্ত দিবস শ্রীচৈতন্যভাগবত পারায়ণ করেন। শ্রীনৃসিংহদেবের আবির্ভাবক্ষণে শ্রীমন্দিরে ষোড়শোপচারে তাঁহার পূজা আরম্ভ হয়। তৎকালে ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিরক্ষক শ্রীধর মহারাজ শ্রীনারদ-শ্রবণ-সদনে শ্রীমদ্ভাগবত হইতে শ্রীনৃসিংহদেবের আবির্ভাব সম্বন্ধে পাঠ করেন। সন্ধ্যারাত্রিকান্তে ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিবিবেক সাগর মহারাজ ভাক্তবিঘ্ন-বিনাশন শ্রীনৃসিংহদেবের আবির্ভাব সম্বন্ধে প্রায় দেড়ঘণ্টাকাল প্রাঞ্জলভাষায় একটী চিত্তাকর্ষিণী বক্তৃতা প্রদান করেন। হরি-ভক্তিপথে অদ্ভুত অদ্ভুত পরীক্ষা অতিক্রম করিয়া ভক্ত পরমানন্দে ভগবৎপাদপদ্মে উত্তরোত্তর অপূর্ব্ব রতি লাভ করেন।

প্রচার-প্রসঙ্গ

—::(*)::—

শিলচরে

গৌড়ীয়বৈষ্ণবাচার্য্য ও বিষ্ণুপাদ পরমহংস শ্রীমদ্ অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী মহারাজের কৃপাদেশে গৌড়ীয়মঠের অন্যতম প্রচারক উপদেশক পণ্ডিত শ্রীপাদ ভক্তিসৌরভ ভক্তিশাস্ত্রী মহোদয় কতিপয় মঠসেবক সহ শিলচরে মাসাধিক কাল শুদ্ধ ভাগবতধর্ম্ম প্রচার করিয়া শ্রীশ্রীল আচার্য্যপাদপদ্মে উপনীত হইয়াছেন। পণ্ডিতজীর শ্রীধামে গমনের পর তাঁহার পার্টির সকলেই পরমোৎসাহে হরিকথা প্রচার করিতেছেন।

উপর্য্যুপরি পরীক্ষা বা বাধা না আসিলে জানিতে হইবে—হরিভক্তির দ্বারদেশেও উপস্থিত হইতে পারি নাই। ভক্তের নিকট অদ্ভুত প্রকারের বাধাও ভয়ের কারণ নহে। ভক্ত বলেন না—"আমার বিপদ উদ্ধার করিয়া দাও।" ভক্ত পরম ভরসায় বলেন—"মারবি রাখবি যো ইচ্ছা তোহারা। নিত্যদাস প্রতি তুয়া অধিকারা।" প্রহ্লাদ মহারাজ অনন্ত অসুবিধা বরণ করিয়া আমাদের এইরূপে সর্ব্বতোভাবে শরণাগতির শিক্ষা দান করিয়াছেন। নৃসিংহদেবও ভক্তকে সর্ব্বতোভাবে রক্ষা করেন তাহাও আমরা প্রহ্লাদ-চরিত্রে জানিতে পারি। সমাগত সজ্জনবৃন্দ তাঁহার বীর্য্যবতী বাণী শ্রবণে পরমানন্দ লাভ করেন।

গত ৮ই বৈশাখ শ্রীযুত অবনী-কুমার দত্ত উকিল মহাশয়ের বাটীতে শ্রীপাদ শ্যামসুন্দর দাসাধিকারী মহোদয় শ্রীচৈতন্যচরিতামৃত পাঠ ও ব্যাখ্যা করেন। ১০ই বৈশাখ স্থানীয় হরিসভায় শ্রীমদ্ভাগবতের নবযোগেন্দ্র উপাখ্যান পাঠ ও ব্যাখ্যা হয়।

গত ১১ই বৈশাখ স্থানীয় বিশিষ্ট ভদ্র-লোক শ্রীযুত বিমলকৃষ্ণ সেনগুপ্ত মহাশয় গৌড়ীয়মঠসেবকগণকে সাদরে আহ্বান করিয়া তাঁহার বাটীতে লইয়া যান। তথায় শ্রীপাদ শ্যামসুন্দর দাসাধিকারী মহোদয় শ্রীমদ্ভাগবত পাঠ ও ব্যাখ্যা করেন।

সভাতে বহু শিক্ষিত ভদ্রলোক ও মহিলা উপস্থিত ছিলেন। পাঠের আদি ও অন্তে শ্রীপাদ বিশ্বম্ভর দাস ব্রহ্মচারীজী সুমধুরস্বরে 'অনাদরে ভাই কৃষ্ণনাম নাহি হয়', 'ভজহুঁ রে মন' প্রভৃতি গীতি ও মহামন্ত্র কীর্ত্তন করেন।

গত ১৩ই বৈশাখ স্থানীয় বালিকা-বিদ্যালয়ে শ্রীমদ্ভাগবত পাঠের জন্য গৌড়ীয়-মঠের প্রচারকগণ সাদরে আহূত হন। তথায় শ্রীপাদ শ্যামসুন্দর দাস অধিকারী মহোদয় শ্রীমদ্ভাগবত পাঠ ও ব্যাখ্যা করেন। সভাতে প্রায় ২০০ দুই শতাধিক শিক্ষিত ভদ্রলোক ও মহিলা উপস্থিত ছিলেন। পাঠের আদি ও অন্তে মহামন্ত্রাদি কীর্ত্তন হয়।

চট্টগ্রামে

শ্রীশ্রীবিশ্ববৈষ্ণবরাজসভার অন্যতম প্রচারক উপদেশক শ্রীপাদ অনাদিকৃষ্ণ ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রীজী কতিপয় মঠসেবক সহ গত ২৬শে এপ্রিল বুধবার চট্টগ্রামের চৌরিঙ্গাজার-স্থিত বিখ্যাত বস্ত্রব্যবসায়ী শ্রীযুত জনবন্ধু পোদ্দার মহাশয়ের গদিতে উপস্থিত হইয়া শ্রীমদ্ভাগবতের ১।১৯ অধ্যায় হইতে মুমূর্ষু ব্যক্তির কর্ত্তব্য সম্বন্ধে বহুক্ষণ যাবৎ পাঠ ও ব্যাখ্যা করিয়া উপস্থিত সজ্জনমণ্ডলীর আনন্দ বিধান করেন। উক্ত দিবসের সভায় বহু বিশিষ্ট বস্ত্রব্যবসায়ী ও শিক্ষিত সম্ভ্রান্ত লোক উপস্থিত ছিলেন। পাঠের আদি ও অন্তে ভক্তি-শাস্ত্রীজী সুমধুরস্বরে মহাজনপদাবলী কীর্ত্তন করিয়া সমবেত শ্রোতৃমণ্ডলীর চিত্তাকর্ষণ করেন।

শ্রীযুত জ্যোতিষচন্দ্র বসু, শ্রীযুত রাজেন্দ্র চন্দ্র দে, শ্রীযুত নিবারণচন্দ্র কর্ম্মকার, শ্রীযুত মোহিনীমোহন তালুকদার, শ্রীযুত প্রভাতচন্দ্র পাল, শ্রীযুত উপেন্দ্র চন্দ্র পাল, শ্রীযুত দ্বারিকানাথ কর্ম্মকার, শ্রীযুত অখিলচন্দ্র নন্দী, শ্রীযুত অমরচন্দ্র পাল, শ্রীযুত সন্তোষ-চন্দ্র পাল, শ্রীযুত চন্দ্রমোহন পোদ্দার, শ্রীযুত অবনীমোহন ভৌমিক, শ্রীযুত তারাপদচন্দ্র দালাল, শ্রীযুত হারাধন সাহা, শ্রীযুত নীহার-চরণ পোদ্দার, শ্রীযুত যতীন্দ্র চন্দ্র চক্রবর্ত্তী প্রভৃতি বহু ব্যক্তি পাঠে উপস্থিত ছিলেন।

শ্রীশ্রীআচার্য্যবাণী

(৫ম পৃষ্ঠার পর)

হরধাম বা ব্রহ্মধাম—Infinite এবং দেবীধাম finite হওয়ায় দেবীধামের অন্তর্গত—এরূপ নহে। দেবীধামই হরধামের অন্তর্গত কারণ, finite infinite-এর মধ্যেই থাকে। দেবীধাম উক্ত চারিলোক হরধাম-সোপান অর্থাৎ দেবীধামের অন্তর্গত। আবার চতুর্দ্দশ লোকাত্মক দেবীধামের সমস্তটাই হরধাম বা ব্রহ্মধামের অন্তর্বর্ত্তী; কারণ Infinite-ই

"ভগবান্ আমাদিগকে পরীক্ষা করিবার জন্য এবং আমাদিগের মঙ্গল বিধানের জন্য নানাপ্রকার অসুবিধা এই প্রপঞ্চে স্থাপন করিয়াছেন। ঐ গুলিকে আমাদিগের মঙ্গলের কারণ জানিয়া আমরা তাঁহার সেবায় প্রবৃত্ত হইব। যাঁহারা ভগবানের সেবা করেন তাঁহারাই ধন্য। সকল অসুবিধার মধ্যে ভগবৎ-কথা শ্রবণ, কীর্ত্তন ও স্মরণ করিবেন।"

(শ্রীল প্রভুপাদ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

৩ ত্রিবিক্রম শুক্রবার ক্ষীরোদশায়ী গৌরাব্দ ৪৫০

ভগবৎ-প্রসাদ

——ঃঃ(০)ঃঃ——

ভগবৎপ্রসাদ অর্থে ভগবানের অনুগ্রহ কিম্বা তাঁহার ভুক্তাবশিষ্ট। ভগবৎপ্রসাদ বলিলে ভক্ত-বিচারে ভগবানের কেবল অনুগ্রহ ও তাঁহার ভুক্তাবশিষ্ট একই বস্তুকে লক্ষ্য করিয়া থাকে। ভগবান্ জীবের প্রতি করুণা করিয়া কখনও গুরুরূপে, কখনও সাধুরূপে, কখনও নামরূপে, কখনও শাস্ত্ররূপে আবার কখনও বা প্রসাদরূপে জীবকুলকে উদ্ধার করিয়া থাকেন। যেমন নামের সেবা করিতে করিতে নামই স্বয়ং সাধকের নিকট নিজস্বরূপ শ্রীকৃষ্ণরূপে প্রকটিত হন, সেইরূপ শ্রীভগবানের প্রসাদ প্রতিদিন সেবন করিতে করিতে প্রসাদের কৃপায় শ্রীভগবান্ স্বয়ং প্রসাদ সেবকের নিকট প্রকাশিত হন। ভগবান্‌কে পাইবার যাঁহাদের ইচ্ছা আছে, তাঁহাদের অন্য কোন সাধনের বিশেষ প্রয়োজন নাই। মহাপ্রসাদ সেবা করিলেই অভীষ্টসিদ্ধি হইবে। কেবলমাত্র মহাপ্রসাদ ও মহামহাপ্রসাদ সেবনই ভগবান্‌কে পাইবার একমাত্র সহজ উপায়। ভগবানের প্রসাদকে এবং বৈষ্ণবের ভুক্তাবশেষকে মহামহাপ্রসাদ বলে। শ্রীচৈতন্যচরিতামৃত বলেন,—

কৃষ্ণের উচ্ছিষ্ট হয় মহাপ্রসাদ নাম।
ভক্ত শেষ হৈলে মহামহাপ্রসাদাখ্যান।

একমাত্র প্রসাদ-সেবার দ্বারাই ভগবানের কৃপা লাভ হয়। প্রসাদসেবাতেই ভগবান্‌কে পাওয়া যায়। শ্রীমদ্ রঘুনাথ দাস গোস্বামী প্রভুর জ্ঞাতি খুড়া কালিদাস নামক এক ব্যক্তি কেবল বৈষ্ণবের উচ্ছিষ্ট সম্মান দ্বারাই অভিন্ন ব্রজেন্দ্রনন্দন শ্রীমন্মহাপ্রভুর কৃপা লাভ করিয়াছিলেন। তিনি যখন যেখানে কোন বৈষ্ণব আছেন শুনিতেন, তখন তাঁহার নিকট যাইয়া তাঁহার প্রসাদ গ্রহণ করিতেন। যদি তিনি প্রসাদ দিতে অস্বীকার করিতেন তবে কালিদাস লুকাইয়া তাঁহার প্রসাদসেবা করিতেন—

"রঘুনাথ দাসের হয় জ্ঞাতি খুড়া।
বৈষ্ণবের উচ্ছিষ্ট খাইতে তেঁহ হইল বুড়া॥
গৌড়দেশে হয় যত বৈষ্ণবের গণ।
সবার উচ্ছিষ্ট তেঁহ করিলা ভোজন॥"

কালিদাস ব্রাহ্মণ বা শূদ্রকুলোদ্ভব বৈষ্ণব, তাহার কিছু বিচার করিতেন না; বৈষ্ণব হইলেই তাঁহার প্রসাদ সেবন করিতেন। অপ্রাকৃত বৈষ্ণবের আবার প্রাকৃত জাতিবিচার আছে, তাহা তাঁহার হৃদয়ে স্থান পাইত না; কারণ, তিনি জানিতেন যিনি জাত্যভিমান পরিত্যাগ করিয়া একান্তভাবে ভগবানের সেবা করেন, তিনিই বৈষ্ণব এবং তিনিই সর্ববর্ণের মধ্যে ব্রাহ্মণ-শ্রেষ্ঠ। যাহারা কৃষ্ণের অভক্ত, তাহারা কেহ শূদ্র, কেহ বা শূদ্রাধম অথচ মধ্যে গণ্য। শাস্ত্রও বলেন, যথা—

নীচ-জাতি নহে কৃষ্ণ-ভজনে অযোগ্য।
সৎকুল বিপ্র নহে ভজনের যোগ্য॥
যেই ভজে সেই বড় অভক্ত হীন ছার।
কৃষ্ণভজনে নাহি জাতিকুলাদি বিচার॥

এক দিবস কালিদাস শুনিলেন যে ঝড়ু ঠাকুর নামে একজন বৈষ্ণব সেখানে বাস করেন, কিন্তু তিনি কখনও তাঁহার প্রসাদ পান নাই। এই ঝড়ু ঠাকুর ভুঁইমালী বংশ হইতে উৎপন্ন হওয়ায় কালিদাস তাঁহার নিকটে যাইয়া ও কতকগুলি আম ভেট দিয়া ঝড়ু ঠাকুরের ও তাঁহার পত্নীর শ্রীচরণে দণ্ডবৎপ্রণাম করিলেন। ঝড়ু ঠাকুরও তাঁহার পত্নীসহ কালিদাসকে বহু সম্মান করিয়া তাঁহার সহিত কিছুক্ষণ ইষ্টগোষ্ঠি করিলেন। কালিদাস বলিলেন, আমি অদ্য আপনার এখানে প্রসাদ পাইতে ইচ্ছা করি। কিন্তু ঝড়ু ঠাকুর আপনাকে অতি নীচ কুলোদ্ভব বলিয়া পরিচয় দিয়া বলিলেন— তিনি নিকটস্থ কোনও ব্রাহ্মণের বাটীতে তাঁহার প্রসাদ পাইবার ব্যবস্থা করিয়া দিবেন। বৈষ্ণব সর্ব্বদা আপনাকে নীচ দেখেন। 'আপনি নিরভিমানী হয়ে দিবে মান।' তাই ঝড়ু ঠাকুরও কালিদাসের নিকট আপনাকে নীচজাতি বলিয়া পরিচয় দিলেন। কালিদাস বলিলেন, আমার একবাঞ্ছা হয় যে, আপনি আমার শিরে একবার আপনার শ্রীচরণযুগল ধারণ করুন এবং আমাকে আপনার পদধূলি দিন। ঝড়ু ঠাকুর বলিলেন, আমি অতি নীচ, আপনি আভিজাত্যবিশিষ্ট সজ্জন, আমাকে এইরূপ কথা বলা উচিত নহে। কালিদাস একটী শ্লোক পড়িয়া তাঁহাকে শুনাইলেন—

ন মেঽভক্তশ্চতুর্ব্বেদী মদ্ভক্তঃ শ্বপচঃ প্রিয়ঃ
তস্মৈ দেয়ং ততো গ্রাহ্যং স চ
পূজ্যো যথা হ্যহম্॥

চতুর্ব্বেদী অর্থাৎ চৌবে ব্রাহ্মণ হইলে ভক্ত হয়, এরূপ নহে। আমার ভক্ত চণ্ডাল হইলেও আমার প্রিয়, তিনিই যথার্থ দানপাত্র এবং গ্রহণপাত্র। ভক্ত আমার ন্যায় পূজ্য।

শ্লোক শুনিয়া ঝড়ু ঠাকুর বলিলেন,— এই শাস্ত্রবাক্য মিথ্যা নহে; যিনি কৃষ্ণভক্ত তিনি নীচ নহেন। কিন্তু আমি নীচ, আমাতে কৃষ্ণভক্তির লেশমাত্রও নাই। কালিদাস তাঁহাকে নমস্কার করিয়া বিদায় মাগিলেন ও ঝড়ু ঠাকুরও তাঁহার পশ্চাৎ পশ্চাৎ কিছু দূর গমন করিয়া ফিরিয়া আসিলেন। কালিদাস কিছু দূরে একস্থানে লুকাইয়া রহিলেন। ঝড়ু ঠাকুর সেই আম্রগুলি ভগবানে নিবেদন করিয়া তাঁহার পত্নী সহ সেই আম্রপ্রসাদ সম্মানান্তর আঁটি ও খোসা বাহিরে উচ্ছিষ্ট গর্ত্তে নিক্ষেপ করিলেন। পরে কালিদাস যে স্থানে ঝড়ু ঠাকুরের পদচিহ্ন পড়িয়াছিল, সেই স্থানের ধূলি সর্ব্বাঙ্গে মাখিয়া উচ্ছিষ্ট গর্ত হইতে সেই আম্রআঁটি ও খোসাদি বহু করিয়া তুলিয়া পরমানন্দে চুষিতে লাগিলেন এবং চুষিতে চুষিতে প্রেমের উল্লাসে নৃত্য করিতে লাগিলেন। এইরূপে কালিদাস গৌড়দেশে যত বৈষ্ণব বাস করিতেন, সকলের উচ্ছিষ্ট ভোজন করিয়াছিলেন। এই কালিদাস যে দিন নীলাচলে আসিয়াছিলেন, সেইদিন মহাপ্রভু তাঁহার প্রতি কৃপা করিয়াছিলেন। শ্রীচৈতন্যচরিতামৃত—

এই মত যত বৈষ্ণব বৈসে গৌড় দেশে।
কালিদাস ঐছে সবার নিল অবশেষে॥
সেই কালিদাস যবে নীলাচলে আইলা।
মহাপ্রভু তাঁ'র উপর মহাকৃপা কৈলা॥

ভগবানের দৈবীমায়া জয় করিতে হইলে তাঁহার আশ্রয় কিংবা তাঁহার প্রসাদ-সেবা বিশেষ প্রয়োজন। যিনি নিত্য অগ্রে ফল-মূল, অন্ন, মিষ্টান্নাদি শ্রীভগবানে অর্পণ করিয়া শেষে প্রসাদ গ্রহণ করেন, তিনি মায়াকে জয় করিতে পারেন

প্রসাদ-সেবা, করিতে হয়,
সকল প্রপঞ্চ জয়।

এইরূপ পরমকল্যাণ-প্রদ মহাপ্রসাদে যে সকল ব্যক্তির বিশ্বাস জন্মে নাই তাহারা অত্যন্ত দুর্ভাগাশালী; মহাপ্রসাদে অবিশ্বাস ও অনাদরের জন্য তাহাদের সকল সাধন-ভজন পণ্ড হইয়া যায়। শাস্ত্রে বলেন—

মহাপ্রসাদে গোবিন্দে নাম-ব্রহ্মণি বৈষ্ণবে
স্বল্পপুণ্যবতাং রাজন্ বিশ্বাসো
নৈব জায়তে।

মহাপ্রসাদে, গোবিন্দে, নামব্রহ্মে ও বৈষ্ণবে যাহাদিগের স্বল্পপুণ্য হে রাজন্ তাহাদিগের কিছুতেই বিশ্বাস জন্মে না।

যদি সৌভাগ্যক্রমে মহাপ্রসাদ আমাদের কাহারও নিকট আগমন করেন, তবে কালাকালের কোন বিচার না করিয়া তৎক্ষণাৎ তাহার সম্মান করা কর্ত্তব্য। একদিন শ্রীমন্মহাপ্রভু তাঁহার ভক্তগণসহ অতি প্রত্যুষে সার্ব্বভৌম ভট্টাচার্য্যের বাটীতে উপস্থিত হইলেন এবং ভট্টাচার্য্যও সেই সময়ে কৃষ্ণ কৃষ্ণ করিয়া জাগিয়া উঠিলেন। মহাপ্রভু তাঁহার হস্তে কিছু প্রসাদান্ন দিলেন, ভট্টাচার্য্য কালাকালের বিচার না করিয়া মহা-আনন্দিত হইয়া সেইপ্রসাদ ভক্ষণ করত নিম্নলিখিত শ্লোক দুইটী পাঠ করিলেন।

শুষ্কং পর্য্যুষিতং বাপি নীতং বা দূরদেশতঃ।
প্রাপ্তিমাত্রেণ ভোক্তব্যং নাত্র কালবিচারণা॥
ন দেশনিয়মস্তত্র ন কালনিয়মস্তথা।
প্রাপ্তমন্নং দ্রুতং শিষ্টৈর্ভোক্তব্যং হরিরব্রবীৎ॥

মহাপ্রসাদ শুষ্কই হউক, পর্য্যুষিতই হউক বা দূরদেশ হইতে আনীতই হউক, প্রাপ্তিমাত্রে ভক্ষণ করাই বিধি, ইহাতে কালবিচারের প্রয়োজন নাই। শ্রীকৃষ্ণের অন্নপ্রসাদ প্রাপ্তিমাত্রে শিষ্টলোক ভোজন করেন, ইহাতে দেশ ও কালের কোন নিয়ম নাই, ভগবান্ এই আজ্ঞা করিয়াছেন। ভট্টাচার্য্যের প্রসাদ-গ্রহণে মহাপ্রভু অতিশয় আনন্দিত হইয়া তাঁহাকে আলিঙ্গন করিলেন। শ্রীভগবানে কোনও দ্রব্য নিবেদিত হইলে তাঁহার কৃপায় তাহা অমৃত হইয়া যায়। তখন সেইবস্তুর জড়গুণ লোপ পায় এবং উহা অপ্রাকৃত গুণ ধারণ করে। ভগবান্‌কে কোন বস্তু নিবেদন করিয়া খাইলে সেই প্রসাদে যুগপৎ শরীর রক্ষা ও ভগবানে ভক্তি বৃদ্ধি পাইবে। মহারাজ প্রহ্লাদের পিতৃপ্রদত্ত বিষও ভগবানে নিবেদন করিয়াছিলেন কিন্তু ভগবানের কৃপায় সেই বিষ অমৃত হইয়াছিল। ইহাই ভগবানের অলৌকিক শক্তির পরিচয় এবং তাঁহার ভক্তবৎসলতার জ্বলন্ত দৃষ্টান্ত। ভক্তই এই সকল রহস্য বেশ বুঝিতে পারেন। এই

সকল বিষয় ভক্তের বোধগম্য নহে। ভগবান্ গীতাতে অর্জ্জুনকে বলিয়াছিলেন, হে অর্জ্জুন! আমার ভক্ত পত্র, পুষ্প, ফল, জল, যাহা কিছু ভক্তির সহিত আমাকে অর্পণ করিয়া থাকে, তাহা আমি সাদরে গ্রহণ করি। যথা গীতাতে—

পত্রং পুষ্পং ফলং তোয়ং যো মে ভক্ত্যা প্রযচ্ছতি।
তদহং ভক্ত্যুপহৃতমশ্নামি প্রযতাত্মনঃ॥

প্রযতাত্মা সকল আমাকে ভক্তিপূর্ব্বক পত্র, পুষ্প, ফল, জল, যাহা দেন, তাহা আমি অত্যন্ত স্নেহ পূর্ব্বক স্বীকার করি।

অনেক আয়াসপূর্ব্বক বহু সম্ভার যাহা আমাকে কেবল তাৎকালিক শ্রদ্ধা-সহকারে যে পূজা করে, আমি তাহা গ্রহণ করি না। যেহেতু তাহারা কেবল কোন উপরোধক্রমে আমার পূজা করিয়া থাকে। সুতরাং ভগবান্‌কে প্রত্যেকের সাধ্যমত পবিত্র সাত্ত্বিক উৎকৃষ্ট বস্তুই প্রদান করাই উচিত। তিনি ভক্তের হৃদয় ভাবই দেখেন, বিদ্যাবুদ্ধি, কি জাতি-ধনাদির দিকে লক্ষ্য করেন না। মূর্খ ব্যক্তিও যদি সরলান্তঃকরণে "বিষ্ণায় নমঃ" বলিয়া ভগবানে সামান্য খাদ্যাদি অর্পণ করে, তাহাও ভগবান্ পরম সমাদরে গ্রহণ করেন। কিন্তু কোন জাত্যভিমানী, কুলীন, পণ্ডিত, কি ধনী দম্ভ সহকারে প্রচুর পরিমাণে অতি উৎকৃষ্ট দ্রব্যাদি লইয়া "বিষ্ণবে নমঃ" বলিয়াও যদি ভগবানে নিবেদন করে, তাহাও ভগবান্ গ্রহণ করেন না। কারণ, তিনি ভাবগ্রাহী, ভক্তের হৃদয়টি সরল কি কুটিল তাহাই তিনি অগ্রে অবলোকন করেন, পরে বৈষ্ণবসূত্র ভক্তের সামান্য তণ্ডুল-কণাও গ্রহণ করিয়া থাকেন। যথা—

"মূর্খো বদতি বিষ্ণায় ধীরো বদতি বিষ্ণবে।
উভয়োস্তু সমং পুণ্যং ভাবগ্রাহী জনার্দ্দনঃ॥"

মূর্খ ব্যক্তি "বিষ্ণায় নমঃ" বলে, ধীর ব্যক্তি "বিষ্ণবে নমঃ" বলিয়া থাকে কিন্তু পুণ্য উভয়েরই তুল্য; কারণ জনার্দ্দন ভাবগ্রাহী। অনেকের ধারণা মহাপ্রসাদ কেবল শ্রীক্ষেত্রেই পাওয়া যায়; কারণ যাহা জগন্নাথদেবের প্রসাদ, তাহাই মহাপ্রসাদ, কিন্তু তাহা ভুল; যাহা ভগবানে অর্পিত হয় তাহাই মহাপ্রসাদ। ভগবানে যেখানে যাহা নিবেদন করেন, তাহাই মহাপ্রসাদ। সুতরাং আমরা যাহা আহার করি, তাহা অগ্রে ভগবানে অর্পণ করিয়া পশ্চাতে সেই প্রসাদ-সেবন করাই উচিত। যদি আমরা পবিত্রভাবে সাত্ত্বিক খাদ্যদ্রব্যাদি ভগবানের

শ্রীশ্রীআচার্য্যবাণী

কঠোপনিষৎ বলেন—

ইন্দ্রিয়েভ্যঃ পরা হ্যর্থা অর্থেভ্যশ্চ পরং মনঃ।
মনসস্তু পরা বুদ্ধির্বুদ্ধেরাত্মা মহান্ পরঃ॥
'মহতঃ' পরমব্যক্তমব্যক্তাৎ পুরুষঃ পরঃ।
পুরুষান্ন পরং কিঞ্চিৎ সা কাষ্ঠা সা পরা গতিঃ॥

'মহত্ত্ব' মহৎ অর্থাৎ বদ্ধজীব হইতে অব্যক্ত বা প্রকৃতি এবং প্রকৃতি হইতে পুরুষ শ্রেষ্ঠ। এই পুরুষ পুরুষাবতার, পুরুষোত্তম নহেন। পুরুষাবতার তিনজন—

শ্রীমূর্ত্তির অগ্রে স্থাপন করিয়া নিম্নলিখিতভাবে কাতরপ্রাণে তাঁহাকে নিবেদন করি, তবে তিনি নিশ্চয়ই সেই দ্রব্যগুলি সাদরে স্বীকার করিবেন এবং উহাই মহাপ্রসাদ হইবে। যথা—

"যা প্রীতির্বিদুরার্পিতে মুররিপোঃ কুন্ত্যার্পিতে যাদৃশী
যা গোবর্দ্ধনমূর্দ্ধ্নি যা চ পৃথুকে স্তন্যে যশোদার্পিতে।
যা বা তে মুনিভাবিনী-বিনিহিতেঽন্নেঽপি তামর্পয়॥"

হে মুররিপো! বিদুরার্পিত অন্নে তোমার যে প্রীতি, কুন্তিদত্ত অন্নে তোমার যে প্রীতি, শ্রীদামের চিপিটকে তোমার যে প্রীতি, যশোদার্পিত স্তন্যে তোমার যে প্রীতি, ভরদ্বাজ সমর্পিত অন্নে তোমার যে প্রীতি, শবরিকাদত্ত অন্নে তোমার যে প্রীতি, ব্রজাঙ্গনাদিগের অধরে তোমার যে প্রীতি এবং মুনিপত্নীদিগের অর্পিত অন্নে তোমার যে প্রীতি, সেই প্রীতি এই অন্নের প্রতিই অর্পণ কর। শ্রীমন্মহাপ্রভুর মনোহভীষ্ট প্রচারক শ্রীল রূপগোস্বামী প্রভু উপদেশামৃতে লিখিয়াছেন যে—বাক্য, মন, ক্রোধ, জিহ্বা, উদর এবং উপস্থ এই ছয়টির বেগ ভক্তির অতিশয় প্রতিকূল। এই জিহ্বাবেগ দমনের সহজ উপায় একমাত্র প্রসাদ-সেবা। এইজন্য ভক্তগণ প্রসাদ-সেবনকালে সাধুকে সাবধান করিয়া থাকেন—সাবধান! সাবধান!

"(ভাইরে)
শরীর অবিদ্যাজাল, জড়েন্দ্রিয় তাহে কাল
জীবে ফেলে বিষয়-সাগরে।
তার মধ্যে জিহ্বা অতি, লোভময় সুদুর্ম্মতি
তাহে জেতা কঠিন সংসারে॥
কৃষ্ণ বড় দয়াময় করিবারে জিহ্বা জয়
স্ব-প্রসাদ অন্ন দিল ভাই।
সেই অন্নামৃত পাও রাধাকৃষ্ণ গুণ গাও
প্রেমে ডাক চৈতন্য-নিতাই।"

কারণোদশায়ী, গর্ভোদশায়ী ও ক্ষীরোদশায়ী। "পুরুষান্ন পরং কিঞ্চিৎ সা কাষ্ঠা সা পরা গতিঃ।" উপনিষৎ এই পর্য্যন্ত বলিয়া চরমসীমা নির্দ্দেশ করিয়া দিয়াছেন। পুরুষের বিচারই চরম বা সর্ব্বশ্রেষ্ঠ কথা বলিয়া পুরুষোত্তমের ক্রমোর্দ্ধ বিলাস-বিচারকে ন্যূনাধিক গোপন রাখিয়াছেন।

প্রকৃতিবাদীরা বিরজাকেই 'কারণ' বলে। দুর্গার অপর নাম 'অপরাজিতা'। তাঁহাকে কেহ পরাজয় বা সীমার মধ্যে আনিতে বা Conquer করিতে পারে না। বিরজা unconquerable and unapproachable. মহাভারতে দুর্গার নাম প্রক্ষিপ্ত আছে। কৃষ্ণ অর্জ্জুনকে দুর্গার স্তব পাঠ করিতে বলিলেন এবং অর্জ্জুন শরসন্ধানের পূর্ব্বে দুর্গার সহস্রনাম স্তব পাঠ করিলেন ইত্যাদি বর্ণনা অতিসন্ধিমূলে মহাভারতে কে বা কাহারা ঢুকাইয়া দিয়াছে। মহাভারতে আরও একটি বর্ণনা প্রক্ষিপ্ত আছে,—জয়দ্রথবধের পূর্ব্বে অর্জ্জুনের পাশুপত-অস্ত্র লাভ; স্বপ্নে কৃষ্ণ ও অর্জ্জুন শিবের নিকট গমন করিলেন ইত্যাদি। মহাভারতের উপক্রম-উপসংহারাদি ষড়্‌বিধ তাৎপর্য্যলিঙ্গ-দ্বারা বিচার করিলে এইগুলি সমস্তই প্রক্ষিপ্ত মনে হইবে। বিরজা Infinite Liquid Absolute এবং ব্রহ্মকে Infinite Halo Absolute বলা যাইতে পারে। যেখানে finite, সেখানেই জড়ের বিলাস বা গুণের ক্রিয়া। Finiteকেই conquer করা যাইতে পারে।

দর্শনভেদে বিরজাকে বহু নামে অভিহিত করা হয়—বিরজা, প্রকৃতি, মায়া, অব্যক্ত, কারণার্ণব, একার্ণব, গঙ্গা প্রভৃতি। বিরজা বিষ্ণুপাদপদ্মের ঘর্ম্ম হইতে উদ্ভূত। বিরজাও বৈকুণ্ঠের বাহিরে অবস্থিত।

ঐশ্বর্য্য-জ্ঞানহীন কেবল-ভক্ত গোলোক-বৃন্দাবনে নিত্যস্থিতি লাভ করেন। যাঁহারা গুরুকৃষ্ণ-প্রসাদে কৃপাসুপ্তকলে নিত্যলাভ করেন, তাঁহারাই গোলোক-বৃন্দাবনে সেবাধিকার লাভ করেন। বৃন্দাবনধাম প্রাপ্ত হইবার পূর্ব্বে তাঁহাদিগকে কয়েকটি স্তর অতিক্রম করিতে হয়। প্রথম এই ব্রহ্মাণ্ডের চতুর্দ্দশ স্তর। এই চতুর্দ্দশ স্তরের উর্দ্ধভাগে চারিটি স্তর সূক্ষ্ম এবং নিম্নস্থিত স্তরগুলি স্থূল। ব্রহ্মাণ্ডের সীমা অতিক্রমপূর্ব্বক গুণ-সমষ্টি প্রকৃতির অতীত বিরজা অবস্থিত। সেই প্রকৃতির অতীত বিরজাতেও দুইটি স্তর আছে—ব্রহ্মলোক ও বৈকুণ্ঠ। প্রেমিক ভক্ত ঐ দুইটি স্তরও অতিক্রম করিয়া বৈকুণ্ঠের ঊর্দ্ধদেশে অবস্থিত মাথুরমণ্ডল প্রাপ্ত হন।

এই ব্রহ্মাণ্ড দেবীধাম। ইহার মধ্যে চতুর্দ্দশ সংখ্যক স্তর আছে। ভূঃ, ভুবঃ, স্বঃ, মহঃ, জন, তপঃ এবং সত্য এই সাতটি লোককে বা ভুবনকে ঊর্দ্ধ লোক বলে। তল, অতল, বিতল ইত্যাদি সাতটিকে অধো বা নিম্ন লোক বলে। ঊর্দ্ধ সপ্তলোকের শেষ চারিটিই ক্রমোন্নত সোপান।

যাহারা অকর্ম্মী বা কুকর্ম্মী, তাহারা নিম্নগতি প্রাপ্ত হয়। যাহারা সৎকর্ম্মী গৃহস্থ, ত্যাগী নহে, তাহাদের গতি ভূঃ, ভুবঃ এবং স্বর্লোক পর্য্যন্ত। মহঃ, জন, তপঃ ও সত্যলোক স্ত্রীসঙ্গরহিত ঊর্দ্ধরেতাদিগের প্রাপ্য স্থান। অন্য দশটি লোক ভুক্তভোগী, কুকর্ম্মী অথবা সুভোগী, সুকর্ম্মীর প্রাপ্য। কিন্তু এই চারিটি লোক ব্রহ্মচারিদিগের প্রাপ্য।

দর্শকের চিত্তবৃত্তির বিভিন্নতা অনুসারে উমা-মহেশ্বরকে ভিন্ন ভিন্ন রূপে দর্শন হয়। যোগিসম্প্রদায় উমাকে কালী বা প্রকৃতি, জগদ্ব্রহ্মাণ্ডের প্রসবিত্রী মহামায়ারূপে এবং রুদ্রকে প্রকৃতিসঙ্গী নিষ্ক্রিয় বা তমোগুণাক্রান্তরূপে দর্শন করে। শিবকে তাহাদের কেহ কেহ ভবানীভর্ত্তা বা প্রকৃতিভোক্তা বিচার করিয়া থাকে। ঐ বিচারকে বহুমানন করিয়াই তাহারা শিবকে মহাকাল, কালীনাথ প্রভৃতি সংজ্ঞায় সংজ্ঞিত করে। যোগীর দৃষ্টিতে শিব মায়াসঙ্গী।

কৃপাসুপ্ত সাধনসিদ্ধ ভক্ত এই চতুর্দ্দশ ভুবন অতিক্রম করিয়া বিরজা অতিক্রম করেন। বিরজার দুইটি রূপ আছে—সবিশেষ ও নির্ব্বিশেষ। কর্ম্মী যাহারা, তাহাদের চতুর্দ্দশ ব্রহ্মাণ্ডেই গতাগতি। বিরজা জ্ঞানিগণের প্রাপ্য স্থান। জ্ঞানী দুই প্রকার—সবিশেষ ও নির্ব্বিশেষ। নির্ব্বিশেষ জ্ঞানী বিরজাকে নির্ব্বিশেষই দেখে। নির্ব্বিশেষ জ্ঞানীর চক্ষে উমা মহেশ্বর, নির্ব্বিশেষ, নির্গুণ ব্রহ্ম বিরজা পরস্পর অভেদরূপে দৃষ্ট হন। নির্ব্বিশেষবাদী বিরজাকে ও ব্রহ্মকে নির্গুণ দেখে, মায়াবাদী, দেখে না। তাহার এক অভেদ দর্শন।

সবিশেষ জ্ঞানী বিরজাকে বিষ্ণুপাদোদক তদীয় বস্তু সুতরাং সবিশেষ বস্তুই জানেন। গঙ্গা বা বিরজা বিষ্ণুর পাদধৌত জল বা পরধামে বৈকুণ্ঠের শ্রেণী পরিখা। সবিশেষ-জ্ঞানী জানেন বিষ্ণুপাদোদক, সুতরাং পূজনীয়, মহাদেব বিষ্ণুভক্ত, গঙ্গাকে মস্তকে ধারণ করেন।

বিরজা বৈকুণ্ঠের পরিখা। তথায় গুণের কোনও ক্রিয়া নাই। বিরজার জল স্থির—Stagnant, তাহাতে বিলাসের তরঙ্গ বা স্পন্দন নাই।

(... পৃষ্ঠায় ... কলমে দ্রষ্টব্য)

শুদ্ধভক্তি-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠ-শ্রীমায়াপুর

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীচৈতন্যদেব-জন্মে শ্রীচৈতন্যমঠ-পরবিদ্যা-পীঠ, শ্রীশ্রীরাধাকৃষ্ণ শ্রীগৌর গোপাল আচার্য্য চতুষ্টয় বিগ্রহ আছেন। সুপ্রাচীন গ্রন্থ-প্রদর্শনী-সংগ্রহ 'নদীয়া'-প্রকাশ যন্ত্রালয় আছে।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ২১১৫
কলিকাতায় শ্রীভক্তিবিনোদ-আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, সঙ্কীর্ত্তন, শ্রীমন্মহাপ্রভুর-সেবায় শ্রীমদ্ভাগবতাদি গ্রন্থের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও ত্রৈমাসিক পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়।

(৩) যোগপীঠ-মায়াপুর-পীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমহাপ্রভুর আবির্ভাব-ভূমি মহাযোগপীঠ।

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৫) অদ্বৈত-ভবন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং ... বর্ত্তমান।

(৬) মুরারিগুপ্তের পাট

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৭) কাজি-সমাধি-পাট

প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি।

(৮) অনুকূলকৃষ্ণানুশীলনাগার

শ্রীধাম মায়াপুর

(৯) আনন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ জাহ্নগর (বর্দ্ধমান)

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মাউগাছি, পোঃ জাহ্নগর, (বর্দ্ধমান)
শ্রীব্যাসাবতার ঠাকুর বৃন্দাবনের স্থান

(১৩) ঋতুদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(১৪) জহ্নুদেব-গৌড়ীয়মঠাশ্রম

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ

গোড়পুর, নদীয়া

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ

মাউগাছি -(শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৭) কৃষ্ণকুটীর

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ বাঁশখালি, (নদীয়া)

(২০) মহেশ-পণ্ডিতের পাট

কাঁঠালপুলি, পোঃ চাকদা (নদীয়া)

(২১) রাণাঘাট-গৌড়ীয়মঠাশ্রম

(২২) পুরী গৌড়ীয়মঠ

চব্বিশ পরগণা

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ

বালিয়াটি পোঃ বালিয়াটি, ঢাকা।
পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র।

(২৪) গোপালজীউমঠ

কমলাপুর, পোঃ ঢাকা

(২৫) গদাই-গৌরাঙ্গ মঠ

পোঃ বালিয়াটি, (ঢাকা)

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

বড়বাজার, পোঃ ময়মনসিংহ

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চক্‌চকা, কামরূপ (আসাম)

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

৩নং পাগলাঝোরা, দার্জ্জিলিং

(৩০) নারায়ণ-গৌড়ীয়মঠ

পোঃ চাঁদপুর, জেঃ সাহারাণপুর, ইউ, পি

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

খিজিরপুর পাটনা।

(৩২) গয়া গৌড়ীয়মঠ

মখ্দা রোড, গয়া

(৩৩) সনাতন গৌড়ীয় মঠ

৮।১৭ বড় গন্ধীরসিং, বেনারস সিটি

(৩৪) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

(৩৫) পরমহংস মঠ,

পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠাশ্রম

বিশ্রামঘাট, পোঃ মথুরা

(৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ

কিশোরপুর, বৃন্দাবন

(৩৯) একচক্রাধাম-কুঞ্জকুঞ্জ

পোঃ রাধাকুণ্ড। মথুরা

(৪০) কৃষ্ণবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪১) রাধাকুণ্ড গোবর্দ্ধনী

(৪২) শ্রীগোবর্দ্ধনমঠাশ্রম

গোবর্দ্ধন, মথুরা

(৪৩) সচ্চিদ্ বিহারী মঠ

মথুরা, মথুরা।

(৪৪) নন্দগ্রাম গৌড়ীয়মঠাশ্রম

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৫) বর্ষাণা গৌড়ীয়মঠাশ্রম

পোঃ বর্ষাণা, মথুরা

(৪৬) গৌড়বিহারী মঠ—পেশোয়ারী,

পোঃ হোডোল, জেলা গুর্গাও (পাঞ্জাব)

(৪৭) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

(৪৮) দিল্লী গৌড়ীয় মঠ

৪৩নং কেদার রোড, নিউ দিল্লী,

(৪৯) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, ওপেরাহাউস
বম্বে, বোম্বে ৭

(৫০) মাদ্রাজ-গৌড়ীয়মঠ

পোঃ রায়পেট্টা, মাদ্রাজ
শ্রীশ্রীগুরুগৌরাঙ্গ-গান্ধর্ব্বিকা-গিরিধারীর সেবা

(৫১) মধ্বাচার্য্য-গৌড়ীয়মঠ

পোঃ কভুর, জেলা গোদাবরী (মাদ্রাজ)
শ্রীশ্রীগুরুগৌরাঙ্গ-গান্ধর্ব্বিকা-গিরিধারীর সেবা

(৫২) ব্রহ্মগৌড়ীয়মঠ

আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)

(৫৩) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা

(৫৪) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৫) শ্রীলাকুটী

(৫৬) বিমলা-গৌড়ীয়মঠ

পোঃ কমলেশ্বর, পুরী

(৫৭) সচ্চিদানন্দ মঠ

সাখরাম, পোঃ কটক (উড়িষ্যা)

(৫৮) বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ

(৫৯) শ্রীব্রহ্মমাধ্বগৌড়ীয়-প্রপন্ন-আশ্রম

পোঃ বরুণকুণ্ডা, গঞ্জাম

(৬০) ভাগবতজনানন্দ মঠ

চিরুলিয়া, পোঃ নারায়ণপুর, মেদিনীপুর

(৬১) অমার্দ গৌড়ীয়মঠ

পোঃ অমার্দ, মেদিনীপুর

(৬২) আমলাযোড়া প্রপন্নাশ্রম মঠ

পোঃ রাজবাঁধ (বর্দ্ধমান)

(৬৩) চৈতন্যগৌড়ীয়মঠ

তুমলুক, পোঃ চন্দ্রকোণা, (মানভূম)

(৬৪) রেঙ্গুন গৌড়ীয়মঠ

৭০১ নং লেইস ষ্ট্রীট, রেঙ্গুন।

(৬৫) লণ্ডন গৌড়ীয়মঠ

ফ্ল্যাট নং ২
৫১, আর্লসকোর্ট
র্যাপটন, লণ্ডন, এস ৫

(৬৬) গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

১৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা

(৬৭) গৌড়ীয়মঠ জার্ম্মান

উইলেট রোড, বার্লিন (জার্ম্মানি)

(৬৮) শ্রীবিদ্যানিধি গৌড়ীয়মঠাশ্রম

নদীয়াপাড়া, চট্টগ্রাম

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীমহানন্দ ব্রহ্মচারী ভক্তিপালক, ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

-প্রতিষ্ঠাতা-

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায়		বিজ্ঞাপনের পৃষ্ঠায়	
	১ম ও দ্বিতীয় দিনের জন্য	পরবর্তী দিনের জন্য	১ম ও দ্বিতীয় দিনের জন্য	পরবর্তী দিনের জন্য
প্রতিবারের প্রতি লাইনে	।০	।৵০	।৵০	।০
" ইঞ্চি	২৲		১।০	১৲
সিকিকলম	৫৲	৪৲		৩৲
অর্দ্ধকলম	৮৲	৬৲	৬৲	৫৲
এক কলম	১২৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিবারে প্রতি ইঞ্চি	৩৲	২।০
" সিকি কলম	১৫৲	১২৲
" অর্দ্ধকলম	২৫৲	২০৲
এক কলম	৩৫৲	৩০৲

চাঁদার হার

বার্ষিক (ডাকমাশুল সমেত)	৯৲
ষান্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২।০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা /৫ ; বিশেষ সংখ্যার দ্বিগুণ মূল্য।

শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী

শ্রীল প্রভুপাদের চতুঃষষ্টিতম শুভাবির্ভাব-তিথিতে শ্রীল আচার্য্যদেবের আনুকূল্যে "শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী" প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। উহাতে পূর্ব্বার্দ্ধ ও উত্তরার্দ্ধ দুইটি বিভাগ আছে। পূর্ব্বার্দ্ধে শ্রীল প্রভুপাদের আদি-প্রবন্ধাবলী শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের সম্পাদিত 'সজ্জনতোষণী,' শ্রীল প্রভুপাদের 'নিবেদন' সাপ্তাহিক [illegible] হইতে যথাযথ ও প্রয়োজনীয় অংশের টীকা-সহ প্রকাশিত হইয়াছে। উত্তরার্দ্ধে শ্রীল প্রভুপাদের সম্পাদিত 'সজ্জনতোষণী'র কতিপয় প্রবন্ধ যথাযথ [illegible] মুদ্রিত হইয়াছে। প্রবন্ধগুলি রচনাকালের ক্রমানুসারে প্রথিত হইয়াছে; এতদ্ব্যতীত শ্রীল আচার্য্যদেবের একটি মূল্যবান উপোদ্ঘাত ও সঙ্কলনকারীর একটি বিস্তৃত ভূমিকা, শব্দ-সূচী, [illegible]-পাদ-শ্লোক ও পয়ার-সূচী প্রভৃতি গ্রন্থে সংযোজিত হইয়াছে। গ্রন্থটি উৎকৃষ্ট কাগজে [illegible] মুদ্রিত ও শ্রীল প্রভুপাদের আলেখ্যাদিশোভিত [illegible] বাঁধাই [illegible] প্রকাশিত হইয়াছে। প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, জিলা নদীয়া; গৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ও শ্রীনামহট্ট [illegible], [illegible], পোঃ [illegible], [illegible]।

শ্রীল প্রভুপাদের পত্রপ্রসূন মালা

এই গ্রন্থে ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তি-সিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের রচিত [illegible] শ্রীল আচার্য্যদেবের বিরচিত "গৌরব" নামক স্তবের সহিত প্রকাশিত হইয়াছে। শ্রীল প্রভুপাদের অনেক অপ্রকাশিত পত্র ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। [illegible] ভিক্ষা মাত্র ১০ আট আনা।

শ্রীধাম-মায়াপুরে

—ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট—

-- --::o::-- --

[illegible] বিদ্যালয়

[illegible] বিদ্যালয় বোর্ডিং এর [illegible]। [illegible] আনন্দ ও স্বাস্থ্যকর। বিদেশী ছাত্রগণের জন্য [illegible] বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খাওয়া ও বোর্ডিং খরচ প্রতি মাসে মাত্র ৬৲ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ [illegible] ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিয়াছে। বর্ত্তমান বর্ষে [illegible] জন বালকের মধ্যে ১৫ জন ভালভাবে উত্তীর্ণ হইয়াছে।

মেধাবী ছাত্রগণের আরও সুবিধা

পরীক্ষায় যাহারা শতকরা ৬৫ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর [illegible] ছাত্রগণকে বিনা খরচে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট, শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক-সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা [illegible] আলোচিত হইয়াছে। এই এক অপূর্ব্ব [illegible] বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

শ্রীচৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত্র [illegible] সন্নিবিষ্ট হইয়াছে। [illegible] গ্রন্থ [illegible] শ্রীমদ্ [illegible] ভিক্ষা মাত্র ৪৲ টাকা। প্রাপ্তিস্থান [illegible], শ্রীযোগপীঠ, [illegible], পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীসরস্বতী-সংলাপ

প্রথম খণ্ড

শ্রীশ্রী[illegible] [illegible] প্রবিষ্ট ১০৮শ্রী শ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ [illegible] [illegible] সঙ্গে [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] প্রকাশিত হইয়াছে, তাহা [illegible] শ্রীল প্রভুপাদের [illegible] [illegible] প্রকাশিত হইয়াছেন। [illegible] সমস্যা ও জটিল [illegible] সমাধান [illegible] পাওয়া যাইবে। [illegible] এই গ্রন্থ [illegible] প্রয়োজন।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্স কলেজের বাংলাভাষার প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপদেশক পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী সম্পাদক-বৈষ্ণবাচার্য্য এম-এ মহোদয়ের গবেষণাপূর্ণ এবং পরিপক্ব লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের লীলামাধুর্য্যে মগ্ন হউন। এই বিরাট, অভিনব ও আন্তর্জাতিক গ্রন্থ মানচিত্র ও বিবিধ চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলে শ্রীমহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৩৮ অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের শুভাশীর্বাদ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকারের ভূমিকাদ্বয় (Preface), বিষয় তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র (Index Glossary) সহ গ্রন্থখানি প্রকাশিত। ভিক্ষা ১৫, পনর টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, রায়পেট্টা মাদ্রাজ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

'ঠাকুর ভক্তিবিনোদ'

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি প্রচারের মূল মহাজন সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অভিনব জীবনচরিত এতাবৎকাল যথাযথ প্রণালীতে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয়মঠাচার্য্যবরের অন্যতম পদবিদ্যাসাহিত্যিক সু-লেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু মূল্যবান শিক্ষামালাও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১২৪ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৮০ আনা; ডাকমাশুল স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান—ম্যানেজার গ্রন্থবিভাগ
শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা।

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। ভবিষ্যতে পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু গ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১৩।১নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

[illegible]

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মনুষ্য, পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাটতি এত অত্যন্ত অধিক। শিকার প্লীহা সংযুক্ত জ্বরাদির এবং নূতন ও পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। মূল্য ছোট বোতল ৷৵০ দশ আনা, বড় বোতল ১৷৵০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা
অথবা
বেহালা, ২৪ পরগণা

ই. বি. রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	৪-৩৬	৬-০৬	৭-২৬	১২-২৬	১৪ ৫৬	১৬-৫৬	১৭ ৫৬	২২-২৬	
রাণাঘাট পৌঃ			৮-৪০	১৪-১৫					
(বদল) ছাঃ			৯-৩৩	১৪-৫০					
কৃষ্ণনগর পৌঃ	৭-১	৮-৪৫	১০-৮	১৫-২০	১৭-২৮	১৯-১১	২০-১৩	১-০৮	
(বদল) ছাঃ	৭-১২		১০-৩১		১৭-৩৬		২০-২৬		
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫১		১১-১০		১৮-১৬		২০-৫৬		

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
রাণাঘাট পৌঃ	১২-৫৫
ছাঃ	১৩-০
শান্তিপুর পৌঃ	১৩-২৬
(বদল) ছাঃ	১৩-৩১ (লাইট্ রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪ ২
ছাঃ	১৪ ২০
নবদ্বীপঘাট পৌঃ	১৫-০

ডাউন

নবদ্বীপঘাট ছাঃ	৫ ৪৫		৯-২৫			১৩-৩১	১৬-০	১৮-৩১	
কৃষ্ণনগর পৌঃ	৬ ২৩	৯-১৬	১০-৩	১১-৪১	১৪-১০	১৬-৩৮	১৯-১১		
ছাঃ	৬ ২৬	৭-১৮	১০-১১			১৬ ৫৬	১৯-২৫		
রাণাঘাট পৌঃ			১০-৪৬			১৭ ৩১			
(বদল) ছাঃ			১১-০			১৭-৪০			
কলিকাতা পৌঃ	৮-১৬	৯-২১	১২ ১	১২-১৬	১৪-১৬	১৯-১১	২১-৪১	২৩	

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৩-৩১	১৬-০		
কৃষ্ণনগর পৌঃ	১৪-১০	১৬-৩৮		
ছাঃ	১৫-২৮	১৭-১৫		
শান্তিপুর পৌঃ	১৬-৯	১৭-৫৬		
(বদল) ছাঃ	১৬-৩৩	১৮-১	(রবিবার ভিন্ন)	১৮-৮ (রবিবার)
রাণাঘাট পৌঃ	১৭-১০	১৮-২৭		১৮-৩৩
(বদল) ছাঃ	১৭-৪৩	১৮-৪০		১৮-৪০
কলিকাতা পৌঃ	১৯-১১	২০-৬		২০-৬

পোঃ— শ্রীমায়াপুর
টেলিগ্রাম—শ্রীধাম
শ্রীমায়াপুর

REGD NO C 1544

দৈনিক নদীয়া প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়াজেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৪শ খণ্ড | শ্রীমায়াপুর— ২৪শে বৈশাখ, ১৩৪৬ ৮ই মে, ১৯৩৯ সোমবার | ৫৮শ সংখ্যা

বিবিধ সংবাদ

বৃটেনের সামরিক তোড়জোড়

সামরিক শিক্ষা গ্রহণ সম্পর্কিত বিলের বিবরণ প্রকাশিত হইয়াছে। ব্যক্তিগণকে সৈন্যদলে যোগদানের নিমিত্ত আহ্বান করা হইয়াছে, নৌ-বিভাগ ও বিমান-বিভাগকে উহাদের মধ্য হইতে কতক অংশকে স্ব-স্ব বাহিনীতে লইবার অনুমতি দেওয়া হইয়াছে। নৌ-বিভাগকে একটি বিশেষ রিজার্ভ বাহিনী গঠনের ক্ষমতা দেওয়া হইয়াছে। একটি 'অক্জিলিয়ারী' বাহিনী থাকার জন্য বিমান-বিভাগকে এ বিষয়ে আর কোন বিশেষ ক্ষমতা দেওয়া হয় নাই। পরে বিলের যে পরিবর্তন সংশোধন করা সিদ্ধান্ত করা হইবে তাহা অনুযায়ী এই বিল উত্তর আয়র্লণ্ডের অধিবাসীদের বেলায়ও প্রযুক্ত হইবে বলিয়া আদেশ দিতে পারিবেন; অবশ্য জরুরী অবস্থায় সময় কিম্বা যুদ্ধের সময় ব্যতীত এতদ্রূপ কোন আদেশ দেওয়া হইবে না। আয়র্লণ্ডের যে সব নাগরিক সাধারণতঃ বৃটেনে বাস করিয়া থাকে তাহারাও অন্যান্য উপনিবেশের অধিবাসীদের এই বিলের আমলে আসিবে; তবে ভারতীয় সৈন্য বাহিনীর লোকদের বেলায় এই আইন খাটিবে না। এই আইন প্রবর্তনের ফলে প্রায় ২ লক্ষ লোককে সৈন্য বাহিনীতে যোগদান করিতে হইবে সম্ভবতঃ জুন মাস নাগাদ অন্তত ৫০ হাজার লোককে সৈন্য বাহিনীতে যোগদানের জন্য আহ্বান করা হইবে। বাকীদিগকে সৈন্যদলে যোগদানের জন্য আহ্বান করা হইবে। তাহাদিগকে কাজে পুনর্নিয়োগ এবং যে সব মালিক তাহাদিগকে কাজে নিযুক্ত করিতে অসমর্থ হইবে তাহাদিগকে সাজা-দান ও যাহাদিগকে কাজে পুনরায় নিযুক্ত করা হইবে না, তাহাদের জন্য ক্ষতিপূরণ আদায়ের ব্যবস্থাও এই বিলে করা হইয়াছে।

পত্নী, দুই পুত্র ও দুই কন্যা হত্যা

বোম্বাই হইতে প্রাপ্ত এক সংবাদে প্রকাশ, ২রা মে রাত্রে একজন ক্ষুব্ধ শ্রমিক ক্ষিপ্ত হইয়া তাহার পত্নী, দুই পুত্র ও দুই কন্যাকে একখানি দা' দ্বারা আঘাত করিয়া হত্যা করে। লোকটা তাহার পর নিজের দেহে আঘাত করিয়া গুরুতররূপে জখম হয়। তাহাকে স্থানীয় হাসপাতালে স্থানান্তরিত করা হইয়াছে এবং তাহার অবস্থা সঙ্কটাপন্ন। তাহার পত্নী ও পুত্র-কন্যাদের মৃতদেহ শবচ্ছেদে প্রেরিত হইয়াছে।

পোল্যাণ্ডে আত্মরক্ষার তোড়জোড়

পার্লামেন্টের বৈঠক না বসা পর্য্যন্ত জাতীয় আত্মরক্ষার ব্যবস্থা অবলম্বনের জন্য আর্থিক ব্যাপারে প্রেসিডেন্টকে অতিরিক্ত ক্ষমতা দিবার জন্য যে বিল প্রণয়ন করা হইয়াছে, তাহা মন্ত্রিসভা অনুমোদন করিয়াছেন।

অগ্নিকাণ্ড

গত ২৭শে এপ্রিল বৃহস্পতিবারে রঘুনাথগঞ্জ থানার অধীন জুনরা গ্রামে এক অগ্নিকাণ্ডের ফলে ১১খানি গৃহ ভস্মীভূত হইয়াছে। ঘটনার বিবরণে প্রকাশ যে, কোন কর্মকারের 'কামার' হইতে একটি অগ্নিস্ফুলিঙ্গ ছিটাইয়া তাহার চালে আগুন ধরিয়া যায় এবং ক্রমে উহা বিস্তৃত হইয়া পড়ে। জলাভাবে অগ্নি নির্বাপিত করার সমস্ত চেষ্টা ব্যর্থ হয়।

গত ২৮শে মে বেলা আন্দাজ ১১ ঘটিকার সময় রঘুনাথগঞ্জের নদে ঘোষের বাড়ীতে আগুন লাগে এবং অতি অল্প সময়ের মধ্যে দুইখানি ভস্মীভূত হয়। কেহ নষ্টামি করিয়া অগ্নিসংযোগ করিয়াছে বলিয়া কেহ কেহ সন্দেহ করিতেছেন।

হ্যাঙ্কাওয়ে চীনাদের আক্রমণ ব্যর্থ

সাংহাই হইতে প্রেরিত জাপসামরিক বিবরণীতে এই দাবী করা হইয়াছে যে, হ্যাঙ্কাওয়ের উত্তর পশ্চিমে চীনা বাহিনীর আক্রমণ ব্যর্থতায় পর্যবসিত হইয়াছে। জাপ-বাহিনী এক্ষণে ব্যাপকভাবে আক্রমণ শুরু করিয়াছে এবং উহাসমেত চীনাদের সুরক্ষিত ব্যূহ ভেদও করিয়া ফেলিয়াছে বলিয়া প্রকাশ। ফলে চীনা বাহিনী শহরের উত্তর-পশ্চিমে অবস্থিত পাহাড়ে অঞ্চলে পশ্চাদপসরণ করিতে বাধ্য হইয়াছে।

দুই শত গৃহ ধ্বংস, শতাধিক ব্যক্তি হতাহত

নিংপো বন্দরের উপর জাপানীদের বিমান আক্রমণের ফলে ২ শত গৃহ ধ্বংস হইয়াছে। এই বন্দরটিতে সাধারণতঃ অন্যান্য দেশের ব্যবসায়ীরাও ব্যবসাবাণিজ্য উপলক্ষে বসবাস করেন। শতাধিক ব্যক্তি এই বিমান আক্রমণে হতাহত হইয়াছে।

জিব্রাল্টারে রণতরীর গতিবিধি

সতর্কতামূলক ব্যবস্থা হিসাবে সম্প্রতি লাপিনিয়ার পথে যে বাধ দেওয়া হইয়াছিল, তাহা সরাইয়া লওয়া হইয়াছে। ব্রিটিশ রণতরী 'রামেলিস' এবং তিনখানি ব্রিটিশ ও তিনখানি ফরাসী ডেষ্ট্রয়ার পূর্বদিকে রওনা হইয়া গিয়াছে। 'রামেলিস' রণতরীখানি গুলী বর্ষণ শিক্ষার জন্য বন্দর ত্যাগ করিয়াছে। জার্মাণ রণতরী ও ডুবোজাহাজসমূহ অপরাহ্নে জিব্রাল্টার প্রণালীর মধ্য দিয়া পশ্চিমাভিমুখে অগ্রসর হইতে দেখা যায়।

পণ্ডিত জওহরলালের ভবিষ্যৎ কর্মপন্থা

পণ্ডিত জওহরলাল নেহরুর সঙ্গে সাক্ষাৎ করিয়া তাঁহার ওয়ার্কিং কমিটিতে যোগদান না করার কারণ এবং কংগ্রেসের মধ্যে বিভিন্ন দলের আদর্শগত মতভেদ দূর করিয়া তাহাদের মধ্যে ঐক্য স্থাপন করা সম্পর্কে পণ্ডিতজী বলেন, "এই বিষয়টি গুরুতর এবং জটিলও বটে; এই অল্প সময়ের মধ্যে আমি ঐ সম্পর্কে কিছু বলিতে পারিব না।"

কংগ্রেসের মধ্যে বিভিন্ন মতবাদের লোক যাহাতে একত্রে কাজ করিতে পারে তাহার জন্য পণ্ডিত জওহরলাল নেহরু কর্মীদের বৈঠকের ব্যবস্থা করিতে পারেন। তিনি এই সম্পর্কে কতিপয় প্রবন্ধ লিখিতে পারেন।

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—পরমারাধ্য শ্রীল প্রভুপাদের পরিব্রাজকপ্রবর গোস্বামী মহারাজ সম্পাদিত ইংরেজী পাক্ষিক। প্রতি [illegible] প্রকাশিত হয়। কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। সডাক ভিক্ষা [illegible] টাকা মাত্র।

২। গৌড়ীয়—মহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩, সাধারণ ১০ টাকা মাত্র।

৩। ভাগবত—[illegible] পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৪। পরমার্থী—শ্রীযুক্ত [illegible] মহাশয় সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১॥০ টাকা মাত্র।

৫। শ্রীগৌড়ীয়—মহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১॥০ মাত্র।

পরমগুরু শ্রীগৌরকিশোর

গৌড়ীয়-সম্পাদক-লিখিত, শ্রীগৌড়ীয়-[illegible] সংবাদ [illegible] ও বিষয় সূচী সম্বলিত "পরমগুরু শ্রীগৌরকিশোর" গ্রন্থাকারে প্রকাশিত হইয়াছেন। [illegible] শুদ্ধগৌড়ীয়বৈষ্ণবগণের পরমারাধ্য, গৌড়ীয়গৌরবস্বরূপ অপ্রাকৃত বৈষ্ণবের মুকুটমণি নিত্যলীলাপ্রবিষ্ট পরমহংস ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল গৌরকিশোরদাস গোস্বামী প্রভুবরের অপ্রাকৃত চরিতকথা বর্ণিত আছে।

শ্রীশ্রীভক্তিবিনোদাবির্ভাব-শতবর্ষপূর্ত্তিতিথিপূজার

উপায়ন-গ্রন্থমালা

——::(০)::——

১। গীতিসাহিত্যে শ্রীভক্তিবিনোদ

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র গীতিসাহিত্যের সমালোচনা-গ্রন্থ)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

২। শ্রীভক্তিবিনোদবাণীবৈভব

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের গ্রন্থাবলী হইতে সংগৃহীত ১০৮টি অধ্যায়ে সম্বন্ধ-অভিধেয়-প্রয়োজনাকারে [illegible] অমূল্য উপদেশপূর্ণ গ্রন্থ)

ভিক্ষা—৩৲ তিন টাকা মাত্র।

৩। শ্রীশ্রীভক্তিবিনোদ-প্রসঙ্গ

ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ ও ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল প্রভুপাদের পরিব্রাজক গোস্বামী প্রভু-লিখিত এবং গৌড়ীয়ে প্রকাশিত শ্রীশ্রীভক্তিবিনোদ-চরিত্র-প্রসঙ্গ

ভিক্ষা—৷৴০ ছয় আনা মাত্র।

৪। ছাত্রদের ভক্তিবিনোদ

(ছাত্রদের উপযোগী ভাষায় লিখিত শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্র ও শিক্ষা)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

ছাত্রদের পক্ষে ভিক্ষা—॥০ আট আনা মাত্র।

প্রাপ্তিস্থান:—

(১) 'ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট', পোঃ শ্রীমায়াপুর, নদীয়া;

(২) শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা;

(৩) শ্রীযুক্ত [illegible] এম-এ, বি-এল, [illegible] পোঃ [illegible], ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবত, —প্রথম [illegible] ৪০

প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত — ১৮৲

দশম স্কন্ধ — ৯৲

২। ভাগবত বিভাগে শ্রীচৈতন্যভাগবত (অর্দ্ধ) [illegible]

৩। [illegible] ৩

৪। [illegible] (অর্দ্ধ) ২

৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০ ২য় খণ্ড ২৲ ৩য় খণ্ড—৸০ ৪র্থ খণ্ড ৸০

৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড ৸০; ২য় খণ্ড —১৲; ৩য় খণ্ড—৸০

৭। শ্রীচৈতন্যদেব ১৲

৮। সৎক্রিয়াসার দীপিকা ও সংস্কার দীপিকা ১।০

৯। বৈষ্ণব ৯৲

১০। গৌড়ীয় [illegible] ৯৲

১১। [illegible] (বাঁধা) ১৲

১২। [illegible] (বাঁধা) ১৲

১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০

১৪। [illegible] (দ্বিতীয় সংস্করণ) [illegible]

১৫। [illegible]

১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব

১৭। চৈতন্যোপনিষৎ

১৮। [illegible]

১৯। [illegible]

২০। গৌড়ীয় গৌরব ৸৴

২১। [illegible] ৷৵

২২। [illegible]

২৩। শ্রীচৈতন্যচরিতামৃত [illegible] (বাঁধা) ১৲

২৪। গীতা (শ্রীধরের টীকা সহ)

২৫। গীতা (চক্রবর্ত্তী টীকা) (বাঁধা) ১৲

২৬। গীতার [illegible]

২৭। [illegible]

২৮। [illegible] (সাধারণ) ।০

২৯। [illegible] (তৃতীয় সংস্করণ) (বাঁধা) ৸০

৩০। [illegible] ৵০

৩১। [illegible] (তৃতীয় সংস্করণ) ৸৵০

৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ।০

৩৩। [illegible] ॥০

৩৪। [illegible] ৵০

৩৫। [illegible]

৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৵

৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৵

৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ

৩৯। [illegible] ।০

৪০। [illegible] ⁄০

৪১। [illegible] ⁄০

৪২। শ্রীনবদ্বীপধাম পরিক্রমা ৸০

৪৩। [illegible] ⁄০

৪৪। [illegible] ⁄

৪৫। [illegible]

৪৬। [illegible]

৪৭। [illegible]

৪৮। [illegible] (পঞ্চম সংস্করণ) ⁄১

৪৯। [illegible] ৵

৫০। [illegible] (১ম ও ২য় খণ্ড) ৩

৫১। [illegible]

৫২। [illegible] (সাধারণ) ।

৫৩। [illegible] ৬

৫৪। [illegible] ।

৫৫। [illegible] ।

৫৬। [illegible] ৵

৫৭। [illegible] (সাধারণ) ।

৫৮। [illegible] ৵

৫৯। [illegible] ৵।

৬০। [illegible] ⁄।

[illegible] ভাষায় প্রকাশিত

৬১। [illegible] ।

৬২। [illegible] ।

৬৩। [illegible] ।

৬৪। [illegible] ।

৬৫। [illegible] ৵।

৬৬। [illegible] ⁄।

৬৭। [illegible] ৵।

[illegible] ভাষায় প্রকাশিত

৬৮। [illegible] ।।

৬৯। [illegible] ।।

৭০। [illegible] ⁄০

৭১। [illegible] ।০

৭২। [illegible] ৸০

৭৩। [illegible] ।০

৭৪। [illegible] ।০

৭৫। [illegible] ⁄০

৭৬। [illegible]

৭৭। [illegible]

৭৮। [illegible] ॥০

৭৯। [illegible] ১৩৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। [illegible] ।।

৮১। [illegible] ১।০

৮২। [illegible] ৵।০

৮৩। [illegible] ⁄০

৮৪। [illegible]

[illegible] ভাষায় প্রকাশিত

৮৫। [illegible]

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। [illegible]

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক

নদীয়া-প্রকাশ

একমাত্র পারমার্থিক
দৈনিক পত্র
শ্রীধাম-মায়াপুর-নদীয়া

১৩শ বর্ষ ৫ ত্রিবিক্রম ৪৫৩ গৌরাব্দ, ২৫শে বৈশাখ বঙ্গাব্দ ১৩৪৬, ৮ই মে ইং ১৯৩৯, সোমবার ৫৮শ সংখ্যা

সাময়িক-প্রসঙ্গ

——::(*)::——

শ্রীশ্রীবিশ্ববৈষ্ণবরাজসভার অন্যতম প্রচারক ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ ও উপদেশক পণ্ডিত শ্রীপাদ ভক্তিসৌরভ ভক্তিসারের ভক্তিশাস্ত্রী মহোদয় কিছুদিন যাবৎ শ্রীধাম মায়াপুরে শ্রীশ্রীআচার্য্যপাদপদ্মে অবস্থান করিয়া গত ৫ই মে শুক্রবার কতিপয় ব্রহ্মচারী সহ প্রচারার্থ বহির্গত হইয়া কলিকাতা শ্রীগৌড়ীয়মঠে উপস্থিত হইয়াছেন।

———

শ্রীগৌড়ীয়মঠে কীর্ত্তন

শ্রীশ্রীবিশ্ববৈষ্ণবরাজসভার অন্যতম শাখা কলিকাতা বাগবাজারস্থ শ্রীগৌড়ীয়মঠে সন্ধ্যায় ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিবৈভব সাগর মহারাজ কোন দিন শ্রীচৈতন্যচরিতামৃত হইতে রূপশিক্ষা পাঠ ও ব্যাখ্যা করিতেছেন এবং কোন কোন দিন বক্তৃতাদিমুখে হরিকথা কীর্ত্তন করিতেছেন। প্রাতে শ্রীপাদ অনিরুদ্ধ ব্রহ্মচারী সেবাদর্শ মহোদয় শ্রীচৈতন্যভাগবত পাঠ ও ব্যাখ্যা করিতেছেন। মধ্যাহ্নে মহোপদেশক পণ্ডিত শ্রীপাদ নবীনকৃষ্ণ বিদ্যালঙ্কার মহোদয় ইষ্টগোষ্ঠী করিতেছেন।

———

শ্রীমাধবগৌড়ীয়মঠে শ্রীশ্রীনৃসিংহদেবের আবির্ভাব-তিথিপূজা

গৌড়ীয়বৈষ্ণবাচার্য্য পরমহংস পরিব্রাজকাচার্য্যবর্য্য অষ্টোত্তরশতশ্রী শ্রীমদ্ অনন্ত বাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী প্রভুপাদের কৃপাশীর্ব্বাদে ও আনুগত্যে ঢাকা শ্রীমাধবগৌড়ীয়মঠে শ্রীশ্রীনৃসিংহদেবের আবির্ভাব-তিথি সংকীর্ত্তনমুখে যথারীতি অনুষ্ঠিত হইয়াছে।

গত ২রা মে মঙ্গলবার শ্রীশ্রীনৃসিংহদেবের আবির্ভাব উপলক্ষে শ্রীমঠে একটী মহতী সভার অধিবেশন হয়। ঐ দিবস অপরাহ্ণে শ্রীশ্রীগুরুবৈষ্ণব-বন্দনা ও দশাবতার স্তোত্র কীর্ত্তন হয় এবং শ্রীমদ্ভাগবত পাঠ ও ব্যাখ্যা হয়। রাত্রে পণ্ডিত শ্রীপাদ নন্দগোপাল ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী, ভক্তিভূষণ মহোদয় শুদ্ধা ভক্তির স্বরূপ কি; ভজনবিঘ্ন-বিনাশোপায় কি ও শ্রীপ্রহ্লাদ মহারাজের মাহাত্ম্য কীর্ত্তন করেন। তৎপরে মহামন্ত্র-পদাবলী ও মহামন্ত্র কীর্ত্তনান্তে সভা ভঙ্গ হয়।

শ্রীমাধবগৌড়ীয়মঠে সাপ্তাহিক অধিবেশন

গত ১৬ই বৈশাখ (১৩৪৬। ৩০শে এপ্রিল (১৯৩৯) রবিবার সন্ধ্যা ৭॥০ ঘটিকায় শ্রীমাধবগৌড়ীয়মঠের সাপ্তাহিক অধিবেশনোপলক্ষে 'গৌড়ীয়'-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ প্রভু "ভক্তির বিঘ্ন ও তাহা নিবারণের উপায়" সম্বন্ধে সাধক-জীবনের পরমপ্রয়োজনীয় বহু বিষয় সম্বলিত ও গভীর গবেষণাপূর্ণ একটী বক্তৃতা প্রদান করেন। বক্তৃতা শ্রবণ জন্য বহু বিশিষ্ট ভদ্রলোক ও ভদ্রমহিলা শ্রীমঠে আগমন করিয়াছিলেন।

প্রচার-প্রসঙ্গ

——::(*)::——

পুরীতে

শ্রীগৌড়ীয়মঠের অন্যতম সেবক শ্রীপাদ গৌরাঙ্গপ্রসাদ ব্রহ্মচারী ভক্তিবিজ্ঞান মহোদয় গত ১৬ই এপ্রিল রবিবার দিবস পুরীধামস্থ বাঙ্গলার রাজস্বসচিব মিঃ নলিনীরঞ্জন সরকার মহোদয়ের সহিত বহুক্ষণ যাবৎ হরিকথা আলোচনা করেন।

গত ২০শে এপ্রিল বৃহস্পতিবার শ্রীচৈতন্যমঠের অন্যতম শাখা শ্রীপুরুষোত্তম-মঠের অন্যতম সেবক শ্রীপাদ পরমানন্দ ব্রহ্মচারীজী শ্রীমঠের নাটমন্দিরে শ্রীচৈতন্য-চরিতামৃত পাঠ ও ব্যাখ্যা করেন। ব্রহ্মচারীজী বলেন—"মানবজীবনের চরম কর্ত্তব্য হরিভজন। শ্রীহরিগুরুবৈষ্ণবের কৃপাতে যাহার স্বরূপজ্ঞান উদিত হইয়াছে, তিনি আর বিশ্বের ভগবৎ সেবোপকরণ দ্রব্যগুলিকে নিজের ভোগ্য বিচার করেন না। অন্যায়-ভাবে প্রতিষ্ঠিত কর্ম্মী ও জ্ঞানীগণ বা মুমুক্ষু ও বুভুক্ষুগণ শ্রীশ্রীগুরুগৌরাঙ্গের নিষ্কপট সেবাই যে পরম মঙ্গলদায়ক ও জন্মমৃত্যু-মালার হস্ত হইতে উদ্ধারের একমাত্র উপায়, তাহা বুঝিতে পারেন না" প্রভৃতি বহু কথা কীর্ত্তন করেন।

গত ২১শে এপ্রিল শুক্রবার রাত্রে শ্রীমঠের অন্যতম সেবক শ্রীপাদ গৌরাঙ্গপ্রসাদ ব্রহ্মচারী ভক্তিবিজ্ঞান প্রভু শ্রীপুরীধামের কোর্টের সন্নিকটস্থ প্রসিদ্ধ ব্যবসায়ী শ্রীকানাইচন্দ্র দত্ত মহাশয়ের গৃহে শ্রীমদ্ভাগবতের ১ম স্কন্ধ ৭ম অধ্যায়ের ৫ম শ্লোক ব্যাখ্যা করেন। পাঠে বহু লোক উপস্থিত হইয়াছিলেন। পাঠের আদি ও অন্তে মহাজনপদাবলী ও মহামন্ত্র কীর্ত্তন হয়।

গত ২২শে এপ্রিল শনিবার অপরাহ্ণে শ্রীপুরুষোত্তমমঠের অন্যতম সেবক শ্রীপাদ গৌরাঙ্গপ্রসাদ ব্রহ্মচারী এবং শ্রীপাদ সতীশচন্দ্র ব্রহ্মচারী প্রভৃতি মঠসেবকগণ পুরীর 'সতর্ক হাউসের' নিকটবর্ত্তী স্থানে অবস্থিত কলিকাতা [illegible] ঠাকুরের নিকট হরিকথা কীর্ত্তন করিতে গমন করেন। রবি ঠাকুর [illegible] শ্রীগৌড়ীয়মঠের বাণীর কথা [illegible] করেন। ব্রহ্মচারীজীর নিকট হরিকথা শ্রবণ করিয়া তিনি পরম সন্তুষ্ট হন এবং আরও শ্রবণ করিবার ইচ্ছা প্রকাশ করেন।

———

কাশীতে

ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রকাশ অরণ্য মহারাজ গত ২ই এপ্রিল কাশী শ্রীসনাতন গৌড়ীয়মঠে উপস্থিত হন এবং স্থানীয় বাঙ্গালীটোলাস্থিত শ্রীযুত [illegible] মুখোপাধ্যায় [illegible] গৃহে সমস্ত কর্ত্তব্য "গুরু [illegible]" সম্বন্ধে হরিকথা কীর্ত্তন করেন। ঐ [illegible] তিনি শ্রীমঠের [illegible] "[illegible]" প্রভৃতি [illegible] ব্যাখ্যা করেন। তাঁহার নিকট হরিকথা শ্রবণ করিয়া সকলেই পরমানন্দিত হইয়াছেন।

"সম্বন্ধ জ্ঞানের সহিত হরিনাম গ্রহণ করিলে কোন বিপত্তিই আপনার কোন অনিষ্ট করিতে পারিবে না। ভগবানের নাম-ভজন না করিলে জীবের অন্য কোন প্রকারে মঙ্গল হয় না। শ্রীনামই সাক্ষাৎ ভগবান্; কেবল সংসারিক চক্ষে ভগবানের নাম ও ভগবান্ পৃথক্ বোধ হয়। মুক্ত পুরুষগণ শ্রীনামকেই ভগবান্ জানেন।"

(শ্রীল প্রভুপাদ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

৫ ত্রিবিক্রম শর্বাণিব সর্বশ গৌরাব্দ ৪৫৩

শ্রীভক্তিসিদ্ধান্তবাণী

—::(•)::—

সাধুসঙ্গ, নামকীর্ত্তন, ভাগবত-শ্রবণ, মথুরাবাস, শ্রীমূর্ত্তির শ্রদ্ধায় সেবন—এগুলি আমাদের পরম প্রয়োজনীয় বিষয়। এই পাঁচের অন্যতম হ'তেই ভজনীয় বস্তুর অনুশীলন করতে পারি। পাঁচের অল্প-সম্প্রভাবে ভগবদ্বস্তুর লাভ ঘটে। পাঁচের অনুসঙ্গেই কৃষ্ণপ্রেম জন্মায়। একদিকে ভজনীয় বা সেব্যবস্তু ভাগবত, অপরদিকে ভাগবতের পাঠক ও শ্রোতারূপ সেবক এবং মধ্যবর্ত্তী স্থানে ভক্তি বা ভাগবতকথা শ্রবণাদি সেবা। ভাগবতকথা সুষ্ঠুভাবে আলোচনা আবশ্যক। শ্রীচৈতন্যের অকৃত্রিম দাসগণের ভাগবতের কথা ব্যতীত অন্য কথা নাই। ভাগবতের কথাই চৈতন্যদেবের কথা, ভাগবত থেকে শ্রীচৈতন্যের কথায় কিছুমাত্র পার্থক্য নাই। চব্বিশ ঘণ্টার মধ্যে চব্বিশ ঘণ্টা যাঁ'রা ভগবানের সেবায় নিযুক্ত, অন্যাভিলাষ-কর্ম্মজ্ঞানাদি চেষ্টা হ'তে সম্পূর্ণ নির্ম্মুক্ত ভাগবত তাঁ'দের আরাধ্য, তাঁ'রাই ভাগবতের আরাধনা জানেন।

দ্বাদশস্কন্ধ ভাগবত ভগবানের দ্বাদশ অঙ্গ ব'লে কথিত হ'য়েছে। কিন্তু এটা বিরাট্ রূপের কল্পনার ন্যায় নহে। বাস্তব শ্রীবিগ্রহরূপে ভগবান্ এতে অবস্থিত আছেন। এটা বিশেষরূপে আলোচনা করলেই বুঝ্‌তে পারা যায়।

অখিলরসামৃতমূর্ত্তি কৃষ্ণচন্দ্রের সঙ্গে চেতন অচেতন সকলেরই প্রয়োজনীয়তা আছে। কিন্তু তিনি অচেতন দ্বারা আবৃত অবস্থায় পরিদৃষ্ট হন না অর্থাৎ অচেতন-বিগ্রহ নিয়ে তাঁ'কে দেখা যায় না। আবার আমরা যখন সকল জ্ঞানে অভিনিবিষ্ট থাকি, তখন ভগবানের শ্রীমূর্ত্তিমধ্যে অনেক মলিনতা লক্ষ্য করি। এটা নিজ নিজ দর্শনেন্দ্রিয়ের অপটুতা মাত্র। কাচের ভেদ হেতু এক বস্তুকে বিভিন্নভাবে দর্শন করি। নিজেন্দ্রিয়তর্পণেচ্ছা-সংশ্লিষ্ট দর্শনে মলিনতা আছে। অনর্থবিশিষ্ট অবস্থায় পূর্ণপ্রকাশ বস্তুর দর্শন হয় না। অনেক সময় একই বস্তু বিভিন্নভাবে দৃষ্ট হয় কেন? এ কথায় উত্তর হ'চ্ছে—মলিনতার পরিমাণ অনুসারে অনর্থ থাকা অবস্থা ও অনর্থাপগমের দর্শন পৃথক্। বাক্তিবিশেষ ও পরম মুক্তপুরুষের দর্শনে পার্থক্য আছে। চব্বিশ বৎসরের যুবার কাব্য-অধ্যয়ন ও শিশুর কাব্য-অধ্যয়নে অজ্ঞ সাধারণ ব্যক্তির ভেদ-দর্শন হয় না। সে উভয়কে এক মনে করে। কিন্তু অভিজ্ঞ ব্যক্তি সেটা বুঝ্‌তে পারেন।

ভাগবত সাক্ষাৎ ভগবদ্বস্তু। তাঁ'র শ্রবণ, কীর্ত্তন, বিচার প্রভৃতিই ভগবদনুশীলন। বহির্জ্জগতের বস্তু দর্শনের কালে সঙ্গে সঙ্গে যদি ভগবদ্দর্শনের স্মৃতি উদিত হয়, তাহা হইলে সেই বস্তু-বিচারে আমাদের ভোগ বা ত্যাগ করার প্রবৃত্তি পরিচালনা-কালে সেই বস্তুর সহিত ভগবানের কি সম্বন্ধ আছে আলোচিত হ'য়ে যায়। যেমন কোন ব্যক্তি যখন বাজনা বাজিয়ে বিবাহ করতে যাচ্ছে, তখন যদি কৃষ্ণের অপ্রাকৃত রুক্মিণী বিবাহ বা বৃন্দাবনীয় কথা তাঁ'র হৃদয়ে স্থান পায়, তা'হ'লে তাঁ'র ভোগের ইন্ধনসংগ্রহের জন্য সমাবর্ত্তনের অকিঞ্চিৎকরত্বের এবং দুইয়ের মধ্যে একটা পার্থক্য বুঝ্‌তে পারেন।

ভাগবত হ'চ্ছে শ্রেষ্ঠ প্রমাণ। প্রমাণ দ্বারা শক্তিবিশিষ্ট হ'বার পরে আমরা প্রজ্ঞা-বিশিষ্ট হ'তে পারি। প্রকৃষ্টরূপে মেপে নেওয়া ধর্ম্ম যাতে, তা'ই প্রমাণ। ভাগবত নিত্য লীলাময় ভগবানের চরিত্রবর্ণনের প্রমাণ। ভাগবত সমগ্র মানবজাতির ভীষণতম ব্যাধির সর্ব্বাপেক্ষা বড় ঔষধ ও চিকিৎসক—উভয়ই। বর্ত্তমান সময়ে ঈশ-বৈমুখ্যভাব—কারও আনুগত্য করব না, ইহাই আমাদের স্বভাব হ'য়ে প'ড়েছে। এই ব্যাধির হস্ত হ'তে পরিত্রাণ পা'বার জন্য বৈষ্ণবানুগত্যে অনুক্ষণ ভাগবত পড়া

দীনের প্রার্থনা

(শ্রীকেশবচরণ দাসাধিকারী)

আর কবে নিতাইচাঁদ করুণা করিবে।
সংসারবাসনা মোর কবে তুচ্ছ হ'বে॥
বিষয় ছাড়িয়া কবে শুদ্ধ হবে মন।
কবে হাম হেরব শ্রীবৃন্দাবন॥
রূপ-রঘুনাথ-পদে হইবে আকুতি।
কবে হাম বুঝব সে যুগল-পিরীতি॥
শ্রীআচার্য্যপাদপদ্মে এই মোর আশ।
প্রার্থনা করয়ে সদা এ অধম দাস॥

আমার শ্রীগুরুপাদপদ্মই শ্রীনিত্যানন্দ প্রভু, তাঁহার করুণা না হইলে, আমার কোন

দরকার। যেমন নামাপরাধীর পক্ষে অনুক্ষণ নামগ্রহণই নামাপরাধ বিনাশের উপায়।

ভাগবতের নিকট ভাগবত আলোচনা করতে হ'বে, ভাগবতবিরোধীর নিকট নয়। চব্বিশ ঘণ্টা যাঁ'রা ভাগবত সেবা করেন, প্রত্যেক কার্য্যই যাঁ'দের ভগবৎসেবা, যাঁ'রা চেতনে দর্শনে মেপে নেওয়া ধর্ম্মকে নিযুক্ত ক'রেছেন, অচিৎপিণ্ডদর্শনে আবদ্ধ নন, এমন পূর্ণচেতনবিগ্রহ বৈষ্ণবগণ—পূর্ণপ্রজ্ঞের অধীন ভাগবতগণ, অচেতনের মলিনতা হ'তে যাঁ'রা জ্ঞান সংগ্রহ করেন না, তাঁ'রাই ভাগবত সুষ্ঠুভাবে উপদেশ করতে পারেন।

কৃষ্ণচেষ্টা ব্যতীত অন্য চেষ্টা উদিত হ'লে অসুবিধা হ'বে। অতএব চব্বিশ ঘণ্টার মধ্যে যেন শ্রবণ-কীর্ত্তন-বিচার হ'তে বিচ্ছিন্ন না হই। ভগবদ্বস্তু সাক্ষী, কেবল, চেতা নির্গুণ। ভগবানের অন্য কেহ এ চক্ষুদ্বারা দর্শনে সমর্থ হন না। তিনি দয়াপূর্ব্বক যদি আমাদিগকে দর্শন করেন, আমরাও যদি তাঁ'র সেবার উপযোগী হ'য়ে যেতে পারি, তবেই তাঁ'র দর্শন সম্ভব হ'তে পারে। শ্রীবিগ্রহকে যদি ভোগ্যজ্ঞান করি, পুণ্য-সঞ্চয়ের জন্য, অপরাধ ক্ষালনের জন্য, ভব-রোগের ঔষধ জ্ঞান ক'রে দর্শন করতে যাই, তবে তিনি আমাদের মলিনচিত্ত দেখে কুণ্ঠিত হ'য়ে দর্শন না করতেও পারেন। সেজন্য চিত্তের মলিনতাকে পরিমার্জ্জিত ক'রে গেলেই ভাল হয়।

সাত্বতসংহিতা ভাগবত না পড়া পর্য্যন্ত জীব আব্যক্তিক থাকে। ভাগবত—পারম-হংসী সংহিতা। পরমহংসগণ—পরমমুক্ত নিষ্কিঞ্চনগণ কি ব'লেছেন তা জানতে হ'লে, আলোচনার ইচ্ছা থাকলে ভাগবত আলোচনা করতে হ'বে। সেজন্য ভাগবত-শ্রবণই আমাদের একমাত্র কার্য্য, ভাগবত-শ্রবণেই অন্যান্য চারটি অঙ্গ—সাধুসঙ্গ, নামকীর্ত্তন, শ্রীমূর্ত্তির অর্চ্চন_সেবা ও মথুরাবাস হ'বে।

বিনা সংসার-বন্ধন—বিষয়-বাসনা, অন্যবাসনা, ভোগবাসনা দূর হইবে না, হইতে পারে না। এই সংসারবাসনার অপর নাম ভোগবাসনা—অনিত্যবাসনা বা ই হি র সু খ বা স না। আমাদের এই অনিত্য আত্মেন্দ্রিয়-প্রীতিবাঞ্ছারূপ সংসারবাসনা দূরীকৃত না হইলে কৃষ্ণেন্দ্রিয়-প্রীতিবাঞ্ছারূপ প্রেম লাভ হইবে না, কৃষ্ণপ্রেম লাভ ত' দূরের কথা, অনর্থ-নিবৃত্তিও হইবে না, যদি শ্রীশ্রীল আচার্য্যদেবের কৃপা না হয়। তাই তাঁহার কৃপাই এখন আমার একমাত্র সম্বল।

তাই দীনের প্রার্থনা—হে শ্রীরূপ-রঘুনাথ-ভক্তিবিনোদ-গৌর-সরস্বতী-ধারা-সংরক্ষক শ্রীশ্রীল আচার্য্যদেব, কবে আপনার কৃপায় আমার ভোগোন্মুখতা বা জড়ীয় সংসার-বাসনা দূরীকৃত হইবে, কবে আমি আপনার অনবোদয় অহৈতুকী কৃপা-কটাক্ষ লাভ করিয়া নিষ্কিঞ্চন হইয়া শুদ্ধ দেহে সেই ব্রহ্ম-শিবাদির প্রার্থনীয় আপনার দুর্ল্লভ সঙ্গলাভে সমর্থ হইব? হায়, সেদিন আমার কবে হইবে?

হে পতিতপাবন শ্রীশ্রীল আচার্য্যদেব, যদি আমি কোন দিন আপনার কৃপা-কটাক্ষ লাভ করিবার সৌভাগ্য পাই, তাহা হইলে অনন্তকালের জন্য অনন্তমুখে অনন্তগুণময় সেই আপনার অপ্রাকৃত গুণানুকীর্ত্তন করিয়া জীবন সার্থক করিব এবং প্রভুপাদের শ্রীমুখবিগলিত "বাসুদেবানন্দাতে থাকিয়া ত' সদা লহ নাম" এই বাণীতে প্রতিষ্ঠিত হইয়া আপনার সেবাসুখ বিধান করিতে সমর্থ হইব। হায়, সেদিন আমার কবে হইবে?

কবে আমি আপনার শ্রীপাদপদ্মের সুশীতল ছায়ায় দাঁড়াইয়া নির্ভীককণ্ঠে জগদ্বাসীকে জানাইতে পারিব,—

আচার্য্যচরণ সত্য, তাঁহার সেবক নিত্য
আচার্য্যচরণ সদা কর ধ্যান।
আচার্য্যের করুণা হবে, তবে রাধাকৃষ্ণ পাবে
দৃঢ় করি ধর আচার্য্যের পায়॥
সে সম্বন্ধ নাহি যার, বৃথা জন্ম গেল তার
সেই পশু বড় দুরাচার।

হে দয়াব্ধি শ্রীগুরুদেব, আমি নিতান্ত মূর্খ, অযোগ্য, দীন, হীন, কাঙ্গাল। জানি না কি বলিয়া কি ভাবে আমার মত একজন নগণ্য বদ্ধ ক্ষুদ্রজীব আপনার শ্রীপাদ-পদ্মের গুণানুকীর্ত্তন করিয়া তাহার হৃদয়ের ব্যথা দূর করিবে। আপনি স্বেচ্ছাময় ও স্বতন্ত্র। আপনি সর্ব্বগুণময়, আর আমি সকল দোষের দোষী, কৃপাহারা আমার গতি নাই, আমি নিতান্ত অযোগ্য হইলেও কে যেন আমার অন্তর হইতে উৎসাহ প্রদান

করিতেছেন, যে উৎসাহে উৎসাহান্বিত হইয়া সর্ব্বপ্রকার অযোগ্যতা সত্ত্বেও আপনার শ্রীপাদপদ্মে প্রার্থনা জানাইতে আকাঙ্ক্ষা-বিশিষ্ট হইয়াছি। আশীর্ব্বাদ করুন, যেন কোন দিন আপনার শ্রীপাদপদ্মের সেবকানুসেবকের সেবার যোগ্যতা লাভ করিয়া জীবন ধন্য করিতে পারি। বর্ত্তমানে আপনার এই যে বাগবাজারে অনুষ্ঠানের অভিনয়, ইহাতে আপনি যেমন একদিকে আপনার নিষ্কপট, সরল, সেবাকাঙ্ক্ষী সেবকবৃন্দকে সেবা-সুযোগ প্রদান পূর্ব্বক শ্রীচরণে আকৃষ্ট করিতেছেন, অন্য দিকে তেমনি বহির্ম্মুখ ব্যক্তিগণকে মোহন করিতেছেন। তাই আমার প্রার্থনা—হে বলদেবাভিন্ন শ্রীশ্রীল আচার্য্যদেব, আমাকে বল দান করুন, যাহাতে আমি চিরদিন দুঃসঙ্গকে দূরে রাখিয়া সর্ব্বদা আপনার নিষ্কপট সেবকানুসেবকের সঙ্গ লাভ করিতে সমর্থ হই।

হায়! আমার তো কোন যোগ্যতা নাই, আপনি ভিন্ন তো আমার আর অন্য উপায় নাই।

(আমার) এ তিন ভুবন মাঝে
আর কেহ নাই।
(প্রভু) দয়া করি নিজপদ তলে
দেহ ঠাঁই।

সে সৌভাগ্য আমার কবে হইবে, যেদিন আপনি কৃপাপূর্ব্বক নিজ ভৃত্যজ্ঞানে—শিষ্যজ্ঞানে এ অযোগ্য দাসাধমকে শাসন করিবেন। নিজগুণে আমার সকল অপরাধ ক্ষমা করিয়া আমায় শ্রীচরণে স্থান দিবেন।

হায়! আমি যে জীবন অপরাধী, পাপী, সর্ব্বদা ইন্দ্রিয়চিন্তায় রত, এই অপরাধময় জীবনে কি হইবে? তাই প্রার্থনা করি—
এ হেন নির্গুণ মোরে কেবা দয়া করে।
এক নিত্যানন্দ (শ্রীআচার্য্য) বিনা
জগৎ মাঝারে॥

গুরুদেব! তুমি ত সকলি পার।
দুর্জ্জনে তারিতে, তোমার শকতি
কে আছে পাপীর আর॥
গুরুদেব! আমার উপায় নাই।
তুমি কৃপা করি আমারে লইলে
সংসারে উদ্ধার পাই॥
গুরুদেব! আমি ত তোমার জন।
তোমারে ছাড়িয়া সংসার ভজিনু
ভুলিয়া আপন ধন॥
গুরুদেব! তুমি ত সকলি জান।
আপনার জনে দণ্ডিয়া এখন
শ্রীচরণে দেহ স্থান॥
গুরুদেব! আমার জনম তুমি।
তোমার চরণে লইনু শরণ
তোমার কিঙ্কর আমি॥
গুরুদেব! নিজ চরণে স্থান॥
মাগে এ পামর কাঁদিয়া কাঁদিয়া
করহে করুণা দান॥

হে নন্দনন্দন! আমি কবে নন্দাভিন্ন শ্রীশ্রীল আচার্য্যপাদপদ্ম এবং তাঁর বৈষ্ণব নিষ্কপট বৈষ্ণববৃন্দের সঙ্গলাভ করিতে সমর্থ হইব? হায়, সেদিন আমার কবে হইবে?
বৈষ্ণবের আবেদনে কৃষ্ণ দয়াময়।
মোহেন পামর প্রতি হবেন সদয়॥

হে নিত্যানন্দাভিন্ন শ্রীশ্রীল আচার্য্যদেব! আপনার নিত্যানন্দস্বরূপ কবে আমি বুঝিতে পারিব, কবে আমার সে অনুভূতি হইবে? 'তুমি আমার নিত্যপ্রভু, আমি তোমার নিত্যদাস' এ সম্বন্ধ আমার কবে উদয় হইবে? নতুবা তো' আমার আর উপায় নাই। আপনার কৃপা ব্যতীত জড়ীয় দাম্ভিকতা ত' কাটিবে না, আমার ত' সেবা হইবে না। কোন দিন সেবাযোগ্যতা লাভ করিতে ত' আমি পারিব না! হায়! সে দিন আমার কবে হইবে, কবে আপনার কৃপালাভের জন্য উৎকণ্ঠিত চিত্তে, উৎকণ্ঠে ব্যাকুলতার সহিত আপনার পাদপদ্মে জানাইতে পারিব,—

কৃপা কর বৈষ্ণব ঠাকুর।
সম্বন্ধ জানিয়া ভজিতে ভজিতে
অভিমান হউ দূর॥
আমি তো তোমার, তুমি তো আমার
কি কাজ অপর ধনে॥

শ্রীল প্রভুপাদের চতুঃষষ্টিতম শুভাবির্ভাব-তিথিতে শ্রীল আচার্য্যদেবের অভীষ্টানুসারে "শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী" প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। ইহাতে পূর্ব্বার্দ্ধ ও উত্তরার্দ্ধ দুইটি বিভাগ আছে। পূর্ব্বার্দ্ধে শ্রীল প্রভুপাদের আদি প্রবন্ধাবলী শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের সম্পাদিত 'সজ্জনতোষণী পত্রিকায় বর্ষ,' শ্রীল প্রভুপাদের 'নিবেদন' সাপ্তাহিক পত্র প্রভৃতি হইতে যথাসার ও প্রয়োজনীয় অংশের টীকা-সহ প্রকাশিত হইয়াছে। উত্তরার্দ্ধে শ্রীল প্রভুপাদের সম্পাদিত 'সজ্জনতোষণী'র কতিপয় প্রবন্ধ যথাসার প্রকাশিত হইয়াছে। প্রবন্ধগুলি রচনাকালের ক্রমানুসারে গ্রথিত হইয়াছে; এতদ্ব্যতীত শ্রীল আচার্য্যদেবের একটি মূল্যবান উপোদ্ঘাত ও সঙ্কলনকারীর একটি বিস্তৃত ভূমিকা, শব্দসূচী, স্থান-পাত্র-শ্লোক ও পয়ার-সূচী প্রভৃতি গ্রন্থে সংযোজিত হইয়াছে। গ্রন্থটি উৎকৃষ্ট কাগজে আর্টপ্লেটের সহিত মুদ্রিত ও শ্রীল প্রভুপাদের আলেখ্যাদিদ্বারা শোভিত ও সুন্দর বাঁধাই হইয়া প্রকাশিত হইয়াছে। প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, জিলা নদীয়া; শ্রীগৌড়ীয় মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ও শ্রীমাধ্বগৌড়ীয় মঠ, বাংলাবাজার, পোঃ ঢাকা।

শ্রীল প্রভুপাদের পদ্যপ্রসূন মালা

এই গ্রন্থে ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তি-সিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের রচিত পদ্যাবলী শ্রীল আচার্য্যদেবের বিবৃতি "গৌরব" নামক ভাষ্যের সহিত প্রকাশিত হইয়াছে। শ্রীল প্রভুপাদের অনেক অপ্রকাশিত পদ্য ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ।০ আট আনা।

শ্রীসরস্বতী-সংলাপ

প্রথম খণ্ড

শ্রীশ্রীব্রহ্মমাধ্ব গৌড়ীয়-সম্প্রদায়ৈকসংরক্ষক জগদ্‌গুরু পরমহংসকুলচূড়ামণি নিত্যলীলা প্রবিষ্ট ১০৮শ্রী শ্রীমদ্ ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ বিভিন্ন জিজ্ঞাসু ও শুশ্রূষু সজ্জনবৃন্দের পরিপ্রশ্নোত্তরে ও সন্দেহ-নিরাকরণকল্পে যে-সকল পারমার্থিক সদুপদেশাবলী কীর্ত্তন করিয়াছেন, যাহা তাঁহার প্রকটকালেই 'গৌড়ীয়' সম্পাদক শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ প্রভুপাদের শ্রীচরণে সংশোধিত করাইয়া রাখিয়াছিলেন এবং যাহার কিয়দংশ গৌড়ীয়পত্রে প্রকাশিত হইয়াছে, তাহা "শ্রীশ্রীসরস্বতী সংলাপ" নাম দিয়া গ্রন্থাকারে শ্রীল প্রভুপাদের 'বক্তৃতাবলী' ও 'পত্রাবলী' আকারে খণ্ডে খণ্ডে প্রকাশিত হইতেছে। বর্তমানে শ্রীল প্রভুপাদের শতবার্ষিক বিরহ-তিথি বাসরে এই গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। মানবজীবনের বহু জটিল সমস্যা ও জটিল প্রশ্নের সমাধান ইহাতে পাওয়া যাইবে। ভক্তগণের পাঠ্যবিষয়েই এই গ্রন্থ সংগ্রহ একান্ত প্রয়োজন।

[illegible] গৌড়ীয়া

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্য [illegible] শিক্ষা ও জীবন চরিত

[illegible] অধ্যাপক [illegible] পাঠক [illegible] বহুবর্ণ ভক্তগণের [illegible] আস্বাদন করিয়া [illegible] বিরাট [illegible] জীবন-বৃক্ষ [illegible] শ্রীমদ্ভাগবত [illegible] আলোচনা। [illegible] শ্রী [illegible] গোস্বামী [illegible] ভূমিকা (Foreword) [illegible] (Preface) [illegible] (Contents) [illegible] (Glossary) [illegible] প্রকাশিত। [illegible] টাকা। প্রাপ্তিস্থান— [illegible] কলিকাতা; [illegible] জেলা- নদীয়া।

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। **শ্রীনদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস**

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। **শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস**

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। [illegible] পাক্ষিক [illegible] পারমার্থিক পত্রিকা "[illegible]" ও বহু গ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১[illegible]নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। **শ্রীভাগবত প্রেস**

কৃষ্ণনগর [illegible] অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। **পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস**

উহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

[illegible]

ম্যালেরিয়া [illegible] জীর্ণ শীর্ণকায় যুবক, পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় [illegible] পুরাতন [illegible] একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। [illegible] ছোট বোতল [illegible] আনা, বড় বোতল ১[illegible] আঠার আনা। পাইকারী [illegible]।

—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা

অথবা

[illegible] বেহালা, ২৪ পরগণা

ঠাকুর ভক্তিবিনোদ

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

[illegible] শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। [illegible] কিন্তু [illegible] শ্রীল গৌড়ীয়মঠাচার্য্যের [illegible] "গৌড়ীয়"-সম্পাদক [illegible] "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের [illegible] জীবনী [illegible] হইয়াছে। [illegible] ভিক্ষা মাত্র ৬০ আনা; ডাক মাশুল স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান— [illegible]

শ্রীগৌড়ীয়মঠ

পোঃ বাগবাজার

কলিকাতা

ই, বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(স্টার্ড টাইম)

আপ

কলিকাতা ছাঃ	৪-৫৬	৬-৩৬	৭-০৬	১১-২৬	১৪-৫৬	১৬-৫৬	১৭-৫৬	২১-২৬
রাণাঘাট পৌঃ			৮-২৮	১২-১৫				
(বদল) ছাঃ			৯-৩৪	১২-৫০				
কৃষ্ণনগর পৌঃ	৭-১	৮-৪৫	১০-৮	১৫-২৩	১৭-২৮	১৯	২০-১৬	১-১৪
(বদল) ছাঃ	৭-১১		১০-৩১		১৭-৩৮		২০-২৬	
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫১		১১-১০		১৮-১৬		২১-৪	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
রাণাঘাট পৌঃ	১২-৫৫
ছাঃ	১৩-০
শান্তিপুর পৌঃ	১৩-২৬
(বদল) ছাঃ	১৩-৩১ (লাইট রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪-১২
ছাঃ	১৪-৩০
নবদ্বীপঘাট পৌঃ	১৫-১০

ডাউন

নবদ্বীপঘাট ছাঃ	৫ ৪৫		৯-১৭		১৩-৩১	১৬-	১৮-৩১	
কৃষ্ণনগর পৌঃ	৬ ২৩	৯ ১৬	১০-৪৮	১১-৪১	১৪-১০	১৬-৩৮	১৯-১১	২১-১০
ছাঃ	৬-৩৬	৭-১৮	১০-১১			১৬ ৫৬	১৯-২৫	
রাণাঘাট পৌঃ			১০-৪৬			১৭-৩০		
(বদল) ছাঃ			১১-১			১৭-৪৩		
কলিকাতা পৌঃ	৬-১৬	৯-২১	১১-৫১	১২-১৬	১৪-১৬	১৯-১১	২১-৪১	২৫-৩৭

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৩-৩১	১৬-০	
কৃষ্ণনগর পৌঃ	১৪-১০	১৬-৩৮	
ছাঃ	১৫-২৮	১৭-৭১	
শান্তিপুর পৌঃ	১৬-৯	১৮-১৪	
(বদল) ছাঃ	১৬-৩৩	১৮-২৫ (শনিবার ভিন্ন)	২০-৪০ (শনিবার)
রাণাঘাট পৌঃ	১৭-১০	১৮-৫০	২১-১৪
(বদল) ছাঃ	১৭-৪০	১৯-১৪	২১-৫০
কলিকাতা পৌঃ	১৯-১১	২০-৪০	২৩-৩৭

পোঃ- শ্রীমায়াপুর
টেলিগ্রাম—শ্রীধাম
শ্রীমায়াপুর

REGD NO C 1544

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৪শ খণ্ড] শ্রীমায়াপুর— ২৬শে বৈশাখ, ১৩৪৬, ১০ই মে, ১৯৩৯, বুধবার [৬০শ সংখ্যা

বিবিধ সংবাদ

গৌহাটিতে প্রবল ঘূর্ণাবর্ত্ত

গত ৩রা মে রাত্রে এক প্রবল ঘূর্ণিবাত্যা গৌহাটীর উপর দিয়া চলিয়া গিয়াছে। প্রায় একঘণ্টা উহা স্থায়ী হইয়াছিল। বহু চালাঘর ও বৃক্ষ ভগ্ন পড়িয়া গিয়াছে এবং পক্ষী মারা গিয়াছে। গৌহাটী কোর্টের রেকর্ড আফিসের টিনের চাল ঝড়ের বেগে উড়িয়া গিয়াছে। উত্তর গৌহাটি হইতে বহু গরু বাছুর মারা গিয়াছে বলিয়া সংবাদ পাওয়া গিয়াছে।

পরিষদ সদস্যের মানহানির অভিযোগ

লাহোরের জনৈক ম্যাজিষ্ট্রেট ভারতীয় দণ্ডবিধির ৫০০ ধারা অনুসারে "ডেইলী ন্যাশন্যাল কংগ্রেসের" সম্পাদক ডাঃ সত্য পাল ও প্রেসের রক্ষক ধামপালের বিরুদ্ধে এক নোটিশ জারী করিয়াছেন। ব্যবস্থা পরিষদের কংগ্রেস দলভুক্ত সদস্য চৌধুরী কর্ত্তার সিং এই মর্ম্মে অভিযোগ করেন যে, গত ৮ই জানুয়ারী উক্ত পত্রিকায় একটি মানহানিকর প্রবন্ধ প্রকাশিত হইয়াছে। তাঁহার অভিযোগক্রমেই ম্যাজিষ্ট্রেট এই নোটিশ জারী করিয়াছেন।

চল্লিশ জনের বিরুদ্ধে অভিযোগ

কিষণগঞ্জের সাব-ডেপুটি ম্যাজিষ্ট্রেট মৌলবী আবদুল আলি খাঁর এজলাসে কেওগাছ থানার ৪০ জনের বিরুদ্ধে এক চাঞ্চল্যকর মামলার বিচার শুরু হইয়াছে।

ঘটনার বিবরণে প্রকাশ যে, গত ২৯শে এপ্রিল ডেপুটি পুলিশ সুপারিণ্টেণ্ডেণ্ট রায় সাহেব এ কে গাঙ্গুলী কেওগাছ থানায় যাইবার পথে বাঁশবাড়ীতে সংবাদ পান যে, পার্শ্ববর্ত্তী গ্রামে একটি জঙ্গল দখলের জন্য দাঙ্গা বাধিবার উপক্রম হইয়াছে। দুইজন কনেষ্টবল, একজন চৌকিদার সঙ্গে করিয়া তিনি ঘটনাস্থলে উপস্থিত হইয়া দেখিতে পান যে, প্রায় ১০০ শত লোক লাঠি ও মারাত্মক অস্ত্র শস্ত্র লইয়া তথায় সমবেত হইয়াছে। সময় মত পুলিশ আসিয়া পড়ায় দাঙ্গা হইতে পারে নাই। পুলিশ ৪০জনকে গ্রেপ্তার করে এবং বহু লাঠি, ১৩খানি সুরকী ও ১খানি দা তাহাদের নিকট হইতে উদ্ধার করিতে সমর্থ হয়। অবশিষ্ট দাঙ্গাকারিগণ পলাইয়া যায়। ডেপুটি সুপারিণ্টেণ্ডেণ্ট নিজে প্রথম এজাহার দেন এবং তদন্তের পর আসামীগণের বিরুদ্ধে চার্জ সীট দাখিল করা হয়।

ধরলা নদীর অসম্পূর্ণ বাঁধ

ধরলা নদীর অসম্পূর্ণ বাঁধের নিকট ১০ জন সশস্ত্র প্রহরী নিযুক্ত করা হইয়াছে। যাহাতে অন্য কেহ এই অসম্পূর্ণ বাঁধটি সম্পূর্ণ করিতে না পারে তজ্জন্যই এই ব্যবস্থা অবলম্বন করা হইয়াছে।

সম্প্রতি জনসাধারণের একটি সভায় প্রস্তাব গৃহীত হইয়াছে যে, বর্ষার পূর্ব্বে বাঁধটি সম্পূর্ণ না হইলে তাহাদের কষ্টের অন্ত থাকিবে না। অতএব নদীর পাড়ে যে অব্যবহৃত মাল মশলা পড়িয়া আছে, তাহা দ্বারাই স্থানীয় অধিবাসিগণ বাঁধ নির্ম্মাণ শুরু করিয়া দিবে।

অবশ্য কর্ত্তৃপক্ষের বিনা অনুমতিতে স্থানীয় অধিবাসিগণ কর্ত্তৃক সেইরূপ কোন প্রচেষ্টাই হয় নাই।

যুদ্ধ করিতে জাপানের অনিচ্ছা

"জাপান যে আর অধিক দিন যুদ্ধ চালাইতে সক্ষম হইবে না, নানাভাবে তাহার নমুনা পাওয়া যাইতেছে। যুদ্ধ চালাইতে থাকিলে জাপানের নিজেরই সর্ব্বনাশ হইবে; অধিকন্তু যত দিন যাইতেছে, জাপানে ও চীনের জাপান অধিকৃত অঞ্চলে যুদ্ধ বিরোধী মনোভাব ক্রমে বৃদ্ধি পাইতেছে"—চীন নাবিক-সঙ্ঘের চেয়ারম্যান মিঃ ইয়াং হি মিথিন ভারত নাবিক ফেডারেশনের সভাপতি, ব্যবস্থা পরিষদের সদস্য মিঃ আফতাব আলির নিকট এক পত্রে উপরোক্ত কথাগুলি বলিয়াছেন।

আসামে নিরক্ষরতা বিদূরণ

প্রকাশ আসাম হইতে নিরক্ষরতা দূর করার জন্য আসাম গবর্ণমেণ্ট ৫০০০ টাকা মঞ্জুর করিয়াছেন। শীঘ্রই পরীক্ষামূলক ভাবে কাজ আরম্ভ করা হইবে। প্রত্যেক মহকুমার ছোট ছোট নির্দ্দিষ্ট এলাকায় কাজ আরম্ভ করা হইবে।

ব্যবস্থাপক সভার অধিবেশন শেষ হইলেই প্রধান মন্ত্রী ও শিক্ষামন্ত্রী শ্রীযুক্ত গোপীনাথ বরদলৈ গৌহাটী মহকুমায় নিরক্ষরতা দূরীকরণের প্রচেষ্টা আরম্ভ করিবেন এবং অন্যান্য মহকুমায়ও ঐ সময় কাজ আরম্ভ করিতে আদেশ জারি করা হইবে।

চুরির অপরাধে এক ব্যক্তির কঠোর সাজা

উত্তর কলিকাতার কুণ্ডু লেনে এক বাড়ীতে চুরি সম্পর্কে মিঃ বাবাছন নামে জনৈক নেপালী ও প্রমীলাবালা দাসী নাম্নী জনৈকা স্ত্রীলোককে অনারারী প্রেসিডেন্সী ম্যাজিষ্ট্রেট খানবাহাদুর আই এম মুখার্জ্জির এজলাসে অভিযুক্ত করা হয়।

প্রথম আসামীর বিরুদ্ধে দরজার তালা ভাঙ্গিয়া বাড়ীর মধ্যে প্রবেশ ও অলঙ্কার চুরির অভিযোগ আনা হয়।

উক্ত আসামীকেই চোরাই মাল রাখা ও বিক্রয়ের অভিযোগেও অভিযুক্ত করা হয়।

ম্যাজিষ্ট্রেট প্রথম আসামীর প্রতি দুই বৎসর সশ্রম কারাদণ্ড ও দণ্ডভোগের পর ২ বৎসরের জন্য পুলিশের নজরবন্দী থাকিবার আদেশ দিয়াছেন।

দ্বিতীয় আসামীকে মুক্তি দেওয়া হইয়াছে।

কোর্ট ইন্সপেক্টর জে এন লাহিড়ী সরকার পক্ষে উপস্থিত ছিলেন।

সাংহাইর আন্তর্জাতিক এলাকা

সাংহাইর আন্তর্জাতিক এলাকার শাসন ব্যবস্থার আমূল পরিবর্ত্তনের প্রস্তাব করিয়া সহকারী জাপ-পররাষ্ট্র সচিব মিঃ সাওয়াডা বৃটিশ ও মার্কিন রাষ্ট্রদূতের নিকট দুইটি 'নোট' দিয়াছেন। বৃটিশ ও মার্কিন রাষ্ট্রদূত মিঃ সাওয়াডার প্রস্তাব তাঁহাদের স্ব স্ব গবর্ণমেণ্টকে জানাইয়াছেন।

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—শ্রীল আচার্য্যদেবের পরিব্রাজকাচার্য্য গোস্বামী মহার তত্ত্বাবধানে ইংরাজী পাক্ষিক। শ্রীগৌড়ীয় মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা ৩ টাকা মাত্র।

২। গৌড়ীয়—[illegible] পাক্ষিক শ্রীমদ্ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয় মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩, বৎসরিক ১০ টাকা মাত্র।

৩। ভাগবত [illegible] একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয় মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১, টাকা।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ টাকা মাত্র।

৫। শ্রীগৌড়ীয়—[illegible] শ্রীমদ্ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয় মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ মাত্র।

পরমগুরু শ্রীগৌরকিশোর

গৌড়ীয়-সম্পাদক লিখিত, শ্রীগৌড়ীয়মঠাচার্য্যের ভূমিকা-সম্বলিত, বহুচিত্র-শোভিত ও বিবিধ তথ্যসমন্বিত "পরমগুরু শ্রীগৌরকিশোর" গ্রন্থখানি প্রকাশিত হইয়াছেন। এই গ্রন্থখানিতে শুদ্ধগৌড়ীয়বৈষ্ণবজগতের পরমারাধ্য, গৌড়ীয়গোষ্ঠীপতি অপ্রাকৃত বৈষ্ণবের মুকুটমণি নিত্যলীলাপ্রবিষ্ট পরমহংস ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল গৌরকিশোর দাস গোস্বামী প্রভুবরের অপূর্ব্ব চরিতকথা বর্ণিত আছে।

শ্রীশ্রীভক্তিবিনোদাবির্ভাব-শতবর্ষপূর্ত্তিতিথিপূজার উপায়ন-গ্রন্থমালা

——:o:——

১। গীতিসাহিত্যে শ্রীভক্তিবিনোদ

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র গীতিসাহিত্যের সমালোচনা গ্রন্থ)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

২। শ্রীভক্তিবিনোদবাণীবৈভব

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের রচনাসমূহ হইতে অন্যূন ১০৮টি অধ্যায়ে সম্বন্ধ-অভিধেয়-প্রয়োজনাকারে গ্রথিত অমূল্য উপদেশপূর্ণ গ্রন্থ)

ভিক্ষা—৩৲ তিন টাকা মাত্র।

৩। শ্রীশ্রীভক্তিবিনোদ-প্রসঙ্গ

ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ ও ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের পরম্পরাগত গোস্বামীগণ-[illegible] এবং গৌড়ীয়ে প্রকাশিত শ্রীশ্রীভক্তিবিনোদ-চরিত-[illegible]

ভিক্ষা—৷৵০ ছয় আনা মাত্র।

৪। ছাত্রদের ভক্তিবিনোদ

(ছাত্রদের উপযোগী ভাষায় লিখিত শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত ও শিক্ষা)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

ছাত্রদের পক্ষে ভিক্ষা—॥০ আট আনা মাত্র)

প্রাপ্তিস্থান :—

(১) 'ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট', পোঃ শ্রীমায়াপুর, নদীয়া ;

২) শ্রীগৌড়ীয় মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ;

৩) শ্রীযুক্ত সুধাংশুরঞ্জন দাস এম-এ, বি-এল, পুরাণপল্টন, পোঃ রমনা, ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বাঙ্গালা অক্ষরে প্রকাশিত

১। শ্রীচৈতন্যচরিতামৃত,—প্রথম ৪০৲, প্রথম খণ্ড হইতে নবম খণ্ড পর্যন্ত ১৮৲ প্রতি খণ্ড—
২। ভাগবত দিগ্দর্শন শ্রীচৈতন্যভাগবত (অর্দ্ধাংশ) ৲
৩। ভাগবতে শ্রীচৈতন্যশিক্ষামৃত ৬
৪। প্রবন্ধ বা কবিতা (অর্দ্ধাংশ)
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী ১ম খণ্ড ৬, ২য় খণ্ড ১৲, ৩য় খণ্ড—৸০ ৪র্থ খণ্ড ৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী ১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸
৭। শ্রীচৈতন্যমঙ্গল ১৲
৮। মহাপ্রভুর শিক্ষা ও অবতার ১৷০
৯। [illegible] ২৲
১০। [illegible] ২৲
১১। [illegible] (বাঁধা) ২৲
১২। শ্রীগৌরাঙ্গপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনাম-চিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। [illegible] (দ্বিতীয় সংস্করণ) ৷০
১৫। বৈষ্ণবসিদ্ধান্ত-বিধি ছত্র ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। [illegible] ।০
১৮। [illegible]
১৯। [illegible] ।০
২০। গৌড়ীয় গৌরব ।৶০
২১। গৌড়ীয়-গীতিগুচ্ছ ।৶০
২২। [illegible] ।০
২৩। শ্রীচৈতন্যচরিতামৃত ও শ্রীনবদ্বীপধাম (বাঁধা)
২৪। গীতা (শ্রীধরের টীকা সহ)
২৫। গীতা (চক্রবর্তী টীকাসহ, বাঁধা) ১৲
২৬। গীতার কেবল মাত্র ভাষা ।০
২৭। পুরুষার্থ-[illegible] (সাধনাদি) ১৲
২৮। [illegible] (সাধনাদি) ।০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৸০
৩০। শ্রীল বিশ্ব-দর্শন ৶০
৩১। সাধনপথ (দ্বিতীয়-সংস্করণ) ।৶০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ।০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶০
৩৫। গীতমালা ৵১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৶০
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৶০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমা ।০
৪০। শরণাগতি ৵০
৪১। গীতাবলী ৵০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
৪৩। সাধনতত্ত্ব ৵০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ৵
৪৫। নবদ্বীপশতক
৪৬। [illegible]
৪৭। সদাচারস্মৃতিঃ ০৵
৪৮। কল্যাণকল্পতরু (নূতন সংস্করণ) ৵১০
৪৯। অর্চ্চন-[illegible] ৵১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা সমাহৃতি (১ম ও ২য় খণ্ড) ৲
৫১। বন্ধুবান্ধব ।০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।০
৫৩। গোবিন্দলীলামৃত ৸০
৫৪। পুরুষার্থ বিনির্ণয় ।
৫৫। [illegible] বা [illegible] ।
৫৬। ভাগবত ও বিরুদ্ধ [illegible] ৶০
৫৭। উপদেশামৃত (ভাষ্যসহ) ।০
৫৮। শ্রীস্তবাবলী ৶০
৫৯। সিদ্ধান্তদর্পণ ৶০
৬০। সাধ্যবাণী ৵০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যচরিতামৃতম্ ।০
৬২। সিদ্ধান্ত সরস্বতী বিবৃতিঃ ।০
৬৩। পটীক-[illegible] ।০
৬৪। [illegible] ।০
৬৫। সাধনায় [illegible] ৶০
৬৬। গৌড়ীয়সম্প্রদায়িকঃ
৬৭। সারাৎসার [illegible] ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।০
৬৯। [illegible] ৸০
৭০। [illegible] ৵০
৭১। বেদান্ত—[illegible] ।০
৭২। [illegible] ।৶০
৭৩। [illegible] শ্রীচৈতন্য মহাপ্রভু ।০
৭৪। [illegible] ।০
৭৫। [illegible] ৵০
৭৬। [illegible] ।০
৭৭। [illegible]
৭৮। [illegible]
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (প্রথম খণ্ড) ৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীনামাচার্য্য ।০
৮১। সাধন-পথ ।০
৮২। কল্যাণ-কল্পতরু ৶০
৮৩। গীতাবলী ৵০
৮৪। শরণাগতি ৵০

আসামী ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ৵০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয় মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

একমাত্র পারমার্থিক দৈনিক পত্র

শ্রীধাম-মায়াপুর-নদীয়া

১৭শ বর্ষ { ৭ ত্রিবিক্রম ৪৫৩ গৌরাব্দ, ২৬শে বৈশাখ বঙ্গাব্দ ১৩৪৬, ১১ই মে ইং ১৯৩৯, বুধবার } ৬০শ সংখ্যা

সাময়িক-প্রসঙ্গ

—:(*):—

গৌড়ীয়-বৈষ্ণবাচার্য্যবর্য্য অষ্টোত্তরশতশ্রী শ্রীমদ্ ভক্তি বান্ধব পরমহংস গোস্বামী ঠাকুর শ্রীচৈতন্যমঠে অবস্থান করিয়া নিরন্তর শ্রীহরিকথা কীর্ত্তন করিতেছেন। বৈষ্ণব-সম্রাট্ শ্রীশ্রীল আচার্য্যদেবের শ্রীমুখে বীর্য্যবতী হরিকথা শ্রবণ করিয়া ভক্তবৃন্দ সকলেই পরমোপকৃত ও পরমোৎসাহিত হইতেছেন।

গৌড়ীয়মিশনের সেক্রেটারী মহামহোপদেশক অধ্যাপক শ্রীপাদ নারায়ণদাস ভক্তিসুধাকর, ভক্তিশাস্ত্রী, এম্-এ মহোদয় সপ্তাহাধিককাল শ্রীধাম মায়াপুর শ্রীচৈতন্যমঠে শ্রীশ্রীআচার্য্যপাদপদ্মে অবস্থান করিয়া নিরন্তর হরিকথা কীর্ত্তন করিয়াছেন। তাঁহার আচার-প্রচার-পরায়ণ জলন্ত আদর্শ ও নির্ভীক হরিকথা কীর্ত্তন শ্রবণ করিয়া ভক্তবৃন্দ উত্তরোত্তর শ্রীআচার্য্যপাদপদ্মে আকৃষ্ট ও অসৎসঙ্গত্যাগে দৃঢ়সঙ্কল্প হইয়াছেন। তিনি গত ৭ই মে রবিবার অপরাহ্ণ ২ ঘটিকার সময় কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠে গমন করেন। তাঁহাকে পাইয়া তথাকার ভক্তবৃন্দ সকলেই পরমানন্দিত হইয়াছেন।

শ্রীশ্রীবিশ্ববৈষ্ণবরাজসভার অন্যতম প্রচারক ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিবৈভব সাগর মহারাজ গত ৬ই মে শনিবার কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠ হইতে রওনা হইয়া শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের ভজনস্থলী গোদ্রুম শ্রীস্বানন্দসুখদকুঞ্জে শুভাগমন করিয়া ঐ রাত্রি তথায় অবস্থান করেন। তৎপর দিবস পূর্ব্বাহ্ণে ১০ ঘটিকার সময় শ্রীধাম মায়াপুর শ্রীচৈতন্যমঠে শ্রীশ্রীআচার্য্যপাদপদ্মে উপস্থিত হন। তৎপর দিবস পুনরায় শ্রীগৌড়ীয়মঠে প্রত্যাবর্ত্তন করেন।

ঐ দিবস স্বামীজী সন্ধ্যারাত্রিকের পর শ্রীচৈতন্যচরিতামৃত পাঠ ও ব্যাখ্যা করেন। প্রাতে শ্রীপাদ অনঙ্গমোহন ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী, ভক্তিসর্ব্বস্ব মহোদয় শ্রীচৈতন্যভাগবত এবং মধ্যাহ্নে শ্রীপাদ জগন্নাথদাস ব্রহ্মচারী ভক্তি-মঙ্গল গৌড়ীয় পাঠ ও ব্যাখ্যা করেন। পাঠের আদি ও অন্তে মহামন্ত্র ও মহাজন-পদাবলী কীর্ত্তন হয়।

শ্রীধাম মায়াপুর যোগপীঠ শ্রীমন্দিরে পরমারাধ্যতম শ্রীশ্রীল আচার্য্যদেবের আনুগত্যে নিরন্তর পাঠ-কীর্ত্তন ও হরিকথা আলোচনা হইতেছে। প্রাতে মঙ্গলারাত্রিকের পর শ্রীপাদ হরিবিনোদ দাসাধিকারী মহোদয় শ্রীচৈতন্যভাগবত পাঠ ও ব্যাখ্যা করেন। মধ্যাহ্নে শ্রীপাদ নন্দকিশোর ভক্তিশাস্ত্রী, কৃত্তিবেশিক প্রভু এবং সন্ধ্যায় পণ্ডিত শ্রীপাদ মন্মথনাথদাস কাব্যতীর্থ, ভক্তিশাস্ত্রী মহোদয় শ্রীমদ্ভাগবত পাঠ ও ব্যাখ্যা করেন। পাঠের আদি ও অন্তে মহাজন-পদাবলী ও মহামন্ত্র কীর্ত্তন হয়।

শ্রীশ্রীনৃসিংহজয়ন্তী

(৫ম পৃষ্ঠার পর)

বিষ্ণুনামপরায়ণ বিষ্ণুমায়াজ্ঞান।
বিষ্ণুনাম করে সদা বিষ্ণু করে ধ্যান॥
দেখিয়া অসুরপতি ক্রমে ক্রুদ্ধ হয়!
কি করিলে চিত্তে সদা পায় দুঃখ ভয়॥
গুরুদ্বয় ষণ্ডামর্ক অতি ভীত হ'ল।
রাজার সমীপে আসি নিবেদন কৈল॥
অবশেষে বলে রাজা ডাকিয়া সবারে।
যে কোন উপায়ে মার এই প্রহ্লাদেরে॥
আজ্ঞা পেয়ে দুষ্টজন চলিল সত্বরে।
প্রহ্লাদে লইয়া ফেলে অগ্নির ভিতরে॥
তথায় প্রহ্লাদ উচ্চ স্বরে হরিনাম।
দেখি অগ্নি নিজ ক্রোড়ে দিলেন বিশ্রাম
তার পর দয়ে ফেলে হস্তিপদতলে।
তথায় ভক্তবর হরি হরি বলে॥
সাধুমুখে হরিনাম শুনি হস্তিবর।
শুণ্ডে করি যত্নে নিল পৃষ্ঠের উপর॥
তারপর ফেলে দিল গিরিশৃঙ্গ হ'তে।
অনন্ত রক্ষিল ভক্ত কৃষ্ণ-ইচ্ছা মতে॥
এবার পাষাণ বান্ধি ফেলে সিন্ধুজলে।
সবে দেখে ভাসে শিলা সিন্ধুবক্ষঃস্থলে॥
এইরূপে নানারূপ অত্যাচার করে।
বহু তীক্ষ্ণ অস্ত্র মারে শিরের উপরে॥
অস্ত্রে শস্ত্রে নাহি মরে যখন দেখিল।
অবশেষে বিষ পানে মারিতে বলিল॥
এত করি দুষ্ট রাজা কাষ্ঠ না হইল।
সিংহাসনে সেই দুষ্ট গর্জ্জিতে লাগিল॥
অবশেষে দৈত্যরাজ প্রহ্লাদে জিজ্ঞাসে।
ত্রিভুবন প্রকম্পিত সদা মোর ত্রাসে॥
সেই ত্রিভুবন-জয়ী অবহেলি মোরে।
কার বলে বলীয়ান্ বল মম ক'রে॥
প্রহ্লাদ কহিল মোর রক্ষাকর্ত্তা হরি।
তাঁর নামাভাসে সর্ব্ব বিপদেতে তরি॥
হিরণ্যকশিপু বলে তোর হরি কোথা।
প্রহ্লাদ বলেন হরি থাকেন সর্ব্বথা॥
দম্ভপ্রকাশিয়া রাজা গর্জ্জে ঘোর স্বরে।
তোর হরি আছে কিরে স্তম্ভের ভিতরে॥
প্রহ্লাদ বলেন হরি [illegible]।
মুষ্ট্যাঘাত করে স্তম্ভে সে দুষ্ট ক্রোধেতে॥
হইল ভীষণ নাদ সবে হল ভীত।
নরসিংহরূপে হরি হন আবির্ভূত॥
ভক্তবাঞ্ছা-পূর্ণকারী প্রভু ভগবান্।
হিরণ্যকশিপু দুষ্টে হৈলা খানখান॥
দুষ্ট দৈত্যে বধি নখ [illegible] করে॥
সেই কালে দেবগণ পুষ্পবৃষ্টি করে॥
ভক্ত আসি স্তুতি করে অতি সযতনে।
ক্রমে বিশ্বপতি শান্ত হলেন তখনে॥
সেকালে প্রহ্লাদ আসি কত স্তব কৈল।
ভক্তবাঞ্ছাপূর্ণকারী আনন্দিত হৈল॥
প্রহ্লাদে ডাকিয়া বর দিলেন তখন।
এরূপে ভক্ত-হরি [illegible]॥
দুষ্টের দমন আর শিষ্টের পালন।
যুগে যুগে করে প্রভু [illegible] স্থাপন॥
ভক্ত হিংসা কভু যেন না কর শ্রবণ।
[illegible]॥
[illegible] নাম।
[illegible]।
সেই [illegible]।
[illegible]॥
[illegible]।
[illegible]।
জন্মে জন্মে যেন তাঁর নাম যশ গাই।
তব আবির্ভাব দিনে [illegible] চাই॥
এইমাত্র ভিক্ষা প্রভু তোমার চরণে।
ভক্তিবিঘ্ন দূর কর [illegible] সনে॥

মায়ারে করিয়া জয় ছাড়ান না যায়। সাধু-গুরু কৃপা বিনা না দেখি উপায়॥

"সম্বন্ধ জ্ঞানের সহিত হরিনাম গ্রহণ করিলে কোন বিরোধীই আপনার কোন অনিষ্ট করিতে পারিবে না। ভগবানের নাম-ভজন না করিলে জীবের অন্য কোন প্রকারে মঙ্গল হয় না। শ্রীনামই সাক্ষাৎ ভগবান্; কেবল সংসারিক চক্ষে ভগবানের নাম ও ভগবান্ পৃথক্ বোধ হয়। মুক্ত পুরুষগণ শ্রীনামকেই ভগবান্ জানেন।

(শ্রীল প্রভুপাদ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

৭ বিবিক্রম কৃত [illegible] গৌরাব্দ ৪৪৫

ভক্ত ও ভগবান্

ভক্ত ও ভগবান্ উভয়েই সচ্চিদানন্দতত্ত্ব—অপ্রাকৃতবস্তু। তাঁহারা স্বপ্রকাশবস্তু। তাঁহাদের কৃপা ব্যতীত তাঁহাদিগকে জানা যায় না। তাঁহাদের চরণে শরণাগত জনগণই তাঁহাদের দর্শন পান। ভগবানের পাদপদ্ম জানিতে হইলে ভগবানের নিজজনস্বরূপ তাঁহার অন্তরঙ্গ নিজজনগণের সেবোন্মুখ ইন্দ্রিয়ের প্রত্যক্ষ অনুভূতিই একমাত্র সাধন। সেখানে জড়েন্দ্রিয়ের কোন কথা নাই। তাহা চিৎপ্রত্যক্ষ—জড়েন্দ্রিয়গ্রাহ্য নহে। ভক্তজনের এই আত্মপ্রত্যক্ষানুভূতিই অধোক্ষজের নির্দ্দেশ একমাত্র প্রমাণ। সেই অনুভূতিই অবতারণার বা পর্য্যাবসান [illegible]। ভক্তের কৃপায় যেরূপ ভগবানের সন্ধান মিলে, সেইরূপ ভগবানের কৃপায় ভক্তের সন্ধান পাওয়া যায়। এতদ্ব্যতীত অপ্রাকৃত-বস্তু-সাক্ষাৎকারের অন্য উপায় নাই।

ভক্ত হৃদয়েই—বিশুদ্ধচিত্তেই ভগবানের আবির্ভাব। ভক্তের জন্ম ব্যাপারটী প্রাকৃত নয়। প্রাকৃত জীবের ন্যায় চরম ধাতু প্রভৃতিতে প্রবিষ্ট হইয়া ভগবান্ বা [illegible] কখনও জন্ম গ্রহণ করেন না। ভগবান্ হইতেই [illegible]। তিনি সর্ব্বকারণকারণ। সুতরাং তাঁহার জনক কেহ নাই। [illegible] বা জনক। তিনি সচ্চিদানন্দবিগ্রহ। তথাপি তিনি বাৎসল্যরস-রসিকগণের প্রেমবাধ্য, তাঁহাদের নিত্য পুত্ররূপে নিত্য বিরাজিত। তাই শুদ্ধসত্ত্ব বসুদেব-দেবকী বা শচী-জগন্নাথের বিশুদ্ধচিত্তে ভগবানের আবির্ভাব বা জন্মলীলা প্রকাশ। পূর্ব্বদিক্ যেরূপ চন্দ্রকে ধারণ করে, শুদ্ধসত্ত্ব ভক্তগণও সেইরূপ অপ্রাকৃত মনের দ্বারা ভগবান্‌কে হৃদয়ে ধারণ করেন। বাহিরে প্রকটলীলা প্রদর্শন করিবার পূর্ব্বে বিশুদ্ধ মনে ভগবানের আবেশ যে কেবল বসুদেব-দেবকীতেই দৃষ্ট হয় তাহা নহে, সর্ব্বত্রই এই নিয়ম। শ্রীনারদ, প্রহ্লাদ, ধ্রুব প্রভৃতি মহাভাগবতগণের [illegible] ভগবান্ [illegible] হইয়া পরে বাহিরে প্রকাশিত হয়েন।

জগতে জন্মগ্রহণশীল [illegible] [illegible] সম্বন্ধে [illegible]। [illegible] কথা [illegible] করিলে এতদ্বিষয় বুঝিতে পারি। [illegible] বা বসুদেব-দেবকী নিত্যসিদ্ধ [illegible]। তাঁহাদের জন্ম ও দেহ অপ্রাকৃত—অপ্রাকৃত। তাঁহারা মায়াতীত [illegible]। প্রাকৃতের গন্ধলেশও তাঁহাদের মধ্যে নাই। তাঁহারা গৌরকৃষ্ণ-[illegible] গৌরকৃষ্ণের ইন্দ্রিয়তৃপ্তিবিধান ব্যতীত তাঁহাদের অন্য কামনা নাই। তাঁহাদের বিশুদ্ধ হৃদয়ে গৌরের নিত্যবাস। সেই বিশুদ্ধসত্ত্বেই বাসুদেবের আবির্ভাব। [illegible] প্রাকৃতরক্তমাংসময়দেহ [illegible] স্ত্রী-পুরুষের কামক্রিয়া ও গর্ভের [illegible] শচী জগন্নাথের মিলন বা গর্ভসঞ্চার হয় নাই। সুতরাং তাহা মনে মনে চিন্তা করাও [illegible] ভীষণ অপরাধ। শচী ও জগন্নাথ উভয়েই গুরু—উভয়েই সেবক-অভিমানী—উভয়েই কৃষ্ণসেবার জন্য ব্যস্ত। তাঁহাদের পুরুষাভিমান নাই—স্ত্রী-পুরুষাভিমান নাই। তাঁহারা সেবা-[illegible]। তাঁহারা কৃষ্ণধনে ধনী। কৃষ্ণসেবাই তাঁহাদের [illegible]। তাঁহারা কৃষ্ণসেবাপ্রার্থী। তাঁহাদের কৃপা হইলে জীবের পুরুষাভিমান বা ভোক্তাভিমান অপসারিত হইয়া হৃদয়ে সেবাভিমান [illegible] হয়। তাঁহাদের কৃপাতেই অযোগ্য দুর্গত জীব সেবা-সৌভাগ্য লাভ করিয়া কৃতার্থ হয়।

দেবকীর যে ষড়্গর্ভ বিনাশের কথা [illegible], তাহাকে [illegible] সম্বন্ধে [illegible] [illegible]। [illegible] বিষয়ের সহিত তুলনা [illegible] এবং [illegible] বলিয়াছেন যে, এই [illegible] ষড়্‌বিধ বিষয়-নিবৃত্তি [illegible], বংশও সেইরূপ দেবকীর গর্ভজাত ষড়্গর্ভ নাশক অষ্টম গর্ভে ভগবান্ অবতীর্ণ হয়। বিষয় নিবৃত্ত হইলে যেমন ভক্তহৃদয়ে ভগবদ্দর্শনঃ সেবার্থী প্রেমভক্তির আবির্ভাব হয়, দেবকীতেও সেইরূপ ষড়্‌গর্ভ নাশক অসুর বিনষ্ট হওয়ার পর সপ্তমগর্ভে শয্যা-আসনাদিরূপ অনন্তদেবের আবির্ভাব হইয়া থাকে। প্রেমভক্তির উদয় হইলেই ভগবৎ-সাক্ষাৎকার লাভ হয়।

শচীদেবীর যে অষ্টক [illegible] মৃত্যুর পর নবমগর্ভে বিশ্বরূপের আবির্ভাব ও দশমগর্ভে গৌরাবির্ভাবের কথা শুনা যায়, তদ্বিষয়ে ভক্তগণ সিদ্ধান্ত করেন যে, অষ্ট প্রকৃতিতে আবদ্ধ থাকাকালে জীবের স্বরূপের উদয় হয় না। অষ্ট প্রকৃতি স্ব স্ব কারণে বিলয় প্রাপ্ত হইলে অর্থাৎ গুরুকৃষ্ণ-কৃপায় পাঞ্চ-ভৌতিক স্থূলদেহ ও মনোবুদ্ধি-অহঙ্কারাত্মক সূক্ষ্মদেহে আত্মবুদ্ধি বিগত হইলে শুদ্ধ জীবাত্ম-স্বরূপ ও তৎসহ পরমাত্মার উদয় হয়। জীবাকর্ষী সঙ্কর্ষণের অবতার বিশ্বরূপের বা সেবাবিগ্রহের আবির্ভাবের পরে সেব্যতত্ত্ব ভগবান্ গৌরসুন্দরের আবির্ভাব হইয়া থাকে। গুরু-কৃষ্ণ-কৃপায় মায়ামুক্ত হইয়া জীব-হৃদয় যখন শুদ্ধসত্ত্ব হয়, সেই সময় তাঁহার সেবোন্মুখী অবস্থায় অর্থাৎ সেবকাভিমানে সেবাবিগ্রহ গুরুরূপী শ্রীসঙ্কর্ষণ সেব্যবিগ্রহ গৌরসুন্দরকে প্রদান করেন। তৎকালে জীবহৃদয় শুদ্ধগৌরাঙ্গের বিলাসক্ষেত্র নবদ্বীপ বৃন্দাবনরূপে প্রকাশিত হয়।

প্রলম্ব

(প্রাপ্ত)

ভগবান্ রামকৃষ্ণ গোপালন ছলনা করিয়া কৃষ্ণসখাগণের সঙ্গে বৃন্দারণ্যে বিহার করিতেছিলেন। চিত্রবিচিত্রতাপূর্ণ অপ্রাকৃত মাধুর্য্যময় ব্রজধামের প্রভাববশতঃ ষড়্‌ঋতু যেন কৃষ্ণের বাসনানুসারে কৃষ্ণসেবার সর্ব্বক্ষণ ব্যস্ত। বৃন্দারণ্যে অগাধসলিলা কালিন্দী নদী তরঙ্গে তরঙ্গায়িত হইয়া তীরদেশ স্পর্শ করিয়া পূজা করিতেছিল। বনরাজি অতিশয় শোভাময় ও কুসুমিত হইয়াছিল। পশুপক্ষীগণ শব্দ, ময়ূর ও ভ্রমরগণ সঙ্গীত, কোকিল ও সারসগণ কূজন করিতেছিল। ভগবান্ শ্রীকৃষ্ণ [illegible] গোপগণের দ্বারা পরিবৃত হইয়া বলদেব সহ বেণুবাদন করিতে করিতে সেই বনে প্রবেশ করিলেন। ভগবান্ রামকৃষ্ণ ও [illegible] ময়ূরপুচ্ছ, পুষ্পগুচ্ছ ও মালাদি [illegible] হইয়া নৃত্য গীত ও ক্রীড়া কৌতুকে [illegible] হইলেন। এইরূপে ভগবান্ [illegible] পরিকরসহ নানাবিধ ক্রীড়ায় [illegible] বৃন্দাবনের নদী, পর্ব্বত, সরোবর, কুঞ্জবন ও সরোবর সমূহে বিহার করিতে-ছিলেন।

এই সময় প্রলম্ব নামক একটী অসুর গোপরূপ ধারণ করিয়া রামকৃষ্ণের নিকট উপস্থিত হইল। ছদ্মবেশী কংসানুচর প্রলম্বাসুর রামকৃষ্ণের হরণমানসে গভীরকর্ম্মশীল গোপগণের মধ্যে প্রবেশ করিয়াছিল। সর্ব্বদর্শী ভগবান্ শ্রীকৃষ্ণ তাহার উদ্দেশ্য জানিতে পারিয়াও তাহাকে বধ করিতে ইচ্ছা না করিয়া প্রলম্বকে 'বন্ধু' বলিয়া স্বীকার করিয়াছিলেন। ক্রীড়ারসজ্ঞ শ্রীকৃষ্ণ তখন গোপালগণকে আহ্বান করিয়া বলিলেন—হে গোপগণ! আমরা দুইভাগে বিভক্ত হইয়া যথাযথভাবে ক্রীড়া করি। অতঃপর গোপগণ সেই ক্রীড়ায় রামকৃষ্ণকে দুইপক্ষের নায়ক স্বীকার করিলেন। গোপগণের মধ্যে কতিপয় কৃষ্ণের পক্ষে এবং কতিপয় বলরামের পক্ষে যোগদান করিলেন। তাঁহারা বাহ্য ও বাহকভাবে নানারূপ ক্রীড়ায় আচরণ করিলেন। সেই ক্রীড়ায় বিজেতাগণ পরাজিতের স্কন্ধে আরোহণ এবং পরাজিতগণ তাঁহাদিগকে বহন করিলেন। এইরূপে কৃষ্ণানুবর্ত্তী গোপগণ কেহ কেহ বাহকরূপে এবং কেহ কেহ অন্য স্কন্ধ বাহিত হইয়া গোচারণ করিতে করিতে ভাণ্ডীরক নামক বটবৃক্ষমূলে গমন করিলেন। যখন বলদেবের পক্ষস্থ শ্রীদামাদি গোপগণ খেলায় জয়ী হইতেন, তখন শ্রীকৃষ্ণ প্রভৃতি গোপগণ তাঁহাদিগকে বহন করিতেন। ভগবান্ শ্রীকৃষ্ণ পরাজিত হইয়া শ্রীদামকে, ভদ্রসেন বৃষভকে এবং প্রলম্বাসুর বলদেবকে বহন করিতেছিল। প্রলম্বাসুর বলদেবকে বহন পূর্ব্বক সত্বর নির্দ্দিষ্ট স্থান হইতে [illegible] নেত্রের অগোচর স্থানে প্রস্থান করিল।

বলদেব প্রলম্বাসুরের অভিসন্ধি বুঝিতে পারিয়া দেহভার পর্ব্বত প্রমাণ বৃদ্ধি করিলেন। প্রলম্বাসুর বলদেবের মেরুসদৃশ দেহভার বহন করিতে না পারিয়া লুপ্তগতি হইয়া স্বীয় অসুররূপ প্রকাশ করিল। বলদেব প্রলম্বাসুরের অদ্ভুত আকারের আস্ফালনে বিস্মিত হইলেন। অতঃপর দৈত্যবধের জন্যই তাঁহার অবতার এইকথা জানিয়া ইন্দ্র যেরূপ বজ্রের দ্বারা গিরিশৃঙ্গে প্রহার করেন, সেইরূপ নিঃশঙ্কচিত্তে অপহরণকারী অসুরের মস্তকে দৃঢ় মুষ্টিবজ্রদ্বারা প্রহার করিতে লাগিলেন। দারুণ মুষ্টি বজ্রাঘাতে অসুরের মস্তক বিদীর্ণ হইল। লুপ্তগতি হইল। পুনঃ পুনঃ রুধির বমন ও মহাশব্দ করিতে করিতে প্রাণত্যাগ করিয়া প্রলম্বাসুর ইন্দ্রের বজ্রাহত পর্ব্বতের ন্যায় ভূপতিত হইল। মহাবলশালী বলদেবের মহাকপট প্রলম্ব ভয় নিবারণে

মহৎকৃপা বিনা কোন কর্ম্মে ভক্তি নয়। কৃষ্ণভক্তি দূরে রহু সংসার নহে ক্ষয়।

চতুর্দ্দিক্ হইতে 'সাধু,' 'সাধু' ধ্বনি উত্থিত হইল। দেবগণ নন্দন-কুসুম-মাল্য বর্ষণ করিয়া আনন্দ প্রকাশ করিতে লাগিলেন।

রামকৃষ্ণের গোষ্ঠেও নানাপ্রকার অসুরের ও আধ্যক্তিার উপদ্রব হইয়াছিল। প্রতি যুগেই বলদেবের লীলায় অসুর নিধন ও ভক্তানন্দ বর্দ্ধনের কথা আমরা শাস্ত্রে শুনিতে পাই। কেহ প্রকাশ্যভাবে রামকৃষ্ণের বিরোধাচরণ করিয়াছে, কেহ প্রলম্বাসুরের মত আনুগত্যের ভাণ দেখাইয়া কাপট্য বিস্তার করিয়া অপ্রাকৃত কৃষ্ণবিলাসের বিনাশে উদ্যত হইয়াছে, কিন্তু কপটতা কখনও অপ্রাকৃতত্ত্বের ধ্বংস করিতে পারে না। বলদেবাভিন্ন গুরুদেবের প্রতি কপটতা কতক্ষণ বহন করিতে পারে ? ... হইবেই হইবে। কপটতা ... শ্রী পাদপদ্মকে দূরে ফেলাইয়া ... অবস্থায় বিনাশ করিয়া নিজের আধিপত্য বিস্তার করিবে। কিন্তু কপটতার সেই দুরাশা কখনই পূর্ণ হয় না। পরন্তু সিদ্ধান্ত-বাণীর দারুণ মুষ্টিপ্রহারাঘাতে কপটতার শির বিদীর্ণ হইয়া কপটতা রক্তবমনে বিনাশপ্রাপ্ত হইবে, ইহাই ভাগবতীয় স্থির সিদ্ধান্ত। হায় ! আমার মন কপটতা বিস্তার করিয়া আমাকে কতভাবে নাচাইতেছে। বলিতেছে "তুমি বলদেবাভিন্ন গুরুদেবকে বলহীন করিয়া ফেল। তাঁহার সেবার ছলনা করিয়া আনুগত্যের ভাণে তাঁহার অস্তিত্ব ধ্বংস করিলে তোমাকে একবার বলদেবের আসনে প্রতিষ্ঠিত করিব।" আমি আজ দুষ্টমনের প্রলোভনে বলদেব-পাদপদ্মকে শিরে ধারণ করিয়া প্রলম্বাসুরের মত সেবার ছলনা দেখাইতেছি। কিন্তু মন ! সাবধান, তোমার কপটতা অপ্রাকৃত গুরুতত্ত্বের কোন অনিষ্ট করিতে পারিবে না পরন্তু তোমারই স্বরূপ প্রকাশিত হইয়া পড়িবে। সারল্যের প্রতি ঐ বলদেবাভিন্ন গুরুদেবের একদিকে বরাভয় প্রদর্শনে নিত্যানন্দ চেতনতা দান। অন্যদিকে কাপট্যের প্রতি চৈতন্যবাণীর ভীষবজ্রমুষ্টিপ্রহারে রক্তবমনে অচৈতন্য সম্পাদন। হে মন ! এই প্রকাণ্ড সত্যালোকে তোমার নিত্যমঙ্গল অনুসন্ধান কর। পায়ে ধরি বলি, কপটতা পরিহার করিয়া বলদেবাভিন্ন আচার্য্যচরণে শরণাগত হও।

যে সাধব সজ্জনের বিহার দুরাৎ।
আচার্য্যচন্দ্রচরণে কুরুতানুরাগম্॥

জীবগতি

জীব বলিলে ভগবানের তটস্থা শক্তিকেই বুঝায়। চিৎ ও অচিৎ উভয় জগতেই জীবের যাইবার যোগ্যতা আছে। সেইজন্যই উহাকে তটস্থা শক্তি বলা হয়। জীব যখন স্বতন্ত্রতার অপব্যবহার করে, তখনই ভগবানের বহিরঙ্গা শক্তি ব্রহ্মাণ্ড-ভাণ্ডোদরী মায়া তাহাকে এই দুঃখময় সংসারে ভ্রমণ করাইয়া—জন্মমরণ নানারূপী ত্রিতাপে দগ্ধীভূত করিয়া ভগবৎ-সেবোন্মুখ করিবার চেষ্টা করেন। চৌরাশী-লক্ষ যোনি-ভ্রমণ সময়ে জীব নানাবিধ পাঞ্চভৌতিক দেহ আশ্রয় করিয়া থাকে। এইরূপে জীবের কোন একটি দেহে অবস্থিত-কালের পরিমাণকে পরমায়ু বলে। জীব যখন সেই পাঞ্চভৌতিক দেহ পরিত্যাগ করিয়া অন্য একটি দেহ আশ্রয় করে, তখনই লোকে বলে যে তাহার মৃত্যু হইয়াছে বা পরমায়ু শেষ হইয়াছে। কিন্তু জীব বস্তুতঃপক্ষে কোন কালের অধীন নহে, জীবের বিনাশ হয় না, তাহার দেহেরই বিনাশ হয় জীব নয়। কৃষ্ণদাস তাহার জন্মমৃত্যু বা জরা নাই। কৃষ্ণবহির্ম্মুখতা বশতঃ ... জীব স্থাবর-জঙ্গমাদি বা মনুষ্যাদি নানাবিধ যোনিতে জন্মগ্রহণ করিয়া সংসারে ভ্রমণ করিতে করিতে বহু পুণ্য ফলে মানবজন্ম লাভ করে। এই মানবজন্ম অতিশয় দুর্লভ—সুদুর্লভ। শাস্ত্র বলিয়াছেন,—

নৃদেহমাদ্যং সুলভং সুদুর্লভং
প্লবং সুকল্পং গুরুকর্ণধারম্।
ময়ানুকূলেন নভস্বতেরিতং
পুমান্ ভবাব্ধিং ন তরেৎ স আত্মহা॥

"নরতনু ভজনের মূল", মানব জীবনই হরিভজনের বা পরমমঙ্গললাভের একমাত্র উপায়। এই জীবনেই জীব জানিতে পারে—

"কে আমি কেন মোরে জারে তাপত্রয়।"

আমি কে ? কোথা হইতে আসিলাম ? কেনই বা এই দারুণ যন্ত্রণাময় সংসারে ত্রিতাপ-জ্বালায় দগ্ধীভূত হইতেছি ? মাতৃগর্ভের দারুণ যন্ত্রণা হইতে কে আমাকে রক্ষা করিলেন ? আবার মরিয়াই বা এজগৎ হইতে কোথায় যাইতে হইবে ? ইত্যাদি মঙ্গলজনক প্রশ্ন উদিত হইয়া জীবকে পরমার্থের পথে, নিত্যমঙ্গলের পথে, ত্রিতাপ-নির্ম্মুক্তির পথে লইয়া যায়। যদি কেহ পূর্ব্ব পূর্ব্ব জন্মের সুকৃতি ফলে এই সব প্রশ্নের মীমাংসা জানিবার জন্য অনুসন্ধিৎসু হন, তবে সাধু শাস্ত্র-গুরুকৃপায় জানিতে পারেন যে, জীব ভগবানের নিত্যদাস—ভগবৎসেবাই তাহার একমাত্র কর্ত্তব্য। ভগবানের সুখানুসন্ধান ব্যতীত তাহার আর অন্য কোন কৃত্য নাই। জীব নিত্য, জীবপ্রভু ভগবান্ নিত্য ও ভগবৎসেবা নিত্য এবং সেই সেবাই জীবের নিত্যধর্ম্ম। স্ত্রী-স্বামীর সেবা বা তাহার নিজের দেহের সেবা তাহার স্বধর্ম নহে। যাহারা এই নিত্য সেবা বা ধর্ম্মের কথা ভুলিয়া নিজের দেহসেবা বা দেহের নিবৃত্তি-স্বরূপ আত্মীয়-স্বজনের সেবাতেই ব্যস্ত রহিলেন, তাহাদের পুনরায় সংসার-যাতনা ভোগ করিতেই হইবে, তাহাদিগকে পুনরায় চৌরাশীলক্ষ যোনিতে ভ্রমণ করিয়া কভু স্বর্গে, কভু মর্ত্ত্যে যাতায়াত করিতেই হইবে। তবে—

সাধুশাস্ত্র কৃপায় যদি কৃষ্ণোন্মুখ হয়।
সেই জীব নিস্তরে মায়া তাহারে ছাড়য়॥

সাধু, শাস্ত্র ও গুরুপাদপদ্মই এই ভব-সমুদ্র উত্তীর্ণ হইবার একমাত্র সেতু। তাঁহাদের কৃপাতেই জীব স্ব-স্বরূপ, পর স্বরূপ, উপায়-স্বরূপ ও বিরোধী-স্বরূপ জ্ঞানলাভ করে। স্বরূপে উদ্বুদ্ধ হইলেই বিরূপ বা কুরূপ আপনা হইতেই সরিয়া যাইবে। মায়া তাহাকে ছাড়িয়া যাইবে। যখন জীবের এই স্বরূপজ্ঞান লাভ হয়, তখন সে কাঁদিতে কাঁদিতে ভগবানের পাদপদ্মে নিবেদন করিতে থাকেন—

"কামাদীনাং কতি ন কতিধা পালিতা
দুর্নিদেশা
স্তেষাং জাতা ময়ি ন করুণা ন ত্রপা
নোপশান্তিঃ।
উৎসৃজ্যৈতানথ যদুপতে সাম্প্রতং লব্ধবুদ্ধি
স্ত্বামায়াতঃ শরণমভয়ং মাং
নিযুঙ্ক্ষ্বাত্মদাস্যে॥"

আমি তব নিত্যদাস জানিনু এবার।
আমার পালন-ভার এখন তোমার॥
বড় দুঃখ পাইয়াছি স্বতন্ত্র জীবনে।
সব দুঃখ দূরে যাবে ও পদ বরণে॥

হে ভগবন্, আমি কামাদির কতপ্রকার দুষ্ট আদেশ পালন করিলাম, তথাপি আমার প্রতি তাহাদের করুণা হইল না, আমার লজ্জা বা উপশান্তি হইল না। হে যদুপতে, আমি সম্প্রতি তাহাদিগকে পরিত্যাগ করিয়া তোমার চরণে শরণাগত হইয়াছি, এখন তুমি আমাকে তোমার দাস্যে নিযুক্ত কর।

এইরূপে জীব যখন ভগবৎপাদপদ্মে আত্মনিবেদন করে, তখনই ভগবানের কৃপায় ভগবৎপ্রেষ্ঠ শ্রীগুরুপাদপদ্মের সহিত তাহার সাক্ষাৎকার হয়। গুরুপাদপদ্মের সাক্ষাৎকার লাভ হইলে তখন আর বেশদিন বাঁচিয়া থাকিবার বা অতিরিক্ত ধরিয়া রাখিবার প্রয়াসী হন না। কারণ, তিনি জানেন সকলই ভগবানের ইচ্ছার উপরই নির্ভর করে। তাঁহার উচ্ছ্বাস যতদিন দেহ থাকে, ততদিন তাঁহার সেবা করিয়া যাওয়াই কর্ত্তব্য। যাহার জিহ্বা একবারও ভগবানের নামগুণ কীর্ত্তন করে না, যাহার দাম্ভিকতা-পূর্ব্বক একবারও ভগবানের শ্রীচরণে ন... না, যাহার ... একবারও শ্রীগুরুপাদপদ্ম স্মরণ করে না, গুরুপাদপদ্মের আশ্রয় লয় না তাহাকে মৃত্যুর পর যমালয়ে যাইতেই হইবে।

একমাত্র গুরুপাদাশ্রিত ভগবদ্ভক্তই কালভয়, ... নহে। যদি সরল অন্তঃকরণে ভগবচ্চরণে প্রপন্ন হইয়া ভক্তিদেবীর আশ্রয় কেহ লন, তাহা হইলে তাঁহার কিছু কিছু অপরাধ ও পাপ থাকিলেও যমদণ্ড্য নহেন, যেহেতু তিনি প্রপন্ন।

অতএব যদি কাহারও ভগবানের কথা শ্রবণ ও কীর্ত্তনে স্পৃহা হইয়া থাকে, তাহা হইলে বিষয়ের ভয় হইতে চিরকালের জন্য মুক্ত হইয়া নিত্যশান্তি লাভ করিতে পারেন। অন্য কোন প্রকারেই আর নিস্তার নাই।

মায়ারে করিয়া জয় ছাড়ান না যায়।
সাধুগুরু-কৃপা বিনা না দেখি উপায়॥

শ্রীশ্রীনৃসিংহজয়ন্তী

(শ্রীকেশবচন্দ্র দাসাধিকারী)

বৈকুণ্ঠের দ্বারী জয়বিজয় নামেতে।
সনকাদি শাপে তারা আসিল জগতে॥
হিরণ্যকশিপু আর হিরণ্যাক্ষ নামে।
জনম লভিলা দোঁহে এই মর্ত্ত্যধামে॥
বরাহ রূপেতে বিষ্ণু হিরণ্যাক্ষ বধে।
ভ্রাতৃশোকে হিরণ্যকশিপু মরে ক্রোধে॥
হরিবিদ্বেষোৎপাদনে দানবে কহিল।
বিষ্ণুবধ কর বলি সবে আদেশিল॥
মন্দর পর্ব্বতে ঘোর তপ আরম্ভিল।
অবশেষে ব্রহ্মা আসি বরদান কৈল॥
ব্রহ্মবরে হিরণ্যকশিপু দৈত্য রাজা।
দেবলোক-নরলোক হ'ল তা'র প্রজা॥
...
বিষ্ণুনামে হ'ল সদা ক্রোধপরবশ॥
... কঠোর পাপে হ'ল ... রত।
সেকালে প্রহ্লাদ তার পুত্র আসিল ...॥
পুত্রমুখ দেখি রাজা হ'ল আনন্দিত।
বন্দপুরে দেবগণ হ'ল হরষিত॥
বয়োবৃদ্ধি দেখি রাজা পুত্রে পাঠাইল।
ষণ্ডামর্ক স্থানে পাঠাইবারে আসি দিল॥

(অবশিষ্ট অংশ পরবর্ত্তী সংখ্যায় দ্রষ্টব্য)

শুদ্ধভক্তি-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠ

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীমন্মহাপ্রভুর ভবনে শ্রীচৈতন্যমঠ, সর্ব্বশ্রেষ্ঠ পীঠ, শ্রীশ্রীরাধাকৃষ্ণ শ্রীগৌর-গোপীনাথ আচার্য্য চতুষ্টয় বিগ্রহ আছেন। সুপ্রাচীন গ্রন্থ ভক্তিশাস্ত্রাদি-শিক্ষার প্রকাশিকালয় আছে।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৫১১৫
কলিকাতায় শ্রীভক্তিবিনোদ আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, সঙ্কীর্ত্তন, প্রত্যহ-বৈষ্ণব-সেবায় শ্রীমদ্ভাগবতাদি শাস্ত্রের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও নানাবিধ পারমার্থিক ইংরেজী পত্র প্রকাশিত হয়।

(৩) যোগপীঠ-মায়াপুর পীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব ভূমি মহাযোগপীঠ

(৪) শ্রীবাস অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং সভা বর্ত্তমান।

(৬) মুরারিগুপ্তের পাট

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৭) কাজি-সমাধি-পাট

সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি।

(৮) অনুকূলকৃষ্ণানুশীলনাগার

শ্রীধাম মায়াপুর

(৯) আনন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ জাননগর (বর্দ্ধমান)

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মাউগাছি, পোঃ ভালুকা, (বর্দ্ধমান)
শ্রীনারায়ণী ও ঠাকুর বৃন্দাবনের স্থান

(১৩) রুদ্রদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(১৪) জহ্নুদ্বীপ-গৌড়ীয়মঠালয়

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ

গৌড়পুর, নদীয়া

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ

মাজিদা (শ্রীনৃসিংহদেবের পল্লী বিজ্ঞাপনী)
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৭) কুলিয়া কুটীর

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ তালপাড়ি, (নদীয়া)

(২০) মহেশ-পণ্ডিতের পাট

কাঁঠালপুলি, পোঃ চাকদা (নদীয়া)

(২১) রাণাঘাট গৌড়ীয়মঠাশ্রম

(২২) পুরী গৌড়ীয়মঠ

চাঁদকপ গরান্‌

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ

বারিশা পোঃ পরারি, ঢাকা।
পূর্ববঙ্গের প্রচার-কেন্দ্র।

(২৪) গোপালজীউমঠ

কমলাপুর, পোঃ ঢাকা

(২৫) গদাই-গৌরাঙ্গ মঠ

পোঃ বালিয়াটি, (ঢাকা)

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

বড়বাজার, পোঃ ময়মনসিংহ

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চকচকা, কামরূপ (আসাম)

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

৩নং পাগাড় বিল্ডিং, দার্জ্জিলিং

(৩০) সারস্বত-গৌড়ীয়মঠ

পোঃ হরিষার, জেঃ সাহারাণপুর, ইউ, পি

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

মিয়াপুর পাটনা।

(৩২) গয়া গৌড়ীয়মঠ

মানা রোড, গয়া

(৩৩) সনাতন গৌড়ীয় মঠ

৮।১৭ বড় গন্ধীগঞ্জ, বেনারস সিটি

(৩৪) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

(৩৫) পরমহংস মঠ,

পোঃ বিসবার, সীতাপুর (ইউ পি)

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়

বিশ্রামঘাট, পোঃ মথুরা

(৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ

কিশোরপুর, বৃন্দাবন

(৩৯) একচক্রগ্রাম-সুখদকুঞ্জ

পোঃ রাধাকুণ্ড, মথুরা

(৪০) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪১) রাধাকুণ্ড গোবর্দ্ধনবাটী

(৪২) শ্রীগোবর্দ্ধনমঠালয়

গোবর্দ্ধন, মথুরা

(৪৩) সঙ্কেত বিহারী মঠ

বর্ষাণ, মথুরা।

(৪৪) নন্দগ্রাম গৌড়ীয়মঠালয়

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৫) বর্ষাণা গৌড়ীয়মঠালয়

পোঃ বর্ষাণা, মথুরা

(৪৬) গোপীবিহারী মঠ—শেরপাটী,

পোঃ কোহেড়া, জেলা গুর্গাঁও (পাঞ্জাব)।

(৪৭) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

(৪৮) দিল্লী গৌড়ীয় মঠ

৪৫নং গুপ্তান রোড, নিউ দিল্লী;

(৪৯) বোম্বে গৌড়ীয়মঠ

খোতাচীওয়াড চান্দ রোড, এল্‌ফিন্‌ষ্টোন বিল্ডিং বোম্বে ৭

(৫০) মঙ্গলকোট-গৌড়ীয়মঠ

পোঃ রাজমহেন্দ্রী, মাদ্রাজ
শ্রীশ্রীরাধাকৃষ্ণ-বিগ্রহাদি-সেবা

(৫১) নারায়ণ-গৌড়ীয়মঠ

পোঃ ঠাণ্ডী, আবর্তন গোবিন্দজী (মাদ্রাজ)
শ্রীশ্রীগুরুগৌরাঙ্গরাধাগোবিন্দজীউ সেবা

(৫২) পুরুষোত্তম গৌড়ীয়মঠ

আঠারনালা, পোঃ এমার মঠ, (পুরী)

(৫৩) পুরুষোত্তম মঠ

চটক পর্ব্বত পোঃ পুরী, উড়িষ্যা

(৫৪) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৫) সীতাকুটী

(৫৬) ত্রিদণ্ডি-গৌড়ীয়মঠ

পোঃ আলালনাথ, পুরী

(৫৭) সচ্চিদানন্দ মঠ

সাবদেশ, পোঃ কটক (উড়িষ্যা)

(৫৮) গৌড়ীয় মঠ পীঠ

(৫৯) শ্রীব্রহ্মমাধ্বগৌড়ীয়-প্রচার-মণ্ডপ

পোঃ বরাহনগর, মাদ্রাজ

(৬০) ভাগবতজনানন্দ মঠ

চিকলিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর

(৬১) আম্রাই গৌড়ীয়মঠ

পোঃ আম্রাই, মেদিনীপুর

(৬২) আমলাযোড়া প্রপন্নাশ্রম মঠ

পোঃ রাজবাঁধ (বর্দ্ধমান)।

(৬৩) চৈতন্যগৌড়ীয়মঠ

হুসেনপুর, পোঃ চৈতপুর, (মালদহ)।

(৬৪) রেঙ্গুন গৌড়ীয়মঠ

৬০১ নং পঞ্চাশ ষ্ট্রীট, রেঙ্গুন।

(৬৫) লণ্ডন গৌড়ীয়মঠ

ফ্ল্যাট নং ২
৩১, আর্ডন রোড
অ্যাক্টন, লণ্ডন, ডব্লিউ ৫

(৬৬) গৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

১৪।৩, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা

(৬৭) গৌড়ীয়মঠ অফিস

ভিক্টোরিয়া রোড, দেরাদুন (ইউ পি)

(৬৮) শ্রীবিদ্যানিধি গৌড়ীয়মঠালয়

নন্দনকানন, চট্টগ্রাম

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীমহানন্দ ব্রহ্মচারী ভক্ত্যালোক, ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

-ঃ(ঃ)ঃ-

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও ২য় দিনের জন্য	সংবাদের পৃষ্ঠায় পরবর্ত্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও ২য় দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় পরবর্ত্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনের ।০	৶০	।৵০		
" " ইঞ্চি ২৲		১।০	১৲	
সিকিকলম ৫৲	৪॰		৩৲	
" অর্দ্ধকলম ৮৲	৭৲	৬৲	৫৲	
" এক কলম ১৫৲	১০৲	১০৲		

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিবারে প্রতি ইঞ্চি ৩৲	২।০
" সিকি কলম ১৫৲	১২৲
" অর্দ্ধকলম ২৫৲	১৮৲
" এক কলম ৫০৲	৩০৲

চাঁদার হার

বার্ষিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৸০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা /৫ ; বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী

———ঃঃ(০)ঃঃ———

শ্রীল প্রভুপাদের চতুঃষষ্টি-বর্ষপূর্ত্ত্যাবির্ভাব তিথিতে শ্রীল আচার্য্যদেবের আনুগত্যে "শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী" প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। ইহাতে পূর্ব্বার্দ্ধ ও উত্তরার্দ্ধ দুইটি বিভাগ আছে। পূর্ব্বার্দ্ধে শ্রীল প্রভুপাদের আদি-প্রবন্ধাবলী শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের সম্পাদিত 'সজ্জনতোষণী,' শ্রীল প্রভুপাদের "নদীয়া-প্রকাশ" সাপ্তাহিক পত্র প্রভৃতি হইতে কথাসার ও প্রয়োজনীয় অংশের টীকা-সহ প্রকাশিত হইয়াছে। উত্তরার্দ্ধে শ্রীল প্রভুপাদের সম্পাদিত 'সজ্জনতোষণী'র কতিপয় প্রবন্ধ কথাসার প্রভৃতির সহিত মুদ্রিত হইয়াছে। প্রবন্ধগুলি রচনাকালের ক্রমানুসারে গ্রথিত হইয়াছে; এতদ্ব্যতীত শ্রীল আচার্য্যদেবের একটি মূল্যবান্ উপোদ্ঘাত ও সঙ্কলনকারীর একটি বিস্তৃত ভূমিকা, শব্দসূচী, গ্রন্থ-পাত্র-শ্লোক ও পয়ার-সূচী প্রভৃতি গ্রন্থে সংযোজিত হইয়াছে। গ্রন্থটি উৎকৃষ্ট কাগজে অ্যান্টিকাটোর সহিত মুদ্রিত ও শ্রীল প্রভুপাদের আলেখ্যাদিদ্বারা ভূষিত ও সুন্দর বাঁধাই হইয়া প্রকাশিত হইয়াছে। প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, জিলা নদীয়া; শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ও শ্রীমাধবগৌড়ীয়মঠ, বাংলা, পোঃ রমনা, ঢাকা।

[শ্রী]ল প্রভুপাদের পদ্মপ্রসূন মালা

এই গ্রন্থে ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তি-সিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের রচিত [পদ্যাবলী] শ্রীল আচার্য্যদেবের বিরচিত "সৌরভ" নামক ভাষ্যের সহিত প্রকাশিত হইয়াছে। শ্রীল প্রভুপাদের অনেক অপ্রকাশিত পদ ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ।০ আট আনা।

শ্রীধাম-মায়াপুরে

——ঃ০ঃ——

—"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট"—

——ঃঃ০ঃঃ——

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব মনোহর—গঙ্গার সন্নিকটে, বিদ্যালয় ও বোর্ডিং এর পরিবেশ খোলা। স্বাস্থ্যপ্রদ স্থান ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। আহার ও প্রভৃতির প্রতি মাসে মাত্র ৮৲ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিয়াছে। বর্ত্তমান বর্ষে ১৬ জন বালকের মধ্যে ১৫ জন ভালভাবে উত্তীর্ণ হইয়াছে।

মেধাবী ছাত্রগণের আরও সুবিধা

পরীক্ষায় যাহারা শতকরা ৭৫ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ সচ্চরিত্র বিনয়ী ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক-সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবনচরিত্র, সিদ্ধান্ত ও শিক্ষা বিস্তৃতভাবে আলোচিত হইয়াছে। এই এক অপূর্ব্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

শ্রীচৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত্র বিস্তৃতভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত ইহার ভিক্ষা মাত্র ৪৲ টাকা। প্রাপ্তিস্থান শ্রীযুক্ত নবকিশোর ভাণ্ডারী, শ্রীযোগপীঠ, শ্রীমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীসরস্বতী-সংলাপ

প্রথম খণ্ড

শ্রীশ্রীব্রহ্ম-মাধ্ব গৌড়ীয়-সম্প্রদায়ৈকসংরক্ষক জগদ্গুরু পরমহংসকুলচূড়ামণি নিত্যলীলা-প্রবিষ্ট ১০৮শ্রী শ্রীমদ্ ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামি-প্রভুপাদ বিভিন্ন জিজ্ঞাসু ও ভাগ্যবান্ সজ্জনবৃন্দের পরিপ্রশ্নোত্তরে ও সন্দেহ-নিরাকরণকল্পে যে-সকল হরিকথামৃতবাণী কীর্ত্তন করিয়াছেন, যাহা তাঁহার প্রকটকালেই 'গৌড়ীয়' সম্পাদক শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ প্রভুপাদেরই শ্রীচরণে সংশোধিত করাইয়া রাখিয়াছিলেন এবং যাহার কিয়দংশ গৌড়ীয়পত্রে প্রকাশিত হইয়াছে, তাহা "শ্রীশ্রীসরস্বতী-সংলাপ" নাম ধারণপূর্ব্বক শ্রীল প্রভুপাদের 'বক্তৃতাবলী' ও 'পত্রাবলী' আকারে খণ্ডে খণ্ডে প্রকাশিত হইতেছেন। বর্ত্তমানে শ্রীল প্রভুপাদের প্রথমবার্ষিক বিরহতিথিপূজা-বাসরে এই গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছেন। মানবজীবনের বহু অমীমাংসিত সমস্যা ও জটিল প্রশ্নের সমাধান ইহাতে পাওয়া যাইবে। ভক্তিপথের পথিকমাত্রেরই এই গ্রন্থ সংগ্রহ একান্ত প্রয়োজন।

শ্রীকৃষ্ণচৈতন্য

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপদেশক পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী সম্প্রদায়-বৈভবাচার্য্য এম-এ মহোদয়ের গবেষণাপূর্ণ এবং অপূর্ব লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত-পাঠে ধন্য হউন। এই বিরাট, অভিনব ও অদ্ভুত গ্রন্থ মানচিত্র ও বিবিধ চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলক শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ড ৩০ অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের প্রণীত মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকারের ভূমিকাদ্বয় (Preface), বিষয়-তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সঙ্কলিত সুবিস্তৃত সূচীপত্র (Index Glossary) সহ প্রথমাংশ প্রকাশিত। ভিক্ষা—১৫, পনর টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, রায়পেট্টা মাদ্রাজ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম মায়াপুর জেলা—নদীয়া।

ঠাকুর ভক্তিবিনোদ

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি প্রচারের মূল প্রবর্ত্তক সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অলৌকিক জীবনচরিত এতাবৎকাল সম্যক্ প্রকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয়মঠাচার্য্যবর্য্যের অন্তেবাসী সর্ব্ববিদ্যাপারদর্শী সু-লেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু মূল্যবান শিক্ষামালাও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১২৫ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৸০ আনা; ডাক মাশুল স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান—ম্যানেজার গ্রন্থবিভাগ
শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু গ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১।১নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্

উহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

[illegible]

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু, পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই উহার কাটতি অত্যন্ত অধিক। পিত্তের পীড়া সংযুক্ত কালাজ্বর এবং নূতন ও পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। মূল্য ছোট বোতল ৸৶০ দশ আনা, বড় বোতল ১৶০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা
অথবা
পোঃ বেহালা, ২৪ পরগণা

ই. বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্টাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	৫-৩৬	৬ ২৬	৭-০৬	১২-২৬	১৪-৫৬	১৬-৫৬	১৭ ৫৬	২২-২৬
রাণাঘাট পৌঃ			৮-১৮	১২-১৫				
(বদল) ছাঃ			৯-৩৪	১৫-৫০				
কৃষ্ণনগর পৌঃ	৭-১	৮-৪৫	১০-৮	১৫-২০	১৭-২৮	১৯-০৮	২০-১৩	১-১২
(বদল) ছাঃ	৭-১২		১০-৩১		১৭-৩৮		২০-২৬	
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫১		১১-১০		১৮-১৬		২১-৪	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
রাণাঘাট পৌঃ	১২-৫৫
ছাঃ	১৩-০
শান্তিপুর পৌঃ	১৩-২৬
(বদল) ছাঃ	১৩-৩১ (লাইট্ রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪-১১
ছাঃ	১৪-৩০
নবদ্বীপঘাট পৌঃ	১৫-১০

ডাউন

নবদ্বীপঘাট ছাঃ	৫-৪৫		৯-১৭			১৩-৩১	১৬-০	১৮-৩১	
কৃষ্ণনগর পৌঃ	৬ ২৩	৯-১৬	৯-৫৮	১১-৪১	১৪-১০	১৬-৩৮	১৯-১১	২১-১	
ছাঃ	৬-৩৬	৭-১৮	১০-১১						
রাণাঘাট পৌঃ			১০-৪৬			১৬-৫৬	১৯-২৫		
(বদল) ছাঃ			১১-১			১৭-৩০			
কলিকাতা পৌঃ	৮-১৬	৯-২১	১১-৫১	১২-১৬	১৪-১৬	১৭-৪০	১৯-১১	২১-৪১	২৩-৭

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৩-৩১	১৬-০	
কৃষ্ণনগর পৌঃ	১৪-১০	১৬-৩৮	
ছাঃ	১৫-২৮	১৭-৩৯	
শান্তিপুর পৌঃ	১৬-৯	১৮-১৪	
(বদল) ছাঃ	১৬-৩৩	১৮-২৫ (শনিবার ভিন্ন)	২০-৪৬ (শনিবার)
রাণাঘাট পৌঃ	১৭-১০	১৮-৫০	২১-১৫
(বদল) ছাঃ	১৭-২০	১৯-১৪	২১-৫০
কলিকাতা পৌঃ	১৯-১১	২০-৪০	২৩-০৭

পোঃ— শ্রীমায়াপুর
টেলিগ্রাম—শ্রীধাম
শ্রীমায়াপুর

REGD NO C 1544

দৈনিক নদীয়াপ্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়াজেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৪শ খণ্ড । শ্রীমায়াপুর— ২৭শে বৈশাখ, ১৩৪৬ '১১ই মে, ১৯৩৯, বৃহস্পতিবার । ৬১শ সংখ্যা

বিবিধ সংবাদ

—:o:—

মান্দালয়ের ঘটনা সম্পর্কে তদন্ত কমিটি নিয়োগ

মান্দালয়ে গত ১০ই ফেব্রুয়ারী ২০ হাজার লোকের এক জনতাকে বলপূর্ব্বক ছত্রভঙ্গ করার একটি তদন্ত কমিটি নিয়োগ করা হইয়াছে। অতিরিক্ত গেজেটে উক্ত কমিটির সভ্যগণের নাম প্রকাশিত হইয়াছে। সভ্যদিগের নাম নিম্নে দেওয়া গেল।

চেয়ারম্যান—জেলা জজ মিঃ ডব্লিউ এ হাইট, প্রতিনিধি পরিষদের সদস্য উ টুন অং, এডভোকেট উ সিন টুন অং এবং সেক্রেটারী উ-ইবা সাইন।

চেয়ারম্যান ও সেক্রেটারী উভয়েই আই-সি-এস। কমিটি ক্যাম্বো শাকাধো তদন্ত করিবেন। সেক্রেটারী টে যে ঘটনা ঘটিয়াছে তৎসম্পর্কে নিয়োজিত তদন্ত কমিটি তাহাদের কার্য্য শেষ করিলে উক্ত কমিটি তাহাদের কার্য্য আরম্ভ করিবেন।

ব্রহ্মের গবর্ণমেন্ট যেখানে অভিমুখে ঘোষণা করিবেন।

কাশী রাজ্যের জন্য রিজেন্সী কাউন্সিল

গোয়ালিয়রের রেসিডেন্ট এবং রামপুর ও কাশী রাজ্যের পলিটিক্যাল এজেন্ট মিঃ ... টি হিসাবে কাশী রাজ্যের মহারাজার নাবালক অবস্থায় উক্ত রাজ্যের শাসন পরিচালনার জন্য রিজেন্ট কাউন্সিল গঠন সম্পর্কে নিয়োগ ইস্তাহার প্রচার করিয়া-মিঃ পি আর পেটারকে সভাপতি করিয়া রিজেন্ট কাউন্সিল গঠন বড়লাট বাহাদুর অনুমোদন করিয়াছেন। ১লা মে হইতে চীফ সেক্রেটারী এবং প্রধান বিচারপতিও রিজেন্ট কাউন্সিলের সদস্য হইয়াছেন।

সদস্য সংস্কার কমিটির রিপোর্ট পাওয়ার পর রিজেন্ট কাউন্সিলের চূড়ান্ত গঠন জানাইয়া দেওয়া হইবে। মহারাজার নাবালক অবস্থায় রিজেন্ট সভা ইহার সম্পত্তির দেখা শুনা করিবেন।

সমাজতন্ত্রী নেতার কারাদণ্ড

বামপন্থী দলের অন্তর্ভুক্ত বোম্বাইয়ের সমাজতন্ত্রী নেতা ভাবে সেথ গত ১৯৩৬ সালে নিখিল ভারত ট্রেড ইউনিয়ন কংগ্রেসের অধিবেশন উপলক্ষে কলিকাতায় এক রাজদ্রোহমূলক বক্তৃতা দেওয়ার অভিযোগে অভিযুক্ত হন। বিচারে তাঁহার চারি মাসের সশ্রম কারাদণ্ড হয়। উক্ত কারাদণ্ডাদেশের বিরুদ্ধে হাইকোর্টে আপিল করিলে, হাইকোর্ট আপিল অগ্রাহ্য করেন। গত শনিবার উক্ত ভাবে সেথ অস্থায়ী চীফ প্রেসিডেন্সী ম্যাজিষ্ট্রেট মিঃ কে কে বিশ্বাসের নিকট আত্মসমর্পণ করিলে ম্যাজিষ্ট্রেট তাহাকে জেলে প্রেরণ করেন।

জোড়হাট কলেজের নাম পরিবর্ত্তন

জোড়হাট কলেজের সেক্রেটারী সংবাদপত্রের প্রতিনিধির নিকট বলিয়াছেন যে, আগামী জুলাই মাস হইতে ডিগ্রী ক্লাস খোলা হইবে এবং কলেজের নাম বদলাইয়া জগন্নাথ বড়ুয়া কলেজ রাখা হইবে।

উত্তর আসামে এই কলেজটিই একমাত্র আর্ট কলেজ। অনারারী প্রিন্সিপাল মিঃ কে কে হান্দিকের পরিচালনায় কলেজটি ক্রমেই উন্নত হইতেছে। সম্প্রতি দক্ষিণপথ সত্রের অধ্যক্ষ কলেজটিকে প্রথম শ্রেণীর কলেজে পরিণত করিবার জন্য ১০,০০০ টাকা দান করিয়াছেন।

কালীমূর্ত্তি ভঙ্গের বাতিক

গত ৩০শে এপ্রিল, রবিবার রাত্রে কে বা কাহারা বলদহাটা হাটখোলায় বারোয়ারী কালীমূর্ত্তি ভাঙ্গিয়া রাখিয়া গিয়াছে। এক মাসের মধ্যে পাশাপাশি তিনটি গ্রামের বারোয়ারী কালীমূর্ত্তি ভগ্ন হইয়াছে। এ যাবৎ সিরাজগঞ্জ মহকুমায় ১৩টি কালীমূর্ত্তি ভগ্ন হইল। পুলিশ এই মূর্ত্তিভঙ্গকারী দুর্বৃত্তগণের কোনই সন্ধান করিতে পারিতেছে না।

টাটা কোম্পানীর শ্রমিক সমস্যা

প্রকাশ, জামসেদপুরের টাটা কোম্পানীর শ্রমিক ও কর্তৃপক্ষের বিরোধ মীমাংসার ভার বাবু রাজেন্দ্রপ্রসাদ ও পণ্ডিত জওহরলাল নেহরুকে লইয়া গঠিত সালিশ বোর্ডের উপর দেওয়ার যে কথা ছিল, তাহা এখনও কার্য্যকরী হয় নাই। কারণ, জানা যায় কর্তৃপক্ষ বোর্ডের নিকট বিষয়টি উত্থাপন করাইয়াছেন বটে, কিন্তু শ্রমিক ইউনিয়ন এই কারণে এখনও তাহাদের সম্মতি দেয় নাই যে, বিরোধের সমগ্র বিষয় মীমাংসার ভার বোর্ডের হাতে দেওয়া হয় নাই; কেবলমাত্র বিষয়টির আংশিক মীমাংসার ভার দেওয়া হইয়াছে।

জার্ম্মানির সৈন্য সমাবেশ

জার্ম্মানীতে সৈন্য চলাচল সম্বন্ধে এখানে সর্ব্বশেষ যে সংবাদ পাওয়া গিয়াছে তাহাতে জানা যায় যে, পোল্যাণ্ড সীমান্তের সন্নিকটে বিমানপোত এবং অন্যান্য সমরসম্ভার সমাবেশ করা হইয়াছে; বলা হইয়াছে যে, কিছু কিছু সামরিক সতর্কতামূলক ব্যবস্থা অবলম্বিত হইয়াছে সত্য; তবে এইরূপভাবে সৈন্যসমাবেশ করা হয় নাই, যাহা দ্বারা পোল্যাণ্ডকে শীঘ্রই আক্রমণ করা হইবে বলিয়া মনে করা যাইতে পারে।

শ্লোভাকিয়ার সামরিক ব্যবস্থা অবলম্বিত হইয়াছে বলিয়া যে সংবাদ প্রকাশিত হইয়াছে, তাহার উপরই বেশী গুরুত্ব আরোপ করা হইতেছে। কারণ শ্লোভাকিয়া পোল্যাণ্ডের শিল্পকেন্দ্রের খুব নিকটে অবস্থিত। শ্লোভাকিয়াকে হাঙ্গেরী ও জার্ম্মাণীর মধ্যে ভাগ করিয়া লওয়া সম্বন্ধে হের ফন রিবেনট্রপ ও কাউণ্ট সিয়ানোর মধ্যে আলোচনা হইবে বলিয়া গুজব শোনা যাইতেছে।

সিউইয়াং সহর জাপানীদের হস্তগত

জাপানী সামরিক বিভাগের সংবাদে প্রকাশ, উত্তর হোনানে সিউইয়াং সহর জাপানীদের করতলগত হইয়াছে। এ প্রদেশের প্রধান দিক হইতে চীনাদের ৪০নং বাহিনীটির ঘাঁটি ঐ স্থানে ছিল। প্রায় দশ হাজার চীনা সৈন্যের বিরুদ্ধে পাঁচদিন সংগ্রামের পর সহরটি হস্তগত হইয়াছে।

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল সরস্বতীঠাকুরের পরিব্রাজক গোস্বামী মহারাজ সম্পাদিত ইংরেজী পাক্ষিক। প্রতি একাদশীতে প্রকাশিত হয়। কলিকাতা বাগবাজার গৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। সডাক ভিক্ষা ৬৷০ টাকা মাত্র।

২। গৌড়ীয় —মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা গৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৷০ টাকা মাত্র।

৩। ভাগবত —উড়িষ্যার একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ টাকা মাত্র

৫। শ্রীগৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ মাত্র।

পরমগুরু শ্রীগৌরকিশোর

অহং ত্বাং সর্বপাপেভ্যো মোক্ষয়িষ্যামি
মা শুচঃ॥

বর্ণাশ্রমাদি ধর্ম, যতিধর্ম, বৈরাগ্য, শমদমাদি ধর্ম, ধ্যানযোগ, ঈশ্বরের ঈশিতায় বশীভূততা প্রভৃতি বহুপ্রকার ধর্ম আছে, সে সমুদয় পরিত্যাগ পূর্বক ভগবৎস্বরূপের একমাত্র শরণাপত্তি অঙ্গীকার করিলে সংসারবন্ধনের সমস্ত পাপ তথা পূর্বোক্ত ধর্ম-পরিত্যাগের যে সকল পাপ, সে সমুদয় হইতে ভগবানই উদ্ধার করেন।

ভগবানে নির্গুণ ভক্তি আরম্ভ করিলে জীবের চিত্তভাব সহজেই শান্তিলাভ করে। ধর্মাচরণ, কর্তব্যাচরণ ও প্রায়শ্চিত্তাদি তৎ জ্ঞানাভ্যাস, যোগাভ্যাস ও ধ্যানাভ্যাস তখন আবশ্যক হয় না। বদ্ধ অবস্থায় শারীরিক, মানসিক ও আধ্যাত্মিক সমস্ত কর্ম করিলে, কিন্তু সেই কর্মে ব্রহ্মনিষ্ঠা ও ঈশ্বর-নিষ্ঠা ত্যাগ পূর্বক ভগবৎ-সৌন্দর্য্য মাধুর্য্যাকৃষ্ট হইয়া একমাত্র ভগবানেরই শরণাগত হইবে। শরীরী জীব জীবন-নির্বাহের জন্য বহু প্রকার কর্ম করে, সে সমুদয় উক্ত তিন প্রকার নিষ্ঠা হইতে করে অথবা ইন্দ্রিয়-সুখনিষ্ঠারূপ অন্য নিষ্ঠা হইতে করে। জীবগণের যে পর্যন্ত না হরিকথায় রুচির উদয় হয়, সে পর্যন্ত তাঁহারা কর্ম করিতে বাধ্য হন এবং তখনও তাঁহাদিগকে বদ্ধজীব বলা যায়। শ্রীমদ্ভাগবত বলেন,—

তাবৎ কর্মাণি কুর্বীত ন নির্বিদ্যেত
যাবতা।
মৎকথা-শ্রবণাদৌ বা শ্রদ্ধা যাবন্ন জায়তে॥

কাম্য কর্মাদিতেও চিরকাল প্রবৃত্ত থাকা বিধেয় নহে; যেকাল পর্যন্ত মৎকথা শ্রবণাদিতে বিশেষ শ্রদ্ধা না জন্মে এবং তদনুসারে ভোগে বিরক্তি না আসে, সেই পর্যন্তই কর্মাদিতে নিবিষ্ট থাকা বিধেয়।

জীবগণ যদি শ্রীগুরুমুখনিঃসৃত উপদেশ-বাক্য শ্রবণ না করিয়া নিজে মনঃকল্পিত ধারণার বশে কিংবা অসৎ উপদেষ্টার উপদেশে স্বয়ং-ভগবান্ শ্রীকৃষ্ণের শ্রীচরণার-বিন্দে একান্ত শরণ না লন, তবে তাঁহারা কখনই মায়া হইতে মুক্ত হইতে পারেন না। তাই গীতায় ভগবান্ শ্রীকৃষ্ণ বলিয়াছেন—

দৈবী হ্যেষা গুণময়ী মম মায়া দুরত্যয়া।
মামেব যে প্রপদ্যন্তে মায়ামেতাং
তরন্তি তে॥

এই ত্রিগুণময়ী মায়া অতি কষ্টে পার হওয়া যায়। একমনে ভগবানে যিনি প্রপত্তি করেন, তিনি কেবল এই মায়া পার হইতে পারেন। যদিও মায়া শ্রীভগবানেরই একটি শক্তি, তথাপি এই মায়াশক্তি ভগবদ্রাজ্যের বা চিজ্জগতের বহির্দেশে অবস্থানপূর্বক তাঁহারই (শ্রীভগবানেরই) দাসীরূপে কার্য্য করিতেছে। এই মায়া-শক্তিই জড়জগতের অধিষ্ঠাত্রীদেবী নামে পরিচিত। শ্রীভগবান্ই সত্যবস্তু বলিয়া অনাদি ও নিত্য, তদ্ব্যতীত সকল বস্তুই অসত্য ও অনিত্য। শ্রীভগবান্‌কে নিরস্ত-কুহক সত্যবস্তু বলিলে তাঁহার নিত্যসেবক বা ভক্তবৃন্দকেও সত্য এবং নিত্যবস্তু বলিয়া বুঝিতে হইবে। কারণ, যেরূপ প্রজাহীন রাজা কিংবা শিষ্যহীন গুরু থাকা সম্ভবপর নহে অর্থাৎ রাজা বলিলেই তাঁহার প্রজা আছে এবং গুরু বলিলেই লঘু অর্থাৎ শিষ্য আছেই বুঝিতে হইবে, সেইরূপ সেবক বা দাসহীন সেব্যবস্তু থাকা সম্ভবপর নহে। ভগবত্তত্ত্ব প্রভু বা সেব্যতত্ত্ব বলিয়া সেবক-তত্ত্বসহ একই কালে একই স্থানে বর্তমান।

তাই শ্রীল নরোত্তম ঠাকুর বলিয়াছেন,—

"নিতাই চাঁদ সত্য, তাঁহার সেবক নিত্য,
নিত্যটাঁদ সদা কর আশ।"

অধিকাংশ মানবই অসদ্‌গুরুর উপদেশে ও কেহ নিজ মনঃকল্পিত ধারণার বশবর্তী হইয়া নশ্বর দেহে আত্মবোধ করিতেছেন। কেহ ধনমদে, কেহ বিদ্যামদে, কেহ জাতিমদে, কেহ যৌবন বা রূপমদে, মত্ত হইয়া অসার অনিত্যসুখে বৃথা সময় অতিবাহিত করতঃ নরকের দিকে অভিযান করিতেছেন। জীব নিত্য কৃষ্ণদাস এবং তাঁহার সেবা করাই জীবের নিত্যধর্ম, এই ধারণার পরিবর্তে স্ত্রীপুত্রাদিকে সেব্যবোধে নিরন্তর তাহাদের সেবাতেই নিযুক্ত থাকেন। ভগবান্ই একমাত্র ভোক্তা এবং জীবগণ ও যাবতীয় বস্তু তাঁহার ভোগ্য এই ধারণার পরিবর্তে নিজে ভোক্তা সাজিয়া যাবতীয় বস্তু নিজে উপভোগ করিতে সদাই চেষ্টিত। তাঁহারা ভাবেন, তাঁহারা সকলের চেয়ে বেশ বুঝেন; তাঁহারা যাহা করিতেছেন, তাহাই মনুষ্যজীবনের সর্বপ্রধান কার্য্য, কিন্তু একবারও ভাবেন না যে চক্ষু বুজিলেই সব নিরর্থক। শেষের দিন কেহই সঙ্গে যাইবে না।

পূর্বেই বলা হইয়াছে যে, জীবগণ দুই শ্রেণীতে বিভক্ত—অভক্ত এবং ভক্ত। যাঁহারা নিরন্তর বাস্তববস্তু শ্রীভগবানের সেবাতেই সর্বদা নিযুক্ত তাঁহারাই ভক্ত। আর অন্য সকলেই অভক্ত। ভক্ত ও অভক্ত ভিন্ন অন্য কোন সংজ্ঞায় জীবকে অভিহিত করা

থাকিতে পারে না। শ্রীমদ্ভাগবত বলেন,—

স্বয়ম্ভূর্নারদঃ শম্ভুঃ কুমারঃ কপিলো মনুঃ।
প্রহ্লাদো জনকো ভীষ্মো
বলির্বৈয়াসকির্বয়ম্॥
দ্বাদশৈতে বিজানীমো ধর্ম্মং
ভাগবতং ভটাঃ।
গুহ্যং বিশুদ্ধং দুর্ব্বোধং
যং জ্ঞাত্বামৃতমশ্নুতে॥

স্বয়ম্ভু ব্রহ্মা, নারদ, ত্রিলোচন, সনৎকুমার, স্বায়ম্ভুব মনু, কপিলদেব, প্রহ্লাদ, জনকরাজ, ভীষ্ম, বলি, ব্যাসতনয় শুকদেব এবং আমি (যম) এই দ্বাদশজন মাত্র ভাগবতধর্ম্ম অবগত আছি। হে দূতগণ, এই পবিত্র অতিগুহ্য দুর্ব্বোধ্য ধর্ম অবগত হইলে মানব মোক্ষপদ প্রাপ্ত হয়, তাহাতে সন্দেহ নাই। কর্ম্ম, যোগ ও জ্ঞান সাধনে জীবের নিত্য সেবা-বৃত্তির ব্যাঘাত ঘটিয়া থাকে। ভক্তিদ্বারাই জীবের সেবাবৃত্তির পরিচয় পাওয়া যায়।

ভাগবত-পাঠক

——::•::——

বৈষ্ণবের পরম পারমার্থিকগ্রন্থ শ্রীমদ্ভাগবত। বৈষ্ণবাচার্য্যগণ "শ্রীমদ্ভাগবতং প্রমাণমমলম্" এইবাক্যে ভাগবতকেই একমাত্র অমলপ্রমাণ বলিয়া কীর্ত্তন করেন।

অতুলনীয় সর্ব্বশ্রেষ্ঠগ্রন্থ ভাগবত যদি আচারবান্ নিষ্কিঞ্চন শুদ্ধভক্ত ভাগবতগণের দ্বারা ব্যাখ্যাত হন, তাহা হইলে ভাগবতের প্রকৃত অর্থ হৃদয়ঙ্গম হইতে পারে। আমরা জগদ্‌গুরু গৌরসুন্দরের আদেশেও তাহাই পাই। শ্রীমন্মহাপ্রভু নিত্যাসিদ্ধপার্ষদ ভাগবতের অদ্বিতীয় বক্তা রঘুনাথ ভট্টগোস্বামী প্রভুকে আদেশ করিয়াছিলেন।

"বৈষ্ণবের পাশ ভাগবত কর অধ্যয়ন।"
"যাহ ভাগবত পড় বৈষ্ণবের স্থানে।
একান্ত আশ্রয় কর চৈতন্যচরণে॥
চৈতন্যের ভক্তগণের নিত্য কর সঙ্গ।
তবে ত' জানিবা সিদ্ধান্ত-সমুদ্র-তরঙ্গ॥
তবে পাণ্ডিত্য তোমার হইবে সফল।
কৃষ্ণের স্বরূপলীলা বর্ণিবে নির্ম্মল॥
মহাচিন্ত্য ভাগবত সর্ব্বশাস্ত্রে কয়।
ইহা না বুঝয়ে বিদ্যা-তপ-প্রতিষ্ঠায়॥
ভাগবতে অচিন্ত্য ঈশ্বরবুদ্ধি যার।
সে জানয়ে ভাগবত অর্থভক্তিসার॥"

গৌড়ীয়ের স্বরূপ দামোদর প্রভু জগজ্জীবের শিক্ষার জন্য জানাইয়াছেন যে, চৈতন্যভক্তগণের আশ্রিত ব্যক্তির নিকট ভাগবত না পড়িলে কেহ কখনও সুসিদ্ধান্তপূর্ণ ব্যাখ্যা করিতে পারে না। কেবল পাণ্ডিত্যের দ্বারা ভাগবত বুঝা যায় না। বৈষ্ণব-গুরুর শিষ্যই ভাগবত ব্যাখ্যা করিতে সমর্থ, অন্যে নহে।

মহাকুল-প্রসূত সর্ব্বযজ্ঞে দীক্ষিত, বেদের সহস্র শাখাধ্যায়ী ব্রাহ্মণও যদি অবৈষ্ণব হন, তবে তিনিও শ্রীমদ্ভাগবত ব্যাখ্যা করিবার অধিকারী নহেন। ইহাই নিখিল বৈষ্ণব-শাস্ত্রসম্মত সিদ্ধান্ত।

মহাপ্রভু একদিন দেবানন্দ পণ্ডিতকে বলিয়াছিলেন,—

"ভাগবতে যত অধ্যাপক লোকে ঘোষে।
মর্ম্মার্থ না জানে ভক্তিহীন দোষে॥
কোপে বলে প্রভু বেটা কি অর্থ বাখানে।
ভাগবতের অর্থ কোন জন্মেও না জানে॥
এ বেটার ভাগবতে কোন্ অধিকার।
গ্রন্থরূপ ভাগবত কৃষ্ণ-অবতার॥"

দেবানন্দ পণ্ডিতের মত জ্ঞানবৃদ্ধ, তপস্বী, সংসারে উদাসীন, শাস্ত্রে মহাপণ্ডিত ব্যক্তিও যখন অভক্তজ্ঞানহেতু অধোক্ষজ ভাগবতের মর্ম্মার্থ-গ্রহণে অসমর্থ হইয়াছে, তখন অনর্থযুক্ত ব্যক্তি যাহা পাঠ দে তথু কামিনী-কাঞ্চন-প্রতিষ্ঠাশায় হইয়া থাকে, তাহাতে বিন্দুমাত্রও সন্দেহ নাই।

ভাগবত-ব্যবসায়ী, শাস্ত্রব্যবসায়ীর মুখে শ্রীহরি কীর্ত্তিত হন না। তাহাদের মুখে যাহা কীর্ত্তিত হয়, তাহা নামাকারে দেখিতে হরিনামাক্ষরের ন্যায় হইলেও, উহা মায়া। শ্রীহরি নিষ্কিঞ্চন ভক্তগণের হৃদয়ের ধন, শ্রীহরির চরণকমলের মকরন্দ-কণাগ্রাহী মহদ্ব্যক্তিগণের সেবোন্মুখ বদন হইতেই উচ্চারিত হইয়া জীবগণের জন্ম জন্মান্তরের সঞ্চিত চিত্তদর্পণের মলরাশি দূর করিয়াছেন। নিষ্কিঞ্চন কৃষ্ণার্পিত অখিলচেষ্ট ভক্তিনিষ্ঠগণই ভাগবত-পাঠের যোগ্য। যাঁহারা সর্ব্বপ্রথমেই ভগবচ্চরণে আত্মসমর্পণ করিয়া সাক্ষাদ্ভাবে শ্রবণাদি ভক্তি যাজন করেন, তাঁহারাই ভাগবত-পাঠের অধিকারী। ভক্ত কখনও শাস্ত্র পাঠ করিয়া বা অপরকে শাস্ত্র-শ্রবণ করাইয়া ঐ সকল শাস্ত্রের দ্বারা নিজের ইন্দ্রিয়তোষণ ও অপরের চিত্তরঞ্জন করেন না। যাঁহারা আত্মেন্দ্রিয়-তৃপ্তির জন্য ভাগবত পাঠ করেন এবং উহা উপজীবিকা মনে করিয়া শ্রোতার মনস্তুষ্টির জন্য তদনুরূপ ব্যাখ্যা করিয়া থাকেন, শালগ্রাম দ্বারা বাদাম ভাঙ্গিয়া উদরস্থ করাই যাঁহাদের নীতি, ঐ সকল ব্যক্তি ভাগবত-ব্যবসা করিয়া উহার শ্রোতাগণের সহিত নরক পথের পথিক হন।

শ্রীচৈতন্যভাগবত বলিয়াছেন,—

"বেদ ভট্টাচার্য্য চক্রবর্ত্তী মিশ্র সব।
তাহারাও না জানে সব গ্রন্থ অনুভব॥
শাস্ত্র পড়াইয়া সবে এই কর্ম্ম করে।
শ্রোতার সহিত যমপাশে ডুবি মরে॥"

দেবানন্দের প্রতি মহাপ্রভুর বাক্যেও দেখিতে পাওয়া যায়,—

"শুনিলাম তুমি সে পড়াও ভাগবত।
কোন জন্মে না জানহ গ্রন্থ অভিমত॥
পরিপূর্ণ করিয়া যেবা ভুঞ্জে খায়।
তবে বহির্দ্দেশে গিয়া সে সন্তোষ পায়॥"

যে ব্যক্তি উদর ভরিয়া ভোজন করেন, তিনি যে প্রকার বহির্দ্দেশে যাইয়া সন্তোষ পান, তদ্রূপ যিনি প্রকৃত গুরু, তিনি শাস্ত্রের উপদেশ স্বয়ং আচরণ করিয়া থাকেন। তিনি জীবদুঃখে কাতর হইয়া জীবে দয়া করিতে সমর্থ। কিন্তু তিনি কখনও কনক কামিনী-প্রতিষ্ঠাশায় প্রচার করেন না বা প্রচারক হইয়া দেশে দেশে ভ্রমণ করিয়া লোক-বঞ্চনা করেন না।

যাহারা শ্রীমদ্ভাগবতের সিদ্ধান্ত অন্যায় করিয়া শ্রোতৃগণকে বুঝাইবার চেষ্টা করে যে, আগে ভজন, পরে আত্মসমর্পণ অর্থাৎ আগে শ্রবণ, কীর্ত্তন, স্মরণ পরে আত্মসমর্পণ, এইরূপ আরোহবাদীর ন্যায় প্রাকৃতচিন্তাবিশিষ্ট তাহারাও বদ্ধজীব। এইরূপ অবস্থায় এক অন্ধকর্ত্তৃক পরিচালিত হইয়া অন্য অন্ধের যেরূপ গতি হইয়া থাকে, এস্থলে তাহাই হয়।

শ্রীমদ্ভাগবত অমল পুরাণে বাস্তববস্তু কীর্ত্তিত হইয়াছে। ইহার অপর নাম "পারমহংসী সংহিতা" তাহ কলির জীবের মঙ্গলের জন্য আমাদের সর্ব্বমঙ্গলময় শ্রীমন্মহাপ্রভু বলিয়াছেন—

দুই ভাই জগতের নাশি অন্ধকার।
দুই ভাগবত সঙ্গে করান সাক্ষাৎকার॥
এক ভাগবত বড় ভাগবত-শাস্ত্র।
আর ভাগবত ভক্ত ভক্তিরসপাত্র॥

শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী

পরমার্থ-সম্পুটের রত্নরাজি

ভিক্ষা :—১ম খণ্ড ৮০; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড ৮০; ৪র্থ খণ্ড —৮০ আনা।

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ
শ্রীধাম-মায়াপুর, নদীয়া।

প্রার্থনা

——::•::——

বহুদিন ভুলিয়াছি তোমার চরণ।
এবে প্রভু আসিয়াছি লইতে শরণ॥
কত জন্ম করিলাম সংসার-ভ্রমণ।
না হইল একদিন ওপদ স্মরণ॥
মায়ামোহে মত্ত হ'য়ে রহিনু ভুলিয়া।
কৃপা করি নিজজনে দিলে পাঠাইয়া॥
গুরুরূপে তুমি প্রভু এই অবনীতে।
মো হেন পামরে প্রভু এলে উদ্ধারিতে॥
তুমি ত আচার্য্যবর সর্ব্বজীব-গুরু।
এ পতিতে কর দান পদ কল্পতরু॥
তুমি না করিলে দয়া কে করিবে আর।
আর কেহ নাহি প্রভু জগতে আমার॥
প্রভুপাদ রেখেছেন তব পদতলে।
বিশ্বাস না হ'ল হায় বিষ্ণুমায়াবলে॥
মুখেমাত্র করেছিনু শ্রীপাদাশ্রয়।
তাই প্রভুবাক্যে মোর বিশ্বাস না হয়॥
মূঢ়ের প্রার্থনা প্রভু তব পদতলে।
কৃপা করি তব তত্ত্ব জানাও হৃদয়ে॥
কোটিচন্দ্র সুশীতল তব পদ হয়।
হায়, কবে পাইব সে চরণে আশ্রয়॥
কবে আমি ত্যজিব জড় অভিমান।
কবে বাসুদেব-পদ হবে ধ্যান জ্ঞান॥
পরম বান্ধব তুমি জগতে আমার।
তুমি প্রভু নিস্তারিলে এ ভবসংসার॥
আমি তব নিত্যদাস তুমি নিত্যপ্রভু।
তোমার চরণ আমি না ছাড়িব কভু॥
তব পাদপদ্মে প্রভু এই নিবেদন।
জন্মে জন্মে যেন পাই তব শ্রীচরণ॥
নিজগুণে কৃপা করি রাখ পদতলে।
যেন তব নাম-গুণ গাই কুতূহলে॥
সর্ব্বদা চিন্তিব আমি আচার্য্যচরণ।
তব পাদপদ্মে মোর এই নিবেদন॥
কবে গুরু-কৃপাবলে হ'বে হেন দিন।
নিত্যকাল হ'য়ে রব ওপদ অধীন॥
কবে সব দাস প্রতি প্রীতি উপজিবে।
তবে নিত্যদাস্য মোর হৃদয়ে জাগিবে॥
শ্রীঅনন্তবাসুদেব-পদ করি সার।
তাঁহার চরণে রতি হউক আমার॥
আচার্য্যচরণে মোর এই যে প্রার্থনা।
নিত্যকাল তব দাস্য হউক কামনা॥
নিত্যকাল যেন তব নাম গুণ গাই।
প্রতি জন্মে শ্রীচরণরেণু যেন পাই॥

শ্রীআচার্য্যচরণরেণুপ্রার্থী
শ্রীকেশবচরণ দাস।

শুদ্ধভক্তি-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠ-শ্রীধাম

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীমন্মহাপ্রভুর ভবনে শ্রীচৈতন্যমঠ, সর্ব্বপ্রধান পীঠ, শ্রীশ্রীরাধাকৃষ্ণ [illegible] [illegible] তথায় বিরাজ করেন। প্রাচীন [illegible] [illegible] আছে।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৫
কলিকাতায় শ্রীশ্রীগুরু-গৌরাঙ্গ-গান্ধর্ব্বিকা-গিরিধারী-আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমদ্ভাগবত পাঠ, সঙ্কীর্ত্তন, মহাপ্রভুর বেদান্ত শ্রীমদ্ভাগবতাদি সৎশাস্ত্রের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও [illegible] [illegible] [illegible] পত্র প্রকাশিত হয়।

(৩) যোগপীঠ-মায়াপুর শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব স্থান মহাযোগপীঠ।

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং [illegible] বর্ত্তমান।

(৬) মুরারিগুপ্তের পাট

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৭) কাজি-সমাধি-পাট

প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
ইহা [illegible] শ্রীচাঁদকাজীর সমাধি

(৮) শ্রীপ্রদ্যুম্নকুঞ্জ-[illegible]

শ্রীধাম মায়াপুর

(৯) আনন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা।

(১১) সারস্বত-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ আমলাজোড়া (বর্দ্ধমান)

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মাউগাছি, পোঃ তাসগড়, (বর্দ্ধমান)
শ্রীবৃন্দাবনদাস ঠাকুর [illegible] স্থান

(১৩) ঋতুদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(১৪) জহ্নুদ্বীপ গৌড়ীয়মঠালয়

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ

গৌড়পুর, নদীয়া

(১৬) শ্রীনবদ্বীপ গৌড়ীয় মঠ

বাকচাঁদা -(শ্রীপ্রকাশের পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৭) কুলিয়াদ্বীপ

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ চাঁদমাহি, (নদীয়া)

(২০) মহেশ পণ্ডিতের পাট

কাঁটালপাড়া, পোঃ চাকদা (নদীয়া)

(২১) রাণাঘাট-গৌড়ীয়মঠাশ্রম

(২২) পুরী গৌড়ীয়মঠ

চাকদহ পরগণা

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ

নারিন্দা পোঃ ওয়ারি, ঢাকা।
পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র।

(২৪) গোপালজীউমঠ

কমলাপুর, পোঃ ঢাকা

(২৫) নিতাই-গৌরাঙ্গ মঠ

পোঃ বালিয়াটি, (ঢাকা)

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

বড়বাজার, পোঃ ময়মনসিংহ

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চকচকা, কামরূপ (আসাম)

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

৩নং পাগলা ঝোরা, দার্জ্জিলিং

(৩০) আরঙ্গজ-গৌড়ীয়মঠ

পোঃ [illegible], জেঃ সাহারাণপুর, ইউ, পি

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

মিঠাপুর পাটনা।

(৩২) গয়া গৌড়ীয়মঠ

মণি রোড, গয়া

(৩৩) সনাতন গৌড়ীয় মঠ

৮।১৭ বড় সর্ব্বেশ্বর, কেদারঘাট কাশী

(৩৪) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

(৩৫) পরমহংস মঠ,

পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়

বিশ্রামঘাট, পোঃ মথুরা

(৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ

কিশোরপুর, বৃন্দাবন

(৩৯) একাদশাধিদেব-কুঞ্জ

পোঃ রাধাকুণ্ড (মথুরা)

(৪০) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪১) রাধাকুণ্ড গোবর্দ্ধন

(৪২) শ্রীগোবর্দ্ধনমঠালয়

গোবর্দ্ধন, মথুরা

(৪৩) মহেশ বিহারী মঠ

বর্ষাণা, মথুরা।

(৪৪) নন্দগ্রাম গৌড়ীয়মঠালয়

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৫) বর্ষাণা গৌড়ীয়মঠালয়

পোঃ বর্ষাণা, মথুরা

(৪৬) গোষ্ঠবিহারী মঠ—[illegible],

পোঃ [illegible], জেলা [illegible] (পাঞ্জাব)

(৪৭) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

(৪৮) দিল্লী গৌড়ীয় মঠ

৪৫নং [illegible] রোড, নিউ দিল্লী,

(৪৯) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, [illegible]
[illegible] বোম্বে ৭

(৫০) মাদ্রাজ গৌড়ীয়মঠ

পোঃ [illegible], মাদ্রাজ
শ্রীশ্রী[illegible] সেবা

(৫১) [illegible] গৌড়ীয়মঠ

পোঃ [illegible], [illegible] গোদাবরী মাদ্রাজ
শ্রীশ্রী[illegible] সেবা

(৫২) [illegible] গৌড়ীয়মঠ

[illegible], পোঃ [illegible] (পুরী)

(৫৩) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত পোঃ পুরী, উড়িষ্যা

(৫৪) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৫) শ্রীসাক্ষীগোপাল

(৫৬) ত্রিদণ্ডি-গৌড়ীয়মঠ

পোঃ ব্রহ্মপুর, পুরী

(৫৭) [illegible] মঠ

[illegible], পোঃ [illegible] (উড়িষ্যা)

(৫৮) আলালনাথ গৌড়ীয়মঠপীঠ

(৫৯) শ্রীপ্রপন্নাশ্রম-গৌড়ীয়-প্রচার-মণ্ডল

পোঃ [illegible], মন্দার

(৬০) ভাগবতজনানন্দ মঠ

চিকলিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর

(৬১) [illegible] গৌড়ীয়মঠ

পোঃ [illegible], মেদিনীপুর

(৬২) [illegible] [illegible] মঠ

পোঃ [illegible] (বর্দ্ধমান)

(৬৩) চৈতন্যগৌড়ীয়মঠ

[illegible], পোঃ [illegible], (মালদহ)

(৬৪) রেঙ্গুন গৌড়ীয়মঠ

৩০১ নং [illegible] ষ্ট্রীট, রেঙ্গুন।

(৬৫) লণ্ডন-গৌড়ীয়মঠ

[illegible] নং ২
৬১, [illegible]
[illegible], এস. ডব্লিউ. ৫

(৬৬) গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

১৬।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা

(৬৭) গৌড়ীয়মঠ অফিস

[illegible] [illegible] (ইউ-পি)

(৬৮) শ্রীবিদ্যানিধি গৌড়ীয়মঠালয়

[illegible], চট্টগ্রাম

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীমহানন্দ ব্রহ্মচারী ভক্ত্যালোক, ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ৩ দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ৩ দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে ।০	৵০	।৵০	।০
" " ইঞ্চি ২৲		১।০	১৲
সিকিকলম ৫৲			৩৲
" অর্দ্ধকলম ৮৲	৬৲	৬৲	৫৲
" এক কলম ১২৲	১০৲	১০৲	৮৲

এক বৎসর হইলে দর

প্রতিবারে প্রতি ইঞ্চি ৩	১।০
" সিকি কলম ১৫৲	১২৲
" অর্দ্ধকলম ২৫৲	১৮৲
" এক কলম ৩৫৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২॥০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা /৫ । বিশেষ সংখ্যা৷৹ তিন পয়সা ।

শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী

শ্রীল প্রভুপাদের চতুঃষষ্টিতম বর্ষপূর্ত্ত্যাবির্ভাব-তিথিতে শ্রীল আচার্য্যদেবের অভীষ্টানুসারে "শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী" প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। ইহাতে পূর্ব্বার্দ্ধ ও উত্তরার্দ্ধ দুইটি বিভাগ আছে। পূর্ব্বার্দ্ধে শ্রীল প্রভুপাদের আদি-প্রবন্ধাবলী শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের সম্পাদিত 'সজ্জনতোষণী,' শ্রীল প্রভুপাদের 'নিবেদন' সাপ্তাহিক পত্র প্রভৃতি হইতে বঙ্গাব্দ ও প্রয়োজনীয় অর্থের টীকা-সহ প্রকাশিত হইয়াছে। উত্তরার্দ্ধে শ্রীল প্রভুপাদের সম্পাদিত 'সজ্জনতোষণী'র কতিপয় প্রবন্ধ বঙ্গাব্দ প্রভৃতির সহিত মুদ্রিত হইয়াছে। প্রবন্ধগুলি রচনাকালের ক্রমানুসারে গ্রথিত হইয়াছে; এতদ্ব্যতীত শ্রীল আচার্য্যদেবের একটি মূল্যবান্ উপোদ্ঘাত ও সঙ্কলনকারীর একটি বিস্তৃত ভূমিকা, শব্দ-সূচী, শাস্ত্র-পত্র-শ্লোক ও পয়ার-সূচী প্রভৃতি গ্রন্থে সংযোজিত হইয়াছে। গ্রন্থটি উৎকৃষ্ট কাগজে পারিপাট্যের সহিত মুদ্রিত ও শ্রীল প্রভুপাদের আলেখ্যাদিদ্বারা ভূষিত ও সুন্দর বাঁধাই হইয়া প্রকাশিত হইয়াছে। প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, জিলা নদীয়া; শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ও শ্রীমাধবগৌড়ীয়মঠ, বাংলাবাজার, পোঃ ওয়ারী, ঢাকা।

শ্রীল প্রভুপাদের পত্রপ্রসূন মালা

এই গ্রন্থে ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তি- সিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের রচিত পত্রাবলী শ্রীল আচার্য্যদেবের বিরচিত "সৌরভ" নামক ভাষ্যের সহিত প্রকাশিত হইয়াছে। শ্রীল প্রভুপাদের অনেক অপ্রকাশিত পত্র ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ১০ আট আনা।

শ্রীধাম-মায়াপুরে

ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকট; বিদ্যালয় ও বোর্ডিং এর সুবিস্তৃত খোলা। অভিজ্ঞ শিক্ষক ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে খোরাক ও পোষাকখরচ প্রতি মাসে মাত্র ৬৲ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। বর্ত্তমান বর্ষে ১৬ জন বালকের মধ্যে ১৫ জন ভালভাবে উত্তীর্ণ হইয়াছে।

মেধাবী ছাত্রগণের আরও সুবিধা

পরীক্ষায় যাহারা শতকরা ৭৫ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ সচ্চরিত্র বিনয়ী ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক-সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতিসুন্দরভাবে আলোচিত হইয়াছে। এই এক অপূর্ব্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

শ্রীচৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত অতিসুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ 'এম্-এ' শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত ইহার ভিক্ষা মাত্র ৪৲ টাকা। প্রাপ্তিস্থান শ্রীযুত সম্পাদক কার্য্যালয়, শ্রীযোগপীঠ, ঈশোদ্যান, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীসরস্বতী-সংলাপ

প্রথম খণ্ড

শ্রীশ্রীব্রহ্মমাধ্ব গৌড়ীয়-সম্প্রদায়ৈকসংরক্ষক জগদ্গুরু পরমহংসকুলচূড়ামণি নিত্যলীলা-প্রবিষ্ট ১০৮শ্রী শ্রীমদ্ ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামি-প্রভুপাদ বিভিন্ন জিজ্ঞাসু ও শুশ্রূষু সজ্জনবৃন্দের পরিপ্রশ্নোত্তরে ও সংশয়-নিরাকরণকল্পে যে-সকল শুদ্ধভক্তিসিদ্ধান্তবাণী কীর্ত্তন করিয়াছেন, যাহা তাঁহার প্রকটকালেই 'গৌড়ীয়' সম্পাদক শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ প্রভুপাদেরই শ্রীচরণে সংশোধিত করাইয়া লইয়াছিলেন এবং যাহার কিয়দংশ গৌড়ীয়পত্রে প্রকাশিত হইয়াছে, তাহা "শ্রীশ্রীসরস্বতী-সংলাপ" নাম দিয়াপূর্ব্বক শ্রীল প্রভুপাদের 'বক্তৃতাবলী' ও 'পত্রাবলী' আকারে খণ্ডে খণ্ডে প্রকাশিত হইতেছেন। বর্ত্তমানে শ্রীল প্রভুপাদের পঞ্চবার্ষিক বিরহতিথিপূজা-বাসরে ঐ গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছেন। মানবজীবনের বহু জটিল সমস্যা ও জটিল প্রশ্নের সমাধান ইহাতে পাওয়া যাইবে। ভক্তগণের পাঠকমাত্রেরই এই গ্রন্থ সংগ্রহ একান্ত প্রয়োজন।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপদেশক পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী সম্প্রদায়-বৈভবাচার্য্য এম-এ মহোদয়ের গবেষণাপূর্ণ এবং শক্তিশালী লেখনীর অদ্ভুত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনালেখ্য-পাঠে মগ্ন হউন। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিবিধ চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলে শ্রীমহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডের অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের লিখিত মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকারের ভূমিকাদ্বয় (Preface), বিষয় তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত শব্দ-সূচীপত্র (Index Glossary) সহ প্রথমখানি প্রকাশিত। ভিক্ষা—১৫৲ পনর টাকা। প্রাপ্তিস্থান—বাগবাজার গৌড়ীয়মঠ, বাগবাজার : শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা ; শ্রীচৈতন্যমঠ, শ্রীমায়াপুর জেলা—নদীয়া।

'ঠাকুর ভক্তিবিনোদ'

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি প্রচারের মূল প্রবর্ত্তক সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অদ্ভুত জীবনচরিত এতাবৎকাল পৃথক্ গ্রন্থাকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয়মঠাচার্য্যবর্য্যের অন্যতম সুবিখ্যাত সুলেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিপিবদ্ধ হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু মূল্যবান শিক্ষাবলীও দেওয়া হইয়াছে। সর্ব্বসমেত ১২০ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৮০ আনা ; ডাক মাশুল স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান—ম্যানেজার গ্রন্থবিভাগ

শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হার্ম্মনিষ্ট" ও বহু গ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১০।এনং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

[illegible]

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মনুষ্য, পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাটতি ক্রমশঃ বাড়িতেছে। শিশুর প্লীহা সংযুক্ত কালাজ্বর এবং নূতন ও পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। মূল্য ছোট বোতল ৷৵০ দশ আনা, বড় বোতল ১৸০ আঠার আনা। প্যাকিং মাশুল স্বতন্ত্র।

—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা
অথবা
পোষ্ট বেলঘরিয়া, ২৪ পরগণা

ই. বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্টাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	৪-৩৬	৬ ২৬	৭ ০৬	১২-২৬	১৪-৫৬	১৩-৫৩	১৭-৫৬	২২-০[illegible]
রাণাঘাট পৌঃ			৮-১৮	১৪-১৫				
(বদল) ছাঃ			৯-৩৩	১৪-৫০				
কৃষ্ণনগর পৌঃ	৭-১	৮ ৪৫	১০-৮	১৫-২৩	১৭-২৮	১৯-০৮	২০-১৩	১-[illegible]
(বদল) ছাঃ	৭-১২		১০-৩১		১৭-৩৮		২০-২৬	
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫১		১১-১০		১৮-১৬		২১-৪	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬	
রাণাঘাট পৌঃ	১২-৫৫	
ছাঃ	১৩-০	
শান্তিপুর পৌঃ	১৩-২৬	
(বদল) ছাঃ	১৩-৩১	(ন্যারো গেজ লাইনে)
কৃষ্ণনগর পৌঃ	১৪-১২	
ছাঃ	১৪-৩০	
নবদ্বীপঘাট পৌঃ	১৫-১০	

ডাউন

নবদ্বীপঘাট ছাঃ	৫-৪৫		৯ ১০			১৩-৩১	১৬-০	১৮-৩১
কৃষ্ণনগর পৌঃ	৬ ২৩	৯-১৬	৯-৫৮	১১-৫১	১৪-১০	১৬-৩৬	১৯-১৭	২১-১[illegible]
ছাঃ	৬-৩৬	৭-১৮	১০-১১			১৬-৫৬	১৯-২৫	
রাণাঘাট পৌঃ			১০-৪৬			১৭-৩০		
(বদল) ছাঃ			১১-১			১৭-৫০		
কলিকাতা পৌঃ	৬-১৬	৯-২১	১১-৫১	১২-১৬	১৪-১৬	১৯-১১	২১-৫১	২৩-[illegible]

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৩-৩১	১৬-০		
কৃষ্ণনগর পৌঃ	১৪-১০	১৬-৩৮		
ছাঃ	১৫-২৮	১৭-৩৭		
শান্তিপুর পৌঃ	১৬-৯	১৮-১৪		
(বদল) ছাঃ	১৬-৩৩	১৮-২৫	(শনিবার ভিন্ন)	২০-৪০ (শনিবার)
রাণাঘাট পৌঃ	১৭-১০	১৮-৫০		২১-১৫
(বদল) ছাঃ	১৭-৪০	১৯-১৪		২১-৫০
কলিকাতা পৌঃ	১৯-১১	২০-৪০		২৩-০৭

পোঃ— শ্রীমায়াপুর
টেলিগ্রাম—শ্রীধর
শ্রীমায়াপুর

REGD NO C 1544

দৈনিক নদীয়াপ্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৪শ খণ্ড | শ্রীমায়াপুর— ২৯শে বৈশাখ, ১৩৪৬ ১৩ই মে, ১৯৩৯, শনিবার | ৬৩শ সংখ্যা

বিবিধ সংবাদ

—০—

বঙ্গীয় মহাজনী আইনের বিরুদ্ধে প্রতিবাদ

জানা গিয়াছে, বঙ্গীয় মহাজনী ব্যবস্থার প্রস্তাবিত বিলের প্রতিবাদ করিয়া এই জেলার প্রায় তিন শত হিন্দু ও মুসলমানের স্বাক্ষরিত এক স্মারক-লিপি বঙ্গের প্রধান মন্ত্রীর নিকট পেশ করা হইয়াছে। অন্যান্য বিষয়ের মধ্যে স্মারক-লিপিতে বলা হইয়াছে যে, সিলেক্ট কমিটি বিলটি যেভাবে সংশোধন করিয়াছেন, তাহাতে বিলের ধারাগুলি অত্যন্ত কঠোর, অবৈধ এবং ন্যায়নীতি বিরুদ্ধ হইয়াছে। বিলের ধারাগুলিতে ছোট বড় সকল মহাজনের প্রতিই আঘাত করা হইয়াছে। বিলটি পাশ হইলে এই প্রদেশের উপর একটা অবসাদের ছায়াপাত হইবে এবং ঋণদান একেবারে বন্ধ হইয়া যাইবে। অথচ ঐ আদানপ্রদানের উপর দেশের কৃষি-শিল্প ও ব্যবসা-বাণিজ্যের উন্নতি নির্ভর করিতেছে।

স্মারক-লিপিতে বিলটি প্রত্যাহারের দাবী করা হইয়াছে; আরও বলা হইয়াছে যে, বিলটি প্রত্যাহার করা সম্ভব না হইলে, ব্যাঙ্ক লোন কোম্পানী, ইনসিওরেন্স কোম্পানী, কো-অপারেটিভ সোসাইটি ও প্রভিডেন্ট সোসাইটি প্রভৃতি সম্পর্কে ঐ বিল যাহাতে প্রযুক্ত না হয়, তাহার বিধান করিতে হইবে।

[illegible] চুরি

সোনাতলার ইউনিয়ন বোর্ডের প্রেসিডেন্ট শ্রীযুক্ত [illegible] গৃহ-সংলগ্ন দেব-মন্দিরে একটি ভীষণ চুরি হইয়া গিয়াছে। প্রকাশ যে, দুর্বৃত্তেরা ঘরের ভিতরে ঢুকিয়া বহু মূল্য সোনা-রূপার অলঙ্কার চুরি করিয়া লইয়া গিয়াছে। পুলিশ তদন্ত চলিতেছে। এ পর্য্যন্ত কাহাকেও গ্রেপ্তার করা হয় নাই বা চুরির কোন সন্ধান মিলে নাই।

ভ্রাতা ও ভগ্নীর সলিল সমাধি

গত ২৮শে এপ্রিল বাগচী জমসেরপুর হইতে ৭ মাইল দূরবর্ত্তী শিকারপুর গ্রাম হইতে এক সংবাদে প্রকাশ যে, ঐ গ্রামের হাইস্কুলের সেক্রেটারী শ্রীযুক্ত কালীপদ বিশ্বাস অধিকারী মহাশয়ের একটি পুত্র (৭) ও একটি কন্যা (৯) "হাওলা" নদীতে স্নান করিবার সময় জলে ডুবিয়া মারা যায়। বাড়ীর নিকটেই নদী। তথায় কেহই ছিল না এবং এবং তাহাদের কেহই সাঁতার জানিত না।

উহাদের খোঁজ পড়িলে নদীর ঘাটে আসিয়া জামা-কাপড় দেখিয়া সন্দেহ হয় ও জলে খোঁজাখুঁজির পর উহাদের মৃতদেহ পাওয়া যায়।

নিখিল ভারত রাষ্ট্রীয় সমিতি

জানা গিয়াছে যে, পণ্ডিত জওহরলাল নেহরু নিখিল ভারত রাষ্ট্রীয় সমিতির আগামী অধিবেশনের তারিখ পরিবর্ত্তনের জন্য অনুরোধ করিয়াছেন। আগামী ৬ই জুন নিখিল ভারত রাষ্ট্রীয় সমিতির অধিবেশন হইবে বলিয়া স্থির হইয়াছিল। পণ্ডিত জওহরলাল নেহরুর অনুরোধে বাবু রাজেন্দ্রপ্রসাদ অধিবেশনের তারিখ পরিবর্ত্তন করিতে সম্মত হইয়াছেন। সম্ভবতঃ জুন মাসের শেষ সপ্তাহে নিখিল ভারত রাষ্ট্রীয় সমিতির অধিবেশন হইবে।

গঠনতন্ত্র সংশোধন কমিটির বৈঠক জুন মাসের তৃতীয় সপ্তাহে ভুসাবলে (সুরাট) অথবা বোম্বাইতে বসিতে পারে। খুব সম্ভব জুন মাসের প্রথম দিকে ১৫ দিনের জন্য বোম্বাইতে জাতীয় পরিকল্পনা কমিটির বৈঠক বসিবে।

শ্রমিক নেতার বিরুদ্ধে মামলা

গত সোমবার হাওড়ার মহকুমা বিচারক রায় সাহেব ডি সি দাসের এজলাসে শ্রীযুক্ত শিবনাথ ব্যানার্জি এম, এল, এর বিরুদ্ধে ফৌজদারী দণ্ডবিধির ১০৭ ধারানুযায়ী আনীত মামলার আর একদফা শুনানী হইয়া গিয়াছে। এ পর্য্যন্ত ফরিয়াদীপক্ষের ৫৫জন সাক্ষীর সাক্ষ্য গ্রহণ করা হইয়াছে এবং ফরিয়াদীপক্ষ হইতে ১০৪টি একজিবিট দাখিল করা হইয়াছে। বাউড়িয়া থানার ভারপ্রাপ্ত অফিসার মিঃ এ রহমানের জেরা শেষ হইবার পূর্ব্বে সেই দিনকার মত শুনানী মুলতুবী থাকে।

দক্ষিণ আফ্রিকায় সংবাদপত্র নিয়ন্ত্রণের চেষ্টা

কেপটাউন হইতে প্রাপ্ত এক সংবাদে প্রকাশ, ডাঃ মালানের এক প্রশ্নের উত্তরে প্রধান মন্ত্রী জেনারেল হার্টজগ পরিষদে বলেন যে, জুন মাসের পরিষদের অধিবেশন পুনরায় আরম্ভ হওয়ার পূর্ব্বেই তিনি পরিষদ কর্ত্তৃক সংবাদপত্র নিয়ন্ত্রণের জন্য একটি বিল পাশ করাইয়া লইবার সঙ্কল্প করিয়াছিলেন। তিনি আরও বলেন যে, সংবাদপত্রসমূহ এ বিষয়ে তাঁহাকে সমর্থন করিবে বলিয়া তিনি আশা করেন।

পোষ্টমাষ্টারের বিরুদ্ধে তহবিল তছরূপের অভিযোগ

ডেপুটি ম্যাজিষ্ট্রেট রায় সাহেব এস, এন, [illegible] আদালতে পোষ্ট অফিসের হিসাব-পত্র জাল ও তহবিল-তছরূপ সংক্রান্ত আর একটি মামলার শুনানী হইতেছে।

ভবানী সাব-অফিসের পোষ্ট মাষ্টার শ্রীযুক্ত রামকরণ সিংহ এই মামলার আসামী। অভিযোগে প্রকাশ, তিনি দুই হাজার টাকা আত্মসাৎ করেন এবং পরে ঐ টাকার বেশী অংশ পূরণ করিয়া দেন। এখন সেভিংস ব্যাঙ্ক সংক্রান্ত ২৯৫৲ টাকা তছরূপের অভিযোগে মামলা চলিতেছে।

বিশ্বনাথের মন্দিরে চুরি

চন্দ্রগ্রহণ উপলক্ষে অত্যধিক যাত্রীর ভীড়ের মধ্যে বিশ্বনাথের মন্দিরে চুরি করিবার অপরাধে সিটি ম্যাজিষ্ট্রেট ৫জন লোককে কারাদণ্ডে দণ্ডিত করিয়াছেন।

ম্যাজিষ্ট্রেট একজন আসামীর প্রতি এক বৎসর এবং তিনজনের প্রত্যেকের প্রতি তিনমাস করিয়া কারাদণ্ডের আদেশ দিয়াছেন। পঞ্চম আসামী একজন অল্পবয়স্ক ছাত্র বলিয়া তাহাকে [illegible] মুচলেকায় আবদ্ধ করা হইয়াছে।

খালের মধ্যে নৌকায় ডাকাতি

সোনাপুর খালের মধ্যে কোনও নৌকায় ডাকাতি হইয়াছে বলিয়া [illegible] থানা হইতে এক সংবাদ পাওয়া গিয়াছে। নৌকাখানি খালের মধ্যে নোঙ্গর করিয়া ছিল। মধ্য রাত্রে ৫।৬ জন ডাকাত মারাত্মক অস্ত্রশস্ত্র লইয়া নৌকায় উঠে এবং নৌকার মাঝি-মাল্লাকে প্রহার করিয়া নগদ ৩ শত টাকা লইয়া চলিয়া যায়। নৌকার লোকজন [illegible] অঞ্চল হইতে ধান লইয়া বিক্রয় করিত। এই সম্পর্কে ৩জনকে গ্রেপ্তার করা হইয়াছে।

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল সরস্বতী ঠাকুরের পরবিদ্যাভূষণ গোস্বামী মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক। প্রতি একাদশীতে প্রকাশিত হয়। কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। সডাক ভিক্ষা ২॥০ টাকা মাত্র।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৷০ টাকা মাত্র।

৩। ভাগবত—হিন্দিভাষায় একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ টাকা মাত্র

৫। শ্রীগৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ মাত্র।

পরমগুরু শ্রীগৌরকিশোর

গৌড়ীয়-সম্পাদক-লিখিত, শ্রীগৌড়ীয়মঠাচার্য্যের ভূমিকা-সম্বলিত, বহুচিত্র-শোভিত ও বিষয় সূচী-সমন্বিত "পরমগুরু শ্রীগৌরকিশোর" গ্রন্থাকারে প্রকাশিত হইয়াছেন। এই গ্রন্থখানে শুদ্ধগৌড়ীয়বৈষ্ণবগণের পরমারাধ্য, গৌড়ীয়গৌরবশিখামণি অলৌকিক বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ নিত্যলীলাপ্রবিষ্ট পরমহংস ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল গৌরকিশোরদাস গোস্বামী প্রভুবরের সংক্ষিপ্ত চরিতকথা বর্ণিত আছে।

শ্রীল ভক্তিবিনোদাবির্ভাব-শতবর্ষপূর্ত্তিতিথিপূজার উপায়ন-গ্রন্থমালা

——::(০)::——

১। গীতিসাহিত্যে শ্রীভক্তিবিনোদ

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র গীতিসাহিত্যের সমালোচনা-গ্রন্থ)

ভিক্ষা—৷৷০ বার আনা মাত্র।

২। শ্রীভক্তিবিনোদবাণীবৈভব

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের রচনামৃতসাগর হইতে আহৃত ১০৮টি অধ্যায়ে সম্বন্ধ-অভিধেয়-প্রয়োজনাকারে গ্রথিত অমূল্য উপদেশপূর্ণ গ্রন্থ)

ভিক্ষা—৩৲ তিন টাকা মাত্র।

৩। শ্রীশ্রীভক্তিবিনোদ-প্রসঙ্গ

ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ ও ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল সরস্বতীঠাকুরের পরবিদ্যাভূষণ গোস্বামীপ্রভু-বিরচিত এবং গৌড়ীয়ে প্রকাশিত শ্রীশ্রীভক্তিবিনোদ-চরিত-প্রসঙ্গ

ভিক্ষা—৷৷৵০ ছয় আনা মাত্র।

৪। ছাত্রদের ভক্তিবিনোদ

(ছাত্রদের উপযোগী ভাষায় লিখিত শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্র ও শিক্ষা)

ভিক্ষা—৷৷০ বার আনা মাত্র।

ছাত্রদের পক্ষে ভিক্ষা—৷০ দুই আনা মাত্র)

প্রাপ্তিস্থান:—

(১) 'ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট', পোঃ শ্রীমায়াপুর, নদীয়া;

২) শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা;

— শ্রীযুক্ত সুশতিরঞ্জন দাস এম-এ, বি-এল, পুরাণপল্টন পোঃ রমনা, ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবত,—সমগ্র ৫০
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত — ১৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। ভাষ্যসহ বিরাট শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৭৲
৩। ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৮
৪। সরস্বতী জয়শ্রী (অবাঁধা) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৷৷০; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৷৷০
৪র্থ খণ্ড—৷৷০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৷৷০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৷৷
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার দীপিকা ও সংস্কার দীপিকা ১৷০
৯। বৈষ্ণবমঞ্জুষা ২৲
১০। গৌড়ীয় কণ্ঠহার ৪৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৷৷
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ৷
১৫। বৈষ্ণবসাহিত্যে বিষয়-তত্ত্ব ৷০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৷৷০
১৭। বৈষ্ণবোপনিষৎ ৷০
১৮। বাল্য আলবার ৷০
১৯। তত্ত্ববিবেক ৷০
২০। গৌড়ীয়-গৌরব ৷৷৵০
২১। গৌড়ীয়সাধিকা ৷৷৵০
২২ ভজন-রহস্য
২৩। শ্রীচৈতন্যচরিতামৃত ও শ্রীনবদ্বীপশতক (বাঁধা) ১৲
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা সহ ২৲
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) ২৲
অবাঁধা) ১৲
২৬। গীতার কেবল মাত্র ভাষা ৷০
২৭। দুর্ব্বিজ্ঞেয় গুপ্তগৌরবঃ (সানুবাদ)
২৮। প্রেমবিবর্ত্ত (সানুবাদ) ৷০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৷৷০
৩০। দীন-ভিক্ষু-দর্শন ৷৵০
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ৷৷৵০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ৷০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৷৷০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৵০
৩৫। গীতমালা ৵১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৷৵০
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৵০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ৷০
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমার ৷০
৪০। শরণাগতি ৴০
৪১। গীতাবলী ৴০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৷৷০
৪৩। সাধনতত্ত্ব ৴০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ৴
৪৫। নবদ্বীপশতক
৪৬। অর্চ্চনকথা
৪৭। সদাচারস্মৃতিঃ ৫৴
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৴১০
৪৯। অর্চ্চনকথা ৵১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম ৪ খণ্ড) ৭৲
৫১। ব্রহ্মসংহিতা ৷০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ৷০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৷৷০
৫৪। পুরুষার্থ নির্ণয় ৷০
৫৫। তত্ত্বসূত্রাবলী বা সারাৎসারতত্ত্বসূত্রম্ ৷০
৫৬। ভাগবতধর্ম ও ভক্তিপথ ৵০
৫৭। ঈশোপনিষৎ (সানুবাদ) ৷০
৫৮। শ্রীকৃষ্ণদেবক ৵০
৫৯। সিদ্ধান্তদর্পণ ৵০
৬০। সাংখ্যবাণী ৴০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ৷০
৬২। সিদ্ধান্ত সরস্বতী বিদ্বিজয়ঃ ৷০
৬৩। সটীক-শিক্ষাষ্টকম্ ৷০
৬৪। তত্ত্বসূত্রম্ ৷০
৬৫। সানুবাদ শিক্ষাষ্টকম্ ৵০
৬৬। গৌড়ীয়মতাবলম্বিচন্দ্রঃ ৴০
৬৭। সারাৎসারবর্ণনম্ ৵০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ৷০
৬৯। এ কিউ ৷০
৭০। নামভজন ৴০
৭১। বেদান্ত—ইট্স মরফলজী অ্যান্ড অন্টলজি ৷০
৭২। রিলেটিভ ওয়ার্ল্ড্স ৷৷৵০
৭৩। শ্রীচৈতন্য মহাপ্রভু: হিজ লাইফ অ্যান্ড প্রিসেপ্ট্স ৷০
৭৪। বেদান্তম্ ৷০
৭৫। শর্ট গৌড়ীয়মঠ ইন ব্রিফ ৴০
৭৬। দি ভাগবত ৷০
৭৭। ইরোটিক প্রিন্সিপল অ্যান্ড আনালয়েড ডিভোশন ৷০
৭৮। ব্রহ্মসংহিতা ১৷০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (প্রথম খণ্ড) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ৷০
৮১। সাধন-পথ ৷০
৮২। কল্যাণ-কল্পতরু ৵০
৮৩। গীতাবলী ৴৩
৮৪। শরণাগতি ৴০

আসামী ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা



দৈনিক নদীয়া-প্রকাশ

একমাত্র পারমার্থিক দৈনিক-পত্র
শ্রীধাম-মায়াপুর-নদীয়া

১২শ বর্ষ ৯ ত্রিবিক্রম ৪৫৩ গৌরাব্দ, ২১শে বৈশাখ বঙ্গাব্দ ১৩৪৬, ১৩ই মে ইং ১৯৩৯, শনিবার ৬০শ সংখ্যা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

৯ ত্রিবিক্রম অবায় ক্ষীরোদশায়ী গৌরাব্দ ৪৫৩

শ্রীশ্রীআচার্য্যবাণী

——::•)::——

বদ্ধজীবের নিরপেক্ষতার অভিমান নির্ব্বিশেষবাদের আবাহন ব্যতীত আর কিছুই নয়। 'নিরপেক্ষতা' অর্থে ভোগ-ত্যাগে নিরপেক্ষ হইয়া যুক্তবৈরাগ্যের সমাশ্রয়।

গৌড়ীয়মঠের কোন পক্ষান্তর নাই। উনি একমাত্র কৃষ্ণপক্ষ। অগৌড়ীয় কখনও গৌড়ীয়গণের প্রতিপক্ষ হইতে পারে না। এক অদ্বিতীয় অদ্বয়জ্ঞান বাস্তব-সত্যের প্রতিযোগ-প্রয়াসী যাহা কিছু, তাহাই মিথ্যা।

মহাপ্রভুর অবতারে অপরাধাদি ব্যাপার থাকিলেও নিত্যানন্দ-অঙ্গে আঘাতপ্রদান-কারীর প্রতি, শ্রীবাসচরণে অপরাধী দেবানন্দ প্রভৃতি, কীর্ত্তনবিরোধী কাজী প্রভৃতি তাঁহার কৃপা-লীলার পরিচয় আছে। অসংখ্য-জনে দূরতার আদর্শও ছোট হরিদাস-বর্জন-লীলায় জাজ্বল্যরূপে বর্ত্তমান। কালা-কৃষ্ণদাস মহাপ্রভু কর্ত্তৃক পরিত্যক্ত হইয়াও নিত্যানন্দপ্রভুর কৃপার পাত্র হইয়াছিলেন।

কিন্তু শ্রীগুরুদেব বা তৎপ্রিয় বৈষ্ণবচরণে অপরাধীর প্রতি শ্রীমন্মহাপ্রভুর কোন কৃপার আদর্শ কোথায়ও নাই। শ্রীরামানুজ লক্ষ্মণ সীতাদেবীর বিরোধী শূর্পণখার নাসিকা ছেদন করিয়াছিলেন।

শ্রীগুরুপাদপদ্ম হইতে বিন্দুমাত্র deviated হইলেই সব গেল। ব্যক্তিগত পীড়নে অসহিষ্ণু হইয়া প্রতিহিংসা লইতে হইবে না; কিন্তু শ্রীগুরুবৈষ্ণবের প্রতি অত্যাচার দর্শনে সম্পূর্ণ অসহিষ্ণু হওয়াই বৈষ্ণবতার আরম্ভ।

গুরুদেবই কৃষ্ণকে দিতে পারেন, অন্যের ক্ষমতা নাই। ধন, জন বা কবিতাসুন্দরী প্রভৃতির প্রার্থনা কিম্বা আত্মবিপ্রলম্ভ ক'রে তাঁ'র আসন গ্রহণ করা রূপ অহং-গ্রহোপাসনা যেন কদাপি না হয়। তাঁ'র সর্ব্বোত্তমা প্রীতি কৃষ্ণানুশীলন যা'তে অনুকূল-ভাবে হয়, তজ্জন্য চেষ্টা করা উচিত। কৃষ্ণের স্ফূর্ত্তি—তাঁ'র রূপস্ফূর্ত্তি ও ধামস্ফূর্ত্তি যাঁ'র যতটা হ'বে, তিনি তত আমায় কৃপাপাত্র ক'রেছেন। কৃষ্ণভজনের ভজনপ্রবৃত্তি যাঁ'র যতটা, কৃষ্ণসেবার উদ্দীপন তাঁ'র হৃদয়ে ততটা প্রতিভাত।

শুদ্ধা ভক্তির ইতিহাস আলোচনা ক'র্লে দেখা যায়, যাঁ'রা মাপ্‌তে গিয়েছে, তাঁ'রা চিরকালই ব্যর্থমনোরথ হ'য়েছে। তাঁ'রা জগতের প্রশংসা-ভাজন হ'লেও অপ্রাকৃত বস্তুকে স্পর্শ ক'র্তে পারে নাই। যখন সেইরূপ চেষ্টা হয়, তখনই তিনি নিজকে লুক্কায়িত রাখেন, মায়া দ্বারা আচ্ছাদন করেন। তাঁ'রা মায়িক বস্তু লাভ ক'রে মনে করে যে, অধোক্ষজ বস্তু লাভ ক'র্লাম।

হরিগুরুবৈষ্ণব যদি সত্যসত্যই কাহারও সেবা গ্রহণ করেন, তাঁ'রা আমাকে ব্যক্তিগত-ভাবে নিষেধ ক'র্লেও জানি যেন তাঁ'দিগের প্রতি বিন্দুমাত্রও কোনভাবে বিদ্বেষভাব পোষণ না করি। যেখানেই থাকি নির্ব্যলীক হ'য়ে যেন আশ্রয়বিগ্রহের নিষ্ঠা আশ্রিত থাক্‌তে পারি। স্থূলভাবে তাহা বৃক্ষতলই হউক আর অভ্রভেদী শ্রেষ্ঠ সৌধবিক্রয়কারী রাজপ্রাসাদই হউক, তাহাই শ্রীধাম নবদ্বীপাদির শ্রীধাম, যেখানে আশ্রয়-বিগ্রহের আনুগত্যে নিত্যকাল বিষয়বিগ্রহের সেবার বিচার প্রবল।

যখন সেবার চোখ্ থাক্‌বে না, যখনই আধ্যক্ষিক দৃষ্টি প্রবল হ'বে, তখনই নির্ব্বিশেষবাদী জড়রূপ ভাগের অভিনয়ে চিদ্রূপ হ'তেও বঞ্চিত হ'বে। ইহা ভক্তি-পথের সর্ব্বাপেক্ষা পরিপন্থী। সুবিধাবাদ বা স্বার্থসিদ্ধির কামনামূলে যে বিচার, তাহা আত্মমঙ্গলকামীর বিচার নহে। বস্তুতঃ আত্মমঙ্গলকামীর বিচার এই যে, সম্পূর্ণ শরণাগত হ'য়ে শ্রীহরিগুরুবৈষ্ণব যখন যে অবস্থায় রেখে সুখ পান, তজ্জন্য মৃত্যু পণ ক'রে শেষ নিঃশ্বাস পর্য্যন্ত সেই অবস্থায় সন্তুষ্ট হ'য়ে, সর্ব্ববিধ দুঃসঙ্গ পরিত্যাগ ক'রে শ্রীচৈতন্যের সেবায় এই জীবনকে আহুতি প্রদান কর্‌। এইরূপ নিষ্ঠা না হৈলে কথা থাক্‌লেই মুখে বিরহশোভক আশ্রয়-বিগ্রহ-সমাধিষ্ট বিষয়-বিগ্রহের নাম বা গোকুল-মহোৎসব প্রকটিত হন।

সাধুসঙ্গ

(পণ্ডিত শ্রীপাদ উদ্ধবদাসনঅধিকারী ভক্তিশাস্ত্রী বি-এ)

সৌভাগ্যবান্ জীবেরই কৃষ্ণকৃপায় গুরু-পাদাশ্রয় লাভ হয়। সৌভাগ্য না থাকিলে হয় না। 'ভাগ্যবান্' বলিতে সুকৃতিসম্পন্ন জীবকে বুঝায়। অজ্ঞানক্রমে বিষ্ণুবৈষ্ণব-সেবা সাধিত হইলে জীবের 'সুকৃতি'র উদয় হয়। এই অজ্ঞাতপূর্ব্ব সুকৃতি জীবমাত্র চিদ্বৃত্তির অস্ফুট বিকাশ, উহা জড়কর্ম নহে। শ্রীসনাতনশিক্ষায় শ্রীমন্মহাপ্রভু বলিয়াছেন,—

সংসার ভ্রমিতে কোন ভাগ্যে কেহ তরে।
নদীর প্রবাহে যেন কাষ্ঠ লাগে তীরে॥
কোন ভাগ্যে কারো সংসার ক্ষয়োন্মুখ হয়।
সাধুসঙ্গে তবে, কৃষ্ণে রতি উপজয়॥
কৃষ্ণ যদি কৃপা করে কোন ভাগ্যবানে।
গুরু অন্তর্যামিরূপে শিখায় আপনে॥

শ্রীমদ্ভাগবতে মুচুকুন্দ শ্রীকৃষ্ণকে স্তব করিতেছেন,—

ভবাপবর্গো ভ্রমতো যদা
ভবেজ্জনস্য তর্হ্যচ্যুত সৎসমাগমঃ।
সৎসঙ্গমো যর্হি তদৈব সদ্গতৌ
পরাবরেশে ত্বয়ি জায়তে রতিঃ॥

অর্থাৎ হে অচ্যুত, সংসার ভ্রমণ করিতে করিতে যখন জনের ভবাপবর্গকাল আসিয়া উপস্থিত হয়, তখন সাধুসঙ্গ সংঘটিত হইয়া পড়ে, তবেই সদ্গতি ও পরাবরেশের-স্বরূপ তোমাতে রতি জন্মে।

অনন্ত কৃষ্ণবিমুখজীব নিরুপায় হইয়া সংসারে ভ্রমণ করিতেছে। তাহাদের মধ্যে

মায়ারে করিয়া জয় ছাড়ান না যায়। সাধু-গুরু-কৃপা বিনা না দেখ উপায়॥

কাহারও দৈবাৎ ভক্তিপ্রদ-সুকৃতি হয়। শুদ্ধভক্তির কোন অঙ্গ, যথা—একাদশাদি-দিবসে উপবাস, ভগবল্লীলাতীর্থের দর্শন ও স্পর্শ, অতিথিবোধে শুদ্ধভক্তের উপকার, নিষ্কিঞ্চন সাধুদিগের বদন-নির্গত হরি-নামাদির কথা বা গীত শ্রবণ ইত্যাদি যদি কোন অজ্ঞাত ব্যক্তি ঘটনাক্রমে বা লোক-দৃষ্টিতে ভুক্তি-মুক্তি স্পৃহা-রহিত হইয়া করেন, তাহা হইলে ঐ সকল কার্য্য ভক্তিপ্রদ-সুকৃতি হয়। যাহাদের ভুক্তি-মুক্তি-স্পৃহা থাকে, তাহাদের সম্বন্ধে উহারা ভক্তিপ্রদ-সুকৃতি হয় না, পরন্তু ভোগোন্মুখী ও মোক্ষোন্মুখী সুকৃতি হয়।

ঘটনাক্রমে সৌভাগ্যে প্রথম সাধু সঙ্গের ফলে যে শ্রদ্ধার উদয় হয়, তাহা অনন্যভক্তির অধিকারী ব্যক্তির কর্ম্মাধিকার-নিবারক বিশেষণ মাত্র। এই প্রাথমিক শ্রদ্ধা ভক্তির অঙ্গ নয়। যথা আম্নায়-সূত্র,—

'শ্রদ্ধা ত্বন্যোপায়বর্জ্জং ভক্ত্যুন্মুখী-
চিত্তবৃত্তিবিশেষঃ।'

অর্থাৎ কর্ম্মজ্ঞানাদি অন্যোপায়-পরিত্যাগপূর্ব্বক ভক্ত্যুন্মুখী চিত্তবৃত্তি-বিশেষ শ্রদ্ধা। জ্ঞান-কর্ম্ম-যোগাদি প্রয়োজনসিদ্ধির উত্তম উপায় নয়, ভক্তিই একমাত্র বিশুদ্ধ উপায়—এবম্ভূত দৃঢ়বিশ্বাস— "শ্রীকৃষ্ণচরণে শরণাপত্তি ব্যতীত অন্য কোন উপায়েই আমার মঙ্গল নাই। অতএব আমি সেই শ্রীচরণে শরণাপন্ন হইলাম"—এইরূপ দৃঢ়বিশ্বাসের নাম শ্রদ্ধা, শরণাপত্তি বা প্রপত্তি। এই শ্রদ্ধা উদিত হইলে জীব কাঁদিতে কাঁদিতে বৈষ্ণব সাধুর অনুগমনে রত হন। এইরূপে যে সাধুর আশ্রয় করেন, তিনি শ্রীগুরুদেব।

কৃষ্ণপ্রসাদেই গুরুপ্রসাদ লাভ হয়। সুকৃতিমান্ অনুগ্রহযোগ্য জনের পরম-শ্রেয়োলাভের উদ্দেশ্যে শ্রীভগবান্ নিজ প্রিয়তম জনকে শক্তি অর্পণ করিয়া জগতে নিজ কৃপাশক্তি বিতরণের জন্য মহান্তগুরুরূপে প্রেরণ করেন। শ্রীগুরুদেব শিষ্যকে কৃষ্ণ-সেবারূপ সম্বোধন দীক্ষা প্রদান করেন। গুরু-কৃষ্ণের প্রসন্নতা হইলেই ভক্তিলতার বীজরূপ শ্রদ্ধা পাওয়া যায়। যথা,—

ব্রহ্মাণ্ড ভ্রমিতে কোন ভাগ্যবান্ জীব।
গুরু-কৃষ্ণ-প্রসাদে পায় ভক্তিলতা-বীজ॥

এই ভক্তিলতাবীজ শ্রদ্ধা হইতে ভগবানের সেবালতিকা উৎপন্ন হয়। এই সুদৃঢ়বিশ্বাসরূপ শ্রদ্ধা ভক্তির অঙ্গ। শ্রদ্ধাবান্ জীবই গুরুপাদপদ্ম আশ্রয় করেন ও শ্রীগুরুদেবের কৃপায় কৃষ্ণসেবা লাভ করেন। গুরু কৃষ্ণ [illegible] সম্বন্ধজ্ঞান ও [illegible] প্রাপ্তি হয় না—অন্যাভিলাষ, কর্ম্ম বা জ্ঞান-বীজের প্রাপ্তি ঘটিতে পারে।

গুরুপাদপদ্ম হইতে শ্রবণ করিয়া তৎ-কীর্ত্তন-কার্য্যে ব্রতী হইলেন, তাহারা ভক্তিলতা-বীজ ক্রমশঃ ভগবানের সেবারূপ লতিকায় পরিণত হয়। এই লতিকা ক্রমশঃ বর্দ্ধিত হইয়া গোলোক-বৃন্দাবনে শ্রীকৃষ্ণপাদপদ্মে সর্ব্বতোভাবে আশ্রয় পাইয়া থাকে এবং কৃষ্ণেন্দ্রিয়প্রীতিবাঞ্ছারূপ অপ্রাকৃত প্রেমফল প্রদান করে।

অপরাধশূন্য বৈষ্ণবাপরাধই সাধনপথে সর্ব্বপ্রধান 'বিঘ্ন'। প্রবল ভক্তিবিরোধী ভাব বা দুর্নিবারূপ বৈষ্ণবাপরাধ ভক্তিলতার বিনাশকারক। কৃষ্ণাঙ্কুশসহ-বর্জ্জন-চেষ্টা-রূপ আবরণ বা বেড়া না থাকিলে অসৎ-সঙ্গক্রমে জাত অপরাধ মত্তহস্তীরূপে ভক্তিলতাকে উৎপাটিত ও নিঃশেষ করিতে পারে। এরূপ যাহাতে না ঘটে তজ্জন্য সাধকের নিতান্ত সাবধান হওয়া আবশ্যক।

দুঃসঙ্গ পরিত্যাগ না করিয়া অপরাধের সহিত প্রবল সংগ্রাম করিতে করিতে জীবগণ ভুক্তি মুক্তি-সিদ্ধি-কামী, লাভ-পূজা-প্রতিষ্ঠা-পরায়ণ, কপটপ্রিয় অর্থাৎ নিজেন্দ্রিয়-তর্পণ-প্রমত্ত হইয়া নির্ব্বোধ লোকগণকে বঞ্চনাপূর্ব্বক জগতে 'ধার্ম্মিক' বা 'সাধু' বলিয়া পরিচয়-আকাঙ্ক্ষী হইয়া পড়ে, বাস্তবিক শুদ্ধ হরিসেবক হইতে পারে না।

দুঃসঙ্গবর্জ্জন-বিষয়ে বজ্রাদপি কঠোর না হইলে সাধু-গুরুর কৃপা পাওয়া যায় না। শ্রীসনাতন-শিক্ষায় শ্রীশ্রীমহাপ্রভু বলিয়াছেন—

অসৎসঙ্গত্যাগ এই বৈষ্ণব-আচার।
স্ত্রীসঙ্গী এক অসাধু, 'কৃষ্ণাভক্ত' আর॥

ইহার অনুভাষ্যে শ্রীল প্রভুপাদ বলিয়াছেন—"অবৈষ্ণবসঙ্গ-পরিত্যাগই বৈষ্ণবের একমাত্র সদাচার। অবৈষ্ণব বলিলে স্ত্রীসঙ্গী ও 'কৃষ্ণের অভক্ত'—এই দুই শ্রেণীর লোককে বুঝায়। সংসারে পাপপরায়ণ ব্যক্তি বৈষ্ণব নামের একেবারেই অযোগ্য। 'ধর্ম্ম', 'অর্থ' ও 'কাম' নামক ত্রিবর্গ স্ত্রীসঙ্গরূপ অবৈষ্ণবা-চারে আবদ্ধ। 'মোক্ষ' নামক চতুর্থবর্গ স্ত্রীসঙ্গ হইতে উৎপন্ন না হইলেও কৃষ্ণবৈমুখ্য-ক্রমে মোক্ষাভিলাষী স্ত্রীসঙ্গী অপেক্ষা অধিক-তর অবৈষ্ণব হয়ে। মায়াবাদী ও মায়াবিলাস—উভয়ের সঙ্গই বৈষ্ণবতা বা ভক্তির বিনাশের কারণ"।

বস্তুতঃ গুরু কৃষ্ণ-প্রসাদে যে শ্রদ্ধা লাভ হয় তাহা নষ্ট করিবার জন্য বহুবিধ ব্যাঘাতগণের অভাব নাই। শ্রীশ্রীল আচার্য্যদেব, 'আলোর অনুসরণ' প্রবন্ধে কৃপাপূর্ব্বক জানাইয়াছেন— "আমাদিগকে আঁধারে—মহাকালীতে লীন করাইবার জন্য আত্মমতব আকর্ষণ ও বিকর্ষণ করিতেছে। আচার্য্যবৃন্দের আলোর আকর্ষণ যদি আমরা অনুসরণ করিতে পারি, তাহা হইলে যাবতীয় প্রতিকূল চেষ্টা—কোটি কোটি বাধা-বিঘ্নের পর্ব্বত আমাদের সেবোৎসাহ আরও কোটিগুণ বৃদ্ধি করিবে।"

সুতরাং দেখা যাইতেছে, সাধুসঙ্গফলে ভক্তিপ্রদা সুকৃতি লাভ হইলে কৃষ্ণকৃপায় গুরুপাদপদ্মে আশ্রয় পাওয়া যায়। সদ্গুরু-পাদাশ্রয় করিয়া শুদ্ধভক্তসঙ্গে কৃষ্ণানুশীলনই একমাত্র উদ্দেশ্যপূর্ণ উপায়। শ্রোতবাণীতে ও শ্রীগুরুতে অবিশ্বাস হওয়া অতিশয় দুর্ভাগ্যের পরিচয়। পাপে যাহাদের চিত্ত মলিন অথবা অসৎসঙ্গক্রমে যাহাদের চিত্ত মোহগ্রস্ত, তাহাদেরই এইরূপ দুরবস্থা ঘটিয়া থাকে। লোকাবিষ্ট করিয়া অসৎসঙ্গ করাতে কোন বাহাদুরী নাই। ভুল করিয়াও যদি গুরু বৈষ্ণবের চরণে অপরাধ করিলে দণ্ড হইতে রেহাই পাওয়া যায় না। একমাত্র হরি-গুরু-বৈষ্ণবের অহৈতুকী কৃপাতেই আমরা সমস্ত অপরাধ হইতে মুক্ত হইতে পারি। অন্য উপায় নাই—নাই—নাই।

'সাধুসঙ্গ', 'সাধুসঙ্গ'—সর্ব্বশাস্ত্রে কয়।
লবমাত্র সাধুসঙ্গে সর্ব্বসিদ্ধি হয়॥

আনুগত্য

(শ্রী[illegible] ব্রহ্মচারী)

ভক্তি কি প্রকারে পাওয়া যায়? তদুত্তরে বলা যায় যে, ভক্তিপ্রাপ্তির চেষ্টাই একমাত্র উপায়। ভগবদ্ভক্তিরাজ্যে প্রাপ্তির উপায় ও প্রাপ্তি ভিন্ন নহে, উপায় ও উপেয় পৃথক্ নহে। কর্ম্ম, জ্ঞান, যোগ, অন্যাভিলাষ প্রভৃতি বিষয়ে বস্তুপ্রাপ্তির উপায় ও প্রাপ্তি অর্থাৎ উপেয় ভিন্ন। নির্ব্বিশেষবাদিগণের মতে 'মই' দিয়া ছাদে উঠিবার পর 'মই'এর আর কোন দরকার থাকে না। একবার ছাদে উঠিতে পারিলে মই চিরতরে ভাঙ্গিয়া ফেলিলেও কোন আপত্তি নাই; অর্থাৎ তাহাদের সাধ্য ও সাধন পৃথক্। কিন্তু ভক্তিরাজ্যের সিঁড়ি পাকা সিঁড়ি—ইহা ছাদের সহিত নিত্য সংলগ্ন থাকে। ঐ সিঁড়ি কখনও ভাঙ্গা যায় না। সিঁড়ি ভাঙ্গিলে ছাদও পড়িয়া যায়। অর্থাৎ অনিত্য বস্তুদ্বারা নিত্যবস্তু লাভ করা যায় না, নিত্যবস্তু দ্বারাই নিত্যবস্তু লাভ করা যায়। ভক্তি দ্বারাই ভক্তি লাভ হয়।

এজগতেও দেখা যায় যে, কোন একটী বিষয়ে শিক্ষালাভ করিতে হইলে শিক্ষকের প্রয়োজন হয়। শিক্ষকের শরণাগত না হইলে, তাঁহার আনুগত্য স্বীকার না করিলে, তাঁহার আজ্ঞানুবর্ত্তী না হইলে কোন শিক্ষা লাভ করা যায় না। তদ্রূপ আচার্য্য, গুরু বা বৈষ্ণবের নিকট আত্ম-সমর্পণ না করিলে—শরণাগত না হইলে—শিষ্যত্ব স্বীকার না করিলে হরিভক্তির পথে একপদও চলিতে পারা যায় না। আচার্য্য আচরণ করিয়া কৃষ্ণভক্তি শিক্ষা দেন। তাঁহার আচার-প্রচার-পরায়ণ জীবনের অনুসরণ করিলে—অমায়ায় কৃপার প্রার্থী হইলে তবেই মঙ্গল। শরণাগত বা শিষ্যকেই তিনি শাসন করেন—কৃষ্ণভক্তি শিক্ষা দেন। অনুগ্রহ-নিগ্রহের মালিক এক-মাত্র গুরুবৈষ্ণবই। কৃষ্ণ তাঁহাদের প্রেম-বশীভূত। তাঁহাদের ইচ্ছাই কৃষ্ণের ইচ্ছা—তাঁহাদের কৃপা বা অনুগ্রহই কৃষ্ণের কৃপা বা অনুগ্রহ। হরিজনের কৃপাতেই হরিভক্তি লাভ হয়। সেইজন্যই শাস্ত্র বলিয়াছেন,—

'কৃষ্ণভক্তিজন্মমূল হয় সাধুসঙ্গ।'

কৃষ্ণপ্রসাদ ও সাধনাভিনিবেশের কৃপা হইতে কৃষ্ণভক্তি লাভ হয়। 'কৃষ্ণপ্রসাদ' বলিতে কৃষ্ণ ও কৃষ্ণভক্ত উভয়কেই বুঝায়। ইঁহাদের কৃপার কোন কারণ নাই। যদি ইঁহারা কোন সুকৃতিমান্ ব্যক্তির প্রতি প্রসন্ন হইয়া পড়েন, তবে তাঁহাদের ভক্তিলাভ অতি সুলভ হইতে পারে। সেইজন্যই তাঁহাদের অহৈতুকী করুণার কাঙ্গাল হইয়া তাঁহাদের চরণে আত্মনিবেদন করিয়া নিষ্কপটে তাঁহাদের অমায়ায় কৃপার প্রার্থী হওয়াই প্রয়োজন। গুরুনিত্যানন্দের পাদপদ্মে অবস্থিত হইতে পারিলেই আর ভয়ের বা নিরাশা-হতাশার কোন কথা নাই। শরণাগত হইতে পারিলে চিন্তার কোন কারণ নাই। নির্ভীক হইয়া নিজের বল-ভরসা প্রভৃতি আশা ছাড়িয়া তাঁহাকে গোপ্তৃত্বে বা পালকত্বে বরণ করিতে হইবে। অকিঞ্চনতা, দীনতা বা শরণাগতি থাকিলেই গুরুপাদপদ্মের কৃষ্ণশ্রেষ্ঠত্বের বিষয় উপলব্ধি হয়। শরণাগতের নিকটই তিনি তাঁহার স্বরূপ প্রকট করেন। তাঁহার অমায়ায় কৃপা না হইলে তাঁহার ভুবনমোহন-মনো-মোহনকারিণী সেবা বা মহিমার কথা উপলব্ধির বিষয় হয় না। তাঁহার স্বরূপ অর্থাৎ সেবাময়রূপ স্বরূপ দর্শন না হইলে তৎপাদপদ্মে আকৃষ্ট হইতে কেহ পারে না। যদি আত্মাবগ্রহ—সেবাবিগ্রহ—সেবাশিক্ষাদাতা শ্রীগুরুদেবের সংকীর্ত্তন শ্রীকৃষ্ণকীর্ত্তনযজ্ঞে পূর্ণ আহুতি দিয়ে

কাহারও সৌভাগ্য হয়, যদি নিজেকে দীন, হীন, অকিঞ্চন বলিয়া বলিয়া উপলব্ধি হয় তবেই শ্রীগুরু-নিত্যানন্দ তাঁহার সেবার রূপ দেখাইয়া তাহাকে আকৃষ্ট করিবেন। গুরুকৃপাপ্রসাদে ভক্তিলতা-বীজ লাভ হইবে। জন্ম, ঐশ্বর্য্য, শ্রুত, শ্রী প্রভৃতি হরিভক্তিলাভের বাধকারী নহে। ঐ সকল পুণ্য-আভিজাত্যাদি না থাকিলেও কৃষ্ণকৃপা হইতে পারে।

দীন বা অসহায় অবস্থা উপলব্ধি করিয়া ভগবানকে ডাকিলেই ভগবানের কৃপা পাওয়া যায়। এ জগতের কোন কিছুর বিন্দুমাত্র অভিমান থাকিলে নিত্যানন্দের কৃপা পাওয়া যাইবে না। নিত্যানন্দের কৃপা না হইলে সংসৃতি-বাসনার বীজ নষ্ট হয় না—ভগবৎসেবা হয় না। সেইজন্যই শ্রীল ঠাকুর বৃন্দাবন বলিয়াছেন,—

সংসারের পার হই ভক্তির সাগরে।
যে ডুবিবে সে ভজুক নিতাইচাঁদেরে॥

গুরু-নিত্যানন্দের কৃপা পাইতে হইলে দীন, অকিঞ্চন হইতে হইবে। শ্রীগুরুপাদ-পদ্ম অকিঞ্চনেরই লভ্য। অকিঞ্চন না হইয়া দাম্ভিক হইলে তাঁহার কৃপা পাওয়া যায় না। দীনতার বিপরীত দম্ভ। দম্ভ থাকিলে গুরুপাদাশ্রয় লাভ হয় না, তাঁহার স্বরূপ বা দাসরূপ সেখানে প্রকাশ করেন না। দম্ভ ছাড়িয়া—স্বতন্ত্রতা ছাড়িয়া দীন হইলে, অনুগত হইলে অকিঞ্চন বা নির্ম্মৎসর হইলে তবেই ভগবদ্ভক্তি লাভ হইবে। নির্ম্মৎসর হইয়া সাধুমুখ-বিগলিত শ্রীহরিকথা শ্রবণ করিলে হৃদয়ের মলসমূহ অপসারিত হইয়া ভগবানের সেবার জন্য একটা তীব্র আর্ত্তি উপাহৃত হয়। ভগবদ্ভক্তিলাভের জন্য তীব্র আর্ত্তি না হইলে সেব্যের স্বরূপ, সেবকের স্বরূপ, সেবার স্বরূপ কিছুই বুঝা যায় না। সদ্গুরুর কৃপা না হইলে গুরু-সেবা পাইতেছি না বলিয়া নিজের একটা আত্মগ্লানি বা দুঃখও হয় না; সুতরাং পাইবার জন্য ইচ্ছাও জাগে না। তাই প্রথমেই সদ্গুরুর—যাঁহার গুরুপাদপদ্মে অচলা শ্রদ্ধাবিশ্বাস আছে, তাঁহার কৃপার ভিখারী হওয়া প্রয়োজন। এইরূপ একজন সদ্গুরু পাইলেই যথেষ্ট। একজনের সঙ্গ হইলেই—একজনের কৃপা হইলেই গুরু-পাদপদ্মে দৃঢ়শ্রদ্ধা-বিশ্বাস জন্মিবে। সেইজন্যই ঠাকুর ভক্তিবিনোদ চিনিয়া লইয়া সদ্গুরুর সেবা করিতে বলিয়াছেন।

সাধুসঙ্গ সাধুসঙ্গ সর্ব্বশাস্ত্রে কয়।
লবমাত্র সাধুসঙ্গে সর্ব্বসিদ্ধি হয়॥

সাধু চিনিতে হইবে। সাধুর তারতম্যানুসারে সেবারও তারতম্য আছে। যেখানে সেখানে মস্তক বিক্রয় করিতে হইবে না। যেখানে সেখানে আত্মসমর্পণ করিলে সর্ব্বনাশ হইবে। বৈষ্ণবকে চিনিতে হইবে—আদর করিতে হইবে—বৈষ্ণবতার দিক্ হইতে। বৈষ্ণবতা থাকুক্ বা না থাকুক, বেশীদিন মঠে বাস করিলেই যে তাহাকে বৈষ্ণব বলিতে হইবে এরূপ নহে। বৈষ্ণবতা অর্থে বিষ্ণুর ঐকান্তিক সেবা-তৎপরতা। উহা বৈষ্ণবের স্বরূপ। কৃষ্ণৈকশরণতাই বৈষ্ণবের স্বরূপ-লক্ষণ, আর সব, দয়াদি অন্যান্য গুণসমূহ গৌণ। এইরূপ কৃষ্ণৈকশরণ সাধুর সঙ্গ করিতে হইবে। এক মুহূর্ত্ত সাধুর সঙ্গ ছাড়া হইলে মায়া আমাদের গ্রাস করিবে, অজহরিনাম হইবে না। সাধুর সঙ্গে হরিনাম শ্রবণ-কীর্ত্তন করাই একমাত্র কার্য্য। অন্য সমস্ত কাজ বাদ দিয়া অর্থাৎ দেহ-মনোবৃত্তে জলাঞ্জলি দিয়া ২৪ঘণ্টার মধ্যে ২৫ ঘণ্টাই সাধুসঙ্গ ও সাধুসেবা করিতে হইবে। এইরূপ সাধুর সঙ্গ ছাড়িয়া দিলে দুষ্ট মন নির্জ্জন-ভজনের ছলনা করিয়া মহা-সর্ব্বনাশ সাধন করিবে। নিষ্কপট গুরুদাসের নিকটে অনুগত হইতে না পারিলে গুরুদেবের উপদেশ স্মৃতিপথে আসে না। যে সাধু আমাদিগকে তোষামোদ করেন না, কনক-কামিনী-প্রতিষ্ঠা প্রদান করিয়া তোষা দেন না—তীব্র হরিকথা কীর্ত্তন করিয়া আমার গলদ্‌গুলি ধরাইয়া দেন, তাঁহারই সঙ্গ করিতে হইবে, তবেই মঙ্গল হইবে। নতুবা মঙ্গলের আশা সুদূর-পরাহত।

শ্রীশ্রীআচার্য্য-আরতি

জয় জয় শ্রীআচার্য্য পতিতপাবন।
মো হেন পতিতে প্রভু করহে তারণ॥
জয় জয় শ্রীঅনন্তবাসুদেব জয়।
এ হেন পতিতে প্রভু দেহ' পদাশ্রয়॥
তুমি ত' জগদ্‌গুরু সর্ব্বজীব-গুরু।
এ অধমে দেহ' প্রভু পদকল্পতরু॥
জয় জয় শ্রীআচার্য্য গোস্বামী ঠাকুর।
কলিজীব-উদ্ধারিতে করুণা প্রচুর॥
মুই সে পামর অতি অতি দুরজন।
কৃপা করি দেহ' প্রভু তব শ্রীচরণ॥
কর্ম্মী, জ্ঞানী, মায়াবাদী অভক্তাদিগণ।
গুরু-ভোগী, গুরুত্যাগী যত দুরজন॥
কনক-কামিনী আর প্রতিষ্ঠাসম্ভার।
বঞ্চনা করিলে প্রভু দিয়া এ সবার॥
বাহ্যকল্পতরুরূপে জগতে প্রকাশ।
যে যাহা মাগয়ে তার পূর্ণ কর আশ॥
কিন্তু এক গূঢ় ইচ্ছা আছয়ে তোমার।
গোলোকের পূর্ণ বস্তু করিতে প্রচার॥
কৃষ্ণনাম, কৃষ্ণধাম, কৃষ্ণের কামনা।
জানাইতে আসিয়াছ এই বিবজনা॥
অসিদ্ধান্ত চূর্ণ করি সিদ্ধান্ত স্থাপিয়া।
নানা ক্লেশ সহিতেছ জগতে আসিয়া॥
কিছু না বুঝিনু হায়! তোমার করুণা।
তব তত্ত্ব নাহি জানি তব কৃপা বিনা॥
তাই তব পাদপদ্মে মোর নিবেদন।
কৃপা করি এ তত্ত্ব জানাও এখন॥
সিংহরবে দূর করি' দুষ্টজনগণে।
নিষ্কপটে রক্ষা কর অতি সযতনে॥
প্রভুপাদশ্রেষ্ঠ তুমি প্রভু আজ্ঞা ধরি'।
জগতে করিছ নাশ দুষ্ট তর্ক-অরি॥
যত কালি-পুষ্টচর গুরু-দ্রোহিগণ।
সকলে পলায় দেখি' তোমার বিক্রম॥
বজ্রাদপি-কঠিন তুমি অভক্তেরো প্রতি।
কুসুম-কোমলবৎ শুদ্ধভক্ত প্রতি॥
জয় জয় হে আচার্য্য গোস্বামিপ্রবর।
পরমহংসশিরোমণি সর্ব্বশক্তিধর॥
তোমার মহিমা-রাশি কে বর্ণিতে পারে
কৃপা করি যদি তুমি না জানাও মোরে॥
মূকও বাচাল হয় তব কৃপাবলে।
তব কৃপা হ'লে পঙ্গু গিরি লঙ্ঘি' চলে॥
তোমার চরণে আমি মাগি এই ভিক্ষা।
জন্মে জন্মে তব কৃপাবাণী করি শিক্ষা॥
তব পাদপদ্মে মোর সদাই কামনা।
তোমার করুণা মোর হউক প্রার্থনা॥

শ্রীআচার্য্য-করুণাপ্রার্থী—
শ্রীকেশবচরণ দাস

পয়ার

শ্রীনৃসিংহদেবের আবির্ভাব তিথি-পূজা

গত ১৮ই বৈশাখ মঙ্গলবার, লক্ষ্মৌ গৌড়ীয়মঠের সেবকগণ পরমারাধ্যতম শ্রীশ্রীল আচার্য্যদেবের আনুগত্যে অহোরাত্র উপবাস-মুখে শ্রীশ্রীনৃসিংহচতুর্দ্দশী-তিথি পালন করেন। ব্রাহ্মমুহূর্ত্তে উষঃকীর্ত্তনান্তে সমস্ত দিন শ্রীমদ্ভাগবত পারায়ণ হইতে থাকে এবং মধ্যে মধ্যে মহাজনপদাবলী কীর্ত্তিত হইতে থাকে। সন্ধ্যার পূর্ব্বেই শ্রীশ্রীনৃসিংহদেবের বন্দনা ও দশাবতার-স্তোত্রাদি সংকীর্ত্তন অন্তে শ্রীপাদ সুদর্শন ব্রহ্মচারী প্রভু শ্রীমদ্ভাগবত হইতে শ্রীশ্রীনৃসিংহদেবের আবির্ভাব প্রসঙ্গ পাঠ ও ব্যাখ্যা করেন। ব্রহ্মচারীজী বলেন যে, ভক্তরাজ প্রহ্লাদের চরিত্রে আমরা সাধনভক্তের শিক্ষণীয় বিষয় পাই যে,—প্রহ্লাদ যেমন বিষ্ণুবিদ্বেষী পিতা হিরণ্য-কশিপু ও অসুর বালকগণের মধ্যে অবস্থিত থাকিয়াও এবং নানাপ্রকারে নির্য্যাতিত হইয়াও ভগবদুপাসনা হইতে বিন্দুমাত্র বিচলিত হন নাই, পরন্তু অসুর বালকগণকে ভগবদ্ভজনে প্রবৃত্ত করাইয়াছিলেন, তদ্রূপ ভগবদ্ভক্তও বহির্ম্মুখ জনগণের সহিত বাস করিয়াও ভগবদ্ভজন হইতে বিন্দুমাত্র বিচলিত হইবেন না। অনন্যচিত্ত ভক্ত প্রহ্লাদের প্রতি কৃপা-পরবশ হইয়া তাঁহাকে রক্ষা করিবার জন্য যেমন শ্রীশ্রীনৃসিংহদেব আবির্ভূত হইয়াছিলেন, সেইপ্রকারে একনিষ্ঠ ভগবদ্ভক্তের প্রতি কৃপাপরবশ হইয়া হিরণ্যকশিপু-সদৃশ ভোগী ও ধর্ম্মবিদ্বেষী জনগণের কবল হইতে এবং সত্যার্ক সদৃশ স্বার্থান্বেষী ও বিপথে পরিচালনকারী শিক্ষাগুরুবর্গগণের হস্ত হইতে রক্ষা করিবার জন্য ভগবৎপ্রকাশ-বিগ্রহ 'আচার্য্য কেশরী' সকল সময়েই প্রকাশিত হইয়া থাকেন। শ্রীশ্রীল আচার্য্য-দেবের আনুগত্য ব্যতীত সাধনভক্তের অন্যপ্রকারে বহির্ম্মুখ জনগণের অত্যাচার হইতে রক্ষা পাইবার কোন উপায় নাই, প্রভৃতি বহু কথা কীর্ত্তন করেন। তৎপরে রাত্রি ৮ ঘটিকার সময় শ্রীশ্রীনৃসিংহদেবের জয়গান করিতে করিতে সভা ভঙ্গ হয়।

দার্জ্জিলিং-এ প্রচার

শ্রীগৌড়ীয়মঠের অন্যতম সেবক বৈদান্তিক পণ্ডিত শ্রীপাদ বিনোদ-বিহারী ব্রহ্মচারী কৃতিরত্ন মহোদয় বর্ত্তমানে দার্জ্জিলিং শ্রীগৌড়ীয়মঠে অবস্থান পূর্ব্বক সমাগত সজ্জনবৃন্দের নিকট হরিকথা কীর্ত্তন করিতেছেন। শ্রীনৃসিংহচতুর্দ্দশীদিবস তিনি মঠাগত শিক্ষিত ভদ্রমহোদয়গণের নিকট হরিকথা কীর্ত্তন করিয়া সকলের চিত্ত আকর্ষণ করেন। তাঁহার যুক্তিপূর্ণ শাস্ত্রসিদ্ধান্ত শ্রবণ করিয়া সকলেই পরমানন্দিত হন। পণ্ডিতজী প্রত্যহ শ্রীমঠে শ্রীচৈতন্য-চরিতামৃত পাঠ ও ব্যাখ্যা করিতেছেন। তাঁহার হরিকথা প্রচারে উৎসাহ দেখিয়া আমরা সকলেই পরমানন্দিত।

শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী

পরমার্থ-সম্পুটের রত্নরাজি

ভিক্ষা :—১ম খণ্ড ৸৹; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড ৸৹; ৪র্থ খণ্ড—৸৹ আনা।

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ
শ্রীধাম-মায়াপুর, নদীয়া।

শুদ্ধভক্তি-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠ-শ্রীধাম
প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
গত ১৩ই মে শনিবার শ্রীচৈতন্যমঠের ভক্তবৃন্দ সন্ধ্যার সময় শ্রীধর-অঙ্গনে গমন পূর্ব্বক গুরুবৈষ্ণব-বন্দনা, আরতি কীর্ত্তন ও মহাজনপদাবলী কীর্ত্তন করেন। অনন্তর শ্রীপাদ জগন্নাথ দাস ব্রহ্মচারী ভক্তিবন্ধন শ্রীচৈতন্যভাগবত হইতে মহাপ্রভু ও সার্ব্বভৌম উপাখ্যান পাঠ ও ব্যাখ্যা করিয়া সকলের আনন্দবর্দ্ধন করেন। পাঠের আদি ও অন্তে শ্রীপাদ কেশবচরণ দাসাধিকারী ও শ্রীপাদ অনন্তরাম ব্রহ্মচারী মহাজন-পদাবলী কীর্ত্তন করেন।

কলিকাতায় প্রচার

গত ১০ই মে বুধবার সন্ধ্যা ৭॥ ঘটিকার সময় শ্রীযুক্ত প্রিয়নাথ দত্ত প্রমুখ বড়বাজার, পাথুরেঘাটার মহাজনগণের সাদর আহ্বানে মহোপদেশক পণ্ডিত শ্রীপাদ নবীনকৃষ্ণ বিদ্যালঙ্কার মহোদয় কতিপয় ব্রহ্মচারী সহ সুপ্রসিদ্ধ বনবিহারী বাবুর গদীতে গমন করেন। পণ্ডিতজী তথায়, শ্রীচৈতন্যচরিতামৃত হইতে "শ্রীসনাতনশিক্ষা" সম্বন্ধে প্রায় দেড়ঘণ্টাকাল পাঠ ও ব্যাখ্যা করেন। পাঠের আদি ও অন্তে মহাজন-পদাবলী ও মহামন্ত্রাদি কীর্ত্তন হয়। বহু বণিক্ ও সজ্জনব্যক্তি পণ্ডিতজীর মুখ হইতে হরিকথা শ্রবণ করিয়া পরমানন্দ লাভ করেন। সভায় বহু ভদ্রলোক উপস্থিত ছিলেন। শ্রীযুত প্রিয়নাথ দত্ত প্রমুখ ব্যক্তিগণের সেবাচেষ্টা উত্তরোত্তর বৃদ্ধিপ্রাপ্ত হউক—ইহাই আমরা শ্রীগুরু-বৈষ্ণবচরণে প্রার্থনা করি।

শ্রীরাধাকুণ্ডে শ্রীকুঞ্জবিহারী-মঠে শ্রীনৃসিংহদেবের আবির্ভাব উৎসব

দিল্লী শ্রীগৌড়ীয়মঠের সেবক পণ্ডিত শ্রীপাদ অপ্রমেয় দাসাধিকারী ভক্তিশাস্ত্রী মহোদয় মথুরা ও শ্রীধামবৃন্দাবন হইতে শ্রীরাধাকুণ্ডে উপস্থিত হইয়া শ্রীকুঞ্জবিহারী-মঠে শ্রীহরিকথা কীর্ত্তন করিতেছেন। পরমারাধ্যতম শ্রীশ্রীল আচার্য্যদেবের কৃপাশীর্ব্বাদে মঠস্থ সেবকগণ দিবারাত্র উপবাসী থাকিয়া নিরন্তর নামকীর্ত্তনমুখে শ্রীনৃসিংহদেবের আবির্ভাব-তিথি-পূজা সম্পন্ন করেন। শ্রীনৃসিংহদেবের পূজা ও সন্ধ্যারাত্রিকের পর ভক্তিশাস্ত্রী মহোদয় শ্রীহরি-কথা-কীর্ত্তন-প্রসঙ্গে বলেন যে, শ্রীনৃসিংহদেব ভক্তিবিঘ্নবিনাশন। সাধকের সাধনপথে অশেষ বিঘ্ন উপস্থিত হইয়া থাকে, কিন্তু শ্রীনৃসিংহদেবের কৃপা-কটাক্ষে মুহূর্ত্তে সমস্ত বিপদ বিদূরিত হয়। তিনি নিজ ভক্ত শ্রীপ্রহ্লাদ মহারাজকে রক্ষা করিবার নিমিত্ত এই চতুর্দ্দশীতিথিতে আবির্ভূত হইয়াছিলেন। তিনি ভক্তের নিকট শান্ত এবং অভক্তের নিকট ভীষণ। যেমন সিংহ অন্যের নিকট ভীষণ হইলেও নিজ শাবকের নিকট স্নেহপরায়ণ, শান্ত। ভক্তবিঘ্নবিনাশন শ্রীনৃসিংহদেবের জয় হউক।

পাঠের আদি ও অন্তে মহাজনপদাবলী কীর্ত্তন হয়। ভক্তিশাস্ত্রী মহোদয় মঠে ধারাবাহিকরূপে শ্রীমদ্ভাগবত পাঠ ও ব্যাখ্যা করিতেছেন।

শ্রীশ্রীআচার্য্য-বন্দনা

জয় জয় শ্রীআচার্য্য পতিতপাবন।
প্রণমে তোমারে প্রভু এ পতিতাধম॥
ভকতের রক্ষা হেতু তব অবতার।
ভক্তদ্বেষী বহির্ম্মুখে কর পরিহার॥
ভক্তের আশ্রয় তুমি ভকত-বৎসল।
বিদ্বেষী জনের হও কৃতান্ত কেবল॥
ভকতের যত চেষ্টা সব সেবাপর।
তাহাতে যে বাধা দেয় অবশ পামর॥
তাহার নিধন হেতু হইয়া প্রকাশ।
জোতির্ম্ময় শাস্ত্রের রক্ষ নিজ দাস॥
নৃসিংহতত্ত্বাবতারী শ্রীআচার্য্য জয়।
ভক্তিপথ-বিঘ্নরাজি নাশ দয়াময়॥
তোমার শ্রীপাদপদ্মে আমার মিনতি।
অসৎসঙ্গ-ত্যাগে যেন হয় দৃঢ়মতি॥
বিষয়ী, যোষিৎসঙ্গী, তদ্‌সঙ্গী আর।
জড়ভোগী, ধর্ম্মধ্বজী নাস্তিক প্রকার॥
সুদৃঢ় যতনে এই সব তেয়াগিব।
বৈষ্ণব-আশ্রয়ে আত্মকৃপা সঞ্চিব॥
প্রণতপালক প্রভু শ্রীআচার্য্য জয়।
শ্রীপদে মিনতি মোর ওহে দয়াময়॥

কৃপাসিন্ধু

শ্রীঅনন্তনারায়ণ ব্রহ্মচারী

শ্রীল ভক্তিসুধাকর প্রভুর পত্র

---::(•)::---

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

শ্রীগৌড়ীয়মঠ,
কলিকাতা,
২১।৪।৩৯

শ্রীশ্রীবৈষ্ণবচরণে দণ্ডবৎপ্রণাম পূর্ব্বক নিবেদন,—

* * *

তোমার ২৩৪ তারিখের কৃপালিপি পাইয়া সমস্ত অবগত হইলাম।

* * *

আশা করি তোমার দিক্ হইতে তুমি সেবাধর্ম্মে সর্ব্বদা সযত্ন আছ। তাহা হইলে শ্রীগুরুদেব তোমাকে নিশ্চয়ই রক্ষা করিবেন।

পরমারাধ্য শ্রীল আচার্য্যদেবের নিষ্কপট আনুগত্যপ্রার্থীর কোন অমঙ্গল সম্ভব নহে জানিবা। ইহা যেন সর্ব্বদাই মনে থাকে। তাঁহার বাণীই তাঁহার প্রকৃত স্বরূপ।

আমার দণ্ডবৎপ্রণাম কৃপাপূর্ব্বক গ্রহণ করিবা

দাসাধম—

শ্রীনারায়ণদাস অধিকারী

মায়ারে করিয়া জয় ছাড়ান না যায়। সাধু-গুরু-কৃপা বিনা না দেখি উপায়॥

"বৈষ্ণবের উপর প্রভুত্ব করিব", যাহাদের এই বিচার, তাহারা সর্ব্বাপেক্ষা অধিক পাষণ্ড। বৈষ্ণবের উপর প্রভুত্ব করিবার পিপাসা—কৃষ্ণ সাজিবার চেষ্টা। একমাত্র কৃষ্ণই বৈষ্ণবের উপর প্রভুত্ব করিতে পারেন। কোন কোন পাষণ্ড গুরুদেবের উপর প্রভুত্ব অর্থাৎ "গুরুদেব আমার order-supplier, অর্থাৎ আমি যখনই যাহা বলিয়াছি, তিনি তখনই তাহা শুনিয়াছেন"- এইরূপ বিচার করে। ইহাদিগকে জন্ম-জন্মান্তর বৈষ্ণবের বিসর্জ্জনীয় পঙ্ক-মূত্র গ্রহণ করাইতে হইবে, তবে যদি উহাদের মঙ্গল হয়।"

(শ্রীল আচার্য্য দেব)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

১৪ ত্রিবিক্রম কৃষ্ণ অনিরুদ্ধ গৌরাব্দ ৪৫৩

স্মরণ

——:::(•):::——

স্মরণ নবধা ভক্তির অন্যতম। কীর্ত্তন অঙ্গী আর শ্রবণ ও স্মরণ অঙ্গ। সর্ব্বক্ষণ ভগবান্‌কে স্মরণ করিতে হইবে—ইহাই বিধি। এই কৃষ্ণস্মরণই জীবের নিত্যস্বরূপ বা ধর্ম্ম। শ্রীল ঠাকুর নরোত্তম বলিয়াছেন—

মনের স্মরণ প্রাণ   মধুর মধুর নাম
    লীলা রূপগুণাদি সার
সাধ্য-সাধন এই   আর নাই ইহা বই
    এই তত্ত্ব সর্ব্বতত্ত্বসার।

স্মরণ উপায় ও উপেয় উভয়ই। স্মরণ কীর্ত্তনসাপেক্ষ। যিনি কীর্ত্তন করেন, তাঁহার কাছে শ্রবণ করিলে,—তাঁহার শিষ্য হইলেই তাঁহাকে অধিকার হয় এবং অনুকীর্ত্তন করিতে করিতে ভজন-প্রভাবে অন্তঃকরণে কৃষ্ণস্মৃতি স্থান পায়। তখন হৃদয়ে আর অন্য চিন্তা থাকে না। সেইজন্য মহাপ্রভু সর্ব্বক্ষণ কৃষ্ণস্মরণের উপায় স্থির করিয়াছেন,—"কীর্ত্তনীয়ঃ সদা হরিঃ।" হরি সদা কীর্ত্তনীয়, হরিই সদা শ্রবণীয়, হরিই সদা স্মরণীয়। সুতরাং সর্ব্বক্ষণ যাহাতে হরিস্মৃতি উদ্দীপিত থাকে, তজ্জন্য যত্ন করা বিশেষ আবশ্যক। মহাপ্রভুর আদেশ শিরে ধারণ করিয়া সর্ব্বক্ষণ কীর্ত্তন করিতে চেষ্টা করা দরকার।

কৃষ্ণস্মৃতিই ভক্তি। এতদ্ব্যতীত যত চিন্তা সব অভক্তি। কৃষ্ণস্মরণমুখে যাহা কিছু করা যায়, যাহা কিছু বলা যায়, যাহা কিছু চিন্তা করা যায়, সবই শাস্ত্রানুমোদিত, সবই ভক্তি। কৃষ্ণস্মরণ বাদ দিয়া ভক্তি সাধিত হয় না। কৃষ্ণস্মরণকারী—কৃষ্ণকীর্ত্তনকারী কখনও অবৈধ ক্রিয়া, কুক্ষেত্রর প্রসঙ্গ বা মনোধর্ম্মের প্রশ্রয় দেন না। তিনি নিত্য কৃষ্ণানুশীলন। কৃষ্ণবিস্মৃতি বা স্বরূপভ্রান্তি তাঁহার নাই। স্বরূপভ্রষ্ট জীবের প্রধান ও প্রথম অনর্থ। এই স্বরূপভ্রম হইতেই প্রতিষ্ঠা, জড়ভোগবাঞ্ছা ও অপরাধ এই অনর্থসমূহের উদয় হইয়াছে। এইরূপ প্রতিষ্ঠা বা জড়ভোগবাঞ্ছা যাঁহাদের আছে অথচ যাঁহারা স্বসুখ-বাসনা ছাড়িতে পারেন নাই, নিজসুখের জন্য অবস্থিত রহিয়াছেন, তাঁহারা ভোগী। তাঁহারা কনক কামিনী-কামী। সাধুসঙ্গে জড়ভোগবাঞ্ছা অপসারিত হইয়া ইঁহাদের মঙ্গলের সম্ভাবনা আছে। কিন্তু যাঁহারা কৃষ্ণকার্ষ্ণ চরণে তীব্র অপরাধী, গুরু-বৈষ্ণব-ভগবানের প্রতি শ্রদ্ধাহীন — নির্ব্বিশেষবাদী—প্রতিষ্ঠাকামী তাঁহাদের মঙ্গলের আশা সুদূরপরাহত। এই প্রতিষ্ঠাকাঙ্ক্ষা সব চেয়ে বেশী খারাপ! সব ছাড়া যায় কিন্তু প্রতিষ্ঠা ছাড়া যায় না। প্রতিষ্ঠা এমনি জিনিষ! প্রতিষ্ঠাকামীর হৃদয়ে সাযুজ্যাকাঙ্ক্ষা অন্তঃসলিলা ফল্গুনদীর ন্যায় প্রবাহিত হইতেছে। এই প্রতিষ্ঠাভিলাষ বা মোক্ষাকাঙ্ক্ষা তীব্র কপটতা বা কৈতব প্রভুপাদ-সাধনের অহৈতুকী কৃপা ব্যতীত এই প্রতিষ্ঠাশার হস্ত হইতে রক্ষা পাইবার অন্য উপায় নাই।

জ্ঞান ও বিজ্ঞান উভয়ই দরকার। বিজ্ঞান জিনিষটি অপ্রাকৃত। অধোক্ষজবিজ্ঞান বা অধোক্ষজানুভূতি অধোক্ষজসেবক ভগবদ্‌বৈষ্ণবের কৃপা ও সংস্পর্শেই লাভ হয়। সুতরাং আমরা যদি বিজ্ঞান লাভ করিতে চাই, তাহা হইলে ভগবদ্ভক্তের শরণাপন্ন হইবার জন্য যত্ন করিতে হইবে। শ্রীল নরোত্তম ঠাকুর গাহিয়াছেন,—

বৈষ্ণব-চরণরেণু   ভূষণ করিয়া তনু
    যাহা হৈতে অনুভব হয়।
মার্জ্জন হয় ভজন   সাধুসঙ্গে অনুক্ষণ
    অজ্ঞান-অবিদ্যা-পরাজয়।

জাগ্রত সাধুর নিকট হরিকথা শ্রবণ করিয়া তাহা আচরণ পূর্ব্বক প্রচার করিলে হৃদয় মার্জ্জিত হয়। মার্জ্জিত-হৃদয় সাধুর সঙ্গ ব্যতীত হৃদয় মার্জ্জিত হইবার অন্য উপায় নাই। এই সাধুসঙ্গ অনুক্ষণ করিতে হইবে। সাধুর বাণীকে পথ-প্রদর্শক করিয়া জীবনপথে চলিতে হইবে। এই মার্জ্জনই ভজন।

হরিবিমুখ জীব আমাদের কৃষ্ণস্মৃতি লাভ করা বিশেষ আবশ্যক। নতুবা শান্তিলাভের অন্য উপায় নাই। জীবন কৃষ্ণস্মৃতিময় করিবার একমাত্র উপায়—নিরন্তর কৃষ্ণকীর্ত্তনপরায়ণ সাধুর পদাশ্রয়। আমরা যদি নিষ্কপটে সাধু-গুরুর পদাশ্রয় করি, তাহা হইলে শ্রীগুরুদেব 'আমি কৃষ্ণদাস'—এই জ্ঞানের বীজ আমাদের চিত্তে বপন করিয়া দিবেন। পরে তাঁহার সঙ্গক্রমে তাঁহার উপদেশ লাভ করিতে করিতে—তাঁহার আদেশে বল লাভ করিতে করিতে ঐ বীজ হইতে অঙ্কুরোদগম হইবে এবং ক্রমে তাহা বৃদ্ধিপ্রাপ্ত হইয়া সম্বন্ধজ্ঞান পুষ্ট হইবে। যেখানে এই সম্বন্ধজ্ঞানের বিকাশ হয় নাই, "আমি আর কাহারও নহি, আমি শ্রীগুরুদেবের"—এইরূপ আত্মবুদ্ধি হয় নাই, সেখানে গুরুপাদপদ্ম-সম্বন্ধ হয় নাই জানিতে হইবে। সুতরাং সর্ব্বপ্রথমে আমাদিগকে সম্বন্ধজ্ঞান বা ভক্তিলতাবীজ প্রাপ্তির জন্য শ্রদ্ধাবান্ সাধুর সঙ্গ করিতে হইবে। সাধুর কৃপাতেই এই সম্বন্ধজ্ঞান হৃদয়ে প্রকাশ পাইবে।

কীর্ত্তন ত্যাগ করিয়া স্মরণ হয় না। যেখানে সার্ব্বক্ষণিক কীর্ত্তন ত্যাগ করিয়া সাধুস্মরণের প্রচেষ্টা, সেখানে কৃষ্ণস্মৃতি নাই জানিতে হইবে। 'শ্রবণকীর্ত্তনাধীনস্য স্মরণস্থিতি' অর্থাৎ স্মরণ শ্রবণ-কীর্ত্তনের অধীন। শ্রবণ-কীর্ত্তন-রহিত হইয়া স্মরণ হইতে পারে না—ইহাই শাস্ত্রোপদেশ। এই শাস্ত্রবাক্য উল্লঙ্ঘন করিয়া যেখানে কৃত্রিম-স্মরণের চেষ্টা, সেখানে আত্মবঞ্চনা ও পরবঞ্চনা ছাড়া আর কিছুই নহে। সেইজন্যই বলিতেছি, সাধুসঙ্গে কৃষ্ণকীর্ত্তন করিতে হইবে। তাহা হইলেই স্মরণ হইবে। নিরন্তর স্মরণ হইলেই মায়ার হাত হইতে উদ্ধার পাওয়া যাইবে। শ্রীল প্রভুপাদ বলিয়াছেন,—

শ্রীদয়িতদাস   কীর্ত্তনেতে আশ
    কর উচ্চৈঃস্বরে হরিনাম-রব।
কীর্ত্তন-প্রভাবে   স্মরণ হইবে
    সেকালে ভজন নির্জ্জন সম্ভব।

নাম করে ডাকে নয়। কৃষ্ণভক্তি দূরে রহে সংসার বহে যায়।

বৈষ্ণবের লক্ষণ

-::০::

যাহার দ্বারা বস্তুর স্বরূপ লক্ষিত হয়, তাহার নাম লক্ষণ। সেই লক্ষণ দুইপ্রকার—স্বরূপ-লক্ষণ ও তটস্থ-লক্ষণ। যে লক্ষণ সর্ব্বকালে, সর্ব্বদেশে, সর্ব্বাবস্থায় বস্তুকে আশ্রয় করিয়া থাকে তাহাই বস্তুর স্বরূপ লক্ষণ। যে লক্ষণ অবস্থাবিশেষে বস্তুকে আশ্রয় করিয়া থাকে, তাহার নাম তটস্থ-লক্ষণ। সকল বস্তুরই যেমন দুইপ্রকার লক্ষণ আছে, সেইরূপ বৈষ্ণবেরও দুইপ্রকার লক্ষণ। শ্রীমন্মহাপ্রভু শ্রীমুখে এইরূপ শিক্ষা দিয়াছেন,—

"সর্ব্ব মহাগুণগণ বৈষ্ণবশরীরে।
কৃষ্ণভক্তে কৃষ্ণের গুণ সকলি সঞ্চারে॥
কৃপালু, অকৃতদ্রোহ, সত্যসার, সম।
নির্দ্দোষ, বদান্য, মৃদু, শুচি, অকিঞ্চন॥
সর্ব্বোপকারক, শান্ত, কৃষ্ণৈকশরণ।
অকাম, নিরীহ, স্থির, বিজিতষড়্‌গুণ॥
মিতভুক, অপ্রমত্ত, মানদ, অমানী।
গম্ভীর, করুণ, মৈত্র, কবি, দক্ষ, মৌনী॥"

উক্ত চব্বিশটি লক্ষণ দ্বারা বৈষ্ণব লক্ষিত হন। উক্ত গুণগণ মধ্যে কৃষ্ণৈকশরণতা গুণটি বৈষ্ণবের স্বরূপলক্ষণ। অপর গুণগুলি তটস্থ লক্ষণ। শ্রীমন্মহাপ্রভু বলিয়াছেন—

"জীবের স্বরূপ হয় কৃষ্ণের নিত্যদাস।
কৃষ্ণের তটস্থাশক্তি ভেদাভেদপ্রকাশ॥
সূর্য্যাংশকিরণ যেন অগ্নিজ্বালাচয়।"

স্বরূপতঃ জীব চিৎকণ এবং সূর্য্যস্বরূপ শ্রীকৃষ্ণের অংশকিরণ-স্বরূপ। অতএব সূর্য্যকিরণ যেরূপ সূর্য্যমণ্ডল-বহির্গত হইয়া স্বরূপহীন হয়, সেইরূপ জীবও কৃষ্ণপাদপদ্মবিমুখ হইয়া বদ্ধ হইয়া পড়েন। অতএব শ্রীমন্মহাপ্রভু বলিয়াছেন,—

"কৃষ্ণ ভুলি সেই জীব অনাদি-বহির্ম্মুখ।
অতএব মায়া তারে দেয় সংসারাদি-দুঃখ॥"

জীবের উক্ত স্বরূপ-লক্ষণই জীবের নিত্যধর্ম্ম। তাহা কখনই জীবকে পরিত্যাগ করে না। কেবল মায়াবদ্ধ অবস্থায় তাহা বিলুপ্তপ্রায় হইয়া থাকে। উপযুক্ত সময় হইলেই পুনরায় প্রকাশিত হয়। স্বর্ণ যেরূপ রাসায়নিক ক্রিয়াদ্বারা বিকৃত অবস্থায় জ্যোতিঃশূন্য হইয়া থাকে এবং পুনরায় তাহার ঐ ধর্ম্ম উদয় হয়, জৈবধর্ম্মও তদ্রূপ বিলুপ্তপ্রায় হইয়া অনাহাসে পুনরুদিত হয়।

জীবের মায়াবদ্ধ অবস্থায় যেরূপ স্বরূপধর্ম্ম অন্তর্হিতপ্রায় থাকে, সেইরূপ কতকগুলি মায়িক ধর্ম্ম জীবকে আচ্ছন্ন করিয়া রাখে। সেই জীব মায়াত্যাগের একমাত্র উপায় যে সাধু-

সঙ্গ, তাহা যখন ভাগ্যক্রমে প্রাপ্ত হয়েন, তখনই তাঁহার স্বরূপ-ধর্ম পুনঃ প্রকটিত হইতে আরম্ভ হয়। সাধুসঙ্গে সেই ধর্ম যতই আলোচিত হইতে থাকে, ততই তাহার উন্নতি ক্রমশঃ পূর্ণতাপ্রাপ্তি হয়। তাই শ্রীমন্মহাপ্রভু বলিয়াছেন,—

'কৃষ্ণভক্তি-জন্মমূল হয় সাধুসঙ্গ।'

যে সময়ে সাধুসঙ্গে শ্রীকৃষ্ণচরণে শরণাগতির কথা আলোচনা হইতে থাকে, সেই সময় মায়িকগুণবিনাশী পূর্ব্বোক্ত পঁচিশ প্রকার তটস্থগুণ বৈষ্ণব-শরীরে স্বতঃ উদিত হয়। ঐ সমস্ত গুণ ক্রমশঃ মায়িকগুণ সমূহকে বিনাশ করিয়া ফেলে। বৈষ্ণবগণের কৃষ্ণৈকশরণতাই মাত্র স্বরূপ-লক্ষণ।

ভক্ত দুঃখীজীব মাত্রেই সর্ব্বজীবে কৃপা-বিশিষ্ট হন। তিনি কাহারও প্রতি দ্রোহ করেন না। সত্যতত্ত্বকে একমাত্র সার বলিয়া জানেন, সকল জীবকে সমদৃষ্টি করেন। বস্তু নির্দোষ, যথাশক্তি বদান্য, তিনি ধীর, পবিত্র ও দৈন্যবুদ্ধিসম্পন্ন। তিনি সকল জীবের যথাসাধ্য উপকার করিয়া থাকেন, ইন্দ্রিয়সুখ হইতে শান্তি লাভ করেন। নিজে ভুক্তিমুক্তিকামনা শূন্য, জীবনযাত্রানির্ব্বাহাতিরিক্ত উদ্যমরহিত। তিনি স্থিরবুদ্ধি, কাম, ক্রোধ, লোভ, মোহ, মদ ও মৎসরতাকে জয় করিয়া থাকেন। ভক্তি-আলোচনার অবিরোধী ভোজনমাত্র স্বীকার করেন। অত্যন্ত বিজ্ঞ, আলস্য ও মাদকসেবনাদি পরিত্যাগী, সর্ব্বজীবের প্রতি মানদ, নিজে সর্ব্বগুণসম্পন্ন হইয়াও অভিমানশূন্য, অসার আলোচনারহিত, অপরাধীর প্রতি ক্ষমাবিশিষ্ট। তিনি জগদ্বন্ধু, ভগবল্লীলাদি-বর্ণনে কবি, সৎকার্য্যপটু, তিনি অকারণ বাক্যব্যয় করেন না।

যেখানে যে পরিমাণে ভক্তির উদয় হইয়াছে, সেখানে সেই পরিমাণে এই পঁচিশ-প্রকার তটস্থগুণ স্বতঃ উদিত হইবে। ভক্তি যত বৃদ্ধি হইবে, এই সকল গুণও তত বৃদ্ধি হইবে। যেস্থলে এই সকল তটস্থগুণের অত্যন্ত অভাব, সেস্থলে ভক্তিরও অত্যন্ত অভাব বুঝিতে হইবে। এই লক্ষণই বৈষ্ণব তারতম্যের একমাত্র পরিচয়। ভক্তিহীন ব্যক্তির উক্ত গুণ সকল স্থায়ী হয় না এবং উন্নতি লাভ করে না। শ্রীচৈতন্যচরিতামৃত বলিয়াছেন,—

"প্রতিষ্ঠার স্বভাব এই জগতে বিদিত।
যে না বাঞ্ছে তার হয় বিধাতা-নির্ম্মিত॥"

প্রতিষ্ঠাশা পরিত্যাগ পূর্ব্বক যাঁহারা সাধুসঙ্গে ভক্তিলাভ করেন, তাঁহাদের পক্ষে উক্ত তটস্থগুণগণ স্বভাবতঃ উদিত হইয়া প্রতিষ্ঠাশাশূন্য ব্যক্তিকেও জগতে প্রতিষ্ঠিত করে।

আচার্য্যপদই ভরসা

জয় জয় পরমহংসকুলশিরোমণি।
সর্ব্বজীবগুরু তুমি মঙ্গলের খনি॥
কৃষ্ণপ্রেষ্ঠ হও তুমি জগৎ-আচার্য্য।
জীবের উদ্ধার লাগি' তব সব কার্য্য॥
দয়ার সাগর তুমি, তুমি নিত্যানন্দ।
যে পদ আশ্রয়ে হয় সবার আনন্দ॥
সেই গুরুনিত্যানন্দ করিয়া আশ্রয়।
নাশাই আমার যত দুঃখকষ্টচয়॥
তোমার চরণে আমি সব নিবেদিব।
তব শ্রীচরণে আমি প্রণত থাকিব॥
তোমার চরণে আমি লইয়া আশ্রয়।
ছাড়িব ভবের ভয় ওহে দয়াময়॥
তুমিই আমার মাত্র রক্ষাকর্ত্তা জানি।
সর্ব্বদা রাখিবে তুমি এ বিশ্বাস মানি॥
আমি তব নিত্যদাস তুমি নিত্যপ্রভু।
তোমার চরণ আমি না ভুলিব কভু॥
তুমিই রাখিবে প্রভু তব নিজজনে।
এ বড় ভরসা চিত্তে ধরি মনে মনে॥
এই ভিক্ষা করি প্রভু তব শ্রীচরণে।
বহির্ম্মুখ হ'তে রক্ষা কর দীন হীনে॥
কনক-কামিনী আর প্রতিষ্ঠা-বাসনা।
ভুক্তি-মুক্তি-স্পৃহা যার সদাই কামনা॥
মৎসরতাশ্রয়ে যার কুটিল নয়ন।
স্বপ্নেও না হেরি যেন তাহার বদন॥
কপটতা করি সেই রহে অনুগত।
সেই অপরাধফলে সেও হয় হত॥
হরিস্থানে অপরাধ তারে হরিনাম।
গুরুস্থানে অপরাধে নাহিক এড়ান॥
এই ত' শাস্ত্রের বাক্য সর্ব্বত্র বাখানে।
সাধু-গুরু-শাস্ত্রমুখে শুনিয়ে পুরাণে॥
তব অপরাধিজনের মুখ নাহি হেরি।
এই বল দেহ' প্রভু তব পদ ধরি॥
তোমার মহিমা আর তোমা কথা রঙ্গে।
তব গৃহে বাস আর তব জনসঙ্গে॥
দান, প্রতিগ্রহ আর নিভৃতে গুহ্যকথা।
ভক্ষণ, ভোজন, দান এই শাস্ত্রকথা।
সঙ্গের লক্ষণ এই ছয় গুণ হয়।
ইহাতে বাড়য়ে ভক্তি প্রেম উপজয়॥
প্রার্থনা করি হে প্রভো তোমার চরণে।
তব পাদপদ্মে ভক্তি থাকে অনুক্ষণে॥
বড় দুঃখ পাইয়াছি স্বতন্ত্র জীবনে।
সব দুঃখ দূরে যাবে ও পাদবরণে॥
তুমি গৃহস্বামী মোর তুমি পালয়িতা।
তব গৃহভৃত্য হ'য়ে থাকিব সর্ব্বদা॥
সকল ছাড়িয়া তুয়া চরণকমলে।
পড়ে আছি আমি নাথ তুয়া পদতলে॥
লক্ষ লক্ষ বাধাবিঘ্ন আসিলে এখন।
তথাপি না ছাড়ি আমি তব শ্রীচরণ॥
তব পাদপদ্ম-দ্বয় ধরিয়া মস্তকে।
ঘোষিব তোমার বাণী সকল সমক্ষে॥
তোমার অভয়পদ শিরেতে ধরিয়া।
পরম আনন্দে আমি নাচিব গাহিয়া॥
হরিনাম মহামন্ত্র করিব কীর্ত্তন।
পলাবে অসুর কলি যত দুর্জ্জন॥
শত দোষ দেখি যদি ত্যজহ আমারে।
আমি কিন্তু নাহি পারি তোমা ত্যজিবারে॥
যেহেতু আমার আর বন্ধু কেহ নাই।
তুমি বিনা এজগতে বন্ধু নাহি পাই॥
এই মাত্র ভিক্ষা প্রভু মাগি শ্রীচরণে।
কৃপা করি সেবাবল দেহ' দীনহীনে॥
জীবনের শেষ কাল ও পদবরণে।
দৃঢ় হয়ে যেন থাকি ধ'রে শ্রীচরণে॥
সকল বুঝিয়া আমি আসিয়াছি নাথ।
পাদপদ্মধূলি করি রাখ ভক্তসাথ॥
ভক্তসাথে থাকি করি পদধূলি আশা।
তব পাদপদ্ম মোর সদাই ভরসা॥
অধমের নিবেদন আচার্য্যচরণে।
কৃপা করি সেবাদানে রাখ শ্রীচরণে॥

আচার্য্যচরণরেণুপ্রার্থী—
শ্রীকেশবচরণ দাস

শ্রীকৃষ্ণচৈতন্যমঠে কীর্ত্তন

মথুরা হইতে উপদেশক পণ্ডিত শ্রীপাদ অপ্রমেয়দাস অধিকারী ভক্তিশাস্ত্রী মহোদয় কয়েকদিন পূর্ব্বে শ্রীধাম বৃন্দাবনস্থ শ্রীকৃষ্ণচৈতন্যমঠে আগমন করেন। তথায় রাত্রে ও প্রত্যূষে তিনি শ্রীহরিকথা আলোচনা-প্রসঙ্গে শ্রীগুরুতত্ত্ব সম্বন্ধে বলেন যে, গুরুতত্ত্ব অধোক্ষজ বস্তু। আধ্যক্ষিক দর্শনে যাঁহারা তাঁহাকে বুঝিতে ও মাপিতে যান, তাঁহারাই নির্দোষ গুরুপাদপদ্মে দোষ দেখিতে পান। প্রকৃতপ্রস্তাবে অপ্রাকৃত গুরুপাদপদ্মে কোন দোষ নাই। ঐ দোষ-দর্শন দর্শকের মায়াক্রান্ত ভ্রান্ত দর্শনমাত্র। শ্রীগুরুপাদপদ্মে কোন দোষ থাকিতে পারে এই প্রকার চিন্তাও নারকীয় বিচার। ইহা তাঁহাদের অসৎসঙ্গ ও বৈষ্ণবাপরাধের ফল জানিয়া ঐ প্রকার অসৎসঙ্গ সর্ব্বপ্রকারে বর্জ্জন করিতে হইবে। কোন প্রকারেই তাহাদের দুঃসঙ্গ করিতে হইবে না। যাহারা গুরুপাদপদ্মে শ্রদ্ধাহীন, আমাদের ন্যায় কোমলশ্রদ্ধ ব্যক্তিগণের কখনও তাহাদের মুখ হইতে ঐ সকল অপরাধের বীজ নিজ হৃদয়ে সঞ্চারিত করা কর্ত্তব্য নহে। মায়াবদ্ধ জীবের দর্শন ভ্রান্ত, এই মাত্রদর্শনে শ্রীমূর্ত্তিদর্শনকালে অপ্রাকৃত-শ্রীমূর্ত্তিতে কাঠ-পাথর-বুদ্ধি হইলেও শ্রীগুরুপাদপদ্ম বলেন, উহা চিন্ময়। সুতরাং ইহা আমার দর্শনের দোষ। শ্রীবিগ্রহে কোন হেয়তা বা নশ্বরতা নাই। শ্রীবিগ্রহ-সাক্ষাৎ ভগবান্। গুরুপাদপদ্ম কেবলমাত্র সেবোন্মুখনেত্রে দর্শনীয়, শরণাগতের চিন্তনীয়। শরণাগত ব্যক্তির হৃদয়ে স্বতঃই গুরুপাদপদ্ম প্রকাশমান। শরণাগত ব্যক্তির কোন প্রকার সন্দেহ নাই। তাঁহারা জানেন, গুরুপাদপদ্ম যাহা করেন, তাহাতে কৃষ্ণেন্দ্রিয়তৃপ্তি ছাড়া আত্মেন্দ্রিয়তৃপ্তির কোন কথা নাই। তিনি যাহা করেন তাহাই একমাত্র সত্য ও কর্ত্তব্য। মনোধর্ম্মে চালিত হইয়া আমরা যে কর্ত্তব্যাকর্ত্তব্য বিচার করি, তাহাই অসত্য। গুরুপাদপদ্মে দোষ থাকিতে পারে এই নারকীয় চিন্তাস্রোত যে জীবের হৃদয়ে স্থান পায়, সে গুরুপাদপদ্মের দ্বারা নিজে সংশোধিত না হইয়া গুরুপাদপদ্মকে সংশোধনের চেষ্টা করিয়া বৈষ্ণবাপরাধ করত হরিভজনের পথ চিরতরে রুদ্ধ করিয়া থাকে। তাহাতে নিত্য, সত্য, নির্মল, অশোক, অভয় শ্রীগুরুপাদপদ্মের কিছু যায় আসে না, তাহাতে নিত্যশ্রেয়ের পথ হইতে চ্যুত হইয়া জীবেরই সংসারদশা লাভ হয়। আমরা ইহাই বিশ্বাস করি যে, যদি আন্তরিক চেষ্টা করিয়া শরণাগত হইয়া শ্রীগুরুপাদপদ্মের নিকট তাঁহার নিজজনের সঙ্গ প্রার্থনা করি তবে তিনি অবশ্যই তাঁহার নিজজনের সঙ্গ প্রদান করিবেন। কখনই আমাদের বঞ্চিত করিবেন না। অতএব আমূলপ্রাণে শরণাগত হওয়া ছাড়া আর গত্যন্তর নাই।

শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী

পরমার্থ-সম্পুটের রত্নরাজি

ভিক্ষা :—১ম খণ্ড ৷৹ ; ২য় খণ্ড ১ ; ৩য় খণ্ড ৷৹ ; ৪র্থ খণ্ড —৷৹ আনা।

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ
শ্রীধাম-মায়াপুর, নদীয়া

শুদ্ধভক্তি-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠ [illegible]

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া। শ্রীব্রজপত্তন-ভবনে শ্রীচৈতন্যমঠ, পরবিদ্যা-পীঠ, শ্রীশ্রীরাধাকৃষ্ণ, শ্রীগৌর, গোপাল আচার্য্য চতুষ্টয় বিগ্রহ আছেন। সুপ্রাচীন প্রত্ন-[illegible] 'নদীয়া-প্রকাশ' দপ্তর আছে।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৫১১৫

কলিকাতায় শ্রীভক্তিবিনোদ-আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, কীর্ত্তন, [illegible]-বেদান্ত-শ্রীমদ্ভাগবতাদি গ্রন্থের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও হারমনিষ্ট পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়।

(৩) যোগমায়াপুর-পীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব-ভূমি মহাযোগপীঠ।

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং [illegible] বর্ত্তমান।

(৬) মুরারিগুপ্তের পাট

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৭) কাজি-সমাধি-পাট

সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)

ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি।

(৮) [illegible]

শ্রীধাম মায়াপুর

(৯) স্বানন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)

এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)

গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ [illegible] (বর্দ্ধমান)

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মামগাছি, পোঃ [illegible], (বর্দ্ধমান)

শ্রীবাসুদেবের ঠাকুর বৃন্দাবনের স্থান

(১৩) রুদ্রদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(১৪) [illegible]-গৌড়ীয়মঠালয়

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ

গৌড়পুর, নদীয়া

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ

রাউতারা—(শ্রীনৃসিংহদেবের পল্লী নিকটবর্ত্তী) পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৭) [illegible]কুটীর

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

(২০) মহেশ-পণ্ডিতের পাট

কাঁঠালপুলি, পোঃ চাকদা (নদীয়া)

(২১) রাণাঘাট-গৌড়ীয়মঠালয়

(২২) [illegible] গৌড়ীয়মঠ

চব্বিশ পরগণা

(২৩) মাধবগৌড়ীয়মঠ

নারিন্দা পোঃ ওয়ারি, ঢাকা।

পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র।

(২৪) গোপালজীমঠ

কমলাপুর, পোঃ ঢাকা

(২৫) [illegible]-গৌরাঙ্গ মঠ

পোঃ বালিয়াটি, (ঢাকা)

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

বড়বাজার, পোঃ ময়মনসিংহ

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চক্‌চকা, কামরূপ (আসাম)

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

[illegible] বিল্ডিং, দার্জ্জিলিং

(৩০) [illegible]-গৌড়ীয়মঠ

পোঃ হরিদ্বার, জিঃ সাহারানপুর, ইউ, পি

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

[illegible] পাটনা)

(৩২) গয়া গৌড়ীয়মঠ

[illegible] রোড, গয়া

(৩৩) সনাতন গৌড়ীয় মঠ

৮৬।১৭ বড় [illegible], বেনারস সিটি

(৩৪) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

(৩৫) নৈমিষারণ্য মঠ,

পোঃ মিস্রিখ, সীতাপুর (ইউ পি)

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়

বিশ্রামঘাট, পোঃ মথুরা

(৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ

[illegible], বৃন্দাবন

(৩৯) [illegible]-কুঞ্জ

পোঃ রাধাকুণ্ড। মথুরা

(৪০) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪১) রাধাকুণ্ড [illegible]

(৪২) শ্রীগোবর্দ্ধনমঠালয়

গোবর্দ্ধন, মথুরা

(৪৩) [illegible] বিহারী মঠ

[illegible], মথুরা।

(৪৪) [illegible] গৌড়ীয়মঠালয়

পোঃ [illegible], মথুরা

(৪৫) বর্ষাণা গৌড়ীয়মঠালয়

পোঃ বর্ষাণা, মথুরা

(৪৬) [illegible]বিহারী মঠ—[illegible],

পোঃ [illegible], জেলা [illegible] (পাঞ্জাব)

(৪৭) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

(৪৮) দিল্লী গৌড়ীয় মঠ

৬৩নং [illegible] রোড, নিউ দিল্লী;

(৪৯) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়া ট্যাঙ্ক রোড, [illegible] বিল্ডিং বোম্বে ৭

(৫০) মাদ্রাজ-গৌড়ীয়মঠ

পোঃ রায়পেটা, মাদ্রাজ

শ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকাগিরিধারীর সেবা

(৫১) রামানন্দ গৌড়ীয়মঠ

পোঃ কভূর, জেলা গোদাবরী (মাদ্রাজ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গ-রাধিকা-[illegible] সেবা

(৫২) [illegible]গৌড়ীয়মঠ

আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)

(৫৩) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত পোঃ পুরী, উড়িষ্যা

(৫৪) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৫) [illegible]কুটী

(৫৬) [illegible]-গৌড়ীয়মঠ

পোঃ ভুবনেশ্বর, পুরী

(৫৭) সচ্চিদানন্দ মঠ

[illegible], পোঃ কটক (উড়িষ্যা)

(৫৮) বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ

(৫৯) শ্রী[illegible]গৌড়ীয়-[illegible]

পোঃ [illegible], [illegible]

(৬০) ভাগবতজনানন্দ মঠ

চিরুলিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর

(৬১) [illegible] গৌড়ীয়মঠ

পোঃ [illegible], মেদিনীপুর

(৬২) আমলাযোড়া প্রপন্নাশ্রম মঠ

পোঃ রাজবাঁধ (বর্দ্ধমান)

(৬৩) চৈতন্যগৌড়ীয়মঠ

[illegible], পোঃ [illegible], ([illegible])

(৬৪) রেঙ্গুন গৌড়ীয়মঠ

৭০১ নং [illegible] ষ্ট্রীট, রেঙ্গুন।

(৬৫) লণ্ডন-গৌড়ীয়মঠ

[illegible] নং ২

৫১, [illegible] রোড

ক্ল্যাপটন, লণ্ডন, ই ৫

(৬৬) গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

১৬।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা

(৬৭) গৌড়ীয়মঠ অফিস

[illegible] রোড, [illegible] (ইউ-পি)

(৬৮) [illegible] গৌড়ীয়মঠালয়

[illegible]

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্ হইতে শ্রীনবীনগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত ও
শ্রীমহানন্দ ব্রহ্মচারী ভক্ত্যালোক, ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায়		বিজ্ঞাপনের পৃষ্ঠায়	
	১ম ও ২য় দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য	১ম ও ২য় দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	।০	৶০	।৶০	।০
" " ইঞ্চি			১৷০	১৲
সিকিকলম	৫৲	৪৲		৩৲
অর্দ্ধকলম		৯৲		৫৲
এক কলম	১৫৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিবারে প্রতি ইঞ্চি	৩৲	২৷০
" সিকি কলম	১৫৲	১২৲
" অর্দ্ধকলম	২৫৲	২০৲
" এক কলম	৩৫৲	

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৷০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা ৴৫ ; বিশেষ সংখ্যার মূল্য স্বতন্ত্র।

ন প্রভুপাদের প্রবন্ধাবলী

——::(॰)::——

শ্রীল প্রভুপাদের চতুরশীতিবর্ষপূর্ত্তি উপলক্ষে শ্রীল আচার্য্যদেবের অভীষ্টানুসারে "শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী" প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। ইহাতে পূর্ব্বার্দ্ধ ও উত্তরার্দ্ধ দুইটি বিভাগ আছে। পূর্ব্বার্দ্ধে শ্রীল প্রভুপাদের আদি-প্রবন্ধাবলী শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের সম্পাদিত 'সজ্জনতোষণী,' শ্রীল প্রভুপাদের "নবেদন" [illegible] প্রকাশ হইতে কথাসার ও প্রয়োজনীয় অংশের টীকা সহ প্রকাশিত হইয়াছে। উত্তরার্দ্ধে শ্রীল প্রভুপাদের সম্পাদিত 'সজ্জনতোষণী'র কতিপয় প্রবন্ধ কথাসার প্রভৃতি সহ মুদ্রিত হইয়াছে। প্রবন্ধগুলি রচনাকালের ক্রমানুসারে গ্রথিত হইয়াছে; এতদ্ব্যতীত শ্রীল আচার্য্যদেবের একটি মূল্যবান্ উপোদ্ঘাত ও সম্পাদকীয় একটি বিস্তৃত [illegible], পত্র সূচী, স্থান-পাত্র-শ্লোক ও পয়ার-সূচী প্রভৃতি গ্রন্থে সংযোজিত হইয়াছে। গ্রন্থটি উৎকৃষ্ট কাগজে [illegible] সহিত মুদ্রিত ও শ্রীল প্রভুপাদের আলেখ্যাদিদ্বারা ভূষিত ও সুন্দর বাঁধাই হইয়া প্রকাশিত হইয়াছে। প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, জিলা নদীয়া; শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ও শ্রীমাধ্বগৌড়ীয়মঠ, [illegible], পোঃ ওয়ারী, ঢাকা।

শ্রীল প্রভুপাদের পদ্যপ্রসূন মালা

এই গ্রন্থে ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের রচিত পদ্যাবলী শ্রীল আচার্য্যদেবের বিরচিত "সৌরভ" নামক ভাষ্যের সহিত প্রকাশিত হইয়াছে। শ্রীল প্রভুপাদের অনেক অপ্রকাশিত পদ্য ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ।০ আট আনা।

শ্রীধাম-মায়াপুরে

——(॰)——

"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট"—

[illegible]

[illegible] বিদ্যালয় ও বোর্ডিং এর [illegible] অতি মনোরম ও স্বাস্থ্যকর। [illegible] ছাত্রগণের জন্য [illegible] খোরাক ও বেতনাদির [illegible] মাত্র ৩৲ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। বর্ত্তমান বর্ষে [illegible] জন বালকের মধ্যে ১৫ জন ভালভাবে উত্তীর্ণ হইয়াছে।

মেধাবী ছাত্রগণের বিশেষ সুবিধা

পরীক্ষায় যাহারা সর্ব্বোচ্চ [illegible] নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ [illegible] ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট, শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক-সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা [illegible] আলোচিত হইয়াছে। এই এক অপূর্ব্ব [illegible] বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

শ্রীচৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে [illegible] কথা, শিক্ষা ও চরিত্র [illegible] সন্নিবদ্ধ হইয়াছে। [illegible] ভিক্ষা মাত্র ৪৲ টাকা। [illegible] শ্রীযোগপীঠ, [illegible], পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীসরস্বত-সংলাপ

প্রথম খণ্ড

শ্রীশ্রীব্রহ্মমাধ্ব গৌড়ীয়সম্প্রদায়ৈকসংরক্ষক [illegible] প্রবিষ্ট ১০৮শ্রী শ্রীমদ্ ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামি-প্রভুপাদ [illegible] শুদ্ধভক্তগণের পরিপ্রশ্নোত্তরে ও সংশয়-নিরাকরণকল্পে যে-সকল শুদ্ধভক্তিসিদ্ধান্তবাণী কীর্ত্তন করিয়াছেন, যাহা তাঁহার [illegible] 'গৌড়ীয়' সম্পাদক [illegible] বিদ্যাবিনোদ বি-এ প্রভুপাদের শ্রীচরণে [illegible] গৌড়ীয়পত্রে প্রকাশিত হইয়াছে, তাহা "শ্রীশ্রীসরস্বত-সংলাপ" নাম [illegible] শ্রীল প্রভুপাদের 'বক্তৃতাবলী' ও 'পত্রাবলী' আকারে [illegible] প্রকাশিত হইতেছে। সম্প্রতি শ্রীল প্রভুপাদের শুভাবির্ভাব [illegible] প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছেন। [illegible] সমাধান ইহাতে পাওয়া যাইবে। ভক্তগণের [illegible] এই গ্রন্থ [illegible] প্রয়োজন।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্য দেবের শিক্ষা ও জীবনচরিত

[illegible] অধ্যাপক মহামহোপাধ্যায় [illegible] শ্রীপাদ [illegible] সম্পাদক [illegible] বৈষ্ণবাচার্য [illegible] আবাহন করিয়া [illegible] এবং [illegible] ইহা [illegible] শ্রীমৎ [illegible] Foreword [illegible] Contents [illegible] Index Summary [illegible] টাকা। প্রাপ্তিস্থান—[illegible] শ্রীচৈতন্যমঠ, শ্রীমায়াপুর জেলা—নদীয়া।

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনবদ্বীপপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্‌

এখান হইতে বঙ্গের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্‌

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া [illegible] বিতরণ করিয়া থাকে। [illegible] পাক্ষিক [illegible] "[illegible]" [illegible] এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্‌

ইহা কটক নগরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক প[illegible]

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

[illegible]

[illegible] অব্যর্থ মহৌষধ [illegible] এবং [illegible] দেখুন যে আপনার [illegible] মূল্য ছোট বোতল [illegible] আনা, বড় বোতল ১৮/০ আড়াই আনা। পাইকারী [illegible]

—১১নং [illegible] রোড, কলিকাতা

অথবা

[illegible]

'ঠাকুর ভক্তিবিনোদ'

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধভক্তি প্রচারের মূল মহাজন সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অভিনব জীবনচরিত এতাবৎকাল [illegible] প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু [illegible] সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয়মঠাচার্য্যবর্যের [illegible] "গৌড়ীয়" সম্পাদক মহামহোপাধ্যায় পণ্ডিত শ্রীযুত সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী [illegible] প্রকাশিত হইয়াছে। [illegible] ঠাকুরের বহু মূল্যবান শিক্ষামালাও সন্নিবিষ্ট হইয়াছে। [illegible] ১২০ পৃষ্ঠায় [illegible] হইয়াছে। ভিক্ষা মাত্র ৮০ আনা; ডাক মাশুল স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান—ম্যানেজার [illegible]

শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

ই. বি. রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	৫-৩৬	৬-২৬	৭-০৬	১১-২৬	১৪-৫৬	১৬-৫৫	১৭-৫৬	২২-৫৬
রাণাঘাট পৌঃ			৮-২৮	১২-১৫				
(বদল) ছাঃ			৯-৩৩	১২-৪০				
কৃষ্ণনগর পৌঃ	৭-০	৮-৪৪	১০	১৩-২৩	১৭-২৮	১৯-০৮	২০-১৫	১-১৫
(বদল) ছাঃ	৭-১		১০-৩১		১৭-৩৮		২০-২৫	
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫		১১-১০		১৮-১৬		২১-৫	

(আপ শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
রাণাঘাট পৌঃ	১২-৫৫
ছাঃ	১৩-০
শান্তিপুর পৌঃ	১৩-২৬
(বদল) ছাঃ	১৩-৩১ (লাইট্ রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪-১৯
ছাঃ	১৪-৩০
নবদ্বীপঘাট পৌঃ	১৫-১০

ডাউন

নবদ্বীপঘাট ছাঃ	৫-৪৫		৯ ১৭		১৩-৩১	১৬-০	১৮-৩১	
কৃষ্ণনগর পৌঃ	৬ ২৩	৯ ১৬	৯-৪৮	১১-৪১	১৪-১০	১৬-৩৮	১৯-১১	২১-[illegible]
ছাঃ	৬-৩৬	৭-১৮	১০-১১			১৬-৫৬	১৯-২৫	
রাণাঘাট পৌঃ			১০-৪৬			১৭-৩০		
(বদল) ছাঃ			১১-১			১৭-৪০		
কলিকাতা পৌঃ	৬-১৬	৯-২১	১১-৫১	১২-১৬	১৪-১৬	১৯-১১	২১-৪১	২৫

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৩-৩১	১৬-০	
কৃষ্ণনগর পৌঃ	১৪-১০	১৬-৩৮	
ছাঃ	১৫-২৮	১৭-৩০	
শান্তিপুর পৌঃ	১৬-৯	১৮-১৪	
(বদল) ছাঃ	১৬-৩৩	১৮-২৫ (রবিবার ভিন্ন)	২০-৪০ (রবিবার)
রাণাঘাট পৌঃ	১৭-১০	১৮-৫০	২১-১৪
(বদল) ছাঃ	১৭-৪০	১৯-১	২১-৫
			২৩-৩৭

পোঃ—শ্রীমায়াপুর
টেলিগ্রাম—শ্রীধাম
মায়াপুর

REGD NO C 1544

দৈনিক নদীয়াপ্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়াজেলার একমাত্র দৈনিক মুখপত্র

৪০ খণ্ড । শ্রীমায়াপুর— ৪ঠা জ্যৈষ্ঠ, ১৩৪৬, ১৮ই মে, ১৯৩৯, বৃহস্পতিবার । ৬৭শ সংখ্যা

বিবিধ সংবাদ

জার্মাণী-ইতালীর উদ্যম

জার্মাণী এবং ইতালী স্পেনে যে সমরায়োজন আরম্ভ করিয়াছেন তাহাতে বৃটেন এবং ফ্রান্সে বিশেষ উদ্বেগের সঞ্চার হইয়াছে। বৃটেন অপেক্ষা ফ্রান্সই উদ্বিগ্ন হইয়া পড়িয়াছে বেশী; কারণ আন্তর্জাতিক পরিস্থিতি যদি জটিল আকার ধারণ করে তাহা হইলে ফ্রান্সকেই তাহার প্রথম ধাক্কা সহ্য করিতে হইবে।

জিব্রাল্টার অধিকার করাই জার্মাণী ও ইতালীর অভিপ্রায় কিনা তাহা এখনও নিশ্চিতরূপে জানা যায় নাই; তবে ইহা নিশ্চয় বলা যাইতে পারে যে, দূর-পাল্লা বিশিষ্ট কামান শ্রেণী দ্বারা জার্মাণী ও ইতালী এই প্রণালীটির উপর প্রভাব বিস্তারের জন্য যথাসাধ্য চেষ্টা করিবে। পীরানীজ ও পর্তুগীজ সীমান্তে স্পেনীয় ও ইতালীয় সৈন্যসমাবেশ করা হইয়াছে। পর্তুগীজ সীমান্তে ইহাই প্রথম সৈন্যসমাবেশ। পর্তুগালের সামরিক গুরুত্ব খুব বেশী। স্পেন যদি যোগদান করে মিত্র শক্তিবর্গের প্রধান নৌঘাঁটি এখান হইতে তাহারা ভূমধ্যসাগরে এবং পশ্চিম আটলান্টিক সাগরে যুদ্ধ চালাইতে পারিবে। মিশ্র স্পেনীয় ইতালীয় সৈন্যদল গঠন করা হইয়াছে বলিয়া যে সংবাদ প্রচারিত হইয়াছে, তাহাও খুব বৈশিষ্ট্যপূর্ণ; কারণ এই সংবাদের পর ইতালীয় ও স্পেনীয় সৈন্যদলের মধ্যে ঘোরতর মতানৈক্য হইয়াছে বলিয়া পূর্ব্বে যে সংবাদ প্রচারিত হইয়াছিল তাহা আর বিশ্বাস করা যায় না।

কংগ্রেস-সংবাদ

গত ১১ই মে হুগলী জেলা কংগ্রেস কমিটির কার্য্যকরী সমিতির সভায় নিম্নলিখিত প্রস্তাবগুলি সর্ব্বসম্মতিক্রমে গৃহীত হইয়াছে—

(১) হুগলী জেলা কংগ্রেস কমিটির এই সভা হুগলী জেলা কংগ্রেস কমিটির সদস্য, কতেপুর কংগ্রেস কমিটির সম্পাদক, শ্রীযুক্ত যতীন্দ্রনাথ জানার অকালমৃত্যুতে এবং ঢাকার বিশিষ্ট কংগ্রেসসেবী মনোরঞ্জন বন্দ্যোপাধ্যায় এম-এল-এ ও বীরেন্দ্রনাথ মজুমদার এম এল-এর আকস্মিক মৃত্যুতে গভীর শোক প্রকাশ করিতেছেন এবং তাঁহাদের পরিবারবর্গের শোকে সমবেদনা জ্ঞাপন করিতেছে।

(২) যেহেতু অধিকসংখ্যক প্রাথমিক কংগ্রেস কমিটি হইতে জেলা সম্মেলনের সভাপতির নাম আসে নাই, সেইজন্য এই সভা হুগলী জেলা সম্মেলনের সভাপতি পদের নাম মনোনয়ন করিয়া পাঠাইবার তারিখ আগামী ২৫শে মে পর্য্যন্ত বাড়াইয়া দিতেছে।

২০শে মে রবিবার প্রাতে ৮টা ঘটিকায় বহরমপুর মহাকালী পাঠশালায় মুর্শিদাবাদ জেলা রাষ্ট্রীয় সমিতির এক সভা হইবে। উক্ত সভায় সদস্যগণকে ও জেলার সমস্ত প্রাথমিক কমিটির সভাপতি ও সম্পাদক উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা যাইতেছে।

বঙ্গীয় ব্যবস্থাপক সভার উপনির্ব্বাচন

একটি সরকারী বিজ্ঞপ্তিতে প্রকাশ, সন্তোষের মহারাজা স্যার মন্মথনাথ রায় চৌধুরীর লোকান্তরে বঙ্গীয় ব্যবস্থাপক সভার একটি সদস্যপদ খালি হওয়ায়, ঐ পদের জন্য পুনর্নির্ব্বাচন হইবে। বঙ্গীয় ব্যবস্থা পরিষদের ইউরোপীয় ও মুসলমান নির্ব্বাচকমণ্ডলী হইতে নির্ব্বাচিত সদস্য ব্যতীত অন্যান্য সদস্যগণকে, মুসলমান ও ইউরোপীয় সম্প্রদায় ভিন্ন অন্য সম্প্রদায়ের একজন সদস্য নির্ব্বাচনের জন্য আহ্বান করা হইয়াছে। ২০শে মে নির্ব্বাচন-পত্র দাখিলের শেষ দিন এবং ২২শে মে নির্ব্বাচন পত্র বাছাই করার দিন ধার্য্য হইয়াছে। বঙ্গীয় ব্যবস্থা পরিষদের সেক্রেটারী মিঃ কে আলি আফজাল রিটার্ণিং অফিসার নির্ব্বাচিত হইয়াছে।

ত্রিপুরা রাজ্যে দমন নীতি

গত ২রা মে ত্রিপুরার মহারাজা ত্রিপুরা রাজ্যের "জনমঙ্গল" সমিতির প্রচার সম্পাদক এবং ত্রিপুরা রাজ্যের প্রজাদের মুখপত্র 'প্রজার কথা' সম্পাদক কমরেড বীরেন্দ্রচন্দ্র দত্তকে এক বৎসরের জন্য রাজ্য হইতে বহিষ্কারের আদেশ দিয়াছেন। কমরেড দত্ত ডাকযোগে সাক্ষাতের সময় চাহিলে উক্ত প্রার্থনা মঞ্জুর হয়। ইতোমধ্যে উক্ত আদেশ প্রত্যাহার অথবা আইনসঙ্গত ভাবে আদালতে বিচারে প্রার্থনা করিয়া কমরেড দত্ত মহারাজ সমীপে দরখাস্ত করেন। কোন ফল না হওয়ায় গত ৮ই মে তাঁহাকে ত্রিপুরা রাজ্য ত্যাগ করিতে হইয়াছে। আগরতলা যোগবাগ ময়দানে ৮ই মে এক বিরাট জনসভায় এই বহিষ্কারের আদেশ প্রত্যাহারের দাবী জানাইয়া এক প্রস্তাব গৃহীত হয় ও তাহা মহারাজ সমীপে প্রেরিত হয়।

খুলনা জেলা বামপন্থী সম্মেলন

গত ৫ই মে খুলনা জেলা কংগ্রেস সমাজতন্ত্রীদলের কার্য্যনির্ব্বাহক সমিতির এক সভায় স্থির হয় যে, মে মাসের শেষ সপ্তাহে খুলনা জেলা বামপন্থী সম্মেলন আহ্বান করা হইবে এবং কৃষকসভা, শ্রমিক ইউনিয়ন প্রভৃতি বিভিন্ন প্রগতিপন্থী প্রতিষ্ঠান হইতে প্রতিনিধিগণ এই সম্মেলনে প্রতিনিধি নির্ব্বাচিত হইতে পারিবেন। বর্ত্তমান অস্থায়ীভাবে খুলনা জেলা কংগ্রেস সমাজতন্ত্রীদলের সাধারণ সম্পাদক কমরেড হরেন্দ্র ঘোষের সম্মেলন আহ্বান করিবার যাবতীয় ভার অর্পণ করা হইয়াছে।

ইংলণ্ড হইতে ১৬খানি বিমান

ইংলণ্ড হইতে জাহাজে করিয়া ১৬ খানি বিমান করাচী বন্দরে আসিয়া পৌঁছিয়াছে। এখানে রাজকীয় বিমান বাহিনীর ডিপোয় ঐগুলি রাখা হইবে। যুদ্ধ বাধিলে ভারতে বাহিরের জন্য ও সীমান্তে টহল দিবার জন্য এইগুলিকে নিয়োজিত করা হইবে। এই বিমানগুলি "ব্লেনাম" ধরণের। এই ধরণের বিমান ভারতে আরও আসিতেছে কি না তাহা জানা যায় নাই।

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল সরস্বতী ঠাকুরের পরিব্রাজকাচার্য্য গোস্বামী মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক। পূর্ব্বে একাধিক্রমে প্রকাশিত হয়। কলিকাতা বাগবাজারস্থ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। সডাক ভিক্ষা ২৷০ টাকা মাত্র।

২। গৌড়ীয়—মহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১॥০ টাকা মাত্র।

৩। ভাগবত—উৎকলের একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১॥০ টাকা মাত্র

৫। শ্রীগৌড়ীয়—মহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা দৈনিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১॥০ মাত্র।

পরমগুরু শ্রীগৌরকিশোর

গৌড়ীয়-সম্পাদক-বিদ্বৎ, শ্রী... [illegible] সম্বলিত, নব্য-প্রেরিত ও চিত্র সমৃদ্ধ "পরমগুরু শ্রীগৌরকিশোর" গ্রন্থখানি প্রকাশিত হইয়াছে। এই গ্রন্থে শুদ্ধগৌড়ীয়বৈষ্ণবগণের পরমারাধ্য, গৌড়ীয়গৌরবশিরোমণি অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ নিত্যলীলাপ্রবিষ্ট পরমহংস ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল গৌরকিশোরদাস গোস্বামী প্রভুবরের অলৌকিক চরিতকথা বর্ণিত আছে।

শ্রীশ্রীভক্তিবিনোদাবির্ভাব-শতবর্ষপূর্ত্তিতিথিপূজার উপায়ন-গ্রন্থমালা

——:৹:——

১। গীতিসাহিত্যে শ্রীভক্তিবিনোদ

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র গীতিসাহিত্যের সমালোচনা-গ্রন্থ)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

২। শ্রীভক্তিবিনোদবাণীবৈভব

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের গ্রন্থসমুদ্র হইতে আহৃত ১০৮টি অধ্যায়ে সম্বন্ধ-অভিধেয়-প্রয়োজনাকারে গ্রথিত অমূল্য উপদেশপূর্ণ গ্রন্থ)

ভিক্ষা—৩৲ তিন টাকা মাত্র।

৩। শ্রীশ্রীভক্তিবিনোদ-প্রসঙ্গ

ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ ও ওঁ বিষ্ণুপাদ
শ্রীশ্রীল [illegible] পরিব্রাজক গোস্বামী প্রভু-বিরচিত
এবং গৌড়ীয়ে প্রকাশিত শ্রীশ্রীভক্তিবিনোদ-
চরিত-প্রসঙ্গ

ভিক্ষা—।৵০ ছয় আনা মাত্র।

৪। ছাত্রদের ভক্তিবিনোদ

(ছাত্রদের উপযোগী ভাষায় লিখিত শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্র ও শিক্ষা)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

ছাত্রদের পক্ষে ভিক্ষা—॥০ আট আনা মাত্র)

প্রাপ্তিস্থান:—

(১) 'ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট', পোঃ শ্রীমায়াপুর, নদীয়া;

(২) শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা;

(৩) শ্রীযুক্ত সুপতিরঞ্জন নাগ এম্-এ, বি-এল্, পুরাণা-[illegible] পোঃ রমনা, ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বাঙ্গালাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবত,—সমগ্র ৭০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ৩৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। ঠাকুর [illegible] শ্রীচৈতন্যভাগবত ৫
(অর্দ্ধাংশ) ২৷৷০
৩। কবিরাজ শ্রীচৈতন্যচরিতামৃত ৬
৪। সরস্বতী জয়শ্রী (অর্দ্ধাংশ) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ॥০, ২য় খণ্ড ১৲, ৩য় খণ্ড—৸০
৪র্থ খণ্ড —৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড —৸০; ২য় খণ্ড —১৲; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার দীপিকা ও সংস্কার দীপিকা ১।০
৯। বৈষ্ণবধর্ম্ম ৩৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ৩৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ।০
১৫। [illegible] ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষৎ ।০
১৮। সাধন-পাথেয় ।০
১৯। তত্ত্ববিবেক ।০
২০। গৌড়ীয় গৌরব ৷৶০
২১। গৌড়ীয়গীতিকা ৷৶০
২২। স্মরণ মঙ্গল ।০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃত ও শ্রীনবদ্বীপশতক (বাঁধা) ১৲
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা সহ) ২৲
২৫। গীতা (চক্রবর্ত্তি টীকাসহ) ২৲
অর্দ্ধাংশ) ১৲
২৬। শ্রীনামে কেবল মাত্র নাম ৵০
২৭। [illegible] ১৲
২৮। [illegible] (সাপ্তাহিক) ।০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ)
(বাঁধা) ৸০
৩০। দীপ-দিগ্দর্শন ৵০
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ৷৶০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ।০
৩৩। নবদ্বীপধাম গ্রন্থমালা ৷০
৩৪। [illegible] (নবদ্বীপ-পরিক্রমা) ৵০
৩৫। গীতমালা ৴০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৵০
৩৭। [illegible] ৵০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ০
৩৯। শ্রীগোদ্রুম [illegible] ।০
৪০। শরণাগতি ৴০
৪১। গীতাবলী ৴০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৷০
৪৩। [illegible] ৴০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ৴
৪৫। নবদ্বীপশতক
৪৬। [illegible]
৪৭। [illegible]
৪৮। কল্যাণকল্পতরু (দ্বিতীয় সংস্করণ) ৴
৪৯। [illegible]
৫০। বৈষ্ণবমঞ্জুষা সমাহৃতি (১ম ও ২য়)
৫১। [illegible]
৫২। মণিমঞ্জরী (সাপ্তাহিক)
৫৩। গৌরকৃষ্ণোদয়
৫৪। পুরুষার্থ-নির্ণয়
৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী
৫৬। [illegible]
৫৭। ঈশোপনিষৎ (ভাষ্যাদিসহ)
৫৮। [illegible]
৫৯। সিদ্ধান্তদর্পণ
৬০। [illegible]

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। [illegible]
৬২। সিদ্ধান্ত সরস্বতী [illegible]
৬৩। [illegible]
৬৪। [illegible]
৬৫। [illegible]
৬৬। গৌড়ীয়মঠ[illegible]
৬৭। [illegible]

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ
৬৯। [illegible]
৭০। [illegible]
৭১। বেদান্ত —ইট্‌স্ [illegible]
৭২। [illegible] ।০
৭৩। [illegible]
শ্রীচৈতন্য মহাপ্রভু
৭৪। [illegible]
৭৫। [illegible]
৭৬। দি ভাগবত
৭৭। [illegible]
৭৮। [illegible]
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (প্রথম খণ্ড)

উড়িয়া ভাষায় প্রকাশিত

৮০। শ্রীচৈতন্যভাগবত
৮১। সাধন-পথ
৮২। কল্যাণ-কল্পতরু
৮৩। গীতাবলী
৮৪। শরণাগতি

আসামী ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

একমাত্র পারমার্থিক দৈনিক পত্র

শ্রীধাম-মায়াপুর-নদীয়া

১৭শ বর্ষ | ১৫ ত্রিবিক্রম ৪৫৩ গৌরাব্দ, ৪ঠা জ্যৈষ্ঠ বঙ্গাব্দ ১৩৪৬, ১৮ই মে খৃ: ১৯৩৯, বৃহস্পতিবার | ৬৭৭ সংখ্যা

প্রচার-প্রসঙ্গ

---::(*)::---

শিলচরে

গৌড়ীয়বৈষ্ণবাচার্য্য ও বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী মহারাজের কৃপাশীর্ব্বাদে ও তাঁহার পূর্ব্বাদিষ্ট পথে শ্রীবিশ্ববৈষ্ণবরাজসভার অন্যতম প্রচারক উপদেশক পণ্ডিত শ্রীপাদ ভক্তিসৌরভ ভক্তিসারী মহোদয় কতিপয় ব্রহ্মচারী সহ গত ১০ই মে কাছাড় জেলায় শিলচরের নিকটবর্ত্তী দুধপাতিল গ্রামের বিশিষ্ট সজ্জন শ্রীযুক্ত ব্রজমোহন নাথ মহোদয়ের সাদর আহ্বানে তাঁহার বাসভবনে গমন করেন এবং তথায় রাত্রি ৮ ঘটিকা হইতে ১০ ঘটিকা পর্য্যন্ত কুরুপাণ্ডব অর্জ্জুনের পুত্রবধূ উত্তরার গর্ভে পরীক্ষিৎ মহারাজের বিনাশ সাধনোদ্দেশ্যে যখন অশ্বত্থামা ব্রহ্মাস্ত্র নিক্ষেপ করিয়াছিল, তখন ভক্তবৎসল ভগবান্ শ্রীকৃষ্ণ সুদর্শন অস্ত্রের দ্বারা সেই ব্রহ্মাস্ত্র নিবারণ করিয়া ভক্তকে কিরূপে রক্ষা করিয়াছিলেন এবং সেই প্রসঙ্গে শ্রীমদ্ভাগবত হইতে কুন্তীদেবী কর্ত্তৃক শ্রীকৃষ্ণের স্তব অতি প্রাঞ্জল ভাষায় পাঠ ও ব্যাখ্যা করেন। পাঠের আদি ও অন্তে শ্রীপাদ বিশ্বম্ভর দাস ব্রহ্মচারীজীর মূলগায়কত্বে গুরুবন্দনা, শরণাগতি ও মহাজনপদাবলী কীর্ত্তন হয়। পাঠে বহু শিক্ষিত সম্ভ্রান্ত ব্যক্তি উপস্থিত ছিলেন।

গত ১২ই মে ভক্তিসারীজী কতিপয় ব্রহ্মচারী সহ শিলচরের নিকটবর্ত্তী রংপুর গ্রামের জমিদার শ্রীযুক্ত রাসবিহারী দেব মহোদয়ের সাদর আহ্বানে তাঁহার বাসভবনে গমনপূর্ব্বক ছায়াচিত্রযোগে রাত্রি ৮॥ ঘটিকা হইতে ১০ ঘটিকা পর্য্যন্ত শ্রীশ্রীগৌরলীলা প্রদর্শন করেন। সভায় বহু ভদ্রলোক ও ভদ্রমহিলা উপস্থিত ছিলেন। সভার আদি ও অন্তে যথারীতি গুরুবন্দনা, শরণাগতি ও মহাজনপদাবলী কীর্ত্তন হয়। বক্তৃতা-শ্রবণে সকলেই বিশেষ উপকৃত হইয়াছেন ও গৌড়ীয়মঠের প্রচারবিষয়ে আকৃষ্ট হইয়াছেন। ভক্তিসারী মহোদয় সেক্সান্ যাবৎ শিলচর ও শিলচরের নিকটবর্ত্তী স্থানে প্রচারকার্য্য শেষ করিয়া গত ১৩ই মে রবিবার শিলচর হইতে প্রচারোদ্দেশ্যে তিনসুকিয়া রওনা হইয়াছেন। গৌড়ীয়মঠের প্রচারে বাস্তবিকই এতদ্দেশে একটা সাড়া পড়িয়া গিয়াছে।

বহরমপুরে

শ্রীশ্রীবিশ্ববৈষ্ণবরাজসভার অন্যতম প্রচারক ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ কতিপয় ব্রহ্মচারী সহ গত ৭ই মে কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে রওনা হইয়া শ্রীচৈতন্যবাণী প্রচারার্থ গঞ্জাম জেলার বহরমপুর নামক সহরে ৮ই মে তারিখে শুভবিজয় করিয়াছেন। বহরমপুরনিবাসী সজ্জনগণ বিপুল সংকীর্ত্তনশোভাযাত্রা সহকারে স্বামীজী মহারাজকে ষ্টেশন হইতে গৌড়ীয়মঠ অফিসে লইয়া যান। সেই সংকীর্ত্তনে [illegible] হইয়া একজন পাশ্চাত্য-দেশীয় মহিলা স্বামীজী মহারাজের নিকট উপস্থিত হন ও পুনঃপুনঃ আশীর্ব্বাদ প্রার্থনা করেন। মঠে উপস্থিত হইয়া স্বামীজী মহারাজ অনেকক্ষণ হরিকথা বলেন। তথায় প্রত্যহ সন্ধ্যাকালে শ্রীমদ্ভাগবত পাঠের বন্দোবস্ত হইয়াছে। স্বামীজীর আগমনে স্থানীয় সজ্জনগণ সকলেই উৎসাহান্বিত ও আনন্দিত হইয়াছেন।

আশ্রয়-প্রার্থনা

---::(*)::---

কর্ম্মের বশে আমি হ'য়েছিনু যবে।
সদাই চিন্তিনু হায় কে মোরে তারিবে॥
স্থাবর-জঙ্গম কীট-পতঙ্গ-রূপেতে।
লক্ষ লক্ষ জন্ম মোর কেটে গেল তা'তে॥
বহু ভাগ্যফলে মনুষ্য জনম পাইনু।
জনম লভিয়া কাম হরি না ভজিনু॥
শিশুকাল কাটাইনু মায়ের ক্রোড়েতে।
বাল্যকাল কেটে গেল বাল্যক্রীড়াতে॥
যৌবনকালেতে পাঠ সমাপন করি।
ধন-উপার্জ্জন লাগি' কত যত্ন করি॥
ধন-উপার্জ্জন করি থাকি গৃহ-সুখে।
বিবাহ করিনু হায় সংসার-বাসনে॥
সংসার-সুখেতে মোর বৃথা কাল গেল।
বহু দুঃখ-দুর্গতি হায় জনম লভিল॥
দারাপুত্র পরিবার যত বন্ধুগণে।
সকলে মিলিয়া টানে নিজ ভোগ স্থানে॥
গুণময়ী দৈবী মহামায়ার কবলে।
সর্ব্বদা ফেলিছে মোরে বিষয়-অনলে॥
এত দুঃখ কষ্ট আমি না পারি সহিতে।
অস্থির হইয়া আমি সদা ভাবি চিত্তে॥
কি করি কোথায় যাই সদা চিন্তি মরি।
বিষম বিপদে পড়ি ডাকি হরি হরি॥
তখন না বুঝি হায় তোমার করুণা।
তাই সহ্য করিয়াছি বিষম যাতনা॥
সাধুমুখে প্রকাশিত সাধুভাবে বাস।
সাধুর হৃদয়ে তুমি সর্ব্বদা প্রকাশ॥
সেই সাধুকৃপা হ'লে তব কৃপা হ'বে।
তব কৃপা হ'লে সদানন্দ হ'বে॥
সাধু-গুরুরূপে তুমি জগতে উদিত।
তুমিই আচার্য্যরূপে জগতে বিদিত॥
আমার-সাধারণে পাবে বলিতে হবারে।
কৃষ্ণ গুরুরূপে আছে জগত মাঝারে॥
পরমহংসাবতংস গৌড়ীয়-আকাশে।
শ্রীভক্তিসিদ্ধান্ত নামেতে প্রকাশে॥
এই কথাতে যদি বিশ্বাস না হয়।
মহা অপরাধ তা'তে জানিহ নিশ্চয়॥
আমি ত' মূরখ অতি কিছু না বুঝিনু।
আচার্য্যের মাধুর্য্য কিছু না জানিনু॥
জীব প্রতি কত দয়া করেই করুণা।
জীব উদ্ধারিতে তব অশেষ কামনা॥
আপনা-করুণা মনে করহ বিচার।
বিচার করিলে চিত্তে পাবে চমৎকার॥
আমি ত' পতিত জীব অতি দুরাচার।
এইবার কর প্রভু আমারে উদ্ধার॥
মো সম পতিত আর নাহি ত্রিভুবনে।
কৃপা করি রাখ প্রভু তব শ্রীচরণে॥
সংসার-অনল হ'তে কেশে ধ'রে তুলি।
এ অধমে রাখ প্রভু দিয়া পদধূলি॥
অনুপায়ী শিশু যথা নাহি ছাড়ে মায়।
সেইরূপ আমি যেন থাকি তব পায়॥
তব পাদপদ্ম আমি এই ভিক্ষা চাই।
তব শুদ্ধ ভক্তসঙ্গ সদা যেন পাই॥

শ্রীবৈষ্ণবকৃপাকণভিক্ষু—

শ্রীকেশবচন্দ্র দাস

"বৈষ্ণবের উপর প্রভুত্ব করিব', যাহাদের এই বিচার, তাহারা সর্ব্বাপেক্ষা অধিক পাষণ্ড। বৈষ্ণবের উপর প্রভুত্ব করিবার পিপাসা—কৃষ্ণ সাজিবার চেষ্টা। একমাত্র কৃষ্ণই বৈষ্ণবের উপর প্রভুত্ব করিতে পারেন। কোন কোন পাষণ্ড গুরু-দেবের উপর প্রভুত্ব অর্থাৎ "গুরুদেব আমার order supplier, অর্থাৎ আমি যখনই যাহা বলিয়াছি তিনি তখনই তাহা শুনিয়াছেন"—এইরূপ বিচার করে। ইহাদিগকে জন্মজন্মান্তর বৈষ্ণবের নিষ্পীড়নীয় দণ্ডসমূহ বহন করাইতে হইবে, তবে যদি উহাদের মঙ্গল হয়।'

(শ্রীল আচার্য্যদেব)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

১৫ ডিসেম্বর শনি বার,গোবর্দ্ধন শ্রীগৌরাব্দ ৪৪৫

শ্রী শ্রীআচার্য্যবাণী

'বৃত্তি' শব্দের অর্থ কুক্কুরের ন্যায় পরান্ন-লোলুপতা, অস্বতন্ত্রতা, পরমুখাপেক্ষিতা, পরনির্ভরতা প্রভৃতি বর্হির্দৃষ্টীয় দাসগণের অবস্থা। শ্রীমদ্ভাগবত একাদশস্কন্ধ ১৭ অধ্যায়ে ৪৭ শ্লোকে "ন শ্ববৃত্ত্যা কথঞ্চন" উক্তি পাওয়া যায়। শ্রীধরস্বামিপাদ উহার টীকায় লিখিয়াছেন,- 'শ্ববৃত্ত্যা — নীচ-সেবয়া'। এমন কি বিপৎকালেও নীচের সেবা কখনও করিতে হইবে না। 'নীচ' অর্থে যে কৃষ্ণের প্রতি অসৎ বা বিরুদ্ধ ভাবাপন্ন এরূপ ব্যক্তি।

মায়াবাদিগণ ও বৌদ্ধগণ জীবের প্রকৃতিপরিণতিতে দর্শন করিয়া জীবের ক্লেশ অপসারণের পন্থা নির্দ্দেশে মুক্ত বা speculation দ্বারা স্থির করিয়াছেন। এই ক্লেশ [illegible] অনুভব হয়না যাহা অনাদিকাল হইতে লাগিয়া আছে ... দেখিয়া বুদ্ধ ও শঙ্করের অনুগতগণ কল্পনা করিলেন যে, এই মায়াপরতন্ত্রতার বিপরীত বা ব্যতিরেক ভাবই তাপবিনাশে সমর্থ হইবে। তাঁহারা দেখিলেন যে, চেতনের অনুভূতি নামক একটি বৃত্তি আছে, উহাই জীবের যাবতীয় ক্লেশের মূল। জীবের সত্তায় যদি অনুভূতি না থাকে, তাহা হইলে ক্লেশের অস্তিত্ব থাকে না। ইহা হইতেই সাংখ্য প্রভৃতি বেদান্তের দার্শনিক-সম্প্রদায় প্রকৃতি-নির্ব্বাণকেই মুক্তি বলিয়া কল্পনা করিয়াছেন। বুদ্ধও এজন্যে জন্মই দুঃখের কারণ, ইহা স্থির করিয়া সত্তাবিলোপই দুঃখনাশের উপায়—এইরূপ শূন্যবাদ স্থাপন করিয়াছেন।

শঙ্কর বলিলেন যে, কেবল অচিৎ-বিনাশ-দ্বারা শূন্য হইয়া যাওয়া যায়, তাহা নহে। চিৎ পদার্থ কেবল জ্ঞান বা কেবল চেতন থাকিবে। চেতন থাকিলেও তাহার বিশেষ নাই। জ্ঞান আছে, জ্ঞাতা বা জ্ঞেয় নাই। কারণ, এই শঙ্করের অনুগতগণ ভাবিয়াছেন যে, জ্ঞাতা হইলে তাহার অনুভূতি থাকিবে এবং তদ্দ্বারা সে জ্ঞেয়ের বশবর্ত্তী, মুখাপেক্ষী হইয়া পড়ে। অতএব জ্ঞাতার অনুভূতি থাকিলে এবং জ্ঞেয় বস্তুর অস্তিত্ব থাকিলে জীবের দাসত্ব (অবিদ্যা-বন্ধন) হইতে মুক্ত হইতে পারে না। তজ্জন্য শঙ্কর জ্ঞেয়ের অস্তিত্ব ও জ্ঞাতার অস্তিত্বকে বিলোপ করিবার উদ্দেশ্যে জ্ঞান, জ্ঞেয় ও জ্ঞাতার একীভূতত্ব কল্পনা করিয়াছেন, অর্থাৎ তখন আর অনুভূতির বিষয় ও কর্ত্তা কিছুই না থাকায় মুখাপেক্ষা বা দাসত্ব নাই,—জীব মুক্ত (ব্রহ্ম) হইলেন। মুক্ত হইবার জন্য তাঁহারা যে জ্ঞানাদি পন্থা অবলম্বন করিলেন, তাহাও কল্পিত। "সাধকানাং হিতার্থায় ব্রহ্মণো রূপকল্পনম্"। তাঁহাদের ধ্যান-ধারণাদি সকলই কল্পিত পথ। চরমে ধ্যেয় বা ধ্যাতার অস্তিত্ব নাই, সুতরাং ধ্যানটা সর্ব্বাংশে কল্পনামাত্র। রূপ না থাকিলে ধ্যানও হয় না। ঐরূপ মুক্তির কল্পনাকারিগণ নির্ভেদ-নির্ব্বিশেষবাদযুক্ত। তাঁহাদের লক্ষ্য রহিয়াছে প্রকৃতি, অবিদ্যা বা মায়ার প্রতি। তাহার ক্রিয়া বা বিক্রম লক্ষ্য করিয়া তাহার ব্যতিরেক অবস্থাকে মুক্তি কল্পনা করা হইয়াছে। মুক্তের প্রতি লক্ষ্য রাখিয়া মুক্তিকে জানা হইতেছে না। মায়ার প্রতি লক্ষ্য, মায়ার নিকট মায়াপরতন্ত্রতা—দাসত্বটাই একমাত্র অনুভবের বিষয় হইতেছে এবং ঐ দাসত্বটার উপস্থিত হইতেছে। এই জন্যই তাহাদের মুক্তির আশ্রয়। 'আকাশ' অর্থে আশ্রয়, আধার। মায়াবাদিগণ ও বৌদ্ধগণের তত্ত্ব নির্ণয় হইয়া গিয়াছে। সাধ্য, সাধন অথবা সম্বন্ধ, অভিধেয় ও প্রয়োজনে—সর্ব্বত্রই তাঁহাদের ভয়ই প্রকাশিত। মায়াবদ্ধ পাছে মায়াগ্রস্ত হইয়া পড়েন, এই ভয়ে যাহা মায়া-পরতন্ত্রতার প্রত্যক্ষ করিয়াছেন, সেগুলির ব্যতিরেক ভাব তাহাতে স্থাপন করিয়াছেন। প্রকৃতি-পরতন্ত্রতায় ক্রিয়া আছে, জীব নিষ্ক্রিয় হইয়া থাকিতে পারে না, ভোগ না করিয়া থাকিতে পারে না, পঞ্চভূতজাত বিষয়ের প্রতি ইন্দ্রিয়ের স্পর্শ না করাইয়া থাকিতে পারে না—ঐ গুলিই তাহাদের দাসত্ব; অতএব সাধনে ইন্দ্রিয়বৃত্তির পরিত্যাগই একমাত্র কর্ত্তব্য। জগতে বিলাস আছে, তাহার পরিণাম দাসত্ব; সুতরাং সর্ব্বতোভাবে বিলাস-হীন হওয়াই প্রয়োজন। এইরূপে সর্ব্বদাই তাহাদের ভয়। এই ভয়টা স্বরূপগত নহে, বৈদেশিক অর্থাৎ আগন্তুক (foreign).

স্বদেশী ও বৈদেশিক বলিয়া দুইটী শব্দ আছে যে আধারে যাহার প্রকৃত নিত্য অবস্থান সেই আধারের সম্বন্ধে তাহাকে 'স্বদেশী' বলা যায়। অস্বাভাবিক বা নৈমিত্তিক, ক্ষণস্থায়ী ভাবে যে বিষয়ের প্রাদুর্ভাব দেখা যায়, তাহাকে 'বৈদেশিক' বলে। জীব স্বরূপতঃ কৃষ্ণদাস। অশোক, অভয় কৃষ্ণপাদপদ্ম সেই স্থানে অবস্থিত বলিয়া বাস্তব পক্ষে জীবও স্বরূপতঃ অশোক ও অভয়। সকল বিষয় কৃষ্ণ সম্বন্ধে দর্শন করাই চেতনের বৃত্তি। তজ্জন্য চিদ্দর্শনে দ্বিতীয়াভিনিবেশ নাই। সর্ব্বত্র অদ্বয়জ্ঞানে প্রতিষ্ঠিত, অতএব ভয় তাহার থাকিতেই পারে না। বর্ত্তমানে নৈসর্গিক অবস্থার কারণবশতঃ নৈমিত্তিকভাবে ভয় প্রবেশ করিয়াছে।

ঐরূপ ভয়াশ্রিত জনগণের মুক্তির আশ্রয় আকাশ—জড়াকাশ। জড়ব্যতিরেক বিচার করিতে যাইয়া তাহাদের কল্পনা এই জগতের মধ্যে থাকিয়া এই জগতের সীমা অতিক্রম করিতে না পারায় প্রকাশগুণহীন আকাশকে নির্গুণ ব্রহ্মাবস্থা (চিদম্বরম্) বা তাহাদের চরম আশ্রয় কল্পনা করে। এই যে আকাশ, ইহাও জড়। সুতরাং জড়ব্যতিরেক অনুসন্ধান করিতে যাইয়া তাঁহারা যে জড়বিশেষে লীন হইবার চেষ্টা করেন, তাহাতে জড় হইতে পরিত্রাণের কোন কথাই পাওয়া গেলনা; অতএব তাহা 'মুক্তি'-শব্দবাচ্য হইতে পারে না। Negative হইতে Positiveএ যাইবার চেষ্টা করায় তাহাদের আধ্যাত্মিক speculationএর মূল্য কাণাকড়ি হইয়াছে। এই জগতের অবস্থা দেখিয়া পরজগতের অবস্থার কল্পনা করিতে গিয়াছে। "মোক্ষ—বিকৃতির নাশঃ" বা "স্বরূপেণ ব্যবস্থিতিঃ" —ইহার কোনটির বিচারই উহারা বুঝিতে পারে নাই। মায়ার অধীনতাই জীবের ক্লেশ; অতএব অধীনতা বা শরণাগতিমাত্রই হেয়। স্বতন্ত্রতাই প্রয়োজন, তাহা হইলেই বিদ্যা অধীনা হইবে, অবিদ্যার দাসত্ব করিতে হইবে না। সাধক অবস্থায় কল্পনা করিয়া যাহাকে প্রভু বলিয়াছিল, সিদ্ধির পথে অগ্রসর হইতে থাকিয়া তাহার প্রভুত্ব অপসারণ করিয়া নিজেই সে-স্থান অধিকার করিবার কল্পনা করিয়া লইল। মায়াবাদী সর্ব্বত্রই মায়া দর্শন করে। জীব মায়া, ঈশ্বরও মায়া; ব্রহ্মও মায়া কর্ত্তৃক পরিচ্ছিন্ন অর্থাৎ খণ্ডিত। সর্ব্বদা সর্ব্বত্র এই মায়াদর্শনই দ্বিতীয়াভিনিবেশ। ইহা হইতেই সম্প্রদায় সকল হইতে তাহারাও বৈদেশিক ভয়ের দ্বারা কবলিত। ভয়ের দ্বারা চালিত হইয়া বৌদ্ধগণ অভিধেয়ের দ্বারা সকলই নিরাশ করিতে করিতে শেষে আর আশ্রয় কিছু স্বীকার করিতে পারে না। চেতনের নির্ব্বিশেষত্বই তাহাদের একমাত্র কাম্য হইয়া দাঁড়ায়। দ্বিতীয় বস্তু অর্থাৎ জীবের যে সত্তা আছে, তাহা হইতে অন্য দ্বিতীয় সত্তাই তাহাদের কাম্য। বৌদ্ধ বা সাংখ্যবাদীর শেষ গতিই প্রকৃতি। অচিৎই তাহাদের মুক্তির আশ্রয়; তজ্জন্য শূন্যাবস্থায় তাহারা লীন হয়। মায়াবাদী —চিন্মাত্রবাদী। তাহারা চেতনই শেষ-গতি বলিয়া স্বীকার করে। অর্থাৎ চেতন আছে, তাহাই থাকিবে,—এই অদ্বয়জ্ঞান স্বীকার করে বটে, কারণ অদ্বয়জ্ঞানই বেদান্তপ্রতিপাদ্য বিষয়, কিন্তু অদ্বয়জ্ঞানের দিক্ হইতে বিচার না করায় মায়াবাদিগণ অদ্বয়জ্ঞানের বাস্তব পরিচয় পান না। বিশেষ বা বিলাসের সন্ধান না পাইয়া ব্যতিরেক যে ধারণা করেন, তাহাও জড় বলা যায়। সুতরাং তাঁহাদের মুক্তির আশ্রয় চিদাকাশ—চিদাকাশ হইলেও উহা পরব্যোম নহে—ব্রহ্মলোক 'চিদম্বরম্',—শিবের, যোগেশ দেবতা বা ব্রহ্মের নাম। মাদ্রাজে ঐ নামে একটী স্থান আছে; তথায় 'চিদম্বরম্' শিব আছেন। এই চিদাকাশ ও পরাকাশে পার্থক্য আছে। চিদ্বিলাসময় পরাকাশ বৈকুণ্ঠ বিলাসবিশেষহীন চিদাকাশ—ব্রহ্মলোক বা মহেশলোক।

ভক্তিসিদ্ধান্ত-জ্ঞানের প্রয়োজনীয়তা

——::০::——

পূর্ব্বপক্ষ নিরসন করিয়া সিদ্ধপক্ষ স্থাপনরূপ মীমাংসাকে সিদ্ধান্ত বলে। সিদ্ধান্ত ব্যতীত কাহারও প্রয়োজনীয় বস্তু লাভ হইতে পারে না। যাহার সিদ্ধান্ত বিষয়ে স্থিরতা নাই, সে বায়ুদ্বারা পরিচালিত তৃণের ন্যায় এক এক সময়ে এক এক স্থানে বিক্ষিপ্ত হইয়া অশান্তরাজ্যে পরিভ্রমণ করে।

কোনও একটি প্রয়োজন লাভ করিতে হইলে সর্ব্বাগ্রে তদ্বিষয়ে স্থিরসিদ্ধান্তে উপনীত হওয়া আবশ্যক। কোন কোন উদারতাভিমানী ব্যক্তি অপরের মতে বা লোকের মনে আঘাত দিতে হইবে বলিয়া সিদ্ধান্ত-নির্ণয়ে বিরত হন। তাঁহাদের মতে সকল মত ও সকল পথই এক একটি স্বতন্ত্র সিদ্ধান্ত, যেহেতু সকলই ঈশ্বরের ইচ্ছায় প্রাদুর্ভূত। তাঁহারা গীতার কথা উদ্ধার করিয়া বলেন,—"যে যথা মাং প্রপদ্যন্তে তাং-স্তথৈব ভজাম্যহং"—"যার যেমন ভাব, তার তেমন লাভ" ইত্যাদি।

এই সকল ব্যক্তি আরও বলিয়া থাকেন যে, যুগে যুগে প্রয়োজনানুসারে আচার্য্যগণ এক একটি মত প্রচার করিয়া থাকেন; আবার আচার্য্যগণের মধ্যেও বহু মতভেদ দেখা যায়, সুতরাং কোন একটি বিশেষ সিদ্ধান্ত লইয়া মারামারি না করিয়া ভগবান্‌কে ডাকিতে আরম্ভ করিয়া দেওয়াই ভাল। যে ব্যক্তি যে-কোন মত বা যে-কোন পথই গ্রহণ করুক না কেন, সকলেই একই লক্ষ্যস্থলে পৌঁছিবে। ইঁহারা আপনাদিগকে সমন্বয়বাদী বলিয়া প্রচার করিয়া জগতের নিকট হইতে প্রতিষ্ঠা প্রাপ্ত হন।

আবার আর এক শ্রেণীর লোক আছেন, তাঁহারা নিজে নিজে যাহা স্থির করিয়াছেন বা বুঝিয়া রাখিয়াছেন, তাহাকেই একমাত্র সিদ্ধান্ত বলিয়া থাকেন। ইঁহারা "বিশ্বাসে মিলয়ে কৃষ্ণ, তর্কে বহু দূর"—ইত্যাদি বাক্যের কদর্থ করিয়া স্বমনোচিত অন্ধবিশ্বাসকেই সিদ্ধান্ত বলিয়া মনে করেন।

শাস্ত্রবিচার-প্রণালীর কষ্টিপাথরে পরীক্ষা করিলে বুঝা যায় যে, উক্ত উভয়বিধ ব্যক্তিই মনোধর্ম্মের বশীভূত। মনোধর্ম্মশীল জগতের নিকট তাঁহাদের এইপ্রকার বাক্য যতই আদরের হউক না কেন, তাঁহাদের আসন যতই উর্দ্ধে স্থাপিত থাকুক না কেন, বাস্তবসত্য-বিচারে সিদ্ধান্তসার শব্দপ্রমাণাবলীর নিকট তাঁহাদের কথার মূল্য খুবই কম।

জগতের নিকট জৈমিন্যাদি বা বিংশতি ধর্ম্মশাস্ত্রকার বিষ্ণু, পরাশর, হারীত প্রভৃতি ঋষিবর্গের খুবই প্রতিষ্ঠা আছে; উঁহারা প্রত্যেকেই এক একজন মহাজন ও ধর্ম্মপালক বলিয়া পরিচিত। কিন্তু সাত্বত-শাস্ত্রগণের অগ্রণী বেদান্তসার শ্রীমদ্ভাগবতে ধর্ম্মরাজ যম বলেন,—

ধর্ম্মন্তু সাক্ষাদ্ভগবৎপ্রণীতং
ন বৈ বিদুর্ঋষয়ো নাপি দেবাঃ।
ন সিদ্ধমুখ্যা অসুরা মনুষ্যাঃ
কুতো নু বিদ্যাধরচারণাদয়ঃ॥
স্বয়ম্ভূর্নারদঃ শম্ভুঃ কুমারঃ কপিলো মনুঃ।
প্রহ্লাদো জনকো ভীষ্মো
বলির্বৈয়াসকির্বয়ম্॥
দ্বাদশৈতে বিজানীমো ধর্ম্মং
ভাগবতং ভটাঃ।
(ভাঃ ৬।৩।১৯-২০)

যিনি আমাকে আমার রুচির অনুকূল কথা বলিয়া —— করিতে চান না, —— —— আমার —— কাটিয়ে, আমার আমার —— সেই —— পরম —— —— করেন। এইরূপ পরমমুক্ত গুরুদেবের কাছে —— তাঁ'র কাছে যা' কিছু সব ছেড়ে —— শরণাগত হ'তে হ'বে।

— —

আচার-প্রচারপরায়ণ ব্যক্তিই আচার্য্য। আচার্য —নিরপেক্ষ, মুক্ত। তিনি জগতে দেখাদেখি আচার নহে। মহাপ্রভু ব'লেছেন, —"অসৎসঙ্গ ত্যাগ এই বৈষ্ণব-আচার"। নিজে সম্পূর্ণ অসৎসঙ্গ-ত্যাগ ও নিরন্তর কৃষ্ণচর্চ্চার মহান্ আদর্শ দেখিয়ে তিনি সকলকে নির্ভীক ও নিরপেক্ষভাবে অসৎসঙ্গ-ত্যাগের কথা বল্‌তে পারেন —অসৎসঙ্গ ছাড়াতে পারেন —কৃষ্ণানু-শীলনে প্রবৃত্ত করা'তে পারেন, তিনিই আচার্য্য।

কৃষ্ণই এক অদ্বয়তত্ত্ব। একব্যক্তি যেমন কারও পিতা, কারও মাতুল, কারও শ্বশুর, কারও দাদা, কারও ঠাকুরদাদা, কারও —, কারও ডাক্তার, কারও উকিল ইত্যাদি, সেইরূপ কৃষ্ণ। যদি নারায়ণকে 'কৃষ্ণ' বলা না হ'ত, তা'হ'লে নারায়ণ হ'ত্র —, —— করা হ'ত। নারায়ণ ও কৃষ্ণে বস্তুতঃ কোন ভেদ নাই, কেবল রসের বিচিত্রতা —লীলাবৈচিত্র্য মাত্র আছে। কৃষ্ণ ছাড়া আর দ্বিতীয় বস্তুর অধিষ্ঠান না থাকায় সকলেই কৃষ্ণের উপাসনা করছে বিধি পূর্ব্বক, আর অবিধিপূর্ব্বক। কৃষ্ণই একমাত্র পরমেশ্বর আর সব তাঁ'র অনুচর।

——

এই মনুষ্যজন্ম ক্ষণভঙ্গুর ও অতীব দুর্লভ। কাজেই পাষণ্ডতা, অপরাধ বা

গুরুকৃপাই সম্বল

(প্রাপ্ত)

——::(০)::——

যাঁহার অহৈতুকী কৃপা ও আশীর্বাদে মাদৃশ হরি-গুরু-বৈষ্ণব-সেবাবিমুখ জীবও আজ স্বদেশের সন্ধান পাইয়া তাহাদের আশা হৃদয়ে পোষণ করিতেছে, সেই শ্রীগুরুদেবের শ্রীচরণ, তদীয় নিত্যদাসবর্গের চরণ ও তদীয় আরাধ্য শ্রীনামপ্রভুর নিত্যসিদ্ধ শ্রীচরণকমল আমার একমাত্র আশ্রয় হউন। সেই নিত্যারাধ্য কারুণ্যঘনবিগ্রহ আমার নিত্য-শাসক, অভিন্ন নিত্যানন্দ মদীয় শ্রীগুরু-পাদপদ্মের শ্রীচরণকমল-সেবাসন্ধান ও ভক্তপ্রাণে আকৃষ্ট হইবার দুর্ল্লভ সুযোগ যে গুরুদেবতাত্মগণ কৃপাপূর্ব্বক প্রদান করেন, সেই মদীয় শিক্ষাগুরুবর্গের শ্রীপাদপদ্ম সর্ব্ব-প্রথমে বন্দনা করিয়া শ্রীগুরুদেবের শ্রীপাদপদ্ম বন্দনা করিতেছি।

মদীয় শ্রীগুরুদেব লীলা-পুরুষোত্তমের অখণ্ড, অনন্ত লীলার পার্ষদ বা অপ্রাকৃত রাধাকুণ্ডবাসী। তিনি গৌরকৃষ্ণের নিত্যপ্রিয়তম। তাই যদি না হইবেন, তাঁহার নিত্যসিদ্ধ আচার্য্যত্ব যদি তিনি নিত্য প্রকটিত না রাখিবেন, তাহা হইলে কে মাদৃশ হরিবিমুখ জীবগণকে নিঃশ্রেয়সের সন্ধান প্রদান করিবেন। স্বয়ংরূপ নন্দনন্দন সকল ঈশ্বরের ঈশ্বর অর্থাৎ ব্রহ্মা হইতে আরম্ভ করিয়া তৃণাদপি ক্ষুদ্র সকল কীটাণুকীটের আরাধ্য বা ভজনীয় বিগ্রহ। তাঁহার পরমপদ দেববৃন্দেরও বন্দ্য। তাঁহার পরমপ্রিয়তম নিত্যসিদ্ধ সেবক, তথা তদভিন্নবিগ্রহ তদীয় স্বরূপ-শক্তি বা প্রকাশবিগ্রহ মদীয় জগদ্-দেবতা শ্রীগুরুপাদ-

বৃথাকাব্যে সময় নষ্ট না ক'রে সকলের সব ছেড়ে হরিভজনে মন দেওয়া উচিত। যে মুহূর্ত্তে জীব ভগবানের সেবা করবে না, সেই মুহূর্ত্তে রোগ এসে গ্রাস করবে। কৃষ্ণ সর্ব্বদা কৃপা করবার জন্য—আমাদিগকে আকর্ষণ করবার জন্য প্রস্তুত কিন্তু অন্ধকূপে পতিত আমরা তাঁ'র দেওয়া দড়িগাছা যদি স্বপ্রবৃত্তি হেতু না আঁকড়ে ধরি, তাঁ'র প্রতি পেছন ফিরে দি, তা'হ'লে পতিতই থাকলুম—ভগবৎসেবাবিমুখ হ'য়ে অন্ধকূপে পড়ে রইলুম। এ জগতে কৃষ্ণের প্রতিনিধি শ্রীগুরুদেব জীবকে এই অন্ধকূপ হ'তে উঠাতে আসেন। যাঁ'রা তাঁ'র কৃপা-রজ্জুগাছা হাত দিয়ে ধরেন, তাঁ'রাই মঙ্গললাভ করতে পারেন—পরা শান্তির ধামে যেতে পারেন।

গুরুর সেবোন্মুখ হইলেও সম্ভব। বদ্ধজীবের প্রতি কৃপা বিতরণের বৃত্তি শ্রীগুরুপাদপদ্মের। তাঁহার করুণাসাগরের একবিন্দু যদি কদাচিৎ কোন সৌভাগ্যবান্ জীব লাভ করিতে সমর্থ হয়, তাহা হইলে সেই ভাগ্যবান্ জীব শ্রীল স্বরূপ-দামোদর গোস্বামী প্রভুর শ্রীমুখারবিন্দনিঃসৃত শ্রীগৌরসুন্দরের নবপ্রকার দয়ার বিষয় জানিয়া কম্প স্বেদ ও কৃষ্ণপ্রেমানন্দে নৃত্য করিতে থাকেন। শ্রীগুরুদেব ভগবদ্ভক্ত। তবে তিনি অপ্রাকৃত আশ্রয়জাতীয় ভগবান্। তিনি ব্রজে অপ্রাকৃত কামদেব অদ্বিতীয় ভোক্তা মদনমোহনের নিত্য নবনবায়মান কামোৎসবের সহিত তাঁহার ইচ্ছাশক্তি সম্পূর্ণরূপে সংযুক্ত রাখিয়াছেন। যে অকিঞ্চন গুরুদাস-স্পৃহা ভুক্তাভিলাষ লাভ-পূজা-প্রতিষ্ঠাশা-কর্ম্ম জ্ঞান- যোগাদি-চেষ্টারহিত হইয়া, স্থূল দেহাদিতে অনাসক্ত হইয়া তাঁহার কোটিচন্দ্রসুশীতল শ্রীচরণকমলে নিত্যযুক্ত হইতে পারেন, তাঁহার মনোহভীষ্টের সহিত স্বীয় চিত্তবৃত্তি সম্পূর্ণভাবে সংযুক্ত করিতে পারেন, সেই অশেষ ভাগ্যবান্ সেবকবৃন্দও নিত্যকাল তাঁহার শ্রীচরণাশ্রয়ে, তাঁহার শ্রীচরণকমলরূপ সুশীতল ছায়ায় অবস্থান পূর্ব্বক স্ব-স্বরূপে অপ্রাকৃত গোকুল-মহোৎসব শ্রীনামপ্রভুর নিত্যসেবায় প্রতিষ্ঠিত হন। এই প্রপঞ্চে হিরণ্যকশিপুবৎ কৃষ্ণকার্ষ্ণ বিদ্বেষীর সংখ্যাই অধিক এবং সেই সকল পাষণ্ডগণ কর্ত্তৃক কোমলচিত্ত মানবগণের হৃদয় যে বিকৃতভাব প্রাপ্ত হইবে তাহাও সুনিশ্চিত। আমরা শাস্ত্রে দেখিতে পাই,—

> কলৌ ন রাজন্ জগতাং পরং গুরুং
> ত্রিলোকনাথানত-পাদপঙ্কজম্।
> প্রায়েণ মর্ত্ত্যা ভগবন্তমচ্যুতং
> যক্ষ্যন্তি পাষণ্ডবিভিন্নচেতসঃ॥
>
> (ভাঃ ১২।৩।৪৩)

এই কলিকালে মানবগণের চিত্ত পাষণ্ডগণদ্বারা দূষিত হইবে এবং ত্রিলোকপতি ব্রহ্মাদি দেবতা যে পরমপদের আরাধনা করেন, তাহারা সেই ভগবান্ অচ্যুতের সেবা করিবে না। কিন্তু মদীয় শ্রীগুরুদেব এবম্প্রকার দয়ালু ও পরদুঃখকাতর যে, সেই সকল ভোক্তৃ-অভিমানযুক্ত মাদৃশ নরাধমগণেরও সেবকাভিমান জাগাইবার জন্য সতত চেষ্টান্বিত ভগবদ্ভক্ত প্রহ্লাদের ন্যায় হইতেছেন। শত সহস্র সাংসারিক বিপদাপদ প্রভৃতি তাঁহার নিত্যপ্রভুর কৃপা-রূপে বরণপূর্ব্বক তৎপ্রতি উদাসীন থাকিয়া নিরন্তর সেবাসুখে প্রভুর সুখবিধান করা। মদীয় শ্রীগুরুপাদপদ্ম প্রতি জীবহৃদয়ের দ্বারে দ্বারে নানাপ্রকারে ঘোষণা করিতেছেন যে হে জীবগণ! তোমরা কেন অদ্বিতীয় ভোক্তা মদনমোহনের ভোগের উপকরণ তাঁহার অনুকরণে স্ব-স্ব ভোগে নিযুক্ত করিতেছ। এই প্রকার ভোগ বা প্রভুত্ব ভোগরূপ ত্যাগ তোমাদের বৃত্তি নহে। তোমাদের নিত্য সনাতন বৃত্তি স্মরণ কর। তোমাদের স্বরূপের ধর্ম্ম কেবলমাত্র ভগবৎ-সেবাকার্য্যে অবিক্ষেপে নিযুক্ত থাকা। তোমরা আর বিরূপের ধর্ম্মে আকৃষ্ট থাকিও না। কিন্তু হে হতভাগ্য জীবগণ! তোমাদের এই দুর্লভ অমূল্য সম্পদ অধুনা দেহ ও মনরূপী দুইজন শঠ ও কপট দস্যু কর্ত্তৃক হৃত বা গাঢ়রূপে আবৃত হইয়াছে। অধুনা সেই কপট দস্যুদ্বয়কেই তোমাদের হিতকারী বন্ধু-জ্ঞানে তোমাদের নিত্যস্বভাব বিস্মৃত হইয়াছ ও স্ব স্ব সনাতন জ্ঞান চিরতরে বিসর্জ্জন দিয়া জড়জ্ঞান হইয়াছ। তোমরা স্বেচ্ছায় তীক্ষ্ণ দস্যুহস্তে অমূল্য রত্নরাজি উৎসর্গ করিতে উদ্যত হইয়াছ। মাদৃশ নিত্যান্ধ জীবমাত্রেই কৃষ্ণ বা কার্ষ্ণ বিষয়ক জ্ঞানে সম্পূর্ণ অজ্ঞান। তাহারা স্বীয় নিত্যপ্রভুর প্রতি আকৃষ্ট বা প্রেমরূপ অমূল্য সম্পদ্‌বিষয়ক কোন কথা শ্রবণ করিলেও তাহাকে ভোগ বা মায়া-বুদ্ধিতে কল্পনামূলক ধারণাই করে। এই দুর্ব্বুদ্ধি মায়া ব্যতীত আর কিছুই নহে। কিন্তু আমাদের পতিতপাবন গুরুবর্গ এই প্রকারের দুর্ব্বুদ্ধি বা মায়ার হস্ত হইতে উদ্ধার লাভের পন্থা বহু পূর্ব্বেই নির্দ্ধারণ করিয়াছেন। তাঁহারা ত্রিকালদর্শী। আমরা শ্রীচৈতন্যচরিতামৃতে পাই,—

> "তাতে কৃষ্ণ ভজে, করে গুরুর সেবন।
> মায়াজাল ছুটে, পায় কৃষ্ণের চরণ॥"

মদীয় শ্রীগুরুদেব স্বয়ংরূপ কৃষ্ণের নিত্য-পার্ষদ বা স্বরূপশক্তি বা প্রকাশবিগ্রহ—তদ্ভিন্নবিগ্রহ। সপরিকর শ্রীগুরুপাদপদ্মে আমাদের রতিমতি হইলেই মঙ্গল নতুবা রক্ষা নাই। বর্ত্তমানকালে মাদৃশ পতিত পামরের হৃদয় কপটতায় পূর্ণ রহিয়াছে। পরমপাবন শ্রীগুরুপাদপদ্ম এবং ভক্তগণে আকৃষ্ট পূজনীয় বৈষ্ণববৃন্দ অহৃক্ষণ শ্রীভগবান্ হইতে অভিন্ন যে চেতনময়ী ভগবদ্বাণী কীর্ত্তন করিতেছেন, সেই বাণী যে পর্য্যন্ত না আমাদিগের হৃদয়কে স্পর্শ করিবে বা দাগ বসাইবে, সেপর্য্যন্ত অপ্রাকৃত বাণীর সম্পূর্ণ আনুগত্যবুদ্ধি বা পূর্ণভাবে প্রতি অক্ষরে অক্ষরে, প্রতি পদবিক্ষেপে অনুসরণ করিবার বৃত্তি আমাদিগের হৃদয়ে না জাগিবে সেই পর্য্যন্ত আমাদের গলদ আছে জানিতে হইবে। যে কাল পর্য্যন্ত আমাদিগের মলিন চিত্ত সম্যগ্‌ভাবে মার্জ্জিত হইয়া শ্রীগুরুনিত্যানন্দ-পাদপদ্মে অকপট আর্ত্তি, বিলাপ, বিজ্ঞপ্তি জ্ঞাপন করিতে না পারিবে, যে পর্য্যন্ত গোকুলমহোৎসব শ্রীনামপ্রভুর কৃপালাভার্থে অহৃক্ষণ ব্যাকুল ও অধীর হইয়া গৌরনিত্যানন্দের কৃপাবরণ ও আনুগত্য বাঞ্ছা না করিবে, সে পর্য্যন্ত হৃদয়ে অন্যাভিলাষ আছে জানিতে হইবে। করুণাময় শ্রীগুরুপাদপদ্ম যদি কৃপাপূর্ব্বক স্বচরণে স্থান দান না করেন এবং কৃপা না করেন, তবে কি প্রকারে আমরা নিষ্কপটে তাঁহার পূর্ণানন্দময় শ্রীচরণকমলে অনন্যভাবে শরণাগত হইব? আমাদিগের চঞ্চল চিত্ত যে জন্ম-জন্মান্তরের ভোগবাসনায় প্রস্তর ও লৌহসদৃশ কঠিন হইয়াছে, তথায় তীব্র বৈরাগ্য কি ভাবে আসিবে? ভোগবাসনার প্রজ্বলন্তী শিখা কি প্রকারে চিরতরে নির্ব্বাপিত হইবে? গৌরপার্ষদ শ্রীল লোচনদাস ঠাকুর গাহিয়াছেন,—

> দেখ ওরে ভাই ত্রিভুবনে নাই
> এমন দয়াল দাতা।
> পশু, পাখী ঝুরে পাষাণ বিদরে
> শুনি' যাঁর গুণগাথা॥

এই অভয় চেতনবাণী আমাদিগের নিরাশচিত্তে আশার ক্ষীণ-প্রভা প্রদর্শন করিতেছে—বহু যোজনব্যাপী উত্তপ্ত মরুভূমি মধ্যে তৃণগুল্মলতাযুক্ত মরুদ্যানের সন্ধান প্রদর্শন করিতেছে। এই মহাজন-বাণী আমাদিগকে কৃপাপূর্ব্বক নির্দ্দেশ করিতেছেন যে, অসীম করুণার সাগর গৌর-নিত্যানন্দের আশ্রয়গণের গুণগাথা শ্রবণানুকীর্ত্তন বা সুকীর্ত্তন ব্যতীত, তদানুসারিজনানুগমন ব্যতীত উদ্ধার লাভের আর দ্বিতীয় পন্থা নাই। হে পতিতপাবন মদীশ্বর শ্রীগুরুদেব! আপনি নিজগুণে কৃপা করিয়া এ পতিতপামরের প্রতি আপনার অসীম করুণার একবিন্দু বিতরণ করুন, যাহাতে সে কোনকালে, যে কোন স্থানে আপনার ইচ্ছাবশতঃ অবস্থান করিয়াও আপনার শ্রীচরণকমলের সহিত নিত্যযুক্ত থাকিতে পারে এবং আপনার শ্রীমুখানঃসৃত চেতনবাণীই আপনার প্রকৃত স্বরূপ, একথা উপলব্ধি করতঃ আপনার সম্পূর্ণ আনুগত্যে সেই বাণী অনুশ্রবণ, অনুকীর্ত্তন ও অনুস্মরণ করিতে পারে। আপনার কোটিচন্দ্রসুশীতল অশোক-অভয় অমৃতের আধার-স্বরূপ শ্রীপাদপদ্মের ধারণা যেন নিত্যকাল পূর্ণভাবে হৃদয়াকাশে বিরাজিত থাকিয়া আমার চিত্তকে শুদ্ধ করে। "দাস্যায় তে মম রসোঽস্তু রসোঽস্তু সত্যম্" এই বাণীই যেন আমার একমাত্র সম্বল ও পাথেয়স্বরূপ হয়।

সারকথা

——::•::——

বৈষ্ণব-মাহাত্ম্য

> ভক্তগণ হৈতে হবে জগৎ উদ্ধার।
> করাইবা তোমরা কৃষ্ণের অবতার॥
> আপনভক্তের গুণ শুনিয়া ঠাকুর।
> পাষণ্ডের প্রতি ক্রোধ বাড়িল প্রচুর॥
> সংকীর্ত্তন আরম্ভে মোহার অবতার।
> ভক্তজন পালি দুষ্ট করিমু সংহার॥
> সেবকের দ্রোহ মুঞি সহিতে না পারোঁ।
> পুত্র যদি হয় মোর তথাপি সংহারোঁ॥
> পুত্র কাটোঁ আপনার সেবক লাগিয়া।
> মিথ্যা নহে, কহি শুন মন দিয়া॥
> সেবকের হিংসা মুঞি না পারোঁ সহিতে।
> কাটিমু আপন পুত্র সেবক রাখিতে॥
> যে তে কুলে বৈষ্ণবের জন্ম কেনে নহে।
> তথাপিহ সর্ব্বোত্তম সর্ব্বশাস্ত্রে কহে॥
> এই তার প্রমাণ যবন হরিদাস।
> ব্রহ্মাদির দুর্লভ দেখিল পরকাশ॥
> যে পাপিষ্ঠ বৈষ্ণবের জাতিবুদ্ধি করে।
> জন্ম জন্ম অধম-যোনিতে ডুবি মরে॥
> এ বচন মোর নহে সর্ব্বশাস্ত্রে কয়।
> ভক্তাখ্যান শুনিলেই কৃষ্ণে ভক্তি হয়॥
> যে সভায় বৈষ্ণবের নিন্দা মাত্র হয়।
> সর্ব্বধর্ম্ম থাকিলেও তার হয় ক্ষয়॥
> সন্ন্যাসিসভায় যদি হয় নিন্দাকর্ম্ম।
> মদ্যপের সভা হৈতে সে সভা অধর্ম্ম॥
> মদ্যপেরে উদ্ধারিলা চৈতন্যগোসাঞি।
> বৈষ্ণবনিন্দকে কুম্ভীপাকে দিলা ঠাঞি॥
> নিন্দায় না বাড়ে ধর্ম্ম সবে পাপ লাভ।
> এতেকে না করে নিন্দা সব মহাভাগ॥
> নিত্যানন্দ-গৌরচাঁদ যারে কৃপা করে।
> সেই সে বৈষ্ণববাক্য বুঝিবারে পারে॥
> সবারে করিল গৌরচন্দ্র সে উদ্ধার।
> ব্যতিরিক্ত বৈষ্ণবনিন্দক দুরাচার॥
> শূলপাণি সম যদি ভক্তনিন্দা করে।
> ভাগবত-প্রমাণ তথাপিহ শীঘ্র মরে॥
> হেন বৈষ্ণব নিন্দে যদি সর্ব্বজ্ঞ হই।
> সে জনের অধঃপাত সর্ব্বশাস্ত্রে কহি॥
> সর্ব্ব মহা প্রায়শ্চিত্ত যে কৃষ্ণের নাম।
> বৈষ্ণবাপরাধে সেহ না মিলয়ে প্রাণ॥
> কান্দিয়া গৌরাঙ্গচন্দ্র কহেন সবায়।
> সেইক্ষণে হবে সর্ব্ব বৈষ্ণবের পায়॥

শুদ্ধভক্তি-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠাশ্রম

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীব্রজপত্তন-অন্তরে শ্রীচৈতন্যমঠ, সর্ব্বপ্রধান পীঠ, শ্রীশ্রীগান্ধর্ব্বিকা গিরিধারী, গৌরাঙ্গ আচার্য্য চতুষ্টয় বিরাজমান আছেন। সুপ্রাচীন এবং [illegible] নদীয়া প্রকাশ যন্ত্রালয় আছে।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৫
কলিকাতায় শ্রীভক্তিবিনোদ-আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমদ্ভাগবত পাঠ, সংকীর্ত্তন, প্রধানতঃ শ্রীমদ্ভাগবতাদি গ্রন্থের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও হারমণিষ্ট পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়।

(৩) যোগমায়াপুর-পীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব ভূমি মহাযোগপীঠ।

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং [illegible] বর্ত্তমান।

(৬) মুরারিগুপ্তের পাট

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৭) কাজি-সমাধি-পাট

প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি।

(৮) অনুকূলকৃষ্ণানুশীলনাগার

শ্রীধাম মায়াপুর

(৯) স্বানন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ জাননগর (বর্দ্ধমান)

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মামগাছি, পোঃ জাননগর, (বর্দ্ধমান)
শ্রীব্যাসাবতার ঠাকুর বৃন্দাবনের স্থান

(১৩) রুদ্রদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(১৪) [illegible]দেব-গৌড়ীয়মঠাশ্রম

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ

গোড়পুর, নদীয়া

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ

বাঁটিতলা —(শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৭) কুঞ্জকুটীর

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

(২০) মহেশ-পণ্ডিতের পাট

কাঁঠালপুলি, পোঃ চাকদা (নদীয়া)

(২১) রাণাঘাট-গৌড়ীয়মঠাশ্রম

(২২) পুড়া গৌড়ীয়মঠ

চব্বিশ পরগণা

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ

নারিন্দা পোঃ ওয়ারি, ঢাকা।
পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র।

(২৪) গোপালজীমঠ

কমলাপুর, পোঃ ঢাকা

(২৫) বালিয়াটী-গৌরাঙ্গ মঠ

পোঃ বালিয়াটি, (ঢাকা)

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

বড়বাজার, পোঃ ময়মনসিংহ

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চক্‌চকা, কামরূপ (আসাম)

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

ওক্ পার্ক বিল্ডিং, দার্জ্জিলিং

(৩০) সারস্বত-গৌড়ীয়মঠ

পোঃ হরিদ্বার, জিঃ সাহারাণপুর, ইউ, পি

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

মিঠাপুর পাটনা।

(৩২) গয়া গৌড়ীয়মঠ

[illegible] রোড, গয়া

(৩৩) সনাতন-গৌড়ীয় মঠ

৮।১১ বড় [illegible], বেনারস সিটি

(৩৪) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

(৩৫) নৈমিষারণ্য মঠ,

পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠাশ্রম

বিশ্রামঘাট, পোঃ মথুরা

(৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ

কিশোরপুর, বৃন্দাবন

(৩৯) ব্রজস্বানন্দ-সুখদকুঞ্জ

পোঃ রাধাকুণ্ড, মথুরা

(৪০) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪১) রাধাকৃষ্ণ গোবর্দ্ধনী

(৪২) শ্রীগোবর্দ্ধনমঠাশ্রম

গোবর্দ্ধন, মথুরা

(৪৩) সঙ্কেত বিহারী মঠ

বর্ষাণা, মথুরা।

(৪৪) নন্দগ্রাম গৌড়ীয়মঠাশ্রম

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৫) বর্ষাণা গৌড়ীয়মঠাশ্রম

পোঃ বর্ষাণা, মথুরা

(৪৬) গৌরবিহারী মঠ—পেশোয়ারী,

পোঃ [illegible], জেলা [illegible] (পাঞ্জাব)

(৪৭) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

(৪৮) দিল্লী গৌড়ীয় মঠ

৪৫নং [illegible] রোড, নিউ দিল্লী;

(৪৯) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, [illegible] বিল্ডিং বোম্বে ৭

(৫০) মাদ্রাজ-গৌড়ীয়মঠ

পোঃ রায়পেট্টা, মাদ্রাজ
শ্রীশ্রীগুরুগৌরাঙ্গ-গান্ধর্ব্বিকা-গিরিধারীর সেবা

(৫১) কভূর গৌড়ীয়মঠ

পোঃ কভূর, পশ্চিম গোদাবরী (মাদ্রাজ)
শ্রীশ্রীগুরুগৌরাঙ্গ-গান্ধর্ব্বিকা-গিরিধারীর সেবা

(৫২) ব্রহ্মগৌড়ীয়মঠ

আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)

(৫৩) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত পোঃ পুরী, উড়িষ্যা

(৫৪) ভক্তিকুটী—স্বর্গদ্বার পুরী

(৫৫) সীতাকুটী

(৫৬) [illegible]-গৌড়ীয়মঠ

পোঃ [illegible]শ্বর, পুরী

(৫৭) সচ্চিদানন্দ মঠ

[illegible], পোঃ কটক (উড়িষ্যা)

(৫৮) বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ

(৫৯) শ্রীব্রহ্মমাধ্বগৌড়ীয়-প্রপন্ন-আশ্রম

পোঃ [illegible], গঞ্জাম

(৬০) ভাগবতজনানন্দ মঠ

চিকনিয়া, পোঃ নারায়ণগড়, মেদিনীপুর

(৬১) আমর্দা গৌড়ীয়মঠ

পোঃ আমর্দা, মেদিনীপুর

(৬২) আমলাযোড়া প্রপন্নাশ্রম মঠ

পোঃ রাজবাঁধ (বর্দ্ধমান)

(৬৩) চৈতন্যগৌড়ীয়মঠ

[illegible], পোঃ [illegible], (মানভূম)

(৬৪) রেঙ্গুন গৌড়ীয়মঠ

৩০১ নং [illegible] ষ্ট্রীট, রেঙ্গুন।

(৬৫) লণ্ডন-গৌড়ীয়মঠ

ফ্ল্যাট নং ২
৫১, [illegible] রোড
[illegible], লণ্ডন, [illegible]

(৬৬) গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

১৬।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা

(৬৭) গৌড়ীয়মঠ অফিস

[illegible] রোড, [illegible] (ইউ-পি)

(৬৮) শ্রীবিদ্যানিধি গৌড়ীয়মঠাশ্রম

[illegible], চট্টগ্রাম

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীমহানন্দ ব্রহ্মচারী ভক্ত্যালোক, ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও দ্বিতীয় দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও দ্বিতীয় দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	।০	৵০	।৶০	
" " ইঞ্চি	২৲		১।০	
সিকিকলম	৫৲	৪৲		৩৲
অর্দ্ধকলম		৭৲	৬৲	৫৲
এক কলম	১২৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চি	৬৲	৪।০
" সিকি কলম	১৫৲	১২৲
" অর্দ্ধকলম	২৪৲	১৮৲
" এক কলম	৩৬৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৸০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা /৫ ; বিশেষ সংখ্যার ভিন্ন মূল্য।

শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী

শ্রীল প্রভুপাদের চতুরশীতিবর্ষপূর্ত্ত্যাবির্ভাব-তিথিতে শ্রীল আচার্য্যদেবের অভীষ্টানুসারে "শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী" প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। ইহাতে পূর্ব্বার্দ্ধ ও উত্তরার্দ্ধ দুইটি বিভাগ আছে। পূর্ব্বার্দ্ধে শ্রীল প্রভুপাদের আদি প্রবন্ধাবলী শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের সম্পাদিত 'সজ্জনতোষণী,' শ্রীল প্রভুপাদের 'নিবেদন' সাপ্তাহিক পত্র প্রভৃতি হইতে যথাসাধ্য ও প্রয়োজনীয় অর্থের টীকা-সহ প্রকাশিত হইয়াছে। উত্তরার্দ্ধে শ্রীল প্রভুপাদের সম্পাদিত 'সজ্জনতোষণী'র কতিপয় প্রবন্ধ যথাসাধ্য [illegible] সহিত মুদ্রিত হইয়াছে। প্রবন্ধগুলি রচনাকালের ক্রমানুসারে গ্রথিত হইয়াছে; এতদ্ব্যতীত শ্রীল আচার্য্যদেবের একটি মূল্যবান্ উপোদ্ঘাত ও সম্পাদকীয় একটি বিস্তৃত ভূমিকা, শব্দ সূচী, স্থান-পাত্র-শ্লোক ও পয়ার-সূচী প্রভৃতি গ্রন্থে সংযোজিত হইয়াছে। গ্রন্থটি উৎকৃষ্ট কাগজে পারিপাট্যের সহিত মুদ্রিত ও শ্রীল প্রভুপাদের আলেখ্যাদিদ্বারা ভূষিত ও সুন্দর বাঁধাই হইয়া প্রকাশিত হইয়াছে। প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, জিলা নদীয়া; শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ও শ্রীমাধ্বগৌড়ীয়মঠ, [illegible], পোঃ ওয়ারী, ঢাকা।

শ্রীল প্রভুপাদের পত্রপ্রসূন মালা

এই গ্রন্থে ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তি- সিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের রচিত পত্রাবলী শ্রীল আচার্য্যদেবের বিরচিত "সৌরভ" নামক ভাষ্যের সহিত প্রকাশিত হইয়াছে। শ্রীল প্রভুপাদের অনেক অপ্রকাশিত পত্র ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ৷৷০ আট আনা।

শ্রীধাম-মায়াপুরে

—"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট"—

উচ্চ ইংরাজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে। বিদ্যালয় ও বোর্ডিং এর চতুর্দ্দিক খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা। [illegible] খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে মাত্র ৬৲ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উচ্চ ফল প্রদর্শন করিয়াছে। বর্ত্তমান বর্ষে ১৬ জন বালকের মধ্যে ১৫ জন ভালভাবে উত্তীর্ণ হইয়াছে।

মেধাবী ছাত্রগণের আরও সুবিধা

পরীক্ষায় যাহারা শতকরা ৭৫ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ সচ্চরিত্র বিনয়ী ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট,
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক-সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অভিনবভাবে আলোচিত হইয়াছে। ইহা এক অপূর্ব্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

শ্রীচৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত্র অতিসুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ [illegible] দৈর্ঘ্য [illegible] ভিক্ষা মাত্র ৪৲ টাকা। প্রাপ্তিস্থান [illegible], শ্রীগোপপাড়, [illegible], পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীসারস্বত-সংলাপ

প্রথম খণ্ড

শ্রীশ্রীবৃন্দাবন গৌড়ীয়সম্প্রদায়ৈকসংরক্ষক জগদ্গুরু পরমহংসকুলচূড়ামণি নিত্যলীলা-প্রবিষ্ট ১০৮শ্রী শ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামি-প্রভুপাদ বিভিন্ন জিজ্ঞাসু ও শুশ্রূষু সজ্জনবৃন্দের পরিপ্রশ্নে ও সন্দেহ-নিরাকরণকল্পে যে-সকল হরিকথামৃত কীর্ত্তন করিয়াছেন, যাহা তাঁহার প্রকটকালের 'গৌড়ীয়' সম্পাদক শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ প্রভুপাদেরই শ্রীমুখে সংশোধিত করিয়া [illegible], তাহা "শ্রীশ্রীসারস্বত-সংলাপ" [illegible] শ্রীল প্রভুপাদের 'প্রবন্ধাবলী' ও 'পত্রাবলী' আকারে খণ্ডে খণ্ডে [illegible]। বর্ত্তমানে শ্রীল প্রভুপাদের শতবার্ষিক [illegible] প্রকাশিত হইয়াছে। [illegible] সমাধান ইহাতে পাওয়া যাইবে। ভক্তগণের পাঠকগণের এই গ্রন্থ সংগ্রহ একান্ত প্রয়োজন।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপদেশক পণ্ডিত আচার্য নিশিকান্ত সান্যাল এম্-এ, ভক্তিশাস্ত্রী সম্প্রদায়-বৈভবাচার্য প্রভৃতি মহোদয়ের গবেষণাপূর্ণ এবং পরিশ্রমলব্ধ অমূল্য দান আস্বাদন করিয়া ভক্তগণের প্রাণ এবং তত্ত্ব ও ভগবানের জীবনচরিত-পাঠে মুগ্ধ হউন। এই বিরাট, অতুলনীয় ও অভিনব গ্রন্থ সচিত্র ও নির্ভুল চিত্র সংবলিত। পাশ্চাত্য ও প্রাচ্য দার্শনিকের ও ভারতীয় ধর্মের সহিত তুলনা-মূলক শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক আলোচনা। প্রথম খণ্ড ৬৬৮ পৃষ্ঠায় সম্পূর্ণ হইল, দাম পুরা পাঁচ টাকা। শ্রীবিশ্ববৈষ্ণব-রাজসভার সভাপতি শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের প্রদীপ্ত মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকারের ভূমিকা (Preface), বিষয়সূচী (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সুবিস্তৃত শব্দসূচী (Index Glossary) সহ গ্রন্থখানি প্রকাশিত। মূল্য ৫, পাঁচ টাকা। প্রাপ্তিস্থান—শ্রীগৌড়ীয় মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা- নদীয়া।

ঠাকুর ভক্তিবিনোদ

———:(•):———

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ ভক্তি প্রচারের মূল মহাজন সঞ্জীবক শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবচূড়ামণির অতিমর্ত্য জীবনচরিত এতাবৎকাল পর্যন্ত গ্রন্থাকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয়মঠাচার্যবরের অনুজ্ঞায় সর্ববিদ্যাসমিতির সু-লেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু প্রধান শিক্ষাবাক্যও সন্নিবিষ্ট হইয়াছে। সর্বসমেত ১২০ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৫০ আনা; ডাক মাশুল স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান—ম্যানেজার গ্রন্থবিভাগ
শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

———:(•):———

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজী পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু গ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১৩।৭নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্

উহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

[illegible]

[illegible]

ম্যালেরিয়া প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মনুষ্য, পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই উহার কাটতি দিন দিন বাড়িয়া যাইতেছে। ম্যালেরিয়া গ্রস্থ জ্বর এবং নূতন ও পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। মূল্য ছোট বোতল ৸০ দশ আনা, বড় বোতল ১৷০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা
অথবা
পোঃ বেহালা, ২৪ পরগণা

ই. বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	৪-৩৬	৬ ২৬	৭-১৬	১২-২৬	১৪-৫৬	১৬-৫৬	১৭ ৫৬	২২-২৬
রাণাঘাট পৌঃ			৮-২৮	১৪-১৫				
(বদল) ছাঃ			৯-৩৩	১৫-৫০				
কৃষ্ণনগর পৌঃ	৭-১	৮-৪৫	১০-৮	১৫-২৩	১৭-২৮	১৯ ০৮	২০-১৬	১-১৪
(বদল) ছাঃ	৭-১২		১০-৩১		১৭-৩৮		২০-২৬	
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫১		১১-১০		১৮-১৬		২১-৪	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
রাণাঘাট পৌঃ	১২-৫৫
ছাঃ	১৩-০
শান্তিপুর পৌঃ	১৩-২৬
(বদল) ছাঃ	১৩-৩১ (লাইট রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪-১২
ছাঃ	১৪-৩০
নবদ্বীপঘাট পৌঃ	১৫-১০

ডাউন

নবদ্বীপঘাট ছাঃ	৫ ৪৫		৯-১৭		১৩-৫১	১৬-৫	১৮-৫১	
কৃষ্ণনগর পৌঃ	৬ ২৩	৯ ১৬	৯-৪৮	১১-৪১	১৪-১০	১৬-৩৮	১৯-১১	২১-১০
ছাঃ	৬-৩৬	৭-১৮	১০-১১			১৬-৫৬	১৯-২৫	
রাণাঘাট পৌঃ			১০-৪৬			১৭-৩০		
(বদল) ছাঃ			১১-১			১৭-৪০		
কলিকাতা পৌঃ	৬-১৬	৯-২১	১১-৫১	১২-১৬	১৪-১৬	১৯-১১	২১-৪১	২৩-৩৭

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৩-৩১	১৭-০		
কৃষ্ণনগর পৌঃ	১৪-১০	১৬-৩৮		
ছাঃ	১৪-২৮	১৭-৩৯		
শান্তিপুর পৌঃ	১৬-৯	১৮-১৪		
(বদল) ছাঃ	১৬-৩৩	১৮-২৫	(রবিবার ভিন্ন)	২০-৪০ (রবিবার)
রাণাঘাট পৌঃ	১৭-১০	১৮-৫০		২১-১৫
(বদল) ছাঃ	১৭-৪৩	১৯-১৪		২১-৫০
কলিকাতা পৌঃ	১৯-১১	২০-৪০		২৩-৩৭

পোঃ—শ্রীমায়াপুর
টেলিগ্রাম—শ্রীমঠ
শ্রীমায়াপুর

REGD NO C 1544

দৈনিক নদীয়াপ্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়াজেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৪শ খণ্ড] শ্রীমায়াপুর— ১০ই জ্যৈষ্ঠ, ১৩৪৬, ২৪শে মে, ১৯৩৯, বুধবার [৭২শ সংখ্যা

বিবিধ সংবাদ

আসামের প্রতিনিধি লইতে দাবী

আসাম প্রাদেশিক রাষ্ট্রীয় সমিতির সম্পাদক শ্রীযুক্ত সিদ্ধিনাথ শর্ম্মা কংগ্রেস ওয়ার্কিং কমিটিতে আসামের একজন প্রতিনিধিকে গ্রহণের পক্ষে নানারূপ প্রবল যুক্তি দেখাইয়া কংগ্রেস সভাপতি ডাঃ রাজেন্দ্রপ্রসাদ ও গান্ধীজীর নিকট দুইখানি পত্র লিখিয়াছেন। আসামের একজন প্রতিনিধিকে কংগ্রেস ওয়ার্কিং কমিটিতে লইবার জন্য নিঃ ভাঃ রাঃ সমিতিকে অনুরোধ জ্ঞাপন করিয়া, আসাম প্রাদেশিক রাষ্ট্রীয় সমিতির গত অধিবেশনে যে প্রস্তাবটি গৃহীত হইয়াছে তাহার একপ্রস্থ নকল তিনি ঐ পত্রের সহিত প্রেরণ করিয়াছেন।

এই সম্পর্কে কলিকাতায় নিঃ ভাঃ রাঃ সমিতির গত অধিবেশনের সময় কংগ্রেস সভাপতি ডাঃ রাজেন্দ্রপ্রসাদের সহিত আসামের কতিপয় বিশিষ্ট কংগ্রেসকর্মী সাক্ষাৎ করিয়াছিলেন।

ভারতীয় রাষ্ট্র বিজ্ঞান সম্মেলন

কাশী হিন্দুবিশ্ববিদ্যালয়ের ভারতীয় রাষ্ট্র বিজ্ঞান সমিতির জেনারেল সেক্রেটারী ও [illegible] অধ্যাপক গুরমুখ নিহাল সিংহ জানাইয়াছেন যে, ১৯৪০ সালের ২রা, ৩রা ও ৪ঠা জানুয়ারী ভারতীয় রাষ্ট্র বিজ্ঞান সম্মেলনের দ্বিতীয় অধিবেশন লাহোরে হইবে। কেন্দ্রীয় পরিষদের সদস্য ও কলিকাতা বিশ্ববিদ্যালয়ের অর্থশাস্ত্রের ভূতপূর্ব অধ্যাপক ডাঃ পি এন ব্যানার্জ্জি উক্ত সম্মেলনের সভাপতিত্ব করিবেন। সম্মেলনে নিম্নোক্ত বিষয়গুলি সম্বন্ধে আলোচনা করা হইবে।

(১) রাজনীতির সাম্প্রতিক ধারা।

(২) ভারতে কেন্দ্রীয় ও প্রাদেশিক গবর্ণমেন্টের কার্য্যক্রম।

(৩) আন্তর্জাতিক সম্বন্ধ ও কার্য্য।

১৯৩৯ সালের ৩১শে অক্টোবরের পূর্ব্বে এই সম্পর্কে প্রবন্ধ পাঠাইতে হইবে। প্রবন্ধ ১৫ পৃষ্ঠার বেশী হইতে পারিবে না।

হুগলী কিষাণ-কর্ম্মিগণের উপর আইনজারী

হুগলীর জেলা ম্যাজিষ্ট্রেট ফৌজদারী কার্য্যবিধির ১৪৪ ধারা অনুসারে জিলা কিষাণ সভার সভাপতি শ্রীযুক্ত সুধাংশুনাথ চট্টোপাধ্যায়, চন্দননগর কংগ্রেস সমাজতন্ত্রী দলের শ্রীযুক্ত কালী ঘোষ, জিলা-কিষাণ সভার শ্রীযুক্ত মনোরঞ্জন হাজরা, শ্রীযুক্ত আনন্দ পাল, শ্রীযুক্ত বিষ্ণু মুখোপাধ্যায় ও শ্রীযুক্ত সন্তোষ নন্দীর উপরে যে নিষেধাজ্ঞা জারী করিয়াছিলেন তাহা সংশোধন করিয়া এক নূতন আদেশজারী করিয়াছেন।

যে সমস্ত সভায় জমিদার, মহাজন ও গবর্ণমেন্টের অথবা কোনও শ্রেণী বিশেষের বিরুদ্ধে বক্তৃতা করা হইবে, সংশোধিত আদেশ দ্বারা উঁহাদিগকে সেই জাতীয় সভার আয়োজন করিতে অথবা সেই সমস্ত সভায় বক্তৃতা করিতে নিষেধ করা হইয়াছে। উঁহারা কোন কোন সভায় জমিদারী ও মহাজনী প্রথা উচ্ছেদের জন্য অথবা খাজনা ও চাঁদা বন্ধের জন্য বক্তৃতা করিতে পারিবেন না।

প্রথম আদেশ দুই মাসের জন্য জারী করা হইয়াছিল। সংশোধিত আদেশ এই দুই মাসের বাকী সময়ের জন্য বলবৎ থাকিবে।

সংশোধিত আদেশজারীর ফলে উঁহারা ধর্ম্মীয় ও অরাজনৈতিক সভায় যোগ দিতে পারিবেন।

রেলওয়ে ফেডারেশন

রেলওয়ে ষ্ট্যাণ্ডিং ফাইন্যান্স কমিটির সভা উপলক্ষে আগামী জুন মাসে রেলওয়ে বোর্ডের সদস্যগণ যখন বোম্বাই যাইবেন, রেলওয়ে ফেডারেশনের প্রতিনিধিগণ তখন তাঁহাদের সহিত সাক্ষাৎ করিবেন বলিয়া জানা গেল।

রেলওয়ে ফেডারেশন ও রেলওয়ে বোর্ডের সাথে গত বৈঠক কোন সিদ্ধান্ত গ্রহণ না করিয়াই শেষ হইল। দুই দিনব্যাপী বৈঠক হওয়ার কথা ছিল; কিন্তু আজ প্রাতেই উহা শেষ হইয়াছে। রেলওয়ে ফেডারেশনের প্রেসিডেন্ট শ্রীযুত যমুনাদাস মেহতা সিমলায় পৌঁছেন নাই। বৈঠক স্থগিতের ইহাও একটি কারণ। রেলের অধস্তন চাকুরীয়াদের প্রোমোশন ফান্ড ও পাস পাওয়ার নিয়মকানুন এবং নূতন কর্ম্মচারীদের সংশোধিত বেতনের হার প্রভৃতি আলোচনাধীন বিষয়গুলি সম্পর্কে জুন মাসের বৈঠকে ফেডারেশনের প্রতিনিধিগণ নির্দ্দিষ্ট জবাব পাইতে চাহেন—এই কথা তাঁহারা উক্ত বৈঠকে স্পষ্টভাবে জানাইয়া দিয়াছেন। তাঁহারা ইহাও জানাইয়া দিয়াছেন যে, জুন মাসের বৈঠকে কোন সন্তোষজনক জবাব না পাওয়া গেলে দাবী জানাইতে বাধ্য হইবেন এবং ফেডারেশনের সভার অনুসারে তাঁহারা সরকারকে সালিশ বোর্ড নিয়োগ করিবার জন্য আবেদন করিবেন।

মন্ত্রিদলের সদস্যের নির্বাচন নাকচ

জানা গিয়াছে যে, অমৃতসর মুসলমান নির্বাচন কেন্দ্রে একজন ভোটার শেখ মহম্মদ সাদিকের নির্বাচন নাকচের জন্য যে আবেদন করিয়াছিল, তদনুসারে নির্বাচন ট্রাইবুনাল নির্বাচনে দুর্নীতি অনুসরণ করা হইয়াছে বলিয়া নির্বাচন নাকচ করিবার জন্য এবং কিছুদিনের জন্য তাঁহাকে নির্বাচনে দাঁড়াইতে না দেওয়ার জন্য গবর্ণরের নিকট সুপারিশ করিয়াছেন। মহম্মদ সাদিক একটি উপনির্বাচনে মন্ত্রীদলের পক্ষ হইতে দাঁড়াইয়া ডাঃ কিচলু (কংগ্রেস) এবং চৌধুরী আফজল হককে (অহরার) পরাজিত করিয়া নির্বাচিত হন।

ভারতীয়দের পুষ্টির অভাব

"অপুষ্টি প্রতিকার সমিতি" ভারতে পুষ্টিকর খাদ্য সমস্যা সম্বন্ধে আলোচনার জন্য এক জনসভা আহ্বান করেন। সভায় ভারতীয় সরকারী চিকিৎসা বিভাগের 'কর্ত্তা' স্যার জন মেগ, পুষ্টিকর খাদ্য সমস্যা সমাধানের জন্য গঠিত ভারতের সমিতির সদস্য ডাঃ কাসেল উইলসন, ডাঃ মার্গারেট বালফোর, স্যার [illegible], অধ্যাপক নগেন্দ্র গঙ্গোপাধ্যায় বক্তৃতা করেন।

বহু ভারতীয় ও ইংরাজ সভায় উপস্থিত ছিলেন।

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী মহারাজ সম্পাদিত ইংরেজী পাক্ষিক। প্রতি একাদশীতে প্রকাশিত হয়। কলিকাতা বাগবাজারস্থ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। সডাক ভিক্ষা ৪।০ টাকা মাত্র।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩, ষাণ্মাসিক ১।০ টাকা মাত্র।

৩। ভাগবত—হিন্দীভাষায় একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১ টাকা।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ টাকা মাত্র

৫। শ্রীগৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ মাত্র।

পরমগুরু শ্রীগৌরকিশোর

গৌড়ীয়-সম্পাদক-লিখিত, শ্রীগৌড়ীয়মঠাচার্য্যের ভূমিকা-সম্বলিত, বর্ণচিত্র-শোভিত ও বিষয় সূচী সমন্বিত "পরমগুরু শ্রীগৌরকিশোর" গ্রন্থরাজ প্রকাশিত হইয়াছেন। এই গ্রন্থরাজে শুদ্ধগৌড়ীয়বৈষ্ণবগণের পরমারাধ্য, গৌড়ীয়গৌরবাগ্রগণ্য অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ নিত্যলীলাপ্রবিষ্ট পরমহংস ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল গৌরকিশোরদাস গোস্বামী প্রভুবরের অলৌকিক চরিতকথা বর্ণিত আছে।

শ্রীশ্রীভক্তিবিনোদাবির্ভাব-শতবর্ষপূর্ত্তিতিথিপূজার উপায়ন-গ্রন্থমালা

——::(০)::——

১। গীতিসাহিত্যে শ্রীভক্তিবিনোদ

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র গীতিসাহিত্যের সমালোচনা-গ্রন্থ)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

২। শ্রীভক্তিবিনোদবাণীবৈভব

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের রচনামৃতসাগর হইতে আহৃত ১০৮টি অধ্যায়ে সম্বন্ধ-অভিধেয়-প্রয়োজনাকারে গ্রথিত অমূল্য উপদেশপূর্ণ গ্রন্থ)

ভিক্ষা—৩ তিন টাকা মাত্র।

৩। শ্রীশ্রীভক্তিবিনোদ-প্রসঙ্গ

ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ ও ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামিপ্রভু-বিরচিত এবং গৌড়ীয়ে প্রকাশিত শ্রীশ্রীভক্তিবিনোদ-চরিত-প্রসঙ্গ

ভিক্ষা—।৶০ ছয় আনা মাত্র।

৪। ছাত্রদের ভক্তিবিনোদ

(ছাত্রদের উপযোগী ভাষায় লিখিত শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্র ও শিক্ষা)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

ছাত্রদের পক্ষে ভিক্ষা—।০ আট আনা মাত্র)

প্রাপ্তিস্থান:—

(১) 'ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট', পোঃ শ্রীমায়াপুর, নদীয়া;

২) শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা;

৩ শ্রীযুক্ত প্রণতিরঞ্জন দাস এম্-এ, বি-এল্, পুরাণপল্টন পোঃ রমনা, ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবত,—সমগ্র ৭০
প্রথম হইতে দশম স্কন্ধ পর্যন্ত — ৩৮
দশম স্কন্ধ— ৯
২। ভাষ্যসহ বিরাট শ্রীচৈতন্যভাগবত (অর্দ্ধবাঁধা) ৯
৩। অমৃতপ্রবাহভাষ্য শ্রীচৈতন্যচরিতামৃত ৬
৪। সরস্বতী জয়শ্রী (অর্দ্ধবাঁধা) ৪
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০; ২য় খণ্ড ১; ৩য় খণ্ড—৸০
৪র্থ খণ্ড ৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১
৮। সৎক্রিয়াসার দীপিকা ও সংস্কার দীপিকা ১।০
৯। বৈষ্ণবমঞ্জুষা ১
১০। গৌড়ীয়-কণ্ঠহার ১
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ।০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ তত্ত্ব ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ।০
১৭। চৈতন্যোপনিষৎ ।০
১৮। দ্বাদশ-আলবর ।০
১৯। তত্ত্ববিবেক ।০
২০। গৌড়ীয়-গৌরব ।৶০
২১। গৌড়ীয়গীতিকা ।৶০
২২ ভজনরহস্য ।০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃত ও শ্রীনবদ্বীপশতক (বাঁধা) ১
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা সহ) ১
২৫। গীতা (চক্রবর্ত্তি টীকাসহ) (অর্দ্ধবাঁধা) ১
২৬। গীতার কেবল বাংলা ভাষা ।০
২৭। [illegible] (সানুবাদ) ১
২৮। বেদান্ততত্ত্বসার (সানুবাদ) ।০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৸০
৩০। দীপ-নির্-দর্শন ৶০
৩১। সাধনপথ (তৃতীয় সংস্করণ) ।৶০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ।০
৩৩। নবদ্বীপধাম গ্রন্থমালা ৷০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶০
৩৫। গীতমালা ৵১০
৩৬। নবদ্বীপধাম-মাহাত্ম্য ৶০
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৶০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমা ।০
৪০। শরণাগতি ৵০
৪১। গীতাবলী ৵০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
৪৩। সাধনতত্ত্ব ৵০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ৵
৪৫। নবদ্বীপশতক
৪৬। অর্চ্চনপদ্ধতি
৪৭। সদাচারস্মৃতি
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৵১
৪৯। আত্মনিবেদন
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম ও ২য়)
৫১। ব্রহ্মসংহিতা
৫২। মণিমঞ্জরী (সানুবাদ)
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ
৫৪। পুরুষার্থ-বিনির্ণয়
৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ।
৫৬ আরত্রিক ও ভক্তিপথ ৶
৫৭। ঈশোপনিষদ (আগমনিভাষ্য) ।
৫৮। শ্রীগুরুদেবের ৶
৫৯। সিদ্ধান্তদর্পণ ৶
৬০। সাধ্যসাধন ৵

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতম্ ।
৬২। সিদ্ধান্ত সরস্বতী বিজয়ঃ ।
৬৩। সটীক শিক্ষাষ্টকম্ ।
৬৪। তত্ত্বসূত্রম্ ।
৬৫। সানুবাদ শিক্ষাষ্টকম্ ৶১
৬৬। গৌড়ীয়মঠপরিচয়ঃ ৵১
৬৭। সারার্থদর্শিনী ৶১

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।০
৬৯। এ ফিউ ওয়ার্ডস অন বেদান্ত ।০
৭০। ভাগবত ৵০
৭১। বেদান্ত—ইট্স মরফলজি অ্যাণ্ড অন্টোলজি ।০
৭২। রিলেটিভ ওয়ার্লড্স ।৶০
৭৩। লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস অব শ্রীচৈতন্য মহাপ্রভু ।০
৭৪। [illegible] ।০
৭৫। [illegible] ৵০
৭৬। [illegible] ।০
৭৭। [illegible] ।০
৭৮। ব্রহ্মসংহিতা ৷০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (প্রথম খণ্ড) ১৫

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ।০
৮১। সাধন-পথ ।০
৮২। কল্যাণকল্পতরু ৶০
৮৩। গীতাবলী ৵০
৮৪। শরণাগতি ৵০

আসামিয়া ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ৵০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ১

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

দৈনিক নদীয়া-প্রকাশ

একমাত্র পারমার্থিক দৈনিক পত্র

শ্রীধাম-মায়াপুর-নদীয়া

১৪শ বর্ষ | ২১ ত্রিবিক্রম ৪৫০ গৌরাব্দ, ১০ই জ্যৈষ্ঠ বঙ্গাব্দ ১৩৪৬, ২৪শে মে ইং ১৯৩৯, বুধবার ৭১শ সংখ্যা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

২১ ত্রিবিক্রম বুধ অনিরুদ্ধ গৌরাব্দ ৪৫০

শ্রীআচার্য্যবাণী

নিত্যমুক্তেই মুক্তির অবস্থানের সম্ভাবনা—মুক্তির সাধনের সম্ভাবনা নহে। নিত্যবদ্ধ অর্থাৎ যাহার কাল স্বষ্টির পূর্ব্ব হইতে ভক্তবিমুখ, তাহার পক্ষে নিজের মুক্তাবস্থা বা নিত্য ভক্তাঙ্গসেবের কথা আলোচনা করা সম্ভব নহে। মুক্তাবস্থার অভিমান তাহার বৃত্তিপথের অতীত, সুতরাং, বদ্ধাবস্থায় তাহার আলোচনা—শ্রবণ, মনন, কীর্ত্তনাদি করিতে পারে না। স্বরূপে অবস্থিতি বা বিষ্ণুপাদপদ্ম-প্রাপ্তিই মুক্তি। সেই বিষ্ণুপাদপদ্মই নিত্য, তাহার দর্শক ও দর্শনও নিত্য। বিষ্ণুপাদপদ্মেই নিত্যস্থিতি বা নিত্যসত্তা আছে। স্বরূপভ্রষ্ট হইলে জীবের দর্শন কৃষ্ণ-পাদপদ্ম হইতে বিচ্যুত হইয়া পড়ে। তখন বিষ্ণুসম্বন্ধে দর্শন হয় না—দ্বৈত দর্শন হয়। ঐ দ্বৈত-দর্শনে বিষ্ণুর সম্বন্ধ না থাকায় স্থিতি বা নিত্য সত্তার উপলব্ধি হয় না, তখন বদ্ধজীব নিজকে পরিবর্ত্তনযোগ্য মাংসপিণ্ড বা মনোধর্ম্মী মনে করে। বিষ্ণু জড়-বস্ত-দর্শনে আপনাকে জেকেন, দি জানিতে পারেন। তখন আর মাংসমাত্র দর্শন হয় না। চিদ্বিলাসী ভগবান্ সর্ব্বদা চিদ্বিলাসে রত থাকেন। তিনি পরিবর্ত্তনযোগ্য মাংসপিণ্ডদর্শনের অন্তর্ভুক্ত কোন প্রকার জড়বিশেষযুক্ত নহেন, অথবা জড়ধারণার অতীত নির্ব্বিশেষ ব্রহ্মমাত্র নহেন, তিনি চিদ্বিলাসময় বৈকুণ্ঠাধিপতি। দেবীধাম জড়বিশেষযুক্ত অর্থাৎ ত্রিগুণাত্মক; তাহার পর বিরজায় ত্রিগুণসাম্যাবস্থা; তাহার পর ব্রহ্মলোক বা মহেশধাম—চিদ্ব্রহ্ম—চিন্মাত্রাবস্থা বা নির্ব্বিশেষ-ধাম। তাহার পর চিদ্বিলাসময় পরব্যোম। তাহা বাস্তব-বস্তু বা স্থান transcendental positive real space. জড়বিলাসের কুণ্ঠা সেখানে নাই। বৈকুণ্ঠাধিপতি স্বীয় চিদ্বিলাসে রত; সৃষ্টি, স্থিতি বা সংহারের কার্য্যের মধ্যে তিনি নাই। স্থিতি বা পালন বিষ্ণুর কার্য্য। বিষ্ণুর সহিত মায়ার সাক্ষাৎ-সম্বন্ধ নাই। কারণ, গর্ভ ও ক্ষীর এই তিনটি সংজ্ঞা জীবজগৎ ও জড়জগতের সহিত সম্বন্ধ-বিশিষ্ট, কিন্তু পুরুষাবতারত্রয় স্বয়ং মায়াতীত।

বৈকুণ্ঠাধিপতি চিৎসবিশেষযুক্ত অর্থাৎ ইতর বা ব্যতিরেক ভাবের সংস্পর্শহীন হইয়া স্বতন্ত্রই অর্থাৎ স্বরূপগত লীলার positive phase এ অবস্থিত। পরশক্তির সহিত শক্তিমানের এই যে বিলাস, ইহা শক্তিমানের স্বরূপবিরোধী ব্যাপার নহে; কারণ, পরশক্তি ও শক্তিমান্ স্বরূপতঃ অভিন্ন, চন্দ্র অথবা বিম্বের ন্যায় বিরাজমান। পরশক্তি ও শক্তিমানে কোন ভেদ বা পার্থক্য নাই, তবে উভয়ের মধ্যে কিঞ্চিৎ বিশেষ আছে। 'বিশেষ' শব্দের অর্থ—ভেদবৎ প্রতীয়মান, কিন্তু ভেদ নহে। 'ভেদ' ও 'বিশেষ' শব্দের মধ্যে অর্থগত পার্থক্য আছে। 'ভেদ' শব্দের অর্থ—সত্তা বা রূপগত পার্থক্য।

অচিদ্বিলাসে রত ব্যক্তিগণ নিত্যবস্তু-দর্শনে বঞ্চিত হইয়া নশ্বরতাই দর্শন করে। বিষ্ণুর দর্শনে নিত্যতা আছে, "সদা পশ্যন্তি সূরয়ঃ" ইহারা তাহা হইতে বঞ্চিত হইয়া সৃষ্টি ও ভঙ্গ—ব্রহ্মার সৃষ্টিকার্য্য ও রুদ্রের সংহার-লীলার তাণ্ডব সর্ব্বদাই দর্শন করে। জড় জগতের নশ্বরতা দর্শন করিয়া ক্রমে নির্ব্বিশেষ ধারণারূপ "সর্ব্বতোভাবে মৃত্যুকে আশ্রয় করে।" বৌদ্ধগণের মতে অস্তিত্বের চিরতরে লোপই নির্ব্বাণ। উহাই আত্যন্তিকভাবে মৃত্যু। ক্ষণিক শব্দের অর্থ—transient, short-lived. বৌদ্ধবাদে বিলাসহীন austerity, pessimistic view দ্বারা বৈদান্তিকের নশ্বরত্ব উপলব্ধি হয়। এই অবস্থা ক্ষণিক। জড়বিশেষহীন বা স্তব্ধত্ব অর্থাৎ গুণসাম্যাবস্থায় জীব বেশীক্ষণ থাকিতে পারে না; উহা একটা সাময়িক অবস্থামাত্র। বিপরীত দিক্ হইতে অগ্রমুখী হইতে পারে, কিন্তু ঐ অবস্থাটা কিছু জীবের নিত্য অবস্থান নহে।

মায়াবাদিগণ জড়বিশেষহীন অবস্থায় অবস্থিত হওয়াকেই "মুক্তি" মনে করে; কিন্তু বাস্তবিকপক্ষে ঐ অবস্থাও নিত্য নহে। "ব্রহ্মভূতঃ প্রসন্নাত্মা" শ্লোকে এই কথাই বলা হইয়াছে অর্থাৎ ব্রহ্মভূত অবস্থায় উপনীত হইয়া যদি পরা ভক্তিকে আশ্রয় করা যায়, তাহা হইলেই প্রকৃতপক্ষে মঙ্গল হইতে পারে, নতুবা শীঘ্রই ঐ সাময়িক শান্ত অবস্থা হইতে পতন হইয়া থাকে।

জীবের ভাস্বর ... ... এবং, উহাই নশ্বর। চৈতন্য এই ইন্দ্রিয়ের অভিজ্ঞতা দ্বারা জীব ... ভোগবাঞ্ছাই পোষণ করে। ইন্দ্রিয়গুলি দ্বারা নশ্বর বস্তু ভোক্তা সাজে, কিন্তু নিজ নশ্বর ... এবং জীবের উপাদানে ভোক্তৃত্ব না থাকায় ভোগ করিতে যাইয়া ... প্রাপ্তি কিছুই তাহার বাসনাকে পরিতৃপ্ত করিতে পারে না। ইন্দ্রিয়গণ অতৃপ্ত বাসনাতাড়িত হইয়া নশ্বর বস্তুর অনুসন্ধানে ... ফলে কাপট্য, দুঃখ-ভয় লাভ হইয়া থাকে এবং তাহাতে বাসনা নিবৃত্ত না হইয়া বর্দ্ধিতই হইতে থাকে। প্রাকৃত জগতের বস্তু পরিণামশীল বলিয়া এখানে বাসনা বা ইন্দ্রিয়ের তৃষ্ণার শান্তি হয় না। প্রাকৃত রাজ্য অতিক্রম করিয়া, বিরজা, ব্রহ্মলোক অতিক্রম করিয়া বৈকুণ্ঠ-রাজ্যে অধোক্ষজের সেবা ব্যতীত তাহাদের অন্য গতি নাই। প্রাকৃত রাজ্যের নশ্বরতাদি কুণ্ঠা বা জড়বিশেষ বৈকুণ্ঠে নাই। ইন্দ্রিয়ের বাসনা অতৃপ্ত অর্থাৎ শক্তিবিশিষ্ট; তাহা কখনও নির্ব্বিশেষভাবে নিত্য অবস্থিত হইতে পারে না। অধোক্ষজের সেবায় নিযুক্ত হইলে জড়বিলাস দূর হইয়া যায়, জীব তাহার স্বরূপ ও বৈকুণ্ঠ-প্রকাশের অস্তিত্ব করে। এই অবস্থা অতিক্রম করিবার পর আপনার নিত্যাবস্থার উপলব্ধিতে বৈকুণ্ঠাধিপতি ... সেবা হয়। বৈকুণ্ঠ হইতে উর্দ্ধ অযোধ্যা, তথা হইতে দ্বারকা, তথা হইতে মথুরা এবং তথা হইতে বৃন্দাবন শ্রেষ্ঠ। ক্রমেই অধোক্ষজ ধামে কৃষ্ণসেবার উৎকর্ষ এই সকল ধামে বর্দ্ধমান। বৃন্দাবনের মধ্যেও আবার গোবর্দ্ধন ও তাঁহার

দ্বারে দ্বারে জয় ধ্বজা ...

বিনা না ... ...

পাশেই রাধাকুণ্ড—সেখানে, তীর গতি-বিশিষ্ট। এই স্থানই "কুণ্ড তাণ্ডিনী রতি" লোকের অনুশীলনভূমি। ইহাই রাগ—পন্থার কথা। ইহা [illegible] শ্রেষ্ঠ গতি আর কি হইতে পারে? [illegible] শব্দের অর্থ—[illegible], প্রাপ্য। এই [illegible] অতি পরমসৌভাগ্য [illegible]।

দুঃসঙ্গ-বর্জন

([illegible] ব্রহ্মচারী, [illegible])

সাধু যে কৃষ্ণনাম লই বাস চাই।
সংসার [illegible] আর কোন [illegible] নাই॥

যাহারা সৎ-পথ অনুশীলন করেন, তাঁহারাই সৎ বা সাধু। এই সাধুর সঙ্গ বা কৃপা [illegible] হয় না। কৃষ্ণনাম করিতে হইলে সাধুর সঙ্গ [illegible] হইবে। সাধুর সঙ্গী [illegible] কৃষ্ণনাম [illegible] বৃত্ত করিয়া থাকেন। [illegible] ভগবানের [illegible] [illegible] বৃন্দাবন [illegible] কোথাও [illegible] না। [illegible] কৃষ্ণসেবার [illegible] সঙ্গে, সঙ্গে থাকিলে—অনুগত, আনুগত্য, [illegible] ভগবানের [illegible] কৃপা লাভ করা যাইতে পারে। নামাচার্য্য কৃষ্ণনাম প্রদান করিতে পারেন। নামপ্রদাতা শ্রীল আচার্য্যদেবের [illegible] কৃষ্ণনাম প্রদানের [illegible] আর [illegible] না। তাঁহাকে ও [illegible] বার [illegible] সেখানে [illegible]। হরিনাম গ্রহণ বা হরিকথা শ্রবণ করিতে [illegible] হইবে। আশ্রয়বিগ্রহগণকে বিষয়বিগ্রহের সেবাই করেন। আশ্রয়বিগ্রহ [illegible] সেখানে বিষয়ের সেবা, সেখানে সাত্ত্বিকতা বা [illegible] মায়াসার হইয়া পড়ে। আশ্রয়-বিগ্রহকে আশ্রয় করিলাই বিষয়বিগ্রহ ভগবানের [illegible] করা যায়। আশ্রয়বিগ্রহ আমাদের [illegible] প্রদানকারী শ্রীগুরুদেব [illegible]। এই বৈকুণ্ঠ [illegible] ধারা শ্রৌত [illegible] প্রবাহিত হইতেছে। গৌড়ীয়-আম্নায়ে [illegible] এক ধারা প্রবাহিত থাকে। এই ধারা, [illegible] হইতে আরম্ভ করিয়া শ্রীল প্রভুপাদ পর্য্যন্ত আসিয়াছেন এবং [illegible] বর্ত্তমানে সেই ধারার [illegible] সংরক্ষক হইয়াছেন আমাদের আচার্য্যদেব পরমহংস অষ্টোত্তরশত শ্রী [illegible] শ্রীশ্রীমদ্ [illegible] গোস্বামী ঠাকুর। [illegible] তিনিই [illegible] হরিকীর্ত্তনকারী—হরিনিত্যকারী—কৃষ্ণনাম-প্রেমপ্রদানকারী নামাচার্য্য। সেজন্য এই বিষয়বিমুখ বিশ্বে আর গুরু নাই—নাই—নাই।

এই হরিকীর্ত্তনকারী শ্রীগুরুপাদপদ্ম [illegible] না করিলে মঙ্গল হইবে না। প্রকৃত [illegible] কৃপা, [illegible] বা সেবা [illegible] কৃপা পাওয়া যায় না [illegible] হয় না। প্রকৃত [illegible] বা কৃপা পাইলেই [illegible] সকল [illegible] হইবে। শ্রীল [illegible] কৃপা [illegible] শ্রীল প্রভুপাদের কৃপা [illegible]। [illegible] শ্রীল [illegible]। [illegible] [illegible] না, [illegible] আচার্য্যদেবের [illegible] [illegible] না, [illegible] হয় না, [illegible] স্থান [illegible] পায় না। [illegible] আমাদের মঙ্গল [illegible] বুঝিতে পারে না [illegible] আমাদের [illegible] পাইতে না [illegible] হইতে [illegible] [illegible] কীর্ত্তন করিয়া থাকেন। [illegible] সেবা [illegible] হইয়া [illegible] লোক [illegible] করিয়া উহা প্রকাশ করিতে থাকে। [illegible] সেই সকল [illegible] লোকের [illegible] থাকিতে হইবে—[illegible] ত্যাগ করিতে হইবে [illegible] করিতে হইবে। এই সকল [illegible] না করিলে [illegible] হইবে না। [illegible] [illegible] সঙ্গ [illegible] করিতে [illegible] না [illegible] [illegible] পাদপদ্মের কোন সম্বন্ধ নাই—তাহাদের [illegible] সকল নীচ-প্রকৃতি লোকদের কোনও প্রকার সাহায্য করিতে হইবে না বা তাহাদের নিকট হইতে কোন সেবাও গ্রহণ করা হইবে না।

যাহারা কৃষ্ণের প্রতি—কৃষ্ণপ্রেষ্ঠ শ্রীগুরুপাদপদ্ম—আচার্য্যপাদপদ্মের প্রতি বৎসর বা শ্রদ্ধাহীন—শাস্ত্রসিদ্ধান্তে যাহাদের বিশ্বাস নাই, সেই সকল নীচ ব্যক্তির সেবা মঠ্য [illegible] সমস্ত করিতে হইবে না। প্রাণ যায় সেও ভাল, তথাপি নীচের সেবা করিতে হইবে না বা তাহাদের নিকট হইতে কোন সাহায্য লইতে হইবে না। কে সাধু, কে অসাধু তাহা [illegible] কষ্টিপাথরে [illegible] দেখিতে হইবে—[illegible] বিবেক [illegible] হইবে। [illegible] [illegible] না। প্রকৃত সাধু [illegible] [illegible] সেবা [illegible] হইবে। [illegible] সাধু [illegible] তাঁহার [illegible] হইবে, [illegible]।

[illegible] সৎ, সাধু, গুরু বা কৃষ্ণপ্রেষ্ঠ [illegible] আমাদের শ্রীআচার্য্য-পাদপদ্ম। [illegible] [illegible] সাধু [illegible]। শ্রীল আচার্য্যদেবের [illegible] যে পরিমাণে [illegible] বা [illegible] সেই পরিমাণে সাধু। শ্রীল আচার্য্যদেবের কৃপা [illegible] কেহই ভগবানের সেবা পাইতে পারেন না। তিনি যাহাকে তাঁহাকে সেবাধিকার কৃষ্ণ দিতে পারে। শ্রীল আচার্য্যদেবের কৃপা ছাড়া কেহই শ্রীল প্রভুপাদের কৃপা পাইতে পারেন না। নিজেকে শ্রীল আচার্য্যদেবের শিষ্য বলিয়া উপলব্ধি না হইলে শ্রীল প্রভুপাদ তাঁহাকে কখনও শিষ্যরূপে গ্রহণ করেন না বা করেন নাই, একথা ধ্রুবসত্য। তিনি যে পরিমাণে শ্রীল আচার্য্যদেবের অনুগত [illegible] সেই পরিমাণে শ্রীল প্রভুপাদের কৃপা পাইয়াছেন বা পাইবেন। শ্রীল প্রভুপাদের কৃপা ও শ্রীল আচার্য্যদেবের কৃপা একটাই জিনিষ। শ্রীল প্রভুপাদের কৃপা [illegible] শ্রীল আচার্য্যদেবের ব্যক্তিত্বের মধ্যে [illegible] বা তাঁহার সঙ্গসেবা হয় না। [illegible] শ্রীল আচার্য্যদেবের কৃপা [illegible] শ্রীল প্রভুপাদের ব্যক্তিত্বের মধ্যে কোনও দিন [illegible] হয় না বা হয় নাই, এবিষয়ে কোনও সন্দেহ নাই। তাই বলি, যদি আমরা প্রকৃত [illegible] চাই, তাহা হইলে দৃঢ়—[illegible] শ্রীল আচার্য্যদেবের শ্রী[illegible] [illegible] হইবে [illegible] হইতে হইবে। নতুবা [illegible] সমুদ্রে আশ্রয়হীন অবস্থায় হাবুডুবু খাইতে হইবে। ছদ্ম-বেশী কলি উপগ্রহগণ সাধুর বেশে—সজ্জনের বেশে—মহতের বেশে জীবকে অমঙ্গলের দিকে লইয়া যাইবার জন্য সর্ব্বক্ষণ প্রস্তুত আছে। একটু ফাঁক পাইলেই সেই সুযোগে জোর করিয়া অসৎপথে লইয়া যাইবে, তথা সর্ব্বনাশ সাধন করিবে। তাই অসৎসঙ্গ ত্যাগ করিয়া সর্ব্বক্ষণ সাধুর সঙ্গ করিলে—সাধুর কীর্ত্তিতবাণী শ্রদ্ধাযুক্ত হইয়া শ্রবণ করিলেই সুবিধা হইবে। শাস্ত্র বলিয়াছেন,—

ততো দুঃসঙ্গমুৎসৃজ্য সৎসু সজ্জেত বুদ্ধিমান্।
সন্ত এবাস্য ছিন্দন্তি মনোব্যাসঙ্গমুক্তিভিঃ॥

সর্ব্বক্ষণ হরিকথা-নিরত ব্যক্তির নামই সাধু। যিনি নিত্য কৃষ্ণকথায় দিন কাটান—হরিকথাই যাঁহার প্রাণ—সর্ব্বক্ষণ ভগবৎ-সেবার জন্য যিনি ব্যস্ত, তিনিই সাধু। যাঁহার সকল ক্রিয়া-কলাপ, কাজ-কাম, চাল-চলন, সকল চেষ্টার মধ্যেই কৃষ্ণসেবার জন্য ব্যস্ততা, তিনিই সাধু, গুরু, মহাজন বা আচার্য্য। তিনি অনিত্য জগদ্দ্বন্দ্বের কথায় দিন কাটান না। আমরা যে সকল কথা সাধুকে জানিতে দিই না—যে সকল কথা অতি গোপনে চাপা রাখি, যে সকল কাজ চন্দ্র-সূর্য্যেরও অগোচরে করি, প্রকৃত সাধু সেই সকল কথা আমাদের নিকট হইতে বাহির করিয়া তাহার উপর অস্ত্রোপচার করেন। প্রকৃত সাধু কাহাকেও তোষামোদ করেন না—কাহারও গায়ে হাত বুলাইয়া—মিষ্টি কথা বলিয়া—অর্থাদি দিয়া সাহায্য করিয়া তাহাকে বশীভূত করিতে চান না। তিনি আপাত-অপ্রিয় তীব্র নিখুঁত বাস্তবসত্য বাণীই কীর্ত্তন করেন—আলো-অন্ধকার, সৎ-অসৎ, ভাল-মন্দের আপোষ-মীমাংসা করিয়া কোন কথা বলেন না। তিনি জগতের কাহারও খাতির রাখিয়া কথা বলেন না। মঙ্গলাকাঙ্ক্ষী সকলের অসৎসঙ্গ ত্যাগ করিয়া এইরূপ সাধুর সঙ্গই সর্ব্বতোভাবে করিতে হইবে। আমাদের একমাত্র কার্য্য—যাহারা অসৎ, তাহাদের সঙ্গ ত্যাগ করা ও অকৃত্রিম সাধুর সেবায় পরিনিষ্ঠিত হওয়া। যাহারা কৃষ্ণের ইন্দ্রিয়তর্পণ বা বিলাসের কথা বাদ দিয়া নির্ব্বিশেষ বিচারের কথা লইয়া বিষয়-কথাকেই কৃষ্ণকথা বলিয়া চালান—যাঁহারা কপটেই ভক্ত বলিয়া লোক-বঞ্চনা করিবার জন্য ব্যস্ত—যাঁহারা লোকের মাথায় কাঁঠাল ভাঙ্গিয়া খাইতে অতি দক্ষ, সেই সকল অসতের সঙ্গে অসহযোগ না করিলে সতের সঙ্গে সহযোগিতা হইবে না। যিনি আচার্য্যসেবাবিমুখ তাঁহার সঙ্গে অসহযোগ করিয়া আচার্য্যপাদপদ্মরেণুগণের সহিত সহ-যোগিতা করিতে হইবে—রামের সেতুবন্ধনে কাঠবিড়ালীর ন্যায় রামসেবোন্মুখী হইতে হইবে—আচার্য্যের অপার করুণার একবিন্দু প্রার্থী হইতে হইবে—আচার্য্যদেবকে নিজজনের পর জানিতে হইবে—ভগবদ্ . ভক্তবেদি-

কৃষ্ণভাবে [illegible]

জনের প্রতি ক্রোধ দেখাইতে হইবে। শ্রীল প্রভুপাদ বলিয়াছেন,—

"আমার গুরু—সমগ্র জগতের গুরু। জগদ্গুরু—সমগ্র জগতের গুরু; আমার গুরুবিদ্বেষী—জগদীশের বিদ্বেষী—জগতের সকলের বিদ্বেষী মনুষ্যমাত্রের বিদ্বেষী। গুরুদ্বেষিজনের প্রতি ক্রোধ করতে হ'বে, সেটা কীর্তনের অঙ্গবিশেষ, তা' না করাটাই অন্যায়।" গুরুবিদ্বেষী অসতের সঙ্গে কোনও সহানুভূতি দেখাইতে হইবে না। শিষ্য অভিমান করিয়া—গুরুপুত্র অভিমান করিয়া গুরুবৈষ্ণব-বিরোধীর প্রতি সহানুভূতি প্রদর্শন কি শিষ্যের কৃত্য? আমার সম্মুখে গুরুবৈষ্ণবের নিন্দা হয় হউক, আর আমি নিরপেক্ষ হইয়া লোকের অপ্রিয় হইব না এবং উদারতা দেখাইব, ইহাতে কোন মঙ্গল হইবে না। নিরপেক্ষ বলিয়া কোন কথা নাই। আলো ও অন্ধকারের মধ্যে কোন স্থান নাই। হরি-ভক্তির রাজ্যে নিরপেক্ষ বলিয়া কোন কথা নাই। ভগবদ্ভজনের মূলেই সাপেক্ষধর্ম বিরাজিত। সর্বদা হরিগুরু-বৈষ্ণবের পক্ষে থাকিয়া—গুরুবৈষ্ণবের অনুগত থাকিয়া ভগবদ্ভজন-প্রয়াসই মঙ্গলাকাঙ্ক্ষীর একমাত্র কর্তব্য। রূপানুগগণ—ব্রজবাসিগণ সর্বাপেক্ষা বেশী সাপেক্ষ-ধর্মপর। যিনি যে পরিমাণে গুরুবৈষ্ণবের পক্ষপাতী—যে পরিমাণে শ্রীগুরুপাদপদ্মের—আচার্য্যপাদপদ্মের পক্ষপাতী তাঁহার বৈষ্ণবতার পরিমাণও তত। শ্রীভক্তিবিনোদ-ধারার ভক্ত সকলেই বিষ্ণু-বিগ্রহের চেয়েও আশ্রয়বিগ্রহের অধিক পক্ষপাতী। সেইজন্যই আচার্য্যকিঙ্করগণ কীর্তন করেন—

আচার্য্যপক্ষ ছাড়ি যে জন সে জন
যে ভাবে সে ভাবে থাকে।
আমি ত' আচার্য্য- পক্ষপাতী সদা
কভু না হেরিব তাকে॥

শ্রীআচার্য্যপাদপদ্মের সহিত যাহাদের কোন সম্বন্ধ নাই, যাহারা আচার্য্যনিন্দুক, তাহাদের সঙ্গ করিতে হইবে না—তাহাদের সহিত কোনও সম্পর্ক রাখিতে হইবে না। তাহাদের সহিত অসহযোগ করিতে হইবে। তাহাদের সঙ্গে আলাপাদি করিলে—সম্মান প্রদর্শন করিলে, এমনকি তাদের স্নেহ-ভালবাসাদি বা দণ্ডবৎ-প্রণামাদি গ্রহণ করিলেও হরিভক্তি হইতে পতন অবশ্যম্ভাবী। তাই বলিতেছি, মঙ্গলাকাঙ্ক্ষী সাধকমাত্রেরই সেই সকল বহির্মুখের সঙ্গে অসহযোগ করা উচিত।

ভুলি ভক্তিবহির্মুখ সঙ্গ না করিব।
গৌরাঙ্গ-বিরোধী জনার মুখ না হেরিব॥
দূরেতে দণ্ডবৎ বিনোদসেবক হেন
আচারাচরণ করি সার॥

যৎকিঞ্চিৎ

——শ্রী ঃ)ঃঃ-

আমরা ব্যক্তিগত পীড়নে, নিন্দা, তিরস্কারাদিতে কখনও অসহিষ্ণু হইব না পাথরের মত সব সহ্য করিয়া যাইব—ভগবানই আমার সহিষ্ণুতা পরীক্ষা করিবার জন্য এইরূপ বলাইতেছেন মনে করিয়া সেদিকে উদাসীন থাকিব। কিন্তু যদি কোন অভক্ত আমার প্রভু গুরুবৈষ্ণবের নিন্দা করে, তাঁহাদের প্রতি অন্যায় অত্যাচার আরম্ভ করে,—তাঁহাদের প্রতি মাৎসর্য্য প্রকাশ করে, তাহা হইলে গুরুবৈষ্ণবের কৃপাপ্রার্থী আমরা কি চুপ্ করিয়া বসিয়া থাকিব? হরিদাস ঠাকুরকে বাইশবাজারে বেত্রাঘাতকারিগণকে কি প্রাণের বন্ধু বলিয়া আলিঙ্গন করিব? গুরুভক্তি বা গুরু-প্রীতির কি ইহাই পরিচয়? শ্রীগুরুবৈষ্ণবের প্রতি অত্যাচার দর্শনে সম্পূর্ণ অসহিষ্ণু হওয়াই বৈষ্ণবতার আরম্ভ। আমার মন একটা ভয়ানক কৃষ্ণকার্ষ্ণ-বিদ্বেষী। সে কখনও গুরুবৈষ্ণবপাদপদ্মচিন্তা—তাঁহার সুখচিন্তা করে না—গুরুপাদপদ্মের মহিমা-কীর্তন করে না, কেহ কীর্তন করিলেও তাঁহার মুখবন্ধ করিয়া দিবার জন্য প্রাণপণে উঠিয়া পড়িয়া লাগে। নিজসুখে সর্বক্ষণ ব্যস্ত থাকায় কিসে গুরুবৈষ্ণবের সুখ হয়—আনন্দ হয়, সে কথা বুঝিতে পারে না। সমস্ত দিন পরচর্চায় কাটাইয়া দেয় "কামুকা পশ্যন্তি কামিনীময়ং জগৎ" ন্যায়ানুসারে সর্বক্ষণ পরছিদ্রানুসন্ধানে ব্যস্ত থাকে, নিজের দোষ কিছুতেই দেখিতে পায় না। এমন পাষণ্ড গুরুবৈষ্ণববিদ্বেষী মন আমার সে নিজেও হরিভজন করিতেছে না, শ্রীগুরুবৈষ্ণবে শ্রদ্ধাপ্রীতি করিতেছে না এবং অপর কেহ করিতে গেলেও তাহাকে প্রাণপণে বাধাপ্রদান করিতেছে। মনে করিতেছে আমি বৈষ্ণব—আমি গুরু, আমার আশ্রয় গ্রহণ করিলে—আমার অনুগত হইলেই সকলের মঙ্গল হইবে—আমিই সকলকে শ্রীগুরুপাদপদ্মে, কৃষ্ণপাদপদ্মে পৌঁছাইয়া দিব। আমার আনুগত্যেই সকলের গুরুসেবা কর্তব্য। শ্রীগুরুপাদপদ্ম প্রদত্ত আমার খুব লম্বা-চওড়া সার্টিফিকেট আছে—কত মান-সম্মান আছে, অতএব আমার অনুগত না হইলে লোকের কোনও সুবিধা হইবে না। এই যে পাষণ্ড মন আমার, সর্বপ্রথমে তাহাকেই নিগ্রহ করিতে হইবে—তাহার দুঃসঙ্গ পরিত্যাগ করিতে হইবে—গুরুবৈষ্ণবের তীব্র উক্তি-রূপ কৃপা-আশীর্বাদরূপ কপট পুত্তলিকারূপী মনের জন্য সংশোধন করিতে হইবে। পাষণ্ড মন দমন করিতে পারিলেই আমরা গুরুপাদপদ্মের বা-সেবা করিতে পারিব। সকাল হইতে সন্ধ্যা পর্যন্ত করিয়া নিদ্রাকাল পর্যন্ত এবং নিদ্রাকালেও গুরুবৈষ্ণববিদ্বেষী আমার দুর্জনকে শতসহস্র শতমুখী দ্বারা নীরবীকৃত করিতে হইবে। জুতা মারিয়া সর্বক্ষণই তাহার প্রতি ক্রোধ দেখাইতে হইবে নিজেকে পবিত্র করিতে হইলে যাহাতে আদর্শচরিত্র হইয়া—আচার্য্যভৃত্যের ভৃত্য হইয়া মঙ্গললাভ করিতে পারি—যাহাতে সর্বক্ষণ আচার্য্যানুগত্যে—আচার্য্যসুখে গোপালসুখ জানিয়া গুরুপাদের সেবা পারি তজ্জন্য যত্ন করিতে হইবে। মনের দুঃসঙ্গে পড়িয়া আমার কৃষ্ণসেবা-সুখকে বিসর্জন দিতে হইবে না। দুর্জন আমার সর্বক্ষণ চেষ্টা করিতেছে আমাকে গুরুবৈষ্ণবসেবা হইতে বিচ্যুত করিবার জন্য। গুরুপাদপদ্মে আমার যে কোমল শ্রদ্ধাটুকু হইয়াছে তাহাকে নষ্ট করিয়া সেখানে অপরাধের বীজ সঞ্চার করাই তাহার কার্য্য হইয়াছে। সে নিজেও নরকে যাইবে এবং অপরকেও নরকে লইয়া যাইবার জন্য চেষ্টা করিবে—ইহাই তাহার কার্য্য।

হরিবিমুখ জগতে হরিসেবাবিরোধী চিত্তবৃত্তিবিশিষ্ট লোকের অভাব নাই। কোমলশ্রদ্ধ কনিষ্ঠাধিকারী মাদৃশ ব্যক্তির ঐরূপ দুঃসঙ্গে পড়িবার খুবই সম্ভাবনা, যদি সাধুশাস্ত্রবাণীর প্রতি একটু উদাসীন হই। আমাদের সর্বক্ষণ জানিয়া রাখা উচিত—আমরা গুরু-সেবার জন্য মঠবাস করিতেছি। মঠবাস করিয়া যদি গুরুসেবা না হইল—অনর্থের প্রাবল্য দিন দিন না কমিয়া যদি বাড়িতেই থাকিল—কিসে গুরুর সুখ হয় তাহা বুঝিতে না পারিলাম—গুরুপাদপদ্মে বিক্রীত পশু হইতে না পারিলাম—"আজ্ঞা গুরূণাং হ্যবিচারণীয়া" বিচারে তাঁহার অমায়ায় শাসন-বাণী অনন্যমস্তকে স্বীকার করিতে না পারিলাম, তাহা হইলে সেইরূপ মঠবাস করিয়া কি লাভ হইবে? আমরা ত' গুরু-সেবার জন্যই পিতা মাতা-আত্মীয়-স্বজন পরিত্যাগ করিয়াছি। এখন মঠে আসিয়া অসতের পাল্লায় পড়িয়া—মায়ার চক্রে পড়িয়া তাঁহাকে ভুলিয়া যাই কেন? শ্রীগুরু-পাদপদ্মের সেবাতে যে বাধা দেয় সেই সকল অসতের সাথে আমার কিসের সম্বন্ধ? মঠে বাস করিয়া মঠের বিরুদ্ধ কথা শুনিব কেন? মঠ বা মিশন ত' শ্রীগুরুপাদপদ্ম—শ্রীআচার্য্যপাদপদ্ম। তাঁহার বিরুদ্ধ কোন কথা শুনিব না। যে ডালে বসিয়াছি সে ডাল কখনই কাটিব না, যাঁহাকে আজ গুরু—প্রভু বলিয়া স্বীকার করিলাম—যাঁহার পাদপদ্মে মস্তক বিক্রয় করিবার জন্য—জীবনপুষ্প অঞ্জলি দিবার জন্য বিশ্ববাসী সকলকে আহ্বান করিলাম, তৎপরে আবার কেন তাঁহাকে লঘু বলিয়া প্রচার করি—গুরুকে গুরুর আসন হইতে নামাইয়া দিবার জন্য উঠিয়া পড়িয়া লাগি—আমি বুঝি গুরু-ভাঙ্গাগড়ার মালিক! গুরু বুঝি আমার হাতের কাঠামো যখন ইচ্ছা ভাঙিতে বা গড়িতে পারি! কিন্তু মন জেনে রেখো, গুরু—গুরু, লঘু নহেন। তাঁহাকে কেউ গুরুর আসনে বসাইতেও পারে না আবার নামাইতেও পারে না; এ ক্ষমতা বিশ্ববাসী দেবতা-মনুষ্যাদির কাহারও নাই। সর্বোত্তম পূজ্যবস্তু—বৃহদ্বস্তু শ্রীবিষ্ণু। সেই সর্বোত্তম বস্তু—বৃহত্তম বস্তু যাঁহাকে বড় করিয়াছেন, সর্বোত্তম পূজ্য হইয়াও যাঁহার পূজা করেন—যাঁহাকে মস্তকে, বক্ষে ধারণ করেন, যাঁহাকে একমুহূর্ত না দেখিলে পাগল হইয়া যান, সেই গুরুপাদপদ্ম কি আমার মতামতের আসামী? আমি ভাল বলিলেই ভাল হইবেন—গুরু বলিলেই গুরু হইবেন আর না বলিলে হইবেন না। সেইজন্যই বলিতেছি, আমি এইরূপ চঞ্চল অসজ্জনের সঙ্গে কোন মিত্রতা করিব না—তাহার মুখদর্শন করিব না—তাহার সহিত কোনও সংস্পর্শ রাখিব না—এইরূপ তীব্রপ্রতিজ্ঞ হইয়া তাহা বর্ণে বর্ণে পালন করিতে যত্নপর হইব। আমি ত' কাহারও মুখ দেখিয়া সংসার ত্যাগ করি নাই—কাহারও ভালবাসা—স্নেহ পাইব বলিয়া পিতামাতাকে কাঁদাই নাই, গুরুপাদপদ্ম— আচার্য্যপাদপদ্ম-সেবা করিবার জন্য—তাঁহার শ্রীচরণে আত্মবিক্রয় করিবার জন্যই ত' মঠে আসিয়াছিলাম। তবে মঠে আসিয়া অসতের পাল্লায় পড়িয়া—সুন্দরী মনোমোহিনী শূর্পনখার মোহে পড়িয়া—বাহ্যদেশে পূজনায় স্নেহ-ভালবাসায় ভুলিয়া—দক্ষের কর্মকুশলতায় মুগ্ধ হইয়া গুরুপাদপদ্মকে ভুলিয়া যাই কেন? তাহাদের সহিত আমার কিসের সম্বন্ধ? খুব বড় জিনিষের—বড় আশার আসিয়া ক্ষুদ্রবস্তুতে আটকাইয়া গেলে সুবিধা কি কারও হইবে?

যে পাপিষ্ঠ বৈষ্ণবের পক্ষ হিংসা করে।
সুদর্শন অস্ত্রে সে পাপী পুড়ে মরে॥
সবার করিব গৌরসুন্দর উদ্ধার।
বিনা এক পাপী বৈষ্ণব-নিন্দক দুরাচার॥

শুদ্ধভক্তি-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠ

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৸০

৩০। দীপ-দিগ্‌-দর্শন ৵০

৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ৷৵০

৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ৷০

৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০

৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৵০

৩৫। গীতমালা ৴১০

৩৬। নবদ্বীপধাম-মাহাত্ম্য ৵০

৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৵০

৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ৷০

৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমার ৷০

৪০। শরণাগতি ৴০

৪১। গীতাবলী ৴০

৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০

৪৩। সাধনতত্ত্ব ৴০

৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ৴

৪৫। নবদ্বীপশতক

৪৬। অর্চ্চনকল্প

৪৭। সদাচারস্মৃতিঃ

৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৴১০

৪৯। আর্চ্চনকল্প ৴১০

৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম-৪ খণ্ড) ৬৲

৫১। ব্রহ্মসংহিতা ৷০

৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ৷০

৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০

৫৪। পুরুষার্থ-বিনির্ণয় ৷০

৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ৷০

৫৬ ভারতবর্ষ ও ভক্তিপথ ৵০

৫৭ ঈশোপনিষদ্ (অন্বয়াদিসহ) ৷০

৫৮। শ্রীকৃষ্ণদেবস্ব ৵০

৫৯। সিদ্ধান্তদর্পণ ৵০

৬০। সাংখ্যবাণী

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ৷০

৬২। সিদ্ধান্ত-সরস্বতী বিজয়ঃ ৷০

৬৩। সটীক-বিবাদশমনম্ ৷০

৬৪। তত্ত্বসূত্রম্ ৷০

৬৫। সানুবাদ বিবাহকম্ ৵০

৬৬। গৌড়ীয়মঠপরিচয়ঃ ৴০

৬৭। সারসংগ্রহম্ ৵০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ৷০

৬৯। এ ফিউ ওয়ার্ডস অন বেদান্ত ৷০

৭০। নামভজন ৴০

৭১। বেদান্ত—ইট্‌স মরফলজী অ্যাণ্ড অণ্টলজি ৷০

৭২। রিলেটিভ ওয়ার্ল্ডস ৷৵০

৭৩। লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস অব শ্রীচৈতন্য মহাপ্রভু ৷০

৭৪। বৈষ্ণবীজম

৭৫। কোয়াট গৌড়ীয়মঠ ইজ ডুইং

৭৬। দি ভাগবত

৭৭। বংশীতিক প্রিন্সিপাল অ্যাণ্ড আনয়ালেজড ফিলোজফি

৭৮। ব্রহ্মসংহিতা ১৷০

৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (প্রথম খণ্ড) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামাচরাধাম ৷০

৮১। সাধন-পথ ৷০

৮২। কল্যাণ-কল্পতরু ৵০

৮৩। গীতাবলী ৴০

৮৪। শরণাগতি ৴০

তামিল ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ৴০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক

নদীয়া-প্রকাশ

একমাত্র পারমার্থিক দৈনিক পত্র

শ্রীধাম-মায়াপুর, নদীয়া

১৭শ বর্ষ | ১৪ ত্রিবিক্রম ৪৫৩ গৌরাব্দ, ১৩ই জ্যৈষ্ঠ বঙ্গাব্দ ১৩৪৬, ২৭শে মে ইং ১৯৩৯, শনিবার | ৭৫শ সংখ্যা

প্রচার-প্রসঙ্গ

বেরহামপুরে

শ্রীশ্রীবিশ্ববৈষ্ণবরাজসভার অন্যতম প্রচারক ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ কতিপয় ব্রহ্মচারী সহ গঞ্জামে শ্রীচৈতন্যবাণী প্রচার করিতেছেন।

গত ১২ই মে শ্রীযুক্ত বাবু রাধামোহন পট্টনায়েক ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট মহোদয়ের গৃহে স্বামীজী মহারাজ শ্রীমদ্ভাগবত পাঠ ও ব্যাখ্যা করেন।

গত ১৩ই মে মিঃ ভেঙ্কটেশ্বর রাও গ্র্যাণ্ড্‌ভোকেট মহোদয়ের গৃহে স্বামীজী মহারাজ "গীতার শিক্ষা" সম্বন্ধে একটী হৃদয়াকর্ষিণী বক্তৃতা প্রদান করেন।

গত ১৩ই মে স্থানীয় আঞ্জুমান-বিবর্দ্ধিনী সমাজ-গৃহে মাননীয় গোরাচাঁদ পট্টনায়েক এম-এল-এ মহোদয়ের সভাপতিত্বে "শ্রীচৈতন্যদেবের শিক্ষা" সম্বন্ধে স্বামীজী ইংরাজী ভাষায় দুই ঘণ্টাকাল ব্যাপী একটী সারগ্রাহিণী বক্তৃতা প্রদান করেন। ঐ দিবসই প্রাতে একটী বিরাট নগর-সংকীর্ত্তন বহির্গত হইয়া সহরের সর্ব্বত্র ভ্রমণ করেন।

গত ১৫ই মে হরিবাসর দিবস শ্রদ্ধালু ব্যক্তিগণের নিকট হরিকথা কীর্ত্তন করেন।

গত ১৬ই মে মিঃ রঙ্গনাথ গ্র্যাণ্ড্‌ভোকেট মহোদয়ের সভাপতিত্বে "শ্রীমহাপ্রভু ও শ্রীরামানুজাচার্য্যের দর্শন" সম্বন্ধে এক ঘণ্টাকাল যাবৎ একটী বক্তৃতা প্রদান করেন। স্বামীজীর বক্তৃতা-শ্রবণের জন্য প্রত্যহ বহু শিক্ষিত সম্ভ্রান্ত ব্যক্তি উপস্থিত হইতেছেন। বক্তৃতার আদি ও অন্তে মহাজনপদাবলী ও মহামন্ত্রাদি কীর্ত্তন হইয়াছে।

শ্রীজগন্নাথ-গৌড়ীয়মঠে ইষ্টগোষ্ঠী

গত ৫ই জ্যৈষ্ঠ তারিখে শ্রীজগন্নাথ-গৌড়ীয়মঠে বিভিন্ন পরিপ্রশ্নমুখে ইষ্টগোষ্ঠী হয়। ঐ দিবস বিশেষভাবে শ্রীল আচার্য্যদেবের পূর্ণাত্মগত্যময় জীবনযাপন বিষয়ে আলোচিত হয়। শ্রীল আচার্য্যদেব সর্ব্বক্ষণ শ্রীল প্রভুপাদের মূর্ত্তবিগ্রহরূপে শ্রীরাধা-গোবিন্দমিলিততনু শ্রীগৌরসুন্দরের মনোহভীষ্ট প্রচার করিয়া আমাদের নিত্যমঙ্গল বিধান করিতেছেন। সুতরাং যদি আমরা সর্ব্বক্ষণ ছলনা, প্রজল্প, লাভ, পূজা, প্রতিষ্ঠাদি ভজন-প্রতিকূল বিষয়গ্রহণের চেষ্টা করিয়া বাহিরে তাঁহার অনুগত হইবার ভাণ করি, তাহা হইলে তাঁহার অনুগত হওয়ার পরিবর্ত্তে তাঁহার বিরুদ্ধাচরণই করিব। সুতরাং সর্ব্বক্ষণ যদি শ্রীল আচার্য্যদেব ও তাঁহার নিজজনগণের নিকট সকাতর প্রার্থনা ও দৈন্য সহকারে তাঁহার শাসন মানিয়া সেবাময় জীবনযাপন করিতে পারি, তাহা হইলে কোন না কোন জন্মে তাঁহার কৃপালাভ নিশ্চয়ই করিতে পারিব প্রভৃতি বিষয় আলোচিত হয়।

অধোগতি

(৩য় পৃষ্ঠার পর)

অন্যের সর্ব্বতোভাবে শ্রেষ্ঠত্ব-দর্শনই গুরুদর্শন। পরচর্চ্চা ও অন্যকে ছোট করিবার বৃত্তি বৃদ্ধি হইতে হইতে ক্রমশঃ শ্রীগুরু ভগবান পর্য্যন্ত গিয়া ঠেকে। যাঁহারা অন্যের দোষদর্শন করিয়া ঐ কুদর্শনের জন্য শ্রীগুরুপাদপদ্মে অনুতপ্ত না হন, তাঁহাদের নাস্তিকতা বৃদ্ধি হইয়া যায়। শ্রীগুরুপাদপদ্ম কাহারও দোষদর্শন করেন না। তবে তিনি যে শাসন করেন ও করান, তাহা নির্ম্মৎসরতা ও জীবে দয়ার জলন্ত-প্রমাণ। যাহাকে আমরা শাসন জ্ঞান করি, তাহাকেই শাসন করি, এই শাসন প্রকৃত শাসনের বিকৃত প্রতিফলন। শ্রীগুরুপাদপদ্মের সহিত ধাপে ধাপে মিলিবার যাঁহার যত উৎসাহ বৃদ্ধি হইতে থাকে, তিনি সেই পরিমাণে সুদর্শন প্রাপ্ত হন। তাঁহার নিকটে প্রাকৃত বিচার বন্ধ হইয়া যায়। প্রত্যেক ক্রিয়া-কলাপ অপ্রাকৃত শব্দের দ্বারা নিয়মিত হয়।

বদ্ধজীবের স্বাভাবিক ইচ্ছা উচ্ছৃঙ্খলতা। সাক্ষাৎ জীবন্ত নিয়ম বা গুরুবৈষ্ণবানুগত্য তাহার ভাল লাগে না। যখন গুরুবর্গের শাসনদণ্ড হইতে একটুও এড়াইবার অভিসন্ধি হয়, তখনই তদ্রূপ স্বেচ্ছাভিলাষী দাসী ছুটিয়া যায়। অসতের সহিত কানাকানি করিতে ভাল লাগে।

একজনের ঘরে আগুন লাগিলে অনেকগুলি লোকের তাহার মধ্যে আগুন লাগার দৃশ্য দেখিতে মজা লাগে। সেইরূপ যাঁহারা স্থির করিয়া বসিয়াছে যে, আমাদের ঘরে আগুন কখনই লাগিবে না, তাহারাই অন্যের মজা দেখে। কিন্তু অঘটন-ঘটন-পটীয়সী মায়ার ইঙ্গিতে সকলই সম্ভব। যাঁহারা কোটিচন্দ্র-সুশীতল শ্রীশ্রীল আচার্য্যদেবের পাদপদ্মে বাস করিবার সৌভাগ্যলাভ করিয়াছেন, তাঁহারাই নিরাপদ থাকিবেন। বিরুদ্ধ পরপারে থাকিয়া তিক্ত-দংশিত সঙ্গে ঘুরিতে থাকিলে শ্রেয়োলাভে বঞ্চিত হইতে হইবে।

একটী শৃগাল নদীর তীরে জল খাইতেছিল, তীরে বটগাছের কয়েকটী শিকড় জলে পড়িয়াছিল। ঐ শৃগালটীর পা কুম্ভীর ধরিলে শৃগালটী এ বিপদ দেখিয়া বলিল, কুম্ভীরটা এমন বোকা বটগাছের শিকড়কে আমার পা ভাবিয়া ধরিয়া ফেলিয়াছে। ভাগ্যে আমার পা-টা ধরে নাই। পা ধরিলে জলে ডুবিয়া মারা যাইতাম। একথা শুনিয়া কুম্ভীর তৎক্ষণাৎ শৃগালের পা ছাড়িয়া দিয়া শিকড়টা ধরিয়া ফেলিল। শৃগাল এই অবসরে পলায়ন করিল। মায়াদেবী এইরূপ মায়াবদ্ধগণকে প্রকৃত সত্য-স্বরূপ হইতে বঞ্চিত করিয়া অসত্যে সত্য জ্ঞান করাইতেছে। তাই শ্রীল নরোত্তম ঠাকুর মহাশয় অভিজ্ঞতাবাদী সংসারাভিমানিগণের দুঃখে দুঃখী হইয়া গাহিয়াছেন—

অহঙ্কারে মত্ত হৈয়া, নিতাইপদ পাসরিয়া
অসত্যেরে সত্য করি মানি।

নিতাইয়ের করুণা হবে, ব্রজে রাধাকৃষ্ণ পাবে
ধর নিতাইর চরণ দুখান ॥

"বৈষ্ণবের উপর প্রভুত্ব করিব", যাহাদের এই বিচার, তাহারা সর্ব্বাপেক্ষা অধিক পাষণ্ড। বৈষ্ণবের উপর প্রভুত্ব করিবার পিপাসা—কৃষ্ণ সাজিবার ইচ্ছা। একমাত্র কৃষ্ণই বৈষ্ণবের উপর প্রভুত্ব করিতে পারেন। কোন কোন পাষণ্ড গুরুদেবের উপর প্রভুত্ব অর্থাৎ 'গুরুদেব আমার order-supplier, অর্থাৎ আমি যখনই যাহা বলিয়াছি, তিনি তখনই তাহা শুনিয়াছেন"—এইরূপ বিচার করে। উহাদিগকে জন্মজন্মান্তর বৈষ্ণবের বিসর্জ্জনীয় বস্তুসমূহ বহন করাইতে হইবে, তবে যদি উহাদে— — — —।"

(শ্রীল [illegible])

[illegible]

দৈনিক নদীয়াপ্রকাশ

[illegible]

শ্রীকৃষ্ণ

——:০:——

শ্রী + কৃষ্ণ = শ্রীকৃষ্ণ। কৃষ্ণ সর্ব্বদাই শ্রীসমন্বিত। তিনি শ্রীমান্। আশ্রয়-বিগ্রহ-সমাশ্লিষ্ট বিষয়বিগ্রহই শ্রীকৃষ্ণ। শ্রী ও কৃষ্ণ কখনও তফাৎ থাকেন না। তাঁহারা নিত্য অবিচ্ছেদ্যসম্বন্ধ-বিশিষ্ট। শ্রীকৃষ্ণ পুরুষোত্তম। তিনি রূপবান্, গুণবান্ ও লীলাময়। তিনি সকল ঈশ্বরের ঈশ্বর—পরমেশ্বর। তিনি স্ত্রী বা ক্লীব নহেন, তিনি পুরুষ। শুধু পুরুষই বা বলি কেন, তিনি পুরুষোত্তম। তিনি নির্ব্বিশিষ্ট নহেন—বিগ্রহবান্। তিনি সকলের আদি তনকপুরুষ। তিনি সচ্চিদানন্দবিগ্রহ, অনাদি, সর্ব্বাদি, সর্ব্বকারণ-কারণ। তিনি গোবিন্দ, তিনি হৃষীকেশ, তিনি নন্দনন্দন, তিনি নারায়ণ। তিনি কাহারও অধীন বা বশীভূত বস্তু নহেন। সকলে তাঁহারই বশীভূত। তাঁহা হইতে অপরের সত্তা। তিনি স্বয়ংরূপ। তিনি নারায়ণ-বাসুদেবাদিরও অংশী। তিনি পরব্রহ্ম। তিনি পূর্ণ শুদ্ধ নিত্যমুক্ত ধর্ম্মবিশিষ্ট বস্তু [illegible] তাঁহার রূপ তাঁহার গুণ তাঁহার লীলা, তাঁহার পরিকর-বৈশিষ্ট্য সকলই তিনি। এজন্য তিনি অদ্বয়জ্ঞান। তিনি সর্ব্বজীবপ্রভু। সকলেই তাঁহার দাস এবং তাঁহার উপাসক। যিনি এই কথা যতটা উপলব্ধি করিতে পারেন, তিনি ততটা মুক্ত বা সাধু। আর যিনি ইহার যতটা উপলব্ধি করিতে পারিতেছেন না, তিনি ততটা বদ্ধ, অমুক্ত বা পরাধীন।

তিনি সর্ব্বত্রই আছেন। তিনি অতি [illegible] ভাবে অবস্থিত আছেন। জাগতিক কোন কিছু তাঁহাকে প্রকাশ করিতে পারে না। তিনি অধোক্ষজ বস্তু—স্বতঃপ্রকাশিত বস্তু। তিনি স্বেচ্ছাময়। তাঁহার যখন ইচ্ছা হয়, তখন যাহার প্রতি তাঁহার দয়া হয়, তাঁহাকে তিনি প্রকাশিত হন। সেবোন্মুখচিত্তে স্বতঃই তাঁহার আবির্ভাব।

তিনি সর্ব্বজ্ঞ। তিনি জ্ঞানময়। তিনি সমস্ত জীবহৃদয়ের মধ্যে থাকেন। তিনি সকলের কান্ত। তিনি গোপীনাথ।

"একলা ঈশ্বর কৃষ্ণ আর সব ভৃত্য।
যারে যৈছে নাচায় সে তৈছে করে নৃত্য।।"

কৃষ্ণ গোপগোপাল। তিনি বৎসলারস-রসিক ব্রজপিতৃকুলের একমাত্র উপাস্য [illegible] কৃষ্ণ [illegible] [illegible] সহিত এবং না করিয়া [illegible] এই জগতে অজ্ঞানাচ্ছন্ন বা হরিবিমুখ ব্যক্তিগণকে যিনি মনে করিলে বিপদে পড়িতে হইবে। কৃষ্ণ একমাত্র প্রভু আর সকলেই তাঁহার দাস শ্রীকৃষ্ণের সেবাতেই জীবনের সার্থকতা কারণ, তিনিই একমাত্র নিত্যসেব্য। কৃষ্ণ ব্যতীত অপরের সেবা করিতে গেলে অবশেষে সেবাহারা হইয়া বা সেবা ছাড়িয়া নিজে সেব্য হইতে হয়। যেখানে সেবককে সেব্য বলিয়া কল্পনা করিয়া সেবার প্রচেষ্টা, সেখানে এইরূপই অবস্থা হইয়া দাঁড়ায়। অবশেষে সেব্যাভিমানে পরমসেব্য কৃষ্ণের সহিত পাল্লা দিবার ধৃষ্টতা হৃদয়ে স্থান পায়। সুতরাং সকলের সকল সেবা, সব প্রীতি বা শ্রদ্ধা কৃষ্ণ ও কার্ষ্ণের প্রতি নিযুক্ত না হইলে অসুবিধা। কার্ষ্ণ বা সর্ব্বক্ষণ কৃষ্ণানুশীলনে রত। কার্ষ্ণ বা ভাগবতের সেবা না করিলে কৃষ্ণসেবায় অধিকার কাহারও হয় না। কৃষ্ণসেবায় অধিকার না পাওয়ায় কৃষ্ণকৃপা লাভও হয় না এবং তখনে শ্রীকৃষ্ণের সান্নিধ্যলাভেরও সম্ভাবনা থাকে না।

কৃষ্ণই সম্বন্ধ, কৃষ্ণভক্তি অভিধেয় এবং কৃষ্ণপ্রেম প্রয়োজন। কৃষ্ণভক্তি কৃষ্ণ প্রদায়িনী। কৃষ্ণপাদপদ্ম-সেবা বা কৃষ্ণভক্তিই জীবের একমাত্র স্বার্থগতি। ভক্তি [illegible] আত্মধর্ম। ভক্তিই [illegible] এবং এই চেতনতাই জীবের জীবন। এই ভক্তির কথা যিনি আমাদিগকে জানান, ভগবানের সন্ধান যিনি আমাদিগকে দেন, তিনি সদ্গুরুরূপী ভগবান্। এই শ্রীগুরুদেব সকল ভক্তের অগ্রণী—ভক্তশ্রেষ্ঠ—কৃষ্ণপ্রেষ্ঠ। সুতরাং কৃষ্ণসেবা লাভ করিতে হইলে এই অন্তর্যামী সদ্গুরুর চরণাশ্রয় করিতেই হইবে। কয়লা যেমন জলন্ত অগ্নির সংস্পর্শে জ্বলিয়া উঠে, তদ্রূপ বদ্ধজীব নিত্যমুক্ত সদা স্বস্বরূপ-সংপ্রাপ্ত পূর্ণবস্তু শ্রীগুরুদেবের সংস্পর্শে আসিবার সৌভাগ্য পাইয়া স্বীয় স্বভাব ফিরিয়া পায়—আত্মধর্মে প্রতিষ্ঠিত হয়। শ্রীগুরুদেবই সম্বন্ধজ্ঞানরূপ অগ্নি সংযোগ করিয়া দেন। শ্রীগুরুদেবের শ্রেষ্ঠ উপদেশ বাতাসের সহায়তায় জীব-হৃদয়ে সেবাপিপাসাগ্নি প্রজ্বলিত হইয়া উঠে। তখনই জীবের অধোক্ষজ শ্রীকৃষ্ণের আলোচনা করিবার সুযোগ হয়। শ্রীগুরুদেবের সংস্পর্শ ব্যতীত চেতনতার বা ভক্তির উদ্বোধন অসম্ভব। জড় দেহ-মনের দ্বারা চেতনের অনুশীলন হয় না। সাধুসঙ্গের ফলেই জীব জানিতে পারে—শ্রীকৃষ্ণের আনুগত্যই তাহার স্বভাব।

ভক্তি ও ভক্ত দুর্ব্বল নহে যে তাঁহাদিগকে সাহায্য করিতে হইবে। তাঁহাদিগকে সাহায্য করিবার ধৃষ্টতা না করিয়া তাঁহাদের সেবা করিতে হইবে। ভক্তি নিজেই সম্পূর্ণভাবে অন্যনিরপেক্ষা—স্বাধীনা। বরং তাঁহার সাহায্য ব্যতীত ধর্ম্মই বলুন বা নীতিই বলুন, কাহারও মূল্য নাই। ভক্তি বা ভক্তের আশ্রয় লইলে তাঁহারাই জীবকে সকল অমঙ্গলের হস্ত হইতে রক্ষা করেন। ভক্তি বা ভক্তকে রক্ষা করিবার জন্য জাগতিক ধন-বল, লোক-বল কোন কিছুর প্রয়োজন নাই। কারণ, তাঁহারা নিরন্তর কৃষ্ণভুজ-রক্ষিত — সুদর্শনধারা সুরক্ষিত ভক্তি কৃষ্ণবশতা। সুতরাং ভক্তি বা ভক্তানুগত্য যাহার আছে, তাঁহারই সকল আর ভক্তি যাঁহার নাই, তিনি রাজা হইলেও তাঁহার কেবল অমঙ্গল। ভক্তি বা ভক্তের রক্ষণবিধান ব্যতীত অন্য কার্য্য নাই। তাঁহারা কৃষ্ণের জন্য ব্যস্ত আর কৃষ্ণ সেই ভক্তগণের জন্য ব্যাকুল। কৃষ্ণ ভক্ত ও ভক্তিরক্ষক। আমরা যেন নিজে কোনও দিন ভক্তরক্ষক বা ভক্তির রক্ষক মনে না করি, তাহা হইলে কৃষ্ণের চরণে অপরাধ হইবে। আমরা যেন ভক্তানুগত থাকিয়া নিত্যকাল কৃষ্ণের সেবা করিতে পারি, ইহাই প্রার্থনা।

জীব ও ভগবান্

——::(০)::——

জীব ও ভগবান্ এক জিনিষ নয়। পরস্পরের মধ্যে ভেদ আছে। তবে জীব—ভগবানের। জীব তটস্থা শক্তির পরিণতি। জীব ও ভগবান্ উভয়েই চেতন—একজাতীয়। তবে একজন বিভু একজন অণু, একজন প্রভু, একজন ভৃত্য। ভগবান্ মায়াধীশ আর অণুচেতন জীব মায়াবশযোগ্য। এইখানেই ভগবান্ ও জীবে পার্থক্য। অগ্নি ও অগ্নিস্ফুলিঙ্গ যেমন জাতীয়ত্বে এক, সেইরূপ পূর্ণচেতন ভগবানের বিভিন্নাংশ অণুচেতন জীবও জাতীয়ত্বে এক। সেইজন্যই জীবের সহিত ভগবানের ভেদাভেদ-সম্বন্ধ। শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর লিখিয়াছেন,—

জীব কভু জড় নয়, হরি কভু নয়।
হরি-সহ জীব অচিন্ত্য-ভেদাভেদময়।।
দেহ কভু জীব নয়, ধরা ভোগ্য নয়।
দাস ভোগ্য জীব, কৃষ্ণ প্রভু ভোক্তা হয়।।

এই পয়ারের গৌরব নামক ভাষ্যে শ্রীশ্রীল আচার্য্যদেব লিখিয়াছেন,—"হরি ভগবান্। তিনি স্বরূপশক্তি, জীবশক্তি ও মায়াশক্তির আশ্রয়। হরি স্বরূপশক্তির সহিত অভিন্ন, জীবশক্তির সহিত অচিন্ত্যভেদাভেদ-সম্বন্ধযুক্ত ও মায়াশক্তি হইতে ভিন্ন। জড়দর্শনে বিশ্ব, চেতন-দর্শনে গোলোক। চেতনদর্শনই কৃষ্ণভোগ্য দর্শন।"

কৃষ্ণাধীনতাই জীবের স্বরূপ, এই স্বভাব-বশে জীবগণ বিভুচেতনের নিত্য অনুগত। অতএব জীব ভগবানের নিত্যদাস এবং নিত্যদাসত্বই তাহার নিত্যস্বভাব বা ধর্ম্ম। এই দাস্য ভুলিয়াই জীব বদ্ধ। আবার ভগবানের নির্ম্মল আনুগত্যই তাহার মুক্তি। তাঁহার নিত্যদাসত্বই জীবচেতনের পূর্ণ-প্রকাশ।

ভগবৎ-প্রীতিসম্পাদনই ধর্ম্ম বা ন্যায়, তদ্বিপরীত কার্য্যই অধর্ম্ম বা অন্যায়। নিজের সুখবাঞ্ছা ছাড়িয়া দিয়া কেবল ভগবৎ-সুখ-বাঞ্ছার নামই ভগবৎসেবা বা ভগবদ্ভজন। যেখানে তাদৃশী সেবা নাই বা অহৈতুকী ভক্তি চেষ্টা নাই, সেখানে যতই ধর্ম্ম, কর্ম্ম, জ্ঞান বা বৈরাগ্যাদির আড়ম্বরপূর্ণ অনুষ্ঠান থাকুক না কেন, তাহা প্রতিষ্ঠাশা-বঞ্চরনীর বিহার-ক্ষেত্র ছাড়া আর কিছুই নয়। সেইজন্য মঙ্গলাকাঙ্ক্ষী ব্যক্তিগণ দৈন্যভরে প্রতিষ্ঠাকেই—'গোপীভর্ত্তুঃ পদকমলয়োর্দাসদাসানুদাস'-অভিমানী শুদ্ধভক্তচরণকমলাশ্রয়কেই একমাত্র মঙ্গলের সেতু বলিয়া জানেন।

আমরা যদি নিষ্কপট হই, তাহা হইলে ভগবানের কৃপায় নিশ্চয়ই সংস্কার লাভ করিব

পারিব। আর যদি কাহারও হৃদয়ে অভিলাষ থাকে, তাহা হইলে কৃষ্ণ সেই ব্যক্তির নিকট সাধুরূপে আসিবেন না; পরন্তু মায়াই সাধুগুরুর বেশ ধরিয়া তাহাকে বঞ্চনা করিবে। কৃষ্ণভক্ত সদ্গুরু জগতে বড় দুর্লভ। হাটে ঘাটে বাজারে কৃষ্ণভক্ত পাওয়া যায় না। মানুষ যদি নিষ্কপট হইয়া এসকল কথা অনুধাবন করে, তাহা হইলে সে অমানুষী শক্তি লাভ করিয়া নিজেও ধন্য হইতে পারে এবং জগৎকেও ধন্য করিতে পারে। তবে মূলে নিষ্কপটতা থাকা চাই—সেবাকাঙ্ক্ষা থাকা চাই। যাহারা ইন্দ্রিয়তর্পণকারী, তাহারা মুখে ভগবানের প্রতি নির্ভরতার যতই ভাণ প্রদর্শন করুক না কেন, তাহারা প্রকৃতপক্ষে ভগবানের শরণাগত নহে। তাহাদের নির্ভরতা যে ছলনা ছাড়া আর কিছুই নয়, তাহা তাহাদের কার্য্যকলাপেই প্রকাশ পায়। কিন্তু ঐকান্তিক শরণাগত ভক্তগণ ভগবানের চরণে সর্ব্বতোভাবে নির্ভরশীল, তাই হৃষীকেশের হৃষীকতোষণ ব্যতীত তাঁহাদের একমুহূর্তও নিজেন্দ্রিয় তোষণের জন্য ব্যয়িত হয় না। অনন্যভাব ভক্তের অন্তরের অতি নিভৃত কোণেও কৃষ্ণসুখবাসনা ব্যতীত অন্য কামনা নাই। তাঁহারা বলেন, সেবায় বহু বাধা। বাধা দেখিয়া বিচলিত হইতে হইবে না। অভাব অসুবিধার মধ্য হইতেও ভগবানকে ডাকিতে হইবে। ভগবানকে ডাকার জন্যই ত' সেই সকল অসুবিধা, যাহা ভগবানের অহৈতুকী কৃপা ব্যতীত আর কিছুই নয়। এই মর্ত্ত্য পুরীতে থাকিয়া কি নিশ্চিন্ত হইবার কোন উপায় আছে? সুতরাং সুখই আসুক আর দুঃখই আসুক, সেবাপিপাসু আমরা দেহে একবিন্দু রক্ত থাকাকাল পর্য্যন্ত গুরুদেবের সেবা ছাড়িব না। এমন কি দেহান্তেও সেবা হইতে বিচ্যুত হইব না।

আমরা অনেক সময় যে ভজনের এক আধটুকু চেষ্টা দেখাই তাহাতে কনক-কামিনী-প্রতিষ্ঠার আশা প্রকাশ্য বা প্রচ্ছন্নভাবে আছে, ইহা একটু অনুসন্ধান করিলেই বুঝিতে পারা যায়। কনক-কামিনীর আকাঙ্ক্ষা কেহ কেহ হয় ত' কোন প্রকারে বন্ধ করিতে পারেন কিন্তু ধার্ম্মিক, বৈরাগ্যবান্ ও ভক্ত বলিয়া সম্মান পাইবার আশা কিছুতেই কেহ ছাড়িতে পারেন না। আমাদের বাস্তবিক যদি সেবাপিপাসা থাকিত, তাহা হইলে এগুলির প্রতি আমাদের লোভ নিশ্চয়ই থাকিত না। আমরা সাধু-গুরুর উপদেশ-শ্রবণের জন্য ব্যাকুল হইতাম, নিজেদের যজ্ঞভাগী সাধুগুরুর পাদপদ্মে সমর্পণ পূর্ব্বক তাঁহাদের কৃপাভিখারী হইতাম,

অধোগতি

(উপদেশক শ্রীপাদ যতিশেখর ব্রহ্মচারী, ভক্তিশাস্ত্রী)

নিত্যলীলা-প্রবিষ্ট ওঁবিষ্ণুপাদ শ্রীশ্রীল প্রভুপাদের কথিত একটী গল্প মনে পড়িল। চারিজন গুলিখোর একটী নদীর তীরে বসিয়া গুলি খাইবার যোগাড় করিল, কিন্তু আসল জিনিষ আগুন না থাকায় টিকে ধরান হইল না। নদীর পরপারে নৌকায় আগুন জ্বলিতেছিল। একজন দুই হাত সরিয়া গিয়া টিকে হাতে ধরিয়া আগুন লাগাইতে চেষ্টা করিল, কিন্তু আর একজন তাহার ব্যর্থতা জানিয়া আরও দুই হাত অগ্রসর হইল। এইরূপ সকলে নদীর এই পারে থাকিয়া টিকে ধরাইবার খুব কসরৎ করিল। কিন্তু মাঝে এক মাইল ব্যাপী গভীর নদী

কনক-কামিনী বা প্রতিষ্ঠাশা ছাড়িয়া দিয়া সাধুশাস্ত্রের শাসনবাক্য ধৈর্য্যের সহিত শ্রবণ করিতাম। শরণাগত হইলে নিশ্চয়ই বুঝিতে পারিতাম যে, ভক্তি ও ভক্তের আনুগত্য ব্যতীত আমাদের ধর্ম্মকর্ম্ম সকলই বৃথা এবং আমাদের যে আনুগত্যহীন ভক্তিচেষ্টা তাহা কেবল ভণ্ডামি ছাড়া আর কিছুই নহে।

প্রতিষ্ঠা ভীষণ জিনিষ। প্রতিষ্ঠা যাহার হৃদয়ে আছে, সে হৃদয়ে ভক্তি কখনও স্থান পাইতে পারে না। দুর্ব্বল কনক-কামিনী-ভোগীর মঙ্গলের আশা আছে, কিন্তু কপট প্রতিষ্ঠাকামীর মঙ্গলের আশা সুদূরপরাহত। বৈষ্ণবী-প্রতিষ্ঠায় প্রতিষ্ঠিত হইতে না পারিলে এই প্রতিষ্ঠার হস্ত হইতে রক্ষা পাওয়া যায় না। তাই শ্রীল রঘুনাথ দাস গোস্বামী প্রভু বলিয়াছেন,—প্রভুপ্রেষ্ঠ প্রভু-সেনাপতি ভক্তের পদাশ্রয় ব্যতীত প্রতিষ্ঠা-চণ্ডালিনীর সঙ্গত্যাগ আদৌ সম্ভবপর নহে।

প্রতিষ্ঠাশা ধৃষ্টা শ্বপচ-রমণী মে হৃদি নটেৎ
কথং সাধু প্রেমা স্পৃশতি শুচিরেতন্নন্ন মনঃ।
সদা ত্বং সেবস্ব প্রভু দয়িতসামন্তমতুলং
যথা তাং নিষ্কাস্য ত্বরিতমিহ তং

বেশয়তি সঃ॥

জীবের কৃত্য—সর্ব্বক্ষণ হরিকে মনে রাখা। ইহাই বিধি, এতদ্ব্যতীত সবই অবিধি বা অভক্তি। প্রভুসেবাচিন্তাই দাসের ধর্ম বা স্বভাব। এই দাস্য যে সে জিনিষ নয়, এজগতের দাস্যের ন্যায় হেয় জিনিষ নয়। ইহা পরমোপাদেয় ও আনন্দপ্রদ বস্তু। লক্ষ্মীদেবী, ব্রহ্মা-শিব-নারদ-শুকাদি নন্দ-যশোদা-শ্রীদাম-সুদাম-বলদেব-নি ত্যা ম ন্দ সকলেই কৃষ্ণদাস্য-প্রার্থী—কৃষ্ণদাসের কাঙ্গাল। দাস্যে এত সুখ! এত আনন্দ!

ব্যবধান। তাই টিকে ধরান হইল না। শ্রীশ্রীল প্রভুপাদ কর্ম্মজ্ঞানীদিগের বুদ্ধির দৌড় লক্ষ্য করিয়া এইরূপ উদাহরণ বলিতেন। এখন দেখিতেছি যে, বদ্ধ আমার জড় অভিজ্ঞানই সম্বল হইল। বদ্ধজীব যত বড় মহামনীষি হউক না কেন, তথাপি সে দোষচতুষ্টয়-দুষ্ট। মুক্তপুরুষের এই দোষচতুষ্টয় নাই। সদ্গুরু—কৃষ্ণতত্ত্ববিৎ, কৃষ্ণৈকশরণ ও শান্ত। সদ্গুরু—দুর্লভ। তত্ত্ববিৎ উপদেষ্টা লভ্য হইলেও প্রকৃত শিষ্য অতি দুর্লভ। কঠোপনিষদে একটী বহুমূল্য উপদেশ পাই।

"শ্রবণায়াপি বহুভি র্যো ন লভ্যঃ
শৃণ্বন্তোঽপি বহবো যং ন বিদ্যুঃ।
আশ্চর্য্যোঽস্য বক্তা কুশলোঽস্য লব্ধা
আশ্চর্য্যো জ্ঞাতা কুশলানুশিষ্টঃ॥"

এই শ্লোকটী বদ্ধজীবের অবস্থা জানাইতেছেন। বদ্ধজীব ধার্ম্মিকের সজ্জা গ্রহণ করিয়া নিজের অভিজ্ঞতার দিক্ হইতে যতই ছুটাছুটি করুক না কেন, পরতত্ত্বের অনুভূতি লাভ করিতে হইলে মাঝখানে বিরজা ব্যবধান রহিয়াছে, একথা জানা আবশ্যক। এই বিরজা নদীর পরপারে গিয়া আবার সাধনা আরম্ভ করিতে হইলে মানব-মনীষায়, এমন কি গন্ধর্ব্ব, কিন্নর, দেবতার মাথায়ও কুলাইবে না। তাই কঠোপনিষদ্ বলিলেন শ্রোতা অতি দুর্লভ।

বদ্ধজীবের চিন্তাধারা বিচার করিলে দেখা যায়, বদ্ধজীব শ্রেয়ঃ বুঝে না, তাই প্রেয়ঃপথে ধাবিত হয়। কঠোপনিষদে ১।২।২এ পাই—

"শ্রেয়শ্চ প্রেয়শ্চ মনুষ্যমেতস্তৌ
সম্পরীত্য বিবিনক্তি ধীরঃ।
শ্রেয়ো হি ধীরোঽভিপ্রেয়সো বৃণীতে
প্রেয়ো মন্দো যোগক্ষেমাদ্ বৃণীতে॥

শ্রেয়ঃ ও প্রেয়ের কথা নিখিল শাস্ত্র ও আচার্য্যগণ কতই না আলোচনা করিয়াছেন। ব্যতিরেকভাবে প্রেয়ের দমন ও শ্রেয়োবিষয় অন্বয়মুখে প্রচার করাই প্রহ্লাদচরিত ও ভক্তভাগবতের স্বরূপ। বিবেকহীন মন্দব্যক্তি বড়ই চঞ্চল। ভুক্তি, মুক্তি, অন্যাভিলাষ থাকিলে ধীর হওয়া যায় না। ধীরব্যক্তি শেষনিঃশ্বাস পর্য্যন্ত চরমকল্যাণলাভের জন্য সচেষ্ট। বহু জন্মের পর দুর্লভ মানবজন্ম লাভ হয়। এই জন্ম অনিত্য হইলেও পরমার্থপ্রদ জানিয়া বুদ্ধিমান্ ধীরব্যক্তি দুর্লভ সদ্গুরুপাদপদ্ম-প্রান্তে বসিয়া থাকিবার সৌভাগ্য লাভ করেন, এরূপ শিষ্য অতি দুর্লভ।

প্রশ্ন হয়, আত্মতত্ত্ব-বিষয়ে অনেকের প্রশ্ন জাগে না কেন? প্রশ্ন উঠিলেও শ্রবণের সুযোগ হয় না কেন? শ্রবণ করিয়াও অনেকেই অনুভব করিতে পারে না কেন? সংশয় প্রশ্নের উত্তরে জানি তত্ত্ববিদ্ উপদেষ্টা দুর্লভ। যদিও সৌভাগ্যক্রমে উপদেষ্টা লভ্য হয় কিন্তু শ্রোতা অতি দুর্লভ। শ্রোতা বা শিষ্য হাটে ঘাটে মাঠে পাওয়া যায় না। তাই ভক্তিপথের পথিক অতি বিরল। বদ্ধজীব নিজের ইন্দ্রিয়জ্ঞানের প্রতি এতদূর আস্থাবান্ যে, সে নিজে একজন উত্তম শ্রোতা ইহা জ্ঞান করে। নিজের ত্রুটী ধরিতে পারে না, ধরাইয়া দিলেও স্বীকার করে না, ইহাই পতনের পিচ্ছিল-পথ।

যাহা মায়ার ধর্ম্ম তাহা মাপিয়া লওয়া যাইতে পারে, সর্ব্বজ্ঞ অভিজ্ঞতাবাদিগণ বিশ্বকোষ হইয়া তাদাপড়ায় ধর্ম্মে ব্যস্ত আছেন। যাহা তাদাপড়া যাইতে পারে না, যাহা মেপে লওয়া যাইতে পারে না, তাহা প্রত্যক্ষ, পরোক্ষ ভূমিকার অন্তর্গত নয়। তাই শাস্ত্রশাস্ত্রে অধোক্ষজ ও অপ্রাকৃত অনুশীলনের নির্দ্দেশ পাওয়া যায়। সর্ব্বজ্ঞ অধোক্ষজকে মাপিতে চায়, বদ্ধজীব সর্ব্বদা গুরু-অভিমান ভালবাসে। আধিপত্য করাই তাহার দৈনন্দিন জীবনের কাম্য। যত সংসারে অবস্থান করিতে থাকে, ততই আধিপত্য-আকাঙ্ক্ষা বৃদ্ধি হইতে থাকে। পরিশেষে কামক্রোধাদি রিপুতাড়িত হইয়া মৎসর হইয়া পড়ে। মৎসর ব্যক্তি কোটী জন্ম শিষ্যত্বের বা শ্রোতার অভিমান করিলেও বিপরীত দিকে চলিয়া যায়। তখন নিজেকে গুরু ও অন্য সেবকগণকে ভালবাসার (?) ছলনা দেখায়। ক্রমে সেই ভালবাসার স্রোত সঙ্কীর্ণ হইতে থাকে। স্বল্পকালমধ্যে কেবল শ্রীগুরুর প্রতি কেন্দ্রীভূত হয়। ক্রমে ঐ কেন্দ্রীভূত ভক্তি (?) সমান্তর রেখা-তুল্য গুরু সমান বিচার আনিয়া দেয়। কিছুদিন পরে এই সমস্ত রেখা প্রসারিত হইতে থাকে। অন্যের চক্ষে বা নিজের চক্ষে সমান্তর রেখায় বৃদ্ধিকে ভক্তিবৃদ্ধি বলিয়া দেখা গেলেও ইহা নিছক মায়াবাদ।

মায়াবাদ বা সোঽহংবাদের বীজ হৃদয়ে প্রবিষ্ট হইলে অন্যের চেয়ে নিজের শ্রেষ্ঠত্ব কিছুমাত্রায় অনুভূত হয়। ক্রমে ক্রমে নিজের শ্রেষ্ঠত্ব এত বৃদ্ধিপ্রাপ্ত হয় যে, একজন ব্যক্তিকে নিজাপেক্ষা সর্ব্বাংশে শ্রেষ্ঠদর্শন করা দূরের কথা, কোনগুণে শ্রেষ্ঠ বলিয়াও মনে হয় না। তখন সর্ব্বজ্ঞ জ্ঞান বৃদ্ধিপ্রাপ্ত হইয়া অভিজ্ঞতাবাদীকে শূন্যবাদের উপাসক করিয়া তোলে।

(অতঃপর ৩য় পৃষ্ঠার ৩য় কলমে দ্রষ্টব্য)

শুদ্ধভক্তি-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠ
প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীরূপেশের ভবন শ্রীচৈতন্যমঠ, সর্ব্বশিক্ষা-পীঠ, শ্রীগিরিধারী-শ্রীগৌর-গোপাল আদি চতুর্দ্দশ বিগ্রহ আছেন। সুপ্রাচীন এবং আধুনিক 'নদীয়া প্রকাশ' প্রকাশ-মন্দির আছে।

(২) শ্রীগৌড়ীয়মঠ
১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৫
কলিকাতায় শ্রীভক্তিবিনোদ-আসনে মঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, সঙ্কীর্ত্তন, প্রত্যহ ভক্তির-বেদান্ত শ্রীমদ্ভাগবতাদি শাস্ত্রের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও হারমণিঃ পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়।

(৩) যোগমায়াপুর-পীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব ভূমি মহাযোগপীঠ।

(৪) শ্রীবাস-অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৫) অদ্বৈত ভবন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং ... বর্ত্তমান।

(৬) মুরারিগুপ্তের পাট
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৭) কাজি-সমাধি-পাট
প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি।

(৮) অনুকূলকৃষ্ণানুশীলনাগার
শ্রীধাম মায়াপুর

(৯) স্বানন্দ-সুখদ-কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান।

(১০) গৌর-গদাধর-মঠ
চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ জাননগর (বর্দ্ধমান)

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ
মাউগাছি, পোঃ জাননগর, (বর্দ্ধমান)
শ্রীব্যাসাবতার ঠাকুর বৃন্দাবনের স্থান

(১৩) রুদ্রদ্বীপ-গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(১৪) ঋতুদ্বীপ-গৌড়ীয়মঠাশ্রম

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ
গোড়পুর, নদীয়া

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ
মাজিদা—(শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৭) কুঞ্জকুটীর
পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

(১৮) ভাগবত-আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৯) একায়নমঠ
গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

(২০) মহেশ-পণ্ডিতের পাট
কাঠালপুলি, পোঃ চাকদা (নদীয়া)

(২১) রাণাঘাট-গৌড়ীয়মঠাশ্রম

(২২) পুঁড়া গৌড়ীয়মঠ
চব্বিশ পরগণা

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ
নারিন্দা পোঃ ওয়ারি, ঢাকা।
পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র।

(২৪) গোপালজীউমঠ
কমলাপুর, পোঃ ঢাকা

(২৫) গদাই-গৌরাঙ্গ মঠ
পোঃ বালিয়াটি, (ঢাকা)

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ
বড়বাজার, পোঃ ময়মনসিংহ

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া (আসাম)

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ
পোঃ চকচকা, কামরূপ (আসাম)

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
অপার পাথার বিল্ডিং, দার্জ্জিলিং

(৩০) সারস্বত-গৌড়ীয়মঠ
পোঃ হরিদ্বার, জিঃ সাহারাণপুর, ইউ, পি

(৩১) পাটনা গৌড়ীয়মঠ
মিঠাপুর পাটনা।

(৩২) গয়া গৌড়ীয়মঠ
রমনা রোড, গয়া

(৩৩) সনাতন-গৌড়ীয় মঠ
৮।১৭ বড় গম্ভীরসিং, বেনারস সিটি

(৩৪) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

(৩৫) প্রপন্নাশ্রম মঠ,
পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠাশ্রম
বিশ্রামঘাট, পোঃ মথুরা

(৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,
পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ
কিশোরপুর, বৃন্দাবন

(৩৯) স্বানন্দ-সুখদকুঞ্জ
পোঃ রাধাকুণ্ড। মথুরা

(৪০) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪১) রাধাকুণ্ড গৌড়বাটী

(৪২) শ্রীগোবর্দ্ধনমঠাশ্রম
গোবর্দ্ধন, মথুরা

(৪৩) সঙ্কেত বিহারী মঠ
নন্দা, মথুরা।

(৪৪) নন্দগ্রাম গৌড়ীয়মঠাশ্রম
পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৫) বর্ষাণা গৌড়ীয়মঠাশ্রম
পোঃ বর্ষাণা, মথুরা

(৪৬) গৌড়বিহারী মঠ—সেখারী,
পোঃ কোটকোট, জেলা গুজরাট (পাঞ্জাব)

(৪৭) ব্যাসগৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

(৪৮) দিল্লী গৌড়ীয় মঠ
৪৩নং কলোনি রোড, নিউ দিল্লী

(৪৯) বোম্বে গৌড়ীয়মঠ
গোয়ালিয়া ট্যাঙ্ক রোড, অপেরা হাউস
বম্বে ৭

(৫০) মাদ্রাজ-গৌড়ীয়মঠ
পোঃ রায়পেটা, মাদ্রাজ
শ্রীশ্রীগুরুগৌরাঙ্গ-গান্ধর্ব্বিকা-গিরিধারীর সেবা

(৫১) কভূর-গৌড়ীয়মঠ
পোঃ কভূর, পশ্চিম গোদাবরী (মাদ্রাজ)
শ্রীশ্রীগুরুগৌরাঙ্গ-রাধাগোবিন্দ-গিরিধারীর সেবা

(৫২) ব্রহ্মগৌড়ীয়মঠ
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)

(৫৩) পুরুষোত্তম মঠ
চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা

(৫৪) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৫) আলালকূট

(৫৬) সিদ্ধি-গৌড়ীয়মঠ
পোঃ ভুবনেশ্বর, পুরী

(৫৭) সচ্চিদানন্দ মঠ
শাসনগ্রাম, পোঃ কটক (উড়িষ্যা)

(৫৮) বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ

(৫৯) শ্রীপ্রপন্নাশ্রম-গৌড়ীয়-প্রচার-মণ্ডল
পোঃ বহুলকুণ্ডা, পঞ্জাব

(৬০) ভাগবতজনানন্দ মঠ
চিরুলিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর

(৬১) জমালী গৌড়ীয়মঠ
পোঃ জমালী, মেদিনীপুর

(৬২) আমলাযোড়া প্রপন্নাশ্রম মঠ
পোঃ রাজবাঁধ (বর্দ্ধমান)

(৬৩) চৈতন্যগৌড়ীয়মঠ
কুসুমকুণ্ডা, পোঃ চিত্রকূপা, (মানভূম)

(৬৪) রেঙ্গুন গৌড়ীয়মঠ
৭০১ নং লিউইস ষ্ট্রীট, রেঙ্গুন।

(৬৫) লণ্ডন-গৌড়ীয়মঠ
ফ্ল্যাট নং ২
৫১, ক্রমওয়েল রোড
সাউথ কেন্সিংটন, লণ্ডন, এস ডব্লিউ

(৬৬) গৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্
১৩।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা

(৬৭) গৌড়ীয়মঠ অফিস
চিটরোড রোড, পাটনা (ইউ-পি)

(৬৮) শ্রীবিদ্যানিধি গৌড়ীয়মঠাশ্রম
নন্দনকানন, চট্টগ্রাম

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে শ্রীবনগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীমহানন্দ ব্রহ্মচারী ভক্ত্যালোক, ভক্তিশাস্ত্রী কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও ২য় দিনের জন্য	সংবাদের পৃষ্ঠায় পরবর্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও ২য় দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় পরবর্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	।০	৶০	।৶০	
" " ইঞ্চি	২৲		১।০	১৲
সিকিকলম	৫৲	৪০		৩৲
অর্দ্ধকলম	৮৲	৭৲	৭৲	৫৲
এক কলম	১২৲	১০৲	১০৲	

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিবারে প্রতি ইঞ্চি	৩৲	৩।০
" সিকি কলম	১৩৲	১২৲
" অর্দ্ধকলম	২৪৲	১৮৲
" এক কলম	৩৬৲	৩৩৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুল সহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৸০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা /৩ ; বিশেষ সংখ্যার মূল্য স্বতন্ত্র

শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী

——::(•)::——

প্রভুপাদের চতুঃষষ্টিবর্ষপূর্ত্ত্যাবির্ভাব-তিথিতে শ্রীল আচার্য্যদেবের অভীষ্টানুসারে "শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী" প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। ইহাতে পূর্ব্বার্দ্ধ ও উত্তরার্দ্ধ দুইটি বিভাগ আছে। পূর্ব্বার্দ্ধে শ্রীল প্রভুপাদের আদি-প্রবন্ধাবলী শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের সম্পাদিত 'স-পক্ষিনী সজ্জনতোষণী,' শ্রীল প্রভুপাদের 'নিবেদন' সাপ্তাহিক পত্র প্রভৃতি হইতে যথাযথ ও প্রয়োজনীয় অর্থের টীকা-সহ প্রকাশিত হইয়াছে। উত্তরার্দ্ধে শ্রীল প্রভুপাদের সম্পাদিত 'সজ্জনতোষণী'র কতিপয় প্রবন্ধ যথাযথ প্রবৃত্তির সহিত মুদ্রিত হইয়াছে। প্রবন্ধগুলি রচনাকালের ক্রমানুসারে গ্রথিত হইয়াছে; এতদ্ব্যতীত শ্রীল আচার্য্যদেবের একটি মূল্যবান্ উপোদ্ঘাত ও সঙ্কলনকারীর একটি বিস্তৃত ভূমিকা, শব্দ-সূচী, স্থান-পাত্র-শ্লোক ও পয়ার-সূচী প্রভৃতি গ্রন্থে সংযোজিত হইয়াছে। গ্রন্থটি উৎকৃষ্ট কাগজে পারিপাট্যের সহিত মুদ্রিত ও শ্রীল প্রভুপাদের আলেখ্যাদিদ্বারা ভূষিত ও সুন্দর বাঁধাই হইয়া প্রকাশিত হইয়াছে। প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, জিলা নদীয়া; শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ও শ্রীমাধবগৌড়ীয়মঠ, বাবিবা, পোঃ ওয়ারী, ঢাকা।

শ্রীল প্রভুপাদের পদ্মপ্রসূন মালা

এই গ্রন্থে ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তি-সিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের রচিত পত্রাবলী শ্রীল আচার্য্যদেবের বিরচিত "সৌরভ" নামক ভাষ্যের সহিত প্রকাশিত হইয়াছে। শ্রীল প্রভুপাদের অনেক অপ্রকাশিত পত্র ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ।০ আট আনা।

শ্রীধাম-মায়াপুরে

——/:০:/——

—ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান স্বাস্থ্যকর—সরকার সাহায্যপ্রাপ্ত, বিদ্যালয় ও বোর্ডিং এর পরিবেশ শোভা। শিক্ষকগণ সুযোগ্য ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। আহার ও বেতনসমেত প্রতি মাসে মাত্র ৬৲ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। বর্ত্তমান বর্ষে ১৬ জন বালকের মধ্যে ১৫ জন ভালভাবে উত্তীর্ণ হইয়াছে।

মেধাবী ছাত্রগণের আরও সুবিধা

পরীক্ষায় যাহারা শতকরা ৭৫ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ সচ্চরিত্র বিনয়ী ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক-সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতিসুন্দরভাবে আলোচিত হইয়াছে। এই এক অপূর্ব্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

——

শ্রীচৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত অতিসুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত ইহার ভিক্ষা মাত্র ৪৲ টাকা। প্রাপ্তিস্থান শ্রীযুক্ত নন্দকিশোর ভক্তিশাস্ত্রী, শ্রীযোগপীঠ, ঈশোদ্যান, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীসরস্বতী-সংলাপ

প্রথম খণ্ড

শ্রীশ্রীব্রহ্মমাধ্ব গৌড়ীয়সম্প্রদায়ৈকসংরক্ষক জগদ্গুরু পরমহংসকুলচূড়ামণি নিত্যলীলা-প্রবিষ্ট ১০৮শ্রী শ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামি-প্রভুপাদ বিভিন্ন জিজ্ঞাসু ও শুশ্রূষু সজ্জনবৃন্দের পরিপ্রশ্নোত্তরে ও সন্দেহ-নিরাকরণকল্পে যে-সকল শুদ্ধভক্তিসিদ্ধান্তবাণী কীর্ত্তন করিয়াছেন, যাহা তাঁহার প্রকটকালেই 'গৌড়ীয়'-সম্পাদক শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ প্রভুপাদেরই শ্রীহস্তে সংশোধিত করাইয়া রাখিয়াছিলেন এবং যাহার কিয়দংশ গৌড়ীয়পত্রে প্রকাশিত হইয়াছে, তাহা "শ্রীশ্রীসরস্বতী-সংলাপ" নাম ধারণপূর্ব্বক শ্রীল প্রভুপাদের 'বক্তৃতাবলী' ও 'পত্রাবলী' আকারে খণ্ডে খণ্ডে প্রকাশিত হইতেছেন। বর্ত্তমানে শ্রীল প্রভুপাদের প্রথমবার্ষিক বিরহতিথিপূজা-বাসরে ঐ গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছেন। মানবজীবনের বহু অমীমাংসিত সমস্যা ও জটিল প্রশ্নের সমাধান ইহাতে পাওয়া যাইবে। ভক্তিপথের পথিকমাত্রেরই এই গ্রন্থ সংগ্রহ একান্ত প্রয়োজন।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক র‍্যাভেন্‌শা কলেজের ইংরাজীর প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপদেশক পারঙ্গত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী সম্প্রদায়-বৈভবাচার্য্য এম্-এ মহোদয়ের গবেষণাপূর্ণ এবং পরিপক্ক লেখনীর অদ্ভুত বল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত-পাঠে মগ্ন হউন। এই বিরাট, অতীব ও অনবদ্য গ্রন্থ মনোরম ও বিচিত্র চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় দর্শনের সহিত তুলনা-মূলে শ্রীমন্মহাপ্রভুর শিক্ষার সম্যক আলোচনা। প্রথম খণ্ড ৩০টি অধ্যায়ে প্রায় ৭০০ পৃষ্ঠা ব্যাপী। ওঁবিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকার ভূমিকাদ্বয় (Prefaces), বিষয়-তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে শব্দসূচী ও সূচীপত্র (Index Glossary) ১ম খণ্ডখানি প্রকাশিত। ভিক্ষা—২৫, পঁচিশ টাকা। প্রাপ্তিস্থান—[illegible] গৌড়ীয়মঠ, [illegible]; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম মায়াপুর জেলা—নদীয়া।

'ঠাকুর ভক্তিবিনোদ'

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি-প্রচারের মূল মহাজন সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অপূর্ব্ব জীবনচরিত এতাবৎকাল সাধারণভাবে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয়মঠাচার্য্যবর্য্যের অনুজ্ঞায় পারমার্থিক সাপ্তাহিক "গৌড়ীয়" সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু মূল্যবান শিক্ষাবলীও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১২৪ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৮০ আনা; ডাক মাশুল স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান—ম্যানেজার গ্রন্থবিভাগ

শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। সুবিখ্যাত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু গ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১৩৪নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের



ম্যালেরিয়া প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু, পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাটতি অত্যন্ত অধিক। পিলে প্লীহা সংযুক্ত কালাজ্বর এবং নূতন ও পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। মূল্য ছোট বোতল ৸৵০ দশ আনা, বড় বোতল ১৵০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র

১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা
অথবা
পোঃ বেহালা, ২৪ পরগণা

ই. বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	৪-৩৬	৬ ২৬	৭-০৬	১২-২৬	১৪-৫৬	১৬-৫৬	১৭-৫৬	২২-২৬
রাণাঘাট পৌঃ			৮-১৮	১৪-১৫				
(বদল) ছাঃ			৯-৩৪	১৪-৫০				
কৃষ্ণনগর পৌঃ	৭-১	৮-৪৫	১০-৮	১৫-২৩	১৭-২৮	১৯-০৮	২০-১৩	১-১৫
(বদল) ছাঃ	৭-১২		১০-৩১		১৭-৩৮		২০-২৬	
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫১		১১-১০		১৮-১৬		২১-৪	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬	
রাণাঘাট পৌঃ	১২-৫৫	
ছাঃ	১৩-০	
শান্তিপুর পৌঃ	১৩-২৬	
(বদল) ছাঃ	১৩-৩১	(লাইট্ রেলওয়ে
কৃষ্ণনগর পৌঃ	১৪-১৯	
ছাঃ	১৪-৩০	
নবদ্বীপঘাট পৌঃ	১৫-১০	

ডাউন

নবদ্বীপঘাট ছাঃ	৫ ৪৪		৯-১০		১৩-৩১	১৬-০	১৮-৩১	
কৃষ্ণনগর পৌঃ	৬ ২৩	৯-১৬	৯-৪৮	১১-৪১	১৪-১০	১৬-৩৮	১৯-১১	২১-১০
ছাঃ	৬-৩৬	৭-১৮	১০-১১			১৬-৫৬	১৯-২৫	
রাণাঘাট পৌঃ			১০-৪৬			১৭-৩০		
(বদল) ছাঃ			১১-১			১৭-৪০		
কলিকাতা পৌঃ	৮-১৬	৯-২১	১১-৫১	১২-১৬	১৪-১৬	১৯-১১	২১-৪১	২৩-৩৭

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৩-৩১	১৬-০		
কৃষ্ণনগর পৌঃ	১৪-১০	১৬-৩৮		
ছাঃ	১৫-২৮	১৭-৩৪		
শান্তিপুর পৌঃ	১৬-৯	১৮-১৪		
(বদল) ছাঃ	১৬-৩৩	১৮-২৫	(শনিবার ভিন্ন)	২০-৪০ (শনিবার)
রাণাঘাট পৌঃ	১৭-১০	১৮-৫০		২১-১৫
(বদল) ছাঃ	১৭-৪৩	১৯-১৪		২১-৫০
কলিকাতা পৌঃ	১৯-১১	২০-৪০		২৩-৩৭

পোঃ—শ্রীমায়াপুর
টেলিগ্রাম—শ্রীধাম
শ্রীমায়াপুর

REGD NO C 1544

দৈনিক নদীয়াপ্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৪শ খণ্ড] শ্রীমায়াপুর— ১৫ই জ্যৈষ্ঠ, ১৩৪৬, ২৯শে মে, ১৯৩৯, সোমবার [৭৬শ সংখ্যা

বিবিধ সংবাদ

সুভাষ বাবুর মনোনয়নের প্রতিবাদ

কর্পোরেশনের বিভিন্ন কমিটি নিয়োগ ব্যাপারে শ্রীযুক্ত সুভাষচন্দ্র বসুর সিদ্ধান্তের প্রতিবাদে মিঃ জি সি ঘোষ; সৈয়দ জালালুদ্দিন হাসেমী, সৈয়দ বদিরুদ্দোজা এবং দেবজীবন ব্যানার্জি ইঁহারা সুভাষ বাবু কর্ত্তৃক যে সকল কমিটির সদস্য মনোনীত হইয়াছিলেন তাহা হইতে পদত্যাগ করিয়াছেন।

শ্রীযুক্ত সুভাষবাবুর মনোনয়ন অনুসারে বিভিন্ন কমিটির নির্ব্বাচন নাকচ করিয়া উক্ত কমিটির পুনর্গঠন করা হউক, এই দাবী করিয়া উক্ত চারজন এবং অপর চারজন সদস্য মেয়রের নিকট রিকুইজিশন পাঠাইয়াছেন।

কংগ্রেস মিউনিসিপ্যাল এসোসিয়েশনের সম্পাদক কুমার বিশ্বনাথ রায় কর্পোরেশনের সদস্য পদ ত্যাগ করিয়াছেন। পদত্যাগের কারণ এখনও সঠিকভাবে জানা যায় নাই।

ইঙ্গ-সোভিয়েট চুক্তি

কমন্স সভায় ইঙ্গ-সোভিয়েট চুক্তি সম্পর্কে মিঃ এটলীর এক প্রশ্নের উত্তরে প্রধান মন্ত্রী মিঃ নেভিল চেম্বারলেন বলেন যে, জেনেভা যাত্রার পথে লর্ড হ্যালিফ্যাক্স প্যারিসে ফরাসী মন্ত্রীদের সহিত আলোচনা করিতে সক্ষম হইয়াছিলেন বলিয়া কমন্স সভার সভ্যগণ অবগত আছেন। অতঃপর লর্ড হ্যালিফ্যাক্স জেনেভায় থাকা কালীন আলোচনা চালান। লণ্ডনে সোভিয়েট রাষ্ট্রদূতের সহিত প্রথমে এই আলোচনা সুরু হয়। এই সব আলোচনার ফলে ইঙ্গ-সোভিয়েট চুক্তির অনুকূল যাবতীয় বিষয় সুস্পষ্ট হইয়া উঠিয়াছে এবং আমার দৃঢ় বিশ্বাস এই যে, ইঙ্গ-সোভিয়েট চুক্তি সংক্রান্ত মূল বিষয় সম্পর্কে ব্রিটিশ গবর্ণমেণ্ট যে সব প্রস্তাব করিতে মনস্থ করিয়াছেন তাহার ফলে যথাসত্বর একটা চুক্তি সম্পাদন করা সম্ভবপর হইবে। তবে আরও কতকগুলি বিষয় সম্পর্কে আমাদের ধারণা সুস্পষ্ট করিবার প্রয়োজন হইবে, কিন্তু এতদ্বারা কোনপ্রকার গুরুতর বাধার সৃষ্টি হইবে বলিয়া আমার মনে হয় না।

লণ্ডনে চেকদের যে জাতীয় সম্পত্তি আছে তৎসম্পর্কে একটি প্রশ্নের উত্তর দিতে গিয়া প্রধান মন্ত্রী বলেন যে, এই সম্পর্কে যথেষ্ট আলোচনা হইয়া গিয়াছে কিন্তু এতদ্বারা জার্মাণী কর্ত্তৃক বোহেমিয়া ও মোরাভিয়া গ্রাস কার্য্যতঃ স্বীকার করিয়া লওয়া হইয়াছে বলিয়া বুঝাইতেছে না।

মিঃ ম্যাক্সটন কমন্স সভার সদস্যদের সহিত প্রথমে পরামর্শ না করিয়া বোহেমিয়া ও মোরাভিয়া গ্রাস কার্য্যতঃ স্বীকার করা হইবে না বলিয়া প্রতিশ্রুতি দিতে অনুরোধ করেন। উত্তরে প্রধান মন্ত্রী বলেন যে, তিনি এরূপ প্রতিশ্রুতি দিতে পারিবেন না। এই সময় সরকারবিরোধী দল হইতে তুমুল প্রতিবাদ ও আবার মিউনিক চুক্তির পুনরাভিনয় ধ্বনি উত্থিত হয়।

মিঃ এটলী—আমাদিগকে কি বুঝিতে হইবে যে, গবর্ণমেণ্ট চেকোস্লোভাকিয়ার বর্ত্তমান অবস্থাকে বাস্তবৈতিকভাবে স্বীকার করিয়া লইবার পরিকল্পনা করিতেছেন?

প্রধান মন্ত্রী—না, আমি তাহা বলিতেছি না। আমি বলিয়াছি যে, আমি প্রতিশ্রুতি দিতে পারিব না; কারণ প্রচলিত প্রথানুযায়ী এরূপ প্রতিশ্রুতি দেওয়া হয় না।

মিঃ এটলী বলেন যে, প্রধান মন্ত্রীর উত্তর সন্তোষজনক বলিয়া বিবেচিত না হওয়ায় তিনি এই বিষয় আলোচনার জন্য অবিলম্বে একটি মুলতুবী প্রস্তাব উপস্থিত করিবেন।

উড়িষ্যা সরকারের প্রশংসনীয় উদ্যম

প্রদেশের নিরক্ষরতা দূরীকরণকল্পে উড়িষ্যা গবর্ণমেণ্ট এক ব্যাপক পরিকল্পনা করিয়াছেন।

প্রকাশ, গবর্ণমেণ্ট সরকারী ও বে-সরকারী সদস্য লইয়া এই উদ্দেশ্যে একটি প্রাদেশিক কমিটি নিয়োগের প্রস্তাব করিয়াছেন। শিক্ষামন্ত্রী মাননীয় শ্রীযুত বোধরাম দুবে এই কমিটির চেয়ারম্যান হইবেন। এই উদ্দেশ্যে জেলা কমিটিও গঠিত হইবে।

প্রথমে প্রত্যেক জেলায় দুই স্থানে এই কার্য্য আরম্ভ করার সিদ্ধান্ত হইয়াছে। ইহাদের একটি কেন্দ্র জেলার অভ্যন্তরভাগে এবং অপরটি জেলার সদরের নিকটবর্ত্তী হইবে। এই কেন্দ্রগুলি কমিটির প্রত্যক্ষ পরিচালনাধীন হইবে। গবর্ণমেণ্টের অভিমত এই যে, জনসাধারণের সাহায্য ভিন্ন কেবল সরকারী প্রচেষ্টায় এই পরিকল্পনা সাফল্যমণ্ডিত হইতে পারে না। এই হেতু গবর্ণমেণ্ট বে-সরকারী প্রতিষ্ঠানকে বিনামূল্যে চার্ট ইত্যাদি পাঠাইতে সিদ্ধান্ত করিয়াছেন।

প্রত্যেক শিক্ষিত ব্যক্তির লেখাপড়ার সুবিধার জন্য গবর্ণমেণ্ট প্রদেশের সর্ব্বত্র ভ্রাম্যমান লাইব্রেরী করার সিদ্ধান্ত করিয়াছেন।

৬ বৎসরের মধ্যে প্রদেশের প্রত্যেক নিরক্ষরকে শিক্ষিত করিতে পারিবেন বলিয়া সরকার আশা করেন। বর্ত্তমানে উড়িষ্যায় শিক্ষিতের হার শতকরা ছয় জন।

মহাকোশল প্রাদেশিক হিন্দু সম্মেলন

মহাকোশল প্রাদেশিক হিন্দু সম্মেলনের অভ্যর্থনা সমিতির এক সভায় ডাঃ জ্ঞানসুন্দর ভার্গব সভাপতি, শ্রীযুক্ত ভি কে আঙ্খি সাধারণ সম্পাদক ও লালা রাধামোহন আগরওয়ালা কোষাধ্যক্ষ নির্ব্বাচিত হইয়াছেন। এতদ্ব্যতীত এই সভায় পাঁচজন সহকারী সভাপতি এবং বোলজন বিভাগীয় সম্পাদকও নির্ব্বাচিত হইয়াছেন। কার্য্যকরী সমিতিতে স্থানীয় মিউনিসিপ্যাল কমিশনারগণ ও মিউনিসিপ্যাল কমিটীর স্থায়ী সেক্রেটারী-সহ মোট ৬৮জন সদস্য আছেন।

সভায় আরও স্থির হইয়াছে যে, প্রতিনিধি ও দর্শকগণের নিকট হইতে নিম্নলিখিত হারে চাঁদা আদায় করা হইবে— প্রতিনিধিগণের চাঁদা ১৲, বিশিষ্ট দর্শকগণ ৩৲ টাকা বা ততোধিক, প্রথম শ্রেণীর দর্শক—২৲ টাকা দ্বিতীয় শ্রেণীর দর্শক ১৲ টাকা ও তৃতীয় শ্রেণীর দর্শক ।৹ আনা।

ভক্তের অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক। প্রতি একাদশীতে প্রকাশিত হয়। কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। সডাক ভিক্ষা ৩।০ টাকা মাত্র।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৷০ টাকা মাত্র।

৩। ভাগবত—হিন্দীভাষায় একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৪। পরমার্থী—শ্রীযুক্ত বৈকুণ্ঠনাথ মহোদয় সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ টাকা মাত্র

৫। শ্রীগৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ মাত্র।

পরমগুরু শ্রীগৌরকিশোর

গৌড়ীয়-সম্পাদক-লিখিত, শ্রীগৌড়ীয়মঠাচার্য্যের ভূমিকা-সম্বলিত, বহুচিত্র শোভিত ও বিষয় সূচী সমন্বিত "পরমগুরু শ্রীগৌরকিশোর" গ্রন্থখানি প্রকাশিত হইয়াছেন। এই গ্রন্থখানিতে শুদ্ধগৌড়ীয়বৈষ্ণবগণের পরমারাধ্য, গৌড়ীয়গৌরবশিরোমণি অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ নিত্যলীলাপ্রবিষ্ট পরমহংস ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল গৌরকিশোরদাস গোস্বামী প্রভুবরের অপূর্ব্ব চরিতকথা বর্ণিত আছে।

শ্রীশ্রীভক্তিবিনোদাবির্ভাব-শতবর্ষপূর্ত্তিতিথিপূজার উপায়ন-গ্রন্থমালা

—— . ・)::——

১। গীতিসাহিত্যে শ্রীভক্তিবিনোদ

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র গীতিসাহিত্যের সমালোচনা-গ্রন্থ)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

২। শ্রীভক্তিবিনোদবাণীবৈভব

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের রচনামৃতসাগর হইতে আহৃত ১০৮টি অধ্যায়ে সম্বন্ধ অভিধেয়-প্রয়োজনাকারে গুম্ফিত অমূল্য উপদেশপূর্ণ গ্রন্থ)

ভিক্ষা—৩৲ তিন টাকা মাত্র।

৩। শ্রীশ্রীভক্তিবিনোদ-প্রসঙ্গ

ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ ও ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামীপ্রভু-বিরচিত এবং গৌড়ীয়ে প্রকাশিত শ্রীশ্রীভক্তিবিনোদ-চরিত-প্রসঙ্গ

ভিক্ষা—।৵০ ছয় আনা মাত্র।

৪। ছাত্রদের ভক্তিবিনোদ

(ছাত্রদের উপযোগী ভাষায় লিখিত শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্র ও শিক্ষা)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

(ছাত্রদের পক্ষে ভিক্ষা—।০ আট আনা মাত্র)

প্রাপ্তিস্থান :—

(১) 'ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট', পোঃ শ্রীমায়াপুর, নদীয়া ;

(২) শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ;

(৩) শ্রীযুক্ত সুধাংশুরঞ্জন দাস এম্-এ, বি-এল্, পুরাণপল্টন পোঃ রমনা, ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১।	শ্রীমদ্ভাগবতম্,—সমগ্র	৪০৲
	প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত —	২৮৲
	দশম স্কন্ধ—	৯৲
২।	ভাষ্যসহ বিরাট শ্রীচৈতন্যভাগবত (অধীনা)	৬৲
৩।	ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত	৬
৪।	সরস্বতী-জয়শ্রী (অধীনা)	৪৲
৫।	শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী	
	১ম খণ্ড ৸০ ; ২য় খণ্ড ১৲ ; ৩য় খণ্ড—৸০ ৪র্থ খণ্ড—৸০	
৬।	শ্রীল প্রভুপাদের পত্রাবলী	
	১ম খণ্ড—৸০ ; ২য় খণ্ড—১৲ ; ৩য় খণ্ড—৸	
৭।	শ্রীচৈতন্যদেব	১৲
৮।	সৎক্রিয়াসার দীপিকা ও সংস্কার দীপিকা	১।০
৯।	বৈষ্ণবধর্ম	২৲
১০।	গৌড়ীয়-কণ্ঠহার	৪৲
১১।	শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা)	২৲
১২।	শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা)	১৲
১৩।	হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ)	৸০
১৪।	সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ)	।০
১৫।	বৈষ্ণবসাহিত্যে বিষয়-তত্ত্ব	।০
১৬।	ব্রাহ্মণ ও বৈষ্ণব	৸০
১৭।	চৈতন্যোপনিষৎ	।০
১৮।	বাংলা-আন্দোলন	।০
১৯।	অর্চ্চনপদ্ধতি	।০
২০।	গৌড়ীয়-গৌরব	।৵০
২১।	গৌড়ীয়সংহিতা	।৵০
২২	প্রবন্ধ গুচ্ছ	।০
২৩।	শ্রীচৈতন্যভাগবতম্ ও শ্রীনবদ্বীপশতক (বাঁধা)	১৲
২৪।	গীতা (শ্রীবলদেব-টীকা সহ)	২৲
২৫।	গীতা (চক্রবর্ত্তি টীকাসহ) অধীনা)	২৲ / ১৲
২৬।	গীতার কেমন মানে তাহা	৸০
২৭।	প্রাকৃতরসশতদূষণী (অনুবাদ)	২৲
২৮।	বেদান্তসূত্র (অনুবাদ)	।০
২৯।	প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা)	৸০
৩০।	দীপ-দিগ্‌-দর্শন	৵০
৩১।	সাধনপথ (তৃতীয়-সংস্করণ)	।৵০
৩২।	গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা)	।০
৩৩।	নবদ্বীপধাম-গ্রন্থমালা	৸০
৩৪।	ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা)	৵০
৩৫।	গীতমালা	৴১০
৩৬।	নবদ্বীপধাম মাহাত্ম্য	৵০
৩৭।	ঐ প্রমাণ-খণ্ড	৵০
৩৮।	শ্রীনবদ্বীপভাবতরঙ্গ	।০
৩৯।	শ্রীগৌড়মণ্ডলপরিক্রমা	।০
৪০।	শরণাগতি	৴০
৪১।	গীতাবলী	৴০
৪২।	শ্রীব্রজমণ্ডল পরিক্রমা	৸০
৪৩।	সাধনতত্ত্ব	৴০
৪৪।	প্রেমভক্তিচন্দ্রিকা	৴
৪৫।	নবদ্বীপশতক	
৪৬।	অর্চ্চনপদ্ধতি	
৪৭।	সদাচারস্মৃতিঃ	৩৴
৪৮।	কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ)	৴১০
৪৯।	অর্চ্চনদর্পণ	৴১০
৫০।	বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম ও ২য় খণ্ড)	৬৲
৫১।	ব্রহ্মসংহিতা	।০
৫২।	মণিমঞ্জরী (অনুবাদ)	।০
৫৩।	গৌরকৃষ্ণোদয়ঃ	৸০
৫৪।	পুরুষার্থ-বিনির্ণয়	।০
৫৫।	ভক্তবৃত্তাবলী বা আবাধনাপদ্ধতি	।০
৫৬	ভারতবর্ষ ও বৈষ্ণব	৵০
৫৭।	ঈশোপনিষৎ (অনুবাদিত)	।০
৫৮।	শ্রীকৃষ্ণবেদ	৵০
৫৯।	শিক্ষাষ্টকম্	৵০
৬০।	সাংখ্যবাণী	৴০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১।	শ্রীচৈতন্যলীলামৃতসারঃ	।০
৬২।	সিদ্ধান্ত সরস্বতী বিবিক্তঃ	।০
৬৩।	সটীক-শিক্ষাষ্টকম্	।০
৬৪।	চতুষ্টয়ম্	।০
৬৫।	সাত্বত শিক্ষাষ্টকম্	৵০
৬৬।	গৌড়ীয়মঠস্তবপরিচয়	৴০
৬৭।	সারাৎসারনির্ণয়	৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮।	রায় রামানন্দ	।০
৬৯।	এ ফিউ ওয়ার্ডস অন বেদান্ত	।০
৭০।	নামভজন	৴০
৭১।	বেদান্ত—ইটস মরফলজী অ্যাণ্ড অন্টলজি	।০
৭২।	সিলেক্টেড ওয়ার্কস	।৵০
৭৩।	লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস অব শ্রীচৈতন্য মহাপ্রভু	।০
৭৪।	বৈষ্ণবীজম	।০
৭৫।	কোয়াট গৌড়ীয়মঠ ইজ ডুইং	৴০
৭৬।	দি ভাগবত	।০
৭৭।	ইরোটিক প্রিন্সিপাল অ্যাণ্ড আনরালোয়েড ডিভোশন	।০
৭৮।	ব্রহ্মসংহিতা	২।০
৭৯।	শ্রীকৃষ্ণচৈতন্য (প্রথম খণ্ড)	১২৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০।	শ্রীহরিনামচিন্তামণি	।০
৮১।	সাধন-পথ	।০
৮২।	কল্যাণ-কল্পতরু	৵০
৮৩।	গীতাবলী	৴০
৮৪।	শরণাগতি	৴০

আসামী ভাষায় প্রকাশিত

৮৫।	শরণাগতি	৴

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬।	শ্রীচৈতন্যশিক্ষামৃত	৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

জ্যৈষ্ঠ ... ১৩৪০ ...

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

একমাত্র পারমার্থিক দৈনিক পত্র

শ্রীধাম-মায়াপুর-নদীয়া

১৭শ বর্ষ | ১৬ ত্রিবিক্রম ৪৪৫ গৌরাব্দ, ১৫ই জ্যৈষ্ঠ বঙ্গাব্দ ১৩৩৮, ২৯শে মে ইং ১৯৩১, সোমবার | ৭৬শ সংখ্যা

সাময়িক-প্রসঙ্গ

হাওড়ায় প্রচার

শ্রীশ্রীবিশ্ববৈষ্ণবরাজসভার অন্যতম প্রচারক ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিবৈভব সাগর মহারাজ কতিপয় ব্রহ্মচারী সহ গত ৩০শে বৈশাখ ১৩ই মে রবিবার দিবস শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রচারার্থে বহির্গত হইয়া হাওড়া জেলার অন্তর্গত কাহুপাট গ্রামনিবাসী শ্রীযুক্ত বিজয়চন্দ্র মণ্ডল মহাশয়ের সাদর আহ্বানে তাঁহার বাটীতে শুভাগমন করেন। ঐ দিবস শ্রীযুত জীবনকৃষ্ণ পাহাল মহাশয়ের বহির্বাটীতে রাত্রি ৮।০ ঘটিকা হইতে ১১ ঘটিকা পর্য্যন্ত শ্রীমদ্ভাগবত হইতে পুরঞ্জনোপাখ্যান পাঠ ও ব্যাখ্যা হয়। পাঠের আদি ও অন্তে মহাজনপদাবলী কীর্ত্তন হয়। শতাধিক লোক তথায় উপস্থিত ছিলেন।

১লা জ্যৈষ্ঠ ১৫ই মে সোমবার দিবস কাহুপাট ধর্মতলায় স্বামীজী মহারাজ "শ্রীচৈতন্যদেব ও তাঁহার দান" সম্বন্ধে তিন ঘণ্টাকাল বক্তৃতা করেন। সভায় তিন শতাধিক লোক উপস্থিত ছিলেন।

২রা জ্যৈষ্ঠ ১৬ই মে মঙ্গলবার দিবস স্বামীজী পূর্ব্বোক্ত ধর্মতলায় "সাধু ও ভগবদ্" সম্বন্ধে একটী সারগর্ভ বক্তৃতা প্রদান করেন।

৩রা জ্যৈষ্ঠ বুধবার দিবস স্বামীজী তথায় পুনরায় শ্রীমদ্ভাগবত পাঠ ও ব্যাখ্যা করেন।

৪ঠা জ্যৈষ্ঠ ১৮ই মে স্বামীজী বেণীপুর-গ্রামনিবাসী শ্রীযুত সুরেন্দ্রনাথ দাসাধিকারী মহাশয়ের সাদর আহ্বানে তাঁহার বাটীতে গমন করেন এবং ঐ দিবস রাত্রি ৭।০ ঘটিকা হইতে ৯।০ ঘটিকা পর্য্যন্ত ভবানীপুর বাজারে "শ্রীচৈতন্যদেব ও জীবে দয়া" সম্বন্ধে একটী সারগর্ভ বক্তৃতা প্রদান করেন। তথায় প্রায় চারিশত লোকের সমাগম হইয়াছিল। শ্রোতৃমণ্ডলীর মধ্যে বহু বিশিষ্ট ভদ্রলোক উপস্থিত ছিলেন। তাঁহাদের মধ্যে শ্রীযুত গোষ্ঠবিহারী পাল মহাশয়ের সেবাচেষ্টা প্রশংসনীয়।

শ্রীজগন্নাথগৌড়ীয়মঠে শ্রীকৃষ্ণের চন্দনযাত্রা-মহোৎসব

শ্রীজগন্নাথ-গৌড়ীয়মঠে গত অক্ষয়তৃতীয়া হইতে যুগাচার্য্য পরমহংস শ্রীশ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী মহারাজের আনুগত্যে শ্রীমঠের সেবকবৃন্দ শ্রীশ্রীকৃষ্ণের শ্রীঅঙ্গে সুগন্ধিযুক্ত চন্দন লেপনাদি আরম্ভ করিয়া ২১ দিন যাবৎ শ্রীমূর্ত্তির সেবন কার্য্য মহোৎসবমুখে উক্ত ব্রতোদযাপন করেন। শেষ দিবস শ্রীল মাধবেন্দ্র পুরীপাদের গোপীনাথের চন্দনলেপন-প্রসঙ্গ পাঠ হয় এবং সমাগত বহুব্যক্তিকে মহাপ্রসাদ প্রদান করা হয়।

শ্রীমঠে প্রত্যহই সকালে শ্রীচৈতন্যভাগবত, দ্বিপ্রহরে ইষ্টগোষ্ঠী ও সন্ধ্যায় শ্রীচৈতন্যচরিতামৃত নিয়মিতভাবে পাঠ ও কীর্ত্তন হইতেছে।

ময়মনসিংহে প্রচার

গত ৪ঠা জ্যৈষ্ঠ বৃহস্পতিবার গৌড়ীয়-সম্পাদক মহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ প্রভু ঢাকা হইতে ময়মনসিংহ শ্রীজগন্নাথ-গৌড়ীয়মঠে শুভাগমন করেন। শ্রীমঠে আসিয়াই মঠবাসী সেবকগণের নিকট হরিকথা কীর্ত্তন ও সেবা-কার্য্যের বিভিন্ন উপদেশ ও শ্রীশ্রীল আচার্য্যদেবের আনুগত্যে হরিভজন করিয়া জীবনযাপনের বিভিন্ন উপদেশ ও উৎসাহ প্রদান করেন। ঐ দিবস সন্ধ্যারাত্রিকের পর শ্রীমৎ বিদ্যাবিনোদ প্রভু সমাগত বহু শিক্ষিত সজ্জনের নিকট শ্রীচৈতন্যচরিতামৃত হইতে শ্রীসনাতনশিক্ষা পাঠ ও ব্যাখ্যা করিয়া সকলের চিত্তাকর্ষণ করেন।

শ্রীল ভক্তিসুধাকর প্রভুর পত্র

——::(•)::——

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

শ্রীগৌড়ীয়মঠ,
কলিকাতা,
১৬।৫।৩১

শ্রীশ্রীবৈষ্ণবচরণে দণ্ডবন্নতি পূর্ব্বক নিবেদন,—

• • •

তোমরা নির্ব্বিঘ্নে নিরাপদে পৌঁছিয়াছ জানিলাম। শ্রীগৌড়ীয় ও শ্রীনদীয়া-প্রকাশে যেরূপ উপদেশ পাওয়া যায়, দৃঢ়তার সহিত সেইরূপ আচরণে যত্নশীল হওয়া মঠবাসীগণের একমাত্র কর্ত্তব্য এবং সেইরূপ আদর্শ জীবন যাপন করিয়া শ্রীশ্রীল আচার্য্যপাদপদ্ম অনুক্ষণ স্মরণ করিয়া সোৎসাহে হরিকীর্ত্তনের নামই প্রচার। যিনি আত্মমঙ্গলপ্রয়াসী, তিনি প্রচার বা পরোপকার করিতে পারেন। লাভ-পূজা-প্রতিষ্ঠার কামনা লইয়া বহুদিন প্রচারাভিনয় বেশ করিলেও কিছুমাত্র আত্মমঙ্গল হয় না বা প্রচারের অভিজ্ঞতা অর্জ্জন করা যায় না। প্রচার মধ্যে থাকা প্রথম হইলেও আচার-প্রচারকার্য্য যুগপৎ করিতে পারিলে প্রথমাবস্থাতেও আশাতীত মঙ্গল হইতে পারে। নিজের মঙ্গল ও শ্রীভগবদ্দেবার প্রতিষ্ঠিত হইবার জন্য নিষ্কপট আর্ত্তি-সহকারে শ্রীল আচার্য্যপাদপদ্মে পুনঃ পুনঃ নিষ্কপটে সহকারে তাঁহার অপ্রাকৃত বাণীর তাৎপর্য্য অনুসন্ধানের জন্য শ্রবণ, অনুকীর্ত্তন ও স্মরণ অনুষ্ঠানই একমাত্র মুখ্য সদাচার।

তোমরা সকলে আমার দণ্ডবৎ জানিবে।

দাসাধম—
শ্রীনারায়ণদাস অধিকারী

ভ্রম-সংশোধন

৭৩ সংখ্যা নদীয়া-প্রকাশের ৩য় পৃষ্ঠার ১ম কলমের শেষ প্যারায় 'আন্তিক না হইলে সুবিধা যায় না' স্থলে 'আস্তিক না হইলে অসুবিধা যায় না'—এইরূপ হইবে।

"বৈষ্ণবের উপর 'প্রভুত্ব করিব', যাহাদের এই বিচার, তাহারা সর্ব্বাপেক্ষা অধিক পাষণ্ড। বৈষ্ণবের উপর প্রভুত্ব করিবার পিপাসা—কৃষ্ণ সাজিবার ইচ্ছা। একমাত্র কৃষ্ণই বৈষ্ণবের উপর প্রভুত্ব করিতে পারেন। কোন কোন পাষণ্ড গুরুদেবের উপর প্রভুত্ব অর্থাৎ 'গুরুদেব আমার order supplier, অর্থাৎ আমি যখনই যাহা বলিয়াছি তিনি তখনই তাহা শুনিয়াছেন'—এইরূপ বিচার করে। উহাদিগকে অন্য আশ্রয় বৈষ্ণবের বিসর্জ্জনীয় সম্প্রদায়ভুক্ত বলিয়া জানাইতে হইবে, তবে যদি উহাদের মঙ্গল হয়।"

(শ্রীল আচার্য্যদেব)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

২৩ ত্রিবিক্রম শনিবার সপ্তম গৌরাব্দ ৪৪৩

শ্রীভক্তিসিদ্ধান্তবাণী

——::(০)::——

কর্ম্মকাণ্ড সম্প্রদায় বাহ্য আচারে অত্যাগ্রহবিশিষ্ট। পুণ্যপুষ্করিণী খনন ও পবিত্র-তীর্থাদি গমনে তাঁদের কর্ম্মপরিক্রমা শেষ। কর্ম্মকাণ্ডীয় ও নির্ভেদ-জ্ঞানিসম্প্রদায় ভক্তির বিলোপ সাধন করবার জন্য যে বল-সংগ্রহ ক'রেছিলেন সেই বলকে হ্রাস ও দমন ক'রবার জন্য নৈষ্কর্ম্ম্যবাদপ্রচারকারী শ্রীগৌরসুন্দরের সেনাপতির আবশ্যক হ'য়েছিল। যে রাজনীতি সাধারণের খুব প্রয়োজনীয়, সেই রাজনীতিকে যাঁ'রা খুব ভাল ক'রে বুঝ্‌তেন—স্মৃতিগুলিকে (রাজনীতিসমূহকে) নিতান্ত অকর্ম্মণ্য ও বল-মূত্রের ন্যায় বিসর্জ্জন করবার জন্য যাঁদের হৃদয়ে অসাধারণ বল ছিল—শ্রীরূপসনাতন শ্রীমহাপ্রভুর সেই সেনাপতি-দ্বয়। শ্রীরূপ—সেনাপতি, রূপানুগগণ—সব সেনা। শ্রীদামোদর স্বরূপ—গৌড়ীয়ের ঈশ্বর, তাঁ'র নিকট হ'তে recruit ক'রে সব সেনা হ'বে, বিরুদ্ধ দলকে—অন্যাভিলাষী, কর্ম্মী, জ্ঞানী, যোগী সম্প্রদায়কে পরাজয় ক'রবার জন্য।

রূপানুগ সৈন্যের হাতে অন্য কোন অস্ত্র নাই—তাঁদের একমাত্র অস্ত্র—হরিনামসঙ্কীর্ত্তন। সেই সকল রূপানুগ সৈন্যের দ্বারা কিরূপ ব্যূহরচনা ক'রতে হ'বে, ভক্তি-বিদ্বেষী সম্প্রদায়সমূহের বিরুদ্ধে কিরূপ অভিযান করতে হ'বে এবং সেই সকল দুর্জ্জন হ'তে কিরূপে আত্মরক্ষা ক'রতে হ'বে তা'র প্রণালী শিক্ষা দিয়েছিলেন শ্রীগৌরসুন্দর—সেনাপতি শ্রীরূপগোস্বামী প্রভুকে প্রয়াগে শক্তিসঞ্চার ক'রে। সেই সেনাপতি গিয়ে পৌঁছেছিলেন শ্রীবৃন্দাবনে। সেনাপতি তাঁ'র সৈন্যগণের দ্বারা কি প্রকারে যুদ্ধ করিয়েছিলেন, সেই সকল বর্ণনা আলোচনা ক'রে আমরা ভক্তিরসামৃতসিন্ধু, উজ্জ্বলনীলমণি প্রভৃতি গ্রন্থে ভক্তিবিরোধী সম্প্রদায়ের বিচারের প্রতি গুলি ক'রতে পারব—অসদ্বুদ্ধি দমকামনা কর্ম্মাগ্রহ জ্ঞানাগ্রহ যোগাগ্রহ—সাধ্যাগ্রহ—নিরোধ—এ সকলের প্রতি গুলী করতে হ'বে।

শ্রীরূপ সেনাপতির অধীনে রূপানুগ সৈন্যগণ যেরূপ দুর্গের ব্যূহরচনা ক'রেছেন তা'তে এখনও দেখ্‌ছি শ্রীজীব-গোস্বামী প্রভুকে, তিনি রূপানুগ সৈন্য হয়ে সমস্ত অন্যায় বিচারগুলোকে, মায়াবাদী সম্প্রদায় যা' কিছু আট ঘাট বেঁধেছিল সবগুলিকে ছিন্ন ভিন্ন-বিচ্ছিন্ন ক'রে তা'দের সব আটকে রেখে দিয়েছেন। এখন আধ্যক্ষিকতায় নিজাম্ব করতে গিয়ে 'আরোহবাদী' সম্প্রদায় ভগবদ্ভক্তের প্রতি আক্রমণ করতে উদ্যত হ'য়েছিল, তখন শ্রীরূপ সনাতন সেনাপতিদ্বয়ের আজ্ঞা হ'য়েছিল নিজের সেনাসমূহের দ্বারা মানবজাতির চিন্তাস্রোতে যে মায়াবাদ-দানব এসে প'ড়েছিল তা'দেরকে ধ্বংস করা, অন্যাভিলাষ, জ্ঞান, কর্ম্ম ও 'আদি' বল্‌তে যোগ প্রভৃতি, অপ্রাপ্তবস্তু, নিরপেক্ষ, অহৈতুকী ভক্তির বাধক তত্তাবৎ যে কিছু কর্ম্ম বা প্রয়াস, সেই সকল অভক্তি মতবাদকে নিরাস ক'রে অনুকূল অহৈতুক কৃষ্ণানুশীলনের বিচার স্থাপন করা।

যে রূপের দ্বারা কৃষ্ণের সেবা করা যায়, তা' বর্ত্তমানে ঢাকা প'ড়েছে, উপাধির দ্বারা। একটা মানসিক উপাধি আর একটা শারীরিক উপাধি। সেই রূপের বিরোধী হওয়ায় কেহ অন্যাভিলাষী কর্ম্মী সেজেছি, কেউ জ্ঞানী সেজেছি। কখনও মনে কর্‌ছি—আমি মানবরূপ, কখনও মনে কর্‌ছি—আমি দেবতারূপ, কখনও মনে কর্‌ছি—আমি পশুপক্ষীপ্রেতাদি-রূপ, কখনও মনে কর্‌ছি—আমি ব্রাহ্মণাদি-রূপ, আমি সন্ন্যাসী প্রভৃতি রূপ। জাতরূপ, বর্ণ-রূপ, প্রতিষ্ঠারূপ আমার নিকট বরণীয়, লোভনীয় হ'চ্ছে। শ্রীগৌরসুন্দরের শ্রীরূপ যে রূপের কথা জানিয়েছেন সেই রূপ প্রাপ্ত হ'বার জন্য কি আমাদের একবারও লোভ হ'বে না ?

রূপানুগ সম্প্রদায় পরিত্যাগ ক'রে যাঁ'রা শ্রীচৈতন্যকে দর্শন করতে যান, তাঁ'দের দর্শন দুষ্কর প্রায়। তাঁ'দের প্রকৃত বা সম্যক্ শ্রীচৈতন্যদর্শন হয় না।

প্রেমবিভাবিত, সেবোন্মুখ, নিষ্কপট বৈষ্ণব দিয়ে শ্রীরূপ গোস্বামী প্রভুর পাদপদ্ম দর্শন হয়। ভজন, পূজন, সর্ব্বস্ব, উদ্দেশ্যবস্তু যখন শ্রীরূপ গোস্বামীর পাদপদ্ম হ'বে তখনই চৈতন্যকে পূর্ণভাবে দেখ্‌তে পাব। শ্রীরূপের পাদপদ্মে আমাদের প্রকৃত আশা আছে। বহির্জ্জগতের চিন্তাস্রোতে যখন আচ্ছন্ন হ'য়ে পড়ি, যখন কর্ম্মী হ'য়ে পড়ি, জ্ঞানী হ'য়ে পড়ি, অন্যাভিলাষী হ'য়ে পড়ি, তখনই শ্রীরূপ প্রভু আমাদের কাছ থেকে সেবাবিমুখ জেনে চ'লে যান।

আমাদের বড় আশা। নিত্যজীবনে যে আমাদের প্রাপ্য এত বড় আশা-ভরসা তা' কেবল শ্রীরূপের পাদপদ্ম। আমাদের আশাবন্ধ—শ্রীরূপের পাদপদ্ম, আমাদের আকাঙ্ক্ষা—শ্রীরূপের পাদপদ্ম, আমাদের লালসা—শ্রীরূপের পাদপদ্ম সেই আশালতিকা প্রস্ফুটিত হউক।

১৪শ বর্ষ | ৩০ ত্রিবিক্রম ৪৫৩ গৌরাব্দ, ১৯শে জ্যৈষ্ঠ বঙ্গাব্দ ১৩৪৬, ২রা জুন ইং ১৯৩৯, শুক্রবার | ৮০৭ সংখ্যা

সাময়িক-প্রসঙ্গ

শ্রীল আচার্য্যদেব

পরমারাধ্যতম পতিতপাবন শ্রীশ্রীল আচার্য্যদেব শ্রীচৈতন্যমঠে অবস্থান পূর্ব্বক নিরন্তর হরিকথা কীর্ত্তন করিতেছেন।

গত ২৮শে ও ২৯শে মে রবিবার ও সোমবার সন্ধ্যার পর শ্রীল আচার্য্যদেব শরণাগতের নির্ভীকতা ও স্বরূপ, গুরুকৃপা-লাভের উপায়, ভগবচ্চরণে সম্পূর্ণভাবে নির্ভরতা ব্যতীত গতি নাই, ভগবানই একমাত্র রক্ষাকর্ত্তা,—প্রভৃতি বহু বিষয় কীর্ত্তন করিয়া সকলের চিত্তাকর্ষণ করেন।

গত ২৯শে মে সোমবার মহোপদেশক পণ্ডিত শ্রীপাদ কিশোরীমোহন ভক্তিবান্ধব বি-এল, হেডমাষ্টার মহোদয় শ্রীচৈতন্যমঠে সন্ধ্যারাত্রিকের পর এক ঘণ্টাকাল শ্রীল আচার্য্যদেবের অপার দয়া ও অসমোর্দ্ধ মহিমার কথা কীর্ত্তন করিয়া সকলের আনন্দবর্দ্ধন করেন। পাঠের আদি ও অন্তে মহাজনপদাবলী কীর্ত্তন হয়।

হাজারিবাগে প্রচার

শ্রীশ্রীবিশ্ববৈষ্ণবরাজসভার অন্যতম প্রচারক ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিবৈভব সাগর মহারাজ কতিপয় ব্রহ্মচারী সহ হাজারিবাগে গমন পূর্ব্বক রায়বাহাদুর কে, সি 'সেন অবসরপ্রাপ্ত সুপারিন্টেণ্ডিং ইঞ্জিনিয়ার মহোদয়ের বাসভবনে অবস্থান করিয়া তথায় কিছুদিন যাবৎ মহাপ্রভুর কথা প্রচার করিয়াছেন। রায়বাহাদুর মহোদয় সপরিবারে ও সবান্ধবে স্বামীজীর নিকট হরিকথা শ্রবণ করিয়া পরমানন্দিত ও পরমোপকৃত হইয়াছেন। তাঁহাদের সেবাচেষ্টা ও শ্রবণাগ্রহ বিশেষ প্রশংসনীয়।

কলিকাতায় প্রচার

গত ২৮শে মে রবিবার মহোপদেশক পণ্ডিত শ্রীপাদ নবীনকৃষ্ণ বিদ্যালঙ্কার মহোদয় কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠের সারস্বত-শ্রবণ-সদনে "বৈষ্ণবসেবা ও জীবে দয়া" সম্বন্ধে রাত্রি ৮ ঘটিকা হইতে ১০ ঘটিকা পর্য্যন্ত একটী সারগর্ভ বক্তৃতা প্রদান করেন।

পণ্ডিতজী বক্তৃতায় 'সেবা' ও 'দয়া' শব্দে কি বুঝায়? 'বৈষ্ণব' ও 'জীব' এবং 'সেবা' ও 'দয়া'- এই দুই দুইটী শব্দের পার্থক্য; বৈষ্ণবের সম্বন্ধে 'সেবা' ও জীবের সম্বন্ধে 'দয়া' শব্দের প্রয়োগের সার্থকতা; বিষ্ণু ও বৈষ্ণবের পরিচয়; বিষ্ণু অপেক্ষা বৈষ্ণবের আরাধনা বা সেবার শ্রেষ্ঠতা; 'জীব সেবা' কথায় অযৌক্তিকতা; মায়াবদ্ধ জীবকে প্রভু, ঈশ্বর, নারায়ণ প্রভৃতি শব্দে অভিহিত করা শাস্ত্রবিরুদ্ধ পাষণ্ডতা; মায়াবদ্ধ জীবকে দরিদ্রনারায়ণ, চোরনারায়ণ, দস্যুনারায়ণ, লম্পটনারায়ণ, দরিদ্র নারায়ণ, কৃপণনারায়ণ, দুর্জ্জননারায়ণ প্রভৃতি শব্দে অভিহিত করিয়া তাহাদের সেবা বা ইন্দ্রিয়তৃপ্তিসাধনে সেব্যের ও সেবকের নিরয়-লাভ; শ্রীমদ্ভাগবতোক্ত যাহার ভক্তের দৃষ্টান্ত এ বিষয়ের বাস্তব প্রমাণ; সপার্ষদ মহাপ্রভু ও গৌড়ীয়মঠ কর্ত্তৃক শুদ্ধনামকীর্ত্তন-কারী গুরু-বৈষ্ণবের সেবা ও এইরূপ গুরু-বৈষ্ণবকর্ত্তৃক জীবকে নিরপরাধে নাম-গ্রহণ অর্থাৎ জীবকে কৃষ্ণ-সেবোন্মুখ করিয়া জীবে দয়ার আদর্শপ্রদর্শন; নামে রুচি, জীবে দয়া ও বৈষ্ণবসেবা—এই তিনটী পরম ধর্ম্মের কথা সপার্ষদ মহাপ্রভু ও গৌড়ীয়মঠ কর্ত্তৃক যথাযথরূপে আচরণ পূর্ব্বক প্রচার প্রভৃতি সম্বন্ধে বিশদরূপে শাস্ত্রযুক্তি দ্বারা আলোচনা করেন। সভায় বহু শিক্ষিত ভদ্রলোকের সমাগম হইয়াছিল। বক্তৃতার আদি ও অন্তে মহাজনপদাবলী ও মহামন্ত্র কীর্ত্তন হয়।

দিল্লীতে প্রচার

শ্রীব্যাসগৌড়ীয়মঠের অন্যতম সেবক শ্রীপাদ পূর্ণপ্রজ্ঞ ব্রহ্মচারী মহোদয় গত ১৯শে মে শ্রীযুত বসন্তকুমার দাস মহাশয়ের সাদর আহ্বানে কতিপয় ব্রহ্মচারী সহ রাত্রি ৮ ঘটিকার সময় তাঁহার ভবনে গমন করত শ্রীমদ্ভাগবত হইতে শ্রীঅম্বরীষ মহারাজের উপাখ্যান পাঠ ও ব্যাখ্যা করেন। ব্রহ্মচারীজীর পাঠ শ্রবণ করিয়া সমবেত শ্রোতৃমণ্ডলী বিশেষ আনন্দিত হন। পাঠের আদি ও অন্তে শ্রীপাদ কেশবানন্দ ব্রহ্মচারী ভক্তিনিশ্চয় মহোদয় মহাজনপদাবলী কীর্ত্তন করেন।

পুনর্মূষিকো ভব

(৫ম পৃষ্ঠার পর)

নাই। অতএব গুরু নিত্যানন্দ যে কোনও রূপে যে কোনও অবস্থায় নিজকে প্রকাশিত করিতে পারেন। আমরা মোহগ্রস্ত হইয়া তাঁহাকে উপেক্ষা করিলে আর নিস্তার নাই। আচার্য্যের সাক্ষাৎসঙ্গ চাই। অনর্থযুক্ত জীবের পক্ষে আচার্য্যের সাক্ষাৎসঙ্গ না পাওয়া বড়ই দুর্ভাগ্যের পরিচয়। বদ্ধজীব পদে পদে শাসিত, পদে পদে নিয়মিত না হইলে তাঁহার উন্নতির সম্ভাবনা কম। আহার-বিহার নিদ্রাতেই আছে। গুরুদেবের কৃপা করিয়া তাঁহার আশ্রিত আগন্তুকে রাখিয়া যান। বর্ত্তমান গৌড়ীয়মঠাচার্য্যদেবই সেই গুরুদেব। একমাত্র তিনিই জনে জনে কৃপা দিতে আসিয়াছেন। এই অভাবনীয় কার্য্যটী তিনি ব্যতীত আর কেহই করিতে সমর্থ নহেন। তাই তিনিই একমাত্র আমার ধারায় উদিত হয়েছেন। তিনি নিখিল বিশ্বব্রহ্মাণ্ডের গুরু। তাঁহার বিরোধী—সমস্ত কল্যাণের বিরোধী—সকল বিশ্ব-ব্রহ্মাণ্ডের বিরোধী—ইহা প্রভুপাদের কথা। তাঁহার কৃপা বিনা মূষিকগণ রূপ জীবকোটি ব্যাঘ্রসদৃশ বলবান্ হইতে পারে না। ব্যাঘ্রসদৃশ আবার যদি তাহাকেই বিনাশ করিতে উদ্যত হই, তাহা হইলে আমাদের ভাগ্যে 'পুনর্মূষিক' হওয়া ছাড়া আর কি উত্তম গতি আসিতে পারে?

সাধুবেশে পরিয়া কেহ ছাড়ান না যায়। সাধু-গুরু-কৃপা বিনা না দেখি উপায়।

"মনুষ্যগণের সার্থকতাই—গৌরভজনের স্পৃহা করা। মনুষ্যজন্মের একমাত্র প্রয়োজন—গৌর সুন্দরের ভজন। যাহারা উহা বুঝিতে পারে না, তাহারাই গৌরবিমুখ হইয়া নিজ অমঙ্গল আবাহন করে।"

(শ্রীল প্রভুপাদ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

৩০ ত্রিবিক্রম তিথি গর্ভোদশায়ী গৌরাব্দ ৪৫৩

একাকার করিতে হইবে না

——:(●):——

ভক্ত ও অভক্তকে এক মনে করা উচিত নয়। একজন প্রেমিক, একজন কামুক। বাহিরে দেখিতে একরূপ হইলেও উভয়ের মধ্যে আকাশ পাতাল পার্থক্য আছে। একজন নিজের জন্য ভাবিতেছেন, আর একজন করিতেছেন—কৃষ্ণের জন্য। একজন কৃপণের লোক, আর একজন মায়ার গোলাম। একজন কনক-কামিনী প্রতিষ্ঠাশী ভোগী আর একজন নামামৃতপানকারী—কৃষ্ণসুখান্বেষী। অতএব আমরা ভক্তের আচার বিচার সব সময় বুঝিতে না পারিয়া ভক্তপদে অপরাধ করিয়া বসি। সাধুসঙ্গই এই বিপদের হাত হইতে রক্ষা পাইবার একমাত্র উপায় সেইজন্যই বলিতেছি, সাধুসঙ্গ হইতে তফাৎ থাকিয়া নিজ অভিজ্ঞানকে সম্বল করিয়া সব একাকার করিতে হইবে না।

আধ্যক্ষিক আমরা অনেক সময় মহাভাগবতের কৃষ্ণসুখৈষণা বুঝিতে অসমর্থ হইয়া কুকার্যে আবদ্ধ সেই ভগবদ্ভক্তগণকে বহির্মুখ নিজ মনঃকল্পিত ক্ষুদ্র বিচার-বুদ্ধির মাপকাঠির ভিতর আনিয়া তুলিয়া দেখাইয়া বৈষ্ণবচরণে মহা অপরাধের আবাহন করিয়া ফেলি। আমার কোন দোষ দৃষ্ট ব্যক্তি মনে করেন যে, তাঁহারা নিজবুদ্ধিবলে অনাদি হইতে পূর্বাপর আচার্যগণের চরিত্র ও ভজন-প্রণালী সম্পূর্ণভাবে আয়ত্ত করিয়া উহার দ্বারা অপর মহাভাগবত বৈষ্ণবকে বা মহাভাগবতশিরোমণি বৈষ্ণবরাজ শ্রীগুরুদেবকেও বিচার করিয়া লইতে পারেন। এরূপ বুদ্ধি তাঁহাদের দুর্বৈবেরই পরিচায়ক। মহাভাগবতের চেষ্টা বা কার্য-কলাপ মাদৃশ অজ্ঞ ব্যক্তির অধিগম্য নহে। তাই শ্রীল বৃন্দাবনদাস ঠাকুর লিখিয়াছেন,—

অবোধ অন্যথা অধিকারীর ব্যবহার।
ইহা না বুঝিয়া নরঃ দেখি কিছু আর॥
অধিকারী বৈষ্ণবের না বুঝি ব্যবহার।
যে জন নিন্দয়ে তার নাহিক নিস্তার॥
অনন্তদেবের যে আচার যেন ধর্ম।
অধিকারী বৈষ্ণবেও করে তেন কর্ম॥
কৃষ্ণের কৃপায় ইহা জানিবারে পারে।
এ সব সংকট কেহ মরে, কেহ তরে॥

(চৈঃ ভাঃ)

মহাভাগবত বৈষ্ণব যাহা অভিলাষ করেন, তাহাই কৃষ্ণের অভিলষিত। যেটা প্রীতিকর, সেইটাই কৃষ্ণের প্রীতিকর। আর তাঁহার যেটা অপ্রীতিকর, সেইটা কৃষ্ণেরও অপ্রীতিকর। মহাভাগবত ভগবানে সম্পূর্ণভাবে শরণাগত। কৃষ্ণেচ্ছাপূর্তি ব্যতীত অন্য কোন স্বতন্ত্র ইচ্ছা তাঁহার নাই। তাঁহার ইচ্ছা কৃষ্ণের ইচ্ছার সহিত একসূত্রে গাঁথা। ঐকান্তিক শরণাগত ভক্ত কৃষ্ণের ইচ্ছার সহিত তাঁহার সমস্ত ইচ্ছা মিলাইয়াছেন, কৃষ্ণ তাঁহাকে আত্মসাৎ করিয়াছেন; সুতরাং ভক্তের চেষ্টা রুচিকর, কৃষ্ণেরও সেইটাই রুচিকর। তাঁহার যাহা ভাল লাগে, কৃষ্ণেরও সেইটা ভাল লাগে। ভক্ত যদি কখনও কৃপা করিয়া তাঁহার কোন বিশ্রম্ভ সেবকের নিকট কোন কিছু চান বা অমুকবস্তু আমার ভাল লাগে বলেন, তাহা হইলে বুঝিতে হইবে যে ঐ বস্তুটী কৃষ্ণ অভিলাষ করিয়াছেন।

ভগবান ও ভক্তের মধ্যে কোন প্রতিবন্ধক বা ব্যবধান নাই। অন্তর্যামী ভগবানের জন্য কাঁদিয়া অনুধাবনী মহাভাগবত বৈষ্ণবগণ ভগবানের অভিলষিত বস্তুর দ্বারা সাক্ষাদ্ভাবে ও সর্বতোভাবে তাঁহার সেবা করেন। এ যোগ্যতা আমাদের নাই। তাঁহাদের কৃপা হইলে যোগ্যতা লাভ করিয়া আমরা সেবা করিতে পারিব। সেইজন্যই বলিতেছি, সাধুর অনুগত হইয়া সাধুর অনুসরণ করিতে হইবে। নতুবা সাধুকে চিনিতে পারা যাইবে না। সাধু ও অসাধুকে একাকার মনে হইবে। মহাভাগবতের ভোগদর্শন সর্বত্রই তাঁহার কৃষ্ণস্ফূর্তি। প্রত্যেক বস্তুকেই তিনি কৃষ্ণসেবোপকরণ বলিয়াই জানেন, তাই তাঁহার প্রত্যেক বস্তুতেই কৃষ্ণ-উদ্দীপন হইয়া থাকে। কৃষ্ণ ভগবানরূপে প্রত্যেক অণু-পরমাণুতে ওতপ্রোতভাবে সর্বত্র সর্বক্ষণ বিরাজিত রহিয়াছেন, তথাপি আমাদের প্রকৃত দর্শনের অভাব নিবন্ধন কৃষ্ণকে সম্মুখে পাইয়াও উপলব্ধি করিতে পারিতেছি না, আমাদের প্রকৃত দর্শন হইতেছে না। কিন্তু মহাভাগবতের দর্শন সেবনদর্শন। কৃষ্ণদর্শন ছাড়া যাহা দর্শন, ভোগদর্শন বা ত্যাগদর্শন তাঁহার নাই। তিনি সাধারণ জীবের ন্যায় ভোক্তা সাজিয়া কোন বস্তু গ্রহণ করেন না, তাঁহার সর্বত্র কৃষ্ণভোগ্য-দর্শন—গুরুদর্শন। একমাত্র শরণাগত ভক্ত ব্যতীত বাসনাকী জগতের সকলেই জ্ঞাত ও অজ্ঞাতসারে প্রচ্ছন্ন ও প্রকাশিতভাবে জগতের ন্যূনাধিক ভোক্তা সাজিয়াছেন। সুতরাং শরণাগত ঐকান্তিক ভক্ত ব্যতীত অপর সকলেই যে ভোগ বুদ্ধিবিশিষ্ট তাহাতে আর সন্দেহ কি? কৃষ্ণোচ্ছিষ্ট ব্যতীত জগতের কোনও বস্তুর অস্তিত্ব থাকিতে পারে না, ইহাই তাঁহার বিচার। তিনি বস্তুর স্বরূপ দর্শন করেন, বাহিরের আবরণ বা খোসা দেখেন না। ভক্তের দর্শন ও অভক্তের দর্শনে এত পার্থক্য। সেইজন্যই বলিতেছি, সব একাকার করিতে হইবে না, শরণাগত হইয়া কৃপালোকে এসব বুঝিতে হইবে। নতুবা অমঙ্গল অবশ্যম্ভাবী।

'পুনর্মূষিকো ভব'

(শ্রীপাদ মহাপুরুষ দাস ভক্তিশাস্ত্রী

——:(●):——

এক ইঁদুরছানা মুনির আশ্রয়ে বাস করিত। মুনি তাহাকে স্নেহ করিয়া বিড়াল, কুকুর ও ব্যাঘ্র আদির ভয় হইতে রক্ষা করিবার জন্য প্রথমে বিড়াল পরে কুকুর অতঃপর ব্যাঘ্র করিয়াছিলেন। ব্যাঘ্র হওয়ার পর মূষিক তাহার পূর্ব অবস্থা একেবারেই ভুলিয়া গেল। মূষিক যে কোন কালেও ব্যাঘ্র হইতে পারে না, অন্য কোনও মূষিক আজ পর্যন্ত হয় নাই, এই অঘটনীয় ব্যাপার কেবল মুনির কৃপাতেই সম্ভব হইয়াছে, মুনি ইচ্ছা করিলে সকল মূষিককেই অনায়াসে ব্যাঘ্র করিয়া দিতে পারেন—এ সমস্ত চিন্তা ঐ কৃতঘ্ন ব্যাঘ্রের মস্তকে প্রবেশ করিল না। মুনির অপারসীম স্নেহের কথা, অলৌকিক মহিমার কথা এবং অদ্ভুত তপোবলের বিষয় চিন্তা করিলে সে মুনির দাসানুদাস হইয়া থাকিতেই গৌরব বোধ করিত এবং তাহাতেই তাহার মঙ্গল লাভ হইত। কিন্তু সে অন্য প্রণালীর চিন্তা-ধারা অবলম্বন করিল। নিজের কিসে সুবিধা হইবে, নিজের অধিকার কিসে নিষ্কণ্টক হইবে ইহা চিন্তা করিতে করিতে মুনির প্রতি কৃতজ্ঞতা ভক্তির শেষচিহ্নটুকুও হৃদয় হইতে নির্বাসিত করিয়া ফেলিল। হৃদয় পাষাণ হইয়া গেল। অবশেষে মুনিই তাহার আক্রমণের পাত্র হইয়া পড়িল। দুর্বুদ্ধি এতই প্রবল হইল যে মহিকর্তা প্রভুকেই গ্রাস করিতে উদ্যত হইল ফলে তাহাকে পুনরায় মূষিক হইতে হইল। জীব প্রভুই যখন আক্রমণের পাত্র নির্বাচিত হয় তখন লোক অধঃপতনের শেষ সীমায় পৌঁছায়।

বদ্ধজীব আমরা মূষিক-সদৃশ। আমাদের পারমার্থিক উন্নতি কেবল শ্রীগুরুদেবের কৃপার উপর নির্ভর করে। 'গুরোঃ কৃপা হি কেবলম্।' কৃপা—কৃপা—কেবল কৃপা। চাতকের মত কেবল কৃপার আশায় চাহিয়া থাকা ছাড়া শুদ্ধভক্তির পথে আর কোনও কথাই নাই। এহেন কৃপার ভাণ্ডারী—শ্রীগুরুদেব। তিনি অধোক্ষজ বস্তু। আমরা তাঁহাকে বাধ্যবাধকতার মধ্যে ফেলিতে পারি না। কৃপা করা না করা তাঁহার ইচ্ছা। তবে আমাদের কৃপা না পাওয়া পর্যন্ত গতি নাই—অন্য পথ নাই। কাজেই আমাদের চাতক বৃত্তি অবলম্বন করা ছাড়া উপায় কি? কৃপার ভাণ্ডারী শ্রীগুরুদেব মুনিসদৃশ। তাঁহাকে আক্রমণ করা চলে না। নির্বুদ্ধিতা যাহা তাঁহাকে আক্রমণ করিলে অধঃপতন অনিবার্য। তিনি আক্রমণের পাত্র নহেন। পর্বতকে আক্রমণ করিবার অভিপ্রায়ে তাহার উপর মাটির ঢিল নিক্ষেপ করিলে ঢিল চূর্ণ-বিচূর্ণ হইয়া যায়। বদ্ধজীব সব করিতে পারে। অপ্রাকৃত বস্তুকেও আক্রমণ করিবার ধৃষ্টতা করে। অত্যন্ত অপরাধী লোকেরাই পরমপাবন ভুবনমঙ্গল গুরুদেবতাকে আক্রমণ করিবার বুদ্ধি হয়। যেমন সুকৃতির ফলে গুরুদেবের সেবা করিবার জন্য কি জানি কেন প্রাণ কাঁদিয়া উঠে, তেমনই দুষ্কৃতির ফলে গুরুদেবকে আক্রমণ করার বুদ্ধি জাগে। এখন শ্রীগুরুদেবে অসম্পূর্ণতা ও জড়ের হেয়তা আছে বলিয়া ভ্রান্তি হয়। যে শ্রীরূপ-রঘুনাথের একটী শ্রীচরণধূলিস্পর্শ হইলে অনন্ত ব্রহ্মাণ্ডস্থিত জীবগণ—দেবতাগণ পর্যন্ত মহাপবিত্র হইয়া যায়—উদ্ধার হইয়া যায়, আধ্যক্ষিক প্রাকৃত সহজিয়াগণ তাঁহাদের প্রতিও দোষারোপ করিয়া অজস্র অপরাধ করে। এবং মহাপ্রভুকে পর্যন্ত তাহারা

কৃষ্ণভক্তি দূরে রহু সংসার নহে ক্ষয়।

আক্রমণ করিতে পশ্চাৎপদ হয় না। ঐ ভূমিকায় থাকিয়া তাহারা মনে করে, তাহাদের দর্শন ঠিক, তাহারা ভ্রম-প্রমাদশূন্য, তাহারা আর মায়ার কুহেলিকায় আচ্ছন্ন হইবার পাত্র নাই, বস্তুই ঠিক আছে। অঘটন-ঘটন-পটীয়সী মায়া যাহাকে চাপিয়া ধরে সে তখন বিবর্তগ্রস্ত হইয়া জলকে মনোরম উদ্যান আর মনোরম উদ্যানকে সুন্দর সরোবর মনে করে। কিন্তু প্রাণ গেলেও নিজের ভুল স্বীকার করে না। এ এক দুরারোগ্য ব্যাধি।

শরণাগতিই ভক্তের প্রাণ। শরণাগত—দীন হীন, কাঙ্গাল, অকিঞ্চন। দম্ভ বাহাদুরীর লেশমাত্রও তাঁহাতে নাই। শরণাগত ব্যক্তি সরলতার মূর্ত্তবিগ্রহ। তাঁহারা অকিঞ্চন 'অকিঞ্চনতাই সারস্বতীর্থের যাত্রিগণের সম্বল'- ইহা আচার্য্যদেবের উক্তি। শরণাগতিই ভক্তি। শরণাগতিই গুরুদেবের কৃপা আকর্ষণ করে। শরণাগতিই গুরুদেবের কৃপার ফল। শরণাগতের আহ্বানই নন্দনন্দনকে বিচলিত করে। জগবাসী জীবকুলকে শরণাগতি শিক্ষা দিবার জন্য কৃষ্ণই গুরুরূপে আগমন করেন। গুরুদেবকে উল্লঙ্ঘন করিয়া কৃষ্ণভজন হয়ই না। কৃষ্ণই গুরুরূপে বদ্ধ বিধ শরণাগতি জীবের নিকট হইতে গ্রহণ করিয়া কৃষ্ণচরণে অঞ্জলি দিয়া থাকেন বদ্ধজীব সোজাসুজি কৃষ্ণের সঙ্গে আদান-প্রদান করিতে পারে না। তাহাদের আশা-ভরসা একমাত্র গুরু-কৃষ্ণ—সেবক-ভগবান্

"গুরু কৃষ্ণ রূপ হন শাস্ত্রের প্রমাণে।
গুরুরূপে কৃষ্ণ কৃপা করেন ভক্তগণে॥
তা'তে কৃষ্ণ ভজে করে গুরুর সেবন।
মায়াজাল ছুটে, পায় কৃষ্ণের চরণ॥"

সমস্ত ব্যাপারের মূলে শ্রীগুরুদেব। তাঁহাকে কেন্দ্র করিয়াই বৃত্ত বৃত্ত অঙ্কিত হয়। তাঁহাকে উল্লঙ্ঘন করিয়া যাহা কিছু করা যায় সবই ভস্মে ঘৃতাহুতি মাত্র।

শ্রদ্ধা—ভক্তির বীজ। বীজ লাভ করা কেবল গোড়ার কথা। এই বীজ আমাদের লাভ হইয়াছে কি না বিচার করা কর্ত্তব্য। এই বীজ-লাভ একটা কাল্পনিক ব্যাপার নহে। অনেক ভাগ্যে বহুদিন ব্রহ্মাণ্ড ভ্রমণ করিতে করিতে তবে কোনও ভাগ্যে ইহা লাভ হয়। প্রাকৃতসহজিয়াগণ এই বীজ-লাভই করিল না, যাঁহার পাদপদ্মে এই বীজ লাভ হয়, সেই জগদ্গুরুর সন্ধান পাইল না অথচ জনে জনে প্রেমিকভক্ত হইয়া পড়িতে চায়; এমনি মোহ! আমাদিগের ভিতর এই রোগ প্রবেশ করিয়াছে। বীজ লাভ হইয়াছে কি না এ বিষয়ে কাহারও খেয়াল নাই অথচ ফল পাকিয়াছে বলিয়া ভ্রম করিয়া বসি। বীজ বা শ্রদ্ধা দিবে কে? নিজে নিজেই যদি ইহা যেখান সেখান হইতে সংগ্রহ করিবার অধিকারী হইতাম, তাহা হইলে আর গুরুকরণেরই বা কি প্রয়োজন ছিল? বীজদাতা—শ্রীগুরুদেব। সেই শ্রীগুরুদেবেই যদি সন্দেহ হইল, অশ্রদ্ধা হইল তবে আর বীজ পাওয়ার আশাই বা কোথায়?

"যস্য দেবে পরাভক্তির্যথা দেবে তথা গুরৌ।
তস্যৈতে কথিতা হ্যর্থাঃ প্রকাশন্তে মহাত্মনঃ॥"

এই শ্রুতির বচন যদি গ্রাহ্য না করি, তবে মঙ্গল হইবে কি প্রকারে? ঔষধ খাইতে হইবে। না খাইয়া মঙ্গলের আশা করা বাতুলতা মাত্র। দীক্ষাগুরু ও শিক্ষাগুরুতে ভেদ নাই। ইহা বহুবার শুনিয়াছি। যাহারা শিক্ষাগুরুকে মানে না—তাহারা দীক্ষাগুরুকেও মানে না। যে কোনও গুরুদেবকে মায়ার মত মানিলে সমস্ত গুরুতত্ত্বই তাঁহার হৃদয়ে স্ফূর্ত্তি হইত। নিজে অপরাধ মলিন হইলে অপ্রাকৃত গুরুদেবেও মলিনতা আছে মনে হয়। এটা শুধু দুর্দৈব ছাড়া আর কিছুই নহে। বৈষ্ণব দাসগণের গুরুভক্তিতে যক্ষ, রক্ষ, সুর, দৈত্য, দানব, কোটী কোটী মায়া কেহই কিছুই করিতে পারে না। গুরুদাস জানেন যে, তাঁহাদের আদর্শনে মাৎসর্য্য-পরায়ণ হইয়া দেবগণও গুরুদেবে অশ্রদ্ধা উৎপাদন করিবার জন্য বিভিন্ন কৌশলজাল চিরদিনই সৃষ্টি করিয়া থাকেন। ইহা একটা নূতন রকমের বা অভিনব ব্যাপার নয়।

সাধকস্য গুরৌ ভক্তিং মন্দীকুর্ব্বন্তি দেবতাঃ।
ব্রহ্মোভীত্যা প্রজেশিতুং নিত্যো ভক্ত্যা গুরোর্দৃঢ়ম্॥

আমারধারার উদিত গুরুগণের মধ্যে তত্ত্বতঃ কোনও ভেদ নাই। ইঁহারা সকলেই জগদ্গুরু—সকলেই গৌরপ্রকাশ নিত্যানন্দ। কাজেই সকলেই আমার পরম-পূজ্য পরমারাধ্যতম।

অভিমানী ব্যক্তি জগদ্রোগী। কাজেই নিজ দীক্ষাগুরু ব্যতীত পরবর্ত্তীকালের আম্নায়ধারার রক্ষক গুরুদেবকে সংকীর্ণ অভিমান করে। উপযুক্ত সম্মান বা শ্রদ্ধা দিতে কিছুতেই রাজী হয় না, বাহিরে একটু ভাণ করিলেও অন্তরে ঠিক আছে, শুধু কপটতা। সেই গুর্ব্ববজ্ঞারূপ অপরাধ তাহাদের সঞ্চিত হয়। অপরাধীর হৃদয়ে গুরুদেবও কৃপালোক বিস্তার করেন না। কৃপালাভটা জোর জবরদস্তীর ব্যাপার নহে। জোর করিলেই কৃপা পাওয়া যায় না। ভিতরে পূর্ণ-শরণাগতির ভাব না থাকিলে শুধু ললাট গৈরিক হইলে হয় না। মুখে কৃপা কৃপা করিয়া অন্তরে উদাসীন হইলে হয় না। অন্তরে নিরন্তর কৃপার কাঙ্গাল হইলে, কৃপা না পাইয়া প্রাণ ফাটিয়া গেলে বাহিরে লোকলোচনে আত্মগোপন করিলেও, সাক্ষাদ্ভাবে কৃপা না চাহিবার ভাণ করিলেও কৃপা পাওয়া যায়। শ্রীভগবান্ অন্তর্য্যামী, জগতের জীব বাহিরটা দেখে, জগদ্যোগপিপাসু ভক্তিহীন ব্যক্তি জগৎকে দেখাতে চায়—আমরাও কৃপাপ্রার্থী, আমরাও শরণাগত এবং শ্রদ্ধালু। কিন্তু তাহাদের এই কপটতা অন্তর্যামী গুরুবৈষ্ণবগণ ধরিয়া ফেলেন। তাই বলিতেছি, ভিতরে শ্রদ্ধা ও শরণাগতির অভাব থাকিলে সব কর্ম-কুশলতা আধ্যাত্মিকের ব্যর্থ-প্রয়াস হইয়া যায়।

গুরুপাদপদ্মে শরণাগতি বা দৃঢ়শ্রদ্ধাই ভক্তের স্বরূপলক্ষণ। মোহগ্রস্ত হইয়া আমরা মনে করি, 'বহুদিন মঠবাস', 'বহু বহু ভিক্ষা সংগ্রহ', 'বহু বহু সার্টিফিকেট পাওয়া', 'বহু বহু কর্মকুশলতা', 'বহু বহু লোককে মঠে আনা', 'বহু বহু বক্তৃতা দেওয়া', 'নিরন্তর অনলস পরিশ্রম করা', 'কত লেখালেখি করা', 'বহুল নৈতিকতা, একনিষ্ঠার ভাণ—অনবরতভাবে ভাগবত পাঠ—ব্রহ্মচর্য্যপালন' এই সমস্ত পরিমাণ অনুযায়ীই বুঝি বৈষ্ণবতার তারতম্য; কিন্তু আচার্য্যপাদপদ্মে দৃঢ়শ্রদ্ধা, শরণাগতি ও নিষ্কপট আনুগত্য যাহা সমস্ত বহির্ব্যাপারের প্রাণ-স্বরূপ, সেদিকে আমাদের কিছুতেই লক্ষ্য করিবার অবসর হয় না। কারণ, যেটা অন্তরে গুপ্ত থাকে সেটা বুঝিতে হইলে অন্তরে প্রবেশ করিতে হয়। নিজে শ্রদ্ধাবান্ ও অনুগত না হইলে কে অনুগত ও শ্রদ্ধাবান্ তাহা বুঝিতে পারা যায় না। কাজেই অধিকাংশ লোকই মোহগ্রস্ত হয়।

পরমারাধ্যতম আচার্য্যদেব কৃপা করিয়া প্রথমলীলা-প্রকাশকালেই সকলের চোখ ফুটাইয়া দিবার জন্য এই ভুল ভাঙ্গিয়া দিয়াছিলেন। আধ্যাত্মিকতা যে ভক্তি নহে ইহা বেশ করিয়া বুঝাইয়া দিয়াছিলেন। তখন সকলে বিজ্ঞের মত মাথা নাড়িয়াছিলাম। তখন যাহারা ওটা উপদেশের বস্তু—হুজুগের ব্যাপার—বক্তাদির 'চাটনি' বিশেষ মনে করিয়াছিলাম—নিজের শিক্ষণীয় বিষয়টী লক্ষ্য করিয়া সতর্ক হওয়ার আবশ্যক বোধ করি নাই, তাহাদেরই এবার বিপদ। তখন অপরের ঘরে আগুন লাগার মত কৌতুক দেখিয়াছিলাম, নিজের ঘর সামলাই না', কাজেই ঐ একই ধরণের বিপদ আমারও হইবে তাহাতে সন্দেহ কি? যে গুর্ব্ববজ্ঞা বা আম্নায়-পারম্পর্য্য-অস্বীকারের ফলে বহির্মুখিতে আমা অপেক্ষাও অনেক বেশী ধুরন্ধর হইয়াও—তথাকথিত বহু দিনের মঠবাসী হইয়াও ভাগীরথী-স্রোতে তৃণের ন্যায় ভাসিয়া গেল সেই অপরাধটী আমার ভিতরে আছে কি না সে বিষয়ে মোটেই লক্ষ্য করি নাই। তাই আবার পরীক্ষা ও আবার যাচাই হয়। ঐ উন্নতির অংশের উন্নতিতেই ব্যাঘাতজনক, পরমার্থের পথে উহা চলিবে কি করিয়া? প্রভুপাদ তাই বলিতেন—'প্রত্যহ সকালে উঠিয়া নিজ মনকে শতসহস্র ঝাড়ু মারিবে।' আচার্য্যদেব বলিতেন—'প্রাত্যহিক উন্নতির Tangible result চাই'। কই এসমস্ত কথা একদিনও অনুশীলন করিয়াছি কি? নিজকে পরীক্ষা করিয়াছি কি? কিছুই নয় কেবল হুজুগ—সমালোচনা—পরচর্চ্চা। তাহাতেও কোনও ক্ষতি ছিল না—মূল বস্তুর সঙ্গে বন্ধনটী যদি ঠিক থাকিত। বাপের হাতে হাত দিয়া চলিলে কচি শিশুও হাসিয়া খেলিয়া নির্ভয় পুকুর লাফাইয়া ছাদের কার্ণিশের উপর দিয়া চলিতে পারে। আর যেখানে নিজেই নিজের কর্ত্তা অন্য কাহারও নিয়ামকত্ব মানিলেও সেটা মুখে মুখে মাত্র, কার্য্যকালে নিজে নিজেই চলার স্পর্দ্ধা প্রকাশ করে, সেখানে খুব বেশী মনোযোগী হইলেও পড়িয়া যাইতে হয়। উদাসীন হইলে ত কথাই নাই। ভাগবতোক্ত—'বেহত্যের-বিন্দাক্ষ' শ্লোকই তাহার প্রমাণ।

বাপের হাতে হাত দিয়ে চলাই শরণাগতির দৃঢ় বন্ধন। সেখানে সুদৃঢ় শ্রদ্ধা আছে, মেকী নহে, তাহা আমার কপট শ্রদ্ধার ন্যায় সামান্য পরীক্ষাতেই—সামান্য যাচাইতেই সঙ্কটের সামান্য একটু হেলাদোলাতেই, একটু ঠুনকো আঘাতেই ভাঙ্গিয়া যায় না। এই শরণাগতি থাকিলে কচি শিশুও বৃদ্ধ অপেক্ষাও পূজ্য হইয়া পণ্ডিত হইয়া থাকে। আর ইহটীর অভাব থাকিলে পণ্ডিতগুরু বৃদ্ধ বাঁকও অবোধ শিশু-পদবাচ্য হয়। কেশ-চোমটা-কর্ণধারী প্রধান বাঁকও শরণাগতির অভাব থাকিলে পরমার্থরাজ্যে তাহার একফোঁটাও মূল্য

(অতঃপর ৩য় পৃষ্ঠার শেষ কলমে দ্রষ্টব্য)

শুদ্ধভক্তি-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠ ও শ্রীব্রজপত্তন

প্রাচীন নবদ্বীপ, আকর শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীচন্দ্রশেখর ভবনে শ্রীচৈতন্যমঠ, শ্রীব্যাস-পীঠ, শ্রীশ্রীগান্ধর্বিকা গিরিধারী, শ্রীগৌরাঙ্গ আচার্য্য চতুষ্টয় বিগ্রহ আছেন। ভক্তিতীর্থ এবং শ্রীব্রজপত্তনে নদীয়া-প্রকাশ মুদ্রণালয় আছে।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৫ কলিকাতায় শ্রীভক্তিবিনোদ-আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমদ্ভাগবত পাঠ, সঙ্কীর্ত্তন, শ্রীমহাপ্রভুর দোষ শ্রীমদ্ভাগবতাদি শাস্ত্রের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও হারমণিষ্ট পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়।

(৩) যোগপীঠ-মায়াপুর-পীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব ভূমি মহাযোগপীঠ।

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং ... বর্ত্তমান।

(৬) মুরারিগুপ্তের পাট

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৭) কাজি সমাধি-পাট

প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি।

(৮) অনুকূলকৃষ্ণানুশীলনাগার

শ্রীধাম মায়াপুর

(৯) স্বানন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
এখানে ও বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ চাঁপাহাটি (বর্দ্ধমান)

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মাউগাছি, পোঃ জাননগর, (বর্দ্ধমান)
শ্রীব্যাসদেবাবতার ঠাকুর বৃন্দাবনের স্থান

(১৩) রুদ্রদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(১৪) ঋতুদ্বীপ গৌড়ীয়মঠাশ্রম

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ

গৌরপুর, নদীয়া

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ

মাজিদা (শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৭) কুলিয়া

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

(২০) মহেশ-পণ্ডিতের পাট

কাঁঠালপুলি, পোঃ চাকদা (নদীয়া)

(২১) রাণাঘাট-গৌড়ীয়মঠাশ্রম

(২২) পুরী গৌড়ীয়মঠ

চব্বিশ পরগণা

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ

নারিন্দা পোঃ ওয়ারি, ঢাকা।
পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র।

(২৪) গোপালজীউমঠ

কমলাপুর, পোঃ ঢাকা

(২৫) নিতাই-গৌরাঙ্গ মঠ

পোঃ বালিয়াটি, (ঢাকা)

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

বড়বাজার, পোঃ ময়মনসিংহ

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চকচকা, কামরূপ (আসাম)

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

৩নং পাগলাঝোরা বিল্ডিং, দার্জ্জিলিং

(৩০) সারস্বত-গৌড়ীয়মঠ

পোঃ হরিনাভি, জিঃ মাহেশপুর, ইউ, পি

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

মছুয়াটোলি, পাটনা

(৩২) গয়া গৌড়ীয়মঠ

বলদ রোড, গয়া

(৩৩) সনাতন গৌড়ীয় মঠ

৮।১১ বড় গণেশ, বেনারস সিটি

(৩৪) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

(৩৫) সত্যভামা মঠ,

পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠাশ্রম

বিশ্রামঘাট, পোঃ মথুরা

(৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্য মঠপীঠ

কিশোরপুর, বৃন্দাবন

(৩৯) শ্রীরাধারাস-পুষ্পকুঞ্জ

পোঃ রাধাকুণ্ড, মথুরা

(৪০) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪১) রাধাকুণ্ড গৌড়ীয়মঠ

(৪২) শ্রীগোবর্দ্ধনমঠাশ্রম

গোবর্দ্ধন, মথুরা

(৪৩) সঙ্কেত বিহারী মঠ

বর্ষাণা, মথুরা।

(৪৪) নন্দগ্রাম গৌড়ীয়মঠাশ্রম

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৫) বর্ষাণা গৌড়ীয়মঠাশ্রম

পোঃ বর্ষাণা, মথুরা

(৪৬) গৌরবিহারী মঠ—লেখারী,

পোঃ লোভোল, জেলা অমৃতসর (পাঞ্জাব)

(৪৭) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

(৪৮) দিল্লী গৌড়ীয় মঠ

৪নং কুতুব রোড, নিউ দিল্লী

(৪৯) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, ... বিল্ডিং বোম্বে ৭

(৫০) সারঙ্গ-গৌড়ীয়মঠ

পোঃ বারাঙ্গা, মাদ্রাজ
শ্রীগুরুগৌরাঙ্গ-রাধাবিনোদবিহারীর সেবা

(৫১) মধুসূদন গৌড়ীয়মঠ

পোঃ কভুর, পশ্চিম গোদাবরী (মাদ্রাজ)
শ্রীশ্রীগুরুগৌরাঙ্গ-রাধিকা-গিরিধারীর সেবা

(৫২) যাজপুর-গৌড়ীয়মঠ

আলমরনাথ, পোঃ এলাশগর, (পুরী)

(৫৩) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত পোঃ পুরী, উড়িষ্যা

(৫৪) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৫) সীতাকুটী

(৫৬) ভিক্ষু-গৌড়ীয়মঠ

পোঃ ভুবনেশ্বর, পুরী

(৫৭) সচ্চিদানন্দ মঠ

যাজপুর, পোঃ কটক (উড়িষ্যা)

(৫৮) সাক্ষীগোপাল গৌড়ীয়মঠপীঠ

(৫৯) শ্রীব্রহ্মমাধ্বগৌড়ীয়-প্রচার-মণ্ডল

পোঃ বালুকুণ্ডা, মাদ্রাজ

(৬০) শ্রীপ্রবোধানন্দ মঠ

চিরুদা, পোঃ নারায়ণগড়, মেদিনীপুর

(৬১) আমালী গৌড়ীয়মঠ

পোঃ আমালী, মেদিনীপুর

(৬২) আমলাযোড়া প্রপন্নাশ্রম মঠ

পোঃ রাজবাঁধ (বর্দ্ধমান)

(৬৩) চৈতন্যগৌড়ীয়মঠ

কুন্দ্রুবা, পোঃ চকদহ, (যশোহর)

(৬৪) রেঙ্গুন গৌড়ীয়মঠ

৩০১ নং ... ষ্ট্রীট, রেঙ্গুন।

(৬৫) লণ্ডন-গৌড়ীয়মঠ

ফ্ল্যাট নং ২
৫১, ... রোড
... লণ্ডন, ডব্লু ৫

(৬৬) গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

১।১।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা

(৬৭) গৌড়ীয়মঠ অফিস

... রোড, ... (ইউ পি)

(৬৮) শ্রীবিশ্ববৈষ্ণব গৌড়ীয়মঠালয়

ব্রহ্মলোক, চট্টগ্রাম

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীমহানন্দ ব্রহ্মচারী ভক্ত্যালোক, ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও দিনের জন্য	সংবাদের পৃষ্ঠায় পরবর্ত্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় পরবর্ত্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	।০	৵০	।৵০	।০
" " ইঞ্চি	২৲		১॥০	১৲
সিকিকলম	৫৲	৪৲		৩৲
অর্দ্ধকলম	৮৲	৭৲		৫৲
" এক কলম	১৫৲	১০৲	১০৲	

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চি	৩৲	২॥০
" সিকি কলম	১৫৲	১২৲
" অর্দ্ধকলম	২৫৲	১৮৲
এক কলম	৩৫৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২॥০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা ৵৫ ; বিশেষ সংখ্যা।০ তিন পয়সা।

শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী

শ্রীল প্রভুপাদের চতুঃষষ্টিতম বর্ষপূর্ত্ত্যাবির্ভাব-তিথিতে শ্রীল আচার্য্যদেবের অভীষ্ট অনুসারে "শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী" প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। ইহাতে পূর্ব্বার্দ্ধ ও উত্তরার্দ্ধ দুইটি বিভাগ আছে। পূর্ব্বার্দ্ধে শ্রীল প্রভুপাদের আদ্য-প্রবন্ধাবলী শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের সম্পাদিত 'সাপ্তাহিক সজ্জনতোষণী,' শ্রীল প্রভুপাদের 'নিবেদন' সাপ্তাহিক পত্র প্রভৃতি হইতে যথাসাধ্য ও প্রয়োজনীয় অর্থের টীকা-সহ প্রকাশিত হইয়াছে। উত্তরার্দ্ধে শ্রীল প্রভুপাদের সম্পাদিত 'সজ্জনতোষণী'র কতিপয় প্রবন্ধ যথাসাধ্য প্রয়োজনীয় টীকা সহিত মুদ্রিত হইয়াছে। প্রবন্ধগুলি রচনাকালের ক্রমানুসারে গ্রথিত হইয়াছে; এতদ্ব্যতীত শ্রীল আচার্য্যদেবের একটি মূল্যবান্ উপোদ্ঘাত ও সঙ্কলনকারীর একটি বিস্তৃত ভূমিকা, শব্দসূচী, গ্রন্থ-পাত্র-শ্লোক ও পয়ার-সূচী প্রভৃতি গ্রন্থে সংযোজিত হইয়াছে। গ্রন্থটি উৎকৃষ্ট কাগজে পাইকাটের সহিত মুদ্রিত ও শ্রীল প্রভুপাদের আলেখ্যাদিদ্বারা ভূষিত এবং সুন্দর বাঁধাই হইয়া প্রকাশিত হইয়াছে। প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, জেলা নদীয়া; শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ও শ্রীমাধ্বগৌড়ীয়মঠ, নারিন্দা, পোঃ ওয়ারী, ঢাকা।

প্রভুপাদের পদ্যপ্রসূন মালা

এই গ্রন্থে ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তি- সিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের রচিত পদ্যাবলী শ্রীল আচার্য্যদেবের বিরচিত "গৌরব" নামক ভাষ্যের সহিত প্রকাশিত হইয়াছে। শ্রীল প্রভুপাদের অনেক অপ্রকাশিত পদ্য ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ।০ আট আনা।

শ্রীধাম-মায়াপুরে

—"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট"—

শ্রীল ঠাকুর [illegible] প্রতিষ্ঠিত

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে বিদ্যালয় ও বোর্ডিং এর পরিবেশ শোভা। অতি উত্তম স্বাস্থ্য ও আহার্য্যাদির। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে মাত্র ৬৲ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। বর্ত্তমান বর্ষে ১৬ জন বালকের মধ্যে ১৫ জন ভালভাবে উত্তীর্ণ হইয়াছে।

মেধাবী ছাত্রগণের আরও সুবিধা

পরীক্ষায় যাহারা শতে শতকরা ৭৫ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ সচ্চরিত্র ধনহীন ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক-সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, গ্রন্থ ও শিক্ষা অতি সুন্দরভাবে আলোচিত হইয়াছে। এই এক অপূর্ব্ব গ্রন্থ বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

শ্রীচৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত্র অতি সুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ 'ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত'। ইহার ভিক্ষা মাত্র ৩৲ টাকা। প্রাপ্তিস্থান শ্রীযুক্ত সম্পাদকের তত্ত্বশাখা, শ্রীযোগপীঠ, ঈশোদ্যান, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীসরস্বতী-সংলাপ

প্রথম খণ্ড

শ্রীশ্রীব্রহ্মমাধ্ব গৌড়ীয়সম্প্রদায়ৈকসংরক্ষক জগদ্গুরু পরমহংসকুলচূড়ামণি নিত্যলীলা প্রবিষ্ট ১০৮শ্রী শ্রীমদ্ ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ বিভিন্ন জিজ্ঞাসু ও শুশ্রূষু সজ্জনবৃন্দের পরিপ্রশ্নোত্তরে ও সন্দেহ-নিরাকরণকল্পে যে সকল হরিকথা [illegible] কীর্ত্তন করিয়াছেন, যাহা তাঁহার প্রকটকালেই 'গৌড়ীয়' সম্পাদক শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ প্রভুপাদেরই শ্রীচরণে সংশোধিত করিয়া [illegible] কতক কতক গৌড়ীয়পত্রে প্রকাশিত হইয়াছে, তাহা "শ্রীশ্রীসরস্বতী-সংলাপ" [illegible] শ্রীল প্রভুপাদের 'বক্তৃতাবলী' ও 'পত্রাবলী' আকারে খণ্ড খণ্ড প্রকাশিত হইতেছে। বর্ত্তমানে শ্রীল প্রভুপাদের পঞ্চবার্ষিক বিরহতিথিপূজা-বাসরে [illegible] প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছেন। মানবজাতির যত অভাব, যত সমস্যা ও তাহাদের সকল সমাধান ইহাতে পাওয়া যাইবে। ভক্তগণের পারমার্থিকের এই গ্রন্থ সংগ্রহ একান্ত প্রয়োজন।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্স কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপদেশক পাঠক আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী সম্প্রদায়-বৈভবাচার্য্য এম-এ মহোদয়ের শ্রৌতগবেষণা এবং পরিপক্ক লেখনীর অদ্ভুত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং তত্ত্ব ও ভগবানের জীবনচরিত্র-পাঠে রত হউন। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিবিধ চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডে ৩০শ অধ্যায়ে প্রায় ৮০০ পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্ত্তার ভূমিকাদ্বয় (Preaces), বিষয়-তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত দুরূহ শব্দ ও সূচীপত্র (Index Glossary) সহ প্রথমখানি প্রকাশিত। ভিক্ষা—১৫, পনর টাকা। প্রাপ্তিস্থান—বাজার গৌড়ীয়মঠ, চাঁদপাড়া বাজার; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

'ঠাকুর ভক্তিবিনোদ'

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি-প্রচারের মূল কারণ সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অতিমর্ত্ত্য জীবনচরিত এতাবৎকাল পর্য্যন্ত গ্রন্থাকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয়মঠাধ্যক্ষের অন্তেবাসী পরবিদ্যাপারিচ্ছিন্ন সু-লেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীযুক্ত সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু গ্রন্থাবলীর শিক্ষাসারও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১২৫ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৮০ আনা; ডাক মাশুল স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান—ম্যানেজার গ্রন্থবিভাগ
শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু গ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইস্কুলে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্

উৎকল কটক নগরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

ই. বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্টাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	৪-৩৬	৬ ২৬	৭-০৬	১২-২৩	১৪-৫৩	১৬-৫৬	১৭-৫৩	২২-২৩
রাণাঘাট পৌঃ			৮-২৮	১৪-১৪				
(বদল) ছাঃ			৯-৩৩	১৪-৫০				
কৃষ্ণনগর পৌঃ	৭-১	৮-৪৫	১০-৮	১৫-২৩	১৭-২৮	১৯-০৮	২০-১৩	১-১২
(বদল) ছাঃ	৭-১২		১০-৩১		১৭-৩৮		২০-২৩	
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫১		১১-১০		১৮-১৩		২১-৪	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৩
রাণাঘাট পৌঃ	১২-৫৫
ছাঃ	১৩-০
শান্তিপুর পৌঃ	১৩-২৩
(বদল) ছাঃ	১৩-৩১ (লাইট্ রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪-১১
ছাঃ	১৪-৩০
নবদ্বীপঘাট পৌঃ	১৫-১০

ডাউন

নবদ্বীপঘাট ছাঃ	৫ ৪৫		৯-১০		১৩-৫১	১৬-০	১৮-৩১	
কৃষ্ণনগর পৌঃ	৬ ২৩	৯-১৩	৯-৫৮	১১-৫১	১৪-১০	১৬-৩৮	১৯-১৯	২১-১০
ছাঃ	৬-৩৬	৭-১৮	১০-১১			১৬-৫৩	১৯-২৫	
রাণাঘাট পৌঃ			১০-৪৬			১৭-৩০		
(বদল) ছাঃ			১১-১			১৭-৪৫		
কলিকাতা পৌঃ	৬-১৬	৯-২১	১১-৫১	১২-১৬	১৪-১৬	১৯-১১	২১-৩১	২৩-৩৭

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৩-৩১	১৬-০		
কৃষ্ণনগর পৌঃ	১৪-১০	১৬-৩৮		
ছাঃ	১৫-২৮	১৭-৩৪		
শান্তিপুর পৌঃ	১৬-৯	১৮-১৪		
(বদল) ছাঃ	১৬-৩৩	১৮-২৫	(শনিবার ভিন্ন)	২০-৪০ (শনিবার)
রাণাঘাট পৌঃ	১৭-১০	১৮-৫০		২১-১৫
(বদল) ছাঃ	১৭-৪০	১৯-১৪		২১-৫০
কলিকাতা পৌঃ	১৯-১১	২০-৪০		২৩-৩৭

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

রেণুসার পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাটতি অত্যন্ত অধিক। লিভার প্লীহা সংযুক্ত কালাজ্বর এবং নূতন ও পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। মূল্য ছোট বোতল ॥/০ দশ আনা, বড় বোতল ১।/০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা
অথবা
পোঃ বেহালা, ২৪ পরগণা।

পোঃ—শ্রীমায়াপুর
টেলিগ্রাম—শ্রীধাম
শ্রীমায়াপুর

REGD NO C 1544

দৈনিক নদীয়াপ্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৪শ খণ্ড] শ্রীমায়াপুর— ২০শে জ্যৈষ্ঠ, ১৩৪৬, ৩রা জুন, ১৯৩৯, শনিবার [৮১শ সংখ্যা

বিবিধ সংবাদ

—:০:—

রুমানিয়ার বিরুদ্ধে প্রতিশোধ

সোফিয়ার এক স্কোয়ারে হাজার হাজার বুলগারিয়ান্ হাঁটু গাড়িয়া বসিয়া রুমানিয়ানদের উপর প্রতিশোধ লইবার শপথ গ্রহণ করে। গত সপ্তাহে এক দল বন্দী বুলগারিয়ানকে কনস্টান্জায় লইয়া যাওয়ার পথে রুমানীয় রক্ষিগণ গুলি করিয়া হত্যা করে; এই কারণে বুলগারিয়ানগণ উপরোক্ত শপথ গ্রহণ করে।

১৯১৩ সালে বুলগারিয়া যে দক্ষিণ দোব্রুজা অঞ্চল রুমানিয়াকে ছাড়িয়া দেয়, সেই অঞ্চলে এক বনের মধ্যে ঐ ঘটনা ঘটে।

সোফিয়ার ছাত্র এবং অসামরিক অধিবাসিবৃন্দ দুই ঘণ্টা ধরিয়া রুমানিয়ার বিরুদ্ধে বিক্ষোভ প্রদর্শন করে। পুলিশ তাহাদিগকে ছত্রভঙ্গ করিতে অসমর্থ হয়; তবে তাহাদিগকে রুমানীয় দূতাবাসে গমন হইতে নিবৃত্ত করে। অতঃপর বিক্ষোভ প্রদর্শনকারীরা পার্লামেণ্ট স্কোয়ারে সমবেত হইয়া তাহাদের "নিহত দেশবাসীদের" জন্য দুই মিনিট কাল নতশিরে নীরব থাকে। তৎপরে তাহারা শোভাযাত্রা করিয়া রাজ প্রাসাদের দিকে যায় এবং সেখানে আবার হাঁটু গাড়িয়া বসিয়া দোব্রুজা জাতীয় সঙ্গীত গায় এবং "রুমানিয়া নিপাত যাক" "হত্যাকারীরা নিপাত যাক" বলিয়া চীৎকার করিতে থাকে। অবশেষে জনতা আলেকজাণ্ডার স্কোয়ারে সমবেত হইয়া প্রতিশোধের শপথ গ্রহণ করে।

বুলগারিয়া সরকারীভাবে রুমানীয় গবর্ণমেণ্টের নিকট প্রতিবাদ জানাইয়াছে। তবে ব্যাপারটা নির্ঝঞ্ঝাটে মিটিয়া যাইবে বলিয়া মনে হয়।

প্যালেষ্টাইন সমস্যা

রাষ্ট্র বিভাগের দপ্তর হইতে কংগ্রেসের বিভিন্ন সদস্যের নিকট যে পত্র প্রেরণ করা হইয়াছে তাহাতে প্যালেষ্টাইন সম্পর্কে মার্কিণ যুক্তরাষ্ট্রের মনোভাব ব্যাখ্যা করা হইয়াছে। সরকারী কর্মচারীগণ স্পষ্টভাবে জানাইয়া দিয়াছেন যে, গত অক্টোবর মাসে এক বিবৃতিতে মিঃ কর্ডেল হাল প্যালেষ্টাইন সম্পর্কে মার্কিন যুক্তরাষ্ট্রের যে মনোভাবের কথা বলিয়াছিলেন তাহা এখনও অপরিবর্ত্তিত আছে। বর্ত্তমান অবস্থায় প্যালেষ্টাইনকে ইহুদীদের জাতীয় আবাসভূমি করার জন্য গবর্ণমেণ্ট পীড়াপীড়ি করিতে পারেন না এবং ১৯৩০ সালের চুক্তিতে বর্ণিত মার্কিণদের অধিকার যতদিন পর্যন্ত অক্ষুণ্ণ থাকিবে গবর্ণমেণ্ট ততদিন পর্য্যন্ত সরকারীভাবে কোন প্রতিবাদ প্রেরণ করিতে পারিবেন না।

দক্ষিণ আফ্রিকায় ভারতীয়গণ

সর্দার সন্ত সিংহ কেন্দ্রীয় পরিষদের সিমলা অধিবেশনে আলোচনার জন্য একটি প্রস্তাবের নোটিশ দিয়াছেন। প্রস্তাবটি হইতেছে এই, "দক্ষিণ-আফ্রিকা প্রবাসী ভারতীয়গণের অবস্থা, বিশেষ করিয়া দক্ষিণ-আফ্রিকা প্রবাসী ভারতীয়গণের ভবিষ্যতের উপর ট্রান্সভাল ভূমি ও বাণিজ্য বিষয়ক বিলের ফলাফল আলোচনার জন্য এবং তথাকার ভারতীয়গণের অধিকার সংরক্ষণের জন্য ভারত সরকার কি কি প্রতিশোধমূলক ব্যবস্থা অবলম্বন করিতে পারেন তৎসম্পর্কে সুপারিশ করার জন্য এই পরিষদের বে-সরকারী সদস্যগণ এবং দক্ষিণ-আফ্রিকার ভারতীয় ব্যবসায়ীগণের প্রতিনিধিগণকে লইয়া একটি কমিটি গঠন করা হোক।"

বাধ্যতামূলক সামরিক বৃত্তি সম্পর্কে নিয়ম-কানুন

বাধ্যতামূলক সামরিক বৃত্তি সম্পর্কে সোভিয়েট যুক্তরাষ্ট্রে কতকগুলি নূতন নিয়ম কানুন প্রবর্ত্তিত হইয়াছে। সৈন্যবাহিনীর শক্তিবৃদ্ধি করাই নূতন নিয়ম-কানুন প্রবর্ত্তনের প্রধান উদ্দেশ্য বলিয়া বলা হইয়াছে। নৌ-বিভাগে কার্য্যকালের মেয়াদ বৃদ্ধি করিয়া চার বৎসর হইতে পাঁচ বৎসর করা হইয়াছে এবং যাহারা ইহা ছাড়া আরও অতিরিক্ত কাল কাজ করিতে ইচ্ছুক, তাহাদিগকে তিন বৎসরের কম সময়ের জন্য লওয়া হইবে না।

সব চেয়ে গুরুত্বপূর্ণ নিয়ম হইতেছে এই যে, যাহারা মাধ্যমিক এবং উচ্চশিক্ষা লাভ করিয়াছে, তাহাদিগকে পূর্ণ পাঁচ বৎসর কাল নৌ-বিভাগে কাজ করিতে হইবে, এতদিন পর্য্যন্ত যে নিয়ম বলবৎ ছিল, তাহাতে এই কার্য্যকালের মেয়াদ ছিল দুই বৎসর।

নৌ-শক্তি বৃদ্ধি করার জন্য সোভিয়েট গবর্ণমেণ্ট যে পরিকল্পনা করিয়াছেন, তদনুসারে এই নিয়ম করা হইয়াছে।

"সোভিয়েট যুক্তরাষ্ট্রকে ২৩ হাজার ৭ শত মাইল উপকূল রক্ষা করিতে হইবে। প্রশান্ত মহাসাগরস্থিত নৌ-বহর মাত্র পাঁচ বৎসর পূর্ব্বে গঠন হইয়াছে; কিন্তু ইতিমধ্যেই ইহা প্রায় অপরাজেয় হইয়া উঠিয়াছে।" নৌ-শক্তির দিক হইতে প্রধান রাষ্ট্রে পরিণত হইতে বাধ্য এবং তাহার যুদ্ধ জাহাজগুলি গণতান্ত্রিক রাষ্ট্রগুলির যুদ্ধ জাহাজ অপেক্ষা কোন অংশে হীন হইবে না।

সোভিয়েটের সহিত মিটমাট চাই

উচ্চপদস্থ তুর্কী রাজকর্মচারিগণের নিকট হইতে জানা গেল যে, তুর্কী গবর্ণমেণ্ট এই সর্ত্তে বৃটেনের সহিত একটি পারস্পরিক সাহায্যের চুক্তি করিতে রাজী হইয়াছেন যে, বৃটিশ গবর্ণমেণ্টকে সোভিয়েট যুক্তরাষ্ট্রের সহিতও অনুরূপ একটি চুক্তি করিতে হইবে।

আমবাড়ী কিষাণ সত্যাগ্রহ

সারণ জেলার আমবাড়ী কিষাণ সত্যাগ্রহ আন্দোলন সম্পর্কে ধৃত ও দণ্ডিত ঠাকুর রণধীর সিংহকে মুক্তি দেওয়া হইয়াছে। কিষাণ নেতা পণ্ডিত রাহুল সাংকৃত্যায়নকে মুক্তি দেওয়ার পর তিনি অনশন আরম্ভ করেন।

আমবাড়ী কিষাণ সত্যাগ্রহ আন্দোলন সম্পর্কে ধৃত ব্যক্তিদের মধ্যে এ পর্য্যন্ত ১৬জনকে মুক্তি দেওয়া হইয়াছে।

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক। প্রতি একাদশীতে প্রকাশিত হয়। কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। সডাক ভিক্ষা ৪৷০ টাকা মাত্র।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৷০ টাকা মাত্র।

৩। ভাগবত—হিন্দিভাষায় একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ টাকা মাত্র

৫। শ্রীগৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ মাত্র।

পরমগুরু শ্রীগৌরকিশোর

গৌড়ীয়-সম্পাদক-লিখিত, শ্রীগৌড়ীয়মঠাচার্য্যের ভূমিকা-সম্বলিত, বহুচিত্র-শোভিত ও বিষয়সূচী-সমন্বিত "পরমগুরু শ্রীগৌরকিশোর" অধুনা প্রকাশিত হইয়াছেন। এই গ্রন্থে শুদ্ধগৌড়ীয়বৈষ্ণবগণের পরমারাধ্য, গৌড়ীয়গৌরবশিখামণি অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ নিত্যলীলাপ্রবিষ্ট পরমহংস ও বিষ্ণুপাদ শ্রীশ্রীল গৌরকিশোরদাস গোস্বামী প্রভুবরের অমর্ত্ত্য চরিতকথা বর্ণিত আছে।

শ্রীশ্রীভক্তিবিনোদাবির্ভাব-শতবর্ষপূর্ত্তিতিথিপূজার

উপায়ন-গ্রন্থমালা

——::(০)::——

১। গীতিসাহিত্যে শ্রীভক্তিবিনোদ

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র গীতিসাহিত্যের সমালোচনা-গ্রন্থ)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

২। শ্রীভক্তিবিনোদবাণীবৈভব

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের রচনামৃতসাগর হইতে আহৃত ১০৮টি অধ্যায়ে সম্বন্ধ-অভিধেয়-প্রয়োজনাকারে গুম্ফিত অমূল্য উপদেশপূর্ণ গ্রন্থ)

ভিক্ষা—৩৲ তিন টাকা মাত্র।

৩। শ্রীশ্রীভক্তিবিনোদ-প্রসঙ্গ

ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ ও ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামীপ্রভু-বিরচিত এবং গৌড়ীয়ে প্রকাশিত শ্রীশ্রীভক্তিবিনোদ-চরিত-প্রসঙ্গ

ভিক্ষা—৷৵০ ছয় আনা মাত্র।

৪। ছাত্রদের ভক্তিবিনোদ

(ছাত্রদের উপযোগী ভাষায় লিখিত শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্র ও শিক্ষা)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

(ছাত্রদের পক্ষে ভিক্ষা—॥০ আট আনা মাত্র)

প্রাপ্তিস্থান:—

(১) 'ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট', পোঃ শ্রীমায়াপুর, নদীয়া;

(২) শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা;

(৩) শ্রীযুক্ত ভূপতিরঞ্জন নাগ এম্-এ, বি-এল্, পুরাণপল্টন পোঃ রমণা, ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্,—সম্পূর্ণ ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ৩৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। ভাষ্যসহ বিরাট্ শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৬৲
৩। ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬
৪। সরস্বতী-জয়শ্রী (অবাঁধা) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০
৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার দীপিকা ও সংস্কার দীপিকা ১৷০
৯। বৈষ্ণবধর্ম্ম ৪৲
১০। গৌড়ীয় কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ৷০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিবর্ত্ত-তত্ত্ব
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষৎ ৷০
১৮। [illegible] ৷০
১৯। তত্ত্ববিবেক ৷০
২০। গৌড়ীয়-গৌরব ৷৵০
২১। গৌড়ীয়সাহিত্য ৷৵০
২২ ভজন রহস্য ৷০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা সহ) ১৲
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) ১৲
অবাঁধা) ১৲
২৬। গীতার কেবল মাত্র-ভাষ্য ৷০
২৭। মুকুন্দমালা স্তোত্রম্ (সানুবাদ) ২৲
২৮। বেদান্তসূত্র (সানুবাদ) ৷০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৸০
৩০। দীপ-দিগ্-দর্শন ৵০
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ৷৵০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ৷০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৵০
৩৫। গীতমালা ৴১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৶০
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৶০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ৷০
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমা ৷০
৪০। শরণাগতি ৴০
৪১। গীতাবলী ৴০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
৪৩। সাধনভক্তি ৴০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ৴
৪৫। নবদ্বীপশতক
৪৬। [illegible]
৪৭। সদাচারস্মৃতিঃ ০/
৪৮। কল্যাণকল্পতরু (পকেট সংস্করণ) ৴১০
৪৯। অর্চ্চনকণ ৴১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম ও ২য় খণ্ড) ৬৲
৫১। ব্রহ্মসংহিতা ৷০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ৷০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ বিনির্ণয় ৷০
৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ৷০
৫৬ ভারতবর্ষ ও ভক্তিপথ ৶০
৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ) ৷০
৫৮। শ্রীভুবনেশ্বর ৶০
৫৯। শিক্ষাদর্পণ ৶০
৬০। সাংখ্যবাণী ৴০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যগীতামৃতসারঃ ৷০
৬২। সিদ্ধান্ত সরস্বতী [illegible] ৷০
৬৩। সটীক শিক্ষাষ্টকম্ ৷০
৬৪। তত্ত্বত্রয়ম্ ৷০
৬৫। সাত্বত শিক্ষাষ্টকম্ ৶০
৬৬। গৌড়ীয়মঠপরিচয়ঃ ৴০
৬৭। সারাংশবর্ণনম্ ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ৷০
৬৯। [illegible] ৷০
৭০। নামভজন ৴০
৭১। বেদান্ত—ইট্স মরফলজী অ্যাণ্ড অন্টলজি ৷০
৭২। রিলেটিভ ওয়ার্ল্ড'স ৷৵০
৭৩। লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস অব শ্রীচৈতন্য মহাপ্রভু ৷
৭৪। [illegible] ৷
৭৫। হোয়াট গৌড়ীয়মঠ ইজ [illegible] ৴
৭৬। দি ভাগবত ৷০
৭৭। ইরোটিক প্রিন্সিপাল অ্যাণ্ড আনঅ্যালয়েড রিপেলসন ৷০
৭৮। ব্রহ্মসংহিতা ১৷০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (প্রথম খণ্ড) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ৷০
৮১। সাধন-পথ ৷০
৮২। কল্যাণ-কল্পতরু ৶০
৮৩। গীতাবলী ৴০
৮৪। শরণাগতি ৴০

তামিল ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ৴০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

একমাত্র পারমার্থিক দৈনিক-পত্র

শ্রীধাম-মায়াপুর

১৪শ বর্ষ { ১ বামন ৪৫৩ গৌরাব্দ, ২০শে জ্যৈষ্ঠ বঙ্গাব্দ ১৩৪৬, ৩রা জুন ইং ১৯৩৯, শনিবার } ৮১শ সংখ্যা

সাময়িক-প্রসঙ্গ

শ্রীধামে কীর্ত্তন

পরমারাধ্যতম শ্রীল আচার্য্যদেবের আনুগত্যে ও নির্দ্দেশানুসারে শ্রীধামের সর্ব্বত্রই হরিকীর্ত্তন হইতেছে। আকর মঠরাজ শ্রীচৈতন্যমঠে প্রত্যহই প্রাতে, মধ্যাহ্নে ও সন্ধ্যায় পাঠ-কীর্ত্তনাদি হইতেছে।

গত ৩০শে মে মঙ্গলবার সন্ধ্যারাত্রিকের পর শ্রীপাদ অনন্তবিদ্ দাসাধিকারী, ভক্তিগৌরব বি-এল মহোদয় শ্রীচৈতন্য-চরিতামৃত হইতে সাক্ষিগোপাল-প্রসঙ্গ পাঠ ও ব্যাখ্যা করিয়া সকলেরই আনন্দবর্দ্ধন করেন। পাঠের আদি ও অন্তে মহাজন পদাবলী ও মহামন্ত্র কীর্ত্তন হয়।

গত ৩১শে মে বুধবার ঢাকা হইতে গৌড়ীয়সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ মহোদয় শ্রীধাম-মায়াপুর শ্রীচৈতন্যমঠে শ্রীশ্রীআচার্য্যপাদপদ্মে উপস্থিত হইয়াছেন। ঐ দিবস সন্ধ্যারাত্রিকের পর তিনি শ্রীচৈতন্য-মঠের অবিদ্যাহরণ শ্রবণ-সদনে 'আত্মিকতা ও শরণাগতি' সম্বন্ধে দেড় ঘণ্টাকাল একটী বক্তৃতা প্রদান করেন। তাঁহার মুখে শ্রদ্ধা ও শরণাগতির বিষয়ে বহু কথা শ্রবণ করিয়া শ্রোতৃবৃন্দ সকলেই পরমানন্দিত ও পরমোপকৃত হইয়াছেন। পাঠের আদি ও অন্তে মহাজনপদাবলী ও মহামন্ত্র কীর্ত্তন হয়।

শ্রীধাম-মায়াপুর যোগপীঠ শ্রীমন্দিরে প্রত্যহ প্রাতে, মধ্যাহ্নে ও সন্ধ্যায় পাঠ-কীর্ত্তনাদি হইতেছে। প্রাতে মঙ্গলারাত্রিকের পর পণ্ডিত শ্রীপাদ মন্মথনাথ দাস কাব্যতীর্থ ভক্তিশাস্ত্রী, মধ্যাহ্নে শ্রীপাদ হরিবিনোদ দাসাধিকারী ও সন্ধ্যায় আরাত্রিকাদির পর শ্রীপাদ নন্দকিশোর ভক্তিশাস্ত্রী কৃত্তিবেদিক প্রভু পাঠাদি করিতেছেন।

রংপুরে প্রচার

পরমারাধ্যতম শ্রীশ্রীল আচার্য্যদেবের আনুগত্যে গৌড়ীয়মঠের অন্যতম প্রচারক উপদেশক পণ্ডিত শ্রীপাদ মহাপুরুষ দাস ভক্তিশাস্ত্রী মহোদয় কতিপয় মঠসেবক সহ রংপুর জেলার বিভিন্ন স্থানে পাঠ, বক্তৃতা ও প্রশ্নোত্তরমুখে শ্রীচৈতন্যমহাপ্রভুর কথা কীর্ত্তন করিতেছেন। শ্রীগৌড়ীয়মঠের প্রচারে তথায় একটি বিপুল সাড়া পড়িয়াছে

পাটনায় প্রচার

পরমারাধ্যতম পতিতপাবন শ্রীশ্রীল আচার্য্যদেবের অহৈতুকী কৃপা ও নির্দ্দেশানুসারে আকর মঠরাজ শ্রীচৈতন্যমঠের অন্যতম শাখা পাটনা শ্রীগৌড়ীয়মঠের সেবক শ্রীপাদ গভপালপঙ্কজভৃঙ্গ দাসাধিকারী ভক্তিপ্রদীপ প্রভু সর্ব্বক্ষণ শ্রীমঠসেবকগণের ও শ্রীমঠাগত শ্রদ্ধালু ভদ্র ব্যক্তিগণের নিকট শ্রীহরিকথা কীর্ত্তন করিতেছেন। তাঁহার মুখে হরিকথা শ্রবণ করিয়া মঠসেবকগণ শ্রীশ্রীআচার্য্যপাদপদ্মে শ্রদ্ধা-বিশিষ্ট হইতেছেন। এতদ্ব্যতীত তিনি সহরের বিভিন্ন স্থানেও শ্রীচৈতন্যদেবের দানের অমোঘ মহিমার কথা প্রচার করিতেছেন। সর্ব্বশেষে তিনি শ্রীশ্রীল আচার্য্যদেবের আদেশ ও নির্দ্দেশানুসারে পাটনা ও গয়া উভয় মঠের সেবাভার গ্রহণ করিয়াছেন।

গত ২৫শে মে বৃহস্পতিবার শ্রীপাদ গভপালপঙ্কজভৃঙ্গ ভক্তিপ্রদীপ প্রভু বিহার ও উড়িষ্যার পোষ্টমাষ্টার জেনারেল মিঃ এন. এন. ব্যানার্জ্জী মহোদয়ের নিকট শ্রীগৌড়ীয়-মঠের প্রচারের বৈশিষ্ট্য, শ্রীচৈতন্যমহাপ্রভুর জীবের প্রতি অনর্পিতচরদানের কথা—আত্ম-ধর্ম্মের কথা—জীবের একমাত্র নিত্যমঙ্গল-লাভের কথা প্রায় ১ ঘণ্টাকাল কীর্ত্তন করেন। পোষ্টমাষ্টার জেনারেল মহোদয় শ্রীপাদ ভক্তিপ্রদীপ প্রভুর নিকট হরিকথা শ্রবণ করিয়া মঠের প্রতি বিশেষ আকৃষ্ট হইয়াছেন এবং যথাসাধ্য মঠের সেবায় সহায়তা ও মধ্যে মধ্যে শ্রীমঠে আসিবার জন্য প্রতিশ্রুতি দিয়াছেন। পোষ্টমাষ্টার জেনারেল মহোদয় সজ্জন ব্যক্তি। তাঁহার হরিকথা-শ্রবণে আগ্রহ দেখিয়া সকলেই পরমানন্দিত।

ঐ দিবস ২৫শে মে রাত্রে সন্ধ্যারাত্রিক-কীর্ত্তনান্তে পাটনা সহরের ১২ নং গর্দ্দানিবাগ রোড স্থিত শ্রীযুক্ত কালিকা নারায়ণ সিংহ মহোদয়ের সাদর আহ্বানে শ্রীপাদ গভপাল-পঙ্কজভৃঙ্গ ভক্তিপ্রদীপ প্রভু কতিপয় ব্রহ্মচারী সহ শ্রীহরিকীর্ত্তনোদ্দেশে তাঁহার বাসবাটীতে উপস্থিত হন। তৎপরে শ্রীগুরুবন্দনা, দশাবতারস্তোত্র, পঞ্চতত্ত্ব, যশোমতীনন্দন, গীত কীর্ত্তনান্তে শ্রীমদ্ভাগবতের প্রথম স্কন্ধের দ্বিতীয় অধ্যায় পাঠ ও সরল হিন্দীভাষায় ব্যাখ্যা করেন। ব্যাখ্যামুখে তিনি কর্ম্ম, জ্ঞান, যোগ হইতে ভক্তির শ্রেষ্ঠতা, ভক্তির স্বরূপ, একমাত্র ভক্তির দ্বারাই ভগবৎসেবা লভ্য, শ্রীহরিনাম নশ্বর নহেন, সম্বন্ধ-বিহীন হইয়া ভগবানের কোটীজন্ম উচ্চৈঃস্বরে কীর্ত্তন করিলেও শুদ্ধনামের উদয় হয় না, শুদ্ধনাম আত্মপ্রকাশ হইতে লভ্য হন। [illegible] ধর্ম্ম, মনোধর্ম্ম [illegible] একমাত্র আত্মধর্ম্ম [illegible], উহা দেহধর্ম্মের [illegible] [illegible] [illegible] সর্ব্ব জীবেরই একমাত্র [illegible], অধোক্ষজ শ্রীমদ্ভাগবতই ভক্তির কথা কীর্ত্তন করিয়াছেন, এই অধোক্ষজবস্তুকে অক্ষজবাদিগণ প্রাকৃত বিদ্যাবুদ্ধির দ্বারা জানিতে পারে না, শরণাগত ভক্তই [illegible] ভক্তির দ্বারা তাঁহাকে [illegible] পারেন। [illegible] [illegible] সেবার জন্য সেবা করেন—তিনি স্বীয় স্বার্থের জন্য বা সাযুজ্যাদি মুক্তি পাইবার জন্য [illegible] করেন না। সাধুসঙ্গের দ্বারাই কৃষ্ণভক্তি লভ্য হয়। সুতরাং আত্মমঙ্গলাকাঙ্ক্ষী প্রত্যেকেরই সৎসঙ্গে থাকিয়া—সদ্গুরুর শরণাগত হইয়া ভক্তি যাজন করা উচিত, ইত্যাদি বিষয় প্রায় ১॥০ ঘণ্টা যাবৎ আবেগভরে কীর্ত্তন করেন।

পাঠান্তে "জয় জয় গোরাচাঁদের" ইত্যাদি ও মহামন্ত্র কীর্ত্তন হয়। পাঠে [illegible] [illegible] [illegible] (বাঙ্গালী ও বিহারী) ও [illegible] উপস্থিত ছিলেন। তাঁহার পাঠ শ্রবণ করিয়া সকলেই পরমানন্দ লাভ করিয়াছেন। [illegible] পর কয়েকজন বিশিষ্ট [illegible] [illegible] করিলে শ্রীপাদ ভক্তিপ্রদীপ প্রভু শাস্ত্রযুক্তি দ্বারা সদুত্তর প্রদান করেন।

"মনুষ্যগণের সার্থকতাই—গৌরভক্তের কৃপা কণা। মনুষ্য জন্মের একমাত্র প্রয়োজন—গৌরসুন্দরের কৃপালাভ। যাহারা উহা বুঝিতে পারে না, তাহারাই কৃষ্ণবিমুখ হইয়া নিজ অমঙ্গল আহ্বান করে"

(শ্রীল প্রভুপাদ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

১ [illegible] শ্রীগৌরাব্দ [illegible]

ভক্তিলাভের উপায়

—::(২)::—

ভক্তি এ জগতের জিনিষ নয়; তাহা চিন্ময়লোকের কথা। অপ্রাকৃত জগতের লোকেরাই এই হরিভজনের কথা জানেন। প্রাকৃত বুদ্ধি দিয়ে হরিভজনের কথা বুঝিতে গেলে কেবল বৃথা সময় নষ্ট করা হয়। তবে সাধুসঙ্গফলে ভক্তি-পিপাসা [illegible] কোন অহৈতুকীর সাহায্যে নাই, পূর্ব্বজন্মের কৃপায় যাঁহার এক্ষণে মঙ্গল, সেই গৌরভক্তের ভক্ত হইবার ইচ্ছা [illegible] সুযোগ পাইয়া তাঁহার সেবা [illegible] হন।

[illegible] ভজনই হয়। আর [illegible] দিয়া স্বতন্ত্রতা, [illegible] বা ভোগ। আনুগত্যই [illegible] উপায়। এই [illegible] বা [illegible], ইহা অধিকন্তু কৃপাপ্রার্থন-[illegible] আনুগত্য। নিরন্তর কৃষ্ণ-সেবাপরায়ণ শ্রীগুরুপাদপদ্ম [illegible] উপদেষ্টা বা গুরু। [illegible] জীবনযাপন করা ব্যতীত [illegible] লাভ করার [illegible] নাই। সুতরাং ভক্তকে [illegible] সর্ব্বদা [illegible] লাভ [illegible] শ্রীগুরুচরণাশ্রিত [illegible] হইয়াছেন।

"তাতে কৃষ্ণ ভজে করে গুরুর সেবন।
মায়াজাল ছুটে, পায় কৃষ্ণের চরণ।"

শ্রীল জীবগোস্বামী প্রভু লিখিয়াছেন,—
"সেবা-শব্দেন ভজনমুচ্যতে। সা চ কায়িক-বাচিক-মানসাত্মিকা ত্রিবিধৈবাত্র [illegible]। তত্রোপায়ো হি [illegible]।" সেবা-শব্দে ভক্তির স্বরূপ-লক্ষণ উক্ত হইয়াছে। কায়িক, বাচিক ও মানসিক এই ত্রিবিধ আনুগত্যই সেবা। তাঁহার আনুগত্যই তাঁহাকে লাভ করিবার উপায়স্বরূপ।

এই আনুগত্য ব্যাপারটী আমরা যত সোজা মনে করি, বস্তুতঃ তত সোজা নয়। অনুগত জনের সঙ্গ লাভ ব্যতীত কেবলমাত্র স্বতন্ত্রভাবে শাস্ত্রপাঠে বা শাস্ত্রশ্রবণের দ্বারা ইহার গুরুত্ব আমরা উপলব্ধি করিতে পারি না। যদি গুরুকৃপায় তদনুগত ভক্তের সঙ্গ [illegible] হয়, তখনই আনুগত্যের স্বরূপ বুঝিতে পারি বা অনুগত হইতে পারি।

মনে করিতে পারি যে, আমি আনুগত্যের [illegible] দাস্য করিয়াছি, তাহা আমার [illegible] ছাড়া আর কিছুই নয়। আমরা আনুগত্য না করিয়াই স্বতন্ত্রভাবে ভজন সাধন করি, তজ্জন্য ভজনে উন্নতি করিতে পারি না। আমাদিগকে [illegible] না করে। তখন আমরা যাহার জন্য আসিয়াছি সেই ভক্তি বা ভগবান লাভের জন্য ব্যস্ত না হইয়া সাধুসঙ্গ-ত্যাগের [illegible]। এখন আমাদের হরিভজনের [illegible]!

ভক্তের জীবন আনুগত্যময়। তাঁহার প্রত্যেক বাক্য ও কার্য্যে তাঁহার আনুগত্যের আদর্শ প্রকাশিত থাকে। নিষ্কপটে তাঁহাদের সঙ্গ করিলেই জীবন আনুগত্যপূর্ণ হইয়া উঠে। কিন্তু একটা কথা, সেটুকু আনুগত্য করিলে হরিভক্তি লাভ হয় সেটুকু আনুগত্য আমি করি কি? ইহাতে বুঝা যায় যে, আমার নিজের গাফলতিতেই আমার সুবিধা হইতেছে না। সেইজন্যই বলিতেছি, সর্ব্বতোভাবে আমাদিগকে গুরু-বৈষ্ণবের আনুগত্য করিতে হইবে। যতদিন পর্য্যন্ত আমরা নিজ স্বতন্ত্রতাকে সম্পূর্ণভাবে বর্জ্জন করিয়া শ্রীগুরুপাদপদ্মে আশ্রয় গ্রহণ করিতে না পারিব, ততদিন অকিঞ্চন হইয়া হরিভজন করিতে পারিব না। প্রকৃত আনুগত্যের অভাবে কীর্ত্তনাদি ভজনের অনুষ্ঠান না করিয়া আমাদের ভোগের প্রচারক মাত্র হইয়া পড়িব। যেখানে সম্পূর্ণ আনুগত্য নাই, সেখানে ভক্তি আবির্ভূত হইতে পারে না। আমরা গুরুবৈষ্ণবের পাদাশ্রিত হইবার সৌভাগ্য পাইয়াছি সুতরাং আমাদের [illegible] হইবার কোন কথা নাই। তবে আমরা স্বতন্ত্রজীব, আনুগত্যও করিতে পারি, স্বতন্ত্রও থাকিতে পারি। আমরা যতটুকু আনুগত্য করিব ততটুকু মঙ্গলই লাভ হইবে। আর যদি যোগ্য আনুগত্য করি, তাহা হইলে গুরু-বৈষ্ণব-ভগবান্ সম্পূর্ণভাবে আমাকে আত্মসাৎ করিবেন। কৃপাময় গুরু-বৈষ্ণবগণ আমাদিগকে কৃপা করিবার জন্য [illegible]। কৃপার আবশ্যকতা বোধ হইলেই হইল। কৃপা নিরন্তর অজস্রধারে বর্ষিত হইতেছে, আমার আবশ্যকতা নাই বলিয়া আমি [illegible] না। সাধুজনের কাছে আনুগত্যাকাঙ্ক্ষা জাগিলেই শুদ্ধ ভক্তি বা ভগবৎসেবা সহজ ও সুখময় মনে হইবে। সুতরাং আনুগত্যই যে হরিভক্তিলাভের একমাত্র উপায়, তাহা বলাই বাহুল্য।

। না, কোন কপট ব্যক্তি নহ

কৃষ্ণভক্তি দূরে রহু সংসার নহে ক্ষয়।

শ্রীশ্রীআচার্য্যবাণী

—:•:—

জিহ্বার দুইটী কার্য্য—রস-আস্বাদন ও শব্দ-উচ্চারণ। উপদেশামৃতে যে ছয়টী বেগের কথা বলিয়াছেন, তাহার মধ্যে দুইটী বেগই জিহ্বার। ইহা খুব প্রবল, ইহাকে জয় না করিতে পারিলে সকল বিষয়ই বিফল হয়—'জিতং সর্ব্বং জিতে রসে'। সমস্ত ইন্দ্রিয় অর্থাৎ একাদশ ইন্দ্রিয়ের মধ্যে একটী ইন্দ্রিয় জিহ্বা, তাহার একারই দুইটী বেগ। 'বাক্যবেগ' এবং 'জিহ্বাবেগ'। জিহ্বা ব্যতীত শব্দোচ্চারণ হয় না। ভোগীর এই ইন্দ্রিয়ই প্রবল। ভোগসংগ্রহের জন্য সর্ব্বদা শব্দ উচ্চারণ করিতে হয়। শব্দ-দ্বারাই জগৎ চলে। জিহ্বার—রসনার দ্বারা ভোগ-বস্তু গ্রহণই বিষয়ীর নিকট সর্ব্বাপেক্ষা উপাদেয় এবং উহাই তাহার সব—জীবাতু।

জিহ্বার কার্য্য ভক্তের নিকটও প্রবল, শ্রীনাম-গ্রহণ ও প্রসাদ-আস্বাদন। জিহ্বা উভয়বিধ কাজ করে, কর্ম্মেন্দ্রিয় ও জ্ঞানেন্দ্রিয়রূপে। Efferent ও afferent senses. Efferent—Leading out-wards বা কর্ম্মেন্দ্রিয়, afferent—leading in-wards বা জ্ঞানেন্দ্রিয়। জ্ঞানেন্দ্রিয়রূপ জিহ্বার অপব্যবহার "জিহ্বাবেগ", কর্ম্মেন্দ্রিয়রূপ জিহ্বার অপব্যবহার "বাচোবেগ"। ভোগীর জিহ্বা ভোজ্যের রস গ্রহণ করে, আর সেবক নিজের সেব্যকে আস্বাদন করেন Initiative গ্রহণের। প্রসাদ-সেবাদ্বারা জ্ঞানেন্দ্রিয়রূপ জিহ্বার সদ্ব্যবহার এবং শ্রীনামানুশীলন দ্বারা কর্ম্মেন্দ্রিয়রূপ জিহ্বার সদ্ব্যবহার হয়। শ্রীনামানুশীলন—শ্রীনামগ্রহণ-দ্বারা রসনার দুইটী কার্য্যই একসঙ্গে হয়। শ্রীনামের উচ্চারণের সঙ্গে সঙ্গে আস্বাদনও হয়। প্রসাদ চতুর্ব্বিধ—

চতুর্ব্বিধ-শ্রীভগবৎপ্রসাদ-
স্বাদ্বন্নতৃপ্তান্ হরিভক্ত-সঙ্ঘান্।
কৃত্বৈব তৃপ্তিং ভজতঃ সদৈব
বন্দে গুরোঃ শ্রীচরণারবিন্দম্॥

গুরুদেব প্রসাদ বিতরণ করেন। হরিভক্তসঙ্ঘ বা আশ্রিতবর্গকে প্রসাদের দ্বারা তৃপ্ত করেন অর্থাৎ প্রসাদের দ্বারা আত্মসাৎ করান—ইহাই তাঁহার ভজন। সেই প্রসাদ চতুর্ব্বিধ। চর্ব্ব্য, চুষ্য, লেহ্য ও পেয় পদার্থ—এই চারিপ্রকারের। চর্ব্বণের জন্য জিহ্বার প্রয়োজন হয়। কেবল দাঁতের সাহায্যে চর্ব্বণ হয় না। জিহ্বার নীচের 'গ্ল্যাণ্ড'গুলি কেবল থাকিলেও হয় না—জিহ্বার দরকার। চুষ্য ও লেহ্য বস্তুও কেবল জিহ্বার দ্বারাই গ্রহণীয়, পানীয় বস্তু জিহ্বা ছাড়াও গ্রহণ করা যায়। তবে সাধারণতঃ লোকে জিহ্বার সাহায্যেই পানীয় গ্রহণ করে, ইহা ছাড়া পানীয়ের আস্বাদন জানিতে হইলে জিহ্বার একান্ত প্রয়োজন। চর্ব্ব্য, চুষ্য, লেহ্য ও পেয় এদের মধ্যে চুষ্য ও লেহ্যই প্রবল, কারণ উহাদের কার্য্য বহুক্ষণ স্থায়ী এবং জিহ্বার সহিত সম্বন্ধ বেশী। চুষ্য সর্ব্বাপেক্ষা অধিক সময়যুক্ত। বাতাসা, মিছরি, মধু ও পানা চর্ব্ব্য, চুষ্য, লেহ্য ও পেয়। মিছরি ও মধুই ইহাদের মধ্যে উত্তম গ্রাহ্য সামগ্রী,—জিহ্বার বহুক্ষণ পরিতৃপ্তি বিধান করিতে পারে। শ্রীনাম মিছরি ও পানা দুইরূপেই রসনায় গৃহীত হন। পানা-পানের সঙ্গে সঙ্গে আস্বাদন অর্থাৎ জিহ্বার সম্বন্ধ অল্প, মিছরিতে আস্বাদন বেশীই অত্যন্ত প্রবল। নাম সর্ব্বদাই রসযুক্ত, রসনার দ্বারা সেব্য। উচ্চারণ-প্রধান হইলে পানা বলা যায়। রসাস্বাদন-প্রধান হইলে মিছরিরূপে আস্বাদ্য হন।

শ্রীল প্রভুপাদের
বক্তৃতাবলী
পরমার্থ-সম্পুটের রত্নরাজি
ভিক্ষা:—১ম খণ্ড ৷৵০; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড ৷৵০; ৪র্থ খণ্ড—৷৵০ আনা।
প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ
শ্রীধাম-মায়াপুর,
নদীয়া।

যৎকিঞ্চিৎ

(শ্রীঅনন্তরাম ব্রহ্মচারী, ভক্তিশাস্ত্রী)

আত্মিকতা অর্থাৎ অক্ষ বা চক্ষুরাদি ইন্দ্রিয়ের দ্বারা অতীন্দ্রিয় বস্তু শ্রীহরি-গুরু-বৈষ্ণব, শ্রীধাম, শ্রীবিগ্রহ প্রভৃতিকে মাপিয়া লইবার চেষ্টা। বহির্মুখ জগতের শতকরা প্রায় শতজন লোকেরই এই প্রবৃত্তি আছে। জগদ্বাসী সকলেই ভ্রম, প্রমাদ, বিপ্রলিপ্সা, করণাপাটবাদি দোষে দুষ্ট। এজগতের খণ্ড ধারণা লইয়া তাহারা গুরু-বৈষ্ণব ভগবান্‌কে মাপিতে যায়। ইহাই বহির্মুখ ব্যক্তির বৃত্তি। তাঁহাদিগকে জন্ম-স্থিতি-ভঙ্গ—দেশ-কাল-পাত্র বা ভ্রম-প্রমাদাদি-দোষের আসামী মনে করে। নিজেরা শত সহস্র দোষে দোষী বলিয়া সেই সেই দোষ অতীন্দ্রিয় বস্তুতেও আরোপ করিতে কুণ্ঠা বোধ করে না। নিজেদের চেয়ে শ্রেষ্ঠ, নির্দোষ, নির্ভুল কোন বস্তু আছে বলিয়া মনে হইলেও তাহাতে সম্পূর্ণরূপে আস্থা স্থাপন করিতে পারে না। তাহারা এই গোঁড়ামি প্রাণান্তেও ছাড়িতে প্রস্তুত নহে। শ্রীগৌড়ীয়মঠ ও শ্রীগৌড়ীয়মঠের সেবকবৃন্দ সমগ্র মানবজাতির আত্মিকতার এই গোঁড়ামির প্রতিবাদকারী। তাঁহারা গোঁজামিল দেওয়া কোন কথা বলেন না। তাঁহারা নির্ভীকভাবে এই অসত্যের প্রতিবাদ করিয়া থাকেন। জগতের সমস্ত লোক যদি এই সিদ্ধান্তের বিরুদ্ধে দাঁড়ায় তথাপি তাঁহারা অতল অটলভাবে বজ্রগম্ভীরস্বরে, সিংহনাদে এই কথা প্রচার করেন, করিতেছেন ও নিরন্তর করিবেন।

'গুরুরও ভ্রম হইতে পারে—তাঁহার কোন কোন কার্য্যে ত্রুটী থাকিতে পারে—সব বিষয়ে Sound knowledge নাও থাকিতে পারে' যেখানে তাঁহার প্রতি এইরূপ ভাব, সেখানে গুরুশিষ্য কোন সম্বন্ধ নাই। যেখানে গুরুকে পূর্ণদর্শন—পরিপূর্ণ-বস্তুকে অসম্পূর্ণ দর্শন, খণ্ডদর্শন, সেখানে ভ্রান্তদর্শন বা বিবর্ত্তদর্শন। এই বিচার লইয়া কেহ গৌড়ীয়, গৌড়ীয়মঠ ও গৌড়ীয়-মঠাচার্য্যের সহিত সাক্ষাৎকার হয় না। যেখানে গুরুবর্গের মধ্যে এই প্রকার কোন দুর্ব্বলতা প্রবেশ করিয়াছে, সেখানে অবশ্য গুরুই দুঃশাসন দখল করিয়া বসিবে। যেখানে গুরু ও শিষ্যে সাময়িক চুক্তি, সেখানেই গুরুকে বা সাধুকে নানারূপ দোষদর্শন করিয়া থাকে। যতক্ষণ পর্য্যন্ত গুরুবৈষ্ণব আমাদের ইন্দ্রিয়তর্পণ করিবেন ও ইন্দ্রিয়তর্পণে নানাভাবে সহায়তা করিবেন ততক্ষণই তাঁহাদের সহিত সম্বন্ধ, আর যখন তাঁহারা বলিবেন—'তুমাকের দ্বারা দুর্ব্বৈষ্ণবের সেবাই প্রয়োজন, তাহা না করিলে অমঙ্গল হইবে—খুব বড় জিনিষের আশায় খুব বড়-বস্তুর কাছে আসিয়া বঞ্চিত হইলে ভাল হইবে না', তখন হইতে তাঁহাদের সহিত আমাদের মতভেদ আরম্ভ হয়। তাঁহাকে তখন পিষিয়া মারিয়া ফেলিবার জন্য—শ্রীভক্তি-সিদ্ধান্ত-সরস্বতীবাণী-বীণার কণ্ঠরোধ করিবার জন্য প্রবল অভিযান চালাই। ভক্তিসিদ্ধান্তবাণীর দোহারগণদিগকে গলা টিপিয়া মারিয়া ফেলিবার হুম্‌কি দেখাই—যাহাতে জগতে শুদ্ধভক্তির কথা প্রচার বন্ধ হইয়া ইন্দ্রিয়তর্পণের কথা প্রবলভাবে চলে তজ্জন্য প্রবল উৎসাহ উদ্যম প্রকাশ করি। কিন্তু তা' হইবে কি করিয়া? ইহা যে তাঁহাদের নিত্য স্বভাব! সরস্বতীপুত্রের যে বাণীই একমাত্র সম্বল। তাঁহারা ত' বাণী বাদ দিয়া এক মুহূর্ত্তও থাকিতে পারেন না। গৌড়ীয়মঠ বাণীর উপাসক। বাণীই তাঁহার প্রাণ, বাণীই তাঁহার জীবন, বাণীই তাঁহার ভূষণ, বাণীই তাঁহার যথাসর্ব্বস্ব। বাণীদ্বারেই শ্রীবিগ্রহের অর্চ্চন বা সেবা সম্ভব। বাণীর আনুগত্য বাদ দিয়া বপুর সেবা হয় না। বাণীই বিশ্বকে চালিত করিতেছে। বাণী বা শব্দ বন্ধ হইলে মানুষ মৃত, বাণী বন্ধ হইলে চেতন ও অচেতনে পার্থক্য থাকে না। মৃতের লক্ষণ—বাগ্‌রোধ। মৃত ব্যক্তি কথা বলিতে পারে না। বাণীদ্বারাই চেতন-অচেতন বুঝা যায়। বাণীর মত শক্তিশালী বস্তু আর নাই। বাণী ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমানের দূরদর্শন করাইতে পারে। বাণী তড়িতের চেয়েও দ্রুতগতিতে শক্তিসঞ্চার করে, বাণিজ্যকে শান্ত করে, শত্রুকে মিত্র করে, নির্গুণকে উন্মুখ করে, বদ্ধকে মুক্ত করে। অতএব গৌড়ীয়মঠ এই বাণী ছাড়িবেন কি করিয়া? এই বাণীকীর্ত্তন-কারী আচার্য্য বা গুরু ছাড়িবেন কি করিয়া? তাঁহারা গুরুপাদপদ্মে আত্মসমর্পণ করিয়াছেন আর কাড়িতে পারেন না। গৌড়ীয়মঠবাসিগণের সহিত গুরুর বা আচার্য্যের সম্বন্ধ সাময়িক নহে, নিত্য। তাঁহাদের সহিত গুরুর কখনও মতভেদ হয় না। তাঁহারা জানেন—"ভগবানের কায়ব্যূহ সকল বিভিন্ন স্থানে বিভিন্ন ব্যক্তির মধ্যে প্রকাশিত হইয়া "আচার্য্য" নামে অভিহিত হন।" গৌড়ীয়মঠবাসিগণ আচার্য্যদেবকে ভগবানের অভিন্নবিগ্রহ বলিয়াই জানেন। তাঁহাকে অবজ্ঞা বা মৎসরতা করিলে জীবের মহা সর্ব্বনাশ হইবে, তাহাও তাঁহারা জানেন। তজ্জন্য তাঁহারা 'মুক্তি চুপ, বাঁচি চুপ' নীতি অবলম্বন না করিয়া সর্ব্বক্ষণই অকৈতব শ্রীহরিকথা কীর্ত্তন করেন। তাঁহাদের কীর্ত্তনে কেউ বাধা দিতে পারেন না—মুখ বন্ধ করিতে পারেন না। তাঁহারা জানেন, যদি কোন কীর্ত্তনবিরোধী কাজিচিত্তবৃত্তিবিশিষ্ট মৎসর ব্যক্তি সত্যকথা-কীর্ত্তনে বাধা দেয় তাহাতে তাঁহাদের কোন কিছু ক্ষতিই করিতে পারিবে না, দৈবশাসনে সব ঠাণ্ডা হইয়া যাইবে। কাজিদলন হইবেই, কোন সন্দেহ নাই। সংকীর্ত্তনপিতা শ্রীগৌরসুন্দর কীর্ত্তন বিরোধ কখনই সহ্য করিতে পারেন না। সেইজন্যই গৌড়ীয়মঠবাসী সকলেই সর্ব্বত্র হরিকথা কীর্ত্তন করিয়া থাকেন। তাঁহারা জানেন, পরং বিজয়তে শ্রীকৃষ্ণসংকীর্ত্তনম্‌' শ্রীকৃষ্ণসংকীর্ত্তনেই সকলের সকল মঙ্গল হইবে। যিনি শ্রীগুরুপাদপদ্ম, তাঁহার পচারিত নিত্য সত্য—তাঁহার বাণী অব্যর্থ যাঁহার কথা অপরিহার্য্য—প্রতিপাদ্যবস্তু, যাঁহার বাণী অপরের দ্বারা আচ্ছাদিত হইবার ভয়ে ভীত, তাহা ভক্তিসিদ্ধান্তবাণী নহেন, সেই বাণীকীর্ত্তনকারী ভক্তিবিনোদ-গৌর-সরস্বতী-মনোহর-ধারাশ্রিত নহেন। বাস্তব শ্রৌতসিদ্ধান্তে কোনও গোঁজামিল নাই। ইহাই গৌড়ীয়মঠের প্রচারবিষয়।

হরিকথা প্রচার করিতে হইলে আচার আবশ্যক। আচারহীনের প্রচার সাফল্য লাভ করিতে পারে না। সেই আচার শাস্ত্রীয় আচার হওয়াই আবশ্যক। যে সকল স্থানে কলি বাস করে, সেই দ্যূত, পান, বৈধ না অবৈধ স্ত্রীসঙ্গ, পশুবধ, নিজ ভোগের জন্য চরি গুরু-বৈষ্ণবসেবার অর্থ বা কনকের প্রতি প্রবল আসক্তি প্রভৃতি সকলই কলি-সম্ভব। ইহাতে আসক্ত হইলে গুরু-বৈষ্ণবে আসক্তি হয় না, শ্রদ্ধা-বিশ্বাস করিতে পারে না। তাহারা প্রকাশ্য বা প্রচ্ছন্নভাবে গুরুবৈষ্ণবের বিরোধই করিয়া থাকে। তাহারা ভোগবুদ্ধিতে ঐ সব গ্রহণ করিয়া থাকে বলিয়া বৈষ্ণবদ্বেষী। যাহারা ঐরূপ দোষীদের সঙ্গ করে, আর যাহারা প্রচ্ছন্নভাবেই হউক বা প্রকাশ্যভাবেই হউক গুরুবৈষ্ণব-সেবা ব্যতীত অন্য অভিলাষ হৃদয়ে পোষণ করে তাহারা অসৎ। অতএব শাস্ত্রীয় ইন্দ্রিয়তর্পণ আর সেবকের সেবা এক নহে। যাহারা উভয়কে এক মনে করে, মুক্তি-মিশ্র, সাধু-অসাধু, সেবা ও কর্মকে সমান মনে করে, তাহারাও অসৎ। জগতে যদি এই প্রকার লোক অধিকসংখ্যক থাকে, এমন কি শতকরা প্রায় শতজনও থাকে। তাহাদের সঙ্গ হইতে কৌশলে স্বতন্ত্র ও সতর্ক থাকিয়া নিজের ও পরের মঙ্গলের জন্য সচেষ্ট হওয়াই বুদ্ধিমানের কার্য্য।

গৌড়ীয়ের বাণী

কাহাকেও 'বৈষ্ণব' বলিবার পূর্ব্বে সর্ব্ব-প্রথমেই জানিতে হইবে, তিনি ভগবানের নিত্য নাম, নিত্য রূপ, নিত্য গুণ, নিত্য পরিকরবৈশিষ্ট্য ও নিত্য লীলা স্বীকার করেন কি না? তাহা না হইলে তিনি যদি নিজে নিজেকে 'বৈষ্ণব' বলেন বা জগতের অসংখ্য নির্ব্বিশেষ বিচার-পরায়ণ বিক্ষুব্ধ বা অজ্ঞ-সমাজ তাঁহাকে 'বৈষ্ণব' বলেন, তাহা হইলে আমরা সেই মতে ভোট না দিয়া সতর্কতার সহিত সেই বিচার গ্রহণ করিব।

প্রাকৃত করিয়া মানে বিষ্ণুকলেবর।
বিষ্ণুনিন্দা নাহি আর ইহার উপর॥

শ্রীজগন্নাথদেবের কলেবর বিষ্ণু-কলেবর, আর নিমকাষ্ঠদর্শন প্রাকৃত। Heno-theism ঠাকুরঘরে প্রবেশের অভিনয় করিলেও বিষ্ণুপূজা করেন না; তাঁহারা ভাগবতপাঠ, ভাগবতব্যাখ্যা, কীর্ত্তন-নৃত্যাদির অভিনয় করিলেও ভক্ত নহেন। কামুক ব্যক্তির স্ত্রীদর্শন ও শ্রীরামানন্দরায়ের দেবদাসী দর্শন এক নহে। রামানন্দ রায় জানেন, মানুষ, দেবতা, পশুপক্ষীর ভোগ্যা কোন স্ত্রী নাই, সমস্ত যোষিৎই একমাত্র কৃষ্ণভোগ্যা। শালগ্রাম দিয়া বাদাম ভাঙ্গিবার জন্য ঠাকুরঘরে প্রবেশ বা পূজার অভিনয় আর সত্য সত্য পূজা করিবার জন্য ঠাকুরঘরে প্রবেশ বাহ্যদৃষ্টিতে দেখিতে এক হইলেও সম্পূর্ণ পৃথক্‌।

আমরা বৈষ্ণবে জাতিবুদ্ধি করিব না। য়ুরোপের লোকেরা বৈষ্ণব হইতে পারে না, তাহা নহে।

শ্রবণদশাই নিত্যানন্দের পথের যাত্রীর প্রথম দশা। শ্রীগুরুপাদপদ্ম হইতে শ্রবণ হয়। শ্রীগুরুপাদপদ্ম কে?—যিনি তাঁহার শ্রীগুরু-পাদপদ্ম হইতে সমগ্র শ্রবণ করিয়াছেন। শ্রবণ করিতে করিতে সেবা-পথ অঙ্গীকার বা বরণ করিবার চেষ্টা হয়। সেবা-পথ বরণ করিলে অনুক্ষণ অধোক্ষজ নিত্যবস্তুর স্মরণ সমগ্র ধাতুকে আত্মসাৎ করিয়া ফেলে। তখন ক্রমে আপনদশা উপস্থিত হয়। আপনদশায় অধোক্ষজ লীলাপুরুষোত্তমের সেবা-সমাধিতে চিত্ত অনুক্ষণ তন্ময় হইয়া থাকে। এইরূপ ঐকান্তিক ভগবৎসেবায় গাঢ় অভিনিবেশ হইলে বস্তুসিদ্ধি লাভ হয়, ইহাই প্রকৃত আপনদশার উপাদান। পরে এই জগৎ হইতে দেহপাতকালে নিত্যদেহে নিত্যলীলার পরিকররূপে যখন প্রকাশিত হয়, তখনই সম্পন্নদশা বা বস্তুসিদ্ধি লাভ হয়। ইহাই কৃষ্ণী অপবর্গ ভ্রমণের চরমকল্প অর্থাৎ অধোক্ষজ সচ্চিদানন্দবস্তুকে তৎক্ষণাৎ শ্রবণ-মুহূর্ত্ত হইতে আরম্ভ করিয়া সত্য—অবিলম্বে বিচারিতে অবলম্ব করিবার একমাত্র রহস্য।

শুদ্ধভক্তি-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠ

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীব্রজপত্তন-ভবনে শ্রীচৈতন্যমঠ, পরবিদ্যা-পীঠ, শ্রীশ্রীরাধাকৃষ্ণ শ্রীগৌর,গোপাল আচার্য্য চতুষ্টয় বিগ্রহ আছেন। তদ্ব্যতীত এত-স্থানে 'দৈনিক নদীয়া-প্রকাশ'-যন্ত্রালয় আছে।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৩
কলিকাতায় শ্রীভক্তিবিনোদ-আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, সংকীর্ত্তন, শ্রীমন্মহাপ্রভুর বেদান্ত-শ্রীমদ্ভাগবতাদি শাস্ত্র-গ্রন্থের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও হারমণিষ্ট পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়।

(৩) যোগপীঠ-মায়াপুর-পীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব ভূমি যোগপীঠ।

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং ... বর্ত্তমান।

(৬) মুরারিগুপ্তের পাট

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৭) কাজি-সমাধি-পাট

প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি।

(৮) অনুকূলকৃষ্ণানুশীলনাগার

শ্রীধাম মায়াপুর

(৯) স্বানন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ জাননগর (বর্দ্ধমান)

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মাউগাছি, পোঃ জাননগর, (বর্দ্ধমান)
শ্রীনারায়ণী ঠাকুর বৃন্দাবনের পাট

(১৩) রুদ্রদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর,নদীয়া

(১৪) ভক্তিতত্ত্ব গৌড়ীয়মঠালয়

(১৫) স্বর্ণবিহার-গৌড়ীয়মঠ

গৌড়পুর, নদীয়া

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ

মাজিদা -(শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৭) কৃষ্ণকুটীর

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

(২০) মহেশ-পণ্ডিতের পাট

কাঁঠালপুলি, পোঃ চাকদহ (নদীয়া)

(২১) রাণাঘাট-গৌড়ীয়মঠালয়

(২২) পুরী গৌড়ীয়মঠ

চব্বিশ পরগণা

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ

বালিয়াটী পোঃ বালিয়াটি, ঢাকা।
পূর্ববঙ্গের প্রচার-কেন্দ্র।

(২৪) গোপালজীউমঠ

কমলাপুর, পোঃ ঢাকা

(২৫) নিতাই-গৌরাঙ্গ মঠ

পোঃ বালিয়াটি, (ঢাকা)

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

ময়মনসিংহ, পোঃ ময়মনসিংহ

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চক্চকা, কামরূপ (আসাম)

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

ওল্ড পাগলা ঝোরা বিল্ডিং, দার্জ্জিলিং

(৩০) সারস্বত-গৌড়ীয়মঠ

পোঃ হরিপাল, জিঃ সাহারাণপুর, ইউ, পি

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

খিজিরপুর পাটনা।

(৩২) গয়া গৌড়ীয়মঠ

মণি রোড, গয়া

(৩৩) সনাতন-গৌড়ীয় মঠ

৮১১ বড় মহাদেব, বেনারস সিটী

(৩৪) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

(৩৫) সপ্তঋষিকুঞ্জ মঠ,

পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়

বিশ্রামঘাট, পোঃ মথুরা

(৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

গোপালপুর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ

কিশোরপুর, বৃন্দাবন

(৩৯) রাধাকুণ্ড-শ্যামকুণ্ড

পোঃ রাধাকুণ্ড (মথুরা)

(৪০) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪১) রাধাকুণ্ড গোষ্ঠবাটী

(৪২) শ্রীগোবর্দ্ধনমঠালয়

গোবর্দ্ধন, মথুরা

(৪৩) নন্দকিশোর বিহারী মঠ

নন্দগ্রাম, মথুরা।

(৪৪) বর্ষাণা গৌড়ীয়মঠালয়

পোঃ বর্ষাণা, মথুরা

(৪৫) বর্ষাণা গৌড়ীয়মঠালয়

পোঃ বর্ষাণা, মথুরা

(৪৬) গোষ্ঠবিহারী মঠ—কোশাবী,

পোঃ কেকোরা, জেলা গুজরাট (পাঞ্জাব)

(৪৭) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

(৪৮) দিল্লী গৌড়ীয় মঠ

৪নং পাহাড়গঞ্জ রোড, নিউ দিল্লী

(৪৯) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়া ট্যাঙ্ক রোড, কাম্বালা হিল, বোম্বে ৭

(৫০) মাদ্রাজ-গৌড়ীয়মঠ

পোঃ ৭০ পত্তন, মাদ্রাজ
শ্রীরাধাকৃষ্ণ গৌড়ীয় অধিবাসীর সেবা

(৫১) আলালনাথ গৌড়ীয়মঠ

পোঃ ব্রহ্মগিরি আলালনাথ আলালনাথ
শ্রীশ্রীরাধাগোবিন্দজীউ-বিগ্রহের সেবা

(৫২) নদী গৌড়ীয়মঠ

জগন্নাথপুর, পোঃ জগন্নাথপুর, (পুরী)

(৫৩) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত পোঃ পুরী, উড়িষ্যা

(৫৪) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৫) লীলাকুটী

(৫৬) ত্রিদণ্ডি-গৌড়ীয়মঠ

পোঃ ভুবনেশ্বর, পুরী

(৫৭) সচ্চিদানন্দ মঠ

রামপাড়া, পোঃ কটক (উড়িষ্যা)

(৫৮) সিংহেশ্বর গৌড়ীয়মঠপীঠ

(৫৯) শ্রীব্রহ্মমাধ্বগৌড়ীয়-প্রপন্ন-আশ্রম

পোঃ কভুর, মাদ্রাজ

(৬০) ভাগবতজনানন্দ মঠ

চিড়ুলিয়া, পোঃ গঙ্গেশপুর, মেদিনীপুর

(৬১) জলেশ্বর গৌড়ীয়মঠ

পোঃ জলেশ্বর, মেদিনীপুর

(৬২) আমলাযোড়া প্রপন্নাশ্রম মঠ

পোঃ রাজবাঁধ (বর্দ্ধমান)

(৬৩) চৈতন্যগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র, পোঃ ঝঙ্কলা, (মানভূম)

(৬৪) রেঙ্গুন গৌড়ীয়মঠ

৩০১ নং শিয়ার্স ষ্ট্রীট, রেঙ্গুন।

(৬৫) লণ্ডন-গৌড়ীয়মঠ

ফ্ল্যাট নং ২
৫১, ক্যাডোগান রোড
স্লোন স্কোয়ার, লণ্ডন, ডব্লিউ

(৬৬) গৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

১৬।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা

(৬৭) গৌড়ীয়মঠ অফিস

নিউ রোড, লক্ষ্ণৌ, ইউ-পি)

(৬৮) শ্রীবিভাবিধি গৌড়ীয়মঠালয়

কানাইকানন, চট্টগ্রাম

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীমহানন্দ ব্রহ্মচারী ভক্ত্যালোক, ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও দ্বিতীয় দিনের জন্য	পরবর্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও দ্বিতীয় দিনের জন্য	পরবর্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	।০	৶০	।৵০	
" " ইঞ্চি	২৲		১৷০	১৲
সিকিকলম	৫৲	৪৲		৩৲
অর্দ্ধকলম	৮৲	৬৲	৬৲	৫৲
এক কলম	১২৲	১০৲	১০৲	

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চি	৩৲	২৷০
" সিকি কলম	১৫৲	১২৲
" অর্দ্ধকলম	২৫৲	১৮৲
" এক কলম	৩৫৲	৩০৲

চাঁদার হার

বার্ষিক (ডাকমাশুলসহ)	৯৲
যাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৸০
মাসিক "	১৲
প্রতি সংখ্যা ৴৫, বিশেষ সংখ্যাদি ভিন্ন দর।	

শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী

শ্রীল প্রভুপাদের চতুঃষষ্টিবর্ষপূর্ত্ত্যাবির্ভাব-তিথিতে শ্রীল আচার্য্যদেবের আনুকূল্যে "শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী" প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। ইহাতে পূর্ব্বার্দ্ধ ও উত্তরার্দ্ধ দুইটি বিভাগ আছে। পূর্ব্বার্দ্ধে শ্রীল প্রভুপাদের আদি-প্রবন্ধাবলী শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের সম্পাদিত 'স-সজ্জনতোষণী,' শ্রীল প্রভুপাদের 'নিবেদন' সাপ্তাহিক প্রভৃতি হইতে যথাসার ও প্রয়োজনীয় অর্থের টীকা-সহ সংকলিত হইয়াছে। উত্তরার্দ্ধে শ্রীল প্রভুপাদের সম্পাদিত 'সজ্জনতোষণী'র কতিপয় প্রবন্ধ যথাসার প্রভৃতির সহিত মুদ্রিত হইয়াছে। প্রবন্ধগুলি রচনাকালের ক্রমানুসারে গ্রথিত হইয়াছে; এতদ্ব্যতীত শ্রীল আচার্য্যদেবের একটি মূল্যবান্ উপোদ্ঘাত ও সঙ্কলনকারীর একটি বিস্তৃত ভূমিকা, শব্দ-সূচী, শাস্ত্র-শ্লোক ও পয়ার-সূচী প্রভৃতি গ্রন্থে সংযোজিত হইয়াছে। গ্রন্থটি উৎকৃষ্ট কাগজে ও ছাপাটের সহিত মুদ্রিত ও শ্রীল প্রভুপাদের আলেখ্যাদিদ্বারা ভূষিত ও সুন্দর বাঁধাই করিয়া প্রকাশিত হইয়াছে। প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, জিলা নদীয়া; শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ও শ্রীমায়াপুরচন্দ্রোদয়মঠ, নদীয়া, পোঃ [illegible]।।

শ্রীল প্রভুপাদের পদ্যপ্রসূন মালা

এই গ্রন্থে ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তি-সিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের রচিত পদ্যাবলী শ্রীল আচার্য্যদেবের বিরচিত "সৌরভ" নামক ভাষ্যের সহিত প্রকাশিত হইয়াছে। শ্রীল প্রভুপাদের অনেক অপ্রকাশিত পদ্য ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ।০ আট আনা।

—

শ্রীধাম-মায়াপুরে

—"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট"—

[illegible] বিদ্যালয়

শ্রীধাম মায়াপুরে [illegible] বিদ্যালয় ও বোর্ডিং এর [illegible]। [illegible] ছাত্রগণের জন্য [illegible] সুন্দর [illegible] ব্যবস্থা [illegible] খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে মাত্র ৬৲ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। বর্ত্তমান বর্ষে ১৬ জন বালকের মধ্যে ১৫ জন ভালভাবে উত্তীর্ণ হইয়াছে।

মেধাবী ছাত্রগণের আরও সুবিধা

পরীক্ষায় যাহারা শতকরা ৭৫ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ সচ্চরিত্র দরিদ্র ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক-সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা সবিস্তারভাবে আলোচিত হইয়াছে। এই এক অপূর্ব্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

শ্রীচৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত্র সবিস্তারভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ বিদণ্ডিস্বামী শ্রীমদ্ [illegible] তীর্থ মহারাজ লিখিত। ইহার ভিক্ষা মাত্র ৪৲ টাকা। প্রাপ্তিস্থান [illegible] কার্য্যাধ্যক্ষ, শ্রীযোগপীঠ, [illegible], পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীসরস্বতী-সংলাপ

প্রথম খণ্ড

শ্রীশ্রীমন্মাধ্ব গৌড়ীয়সম্প্রদায়ৈকসংরক্ষক জগদ্গুরু পরমহংসকুলচূড়ামণি নিত্যলীলা প্রবিষ্ট ১০৮শ্রী শ্রীমদ্ ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামি-প্রভুপাদ [illegible] জিজ্ঞাসু ও শুশ্রূষু সজ্জনবৃন্দের পরিপ্রশ্নোত্তরে ও সৎসঙ্গ-বিবাদাবসরে যে-সকল সুসিদ্ধান্তসমূহের কীর্ত্তন করিয়াছেন, যাহা তাঁহার প্রকটকালেই 'গৌড়ীয়' সম্পাদক শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ প্রভুপাদেরই শ্রীচরণে সংশোধিত করিয়া [illegible] এবং যাহার কিয়দংশ গৌড়ীয়পত্রে প্রকাশিত হইয়াছে, তাহা "শ্রীশ্রীসরস্বতী সংলাপ" নামে [illegible] শ্রীল প্রভুপাদের 'প্রবন্ধাবলী' ও '[illegible]' আকারে [illegible] প্রকাশিত হইতেছেন। বর্ত্তমানে শ্রীল প্রভুপাদের প্রথমবার্ষিক বিরহ-[illegible]-বাসরে এই [illegible] প্রকাশিত হইতেছেন। মানবজীবনের বহু [illegible] সমস্যা ও কঠিন প্রশ্নের সমাধান ইহাতে পাওয়া যাইবে। ভক্তগণের পাঠকমাত্রেরই এই গ্রন্থ সংগ্রহ একান্ত প্রয়োজন।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্‌শ কলেজের দর্শনের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপদেশক পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী সম্প্রদায়-বৈষ্ণবাচার্য এম্-এ মহোদয়ের গবেষণা এবং পরিপক্ক লেখনীর অদ্ভুত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত্র-পাঠে মগ্ন হউন। এই বিরাট, অভিনব ও অতুলনীয় গ্রন্থ মানচিত্র ও বিভিন্ন চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্ত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৩০টী অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকারের ভূমিকাদ্বয় (Prefaces), বিষয়-তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র (Index Glossary) সহ প্রথমখণ্ড প্রকাশিত। ভিক্ষা—১৫, পনর টাকা। প্রাপ্তিস্থান—সারস্বত গৌড়ীয়মঠ, [illegible]; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

'ঠাকুর ভক্তিবিনোদ'

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি-প্রচারের মূল মহাজন সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অভিনব জীবনচরিত এতাবৎকাল পর্য্যন্ত প্রকাশ্যে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয়মঠাচার্য্যবর্য্যের অন্তরঙ্গ পরবিদ্যাভিজ্ঞ সু-লেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু গ্রন্থাবলীর [illegible] সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১২৫ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৸০ আনা; ডাক মাশুল স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান—ম্যানেজার গ্রন্থবিভাগ
শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু গ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১১৩নং, কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

ই. বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ্

কলিকাতা ছাঃ	৫-৩৬	৬ ২৬	৭-০৬	১২-২৬	১৪-৫৬	১৬-৫৬	১৭ ৫৬	২২-২৬
রাণাঘাট পৌঃ			৮-২৮	১৪-১৫				
(বদল) ছাঃ			৯-০০	১৪-৫০				
কৃষ্ণনগর পৌঃ	৭-১	৮-৪৫	১০-৮	১৫-২০	১৭-২৮	১৯-০৮	২০-১৬	১-১২
(বদল) ছাঃ	৭-১২		১০-৩১		১৭-৩৬		২০-২৬	
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫১		১১-১০		১৮-১৬		২১-৪	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৩
রাণাঘাট পৌঃ	১২-৫৫
ছাঃ	১৩-০
শান্তিপুর পৌঃ	১৩-২৬
(বদল) ছাঃ	১৩-৩১ (লাইট্ রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪-১২
ছাঃ	১৪-৩০
নবদ্বীপঘাট পৌঃ	১৫-১০

ডাউন

নবদ্বীপঘাট ছাঃ	৫ ৪৫		৯-১০		১৩-৩১	১৬-০	১৮-৩১	
কৃষ্ণনগর পৌঃ	৬ ২৩	৯-১৬	৯-৪৮	১১-৪১	১৪-১০	১৬-০৬	১৯-১১	২১-১০
ছাঃ	৯-৩৬	৭-১৮	১০-১১			১৬-৪৫	১৯-২৫	
রাণাঘাট পৌঃ			১০-৪৬			১৭-৩০		
(বদল) ছাঃ			১১-১			১৭-৪০		
কলিকাতা পৌঃ	৮-১৬	৯-২১	১১-৫১	১২-১৬	১৪-১৬	১৯-১১	২১-৪১	২৩-৩৭

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৩-৩১	১৬-০	
কৃষ্ণনগর পৌঃ	১৪-১০	১৬-৩৮	
ছাঃ	১৫-২৮	১৭-৩৩	
শান্তিপুর পৌঃ	১৬-৯	১৮-১৪	
(বদল) ছাঃ	১৬-৩৩	১৮-২৫ (শনিবার ভিন্ন)	২০-৪০ (শনিবার)
রাণাঘাট পৌঃ	১৭-১০	১৮-৫০	২১-১৫
(বদল) ছাঃ	১৭-৪৩	১৯-১৪	২১-৫০
কলিকাতা পৌঃ	১৯-১১	২০-৪০	২৩-৩৭

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের



ম্যালেরিয়া প্রপীড়িত জীর্ণ শীর্ণদের মুখে, পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বাজারে ইহার কাটতি অত্যন্ত অধিক। নিজের সীল সংযুক্ত কাগজের এবং নূতন ও পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। মূল্য ছোট বোতল ৸৴০ দশ আনা, বড় বোতল ১৵০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা
অথবা
[illegible], ২৪ পরগণা

পোঃ—শ্রীমায়াপুর
টেলিগ্রাম—শ্রীধাম
শ্রীমায়াপুর

REGD NO C 1544

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৪শ খণ্ড] শ্রীমায়াপুর— ২২শে জ্যৈষ্ঠ, ১৩৪৬; ৫ই জুন, ১৯৩৯, সোমবার [৮২শ সংখ্যা

বিবিধ সংবাদ

—প্র০।

ইঙ্গ-ফরাসী-মার্কিণ আলোচনার সম্ভাবনা

বৃটিশ রাষ্ট্রদূত স্যার ক্লার্ক কের এবং এডমিরাল স্যার পার্সি নোবল [illegible] হইতে এখানে আসিয়া পৌঁছিয়াছেন। এই মাস শেষে প্রধান বৃটিশ ফরাসী এবং মার্কিন রাষ্ট্র-দূতত্রয় এবং নৌ-অধ্যক্ষগণ সাংহাইয়ে একত্রিত হইয়াছেন। এই সুযোগে তাঁহারা সম্মিলিতভাবে কুলাংসুর অবস্থা এবং বিদেশী জাহাজ চলাচলের ব্যাপারে জাপানীদের হস্তক্ষেপ সম্বন্ধে আলোচনা করিবেন বলিয়া মনে হয়। অবস্থা লক্ষ্য করিবার জন্য এখনও কুলাংসুতে দুইটি মার্কিন এবং কয়েকটি বৃটিশ যুদ্ধ জাহাজ রহিয়াছে।

যুক্তপ্রদেশে কারাবিভাগের সংস্কার

যুক্ত-প্রাদেশিক গবর্ণমেণ্ট প্রদেশের তরুণ কয়েদীদের জন্য লক্ষ্ণৌতে একটি সংশোধনাগার স্থাপন করিবেন বলিয়া স্থির করিয়াছেন। সম্পূর্ণ আধুনিক কারাগারে যেরূপ ব্যবস্থা থাকা দরকার উক্ত সংশোধনাগারেও সেইরূপ ব্যবস্থা থাকিবে। অল্প বয়স্ক কয়েদিগণ যাহাতে মুক্তির পর সমাজের কল্যাণ সাধন করিতে পারে তজ্জন্য তাহাদিগকে গড়িয়া তুলিবার জন্য অপরাধতত্ত্ব এবং কারা-শাসন সম্পর্কিত অতি আধুনিক গবেষণাগুলি এইখানে প্রয়োগ করা হইবে।

বর্ত্তমানে লক্ষ্ণৌ নর্মাল স্কুল যে স্থানে রহিয়াছে, সেই স্থানে এই সংশোধনাগার প্রতিষ্ঠিত হইবে বলিয়া জানা গিয়াছে। নর্মাল স্কুলের অট্টালিকাটিকে প্রয়োজন অনুসারে ভাঙ্গিয়া গড়িয়া লওয়া হইবে।

বৃটেনের তোড়জোড়

সৈন্যগণকে শিক্ষা দেওয়ার জন্য একটি স্থায়ী ক্যাম্প খোলার নিমিত্ত সমর-বিভাগের পক্ষ হইতে সম্প্রতি এখানবোলিয়া সন্নিকটে যে একশত একর জমি ক্রয় করিয়াছেন, তাহা পরিষ্কার করা আরম্ভ হইয়াছে। কাঠের চালা এবং ক্যাম্পের কেন্দ্রস্থলে একটি বিরাট হল নির্ম্মাণের জন্য তিনশত লোক নিযুক্ত করা হইবে। ইহার জন্য মোট তিন লক্ষ পাউণ্ড ব্যয় করা হইবে। এই ক্যাম্পে একযোগে ২ হাজার ৩ শত লোক সামরিক শিক্ষা গ্রহণ করিতে পারিবে। দেশের বিভিন্ন স্থানে আরও কয়েকটি ক্যাম্প খোলা হইবে। গোলন্দাজ সৈন্যদের শিক্ষাদানের জন্য ডসেটশায়ারে দুইশত একর জমির উপর একটি ক্যাম্প খোলা হইয়াছে। একটি নৌ-ঘাটি নির্ম্মাণের জন্য নৌবিভাগ ইভ-ফিলের সন্নিকটে ৪ শত একর জমি ক্রয় করিয়াছেন। চেষ্টারের নিকট আরও একটি ক্যাম্প খোলা হইবে বলিয়া স্থিরীকৃত হইয়াছে।

মধ্যপ্রদেশে সাম্প্রদায়িক বিদ্বেষ

প্রদেশে সাম্প্রদায়িক বিদ্বেষ বৃদ্ধি পাওয়ায় গত মার্চ মাসে হোলী ও মহরম উৎসবের সময় নাগপুর, জব্বলপুর, রায়-পুর, মির্জাপুর ও মালকাপুরে গণ্ডগোলের সৃষ্টি হইয়াছিল। এইরূপ বিদ্বেষ প্রচার-কারীদিগকে মধ্য প্রদেশের গবর্ণমেণ্ট সতর্ক করিয়া দিয়াছেন। বিদ্বেষ প্রচার যখন বন্ধ গবর্ণমেণ্ট জন-সাধারণকে জানাইয়া দিয়াছেন যে, বিদ্বেষ প্রচারক ব্যক্তি অথবা সংবাদপত্রের উপর গবর্ণমেণ্ট কঠোর ব্যবস্থা অবলম্বন করার বিষয় বিবেচনা করিতেছেন।

গবর্ণমেণ্ট বলেন যে, প্রদেশের সাম্প্রদায়িক সমস্যা সম্পর্কে সমস্ত বিষয়ই গবর্ণমেণ্ট বিবেচনা করিতেছেন এবং সমস্যা সমাধানের জন্য জরুরী ব্যবস্থা সম্বন্ধে আলোচনা করিতেছেন।

ম্যাট্রিকুলেশনে কৃতিত্ব

কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ম্যাট্রিকুলেশন পরীক্ষায় বড়িষা হাই স্কুলের (বেহালা, কলিকাতা) শ্রীমান শান্তিপ্রিয় চ্যাটার্জ্জি প্রথম স্থান অধিকার করিয়াছে বলিয়া জানা গিয়াছে।

কলিকাতা ভবানীপুর মিত্র ইন্‌ষ্টিটিউশনের শ্রীমান অমলেন্দুকুমার ব্যানার্জ্জি দ্বিতীয় স্থান অধিকার করিয়াছে।

বেহালা হাই স্কুলের একটি ছাত্র ও কলিকাতা সরস্বতী ইন্‌ষ্টিটিউশনের একটি ছাত্র উভয়েই তৃতীয় স্থান অধিকার করিয়াছে।

কৃষি শিক্ষার জন্য কলেজ স্থাপন

সিন্ধু গবর্ণমেণ্ট সাক্রাণ্ডে কৃষি শিক্ষাদানকল্পে একটি কলেজ স্থাপন করার জন্য ২,২৫,০০০৲ টাকা মঞ্জুর করিয়াছেন এবং উক্ত কলেজের জন্য বাৎসরিক ৪০,০০০ টাকা ব্যয় বরাদ্দ করিয়াছেন। এই ব্যয় গবর্ণমেণ্টই বহন করিবেন।

এই বৎসর হইতেই কলেজের কার্য্য আরম্ভ হইবে। কলেজটির নাম "দি কিং জর্জ্জ দি ফিফথ ইন্‌ষ্টিটিউট অব এগ্রিকালচার" হইবে। কারণ কলেজের প্রথম খরচ ১ ৫০,০০০ টাকা রাজা জর্জ্জের স্মৃতি-ভাণ্ডার হইতে দেওয়া হইবে।

প্রতিষ্ঠানটি গবর্ণমেণ্টের কর্তৃত্বাধীনে থাকিবে।

কলেজে কৃষকের ছেলে ভর্ত্তি হইতে পারিবে। তাহাদিগকে সর্ব্বপ্রথম সুবিধা দেওয়া হইবে। সিন্ধুবাসীদিগকে কৃষি-কার্য্যে যোগদান করার জন্য কতিপয় বৃত্তি দেওয়া হইবে বলিয়া প্রচার করা হইবে।

সিমলা পার্ব্বত্য অঞ্চলের দেশীয় রাজ্যসমূহ

জানা গিয়াছে যে, গত মার্চ মাসে বড়লাট দিল্লীতে রাজন্যমণ্ডলের এক সভায় বক্তৃতাপ্রসঙ্গে সিমলা পার্ব্বত্য অঞ্চলের দেশীয় রাজ্যসমূহের যুক্ত শাসন সম্পর্কে যে প্রস্তাব করিয়াছিলেন, তাহা বিবেচনা করিবার জন্য উক্ত দেশীয় রাজ্যসমূহের রাজন্যবর্গের এক ঘরোয়া বৈঠক হইবে।

১৫ই জুন তাঁহাদের আর একটী বৈঠক হইবে এবং সেই বৈঠকে পলিটিক্যাল এজেণ্ট অথবা রেসিডেণ্ট উপস্থিত থাকিবেন।

যুক্তরাষ্ট্র আদালতের প্রধান বিচারপতি

যুক্তরাষ্ট্র আদালতের প্রধান বিচারপতি স্যার মরিস গয়ার ইংলণ্ডের পথে আজ সিমলা হইতে বোম্বাই যাত্রা করিলেন। ৩রা জুন তারিখে তিনি ভারত ত্যাগ করিয়াছেন, ২৮শে সেপ্টেম্বর তারিখে পুনরায় প্রত্যাবর্ত্তন করিবেন

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক। প্রতি একাদশীতে প্রকাশিত হয়। কলিকাতা বাগবাজারস্থ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। সডাক ভিক্ষা ৩।০ টাকা মাত্র।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৸০ টাকা মাত্র।

৩। ভাগবত—হিন্দিভাষায় একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ টাকা মাত্র

৫। শ্রীগৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ মাত্র।

পরমগুরু শ্রীগৌরকিশোর

গৌড়ীয়-সম্পাদক-লিখিত, শ্রীগৌড়ীয়মঠাচার্য্যের ভূমিকা-সম্বলিত, বহুচিত্র-শোভিত ও বিষয় সূচী সম্বলিত "পরমগুরু শ্রীগৌরকিশোর" গ্রন্থরাজ প্রকাশিত হইয়াছেন। এই গ্রন্থরাজে শুদ্ধগৌড়ীয়বৈষ্ণবজগতের পরমারাধ্য, গৌড়ীয়গৌরবশিখামণি অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ নিত্যলীলাপ্রবিষ্ট পরমহংস ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল গৌরকিশোরদাস গোস্বামী প্রভুবরের আলেখ্য চরিতকথা বর্ণিত আছে।

শ্রীশ্রীভক্তিবিনোদাবির্ভাব-শতবর্ষপূর্ত্তিতিথিপূজার উপায়ন-গ্রন্থমালা

——::(০)::——

১। গীতিসাহিত্যে শ্রীভক্তিবিনোদ

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র গীতিসাহিত্যের সমালোচনা-গ্রন্থ)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

২। শ্রীভক্তিবিনোদবাণীবৈভব

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের গ্রন্থাবলী হইতে আহৃত ১০৮টি অধ্যায়ে সম্বন্ধ-অভিধেয় প্রয়োজনাকারে গুম্ফিত অমূল্য উপদেশপূর্ণ গ্রন্থ)

ভিক্ষা—৩৲ তিন টাকা মাত্র।

৩। শ্রীশ্রীভক্তিবিনোদ-প্রসঙ্গ

ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ ও ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী প্রভু-বিরচিত এবং গৌড়ীয়ে প্রকাশিত শ্রীশ্রীভক্তিবিনোদ-চরিত-প্রসঙ্গ

ভিক্ষা—৷৵০ ছয় আনা মাত্র।

৪। ছাত্রদের ভক্তিবিনোদ

(ছাত্রদের উপযোগী ভাষায় লিখিত শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্র ও শিক্ষা)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

(ছাত্রদের পক্ষে ভিক্ষা—।০ আট আনা মাত্র)

প্রাপ্তিস্থান :—

(১) 'ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্', পোঃ শ্রীমায়াপুর, নদীয়া ;

(২) শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ;

(৩) শ্রীযুক্ত ভূপতিমোহন দাস এম্-এ, বি-এল্, পুরাণপল্টন পোঃ রমণা, ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

গ্রন্থাকারে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্,—সমগ্র ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ৩৮৲
১১শ স্কন্ধ— ২৲
২। ভাষ্যসহ বিরাট্ শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৯৲
৩। ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬
৪। সরস্বতী জয়শ্রী (অবাঁধা) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০ ; ২য় খণ্ড ১৲ ; ৩য় খণ্ড—৸০ ; ৪র্থ খণ্ড ৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০ ; ২য় খণ্ড—১৲ ; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার দীপিকা ও সংস্কার দীপিকা ১।০
৯। বৈষ্ণবধর্ম ১৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধককণ্ঠমাল (দ্বিতীয় সংস্করণ) ।০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ-তত্ত্ব ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষদ্ ।০
১৮। ভজন-আলয় ।০
১৯। তত্ত্ববিবেক ।০
২০। গৌড়ীয় গৌরব ৷৵০
২১। গৌড়ীয়গীতিকা ৷৵০
২২ ভজন রহস্য ।০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা সহ) ২৲
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) ২৲
অবাঁধা) ১৲
২৬। গীতায় কেবল মাত্র ভাষা ।০
২৭। [illegible] (সানুবাদ) ১
২৮। বেদান্তসার (সানুবাদ) ।০
২৯। প্রেমবিবর্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৸০
৩০। দীপ-দিগ্-দর্শন ৵০
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ৷৵০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ।০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৵০
৩৫। গীতমালা ৴১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৵০
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৵০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০
৩৯। শ্রীগোদ্রুমজনপরিক্রমা ।০
৪০। শরণাগতি ৴০
৪১। গীতাবলী ৴০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
৪৩। সাধনত্র ৴০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ৴
৪৫। নবদ্বীপশতক
৪৬। অর্থপঞ্চক
৪৭। সদাচারস্মৃতিঃ ৩/
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৴১০
৪৯। অর্চ্চনকণ ৵১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম ও ২য় খণ্ড) ৩৲
৫১। বন্দসংক্রিয়া ।০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ-বিনির্ণয় ।০
৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ।০
৫৬ ভারতবর্ষ ও ভক্তিপথ ৶০
৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ) ।০
৫৮। শ্রীরূপশেখর ৶০
৫৯। সিদ্ধান্তদর্পণ ৶০
৬০। সাংখ্যবাণী ৴০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।০
৬২। সিদ্ধান্ত-সরস্বতী বিজিতঃ ।০
৬৩। সটীক-শিক্ষাষ্টকম্ ।০
৬৪। স্তবস্তবক ।০
৬৫। সানুবাদ শিক্ষাষ্টকম্ ৶০
৬৬। গৌড়ীয়মঠপরিচয়ঃ ৴০
৬৭। সারাংশবর্ণনম্ ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।০
৬৯। এ ফিউ ওয়ার্ডস অন বেদান্ত ।০
৭০। নামভজন ৴০
৭১। বেদান্ত—ইটস মরফলজী অ্যাণ্ড অন্টলজি ।০
৭২। রিলেটিভ ওয়ার্ল্ডস ৷৵০
৭৩। লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস অব শ্রীচৈতন্য মহাপ্রভু ।০
৭৪। বৈষ্ণবীজম ।০
৭৫। [illegible] গৌড়ীয়মঠ [illegible] ৴০
৭৬। দি ভাগবত ।০
৭৭। ইরোটিক প্রিন্সিপাল অ্যাণ্ড আনএ্যালয়েড ডিভোশন ।০
৭৮। ব্রহ্মসংহিতা ১৷০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (প্রথম খণ্ড) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ।০
৮১। সাধন-পথ ।০
৮২। কল্যাণ-কল্পতরু ৶০
৮৩। গীতাবলী ৴০
৮৪। শরণাগতি ৴০

আসামিয়া ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ৴০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

একমাত্র পারমার্থিক দৈনিক পত্র

শ্রীধাম-মায়াপুর-নদীয়া

১৪শ বর্ষ { ৩ বামন ৪৫৩ গৌরাব্দ, ২২শে জ্যৈষ্ঠ বঙ্গাব্দ ১৩৪৬, ৫ই জুন ইং ১৯৩৯, সোমবার } ৮২শ সংখ্যা

প্রচার-প্রসঙ্গ

——::(০)::——

মেদিনীপুরে

শ্রীবিশ্ববৈষ্ণবরাজসভার পা ত্র রা জ ওঁবিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী মহারাজের নির্দেশানুসারে ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিপ্রকাশ অরণ্য মহারাজ কতিপয় ব্রহ্মচারী সহ গত ৮ই বৈশাখ শ্রীগৌড়ীয়মঠ হইতে শ্রীভাগবতজনানন্দমঠে গমন করিয়া বিভিন্ন স্থানে শ্রীহরিকথা প্রচার করেন।

গত ১০ই বৈশাখ শ্রীভাগবতজনানন্দমঠ হইতে মেদিনীপুর জেলার অন্তর্গত কুমিরদা গ্রামনিবাসী শ্রীযুত গোপালচন্দ্র দাস মহাশয়ের বাসভবনে গমন করিয়া ১৫ই বৈশাখ পর্যন্ত স্বামীজী তথায় শ্রীমদ্ভাগবত ও শ্রীচৈতন্যচরিতামৃত পাঠ ও ব্যাখ্যা করেন।

গত ১৬ই বৈশাখ মেদিনীপুর জিলার অন্তর্গত ভাটোড় নিবাসী শ্রীযুত জীবনকৃষ্ণ ভূঞা মহাশয়ের ঠাকুরবাড়ীতে গমন পূর্ব্বক স্বামীজী শ্রীচৈতন্যচরিতামৃত পাঠ ও ব্যাখ্যা করেন।

গত ১৭ই বৈশাখ মেদিনীপুর জিলার অন্তর্গত নাচিন্দা গ্রামবাসী সজ্জনবৃন্দের সাদর আহ্বানে তথায় গমন করিয়া উক্ত গ্রামের বাজারের চণ্ডীমণ্ডপের সম্মুখস্থ প্রাঙ্গণে স্বামীজী 'মনুষ্যজীবনের কর্ত্তব্য' সম্বন্ধে একটী বক্তৃতা প্রদান করেন।

গত ১৮ই বৈশাখ মেদিনীপুর জিলার অন্তর্গত কালিন্দী-গ্রামনিবাসী শ্রীযুত প্রতাপচন্দ্র দাসমল মহাশয়ের সাদর আহ্বানে স্বামীজী তথায় গমন করিয়া ২১শে জ্যৈষ্ঠ পর্য্যন্ত হরিকথা প্রচার করেন।

গত ২৫শে বৈশাখ মেদিনীপুর জিলার অন্তর্গত কাঁথি টাউনে গমন করিয়া উক্ত টাউনের শ্রীহরিসভার নাটমন্দিরে স্বামীজী ৩০শে বৈশাখ পর্য্যন্ত শ্রীচৈতন্যচরিতামৃত পাঠ, ব্যাখ্যা ও মনুষ্যজীবনের কর্ত্তব্য সম্বন্ধে বক্তৃতা প্রদান করেন। সভায় বহু সজ্জন ও ভদ্রমহিলা উপস্থিত হইতেন।

গত ৪ঠা জ্যৈষ্ঠ তারিখে মেদিনীপুর জিলার অন্তর্গত বালিঘাই গ্রামে গমন করিয়া চণ্ডীমণ্ডপের সম্মুখস্থ প্রাঙ্গণে স্বামীজী একটী বক্তৃতা প্রদান করেন।

গত ৬ই জ্যৈষ্ঠ তারিখে মেদিনীপুর জিলার অন্তর্গত এগ্রাবাজারের শ্রীযুত রাধাকৃষ্ণ দাস মহাশয়ের গৃহে গমন করিয়া শ্রীহরিকথা প্রচার করেন।

গত ৭ই জ্যৈষ্ঠ হইতে ১১ই জ্যৈষ্ঠ পর্য্যন্ত মেদিনীপুর জিলার অন্তর্গত আমবাড় গ্রাম নিবাসী শ্রীযুত মহেন্দ্রনাথ বেরা মহাশয়ের বাসভবনে [illegible] হরিকথা কীর্ত্তন করেন।

দিল্লীতে

শ্রীগৌড়ীয়মঠের অন্যতম প্রচারক উপদেশক পণ্ডিত শ্রীপাদ রূপবিলাস ব্রহ্মচারী বিদ্যার্ণব বি-এ মহোদয় শ্রীযুত প্রমথনাথ সেন মহোদয়ের সাদর আহ্বানে কতিপয় ব্রহ্মচারী সহ গত ২০শে মে রাত্রি ৮ ঘটিকার সময় তাঁহার বাসভবনে গমন করত বহু বিশিষ্ট শ্রোতৃমণ্ডলীর সম্মুখে শ্রীচৈতন্যচরিতামৃত হইতে শ্রীসনাতন-শিক্ষা পাঠ ও ব্যাখ্যামুখে হরিকথা কীর্ত্তন করেন।

প্রসঙ্গক্রমে তিনি বলেন যে, শ্রীমন্মহাপ্রভু ও তদীয় পার্ষদবর্গ আবির্ভূত হইয়া জগতে শুদ্ধভক্তির কথা প্রচার করিয়া গিয়াছেন। নিত্যানন্দ প্রভু ও হরিদাস ঠাকুরের প্রতি মহাপ্রভুর সাক্ষাৎ আদেশ যে, যাহাকে দেখিবে তাহাকেই কৃষ্ণকথা বলিবে বলিবে। কৃষ্ণভজন করিতে শিক্ষা দিবে, ইহা ছাড়া আর অন্য কোন কথা বলিবে না। কারণ, কৃষ্ণভজন ব্যতীত জীবের মঙ্গলের আর পথ নাই। জীবের সহিত কৃষ্ণের নিত্য সম্বন্ধ আছে। জীব তাঁহার নিত্য দাস। প্রভুসেবাবিস্মৃতিবশতঃ মায়ার সেবা করিতেছে। কৃষ্ণকথাই একমাত্র তাহার স্বরূপ স্মরণ করাইয়া দিতে পারে। তাই মহাপ্রভুর ভক্তবৃন্দ প্রত্যেক জীবের দ্বারে দ্বারে যাইয়া তাঁহাদের নিকট মহাপ্রভুর কথা কীর্ত্তন করেন।

জীবের বান্ধব

(প্রাপ্ত)

কালিন্দী চিন্ময় সলিল মাঝারে,
কালীয় ভুজঙ্গ গোপনে রয়।
সেই আশীবিষ বিষের উদগারে,
ভরুল হইল গরলময়।
ধেনু রাখি সব বেণুধারিগণ
আসি'ল তপনতনয়া-তীরে।
অঞ্জলি পূরিয়া পিয়ে সে জীবন
হইল মূর্ছিত গরল নীরে।
এক্ষণো তাই কোথা হে কানাই
দিবে বিষদন্ত ভাঙ্গিয়া আজ।
তুমি বিনা আর ভবে কেহ নাই
রাখ এজনে রাখালরাজ॥
আত্মপরাধে কারে বন্ধন
তবে কারে সেবার কাঁদি।
কাল বিষধরে হইল মগন
কোথায় লুকালে ভক্ত-অরি॥
সেথা কালীয় সেই দানবে
[illegible]
মহাকাল সেই [illegible]
[illegible]
বালি-সমদর্শী [illegible]
কোন্ ভুজঙ্গে লুকায়ে আজ।
বিলাসবিহারী [illegible]
সাধিতে পাদপ্র কংসের কাজ॥
বাণীপুরাণে করিবারে নাশ
কে তুমি নিঠুর ভুজঙ্গ বল।
নির্বিশেষবাদী [illegible]
চালে আশীবিষ [illegible] জল॥
বিকৃত কথা কহে উন্মত্ত
হবে না তোমার গরল তার।
হও বাসুদেব-পদতলে নত
চরণ-[illegible] আর॥
শান্তিতে বসিয়া [illegible]
সেথা বাসুদেব [illegible] অরি।
প্রভু বাসুদেব [illegible]
লভ কৃপা তাঁর চরণ ধরি॥

মায়ারে করিয়া জয় ছাড়ান না যায়। সাধু-গুরু-কৃপা বিনা না দেখি উ[illegible]

"রামচন্দ্রপুরী মাধবেন্দ্রপুরীর শিষ্য হইয়াও শুষ্কজ্ঞানীদের সম্প্রদায় সঙ্গে দূষিত সিদ্ধান্ত লইয়া অনর্থ উপার্জ্জন করিয়াছিলেন। তাহাতে পুরী গোঁসাই তাঁহাকে অপরাধী বলিয়া বর্জ্জন করেন। সেই অবধি পরনিন্দা, পরদোষানুসন্ধান, শুষ্কজ্ঞানোপদেশ—এই সকল কার্য্য করিয়া তিনি বৈষ্ণবদিগের দ্বারা উপেক্ষিত হন।"

(শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

৩ বামন শনিবার সপ্তমী গৌরাব্দ ৪৫৩

শ্রীভক্তিসিদ্ধান্তবাণী

শ্রীরূপানুগবর বলেন, আমার প্রভু—শ্রীকৃষ্ণ। আমি যতই অযোগ্য হই না কেন, তবুও আমার তাঁহার নামে একটী কৃত্য আছে। আমি [illegible] হইলেও পরম ভাগ্যবান্। [illegible] পাইয়াছে [illegible], আমিও যখন [illegible] তখন [illegible] আমারও একটী কৃত্য আছে। কৃপা-প্রার্থনা—প্রার্থনা।

জগতে মায়ার কথা প্রবলভাবে চলিতেছে। হরিকথার বড়ই দুর্ভিক্ষ। হরিকথায় লোকের আদৌ উৎসাহ নাই। ইন্দ্রিয়সুখে আসক্ত হইলে ধন্য হইবে না, ইন্দ্রিয়সুখকে নষ্ট করিলেও ধন্য হইবে না। বৈরাগ্যেও হইবে না, ভোগেও হইবে না। কিন্তু ভগবানেরই সেবা করা চাই।

এই জগতে ভোগের চোখে ভগবানের রূপ-গুণ-লীলা দুষ্প্রাপ্য হইয়া দাঁড়াইয়াছে। যাহাতে সুপ্রাপ্য হয় তজ্জন্য শ্রীরূপ-গোস্বামী প্রভু বলিয়াছেন,—নামাশ্রয়ই একান্ত আবশ্যক। নামাশ্রয়েই রূপ-গুণ-লীলার স্ফূর্ত্তি হয়।

শ্রীনামগ্রহণ ব্যতীত আমাদের অন্য কোন কৃত্য নাই। অনর্থ থাকাকালে আমাদের নামগ্রহণ হয় না। অধিকন্তুই নামাপরাধ, কখনও নামাভাস হয়। অনর্থমুক্ত হইবার জন্য সর্ব্বাগ্রে যত্ন করা উচিত। ভগবান্‌কে নিষ্কপটে ডাকিলেই অনর্থনিবৃত্তি হয়। অন্য কোন উপায় নাই। নাম করিতে করিতে অনর্থনিবৃত্তি হইবে—নামাপরাধ করিতে করিতে হয় না। অনর্থ-নিবৃত্তি হইলে ভগবানের রূপ, গুণ, লীলা ভক্তচিত্তে স্বয়ং প্রকাশিত হন। নামেতে যাহাদের প্রাকৃতবুদ্ধি, তাহাদের নামগ্রহণে শুদ্ধ হয় না। অনর্থযুক্ত ব্যক্তিরই নাম ভাল লাগে না, অনর্থযুক্ত ব্যক্তির নামে আগ্রহ হয় না। নামাপরাধহেতু নাম হয় না, নাম হয় না বলিয়া প্রেমোদয় হয় না, কৃষ্ণের হাতটী দেখিতে পাই না।

কামিনীকে যেরূপ কৃষ্ণসেবায় নিযুক্ত করিবে, কনকের দ্বারাও তদ্রূপ কৃষ্ণসেবা করিতে হইবে। কনক ভোগ করিতে হইবে না বা প্রতিষ্ঠা-অর্জ্জনের বাসনায় কনকত্যাগও করিতে হইবে না। কনককে প্রাকৃত বোধ না করিয়া চিন্ময় করিয়া লও। যে কনক হরিভজন করে, তাহা ব্রজবাসীর কনক। চিন্ময় কনক হরিভজনের সাহায্য করে, হরিজন ও হরিসেবার আনুকূল্য করে।

হরিসেবোন্মুখ জীবন্মুক্ত পুরুষ যথাসর্ব্বস্ব দিয়া হরিভজন করেন। যিনি কৃষ্ণার্থে অখিলচেষ্ট তিনিই মুক্ত। মুক্ত না হইলে কৃষ্ণসেবায় অধিকার হয় না। কৃষ্ণ ত' একমাত্র রাধারাণীর বস্তু। রাধারাণীর সেবা ব্যতীত কখনও কৃষ্ণসেবায় অধিকার হইতে পারে না।

যাতে ভগবানের ইন্দ্রিয়ের সুখ হয়,—সেরূপ কথার নামই হরিকথা। জটাজুট ধারণ করলে, ত্যাগী সাজলে বা বড় লেখক হ'লেই তাকে সাধু বলা যায় না। সর্ব্বক্ষণ হরিকথা-রত ব্যক্তির নামই সাধু। সর্ব্বক্ষণ শ্রীভগবানের সেবার জন্য ব্যস্ত যাঁ'রা তাঁ'রাই সাধু। নিত্যকাল সর্ব্বক্ষণ যে সকল চেষ্টার জন্য ব্যস্ত থাকেন, সে সকলই যাঁহার ভগবানের সেবার জন্যই, তিনি সাধু।

মূর্খ তাঁ'কে (অজিত ভগবান্‌কে) সেবায় জয় করতে পারে, পাণ্ডিত্যাভিমানী তাঁ'কে জয় করতে পারে না। জগদ্গুরু ব্রহ্মবাক্যের অনুসরণ করেন, অনুকরণ করেন না।

গুরুদেবের পাদপদ্ম আশ্রয় না করলে মঙ্গল হ'বে না। যে বলদেব প্রভু কায়মনোবাক্যে কৃষ্ণসেবা করেন, তাঁ'র অনুগ্রহ পেলেই আমাদের মঙ্গল হয়। যিনি অখণ্ড বস্তুর সেবা করেন, তাঁ'র আনুগত্য দ্বারাই জীবের মঙ্গল হয়। আমরা যদি অবৈষ্ণবের কথা শুনি, অবৈষ্ণবের পরামর্শ নেই, তা'হ'লে দৃশ্য-জগতের প্রত্যেক পরমাণুর সেবা করতে করতে আবৃত অবস্থায় আমাদের অনন্তকোটী জীবন কেটে যাবে।

পরিকরবিশিষ্ট গৌরসুন্দরই আমাদের পূজার সামগ্রী; পরিকর বাদ দিয়ে গৌরসুন্দরের পূজা হয় না। বৈষ্ণবের পূজা ব্যতীত জীবের আর মঙ্গলের দ্বিতীয় রাস্তা নাই। বৈষ্ণবের অনুকরণ দ্বারা জীবের মঙ্গল হয় না—অনুসরণ দ্বারাই মঙ্গল হয়। শ্রীগৌরসুন্দর সর্ব্বগুরুগণের গুরু। তিনি জানালেন, গুরু ভগবান্ হ'তে অভিন্ন হ'লেও ভগবদ্ভক্তের প্রধান স্বরূপে গুরুদেবের অবস্থান। বদ্ধজীবের সর্ব্বোৎকৃষ্ট কর্ত্তব্য বৈষ্ণবসেবা। জগতে পতিতগণের হিতবাঞ্ছা না করিলে ভগবান্ দয়া করেন না। অবৈষ্ণবতা থেকে পৃথক্ থাকতে হ'বে। যাঁ'র অবৈষ্ণবতা-বৃত্তি এসেছে, সে ইহা বুঝতে পারবে না। হরিভক্তের সঙ্গ না করিলে হরিভক্তি হ'বার সম্ভাবনা নাই।

গৌরসুন্দরের অন্য উপদেশ নাই—বৈষ্ণবের অন্য কোনও কৃত্য নাই—ভগবান্‌কে ডাকা ছাড়া অন্য কোনও কথা নাই। যাঁ'রা কৃষ্ণকে আহ্বান করছেন, সেই কৃষ্ণকে ডাকা কাঠটা ফুল বা হৃদয় কাদার অন্যতম নহে। পরন্তু কৃষ্ণের যে চিন্ময় শরীর, তাঁ'র সেবা করবার জন্যই তাঁ'রা ডাকছেন।

যেকালে আত্মা হরিসেবা করে, তখন আত্মার হরিসেবা ধর্ম্মক্রমে মন ও দেহও হরিসেবা করিতে বাধ্য হয়। যখন নামাভাস হয়, তখন জীব এই জগৎ হইতে মুক্ত হ'য়েছে। নামাপরাধ দ্বারা ধর্ম্মার্থকাম লাভ হয়, কখনও বা অধর্ম্ম, অনর্থ বা কামনার অতৃপ্তিও লাভ হয়। যখন ভগবানের চরণে ভজনের প্রবৃত্তি উদিত হয়, তখন তাহা হাত দিয়ে, পা দিয়ে, মন দিয়ে নয়। আত্মা দিয়ে ভগবানের উপাসনা হয়।

অভাবের মূল কোথায় ?

(শ্রী[illegible] দাস ব্রহ্মচারী)

স্বরূপ-বিস্মৃত জীব আমি। নিত্যপ্রভুর সেবা ছাড়িয়া আজ মায়াপিশাচীর আনুগত্য করিতেছি। প্রকৃতির বিচিত্রতা দর্শন করিয়া বিমুগ্ধ হইতেছি। মনে করিতেছি, এই জগৎ কত সুখের স্থান! এখানে স্বচ্ছ-সলিলা নদী, সুমন্দ সমীরণ, সুশোভিত কাননাভ্যন্তরে সুগন্ধি পুষ্পরাজি বিরাজিত, ঋতুষট্ক ক্রমশঃ একটীর পর একটী করিয়া পৃথিবীর বুকের উপর দিয়া চলিয়া যাইতেছে। চন্দ্র-সূর্য্য নিয়মিতভাবে আকাশে উদিত হইয়া আলোক দান করিতেছে। প্রত্যহই কত-শত নয়নমনোমুগ্ধকর দৃশ্যাবলী দর্শন করিতেছি; সঙ্গে সঙ্গে বিধাতাকে ধন্যবাদ না দিয়া থাকিতে পারিতেছি না। মনে করিতেছি, আহা! জগৎ এত সুন্দর! এখানে এত আনন্দ!

অপর দিকে মাঝে মাঝে যখন জরা-মৃত্যু, ব্যাধি, অতিবৃষ্টি, অনাবৃষ্টি, দুর্ভিক্ষ, মহামারীর ভীষণ তাণ্ডব নৃত্যের কথা জলদাকাশে বিদ্যুতের ন্যায় দেখা দিতেছে, তখন যেন অমানিশায় ঘোরঘনঘটায় অন্তরটা আচ্ছাদিত হইতেছে। হৃদয়রাজ্যে একটা বিপুল আন্দোলনের সৃষ্টি হইতেছে। তখন পদে পদে যেন দুঃখময় নিবিড় অরণ্যের পিচ্ছিল পথে অগ্রসর হইতেছি। একটু আগে যে জগৎ সুখের স্থান বলিয়া মনে করিয়াছিলাম সেখানে এখন শোক, মোহ ও ভয় আসিয়া উপস্থিত হইয়াছে। ভাবিতেছি এই জগৎ সুখের স্থান নয়? যেখানে নিরবচ্ছিন্ন আনন্দ নাই, সেখানে জীব সকল কি করিয়া সুখী হইতে পারে? অনিত্য বস্তু ত' জীবকে সুখ দিতে পারে না; বরং দুঃখেরই উদয় করায়।

নিদ্রিত অবস্থায় স্বপ্ন দেখিয়া মানুষ নিজেকে কখনও সুখী আবার কখনও দুঃখী মনে করে; কিন্তু নিদ্রা ভাঙ্গিলে যেমন স্বপ্ন-দৃষ্ট সুখ ও দুঃখ মিথ্যা বলিয়া বুঝিতে পারে তদ্রূপ মায়াবিমোহিত জীব আমি অভিলষিত অনিত্য ভোগবস্তু-প্রাপ্তিতে সুখ ও তাহার অপ্রাপ্তিতে দুঃখ অনুভব করিতেছি। শ্রীগুরু-বৈষ্ণবের কৃপায় মায়ার মোহ হইতে উদ্ধার লাভ করিয়া স্বরূপে প্রতিষ্ঠিত হইতে পারিলে জগতের সুখ ও দুঃখ সমস্তই স্বপ্নদৃষ্ট সুখ ও দুঃখের ন্যায় অলীক বলিয়া বুঝিতে পারা যায়।

পৃথিবীর সর্ব্বত্রই অভাবের ধ্বনি শ্রুত হইতেছে। সকলেই 'চাই চাই' রবে চতুর্দ্দিকে

ভগবৎকৃপা বিনা কোন কর্ম্মে শান্তি নাই। কৃষ্ণভক্তি দূরে রহে সংসার নহে ক্ষয়।

তেছে। ঐ যে সুরম্য অট্টালিকায় বহু আত্মীয়স্বজনপরিবৃত ব্যক্তিকে সুখী বলিয়া মনে হইতেছে, কিন্তু জিজ্ঞাসা করিয়া জানা যাইতেছে যে তিনি সুখী নন, যেহেতু তাঁহার অভাব রহিয়াছে। তিনি অধিক পরিমাণে ধনের আকাঙ্ক্ষা করিতেছেন। সুতরাং যেখানে অভাব বর্ত্তমান সেখানে সুখ কোথায়? প্রত্যক্ষ দেখিতেছি যাহার পাঁচ টাকা আছে সে দশ টাকা চাহিতেছে। যাহার দশ টাকা আছে সে একশত টাকা পাইতে চেষ্টা করিতেছে। সামান্য ভিক্ষুকের দরজা হইতে আরম্ভ করিয়া সম্রাটের পর্য্যন্ত অভাব দূর হইতেছে না। ভিক্ষুক একমুষ্টি চাউল পাইলে ক্ষণকালের জন্য সুখী বলিয়া নিজেকে মনে করিতেছে, আবার সম্রাট একটা বিশাল দেশকে নিজের আয়ত্তে আনিতে পারিলে ভাগ্যবান্ মনে করিতেছে। ইহার কারণ কি? আকাঙ্ক্ষার পরিতৃপ্তি হইতেছে না; বরং সমুদ্রের ন্যায় অনন্তরূপে বৃদ্ধিপ্রাপ্ত হইতেছে। জগতের লোকগুলি দিনরাত্র আপ্রাণ পরিশ্রম করিতেছে। কিন্তু তবুও অভাব দূর হইতেছে না কেন?

মনে করিতেছে, আত্মীয়-স্বজন, ধন-সম্পত্তি পাইলে অভাব দূর হইবে। যখন তাহা পাইতেছে, তখন আবার নষ্ট হইবার আশঙ্কায় ভয় হইতেছে। নষ্ট হইয়া গেলে শোক আসিয়া তাহাদিগকে গ্রাস করিতেছে। অনিত্যবস্তুর স্বভাবই জন্ম, স্থিতি ও ভঙ্গ। সুতরাং অনিত্য বস্তু পাইয়াও অভাব বা দুঃখ যাইতেছে না বরং উদ্বেগ বাড়াইয়া দিতেছে। ইহা আশ্চর্য্যের কিছুই নয়।

এই অভাবের মূল কোথায়? অনুসন্ধান করিলে জানা যাইবে—জীব যতদিন পর্য্যন্ত ভগবানের সেবা ভুলিয়া অনিত্যবস্তুর জন্য আকাঙ্ক্ষা করিবে, ততদিন পর্য্যন্ত তাহার অভাব দূর হইবে না—আকাঙ্ক্ষা মিটিবে না; বরং ক্রমশঃই তাহার আকাঙ্ক্ষার সমুদ্র অনন্ত ও অকূল বলিয়া মনে হইবে। জীব অণুচৈতন্য এবং ভগবান্ বিভুচৈতন্য। অণুচৈতন্য জীবের একমাত্র কর্ত্তব্য হইতেছে বিভুচৈতন্য ভগবানের সেবা করা। তাহাই তাহার নিত্যধর্ম্ম বা নিত্যস্বভাব। সুতরাং নিত্য প্রভুর সেবা বাদ দিয়া ভোগ্যদর্শনেচ্ছায় অনিত্য ভোগ্যবস্তুর আকাঙ্ক্ষা করিলে স্বতন্ত্রতার অপব্যবহার করার দরুণ জীবের দুঃখ-ভোগ ছাড়া আর কি লাভ হইতে পারে? নিত্যধর্ম্ম বা স্বভাব-ধর্ম্ম পরিত্যাগ করিয়া নৈমিত্তিক ধর্ম্ম গ্রহণ করিলে এইরূপ দুর্গতি জন্ম-জন্মান্তর ভোগ করিতে হইবে। স্বভাব হইতে বিচ্যুত হইলেই অভাব আসিয়া গ্রাস করিবে। আমাদের স্বভাবে ভোগের কোন কথা নাই, আছে কেবল মদনমোহনরূপে সেব্যের সেবা করার কথা। সেখানেই নিত্যানন্দ বিরাজমান। কিন্তু কি দুর্দ্দৈব! এখন ভোগটাই স্বভাবধর্ম্ম হইয়া দাঁড়াইয়াছে, ভগবানের সেবাটা আগন্তুক ব্যাপার মনে হইতেছে।

বৈষ্ণবজগতের সমস্ত বস্তু কৃষ্ণের ভোগোপকরণ। জীবমাত্র তাঁহার নিত্য-সেবক। সেবকের একমাত্র কৃত্য—সেব্যের প্রীতিবিধান করা। যেখানে তাহার ব্যতিক্রম দেখা যাইতেছে, সেখানে জীব স্বতন্ত্রতার অপব্যবহার করিবার ফলে রাজা যেমন অপরাধীকে কারাগারে নিবদ্ধিত করিয়া কষ্ট দেয়, সেইরূপ মায়া কৃষ্ণ-বহির্ম্মুখ জীবকে কখনও স্বর্গে কখনও নরকে ফেলিয়া কষ্ট দিতেছে।

স্বরূপার্থৈর্হীনান্ নিজসুখপরান্
কৃষ্ণবিমুখান্
হরের্ম্মায়া দণ্ড্যান্ গুণনিগড়জালৈঃ
কলয়তি।
তথা স্থূলৈর্লিঙ্গৈর্দ্বিবিধাবরণৈঃ
ক্লেশনিকরৈ-
র্মহাকর্ম্মালানৈর্নয়তি পতিতান্
স্বর্গনিরয়ৌ॥

স্বরূপহীন, নিজসুখপর, কৃষ্ণবিমুখ জীবসকলকে মায়া সত্ত্বরজস্তমোগুণনিগড়-সমূহদ্বারা কবলিত করেন। স্থূল ও লিঙ্গ-দেহরূপ দ্বিবিধ আবরণ ও ক্লেশসমূহ-পরিপূর্ণ কর্ম্মবন্ধনের দ্বারা তাহাদিগকে নিপতিত করিয়া স্বর্গ ও নরকে লইয়া বেড়ান। এই দশমূলের ষষ্ঠ শ্লোকে শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর জীবের অভাব ও অসুবিধার মূল কোথায় তাহা জানাইয়াছেন। মায়াবদ্ধজীব স্বদেশ হইতে আসিয়া বিদেশকে স্বদেশ জ্ঞান করিতেছে। নিজেকে নিজে হারাইয়া ফেলিয়া আজ সে পুরুষ, স্ত্রী, ধনী, দরিদ্র, ভারতবাসী, ইংলণ্ডবাসী, মূর্খ, পণ্ডিত কত কি মনে করিতেছে। আবার কখনও দেহকে 'আমি' কখন বা মনকে 'আমি' বলিয়া স্থির করিতেছে। সে কৃষ্ণসুখ-তাৎপর্য্যপর কার্য্য না করিয়া নিজের সুখের জন্য ধর্ম্মার্থকামপাতাল আলোড়ন করিতেছে।

বিরূপের ধর্ম্মে চালিত হইয়া বিশ্ববাসী প্রাকৃত মেধার দ্বারা চিন্তা করিয়া অভাব-রাশিকে এখান হইতে দূরীভূত করিয়া দিতে যতই চেষ্টা করুক না কেন, কোন দিনই কৃতকার্য্য হইতে পারিবে না। জেলখানা সুখের স্থান নয়, তাহা অপরাধী জীবের সংশোধনের স্থান; সেখানে সকল অপরাধীর একত্রিত হইয়া জেলখানাকে সুখের আগার করিয়া তুলিবার চেষ্টা যেমন ব্যর্থ হয়, তদ্রূপ বদ্ধজীব সকলের এই ভবকারাগারে নিত্যসুখ-ভোগের আশাও ব্যর্থপ্রয়াস মাত্র।

আজকাল কৃত্রিম উপায়ে জীবের অভাব-অসুবিধা নিবারণের চেষ্টা দেখা যাইতেছে। তথাকথিত লোকাপ্রিয় সম্প্রদায় সাধুর বেশধারী কলিগুরুচরণ পরোপকারের পরিবর্ত্তে জগৎকে বঞ্চনা করিতেছে। তাহারা দরিদ্রকে নারায়ণ সাজাইতেছে, দুর্জ্জনকে হরিজন বলিয়া প্রচার করিতেছে। হিংসানীতিকে অহিংসা-নীতি বলিয়া জাহির করিতেছে। কলির তাণ্ডবনৃত্য চতুর্দ্দিকে দেখা যাইতেছে। অপর দিকে প্রকৃত সাধুর চরণে অবিশ্বাসকারী কলির অনুচরগণ সত্য বুঝিতে দিতেছে না। মায়া চতুর্দ্দিকে এইরূপ জাল বিস্তার করিয়া বসিয়া আছে।

প্রকৃত পরদুঃখদুঃখী সাধু জীবের দুঃখে ব্যথিত হইতেছেন। তিনি জীবকে তাহার স্বদেশের খবর দিয়া তথায় লইয়া যাইতে চাহিতেছেন। তিনি জীবকে স্বরূপের পরিচয় জানাইয়া দিতেছেন যে, "হে জীব, তুমি কৃষ্ণের নিত্যদাস, তুমি পরমচৈতন্য কৃষ্ণের সেবা কর, তবে তোমার সকল অভাব যাইবে।" মনে করুন, কোন ব্যক্তির দশটী টাকা হারাইয়া গিয়াছে, যদি কোন ব্যক্তি তাহাকে ঐ টাকার সন্ধান দিতে পারে তবে তাহাকে কতটা বান্ধব জ্ঞান করে। সেইরূপ আজ আমি ঐরূপ অনিত্য দশ পাঁচ টাকা হারাই নাই, আমি নিজকে নিজে হারাইয়া ফেলিয়াছি। যদি কেহ সেই অমূল্যনিধির সন্ধান দিতে পারেন, তিনি কত বড় বান্ধব! কত বড় উদার! কত বড় মহান্!!! আজ ব্রহ্মদেশে যে রৌপ্যখনি আবিষ্কৃত হইয়াছে সেখানে একদিন কাঠুরিয়া কাঠ আহরণের জন্য সেই খনির উপর দিয়া কতবার যাতায়াত করিয়াছে কিন্তু যদি রৌপ্যের সন্ধান পাইত তাহা হইলে তাহার কষ্ট করিয়া কাঠ-সংগ্রহের দ্বারা জীবিকা-নির্ব্বাহ করিতে হইত না, একদিনে ধনী হইতে পারিত। সেইরূপ জীবের দশা হইয়াছে। জীবও কাঠুরিয়ার বৃত্তি গ্রহণ করিয়া নিজ পেটসর্ব্বস্ব হইয়াছে। কৃষ্ণপাদপদ্মরূপ অমূল্যধনের সন্ধান জীব যদি গুরুকৃপায় পাইত তবে তাহার সকল অভাব দূর হইয়া যাইত। শ্রীগুরুদেব সেই অমূল্যধনের সন্ধান দিতে আসিয়াছেন, জীব তাঁহার অনুসরণ করিলে আর কাষ্ঠসংগ্রহের অধিকারী হইবে না।

একটা জীব নিরাহারে কষ্ট পাইতেছে দেখিয়া পরোপকারী অভিমানীর দুঃখ হয়, মনে করে কিছু আহার দিলে সে সুখী হইবে। যেহেতু সে দেহাদ্যহংবুদ্ধিবিশিষ্ট জীব, ভোগই তাহার ধ্যানের বিষয় হইয়াছে, খাওয়া-দাওয়া-বাঁচিয়া থাকাই তাহার সর্ব্বস্ব হইয়াছে। কিন্তু প্রকৃত সাধু তাহার আত্মার অনশনের জন্য কাঁদিয়া বুক ভাসাইতেছেন। তিনি জানেন, ঐ যে পথের ভিখারী পেটের চিন্তায় রত, সেও কৃষ্ণের দাস। সে যদি কৃষ্ণের সেবা করে তবে তাহার কোন অভাব-অসুবিধা থাকে না। তাহার স্বরূপে অভাব নাই। সে নিজেই অভাব বরণ করিয়া লইয়াছে। রোগীর মূলরোগ ধরিয়া চিকিৎসা না করিলে যেমন রোগ কোন দিন নিরাময় হইতে পারে না—বরং রোগী বিনাশ-প্রাপ্ত হয়, তদ্রূপ জীবের অবিদ্যা বা কৃষ্ণ-বহির্ম্মুখতা দূর না হইলে কিছুতেই এই অভাবের হস্ত হইতে রক্ষা নাই। সদ্বৈদ্য যেমন রোগীর মূল ধরিয়া চিকিৎসা করেন, রোগীর রুচির অনুকূলে কিছু করেন না, তদ্রূপ সদ্গুরু বা সাধু জীবের অবিদ্যার গ্রন্থি ছেদন করিয়া তাহাকে স্বরূপে প্রতিষ্ঠিত করেন। সাধু কত বড় দয়ালু! তিনি কত বড় পরদুঃখদুঃখী! তাঁহার মত দয়ালু জগতে আর কেহ নাই! এই অভাবের হস্ত হইতে রক্ষা পাইতে হইলে শ্রীগুরুবৈষ্ণবের আনুগত্যে স্বভাবে প্রতিষ্ঠিত হইতে হইবে।

শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী

পরমার্থ-সম্পুটের রত্নরাজি

ভিক্ষা :—১ম খণ্ড ৸০; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড ৸০; ৪র্থ খণ্ড —৸০ আনা।

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ
শ্রীধাম-মায়াপুর,
নদীয়া

শুদ্ধভক্তি-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠ-রাজ

প্রাচীন নবদ্বীপ, ঈশোদ্যান শ্রীমায়াপুর, নদীয়া শ্রীব্রজপত্তন-ভবনে শ্রীচৈতন্যমঠ, সরস্বতী-পীঠ, শ্রীশ্রীরাধাকৃষ্ণ, শ্রীগৌর-গোপাল আচার্য্য চতুষ্টয় বিগ্রহ আছেন। সুপ্রাচীন প্রত্নতত্ত্বপ্রচারক 'নদীয়া-প্রকাশ' যন্ত্রালয় আছে।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১৬এ: কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৫

কলিকাতায় শ্রীভক্তিবিনোদ-আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, সঙ্কীর্ত্তন, শ্রীচৈতন্যচরিতামৃত-শ্রীমদ্ভাগবতাদি গ্রন্থের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও হারমণিষ্ট পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়।

(৩) যোগপীঠ মায়াপুর-পীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব ভূমি মহাযোগপীঠ।

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং ... বর্ত্তমান।

(৬) মুরারিগুপ্তের পাট

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৭) কাজি-সমাধি-পাট

সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)

ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি।

(৮) অদ্বৈতকুলকাভূমীজগাপাৎ

শ্রীধাম মায়াপুর

(৯) আনন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)

এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)

গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ জাননগর (বর্দ্ধমান)

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মাউগাছি, পোঃ জাননগর, (বর্দ্ধমান)

শ্রীচৈতন্যভাগবতকার ঠাকুর বৃন্দাবনের স্থান

(১৩) রুদ্রদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(১৪) ঋতুদ্বীপ-গৌড়ীয়মঠাসন

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ

গৌড়পুর, নদীয়া

(১৬) শ্রীনবদ্বীপ গৌড়ীয় মঠ

রাউতাড়া (শ্রীপ্রদ্যুম্নের পল্লীর নিকটবর্ত্তী)

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৭) কুঞ্জকুটীর

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

(২০) মহেশ-পণ্ডিতের পাট

কাঁঠালপুলি, পোঃ চাকদা (নদীয়া)

(২১) রাণাঘাট-গৌড়ীয়মঠাসন

(২২) পুরী গৌড়ীয়মঠ

চব্বিশ পরগণা

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ

বালিয়াটি পোঃ ওয়ারি, ঢাকা।

পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র।

(২৪) গোপালজীউমঠ

কমলাপুর, পোঃ ঢাকা

(২৫) নিতাই-গৌরাঙ্গ মঠ

পোঃ বালিয়াটি, (ঢাকা)

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

মহাবাজার, পোঃ ময়মনসিংহ

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চক্চকা, কামরূপ (আসাম)

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

ওক্ পাসাং বিল্ডিং, দার্জ্জিলিং

(৩০) সারস্বত-গৌড়ীয়মঠ

পোঃ হরিদ্বার, জেঃ সাহারানপুর, ইউ, পি

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

দিঘাপুর পাটনা)

(৩২) গয়া গৌড়ীয়মঠ

ঘাটা রোড, গয়া

(৩৩) সনাতন-গৌড়ীয় মঠ

৮।১১ বড় গণেশগলি, বেনারস সিটি

(৩৪) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

(৩৫) পরমহংস মঠ,

পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠাসন

বিশ্রামঘাট, পোঃ মথুরা

(৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ

কিশোরপুর, বৃন্দাবন

(৩৯) একায়ন-কুঞ্জকুঞ্জ

পোঃ রাধাকুণ্ড, মথুরা

(৪০) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪১) রাধাকুণ্ড গোষ্ঠবাটী

(৪২) শ্রীগোবর্দ্ধনমঠাসন

গোবর্দ্ধন, মথুরা

(৪৩) সঙ্কেত বিহারী মঠ

বর্ষাণা, মথুরা।

(৪৪) নন্দগ্রাম গৌড়ীয়মঠাসন

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৫) বর্ষাণা গৌড়ীয়মঠাসন

পোঃ বর্ষাণা, মথুরা

(৪৬) গোষ্ঠবিহারী মঠ—লেখাদী,

পাঃ দেহোয়ান, জেলা গুরদাসপুর (পাঞ্জাব)

(৪৭) ব্যাসগৌড়ীয়মঠ

দেশেশ্বর পোঃ বালেশ্বর, কুর্ম্ম, (পাঞ্জাব)

(৪৮) দিল্লী গৌড়ীয় মঠ

৪৫নং লোধান রোড, নিউ দিল্লী;

(৪৯) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়র ট্যাঙ্ক রোড, কম্বালাহিল বিল্ডিং বোম্বে ৭

(৫০) ভুবনেশ্বর-গৌড়ীয়মঠ

পোঃ বাহাদেওবাটী, বালেশ্বর

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গরাধাবিনোদবিহারীজীউর সেবা

(৫১) নারায়ণ গৌড়ীয়মঠ

পোঃ কটক, কটক গোস্বামী বাজার

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকা-গিরিধারীর সেবা

(৫২) বরাহগৌড়ীয়মঠ

যাজপুরধাম, পোঃ যাজপুর, (পুরী)

(৫৩) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা

(৫৪) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৫) সীতাকুটী

(৫৬) কিশোরী-গৌড়ীয়মঠ

পোঃ ভুবনেশ্বর, পুরী

(৫৭) সচ্চিদানন্দ মঠ

সাতসাহি, পোঃ কটক (উড়িষ্যা)

(৫৮) আলালনাথ গৌড়ীয়মঠপীঠ

(৫৯) শ্রীব্রহ্মনাথগৌড়ীয়-প্রপন্ন-আশ্রম

পোঃ ব্রহ্মকুণ্ড, গঞ্জাম

(৬০) ভাগবতজনানন্দ মঠ

চিকলিয়া, পোঃ কাঞ্চনপুর, মেদিনীপুর

(৬১) জয়শ্রী গৌড়ীয়মঠ

পোঃ জয়শ্রী, মেদিনীপুর

(৬২) আমলাযোড়া প্রপন্নাশ্রম মঠ

পোঃ রাজবাঁধ (বর্দ্ধমান)

(৬৩) চৈতন্যগৌড়ীয়মঠ

কুড়মুড়া, পোঃ চেড়কুড়া, (মানভূম)

(৬৪) রেঙ্গুণ গৌড়ীয়মঠ

৩০১ নং সিডেন্‌হাম্ ষ্ট্রীট, রেঙ্গুণ।

(৬৫) লণ্ডন গৌড়ীয়মঠ

ফ্লাট নং ২

২১, আর্লস্‌ কোর্ট

স্কয়ার, লণ্ডন, এস ডব্লিউ ৫

(৬৬) গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

১৬।এ, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,

কলিকাতা

(৬৭) গৌড়ীয়মঠ অফিস

ডিইরেক্ট রোড, পাটনা (ইউ-পি)

(৬৮) শ্রীবিত্তাগিরি গৌড়ীয়মঠাসন

নবশক্তিন, চট্টগ্রাম

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে শ্রীঅনন্তগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীমহানন্দ ব্রহ্মচারী ভক্ত্যালোক, ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায়		বিজ্ঞাপনের পৃষ্ঠায়	
	১ম ও দ্বিতীয় দিনের জন্য	পরবর্তী দিনের জন্য	১ম ও দ্বিতীয় দিনের জন্য	পরবর্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	।০	৵০	।৵০	।০
" " ইঞ্চি	২৲		১৷০	১৲
সিঙ্গেল কলম	৫৲	৪৲		৩৲
অর্দ্ধকলম	৮৲		৭৲	৫৲
" এক কলম	১৫৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিবারে প্রতি ইঞ্চি ৩৲	৩।০
" সিঙ্গেল কলম ১৫৲	১২৲
" অর্দ্ধকলম ২৫৲	১৮৲
" এক কলম ৩৫৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	৩৷০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা /৫ ; বিশেষ সংখ্যার ভিন্ন বন্দোবস্ত।

শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী

শ্রীল প্রভুপাদের চতুঃষষ্টিতম পূর্ত্তাবির্ভাব-তিথিতে শ্রীল আচার্য্যদেবের অভিপ্রায়ে "শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী" প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। ইহাতে পূর্ব্বার্দ্ধ ও উত্তরার্দ্ধ দুইটি বিভাগ আছে। পূর্ব্বার্দ্ধে শ্রীল প্রভুপাদের আদি প্রবন্ধাবলী শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের সম্পাদিত 'স সজ্জনী সজ্জনতোষণী,' শ্রীল প্রভুপাদের "নদীয়া প্রকাশ" সাপ্তাহিক পত্র প্রভৃতি হইতে কথাসার ও প্রয়োজনীয় অংশ টীকা-সহ প্রকাশিত হইয়াছে। উত্তরার্দ্ধে শ্রীল প্রভুপাদের সম্পাদিত 'সজ্জনতোষণী'র কতিপয় প্রবন্ধ কথাসার প্রভৃতি সহ মুদ্রিত হইয়াছে। প্রবন্ধগুলি রচনাকালের ক্রমানুসারে গ্রথিত হইয়াছে; এতদ্ব্যতীত শ্রীল আচার্য্যদেবের একটি মূল্যবান্ উপোদ্ঘাত ও সম্পাদকীয় একটি বিস্তৃত ভূমিকা, শব্দ সূচী, [illegible]-পাদ-শ্লোক ও পয়ার-সূচী প্রভৃতি গ্রন্থে সংযোজিত হইয়াছে। গ্রন্থটি উৎকৃষ্ট কাগজে [illegible] সহিত মুদ্রিত ও শ্রীল প্রভুপাদের আলেখ্যাদিদ্বারা ভূষিত ও সুন্দর বাঁধাই [illegible] প্রকাশিত হইয়াছে। প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, জিলা নদীয়া; [illegible] গৌড়ীয় মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ও শ্রীশ্রীসারস্বত গৌড়ীয় মঠ, [illegible], পোঃ [illegible], [illegible]।

শ্রীল প্রভুপাদের পদ্যপ্রসূন মালা

এই গ্রন্থে ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তি-সিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের রচিত [illegible] শ্রীল আচার্য্যদেবের বিরচিত "গৌরব" নামক স্তবের সহিত প্রকাশিত হইয়াছে। শ্রীল প্রভুপাদের অনেক অপ্রকাশিত পদ্য ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। [illegible] ভিক্ষা মাত্র ।০ আট আনা।

শ্রীধাম মায়াপুরে

—ঠাকুর ভক্তিবিনোদ ইন্সটিটিউট

[illegible]

[illegible] সরকারী বিদ্যালয় ও বোর্ডিং এর [illegible]। [illegible] ছাত্রগণের জন্য [illegible] ব্যবস্থা [illegible] খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে মাত্র ৮৲ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। বর্ত্তমান বর্ষে ১৬ জন বালকের মধ্যে ১৫ জন ভালভাবে উত্তীর্ণ হইয়াছে।

মেধাবী ছাত্রগণের আরও সুবিধা

পরীক্ষায় যাহারা শতে শতকরা ৭৫ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ সচ্চরিত্র দরিদ্র ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্সটিটিউট, শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় [illegible]-সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবনচরিত, সিদ্ধান্ত ও শিক্ষা [illegible] আলোচিত হইয়াছে। এই এক অপূর্ব্ব [illegible] গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

শ্রীচৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত [illegible] সন্নিবিষ্ট হইয়াছে। [illegible] ভিক্ষা মাত্র ৪৲ টাকা। প্রাপ্তিস্থান শ্রীযুক্ত [illegible] ভক্তিশাস্ত্রী, শ্রীগোপীনাথ [illegible], পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীসরস্বত-সংলাপ

প্রথম খণ্ড

শ্রীশ্রীব্রজপত্তন গৌড়ীয়মঠাধ্যক্ষ [illegible] পরমহংস [illegible] প্রভুপাদ [illegible] ১০৮শ্রী শ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী [illegible] ও [illegible] পরিপ্রশ্নের ও সংশয়-নিরাকরণকল্পে যে-সকল শুদ্ধভক্তিসিদ্ধান্তবাণী কীর্ত্তন করিয়াছেন, যাহা তাঁহার প্রকটকালেই 'গৌড়ীয়' সম্পাদক শ্রীযুক্ত সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ মহাশয়ের শ্রীহস্তে সংগৃহীত হইয়া [illegible] গৌড়ীয়পত্রে প্রকাশিত হইয়াছে, তাহা "শ্রীশ্রীসরস্বত-সংলাপ" নামে [illegible] শ্রীল প্রভুপাদের 'প্রবন্ধাবলী' ও 'পত্রাবলী' আকারে [illegible] প্রকাশিত হইয়াছিল। বর্ত্তমানে শ্রীল প্রভুপাদের পঞ্চসপ্ততিতম [illegible]-বাসরে [illegible] প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। মানবজীবনের বহু জটিল সমস্যা ও কঠিন প্রশ্নের সমাধান ইহাতে পাওয়া যাইবে। ভক্তিগণের পাঠ্যস্বারূপ এই গ্রন্থ সংগ্রহ একান্ত প্রয়োজন।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

[illegible] কলেজের [illegible] প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপাধ্যায় [illegible] শ্রীপাদ [illegible] ভক্তিসুধাকর [illegible] সম্প্রদায়-বৈষ্ণবাচার্য [illegible] এবং পরিপক্ক লেখনীর অদ্ভুত [illegible] আস্বাদন করিয়া [illegible] এবং [illegible] জীবনচরিত-পাঠে মগ্ন হউন। এই [illegible] মানচিত্র ও বিবিধ চিত্র-সম্বলিত। [illegible] দর্শনের সহিত তুলনা-মূলে শ্রীমন্মহাপ্রভুর [illegible] সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই [illegible] অধ্যায়ে প্রায় [illegible] পৃঃ ব্যাপী। ও বিষ্ণুপাদ [illegible] গোস্বামী প্রভুপাদের প্রণীত, মুখবন্ধ (Foreword), [illegible] (Prefaces), বিষয়-তালিকা (Contents) ও [illegible] বর্ণানুক্রমে [illegible] (Index Glossary) সহ [illegible] প্রকাশিত। ভিক্ষা [illegible] টাকা। প্রাপ্তিস্থান—[illegible] গৌড়ীয়মঠ, [illegible] শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম মায়াপুর জেলা—নদীয়া।

'ঠাকুর ভক্তিবিনোদ'

——::(০)::——

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি-প্রচারের মূল মহাজন সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অভিনব জীবনচরিত এতাবৎকাল পর্য্যন্ত গ্রন্থাকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয়মঠাচার্য্যবর্য্যের [illegible] পরবিদ্যা-[illegible] সু-লেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু মূল্যবান শিক্ষামালাও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১২০ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৵০ আনা; ডাক মাশুল স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান—ম্যানেজার গ্রন্থবিভাগ

শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

——:(০):——

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও [illegible] ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

[illegible] পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া [illegible] বিধান করিতেছে। [illegible] পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু গ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১ [illegible] কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর [illegible] অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

ই. বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	৫-৩৬	৬ ২৬	৭-০৬	১২-২৬	১৪-৫৬	১৬-৫৬	১৭-৫৬	২২-২৬
রাণাঘাট পৌঃ			৮-২৮	১৪-১৫				
(বদল) ছাঃ			৯-৩০	১৪-৫০				
কৃষ্ণনগর পৌঃ	৭-১	৮-৪৪	১০-৮	১৫-২০	১৭-২৮	১৯-০৮	২০-১৬	১-১৪
(বদল) ছাঃ	৭-১২		১০-৩১		১৭-৩৬		২০-২৬	
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫১		১১-১০		১৮-১৬		২১-৫	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
রাণাঘাট পৌঃ	১২-৫৫
ছাঃ	১৩-০
শান্তিপুর পৌঃ	১৩-২৬
(বদল) ছাঃ	১৯-৩১ (লাইট্ রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪-১১
ছাঃ	১৪-৩০
নবদ্বীপঘাট পৌঃ	১৫-১০

ডাউন

নবদ্বীপঘাট ছাঃ	৫ ৪৫		৯-১০			১৩-৩১	১৬-০	১৮-৩১
কৃষ্ণনগর পৌঃ	৬ ২৩	৯-১৬	৯-৪৮	১১-৫১	১৪-১০	১৬-৩৬	১৯-১১	২১-১০
ছাঃ	৬-৩৬	৭-১৮	১০-১১			১৬-৫৬	১৯-২৫	
রাণাঘাট পৌঃ			১০-৪৬			১৭-৩০		
(বদল) ছাঃ			১১-১			১৭-৪৩		
কলিকাতা পৌঃ	৬-১৬	৯-২১	১১-৫১	১২-১৬	১৪-১৬	১৯-১১	২১-৫১	২৩-৩৭

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৩-৩১	১৬-০		
কৃষ্ণনগর পৌঃ	১৪-১০	১৬-৩৮		
ছাঃ	১৪-২৮	১৭-৩০		
শান্তিপুর পৌঃ	১৬-৯	১৮-১৪		
(বদল) ছাঃ	১৬-৩৩	১৮-২৫	(শনিবার ভিন্ন)	২০-৪০ (শনিবার)
রাণাঘাট পৌঃ	১৭-১০	১৮-৫৫		২১-১৫
(বদল) ছাঃ	১৭-৪০	১৯-১৪		২১-৫০
কলিকাতা পৌঃ	১৯-১১	২০-৪০		২৩-৩৭

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

[illegible] পাচন

[illegible]

ম্যালেরিয়া প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় [illegible] অত্যন্ত অধিক। [illegible] এবং নূতন ও পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। মূল্য ছোট বোতল ৷৵০ দশ আনা, বড় বোতল ১৷৵০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা
অথবা
সাং বেহালা, ২৪ পরগণা

পোঃ—শ্রীমায়াপুর
টেলিগ্রাম—শ্রীধাম
শ্রীমায়াপুর

REGD NO C 1348

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

প্রচারিত নদীয়া জেলার

১৪শ খণ্ড] শ্রীমায়াপুর— ২৩শে জ্যৈষ্ঠ, ১৩৪৬, ৬ই জুন, ১৯৩৯, মঙ্গলবার [৮৩শ সংখ্যা

বিবিধ সংবাদ

যুক্তপ্রদেশের শর্করা নিয়ন্ত্রণ বোর্ড

গত ২৯শে এপ্রিল যুক্তপ্রদেশের শর্করা নিয়ন্ত্রণ বোর্ডের এক সভায় ইক্ষু মূল্য (স্লাইডিং স্কেলে) ও ইক্ষুর উন্নতি বিধানের উপায় নির্দ্ধারণের জন্য নিম্নলিখিত ব্যক্তিদিগকে লইয়া একটি সাব কমিটী গঠিত হইয়াছে।

(১) মিঃ এস সি মেটা, আই সি এস যুক্তপ্রদেশের কৃষিবিভাগের সেক্রেটারী (চেয়ারম্যান)। (২) মিঃ এল এম বস, আই-সি-এস, উন্নয়ন বিভাগের সেক্রেটারী, (৩) মিঃ ডি আর নাগু, বস্তি—(৪) লালা শ্রীরাম নয়াদিল্লী, (৫) অধ্যাপক শিবনাথ শকসেনা এম-এস-এ, (৬) মিঃ বিপিনবিহারী বর্মা—কেন্দ্রীয় পরিষদে সদস্য

এই সাব কমিটী নিম্নলিখিত বিষয় সম্পর্কে রিপোর্ট করিবেন।

(ক) ইক্ষুর সর্বনিম্ন মূল্য সম্পর্কিত পরিকল্পনা আছে এবং ইক্ষু ও শর্করা স্লাইডিং স্কেলে মূল্য নির্দ্ধারণ সম্ভব কি না।

(খ) শর্করার মূল্য বাঁধিয়া দেওয়া সম্পর্কে উপায় নির্দ্ধারণ অথবা সমস্ত বৎসর শর্করার মূল্যের যে উঠানামা হয়, তজ্জনিত ক্ষতের লাঘব কি ভাবে করা যায়।

(গ) যুক্তপ্রদেশ ও বিহারের ইক্ষু উন্নতির উদ্দেশ্যে ৫ বৎসর হইতে ১০ বৎসরের জন্য একটি পরিকল্পনা তৈরী কর। স্লাইডিং স্কেল সম্পর্কে সাব কমিটিকে নিম্নলিখিত বিষয়গুলি বিবেচনা করিতে হইবে—

(১) কৃষকগণ শুধু ইক্ষুর উৎপাদনে খরচই পাইবে না; তাহারা যাহাতে খুব সঙ্গত হারে লাভ পাইতে পারে এবং সেই লাভের হার পাঁচ আনা হয় পাইবে কম না হয়, সেই দিকেও লক্ষ্য রাখিতে হইবে।

(২) শর্করা যাহারা তৈরী করেন তাঁহাদিগকে উৎপাদন খরচের উপর একটা যুক্তিসঙ্গত লাভের ভরসা দিতে হইবে।

সাব কমিটীকে ৩০শে জুনের পূর্ব্বে রিপোর্ট দাখিল করিতে হইবে।

যুক্তপ্রদেশের ইক্ষু কমিশনার মিঃ বিষ্ণু সহায় আই-সি এস বিহারের ইক্ষু কমিশনার মিঃ ডি কে বি পিলাই আই সি এস, এবং কানপুরের ইম্পিরিয়াল ইন্‌ষ্টিটিউট অব সুগার টেকনলজির ডিরেক্টর মিঃ আর সি শ্রীবাস্তব সাব-কমিটীর টেকনিক্যাল এডভাইসার হিসাবে কাজ করিবেন।

পঁচিশ হাজার জাপানী সৈন্য হতাহত

চীনা গরিলা-বাহিনী আনহুয়েই-এর এক বিস্তীর্ণ অঞ্চল পুনরধিকার করিয়াছে। বর্ত্তমানে ইয়াংসী নদী এবং রেলওয়ে লাইনের পার্শ্ববর্ত্তী সহরগুলি শুধু জাপানীদের অধীনে আছে।

জাপবাহিনী যে বিস্তীর্ণ ভূভাগ দখল করিয়াছিল তথায় বর্ত্তমানে একজনও জাপসৈন্য নাই। জাপানীরা ঐসব অঞ্চলে যে সব চীনা কর্মচারী নিযুক্ত করিয়াছিলেন, তাহাদিগকে চর গুলী করিয়া হত্যা করা হইয়াছে, নয় বন্দী করা হইয়াছে।

গরিলা বাহিনীকে নির্ম্মূল করিয়া ফেলিবার চেষ্টা করিতে গিয়া জাপানীদিগকে যে ক্ষতি স্বীকার করিতে হইয়াছে তাহাতে তাহারা বর্ত্তমানে ঐ অঞ্চল পুনরধিকারের চেষ্টা ত্যাগ করিয়াছে।

উক্ত সমর পরিষদের সহকারী সভাপতি জেনারেল জেং উই-লিয়াং বলিয়াছেন যে, জাপসৈন্যবাহিনী হুপেই রণক্ষেত্রের উত্তর দিকে প্রায় দুইশত মাইল হটিয়া যাইতে বাধ্য হইয়াছে এবং তাহাদের ২৫ হাজার সৈন্য হতাহত হইয়াছে।

চীনা সামরিক কর্তৃপক্ষ অনুমান করিতেছেন যে, এ পর্য্যন্ত মোট ৮ লক্ষ ৭০ হাজার জাপ-সৈন্য হতাহত হইয়াছে। জেনারেল জেং বলিয়াছেন যে, জাপানীরা হতাহত চীনা সৈন্যদের যে সংখ্যার কথা বলিতেছেন তাহা অনেকটা অতিরঞ্জিত।

জাপ সামরিক হেড কোয়ার্টারের মতে এ পর্য্যন্ত মোট ৯ লক্ষ ৩৬ হাজার চীনা নিহত হইয়াছে। তাঁহারা দাবী করিয়াছেন যে, যুদ্ধক্ষেত্রে নিহত চীনা সৈন্যদের সংখ্যাই হইতেছে এই ৯ লক্ষ ৩৬ হাজার। তাহা ছাড়া হতাহত চীনা সৈন্যদের মোট সংখ্যা হইতেছে ২৩ লক্ষ।

জেনারেল জেং বলিয়াছেন যে, তিনি চীনা সৈন্য বাহিনীর দৃঢ়তা দেখিয়া বিশেষ সন্তুষ্ট হইয়াছেন।

সাংহাই-এর জনৈক জাপ মুখপাত্র বলিয়াছেন যে, চীনা সৈন্যগণ কর্তৃক "বৃটিশ ও ফরাসী পতাকার অপব্যবহার সম্বন্ধে বৃটিশ ও ফরাসী দূতাবাসে প্রতিবাদ পাঠান হইয়াছে।

মার্কিণ যুক্তরাষ্ট্র এবং নেদারল্যাণ্ডের নিকটও শীঘ্রই অনুরূপ প্রতিবাদ পাঠান হইবে।

উক্ত জাপ-মুখপাত্র স্বীকার করিয়াছেন যে, জাপানীরা 'আর্ম্মিস' জাহাজে গুলিবোঝাই করায় ফরাসী দূত সরকারীভাবে তাহার প্রতিবাদ করিয়াছেন। তবে তিনি ইহাও বলিয়াছেন যে, সন্দেহ হইলে জাপানীরা যে কোন জাহাজ খানাতল্লাসী করিয়া দেখিবে।

মন্ত্রিসভা এবং মন্ত্রিসভার কাউন্সিলারগণের এক যুক্তবৈঠকে জাপ-সমরসচিব এবং পররাষ্ট্রসচিব বহির্মঙ্গোলিয়ার যুদ্ধ সম্পর্কে এক রিপোর্ট দেন।

গত রবিবার ক্যুমৈ হইতে সোভিয়েট গানবোট মাঞ্চুকুও গানবোটের উপর যে গুলী বর্ষণ করিয়াছিল, মাঞ্চুকুও গবর্ণমেণ্ট তৎসম্পর্কে সোভিয়েট গবর্ণমেণ্টের নিকট প্রতিবাদ জানাইয়াছেন।

দক্ষিণ আফ্রিকায় ভারতবাসীদের দুরবস্থা

জানা গেল যে, কেন্দ্রীয় পরিষদের সদস্য মিঃ এস ক্রেনসকে দক্ষিণ আফ্রিকার শ্বেতাঙ্গ অধিবাসীদিগকে পরিষদের সিদ্ধান্ত বুঝাইবার জন্য তথায় যাইতে অনুরোধ করা হইবে। তিনি স্বীকৃত হইলে সম্ভবতঃ এ প্রস্তাব সফল হইবে। নূতন বিলের বিরুদ্ধে ভারতবাসীদের মনোভাব আরও তীব্র হইয়াছে।

হবিগঞ্জের গ্রামে অগ্নিকাণ্ড

গত বুধবার রাত্রে হবিগঞ্জের উদয়নগর গ্রামে অগ্নিকাণ্ড হওয়ায় ১০০টি বাড়ী ভস্মীভূত হইয়াছে এবং ১৫টি পরিবার গৃহহীন হইয়াছে এবং তাহাদের যথাসর্বস্ব ধ্বংস হইয়াছে।

ভক্তের অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল সরস্বতীপ্রভুর পরিব্রাজক ভক্তিপ্রদীপ তীর্থ গোস্বামী মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক। প্রতি একাদশীতে প্রকাশিত হয়। কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। সডাক ভিক্ষা [illegible] টাকা মাত্র।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৷০ টাকা মাত্র।

৩। ভাগবত—হিন্দিভাষার একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ টাকা মাত্র

৫। শ্রীগৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ মাত্র।

পরমগুরু শ্রীগৌরকিশোর

গৌড়ীয়-সম্পাদক-লিখিত, শ্রীগৌড়ীয়মঠাচার্য্যের ভূমিকা-সম্বলিত, বহুচিত্র-শোভিত ও বিষয় সূচী-সম্বলিত "পরমগুরু শ্রীগৌরকিশোর" গ্রন্থখানি প্রকাশিত হইয়াছেন, যাহাতে শুদ্ধগৌড়ীয়বৈষ্ণবজগতে, পরমারাধ্য, গৌড়ীয়গৌরবশিখামণি অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তিবিগ্রহ [illegible] পরমহংস ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল গৌরকিশোরদাস গোস্বামী প্রভুবরের অলৌকিক চরিতকথা বর্ণিত আছে।

শ্রীশ্রীভক্তিবিনোদাবির্ভাব-শতবর্ষপূর্ত্তিতিথিপূজার উপায়ন-গ্রন্থমালা

——— ::(০):: ———

১। গীতিসাহিত্যে শ্রীভক্তিবিনোদ

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র গীতিসাহিত্যের সমালোচনা-গ্রন্থ)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

২। শ্রীভক্তিবিনোদবাণীবৈভব

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের রচনাসমূহ হইতে আড়াই ১০৮টি অধ্যায়ে সম্বন্ধ-অভিধেয় প্রয়োজনাকারে গুম্ফিত অমূল্য উপদেশপূর্ণ গ্রন্থ)

ভিক্ষা—৩৲ তিন টাকা মাত্র।

৩। শ্রীশ্রীভক্তিবিনোদ-প্রসঙ্গ

ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ ও ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল সরস্বতীপ্রভুর পরিব্রাজক শ্রীমদ্ভক্তিবিবেক [illegible] এবং গৌড়ীয়ে প্রকাশিত শ্রীশ্রীভক্তিবিনোদ-চরিত-প্রসঙ্গ

ভিক্ষা—৷৵০ ছয় আনা মাত্র।

৪। ছাত্রদের ভক্তিবিনোদ

(ছাত্রদের উপযোগী ভাষায় লিখিত শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্র ও শিক্ষা)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

ছাত্রদের পক্ষে ভিক্ষা—৷০ আট আনা মাত্র)

প্রাপ্তিস্থান:—

(১) "ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট", পোঃ শ্রীমায়াপুর, নদীয়া;

২) শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা;

৩ শ্রীযুক্ত সুন্দরানন্দ দাস এম-এ, বি-এল, পুরাণপল্টন, পোঃ রমনা, ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্,—সমগ্র ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত — ২৮৲
দশম স্কন্ধ— ৲
২। অন্বয়সহ বিবৃতি শ্রীচৈতন্যভাগবত (অবীণা) ৲
৩। অনুভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত [illegible]
৪। সরস্বতী জয়শ্রী (অবীণা) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০
৪র্থ খণ্ড ৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার দীপিকা ও সংস্কার দীপিকা ১৷০
৯। বৈষ্ণবধর্ম্ম ১৲
১০। গৌড়ীয় কণ্ঠহার ৩৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীনবদ্বীপধাম মাহাত্ম্য (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ)
১৪। শরণাগতি (দ্বিতীয় সংস্করণ) ৷০
১৫। বৈষ্ণবসিদ্ধান্ত [illegible] ৷০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষদ ৷০
১৮। প্রাকৃত-রস-শতদূষণী ৷০
১৯। ভক্তিবিবেক ৷০
২০। গৌড়ীয়-গৌরব ৷৵০
২১। গৌড়ীয়ার্চ্চন [illegible] ৷৵০
২২ অর্চ্চন গুচ্ছ ৷০
২৩। শ্রীচৈতন্যভাগবত ও শ্রীল [illegible] (বাঁধা) ১৲
২৪। গীতা (শ্রীবলদেব টীকা সহ) ১৲
২৫। গীতা (চক্রবর্ত্তি টীকাসহ) ১৲
অবীণা) ১৲
২৬। ঈশ্বরের কেবল নামের কথা ৷০
২৭। শ্রীকৃষ্ণসংহিতা ও [illegible] (সাতখানা) ২৲
২৮। বেদান্তদর্শন (সাতখানা) ৷০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৸০
৩০। দীপ-দর্শন-বর্ণন ৵০
৩১। সাধনপথ (তৃতীয় সংস্করণ) ৷৵০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ৷০
৩৩। নবদ্বীপধাম গ্রন্থমালা ৷০
৩৪। অর্চ্চনপদ্ধতি (নবদ্বীপ-পরিক্রমা) ৵০
৩৫। গীতমালা [illegible]
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৵০
৩৭। ও প্রমাণ-খণ্ড ৵০
৩৮।
৩৯। শ্রীগৌড়ীয়বৈষ্ণবদের ব্রত
৪০। সর্ব্বসাধ্য
৪১। গীতাবলী
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা
৪৩। সাধনকল্প
৪৪। গোপালোপাসনা
৪৫। নবদ্বীপশতক
৪৬। অর্চ্চনপ্রকাশ
৪৭। মনঃশিক্ষা ০/
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৴১০
৪৯। আর্ত্তনাদ ৴১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম ও ২য় খণ্ড) ৲
৫১। বঙ্গসংহিতা ৷০
৫২। মণিমঞ্জরী (সাতখানা) ৷০
৫৩। গৌরহরেরথ ৸০
৫৪। পুরুষার্থ বিনির্ণয় ৷০
৫৫। ঠাকুর ভক্তিবিনোদ বা প্রাণারামানন্দগুরু ৷০
৫৬ ভারতবর্ষ ও ভক্তিপথ ৶০
৫৭। শ্রীগোপালতাপনী (সাতখানা) ৷০
৫৮। শ্রীকৃষ্ণস্তোত্র ৶০
৫৯। শিক্ষাষ্টকম্ ৶০
৬০। সংস্কারদীপিকা ৴০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ৷০
৬২। সিদ্ধান্ত সরস্বতী বিভিন্নাঃ ৷০
৬৩। সটীক-শিক্ষাষ্টকম্ ৷০
৬৪। চতুঃশ্লোকী ৷০
৬৫। সাত্বত শিক্ষাষ্টকম্ ৶০
৬৬। গৌড়ীয়ার্চ্চনপদ্ধতিঃ ৴০
৬৭। সারার্থবর্ষিণী ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ
৬৯। এ ফিউ ওয়ার্ডস অন বেদান্ত ৷০
৭০। নামভজন ৴০
৭১। বেদান্ত—ইট্‌স মরফলজী এণ্ড অন্টোলজি
৭২। বিবেক্টস অব প্রাণ ৷৵০
৭৩। শ্রীকৃষ্ণ এণ্ড প্রেসেপটস অব শ্রীচৈতন্য মহাপ্রভু
৭৪। বেদান্তদর্শন
৭৫। তোয়াচ গৌড়ীয়ান টিউ মাইণ্ড
৭৬। দি হারমনিষ্ট ৷০
৭৭। রিলিজিয়াস বিষয় এণ্ড আপনার [illegible]
৭৮ [illegible]
৭৯ [illegible] ১৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীকৃষ্ণচৈতন্য চরিতামৃত ৷০
৮১। শিক্ষাষ্টক ৷০
৮২। কল্যাণকল্পতরু ৵০
৮৩। গীতাবলী ৴
৮৪। শরণাগতি ৴

আসামী ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ৴

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যভাগবত ৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া [illegible]

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক
নদীয়া-প্রকাশ
একমাত্র পারমার্থিক
দৈনিক পত্র
শ্রীধাম-মায়াপুর-নদীয়া

১৪শ বর্ষ | ৮ বামন ৪৫৩ গৌরাব্দ, ২৩শে জ্যৈষ্ঠ বঙ্গাব্দ ১৩৪৬, ৬ই জুন ইং ১৯৩৯, মঙ্গলবার | ৮৩শ সংখ্যা

সাময়িক-প্রসঙ্গ

শ্রীল আচার্য্যদেব

গত ৩রা জুন সন্ধ্যার পর শ্রীচৈতন্যমঠে শ্রীল আচার্য্যদেব কৃপা ও সাধন যুগপৎ আবশ্যক, হরিভজনই জীবের একমাত্র কৃত্য, প্রভৃতি বিষয় কিছুক্ষণ যাবৎ কীর্ত্তন করেন। এতদ্ব্যতীত শ্রীল আচার্য্যদেব কথা-প্রসঙ্গে প্রায় সকল সময়েই হরিকথা কীর্ত্তন করিয়া ভক্তগণের সেবোৎসাহ বর্দ্ধন করিতেছেন।

চৈতন্যমঠে হরিকথা

শ্রীধাম-মায়াপুর আকর-মঠরাজ শ্রীচৈতন্য-মঠে সন্ধ্যারাত্রিকের পর পণ্ডিত শ্রীপাদ উজ্জ্বলনীলমণি ভক্তিশাস্ত্রী বি-এ মহোদয় প্রত্যহ শ্রীচৈতন্যচরিতামৃত পাঠ ও ব্যাখ্যা করিতেছেন। তাঁহার মুখে আচার্য্যপাদপদ্মের মহিমা শ্রবণ করিয়া সকলেই পরমানন্দিত হইতেছেন এবং আচার্য্যচরণে উত্তরোত্তর আকৃষ্ট হইতেছেন।

যোগপীঠে কীর্ত্তন

গৌড়ীয়-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ মহোদয় গত ১লা জুন বৃহস্পতিবার শ্রীযোগপীঠ শ্রীমন্দিরে সন্ধ্যারাত্রিকের পর শ্রীচৈতন্য-ভাগবত হইতে ঠাকুর হরিদাসের মাহাত্ম্য পাঠ ও ব্যাখ্যা করিয়া সকলের চিত্তাকর্ষণ করেন। তাঁহার যুক্তিযুক্তপূর্ণ ব্যাখ্যা শ্রবণ করিয়া সকলেই পরমানন্দিত হন। পাঠের আদি ও অন্তে মহাজনপদাবলী কীর্ত্তন হয়।

শ্রীল ভক্তিসুধাকর প্রভুর পত্র

——::(•)::——

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

শ্রীগৌড়ীয়মঠ,
কলিকাতা,
২২।৫।৩৯

শ্রীশ্রীবৈষ্ণবচরণে দণ্ডবন্নতি পূর্ব্বক নিবেদন,—

* * * তোমার পত্র পাইলাম।

শ্রীশ্রীগুরুবৈষ্ণবের আদেশ স্বপ্রকাশ বস্তু অর্থাৎ উহা নিজেই নিজেকে বুঝাইয়া দেয়। অন্যভাবে বুঝিবার চেষ্টা করিলে উহার অপ্রাকৃতত্বে অবিশ্বাস হওয়ায় অপরাধ হয়। অনর্থ যে পরিমাণে নিবৃত্ত হয় সেই পরিমাণে ভগবানের আদেশ সেবোন্মুখ চিত্তে তাঁহার স্বরূপ প্রকাশ করেন।

তোমরা সকলে আমার দণ্ডবৎ জানিবে।

দাসাধম—
শ্রীনারায়ণদাস অধিকারী

অথ কিমধিকং

(৫ম পৃষ্ঠার পর)

সীমা অতিক্রম করিয়া না যাইলে জীবের ভাগ্যে এই সর্ব্বনাশ উপস্থিত হয় না। ছলচাতুরীর দুরপনেয় নিজের কুৎসিৎ রূপ নিজকে চমৎকৃত করিয়াছে। আজ বুঝিতেছি, এতদিন প্রচ্ছন্ন কলিগুপ্তচর থাকিয়া কেবল লোকপ্রতারণায় ব্যস্ত ছিলাম। আচারধারা-মর্য্যাদারক্ষাকারী কলি-গুপ্তচরগণকে গালাগালি দিয়া নিজস্বরূপ লোকলোচনে আবৃত রাখিয়া আমি এতদিন মিষ্টান্নভোগে ব্যস্ত ছিলাম। তাই প্রচ্ছন্ন কলিগুপ্তচর আমার স্বরূপ আজ ধরা পড়িয়াছে। এই আচার্য্য লীলায় আর একমুহূর্ত্তও আমি নিজকে গোপন রাখিতে পারিলাম না। কারণ বর্ত্তমান আচার্য্য-ভাস্কর কপট ও ভণ্ডের যম কিন্তু তিনি দুর্ব্বলের বল, নিষ্কপটের পরমবান্ধব।

আদৌ গুরুপূজা—গুরুপাদাশ্রয়।
'আশ্রয় লইয়া ভজে তারে কৃষ্ণ নাহি ত্যজে,
আর সব মরে অকারণ।'

আশ্রয় লওয়া মানেই শ্রীগুরুদেবে অচলা বিশ্বাস সহ তৎপাদপদ্ম দৃঢ়ভাবে আঁকড়াইয়া ধরা। অচল হিমাদ্রি টলিয়া যাইতে পারে, কিন্তু গুরুদাসের শ্রদ্ধা টলিতে পারে না, গুরুদেবে তাঁহার মর্ত্ত্যবুদ্ধি আসিতেই পারে না। তিনি মূলে ঠিক আছেন। গুরুদাস জানেন—শ্রীগুরুদেবে কোনও জড়ীয় হেয়তা থাকিতেই পারে না। কারণ তিনি অপ্রাকৃত জগৎ হইতে কৃপাপূর্ব্বক অবতরণ করিয়াছেন। শ্রীগুরু-দেব জীব নহেন, তিনি জীবপ্রভু—মায়াধীশ। দেবগণও তাঁহার কৃপাভিক্ষা করেন। তিনি দীনহীন কাঙ্গাল নিরাশ্রয় দেখিয়া আর্ত্ত তৃষিত-তাপিত হৃদয়ে কোটী-চন্দ্রশীতল পাদপদ্ম উদয় করান, যাঁহার অহৈতুকী কৃপা বিনা জীবাধমের এমন কোনই যোগ্যতা থাকিতে পারে না, যদ্দ্বারা জীব তৎপাদপদ্ম স্পর্শ করিতে পারে, চিত্তে যাঁহার কৃপা অঙ্কিত না হইলে আমাদের পশুত্ব ঘুচিতে পারে না, যাঁহার সন্ধান না মিলিলে আমার মত কোটী কোটী চৈতন্যের অকারণ মৃত্যুযাতাই সার হয়, যাঁহার কৃপা ব্যতীত অমৃতের সন্ধানলাভ সুদূরপরাহত, তিনিই আমাদের পরমারাধ্যতম শ্রীল আচার্য্যদেব।

প্রভুপাদ কৃপাপূর্ব্বক মাদৃশ দীনহীন পতিত অধমের জন্য শ্রৌতপন্থী কীর্ত্তনবিগ্রহ আচার্য্যপাদপদ্মকে জগতে উদিত করাইয়াছেন। সর্ব্বাপরাধিশ্র আচার্য্যপাদপদ্ম দিন দিন তাঁহার অভয়ঙ্কর প্রভাব বিস্তার করিয়া তাঁহার উদগ্র বার্ত্তা ঢক্কা-নিনাদে জগতে বিঘোষিত করিতেছেন। তাঁহার বীর্য্যবতী চেতনদায়ী মৃত-সঞ্জীবনী সুধার মত সহস্র সহস্র কোটী কোটী অচেতন প্রাণে নব-নবায়মানভাবে জাগরণ আনিয়া দিতেছে। তাঁহার বাণীর অমল-ধবল বা কীর্ত্তন-বিগ্রহ দিন দিন উজ্জ্বল হইতেও উজ্জ্বলতর হইতেছে। নিষ্কপটের আজ মহা আনন্দ। কিন্তু কপট আজ বিষণ্ণ। তাই বলি সাবধান!

"রামচন্দ্রপুরী মাধবেন্দ্রপুরীর শিষ্য হইয়াও শুষ্কজ্ঞানীদের সম্প্রদায় সঙ্গে দূষিত সিদ্ধান্ত লইয়া অবৈধ উপদেশ করিয়াছিলেন। তাহাতে পুরী গোঁসাই তাঁহাকে অপরাধী বলিয়া বর্জ্জন করেন। সেই অবধি পরনিন্দা, পরদোষানুসন্ধান, শুষ্ক-জ্ঞানোপদেশ—এই সকল কার্য্য করিয়া তিনি বৈষ্ণবদিগের দ্বারা উপেক্ষিত হন।"

(শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

৩ বামন ব্যাপী প্রভুর গৌরাব্দ ৪৫৩

দীক্ষালাভ হইয়াছে কি?

—::(০)::—

কাণে ফুঁ দেওয়ার নাম দীক্ষা নয়। দিব্যজ্ঞান লাভের নামই দীক্ষা। দিব্যজ্ঞান মস্তিষ্ক বা অক্ষরজ্ঞান নহে। যে জ্ঞান চেতন, সুন্দর, আনন্দময় ও নিত্য, তাহাই দিব্যজ্ঞান। দিব্যজ্ঞানের অপর নাম অপ্রাকৃত-অনুভূতি। প্রাকৃতের লেশমাত্র ইহাতে নাই। ইহা আত্মজ্ঞান বা স্বরূপ-জ্ঞান। দেহধর্ম কর্ম বা মনোধর্ম জ্ঞান সবই প্রাকৃত। রোগময় ব্যাধি বা ত্যাগময় ব্যাধির ছলনা—উভয়ই প্রাকৃত ভোগের প্রকার-ভেদ; সুতরাং অপ্রাকৃতের বিপরীত। দিব্যজ্ঞান যাঁহার আছে, তিনি প্রাকৃতবুদ্ধিবিশিষ্ট নহেন। এই দীক্ষা বা দিব্যজ্ঞান দান করেন—অপ্রাকৃত শ্রীগুরুদেব। দীক্ষিত ব্যক্তি কখনও প্রাকৃত থাকিতে পারেন না। কারণ, দীক্ষাদাতা গুরুদেব—অপ্রাকৃত, তিনি—স্পর্শমণি। স্পর্শমণির স্পর্শ লাভ করিয়া যদি কোন ধাতু পূর্ব-ধাতুর সংরক্ষণ করে, তাহা হইলে জানিতে হইবে, হয় পূর্ব্বোক্ত বস্তুটী প্রকৃত বস্তু নহে, উহা মেকি জিনিষ, অথবা উক্ত ধাতুটী স্পর্শ-মণির সংস্পর্শ প্রাপ্ত হয় নাই। কিম্বা উভয়ের মধ্যে এমন কোন ব্যবধান রহিয়াছে, যাহা সংস্পর্শে ব্যাঘাত বাধাপ্রদান করিয়াছে।

অতএব প্রকৃত দীক্ষালাভের সৌভাগ্য না পা ... প্রধান অপরাধ ও গুরুকাভিমান জাগে না, সেখানে কপটতাই ইহার মূল-কারণ জানিতে হইবে। সদ্গুরু-চরণাশ্রিত জীব যদি একটু মনোযোগের সহিত তাহার অন্তর খুঁজিয়া দেখে, তাহা হইলে সে বুঝিতে পারিবে যে, সে নিজের দোষেই গুরুকৃপা-বঞ্চিত হইয়াছে—দীক্ষাগ্রহণ করিয়াও দীক্ষা লাভ করিতে পারে নাই। অনবরত সুধা-বর্ষণ করিতে থাকিলেও যেমন কখনও বেতসী তরুর ফল বা ফুলের উদগম হয় না, সেরূপ প্রচার সদৃশ গুরুর উপদেশবাক্য শ্রবণ করিয়াও কপট ব্যক্তির কোন সুবিধা হয় না। অথবা ভাগীরথীর তীরে আম্র, কপিত্থ ও নিম্ব—এই ত্রিবিধ বৃক্ষ একসঙ্গে থাকিলেও যেরূপ একই ভাগীরথীর একই প্রকার সুমিষ্ট ও পবিত্র জল আহরণ করিয়াও ফলদানকালে কেহ মধুর, কেহ কষায়, কেহ বা তিক্ত ফল দান করে, তদ্রূপ সদ্গুরুর চরণপ্রান্তে আসিয়া শরণাগত শিষ্যই প্রেমফল লাভ করেন। আর গুরুর নিকট আসিয়াও অভিনয়কারী কপট ব্যক্তি গুরুপরাধ, গুরুনিন্দা, পাষণ্ডতা প্রভৃতি বিষই উদ্গীরণ করিয়া থাকে।

শ্রীগুরুদেব আত্মসমর্পণকারী ভক্তকেই দিব্যজ্ঞান প্রদান করেন। তখন শিষ্য গুরু-কৃপায় অপ্রাকৃত হন। কিন্তু যিনি আত্ম-সমর্পণই করিলেন না, তিনি কি করিয়া অপ্রাকৃত হইবেন? তাঁহার দীক্ষা বা দিব্যজ্ঞান কি করিয়া হইবে? প্রাকৃতবুদ্ধি-বিশিষ্ট থাকিয়া দাস্যাভিমানে প্রতিষ্ঠিত না হইয়া তিনি কি প্রকারে অপ্রাকৃত কৃষ্ণসেবার অধিকার লাভ করিবেন? অসৎ ও কখনও দেবতার সেবা লাভ করিতে পারে না। সুতরাং প্রাকৃত অপ্রাকৃতের সেবা কি করিয়া করিবে? আলো অন্ধকারে কি মিল হয়?

গুরুকৃপায় দিব্যজ্ঞান বা অপ্রাকৃত অনুভূতি যাঁহার লাভ হইয়াছে, তাঁহার প্রাকৃত অভিমান, প্রাকৃত দর্শন বা প্রাকৃত চিন্তার কিছুই থাকিতে পারে না। তিনি প্রাকৃত মনের দ্বারা চালিত হন না। দিব্যজ্ঞান লাভ হইলে জীব বৈষ্ণবী-প্রতিষ্ঠায় প্রতিষ্ঠিত হন, শুদ্ধবৈষ্ণব-দাসানুদাসাভি-মানে প্রমত্ত হইয়া সেবাসুখে বিভোর থাকেন। শুদ্ধবৈষ্ণব-রাজ্যই তখন তাঁহার আকাঙ্ক্ষণীয় ও কাম্য হয়। তাহাই তখন তিনি গৌরব অনুভব করেন। পূর্ব্ব ইতিহাসের কথা তখন তাঁহার আর মনে থাকে না। শ্রীগুরুদেব শিষ্যের নিকট সর্ব্বদা কৃষ্ণকথার কথা কীর্ত্তন করিয়া তাঁহাকে ভজনরাজ্যে উন্নত করেন। দীক্ষিত ব্যক্তি এইরূপে শ্রীগুরুদেবের নিকট হইতে প্রতিদিন দীক্ষা প্রাপ্ত হইয়া যখন অভিধেয় যাজন করিতে করিতে সম্বন্ধজ্ঞানে দৃঢ়রূপে প্রতিষ্ঠিত হন এবং প্রয়োজন-সম্পত্তিলাভে ধন্য ও কৃতার্থ হন, তখনই তাঁহার দীক্ষার পরিপূর্ণতা সাধিত হয়।

"আমরা অনেক সময় মনে করি, দীক্ষার বাহ্য-অনুষ্ঠান কার্য্যটী হইলেই বুঝি দীক্ষা শেষ হইল কিন্তু কথা তা' নয়। জীব সদ্গুরু-পাদপদ্ম হইতে মন্ত্র প্রাপ্ত হইবার পরমুহূর্ত্ত হইতেই দিব্যজ্ঞান লাভের পথের পথিক হন। ম্যাট্রিক পাশ করিয়া কলেজে নাম লেখাইলেই কি আমাদের শিক্ষা-সমাপ্তি হইবে? না, তাহা হয় না। কলেজে ভর্ত্তি হইলে কলেজের অধ্যাপকগণ তাহাকে উন্নত শিক্ষা লাভের অধিকার দেন মাত্র। সেই অধিকার লাভ করিয়া ছাত্রকে পরিশ্রম সহকারে নিয়মিত অধ্যয়ন করিতে হইবে, তাহা হইলেই সে শিক্ষিত হইতে পারিবে। ইহাই শিক্ষা-ক্রম। দীক্ষা বা দিব্যজ্ঞান লাভ করিতে হইলেও সেইরূপ আমাদিগকে গুরুদেবের নিকট উপনীত হইবার পর দৃঢ়বিশ্বাসের সহিত গুরুসেবা, গুরুপাদপদ্মে সর্ব্বতোভাবে শরণাগতি এবং সাধননিষ্ঠা দ্বারা গুরু-প্রসন্নতা বিধান পূর্ব্বক ক্রমে অনর্থনিবৃত্তি, তৎপরে নিষ্ঠা, রুচি, আসক্তি, ভাব ও প্রেমভক্তি লাভ করিতে হইবে। কিন্তু শিষ্যের পরম প্রয়োজন কৃষ্ণপ্রেম লাভ করিবার সৌভাগ্য হইলেই তাহার মন্ত্রসিদ্ধি বা পূর্ণ দীক্ষালাভ ঘটিবে। সেইজন্যই বলিতেছি, দীক্ষাক্রিয়া ও প্রকৃত দীক্ষাকে এক মনে করিতে হইবে না।

দীক্ষার দ্বারা অপ্রাকৃত জ্ঞান হয় এবং পাপের সমন্ধ ক্ষয় হয় অর্থাৎ ফলোন্মুখ প্রারব্ধ, প্রারব্ধের উন্মুখ বীজ, বীজকারণ কূট ও অপ্রারব্ধ ফল—এই পাপচতুষ্টয় সমূলে বিনষ্ট হয়। শ্রেষ্ঠী বৈষ্ণবী দীক্ষার প্রারম্ভ-মাত্রেই সমগ্র পাপমূল উৎপাটিত হইয়া থাকে। তবে যে স্থলে বৈষ্ণবী দীক্ষায় দীক্ষিত ব্যক্তির প্রারব্ধ কর্ম্মভোগ বা পাপপ্রবৃত্তি প্রতীয়মান হয়, উহা উৎপাটিত-মূল বৃক্ষের সজীবতা লক্ষণের ন্যায় অর্থাৎ যেমন বৃক্ষ সমূলে উৎপাটিত হইলেও কিছুকাল পর্য্যন্ত তাহাতে সজীবতার চিহ্ন দৃষ্ট হইয়া থাকে, তদ্রূপ।

অসৎব্যক্তিগণ নিজেও দীক্ষা গ্রহণ করে না এবং অপরকেও দীক্ষা গ্রহণ করিতে দেয় না, এমনি তাহাদের স্বভাব বা চিত্তবৃত্তি। তাহারা অপরাধবশতঃ শুদ্ধবৈষ্ণবসঙ্গ-বিচ্যুত হইয়া নরকের পথে গমন করে এবং কপট ভালবাসা ও স্নেহ-মমতার অভিনয় দেখাইয়া সরল লোকের সর্ব্বনাশ করিয়া থাকে। শুদ্ধবৈষ্ণবগণের প্রতিষ্ঠিত হওয়ারূপ দিব্য-জ্ঞানের কথা তাহাদিগকে না বলিয়া কনক-কামিনী-প্রতিষ্ঠাভোগী তাহারা ঐ সব বস্তু দিয়া তাহাদিগকেও বঞ্চিত করে। দীক্ষিত বা দিব্যজ্ঞানপ্রাপ্ত ব্যক্তির সঙ্গ করিবার সুযোগ তাহাদিগকে দেয় না। সেইজন্যই বলিতেছি, দীক্ষিত—অনুগত ব্যক্তির সঙ্গের অভাববশতঃই আমার দীক্ষা বা দিব্যজ্ঞান হইল না, গুরুতে নিত্যানন্দবুদ্ধি হইল না, শ্রীবিগ্রহে শিলাবুদ্ধি গেল না। বৈষ্ণবে জাতিবুদ্ধি গেল না, আমার দিব্যজ্ঞান হইল না।

এক প্রকার লোক আছেন, তাহারা বলে, শ্রীগুরুদেব হরিনাম করিতে বলিয়া-ছেন। হরিনামেই সর্ব্বসিদ্ধি হইবে। সুতরাং শ্রীগুরুদেবের আদেশ প্রতিপালন, গুরুসেবা ও গুর্ব্বানুগত্য করিয়া বৃথা সময় নষ্ট করিয়া লাভ কি? গুর্ব্বানুগত্য ছাড়িয়া স্বাধীনভাবে হরিনাম করিতে থাকিব, যেখানে সুখী সেখানে বেড়াইব, নির্জ্জনে থাকিব, কাহারও ধার ধারিব না। ভোগ-বুদ্ধি বা ভগবদ্বহির্ম্মুখতাবশতঃ এইরূপ স্বতন্ত্রতা বা বৈষ্ণবাভিমান যাহাদের হৃদয়ে আসিয়াছে, তাহাদের মুখে কখনও শ্রীনাম উদিত হন না। তাহারা সাধু-গুরুচরণে অপরাধী, তাহারা নামাপরাধী। সদ্গুরু-চরণাশ্রয় করিয়াও যেখানে এ বিচার প্রবল, সেখানে দীক্ষা হয় নাই, দীক্ষার অভিনয় হইয়াছে মাত্র। দীক্ষায় স্বেচ্ছাচারিতা নাই। সেখানে জীবন আনুগত্যময়। কিন্তু কই আমি ত' অনুগত হইতে পারি নাই? সেই-জন্যই বলিতেছি, 'আমার দীক্ষালাভ হইয়াছে কি?'

যৎকিঞ্চিৎ

(শ্রীপাদ ... ভক্তিশাস্ত্রী)

বাহির্জগতের পূর্ব্বেই প্রতীয় ক্ষণটা আমাদিগকে তাঁহার আগমনী সংবাদ জানাইয়া দেয়। পরীক্ষা আরম্ভ হওয়ার বহুপূর্ব্বেই পরীক্ষার্থিকে দিন ধার্য্য করিয়া দেওয়া হয়। গাড়ী ছাড়িবার সময় নির্দ্দিষ্ট থাকিলেও তৎপূর্ব্বে ঘণ্টা দেওয়া হয়, নিশান উড়ান হয় কিন্তু সাধক জীবের পরীক্ষা যে কখন কোন্ দিনে, কোন্ ক্ষণে আসিবে তাহা বুঝিবার উপায় নাই। সর্ব্বদাই তাহাকে প্রস্তুত থাকিতে হয়; নতুবা বিপদ পদে পদে। কোটীকণ্টকবহুল ভক্তিপথে সর্ব্বদাই পরীক্ষা, সর্ব্বদাই বাছাই হইয়া থাকে। আমাদের নিজের এপথে চলার

কোনও যোগ্যতাই নাই। পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার কোনও আশাই নাই গুরুপাদপদ্মের অহৈতুকী কৃপা ভিন্ন। নিতাইচরণ দৃঢ়ভাবে আঁকড়াইয়া ধরিলে অযোগ্য পতিত মূর্খ বিচারবুদ্ধিবিহীন ব্যক্তিও অনায়াসে পরিত্রাণ পায়। সেখানে শিথিলতা থাকে না। গুরুদেবের আনুগত্যের অভাব হইলে যোগ্য কতিপয় বুদ্ধিমান্ বিচারক নীতিপরায়ণ মহানুভব ব্যক্তিও আত্মরক্ষা করিতে পারে না। এপথের পথিকগণের আশা-ভরসা বল-বুদ্ধি-বিচার নীতি-যোগ্যতা আদি যা কিছু সবই শ্রীগুরুদেবের পাদপদ্মের একটী ধূলিকণার প্রভাবে মাত্র। তাঁহাদের ভরসা 'গুরুকৃপা হি কেবলম্'। তাঁহাদের প্রার্থনা 'গুরুদেব কৃপাবিন্দু দিয়া কর এই দাসে তৃণাপেক্ষা অতি হীন।' কিন্তু সেই গুরুপাদপদ্ম—আচার্য্যপাদপদ্ম সুদৃঢ় করিয়া ধারণ করা ত' দূরের কথা, তাঁহাতে যাহাদের মর্য্যবুদ্ধি ছুটে নাই সেই সব হতভাগ্য জীব যে ভবসমুদ্রের উত্তাল তরঙ্গের বেগে ভাসিয়া যাইবেই, পরমার্থের পথে তাহাদের অস্তিত্ব পর্য্যন্ত খুঁজিয়া পাওয়া যাইবে না, এ বিষয়ে কোনও সন্দেহই থাকিতে পারে না।

বর্ত্তমান আচার্য্যভাস্করের উদয়ের সঙ্গে সঙ্গেই যাহারা তাঁহার কৃপালোক সহ্য করিতে না পারিয়া অন্ধকার কোটরে আশ্রয় লইয়াছিল, যাহারা প্রথম বাহ্যতেই স্বরূপ প্রকাশ করিয়া ফেলিয়াছে, তাহারা বহুদিন হইতেই শ্রীগুরুদেবের দ্বারা নিজ নিজ অভাভিলাষ পোষণ করাইবার চেষ্টায় ব্যস্ত ছিল। কিন্তু শ্রীগুরুদেব কখনও বদ্ধজীবের ইন্দ্রিয়তর্পণ করেন না। জীবকে মায়ার কোলে নিদ্রাভিভূত রাখিবার জন্ত তিনি এজগতে আসেন না। তিনি পিশাচীগ্রস্ত বঞ্চিতমাতৃশ বদ্ধজীবের প্রলাপ শুনেন না, পরামর্শ গ্রহণ করেন না। তিনি নিরঙ্কুশ ইচ্ছাময় পরম স্বাধীন স্বতন্ত্র পুরুষ।

বলদেবাভিন্ন—শ্রীরূপাভিন্ন—ভক্তিবিনোদাভিন্ন—প্রভুপাদাভিন্ন আচার্য্যদেব অত্যন্ত করুণাময়, তাই কৃপা করিয়া আমাদের ভায় পতিত অধমগণকে বহুপূর্ব্বেই জানাইয়া দিয়াছেন—"আর একবার ঝাড়াই হইবে।" কিছুদিন পূর্ব্বেও তিনি আমায় কৃপা করিয়া নিরপেক্ষ বীর্য্যবতী মঙ্গলপ্রদায়িণী কীর্ত্তন করিয়াছেন "এখনও সর্ষপের হলচালনা আরম্ভ করা হয় নাই। হলচালনা আরম্ভ করা হইলে কাহার কতটা অকপট অনুরাগ বুঝা যাইবে। আমরা বহু অন্তাভিলাষীকে চাহি না—অকপট হরিভজনকারী একটী হইলেই যথেষ্ট।" সেদিনও তিনি কৃপা করিয়া কীর্ত্তন করিয়াছেন—"যদি খাঁটি একজন লোক পাওয়া যায় তবে তাহাকে লইয়াই 'মিশন', তিনিই মিশন * * অন্তাভিলাষী লোকগুলিকে জলাঞ্জলি করিতে হইবে। * * উক্ত প্রকারের একটী মঠ থাকিলেই প্রকৃত আচার-প্রচার থাকিবে, হাউই-বাজীর মত কতকগুলি সাজের প্রতিষ্ঠানের অকস্মাৎ অভ্যুদয় দেখাইয়া লোকের ইন্দ্রিয়তর্পণ করা প্রচার নহে।" সর্ব্বদাই উদয়ের প্রারম্ভ হইতেই তাঁহার একসুর—কেবল সতর্কবাণী। বহুপূর্ব্ব হইতেই তিনি সকলকে প্রস্তুত হইতে সুযোগ দিতেছেন, কিন্তু আমার কি দুর্দ্দৈব! আমি বুঝিয়াও বুঝি নাই, শুনিয়াও শুনি নাই, হেঁসে খেলে কাল কাটাইয়াছি; মনে ভাবিয়াছি, ঐ সকল কথা আমার জন্ত নহে, উহা কোমলশ্রদ্ধদিগের জন্ত। আমিত মধ্যমঅধিকারী হইয়া পড়িয়াছি। হায়! তখন হইতেই পরীক্ষা দিবার জন্ত আমার প্রতিনিয়তই প্রস্তুত থাকা উচিত ছিল। প্রতিনিয়তই নিজকে পরীক্ষা করা উচিত ছিল—বাস্তবিকই হরিভজনে আমার অকপট অনুরাগ কিছু জন্মিয়াছে কিনা? সবই কপটতা, সবই ছেলে-খেলা? যাঁহাকে কেন্দ্র করিয়া সব, যাঁহাকে বাদ দিলে সবই নির্বিশেষ, বিরাট্ শূন্যতামাত্র, সেই আচার্য্যপাদপদ্মেই বা আমার শ্রদ্ধা বা সুদৃঢ়বিশ্বাস কতটুকু হইয়াছে? তখনই ধারণা করা উচিত ছিল পরীক্ষার দিন আসিতেছে। মহাপরীক্ষক স্বয়ং আচার্য্য যে লীলা প্রদর্শন করিতে, যে গৌরকাম—ভক্তিবিনোদকাম বা সরস্বতীমনোহভীষ্ট পূরণ করিতে জগতে আসিয়াছেন তাহা তিনি করিবেনই। সে দিনের বড় বেশী বিলম্বও নাই। বৃথা বুলি কপচান তিনি পছন্দ করেন না। তিনি যে পূর্ব্বেই বহুপ্রকার ইঙ্গিত করিয়া আমাদিগকে সতর্ক হইবার সুযোগ দিয়াছেন। এটী শুধু তাঁহার অহৈতুকী কৃপা। তখনই জানা উচিত ছিল যিনি বরাবরই বলিতেছেন—'আমি বহু অন্তাভিলাষী চাহি না'। তিনি বজ্রাদপি কঠোর। কপটের নিকট তিনি শমনসদৃশ। তখন সতর্ক হই নাই, তখন অন্তাভিলাষ পুষিয়া রাখিয়া অজগরভাবে দিন কাটাইয়াছি; তখন প্রাত্যহিক উন্নতির tangible result দেখি নাই এবং এখনও দেখিতেছি না; সুতরাং এখন উপায় কি? হলচালনার সূত্রপাত যে দেখা দিয়াছে। সূত্রপাতেই কি ভাগলবা-নীতি অবলম্বন করিব? হায়! ইহাই কি আমার পরিণাম?

যাহারা আচার্য্যলীলার প্রারম্ভেই ছুটিয়া পলাইয়াছে, তাহারা দুর্নীতিপরায়ণ। আমি মনে করিয়াছিলাম, আমি পরম নৈতিক, গুরুদেবের দ্বারা আদেশের বশোবর্ত্তী করি নাই, লোকলোচনে আচার্য্যানুগত অভিমানী হইয়া বিদ্বেষী দলকে যথেষ্ট গালাগালি প্রদান পূর্ব্বক নিজ বাহাদুরী জ্ঞাপনে ব্যস্ত আছি, আমাকে আর এবার পায় কে? মনে মনে কত মনকলা খাইতেছিলাম 'আচার্য্যদেব ত' মাদৃশ একটী বোকা-চোকা লোককে পাইয়া কৃতার্থ হইয়াছেন। আমি কি আর বাহাইরের পাত্র হইতে পারি? সর্ষপের হলচালনা আরম্ভ হইলে তাহাতে আমার ভয় কি? তিনিত আমার সতীর্থ-মাত্র। আমিও তাঁহার সঙ্গে parallel হইয়া চলিয়াও আমি একজন বাছাইকারক হইব। বাছাই হইবার পাত্র ত' কয়েকটী নিরীহ গোবেচারাই নির্দ্দিষ্ট আছে আমার ভয় নাই। বরং এবার আমাদের মত সকলের পোয়া-বার। আমারই চিত্তবৃত্তি লক্ষ্য করিয়া আচার্য্যদেব কীর্ত্তন করিয়াছেন, কতকগুলি দাম্ভিক লোক মনে করে, আমরাই makers and breakers of the Mission, আমরাই স্বামী আর সমস্ত মিশনটাই জোগ্য, যোষিৎ বা অধীন। আমরা না থাকিলে মিশন বিধবা হইল, গুরুদেবকে সামনে রাখিয়া স্বেচ্ছাচার করিবার দুর্ব্বুদ্ধি আমাদের ষোল আনা।' কিন্তু পূর্ব্বেই আলোচিত হইয়াছে, অন্তাভিলাষের আশার ঘরে আগুন না লাগাইয়া দেওয়া শ্রীগুরুদেবের কার্য্য। মহাপ্রভু ভোগের লঙ্কা দহন করিয়াছেন শ্রীগুরুদেবে মহাপ্রভুজীব অনুগৃহীত আছে। তদতিরিক্ত আরও অনেক কিছু আছে তাই সর্ষপের হলের আঁচড় আমারই ভাগ্য দাম্ভিকের উপর ক্ষেত্রে আগে পড়িল। এখন আমার পক্ষে দুইটী পথ খোলা আছে দেখিতেছি। একটী নিষ্কপট ক্রন্দনে বুক ভাসাইয়া প্রায়োপবেশনে কৃত অপরাধের প্রায়শ্চিত্ত করিয়া কেবল নিতাইচরণে আবেদন জানান —"গুরুদেব তুমি ত' সকলই জান। 'আপনার জনে দণ্ডিয়া এখন শ্রীচরণে দেহ স্থান'। দ্বিতীয়টী 'ভাগলবা' নীতি অবলম্বন করা। যাঁহারা আমার ন্যায় গুরুদেবকে কিছুতেই অভিমর্ত্ত্য ও অন্তর্য্যামী মনে করিতে পারেন না, তাঁহারা অধিকতর অপরাধ-পঙ্কে নিমজ্জিত হইয়া নিজ উদ্দেশ্যসিদ্ধির জন্ত কপটতা অবলম্বনপূর্ব্বক মিশনভুক্ত থাকার চেষ্টা করেন। দুইটীর কোনটীই তাঁহারা বরণ করিতে না চাহিলেও নিদারুণভাবে শেষেরটীই তাঁহারা পুরস্কার পাইয়া থাকেন। কারণ, 'মনের কথা গোরা জানে ফাঁকি কেমনে দিবে। সরল হ'লে গোরার শিক্ষা বুঝিয়া লইবে।' তাই আজ কল্পচালনায় সূত্রপাতেই মহাসমস্যায় পড়িয়াছি, সর্ব্বদাই চিন্তায় বিষম হওয়া পড়িয়াছে—'সরল হ'ব, না বাহাইরে পড়িব। তাহা রাখিব না মুখ রাখিব।'

আজ আমার কৃত্রিম মুখোস খুলিয়া পড়িয়াছে। নিজের কুৎসিৎ বীভৎসরূপ প্রকাশ হইয়া পড়িয়াছে। তাহা দেখিয়া নিজেই চমৎকৃত হইয়াছি। আজ আমি প্রাণে প্রাণে বুঝিয়াছি, অন্তরাত্মের সর্ব্বনিম্নস্তরে যে আচার্য্যনিষ্ঠা বা তৎপাদপদ্মে সুদৃঢ়বিশ্বাসরূপ শ্রদ্ধা বর্ত্তমান, সেখানে আমি উপনীত হইতে পারি নাই, অথচ এতদিন কেবল লোককে প্রতারিত করিয়াছি, ফলে নিজে নিদারুণভাবে প্রতারিতই হইয়াছি। আচার্য্যকে আমি আমার মত মানুষ মনে করিয়াছি। কখনও মনে করিয়াছি—'আচার্য্য ত' আমাদেরই গড়া পুতুল—আমাদেরই . কৃপার পাত্র। আমাদের গড়াপুতুল যেমন আমরা গড়িয়া দু'দিন পূজা করার ভড়ং করিতে পারি, আবার বিসর্জ্জন দিয়া নির্ব্বিশেষবাদী হইয়া যাইতে পারি, তদ্রূপ'। কখনও বা একটু বেশী ভাল মানুষ সাজিয়া মনে করিয়াছি 'আমি ত' আচার্য্যকে মানিয়া লইয়াছিলাম—তাঁহার আনুগত্যে চলিব ঠিক করিয়াছিলাম। কিন্তু আচার্য্য তাঁহার অভিমর্ত্ত্য ব্যক্তিত্ব আমার হৃদয়ে প্রকাশ করিলেন কই? সকল অবস্থাতেই কর্তৃত্বাভিমান ও দম্ভ, আধ্যাত্মিকতা ও অশ্রদ্ধা আমার অন্তরে দৃঢ় থাকিয়াই যায়, তাই অভিমর্ত্ত্য আচার্য্য-ভাস্কর আমার চিত্তগুহায় আলোকপ্রদান করেন না। তাই দুর্ভাগা পেচক আমি অন্ধকারে গা ঢাকা দিয়া আত্মরক্ষা করিবার জন্ত বন্ধুগণের সঙ্গে মিলিত হইয়া উৎকট উৎসব করিবার জন্ত অন্ধকারকোটর খুঁজিয়া মরিতেছি, বাহিরে মঠবাসের একটা সজ্জা মাত্র আছে।

আচার্য্যে আমার এমনই বিশ্বাস যে, একটু ধাক্কাতেই, একটু বাধাতেই একটু পরীক্ষাতেই মৃৎপাত্রের মত ভাঙ্গিয়া চুরমার হইয়া যায়। চিৎশক্তির বিলাস স্বীকার করিতে না পারায় নির্ব্বিশেষবাদী হওয়াই আমার পরিণাম হয়। আচার্য্যে সুদৃঢ়বিশ্বাস না হওয়ার মত দুর্ভাগ্য জীবের পক্ষে আর হইতেই পারে না। প্রচ্ছন্নভাবেও এই দুর্ভাগ্য আমাকে আক্রমণ করিলে প্রায়োপবেশনে প্রায়শ্চিত্ত আরম্ভ করা উচিত, সব ছাড়িয়া তাহা নাশের জন্ত যত্ন করাই প্রয়োজন। অপরাধ

(অতঃপর ৯ম পৃষ্ঠার ১ম কলমে দ্রষ্টব্য)

শুদ্ধভক্তি-মঠসমূহ

(১) শ্রীচৈতন্য-মঠ

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীচন্দ্রশেখর-ভবনে শ্রীচৈতন্যমঠ, পরবিদ্যা-পীঠ, শ্রীশ্রীরাধাকৃষ্ণ, শ্রীগৌর, গোপাল ও আচার্য্য চতুষ্টয় বিগ্রহ আছেন। সুপ্রাচীন প্রচ্ছন্ন মুদ্রিকাগারকপে'নদীয়া-প্রকাশ'যন্ত্রালয় আছে।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৫।
কলিকাতায় শ্রীভক্তিবিনোদ-আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, সঙ্কীর্ত্তন, প্রত্যহ শ্রীচৈতন্যচরিতামৃত-বেদান্ত-শ্রীমদ্ভাগবতাদি গ্রন্থের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও হারমণিঃ পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়।

(৩) যোগপীঠ-মায়াপুর-পীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব ভূমি মহাযোগপীঠ।

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং ম বর্ত্তমান।

(৬) মুরারিগুপ্তের পাট

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৭) কাজি-সমাধি-পাট

প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি।

(৮) অদ্ভুতনৃসিংহদেবমন্দির নীলাচলাশ্রম

শ্রীধাম মায়াপুর

(৯) আনন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ জাহ্নগর (বর্দ্ধমান)

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মাউগাছি, পোঃ জাহ্নগর, (বর্দ্ধমান)
শ্রীব্যাসাবতার ঠাকুর বৃন্দাবনের স্থান

(১৩) ঋতুদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(১৪) জহ্নুদ্বীপ-গৌড়ীয়মঠালয়

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ

গৌড়পুর, নদীয়া

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ

বাটতলা —(শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৭) কুঞ্জকুটীর

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

(২০) মহেশ-পণ্ডিতের পাট

কাঁঠালপুলি, পোঃ চাকদহ (নদীয়া)

(২১) রাণাঘাট-গৌড়ীয়মঠালয়

(২২) পুরী গৌড়ীয়মঠ

চব্বিশ পরগণা

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ

বারিদা পোঃ ওয়ারি, ঢাকা।
পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র।

(২৪) গোপালজীউমঠ

কমলাপুর, পোঃ ঢাকা

(২৫) গদাই-গৌরাঙ্গ মঠ

পোঃ বালিয়াটি, (ঢাকা)

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

বড়বাজার, পোঃ ময়মনসিংহ

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চকচকা, কামরূপ (আসাম)

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

৩নং পাগাং বিল্ডিং, দার্জ্জিলিং

(৩০) নৈমিষারণ্য-গৌড়ীয়মঠ

পোঃ হরিহর, জিঃ সাহাজানপুর, ইউ, পি

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

খিড়কীপুর পাটনা।

(৩২) গয়া গৌড়ীয়মঠ

মগধ রোড, গয়া

(৩৩) সনাতন-গৌড়ীয় মঠ

৮।১১ বড় গণেশ, বেনারস সিটি

(৩৪) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

(৩৫) পরমহংস মঠ,

পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়

বিশ্রামঘাট, পোঃ মথুরা

(৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণসহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ

কিশোরপুর, বৃন্দাবন

(৩৯) প্রেমানন্দ-সুখদকুঞ্জ

পোঃ রাধাকুণ্ড, মথুরা

(৪০) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪১) রাধাকুণ্ড গোবর্দ্ধনী

(৪২) শ্রীগোবর্দ্ধনমঠালয়

গোবর্দ্ধন, মথুরা।

(৪৩) সঙ্কেত বিহারী মঠ

বর্ষাণা, মথুরা।

(৪৪) নন্দগ্রাম গৌড়ীয়মঠালয়

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৫) বর্ষাণা গৌড়ীয়মঠালয়

পোঃ বর্ষাণা, মথুরা

(৪৬) গৌরবিহারী মঠ—সেবাশ্রম,

পোঃ হোডোল, জেলা গুরগাঁও (পাঞ্জাব)

(৪৭) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

(৪৮) দিল্লী গৌড়ীয় মঠ

৪৫নং রেশান রোড, নিউ দিল্লী

(৪৯) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়াতক টাঙ্ক রোড, কম্বালাহিল বিল্ডিং বোম্বে ৭

(৫০) সম্বলপুর-গৌড়ীয়মঠ

পোঃ রাঃ পল্লী, মাদ্রাজ
শ্রীশ্রীরাধাকৃষ্ণগান্ধর্ব্বিকাগিরিধারীর সেবা

(৫১) মাদ্রাজ গৌড়ীয়মঠ

পোঃ কভুর কলাস গোদাবরী মাদ্রাজ
শ্রীশ্রীগৌরাঙ্গরাধাকৃষ্ণগান্ধর্ব্বিকা-গিরিধারীর সেবা

(৫২) পুরুষোত্তম-গৌড়ীয়মঠ

ভক্তিকুটীর, পোঃ স্বর্গদ্বার, (পুরী)

(৫৩) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত পোঃ পুরী, উড়িষ্যা

(৫৪) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৫) দৌলাকুটী

(৫৬) প্রীতিনিধি-গৌড়ীয়মঠ

পোঃ ভুবনেশ্বর, পুরী

(৫৭) সচ্চিদানন্দ মঠ

বালিয়াটি, পোঃ কটক (উড়িষ্যা)

(৫৮) বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ

(৫৯) শ্রীব্রহ্মগৌড়ীয়-প্রপন্ন-আশ্রম

পোঃ কভুনদুরা, মাদ্রাজ

(৬০) ভাগবতজনানন্দ মঠ

চিকনিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর

(৬১) আলালনাথ গৌড়ীয়মঠ

পোঃ আলালনাথ, মেদিনীপুর

(৬২) আমলাযোড়া প্রপন্নাশ্রম মঠ

পোঃ রাজবাধ (বর্দ্ধমান)

(৬৩) চৈতন্যগৌড়ীয়মঠ

ভুবনকুণ্ড, পোঃ চিরকুণ্ড, (মানভূম)

(৬৪) রেঙ্গুণ গৌড়ীয়মঠ

৩০১ নং লেউইস্ ষ্ট্রীট, রেঙ্গুণ।

(৬৫) লণ্ডন-গৌড়ীয়মঠ

ফ্ল্যাট নং ২
৫১, ক্রমওয়েল রোড
ক্যাপটন, লণ্ডন, এস ডব্লিউ ৫

(৬৬) গৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

১৬।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট.
কলিকাতা।

(৬৭) গৌড়ীয়মঠ অফিস

ক্যানিং রোড, দিল্লী (ইউ-পি)

(৬৮) শ্রীবিশ্বাধিপতি গৌড়ীয়মঠালয়

মন্দিরবাজার, চট্টগ্রাম

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীমহানন্দ ব্রহ্মচারী ভক্ত্যালোক, ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও দ্বিতীয় দিনের জন্য	পরবর্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও দ্বিতীয় দিনের জন্য	পরবর্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	।০	৶০	।৵০	।০
" " ইঞ্চি	২৲		১।০	১৲
সিকিকলম	৫৲	৪৲		৩৲
" অর্দ্ধকলম	৮৲	৬৲	৬৲	৫৲
" এক কলম	১৫৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিবারে প্রতি ইঞ্চি	৩৲	২।০
" সিকি কলম	১৫৲	১২৲
" অর্দ্ধকলম	২৫৲	১৮৲
" এক কলম	৩৫৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৸০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা ৴৫ ; বিশেষ সংখ্যার মূল্য স্বতন্ত্র।

শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী

শ্রীল প্রভুপাদের চতুঃষষ্টিতম পূর্ত্যাবির্ভাব-তিথিতে শ্রীল আচার্য্যদেবের আনুকূল্যে "শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী" প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। ইহাতে পূর্ব্বার্দ্ধ ও উত্তরার্দ্ধ দুইটি বিভাগ আছে। পূর্ব্বার্দ্ধে শ্রীল প্রভুপাদের আদি-প্রবন্ধাবলী শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের সম্পাদিত 'সজ্জনতোষণী পত্রিকা'য় শ্রীল প্রভুপাদের 'নিবেদন' সাপ্তাহিক পত্র প্রভৃতি হইতে কথাসার ও প্রয়োজনীয় অংশের টীকা-সহ প্রকাশিত হইয়াছে। উত্তরার্দ্ধে শ্রীল প্রভুপাদের সম্পাদিত 'সজ্জনতোষণী'র কতিপয় প্রবন্ধ কথাসার প্রভৃতির সহিত মুদ্রিত হইয়াছে। প্রবন্ধগুলি রচনাকালের ক্রমানুসারে গ্রথিত হইয়াছে; এতদ্ব্যতীত শ্রীল আচার্য্যদেবের একটি মূল্যবান্ উপোদ্ঘাত ও সঙ্কলনকারীর একটি বিস্তৃত ভূমিকা, শব্দ-সূচী, স্থান-পাত্র-শ্লোক ও পয়ার-সূচী প্রভৃতি গ্রন্থে সংযোজিত হইয়াছে। গ্রন্থটী উৎকৃষ্ট কাগজে প্রতিকৃতির সহিত মুদ্রিত ও শ্রীল প্রভুপাদের আলেখ্যাদিদ্বারা ভূষিত ও সুন্দর বাঁধাই হইয়া প্রকাশিত হইয়াছে। প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, জেলা নদীয়া ; শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ও শ্রীমাধ্বগৌড়ীয়মঠ, নারিন্দা, পোঃ ওয়ারী, ঢাকা।

প্রভুপাদের পদ্যপ্রসূন মালা

এই গ্রন্থে ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তি- সিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের রচিত পদ্যাবলী শ্রীল আচার্য্যদেবের বিরচিত "সৌরভ" নামক ভাষ্যের সহিত প্রকাশিত হইয়াছে। শ্রীল প্রভুপাদের অনেক অপ্রকাশিত পদ্য ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ।০ চারি আনা।

শ্রীধাম-মায়াপুরে

—"ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট"—

[illegible] সংখ্যা [illegible]

[illegible] বিদ্যালয় ও বোর্ডিং [illegible] পরিচালিত হয়। [illegible] ছাত্রগণের জন্য [illegible] থাকিবার ব্যবস্থা [illegible] আহার ও বেতনাদির প্রতি মাসে মাত্র ৬৲ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। বর্ত্তমান বর্ষে [illegible] জন ছাত্রের মধ্যে ১২ জন ভালভাবে উত্তীর্ণ হইয়াছে।

মেধাবী ছাত্রগণের আরও সুবিধা

পরীক্ষায় যাহারা গড়ে শতকরা ৬৫ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ সচ্চরিত্র মেধাবী ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট, শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক [illegible] আলোচিত হইয়াছে [illegible] ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

শ্রীচৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় [illegible] শ্রীচৈতন্য-মহাপ্রভু [illegible] ও চরিত আলোচনা [illegible] উৎকৃষ্ট কাগজে [illegible] ভিক্ষা মাত্র [illegible] টাকা। [illegible] গৌড়ীয়মঠ, শ্রীচৈতন্যমঠ, [illegible] ঢাকা।

শ্রীশ্রীনবদ্বীপ-সংবাদ

প্রথম খণ্ড

শ্রীশ্রীপ্রভুপাদ [illegible] ১০৮শ্রী শ্রীমদ্ ভক্তিপ্রজ্ঞান কেশব [illegible] শাস্ত্র সম্মত যুক্তি [illegible] উত্তর দিয়াছেন, যাহা তাঁহার প্রকাশ [illegible] ভাবিবার বিষয় [illegible] গৌড়ীয়গণের প্রকাশিত হইয়াছে [illegible] আমাদের [illegible] প্রভুপাদের [illegible] সময়ে শ্রীল প্রভুপাদের [illegible] প্রকাশিত হইয়াছেন। [illegible] পাওয়া যাইবে। [illegible] যোগ্য।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

স্কটিশ চার্চ্চ কলেজের ইংরাজীর প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপদেশক পণ্ডিত অধ্যাপক শ্রীযুক্ত নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী সম্প্রদায়-বৈভবাচার্য্য এম-এ মহোদয়ের গবেষণা এবং পরিপক্ক লেখনীর অদ্ভুত ফল আবাহন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের লীলারস-পাঠে মগ্ন হউন। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিবিধ চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলক শ্রীমহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ড ছয় অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকারের ভূমিকাদ্বয় (Preaces), বিষয় তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র (Index Glossary) সহ গ্রন্থখানি প্রকাশিত। ভিক্ষা—১৫, পনর টাকা। প্রাপ্তিস্থান—মায়াপুর গৌড়ীয়মঠ, আপার মণ্ডল, শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

'ঠাকুর ভক্তিবিনোদ'

———::(০)::———

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি-প্রচারের মূল মহাজন সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অবিস্মরণীয় জীবনচরিত এতাবৎকাল পর্য্যন্ত গ্রন্থাকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয়মঠাচার্য্যবর্য্যের শুভেচ্ছানুসারে বিশিষ্ট সু-লেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীযুক্ত সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু মূল্যবান শিক্ষাবলীও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১২৫ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৸০ আনা; ডাক মাশুল স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান—ম্যানেজার গ্রন্থবিভাগ
শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র বৈষ্ণব পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পত্র হার্মনিষ্ট ও বহু সদ্গ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১২৫নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

ই. বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	৫-৩৬	৬ ২৬	৭-০৬	১২-২৬	১৪-৫৬	১৬-৫৬	১৭-৫৬	২২-২৬
রাণাঘাট পৌঃ			৮-২৮	১৪-১৪				
(বদল) ছাঃ			৯-৩০	১৪-৫০				
কৃষ্ণনগর পৌঃ	৭-১	৮-৫৫	১০-৮	১৫-২৩	১৭-২৮	১৯-০৮	২০-১৩	১-১৫
(বদল) ছাঃ	৭-১২		১০-৩১		১৭-৩৮		২০-২৬	
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫১		১১-১০		১৮-১৬		২১-৪	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
রাণাঘাট পৌঃ	১২-৫৫
ছাঃ	১৩ ০
শান্তিপুর পৌঃ	১৩-২৬
(বদল) ছাঃ	১৩-৩১ (লাইট্ রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪-১২
ছাঃ	১৪-৩০
নবদ্বীপঘাট পৌঃ	১৫-১০

ডাউন

নবদ্বীপঘাট ছাঃ	৫ ৪৫		৯-১৭		১৩-৩১	১৬-০	১৮-৩১	
কৃষ্ণনগর পৌঃ	৬ ২৩	৯ ১৬	৯-৪৮	১১-৪১	১৪-১০	১৬-৩৮	১৯-১১	২১-১০
ছাঃ	৬-৩৬	৭-১৮	১০-১১			১৬-৫৬	১৯-২৫	
রাণাঘাট পৌঃ			১০-৫৬			১৭-৩০		
(বদল) ছাঃ			১১-১			১৭-৪০		
কলিকাতা পৌঃ	৮-১৬	৯-২১	১১-৫১	১২-১৬	১৪-১৬	১৯-১১	২১-৪১	২৩-৩৭

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৩-৩১	১৬-০	
কৃষ্ণনগর পৌঃ	১৪-১০	১৬-৩৮	
ছাঃ	১৫-২৮	১৭-৩১	
শান্তিপুর পৌঃ	১৬-৯	১৮-১৪	
(বদল) ছাঃ	১৬-৫৩	১৮-২৫ (শনিবার ভিন্ন)	২০-৪০ (শনিবারে)
রাণাঘাট পৌঃ	১৭-১০	১৮-৫০	২১-১৫
(বদল) ছাঃ	১৭-৪১	১৯-১৪	২১-৫০
কলিকাতা পৌঃ	১৯-১১	২০-৫০	২৩-৩৭

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের



ম্যালেরিয়া প্লীহা যকৃত জীর্ণ শীর্ণকায় সুস্থ, পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় কবিরাজী ঔষধ কাষ্ঠ্ঠিক স্বতন্ত্র সাধক। বিশেষ প্লীহা সংযুক্ত পালাজ্বর এবং নূতন ও পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। মূল্য ছোট বোতল ৸০ দশ আনা, বড় বোতল ১৷০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা
অথবা
পোঃ বেহালা, ২৪ পরগণা

পোঃ—শ্রীমায়াপুর
টেলিগ্রাম— শ্রীধাম
শ্রীমায়াপুর

REGD NO C 1544

দৈনিক নদীয়াপ্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৪শ খণ্ড] শ্রীমায়াপুর— ২৪শে জ্যৈষ্ঠ, ১৩৪৬, ৭ই জুন, ১৯৩৯, বুধবার | ৮৪শ সংখ্যা

বিবিধ সংবাদ

এক রাত্রিতে নির্ম্মিত মসজিদ

মথুরা মিউনিসিপ্যাল বোর্ড রহমান টিলায় এক রাত্রির মধ্যে নির্ম্মিত এক মসজিদ ভাঙ্গিয়া ফেলিবার জন্য আঞ্জুমান মুসলেমিনের সেক্রেটারীর উপর নোটিশ জারি করার সিদ্ধান্ত করায় বোর্ডের চারিজন মুসলমান সদস্য পদত্যাগ করিয়াছেন। মথুরার মুসলমানগণ মসজিদ ভাঙ্গিতে বাধা দিবার জন্য সত্যাগ্রহ করিবার সিদ্ধান্ত করিয়াছে।

এই সম্পর্কে উল্লেখ করা আবশ্যক যে, আঞ্জুমানের সেক্রেটারী রহমানটিলায় এক মসজিদ নির্ম্মাণের অনুমতি প্রার্থনা করিয়া মিউনিসিপ্যাল বোর্ডে এক দরখাস্ত করেন। বোর্ডের ভাইস-চেয়ারম্যান তদন্ত করিয়া রিপোর্ট দেন যে, মুসলমানগণ যে স্থানে মসজিদ নির্ম্মাণ করিতে চাহে উহার একশত গজের মধ্যে একটি মন্দির আছে এবং ঐস্থানে মসজিদ নির্ম্মিত হইলে মিউনিসিপ্যাল উপবিধি ভঙ্গ হইবে বলিয়া মসজিদ নির্ম্মাণের অনুমতি দেওয়া যাইতে পারে না। তদনুসারে বিল্ডিং কমিটি দরখাস্ত না মঞ্জুর করেন। অতঃপর আঞ্জুমানের আপীলে বোর্ড মসজিদ নির্ম্মাণের অনুমতি দেন।

উহার বিরুদ্ধে রহমানটিলার মন্দিরের পূজারী আগ্রা বিভাগের কমিশনারের নিকট আবেদন করেন। কমিশনার পূজারীকে মথুরার জিলা ম্যাজিষ্ট্রেটের নিকট আপীল করিতে বলেন। তদনুসারে আপীল করা হইলে এক রাত্রির মধ্যে মসজিদ নির্ম্মিত হয়। ম্যাজিষ্ট্রেট আপীল মঞ্জুর করিয়া মিউনিসিপ্যাল বোর্ডের আদেশ নাকচ করেন। সেইজন্য মিউনিসিপ্যালিটি আঞ্জুমানের সেক্রেটারীকে মসজিদ ভাঙ্গিয়া ফেলিবার নির্দ্দেশ দিবার সিদ্ধান্ত করেন।

মোটর সাইকেল আরোহী আহত

মোটর সাইকেল দুর্ঘটনায় গুরুতর-ভাবে আহত হইয়া রংপুর সরকারী কৃষি বিভাগের জনৈক পদস্থ কর্ম্মচারী স্থানীয় মিটফোর্ড হাসপাতালে স্থানান্তরিত হইয়াছেন। প্রকাশ রংপুর ফার্ম্মের কর্ম্মচারী মিঃ হামিদুদ্দিন এম-এস-সি গত শনিবার সন্ধ্যায় মোটর সাইকেলে সান্ধ্য-ভ্রমণে বাহির হইয়াছিলেন। পথিমধ্যে একটি কুকুরকে পাশ কাটাইয়া যাইবার সময় মোটর সাইকেল সহ কাৎ হইয়া পড়িয়া যান। ফলে তিনি কপালে, দক্ষিণ চক্ষুতে ও দক্ষিণ পার্শ্বদেশে গুরুতরভাবে আহত হন এবং তৎক্ষণাৎ অজ্ঞান হইয়া পড়েন। ফার্ম্মের ডাক্তার দ্বারা প্রাথমিক শুশ্রূষার ব্যবস্থা করার পর অবস্থাবশে তাঁহাকে ঢাকা মিটফোর্ড হাসপাতালে স্থানান্তরিত করা হয়। প্রকাশ, আহত হওয়ার পর উক্ত হামিদুদ্দিন সাহেব ২।৩ বার রক্ত বমি করিয়াছেন। বর্ত্তমানে রোগীর অবস্থা আশাপ্রদ বলিয়া মনে হইতেছে।

কানাডায় রাজা-রাণীর অভ্যর্থনা

বৃটিশ কলম্বিয়ার লেফটানান্ট গবর্ণর এবং প্রাদেশিক কাউন্সিল কর্ত্তৃক প্রদত্ত এক প্রীতিভোজ সভায় প্রাদেশিক প্রধান মন্ত্রী মিঃ প্যাটুলোর সম্বর্দ্ধনার উত্তরে রাজা ষষ্ঠ জর্জ্জ বলেন, "এমন দিন আসিবে যখন জগতের সমস্ত লোক বুঝিতে পারিবে যে, সহযোগিতার মধ্যেই উন্নতি সম্ভব, বিরোধের মধ্যে নহে। আমি আশা করি, যখন সেদিন আসিবে তখন কানাডা প্রাচ্য এবং পাশ্চাত্যের মধ্যে মৈত্রী স্থাপনে একটি বিশিষ্ট স্থান অধিকার করিবে

রাজ্ঞী ভ্রমণের কথা উল্লেখ করিয়া তিনি বলেন, কুইবেকে অবতরণের পর হইতে যে সহস্র সহস্র কানাডাবাসী আমাদিগকে বিপুল সম্বর্দ্ধনা জানাইয়াছে, আমি তাহাদিগকে ধন্যবাদ দিতেছি।

বাঙ্গলা সরকারের নদনদী সংক্রান্ত গবেষণাগার

প্রকাশ যে, বাঙ্গলা সরকার বাঙ্গলায় হাইড্রো-ডাইনামিক লেবরেটরী (নদ-নদী নিয়ন্ত্রণ সম্পর্কিত গবেষণাগার) গঠনের যে পরিকল্পনা করিয়াছেন, তাহাতে বাঙ্গলা সরকারকে সাহায্য করিবার জন্য বাঙ্গলা সরকার পাঞ্জাব গবর্ণমেন্টের সেচ বিভাগের সহকারী ডিরেক্টর ডাঃ এন, সি বসুকে নিযুক্ত করিয়াছেন। ডাঃ বসু আগামী জুলাই মাসে কলিকাতায় আসিবেন এবং কলিকাতা বিশ্ববিদ্যালয়ে এই সম্পর্কে কয়েকটি বক্তৃতা করিবেন

উপরোক্ত গবেষণাগারে বিভিন্ন প্রকারের ঘূর্ণস্রোত ঐ সকল স্রোতে উত্থান পতন, নদীখাত ও নদীর তীরে ভাঙ্গন কিভাবে নদী গর্ভের পরিবর্ত্তন হয় ইত্যাদি বিবিধ বিষয়ে পরীক্ষা-কার্য্য চালান হইবে

আফগানিস্থানের স্বাধীনতা দিবস

আফগানীস্থানের স্বাধীনতা দিবস পালন উপলক্ষে আফগানিস্থানের কনসাল জেনারেল ২৮শে মে সন্ধ্যায় [illegible] হল ঘরে চা-পানের ব্যবস্থা করেন। উক্ত চা পার্টিতে প্রায় ৪ শত অতিথি উপস্থিত ছিলেন। তাঁহাদের মধ্যে লেফটেনান্ট জেনারেল স্যার রোজার সি উইলসন, স্যার মহম্মদ জাফরুল্লা খান, স্যার আব্দার রহিম, স্যার অব্রে, লেডী মেটকাফ, কুমার স্যার জগদীশপ্রসাদ, স্যার জেমস [illegible], স্যার [illegible], স্যার মহম্মদ ইয়াকুব খান, ডাঃ স্যার জিয়াউদ্দিন, জাপানের কনসাল জেনারেল মিঃ টি যনীদা ও তদীয় পত্নী, ইরাণের কনসাল জেনারেল মিঃ এ মাবুদ আনসারী, মিঃ মেয়েরস ও তদীয় স্ত্রী, স্যার ছোটুরাম, স্যার সুন্দর সিংহ মাজিথিয়া, মেজর নবাবজাদা [illegible], খিজার হায়াৎ খান, মিঞা আব্দুল বারী, মেজর এইচ জেণীষা, মেজর ভার্ট্ট আর বে ও তদীয় স্ত্রী, মিঃ দাফল ও তদীয় স্ত্রী, খান বাহাদুর নবী-বক্স ও তদীয় পত্নী ও অন্যান্য বহু বিশিষ্ট ব্যক্তি ছিলেন।

— —

বৃটিশ জাহাজের উপর গুলীবর্ষণ

একটি সংবাদে প্রকাশ যে ''নও' নামক একটী ক্ষুদ্রকায় বৃটিশ জাহাজ হইতে বেতারে খবর আসিয়াছে যে, জাপানীরা উক্ত জাহাজের উপর গুলী বর্ষণ করিয়াছিল। ঘটনার বিস্তৃত বিবরণ জানা যায় নাই

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল সরস্বতীপ্রভুর পরিব্রাজকবর্গ গোস্বামী মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক। প্রতি একাদশীতে প্রকাশিত হয়। কলিকাতা বাগবাজারস্থ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। সডাক ভিক্ষা ৪৫০ টাকা মাত্র।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৷০ টাকা মাত্র।

৩। ভাগবত—হিন্দীভাষায় একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ টাকা মাত্র।

৫। শ্রীগৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ মাত্র।

পরমগুরু শ্রীগৌরকিশোর

গৌড়ীয়-সম্পাদক-লিখিত, শ্রীগৌড়ীয়মঠোপাধ্যায় ও সভা-সভাপতি, বর্ত্তমান গৌড়ীয় ও বিশ্ব সন্ন্যাসী "পরমগুরু শ্রীগৌরকিশোর" গ্রন্থ প্রকাশিত হইয়াছেন। এই গ্রন্থে শুদ্ধগৌড়ীয়বৈষ্ণবগণের শিরোমণি, গৌরসুন্দরের অন্তরঙ্গ বৈরাগ্যের মূর্ত্তিমান নিত্যলীলাপ্রবিষ্ট পরমহংস ও বিষ্ণুপাদ শ্রীশ্রীল গৌরকিশোরদাস গোস্বামী প্রভুর অলৌকিক চরিতকথা বর্ণিত আছে।

শ্রীশ্রীভক্তিবিনোদাবির্ভাব-শতবর্ষপূর্ত্তিতিথিপূজার উপায়ন-গ্রন্থমালা

——:::(•):::——

১। গীতিসাহিত্যে শ্রীভক্তিবিনোদ

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র গীতিসাহিত্যের সমালোচনা-গ্রন্থ)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

২। শ্রীভক্তিবিনোদবাণীবৈভব

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের গ্রন্থসমূহ হইতে আহৃত ১০৮টি অধ্যায়ে সম্বন্ধ-অভিধেয়-প্রয়োজনাকারে গুম্ফিত অমূল্য উপদেশপূর্ণ গ্রন্থ)

ভিক্ষা—৩৲ তিন টাকা মাত্র।

৩। শ্রীশ্রীভক্তিবিনোদ-প্রসঙ্গ

ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ ও ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল সরস্বতীপ্রভুর পরিব্রাজকবর্গ গোস্বামীপ্রভু বিরচিত এবং গৌড়ীয়ে প্রকাশিত শ্রীশ্রীভক্তিবিনোদ-চরিত-প্রসঙ্গ

ভিক্ষা—৷৶০ ছয় আনা মাত্র।

৪। ছাত্রদের ভক্তিবিনোদ

(ছাত্রদের উপযোগী ভাষায় লিখিত শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্র ও শিক্ষা)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

(ছাত্রদের পক্ষে ভিক্ষা—৷০ আট আনা মাত্র)

প্রাপ্তিস্থান :—

(১) 'ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট্', পোঃ শ্রীমায়াপুর, নদীয়া;

(২) শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা;

(৩) শ্রীযুক্ত সুদর্শনজন রায় এম্-এ, বি-এল্, পুরাণপল্টন পোঃ রমণা, ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবত,—সম্পূর্ণ

প্রথম হইতে দশম স্কন্ধ পর্যন্ত — ২৮৲

দশম স্কন্ধ—

২। ভাষ্যসহ বিরাট শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৯৲

৩। ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬

৪। সরস্বতী জয়শ্রী (অবাঁধা) ৪৲

৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী

১ম খণ্ড ৸০; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০

৪র্থ খ°

৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী

১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০

৭। শ্রীচৈতন্যদেব ১৲

৮। সৎক্রিয়াসার দীপিকা ও সংস্কার দীপিকা ১৷০

৯। বৈষ্ণব ধর্ম্ম ২৲

১০। গৌড়ীয় কণ্ঠহার ৩৲

১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲

১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲

১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০

১৪। সাধনকণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ৷০

১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ তত্ত্ব ৷০

১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০

১৭। চৈতন্যোপনিষদ ৷০

১৮। বাউল সঙ্গীত

১৯। তত্ত্বসূত্রবিবেক

২০। গৌড়ীয়-গৌরব ৷৶০

২১। গোস্বামিদের কথা ৷৶০

২২। ভজন রহস্য

২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃত ও শ্রীনবদ্বীপশতক বাঁধা ১৲

২৪। গীতা (শ্রীবলদেব টীকা সহ) ২৲

২৫। গীতা (চ° বর্ত্তি-টীকাসহ) ২৲

অবাঁধা ১৲

২৬। গীতার কেবল মাত্র শ্লোক ৷৶০

২৭। দুর্গমসঙ্গমনী শ্রীগৌরকৃষ্ণ (সানুবাদ) ১৲

২৮। বেদান্ততত্ত্বসার (সানুবাদ) ৷০

২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয় সংস্করণ)

(বাঁধা) ৸০

৩০। দীন দিগ্‌দর্শন ৶০

৩১। সাধনপথ (তৃতীয় সংস্করণ) ৷৶০

৩২। গোস্বামী রঘুনাথ দাস বাঁধা ৷০

৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০

৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ পরিক্রমা) ৶০

৩৫। গীতমালা ৴১০

৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৶০

৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৶০

৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ৷০

৩৯। শ্রীগোদ্রুমকল্পতরু ৷০

৪০। শরণাগতি ৴০

৪১। পত্রাবলী ৴০

৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০

৪৩। সাধনতত্ত্ব ৴০

৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ৴

৪৫। নবদ্বীপশতক

৪৬। অর্চ্চনপদ্ধতি

৪৭। সদাচারস্মৃতি ৹/

৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৴১০

৪৯। ভক্তিতত্ত্ব ৴১০

৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম ও ২য় খণ্ড) ৬৲

৫১। ব্রহ্মসংহিতা ৷০

৫২। মণিমঞ্জুরী (সানুবাদ) ৷০

৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০

৫৪। পুরুষার্থ নির্ণয় ৷০

৫৫। তত্ত্ব ভাবনা বা ভাবনাসার সংগ্রহ ৷০

৫৬। জাতি-নির্ণয় ও ভক্তিতত্ত্ব ৶০

৫৭। ঈশোপনিষদ (অনুবাদসহ) ৷০

৫৮। শ্রীকৃষ্ণলীলা ৶০

৫৯। শিক্ষাষ্টকম্‌ ৶০

৬০। শরণাগতি ৴০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যচরিতামৃতম্‌ ৷০

৬২। শিক্ষায় সরস্বতী বিভিতম্‌ ৷০

৬৩। সটীক-বিবাদসম্বিধনম্‌ ৷০

৬৪। তত্ত্বসূত্রম্‌ ৷০

৬৫। সাধনায় শিক্ষাষ্টকম্‌ ৶০

৬৬। গৌড়ীয়মঠসিদ্ধান্তচন্দ্রিকা ৴০

৬৭। সারাৎসারসংগ্রহম্‌ ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ৷০

৬৯। এ গ্লিম্পস্ ইনটু দি বেদাস ৷৶

৭০। নামভজন ৴০

৭১। বেদান্ত—ইটস্ মরফোলজি অ্যাণ্ড অন্টোলজি ৷০

৭২। রিলেটিভ ওয়ার্ল্ডস ৷৶০

৭৩। ভাইস্ রয় অ্যাণ্ড শ্রীচৈতন্য মহাপ্রভু ৷০

৭৪। বেদান্তসার ৷০

৭৫। গোস্বামী গৌড়ীয়মঠ কি চায় ৴০

৭৬। দি ভাগবত

৭৭। থিওলজি অ্যাণ্ড ফিলজফি অফ শ্রীচৈতন্য ৷০

৭৮। ব্রহ্মসংহিতা ১৷০

৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (প্রথম খণ্ড) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীমহাপ্রভুঙ্ক শিক্ষা ৷০

৮১। সাধন-পথ ৷০

৮২। কল্যাণ-কল্পতরু ৶০

৮৩। গীতাবলী ৴০

৮৪। শরণাগতি ৴০

আসামী ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ৴০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক
নদীয়া-প্রকাশ
একমাত্র পারমার্থিক
দৈনিক-পত্র
শ্রীধাম-মায়াপুর-নদীয়া

১৪শ বর্ষ ৫ বামন ৪৫৩ গৌরাব্দ, ২৪শে জ্যৈষ্ঠ বঙ্গাব্দ ১৩৪৬, ৭ই জুন ইং ১৯৩৯, বুধবার } ৮৪শ সংখ্যা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

৫ বামন বুধ অনিরুদ্ধ গৌরাব্দ ৪৫৩

সাধন করিতে হইবে

আমরা শাস্ত্রাদিতে কর্ম্মসাধন, জ্ঞানসাধন, যোগসাধন ও ভক্তিসাধনের কথা শুনিতে পাই। বর্ত্তমানে আমাদের শতকরা প্রায় শতজনই কেহ কর্ম্মপ্রয়াস, কেহ জ্ঞানপ্রয়াস, কেহ বা যোগ-প্রয়াসাদিতে ব্যস্ত করি। ভগবদ্ভক্তি বা ভগবৎসুখ ব্যতীত যত কিছু সাধন আছে; সবই স্বসুখ-সাধন বলিয়া সেগুলি বন্ধনের কারণ। কৃষ্ণের জীব দুর্ভাগ্যবশতঃ স্বসুখসাধনে ব্যস্ত হইয়া আর প্রভুসুখসাধনের কথা বিস্মৃত হইয়াছে এবং মায়াকবলিত হইয়া সুখাশায় এজগতে নানাযোনিতে পরিভ্রমণ করিতেছে। সংসার ভ্রমণ করিতে করিতে সংসার-সুখাশা পরাঙ্মুখ না হওয়া পর্য্যন্ত কোন জন্মেই জীবের ভগবদুন্মুখতা বা ভগবৎসুখসাধন-স্পৃহা হৃদয়ে জাগিতে পারে না। বহু সুকৃতির ফলস্বরূপ ভগবৎকৃপাক্রমেই জীবের সংসার-বাসনা বা স্বসুখপ্রয়াস দুর্ব্বল হইয়া পড়ে, তখন কর্ম্মপ্রয়াসাদি আর ভাল লাগে না এবং স্বভাবতই সাধুসঙ্গে স্পৃহা জন্মে। সাধুসঙ্গে হরিকথা আলোচনা করিতে করিতে জীবের শ্রদ্ধার উদয় হয় এবং আদরের সহিত ভগবদনুশীলন হইলে ক্রমশঃ ভগবান্‌কে পাইবার লোভ জন্মে। তখন কৃষ্ণতত্ত্ববিৎ সদ্‌গুরুর চরণাশ্রয় পূর্ব্বক জীব ভগবৎসেবা শিক্ষা করে এবং সেবা করিতে করিতে ভগবৎকৃপা লাভ করিয়া কৃতার্থ হয়।

উদ্যম বা উৎসাহ অল্পবিস্তর সকলেরই আছে। ইন্দ্রিয়তর্পণরত জীবের স্বসুখবিধানে যে কত উদ্যম তাহা বলাই বাহুল্য। তাহাদের ধারণা—যদি উদ্যমই করিতে হয় তবে নিজসুখের জন্যই করিব। যদি নৈপুণ্য দেখাইতে হয়, তাহা হইলে হরিগুরুবৈষ্ণববিদ্বেষেই দেখাইব। যদি কিছু করিতে হয় তবে হরিবিমুখতা বৃদ্ধির জন্যই করিব। কিন্তু বুদ্ধিমান্ ব্যক্তিগণ তাহাদের এই অসৎপ্রয়াসের প্রশংসা করেন না; পরন্তু ভক্তিসাধনের জন্যই—নিজসুখে বিসর্জ্জন দিয়া কৃষ্ণসুখসাধনের নিমিত্তই উপদেশ করিয়া থাকেন। কিন্তু 'চোরা না শুনে ধর্ম্মের কাহিনী।' যে যাহাই বলুক, হতভাগ্য আমি 'কাণে দিয়েছি তুলো, পিঠে বেঁধেছি কুলো।' হরিবিমুখ জগতে এইরূপ উদাহরণের অভাব নাই। তাই আজ আমরা ভক্তিসাধনের কথা আলোচনায় প্রবৃত্ত হইতেছি।

জীব ভগবৎসেবক। সেবা ছাড়া তাহার আর অন্য কোন কার্য্য নাই। ভগবৎসেবা বাদ দিয়া সে যাহা কিছু করিবে, সবই অন্যায় ও অনর্থ। তাহাতে তাহার বন্ধন ও অশান্তি হইবে। সুতরাং ভগবৎসেবক জীব মাত্রেরই যে সাধনকার্য্যটী অপরিহার্য্যভাবে স্বীকার করা উচিত, তাহা বলাই বাহুল্য। কষ্ট ছাড়া কৃষ্ণ মিলে না। সাধন বিনা সিদ্ধি হয় না। সুতরাং সাধনে উদাসীন হইলে সাধ্যবস্তু কি করিয়া লাভ হইবে? ভাগ্যক্রমে অল্প পরিমাণ শ্রদ্ধা লাভ করিয়াও কেহ যদি সাধনকার্য্যে অলসতা প্রকাশ পূর্ব্বক কেবল কৃষ্ণকৃপা পাইবার আশায় বসিয়া থাকে, তাহা হইলে তাহার আশাটী বৃথায় যাইবে, কোন ফলও হইবে না। কারণ, কৃপার্থী বা সেবার্থী কখনও কৃপাভিক্ষা বা সেবা না করিয়া চুপ্ করিয়া বসিয়া থাকিতে পারেন না। যেখানে কৃপা বা সেবালাভের জন্য যত্ন নাই, সেখানে কৃপা-প্রার্থনাও নাই জানিতে হইবে। অলসের যে কৃপা-প্রার্থনার ভাণ, তাহা কপটতামাত্র। সুতরাং আমরা যেন কৃপার দোহাই দিয়া সাধনে ঔদাসীন্য প্রদর্শন না করি। আলস্য করিলে—শ্রবণকীর্ত্তনে তৎপর না হইলে বা আদর-যত্ন না করিলে বিফলকাম হইতে হইবে। কিন্তু প্রকৃত যত্ন হইলে সুফল অবশ্যই পাওয়া যাইবে। শ্রীল প্রভুপাদ বলিয়াছেন,—"ভগবান্ ও ভক্তের কথা পড়িতে পড়িতে আমাদের সকল অভাব দূরে যাইবে। ফলের জন্য ব্যস্ত না হইয়া ধৈর্য্য ও সহিষ্ণুতার সহিত সর্ব্বদা কৃষ্ণনাম করুন। ভগবান্‌ও নিশ্চয়ই চুপ্ করিয়া বসিয়া থাকিবেন না। যাঁহার যেরূপ সাধন, শ্রীগৌরহরিও অবশ্যই তদনুসারে তাঁহাকে সুফল প্রদান করেন।"

ভগবানের দয়ার তুলনা নাই। তিনি বহু শাস্ত্র প্রকাশ করিয়া এবং কখনও স্বয়ং ভক্তরূপে অবতীর্ণ হইয়া কি করিয়া সাধন করিতে হয়, তাহা শিক্ষা দিয়াছেন। আমাদিগকে ভগবদুন্মুখ করিবার জন্য নানাভাবে যত্ন করিয়াছেন ও করিতেছেন। তাঁহার নিজজন ভক্তগণ সকল সময়েই বিশ্বে প্রকটিত থাকিয়া নিজে আচরণ করিয়া আমাদিগকে হরিসেবা-শিক্ষা দিবার জন্য চেষ্টা করিতেছেন। আমাদের প্রতি তাঁহার এত কৃপা! কিন্তু তথাপি যদি আমরা ভগবৎকৃপা-লাভের জন্য যত্ন না করি, তাহা হইলে আমাদের মঙ্গললাভ কি করিয়া হইবে? অনেকে বলেন, ভগবান্ ত' সর্ব্বশক্তিমান্ ও স্বতন্ত্র। তিনি ত' ইচ্ছা করিলেই জীবকে দর্শন দিতে পারেন, অনর্থযুক্ত জীবের হৃদয়ে প্রেম বিধান করিতে পারেন, তবে তাহা করেন না কেন? কিন্তু আমরা বলি, যাঁহারা বলিতেছেন, 'কৃষ্ণ দেখা দিলেই ত পারেন, তাহা হইলে ত আর আমাদের কোন অসুবিধা থাকে না।' তাঁহারা বাস্তবিক কৃষ্ণকৃপা চান কি? ভগবৎসেবা-লাভের জন্য তাঁহাদের আছে কি? যাঁহার হৃদয়ে এরূপ আগ্রহ নাই যে, অল্প একটু সাধন করিয়া ভগবান্‌কে লাভ করে, তাহার মৌখিক কৃপা কৃপাভাস নহে কি? তাহার উপর-সাধকের কৃপাকে কৃপা বলা যায় কি? বুদ্ধিমান্ ব্যক্তিগণ এসকল কথা স্থিরচিত্তে বিচার করিবেন।

ভগবৎকৃপাই ভগবৎসেবা লাভের একমাত্র উপায়, একথা সত্য। তবে কৃপাপ্রার্থী হইতে হইবে। কৃপা ও সাধন যুগপৎ আবশ্যক। কৃপাপ্রার্থনাই সাধন। সাধনব্যাপারটী আর কিছুই নহে, কেবল ভগবদ্বিষয়ে রুচিবৃদ্ধির কৌশল মাত্র। কৃষ্ণসেবা জীবের স্বাভাবিক বৃত্তি। তাহা হৃদয়ে প্রকট করাইবার জন্য যে চেষ্টা, তাহাই সাধন। সুতরাং যত্ন ও আগ্রহের সহিত সাধন করিতে করিতে যাঁহার যতদূর রুচি বৃদ্ধি হয়, [illegible] কৃপা বুঝিতে

করেন। তখন পূর্ণমাত্রায় বর্দ্ধিত হইলেই [illegible] উপনীত হইয়া পড়েন, কিছুতেই থামিতে পারেন না। সেইজন্যই বলিতেছি, সাধনকার্য্যটী নিজের আমাদের অঙ্গীকার করিলে [illegible] স্বীকার করিতে হবে। আমরা পুনঃ যে পরিমাণে সাধন করিব, সিদ্ধিও সেই পরিমাণে নিকটবর্ত্তী হইয়া পড়িবে।

আমরা শ্রীমদ্ভাগবতে শ্রবণ-কীর্ত্তনাদি নবধা ভক্তিঅঙ্গের কথা শুনিতে পাই। সকল সাধনের সার হরিনাম-সংকীর্ত্তন। অন্যান্য সাধনাঙ্গগুলি কীর্ত্তনেরই সহায়করূপে গৃহীত হয়। যদিও 'এক অঙ্গ সাধে কেহ সাধে বহু অঙ্গ' প্রভৃতি কথা শাস্ত্রাদিতে [illegible] তথাপি [illegible] করা [illegible] অন্য আশ্রয় করিলে প্রয়োজন সিদ্ধ হইবে। সেইজন্যই অন্য [illegible] শ্রীনাম-[illegible] সাধন [illegible] একান্তভাবে নামাশ্রয় করত নামের সাধকরূপে অন্যান্য অঙ্গগুলি স্বীকার করিতে হইবে। নতুবা মঙ্গলের আশা নাই। সেইজন্যই শ্রীল জীবগোস্বামী প্রভু বলিয়াছেন,—"যদ্যপ্যন্যা ভক্তিঃ কলৌ, কর্ত্তব্যা তদা কীর্ত্তনাখ্যভক্তিসংযোগেনৈব।"

সাধন ইন্দ্রিয়ের দ্বারা হয়। সুতরাং সাধনের [illegible] দৃঢ় ও কর্ম্মপটু হওয়া আবশ্যক। বুদ্ধি-আহারাদির দ্বারা সেইটী [illegible] হয়।

[illegible] কথা বলিয়াছেন। শ্রীল রূপগোস্বামী প্রভুও বলিয়াছেন,—

"ন নির্ব্বিন্নো নাতিসক্তো ভক্তিযোগোঽস্য সিদ্ধিদঃ" অর্থাৎ অত্যাহারী বা অনাহারী না হইয়া যথাযোগ্য গ্রহণ করিলে [illegible] হয়।

অত্যাহারী, নিতান্ত অনাহারী, [illegible] এবং নিতান্ত নিদ্রালুক [illegible] সাধন করিতে পারে না। সেইজন্য [illegible] পরিত্যাগ করিয়া সাধুসঙ্গে [illegible] সাধনে সর্ব্বদা রত থাকেন।

তাঁহার মন আর অন্য উত্তরচিন্তা অবসর পায় না। কোনটী সাধক-[illegible] ভক্তির [illegible] গ্রহণ [illegible] আবশ্যক [illegible] সাধনে নানা প্রতিকূল ব্যাপার বা বিঘ্ন আসিলে। বিশেষ [illegible] না করিলে [illegible]

এই প্রতিকূল বিষয়টী স্বীকার করি, কাল হইতে পরিত্যাগ করিব, এইরূপ হৃদয়-দৌর্ব্বল্য থাকিলে কখনও মঙ্গল হয় না। যে বিষয়টী ভজন প্রতিকূল বলিয়া মনে হইবে, সেই বস্তুটী তখনই দৃঢ়তাসহকারে ত্যাগ করিতে হইবে। দৃঢ়তাই সাধনের মূল। দৃঢ়তার অভাব হইলে সাধনকার্য্যে একপদও অগ্রসর হওয়া যাইবে না।

সাধুই সাধনের সর্ব্বপ্রধান সহায়। সাধুসঙ্গ হইলে কোন অনর্থই বল প্রকাশ করিয়া আমাদের কিছুই করিতে পারিবে না। শ্রীল নরোত্তম ঠাকুর গাহিয়াছেন,—

কথা না শুনিতে পারে কামক্রোধ সাধকেরে
যদি হয় সাধুজনার সঙ্গ।

সাধসঙ্গ সর্ব্বক্ষণ করিতে হইবে। [illegible] কীর্ত্তনকারী সাধুর সঙ্গী বা অনুগত হইতে হইবে। নিরন্তর সাধুসঙ্গে থাকিয়া সাধন করিতে হইবে, তাহা হইলে সাধনে সিদ্ধিলাভ [illegible] হইবে।

— — —

শ্রীল আচার্য্যদেবের উপদেশামৃত-ব্যাখ্যা

[শ্রীগৌরাঙ্গ শ্রবণ-সদন, ১।১১।৩৮]

বৈকুণ্ঠাজ্জনিতো বরা মধুপুরী
তত্রাপি রাসোৎসবাদ্
বৃন্দারণ্যমুদারপাণিরমণা-
স্তত্রাপি গোবর্দ্ধনঃ।
রাধাকুণ্ডমিহাপি গোকুলপতেঃ
প্রেমামৃতাপ্লাবনাৎ
কুর্য্যাদস্য বিরাজতো গিরিতটে
সেবাং বিবেকী ন কঃ॥

এই শ্লোকে শ্রীরূপগোস্বামী প্রভু বিভিন্ন ধামের সেবকগণের আধারের ক্রমোৎকর্ষের বিষয় বর্ণন করিয়াছেন। বৈধভক্ত ও রাগানুগভক্ত, দুই প্রকার ভক্তেরই প্রাপ্য আধারের কথা বলা হইয়াছে। বৈধভক্ত বিধি বা শাস্ত্রশাসনদ্বারা চালিত হইয়া সাধনে প্রবৃত্ত হন। [illegible] কিছু করিতে পারেন, এইরূপ আশঙ্কা যাঁহার [illegible] সেইরূপ ব্যক্তিকে সাধন করিবার জন্য শাস্ত্রীয় বিধির প্রয়োজন হয়। বৈধভক্ত শাস্ত্রাদির দ্বারা সাধনে ভক্তির অঙ্গ যাজন করিয়া থাকেন।

রাগবৃত্তি লোভময়ী। শাস্ত্রশাসনদ্বারা বা কোন প্রকার চেষ্টাদ্বারা লোভের উৎপত্তি হয় না [illegible] সাধুর সঙ্গফলেই রাগমার্গে লোভের উৎপত্তি হইয়া থাকে।

ভক্তিতে একেবারেই [illegible] উদয় হয়। রাগ দুই প্রকার কৃষ্ণপ্রসাদক বা তদ্ভক্ত-প্রসাদজ এবং সাধনাভি-নিবেশজ। কৃষ্ণ ও তদ্ভক্ত-প্রসাদজ রাগ বিরল; সাধনাভি-নিবেশজই সাধারণ। বৈধী ভক্তির অনুশীলন-ক্রমে ক্রমশঃ রাগোদয় হইয়া থাকে।

বিধিপর মার্গ ঐশ্বর্য্যপ্রধান। বিধির গতি পরব্যোম পর্য্যন্ত। পরব্যোমকে মহাব্যোম, বৈকুণ্ঠ প্রভৃতি বলা হয়। এই বৈকুণ্ঠের বিচার করিবার সময় আমাদের খুব সাবধান হওয়া প্রয়োজন—যেন কোন সময়েই anthropomorphise না করিয়া ফেলি। বদ্ধ-ভূমিকার বিচার, জড়জগতের [illegible], অসুন্দরতা, জড়তা বৈকুণ্ঠরাজ্যে [illegible] হইবে না। এখানকার কুণ্ঠা, মাপ, মাপিয়া লইবার বিচার বা three dimension-এর ধর্ম সেখানে নাই। বৈকুণ্ঠ তুরীয় মানের অতীত, তুরীয়, অধোক্ষজ বস্তু। সুতরাং বৈকুণ্ঠের বিষয় আলোচনা করিবার সময় আমাদের বিশেষ সতর্ক হইতে হইবে।

বৈকুণ্ঠে ভগবানের ঐশ্বর্য্যপ্রকাশ বিগ্রহ নারায়ণ অবস্থান করেন। ভগবান্ দুই-প্রকারে স্বীয় লীলা প্রকাশ করেন অর্থাৎ তিনি দেবলীল ও নরলীল। ঐশ্বর্য্যপূর্ণ লীলাই দেব-লীলা এবং মাধুর্য্যপূর্ণ লীলা—নরলীলা। বৈকুণ্ঠে দেবলীলা প্রকাশিত; তথায় ভগবান্ অজ, তাঁহার জন্মাদিলীলা নাই। বৈকুণ্ঠ বিশুদ্ধসত্ত্ব-এর শুদ্ধসত্ত্ব-ভূমি। উহা কেবলমাত্র জগতের মায়াবস্থা-রূপা নিত্য বা নির্বিশেষ জ্যোতির্ময় ব্রহ্মধাম নহে। বৈকুণ্ঠে মায়ার কোন প্রকার উপাধি নাই, স্বরূপশক্তির সহিত নিত্য-বিলাসই কেবল তথায় বর্ত্তমান। বৈকুণ্ঠ, পরব্যোম, মহাব্যোম বা চিদাকাশ তুরীয় বস্তু—[illegible] দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতা অতিক্রম করিয়া [illegible]

বৈকুণ্ঠে অনন্ত ভগবানের নারায়ণ-স্বরূপও [illegible]। নারায়ণ সকলের কারণ। পুরুষাবতারগণ আদি চতুর্ব্যূহ হইতে প্রকটিত। পুরুষাবতার—কারণার্ণবশায়ী, গর্ভোদশায়ী ও ক্ষীরোদশায়ী। কারণার্ণবশায়ী বিষ্ণু—Cause এবং এই জীবসমষ্টি ও জড়-জগৎ—effect। তিনি তাঁহার শক্তির দ্বারা জীবের ও জড়জগৎ সৃষ্টি করেন। গর্ভোদশায়ী বিষ্ণু সমষ্টি জীবের বা হিরণ্যগর্ভের অন্তর্যামী এবং ক্ষীরোদশায়ী বিষ্ণু ব্যষ্টিজীবের অন্তর্যামী। এই পুরুষাবতারও নারায়ণ। কারণ, গর্ভ, ক্ষীর এইগুলি মায়িক উপাধি; কিন্তু পুরুষাবতারগণ স্বরূপে মায়িক নহেন। তাঁহারা সকলেই মায়াস্পর্শরহিত, তুরীয় বস্তু, স্বীয় শক্তির সহিত স্বীয় ধাম বৈকুণ্ঠে বিলাস-পরায়ণ।

পুরুষাবতারগণ সকলেই চতুর্ভুজ ও দেবলীল; তাঁহাদের জন্মলীলা নাই। তাঁহাদেরও কারণ অর্থাৎ অংশী আকর বা prime cause নারায়ণেরও জন্মলীলা নাই। কারণ, জন্ম স্বীকার করিলে prime causeএরও cause স্বীকার করিতে হয়; তাহা হইলে cause 'effect' হইয়া পড়েন। কারণ কার্য্য হইলে আর তাহার কারণত্ব থাকে না। বৈকুণ্ঠে বাসুদেব, সঙ্কর্ষণাদি সকলেই লক্ষ্মীযুক্ত, চতুর্ভুজ, অজ এবং দেবলীল। সকলেই ব্যূহরূপে নারায়ণের সেবা করিতেছেন। সঙ্কর্ষণ হইতে পুরুষাবতারত্রয় ও শেষ প্রকটিত। শেষ—Last Manifestation of Krishna.

বৈকুণ্ঠে ঐশ্বর্য্য প্রবল। তথায় সম্ভ্রমের সহিত ভগবানের সেবা হয়। সেব্য ও সেবকের মাখামাখি ভাব বৈকুণ্ঠে নাই। সেবক সর্ব্বদাই সম্ভ্রমভরে দূরে দূরে অবস্থান করেন। 'সেব্য ভগবান্ পূজ্য, মহান্ এবং আমি দীন দরিদ্র, অত্যন্ত ক্ষুদ্র'—সেবকের এইরূপ অভিমানই বৈকুণ্ঠে প্রবল।

বৈকুণ্ঠ অপেক্ষা মাথুরধাম "জনিতঃ" অজ ভগবানের জন্মলীলাবিষ্কারের ক্ষেত্র বলিয়া শ্রেষ্ঠ। বৈকুণ্ঠের ঐশ্বর্য্যকে পরাভূত করিয়া মথুরায় মাধুর্য্য প্রকাশিত। দেব-লীলাকে ক্রোড়ীকৃত, অভিভূত করিয়া নরলীলায় পরমচমৎকারিতা পূর্ণরূপে প্রকাশিত। এই জন্ম বদ্ধজীবের জন্মের ন্যায় নহে। কর্ম্মফলদ্বারা নিয়মিত হইয়া বহির্ম্মুখ জীব যে-প্রকারে দেহলাভ করে, ভগবানের জন্ম বা ঐরূপ প্রাকৃত ব্যাপার-বিশেষ নহে। এইজন্য ভগবানের জন্মকে আবির্ভাব, প্রাদুর্ভাব বা উদয় বলা যায়।

বৈকুণ্ঠ যেরূপ শুদ্ধসত্ত্বভূমিকা, মথুরাও ঐরূপ বিশুদ্ধজ্ঞানময়ী ভূমি।

মথ্যতে তু জগৎ সর্ব্বং ব্রহ্মজ্ঞানেন
যেন বা।
তৎসারভূতং যদ্যস্যাং মথুরা সা
নিগদ্যতে॥

'মথ' শব্দের মুখ্য অর্থ কৃষ্ণ। ব্রহ্মজ্ঞান শব্দে কৃষ্ণজ্ঞানকেই উদ্দেশ করা হইয়াছে। 'বা' অর্থাৎ অথবা। 'যেন বা'—কৃষ্ণজ্ঞান অথবা প্রেমজ্ঞান, কৃষ্ণজ্ঞানের দ্বারা অথবা প্রেমের দ্বারা যিনি জগৎকে মথন করেন; আবার সেই কৃষ্ণজ্ঞান ও প্রেমের সার যেখানে বর্ত্তমান—সেই ধামই মথুরা। 'তৎসারভূতং যৎ'—কৃষ্ণজ্ঞান ও প্রেমের সারতত্ত্ব যাহা, তাহা। 'যস্যাং—যস্যাং পুর্য্যাং' যে পুরীতে বর্ত্তমান। সেই পুরীই

দু ' [illegible] সংখ্যার বাকি অংশ।

'মথুরা' নিগদ্যতে—কথ্যতে; সেই পুরীকেই 'মথুরা' বলা হয়।

প্রেম ঘনীভূত অবস্থা প্রাপ্ত হওয়ায় মথুরায় ঐশ্বর্য্য অভিভূত। ঐশ্বর্য্যের প্রখরতা মাধুর্য্যের কমনীয়তায় স্নিগ্ধ হইয়াছে। ভক্তগণ এইজন্য কোটিকণ্ঠে মথুরাধামের জয়গান করিয়াছেন—

অহো মধুপুরী ধন্যা বৈকুণ্ঠাচ্চ গরীয়সী।
দিনমেকং নিবাসেন হরৌ ভক্তিঃ প্রজায়তে॥
শ্রবণে মথুরা বদনে মথুরা নয়নে মথুরা হৃদয়ে মথুরা।
পুরতো মথুরা পরতো মথুরা মথুরা মথুরা মথুরা মথুরা॥

উপাসকগণ প্রথমে শ্রবণপথের পথিক হন; শ্রুত হইয়া কীর্ত্তিত হন। কীর্ত্তনের পর সাক্ষাদ্দর্শন, তারপর হৃদয়ে তাঁহাকে ধারণ করা যায়। মথুরা মথুরা কেন? উপাসিতব্য বস্তুও আমাদের প্রেমাস্পদ প্রিয়। শ্রুতি বলেন—"আত্মা বা প্রিয়মুপাসীত"। সেই প্রেমাস্পদের ধাম মথুরা—প্রেমের ক্ষেত্র। 'মধুর' শব্দটীর সহিত 'প্রিয়' শব্দের ঘনিষ্ঠতা আছে। প্রিয়বস্তু দূরে থাকিলে প্রথমে তাঁহার কথা শ্রবণ এবং পরে স্বয়ং কীর্ত্তন ক্রমে প্রেমের উদ্দীপন হয়। তারপর দর্শন এবং স্মরণ। স্মরণ হইতে ধারণা, ধারণার পর ধ্যান, তারপর ধ্রুবানুস্মৃতি এবং অবশেষে সমাধি। কীর্ত্তিত বিষয় সামান্য কালে স্মরণই 'স্মরণ'। বিষয় হইতে চিত্তকে প্রতিনিবৃত্ত করিয়া বিশেষভাবে স্মরণই ধারণা। রূপ, গুণ, লীলাবিস্মরণ—ধ্যান। অনবচ্ছিন্ন তৈলধারার ন্যায় স্মরণ—ধ্রুবানুস্মৃতি এবং হৃদয়ে সাক্ষাদ্দর্শনের নাম সমাধি।

মধু রাক্ষসের নাম হইতে এই ধামের নাম হইয়াছে মধুপুরী। মধু রাক্ষসের পুত্র লবণনামক রাক্ষস। শত্রুঘ্ন এই লবণ রাক্ষসকে শূলহীন অবস্থায় বধ করিয়াছিলেন। লবণ শক্তিনির্বাণবাদী ছিল। মধু রাক্ষস মায়াবাদী। সে তপস্যা বা বৈরাগ্যাভ্যাস দ্বারা রুদ্রের উপাসনা করিবে রুদ্রের নিকট হইতে অমোঘ শূল লাভ করিয়াছিল। নির্ব্বিশেষ-জ্ঞানকে মথুরায় সম্পূর্ণরূপে নিরাস করা হইয়াছে; পূর্ণ-চিৎ-সবিশেষের পূর্ণতম প্রকাশ পাইয়াছে। কৃষ্ণজ্ঞান ও কৃষ্ণপ্রেমবিলাসবৈচিত্র্যের পূর্ণতা এখানে প্রদর্শন করিয়াছেন। ঐশ্বর্য্যকে ক্রোড়ীভূত করিয়া নরলীল ভগবান্ জন্ম-গ্রহণ করিয়াছেন—সকল প্রকার নির্ব্বিশেষ-বাদ সমূলে উৎপাটিত হইয়া গিয়াছে। শাস্ত্র ইহার অধিক আর কিছু বলেন নাই। বাসুদেবের জন্মকে আধ্যক্ষিক চিন্তাস্রোতঃ anthropomorphise করিয়া ফেলিতে পারে, আশঙ্কা করিয়া শাস্ত্র অতি গূঢ় ও গম্ভীরভাবে মথুরার কথা জানাইয়াছেন। শাস্ত্রে পুরুষাবতারের কথাই অধিক। তাহার পর সাবধানে বৈকুণ্ঠপতি নারায়ণের কথা বলিয়াছেন। তাহা অপেক্ষাও গোপনে মথুরার কথা বলিয়াছেন। তাহারও পরের কথা অর্থাৎ "রাসোৎসবাদ্ বৃন্দারণ্যম্"—এ বিষয়টি অত্যন্ত গোপনভাবে, গূঢ়তম ভাবে কেবলমাত্র ইঙ্গিতে বলিয়াছেন। শাস্ত্রে যে এ-সকল কথা নাই, তাহা নহে। শ্রীরূপগোস্বামী প্রভু শাস্ত্রবহির্ভূত কোন কথা বলেন নাই। তবে শাস্ত্র নিগূঢ়ভাবে এই সকল কথা প্রকাশ করেন নাই। 'রস' শব্দ হইতে 'রাস' শব্দ উৎপন্ন। রসের কথা অতিশয় গূঢ়। "বাচাতীত ভাবনাবর্ত্ম" ভাবনার পথ বিশেষভাবে অতিক্রম করিয়া তাহার অবস্থান।

রসই কৃষ্ণ; কৃষ্ণ রসস্বরূপ। শ্রুতি—"রসো বৈ সঃ। রসং হ্যেবায়ং লব্ধ্বানন্দী ভবতি।" "আনন্দাদ্ধ্যেব খল্বিমানি ভূতানি জায়ন্তে" ইত্যাদি। "সৈষানন্দস্য মীমাংসা ভবতি।" এই পর্য্যন্ত বলিয়া মৌনী হইয়াছেন। রাস বা বহু আশ্রয় ও এক বিষয়বিগ্রহের সম্মেলনে যে রসের অপূর্ব্ব অনুশীলন, তাহার অপ্রাকৃতত্ব লোকে উপলব্ধি করিতে না পারিয়া কৃষ্ণকে লম্পট মনে করিয়া নরকে যাইবে, এইজন্যই শাস্ত্র উহার ব্যাখ্যা করেন না।

মথুরায় প্রেমের আতিশয্যে ঐশ্বর্য্য অভিভূত। বৃন্দাবনে সেই প্রেম অত্যন্ত গাঢ়তাপ্রাপ্ত হইয়া রসানুশীলনের অপূর্ব্ব চমৎকারিতাময় রাসরূপে প্রকটিত। পুরুষাবতারের পর বাসুদেব, সঙ্কর্ষণাদি ব্যূহচতুষ্টয়; তাহার পর লক্ষ্মীসহ বিলাসবান্ পরতত্ত্ব নারায়ণ অর্থাৎ প্রথমে পুরুষ, তারপর পুরুষোত্তম, তারপর মিথুন। সেই মিথুন অপেক্ষা স্বকীয় রসতত্ত্ব এবং তাহা অপেক্ষাও পারকীয় রসতত্ত্বের উৎকর্ষ। সেই পারকীয় রসানুশীলন যে স্থানে হয়, তাহাই বৃন্দারণ্য—তাহার কথা কে বুঝিবে? সেই বৃন্দারণ্য হইতে "উদারপাণিরমণাৎ" উদারপাণি কৃষ্ণের রমণস্থ নিবন্ধন শ্রীগোবর্দ্ধন এবং "প্রেমামৃতপ্লাবনাৎ" প্রেমামৃতের পরিপূর্ণ প্লাবনস্বরূপ বলিয়া শ্রীরাধাকুণ্ড ক্রমানুসারে শ্রেষ্ঠ। গোবর্দ্ধন-সম্বন্ধে আমরা ইহাই জানিতে পারি যে, 'রমণ' অর্থাৎ লীলাবিলাসের আতিশয্য, পূর্ণতম অভিব্যক্তি যে স্থানে, চেতনতার সর্ব্বোত্তম প্রকাশ যে স্থানে, তাহাকে অচেতনাবৃত প্রেমশূন্য নেত্রে আমরা অচেতন দেখিয়া থাকি। অপ্রাকৃত চাঞ্চল্য, চাপল্যের শেষসীমা, উচ্ছলিত লীলাবিলাসের শেষসীমা যাহাতে বিদ্যমান এমন যে উদারপাণি শ্রীকৃষ্ণ, তাঁহার সেই অসমোর্দ্ধ লীলা বিলাসের ক্ষেত্র, চেতনের পূর্ণতম অভি-ব্যক্তিরূপ অপ্রতিহত বিলাসের ক্ষেত্র যে গোবর্দ্ধন, আমাদের বিমুখতা, পরাঙ্মুখতা বা জড়বুদ্ধিক্রমে তাহাকে জড়, অচেতন প্রস্তরমাত্র দেখি। আর শ্রীরাধাকুণ্ড, যেখানে প্রেমের পরিপূর্ণতম প্লাবন - flood, চেতনের তীব্রতম গতি accelerated velocity র পরিপূর্ণতা যেখানে, তাহাকে দেখি stagnant, শৈবাল-পরিপূর্ণ পুষ্করিণী বিশেষ! একমাত্র শ্রীরূপের পদ-ধূলির অহৈতুক অভিলাষী ব্যতীত নিম্বার্কাদি সম্প্রদায়স্থ বৈষ্ণবের বা গৌর-ভক্তিহীন মধুর রসাশ্রিত ভক্তগণেরও শ্রীরাধাকুণ্ডে প্রবেশাধিকার নাই।

যে গোবর্দ্ধন প্রেমের ঘনীভূত, কমাট্ solid অবস্থা, যে রাধাকুণ্ড বিলাসের নিবিড় রসে চপল, তরল—liquid—সেই নিবিড়, নিকুঞ্জ গোবর্দ্ধন, রাধাকুণ্ডকে অচেতন প্রস্তর বা বদ্ধজল মাত্র দেখি! দুর্ভাগ্যের চরম সীমায় গিয়াছি! ভাগ্য যতদূর মন্দ হইতে পারে, তাহা হইয়াছে—ইহাই নিদারুণ অবিবেক, ইহাই চরম দুরদৃষ্ট! অচেতনতার শেষসীমায় আমরা পৌঁছিয়াছি, আমাদের চেতনই অনাদিবহির্ম্মুখতার ফলে প্রস্তরের ন্যায় অনুভূতিশূন্য অচেতন হইয়া পড়িয়াছে, তাই গোবর্দ্ধন দেখি—প্রস্তর! আমরা স্পন্দনরহিত হইয়া পড়িয়াছি বলিয়াই শ্রীরাধাকুণ্ডে প্রেমের মহাপ্লাবন দেখিতে পাই না, তাহার তরঙ্গ-রঙ্গ দেখিতে পাই না। ইহা অপেক্ষা পরিতাপের বিষয় আর কিছু হইতে পারে না। আমাদের শোচনীয় দুর্ভাগ্যের বিষয় স্মরণ করিয়া আমাদের হৃদয়ে প্রবল বেদনা ও আর্ত্তির সঞ্চার হোক্। শ্রীরূপ-গোস্বামী প্রভুর শ্রীপাদপদ্মে, শ্রীভক্তি-বিনোদ-গৌর সরস্বতীর শ্রীপাদপদ্মে আমাদের ইহাই প্রার্থনা হউক, যেন কোন জন্মে আমাদের এই নিদারুণ অবিবেক দূর হয়। শ্রীগোবর্দ্ধন ও শ্রীরাধাকুণ্ড যেন কোন জন্মে আমাদের আশ্রয়স্থল হন, আমাদের নিষ্কপট ক্রন্দনে যদি শ্রীরূপ-রঘুনাথ-ভক্তিবিনোদ-গৌর সরস্বতী আমাদের প্রতি অনুকম্পাযুক্ত হন, তাহা হইলেই আমাদের ভাগ্য সুপ্রসন্ন হইতে তাঁহাদের অকপট সেবার দ্বারাই শ্রীরাধা-কুণ্ডাশ্রয় সম্ভব।

গৌড়ীয়ের বাণী

——::(●)::——

সাধু, শাস্ত্র, গুরুবাক্যের পতাকাবহগণই শ্রৌতপন্থী ভগবদ্ভক্তের দল। ইহার অমর্য্যাদা করিয়া ঐকান্তিকী হরিভক্তির ছলনা শাস্ত্রে উৎপাতের কারণ বলিয়া নির্দ্দিষ্ট হইয়াছে। তাই দেখিতে পাওয়া যায়, রাগাত্মিক জনগণও রাগানুগ ভজননিপুণ নিত্য বক্তপরিকরগণেরই অনুসরণ করিয়াছেন। অননুগত্য—বৈষ্ণবধর্ম। স্বতন্ত্রতা বা স্বেচ্ছাচারিতাই শাক্তের ধর্ম।

আমরা পূর্ব্বাচার্য্যগণের চরিত্র আলোচনা করিলে সর্ব্বত্রই শুদ্ধানুগত্যের আদর্শ চিত্র দেখিতে পাই। যেখানে আনুগত্য-ধর্ম্ম পরিত্যক্ত হইয়াছে, সেইখানেই জীব শুদ্ধভক্তিপথ হইতে বিচ্যুত হইয়াছেন।

শ্রীভগবান্ যাঁহাকে কৃপা করেন, তিনি তাঁহার ভক্ত। ভক্ত ব্রাহ্মণই হউন আর শূদ্রই হউন, তাঁহার নিকট সমতুল্য। ভক্ত ব্রাহ্মণেরও সেই ভজন, ভক্ত শূদ্রেরও সেই ভজন। ভক্তি-যাজনই উভয়ের তুল্য ব্রত।

শ্রৌতপন্থায় নিষ্কপট আনুগত্য ব্যতীত সিদ্ধান্ত-নির্ণয়ে চেষ্টা হইলে পরস্পর গোলযোগপূর্ণ দুঃসিদ্ধান্ত, অপসিদ্ধান্ত প্রভৃতিই হইয়া থাকে। শ্রীনিত্যানন্দ প্রভুর আনুগত্য দ্বারাই সেবোন্মুখ জীব-হৃদয়ে অপ্রাকৃত শুদ্ধ ভক্তিসিদ্ধান্ত-সরস্বতী অবতীর্ণ হইয়া সেবোন্মুখ-জিহ্বায় কীর্ত্তনরূপে স্ফূর্ত্তিপ্রাপ্ত হন।

শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী

পরমার্থ-সম্পুটের রত্নরাজি

ভিক্ষা :—১ম খণ্ড ৮০; ২য় খণ্ড ১; ৩য় খণ্ড ৮০, ৪র্থ খণ্ড —৮০ আনা।

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্য মঠ
শ্রীধাম-মায়াপুর,
নদীয়া

শুদ্ধভক্তি-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠ-শ্রীমায়াপুর

প্রাচীন নবদ্বীপ, তদন্তর শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীব্রজপত্তন-ভবনে শ্রীচৈতন্যমঠ, পরবিদ্যাপীঠ, শ্রীশ্রীরাধাকৃষ্ণ, শ্রীগৌর, গোপাল আচার্য চতুষ্টয় বিগ্রহ আছেন। অত্যাচীন গ্রন্থ শ্রী[illegible] 'নদীয়া-প্রকাশ' যন্ত্রালয় আছে।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ২১১০।

কলিকাতায় শ্রীভক্তিবিনোদ-আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, সঙ্কীর্ত্তন, প্রত্যহ চতুঃষষ্টি দণ্ড শ্রীমদ্ভাগবতাদি ভক্তিগ্রন্থের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও হারমণিক পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়।

(৩) যোগপীঠ-মায়াপুর-পীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব ভূমি মহাযোগপীঠ।

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং [illegible] বর্ত্তমান।

(৬) মুরারিগুপ্তের পাট

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৭) কাজি-সমাধি-পাট

প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)

ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি।

(৮) অদ্ভুতলক্ষ্মীকান্ত গৌরলীলাপাত্র শ্রীধাম মায়াপুর

(৯) আনন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)

এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)

গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ জাহ্নগর (বর্দ্ধমান)

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মাউগাছি, পোঃ জাহ্নগর, (বর্দ্ধমান)

শ্রীল বৃন্দাবনদাস ঠাকুর বৃন্দাবনের স্থান

(১৩) রুদ্রদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(১৪) ঋতুদ্বীপ-গৌড়ীয়মঠাশ্রম

১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ

গৌড়পুর, নদীয়া

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ

মাউগাছি - (শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৭) কৃষ্ণকুটীর

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

(২০) সারঙ্গ-পণ্ডিতের পাট

কাঁচালপল্লি, পোঃ চাকদা (নদীয়া)

(২১) রাণাঘাট-গৌড়ীয়মঠাশ্রম

(২২) পুরী গৌড়ীয়মঠ

চব্বিশ পরগণা

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ

নারিন্দা পোঃ ওয়ারি, ঢাকা।

পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র।

(২৪) গোপালজীউমঠ

কমলাপুর, পোঃ ঢাকা

(২৫) বলাই-গৌরাঙ্গ মঠ

পোঃ বালিয়াটি, (ঢাকা)

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

বড়বাজার, পোঃ ময়মনসিংহ

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চক্‌চকা, কামরূপ (আসাম)

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

এসং পাসাং বিল্ডিং, দার্জ্জিলিং

(৩০) সারস্বত-গৌড়ীয়মঠ

পোঃ হরিদ্বার, জিঃ সাহারাণপুর, ইউ, পি

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

মিঠাপুর পাটনা।

(৩২) গয়া গৌড়ীয়মঠ

মথুরা রোড, গয়া

(৩৩) সনাতন-গৌড়ীয় মঠ

৮।১১ বড় গণেশ, বেনারস সিটি

(৩৪) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

(৩৫) পরমহংস মঠ,

পোঃ নিমসার, সীতাপুর ইউ পি।

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠাশ্রম

বিশ্রামঘাট, পোঃ মথুরা

(৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণসহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ

কিশোরপুর, বৃন্দাবন

(৩৯) একচক্রানন্দ-সুখদকুঞ্জ

পোঃ রাধাকুণ্ড। মথুরা

(৪০) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪১) রাধাকুণ্ড গোবর্দ্ধনবাটী

(৪২) শ্রীগোবর্দ্ধনমঠালয়

গোবর্দ্ধন, মথুরা

(৪৩) সঙ্কেত বিহারী মঠ

বর্ষাণা, মথুরা।

(৪৪) নন্দগ্রাম গৌড়ীয়মঠালয়

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৫) বর্ষাণা গৌড়ীয়মঠালয়

পোঃ বর্ষাণা, মথুরা

(৪৬) গোর্দ্ধবিহারী মঠ—দেবদাসী,

পোঃ মোড়োম, জেলা গুজরাট (পাঞ্জাব)

(৪৭) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

(৪৮) দিল্লী গৌড়ীয় মঠ

৪৫নং হসপাতাল রোড, নিউ দিল্লী।

(৪৯) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, কম্যাণ্ডার হিল হিল রোডে ৭

(৫০) মাদ্রাজ-গৌড়ীয়মঠ

পোঃ মাদ্রাজ, মাদ্রাজ

শ্রীঅনন্তবাসুদেব-গৌরাঙ্গ-রাধাবিহারীর সেবা

(৫১) কাবুর-গৌড়ীয়মঠ

পোঃ কভুর, জেলা গোদাবরী মাদ্রাজ

শ্রীশ্রীবলদেব-রাধাকৃষ্ণ-রঙ্গনাথ-জিউর সেবা

(৫২) ব্রহ্মগৌড়ীয়মঠ

আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)

৫৩) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা

৫৪) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

৫৫) সীতাকুটী

(৫৬) শ্রীনরসিংহ-গৌড়ীয়মঠ

পোঃ ভুবনেশ্বর, পুরী

(৫৭) সচ্চিদানন্দ মঠ

শালগাঁও, পোঃ কটক। উড়িষ্যা।

(৫৮) বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ

(৫৯) শ্রীপ্রপন্নাশ্রম-গৌড়ীয়-ভজন-মন্দির

পোঃ [illegible], বালেশ্বর

(৬০) ভাগবতজনানন্দ মঠ

চিরুলিয়া, পোঃ নারায়ণগড়, মেদিনীপুর

(৬১) অমলি গৌড়ীয়মঠ

পোঃ আমলি, মেদিনীপুর

(৬২) আমলাযোড়া প্রপন্নাশ্রম মঠ

পোঃ রাজবাঁধ (বর্দ্ধমান)

(৬৩) চেতলাগৌড়ীয়মঠ

কুড়কুড়ুলা, পোঃ চিতলা, (আসাম)

(৬৪) রেঙ্গুন গৌড়ীয়মঠ

৩০১ নং [illegible] ষ্ট্রীট, রেঙ্গুন।

(৬৫) লণ্ডন-গৌড়ীয়মঠ

ফ্ল্যাট নং ২

৫১, [illegible] রোড

[illegible], লণ্ডন, ই ৫

(৬৬) গৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

১৩।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,

কলিকাতা

(৬৭) গৌড়ীয়মঠ অফিস

[illegible] রোড, দেরা (ইউ-পি)

(৬৮) শ্রীবিদ্যানিধি গৌড়ীয়মঠাশ্রম

[illegible], চট্টগ্রাম

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে শ্রীবনীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীমহানন্দ ব্রহ্মচারী ভক্ত্যালোক, ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও দ্বিতীয় দিনের জন্য	পরবর্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও দ্বিতীয় দিন	পরবর্তী দিন
প্রতিবারে প্রতি লাইনে ॥৹	৷৶৹	৷৹		
" " ইঞ্চি ২৲		১		
সিকিকলম ৫৲	৪৲			৩৲
" অর্দ্ধকলম ৮৲	৬৲	৬৲		৫৲
" এক কলম ১২৲	১০৲	১০৲		৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিবারে প্রতি ইঞ্চি ৬	॥১৹
" সিকি কলম ১৫৲	১২৲
" অর্দ্ধকলম ২৪৲	১৮৲
" এক কলম ৩৬৲	৩০৲

চাঁদার হার

বার্ষিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৷৷৹
মাসিক "	১৲

প্রতি সংখ্যা [illegible]; বিশেষ সংখ্যার [illegible] ব্যতীত।

শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী

———:০:———

শ্রীল প্রভুপাদের চতুঃষষ্টিতম শুভাবির্ভাব-তিথিতে শ্রীল আচার্য্যদেবের [illegible] শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী" প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। ইহাতে [illegible] অর্থাৎ দুইটি বিভাগ আছে। [illegible] শ্রীল প্রভুপাদের [illegible] প্রবন্ধাবলী শ্রীল ঠাকুর [illegible] সম্পাদিত 'সজ্জনতোষণী' [illegible] শ্রীল প্রভুপাদের [illegible] প্রবন্ধ হইতে কথাসার ও প্রয়োজনীয় অংশ টীকা-সহ প্রকাশিত হইয়াছে। [illegible] শ্রীল প্রভুপাদের সম্পাদিত 'সজ্জনতোষণী'র [illegible] প্রবন্ধ কথাসার [illegible] হইয়াছে। প্রবন্ধগুলি রচনাকালের ক্রমানুসারে গ্রথিত হইয়াছে; তদ্ব্যতীত শ্রীল আচার্য্যদেবের একটি মূল্যবান্ উপোদ্ঘাত ও সঙ্কলনকারীর একটি বিস্তৃত [illegible], [illegible]-পাদ্য-শ্লোক ও পয়ার-সূচী প্রভৃতি গ্রন্থে সংযোজিত হইয়াছে। [illegible] বিশালের মধ্যে মুদ্রিত ও শ্রীল প্রভুপাদের আলেখ্যাদিদ্বারা [illegible] প্রকাশিত হইয়াছে। প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, জিলা নদীয়া; গৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ও শ্রীশ্যামানন্দ গৌড়ীয়মঠ, [illegible], পোঃ [illegible], [illegible]।

শ্রীল প্রভুপাদের পদ্যপ্রসূনমালা

এই গ্রন্থে ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তি- সিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের রচিত [illegible] শ্রীল আচার্য্যদেবের বিরচিত "সৌরভ" নামক তাঁহার সংস্কৃত প্রকাশিত হইয়াছে। শ্রীল প্রভুপাদের অনেক অপ্রকাশিত পদ্য ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। [illegible] ভিক্ষা মাত্র ।৹ চারি আনা।

শ্রীধাম-মায়াপুরে

"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউশন"

[illegible]

[illegible]

[illegible] বিদ্যালয় [illegible] [illegible] [illegible] আহারাদি ও বেতনাদির [illegible] মাত্র ৯৲ টাকা। [illegible] ছাত্রগণ [illegible] ম্যাট্রিকুলেশন পরীক্ষায় [illegible] ফল প্রদর্শন করিয়াছে। বর্ত্তমান সনে [illegible] জন বালকের মধ্যে ১২ জন ভালভাবে উত্তীর্ণ হইয়াছে।

মেধাবী ছাত্রগণের জন্য সুবিধা

পরীক্ষায় যাহারা গড়ে শতকরা ৬৫ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ সচ্চরিত্র বিনয়ী ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী ঠা, ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউশন, শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় [illegible]: [illegible] ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

—— —

শ্রীচৈতন্যমহাপ্রভু

ইংরাজী [illegible] প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু [illegible] শিক্ষা [illegible] ভিক্ষা মাত্র ৩৲ টাকা। [illegible], শ্রীমায়াপুর, [illegible], পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীসরস্বতী-সংলাপ

প্রথম খণ্ড

শ্রীশ্রীবিশ্ববৈষ্ণবরাজসভা গৌড়ীয়মঠের [illegible] শ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ [illegible] প্রভুপাদ সজ্জনবৃন্দের পরিপ্রশ্নোত্তরে ও সঙ্গে [illegible] কীর্ত্তন করিয়াছেন, যাহা তাঁহার প্রকটকালের 'গৌড়ীয়' সম্পাদক শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ প্রভুপাদের শ্রীচরণে সংশোধিত করিয়া [illegible] এবং তাহার [illegible] গৌড়ীয়পত্রে প্রকাশিত হইয়াছে, তাহা "শ্রীশ্রীসরস্বতী-সংলাপ" [illegible] শ্রীল প্রভুপাদ [illegible] 'বক্তৃতাবলী' ও 'পত্রাবলী' আকারে [illegible] বর্ত্তমানে শ্রীল প্রভুপাদের [illegible] প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছেন। মানবজীবনের [illegible] সমাধান [illegible] পাওয়া যাইবে। ভক্তগণের [illegible] এই গ্রন্থ [illegible] প্রয়োজন।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্স কলেজের ইংরাজীর প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপদেশক [illegible] নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী সম্প্রদায়-বৈভবাচার্য এম এ মহোদয়ের জ্ঞানগবেষণা এবং [illegible] লেখনীর অদ্ভুত ফল আবাহন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের [illegible] হইল। এই বিরাট ঐতিহাসিক ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিবিধ চিত্র-সম্বলিত। তাহা ও পাশ্চাত্য যাবতীয় [illegible] দর্শনের সহিত তুলনা-মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ড [illegible] অধ্যায়ে প্রায় [illegible] পৃষ্ঠা ব্যাপী। ও [illegible] শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী ঠাকুরের মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকারের ভূমিকা (Preface), বিষয় তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে [illegible] শব্দের (Index Glossary) [illegible] অধ্যায় প্রকাশিত। ভিক্ষা—[illegible] টাকা। প্রাপ্তিস্থান—[illegible] গৌড়ীয়মঠ [illegible]; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম মায়াপুর জেলা- নদীয়া।

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

———:(০):———

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্

এখান হইতে বঙ্গের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

একমাত্র পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া [illegible] বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পত্র [illegible] "হার্মনিষ্ট" ও বহু গ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১নং [illegible] চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর [illegible] অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

[illegible] পাঁচন

[illegible] জ্বরের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় বন্ধু, পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় [illegible] ইহার কাটতি অত্যন্ত অধিক। শিশির গায়ে সংযুক্ত কাগজের এবং নূতন ও পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। মূল্য ছোট বোতল ৷৵০ দশ আনা, বড় বোতল ১৷৵০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা

অথবা

পোঃ বেহালা, ২৪ পরগণা।

ঠাকুর ভক্তিবিনোদ

———:(০):———

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি প্রচারের মূল মহাজন সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অভিনব জীবন-চরিত এতাবৎকাল পর্য্যন্ত গ্রন্থাকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিন পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয়মঠাচার্য্যবর্য্যের অন্তেবাসী [illegible] সু-লেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীযুক্ত সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু মূল্যবান শিক্ষাবলীও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১২০ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৸০ আনা; ডাক মাশুল স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান—ম্যানেজার গ্রন্থবিভাগ

শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

ই. বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্টাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	৫-৩৬	৬-২৬	৭-৬	১২-২৬	১৪-৫৬	১৬-৫৬	১৭-৫৩	২২-২৩
রাণাঘাট পৌঃ				৮-২৮	১৪-১৫			
(বদল) ছাঃ				৯-৩৩	১৪-৫০			
কৃষ্ণনগর পৌঃ	৭-১	৮-৪৫	১০-৮	১৪-২৩	১৭-২৬	১৯-০৮	২০-১৬	১-১৫
(বদল) ছাঃ	৭-১২		১০-৩১		১৭-৩৮		২০-২৬	
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫১		১১-১০		১৮-১৬		২১-৪	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
রাণাঘাট পৌঃ	১২-৫৫
ছাঃ	১৩-০
শান্তিপুর পৌঃ	১৩-২৬
(বদল) ছাঃ	১০-৩১ (লাইট্ রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪-১৪
ছাঃ	১৪-৩০
নবদ্বীপঘাট পৌঃ	১৫-১০

ডাউন

নবদ্বীপঘাট ছাঃ	৫ ৪৫			৯-১৭		১৩-৩১	১৬-০	১৮-৩১	
কৃষ্ণনগর পৌঃ	৬ ২০	৯ ১৬	৯-৪৮	১১-৪১		১৪-১০	১৬-৩৮	১৯-১১	২১-১০
ছাঃ	৬-৩৬	৭-১৮		১০-১১			১৬-৫৬	১৯-২৫	
রাণাঘাট পৌঃ				১০-৪৬			১৭-৩০		
(বদল) ছাঃ				১১-১			১৭-৪৩		
কলিকাতা পৌঃ	৬-১৬	৯-২১		১১-৫১	১২-১৬	১৪-১৬	১৯-১১	২১-৫১	২৩-৩৭

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৩-৩১	১৬-০		
কৃষ্ণনগর পৌঃ	১৪-১০	১৬-৩৮		
ছাঃ	১৪-২৮	১৭-৩৩		
শান্তিপুর পৌঃ	১৬-৯	১৮-১৪		
(বদল) ছাঃ	১৬-৩৩	১৮-২৫	(শনিবার ভিন্ন)	২০-৪০ (শনিবার)
রাণাঘাট পৌঃ	১৭-১০	১৮-৫০		২১-১৪
(বদল) ছাঃ	১৭-৪৩	১৯-১৪		২১-৫০
কলিকাতা পৌঃ	১৯-১১	২০-৪০		২৩-৩৭

পোঃ—শ্রীমায়াপুর
টেলিগ্রাম—শ্রীধাম
শ্রীমায়াপুর

REGD NO C 1544

দৈনিক নদীয়াপ্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৪শ খণ্ড] শ্রীমায়াপুর— ২৫শে জ্যৈষ্ঠ, ১৩৪৬, ৮ই জুন, ১৯৩৯, বৃহস্পতিবার [৮৫শ সংখ্যা

বিবিধ সংবাদ

—:০:—

ভারতে তুলার আমদানী হ্রাস

ভারত গবর্ণমেণ্টের অর্থসচিব স্যার জেমস গ্রীগ বর্ত্তমান বৎসরের বাজেটে ৫০ লক্ষ টাকা ঘাট্‌তি পূরণের উদ্দেশ্যে তুলার আমদানী শুল্ক বাবদ আরও ৫০ লক্ষ টাকা আদায় পাইবার জন্য আমদানী শুল্কের হার দ্বিগুণ করিয়াছেন; কিন্তু গত এপ্রিল মাসে তুলার আমদানী যে পরিমাণ হ্রাস পাইয়াছে, সেই পরিমাণে হ্রাস পাইতে থাকিলে তাঁহাকে নিরাশ হইতে হইবে। গত এপ্রিল মাসে মাত্র ৯৩৩০ টন তুলা আমদানী হইয়াছে। ১৯৩৮ সালের এপ্রিল মাসে ১৬৬০৭ টন তুলা আমদানী হইয়াছিল। শুল্কের হার দ্বিগুণ করা সত্ত্বেও গত এপ্রিল মাসে শুল্ক বাবদ ৬০ লক্ষ টাকা আদায় হইয়াছে, পক্ষান্তরে ১৯৩৮ সালের এপ্রিল মাসে ৯৫০ লক্ষ টাকা আদায় হইয়াছিল।

গত এপ্রিল মাসে আমেরিকার যুক্তরাজ্য হইতে মাত্র ৬৬ টন তুলা আমদানী হইয়াছে, ১৯৩৮ সালের এপ্রিল মাসে ৩২১১ টন আমদানী হইয়াছিল। কেনিয়া হইতে তুলার আমদানী প্রায় অর্দ্ধেক হইয়া গিয়াছে। ব্যবসায়ী মহল হইতে ইহার কারণ বর্ণনা করা হইতেছে যে, মিঃ গ্রীগ জাপানের বিরুদ্ধে ভারতীয় মিলমজুরের যে সুবিধা ছিল, তুলার আমদানী শুল্ক দ্বিগুণ করায় ফলে, উহা রহিত হওয়ায় ভারতীয় মিলমজুরের কম পরিমাণে মিহি সূতা প্রস্তুত করিতেছে।

চেক-জার্ম্মাণ বিরোধ

জার্ম্মাণ সীমান্তের নিকটবর্ত্তী সহরগুলিতে চেক-জার্ম্মাণ বিরোধ ক্রমশঃ বৃদ্ধি পাইতেছে। এই সব সহরে চেক এবং জার্ম্মাণ উভয় জাতির লোকই বাস করে। দৃষ্টান্তস্বরূপ, ব্রনোর চেক অধিবাসীরা দাবী করিতেছে যে, ব্রনোতে চেকরা সংখ্যাগরিষ্ঠ, সুতরাং সেখানে একজন চেক মেয়র হওয়া উচিত। এদিকে আবার জার্ম্মাণরা বলিতেছে যে, ব্রনো এক সহস্র বৎসরের পুরাতন একটি জার্ম্মাণ নগরী।

জার্ম্মাণ ঝটিকাবাহিনীর সৈন্যরা সম্প্রতি চেক পুলিশ হেডকোয়ার্টার্সে হানা দিয়া ৪১জন চেক পুলিশকে গ্রেপ্তার করিয়াছে। প্রকাশ, তাহাদের মধ্যে কেহ কেহ আত্মহত্যার চেষ্টা করিয়াছিল।

ব্রাটিস্লাভায় গত সপ্তাহে সহস্রাধিক ইহুদীকে গ্রেপ্তার করা হইয়াছে। পুলিশ ইহাদের এখনও ৫০ জনকে আটক রাখিয়াছে।

বেলজিয়াম কঙ্গোয় ভারতীয়গণ

বেলজিয়াম কঙ্গোর ভারতীয় প্রতিনিধিদের নেতা শ্রীযুক্ত কীর্ত্তিকর মাদিরা নিম্নলিখিত বিবৃতি দিয়াছেন—

"আমরা বৈকাল প্রায় সাত ঘটিকার সময় গান্ধীজীর সমীপে উপনীত হই। বাপুজী আমাদের ব্যক্তিগত ব্যাপারে বিশেষ উৎসাহ দেখান এবং বেলজিয়াম কঙ্গো ও রুয়াণ্ডা উরুণ্ডিতে ভারতীয়দের ব্যবসা-বাণিজ্যের কথা মন দিয়া শুনেন। এই সম্পর্কে তিনি কয়েকটি প্রশ্নও করেন। আমরা তাঁহাকে ভারতীয়দের দুর্দ্দশার বিষয় পুঙ্খানুপুঙ্খরূপে জ্ঞাত করাই। তিনি আশ্বাস দিলেন যে, তিনি বিশেষ ধীর ও যত্নের সহিত বিষয়টি বিবেচনা করিবেন। তিনি বর্ত্তমানে এ সম্বন্ধে বিশেষ কিছু বলিতে রাজী হইলেন না, তবে দুর্দ্দশাগ্রস্ত ভারতীয়দের প্রতি তাঁহার আন্তরিক সহানুভূতি জ্ঞাপন করেন।

আমরা বাবু রাজেন্দ্রপ্রসাদ এবং পরে পণ্ডিত জওহরলাল নেহেরুর সহিত সাক্ষাৎ করিব।

প্রাপ্তবয়স্কদিগকে লেখা-পড়া শিখাইবার ব্যবস্থা

ঝিনাইদহ স্কুল কমিটির উদ্যোগে ঝিনাইদহ স্কুলে অশিক্ষিত প্রাপ্তবয়স্কদের মধ্যে শিক্ষা বিস্তারের জন্য একটি সাধারণ সভার অধিবেশন হয়। বহু ভদ্রলোক এবং শিক্ষিত যুবকগণ সভায় যোগদান করেন। সভার উদ্দেশ্য প্রত্যেকে সমর্থন করায় এবং শিক্ষিত যুবকগণ বিশেষ উৎসাহ প্রদর্শন করায় একটি প্রাপ্তবয়স্ক শিক্ষা কমিটি গঠিত হয় এবং ঝিনাইদহ হাইস্কুলের প্রেসিডেণ্ট মৌলবী সেরাজুল ইসলাম এম-এ, বি-এল সভাপতি নির্ব্বাচিত হইয়াছেন। সভাপতি মহোদয় এবং স্থানীয় ভদ্রলোকগণ বিশেষ উৎসাহের সহিত কার্য্য আরম্ভ করিয়াছেন এবং ইতিমধ্যেই শহরটী এবং ভুটিয়ারগাতি গ্রামে স্থানীয় প্রজা কমিটি গঠনপূর্ব্বক স্থানীয় লোক দ্বারা চালাইবার ব্যবস্থায় দুইটি নৈশ-বিদ্যালয় স্থাপিত হইয়াছে। প্রতি স্কুলে ৪০।৫০ জন করিয়া প্রাপ্তবয়স্ক ব্যক্তি শিক্ষালাভের জন্য উপস্থিত হইতেছে। অন্যান্য গ্রামেও শীঘ্রই স্কুল স্থাপন ও কার্য্যারম্ভ হইবে বলিয়া আশা করা যাইতেছে। নিরক্ষর চাষী ও মজুরগণ লেখাপড়া শিখিবার জন্য বিশেষ উৎসাহ প্রকাশ করিতেছে।

মার্কিণ নাৎসী নেতা

মার্কিণ যুক্তরাষ্ট্রের নাৎসী দলের নেতা ফ্রিট্‌স্ কুহ্‌নকে পেন্সিলভানিয়ার অ্যালেন্‌টাউনে গ্রেপ্তার করা হইয়াছে। তাঁহাকে চৌর্য্য ও জালিয়াতির ১২ দফা অভিযোগে অভিযুক্ত করা হইয়াছে। প্রায় ৫০ হাজার টাকা এই ব্যাপারে জড়িত।

হিটলারের অন্ধ অনুকরণকারী ফ্রিট্‌স কুন বৎসর পনের আমেরিকায় আছেন এবং আমেরিকার নাগরিকাধিকার পাইয়াছেন।

তাঁহার দল "জার্ম্মাণ-আমেরিকান বুন্দ"-এর এক লক্ষ সদস্য বলিয়া তিনি দাবী করেন।

সম্প্রতি এই অভিযোগ পাওয়া যায় যে, কুন আমেরিকানদের অর্থ অন্য কাজে দিয়াছেন। (কোন সুপরিচিত নাৎসী সম্বন্ধে কিছু করিলে আমেরিকায় এইরূপ অভিযোগ দেওয়া হয়)। এই কারণে তাঁহার কার্য্যকলাপ সম্বন্ধে তদন্ত দাবী করা হয়।

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক। প্রতি একাদশীতে প্রকাশিত হয়। কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। সডাক ভিক্ষা ৪।০ টাকা মাত্র।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১।০ টাকা মাত্র।

৩। ভাগবত—হিন্দিভাষায় একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ টাকা মাত্র

৫। শ্রীগৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ মাত্র।

পরমগুরু শ্রীগৌরকিশোর

গৌড়ীয়-সম্পাদক-লিখিত, শ্রীগৌড়ীয়মঠাচার্য্যের ভূমিকা-সম্বলিত, বহুচিত্র-শোভিত ও বিষয় সূচী-সম্বলিত "পরমগুরু শ্রীগৌরকিশোর" গ্রন্থরাজ প্রকাশিত হইয়াছেন। এই গ্রন্থরাজে শুদ্ধগৌড়ীয়বৈষ্ণবগণের পরমারাধ্য, গৌড়ীয়গৌরবশিখামণি অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ নিত্যলীলাপ্রবিষ্ট পরমহংস ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল গৌরকিশোরদাস গোস্বামী প্রভুবরের অত্যাশ্চর্য্য চরিতকথা বর্ণিত আছে।

শ্রীশ্রীভক্তিবিনোদাবির্ভাব-শতবর্ষপূর্ত্তিতিথিপূজার উপায়ন-গ্রন্থমালা

——::(০)::——

১। গীতিসাহিত্যে শ্রীভক্তিবিনোদ

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের রচিত গীতিসাহিত্যের সমালোচনা-গ্রন্থ)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

২। শ্রীভক্তিবিনোদবাণীবৈভব

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের রচনা-সমুদ্র হইতে আহৃত ১০৮টি অধ্যায়ে সম্বন্ধ-অভিধেয়-প্রয়োজনাকারে গুম্ফিত অমূল্য উপদেশপূর্ণ গ্রন্থ)

ভিক্ষা—৩৲ তিন টাকা মাত্র।

৩। শ্রীশ্রীভক্তিবিনোদ-প্রসঙ্গ

ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ ও ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামীপ্রভু-বিরচিত এবং গৌড়ীয়ে প্রকাশিত শ্রীশ্রীভক্তিবিনোদ-চরিত-প্রসঙ্গ

ভিক্ষা—।৶০ ছয় আনা মাত্র।

৪। ছাত্রদের ভক্তিবিনোদ

(ছাত্রদের উপযোগী ভাষায় লিখিত শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্র ও শিক্ষা)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

ছাত্রদের পক্ষে ভিক্ষা—॥০ আট আনা মাত্র)

প্রাপ্তিস্থান :—

(১) 'ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্', পোঃ শ্রীমায়াপুর, নদীয়া;

২) শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা;

৩ শ্রীযুক্ত [illegible] রায় এম্-এ, বি-এল্, পুরাণপল্টন পোঃ রমনা, ঢাকা।

শুদ্ধভক্তি গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবত,—সমগ্র ৪০৲
প্রথম স্কন্ধ হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ৩৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। ভাষ্যসহ বিরাট্ শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৬৲
৩। ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬
৪। সরস্বতী-জয়শ্রী (অবাঁধা) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী ১ম খণ্ড ৸০; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০ ৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী ১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার-দীপিকা সংস্কার দীপিকা ১।০
৯। বৈষ্ণবধর্ম্ম ২৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা)
১২। শ্রীমহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ২৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪ সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ।০
১৫ বৈষ্ণবসাহিত্যে বিষয় তত্ত্ব
১৬ ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭ বৈষ্ণবোপনিষৎ ।০
১৮ [illegible]-আন্দোলন ।০
১৯ তত্ত্ববিবেক ।০
২০ গৌড়ীয়-গৌরব ।৶০
২১ গৌড়ীয়-সাহিত্য ।৶০
২২ ভজন রহস্য ।০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা সহ) ২৲
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) ২৲
অবাঁধা) ১৲
২৬। গীতার কেবল মাত্র-ভাষা ।০
২৭। [illegible] (সানুবাদ) ২৲
২৮। বেদান্তস্যমন্তক (সানুবাদ) ।০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৸০
৩০। [illegible] ৶০
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ।৶০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ।০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪ ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶০
৩৫। গীতমালা ৴১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৶০
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৶০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমা ।০
৪০। শরণাগতি ৴০
৪১। গীতাবলী ৴০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
৪৩। সাধনতত্ত্ব ৴০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ৴
৪৫। নবদ্বীপশতক
৪৬। অর্চ্চনকল্প
৪৭। সদাচারস্মৃতি ৩/
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৴১০
৪৯। অর্চ্চনকণ ।১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম ও ২য় খণ্ড) ৯৲
৫১। ব্রহ্মসংহিতা ।০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ-নির্ণয় ।০
৫৫। [illegible] ।০
৫৬ ভাগবত ও ভক্তিপথ ৶০
৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ) ।০
৫৮। শ্রীকৃষ্ণবোধ ৶০
৫৯। সিদ্ধান্তদর্পণ ৶০
৬০। [illegible] ৴০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।০
৬২। সিদ্ধান্ত-সরস্বতী দিগ্বিজয়ঃ ।০
৬৩। সটীক-[illegible] ।০
৬৪। তত্ত্বসূত্রম্ ।০
৬৫। [illegible] ৶০
৬৬। গৌড়ীয়মঠপত্রিকা ৴০
৬৭। [illegible] ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।০
৬৯। এ ফিউ ওয়ার্ডস অন বেদান্ত ।০
৭০। নামভজন ৴০
৭১। বেদান্ত—ইট্‌স মরফলজী এণ্ড অন্টোলজী ।০
৭২। রিলেটিভ ওয়ার্ল্ডস ।৶০
৭৩। লাইফ এণ্ড প্রিসেপ্টস্ অব শ্রীচৈতন্য মহাপ্রভু ।০
৭৪। [illegible] ।০
৭৫। হোয়াট গৌড়ীয়মঠ ইজ ডুইং ৴০
৭৬। দি ভাগবত ।০
৭৭। [illegible] ।০
৭৮। ব্রহ্মসংহিতা ২।০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (প্রথম খণ্ড) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ।০
৮১। সাধন-পথ ।০
৮২। কল্যাণ-কল্পতরু ৶০
৮৩। গীতাবলী ৴০
৮৪। শরণাগতি ৴০

আসামিয়া ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ৴০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক



নদীয়া-প্রকাশ

একমাত্র পারমার্থিক দৈনিক পত্র

শ্রীধাম-মায়াপুর-নদীয়া

১ম বর্ষ | ৬ বামন ৪৪৩ গৌরাব্দ, ২৫শে জ্যৈষ্ঠ বঙ্গাব্দ ১৩৩৬, ৮ই জুন ইং ১৯২৯, বৃহস্পতিবার | ৮৫শ সংখ্যা

সাময়িক-প্রসঙ্গ

——::(•)::——

শ্রীশ্রীল আচার্য্যদেব

পরমারাধ্যতম পতিতপাবন জগদ্গুরু ওঁ বিষ্ণুপাদ পরমহংস অষ্টোত্তরশতশ্রী শ্রীমদনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী প্রভুপাদ কৃপাপূর্ব্বক শ্রীচৈতন্যমঠে অবস্থান করিয়া ভক্তবৃন্দের নিকট সর্ব্বক্ষণ হরিকথা কীর্ত্তন করিতেছেন।

গত ৫ই জুন গোধূলির সন্ধ্যার সময় ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউটের এ্যাসিষ্ট্যাণ্ট হেড্‌মাষ্টার শ্রীযুত হরিদাস বৈদ্য এম্‌-এ ও শ্রীযুত শ্রীদামচন্দ্র মণ্ডল বি-এ মহোদয়দ্বয় শ্রীশ্রীল আচার্য্যপাদপদ্মে আগমন করিলে শ্রীশ্রীল আচার্য্যদেব তাঁহাদের নিকট মনুষ্য-জীবনের কর্ত্তব্য, হরিভজনের সর্ব্বশ্রেষ্ঠত্ব, নাস্তিকতা, সংশয়, সগুণ, নির্গুণ ও সচ্চিদানন্দ-বিগ্রহ অধোক্ষজ ভগবানের সেবার কথা, বিশ্ববাসী চিন্তাস্রোতের সহিত শ্রীচৈতন্যমঠ-বাসী ভক্তবৃন্দের চিন্তাস্রোতের পার্থক্য ও বৈশিষ্ট্য এবং শ্রীচৈতন্যদেবের দয়ার কথা প্রায় এক ঘণ্টাকাল কীর্ত্তন করিয়া সকলের আনন্দবর্দ্ধন করেন। তাঁহার শ্রীমুখে হরিকথা শুনিয়া তাঁহারা পরমানন্দিত হন। শ্রীযুত হরিদাস বাবুর আচার্য্যচরণে শ্রদ্ধা, অমায়িক ব্যবহার ও সৌজন্য বাস্তবিকই প্রশংসার্হ।

———

কলিকাতায় প্রচার

শ্রীশ্রীবিশ্ববৈষ্ণবরাজসভার অন্যতম প্রচারক উপদেশক পণ্ডিত শ্রীপাদ ভক্তি-সৌরভ্যান ভক্তিবৈভব ভক্তিশাস্ত্রী মহোদয় সজ্জনগণের সাদর আহ্বানে কলিকাতা বড়-বাজার পানপোস্তায় কতিপয় ব্রহ্মচারী সহ গমনপূর্ব্বক শ্রীমন্মহাপ্রভুর কথা প্রচার করেন। গত ১লা জুন ভক্তিশাস্ত্রীজী "বৈষ্ণবধর্ম্মের স্বরূপ", ২রা জুন "যোগ ও ভক্তি", ও ৩রা জুন "শ্রীচৈতন্যদেবের দান" সম্বন্ধে তিনটী জনমনোহারিণী বক্তৃতা প্রদান করিয়া শ্রোতৃমণ্ডলীর চিত্তাকর্ষণ করেন। পণ্ডিতজীর সুসিদ্ধান্তপূর্ণ চেতনময়ী বাণী শ্রবণ করিয়া সকলেই পরমানন্দিত ও পরমোপকৃত হইয়াছেন। বক্তৃতার আদি ও অন্তে মহাজনপদাবলী ও নামের কীর্ত্তন হইয়াছিল।

এতদ্ব্যতীত ভক্তিশাস্ত্রীজী কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠে অবস্থান করিয়া মঠবাসী ভক্তগণের নিকট সর্ব্বক্ষণ হরিকথা কীর্ত্তন করিতেছেন। তাঁহার সেবোৎসাহময়ী বীর্য্যবতী বাণী শ্রবণ করিয়া ভক্তগণ সকলেই আচার্য্যচরণে উত্তরোত্তর আকৃষ্ট হইতেছেন।

— —

মহামহোপদেশক অধ্যাপক শ্রীপাদ নারায়ণ দাস ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী এম্‌-এ, ত্রিদণ্ডি-স্বামী শ্রীমদ্ভক্তিবৈভব সাগর মহারাজ, মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, মহোপদেশক পণ্ডিত শ্রীপাদ নবীনকৃষ্ণ বিদ্যালঙ্কার প্রমুখ ভক্তবৃন্দ শ্রীগৌড়ীয়মঠে মঠবাসী ভক্তবৃন্দ ও সমাগত সজ্জনবৃন্দের নিকট পাঠ, বক্তৃতা ও আলোচনামুখে নিরন্তর হরিকথা কীর্ত্তন করিতেছেন। শ্রীশ্রীল প্রভুপাদ ও শ্রীশ্রীল আচার্য্যদেবের কৃপায় শ্রীগৌড়ীয়মঠে সর্ব্বক্ষণ কীর্ত্তনমুখরিত আছে দেখিয়া সজ্জনগণের আনন্দের সীমা নাই। শুধু কলিকাতা গৌড়ীয়মঠেই বা বলি কেন, শ্রীধাম-মায়াপুর আকর মঠরাজ শ্রীচৈতন্যমঠে ও তাঁহার শাখামঠসমূহেও শ্রীল আচার্য্যদেবের কৃপায় সর্ব্বক্ষণ হরিকথা কীর্ত্তন হইতেছে। হরিকথা-শ্রবণ কীর্ত্তনে রত থাকিয়া ভক্তগণ পরমোৎসাহের সহিত সানন্দে শ্রীশ্রীগুরু গৌরাঙ্গের সেবা করিতেছেন। কৃষ্ণকীর্ত্তন-সম্রাট শ্রীশ্রীল আচার্য্যদেবের কৃপায় ও আনুগত্যে পৃথিবীর সর্ব্বত্র মহাপ্রভুর কথা বিপুলভাবে প্রচারিত হইতেছে দেখিয়া আমরা পরমানন্দিত। শ্রীমন্মহাপ্রভুর কথা সর্ব্বত্র প্রবলভাবে নিত্য প্রচারিত হউক—ইহাই শ্রীগুরুবৈষ্ণব-ভগবানের চরণে প্রার্থনা।

— —

গয়ায় প্রচার

ওঁ বিষ্ণুপাদ পরমহংস অষ্টোত্তরশতশ্রী শ্রীমদ্ অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী মহারাজের আশ্রিত আকর মঠরাজ শ্রীচৈতন্যমঠের অন্যতম শাখা গয়া গৌড়ীয়মঠে প্রত্যহ নিয়মিত পাঠ কীর্ত্তনাদি নির্ব্বিঘ্নে হইতেছে। দুপুরে ইষ্টগোষ্ঠীমুখে গৌড়ীয় নদীয়া-প্রকাশ আলোচনা করা হয়। প্রাতে ও সায়াহ্নে শ্রীসত্যগোবিন্দ ব্রহ্মচারীজী শ্রীচৈতন্যশিক্ষামৃত ও শ্রীচৈতন্যভাগবত পাঠ ও ব্যাখ্যা করিতেছেন। মধ্যে মধ্যে শ্রীপাদ পতিতপাবনবন্ধু দাসাধিকারী ভক্তিপ্রবণ প্রভু পাটনা হইতে গয়া গৌড়ীয়মঠে আসিয়া সেবকগণকে বিবিধ সেবাকার্য্যে উৎসাহ প্রদান করেন। তিনি প্রায় সর্ব্বক্ষণই আচার্য্যপাদপদ্মের মহিমা কীর্ত্তন করেন। তাঁহার আচার্য্যনিষ্ঠা বাস্তবিকই প্রশংসনীয়।

শ্রীভক্তিবিনোদ-বাণী

প্রশ্ন—একান্ত সদাচারী আচার্য্যকেও লোকে দোষারোপ করে কেন?

উঃ—"সকল আচার্য্যের আর কি কথা, শ্রীনিত্যানন্দ প্রভু স্বয়ং ঈশ্বর হইলেও কখনই নিজ চরিত্রে কোন দুরাচার দেখান নাই। এমন নির্ম্মলচরিত্র প্রভুকে যাহারা দুরাচারী বলিয়া নিন্দা করেন তাঁহাদের জীবনে ধিক্! অসদাচারী ব্যক্তিগণ আচার্য্যদিগের মিথ্যা দোষারোপ করিয়া আপনাদের দোষকে গুণ বলিয়া দেখাইতে চেষ্টা করেন। হা কাল! [illegible] করিবে! [illegible] কপট বেষধারী হইয়া [illegible] নিন্দা করেন, আবার [illegible] মহাপ্রভুর গোস্বামিগণের উপর দোষারোপ করিয়া তাঁহাদের [illegible] করেন! [illegible] গোস্বামী ও [illegible] সম্বন্ধে [illegible] কেন করেন।"

[illegible] হরিকথা

শ্রীপাদ মাধব [illegible] সন্ধ্যার পর [illegible]। ভক্তিশাস্ত্রী মহোদয় প্রত্যহ [illegible] পাঠ ও ব্যাখ্যা করিতেছেন।

মায়ারে করিয়া জয় ছাড়ান না যায়। সাধু-গুরু-কৃপা বিনা না দেখি উপায়।

"রাজা মোরে প্রীতি করে সে মোর বন্ধন"।
(চৈঃ চঃ)

অবশ্য তিনি নিত্যসিদ্ধ পার্ষদ। তাঁহার বন্ধন নাই। তবে কেবল বদ্ধজীবের মঙ্গলের [illegible] করিয়া তাহা [illegible] গিয়াছেন।

যেখানে [illegible] বিমুখ স্বজনে প্রীতি আছে, সেখানে জানিতে হইবে শ্রীহরি গুরু-বৈষ্ণবে প্রীতি নাই। একপাত্রে দুই বস্তু থাকিতে পারে না। বাস্তবিক বহির্ম্মুখ জনগণের অপ্রীতির পাত্র হইতে পারিলেই মঙ্গল।

একদিন শ্রীসনাতন গোস্বামী প্রভু যখন রাজকার্য্য পরিত্যাগ করিয়া সভাতে ভট্টাচার্য্য পণ্ডিত লইয়া ভাগবত বিচার করিতেছিলেন, তখন রাজা স্বয়ং তাঁহার বাটীতে আসিয়া উপস্থিত হইলেন। রাজা তাঁহার মনোভাব জানিতে পারিয়া তাঁহাকে বন্দী করিয়া রাজবাটীতে রাখিয়া দিলেন এবং পরে উড়িষ্যার যুদ্ধ করিতে গমন করিলেন। এদিকে শ্রীরূপ গোস্বামী প্রভু শ্রীসনাতন গোস্বামী প্রভুকে সংবাদ দিলেন—শ্রীকৃষ্ণচৈতন্য মহাপ্রভু নীলাচল হইতে বৃন্দাবন গমন করিতেছেন। আমি ও অনুপম মহাপ্রভুর পাদপদ্ম দর্শনার্থ বৃন্দাবন যাত্রা করিলাম; আপনি যে কোন উপায়ে মুক্ত হইয়া মহাপ্রভুর পাদপদ্মে চলিয়া আসুন। মুদি স্থানে দশ সহস্র মুদ্রা আছে তাহা দিয়া বন্ধন মোচন করুন। তাই আমরা দেখিতেছি, শ্রীসনাতন গোস্বামী প্রভু দশসহস্র মুদ্রা রাখিয়াছিলেন বন্ধনমোচনের জন্য। আর আমরা রাখি শ্রীহরিগুরুবৈষ্ণব-বিদ্বেষ করিবার জন্য—তাঁহাদের উচ্ছেদ-সাধনের জন্য। বেশ আমাদের বিচার! অর্থের সার্থকতা বটে!

শ্রীরূপ গোস্বামী প্রভুর ছোট ভাই অনুপম। ইনি রামভক্ত ছিলেন। এক সময় শ্রীরূপ গোস্বামী প্রভু তাঁহার নিষ্ঠা পরীক্ষা করিবার জন্য বলিয়াছিলেন—অনুপম এস, আমরা তিন ভাই মিলিয়া শ্রীকৃষ্ণভজন করি। [illegible] ও শ্রীকৃষ্ণ তত্ত্বতঃ অভেদ কিন্তু শ্রীকৃষ্ণসেবায় অধিক উৎকর্ষ আছে। কিন্তু অনুপম তাহা পারেন নাই। শ্রীরামচন্দ্রকে পরিত্যাগ করিতে হইবে জানিয়া দুঃখে নিদ্রা যাইতে পারেন নাই এবং প্রাতে শ্রীরূপ গোস্বামী প্রভুকে জানাইলেন,—

রঘুনাথের পায় মুঞি [illegible] মাথা।
কাঢ়িতে না [illegible]
[illegible] ব্যথা॥
(চৈঃ চঃ)

ইহারই নাম নিষ্ঠা। সদানন্দ প্রভু পঞ্চপুত্রসহ এবং সেন শিবানন্দ প্রভৃতি তিন

(অতঃপর ৩য় পৃষ্ঠায় ৩য় কলমে দ্রষ্টব্য)

শুদ্ধভক্তি-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠ
প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীব্রজপত্তন-ভবনে শ্রীচৈতন্যমঠ-পরবিদ্যা-পীঠ, শ্রীশ্রীরাধাকৃষ্ণ শ্রীগৌর-গোপাল আচার্য্য চতুষ্টয় বিগ্রহ আছেন। সুপ্রাচীন প্রত্ন-তত্ত্বিক সম্বলিত 'নদীয়া-প্রকাশ'-যন্ত্রালয় আছে।

(২) শ্রীগৌড়ীয়মঠ
১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৩১১৫
কলিকাতায় শ্রীভক্তিবিনোদ-আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, সঙ্কীর্ত্তন, শ্রীচৈতন্যচরিতামৃত, শ্রীমদ্ভাগবতাদি গ্রন্থের সম্যক আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও হার্মনিষ্ট পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়।

(৩) যোগমায়াপুর-পীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব ভূমি যোগপীঠ।

(৪) শ্রীবাস-অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৫) অদ্বৈত ভবন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং [illegible] বর্ত্তমান।

(৬) মুরারিগুপ্তের পাট
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৭) কাজি-সমাধি-পাট
সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি।

(৮) অনুকূলকৃষ্ণানুশীলনাগার
শ্রীধাম মায়াপুর

(৯) আনন্দ-সুখদ-কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান।

(১০) গৌর-গদাধর-মঠ
চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ জাহ্নগর (বর্দ্ধমান)

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ
মাউগাছি, পোঃ জাহ্নগর, (বর্দ্ধমান)
শ্রীব্যাসাবতার ঠাকুর বৃন্দাবনের স্থান

(১৩) রুদ্রদ্বীপ-গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(১৪) জহ্নুদেব-গৌড়ীয়মঠাশ্রম

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ
গৌড়পুর, নদীয়া

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ
রাউতারা (শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৭) সুভকুটীর
পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

(১৮) ভাগবত-আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৯) একায়নমঠ
গোবিন্দপুর, পোঃ হাসখালি, (নদীয়া)

(২০) মহেশ-পণ্ডিতের পাট
কাটালপুলি, পোঃ চাকদা (নদীয়া)

(২১) রাণাঘাট-গৌড়ীয়মঠাশ্রম

(২২) সুড়া গৌড়ীয়মঠ
চব্বিশ পরগণা

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ
নারিন্দা পোঃ ওয়ারি, ঢাকা।
পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র।

(২৪) গোপালজীউমঠ
কমলাপুর, পোঃ ঢাকা

(২৫) বলাই-গৌরাঙ্গ মঠ
পোঃ বালিয়াটী, (ঢাকা)

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ
বড়বাজার, পোঃ ময়মনসিংহ

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া (আসাম)

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ
পোঃ চকচকা, কামরূপ (আসাম)

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
৩নং পাশাং বিল্ডিং, দার্জ্জিলিং

(৩০) সারস্বত-গৌড়ীয়মঠ
পোঃ হরিদ্বার, জেঃ সাহারাণপুর, ইউ, পি

(৩১) পাটনা গৌড়ীয়মঠ
মিঠাপুর (পাটনা)

(৩২) গয়া গৌড়ীয়মঠ
বলা রোড, গয়া

(৩৩) সনাতন-গৌড়ীয় মঠ
৮।১১ বড় গভীরসিং, বেনারস সিটি

(৩৪) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

(৩৫) পরমহংস মঠ,
পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠাশ্রম
বিশ্রামঘাট, পোঃ মথুরা

(৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,
পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ
কিশোরপুর, বৃন্দাবন

(৩৯) ব্রজস্বানন্দ-সুখদকুঞ্জ
পোঃ রাধাকুণ্ড, মথুরা

(৪০) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪১) রাধাকুণ্ড গোষ্ঠবাটী

(৪২) শ্রীগোবর্দ্ধনমঠাশ্রম
গোবর্দ্ধন, মথুরা

(৪৩) সঙ্কেত বিহারী মঠ
বর্ষাণা, মথুরা।

(৪৪) নন্দগ্রাম গৌড়ীয়মঠাশ্রম
পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৫) বর্ষাণা গৌড়ীয়মঠাশ্রম
পোঃ বর্ষাণা, মথুরা

(৪৬) গোষ্ঠবিহারী মঠ—[illegible],
পোঃ [illegible], জেলা [illegible] (পাঞ্জাব)

(৪৭) ব্যাসগৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

(৪৮) দিল্লী গৌড়ীয় মঠ
৪৪নং প্লেয়ার রোড, নিউ দিল্লী

(৪৯) বোম্বে গৌড়ীয়মঠ
গোয়ালিয়া ট্যাঙ্ক রোড, [illegible] হিল বোম্বে ৭

(৫০) মাদ্রাজ-গৌড়ীয়মঠ
পোঃ রায়পেট্টা, মাদ্রাজ
শ্রীগুরুগৌরাঙ্গ-রাধাবিনোদবিহারীর সেবা

(৫১) [illegible]-গৌড়ীয়মঠ
পোঃ [illegible] জেলা গোদাবরী, মাদ্রাজ
শ্রীশ্রীগুরুগৌরাঙ্গ-রাধাবিনোদ-বিহারীজীউর সেবা,

(৫২) ব্রহ্মগৌড়ীয়মঠ
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)

(৫৩) পুরুষোত্তম মঠ
চটকপর্ব্বত পোঃ পুরী, উড়িষ্যা

(৫৪) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৫) সীতাকুটী

(৫৬) ত্রিদণ্ডি-গৌড়ীয়মঠ
পোঃ [illegible], পুরী

(৫৭) সচ্চিদানন্দ মঠ
[illegible], পোঃ কটক (উড়িষ্যা)

(৫৮) বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ

(৫৯) শ্রীব্রহ্মমাধ্বগৌড়ীয়-প্রপন্ন-মঠ
পোঃ [illegible], [illegible]

(৬০) ভাগবতজনানন্দ মঠ
চিকন্দি, পোঃ [illegible], ফরিদপুর

(৬১) আমারি গৌড়ীয়মঠ
পোঃ আমারি, ফরিদপুর

(৬২) আমলাজোড়া প্রপন্নাশ্রম মঠ
পোঃ পানাগড় (বর্দ্ধমান)

(৬৩) [illegible]গৌড়ীয়মঠ
[illegible], পোঃ [illegible], ([illegible])

(৬৪) রেঙ্গুণ গৌড়ীয়মঠ
৭০১ নং [illegible] ষ্ট্রীট, রেঙ্গুণ।

(৬৫) লণ্ডন-গৌড়ীয়মঠ
ফ্লাট নং ২
৫১, [illegible] রোড
[illegible], লণ্ডন, [illegible]

(৬৬) গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্
১৬।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা

(৬৭) গৌড়ীয়মঠ অফিস
[illegible] রোড, [illegible], ইউ-পি)

(৬৮) শ্রীবিদ্যানিধি গৌড়ীয়মঠাশ্রম
[illegible], চট্টগ্রাম

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীমহানন্দ ব্রহ্মচারী ভক্ত্যালোক, ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও ২য় দিনের জন্য	সংবাদের পৃষ্ঠায় পরবর্ত্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও ২য় দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় পরবর্ত্তী দিনের
প্রতিবারে প্রতি লাইনে	।০	৵০	।৵০	।০
" " ইঞ্চি	২৲		১।০	১৲
" সিকিকলম	৫৲	৪৲		৩৲
" অর্দ্ধকলম	৮৲	৬৲	৬৲	৫৲
" এক কলম	১৫৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চি	৩৲	২।০
" সিকি কলম	১৫৲	১২৲
" অর্দ্ধকলম	২৫৲	১৮৲
" এক কলম	৩৫৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৷৷০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা ।০ ; বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

শ্রীধাম-মায়াপুরে

—"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট"—

[illegible]

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার নিকটবর্ত্তী বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক খোলা। বিশুদ্ধ বায়ু ও পানীয় জল। দরিদ্র ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে [illegible] ব্যবস্থা আছে। খোরাক ও বোর্ডিংখরচ প্রতি মাসে মাত্র ৬৲ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। বর্ত্তমান বর্ষে ১৬ জন বালকের মধ্যে ১৪ জন ভালভাবে উত্তীর্ণ হইয়াছে।

মেধাবী ছাত্রগণের আরও সুবিধা

পরীক্ষায় যাহারা শতে শতকরা ৭৫ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ সচ্চরিত্র ধনহীন ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট, শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক-সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা বিস্তৃতভাবে আলোচিত হইয়াছে। এই এক অপূর্ব্ব গৌরব বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

শ্রীচৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত বিস্তৃতভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ [illegible] শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত। ইহার ভিক্ষা মাত্র ৪৲ টাকা। প্রাপ্তিস্থান [illegible], শ্রীযোগপীঠ, ঈশোদ্যান, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

সরস্বতী-সংলাপ

প্রথম খণ্ড

শ্রীশ্রীব্রহ্মমাধ্ব গৌড়ীয়াচার্য্যবৈভবকেশরী জগদ্‌গুরু পরমহংসকুলচূড়ামণি নিত্যলীলা-প্রবিষ্ট ১০৮শ্রী শ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ বিভিন্ন জিজ্ঞাসু ও সমাগত ব্যক্তিগণের প্রশ্নোত্তরে ও সন্দেহ-নিরাকরণকল্পে যে-সকল [illegible] কীর্ত্তন করিয়াছেন, যাহা তাঁহার প্রকটকালেই 'গৌড়ীয়' সম্পাদক [illegible] বিদ্যাবিনোদ বি-এ প্রভুপাদেরই শ্রীমুখে সংশোধিত করাইয়া [illegible] তাহার কিয়দংশ গৌড়ীয়পত্রে প্রকাশিত হইয়াছে, তাহা "শ্রীশ্রীসরস্বতী-সংলাপ" নাম [illegible] শ্রীল প্রভুপাদের 'প্রবন্ধাবলী' ও 'পত্রাবলী' আকারে [illegible]। বর্ত্তমানে শ্রীল প্রভুপাদের পঞ্চবার্ষিক বিরহ-মহোৎসব-বাসরে [illegible] প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছেন। মানবজীবনের বহু জটিল সমস্যা ও কঠিন প্রশ্নের সমাধান উহাতে পাওয়া যাইবে। ভক্তগণের পারমার্থিক [illegible] এই গ্রন্থ সংগ্রহ একান্ত প্রয়োজন।

শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী

শ্রীল প্রভুপাদের চতুঃষষ্টিবর্ষপূর্ত্ত্যাবির্ভাব-তিথিতে শ্রীল আচার্য্যদেবের অনুগ্রহে "শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী" প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। ইহাতে পূর্ব্বার্দ্ধ ও উত্তরার্দ্ধ দুইটি বিভাগ আছে। পূর্ব্বার্দ্ধে শ্রীল প্রভুপাদের আদি-প্রবন্ধাবলী শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের সম্পাদিত 'সজ্জনতোষণী,' শ্রীল প্রভুপাদের 'নিবেদন' সাপ্তাহিক পত্র প্রভৃতি হইতে কথাসার ও প্রয়োজনীয় অংশের টীকা-সহ গ্রথিত হইয়াছে। উত্তরার্দ্ধে শ্রীল প্রভুপাদের সম্পাদিত 'সজ্জনতোষণী'র কতিপয় প্রবন্ধ কথাসার প্রভৃতির সহিত মুদ্রিত হইয়াছে। প্রবন্ধগুলি রচনাকালের ক্রমানুসারে গ্রথিত হইয়াছে; এতদ্ব্যতীত শ্রীল আচার্য্যদেবের একটি মূল্যবান্ উপোদ্ঘাত ও সঙ্কলনকারীর একটি বিস্তৃত ভূমিকা, শব্দ সূচী, স্থান-পাত্র-শ্লোক ও পয়ার-সূচী প্রভৃতি গ্রন্থে সংযোজিত হইয়াছে। গ্রন্থটী উৎকৃষ্ট কাগজে পরিপাটীর সহিত মুদ্রিত ও শ্রীল প্রভুপাদের আলেখ্যাদিদ্বারা ভূষিত ও সুন্দর বাঁধাই হইয়া প্রকাশিত হইয়াছে। প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, জিলা নদীয়া; শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ও শ্রীমাধবগৌড়ীয়মঠ, নরিন্দা, পোঃ ওয়ারী, ঢাকা।

শ্রীল প্রভুপাদের পদ্যপ্রসূন মালা

এই গ্রন্থে ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তি-সিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের রচিত পদ্যাবলী শ্রীল আচার্য্যদেবের বিরচিত "গৌরব" নামক পদ্যের সহিত প্রকাশিত হইয়াছে। শ্রীল প্রভুপাদের অনেক অপ্রকাশিত পদ্য ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ৷৷০ আট আনা।

চেতনা

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইংরাজীর প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপদেশক পণ্ডিত আচার্য শ্রীযুক্ত নিশিকান্ত সান্যাল ভক্তিশাস্ত্রী [illegible] সম্প্রদায়-বৈষ্ণবাচার্য [illegible] গবেষণা এবং পরিশ্রম লেখনীর অতুল বল আধান করিয়া একাধারে দর্শন এবং তত্ত্ব ও ভগবানের লীলারস [illegible]। এই ইতিহাস, দর্শন ও আধ্যাত্মিক তত্ত্ব সমন্বিত ও বিশদ [illegible]। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনামূলক শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্‌ আলোচনা। প্রথম খণ্ডই [illegible] পৃষ্ঠায় [illegible]। ওঁবিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকারের ভূমিকাদ্বয় (Prefaces) বিষয়সূচী (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সংক্ষিপ্ত শব্দার্থ পরিভাষা (Index Glossary) সহ গ্রন্থখানি প্রকাশিত। ভিক্ষা—৫৲ পাঁচ টাকা। প্রাপ্তিস্থান শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম মায়াপুর নদীয়া।

'ঠাকুর ভক্তিবিনোদ'

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি-প্রচারের মূল মহাজন সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অভিনব জীবনচরিত এতাবৎকাল পর্য্যন্ত গ্রন্থাকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয়মঠাচার্য্যবর্গের [illegible] পারমার্থিক সাপ্তাহিক "গৌড়ীয়" সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীযুক্ত সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু মূল্যবান শিক্ষাবলীও সন্নিবিষ্ট হইয়াছে। সর্বসমেত ১২০ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৷৵০ আনা; ডাক মাশুল স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান—ম্যানেজার গ্রন্থবিভাগ

শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্‌

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্‌

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। ইংরাজী পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু গ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর চাউলপটিতে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্‌

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

[illegible]

ম্যালেরিয়া প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় দুর্ব্বল, পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বাজারে চলিত কাটতিও অত্যন্ত অধিক। [illegible] এবং নূতন ও পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। মূল্য ছোট বোতল ৷৵০ দশ আনা, বড় বোতল ১৷৵০ আড়াই আনা। পাইকারী দর স্বতন্ত্র।

—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা
অথবা
পোঃ বেহালা, ২৪ পরগণা

ই. বি. রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম)

আপ

কলিকাতা ছাঃ	৪-৩৬	৬ ২৬	৭ ০৬	১২-২৬	১৫-৫৬	১৬-৫৫	১৭ ৫৬	২২-২০
রাণাঘাট পৌঃ			৮ ২৮	১৪-১৫				
(বদল) ছাঃ			৯-৩৩	১৪-৫০				
কৃষ্ণনগর পৌঃ	৭ ১	৬ ৪৫	১০-৮	১৫-২০	১৭-২৮	১৯-০৮	২০-১৩	১-১২
(বদল) ছাঃ	৭-১১		১০-৩১		১৭-৩৮		২০-২৬	
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫১		১১-১০		১৮-১৬		২১-৫	

আপ—(শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
রাণাঘাট পৌঃ	১২-৫৫
ছাঃ	১৩-০
শান্তিপুর পৌঃ	১৩ ২৬
(বদল) ছাঃ	১৩ ৩১ (ন্যারো গেজে)
কৃষ্ণনগর পৌঃ	১৪-১২
ছাঃ	১৪-২০
নবদ্বীপঘাট পৌঃ	১৫-১০

ডাউন

নবদ্বীপঘাট ছাঃ	৫ ৪৫		৯ ১৭		১৪-৩১	১৬-০	১৮-৩১	
কৃষ্ণনগর পৌঃ	৬ ২৩	৯ ১৬	৯-৫৮	১১-৪১	১৪-১০	১৬-৩৮	১৯-১১	২১-১০
ছাঃ	৬-৩৬	৭-১৮	১০-১১			১৬ ৫৬	১৯-২৫	
রাণাঘাট পৌঃ			১০-৫৬			১৭-৩০		
(বদল) ছাঃ			১১-১			১৭-৪০		
কলিকাতা পৌঃ	৮-১৬	৯-২১	১১-৫১	১২-১৬	১৪-১৬	১৯-১১	২১-৫১	২৩-৩৭

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৩-৩১	১৬-০	
কৃষ্ণনগর পৌঃ	১৪-১০	১৬-৩৮	
ছাঃ	১৫-২৮	১৭-৩৯	
শান্তিপুর পৌঃ	১৬-৯	১৮-১৪	
(বদল) ছাঃ	১৬-৩৩	১৮-২৫ (শনিবার ভিন্ন)	২০-৪০ (শনিবার)
রাণাঘাট পৌঃ	১৭-১০	১৮-৫০	২১-১৫
(বদল) ছাঃ	১৭-৪০	১৯-১৪	২১-৫০
কলিকাতা পৌঃ	১৯-১১	২০-৪০	২৩-৩৭

পোঃ—শ্রীমায়াপুর
টেলিগ্রাম—'শ্রীধাম শ্রীমায়াপুর'

REGD NO C 1544

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৪শ খণ্ড] শ্রীমায়াপুর— ২৭শে জ্যৈষ্ঠ, ১৩৪৬, ১০ই জুন, ১৯৩৯, শনিবার [৮৭শ সংখ্যা

বিবিধ সংবাদ

ধনসম্পত্তির লোভে দেবতার নিকট বলিদান

শিয়ালকোট জেলার বেগওয়ালার নিকটবর্ত্তী একটি গ্রাম হইতে সংবাদ পাওয়া গিয়াছে যে, শিশুকে বলি দিতে পারিলে তাহার ধনসম্পত্তি হইবে, এই বিশ্বাসের বশবর্ত্তী হইয়া একজন অ-পাঞ্জাবী হিন্দুস্থানীর এক ডাক্তারের দুই বৎসর বয়স্ক একমাত্র শিশুসন্তানকে হত্যা করিয়াছে।

প্রকাশ, আততায়ীর গুরু তাহাকে বলে যে, দেবতার নিকট একটি শিশুকে বলি দিলে তাহার পৈত্রিক সম্পত্তি সে ফিরিয়া পাইবে; একটি স্ত্রীলোক নাকি ছেলেটিকে সন্দেশ দেখাইয়া প্রলুব্ধ করে। শিশুটিকে মাল্যভূষিত করার পর দেবতার নিকট নীচু হইয়া প্রণাম করিতে শিখান হয়। শিক্ষামত শিশুটি যখন যুক্তকরে নত হইয়া প্রণাম করিতেছিল, সেই সময় হত্যাকারী তাহার মস্তক ছেদন করে।

শিশুটির পিতামাতা কয়েকঘণ্টা অনুসন্ধান করিয়া বিফলমনোরথ হইয়া পুলিশে সংবাদ দেন, পুলিশ আততায়ীর গৃহে মাটির নীচ হইতে শিশুটির মৃতদেহ বাহির করে।

মামলা তদন্তের জন্য মৃতদেহটি শিয়ালকোট আনা হইয়াছে। এই সম্পর্কে তিন ব্যক্তিকে গ্রেপ্তার করা হইয়াছে বলিয়া প্রকাশ।

কৃষক শ্রমিক-সম্মেলন

গত মঙ্গলবার নকেরপাড়া কংগ্রেস কমিটির উদ্যোগে চাষীদের নিকট হইতে সেলামী বাজের উপর অতিরিক্ত সুদ (বাড়ী) ও নানারূপ আবোয়াব আদায় বন্ধ করার নিমিত্ত বামাদের হাটে এক জনসভা আহূত হয়। শ্রীযুক্ত যোগিন্দ্রচন্দ্র দাস সভাপতির আসন গ্রহণ করেন। প্রথমে বন্দে মাতরম্ সঙ্গীত গীত হয়। শ্রীযুক্ত চারুচন্দ্র ভাণ্ডারী, মাখনলাল দাস ও সৌরেন্দ্রকুমার বসু বক্তৃতা করেন। চারু বাবু সমস্ত কৃষকদের সঙ্ঘবদ্ধ হইতে বলেন। তিনি বলেন, কৃষকদের দুর্দ্দশার একমাত্র কারণ শুধু জমিদার ও মহাজন নহেন। বৃটিশ গবর্ণমেণ্টই আজ দেশের মধ্যে শতকরা ৭৫ জন লোককে এইরূপ অন্নহীন করিয়াছে। পূর্ব্বে আমাদের দেশে সমস্ত লোক চাষ করিয়া খাইত না। বহু লোকে স্বদেশীয় শিল্পের উপর নির্ভর করিয়া জীবিকা নির্ব্বাহ করিত। কলকারখানা স্থাপিত হওয়ায় এবং কুটীর শিল্পের দ্বারা যাহারা নির্ভর করিত, আজ তাহারাই বেকার হইয়া জমির ভাগ বসাইয়াছে। সেই সুযোগে জমির মালিকরা সেলামী, অত্যধিক সুদের হার এবং অতিরিক্ত বাজের সুদ (বাড়ী) গ্রহণ করিতেছেন। তিনি জমির মালিকগণকে এসম্বন্ধে ভালভাবে চিন্তা করিয়া দেখিতে বলেন। অবশেষে কয়েকজন জমির মালিক শ্রীচক্রপাণি কামার, শ্রীযোগেন্দ্রনাথ কামার, বঙ্কিমচন্দ্র পুরকাইত ও আরও একজন মালিক সেলামী, অতিরিক্ত বাজের বাড়ী, বে-আইনী সুদ প্রভৃতি গ্রহণ করিবেন না বলিয়া সভায় ঘোষণা করেন।

অগ্নিদগ্ধ হইয়া ৭ ব্যক্তির মৃত্যু

নারণপাড়া তহশিলের অন্তর্গত চাকা-দিয়া বাজারে ভীষণ অগ্নিকাণ্ডের ফলে ৭ জন লোক অগ্নিদগ্ধ হইয়া মারা গিয়াছে এবং বহু লোক গুরুতরভাবে আহত হইয়াছে।

ক্ষতির পরিমাণ অনুমান ২ লক্ষ টাকা হইবে।

জমি লইয়া বিবাদের শোচনীয় পরিণতি

ফরিদপুর জেলার কালকিনী থানার অধীন দক্ষিণপুর গ্রামের হাসেন আকনের শোচনীয় মৃত্যুসংবাদ পাওয়া গিয়াছে। ঘটনার বিবরণে প্রকাশ, কয়েকদিন পূর্ব্বে হাসেন আকন ও তাহার স্বগ্রামবাসী মদন সেখের মধ্যে একখণ্ড জমি লইয়া ঝগড়া হয় এবং মদন সেখ উত্তেজিত হইয়া হাসেনের প্রতি চাকেক হইতে ঢিল ছোড়ে। উক্ত ঢিল হাসেনের পেটের উপর পড়িলে সে তৎক্ষণাৎ ধরাশায়ী হইয়া মারা যায়। পুলিশ মদন সেখকে মাদারীপুর চালান দিয়াছে এবং সে এখন বিচার সাপেক্ষে জেল হাজতে আছে।

বিনোদপুর-মহাটী রাস্তা

গত বৎসর বর্ষার সময় এই রাস্তাটির বহু স্থানে জলে ভাঙ্গিয়া গিয়াছিল, অদ্যাবধি সেই স্থানগুলির মেরামত কার্য্য হইল না লোকের ও গাড়ীর চলাচলের খুব অসুবিধা হইতেছে পুনরায় বর্ষা আসিতে আর দেরী নাই ইউনিয়ন বোর্ডের কর্ত্তৃপক্ষের এবিষয়ে দৃষ্টি আবশ্যক।

জলে ডুবিয়া মৃত্যু

বিনোদপুর বণিক পাড়ার একটি স্ত্রীলোক মল্লিকদের ঘাটে দ্বিপ্রহরে স্নান করিবার সময় হঠাৎ পা পিছলাইয়া গভীর জলে পড়িয়া ডুবিয়া যায় ও আর একটি সঙ্গিনী তাহাকে ধরিতে যাইয়া ডুবিয়া যায়। পাড়া হইতে লোক আসিবার পূর্ব্বেই স্ত্রীলোক দুইটির মৃত্যু হয়।

গত বৃহস্পতিবার সাঁতার নদীতে একটি দুর্ঘটনা ঘটে। এইরূপ প্রকাশ যে, সাত-জন লোক একখানা সাম্পান নৌকায় নদীপথে চলিয়াছিল। শিশির হইতে আঠার মাইল দূরবর্ত্তী স্থানে হঠাৎ নৌকার তলদেশ ছিদ্র হইয়া যায়। তাহাতে নৌকাখানা ডুবিয়া যায়, একজন লোকের জলে ডুবিয়া মৃত্যু হয় এবং অন্যেরা রক্ষা পায়।

অতি শোচনীয় ভাবে একটি চারি বৎসর বয়স্কা বালিকা জলে ডুবিয়া মারা গিয়াছে। বিবরণে প্রকাশ, বালিকাটির মাতা বালিকাটিকে স্নান করাইয়া নদীর পাড়ে বসাইয়া রাখিয়া স্নান করিতে থাকে। স্নানের উপরে উঠিয়া আসিয়া সে আর বালিকাটিকে দেখিতে পায় না বহু অনুসন্ধানেও কোন খোঁজ না পাওয়ায় সকলেই সন্দেহ করে যে সকলের অজ্ঞাতে সে জলে পড়িয়া গিয়াছে। সহর হইতে প্রায় ১ মাইল পূর্ব দিকে নদীর পাড়ে বালিকাটির মৃতদেহ পাওয়া গিয়াছে।

ভক্তের অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল সরস্বতী ঠাকুরের পরিব্রাজক গোস্বামী মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক। প্রতি একাদশীতে প্রকাশিত হয়। কলিকাতা বাগবাজারস্থ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। সডাক ভিক্ষা ৬।০ টাকা মাত্র।

২। গৌড়ীয়—মহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৷০ টাকা মাত্র।

৩। ভাগবত—ভিন্ন ভাষায় একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ টাকা মাত্র

৫। শ্রীগৌড়ীয়—মহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ মাত্র।

পরমগুরু শ্রীগৌরকিশোর

গৌড়ীয়-সম্পাদক-লিখিত, শ্রীগৌড়ীয়মঠাচার্যের ভূমিকা-সম্বলিত, বহুচিত্র-শোভিত ও বিষয় সূচী-সমন্বিত "পরমগুরু শ্রীগৌরকিশোর" গ্রন্থরাজ প্রকাশিত হইয়াছেন। এই গ্রন্থরাজে শুদ্ধগৌড়ীয়বৈষ্ণবগণের পরমারাধ্য, গৌড়ীয়গৌরবশিরোমণি অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ নিত্যসিদ্ধ পরমহংস ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল গৌরকিশোরদাস গোস্বামী প্রভুবরের অলৌকিক চরিতকথা বর্ণিত আছে।

শ্রীশ্রীভক্তিবিনোদাবির্ভাব-শতবর্ষপূর্ত্তিতিথিপূজার উপায়ন-গ্রন্থমালা

——::(০)::——

১। গীতিসাহিত্যে শ্রীভক্তিবিনোদ

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র গীতিসাহিত্যের সমালোচনা-গ্রন্থ)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

২। শ্রীভক্তিবিনোদবাণীবৈভব

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের বচনামৃতসাগর হইতে আহৃত ১০৮টি অধ্যায়ে সম্বন্ধ-অভিধেয়-প্রয়োজনাকারে গুম্ফিত অমূল্য উপদেশপূর্ণ গ্রন্থ)

ভিক্ষা—৩৲ তিন টাকা মাত্র।

৩। শ্রীশ্রীভক্তিবিনোদ-প্রসঙ্গ

ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ ও ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল সরস্বতী ঠাকুরের পরিব্রাজক গোস্বামীপ্রভু-বিরচিত এবং গৌড়ীয়ে প্রকাশিত শ্রীশ্রীভক্তিবিনোদ-চরিত-প্রসঙ্গ

ভিক্ষা—৷৵০ ছয় আনা মাত্র।

৪। ছাত্রদের ভক্তিবিনোদ

(ছাত্রদের উপযোগী ভাষায় লিখিত শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্র ও শিক্ষা)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

ছাত্রদের পক্ষে ভিক্ষা—৷০ আট আনা মাত্র)

প্রাপ্তিস্থান :—

(১) 'ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট', পোঃ শ্রীমায়াপুর, নদীয়া ;

২) শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ;

৩ শ্রীযুক্ত সুপতিরঞ্জন নাগ এম্-এ, বি-এল্, পুরাণপল্টন পোঃ রমণা, ঢাকা।

দ্ধভক্তি-গ্রন্থমালা

অক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবত,—সমগ্র ৪০৲

প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ২৮৲

দশম স্কন্ধ—

২। ভাষ্যসহ নিতাই শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৭৲

৩। ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬

৪। সরস্বতী জয়শ্রী (অবাঁধা) ৪৲

৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী

১ম খণ্ড ৸০ ; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০ ৪র্থ খণ্ড -৸০

৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী

১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০

৭। শ্রীচৈতন্যদেব ১৲

৮। সৎক্রিয়াসার দীপিকা সংস্কার দীপিকা ১৷০

৯। বৈষ্ণবধর্ম ২৲

১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲

১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲

১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲

১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸

১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ৷

১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ-তত্ত্ব ৷০

১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০

১৭। চৈতন্যোপনিষদ ৷০

১৮। ব্রাহ্মণ-আস্তব ৷০

১৯। তত্ত্ববিবেক ৷০

২০। গৌড়ীয়-গৌরব ৷৵০

২১। গৌড়ীয়ার্চ্চনা ৷৵০

২২ ভজন রহস্য

২৩। শ্রীচৈতন্যভাগবত ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲

২৪। গীতা (শ্রীবলদেব-টীকা সহ) ২৲

২৫। গীতা (চক্রবর্ত্তি টীকাসহ) ২৲ অবাঁধা) ১৲

২৬। গীতার কেবল মাত্র-ভাষা ৷০

২৭। মুকুন্দমালা অপসোহস্তু (সানুবাদ) ২৲

২৮। প্রেমামৃতসার (সানুবাদ) ৷০

২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৸০

৩০। দীপ-দিশ-দর্শন ৵০

৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ৷৵০

৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ৷০

৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৷০

৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৵০

৩৫। গীতমালা ৴১০

৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৶০

৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৶০

৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ

৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমার ৷০

৪০। শরণাগতি ৴০

৪১। গীতাবলী ৴০

৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০

৪৩। সাধনতত্ত্ব ৴০

৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ৴

৪৫। নবদ্বীপশতক

৪৬। অর্থপঞ্চক

৪৭। সদাচারস্মৃতিঃ ০/

৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৴১০

৪৯। অর্চ্চনকণ ৴১০

৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম ও খণ্ড) ৩৲

৫১। ব্রহ্মসংহিতা ৷০

৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ৷০

৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০

৫৪। পুরুষার্থ-বিনির্ণয় ৷০

৫৫। তত্ত্বসূত্রাবলী বা দামোদরাষ্টকবৃত্তি ৷০

৫৬ ভারতবর্ষ ও ভক্তিপথ ৶০

৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যান্বিত) ৷০

৫৮। শ্রীকৃষ্ণলেখ ৶০

৫৯। সিদ্ধান্তদর্পণ ৶০

৬০। সাংখ্যবাণী ৴০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ৷০

৬২। সিদ্ধান্ত সরস্বতী বিবিক্তঃ ৷০

৬৩। সটীক-সিদ্ধান্তসূত্রম্

৬৪। তত্ত্বসূত্রম্

৬৫। সানুবাদ শিক্ষাষ্টকম্ ৶০

৬৬। গৌড়ীয়মতদর্পিতঃ ৴০

৬৭। সারারত্নদর্পণম্ ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ৷০

৬৯। এ কিউ ওয়ার্ড্স অন বেদান্ত ৷০

৭০। নামভজন ৴০

৭১। বেদান্ত—ইটস্ মরফলজী অ্যাণ্ড অন্টলজি ৷০

৭২। রিলেটিভ ওয়ার্ল্ড্‌স ৷৵

৭৩। লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস অব শ্রীচৈতন্য মহাপ্রভু

৭৪। বৈষ্ণবীজম

৭৫। হোয়াট গৌড়ীয়মঠ ইজ ডুইং ৴

৭৬। দি ভাগবত

৭৭। থিওলজিক্যাল প্রিন্সিপলস অ্যাণ্ড আনবায়াসড ফিলোসফি

৭৮। ব্রহ্মসংহিতা ২৷০

৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (জনৈক প্রধান) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ৷০

৮১। সাধন-পথ ৷০

৮২। কল্যাণ-কল্পতরু ৶০

৮৩। গীতাবলী ৴০

৮৪। শরণাগতি ৴০

আসামী ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ৴০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক

নদীয়া-প্রকাশ

একমাত্র দৈনিক পত্র

ধাম-মায়াপুর-নদীয়া

১৭শ বর্ষ { ৮ বামন ৪৫৩ গৌরাব্দ, ২৭শে জ্যৈষ্ঠ বঙ্গাব্দ ১৩৪৬, ১০ই জুন খৃঃ ১৯৩৯, শনিবার ৮৭৭ সংখ্যা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

৮ বামন অব্দ ক্ষীরোদশায়ী গৌরাব্দ ৪৫৩

দুই একটী কথা

——::(০)::——

সাধু নির্ম্মৎসর। তিনি কাহাকেও হিংসা করেন না। কেহ তাঁহার অপকার করিলে উপকার করিয়া তিনি তাহার প্রতিদান দেন। তাঁহার প্রতি অত্যাচার করিলেও তিনি কাহারও অনিষ্টচিন্তা না করিয়া ইষ্টচিন্তাই করিয়া থাকেন। কিন্তু কি আশ্চর্য্য! বহির্ম্মুখ জগৎ তাঁহাকে আক্রমণ করিতে ছাড়ে না। সুজনের হিংসা করাই যেন তাহাদের স্বভাব। বাহিরের চেহারা দেখিয়া সুজন ও দুর্জ্জন বা সাধু ও অসাধু চেনা যায় না। কারণ, অসাধুগণও আপাতদৃষ্টিতে সাধুগণের ন্যায়ই ভক্ত্যঙ্গ যাজনের ভাণ করিয়া থাকেন। সাধারণ লোক মনে করে যে, এ সকল ব্যক্তিও যখন ভগবদাচরণ বা হরিনামাদি (?) করিতেছে তখন ইহারাও বুঝি সাধু। এইরূপে সাধারণ জনগণ দুর্জ্জনকর্ত্তৃক বঞ্চিত হইয়া প্রকৃত সজ্জনে সন্দেহবিশিষ্ট হন এবং তাহাদের কথাতেই বিশ্বাস স্থাপন পূর্ব্বক সত্যের পথ গ্রহণ না করিয়া অসৎকে সৎ মনে করত তাহাদের প্রতি আসক্ত হন। যাহারা সেই ফাঁক পাইয়া তাহাদিগকে ভগবান্ ও ভগবদ্ভক্তের নিকট হইতে দূরে রাখেন। প্রাকৃত-সহজিয়াগণেরও ভজনের বাহ্যের কমতি কিছু কম নয় কিন্তু তাহাদের আনুগত্য বা শরণাগতি নাই। সদ্গুরুর কৃপাশাসন গ্রহণ বা আনুগত্যের পরিবর্ত্তে তাহারা স্বতন্ত্রভাবে জীবনযাপনকারী। কে ভক্ত, কে অভক্ত ইহা বুঝা ভয়ানক কঠিন। তবে কৃষ্ণোন্মুখ হইলে নিষ্কপট জীব চৈত্যগুরুর কৃপায় ইহা বুঝিতে পারেন। তখন তিনি ঐ সকল ব্যক্তির কপটতাকে ভক্তি বা সুজনতা মনে করেন না।

শ্রীল বলদেব বিদ্যাভূষণ প্রভু লিখিয়াছেন,—

কুর্ব্বন্তে প্রাজ্ঞমানেঽপি স্তুর্বানে
সুপুরুষৈঃ।
বুকন্তি সারমেয়াস্ত কা ক্ষতিস্য জায়তে॥

অর্থাৎ গজরাজ দীপ্তিশালী হইয়া উপস্থিত হইলে সজ্জনগণ তাঁহার প্রশংসা করিয়া থাকেন কিন্তু বিষ্ঠাভোজী কুকুরগণ উহাদের স্বাভাবিক বুদ্ধি অনুসারে ঘেউ ঘেউ করিতে ছাড়ে না কিন্তু উহাতে গজরাজের কি ক্ষতি হয়?

হাতী চলে বাজারমে কুত্তা ভুঁকে হাজার।
সাধুনকো দুর্ভাব নেহি, যও নিন্দে সংসার

নগরের মধ্য দিয়া হাতী চলিতে থাকিলে যেরূপ হাজার হাজার কুকুর তাহার পশ্চাৎ পশ্চাৎ শব্দ করিতে করিতে ধাবিত হয় কিন্তু হাতী তাহাতে ভ্রূক্ষেপও করে না বরং অবিচলিতচিত্তে নিঃশঙ্কভাবে স্বীয় গন্তব্যপথে গমন করিতে থাকে, সেইরূপ সাধুব্যক্তিকে সমস্ত সংসারের কনক-কামিনী প্রতিষ্ঠা-পিপাসু দুষ্ট ব্যক্তিগণ একত্র হইয়া মিথ্যা দোষারোপ করত নিন্দা ও আক্রমণ করিলেও তাহাতে সাধুর কিছু ক্ষতি হয় না। সেই চীৎকারে সাধু কর্ণপাত না করিয়া পূর্ব্ববৎ স্বভাবে অবস্থান করেন।

— —

কোন কোন কপট ব্যক্তি বৈষ্ণব গুরুর নিকট আগমন করিয়া বৈষ্ণবের ছদ্মবেশ গ্রহণ পূর্ব্বক মনে করে, আমিও যখন বৈষ্ণব হইয়া গিয়াছি, এখন কেনই বা না আমি গুরুর উপর গুরুগিরি করিব? বৈষ্ণবই যে জগদ্গুরু এবং নিজকে যে বিষ্ণু-বৈষ্ণবের কিঙ্কর, এ কথা ভুলিয়া গেলেই এরূপ হাস্যোদ্দীপক বুদ্ধির উদয় হয়। পতিতপাবন শ্রীগুরুদেবের এবম্বিধ জীবের এই সকল অত্যাচার অম্লানবদনে সহ্য করিলেও ঐকান্তিক ভক্তগণ তাহা সহ্য করিতে না পারিয়া সৎসিদ্ধান্তের দ্বারা পাষণ্ডমত খণ্ডনপূর্ব্বক বিষ্ণু বৈষ্ণবের সর্ব্বশ্রেষ্ঠত্ব স্থাপন করেন। সেই সকল লোকের প্রতিষ্ঠা নাই, কারণ শুদ্ধভক্তিসিদ্ধান্তেরই নিত্যপ্রতিষ্ঠা। তাই তাঁহারা সৎসিদ্ধান্তের নিকট দাঁড়াইতে না পারিয়া আধ্যক্ষিকতার আশ্রয় গ্রহণ করেন। অজ্ঞতাই তাঁহাদের সম্বল, তাই তাঁহারা অধোক্ষজসেবা হইতে বঞ্চিত হন। সদ্গুরু চরণাশ্রিত জীব গুরুর চেয়ে অন্য কাহাকেও বেশী বিশ্বাস করে বলিয়া আমাদের মনে হয় না। সুতরাং শ্রীগুরুকৃপায় যে নিষ্কপট সজ্জনগণ সদ্গুরু পাদপদ্মের সৌভাগ্যলাভ করিয়াছেন, তাঁহারা কখনও শ্রৌতপথ ছাড়িয়া তর্কপথ আশ্রয় করেন না বা অশ্রৌতপন্থী কাহারও কথা শুনেন না।

— — —

সাধুগণ সর্ব্বতোভাবে কৃপাবিশিষ্ট। তাঁহারা কাহারও প্রতি দোষ করেন না। তাঁহারা সত্যবস্তুকে কৃষ্ণের সার বলিয়া মানেন। সর্ব্বত্রই [illegible]। [illegible] এবং নিষ্কাম ও শান্ত। তাঁহারা অপরাধীর প্রতি [illegible]। [illegible] তাঁহাদের বল।

— —

অসাধুসঙ্গ করিতে হইবে না। [illegible] উপেক্ষা করিয়া [illegible] বৈষ্ণব-নিন্দা বলিয়া [illegible] করেন। তাঁহাদের কথায় সাধুগণ আর [illegible] পারেন না। যাঁহার [illegible] 'বৈষ্ণব' শব্দ লাগে [illegible], তাহা উপেক্ষা করাই সদাচারের ধর্ম্ম। কিন্তু তাহা গোপন করিবার উদ্দেশ্যে বৈষ্ণবনিন্দা বা [illegible] নাই—এই ছলনা যাঁহারা বিস্তার করেন তাঁহাদের কাপট্য [illegible] পারেন। [illegible] চায়। তাঁহাদের [illegible] নাই, সব সমান। [illegible] পাছে লোকে ধরিয়া ফেলে [illegible] চেষ্টা। তাই [illegible] চুপ থাকি [illegible]। কিন্তু সাধুগণ নির্ভীকভাবে [illegible] প্রচার করেন, সৎ ও অসতের স্বরূপ জানাইয়া দিয়া জগৎকে সাবধান করেন।

মায়ারে করিয়া জয় ছাড়ান না যায়। সাধু-গুরু-কৃপা বিনা না দেখি উপায়॥

মানব নিজের দোষ আবরণ করিতে গিয়া নানা ছলনা বিস্তার করিয়া থাকে। চতুর তস্কর বাড়ীর জগতে তাহা বুঝিতে পারিবে না। আমরা যদি সেই চতুর জন বঞ্চকের শরণাগত হইতে পারি, তাহা হইলে জগৎ আর আমাদিগকে ঠকাইতে পারিবে না, আমরা শ্রীগুরুকৃপায় সাধু ও অসাধু চিনিবার সৌভাগ্য পাইব। সত্যকে কেউ চাপা দিয়া রাখিতে পারে না। সত্য স্বতঃপ্রকাশিত বস্তু, তাহা প্রকাশিত হইবেই। আমরা নিষ্কপট সত্যানুসন্ধিৎসু হইলেই সত্যের সন্ধান পাইব।

কি আশ্চর্য্য! যার ধন নাই সেই ব্যক্তি লোকের নিকট নিজেকে ধনী বলিয়া জাহির করিবার জন্য ব্যস্ত। ধনবানের কিন্তু এইরূপ দুর্ব্বুদ্ধি নাই। ধর্ম্মরাজ্যেও এইরূপ চিত্তবৃত্তির অভাব নাই। আমার হৃদয়ে ভক্তি নাই কিন্তু বাহিরে ভক্তি দেখাইবার জন্য আমি ব্যস্ত, লোকে ভক্ত না বলিলে মনে শান্তি আসে না। গৌড়ীয় মঠ এই বিচারের পক্ষপাতী নহেন। তাঁহারা এ জগতে কাহারও স্তুতি বা নিন্দার ধার ধারেন না। কৃষ্ণ-কার্ষ্ণের প্রীতি-বিধানই তাঁহাদের একমাত্র লক্ষ্য। বিশ্বের লোক তাঁহাদের সেবাপথে শত বাধাপ্রদান করুক না কেন, সেদিকে কোন দৃকপাত না করিয়া তাঁহারা আরও অধিকতর উৎসাহের সহিত সেবাপথে অগ্রসর হন।

জগতের সবই উল্টা। এ জগতের লোক দোষ ঢাকিয়া নিজের গুণ-কীর্ত্তনে অগ্রসর কিন্তু ভক্ত পথের পথিকগণ কেবল নিজের দোষ অনুসন্ধান করিয়া তাহা সংশোধন করেন এবং সতত গুরুবৈষ্ণবের মহিমা কীর্ত্তন করেন। নিজগুণগ্রাম বাহিরে প্রকাশ ত' দূরের কথা, এমন কি অন্তরেও ঠাঁই দিতে চান না।

প্রচলিত "চোর বলে ঐ চোর" কথাটি প্রায়ই বলিতে শুনা যায়। চোর সাধুকে বলে— ঐ চোর। বলিবার উদ্দেশ্য এই যে, তাহাকে কেহ যেন চোর মনে না করে। দোষী ব্যক্তি অপর নির্দ্দোষকে লোকপ্রতারণার উদ্দেশ্যে তাহারই মত চোর মনে করে এবং সাধু ও অসাধু উভয়েই সমান বা কখনও কখনও সাধুই চোর বলিয়া লোককে বুঝিতে প্রয়াস করিয়া থাকে। সজ্জন ব্যক্তিগণ চিত্তবৃত্তি দেখিয়া বা ব্যবহার দেখিয়াই তাহার স্বরূপ নির্দ্ধারণ করিয়া থাকে।

শ্রীশ্রীল আচার্য্যদেবের হরিকথার মর্ম্ম

[স্থান—অবিদ্যাহরণ নাট্যমন্দির
কাল—অপরাহ্ণ ৪ ঘটিকা,
তারিখ—২৫শে ফেব্রুয়ারী, ১৯৩১]

নানাশাস্ত্রবিচারণৈকনিপুণৌ সদ্ধর্ম্মসংস্থাপকৌ... বৈরাগ্যাচরণে চ পরমার্থকৃপাং প্রতিকূলত্যাগী

শ্রীরূপং তদুদারভ্রাতরসুপূর্ব্বং সাধুর্বীং

গোষ্ঠবাটীন্।

রাধাকৃষ্ণ-পদারবিন্দভজনানন্দেন মত্তালিকৌ
প্রাপ্তো যস্ত প্রথিতকৃপয়া শ্রীগুরুং

তং নতোঽস্মি॥

আজ পরিক্রমার দ্বিতীয় দিবস। আজ সীমন্তদ্বীপ পরিক্রমা হ'ল। সীমন্ত দ্বীপ—শ্রবণাখ্য-দ্বীপ। আত্মনিবেদন ক'রে—সাধুর নিকট অভিগমন ক'রে—সদ্গুরুর চরণাশ্রয় ক'রে গুরুপাদপদ্মে অভিষেক অনুষ্ঠান—শ্রবণ 'গুর্ব্বাশ্রয়াৎ কৃষ্ণদীক্ষাদি শিক্ষণম্' অর্থাৎ গুরুপাদাশ্রয়ের পর তাঁহার নিকট হইতে দীক্ষামন্ত্র গ্রহণ এবং শিক্ষা ও উপদেশ গ্রহণ করতে হয়—বিশ্রম্ভের সহিত গুরুসেবা করতে হয়।

দীক্ষাকালে ভক্ত করে আত্মসমর্পণ।
সেই কালে কৃষ্ণ তাঁরে করে আত্মসম॥

কৃষ্ণদীক্ষা ও শিক্ষা দুই-ই দরকার। শ্রবণ করতে হয় কীর্ত্তনকারীর নিকট। শ্রীগুরুদেব—কৃষ্ণকীর্ত্তনকারী। মন্ত্রোচ্চারণকারী—দীক্ষাগুরু; কৃষ্ণভজনবিষয়ে যিনি ভজনের কথা বলেন, তিনি শিক্ষাগুরু। কি ক'রে কৃষ্ণের সুখ হয়, যিনি বলেন, তিনিই শিক্ষাগুরু। নাম-ভজনশিক্ষাদাতা তিনি। আত্মনিবেদনের পর শ্রবণ করতে হবে। প্রথমেই শ্রবণ। প্রথমাবস্থায়—শিষ্য। শ্রবণাদি নবধা ভক্তি নিত্য। ইহা সাধকের অনুশীলনের সাধন নয়, সিদ্ধির পরেও চলবে। জ্ঞান ও প্রেম লাভের পরেও শ্রবণ-কীর্ত্তন করতে হ'বে। কা'র শ্রবণ কীর্ত্তন? শ্রীহরি-কথার শ্রবণ-কীর্ত্তন। শব্দ বা কথাকারে—শব্দাকারে ভগবান্ অবতীর্ণ হন। শব্দের আকারে ভগবানের বিলাস। শব্দী—যাঁহার শব্দ, যাঁ'র নাম তিনি শব্দী। কীর্ত্তিত শব্দ বা কথা শব্দের নির্দ্দেশ্যতায় শ্রবণকারীর শ্রবণপথে প্রবেশ করেন। এই কথা-শ্রবণ নিত্যকাল চলবে। অর্থাৎ শিষ্যত্ব নিত্য, যেমন গুরুর কীর্ত্তন বা শিক্ষকত্ব নিত্য, সেইরূপ। শিষ্য শ্রবণ করেন, গুরু কীর্ত্তন করেন। আমি গুরুর ভৃত্য—ইহাই শিষ্যের উপলব্ধি—ইহাতে দম্ভ নাই। এখানে সর্ব্বপ্রকারে কীর্ত্তনকারী গুরুর কাছে শাসিত হ'বার বিচার। শাসিত হওয়াই শিষ্যত্ব। তাঁ'র মুখে অবতীর্ণ যে ভগবৎকথা, তাহা চিন্ময়রূপে অবতীর্ণ। সেই শব্দরূপী ভগবান্ সেবোন্মুখ চেতন ইন্দ্রিয়ে অবতীর্ণ। তাঁ'র দ্বারা শাসিত হওয়া দরকার। শিষ্যরূপে উপলব্ধি সম্বন্ধ।

পরীক্ষিৎ শ্রবণে সিদ্ধিলাভ ক'রেছিলেন। তিনি জানতে পেরেছিলেন, তাঁ'র আয়ুর আর সাতদিন বাকী। তাই তিনি মুমূর্ষুর কৃত্য কি জানতে চেয়েছিলেন। এ সম্বন্ধে অনেকে অনেক কথা ব'লেছিলেন। কিন্তু তা'তে তিনি সন্তুষ্ট হ'তে পারেন নাই। ভাগবতের দৃষ্টিতে তাঁ'র কোন অভাব ছিল না। তবু সর্ব্বাপেক্ষা অধিক লাভবান্ কিসে হওয়া যায়, সেইটাই তাঁ'র দরকার হ'য়েছিল ব'লে তিনি এত ব্যাকুল হ'য়ে ছিলেন। ভগবানের সেবা-লাভ—সর্ব্বাপেক্ষা অধিক লাভ। সর্ব্বাপেক্ষা লাভের শেষ সীমা—ভগবৎ-সেবা-প্রাপ্তি। ইহা কি ক'রে লাভ হ'বে এই ইচ্ছা তাঁ'র অন্তরে জেগেছিল। সেখানে অনেক দেবর্ষি, মহর্ষি প্রভৃতি ছিলেন, কিন্তু তাঁ'র কথার উত্তর অন্য কেউ দিলেন না। উত্তর দিলেন—শ্রীল শুকদেব গোস্বামী প্রভু। সকলেই একবাক্যে শ্রীশুকদেবকে সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠবক্তা ব'লে নির্দ্দেশ করলেন। তাঁ'র শুদ্ধত্বে কারও সন্দেহ ছিল না। তাঁ'র কাছে হরিকথা—শ্রীমদ্ভাগবতে গৌরকথাই শুনলেন

ধ্যেয়ং সদা পরিভবঘ্নমভীষ্টদোহং
তীর্থাস্পদং শিববিরিঞ্চিনুতং শরণ্যম্।
ভৃত্যার্তিহং প্রণতপালভবাব্ধিপোতং
বন্দে মহাপুরুষ তে চরণারবিন্দম্॥

(ভাঃ ১১।৫।৩৩)

হে প্রণতপালক, হে মহাপুরুষ, (মহাভাগবত লীলাভিনয়কারী মহাজন) আপনিই একমাত্র শুদ্ধজীবের নিত্য ধ্যেয় বস্তু, আপনিই জীবের মোহ-বিনাশক, আপনিই বাঞ্ছাকল্পতরু, নিখিল তীর্থের আশ্রয়, শিব-বিরিঞ্চির (সদাশিবরূপ শ্রীঅদ্বৈতাচার্য্য ও ব্রহ্ম হরিদাস ঠাকুরের) বন্দ্য, আপনিই সর্ব্বকারণ, দাসগণের আর্ত্তি-হরণকারী এবং ভবসমুদ্রের একমাত্র ভেলাস্বরূপ। আমি আপনার পাদপদ্ম বন্দনা করি।]

ত্যক্ত্বা সুদুস্ত্যজসুরেপ্সিত-রাজ্যলক্ষ্মীং
ধর্ম্মিষ্ঠ আর্য্যবচসা যদগাদরণ্যম্।
মায়ামৃগং দয়িতয়েপ্সিতমন্বধাবদ্
বন্দে মহাপুরুষ তে চরণারবিন্দম্॥

(ভাঃ ১১।৫।৩৪)

[হে মহাপুরুষ, আপনি প্রাণ অপেক্ষাও সুদুস্ত্যজা রাজলক্ষ্মী (অর্থাৎ আপনার অভিন্ন শক্তি)—যাঁহার (কৃপা-কটাক্ষ) দেবতাগণেরও বাঞ্ছিত, সেই মহালক্ষ্মীকে (বিষ্ণুপ্রিয়াকে) পরিত্যাগ করিয়া কোনও ব্রাহ্মণের শাপে তাঁহার বাক্যরক্ষার্থ সন্ন্যাসলীলা-প্রকটন, আবার বাহিরে আর্য্যরূপ মর্য্যাদা বা বৈধী ভক্তি পালনরূপ ধর্ম্ম আচরণ করিয়াছেন এবং মায়ামৃগ অর্থাৎ মায়ার অনুসরণকারী (অজামিলাদি, চোর, ভণ্ড, কুতার্কিক, পাষণ্ড, অধম পড়ুয়া প্রভৃতি সংসারাবিষ্ট জনসমূহের প্রতি মহাকরুণা প্রদর্শনাভিলাষে নিজচরণ-স্পর্শ প্রদান দ্বারা ভগবদ্ভক্তি-বিতরণরূপ (উত্তর ও দক্ষিণ ভারতে) গমন করিয়া সেই ভবার্ণব-নিমগ্ন জনগণকে কৃষ্ণপ্রেমসিন্ধুতে নিমজ্জিত করিয়াছেন, আমি আপনার চরণারবিন্দ বন্দনা করি।]

পরীক্ষিৎ যাগযজ্ঞাদি যথেষ্ট করতে পারতেন কিন্তু যোগ, ব্রত, তপস্যা প্রভৃতি না ক'রে শুধু কৃষ্ণের কথা শুনলেন। যদি শুনতে হয়, তবে কৃষ্ণের কথা শুনাই দরকার। মুমূর্ষু অবস্থায় এত অল্প সময়ে পূর্ণবস্তু প্রাপ্তির এত সহজ উপায় আর ইহা ছাড়া আর কিছু নাই।

সময় অল্প, লোকবল নাই। এমতাবস্থায় পূর্ণবস্তুপ্রাপ্তি কি ক'রে হয়? শ্রীমদ্ভাগবত-শ্রবণে তাহা লাভ হয়। শ্রীশুক গোস্বামী সভামধ্যে আবির্ভূত। শ্রীশুকদেবের নিকট তাঁ'র গুরু ব্যাস, নারদ প্রভৃতিও শুনলেন। সকল পথেরই লোক সেখানে ছিল। ব্রহ্মরাত শ্রীশুকদেব তাঁ'র গুরু ব্যাসদেবের নিকট কৃষ্ণকথা শুনে আত্মারাম হ'য়েও ভগবৎপ্রেমলাভকারী। তিনি ত্রিভুবনের শ্রেষ্ঠ। তাই তিনি বললেন, আর পরীক্ষিৎ শুনলেন।

নিত্যকাল শিষ্য থাকাই একমাত্র কর্ত্তব্য। বৈষ্ণব ঠাকুরের নিকট শুনতে হয়। কীর্ত্তন—গান, কথা, রচনা, প্রবন্ধ আকারে আছে। কীর্ত্তনের মধ্যেই সব আছে। কীর্ত্তনাখ্য শ্রীগোদ্রুমদ্বীপের আশ্রিত ঠাকুর শ্রীভক্তি-বিনোদ কৃষ্ণকীর্ত্তনকারী। কীর্ত্তনকারীর মুখে কীর্ত্তন শ্রবণ করলে শ্রবণকারীর হৃদয়ে আত্মনিবেদন পূর্ণভাবে উদিত হ'বার সুযোগ হয়। কীর্ত্তনাখ্যা-ভক্তি আত্মনিবেদন ও শ্রবণকে প্রকট করায়। ভক্তিবিরোধী যুগে সর্ব্বত্রই যেখানে মারামারি, সেই কলিযুগে শ্রবণ-কীর্ত্তনই আশ্রয়। কলি মানে—বিবাদ। যেখানে দুই পক্ষে দ্বন্দ্ব, সেখানে ঐক্য নাই বা একতানতা নাই। যাঁ'কে পে'লে সব পাওয়া হ'য়ে যায়, যাঁ'কে জানলে জানতে আর কিছু বাকী থাকে না, আত্ম-

নিবেদন ক'রে তাঁ'র কথাই শ্রবণ করতে হয়।

ব্রহ্মাণ্ড ভ্রমিতে কোন ভাগ্যবান্ জীব।
গুরুকৃষ্ণ-প্রসাদে পায় ভক্তিলতা-বীজ॥
মালী হঞা করে সেই বীজ আরোপণ।
শ্রবণ-কীর্তন-জলে করয়ে সেচন॥
নিত্যসিদ্ধ কৃষ্ণ-প্রেম সাধ্য কভু নয়।
শ্রবণাদি-শুদ্ধচিত্তে করয়ে উদয়॥

প্রেম—শেষ প্রয়োজন। নিজের চেষ্টার দ্বারা তাহা লাভ হয় না। শ্রবণাদি-দ্বারা শোধিত চিত্তেই প্রেম উদিত হয়। শিষ্য কখনও গুরুর আসন গ্রহণ করেন না। আমি গুরুপাদপদ্মের ধূলি, ইহাই শিষ্যের অভিমান।

শ্রবণকারীই কীর্তন করেন। বৈকুণ্ঠ-বার্তার বাহকসূত্রে তিনি সকলকে সে কথা বলেন, গুরুর অনুগত হন বা গোষ্ঠী-বর্দ্ধন করেন, গুরুর আসন গ্রহণ করেন না। গুরুর সমান অভিমান তাঁ'র নাই। গুরুর নাম—চিদ্বিলাস। যোগশাস্ত্রে পরেও যেখানে গুরু গুরুত্ব থাকে, তাহাই চিদ্বিলাস। শিষ্য গুরুর সাযুজ্য লাভ করেন না।

গোপী—গুরু। জগন্নাথ, গুরুনাথ হ'চ্ছেন—কৃষ্ণ। তিনি গোপীনাথকে বল্ছেন,—"আমাকে শোধন কর, আমি শিষ্য থাক্ব।" যিনি আমার গুরু, তিনি আবার তাঁ'র গুরুর শিষ্য অভিমান কর্ছেন।

মন্নাথ তে মম নমোঽস্তু নমোঽস্তু নিত্যম্।
দাস্যায় তে মম রসোঽস্তু রসোঽস্তু সত্যম্॥

তুমি আমাকে বান্ধব মনে কর্তে পার আমাকে শিক্ষা দেওয়ার জন্য, কিন্তু আমি জানি, আমি তোমার নিত্য দাস। শিষ্যের দাস্যাভিমানই প্রধান। সিদ্ধির পর পরস্পর বন্ধুত্ব। তাতেই আমার উল্লাস হোক্। আমি তোমার পাদপদ্মের দাস। একসঙ্গে বসা'তে চাইলেও আমি বস্‌ব না, এটা আমার সত্য। তোমার সহিত সমান আসনে আমি বস্‌ব না। আমি দাস। আমার হৃদয় দাস্যরস-ভাবিত হোক্, ইহাই শিষ্যের প্রার্থনা।

শুনিয়াছি সাধুমুখে বলে সর্বজন।
শ্রীরূপ কৃপায় মিলে যুগলচরণ॥
হাহা প্রভু সনাতন গৌর-পরিবার।
সবে মিলি বাঞ্ছা পূর্ণ করহ আমার॥
শ্রীরূপের কৃপা যেন আমা প্রতি হয়।
সে পদ আশ্রয় যার, সেই মহাশয়॥
প্রভু লোকনাথ কবে সঙ্গে লঞা যাবে।
শ্রীরূপের পাদপদ্মে মোরে সমর্পিবে॥
হেন কি হইবে মোর নর্মসখীগণে।
অনুগত এ অধমে করিবে শাসনে॥

সেখানে কেবল ইন্দ্রিয়তর্পণরূপে শ্রবণ। কৃষ্ণের মাতাপিতৃগণও নন্দের সুখ চাচ্ছেন। সকলেরই পরস্পর অনুগত অভিমান। চিত্রক-পত্রকের বেলায়ও তা'ই। নিজেকে গুরু বলা উচিত নয়। শিষ্য থাকা দরকার। শ্রীগুরুদেবের শ্রীমুখে কীর্তন শ্রবণ করতে হয়। গুরুদেব যখন বলেন, কীর্তন কর, তখন যে কীর্তন বা পাঠ করা হয়, তাহা শ্রবণেরই নামান্তর। ভক্তিশাস্ত্রপাঠ—শ্রবণ, শিষ্য হ'য়ে পড়া। যদিও পাঠটা বাহিরে দেখ্‌তে কীর্তন, তথাপি ব্যাখ্যাটা শিষ্য হ'য়ে ব্যাখ্যা। শ্রবণমুখে উচ্চারণ করা হ'চ্ছে। নিজ হৃদয়ের সঙ্গে মিল ক'রে ব্যাখ্যা করা যাচ্ছে। সেই ব্যাখ্যাদি সব করা যাচ্ছে শিষ্য হ'য়ে এবং তৎকার বেদব্যাসরূপী যে আমার গুরু বা বৈষ্ণব ঠাকুর, তাঁ'র হৃদ্গত ভাব উপলব্ধি ক'রে। উপলব্ধি ক'রে যে পাঠ সেখানেও শ্রবণ। শ্রবণকারী যখন কীর্তন করে, সেই কীর্তনও শ্রবণ। তাহা গুরুর কীর্তিত কথারই পুনরুক্তি। Power house থেকে শক্তি-সঞ্চার হচ্ছে। ভগবৎসেবার মূল উৎস—তিনি, তিনি Pipeএর সাহায্যে জল দিচ্ছেন, কিন্তু Pipe যদি বলে আমি জল দিচ্ছি, তা' হ'লে অপরাধ হ'বে। শ্রীগুরুদেবের প্রাপ্ত শিক্ষা সেবোন্মুখ কর্ণ দ্বারা পান ক'রে, কর্ণ দ্বারা দর্শন ক'রে বিতরণ হ'চ্ছে। মহাপ্রভু ব'লেছেন,—

যারে দেখ তারে কহ—কৃষ্ণ উপদেশ।
আমার আজ্ঞায় গুরু হঞা তার
এই দেশ॥
ইহাতে না বাধিবে তোমার বিষয়-তরঙ্গ।
পুনরপি এই ঠাঞি পাবে মোর সঙ্গ॥

মহাপ্রভুর এই আদেশ পালন করছেন গুরুগণ। সেই আদেশ শ্রীরূপ-সনাতন-রঘুনাথ-কবিরাজ- নরোত্তম-বিশ্বনাথ-বলদেব-জগন্নাথ-ভক্তিবিনোদ-গৌরকিশোর-সরস্বতী-ধারায় চ'লে আস্ছে। মহাপ্রভুর আদেশ ও শিক্ষা আমার শ্রীগুরুপাদপদ্ম পর্য্যন্ত এসেছে। গৌড়ীয়মঠ বল্‌ছেন, কাণ দিয়ে দেখ, আস্বাদন কর, স্পর্শ কর। পৃথিবীর কেউ বল্‌বে না কাণ দিয়ে দেখ কিন্তু গৌড়ীয়মঠ বলেন, শ্রবণ কর, শিষ্য হও। শ্রবণই দর্শনকে নিয়ন্ত্রিত করবে, চক্ষুকে 'সেবক' করবে—হৃদয়কে শোধন করবে।

আগে শোন। মন বড় বিশ্বাসঘাতক। সেই মন শোধিত হয় শুধু শব্দদ্বারা। ভগবৎকথা—নিত্যানন্দের কথা চিত্তকে শোধিত করে। গুরুকে চক্ষুকে সেবক করে, চক্ষুর দর্শন বদ্‌লে দেয়। গৌড়ীয়-মঠের সেবক শ্রবণরূপে দেখে। সে নিজেকে দৃশ্য দেখে, দ্রষ্টার অভিমান তাঁ'র নাই। সে জানে—

আসক্তি-রহিত, সম্বন্ধ-সহিত,
বিষয়সমূহ সকলি মাধব।

সে বিষয়কে দ্রষ্টা এবং নিজকে দৃশ্য জ্ঞান করে; আর অন্যান্য সকলে দর্শক অভিমান করে, তবে দেখে। গৌড়ীয়মঠ বলেন,—নিজকে দৃশ্য জ্ঞান কর। মাধবের দর্শনীয় তুমি—ধাম ও ধামবাসীর দর্শনীয় তুমি। সৃষ্টিছাড়া ব্যাপার। জগতের ধারণার সঙ্গে বিলম্ব। বক্তৃতাক্ষেত্রে অনেক বক্তা দেখা যা'য়। কিন্তু এঁরা বক্তা নন। বক্তা যা বল্‌বে, যাঁ'কে লক্ষ্য কর্‌বে, সেই বস্তু একটা। যাঁর কথা তিনি ও কথা একটা জিনিষ। তিনি চেতন। তিনি পূর্ণ, শুদ্ধ, নিত্য মুক্ত। সেই কথার রূপ,গুণ ও পরিকর আছে। কথা লীলা করতে পারে, কথার আকার আছে। যে কীর্তনকারীর এই বিশ্বাস আছে, তাঁর কাছে শিষ্য হ'য়ে থাক। বিস্ময়ের কথা! তুমি চোখ্ দিয়ে দেখো না। শব্দ ও রূপ বা আকার একটা জিনিষ। ভক্ত নিজকে মাধবের দৃশ্য জানেন। মাংসচক্ষুতে দেখ্‌তে গেলেই বঞ্চনা করবে, পশ্চাৎ দেখ্‌লে, তা'তে মোহগ্রস্ত হ'য়ো না, মূঢ় হ'য়ো না, নিজকে দর্শনীয় জ্ঞান কর। তিনি স্বপ্রকাশ। তুমি দেখ্‌তে গিয়ে জড় দেখ্‌ছ। তুমি জীবকে দেখ্‌তে গিয়ে তাঁ'র দেহ ও মন লক্ষ্য কর্‌ছ তোমার চেতন-দর্শন হ'চ্ছে না। তাই তোমার দর্শনের মধ্যে সাড়া দেয় না, reciprocate করে না, তোমাকে স্বরাটের সন্ধান দেয় না, কথা বলে না। জড় বস্তু তোমার সঙ্গে আলাপ করে না, কথা বলে না। যেমন গোল দাও, তাই থাকে। তুমি আত্মার দ্বারা আত্মাকে দেখ। সদ্গুরুর নিকট শ্রবণ ক'রেছেন যিনি, সদ্গুরুর চরণে নিজকে পূর্ণভাবে ঢালি দিয়েছেন যিনি, যদি তাঁ'র কাছে শোন, তা হ'লে চক্ষুর দর্শন পেয়ে যা'বে। তখন কাণ দিয়ে দেখ্‌বে। গৌড়ীয়-মঠসেবক বলেন,—সে জগৎ থেকে যে সকল কথা আস্ছে তা' শ্রদ্ধাপূত কর্ণ-পুটে পান কর।

কৃষ্ণনাম ধরে কত বল।
বিষয়-বাসনানলে, মোর চিত্ত সদা জ্বলে,
রবিতপ্ত মরুভূমি-সম॥
কর্ণরন্ধ্র পথ দিয়া, হৃদি মাঝে প্রবেশিয়া,
বরিষয় সুধা অনুপম।
হৃদয় হৈতে বলে, জিহ্বার অগ্রেতে চলে,
শব্দরূপে নাচে অনুক্ষণ॥

আপনা থেকেই বেরোবে। জল যখন আস্‌বে তখন আপনিই পড়্‌বে। দর্শক সেজো না। দর্শক সাজ্‌লে সাড়া দেবে না, তোমাকে ঠকাবে। শিষ্য হও। শ্রবণ-রূপ ভক্তি হ'তে বিচ্যুত হ'য়ো না। ভগবৎ-রাজ্যের বার্তাটা গুরুদেব দয়া ক'রে আমাদের বলেন, কৃষ্ণের সঙ্গে আমাদের যোগাযোগ ক'রে দেন। তাঁরা কিছু চান না। যেখানে আদায়ের চেষ্টা, সেখানে সেবা নাই, সে সেবক নয়, সে শিষ্যাভিমানী হ'লেও বিলাসী। যেখানে পূর্ণ বস্তুতে নিজেকে সম্পূর্ণভাবে বলি দেবার চেষ্টা, সেখানেই শ্রবণের আদর্শ। আমাদের গুরুদেব বল্‌ছেন,—

আসক্তি রহিত, সম্বন্ধ সহিত,
বিষয় সমূহ সকলি মাধব।

সকলই মাধব। বিষয়ী বা বিলাসী—কৃষ্ণ। আমি বিষয়ী নই। যার জায়গা-জমি আছে, তাকেই সাধারণ লোক বিষয়ী বলে। যে ইন্দ্রিয়ভোগের বিষয় নিয়ে থাকে তা'কে বিষয়ী বলে। আব্রহ্মস্তম্ব সকলেই বিষয়ী। প্রকৃত বিষয়ী মাধব। গৌরের সংকীর্তন বিলাসে যোগ দিতে হ'বে। সর্বাপেক্ষা প্রিয়তম সেবকের চিত্তবৃত্তি দিয়ে সর্বজ্ঞ স্বয়ংরূপ শিক্ষা দিচ্ছেন—কি ক'রে নামের চরিতার্থতা করতে হয়। সংকীর্তন-বিলাসে যোগদান করলেই মঙ্গল হ'বে। নাম-বিলাসে যোগদান করা—কাণ দিয়ে দেখা দরকার। আগে উন্মুখ হও। উন্মুখ হ'য়ে সেই বৈকুণ্ঠকথামৃত সর্বক্ষণ পান কর। কর্ণ হৃদয়কে শোধিত করবে, কর্ণদ্বারা সম্বন্ধ-জ্ঞান লাভ হ'বে।

পুরুষোত্তমের পুরুষত্ব বজায় রাখ। নিজকে পুরুষ মনে ক'রো না। তিনি ইন্দ্রিয়-গ্রাহ্য ন'ন। সেই পুরুষের ভোগ্য বা দৃশ্য হও। তাঁ'র যাতে সুখ হয়, সেই চেষ্টা নিয়ে তাঁ'র কাছে যাও। তাঁ'র উপর প্রভুত্ব ক'রো না, সর্বতোভাবে তাঁ'র সেবা ক'রে, তাঁ'কে সর্বস্ব দিয়ে তাঁ'কে সুখ দাও। দাসানুদাসে প্রতিষ্ঠিত হও। গৌড়ীয়মঠ-সেবকের ইহাই প্রতিষ্ঠা—মুক্ত হ'বার পরও প্রতিষ্ঠা। ইহাই বৈষ্ণবী প্রতিষ্ঠা। প্রভুপাদ ব'লেছেন,—

বৈষ্ণবী প্রতিষ্ঠা, তা'তে কর নিষ্ঠা,
তাহা না ভজিলে লভিবে রৌরব।

আগে আত্মনিবেদন ক'রে পরে শ্রবণ করতে হবে।

তচ্ছ্রদ্দধানা মুনয়ো জ্ঞানবৈরাগ্যযুক্তয়া।
পশ্যন্ত্যাত্মনি চাত্মানং ভক্ত্যা শ্রুতগৃহীতয়া॥
(ভাঃ ১।২।১২)

আত্মদর্শন হ'লে সব সংশয় চ'লে যা'বে, কপকপ থাকবে না। শিষ্য হ'য়েও গুরুর আনুগত্যে থেকে শুদ্ধ বৈষ্ণবের মুখে কথা শ্রবণ করতে হ'বে এবং নিজের পক্ষে একমাত্র অনুশীলন—এই শ্রবণ। এইরূপ চিত্তবৃত্তি হোক আমার সব, ইহাই আপনাদের আমার প্রার্থনা।

শুদ্ধভক্তি-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠ

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীচন্দ্রশেখর ভবনে শ্রীচৈতন্যমঠ, পরবিদ্যা-পীঠ, শ্রীশ্রীরাধাকৃষ্ণ শ্রীগৌর-গোপাল আদায় চতুর্ব্যূহ বিগ্রহ আছেন। সুপ্রাচীন ব্রজ-মণ্ডলপরিক্রমা'-'নদীয়া' প্রকাশ'বিভাগ আছে।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪২১৫
কলিকাতায় শ্রীভক্তিবিনোদ-আসনে [illegible] প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, সঙ্কীর্ত্তন, প্রাচীনঠাকুরের সেবায়-শ্রীমদ্ভাগবতাদি গ্রন্থের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও হারমনিষ্ট পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়।

(৩) যোগপীঠ-মায়াপুর-পীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব ভূমি মহাযোগপীঠ।

(৪) শ্রীবাস অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং ম বর্ত্তমান।

(৬) মুরারিগুপ্তের পাট

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৭) কাজি-সমাধি-পাট

প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি।

(৮) অনুকূলকৃষ্ণানুশীলনাগার

শ্রীধাম মায়াপুর

(৯) স্বানন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ জাননগর (বর্দ্ধমান)

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মাউগাছি, পোঃ জাননগর, (বর্দ্ধমান)
শ্রীব্যাসাবতার ঠাকুর বৃন্দাবনের স্থান

(১৩) ঋতুদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(১৪) জহ্নুদেব-গৌড়ীয়মঠাশ্রম

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ

গৌড়পুর, নদীয়া

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ

মাজিদা (শ্রীনৃসিংহদেব মন্দির নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৭) কুলিয়াকুটীর

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৯) প্রপন্নাশ্রম

গোবিন্দপুর, পোঃ চাঁদপাড়া, (নদীয়া)

(২০) মহেশ-পণ্ডিতের পাট

কাঁচাপাড়া, পোঃ চাকদা (নদীয়া)

(২১) রাণাঘাট-গৌড়ীয়মঠাশ্রম

(২২) পুরী গৌড়ীয়মঠ

চব্বিশ পরগণা

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ

নারিন্দা পোঃ ওয়ারি, ঢাকা।
পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র।

(২৪) গোপালজীউমঠ

কমলাপুর, পোঃ ঢাকা

(২৫) নিতাই-গৌরাঙ্গ মঠ

পোঃ বালিয়াটি, (ঢাকা)

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

বড়বাজার, পোঃ ময়মনসিংহ

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চকচকা, কামরূপ (আসাম)

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

৩নং পাশার বিল্ডিং, দার্জ্জিলিং

(৩০) সারস্বত-গৌড়ীয়মঠ

পোঃ নৈমিষার, জিঃ সাহারণপুর, ইউ, পি

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

[illegible] পাটনা।

(৩২) গয়া গৌড়ীয়মঠ

[illegible] রোড, গয়া

(৩৩) সনাতন-গৌড়ীয় মঠ

৮।১১ বড় মহাদেব, বেনারস সিটি

(৩৪) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

(৩৫) [illegible] মঠ,

পোঃ নিমসার, সীতাপুর ইউ পি।

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়

বিশ্রামঘাট, পোঃ মথুরা

(৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ

গোপালপুর, বৃন্দাবন

(৩৯) নন্দগ্রাম-গৌড়ীয়মঠ

পোঃ রাধাকুণ্ড। মথুরা

(৪০) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪১) রাধাকুণ্ড গোবর্দ্ধন

(৪২) শ্রীগোবর্দ্ধনমঠালয়

গোবর্দ্ধন, মথুরা

(৪৩) সঙ্কেত বিহারী মঠ

বরষাণা, মথুরা।

(৪৪) নন্দগ্রাম গৌড়ীয়মঠালয়

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৫) বর্ষাণা গৌড়ীয়মঠালয়

পোঃ বর্ষাণা, মথুরা

(৪৬) গোকুলবিহারী মঠ—দেলাদী,

পোঃ [illegible], জেলা গুরুদাসপুর (পাঞ্জাব)

(৪৭) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

(৪৮) দিল্লী গৌড়ীয় মঠ

৩৫নং রেডমান রোড, নিউ দিল্লী;

(৪৯) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, কম্বালাহিল বিল্ডিং বোম্বে ৭

(৫০) মাদ্রাজ-গৌড়ীয়মঠ

পোঃ রায়পেট্টা, মাদ্রাজ
ইঁহাতে শ্রীগুরুগৌরাঙ্গ-গান্ধর্ব্বিকাগিরিধারীর সেবা

(৫১) রামানন্দ গৌড়ীয়মঠ

পোঃ কভুর, পশ্চিম গোদাবরী মাদ্রাজ
প্রেসিডেন্সি

(৫২) পুরুষোত্তম গৌড়ীয়মঠ

সমুদ্রতীর, পোঃ স্বর্গদ্বার, (পুরী)

(৫৩) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা

(৫৪) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৫) সাক্ষীগোপাল-কুটী

(৫৬) জিয়ড়-নৃসিংহ-গৌড়ীয়মঠ

পোঃ আলালনাথ, পুরী

(৫৭) সচ্চিদানন্দ মঠ

বালিয়াটি, পোঃ কটক। উড়িষ্যা।

(৫৮) বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ

(৫৯) শ্রীব্রজনাথ গৌড়ীয় প্রপন্নাশ্রম

পোঃ রেমুণা, বালেশ্বর

(৬০) [illegible] মঠ

চিকলিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর

(৬১) জলেশ্বর গৌড়ীয়মঠ

পোঃ জলেশ্বর, মেদিনীপুর

(৬২) আমলাজোড়া প্রপন্নাশ্রম মঠ

পোঃ পানাগড় (বর্দ্ধমান)

(৬৩) চৈতন্য গৌড়ীয়মঠ

ভুবনেশ্বর, পোঃ [illegible], (মানভূম)

(৬৪) রেঙ্গুন গৌড়ীয়মঠ

৩০১ নং বেলিসন ষ্ট্রীট, রেঙ্গুন।

(৬৫) লণ্ডন গৌড়ীয়মঠ

ফ্ল্যাট নং ২
৩১, আর্লিংটন
গ্লাডষ্টন, লণ্ডন, ড ৫

(৬৬) গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

১৫।৩, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা

(৬৭) গৌড়ীয়মঠ অফিস

ফিরোজ রোড, লক্ষ্ণৌ (ইউ পি)

(৬৮) শ্রীবিদ্যানিধি গৌড়ীয়মঠালয়

সদরঘাট, চট্টগ্রাম

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীমহানন্দ ব্রহ্মচারী ভক্ত্যালোক, ভক্তিশাস্ত্রী কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

-:(০):-

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ৩ দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ৩ দিনের জন্য	পরবর্ত্তী দিনের
প্রতিবারে প্রতি লাইনে ।০	।৵০	।৵০		।০
" " ইঞ্চি ৩৲			১।০	১৲
সিকিকলম ৫৲	৪০			৩৲
" অর্দ্ধকলম ৮৲	৬৲		৬৲	৫৲
" এক কলম ১২৲	১০৲		১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিবারে প্রতি ইঞ্চি ৩৲	২।০
" সিকি কলম ১৫৲	১২৲
" অর্দ্ধকলম ২৫৲	১৮৲
" এক কলম ৩৫৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৸০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা ৴৫। বিশেষ সংখ্যার দ্বিগুণ মূল্য।

শ্রীধাম-মায়াপুরে

—(:০:)—

—"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট"—

—::০::—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকট। বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক খোলা। শিক্ষকগণ সৎ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে খাবার ও লেখাপড়ার খরচ প্রতি মাসে মাত্র ৬৲ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। বর্ত্তমান বর্ষে ১৬ জন বালকের মধ্যে ১৫ জন ভালভাবে উত্তীর্ণ হইয়াছে।

মেধাবী ছাত্রগণের আরও সুবিধা

পরীক্ষায় যাহারা শতকরা ৭৫ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ সচ্চরিত্র দরিদ্র ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক-সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতিসুন্দরভাবে আলোচিত হইয়াছে। এই এক অপূর্ব্ব গৌরব বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

শ্রীচৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত অতিসুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত ইহার ভিক্ষা মাত্র ৪৲ টাকা। প্রাপ্তিস্থান শ্রীযুক্ত নন্দকিশোর ভক্তিশাস্ত্রী, শ্রীযোগপীঠ, ঈশোদ্যান, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীসরস্বতী-সংলাপ

প্রথম খণ্ড

শ্রীশ্রীব্রহ্মমাধ্ব গৌড়ীয়সম্প্রদায়ৈকসংরক্ষক জগদ্গুরু পরমহংসকুলচূড়ামণি নিত্যলীলা-প্রবিষ্ট ১০৮শ্রী শ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামি-প্রভুপাদ বিভিন্ন জিজ্ঞাসু ও শুশ্রূষু সজ্জনবৃন্দের পরিপ্রশ্নোত্তরে ও সংশয়-নিরাকরণকল্পে যে-সকল শুদ্ধভক্তিসিদ্ধান্তবাণী কীর্ত্তন করিয়াছেন, যাহা তাঁহার প্রকটকালেই 'গৌড়ীয়' সম্পাদক শ্রীযুক্ত সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ প্রভুপাদেরই শ্রীচরণে সংশোধিত করাইয়া রাখিয়াছিলেন এবং যাহার কিয়দংশ গৌড়ীয়পত্রে প্রকাশিত হইয়াছে, তাহা "শ্রীশ্রীসরস্বতী-সংলাপ" নাম দিয়া শ্রীল প্রভুপাদের 'বক্তৃতাবলী' ও 'পত্রাবলী' আকারে খণ্ডে খণ্ডে প্রকাশিত হইতেছেন। বর্ত্তমানে শ্রীল প্রভুপাদের প্রথমবার্ষিক বিরহতিথিপূজা-বাসরে এই গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছেন। মানবজীবনের বহু জটিল সমস্যা ও কঠিন প্রশ্নের সমাধান ইহাতে পাওয়া যাইবে। ভক্তিপথের পথিকমাত্রেরই এই গ্রন্থ সংগ্রহ একান্ত প্রয়োজন।

শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী

—::(০)::—

শ্রীল প্রভুপাদের চতুঃষষ্টিতম শুভাবির্ভাব-তিথিতে শ্রীল আচার্য্যদেবের অভীষ্টানুসারে "শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী" প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। ইহাতে পূর্ব্বার্দ্ধ ও উত্তরার্দ্ধ দুইটি বিভাগ আছে। পূর্ব্বার্দ্ধে শ্রীল প্রভুপাদের আদি-প্রবন্ধাবলী শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের সম্পাদিত 'সজ্জনতোষণী' শ্রীল প্রভুপাদের 'নিবেদন' সাপ্তাহিক পত্র প্রভৃতি হইতে কথাসার ও প্রয়োজনীয় অংশের টীকা-সহ প্রকাশিত হইয়াছে। উত্তরার্দ্ধে শ্রীল প্রভুপাদের সম্পাদিত 'সজ্জনতোষণী'র কতিপয় প্রবন্ধ কথাসার প্রভৃতির সহিত মুদ্রিত হইয়াছে। প্রবন্ধগুলি রচনাকালের ক্রমানুসারে গ্রথিত হইয়াছে; এতদ্ব্যতীত শ্রীল আচার্য্যদেবের একটি মূল্যবান্ উপোদ্ঘাত ও সঙ্কলনকারীর একটি বিস্তৃত ভূমিকা, শব্দ-সূচী, স্থান-পাত্র-শ্লোক ও পয়ার-সূচী প্রভৃতি গ্রন্থে সংযোজিত হইয়াছে। গ্রন্থটি উৎকৃষ্ট কাগজে পারিপাট্যের সহিত মুদ্রিত ও শ্রীল প্রভুপাদের আলেখ্যাদিদ্বারা ভূষিত ও সুন্দর বাঁধাই হইয়া প্রকাশিত হইয়াছে। প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, জিলা নদীয়া; শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ও শ্রীমাধ্বগৌড়ীয়মঠ, নারিন্দা, পোঃ ওয়ারী, ঢাকা

শ্রীল প্রভুপাদের পদ্যপ্রসূন মালা

এই গ্রন্থে ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তি-সিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের রচিত পদ্যাবলী শ্রীল আচার্য্যদেবের বিরচিত "সৌরভ" নামক ভাষ্যের সহিত প্রকাশিত হইয়াছে। শ্রীল প্রভুপাদের অনেক অপ্রকাশিত পদ্য ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ।০ চারি আনা।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

শরণাগতির বিচারটি বুঝিতে যেন ভুল না হয়। ভুলের পর্য্যায় কিছু অবকাশ আছে —ভুল sprout এবং radicate করে, অর্থাৎ উহার অঙ্কুরোদ্গম এবং মূলের আত্মগোপন হ না থাকে, সুতরাং ভুলও শরণাগতের আদর্শ নহে। "তাহার পুতলী যেন কৃষ্ণকে নাচায়"—এই অনুসারে কাঠের মত নিশ্চেষ্ট হইয়া থাকা অথবা "শরণাগতের অকিঞ্চনের একই লক্ষণ। তার মধ্যে প্রবেশয়ে আত্মসমর্পণ।" এই অনুসারে আত্মসমর্পণের নামে নিশ্চেষ্ট বা চুপ চাপ থাকাই 'শরণাগতি'—এই বিচার আদৌ ঠিক নহে, সম্পূর্ণ ভ্রম। শরণাগতির ফলে পুষ্টিবর্দ্ধন হয় না বা স্বরূপতঃ লোপ পাইয়া জড়বৎ অবস্থা লাভ হয় না।

দুঃসঙ্গ বর্জ্জন করিতে হইবে

(শ্রীঅনন্তরাম ব্রহ্মচারী, ভক্তিশাস্ত্রী)

যাঁহারা দেহ-মনোধর্ম্মী, মনই যাঁহাদের নিয়ামক, যাঁহারা গুরুবৈষ্ণবের অনুগত নহেন, জগদীশ-চিন্তার পরিবর্ত্তে জগচ্চিন্তাই যাঁহাদের হৃদয়ে প্রবল, তাঁহারা অসৎ। সৎসঙ্গস্পৃহা বা সেবাকামনা তাঁহাদের নাই। কপটতাই তাঁহাদের সম্বল। তাঁহারা শ্রীহীন —ভক্তিহীন তাঁহাদের মধ্যে কেহ কর্ম্মী, কেহ জ্ঞানী, কেহ যোগী, কেহ অন্যাভিলাষী প্রভৃতি। গুরুবৈষ্ণব-ভগবানে তাঁহাদের শরণাগতি নাই। তাঁহাদের আশা মিটে না বলিয়া তাঁহারা অশান্ত। তাঁহারা কনক-কামিনী-প্রতিষ্ঠাকামী। তাঁহারা ভগবদ্‌বহির্ম্মুখ। তাঁহারা গুরুবৈষ্ণব-ভগবানে শ্রদ্ধাহীন। তাঁহাদের ভগবদ্ভজনের অভিনয়াদি যা কিছু সব নিজসুখের জন্য। তাঁহারা স্বাধীন। এই অসদ্‌জনের সঙ্গ করিলে সহস্র সহস্র সাধন করিয়াও মঙ্গললাভ হইবে না। দুঃসঙ্গ কায়মনোবাক্যে সর্ব্বতোভাবে দৃঢ়তার সহিত বর্জ্জন করিয়া সাধুসঙ্গ করিলে তবে ভক্তিমার্গে প্রবেশাধিকার লাভ হইবে। আবার সৎসঙ্গ না করিলে এই দুঃসঙ্গের বিষয় জানাও বুঝা যায় না। দুর্জ্জনগণ বড় কপট। তাঁহারা সহসা কাহাকেও ধরা দেন না। পরন্তু নিজদিগকে সাধু বলিয়া জাহির করেন। সুতরাং সরলচিত্ত ব্যক্তিগণ

যদি বিশেষ সাবধানতা অবলম্বন পূর্ব্বক তাঁহাদের সঙ্গ হইতে তফাৎ না থাকেন এবং আমাদের সহিত সাধুসঙ্গ না করেন, তাহা হইলে বিপদের সম্ভাবনা আছে। আমি সাধুসঙ্গ ও সাধুর আনুগত্য করিলে কে সাধু-সঙ্গী, কে সাধু ও কে অসাধু বুঝিতে পারিব।

ভক্তি ও অভক্তিতে মিল হয় না। সেখানে আপোষ বা Compromiseএর কোন কথা নাই। সাধুসঙ্গেই কৃষ্ণানুশীলন করিতে হইবে, এই কথাটী বুঝিতে না পারিলে মায়া ও ভক্তের সহিত একটা Compromise করিবার ইচ্ছা হয়। কিন্তু কৃষ্ণপাদপদ্ম ভক্তগণ এসব বিষয় হইতে তফাৎ থাকেন। তাঁহারা আপোষের কোন ধার ধারেন না। 'কপটতা' যেখানে নাই, সেখানে আবার আপোষের কি কথা আছে? ভক্তের ত' আর শত্রু নাই। সুতরাং তিনি কাহার সহিত আপোষ করিবেন? তিনি ত' জগতের বান্ধব। তবে নিষ্কপট ভগবৎসেবাভিলাষী হইলেই জীব ভগবদ্ভক্তের সঙ্গলাভের সৌভাগ্য পায়।

যেখানে কপটতা, সেখানে ভক্তি নাই, সেখানে আছে অভক্তির তাণ্ডবনৃত্য। সুতরাং প্রতিষ্ঠাসংগ্রহ বা নিজ সুবিধার জন্য যেখানে লোক-দেখান বিদ্ধাভক্তির আড়ম্বর আছে, সেই অসাধুগণকে সাধু মনে করিয়া তাঁহাদের সঙ্গে থাকিলে সেখানে কেবল কোলাকুলি করা ছাড়া আর কি লাভ হইবে? অভক্তের সঙ্গে থাকিলে কখনও হরিভজন হইবে না। হরিভজন ত' দূরের কথা সংসারক্ষয়ও হইবে না। তাই বলি, সাধু সাবধান!

হরিবিমুখতাই নাস্তিকতার প্রাণ। হরিবিমুখ জগতে দুই শ্রেণীর লোক দেখা যায়। এক প্রকার সরল নাস্তিক, আর এক প্রকার কপট নাস্তিক। চার্ব্বাক ও বৌদ্ধগণ সরলভাবে বেদ অস্বীকার করেন, আর মায়াবাদি-সম্প্রদায় মুখে বেদ স্বীকার করিয়াও কার্য্যতঃ অস্বীকারই করেন। মহাপ্রভু বলিয়াছেন,—

বেদ না মানিয়া বৌদ্ধ হয় ত' নাস্তিক।
বেদাশ্রয়ে নাস্তিক্যবাদ বৌদ্ধকে অধিক।

এক শ্রেণীর লোক সরলভাবে হিন্দু, বৈষ্ণব ও ভাগবত প্রভৃতি অমান্য করেন। আর একশ্রেণীর লোক মুখে ঐ সকলের পরম ভক্ত বলিয়া নিজদিগকে জানাইয়া কার্য্যতঃ উহাদিগের বিরোধ করিয়া থাকেন। কেহ আর্য্য-সমাজীদল সাধারণভাবে হিন্দু, বৈষ্ণব বা ভাগবত মানেন না, আর বর্ত্তমান বৈষ্ণবব্রুব-সমাজ গাহিক কথাবার্ত্তা, হাবভাবে, আকারে-প্রকারে ঐ সকল বস্তুর প্রতি খুব শ্রদ্ধা দেখাইয়া থাকেন। কিন্তু কার্য্যতঃ উঁহারা হিন্দু, বৈষ্ণব, ভাগবত ও মহাপ্রভুর বিরোধ ছাড়া আর কিছুই করেন না।

বর্ত্তমানে পরদুঃখদুঃখী বৈষ্ণবাচার্য্যগণকে অবৈষ্ণবরূপে ব্যক্তিগতভাবে গালাগালি করা একটা ফ্যাসান হইয়া দাঁড়াইয়াছে। প্রাকৃত-সহজিয়াগণ মনে করেন যে, বৈষ্ণবাচার্য্য যখন জীবকল্যাণের জন্য অবৈষ্ণব, বৈষ্ণব-ব্রুব ও গুরুব্রুবগণের মুখোদ্ঘাটন করিয়াছেন, তখন তাদৃশ অপরাধী আমরাও কেন না অলোকিক বৈষ্ণবাচার্য্যকে আক্রমণ করিবার অধিকারী হইব? রোগী মনে করে, যখন সদ্বৈদ্য আমাদিগকে শাসন করিয়াছেন, তখন আমরাও তাঁহাকে কেন না শাসন না করিব? চোর মনে করে, সাধু যখন আমাকে চোর বলিয়া ধরাইয়া দিয়াছে তখন আমিও কেন না এই সুযোগে সাধুকে ছলনা-প্রকারে চোর বলিয়া প্রমাণিত করিবার যত্ন করিব? এইরূপ মনোবৃত্তি হইতেই ভক্ত পাষণ্ডগণের শ্রৌত-পন্থা বা আচার্য্যলঙ্ঘনের চেষ্টার উদয় হয়।

সৎ যেমন 'অলৌকিকগুণসম্পন্ন', অসৎ সেইরূপ অনন্তদোষে দোষী। সুতরাং বহুরূপী অসতের কথা আর কত বলিব? তবে মূলতঃ তাঁহারা শরণাগত নহেন—গুরু-বৈষ্ণবের অনুগত নহেন, গুরুবৈষ্ণব-ভগবানের প্রতি তাঁহাদের সুদৃঢ়বিশ্বাসরূপ শ্রদ্ধা নাই,—ইহাই তাঁহাদের স্বরূপ।

সাধুসঙ্গের নিষ্কপট পিপাসা থাকিলেই সাধুর কৃপাতেই বহুরূপী অসাধুগণের স্বরূপ ধরিতে পারা যাইবে। যদি সৌভাগ্য-ক্রমে একটী সাধুরও সঙ্গ পাই তাহা হইলেও যথেষ্ট। তাঁহার সঙ্গ করিলেই অসৎ আমার আর কিছু করিতে পারিবে না। কারণ, সতের নিকট যাইবার সাধ্য, সতের সঙ্গ বা আনুগত্য করিবার ক্ষমতা অসতের নাই।

শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী

পরমার্থ-সম্পুটের রত্নরাজি

ভিক্ষা :- ১ম খণ্ড ৷৶০; ২য় খণ্ড ৷৶০; ৩য় খণ্ড ৷৶০; ৪র্থ খণ্ড —৷৶০ আনা।

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ
শ্রীধাম-মায়াপুর,
নদীয়া

গুরুরূপে ও শ্রীনাম প্রভু

(প্রাপ্ত)

এই কলিযুগে দয়ার ঠাকুর শ্রীমহাপ্রভু প্রপঞ্চে অবতীর্ণ হইয়াছিলেন। সে কথা আজ আমাদের ন্যায় হতভাগ্য জীবের নিকট ঠাকুরমা'র ঝুলির গল্প বা উপাখ্যানের মত মনে হইলেও গৌরভক্তবৃন্দ চিন্ময় নেত্রে নিত্যকালই শ্রীগৌরাঙ্গের নিত্যলীলা দর্শন করিয়া থাকেন। কোন ভাগ্যবান্ জীবই ভক্তানুগত্যে তাহা দর্শনে সমর্থ হন।

অদ্যাপিহ সেই লীলা করে গৌর রায়।
কোন কোন ভাগ্যবানে দেখিবারে পায়॥

ঘোর কলি! কোটি কণ্টকের দ্বারা ভক্তিপথ রুদ্ধ। বাদ, বিসম্বাদ, দ্বন্দ্ব, তর্কের দ্বারা সত্য আচ্ছাদিত। ভ্রম, প্রমাদাদি দ্বারা বদ্ধজীব মোহগ্রস্ত, ভ্রান্ত। এমন সময়ে 'সাধু পাওয়া কষ্ট বড় জীবের জানিয়া। সাধু-গুরুরূপে কৃষ্ণ আইল নদীয়া॥' কৃষ্ণ-নামের সহিত অবতীর্ণ হইলেন—কৃষ্ণই গুরু বা আচার্য্যরূপে। 'গুরু কৃষ্ণরূপ হন শাস্ত্রের প্রমাণে। গুরুরূপে কৃষ্ণ কৃপা করেন ভক্তগণে'॥ 'আচার্য্যং মাং বিজানীয়াৎ' প্রভৃতি উক্তি হইতে জানা যায় যে, ভগবান শ্রীকৃষ্ণই গুরুরূপে, আচার্য্যরূপে শরণাগত জীবকে কৃষ্ণনাম প্রদান করেন। 'কলিকালে নামরূপে কৃষ্ণ অবতার।' নাম ও নামী অভিন্ন। যেই নাম, সেই কৃষ্ণ। "নাম-শ্চিন্তামণিঃ কৃষ্ণশ্চৈতন্যরসবিগ্রহঃ। পূর্ণঃ শুদ্ধো নিত্যমুক্তোঽভিন্নত্বান্নামনামিনোঃ॥" এই সকল বাক্যের যথাযথ বিগ্রহ কৃষ্ণ আশ্রয়-বিগ্রহের ভাব লইয়া সপার্ষদে আচার ও প্রচারের দ্বারা কলিহত দুর্গত পতিত জীবকে জানাইলেন যে, নাম বিনা জীবের গতি নাই।

হরের্নাম হরের্নাম হরের্নামৈব কেবলম্।
কলৌ নাস্ত্যেব নাস্ত্যেব নাস্ত্যেব
গতিরন্যথা॥

পরমারাধ্য শ্রীশ্রীল প্রভুপাদ বলিয়াছেন, শ্রীনামগ্রহণ ও কৃষ্ণ-সাক্ষাৎকার একই কথা। বদ্ধজীবের ইহা উপলব্ধির বিষয় হয় না। এখন অনুধাবনের বিষয় এই যে, এই হরিনাম-প্রদান কার্য্যটী কি কোন ব্যক্তিবিশেষ দ্বারা সম্পাদিত হয়? শ্রীল প্রভুপাদের প্রকটকালীন দেখা গিয়াছে যাব কোনও ব্যক্তিকে আপাত বিপথগমন হইতে রক্ষা করিবার জন্য কোনও সন্ন্যাসী মহারাজ বা মিশনের অন্য যে কেহ হরিনাম প্রদান করিয়াছেন, শ্রীল প্রভুপাদ সেই মালিকা পবিত্রাণ করাইয়া পুনরায় সেই ব্যক্তিকে শ্রীনাম প্রদান করিয়াছেন। ইহা হইতে কি চক্ষুষ্মান্ বা ... ব্যক্তির বিষয় হয় নাই যে শ্রীহরিনামপ্রদানকার্য্যটী একমাত্র শ্রীগুরু-নিত্যানন্দেরই একচেটিয়া। তাই যাঁহারা প্রভুপাদের শিক্ষায় শিক্ষিত ও দীক্ষিত, প্রকৃত আচার ও প্রচার-পরায়ণ, তাঁহারা আজ শত বাধাবাঁধের মধ্যেও জগজ্জীবকে অভয় প্রদান করিয়া বলিতেছেন—

'নিতাইচরণ সত্য তাঁহার সেবক নিত্য
নিতাইপদ সদা কর আশ॥'

মহাজনের উপরই শ্রীমহাপ্রভুর আজ্ঞা—

যা'রে দেখ তারে কহ কৃষ্ণ-উপদেশ।
আমার আজ্ঞায় 'গুরু হঞা তার' এই দেশ॥
ভারত-ভূমিতে হৈল মনুষ্যজন্ম যার।
জন্ম সার্থক করি' কর পর উপকার॥

মহাপ্রভুর এই সকল বাক্যের তাৎপর্য্য আমরা এইভাবে গ্রহণ করিয়া থাকি যে, মহাপ্রভু যখন সকলকেই কৃষ্ণ উপদেশ করিতে এবং গুরু হইতে বলিয়াছেন, তখন আমরা সকলেই—যথাযথভাবেই কৃষ্ণ-উপদেশ করিতে বা গুরু হইতে পারি, ইহাতে বাধা কি? আমাদের এই ধারণা সম্পূর্ণ ভ্রমাত্মক। আমার 'আজ্ঞায়' অর্থাৎ আশ্রয়বিগ্রহের আনুগত্যে বিষয়বিগ্রহের বা শ্রীনাম প্রভুর সেবায় নিয়োজিত হওয়া ও অপর জীবকে নিয়োজিত করা—যুগপৎ আত্মমঙ্গল ও পরমঙ্গল সাধনে উদ্যোগী হওয়া। ইহাই জগদ্গুরুলীলাভিনয়কারী শ্রীমহাপ্রভু ও জগদ্গুরু শ্রীশ্রীল প্রভুপাদের আচার-প্রচার, আদেশ ও উপদেশ।

আমার প্রভু ও আমার প্রভুর প্রভুর আদেশ উল্লঙ্ঘন করিয়া যে কোনও ব্যক্তিবিশেষ তাঁহার উচ্চ বর্ণ, ধন, রূপ, বিদ্যাবুদ্ধি-পাণ্ডিত্যাদি প্রভৃতি গুরুত্ব গুরুত্বের মাপকাঠি বিবেচনা করিয়া গুরু-নিত্যানন্দের আসনে অধিষ্ঠিত হইবার দুরাশা পোষণ করিলেও শ্রীচৈতন্যবাণী বা শ্রীভক্তিসিদ্ধান্ত-বাণী যাঁহার কর্ণকুহরে প্রবিষ্ট হইয়াছে, সেই সিদ্ধান্তবাণীর সহিত যাঁহার পরিচয় হইয়াছে, তিনি ভক্তিসিদ্ধান্ত বা ভক্তি-বিনোদগৌরবাণীর কষ্টিপাথরে তাহা বুঝিয়া লইতে পারিবেন, ইহাই আমাদের আশা। যাঁহারা বপু-সেবায় নিয়োজিত আছেন থাকুন, এদিকে ভক্তিসিদ্ধান্তবাণীর বীণায় নিত্যগান বাদিত হইতে থাকুন, আমরা যেন নিত্যকাল সেই ভক্তিসিদ্ধান্তবাণীর বীণাধ্বনির দোহারীতে সিদ্ধান্তবাণীর সেবায়

(অতঃপর ৬৯ পৃষ্ঠার ৩য় কলমে দ্রষ্টব্য)

শুদ্ধভক্তি-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠ

প্রাচীন নবদ্বীপ, ঈশোদ্যান শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীব্রজপত্তন ভবনে শ্রীচৈতন্যমঠ, পরবিদ্যাপীঠ, শ্রীশ্রীরাধাকৃষ্ণ-গৌর-গোপাল আচার্য্য চতুষ্টয় বিগ্রহ আছেন। তত্রাধীন প্রচারকগণকর্ত্তৃক 'নদীয়া-প্রকাশ' দৈনিক আছে।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৫

কলিকাতায় শ্রীভক্তিবিনোদ-আসনে মঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, সঙ্কীর্ত্তন, শ্রীমহাপ্রভুর-বেদান্ত শ্রীমদ্ভাগবতাদি ভক্তিগ্রন্থের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও হার্মনিষ্ট পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়।

(৩) যোগপীঠ-মায়াপুর-শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমহাপ্রভুর আবির্ভাব ভূমি যোগপীঠ।

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং ... বর্ত্তমান।

(৬) মুরারিগুপ্তের পাট

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৭) কাজি-সমাধি-পাট

প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)

ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি।

(৮) অনুকূলকৃষ্ণানুশীলনাগার

শ্রীধাম মায়াপুর

(৯) আনন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)

এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)

গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা।

(১১) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ জাহ্নগর (বর্দ্ধমান)

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মামগাছি, পোঃ জাহ্নগর, (বর্দ্ধমান)

শ্রীবাসাঙ্গনাবতার ঠাকুর বৃন্দাবনের স্থান

(১৩) রুদ্রদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(১৪) অমৃতবেদ-গৌড়ীয়মঠাশ্রম

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ

গৌরপুর, নদীয়া

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ

মাজিদা — (শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)

পোঃ ভালুকা (নদীয়া)

(১৭) ঋতুদ্বীপ

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

(২০) মহেশ-পণ্ডিতের পাট

কাঁঠালপুলি, পোঃ চাকদা (নদীয়া)

(২১) সাপাহাট-গৌড়ীয়মঠাশ্রম

(২২) পুরী গৌড়ীয়মঠ

চব্বিশ পরগণা

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ

বারিদা পোঃ ওয়ারি, ঢাকা।

পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র।

(২৪) গোপালজীউমঠ

কমলাপুর, পোঃ ঢাকা

(২৫) গদাই-গৌরাঙ্গ মঠ

পোঃ বালিয়াটি, (ঢাকা)

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

মহাবাজার, পোঃ ময়মনসিংহ

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চকচকা, কামরূপ (আসাম)

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

৩নং পাগলা বিল্ডিং, দার্জ্জিলিং

(৩০) সারস্বত-গৌড়ীয়মঠ

পোঃ চরিয়ার, জিং সাহারানপুর, ইউ, পি

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

[illegible]পুর পাটনা।

(৩২) গয়া গৌড়ীয়মঠ

গয়া রোড, গয়া

(৩৩) সনাতন গৌড়ীয় মঠ

৮।১১ বড় গদৌলিয়া, বেনারস সিটি

(৩৪) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

(৩৫) সত্যপ্রবণ মঠ,

পোঃ [illegible], দীনাপুর (ইউ পি)

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠাশ্রম

বিশ্রামঘাট, পোঃ মথুরা

(৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণবন, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্য মঠশাখা

কিশোরপুর, বৃন্দাবন

(৩৯) একাদশরস-সুখদকুঞ্জ

পোঃ রাধাকুণ্ড (মথুরা)

(৪০) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪১) রাধাকুণ্ড গৌড়ীয়বাটী

(৪২) শ্রীগোবর্দ্ধনমঠাশ্রম

গোবর্দ্ধন, মথুরা

(৪৩) সঙ্কেত বিহারী মঠ

বর্ষাণা, মথুরা।

(৪৪) কাম্যবন গৌড়ীয়মঠাশ্রম

পোঃ কাম্যবন, মথুরা

(৪৫) বর্ষাণা গৌড়ীয়মঠাশ্রম

পোঃ বর্ষাণা, মথুরা

(৪৬) গৌরবিহারী মঠ—পেশোয়ারী,

পোঃ [illegible], জেলা [illegible] (পাঞ্জাব)।

(৪৭) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

(৪৮) দিল্লী গৌড়ীয় মঠ

৪৫নং [illegible] রোড, নিউ দিল্লী।

(৪৯) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়া ট্যাঙ্ক রোড, [illegible] হিল রোডে ৭

(৫০) মাদ্রাজ-গৌড়ীয়মঠ

পোঃ রায়পেটা, মাদ্রাজ

শ্রীকৃষ্ণগৌরাঙ্গরাধাগান্ধর্ব্বিকাগিরিধারীর সেবা

(৫১) কোভুর গৌড়ীয়মঠ

পোঃ কভুর, গোদাবরী মাদ্রাজ

শ্রীশ্রী গৌরগোপালরাধিকা-গিরিধারীর সেবা

(৫২) পুরুষোত্তম-মঠ

জগন্নাথপুর, পোঃ [illegible] (পুরী)

(৫৩) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত পোঃ পুরী, উড়িষ্যা

(৫৪) ধর্ম্মকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৫) টোটাকুটী

(৫৬) ত্রিদণ্ডি-গৌড়ীয়মঠ

পোঃ ভুবনেশ্বর, পুরী

(৫৭) সচ্চিদানন্দ মঠ

[illegible], পোঃ কটক (উড়িষ্যা)

(৫৮) বালেশ্বর গৌড়ীয়মঠশাখা

(৫৯) শ্রীব্রহ্মগৌড়ীয়-প্রপন্ন-মঠ

পোঃ [illegible], মঙ্গলবার

(৬০) ভাগবতজনানন্দ মঠ

চিরলিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর

(৬১) কাঁথি গৌড়ীয়মঠ

পোঃ কাঁথি, মেদিনীপুর

(৬২) আমলাজোড়া প্রপন্নাশ্রম মঠ

পোঃ [illegible] (বর্দ্ধমান)

(৬৩) চৈতন্যগৌড়ীয়মঠ

চুঁচুড়া, পোঃ [illegible], (মালদহ)

(৬৪) রেঙ্গুন গৌড়ীয়মঠ

৩০১ নং [illegible] ষ্ট্রীট, রেঙ্গুন।

(৬৫) লণ্ডন-গৌড়ীয়মঠ

ফ্ল্যাট নং ২

৫১, [illegible] রোড

[illegible], লণ্ডন, ই ৫

(৬৬) গৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

১।১৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,

কলিকাতা

(৬৭) গৌড়ীয়মঠ অফিস

[illegible] রোড, লক্ষ্ণৌ, ইউ পি)

(৬৮) শ্রীবিদ্যানিধি গৌড়ীয়মঠাশ্রম

[illegible], চট্টগ্রাম

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীমহানন্দ ব্রহ্মচারী ভক্ত্যালোক, ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

-:(*):-

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায়		বিজ্ঞাপনের পৃষ্ঠায়	
	১ম ও দ্বিতীয় বার	পরবর্তী বারের জন্য	১ম ও দ্বিতীয় বার	পরবর্তী বারের
প্রতিবারে প্রতি লাইনে	।০	৶০	।৶০	।০
ইঞ্চি	২,		১।০	১,
সিকিকলম	৫,			৩,
অর্দ্ধকলম	৮,		৬,	৫,
এক কলম	১৫,	১০,	১০,	

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চি	৬,	৪।০
" সিকি কলম	১৫,	১২,
" অর্দ্ধকলম	২৫,	১৮,
" এক কলম	৩৫,	৩০,

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯,
ষাণ্মাসিক "	৫,
ত্রৈমাসিক "	২।০
মাসিক "	১,

প্রতি সংখ্যা ৫ ; বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

ল প্রভুপাদের প্রবন্ধাবলী

——::(*)::——

শ্রীল প্রভুপাদের চতুঃষষ্টিতম পূর্ব্বাবির্ভাব-তিথিতে শ্রীল আচার্য্যদেবের অভীষ্টানুসারে "শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী" প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। উহাতে পূর্ব্বার্দ্ধ ও উত্তরার্দ্ধ দুইটি বিভাগ আছে। পূর্ব্বার্দ্ধে শ্রীল প্রভুপাদের আদি-প্রবন্ধাবলী শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের সম্পাদিত 'সজ্জনতোষণী,' শ্রীল প্রভুপাদের 'নিবেদন' সাপ্তাহিক পত্র প্রভৃতি হইতে যথাযথ ও প্রয়োজনীয় অর্থের টীকা-সহ প্রকাশিত হইয়াছে। উত্তরার্দ্ধে শ্রীল প্রভুপাদের সম্পাদিত 'সজ্জনতোষণী'র কতিপয় প্রবন্ধ যথাযথ প্রস্তাব সহিত মুদ্রিত হইয়াছে। প্রবন্ধগুলি রচনাকালের ক্রমানুসারে গ্রথিত হইয়াছে; এতদ্ব্যতীত শ্রীল আচার্য্যদেবের একটি মূল্যবান্ উপোদ্ঘাত ও সঙ্কলনকারীর একটি বিস্তৃত ভূমিকা, শব্দ-সূচী, স্থান-পাত্র-শ্লোক ও পয়ার-সূচী প্রভৃতি গ্রন্থে সংযোজিত হইয়াছে। গ্রন্থটি উৎকৃষ্ট কাগজে পারিপাট্যের সহিত মুদ্রিত ও শ্রীল প্রভুপাদের আলেখ্যাবলীর ভূষিত ও সুন্দর বাঁধাই হইয়া প্রকাশিত হইয়াছে। প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, জিলা নদীয়া; শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ও শ্রীমাধ্বগৌড়ীয়মঠ, নারিন্দা, পোঃ ওয়ারী, ঢাকা।

ল প্রভুপাদের পত্রপ্রসূন মালা

এই গ্রন্থে ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তি- সিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের রচিত পত্রাবলী শ্রীল আচার্য্যদেবের বিরচিত "সৌরভ" নামক ভাষ্যের সহিত প্রকাশিত হইয়াছে। শ্রীল প্রভুপাদের অনেক অপ্রকাশিত পত্র ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ।০ চারি আনা।

শ্রীধাম-মায়াপুরে

——(:০:)——

—"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট"—

গভর্ণমেণ্ট অনুমোদিত বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে ; বিদ্যালয় ও বোর্ডিং এর পরিচ্ছন্ন বাড়ী। শিক্ষকগণ সাধিক ও অভিজ্ঞ। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে আহার ও বেতনবাবদ প্রতি মাসে মাত্র ৬, টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন্ পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। বর্ত্তমান বর্ষে ১৬ জন বালকের মধ্যে ১৫ জন ভালভাবে উত্তীর্ণ হইয়াছে।

মেধাবী ছাত্রগণের আরও সুবিধা

পরীক্ষায় যাহারা গড়ে শতকরা ৭৫ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ সচ্চরিত্র বিদ্বান ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক-সম্পাদিত ; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতিসুন্দরভাবে আলোচিত হইয়াছে। এই এক অপূর্ব্ব গৌরব বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২, দুই টাকা।

শ্রীচৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত অতিসুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত ইহার ভিক্ষা মাত্র ৪, টাকা। প্রাপ্তিস্থান শ্রীযুক্ত নন্দকিশোর ভক্তিশাস্ত্রী, শ্রীযোগপীঠ, শ্রীধাম, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীসরস্বতী-সংলাপ

প্রথম খণ্ড

শ্রীশ্রীব্রহ্মমাধ্ব গৌড়ীয়সম্প্রদায়ৈকসংরক্ষক জগদ্গুরু পরমহংসকুলচূড়ামণি নিত্যলীলা-প্রবিষ্ট ১০৮শ্রী শ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামি-প্রভুপাদ বিবিধ জিজ্ঞাসু ও ভজনোদ্যত সজ্জনবৃন্দের পরিপ্রশ্নোত্তরে ও সন্দেহ-নিরাকরণকল্পে যে-সকল শুদ্ধভক্তিসিদ্ধান্তবাণী কীর্ত্তন করিয়াছেন, যাহা তাঁহার প্রকটকালেই 'গৌড়ীয়' সম্পাদক শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ প্রভুপাদেরই শ্রীচরণে সংশোধিত করাইয়া রাখিয়াছিলেন এবং যাহার কিয়দংশ গৌড়ীয়পত্রে প্রকাশিত হইয়াছে, তাহা "শ্রীশ্রীসরস্বতী-সংলাপ" নাম ধারণপূর্ব্বক শ্রীল প্রভুপাদের 'বক্তৃতাবলী' ও 'পত্রাবলী' আকারে খণ্ডে খণ্ডে প্রকাশিত হইতেছেন। বর্ত্তমানে শ্রীল প্রভুপাদের প্রথমবার্ষিক বিরহোৎসবপূজা-বাসরে এই গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছেন। মানবজীবনের বহু অমীমাংসিত সমস্যা ও জটিল প্রশ্নের সমাধান ইহাতে পাওয়া যাইবে। ভক্তিপথের পথিকমাত্রেরই এই গ্রন্থ সংগ্রহ একান্ত প্রয়োজন।

[illegible]

[illegible] ·চৈতন্য দেবের শিক্ষা ও জীবনচরিত

কটক [illegible] কলেজের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপাধ্যায় পণ্ডিত আচার্য [illegible] শাস্ত্রী ও [illegible] সম্প্রদায়-বৈষ্ণবাচার্য এম-এ মহোদয়ের [illegible] এবং [illegible] লেখনীর অদ্ভুত কৃপা আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত-পাঠে ধন্য হউন। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিবিধ চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সমাক্ আলোচনা। প্রথম খণ্ডই ৩৬৭ অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ও বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্তার ভূমিকাদ্বয় (Preaces), বিষয়-তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত শব্দসূচী-(Index Glossary) সহ প্রথখানি প্রকাশিত। ভিক্ষা—২৫, পঁচিশ টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, রায়পেটা মাদ্রাজ ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা ; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

ঠাকুর ভক্তিবিনোদ

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি প্রচারের মূল মহাজন সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অভিনব জীবনচরিত এতাবৎকাল সুলভ আকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয়মঠাচার্য্যবরের অন্তরঙ্গ পরবিদ্যাসাহিত্যিক সু-লেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু গুণাবলী-শিক্ষামালাও সন্নিবেশিত হইয়াছে। সর্বসমেত ১২০ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৮০ আনা ; ডাকমাশুল স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান—ম্যানেজার গ্রন্থবিভাগ
শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু গ্রন্থও এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১৩।১নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্

উৎকল কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

[illegible]

সর্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মনুষ্য, পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই উহার কাটতি এত অত্যন্ত অধিক। শিতার প্লীহা সংযুক্ত কামাজ্বর এবং নূতন ও পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। মূল্য ছোট বোতল ॥৵০ দশ আনা, বড় বোতল ১৷০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা
অথবা
পোঃ বেহালা, ২৪ পরগণা

ই. বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্টাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	৪-৩৩	৬ ২৩	৭-০৬	১২-২৩	১৪-৫৩	১৬-৫৩	১৭-৫৩	২২-২৫
রাণাঘাট পৌঃ			৮-১৮	১৪-১৫				
(বদল) ছাঃ			৯-৩৩	১৪-৫০				
কৃষ্ণনগর পৌঃ	৭-১	৮-৪৫	১০-৮	১৫-২৩	১৭-২৮	১৯-০৮	২০-১৬	১-১
(বদল) ছাঃ	৭-১২		১০-৩১		১৭-৩৮		২০-২৩	
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫১		১১-১০		১৮-১৬		২১-৪	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬	
রাণাঘাট পৌঃ	১২-৫৫	
ছাঃ	১৩-০	
শান্তিপুর পৌঃ	১৩-২৬	
(বদল) ছাঃ	১৩-৩১	(নাইট্ রেলওয়ে
কৃষ্ণনগর পৌঃ	১৪-১২	
ছাঃ	১৪-২০	
নবদ্বীপঘাট পৌঃ	১৫-১০	

ডাউন

নবদ্বীপঘাট ছাঃ	৫-৪৫		৯-১০		১৩-৩১	১৬-০	১৮-৩১	
কৃষ্ণনগর পৌঃ	৬ ২৩	৯-১৬	৯-৪৮	১১-৪১	১৪-১০	১৬-৩৮	১৯-১১	২১-১০
ছাঃ	৬-৩৬	৭-১৮	১০-১১			১৬-৫৬	১৯-২৫	
রাণাঘাট পৌঃ			১০-৪৬			১৭-৩০		
(বদল) ছাঃ			১১-১			১৭-৪০		
কলিকাতা পৌঃ	৬-১৬	৯-২১	১১-৪১	১২-১৬	১৪-১৬	১৯-১১	২১-৪১	২৩-৩

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৩-৩১	১৬-০		
কৃষ্ণনগর পৌঃ	১৪-১০	১৬-৩৮		
ছাঃ	১৫-২৮	১৭-৩৩		
শান্তিপুর পৌঃ	১৬-৯	১৮-১৪		
(বদল) ছাঃ	১৬-৩৩	১৮-২৫	(রবিবার ভিন্ন)	২০-৪০ (রবিবার)
রাণাঘাট পৌঃ	১৭-১০	১৮-৫০		২১-১৫
(বদল) ছাঃ	১৭-৪০	১৯-১৪		২১-৫০
কলিকাতা পৌঃ	১৯-১১	২০-৪০		২৩-৩৭

পোঃ—শ্রীমায়াপুর
টেলিগ্রাম—'শ্রীধাম
শ্রীমায়াপুর'

REGD NO C 1544

দৈনিক নদীয়াপ্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়াজেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৪শ খণ্ড] শ্রীমায়াপুর— ৩২শে জ্যৈষ্ঠ. ১৩৫৬. ১৫ই জুন, ১৯৩৯. বৃহস্পতিবার [৯১শ সংখ্যা

বিবিধ সংবাদ

বেথুয়া নদীর চরে দাঙ্গা

মুন্সীগঞ্জ থানার অধীন বেথুয়া নদীর কিয়দংশে চর পড়িয়াছে এই চরের দখল লইয়া নমঃশূদ্র ও মুসলমানদের মধ্যে এক সংঘর্ষের ফলে ৬ জন আহত হইয়াছে এবং একজন আহত ব্যক্তির কোন খোঁজ পাওয়া যাইতেছে না।

ঘটনায় প্রকাশ যে, নমঃশূদ্ররা জমিদারের নিকট হইতে উক্ত চরের বন্দোবস্ত লইয়া আত্মীয় পরিজনসহ তথায় বাস করিতেছিল। মুসলমানেরা ঐ চর জোরপূর্ব্বক দখল করিয়া লইতে চেষ্টা করিলে নমঃশূদ্ররা এক নালিশ রুজু করে। মহকুমা হাকিম সব তদন্ত করিয়া মুসলমানেরা যাহাতে উক্ত চরে প্রবেশ করিতে না পারে তজ্জন্য ১৪৪ ধারা জারী করেন।

এই নিষেধাজ্ঞা জারী করা সত্ত্বেও প্রায় ২ শত মুসলমান লাঠি, সড়কি ও অন্যান্য অস্ত্র শস্ত্র লইয়া চর দখল করে। নমঃশূদ্ররা বাধা দিলে দাঙ্গা উপস্থিত হয়। দাঙ্গায় সামান্য আঘাত ব্যতীত প্রায় ৬ জন নমঃশূদ্র গুরুতর রূপে আহত হইয়াছে।

প্রকাশ, তিন জন আহত নমঃশূদ্রকে মুসলমানেরা লইয়া যায়। তন্মধ্যে এক ব্যক্তির কোন খোঁজ পাওয়া যাইতেছে না।

আহত ব্যক্তিদিগকে মুন্সীগঞ্জ হাসপাতালে ভর্ত্তি করা হইয়াছে।

দিনদুপুরে দুঃসাহসিক চুরি

গত শনিবার দ্বিপ্রহরে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের সহকারী অধ্যাপক শ্রীযুত প্রবীণচন্দ্র বসুর বাড়ীতে (দক্ষিণ কলিকাতা প্রতাপাদিত্য রোডে) এক দুঃসাহসিক চুরি হইয়া গিয়াছে।

প্রকাশ, ঘটনার দিন মহিলারা বাড়ীতে কেহ ছিলেন না এবং প্রবীণবাবু ও তাঁহার ভ্রাতা অফিসে চলিয়া যান। বাড়ীর ভৃত্যগণও দরজা বন্ধ করিয়া চলিয়া যায়। এমন সময় কয়েকজন লোক একাধিক দরজা, দোতার কড়া ও তালা ভাঙ্গিয়া ঘরে প্রবেশ করে এবং ঘরে রক্ষিত বাক্স ও সুটকেস্ ভাঙ্গিয়া জিনিষপত্র বাহির করে। এই সময় বাড়ীর নিম্নে ও নিচের তলায় অনেক লোক ছিল। প্রবীণবাবু অফিস হইতে ফিরিয়া বাড়ীর মধ্যে দুইজন অপরিচিত ভদ্রবেশধারী লোককে দেখিতে পাইয়া বিস্মিত হন। কিন্তু ঐ দুইজন লোক তাঁহার সহিত অতিশয় পরিচিত লোকের ন্যায় ব্যবহার করিতে আরম্ভ করে এবং কথা বলিতে বলিতে বাহির দরজার দিকে অগ্রসর হইতে থাকে। প্রবীণবাবু তাহাদের উদ্দেশ্য বুঝিতে পারিয়া চিৎকার করিয়া তাহাদিগকে ধরিতে চেষ্টা করেন। ইহাতে তাহারা তাঁহাকে লোহার ডাণ্ডা দিয়া আঘাত করিতে চেষ্টা করে। ইতিমধ্যে একটী লোক ৪৫৲ টাকার মত লইয়া পলায়ন করে। ইত্যবসরে বাড়ীর অন্যান্য লোক আসিয়া পড়ে এবং অপর ব্যক্তিকে ধরিয়া পুলিশের হাতে দেওয়া হয়।

এক সঙ্গে চার পুত্র

বেগম নামী ২৩ বৎসর বয়স্কা একটি [illegible] রমণী এক সঙ্গে চার পুত্র প্রসব করে। প্রসূতী এবং নবজাত শিশুচতুষ্টয়কে দেখিবার জন্য গত ১১ জুন এখানকার সরকারী হাসপাতালে বহু দর্শনার্থীর ভীড় হইয়াছিল। অবশেষে জনতা নিয়ন্ত্রণ করিবার জন্য পুলিশ ডাকিতে হয়। স্ত্রীলোকটীর বাড়ী এখান হইতে দশ মাইল দূরবর্ত্তী নবাবগঞ্জ নামক গ্রামে। গত বৃহস্পতিবার সন্ধ্যায় স্ত্রীলোকটির প্রসব বেদনা উপস্থিত হইলে গ্রাম্য ধাত্রী তাহাকে প্রসব করায়। তখন দুইটি পুত্র ভূমিষ্ঠ হয়। কিন্তু গর্ভে আরও সন্তান আছে বুঝিতে পারিয়া ধাত্রী তাহাকে হাসপাতালে পাঠাইয়া দিতে বলে। অতঃপর তাহাকে এখানকার হাসপাতালে আনা হয়। সেখানে আরও দুইটী পুত্র ভূমিষ্ঠ হয়। প্রসূতি এবং নবজাত শিশুচতুষ্টয় সুস্থ আছে।

ক্ষুধার জ্বালায় আত্মহত্যা

এই মর্ম্মে সংবাদ পাওয়া গিয়াছে যে, চন্দনীপুর গ্রামের জনৈকা মুসলমান রমণী (৩০) ক্ষুধার জ্বালা হইতে ত্রাণ পাইবার জন্য গলায় ফাঁসি দিয়া আত্মহত্যা করিয়াছে। সংবাদে প্রকাশ, স্ত্রীলোকটীর স্বামী মাত্র একসের চাউল সম্বল রাখিয়া প্রায় এক সপ্তাহ পূর্ব্বে মজুরী দ্বারা কিছু রোজগারের জন্য বাড়ী হইতে বাহির হইয়া যায় এবং ঘটনার দিন পর্য্যন্ত ফিরিয়া আসে নাই। স্ত্রীলোকটী তিনটী সন্তানসহ কয়েকদিন অর্দ্ধাহারে কাটাইবার পর তিনদিন সম্পূর্ণ অনাহারে কাটায়। অবশেষে ক্ষুধার্ত সন্তানদের যন্ত্রণার দৃশ্য অসহ্য হওয়ায় ও নিজে ক্ষুধার যন্ত্রণা সহ্য করিতে না পারায় গলায় ফাঁসি দিয়া মৃত্যু বরণ করে।

সিন্ধুপ্রদেশে ম্যাঙ্গানিজ ধাতুর খনি

নিউইয়র্কের ১৩ জন বিশেষজ্ঞ লইয়া গঠিত মার্কিন অয়েল কনসেশন কমিশন এই অঞ্চলের ভূগর্ভ পরীক্ষা করিয়া কোটরীর নিকট থানা বুলাখানে ম্যাঙ্গানিজ ধাতুর খনির সন্ধান পাইয়াছেন বলিয়া প্রকাশ। তাঁহারা এখন ঐস্থানে শিবির স্থাপন করিয়া ডিনামাইট বসাইবার এবং ভূগর্ভে শলাকা প্রবেশ করাইবার আয়োজন করিতেছেন।

তৈলের সন্ধানে তাঁহারা থর এবং কালাত রাজ্যের কোন কোন অঞ্চলে যাইতে মনস্থ করিয়াছেন।

বগুড়াতে দস্যুদের হানা

বহু সংখ্যক সশস্ত্র দস্যু সদর হইতে এক মাইল দূরে অবস্থিত সামরিক ঘাঁটির এলাকায় প্রবেশ করিয়া, সামরিক জিনিষপত্রে এবং ঘাঁটির ঘর ও বাসের অংশে আগুন লাগাইয়া দেয়। তাহারা ১০।১২ বার গুলী ছুঁড়িয়াছিল। আধ ঘণ্টা পর তাহারা চলিয়া যায়। প্রকাশ যে, কেহ হতাহত হয় নাই।

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক। প্রতি একাদশীতে প্রকাশিত হয়। কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। সডাক ভিক্ষা ৪।০ টাকা মাত্র।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৷০ টাকা মাত্র।

৩। ভাগবত—উড়িষ্যাভাষায় একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ টাকা মাত্র

৫। শ্রীগৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ মাত্র।

পরমগুরু শ্রীগৌরকিশোর

গৌড়ীয়-সম্পাদক-লিখিত, শ্রীগৌড়ীয়মঠাচার্য্যের ভূমিকা-সম্বলিত, বহুচিত্র-শোভিত ও বিষয় সূচী-সম্বলিত "পরমগুরু শ্রীগৌরকিশোর" গ্রন্থরাজ প্রকাশিত হইয়াছেন। এই গ্রন্থরাজে শুদ্ধগৌড়ীয়বৈষ্ণবজগতের পরমারাধ্য, গৌড়ীয়গৌরবশিখামণি অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ নিত্যলীলাপ্রবিষ্ট পরমহংস ও বিষ্ণুপাদ শ্রীশ্রীল গৌরকিশোরদাস গোস্বামী প্রভুবরের অতিমর্ত্ত্য চরিতকথা বর্ণিত আছে।

শ্রীশ্রীভক্তিবিনোদাবির্ভাব-শতবর্ষপূর্ত্তিতিথিপূজার উপায়ন-গ্রন্থমালা

——::(০)::——

১। গীতিসাহিত্যে শ্রীভক্তিবিনোদ

শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র গীতিসাহিত্যের সমালোচনা-গ্রন্থ)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

২। শ্রীভক্তিবিনোদবাণীবৈভব

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের রচনামৃতসাগর হইতে আহৃত ১০৮টি অধ্যায়ে সম্বন্ধ-অভিধেয়-প্রয়োজনাকারে গুম্ফিত অমূল্য উপদেশপূর্ণ গ্রন্থ)

ভিক্ষা—৩৲ তিন টাকা মাত্র।

৩। শ্রীশ্রীভক্তিবিনোদ-প্রসঙ্গ

ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ ও ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামীপ্রভু-বিরচিত এবং গৌড়ীয়ে প্রকাশিত শ্রীশ্রীভক্তিবিনোদ-চরিত্র-প্রসঙ্গ

ভিক্ষা—৷৵০ ছয় আনা মাত্র।

৪। ছাত্রদের ভক্তিবিনোদ

ছাত্রদের উপযোগী ভাষায় লিখিত শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্র ও শিক্ষা)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

ছাত্রদের পক্ষে ভিক্ষা—৷০ আট আনা মাত্র)

প্রাপ্তিস্থান :—

(১) "ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট", পোঃ শ্রীমায়াপুর, নদীয়া ;

২) শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ;

৩ শ্রীযুক্ত সুশীলরঞ্জন দাস এম্-এ, বি-এল্,

পুরাণপল্টন পোঃ রমনা, ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

অক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্,—সম্পূর্ণ ৪০৲

প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত — ১৮৲

দশম স্কন্ধ— ৯৲

২। ভাষ্যসহ বিরাট শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৯৲

৩। ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬

৪। সরস্বতী-জয়শ্রী (অবাঁধা) ৬৲

৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী

১ম খণ্ড ৸০ ; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০

৪র্থ খণ্ড—৸০

৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী.

১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০

৭। শ্রীচৈতন্যদেব ১৲

৮। সৎক্রিয়াসার দীপিকা ও সংস্কার দীপিকা ১।০

৯। বৈষ্ণবধর্ম্ম ৪৲

১০। গৌড়ীয়-কণ্ঠহার ৲

১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা)

১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲

১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০

১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ॥০

১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ তত্ত্ব ।০

১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০

১৭। চৈতন্যোপনিষৎ ।০

১৮। বালক-আদর্শ ।০

১৯। তত্ত্ববিবেক ।০

২০। গৌড়ীয়-গৌরব ৷৵০

২১। গৌড়ীয়শিক্ষা ৷৵০

২২ ভজন রহস্য ।০

২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ বাঁধা) ১৲

২৪। গীতা (শ্রীবলদেব-টীকা সহ) ২৲

২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) ২৲

অবাঁধা) ১৲

২৬। গীতার কেমন মানে-কথা ।০

২৭। দুর্গমসঙ্গমনী ব্যক্তিবিবেক (সারার্থ) ২৲

২৮। বেদান্ততত্ত্বসার (সারার্থ) ।০

২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ)

(বাঁধা) ৸০

৩০। জীব-শিব-তর্ক ৵০

৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ৷৵০

৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ।০

৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০

৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৵০

৩৫। গীতমালা /১০

৩৬। নবদ্বীপধাম-মাহাত্ম্য ৵০

৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৵০

৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০

৩৯। শ্রীগোদ্রুমকল্পতরু পরিক্রমার ।০

৪০। শরণাগতি /০

৪১। গীতাবলী /০

৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০

৪৩। সাধনতত্ত্ব /০

৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা /

৪৫। নবদ্বীপশতক

৪৬। অর্চ্চনপদ্ধতি

৪৭। সদাচারস্মৃতিঃ ৩/

৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) /১০

৪৯। অর্চ্চনকণ /১০

৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম-৪ খণ্ড) ৬৲

৫১। ব্রহ্মসংহিতা ।০

৫২। মণিমঞ্জরী (সারার্থ) ।০

৫৩। গৌরকৃষ্ণোদয় ৸০

৫৪। পুরুষার্থ-বিনির্ণয় ।০

৫৫। তত্ত্বসূত্রম্ বা মায়াবাদশতদূষণী ।০

৫৬ ভারতবর্ষ ও ভক্তিপথ ৵০

৫৭। ঈশোপনিষদ্ (ভাষাবিবৃত) ।০

৫৮ শ্রীকৃষ্ণদেবের ৵০

৫৯। সিদ্ধান্তদর্পণ ৵০

৬০। সাংখ্যবাণী /০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।০,

৬২। সিদ্ধান্ত সরস্বতী বিবৃতিঃ ।০

৬৩। সটীক-মিত্রাজপূরণম্ ।০

৬৪। ভজনরত্নম্ ।০

৬৫। সাত্বত সিদ্ধান্তম্ ৵০

৬৬। গৌড়ীয়মঠপদ্ধতিঃ /০

৬৭। মায়াবাদখণ্ডনম্ ৵০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।০

৬৯। এ ফিউ ওয়ার্ডস অন বেদান্ত ।০

৭০। নামভজন /০

৭১। বেদান্ত—ইট্‌স্ মরফলজী অ্যাণ্ড অণ্টলজি ।৵

৭২। রিলেটিভ ওয়ার্ল্ড্‌স ৷৵০

৭৩। লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস্ অব শ্রীচৈতন্য মহাপ্রভু

৭৪। বৈষ্ণবীজম

৭৫। হোয়াট গৌড়ীয়মঠ ইজ ডুইং

৭৬ দি ভাগবত ।০

৭৭। ইসোটেরিক প্রিন্সিপল অ্যাণ্ড আয়ুর্ব্বেদের মিতোলজি ।০

৭৮। ব্রহ্মসংহিতা ১।০

৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (প্রথম খণ্ড) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ।০

৮১। সাধন-পথ ।০

৮২। কল্যাণ-কল্পতরু ৵০

৮৩। গীতাবলী /০

৮৪। শরণাগতি /০

আসামীজ ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি /০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ৬৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

দৈনিক
নদীয়া-প্রকাশ
একমাত্র পারমার্থিক
দৈনিক-পত্র
শ্রীধাম-মায়াপুর-নদীয়া

১২শ বর্ষ | ১৩ বামন ৪৫৩ গৌরাব্দ, ৩১শে জ্যৈষ্ঠ সকাব্দ ১৮৬১, ১৫ই জুন ইং ১৯৩৯, বৃহস্পতিবার | ১১৭ সংখ্যা

সাময়িক-প্রসঙ্গ

——::(০)::——

শ্রীবাস-অঙ্গনে মহোৎসব

গত ১২ই জুন ২৯শে জ্যৈষ্ঠ মঙ্গলবার শ্রীধাম-মায়াপুরস্থ সংকীর্ত্তনরাসস্থলী শ্রীবাস-অঙ্গনে গৌরপার্ষদ শ্রীশ্রীবাস পণ্ডিতের অপ্রকট-তিথি-পূজা শ্রীশ্রীল আচার্য্যদেবের আনুগত্যে হরিসংকীর্ত্তনমুখে সুসম্পন্ন হইয়াছে। এতদুপলক্ষে শ্রীচৈতন্যমঠ, শ্রীযোগপীঠ ও শ্রীধামবাসী ভক্তবৃন্দ অপরাহ্ন ৪ ঘটিকার সময় শ্রীবাস-অঙ্গনে গমন পূর্ব্বক গুর্ব্বৈষ্ণব-বন্দনা, অর্চ্চিক, পঞ্চতত্ত্ব ও বিভিন্ন মহাজন-পদাবলী কীর্ত্তন করিলে পর শ্রীপাদ অবধমন ব্রহ্মচারী, ভক্তিশাস্ত্রী মহোদয় শ্রীচৈতন্য-ভাগবত হইতে শ্রীবাসতত্ত্ব, শ্রীবাসের মাহাত্ম্য, তাঁহার ঐকান্তিক শরণাগতি ও গৌরপ্রীতির কথা এক ঘণ্টাকাল কীর্ত্তন করিয়া সকলের আনন্দবর্দ্ধন করেন। অনন্তর সন্ধ্যারতি-কীর্ত্তনের পর পুনরায় গুর্ব্বৈষ্ণব-বন্দনা, গুরুপরম্পরা, মহাজনপদাবলী ও মহামন্ত্র কীর্ত্তন হইতে থাকে। সুকণ্ঠ কীর্ত্তনীয়া পণ্ডিত শ্রীপাদ মন্মথনাথ দাস কাব্যতীর্থ, ভক্তিশাস্ত্রী ও শ্রীপাদ নন্দকিশোর দাস ভক্তিশাস্ত্রী মহোদয়দ্বয় সুললিতস্বরে কীর্ত্তন করিয়া শ্রীশ্রীগুরু-গৌরাঙ্গের প্রীতি-বিধান করেন।

কীর্ত্তনান্তে রাত্রি ৯ঘটিকার সময় সমাগত ভক্তবৃন্দকে বিচিত্র মহাপ্রসাদ বিতরণ করা হয়। শ্রীশ্রীগুরুগৌরাঙ্গের জয়ধ্বনি সহকারে মহাপ্রসাদ সম্মান করিয়া ভক্তবৃন্দ পরমানন্দিত হন।

শ্রীমঙ্গলনিলয় ব্রহ্মচারী, ভক্তিকবি ও শ্রীসুন্দরমুনিবন্দ্য ব্রহ্মচারী আন্তরিক সেবাচেষ্টায় উৎসবটী সুচারুরূপে সম্পন্ন হইয়াছে।

শ্রীল আচার্য্যদেব

ঐ দিবস শ্রীশ্রীল আচার্য্যদেব অপরাহ্ণে শ্রীচৈতন্যমঠে শ্রীবাসপণ্ডিতের সম্বন্ধে কিছুক্ষণ যাবৎ হরিকথা কীর্ত্তন করিয়া ভক্তগণের সেবোৎসাহ বর্দ্ধন করেন। শ্রীল আচার্য্য-দেবের পদধূলি ও কৃপাদেশ শিরে ধারণ করিয়া ভক্তগণ তাঁহারই শ্রীমুখবিগলিত হরিকথামৃত অনুকীর্ত্তন পূর্ব্বক শ্রীবাসপণ্ডিতের শ্রীচরণে কৃপাভিক্ষা করেন।

এতদ্ব্যতীত শ্রীল আচার্য্যদেব ঢাকাবাসী জনৈক ভদ্রলোকের নিকট প্রায় এক ঘণ্টা-কাল মনুষ্যজীবনের কর্ত্তব্য, ভক্তের দর্শন ও অভক্তের দর্শনের বৈশিষ্ট্য, কর্ম্ম, জ্ঞান, যোগাদি অপেক্ষা ভক্তির শ্রেষ্ঠত্ব, শরণাগতের নিকট বাস্তববস্তু কৃপাপূর্ব্বক প্রকাশিত হন প্রভৃতি বহু কথা কীর্ত্তন করেন। শ্রীল আচার্য্যদেবের শ্রীমুখে হরিকথা শ্রবণ করিয়া তিনি পরমানন্দিত হন।

কলিকাতায় প্রচার

শ্রীগৌড়ীয়মঠের অন্যতম সেবক মহোপদেশক পণ্ডিত শ্রীপাদ নবীনকৃষ্ণ বিদ্যালঙ্কার মহোদয় এবং প্রেসিডেন্সি শ্রীযুক্ত জগবন্ধু দাস এম-এ, (অডিটর জি, পি ও মহাশয়ের সাদর আহ্বানে গত ৫ই জুন সোমবার সন্ধ্যা ৭-৩০ ঘটিকার সময় তাঁহার গৃহে উপস্থিত হন। শ্রীপাদ বিদ্যালঙ্কার প্রভু তথায় শ্রীমদ্ভাগবত হইতে পৃথু মহারাজের উপাখ্যান পাঠ ও ব্যাখ্যা করেন। পাঠের আদি ও অন্তে মহাজন পদাবলী ও মহামন্ত্র কীর্ত্তন হয়। সপরিবার শ্রীযুক্ত জগবন্ধু বাবু বিশেষ শ্রদ্ধা ও আগ্রহের সহিত হরিকথা শ্রবণ করেন। দিন দিন তাঁহাদের হরি-গুরু-বৈষ্ণব-সেবায় রুচি এবং হরিকথায় শ্রদ্ধা বৃদ্ধি হউক, ইহাই শ্রীশ্রীগুরু-বৈষ্ণব চরণে আমাদের একান্ত প্রার্থনা।

প্রভুর বাণী

——::(০)::——

আমাদের জীবনের পরমায়ু অনিশ্চিত। সুতরাং কৃষ্ণের কৃপালাভের জন্য ব্যস্ত হওয়া কর্ত্তব্য। বালবৃদ্ধ যুবা-নির্ব্বিশেষে সকলেই মনে করিতে পারেন যে, জীবনের অপরাহ্ণ সমাগত। কারণ জীবন কখন শেষ হইবে তাহার নিশ্চয়তা নাই। নিঃশ্বাসের বিশ্বাস নাই। সুতরাং এক্ষণ হইতেই হরিভজন আরম্ভ করা কর্ত্তব্য। জীবনের যে নিমেষগুলি চলিয়া যাইতেছে, জগতের যাবতীয় অর্থ একত্র করিলেও তাহার একটীকেও আর ফিরিয়া পাওয়া যাইবে না। এই সকল লক্ষ্য করিয়া দুর্লভ মনুষ্য-জীবনের ক্ষণকালও হরিভজন না করিয়া ছাড়িয়া দেওয়া উচিত নহে।

যাঁহারা অসুস্থ হইয়া জীবন সন্ধ্যায় দীর্ঘ-কাল শারীরিক ক্লেশ ভোগ করেন, তাঁহাদের পক্ষে জাগতিক সুখের ক্ষণস্থায়িতা অনুভব দ্বারা হরিভজনের প্রয়োজনীয়তা লক্ষ্য করিবার বিশেষ সুযোগ আছে। এই সুযোগের সদ্ব্যবহারই বা আমরা কয়জনে করি?

হরিভজন দ্বারাই সমস্ত সংস্কার ক্ষয় হয় এবং সর্ব্বসিদ্ধি লাভ ঘটে। নন্দনন্দন বৃন্দাবনে থাকেন এবং লীলাস্থান ও বৃন্দাবনে। জগৎ সম্পূর্ণ বিস্মৃত না হইলে ভগবান্‌কে ব্রজে বৃন্দাবনে পাওয়া যায় না। নন্দনন্দনের উপাসনাই শ্রেষ্ঠ উপাসনা। তাঁহার অপেক্ষা শ্রেষ্ঠ কেহ নাই। কৃষ্ণের আনন্দবিধান যেখানে, সেই স্থানে আরাধনা আরও শ্রেষ্ঠ। তাঁহার কৃপা হইলে আমরা তাঁহার নামের কৃপা পাইব।

কেহ কুকর্ম্মে কেহ বা সুকর্ম্মে রত, আবার কেহ বা দুষ্কর্ম্মের জন্য যত্নশীল। কিন্তু ভক্ত সর্ব্বদা এখন সেবাকার্য্যে নিযুক্ত থাকেন। তাঁহারা সচ্চিদানন্দ বস্তুকে জানেন, তাঁহার নিকটে উপস্থিত হন, তাঁহার সেবা করেন। ভক্ত ভগবানের সেবায় নিত্য-স্বরূপটী ভগবানের দৃশ্য পদার্থরূপে উপস্থিত করেন। ভগবান্‌কে দেখিয়া তিনি সন্তুষ্ট হইতে চাহেন না; এই কাম্যটীকে তিনি আত্মভোগ বলিয়াই জানেন। ভগবান্ তাঁহাকে দেখিয়া সন্তুষ্ট হইবেন—এইটাই ভক্তের ইচ্ছা।

গৃহব্রতগণের ভোগের আশা মিটে না। সংসারে নিত্য যাতায়াত করিয়াও শিক্ষা হইতেছে না। কিছুতেই ভবসংসার তাহাদের ত্যাগ হয় না। যাহারা ভক্তির প্রার্থী হইয়া থাকিবার জন্য সর্ব্বদা যত্নপর! এই জগতের শ্রেষ্ঠ সর্ব্বদা ভগবানের সেবা লাভ হইবে। তিনি ভোক্তা—কর্ত্তা কর্ত্তা। আমি আশ্রয়। আমার ইন্দ্রিয় দ্বারা তাঁহার ইন্দ্রিয়তর্পণ করাই কার্য্য।

"[illegible] শ্রীগুরুদেবকে ভগবান্ ব'লে জানিয়া, ভগবানের প্রকাশমূর্ত্তি না হলে কোনও দিন ভগবানের নাম মুখে উচ্চারণ হ'তে না। [illegible] ভগবানকে যেরূপ [illegible] শ্রীগুরুদেবকে সেরূপ [illegible], কোন প্রকারে কম মনে [illegible] না।"

(শ্রীল প্রভুপাদ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

১৩ [illegible] [illegible], গৌরাব্দ ৪৫৩

ভয় কি থাকে না?

—:০:—

সর্ব্বত্রই ভয়ের কথা—ভৈরবের কথা। আমার কথা [illegible] যুগে জলা [illegible]। সকলেই যেন [illegible] হইয়া [illegible] করিতেছে। অদৃষ্টের মায়ায় [illegible] ভয় কেন? [illegible] [illegible] কেন? [illegible] [illegible], তাই [illegible] অবস্থায় [illegible] করিতেছে। ভয় যাহাকে ভয় করে, সেই ভগবানের শরণাগত যে [illegible]। [illegible] পাইয়া অসংখ্য [illegible], [illegible] আপনা [illegible] করিতেছে। [illegible] নিষ্কপটে হইয়া সকল উপায়ের উপায় [illegible] আত্মসমর্পণ করে, শরণাগত হয়, তাহার [illegible] আর [illegible] না [illegible] হইয়া সে [illegible] হইতে পারিবে।

[illegible] বড় ভয়। কিন্তু [illegible] নির্ভয় [illegible] পদ। সেই [illegible] ভয় প্রবেশ করিতে পারে না। কোন বিঘ্ন বা ভয় [illegible] করিতে পারে না। যে যে তাহার সকল [illegible] সমর্পণ করিয়া সর্ব্বাপদের [illegible], নির্ভয় বা নিশ্চিন্ত হইয়াছে। সে সেবা ভিন্ন আর অন্য কিছু চাহে না, আর কিছু জানে না, আর কোন চিন্তাকেই হৃদয়ে স্থান দেয় না। তাঁহার হৃদয় [illegible] যে কৃষ্ণময়। কৃষ্ণ যে তাঁহাকে [illegible] রক্ষা করিতেছেন, সুতরাং সেই কৃষ্ণগতপ্রাণ বা কৃষ্ণৈকশরণ ভক্তগণের আবার [illegible] কিসের? তাঁহাদের আবার [illegible] কিসের? তাঁহারা পরমোৎসাহী, পরম সাহসী। তাঁহাদের আবার ভাবনা কি? তাঁহাদের হৃদয়ে নিরানন্দের লেশমাত্র নাই। তাঁহারা সর্ব্বক্ষণ সেবানন্দে ভরপুর আছেন। আর যত [illegible] যত দুঃখ, যত বিপদ তাঁহাদেরই, যাঁহারা সর্ব্বস্ব-জীবন কৃষ্ণকে ভুলিয়াছেন, পরমার্থীর গুরুবৈষ্ণবকে আশ্রয় না করিয়া পর [illegible], তাঁহাদিগকে [illegible] [illegible]। যেখানে [illegible] [illegible] [illegible] [illegible]। যেখানে [illegible] [illegible]। আর যেখানে [illegible] [illegible], [illegible] সম্বন্ধ বা বন্ধন। যেখানে [illegible] [illegible]। [illegible] হইতেই ভয় হয়। সেই [illegible] কি? আমি [illegible] কিছু সবই কৃষ্ণ-[illegible] একমাত্র সেবা ও [illegible] আমার [illegible] ও [illegible] এইরূপ [illegible] অভাব [illegible] [illegible] [illegible] [illegible]। কিন্তু সাধুগুরু [illegible] শ্রীগুরুপাদপদ্ম—[illegible] [illegible] আশ্রয় [illegible] ভগবান্ সম্বন্ধ [illegible] স্বরূপ শ্রীগুরুপাদাশ্রয়ে [illegible] তাঁহারই [illegible] সত্য ভয় ও দুঃখের হস্ত হইতে চিরতরে [illegible]। এই [illegible] [illegible] [illegible] কোন [illegible] টলেন না, পরন্তু এমন অটল [illegible] অবস্থান করেন—[illegible] শ্রীগুরুপাদপদ্মে অবস্থান করিয়া [illegible] চরণের আশ্রয় থাকেন, নিরন্তর সেই [illegible] [illegible] [illegible] ও [illegible] [illegible] ও কৃষ্ণ কথামৃত [illegible] করিয়া [illegible] করেন। [illegible] ছাড়েন না—[illegible] হইতে [illegible] থাকেন না। নিরন্তর নিষ্কপট-[illegible] থাকাকেই যাঁদের একমাত্র [illegible], সত্য বা ধ্যান জানেন। তাই তাঁহারা নিজের হরি-গুরু-বৈষ্ণব হইতে ভিন্ন মনে না করিয়া তদধীন দাসভাবে প্রভুর সুখে নিজেকে সুখী মনে করেন, শ্রীহরি-গুরুবৈষ্ণবের প্রতিষ্ঠা ও সুখকে নিজ প্রতিষ্ঠা ও সুখজ্ঞান করেন। সুতরাং তাঁহাদের ভয়ও নাই। নিঃস্বত্বের প্রতি অভিনিবেশ না থাকায় দ্বিতীয়াভিনিবেশের অভাববশতঃ তাঁহাদের ভয় নাই। শ্রীমদ্ভাগবত বলেন,—

ভয়ং দ্বিতীয়াভিনিবেশতঃ স্যা-
দীশাদপেতস্য বিপর্য্যয়োঽস্মৃতিঃ।
তন্মায়য়াতো বুধ আভজেত্তং
ভক্ত্যৈকয়েশং গুরুদেবতাত্মা।

বদ্ধজীব আমাদের মন, জন ও জীবনের [illegible] ভয়। [illegible] আমাদের [illegible] বেশী হয়। প্রাণ[illegible] কথা শুনিলেই আমাদের [illegible] স্থির হইয়া যায়। [illegible] ছাড়িতে পারে, কিন্তু প্রাণ কেহই ছাড়িতে চায় না। প্রাণ এত প্রিয়! [illegible] বাঁচিয়া থাকিতে চায়, কিন্তু চিরদিন বাঁচিয়া থাকিতে পারে না—ইহাই দুঃখ। [illegible] চিরকাল [illegible] না তজ্জন্য আমরা কতই না [illegible] করি। কিন্তু যাহা নিত্যকাল থাকবে, সেই আত্মার প্রাণ, আত্মার [illegible] কথা কোনদিনও চিন্তা করি না। দেহরক্ষার জন্য আমরা দেহরক্ষার জন্য সর্ব্বক্ষণ [illegible]। কিন্তু কি আশ্চর্য্য, আমাদের আত্মরক্ষার জন্য আজো ভয় নাই। তজ্জন্য আমাদের [illegible] ভয়ও হয় না। বরং অনেক সময় আত্মবিনাশের জন্য আমাদের কত উৎসাহ দেখা যায়। এমন অমূল্য [illegible] প্রতি উদাসীন থাকিয়া আমরা [illegible] রক্ষা করিবার জন্যই সারাটী জীবন কেবল ভয়েই মরিতেছি। কিন্তু এ ভয় আমাদের কিছুতেই যাইবে না, যতদিন গুরু-বৈষ্ণব-ভগবানকে আমরা আপনজ্ঞান না করিব, তাঁহাদের চরণে শরণ না লইব। মায়া বা ভয় কিছুতেই আমাদিগকে ছাড়িবে না। কিন্তু আমরা যদি নিষ্কপটে শরণাগত করি, তাহা হইলে তিনি তাঁহার মায়াকে অতি সহজ ও স্বেচ্ছায় সরাইয়া লইতে পারেন। [illegible] তাঁহার অধীনস্থ [illegible] বা দেহকে সরাইয়া লইতে পারেন, কিন্তু [illegible] তাঁহার অধীনস্থ ব্যক্তি বা বস্তুর [illegible] হইতে গমন করিবার স্বাধীনতা বা স্বতন্ত্র সামর্থ্য নাই। তাই আমরা ভক্তভীত সকলের নিকটে করযোড়ে প্রার্থনা করিতেছি,—

হে সাধব! সকলমেব বিহায় দূরাৎ।
চৈতন্যচন্দ্রচরণে কুরুতানুরাগম্।

শ্রীশ্রীল আচার্য্যদেবের উপদেশ

—:০:—

শ্রীযুক্ত [illegible] বাবু—দীক্ষাগুরু এবং শিক্ষাগুরুর মধ্যে বৈশিষ্ট্য কি?

শ্রীল আচার্য্যদেব—শিক্ষাগুরু ও দীক্ষাগুরু দুই-ই এক সমজ্ঞান। দীক্ষাগুরু—[illegible]—[illegible]। গুরু তিন প্রকার—শ্রবণগুরু, শিক্ষাগুরু ও দীক্ষাগুরু। শ্রবণগুরু—বহু [illegible]। দীক্ষাগুরু মাত্র একজন, দুইজন হইতে পারেন না। শ্রবণ-গুরু ও শিক্ষাগুরু অনেক হইতে পারেন। শ্রবণগুরু—Preliminary কথা ব'লে দেন, প্রাথমিক যোগ্যতা দেন। যিনি মন্ত্র দেন, তিনি দীক্ষাগুরু। তিনি সম্বন্ধজ্ঞান দেন। শ্রীমূর্ত্তির প্রতি কি কর্ত্তব্য, ব'লে দেন। অর্থপঞ্চক শিক্ষা দেন, সংস্কার দেন। শিক্ষাগুরু হরিভজনের কথা বলেন, কি ক'রে ভজন করতে হয় তা' শিক্ষা দেন। দীক্ষাগুরু ও শিক্ষাগুরু একই হ'তে পারেন। এঁকে বড় ছোট বলিবা কোন কথা নাই। দীক্ষাগুরু ও শিক্ষাগুরুতে Mundane Superiority—Inferiority উচ্চনীচ বিচার নাই, কারণ, বস্তু এক। উভয়েই ভগবৎপ্রেষ্ঠ। ভগবৎপ্রেষ্ঠগণের মধ্যে ছোট-বড় ভেদ নাই। যেমন দীক্ষাগুরু শ্রীযদুনন্দন আচার্য্য সম্বন্ধে শ্রীল রঘুনাথ দাস গোস্বামী প্রভু ব'লেছেন—

নামশ্রেষ্ঠং মনুমপি শচীপুত্রমত্র স্বরূপং
রূপং তস্যাগ্রজমুরুপুরীং মাথুরীং
গোষ্ঠবাটীম্।
রাধাকুণ্ডং গিরিবরমহো রাধিকা-
মাধবাশাং
প্রাপ্তো যস্য প্রথিতকৃপয়া শ্রীগুরুং তং
নতোঽস্মি।

শ্রীল যদুনন্দনাচার্য্য প্রভু শ্রীল রঘুনাথ গোস্বামী প্রভুর দীক্ষাগুরু। শ্রীস্বরূপ, শ্রীসনাতন, শ্রীরূপ—ইঁহারা শ্রীরঘুনাথের শিক্ষাগুরু। দীক্ষাগুরু এই তিনজনের সন্ধান দিয়েছেন। তিনজনই আবার বড়।

শ্রীল দাসগোস্বামী প্রভু গোষ্ঠবাটী, রাধাকুণ্ড, গিরিরাজ গোবর্দ্ধন ও শ্রীরাধামাধবের সেবা পেয়েও 'সেবাশা'র কথা বলছেন। সেবা পেয়েও 'সেবাশা' অর্থাৎ বিরহ। তিনি কৃষ্ণের প্রিয়জন, তথাপি "পেয়েছি" এই অভিমান নাই। কেবল "পাব" এই আশা। পেয়েছি [illegible] [illegible]। [illegible]

দীক্ষাগুরু শিক্ষাগুরুও হ'তে পারেন। শিক্ষাগুরু অভিধেয়দাতা। অনর্থ-নিবৃত্তির পর অভিধেয়দাতা শিক্ষাগুরু নামভজন শিক্ষা দেন। দীক্ষাগুরু দিব্যজ্ঞান বা সম্বন্ধজ্ঞান-প্রদাতা। তিনি মন্ত্র দিয়ে সংসার মোচন করেন। তিনি tendency to measure the universe (বিশ্বকে মাপিয়া লইবার প্রবৃত্তি)—বা Predominating mood (ভোক্তৃত্বাভিমান) ছুটি করান—মন্ত্র দ্বারা। মন্ত্র—ভগবৎ-শব্দ বা ভগবানের মধ্যে "নমঃ" বা "স্বাহা" শব্দ আছে। এখানে চতুর্থী বিভক্তি। কেবল ভগবান-ভজনের কথা—অনর্থনিবৃত্তির পর বিশুদ্ধ অভিধেয়ের কথা শিক্ষাগুরু বলেন। অভিধেয় ও প্রয়োজন দেন শিক্ষাগুরু। ভাগবত-পরম্পরা— শিক্ষাগুরু- পরম্পরা। ইহা দীক্ষাগুরুপরম্পরা নয়। শ্রীল কবিরাজ গোস্বামীর পর শ্রীল ঠাকুর নরোত্তম। শ্রীল কৃষ্ণদাসের প্রিয় 'নরোত্তম'। নরোত্তমের দীক্ষাগুরু—লোকনাথ। নরোত্তমের প্রিয় বিশ্বনাথ। গঙ্গানারায়ণ প্রভৃতি তিন পুরুষের পর বিশ্বনাথ। ইহা পাঞ্চরাত্রিক পরম্পরা নয়—ইহা শিক্ষাগুরু-পরম্পরা। ঠাকুর ভক্তিবিনোদ শ্রীল জগন্নাথের পাঞ্চরাত্রিক শিষ্য নহেন। শ্রীল রাধা-দামোদর যিনি 'বেদান্তস্যমন্তক'-এর রচয়িতা—তিনি বলদেবের দীক্ষাগুরু। শ্রীবলদেব শ্রীবিশ্বনাথের অনুগত।

সম্বন্ধজ্ঞান দীক্ষাগুরু দেন। নাম-ভজন শিক্ষা দেন শিক্ষাগুরু। মন্ত্র, দীক্ষা ও ভজন শিক্ষার পর আবার শিক্ষা। স্বরূপ-সিদ্ধির পর যখন সৌভাগ্যক্রমে লীলাপ্রবেশ হয় অর্থাৎ বস্তুসিদ্ধির পরও শিক্ষাগুরুর সাহচর্য্য করতে হয়।

শ্রীরূপবিলাস প্রভু—শিক্ষাগুরুগণ কি জীবতত্ত্ব?

শ্রীল আচার্য্যদেব—না। গুরু জীবতত্ত্ব ন'ন। যখনই গুরুজ্ঞান হ'য়েছে, তখন জাবতত্ত্ব-দর্শন বা তটস্থদর্শন নাই; মুক্ত-জীবরূপেও দর্শন নাই। গুরুতে কৃষ্ণপ্রিয়—ভগবানের স্বরূপশক্তি বা পরা শক্তি দর্শন, বিভিন্নাংশ দর্শন নাই। তটস্থ জীব মুক্ত হইলেও বিভিন্নাংশ থাক্‌বেন। তটস্থজীব ভাগবতের পূর্ব্ব পর্য্যন্ত মায়া কবলিত। যখন গুরু বলা হয় তখন মুক্তজীবরূপে—বিভিন্নাংশ দর্শন কর্‌তে হ'বে না। গুরু বিষ্ণুতত্ত্ব। তিনি ভগবানের সহিত অভিন্ন—সেবক-ভগবান্। শ্রীগুরুদেব Enjoyer ন'ন, তিনি Enjoyed Absolute. কৃষ্ণ ও গুরু—ভোক্তৃভগবান্ ও ভোগ্য-ভগবান্—সম্ভোক্তা ও সম্ভোগ্য। সম্ভোক্তা-ভগবান্—কৃষ্ণ, আর সম্ভোগ্য-ভগবান্—আশ্রয় বা গুরুদেব। শ্রীগুরুদেব ভগবানের প্রিয়তম সেবক। ভগবানের সহিত তাঁ'র অবিচ্ছেদ্য সম্বন্ধ, তবে তিনি সম্ভোক্তা ন'ন। শিক্ষাগুরুগণ সকলেই ভগবৎশ্রেষ্ঠ। গুরু-ভাগবত্-ভক্তগণ শিব ও গুরুকে ভগবানের সহিত এক মনে করেন। 'ভগবৎপ্রিয়তমত্বেনৈব দৃঢ়তে।' সদাশিব ভগবানের সহিত অভিন্ন। রুদ্র যিনি গুণের দ্বারা জগৎ ধ্বংস করেন, যিনি মায়াসঙ্গী, তিনি সেই শিব নহেন। ব্রহ্মা যিনি জগৎ সৃষ্টি করেন, তিনি আমাদের গুরু ন'ন। আমার গুরুর সহিত জগৎসৃষ্টি বা মায়াশক্তির সহিত কোন সম্বন্ধ নাই। তিনি ভগবানের সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ সুখবিধান করেন। যিনি ভগবান্‌কে বেশী সুখ দেন, তিনিই আমার গুরুদেব।

মুক্ত জীবগণ বৈষ্ণব। বদ্ধ, তটস্থ ও মুক্ত এক নয়। গুরুদর্শনে জীবরূপে দর্শন নাই। 'আচার্য্যং মাং বিজানীয়াৎ।' এখানে জীবরূপে দর্শন করলে অপরাধ হ'বে। নিত্যসিদ্ধ পার্ষদগণ জীবজাতীয় ন'ন। তাঁ'দের জীব বলা যা'বে না। তটস্থ অবস্থায় এক-পংক্তিতে স্থান, আর মুক্ত অবস্থায় ভগবদ্ভক্তি।

ব্রজেশ্বরী বাবু—গুরুজ্ঞান কে করলে, কখন হ'বে?

আচার্য্যদেব—শিষ্য আচার্য্যকে গুরুজ্ঞান করবে।

কিবা বিপ্র কিবা ন্যাসী শূদ্র কেনে নয়।
যেই কৃষ্ণতত্ত্ববেত্তা সেই গুরু হয়॥

বর্ণাশ্রম—বদ্ধজীবের হয়, ভগবান্ বা পরমহংসের বর্ণাশ্রম নাই। শ্রীগুরুদেব বিপ্রকুলে জাত হউন, যে কোন বর্ণ বা যে কোন আশ্রমেই থাকুন বা শূদ্রবর্ণেই আবির্ভূত হউন, তা'তে কিছু আসে যায় না। যিনি কৃষ্ণতত্ত্ববেত্তা তিনিই গুরু হ্লাদিনীর- সমবেত- সম্বিৎশক্তি -বৃত্তিই ভক্তি। ইহা কৃষ্ণের—জীবের নয়। শ্রীবলদেব বিদ্যাভূষণ প্রভুর 'সিদ্ধান্তরত্নে' ও ঠাকুর ভক্তিবিনোদের 'জৈবধর্ম্মে' এসব কথা আছে। সেই কৃষ্ণতত্ত্ববেত্তা কৃষ্ণ ছাড়া হয় না। কৃষ্ণকে কৃষ্ণই জানেন। সেখানে জীব বা তটস্থ বা বিভিন্নাংশ দর্শন নাই। মুক্ত জীব দু'প্রকার—নিত্যমুক্ত ও বদ্ধমুক্ত।

ব্রজেশ্বরী বাবু—তা' হ'লে মুক্তজীবগণকে কি গুরু বলা চলে না?

আচার্য্যদেব—জীব বললে 'গুরু' বলা হ'বে না। আর 'গুরু' বললে জীব বলা হ'বে না। পার্ষদ আর জীব এক ন'ন। পার্ষদ বা পরিকরই 'গুরু'। তখন জীব বলা চলে না।

শ্রীপাদ ভক্তিবান্ধব প্রভু—গুরুকে বৈষ্ণব বললে কি দোষ হয়?

আচার্য্যদেব—বৈষ্ণবের মধ্যে দু'রকম—বিভিন্নাংশ জীব ও আশ্রয় বিগ্রহগণ। মুক্ত-জীবই বৈষ্ণব। মধুররসে—বার্ষভানবী, বাৎসল্যরসে—নন্দ-যশোদা—ইঁহারা স্বাংশ—স্বরূপশক্তি। গুরুকে শুধু বৈষ্ণব না ব'লে 'ভক্তশ্রেষ্ঠ' বা 'বৈষ্ণবরাজ' বলা যায়। মহাভাগবত বা বৈষ্ণব এক জিনিষ। মহাভাগবত-শ্রেষ্ঠ—গুরুদেব। 'মহাভাগবতবর শ্রীগৌরকিশোরবর', মুক্তজীব—বৈষ্ণব। স্বরূপশক্তি বা পরিকরগণ তাঁ'রা ঠিক মুক্ত জীব ন'ন। তাঁ'রা চিচ্ছক্তির বিলাস। বিভিন্নাংশ জীব কারণার্ণবশায়ী হইতে প্রকটিত। তাঁ'রা তটস্থ। সঙ্কর্ষণ হ'তে প্রকটিত জীব নিত্যসিদ্ধ। সন্ধিনীশক্তিময়-বিগ্রহ বলদেব-সঙ্কর্ষণ-প্রকটিত নিত্যসিদ্ধ পার্ষদগণ কারণার্ণবশায়ী হ'তে প্রকটিত জীবের সহিত ঠিক সমান ন'ন, তাঁ'দের থেকে শ্রেষ্ঠ। বলদেবই নানাদিরূপে কৃষ্ণের সেবা করছেন। সন্ধিনী-শক্তি-প্রকটিত ধাম নিত্যানন্দের সহিত সমান। তিনি বহুরূপে গৌরসেবা করছেন।

শ্রীভক্তিমোহন — বিলাস বলিতে কি বুঝায়?

আচার্য্যদেব—বিলাসী যেখানে জীব, সেখানে জড়বিলাস। তাহা বন্ধন। চিদ্-বিলাস—পরমমোক্ষ—মোক্ষের পরাকাষ্ঠা। কৃষ্ণের যত বিলাস সব পূর্ণজ্ঞান-ঘনানন্দরূপ। তাহা অবিদ্যাদ্বারা অভিভূত কোন পদার্থ নয়। সেখানে বন্ধন বা ক্লেশ নাই, সেখানে আছে নিরবচ্ছিন্ন কেবল অনন্ত আনন্দ। সেখানে সব একতাৎপর্য্যপর—All Harmony একসূত্রপর। সেখানে বিরোধ নাই—parallel নাই। তাহা প্রেমভূমি, সেখানে বিলাস হ'চ্ছে। সঙ্গ—মিলন, সঙ্গ—সুখ। সেই সঙ্গ এখানে অবতীর্ণ হন

অভিধেয়-ভক্তি বিশুদ্ধ নয়। শ্রদ্ধা থেকে ভক্তির আরম্ভ।

ব্রহ্মাণ্ড ভ্রমিতে কোন ভাগ্যবান জীব।
গুরুকৃষ্ণ-প্রসাদে পায় ভক্তিলতাবীজ॥

এখানে বীজ আছে,- সেখানে বীজ নাই, সবই প্রস্ফুটিত। এখানে সুরু হ'ল বীজ। প্রথমে অঙ্কুরিতাবস্থা শ্রদ্ধা, তারপরে মুকুলিত অবস্থা। অপ্রস্ফুটিত বিকাশ বা অসম্পূর্ণ প্রকাশই বীজ। বৃক্ষের প্রথম আরম্ভ - Seed (বীজ), embroic stage (অঙ্কুরিত অবস্থা), slightest manifestation (ঈষৎ বিকশিতাবস্থা)।

বিলাস ও প্রকাশ একই বস্তু। যেখানে বহুরূপে প্রকাশিত হ'ন, তাহা প্রকাশ। যেমন দ্বারকায় কৃষ্ণ বহুরূপ ধারণ ক'রে ষোড়শ সহস্র মহিষীর পাণিগ্রহণ করলেন। সেখানে প্রকাশ, আর যেখানে মূর্ত্তির আকারে ভেদ, তাহা বিলাস। বলদেব, নারায়ণ—কৃষ্ণের বিলাস। রাসে কৃষ্ণের প্রকাশ। শক্তির বিলাস-বিচিত্রতা বা বৈশিষ্ট্য Excellent Diversity. প্রভুপাদ 'Relative worlds' ব'লেছেন।

শ্রীভক্তিবান্ধব—গুরুদেবকে বলদেবাভিন্ন-বিগ্রহ বলিলে কি বিষ্ণুবিগ্রহত্ব থাকে না?

আচার্য্যদেব—শ্রীও পদ রোহিণী-নন্দন বা রৌহিণেয় রাম নহেন। বলদেবের যে রাস তা'তে কৃষ্ণই বলদেবের অঙ্গে রাস ক'রেছেন, ভোগ ক'রেছেন। বলদেবে কৃষ্ণসুখপরতা ছাড়া কিছু নাই। তিনি চারিরসে কৃষ্ণসেবা করছেন। রাসে তিনি নিজ অঙ্গে কৃষ্ণকে সুখভোগ করিয়েছেন।"

চতুর্ব্যূহের মধ্যে যে বলদেব, তাঁ'তে ঈশ্বরত্ব আছে। Quadrant Diversity যেখানে, সেখানে বিষ্ণুবিগ্রহের প্রাবল্য। হ্লাদিনীর আনুগত্য করতে হ'লে অপ্রাকৃত প্রকৃতি হ'তেই হ'বে। শক্তিবিলাসের কথাই ত' সেবার কথা—আশ্রয়ের কথা। শ্রীগুরুদেব শক্তিমান্ নহেন, তিনি কৃষ্ণের শক্তি—স্বরূপশক্তি—আশ্রয়বিগ্রহ।

সন্ধিনীর প্রকাশ—ধাম, চিত্তবৃত্তি বা ভাব ও রূপ—Entity. সম্বিৎ হ'তে কৃষ্ণের অনুভূতি; আর হ্লাদিনী শক্তির কার্য্য—রসের উদয় করা বা আনন্দ দেওয়া।

শ্রীভক্তিবান্ধব—সাধুসঙ্গ কি ক'রে লাভ হয়?

আচার্য্যদেব—'কোন ভাগ্যে,
কোন জীবের,
শ্রদ্ধা যদি হয়। তবে সেই জীব
সাধুসঙ্গ করয়।'

শ্রদ্ধা ও সাধুসঙ্গ যুগপৎ হ'চ্ছে। যখন সংসার ক্ষয়োন্মুখ হয়, prison-gate খুলবার সময় হয় তখন High Court Judge release order দিয়েছেন বুঝতে হবে, কারণ দু'টা একসঙ্গে হয়।

যেখানে কৃষ্ণকে আপন-জ্ঞান, সেখানে পূর্ণ শরণাগতি বুঝতে হ'বে। যেখানে শরণাগতি, অকিঞ্চনত্ব বা দীনতা উপলব্ধি, সেখানে গুরু ও বৈষ্ণব ঠাকুরের সঙ্গ। সেখানে মায়াবন্ধ, পুরুষাভিমান বা প্রভুত্ব-স্পৃহা ক'মে যাচ্ছে—অস্মিতা হ্রাস হচ্ছে, সেখানে বন্ধনও কেটে যাচ্ছে।

শুদ্ধভক্তি-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠ

প্রাচীন নবদ্বীপ, তাকপুর শ্রীমায়াপুর, নদীয়া। শ্রীব্রজপত্তনের মধ্যে শ্রীচৈতন্যমঠ, পরবিদ্যা-পীঠ, শ্রীবিদ্যাপীঠ, শ্রীগৌর-গোপাল আচার্য্য চতুষ্টয় বিগ্রহ আছেন। সুপ্রাচীন গ্রন্থ-প্রাক্প্রচারকরূপে 'নদীয়া-প্রকাশ' যন্ত্রালয় আছে।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১। কলিকাতায় শ্রীভক্তিবিনোদ-আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, সঙ্কীর্ত্তন, প্রত্যাহ চতুষ্টয় বেদান্ত-শ্রীমদ্ভাগবতাদি শাস্ত্র-গ্রন্থের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও হারমণি পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়।

(৩) যোগপীঠ মায়াপুর-পীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব-ভূমি মহাযোগপীঠ।

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং … বর্ত্তমান।

(৬) মুরারিগুপ্তের পাট

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৭) কাজি-সমাধি-পাট

প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)

ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি।

(৮) অনুকূলকৃষ্ণানুশীলনাগার

শ্রীধাম মায়াপুর

(৯) স্বানন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)

এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)

গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ জাননগর (বর্দ্ধমান)

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মাউগাছি, পোঃ ভাণ্ডার, (বর্দ্ধমান)

শ্রীব্যাসাবতার ঠাকুর বৃন্দাবনের স্থান

(১৩) ঋতুদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(১৪) জহ্নুদেব-গৌড়ীয়মঠালয়

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ

গৌড়পুর, নদীয়া

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ

রাউতারা - (শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী) পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৭) কুঞ্জকুটীর

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ চাঁদপাড়া, (নদীয়া)

(২০) মহেশ-পণ্ডিতের পাট

কাঁঠালপুলি, পোঃ চাকদা (নদীয়া)

(২১) রাণাঘাট গৌড়ীয়মঠাসন

(২২) পুরী গৌড়ীয়মঠ

চব্বিশ পরগণা

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ

বারিধা পোঃ ওয়ারি, ঢাকা।

পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র।

(২৪) গোপালজীমঠ

কমলাপুর, পোঃ ঢাকা

(২৫) নিতাই-গৌরাঙ্গ মঠ

পোঃ পাটিয়াটি, (ঢাকা)

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

বড়বাজার, পোঃ ময়মনসিংহ

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চক্চকা, কামরূপ (আসাম)

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

ওক্ পাসাং বিল্ডিং, দার্জ্জিলিং

(৩০) সারস্বত-গৌড়ীয়মঠ

পোঃ হরিহর, জিঃ সাহারাণপুর, ইউ, পি

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

মিঠাপুর (পাটনা)

(৩২) গয়া গৌড়ীয়মঠ

বিশদ বিবরণ ১৩৪৬ সালের ৯ই আষাঢ় মধ্যে নদীয়া জেলার কৃষ্ণনগর কোর্ট অব ওয়ার্ডস্ এষ্টেটের জেনারেল ম্যানেজার অফিসে অফিস-দিবসে ১১টা হইতে ৫টার মধ্যে পাওয়া যাইবে। এবং ১১ই আষাঢ় মোতাবেক ২৫শে জুন ১৯৩৯ বেলা ৩টার সময় নিলামডাকের বন্দোবস্ত হইবে।

জেনারেল ম্যানেজার
কোর্ট অব ওয়ার্ডস এষ্টেট
নদীয়া

বিবিধ সংবাদ

——::(০)::——

ভারতীয় কয়লা কমিটী

একটি সরকারী বিজ্ঞপ্তিতে প্রকাশ, গত ১২ই জুন হইতে ভারতীয় কয়লা কমিটীর কার্য আরম্ভ হইয়াছে।

বর্ত্তমান অধিবেশনের শেষ ভাগে যাহাদের সাক্ষ্য গৃহীত হইবে, তাঁহাদের মধ্যে বে-সামরিক ও সামরিক বিভাগের উচ্চপদস্থ কর্মচারীদিগের সাক্ষ্যই অগ্রগণ্য হইবে।

আগামী ২১শে জুন বর্ত্তমান অধিবেশন শেষ হইবে। আগামী ২রা জুলাই তারিখের পূর্ব্বে সদস্যগণ সিমলা পরিত্যাগের সুযোগ পাইবেন না। ঐ সময়ের মধ্যে তাঁহাদিগকে আরও অনেক কর্ত্তব্য সম্পন্ন করিতে হইবে।

সম্প্রতি যে ব্যবস্থা হইয়াছে, তদনুসারে আগামী ৩রা জুলাই কমিটির ২য় বৈঠক আরম্ভ হইয়া ২২শে জুলাই শেষ হইবে।

কয়েকজন সদস্য ভারতের বিভিন্ন স্থানে যাইয়া সেনাদল ও শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন করিবেন।

বৃটিশ গবর্ণমেন্টের নিকট আবেদন

বিশ্বস্তসূত্রে জানা গেল যে, আলবানিয়ার ভূতপূর্ব্ব রাজা জোগ তাঁহার পত্নী রাণী জেরালডিন দুই মাসের পুত্র প্রিন্স ইস্কন্দর এবং তাঁহার তিন ভগ্নীসহ লণ্ডনে অবস্থানের জন্য বৃটিশ গবর্ণমেন্টের অনুমতি চাহিয়াছেন।

রাজা জোগ এক সপ্তাহের মধ্যে তুরস্ক হইতে প্যারিস যাত্রা করিবেন। তাঁহারা ভার্সাইতে "শাতো জগারে" ভবনে মাস চারেক থাকিবেন। এই অট্টালিকায় ইতোমধ্যে উইণ্ডসরের ডিউক ও ডাচেস ছিলেন।

[illegible] আন্দোলন

[illegible] আন্দোলন সম্পর্কে ২৭৩ জন লোক গ্রেপ্তার হইয়াছে।

[illegible] আন্দোলন সম্পর্কে ৫ই জুন পর্য্যন্ত ৩১১৯ জন লোক গ্রেপ্তার হইয়াছে। তন্মধ্যে ১৫০০ জন লোক ক্ষমা প্রার্থনা করায় মুক্তি লাভ করিয়াছে।

বড়লাট, যুক্ত-প্রদেশের গবর্ণর, কংগ্রেস সভাপতি ডাঃ রাজেন্দ্রপ্রসাদ, যুক্ত-প্রদেশের প্রধান মন্ত্রী এবং মৌলানা আবুল কালাম আজাদের নিকট বিভিন্ন স্থানে শিয়াদের রাজনৈতিক সম্মেলনের সেক্রেটারী ও শিয়াসিয়াসিক কমিটির সেক্রেটারী তারে শিয়াদিগকে যে ছোরা দ্বারা আঘাত করা হইয়াছে তৎসম্পর্কে তাঁহাদের দৃষ্টি আকর্ষণ করিয়াছেন।

মোটর কামান ইঞ্জিন ক্রয়ের প্রস্তাব

কলিকাতার পুলিশ কমিশনার কলিকাতা কর্পোরেশনকে একটি নূতন ধরণের মোটর কামান ইঞ্জিন ক্রয় করিতে প্রস্তাব করিয়াছেন বলিয়া জানা গিয়াছে। উক্ত ইঞ্জিন সহরে আগুন লাগিলে তাহা নির্ব্বাপন করিবে। যদি এরোপ্লেন দ্বারা সহরে গোলা নিক্ষেপ করা হয় তবে যে অগ্নিকাণ্ডের সৃষ্টি হইবে তাহাও এই ইঞ্জিনের সাহায্যে নির্ব্বাপন করা যাইবে। ইঞ্জিনটি ক্রয় করিতে ২৮ হাজার টাকা হইবে।

কর্পোরেশনের ফাইনান্স ষ্ট্যাণ্ডিং কমিটি ঐ প্রস্তাব গ্রহণে অক্ষমতা জ্ঞাপন করিয়া জানাইয়া দিয়াছেন যে, ঐ ব্যয়ভার গবর্ণমেন্টেরই বহন করা উচিত।

মধ্যপ্রদেশের সরকারী প্রচার বিভাগ

নাগপুরের "হিতবাদ" সংবাদ পত্রের ভূতপূর্ব্ব সম্পাদক, অভিজ্ঞ সাংবাদিক শ্রীযুক্ত এ, ডি, মাহানীর তত্ত্বাবধানে মধ্যপ্রদেশ গবর্ণমেন্ট প্রচার বিভাগ পুনর্গঠনের সঙ্কল্প করিয়াছেন। শ্রীযুক্ত মাহানী 'সার্ভেন্টস অব ইণ্ডিয়া সোসাইটির' আজীবন সদস্য ছিলেন। গবর্ণমেন্ট তাঁহাকে 'পাবলিসিটি অফিসার' নিযুক্ত করিয়াছেন। শ্রীযুক্ত মাহানী একজন যশস্বী সাংবাদিক, তিনি আমেরিকায় শিক্ষালাভ করেন। সম্প্রতি তিনি ঐ সমিতির আজীবন সদস্য-পদ ত্যাগ করিয়াছেন।

ঢাকার কমিশনারের পার্শ্বনাল এসিষ্ট্যান্ট

ঢাকা বিভাগের কমিশনারের পার্শ্বনাল এসিষ্ট্যান্ট স্বরূপে মিঃ সাদেক খানের কার্য্যকাল আগামী ৩১শে জুলাই পাঁচ বৎসর পূর্ণ হইবে। কিন্তু তৎপূর্ব্বেই তিনি অন্যত্র বদলী হইয়া যাইতেছেন। ইতঃপূর্ব্বেও তাঁহার দুইবার বদলীর আদেশ হইয়াছিল; প্রথম বারে বঙ্গীয় গবর্ণমেন্টের কৃষি ও শিল্প বিভাগের সহকারী সম্পাদক রূপে, দ্বিতীয়বারে শিক্ষা বিভাগের সহকারী সম্পাদকরূপে বদলী হইবার কথা ছিল; কিন্তু দুই দিনেই গবর্ণমেন্ট বিজ্ঞপ্তি দ্বারা তাঁহার বদলী নাকচ করিয়া দেওয়া হইয়াছিল।

সরকারী রেলের আয়

সমস্ত সরকারী রেলে ২ কোটি ৮৮ লক্ষ টাকা আয় হইয়াছে। পূর্ব বৎসরে ঐ সময়ের আয় অপেক্ষা এবার ১ লক্ষ টাকা কম। গত ১লা এপ্রিল হইতে ৩১শে মে পর্য্যন্ত সরকারী রেলসমূহে ১৬ কোটি ৫০ লক্ষ টাকা আয় হইয়াছে। গত বৎসরে ঐ সময়ের আয় অপেক্ষা ৪১ লক্ষ টাকা কম।

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক। প্রতি একাদশীতে প্রকাশিত হয়। কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। সডাক ভিক্ষা ৪।০ টাকা মাত্র।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১।০ টাকা মাত্র।

৩। ভাগবত—হিন্দিভাষার একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ টাকা মাত্র

৫। শ্রীগৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ মাত্র।

পরমগুরু শ্রীগৌরকিশোর

গৌড়ীয়-সম্পাদক-লিখিত, শ্রীগৌড়ীয়মঠাচার্য্যের ভূমিকা-সম্বলিত, বহুচিত্র-শোভিত ও বিষয় সূচী-সম্বলিত "পরমগুরু শ্রীগৌরকিশোর" গ্রন্থখানি প্রকাশিত হইয়াছেন। এই গ্রন্থখানিতে শুদ্ধগৌড়ীয়বৈষ্ণবজগতের পরমারাধ্য, গৌড়ীয়গৌরবশিখামণি অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ নিত্যলীলাপ্রবিষ্ট পরমহংস ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল গৌরকিশোরদাস গোস্বামী প্রভুবরের অলোকসামান্য চরিতকথা বর্ণিত হইয়াছে।

শ্রীশ্রীভক্তিবিনোদাবির্ভাব-শতবর্ষপূর্ত্তিতিথিপূজার উপায়ন-গ্রন্থমালা

——::(০)::——

১। গীতিসাহিত্যে শ্রীভক্তিবিনোদ

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র গীতিসাহিত্যের সমালোচনা-গ্রন্থ)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

২। শ্রীভক্তিবিনোদবাণীবৈভব

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের বচনামৃতসাগর হইতে আহৃত ১০৮টি অধ্যায়ে সম্বন্ধ-অভিধেয়-প্রয়োজনাকারে গুম্ফিত অমূল্য উপদেশপূর্ণ গ্রন্থ)

ভিক্ষা—৩৲ তিন টাকা মাত্র।

৩। শ্রীশ্রীভক্তিবিনোদ-প্রসঙ্গ

ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ ও ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামীপ্রভু-বিরচিত এবং গৌড়ীয়ে প্রকাশিত শ্রীশ্রীভক্তিবিনোদ-চরিত-প্রসঙ্গ

ভিক্ষা—।৵০ ছয় আনা মাত্র।

৪। ছাত্রদের ভক্তিবিনোদ

(ছাত্রদের উপযোগী ভাষায় লিখিত শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্র ও শিক্ষা)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

(ছাত্রদের পক্ষে ভিক্ষা—॥০ আট আনা মাত্র)

প্রাপ্তিস্থান :—

(১) 'ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট', পোঃ শ্রীমায়াপুর, নদীয়া;
(২) শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা;
(৩) শ্রীযুক্ত ভূপতিরঞ্জন নাগ এম্‌-এ, বি-এল্‌, পুরাণা-পল্টন, পোঃ রমনা, ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবত,—সমগ্র ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত — ৩৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। ভাষ্যসহ বিবৃতি শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৬৲
৩। ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬
৪। সরস্বতী-জয়শ্রী (অবাঁধা) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড-৪র্থ খণ্ড- -৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার-দীপিকা-সংস্কার-দীপিকা ১।০
৯। বৈষ্ণবধর্ম্ম ২৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ॥০
১৫ বৈষ্ণবসাহিত্যে বিষয়-তত্ত্ব ।০
১৬ ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭ চৈতন্যোপনিষৎ ।০
১৮ [illegible] ।০
১৯ তত্ত্ববিবেক ॥০
২০ গৌড়ীয়-গৌরব ।৵০
২১ গৌড়ীয়গীতিকা ।৵০
২২ ভজন-রহস্য ॥০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃত ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা সহ) ২৲
২৫। গীতা (চক্রবর্ত্তি টীকাসহ) ২৲
(অবাঁধা) ১৲
২৬। গীতার কেবল মূল-ভাষা ॥০
২৭। [illegible] (সানুবাদ) ২৲
২৮। বেদান্তসার (সানুবাদ) ।০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৸০
৩০ দীপ-দিগ্‌-দর্শন ৵০
৩১ সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ।৵০
৩২ গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ।০
৩৩ নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪ ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৵০
৩৫ গীতমালা ৴১০
৩৬ নবদ্বীপধাম-মাহাত্ম্য ৵০
৩৭ ঐ প্রমাণ-খণ্ড ৵০
৩৮ শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০
৩৯ শ্রীগৌড়মণ্ডলপরিক্রমা ।০
৪০ শরণাগতি ৴০
৪১ গীতাবলী ৴০
৪২ শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
৪৩ [illegible] ৴০
৪৪ প্রেমভক্তিচন্দ্রিকা ৴
৪৫। নবদ্বীপশতক
৪৬। [illegible]
৪৭। সদাচারস্মৃতিঃ ০/
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৴১০
৪৯। [illegible] ৴১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম-৪ খণ্ড) ৬৲
৫১। ব্রহ্মসংহিতা ॥০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ-বিনির্ণয় ।০
৫৫। তত্ত্বকণাবলী বা মায়াবাদশতদূষণী ।০
৫৬ ভারতবর্ষ ও ভক্তিপথ ৵০
৫৭। ঈশোপনিষৎ (ভাষ্যাদিসহ) ।০
৫৮। শ্রীকৃষ্ণদেব ৵০
৫৯। সিদ্ধান্তদর্পণ ৵০
৬০। সাংখ্যবাণী ৴০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ॥০
৬২। সিদ্ধান্তসরস্বতী-বিজয়ঃ ॥০
৬৩। সটীক-শিক্ষাষ্টকম্
৬৪। অষ্টকম্ ।০
৬৫। সাত্বত শিক্ষাষ্টকম্ ৵০
৬৬। গৌড়ীয়মঠপঞ্জিকা ৴০
৬৭। [illegible] ৵০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ॥০
৬৯। [illegible] অন বেদান্ত ॥০
৭০। নামভজন ৴০
৭১। বেদান্ত—ইট্‌স মরফলজী অ্যাণ্ড অণ্টলজি ।০
৭২। রিলেটিভ ওয়ার্ল্ড্‌স ।৵০
৭৩। লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস অব শ্রীচৈতন্য মহাপ্রভু
৭৪। বৈষ্ণবীজম্
৭৫। হোয়াট গৌড়ীয়মঠ ষ্ট্যাণ্ডস্‌ ফর
৭৬। দি ভাগবত ।০
৭৭। ইরোটিক প্রিন্সিপল অ্যাণ্ড আনঅ্যালয়েড ডিভোশন ।০
৭৮। ব্রহ্মসংহিতা ১।০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (প্রথম খণ্ড) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ।০
৮১। সাধন-পথ ।০
৮২। কল্যাণ-কল্পতরু ৵০
৮৩। গীতাবলী ৴০
৮৪। শরণাগতি ৴০

আসামিয়া ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ৴০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

একমাত্র পারমার্থিক দৈনিক পত্র

শ্রীধাম-মায়াপুর-নদীয়া

১৪শ বর্ষ | ১৫ বামন ৪৫৩ গৌরাব্দ, ২রা আষাঢ় বঙ্গাব্দ ১৩৪৬, ১৭ই জুন ইং ১৯৩৯, শনিবার | ১৩৭ সংখ্যা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

১৫ বামন অদ্য ক্ষীরোদশায়ী গৌরাব্দ ৪৫৩

ল ভক্তিবিনোদ

——::(*)::-

আজ ২রা আষাঢ় ১৭ই জুন শনিবার গৌরধাম-নিত্যজন শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের অপ্রকট-তিথি। বাঙ্গলা ১৩২১ সালের ৭ই আষাঢ়, ইং ১৯১৪ সালের ২৩শে জুন প্রায় মধ্যাহ্নকালে শ্রীমন্মহাপ্রভুর পার্ষদ ও নিজশক্তি শ্রীল গদাধর পণ্ডিত গোস্বামী প্রভুর অপ্রকট তিথিতে শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ নিত্যলীলায় প্রবেশ করেন। ঠাকুর জীবকল্যাণার্থ স্বেচ্ছায় বাঙ্গলা ১২৪৫ সালের ১৮ই ভাদ্র, ইংরাজী ১৮৩৮ সালের ২রা সেপ্টেম্বর রবিবার নদীয়া জেলার উলা (বীরনগর) নামক স্থানে আবির্ভূত হন। শ্রীগৌরাঙ্গের নাম-ধাম-কাম-প্রচারার্থই তাঁহার বিশ্বে আগমন।

আজ তাঁহার ভজনস্থলী গোদ্রুমস্থ শ্রীস্বানন্দসুখদকুঞ্জে শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ ও শ্রীল প্রভুপাদের অভিন্নবিগ্রহ বর্ত্তমান যুগাচার্য্য শ্রীল আচার্য্যদেবের আনুগত্যে অপ্রকট-তিথিপূজা নিয়ত সংকীর্ত্তনমুখে সম্পন্ন হইতেছে। শ্রীচৈতন্যমঠাশ্রিত আচার্য্যানুগত ভক্তগণ কুঞ্জে আগমনপূর্ব্বক পাঠ, কীর্ত্তন ও বক্তৃতামুখে শ্রীল ভক্তিবিনোদ, শ্রীল প্রভুপাদ ও শ্রীল আচার্য্যদেবের গুণগাথা কীর্ত্তন করিতেছেন। শ্রীকুঞ্জ আজ হরিকীর্ত্তন-মুখরিত হইয়া ভক্তবৃন্দের আনন্দবর্দ্ধন করিতেছে।

ঠাকুরের নাম ভক্তিবিনোদ। ভগবদ্ভক্তিতে তাঁহার প্রেমোবৃদ্ধি বা কৃষ্ণেন্দ্রিয়-প্রীতিবিধানে তাঁহার একমাত্র বিনোদ, তাই তিনি ভক্তিবিনোদ। ভক্তি তিনিই অকিঞ্চনা পরা নিষ্ঠা। এই ভক্তির বিনোদ—প্রীতিবর্দ্ধন, গৌরধাম প্রকাশ ও উদ্দেশ্য প্রকটন করিয়াছেন—আমাদের নিত্যোপাস্য, আমাদের একমাত্র আশ্রয় ঠাকুর ভক্তিবিনোদ। তাঁহার পাদপদ্মের ধূলিই আমাদের একমাত্র সম্বল হউক। আমরা যেন নিত্যকাল তদাশ্রিতদের দাসানুদাস থাকিয়া শ্রীল আচার্য্যদেবের নিষ্কপট আনুগত্যে আন্তরিকতার সহিত শ্রীশ্রীল প্রভুপাদ ও শ্রীশ্রীল ঠাকুর ভক্তিবিনোদের সেবা করিতে পারি। ইহাই তাঁহাদের শ্রীচরণকমলে আমাদের প্রার্থনা।

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ কৃষ্ণের পরম প্রিয়তম। তাঁহার পরিপূর্ণ ঈশ্বরবিশ্বাস, শ্রীকৃষ্ণনামে প্রগাঢ় প্রীতি, হরিনাম-প্রেম-প্রচারে অদম্য উৎসাহ, জীবদুঃখকাতরতা, সদ্গুরুচরণাশ্রয়ের পূর্ব্বে সহজসিদ্ধ-স্ফূর্ত্তি, বাল্যকাল হইতেই ভগবানের প্রতি আকর্ষণ প্রভৃতি দেখিয়া সজ্জনগণ তাঁহার নিত্যসিদ্ধ স্বরূপত্ব উপলব্ধি করেন। তিনি ছিলেন নিত্যমুক্ত আদর্শ-সেবাবিগ্রহ। তিনি সর্ব্বগুণে গুণী, তিনি আশ্রয়জাতীয় ভগবান্। তিনি গদাধরাভিন্নবিগ্রহ। তিনি নিত্যানন্দের অভিন্নতনু। তিনি গৌরশক্তি। তিনি কৃষ্ণশক্তির অবতার। ভগবানের ইচ্ছায় তিনি অপ্রকট হইতে প্রপঞ্চে অবতীর্ণ হইয়াছিলেন। তিনি কৃষ্ণচৈতন্য ব্যতীত অপর নন্দ নহেন। তিনি কৃষ্ণচৈতন্যেরই অচিন্ত্য ভেদাভেদপ্রকাশ। তিনি শ্রীকৃষ্ণচৈতন্য। তিনি কৃষ্ণচৈতন্যাভিন্নবিগ্রহ হইলেও আশ্রয়তত্ত্ব।

ভগবদ্ভক্তে একাধারে ভগবদ্ধাম, স্বয়ং ভগবান্, ভগবানের পার্ষদ ও ভগবল্লীলার সমাবেশ আছে। ভগবদ্ভক্ত ভগবানের শ্রীমন্দির বা শ্রীধাম। সেই মন্দির বা শ্রীধামে ভগবান্ আছেন, ভগবানের সহিত তৎসেবক ভক্ত আছেন। সেখানে সর্ব্বক্ষণ লীলাময়ের লীলা-বিলাস চলিতেছে! ভক্ত-হৃদয়ে আশ্রয়বিগ্রহ শ্রীগুরুদেবও বিরাজিত। আবার যেখানে গুরুদেব সেখানেই শ্রীকৃষ্ণের অধিষ্ঠান। সুতরাং ভক্ত-দর্শন হইলেই জীবের পাপবন্ধনাশ হয়। ভক্তের সঙ্গ হইলেই জীব নিত্যবস্তুর সন্ধান পায়। ভক্তে প্রীতি হইলেই ভগবৎপ্রীতি হয়। ভক্তের কৃপা ছাড়া ভগবৎকৃপালাভের অন্য কোনও উপায় নাই। সেই ভক্তশ্রেষ্ঠ হইচ্ছেন আমাদের ভক্তিবিনোদ ঠাকুর। তিনি কৃপাপূর্ব্বক অবতীর্ণ হইয়া বিশ্ববাসীর প্রতি যে কৃপা করিয়াছেন সেই দয়ার ও দানের তুলনা নাই। তাঁহার দান সাক্ষাৎ ভক্তিবিনোদ অর্থাৎ কৃষ্ণপ্রেম প্রদান করে। এই কৃষ্ণপ্রেমের অপধিনা কীর্ত্তন করিবার যোগ্যতা আমাদের নাই। সেই অলোকিক বস্তুকে যদি আমরা অপ্রাকৃতভাবে বুঝিতে চাই তাহা হইলে বক্তিতেই হ'ন। তাঁহার অনুগত নিজজনের আনুগত্যেই তাঁহার স্বরূপ উপলব্ধি হয়। ঠাকুরের অন্তরঙ্গ শ্রীল প্রভুপাদ এবং প্রভুপাদের অভিন্নরূপ শ্রীল আচার্য্যদেবের আনুগত্যেই তাঁহাকে জানা যাইবে, তাঁহার কৃপা লাভ হইবে। তাঁহাদের আনুগত্য পরিত্যাগ করিয়া [illegible] প্রণালী অবলম্বনে [illegible] করিলে ভক্তি হইতে বিচ্যুত হইতে হইবে। তাই বলি, সাধু সাবধান!

আমরা অনেকেই সাক্ষাৎভাবে তাঁহাকে প্রত্যক্ষ করিতে পারি নাই, আর কেহ কেহ তাঁহার সাক্ষাৎ পাইলেও নিষ্কপট কৃপা-প্রার্থনা ও আনুগত্যের অভাবে তাঁহাকে [illegible] আর [illegible] তাঁহাকে সাক্ষাৎভাবে দেখিতে না পাইলেও, তাঁহার অপ্রাকৃত মনোভীষ্ট [illegible] আমাদের না হইলেও এখন যে তাঁহার [illegible] না পাইব এরূপ নয়। আমরা [illegible] নিষ্কপট হইয়া [illegible] শ্রীল আচার্য্যদেবের শ্রীমুখে ঠাকুরের উপদেশ [illegible] করি, তাহা হইলে ঠাকুরের সেই ভাবধারার মধ্যেই তাঁহার সাক্ষাৎ [illegible] লাভ করিতে পারিব, আমাদের [illegible] ঠাকুরের অপার করুণা [illegible] পারিব।

ঠাকুর [illegible] মূর্ত্তবিগ্রহ ছিলেন। তাঁহার [illegible] সকলেরই আশ্রয়স্থান। [illegible] ছিল তাঁহার একমাত্র [illegible] সর্ব্বাপেক্ষা অধিক [illegible] তিনি সর্ব্বক্ষণ বলিতেন, যিনি পারমার্থিক হইতে ইচ্ছা করিবেন [illegible] বাহিরে

মায়ারে করিয়া জয় ছাড়ান না যায়। সাধু-গুরু-কৃপা বিনা না দেখি উপায়।

নিষ্কপট হইবেন। তিনি আরও বলিতেন, "নিত্যবস্তুনিষ্ঠা ব্যতীত জীবের মঙ্গল আর কিছুতেই নাই। সকল বিষয়ে নিরপেক্ষতাকে ভাল বলা যায় না। বরং সত্যাপেক্ষ হইয়া নিরপেক্ষতাকে বিসর্জ্জন দেওয়াই কর্ত্তব্য। উদাহরণস্থলে আমরা কেবল ইহাই বলিতে চাই যে, যাহার পতিনিষ্ঠতা নাই সে কখনও পতিব্রতা ধর্ম্মের উপযোগী হইতে পারে নাই। পতিব্রতা স্ত্রী তাহার স্বামীর প্রতি একনিষ্ঠতা দ্বারা জগৎপূজ্যা হয়। নিরপেক্ষ ধর্ম্ম স্বীকার করিলে স্ত্রীলোকের বেশ্যা উপাধি হয়। পরমার্থবস্তু চিরদিনই বাস্তবনিষ্ঠ।'

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ বিবিক্তানন্দী ছিলেন না, তিনি ছিলেন—গোষ্ঠ্যানন্দী। তিনি ছিলেন আচারবান্ প্রচারক—জগদ্গুরু। আপনার আচরণের অনুবর্ত্তন করার নামই আচার। আর সাধুদের আচারের কথা জগতে কীর্ত্তন করার নামই—প্রচার। যাঁহারা কেবল আচার-পরায়ণ তাঁহারা বিবিক্তানন্দী। তাঁহাদের পারমহংস্যের [illegible] আছে। তবে তাহাতে উচ্চাধিকারী ব্যক্তি ব্যতীত সাধারণ জীব উপকৃত হইতে পারেন না। আচারহীন প্রচারের কোন মূল্য নাই। শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ আমাদিগকে আচারময় প্রচারের কথাই শিক্ষা দিয়াছেন। তাঁহার কৃপাতেই আজ আমরা ভগবানের নিকট শুদ্ধভক্তির কথা শ্রবণের সৌভাগ্য লাভ করিতেছি।

শ্রীভক্তিজ্ঞানশান্তবাণী

রূপানুগ হইলেই শ্রীগৌরসুন্দরের মহিমা জীবের হৃদয়ে প্রকটিত হইবে। শ্রীরূপকে অতিক্রম করিয়া যাহা কিছু করিতে যাইবেন, সকল আপনার অমঙ্গল সাধন করিবে। শ্রীগৌর উপাসিত [illegible] ভক্তিরস বুঝিতে হইলে [illegible] ভাবে গুরুতত্ত্বময় জীবন গঠন করুন। শ্রীমদ্ ভক্তিবিনোদ ঠাকুরের অভীষ্ট উপাসনা পদ্ধতির সহিত অপর [illegible]গণের মতবাদের পার্থক্য বুঝিবার চেষ্টা আন্তরিক করুন, নিশ্চয়ই আপনি শুদ্ধভক্তি-পথে প্রবিষ্ট হইবেন।

কৃষ্ণানুশীলনই ভক্তি। 'অনুশীলন' অর্থে 'অনুগত সেবা' বুঝায়। 'অনু' অর্থে পশ্চাৎ। পশ্চাৎ অর্থাৎ ব্যবধানরহিত। 'শীল' ধাতুর অর্থ কার্য্যে প্রবৃত্ত হওয়া। অনুকূল-কৃষ্ণানুশীলনে অন্যাভিলাষিতা আদৌ থাকিবে না। কর্ম্ম, [illegible] সেবা ও সেবোপকরণ অন্বেষণে নিজের জন্য ফল ব্যতীত অন্য কোন উদ্দেশ্যে ভক্ত সেবা করিবেন না। ভক্তের নিজের কামনা কিছু থাকিলে উহা ধর্ম্মার্থ-কাম-মোক্ষ চতুর্বর্গান্তর্গত কোন হৈতুকী বৃত্তি হইয়া যাইবে।

'মায়াবাদি—ভগবানের নিত্য-নিরাকার' এইরূপ জ্ঞান প্রধান হইলে বাহ্য সন্ন্যাস-গ্রহণ বা বাহ্য গৃহস্থ বিষয়সেবা কিছুই জীবের বাহ্য মঙ্গল সাধন করিয়া উঠিতে পারে না; কেন না কৃষ্ণস্বরূপ বিস্মৃত হইয়া প্রাকৃত নিজ ভোগের পদার্থ হইলেই জীবের বন্ধন ঘটে এবং কৃষ্ণসেবাপর অপ্রাকৃত হইলেই গৃহে থাকিয়াও মহাত্যাগ হয়। জীব পাপে যুক্ত হইলে প্রাকৃত বন্ধন ও অপ্রাকৃত বন্ধন উভয় বন্ধনেই তাহার অসুবিধা ঘটে।

[illegible] শ্রীগৌরসুন্দরেরই পরমার্থিক কল্যাণ-[illegible] জগতের কল্যাণবিধান করেন। মহাগুরু—জগদ্গুরু। সকল মহাত্মা [illegible] ঐকান্তিক বলিয়া [illegible] থাকেন। যেখানে মহাজনগুরুর পূজার আদর নাই, সেখানে অনেক স্থলেই চৈত্তগুরু ও দীক্ষাগুরু বা শিক্ষাগুরুর সন্ধানপ্রদানে পূর্ণকারুণ্য প্রকাশ করেন না।

শ্রীগৌরকিশোরবাণী

সাধুসঙ্গের অভিনয় সাধুসঙ্গ নহে। সাধুসঙ্গের ফল করিবার পূর্ব্বে সাধুসঙ্গ ত্যাগ করিলে সেই ফল হইতে বঞ্চিত হইতে হয়। বৈষ্ণবসেবা যাহাদের প্রিয় হয় নাই, তাহারা যে কোনও উপায়ে পবিত্র হইবার চেষ্টা করুক, সেই পবিত্রতা ভক্তের সুখকর হয় না।

জীব কৃষ্ণের নিত্যদাস। কিন্তু বহির্মুখ জীব যাহা স্ত্রী-পুরুষরূপে দর্শন করে, তাহা কেবল মায়াই দর্শন হয়। ভক্তিচক্ষু না থাকিলে কেহ কৃষ্ণদাসের নিত্যস্বরূপ দর্শন করিতে পারে না। স্ত্রী-পুরুষের প্রতি বদ্ধজীবের সর্ব্বদাই ভোগবুদ্ধি থাকে। যাঁহারা প্রকৃত বৈষ্ণব, তাঁহাদের স্ত্রীর প্রতি কোন দিনই ভোগবুদ্ধি থাকে না। তাঁহাকে কৃষ্ণদাস ও কৃষ্ণভক্তরূপেই দর্শন করিয়া থাকেন। আর যাঁহারা নিষ্কপটে হরিভজন করিতে চাহেন অথচ অন্তরে দুর্ব্বলতা আছে, স্ত্রীপুরুষাদির প্রতি ভোগবুদ্ধি সম্পূর্ণভাবে দূর হয় নাই, তাঁহারাও মহাভাগবত বৈষ্ণবের নিরন্তর সঙ্গ, হরিকথা-শ্রবণ-কীর্ত্তন করিতে করিতে স্ত্রীপুরুষাদির প্রতি ভোগবুদ্ধি শীঘ্রই পরিত্যাগ করিতে পারেন। সর্ব্বতোভাবে কৃষ্ণের শরণাগত হইলেই আত্মমঙ্গল হইতে পারে। দেহাত্ম-বোধ থাকিতে আত্মসমর্পণ হয় না—শ্রীহরির কৃপালাভ হয় না। দেহাত্মবোধেরই বিকৃতি—স্ত্রীপুত্রাদির প্রতি আসক্তি।

হরিকথা-শ্রবণের সময় সাধুসঙ্গ হইয়া থাকে। সাধুসঙ্গ হইলে মায়া ভজনের বিঘ্ন ঘটাইতে পারে না। নির্জ্জন-ভজনের চেষ্টায় যদি হরিকথা-শ্রবণ-কীর্ত্তন বা সাধুসঙ্গের অভাব থাকে, তাহা হইলে নির্জ্জন-ভজন প্রয়াসীকে মায়া আরও অধিক জড়াইয়া ধরে। তখন হরিচিন্তার পরিবর্ত্তে বিষয়-চিন্তা আসিয়া হৃদয় অধিকার করে।

যে সাধু তীব্র সত্যকথা বলিয়া মায়া-পিশাচীকে তাড়াইয়া দেন, তিনি প্রকৃত সাধু ও পরবন্ধু। কেহ যদি প্রকৃত হরিভজন করিতে চাহেন, তাহা হইলে তিনি বৈষ্ণবের শাসনকে মায়াত্যাগের মহৌষধের মত গ্রহণ করিবেন। তাহা হইলে হরিনাম গ্রহণ করিবার অধিকার লাভ করিতে পারিবেন।

শ্রীআচার্য্যবাণী

বৈষ্ণবের সেবার দ্বারাই গুরুদেবের সর্ব্বশ্রেষ্ঠত্ব প্রকাশিত হয়। যিনি যতটা বৈষ্ণবের সেবক, তিনি তত অধিক বৈষ্ণব। যিনি সর্ব্বাপেক্ষা অধিক বৈষ্ণব সেবক, তিনি বৈষ্ণবশিরোমণি অর্থাৎ বৈষ্ণবগণের সম্রাট্ শ্রীগুরুদেব। গুরু অর্থাৎ সর্ব্বশ্রেষ্ঠ বৈষ্ণব হইয়াও যিনি বৈষ্ণবের সেবা করেন, তিনি আশ্রয়বিগ্রহ জগদ্গুরু।

উৎসাহদানের সহিত প্রতিষ্ঠা-দান এক নহে। উৎসাহদানে শিষ্যের কৃষ্ণসেবা-বৃত্তি আবৃত হয় না, উহা ক্রমশঃ সম্প্রকাশিত হয়। উৎসাহ প্রদান-ব্যাপারটী শ্রীগুরুদেবের আশীর্ব্বাদ ও শক্তিসঞ্চার, আর অযথা প্রতিষ্ঠা-প্রদান ব্যাপারটী শ্রীগুরুদেবের বঞ্চনা বা ছলনামাত্র।

'মঠ'শব্দের অর্থ—হরিকীর্ত্তনমুখরিত গৃহ। সঙ্ঘারাম বা 'মিশন' গৃহ বা গোষ্ঠী। গোষ্ঠানন্দিগণ যেখানে আশ্রয়-বিগ্রহানুগত্যে পরস্পর [illegible] পরস্পরকে বিষয়বিগ্রহের সঙ্গে মিলন করাইবার জন্য—সেবারত করাইবার জন্য ব্যস্ত থাকেন।

বৈষ্ণবের আনুগত্যেই আশ্রয়বিগ্রহ-শিরোমণি শ্রীগুরুপাদপদ্মের সেবা হয়। বৈষ্ণবের নিকট হইতে সেবা-গ্রহণের চেষ্টা কেবল অহঙ্কার, তাহা শ্রীগুরুদেবের অনুসরণ নহে। শ্রীগুরুদেব বৈষ্ণবের নিকট হইতে সেবা গ্রহণ করেন না, বৈষ্ণবকে কৃষ্ণসেবায় নিযুক্ত করিয়া সুখী হন। গুরুদেবের কৃষ্ণসেবার সর্ব্বশ্রেষ্ঠ উপকরণ—কৃষ্ণ-সংকীর্ত্তন।

ঠাকুর ভক্তিবিনোদের শ্রীপাদপদ্ম সমগ্র জীব-জগতের জীবন-সর্ব্বস্ব হউন—ইহাই আমাদের হৃদয়ের আশা ও আকাঙ্ক্ষা। ঠাকুর ভক্তিবিনোদের শ্রীপাদপদ্মকে যথা-সর্ব্বস্ব করিতে পারিলে সপরিকর, সভৃত্য, সপুর, সকলত্র শ্রীগৌরসুন্দরের সাক্ষাৎসেবা লাভ হইবে, অন্য কোন উপায়ে নহে, ইহা আমাদের দৃঢ়বিশ্বাস। মদীশ্বর ও বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদই শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের অতিমর্ত্ত্য চরিত্রবৈশিষ্ট্যের কথা জগতে জানাইয়াছেন। শ্রীল প্রভুপাদ ভক্তিবিনোদ ঠাকুরকে না জানাইলে গৌরনিজজন শ্রীল ঠাকুরের মহাবদান্য লীলার কথা কেহই জানিতে পারিতেন না।

শ্রীভক্তিবিনোদবাণী

অসৎসঙ্গ-পরিত্যাগ-ব্যতীত জীবের শ্রেয়ঃসাধন কোন প্রকারেই হয় না। যাহার অসৎসঙ্গ আছে, তিনি সহস্র সাধন করিয়াও ফল লাভ করিতে পারেন না। আজকাল অনেকেই ভজনলিঙ্গ স্বীকার করিয়া সাধনের অঙ্গসকল পালন করেন; কিন্তু বহুদিন পরে বিচার করিয়া দেখিলেও তাঁহাদের উন্নতি দেখা যায় না। অসৎসঙ্গ পরিত্যাগ না করিলে বৈষ্ণবাচার হয় না। অসৎ দুই প্রকার অর্থাৎ স্ত্রীসঙ্গী ও কৃষ্ণভক্তিহীন। প্রতি হরিবাসরে একবার চিন্তা করিয়া দেখা কর্ত্তব্য যে, গত পক্ষের মধ্যে আমাদের কতদূর ভজনোন্নতি হইয়াছে। যদি দেখা যায় যে, কিছুমাত্র উন্নতি হয় নাই বা অবনতি হইয়াছে, তাহা হইলে অসৎসঙ্গকেই কারণ জানিয়া তাহা পরিত্যাগ করিতে হইবে।

পয়সা হরিনামের মূল্য নয়; একমাত্র শ্রদ্ধাই ইহার মূল্য। অতএব শ্রদ্ধাপূর্ব্বক সকলের নামকীর্ত্তন করা উচিত। নিরপরাধে নামের আশ্রয় না করিলে নামের ফলোদয় সম্ভব হয় না। শ্রদ্ধাবিহীন লোকের শ্রীনাম উচ্চারণের ফল এই যে, পরে সশ্রদ্ধ-নাম হইতে পারে।

দৈন্য ও সরলতার সহিত যিনি যত ভজন করিবেন, কৃষ্ণকৃপায় তিনি ততই কৃষ্ণতত্ত্ব জানিবেন। গুরুভক্তিরই পক্ষপাত করিব, আর কোন প্রকার সিদ্ধান্তেরই সমর্থন করিব না। সর্ব্বত্র সাধুসঙ্গ ও

গুরুকৃপা ব্যতীত বিপথ-পতন হইতে রক্ষা পাওয়া যায় না। গুরুকৃপায় স্বরূপ-জ্ঞানের উদয় হয়। অপরাধ পরিত্যাগের সহিত যত্নসহকারে নাম করিলে অল্পদিনের মধ্যেই নাম সুখকর বোধ হয়। পূর্ব্ব পূর্ব্ব জন্মের সুকৃতিবলে সাধুদিগের মুখ হইতে হরিকথা শ্রবণানন্তর হরিবিষয়ে যে দৃঢ়বিশ্বাস জন্মে তাহাই শ্রদ্ধা। শ্রদ্ধার উদয় হইতে হইতে একটু শরণাপত্তির উদয় হয়। অন্যভজনকে পরিত্যাগপূর্ব্বক কৃষ্ণপূজায় যে শ্রদ্ধা তাহা প্রকৃত শ্রদ্ধায় দাঁড়ায়। একটু আদরের সহিত বৈষ্ণবসঙ্গ করিলে সংস্কার ও আসক্তি প্রভৃতি সকল সবই দূর হয়। সাধুর নিকট যাইয়া প্রীতি সহকারে তাঁহার সহিত ভগবৎকথা আলোচনাই সাধুসঙ্গ, তাহাতেই ভক্তি লাভ হয়।

যৎকিঞ্চিৎ

——::✿::——

বৈষ্ণবধর্ম্মই আত্মার ধর্ম্ম—জীবাত্মার পরমধর্ম্ম—ইহা ঔপাধিক দেহ ও মনের বহুবিধ ধর্ম্মের অন্যতম নহে। ভাবপ্রবণতা বা সাময়িক মানসিক উচ্ছ্বাস অথবা কপটতা মূলে বাহ্য ভাবভঙ্গীপ্রকাশ প্রাকৃত বিকার মাত্র। উহা শুদ্ধভক্তের অষ্টসাত্ত্বিক বিকার হইতে স্বতন্ত্র।

বৈষ্ণবী দীক্ষায় দীক্ষিত ব্যক্তি অব্রাহ্মণ নহেন। আবার তিনি কর্ম্মপর ব্রাহ্মণতার জন্যও ব্যস্ত নহেন। দীক্ষিত বৈষ্ণব পারমার্থিক ব্রাহ্মণ আর মহাভাগবত পরমহংস সেইরূপ দীক্ষিত ব্যক্তির গুরুদেব। তিনি সর্ব্বশ্রেষ্ঠ—বর্ণাশ্রমের অতীত।

ফল্গুবৈরাগ্য ও যুক্তবৈরাগ্য এক নহে। জড়প্রতিষ্ঠা ও বৈষ্ণবী প্রতিষ্ঠা এক নহে। ভগবদুচ্ছিষ্টভোজী সেবাপরায়ণ ব্যক্তির ভোগ ও জড়াসক্ত ব্যক্তির ভোগ এক নহে। ভক্তের সংসার ও মায়ার সংসার এক নহে। বাহ্যদৃষ্টিতে এক হইলেও উভয়ের অন্তর্নিষ্ঠায় আকাশ-পাতাল ভেদ। একটী নরকের পথ আর একটী বৈকুণ্ঠের পথ।

ভক্তিই ভগবানের ভজন। কৃষ্ণপ্রীতি ও সর্ব্বতোভাবে ভগবৎসুখান্বেষণই ভগবদ্ভজন। শরণাগত হইয়া সেবাই জীবের হরিভজন। প্রণিপাতাদি নববিধ ভজনের মূলে আত্মনিবেদন অর্থাৎ শরণাগতিই সকলের মূল। ঐ মূলকে ছেদন করিয়া ভগবদ্ভজনের চেষ্টা পণ্ডশ্রম মাত্র। অতএব হরিগুরুবৈষ্ণবের নিত্য আনুগত্যই কৃষ্ণসেবা বা বৈষ্ণবধর্ম্ম। জীব যখন সাধু, গুরু ও বৈষ্ণবের কৃপায় কৃষ্ণোন্মুখ হয়, তখনই স্বরূপজ্ঞানের উদয় হয়। এবং ভগবচ্চরণে আত্মনিবেদনের ভাব আসে।

গুরু নিত্যকালই গুরুর আনুগত্যে শ্রীকৃষ্ণসেবা করিয়া থাকেন। যেখানে গুরুবৈষ্ণবের আনুগত্য বাদ দিয়া কৃষ্ণভজনের প্রয়াস তাহা হরিভজন নহে, উহা প্রকৃতপক্ষে মায়ার ভজন। যদি কোন ব্যক্তি গুরুর আনুগত্য ব্যতীত নিজ মতানুযায়ী সদাচার, তীর্থভ্রমণ, ভগবদ্ভক্তির চতুঃষষ্টি অঙ্গ যাজন, নাম-সংকীর্ত্তন, জপ, ধ্যান, ত্যাগ প্রভৃতি যাবতীয় ভক্ত্যঙ্গানুশীলন করিতে প্রবৃত্ত হয়, তথাপি তাহার কিছুমাত্র ভক্তি হইতেছে না, পরন্তু সেই ব্যক্তি আত্মেন্দ্রিয় প্রীতিবাঞ্ছারূপ কামচরিতার্থ করিতেছে মাত্র। যেখানে প্রতিষ্ঠাশা বা কনককামিনী-সংগ্রহের জন্য হরিভজনের কপট অভিনয়, তাহা হরিভজন নহে। তাহা কৈতবযুক্ত আত্মবঞ্চনা ও পরবঞ্চনা মাত্র। হরিভজনের মূলই গুরুবৈষ্ণবের আনুগত্য। বদ্ধাবস্থায় জীবের গুরুর আনুগত্য ভিন্ন হরিভজনে প্রবেশলাভই হয় না। আবার সিদ্ধাবস্থায় যে সিদ্ধদেহে ভজন তাহাতেও নিত্য গুরুদেবের নিত্য আনুগত্য বর্ত্তমান আছে।

শ্রীল ভক্তিসুধাকর প্রভুর পত্র

——::(°)::——

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

শ্রীগৌড়ীয়মঠ,

কলিকাতা,

১৪।৮।৩১

শ্রীশ্রীবৈষ্ণবচরণে দণ্ডবৎ-প্রণাম পূর্ব্বক নিবেদন,—

* * প্রভো,

আপনার পত্র পাইয়া সমস্ত অবগত হইলাম। * *

শ্রীহরি-গুরু-বৈষ্ণবে অপ্রাকৃত বুদ্ধি ভগবৎকৃপায় উদিত হয়। শ্রীগুরুবৈষ্ণবে অপরাধী জীবের ভগবৎকৃপা লাভ হয় না। ভগবৎ-কৃপালাভের জন্য শ্রীগুরুকৃপা এবং শ্রীগুরুকৃপার জন্য বৈষ্ণববৃন্দের কৃপা প্রার্থনা আবশ্যক। শ্রীগুরুকৃপাই পরমার্থজীবনের মূল। যাহারা গুরুবিরোধী তাহারা অপ্রাকৃত বিচারে সম্পূর্ণ অজ্ঞ। ইহারাই সর্ব্বাপেক্ষা অধিক দুর্ভাগা। কতকগুলি কপট ব্যক্তি তাহাদের প্রচ্ছন্ন গুরুবিরোধ লুক্কায়িত রাখিবার জন্য কোন বিশিষ্ট পূর্ব্বজন প্রতি অতিভক্তি প্রদর্শনের অভিনয় করিয়া থাকে। ইহারা প্রত্যক্ষ (প্রকট) গুরু স্বীকার করে না। কারণ প্রত্যক্ষ গুরু স্বীকার করিলে তাহাদের নিজের ভক্ত-বিধি ও যথেচ্ছাচার চলে না। পরমার্থবিষয়ে এইরূপ অরাজকতা যাহারা আবাহন করে তাহারা ধ্বংসবাদী বা মায়াবাদী নামে অভিহিত।

গুরুবিরোধী ব্যক্তি পারমার্থিক ও ব্যবহারিক নীতিভঙ্গকারী। যথেচ্ছাচারই তাহাদের প্রকৃত নীতি।

প্রত্যেক যুগেই মহাজনগণ জগতে উদিত হইয়া জীবের নিত্য আদর্শ শুদ্ধভাবে প্রচার করিয়া থাকেন। মহাজন-পরম্পরা কখনও লুপ্ত হয় না। মহাজনের ব্যক্তিত্বের মূলে তাঁহার স্বীয় জীবন্ত আদর্শ-আচরণ। ভগবানের স্বরাটত্ব ও সর্ব্বেশ্বরত্ব সর্ব্বতোভাবে স্বীকার করাই প্রকৃত মহাজনের আচরণের মূল নীতি। ইহা কোন যথেচ্ছাচারী দাম্ভিক জীব আদৌ বুঝিতে বা আদর করিতে পারে না। ভগবানের যথেচ্ছাচার সর্ব্বতোভাবে স্বীকার করাই সমুদয় নীতির একমাত্র বৈধ উদ্দেশ্য। ভগবান্‌কে বাদ দিয়া যে নীতি কল্পিত হয় তাহার পরিণাম ধ্বংস বা নির্ব্বিশেষ।

ধ্বংসনীতিবাদিগণ শ্রীগুরুদেবের আদর্শ অনুসরণ করিতে প্রস্তুত নহে। তাহারা শ্রীগুরুদেবের সমান কিংবা শ্রীগুরুদেব হইতেও শ্রেষ্ঠ হইবার দুর্দ্দমনীয় পিপাসা-বিশিষ্ট। ভগবান্‌ই একমাত্র প্রভু, ইহা যিনি স্বীকার করেন তাঁহাকেও ইহারা ইহাদের পরমশত্রু বলিয়া মনে করে।

ভগবানের সেবা লাভ করিতে হইলে স্বীয় প্রভুত্ব কামনা সম্পূর্ণভাবে পরিত্যাগ করিতে হয়। তজ্জন্যই ভগবানের সেবা লাভ হইলে কনক-কামিনী-প্রতিষ্ঠা-সংগ্রহের বাসনা হইতে মুক্ত হওয়া যায়। অন্য কোন উপায়ে কনককামিনীপ্রতিষ্ঠা-কামনা হইতে মুক্ত হওয়া যায় না। গুরুদ্রোহী ব্যক্তি অন্তরে কনককামিনী প্রতিষ্ঠাপরায়ণ এবং বাহিরে ত্যাগের আদর্শ প্রদর্শন করে। শ্রীহরিগুরু বৈষ্ণবের সেবার জন্য ভোগত্যাগ নিশ্চয়ই আবশ্যক। অন্য উদ্দেশ্যে সর্ব্বান্তঃকরণে ভোগত্যাগ বাস্তবিকই সম্ভব নহে। অন্য উদ্দেশ্যে ত্যাগ শাস্ত্রাদিতে অবৈধ ত্যাগ, ধ্বংসনীতি বা ফল্গুবৈরাগ্য নামে নিন্দিত হইয়াছে। অবৈধ ত্যাগী জগতের সর্ব্বাপেক্ষা অধিক শত্রু। ভগবদর্থে বৈধ ভোগ ও বৈধ ত্যাগ সর্ব্বত্রই প্রশংসিত। ভগবানের সেবার জন্য ভোগ ও ত্যাগ স্বীকার অবশ্য কর্ত্তব্য।

যাহাতে ভগবান্ প্রীত হন, তাহাই একমাত্র কর্ত্তব্য। ভগবানের ইচ্ছামাত্রই পরমমঙ্গলময়। জীবের ইচ্ছা ভগবানের ইচ্ছার অনুকূল হইলেই মঙ্গল, বিরুদ্ধ হইলে পরম-অমঙ্গলজনক।

শ্রীগুরুদেব মহাভাগবত। যিনি শ্রীগুরুদেবেও দোষের সম্ভাবনা থাকা সম্ভব—এইরূপ বিচারের বশবর্ত্তী হইয়া গুরু স্বীকার করিবার অভিনয় করেন, তাঁহার শ্রীগুরুপাদাশ্রয় হয় নাই ও হইতে পারে না। পাদাশ্রয় না হইলে বৈষ্ণব-অবৈষ্ণব চিনিতে পারা যায় না। তখন শ্রীহরিগুরুবৈষ্ণবে প্রাকৃত বুদ্ধি অনিবার্য্য হয়। ইহাই বৈষ্ণব-অপরাধ এবং সমুদয় প্রকৃত মঙ্গলের একমাত্র বাধা। যিনি শ্রীকৃষ্ণভজন করিতে ইচ্ছাবিশিষ্ট, তিনিই সর্ব্বতোভাবে মহাভাগবত শ্রীগুরুদেবের শ্রীচরণাশ্রয় করিবেন এবং শ্রীগুরুদেব ও মহাভাগবত বৈষ্ণবগণের সম্পূর্ণ অনুগত হইয়া জীবন যাপন করিবেন, ইহাই শাস্ত্রীয় সিদ্ধান্ত ও গৌড়ীয়-মিশনের মূল প্রচার্য্য-বিষয়।

মধ্যম-ভাগবত গুরু হইতে পারেন কিংবা মহাভাগবতেও দোষের সম্ভাবনা হইতে পারে এতদ্বাক্যই সম্পূর্ণ ভ্রান্ত মতবাদ। যাহারা ভ্রান্ত মতবাদদুষ্ট, তাহারা মহাভাগবতের অপ্রাকৃত আচরণ সর্ব্বদা বুঝিতে না পারিয়া মহাভাগবতে দোষের সম্ভাবনা কল্পনা করিয়া বৈষ্ণবাপরাধী হয়। পক্ষান্তরে তাহারাই অবৈষ্ণবে বৈষ্ণববুদ্ধি প্রচার করে। কিন্তু তাহারও সম্পূর্ণ আনুগত্য স্বীকার করে না। এবম্বিধ কপট মায়াবাদীর দুঃসঙ্গ হইতে সর্ব্বদা সর্ব্বতোভাবে দূরে না থাকিলে শুদ্ধভক্তিলাভের কোনই সম্ভাবনা থাকে না এবং সেরূপ দুঃসঙ্গে অতি শীঘ্র কোমলশ্রদ্ধ সাধকদিগের আস্তিক্য-বুদ্ধি নষ্ট হইয়া যায়।

বৈষ্ণব বর্ণী কিংবা আশ্রমী নহেন। তিনি নিত্যমুক্ত আত্মা। সুতরাং তাঁহার কোন দোষের সম্ভাবনা নাই। বদ্ধজীব বৈষ্ণবের সম্পূর্ণ আনুগত্য স্বীকার না করিলে নিজের ও বৈষ্ণবের প্রকৃত স্বরূপ—আত্ম-ধর্ম্মের প্রকৃত স্বরূপ কখনই বুঝিতে পারে না।

* * *

আমার সাষ্টাঙ্গ দণ্ডবৎ-প্রণাম কৃপাপূর্ব্বক গ্রহণ করিবেন।

দাসাধম—

শ্রীনারায়ণদাস অধিকারী

শুদ্ধভক্তি-মঠসমূহ

(১) শ্রীচৈতন্য-মঠ

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীমন্মহাপ্রভুর জন্মস্থানের নিকট মঠ, গৌরকুণ্ড, শ্রীশ্রীগান্ধর্বিকা-গিরিধারী শ্রীগৌর-গোপীনাথ আচার্য্য চতুষ্টয় বিগ্রহ আছেন। সুপ্রাচীন ভক্তিবিনোদ-আসন, শ্রীচৈতন্য-মঠ প্রকাশ আছে।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ২২১৫
কলিকাতায় শ্রীভক্তিবিনোদ-আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। নিত্য পাঠ, সঙ্কীর্ত্তন, মহাপ্রভুর সেবায় শ্রীমদ্ভাগবতাদি শাস্ত্রের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও সাপ্তাহিক পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়।

(৩) যোগপীঠ-মায়াপুর-পীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব ভূমি মহাযোগপীঠ।

(৪) শ্রীবাস অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং ... বর্তমান।

(৬) মুরারিগুপ্তের পাট

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৭) কাজি-সমাধি-পাট

প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি।

(৮) প্রদ্যুম্নকুঞ্জ-শ্রীনৃসিংহ

শ্রীধাম মায়াপুর।

(৯) স্বানন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ জাননগর (বর্দ্ধমান)

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মাউগাছি, পোঃ জাননগর, (বর্দ্ধমান)
শ্রীবাসুদেব ঠাকুর বৃন্দাবনের ধাম

(১৩) ঋতুদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(১৪) জহ্নুদ্বীপ-গৌড়ীয়মঠালয়

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ

গৌড়পুর, নদীয়া

(১৬) শ্রীনবদ্বীপ গৌড়ীয় মঠ

বাইকোলা -(শ্রীনৃসিংহদেবের মন্দির নিকটবর্তী)
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৭) কুলিয়াতীর

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

(২০) মহেশ-পণ্ডিতের পাট

কাঠালপুলি, পোঃ চাকদা (নদীয়া)

(২১) রাণাঘাট-গৌড়ীয়মঠাসন

(২২) পুরী গৌড়ীয়মঠ

চব্বিশ পরগণা

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ

নারিন্দা পোঃ ওয়ারি, ঢাকা।
পূর্ববঙ্গের প্রচার-কেন্দ্র।

(২৪) গোপালজীউমঠ

কমলাপুর, পোঃ ঢাকা

(২৫) গদাই-গৌরাঙ্গ মঠ

পোঃ বালিয়াটি, (ঢাকা)

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

বড়বাজার, পোঃ ময়মনসিংহ

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চক্চকা, কামরূপ (আসাম)

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

৩নং পাগলা বিল্ডিং, দার্জ্জিলিং

(৩০) সারস্বত-গৌড়ীয়মঠ

পোঃ হরিহর, জিঃ সাহারণপুর, ইউ, পি

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

খাজেকলা ঘাট, পোঃ পাটনা সিটি
চৌধুরী... (বাঁকীপুর পাটনা)

(৩২) গয়া গৌড়ীয়মঠ

মহলা রোড, গয়া

(৩৩) সনাতন-গৌড়ীয় মঠ

৮।১১ বড় গণেশগড়, বেনারস সিটি

(৩৪) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

(৩৫) পরমহংস মঠ,

পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়

বিশ্রামঘাট, পোঃ মথুরা

(৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণসহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ

কিশোরপুর, বৃন্দাবন

(৩৯) রাধাকুণ্ড-কৃষ্ণকুঞ্জ

পোঃ রাধাকুণ্ড। মথুরা

(৪০) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪১) রাধাকুণ্ড গোবর্দ্ধন

(৪২) শ্রীগোবর্দ্ধনমঠালয়

গোবর্দ্ধন, মথুরা

(৪৩) নন্দগ্রাম বিহারী মঠ

বরসাণা, মথুরা।

(৪৪) নন্দগ্রাম গৌড়ীয়মঠালয়

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৫) বরসাণা গৌড়ীয়মঠালয়

পোঃ বরসাণা, মথুরা

(৪৬) গোষ্ঠবিহারী মঠ—সেবাকুঞ্জ,

পোঃ ফেরোজপুর, জেলা গুড়গাঁও (পাঞ্জাব)

(৪৭) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

(৪৮) দিল্লী গৌড়ীয় মঠ

৮৩নং লেডিহার্ডিঞ্জ রোড, নিউ দিল্লী

(৪৯) বোম্বে গৌড়ীয়মঠ

খোজাদিয়ার চাল রোড, অন্ধেরী ব্যাণ্ডস্ট্যাণ্ড বিল্ডিং বোম্বে ৭

(৫০) ভাস্কর-গৌড়ীয়মঠ

পোঃ ভাস্কর..., মাদ্রাজ
শ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকাগিরিধারীর সেবা

(৫১) মাদ্রাজ গৌড়ীয়মঠ

পোঃ ক...., রায় পেটা (মাদ্রাজ)
শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকা-গিরিধারীর সেবা

(৫২) ব্রহ্মগৌড়ীয়মঠ

আলালনাথ পোঃ ব্রহ্মগিরি, (পুরী)

(৫৩) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত পোঃ পুরী, উড়িষ্যা

(৫৪) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৫) শ্রীশ্রীসাতাসন কুটী

(৫৬) বিরজা-গৌড়ীয়মঠ

পোঃ ভুবনেশ্বর, পুরী

(৫৭) সচ্চিদানন্দ মঠ

...পাড়া, পোঃ কটক (উড়িষ্যা)

(৫৮) বালেশ্বর গৌড়ীয়মঠ-পীঠ

(৫৯) শ্রীপ্রথমপাদগৌড়ীয়-প্রচার-মঠ

পোঃ বহরমপুর, গঞ্জাম

(৬০) ভাগবত...আনন্দ মঠ

চিতলিয়া, পোঃ শ্রীরামদেবপুর, মেদিনীপুর

(৬১) আলাম গৌড়ীয়মঠ

পোঃ আলাম, মেদিনীপুর

(৬২) আমলাজোড়া প্রপন্নাশ্রম মঠ

পোঃ আমলাজোড়া (বর্দ্ধমান)

(৬৩) চৈতন্যগৌড়ীয়মঠ

ফুলবেড়িয়া, পোঃ টাকুড়া, (মানভূম)

(৬৪) রেঙ্গুন গৌড়ীয়মঠ

৩০১ নং ...ইঁট ষ্ট্রীট, রেঙ্গুন।

(৬৫) লণ্ডন গৌড়ীয়মঠ

ফ্লাট নং ২
৩১, আর্ল্স-কোর্ট
স্কোয়ার, লণ্ডন, এস ৫

(৬৬) গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

১৩।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা

(৬৭) গৌড়ীয়মঠ অফিস

হিউলেট রোড, এলা (ইউ-পি)

(৬৮) শ্রীবিকাশ... গৌড়ীয়মঠালয়

নন্দনকানন, চট্টগ্রাম

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীমহানন্দ ব্রহ্মচারী ভক্ত্যালোক, ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

-ঃ(০)ঃ-

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ৩ দিনের জন্য	সংবাদের পৃষ্ঠায় পরবর্ত্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ৩ দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় পরবর্ত্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	।০	৵০	।৵০	।০
" " ইঞ্চি	২৲		১।০	১৲
সিকিকলম	৫৲	৪৲		৩৲
অর্দ্ধকলম	৮৲	৬৲	৬৲	৫৲
এক কলম	১২৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

ভিতরে প্রতি ইঞ্চি	৩৲	২।০
" সিকি কলম	১৫৲	১২৲
" অর্দ্ধকলম	২৫৲	১৮৲
" এক কলম	৩৫৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৸০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা /৫ ; বিশেষ সংখ্যার ভিন্ন দর।

শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী

——ঃঃ(০)ঃঃ——

শ্রীল প্রভুপাদের চতুর্নবতিবর্ষপূর্ত্ত্যাবির্ভাব-তিথিতে শ্রীল আচার্য্যদেবের অভীষ্টক্রমে "শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী" প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। ইহাতে পূর্ব্বার্দ্ধ ও উত্তরার্দ্ধ দুইটি বিভাগ আছে। পূর্ব্বার্দ্ধে শ্রীল প্রভুপাদের আদি-প্রবন্ধাবলী শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের সম্পাদিত 'সাপ্তাহিক সজ্জনতোষণী,' শ্রীল প্রভুপাদের 'নিবেদন' সাপ্তাহিক পত্র প্রভৃতি হইতে কথাসার ও প্রয়োজনীয় অর্থের টীকা-সহ প্রকাশিত হইয়াছে। উত্তরার্দ্ধে শ্রীল প্রভুপাদের সম্পাদিত 'সজ্জনতোষণী'র কতিপয় প্রবন্ধ কথাসার প্রভৃতির সহিত মুদ্রিত হইয়াছে। প্রবন্ধগুলি রচনাকালের ক্রমানুসারে গ্রথিত হইয়াছে; এতদ্ব্যতীত শ্রীল আচার্য্যদেবের একটি মূল্যবান্ উপোদ্ঘাত ও সম্পাদকীয় একটি বিস্তৃত ভূমিকা, শব্দ সূচী, স্থান-পাত্র-শ্লোক ও পয়ার-সূচী প্রভৃতি গ্রন্থে সংযোজিত হইয়াছে। গ্রন্থটি উৎকৃষ্ট কাগজে পারিপাট্যের সহিত মুদ্রিত ও শ্রীল প্রভুপাদের আলেখ্যাদিদ্বারা ভূষিত ও সুন্দর বাঁধাই হইয়া প্রকাশিত হইয়াছে। প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, জিলা নদীয়া; শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ও শ্রীমাধ্বগৌড়ীয়মঠ, নরিন্দা, পোঃ ওয়ারী, ঢাকা।

———

শ্রীল প্রভুপাদের পত্রপ্রসূন মালা

এই গ্রন্থে ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তি- সিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের রচিত পত্রাবলী শ্রীল আচার্য্যদেবের বিরচিত "গৌরব" নামক ভাষ্যের সহিত প্রকাশিত হইয়াছে। শ্রীল প্রভুপাদের অনেক অপ্রকাশিত পত্র ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ।০ আট আনা।

শ্রীধাম-মায়াপুরে

——ঃ০ঃ——

—"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট"—

——ঃঃ০ঃঃ——

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে; বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক খোলা। শিক্ষকগণ সাধু ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে মাত্র ৬৲ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। বর্ত্তমান বর্ষে ১৬ জন বালকের মধ্যে ১৫ জন ভালভাবে উত্তীর্ণ হইয়াছে।

মেধাবী ছাত্রগণের আরও সুবিধা

পরীক্ষায় যাহারা শতে শতকরা ৭৫ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ সচ্চরিত্র দরিদ্র ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক-সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অভিজ্ঞতার সহিত আলোচিত হইয়াছে। এই এক অপূর্ব্ব গৌরবময় বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

———

শ্রীচৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত্র অতিসুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ [illegible] শ্রীমদ্ [illegible] তীর্থ মহারাজ লিখিত ইহার ভিক্ষা মাত্র ৪৲ টাকা। প্রাপ্তিস্থান শ্রীযুক্ত [illegible] ভক্তিশাস্ত্রী, শ্রীযোগপীঠ, [illegible], পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

———

শ্রীশ্রীসরস্বত-সংলাপ

প্রথম খণ্ড

শ্রীশ্রীব্রহ্ম-মাধ্ব-গৌড়ীয়-সম্প্রদায়ৈকসংরক্ষক জগদ্গুরু পরমহংসকুলচূড়ামণি নিত্যলীলা-প্রবিষ্ট ১০৮শ্রী শ্রীমদ্ ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী-প্রভুপাদ বিভিন্ন জিজ্ঞাসু ও শুশ্রূষু সজ্জনবৃন্দের পরিপ্রশ্নোত্তরে ও সংশয়-নিরাকরণকল্পে যে-সকল হরিকথামৃতরাশি কীর্ত্তন করিয়াছেন, যাহা তাঁহার প্রকটকালেই 'গৌড়ীয়' সম্পাদক শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ প্রভুপাদেরই শ্রীচরণে সংশোধিত করাইয়া রাখিয়াছিলেন এবং যাহার কিয়দংশ গৌড়ীয়পত্রে প্রকাশিত হইয়াছে, তাহা "শ্রীশ্রীসরস্বতী-সংলাপ" নাম দিয়া ক্রমশঃ শ্রীল প্রভুপাদের 'বক্তৃতাবলী' ও 'পত্রাবলী' আকারে খণ্ডে খণ্ডে প্রকাশিত হইতেছে। সম্প্রতি শ্রীল প্রভুপাদের শতবার্ষিক বিরহ-মহোৎসব-বাসরে এই গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। মানবজীবনের বহু অমীমাংসিত সমস্যা ও জটিল প্রশ্নের সমাধান ইহাতে পাওয়া যাইবে। ভক্তিপথের পথিকমাত্রেরই এই গ্রন্থ সংগ্রহ একান্ত প্রয়োজন।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপদেশক নিশিকান্ত সান্যাল এম্-এ মহোদয়ের শ্রীশ্রীমৎ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের আশ্রিত গবেষণা এবং গবেষণাপূর্ণ লেখনীর অদ্ভুত ফল আমাদের কবিতা একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত্র-পাঠে ধন্য হউন। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিবিধ চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডটিতেই অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ও বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্ত্তার ভূমিকাদ্বয় (Preface), বিষয়-তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র (Index Glossary) সহ প্রথমখানি প্রকাশিত। ভিক্ষা—১৫, পনর টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, রায়পেট্টা মাদ্রাজ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

'ঠাকুর ভক্তিবিনোদ'

——ঃঃ০ঃঃ——

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি প্রচারের মূল প্রবর্ত্তক সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অতিমর্ত্ত্য জীবনচরিত এতাবৎকাল পর্য্যন্ত প্রকাশ্যভাবে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয়মঠাচার্য্যবর্য্যের অন্তেবাসী সরস্বতীসিদ্ধান্ত-সুলেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু মূল্যবান শিক্ষামালাও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১২৫ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৮০ আনা; ডাক মাশুল স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান—ম্যানেজার গ্রন্থবিভাগ
শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

——ঃ০ঃ——

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু ধর্ম্মগ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১৩।১নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

বেহালার পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাটতি অত্যন্ত অধিক। নিতান্ত প্রীতা সংযুক্ত কালাজ্বর এবং নূতন ও পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। মূল্য ছোট বোতল ৷৵০ দশ আনা, বড় বোতল ১৵০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা
অথবা
পোঃ বেহালা, ২৪ পরগণা

ই. বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	৪-৩৬	৬ ২৬	৭-০৬	১২-২৬	১৪-৫৩	১৬-৫৩	১৭-৫৩	২২-২৩
রাণাঘাট পৌঃ			৮-২৮	১৩-১৫				
(বদল) ছাঃ			৯-৩৩	১৩-৫০				
কৃষ্ণনগর পৌঃ	৭-১	৮-৪৫	১০-৮	১৫-২৩	১৭-২৮	১৯-০৮	২০-১৬	১-১৪
(বদল) ছাঃ	৭-১২		১০-৩১		১৭-৩৬		২০-২৬	
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫১		১১-১০		১৮-১৩		২১-৪	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৩
রাণাঘাট পৌঃ	১২-৫৫
ছাঃ	১৩-০
শান্তিপুর পৌঃ	১৩-২৬
(বদল) ছাঃ	১৩-৩১ (লাইট রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪-১২
ছাঃ	১৪-৩০
নবদ্বীপঘাট পৌঃ	১৫-১০

ডাউন

নবদ্বীপঘাট ছাঃ	৫ ৪৫		৯-১৭		১৪-৩১	১৬-০	১৮-৩১	
কৃষ্ণনগর পৌঃ	৬ ২৩	৯-১৬	৯-৪৮	১১-৪১	১৪-১০	১৬-৩৮	১৯-১৭	২১-১০
ছাঃ	৬-৩৬	৭-১৮	১০-১১			১৬-৫৩	১৯-২৫	
রাণাঘাট পৌঃ			১০-৪৬			১৭-৩০		
(বদল) ছাঃ			১১-১			১৭-৪০		
কলিকাতা পৌঃ	৮-১৬	৯-২১	১১-৫১	১২-১৬	১৪-১৬	১৯-১১	২১-৪১	২৩-৫৭

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৩-৩১	১৬-০		
কৃষ্ণনগর পৌঃ	১৪-১০	১৬-৩৮		
ছাঃ	১৫-২৮	১৭-৩৯		
শান্তিপুর পৌঃ	১৬-৯	১৮-১৪		
(বদল) ছাঃ	১৬-৩৩	১৮-২৫	(শনিবার ভিন্ন)	২০-৪০ (শনিবারে)
রাণাঘাট পৌঃ	১৭-১০	১৮-৫০		২১-১৫
(বদল) ছাঃ	১৭-৪০	১৯-১৪		২১-৫০,
কলিকাতা পৌঃ	১৯-১১	২০-৪০		২৩-০৭

পোঃ—শ্রীমায়াপুর
টেলিগ্রাম—শ্রীধাম
শ্রীমায়াপুর

REGD NO C 1544

দৈনিক নদীয়া প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৪শ খণ্ড] শ্রীমায়াপুর— ৪ঠা আষাঢ় ১৩৪৬, ১৯শে জুন, ১৯৩৯ সোমবার [৯৪শ সংখ্যা

নোটিশ

—::(o)::—

জলকর ব্যবস্থার বিজ্ঞপ্তি

নদীয়া জেলার [illegible] ওয়ার্ড এষ্টেটের বাগবাড়িয়া সার্কেল ও চাপড়া থানার অধীনে পদ্মা বিল নামে একটি সুবৃহৎ জলকর আগামী ১লা শ্রাবণ ১৩৪৬ সাল হইতে বিলি দেওয়া হইবে। এই জলকরটি দৈর্ঘ্যে প্রায় ১২ মাইল এবং ইহার বর্তমান নির্দ্ধারিত আয় বার্ষিক প্রায় ১০০০৲ টাকা। যথাযোগ্যরূপে মৎস্য ব্যবসায় সর্বাংশে উপযুক্ত। বর্তমান লিজের মেয়াদী ১২ই আষাঢ় ১৩৪৬ সালে শেষ হইবে এবং বর্তমান সর্ত বিবেচিত হইবার পূর্বে নূতন লিজের সর্তাবলী বিবেচিত হইবে।

বিশেষ বিবরণ ১৩৪৬ সালের ৯ই আষাঢ় মধ্যে নদীয়া জেলার কৃষ্ণনগরস্থ কোর্ট অব ওয়ার্ডস্ এষ্টেটের জেনারেল ম্যানেজার অফিসে অফিস-দিবসে ১১টা হইতে ৫টার মধ্যে পাওয়া যাইবে। এবং ১১ই আষাঢ় সোমবার মোতাবেক ২৬শে জুন ১৯৩৯ বেলা ৩টার সময় নিলামডাকের বন্দোবস্ত হইবে।

জেনারেল ম্যানেজার
কোর্ট অব ওয়ার্ডস এষ্টেট
নদীয়া

বিবিধ সংবাদ

—::(o)::—

খেলার মাঠে অলৌকিক ঘটনা

একদিন সাংহাই খেলার মাঠে এক অলৌকিক ঘটনা ঘটিয়াছে। প্রকাশ, জাপান পুলিশ এবং সাংহাই [illegible] পুলিশ ফুটবল খেলিতেছিল ও একজন ইউরোপীয় সার্জেন্ট যথেচ্ছভাবে রীতি বিরুদ্ধে খেলিতেছিল, তখন দর্শকগণের মধ্য হইতে একজন (ইনি সাংহাই থানার জনৈক মুসলমান দারোগা) প্রকাশ্যে উক্ত ইউরোপীয় সার্জেন্টের রীতি-বিরুদ্ধ খেলার সম্পর্কে মন্তব্য প্রকাশ করায় ঐ সার্জেন্ট ক্রুদ্ধ হইয়া [illegible] খেলার মাঠ হইতে বাহির হইয়া আসিয়া উক্ত মুসলমান দারোগার মুখে ঘুষি মারিয়া তাহার উপরের দুটি দাঁত ভগ্ন করিয়াছেন এবং ইহাতে নাকি প্রচুর রক্তপাত হইয়াছে। এই ব্যাপার লইয়া এখানে ঘোর সমালোচনা চলিতেছে।

বৃটিশ এলাকা অবরোধে হুমকী

টোকিওর সংবাদে প্রকাশ যে, টিয়েনৎসিন হইতে একটি জাপ সংবাদ-সরবরাহকারী প্রতিষ্ঠান কর্তৃক প্রেরিত সংবাদে বলা হইয়াছে যে, বৃটিশ এলাকা অবরোধ সম্পর্কে আরও কড়া ব্যবস্থা অবলম্বিত হইবে বলিয়া হুমকী দেখান হইয়াছে। উক্ত সংবাদে বলা হইয়াছে যে, টিয়েনৎসিনের জাপ কর্তৃপক্ষ ইতোমধ্যে বর্তমান ব্যবস্থা দ্বারা উদ্দেশ্য সিদ্ধ না হইলে আরও অধিকতর কড়া ব্যবস্থা অবলম্বন করিবার সিদ্ধান্ত করিয়াছেন। উক্ত সংবাদে ইহাও বলা হইয়াছে যে, চীন সম্পর্কে ব্রিটেন বর্তমানে যে নীতি অবলম্বন করিয়াছে একমাত্র তাহার সম্পূর্ণ পরিবর্তন দ্বারাই টিয়েনৎসিন সমস্যার সমাধান হইতে পারে।

টোকিওর আর সংবাদে প্রকাশ যে একটি জাপ সংবাদসরবরাহকারী প্রতিষ্ঠান কর্তৃক প্রেরিত সংবাদে বলা হইয়াছে যে, উত্তর চীনের জাপ কর্তৃপক্ষ ব্রিটেন চিয়াং-কাইশেকের প্রতি সাহায্য প্রদান ও জাপ বিরোধী মনোভাব সম্পূর্ণরূপে পরিবর্তন না করা পর্যন্ত টিয়েনৎসিনের ব্রিটিশ ও ফরাসী এলাকা অবরোধ করিয়া রাখিবার সিদ্ধান্ত করিয়াছেন তদুপরি ইহাও বলা হইয়াছে যে, সর্বপ্রকার "জোড়া-তালি" দেওয়া আপোষ-আলোচনা সরাসরি অগ্রাহ্য করা হইবে।

টিয়েনৎসিন—পিকিং এর দক্ষিণপূর্বে এবং পোর্ট আর্থারের বিপরীত দিকে অবস্থিত বন্দর। ১৯৩৭-এর ২২শে জুলাই জাপানীরা উহা দখল করে।

কুলাংসু—[illegible] সম্মুখে চীন উপকূলের নিকট অবস্থিত ক্ষুদ্র দ্বীপ। ইহাকে এময়েরই একটা অংশ বলা যায়। এময়ের বিদেশী অধিবাসীরা কুলাংসুতে বাস করে।

রেলগাড়ী লাইনচ্যুত

ই আই আর রেলওয়ের গ্রাণ্ড কর্ড লাইনে [illegible] ষ্টেশনের নিকটে একখানি মালগাড়ী লাইনচ্যুত হইয়াছে। এই স্থান হাওড়া ষ্টেশন হইতে প্রায় দুই শত উনিশ মাইল দূর। ট্রেন লাইনচ্যুত হওয়ায় গাড়ী চলাচলের অত্যন্ত অসুবিধা হইয়াছে। মাত্র একটা লাইনে ট্রেন চলিতেছে। সমস্ত আপ ট্রেনকে ডাউন লাইনে চালানো হইতেছে। সম্ভবতঃ উভয় লাইনে ট্রেন চলাচল আরম্ভ হইবে। বিস্তৃত বিবরণ পাওয়া যায় নাই।

NOTICE

—::(o)::—

INDIAN POSTS AND TELEGRAPHS DEPARTMENT

Sealed tenders are invited for the conveyance of mails by horse drawn carriages daily between Krishnagar P. O. and Krishnagar R. S. P. O. for up and down journeys throughout the year on a fixed monthly subsidy for a period of three years commencing from the 16th December 1939. The form of tender and a copy of the schedule showing the number, timings and other details of the service required together with particulars regarding other conditions of the contract may be obtained on application from the office of the undersigned at Krishnagar on payment of Rs. 5/- in advance, which will not be refunded in any case. Tenders must reach the undersigned on or before the 15th July, 1939 by 12 hours.

K. M. Hossain,
Supdt. of Post offices,
Nadia Division.

Dated Krishnagar,
The 15th June 1939.

অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক। প্রতি একাদশীতে প্রকাশিত হয়। কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। সডাক ভিক্ষা ৩।০ টাকা মাত্র।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১।০ টাকা মাত্র।

৩। ভাগবত—হিন্দিভাষার একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ টাকা মাত্র

৫। শ্রীগৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ মাত্র।

পরমগুরু শ্রীগৌরকিশোর

গৌড়ীয়-সম্পাদক-লিখিত, শ্রীগৌড়ীয়মঠাচার্য্যের ভূমিকা-সম্বলিত, বহুচিত্র-শোভিত ও বিষয় সূচী সম্বলিত "পরমগুরু শ্রীগৌরকিশোর" গ্রন্থখানি প্রকাশিত হইয়াছেন। এই গ্রন্থখানিতে শুদ্ধগৌড়ীয়বৈষ্ণবগণের পরম্পরা, গৌড়ীয়গৌরবশিখামণি অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ নিত্যলীলাপ্রবিষ্ট পরমহংস ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল গৌরকিশোরদাস গোস্বামী প্রভুবরের আলেখ্য চরিত্র কথা বর্ণিত হইয়াছে।

শ্রীশ্রীভক্তিবিনোদাবির্ভাব-শতবর্ষপূর্ত্তিতিথিপূজার উপায়ন-গ্রন্থমালা

——::(০)::——

১। গীতিসাহিত্যে শ্রীভক্তিবিনোদ

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র গীতিসাহিত্যের সমালোচনা-গ্রন্থ)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

২। শ্রীভক্তিবিনোদবাণীবৈভব

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের রচনামৃতসাগর হইতে আহৃত ১০৮টি অধ্যায়ে সর্ব্ব-অভিধেয়-প্রয়োজনাকারে গুম্ফিত অমূল্য উপদেশপূর্ণ গ্রন্থ)

ভিক্ষা—৩৲ তিন টাকা মাত্র।

৩। শ্রীশ্রীভক্তিবিনোদ-প্রসঙ্গ

ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ ও ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামীপ্রভু-বিরচিত এবং গৌড়ীয়ে প্রকাশিত শ্রীশ্রীভক্তিবিনোদ-চরিত-প্রসঙ্গ

ভিক্ষা—।৵০ ছয় আনা মাত্র।

৪। ছাত্রদের ভক্তিবিনোদ

(ছাত্রদের উপযোগী ভাষায় লিখিত শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্র ও শিক্ষা)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

(ছাত্রদের পক্ষে ভিক্ষা—।০ আট আনা মাত্র)

প্রাপ্তিস্থান :—

(১) 'ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট', পোঃ শ্রীমায়াপুর, নদীয়া ;

(২) শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ;

(৩) শ্রীযুক্ত ভূপতিরঞ্জন নাগ এম্-এ, বি-এল্,
পুরাণপল্টন পোঃ রমণা, ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্—সমগ্র ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ৩৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। ঠাকুর নিতাই শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৬৲
৩। কবিরাজ শ্রীচৈতন্যচরিতামৃত ৬
৪। সরস্বতী-জয়শ্রী (অবাঁধা) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০ ; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০
৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার দীপিকা ও সংস্কার দীপিকা ১।০
৯। বৈষ্ণবধর্ম ২৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। নামকণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ।০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিবর্ত্ত-তত্ত্ব ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। বৈষ্ণবোপনিষদ ।০
১৮। বামন-আদর্শ ।০
১৯। তত্ত্ববিবেক ।০
২০। গৌড়ীয়-গৌরব ।৵০
২১। গৌড়ীয়সাহিত্য ।৵০
২২। ভজন-রহস্য ।০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲
২৪। গীতা (শ্রীবলদেব টীকা সহ ৯৲
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) ২৲
অবাঁধা) ১৲
২৬। গীতার কেবল বাংলা ভাষ্য ।০
২৭ [illegible] (সানুবাদ) ২৲
২৮ বেদান্ততত্ত্বসার (সানুবাদ) ।০
২৯ প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৸০
দীপ-নির্ণয় ৵০
সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ।৵০
গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ।০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৵০
৩৫ গীতমালা ৴১০
৩৬ নবদ্বীপধাম-মাহাত্ম্য ৶০
৩৭ ঐ প্রমাণ-খণ্ড ৶০
৩৮ শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০
৩৯ শ্রীগৌড়মণ্ডলপরিক্রমা ।০
৪০ শরণাগতি ৴০
৪১ গীতাবলী ৴০
৪২ শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
৪৩ [illegible] ৴০
৪৪ প্রেমভক্তিচন্দ্রিকা ৴
৪৫। নবদ্বীপশতক
৪৬। অর্থপঞ্চক
৪৭। সদাচারস্মৃতিঃ ৵/
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৴১০
৪৯। অর্চ্চনকণ ৴১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম ও ২য়) ৬৲
৫১। ব্রজরীতিচিন্তা ।০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ-বিনির্ণয় ।০
৫৫ তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ।০
৫৬ ভারতবর্ষ ও ভক্তিপথ ৶০
৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ) ।০
৫৮। শ্রী[illegible] ৶০
৫৯। সিদ্ধান্তদর্পণ ৶০
৬০। সাংখ্যবাণী ৴০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।০
৬২। সিদ্ধান্ত-সারত্নী বিবৃতিঃ ।০
৬৩। নবীন-শিক্ষাকল্পদ্রুমং ।০
৬৪। তত্ত্বসূত্রম্ ।০
৬৫। সাত্বত শিক্ষাষ্টক ৶০
৬৬। গৌড়ীয়মঠপত্রিকা ৴০
৬৭। সামান্যবর্ণনম্ ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।০
৬৯। এ ফিউ ওয়ার্ডস অন বেদান্ত ।০
৭০। নামভজন ৴০
৭১। বেদান্ত—ইটস্ মরফলজী অ্যাণ্ড অন্টোলজি ।০
৭২। রিলেটিভ ওয়ার্ল্ডস ।৶০
৭৩। লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস্ অব শ্রীচৈতন্য মহাপ্রভু ।০
৭৪। বৈষ্ণবিজম্ ।০
৭৫। হোয়াট গৌড়ীয়মঠ ইজ ডুইং ৴০
৭৬। দি ভাগবত ।০
৭৭। ইরোটিক প্রিন্সিপল অ্যাণ্ড আনআলয়েড ডিভোশন ।০
৭৮। ব্রহ্মসংহিতা ।০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (প্রথম খণ্ড) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ।০
৮১। সাধন-পথ ।০
৮২। কল্যাণ-কল্পতরু ৶০
৮৩। গীতাবলী ৴০
৮৪। শরণাগতি ৴০

আসামিয়া ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ৴০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্য[illegible] ৯৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক
নদীয়া-প্রকাশ
একমাত্র পারমার্থিক দৈনিক-পত্র
শ্রীধাম-মায়াপুর-নদীয়া

১৪শ বর্ষ ১৭ বামন ৪৪৩ গৌরাব্দ, ৬ঠা আষাঢ় বঙ্গাব্দ ১৩৩৬, ১৭ই জুন ইং ১৯২৯. সোমবার ১৪৭ সংখ্যা

সাময়িক-প্রসঙ্গ

——::(*)::——

চট্টগ্রামে প্রচার

শ্রীশ্রীবিশ্ববৈষ্ণবরাজসভার অন্যতম প্রচারক উপদেশক শ্রীপাদ অনাদিকৃষ্ণ ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী ও শ্রীপাদ ত্রিভুবনেশ্বর ব্রহ্মচারী মহোদয়দ্বয় কতিপয় ব্রহ্মচারী সহ চট্টগ্রামের বিভিন্ন স্থানে শ্রীভক্তিসিদ্ধান্তবাণী প্রচার করিতে করিতে গত ২৬শে মে হুলতানপুর-নিবাসী জমিদার শ্রীযুক্ত বরদাপ্রসাদ নন্দী মহোদয়ের আহ্বানে তদীয় ভবনে উপস্থিত হইয়া তিন দিন তথায় অবস্থান পূর্ব্বক শ্রীমদ্ভাগবত পাঠ, ব্যাখ্যা ও ছায়াচিত্রযোগে গৌরলীলা-প্রদর্শনমুখে বক্তৃতা প্রদান করেন।

প্রচারকবৃন্দ তথা হইতে ২৯শে মে রাউজাননিবাসী প্রসিদ্ধ উকিল ও জমিদার শ্রীযুক্ত কিশোরীমোহন চৌধুরী মহোদয়ের সাদর আহ্বানে তদীয় গৃহে উপস্থিত হইয়া তথায় শ্রীচৈতন্যচরিতামৃত মধ্যলীলার চতুর্থ-পরিচ্ছেদ হইতে শ্রীল মাধবেন্দ্রপুরীপাদের চরিত্র পাঠ ও ব্যাখ্যা করেন ও তৎপর দিবস ছায়াচিত্রযোগে বর্ত্তমান বৈষ্ণবধর্ম্মের গ্লানি ও গৌরলীলা প্রদর্শনমুখে বক্তৃতা প্রদান করেন।

গত ১লা জুন রাউজান হাইস্কুলে স্থানীয় শিক্ষিত সজ্জনবৃন্দের চেষ্টায় এক মহতী সভার অধিবেশন হয়। উক্ত সভায় শ্রীপাদ অনাদিকৃষ্ণ ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী ও অধ্যাপক শ্রীপাদ সুন্দর ভক্তিশাস্ত্রী এম-এ, বি-এল মহোদয় 'মনুষ্যজীবনের কর্ত্তব্য' সম্বন্ধে প্রায় আড়াই ঘণ্টাকাল বহু শাস্ত্রযুক্তিমূলে একটী গবেষণাপূর্ণ বক্তৃতা প্রদান করেন। সভায় বহু উচ্চশিক্ষিত ভদ্রলোক উপস্থিত ছিলেন।

গত ২রা জুন প্রচারকগণ রাউজান-বাজারে শ্রীযুক্ত অন্নদাচরণ ভট্টাচার্য্য মহোদয়ের গৃহে শ্রীমদ্ভাগবত হইতে শ্রীল প্রহ্লাদ মহারাজের উপাখ্যান পাঠ ও ব্যাখ্যা করেন। পরে ছায়াচিত্রযোগে গৌরলীলা প্রদর্শন করা হয়। পাঠে যে সকল শিক্ষিত ভদ্রলোক উপস্থিত ছিলেন তন্মধ্যে নিম্নে কতিপয় ব্যক্তির নাম দেওয়া গেল।

শ্রীযুক্ত বিধুভূষণ সেন উকিল, শ্রীযুক্ত অটলবিহারী পালিত উকিল, শ্রীযুক্ত প্রফুল্ল চন্দ্র ভট্টাচার্য্য উকিল, শ্রীযুক্ত ভুবনমোহন মহাজন উকিল, শ্রীযুক্ত হরমোহন দত্ত দেববর্ম্মণ, শ্রীযুক্ত রমেশচন্দ্র পালিত ডাক্তার, শ্রীযুক্ত অনন্তকুমার দে জুয়েলার, শ্রীযুক্ত রুক্মমোহন চৌধুরী জমিদার, শ্রীযুক্ত রমেশচন্দ্র পাল, শ্রীযুক্ত মহেন্দ্রলাল মজুমদার কবিরাজ, শ্রীযুক্ত সতীশচন্দ্র পালিত মার্চেন্ট, শ্রীযুক্ত বসন্তকুমার রায় পোদ্দার, শ্রীযুক্ত মনোরঞ্জন কাহনগোর নাজির, শ্রীযুক্ত ভক্তিবিনোদ চৌধুরী, শ্রীযুক্ত রাজেন্দ্র পালচৌধুরী ডাক্তার প্রভৃতি।

গত ৩রা জুন রাউজাননিবাসী শ্রীযুক্ত রমেশচন্দ্র পাল মহোদয়ের গৃহে উপস্থিত হইয়া প্রচারকগণ শ্রীমদ্ভাগবত পাঠ ও ছায়াচিত্রযোগে কৃষ্ণলীলা-প্রদর্শনমুখে বক্তৃতা প্রদান করেন। বক্তৃতা এবং পাঠের আদি ও অন্তে মহাজনপদাবলী কীর্ত্তন হইয়াছিল।

গত ৬ঠা জুন জাবুরা-নিবাসী প্রসিদ্ধ জমিদার ও মার্চেন্ট শ্রীযুক্ত জ্ঞানেন্দ্রচন্দ্র ধর মহাশয়ের সাদর আহ্বানে তদীয় সুবৃহৎ প্রাসাদে প্রচারকগণ উপস্থিত হইয়া তথায় দুই দিন অবস্থান পূর্ব্বক শ্রীমদ্ভাগবত হইতে শ্রীল অম্বরীষ মহারাজের উপাখ্যান পাঠ ও ব্যাখ্যা করেন। তৎপর ছায়াচিত্রযোগে গৌরলীলা প্রদর্শিত হয়।

গত ৮ই জুন উক্ত গ্রামনিবাসী ডাক্তার শ্রীযুক্ত ঈশ্বর দে মহাশয়ের ঐকান্তিক আগ্রহে তদীয় ভবনে উপস্থিত হইয়া ভক্তিশাস্ত্রী শ্রীমদ্ভাগবত হইতে পঞ্চ-পরীক্ষিৎ-সংবাদ পাঠ, ব্যাখ্যা এবং ছায়াচিত্রযোগে শ্রীকৃষ্ণলীলা প্রদর্শন করেন। পাঠ ও বক্তৃতার আদি ও অন্তে মহাবেশ ও মহাজন-পদাবলী কীর্ত্তন হয়।

৯ই জুন তারিখে প্রচারকগণ সদলে তথা হইতে চট্টগ্রাম শ্রীনিত্যানন্দ-গৌড়ীয়-মঠে ফিরিয়া আসেন এবং ১০ই জুন চট্টগ্রাম দেওয়ান বাজারনিবাসী শ্রীযুক্ত নিশিচন্দ্র নাগ মহোদয়ের ভবনে শ্রীমদ্ভাগবত দশম স্কন্ধ হইতে যুগলগীতের ধ্রুব পাঠ ও ব্যাখ্যা করেন। তথায় বহু শিক্ষিত ভদ্রলোক ও ভদ্রমহিলা উপস্থিত ছিলেন। তথা হইতে প্রচারকগণের শীঘ্রই অন্যত্র প্রচারে যাইবার কথা আছে।

শ্রীপুরুষোত্তম মঠের বার্ষিক মহামহোৎসব

পতিতপাবন ওঁ বিষ্ণুপাদ পরমহংস অষ্টোত্তরশতশ্রী শ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী মহারাজের পূর্ণাঙ্গ সংকীর্ত্তনমুখে গত ২রা জুন (১৯২৯) শুক্রবার হইতে পুরী শ্রীপুরুষোত্তম মঠের বার্ষিক মহামহোৎসব আরম্ভ হইয়াছে।

ঐ দিবস হইতে প্রত্যহই প্রাতে মঙ্গলারাত্রিকের পর গোবর্দ্ধনাদির চটকপর্ব্বত এবং টোটা গোপীনাথের শ্রীমন্দির প্রভৃতি পরিক্রমা, অপরাহ্ণে ইষ্টগোষ্ঠী এবং সন্ধ্যায় শ্রীমদ্ভাগবত পাঠ এবং ব্যাখ্যা নিয়মিতভাবে চলিতেছে।

গত ১০ই জুন শনিবার অপরাহ্ণে কলিকাতার কয়েকজন বিশিষ্ট ব্যক্তি মঠে আগমন করেন। তাঁহারা শ্রীবিগ্রহাদি দর্শনের পর শ্রীগৌড়ীয়মঠের অন্যতম প্রচারক উপদেশক পণ্ডিত শ্রীপাদ হরিপদ বিদ্যারত্ন ভক্তিশাস্ত্রী প্রভুর নিকট কিছুক্ষণ হরিকথা শ্রবণ করেন। এবার ভক্তবৃন্দের প্রভুর নিকট হইতে হরিকথা শ্রবণ করিয়া তাঁহারা পরমানন্দিত হন। ঐ দিবস সন্ধ্যারাত্রিকের পর শ্রীগুরুবন্দনা, মহাজন-পদাবলী পাঠ ও কীর্ত্তন হয়। কীর্ত্তনান্তে শ্রীপুরুষোত্তমমঠের সেবক শ্রীপাদ গৌরাঙ্গপ্রভু ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী শ্রীমদ্ভাগবত হইতে অম্বরীষ মহারাজের উপাখ্যান পাঠ ও ব্যাখ্যা করেন। তাঁহার যুক্তিপূর্ণ পাঠ ও ব্যাখ্যা শ্রবণ করিয়া সমাগত সকলেই পরমানন্দিত হন। পাঠান্তে মহাজনপদাবলী কীর্ত্তন হয়।

পুরীধামের বিভিন্ন স্থানে শ্রীপাদ নরোত্তমানন্দ ব্রহ্মচারী ভক্তিকমল ও শ্রীপাদ সুহৃৎ ব্রহ্মচারী ভক্তিপ্রদীপ মহোদয়দ্বয় শ্রীমন্মহাপ্রভু ও শ্রীচৈতন্যদেবের কথা বলিবার কথা বিশিষ্ট সজ্জনগণের নিকট কীর্ত্তন করিতেছেন।

'শ্রীগুরুদেবকে ভগবান্ হ'তে অভিন্ন, ভগবানের প্রকাশমূর্ত্তি না বলে কোনও দিন ভগবানের নাম মুখে উচ্চারণ হ'বে না। সাক্ষাৎ ভগবান্‌কে যেরূপ বিচার করবে গুরুদেবকেও সেরূপ বিচার করবে, কোন অংশে কম মনে করবে না।"

(শ্রীল প্রভুপাদ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

১৭ মাঘ মঙ্গলবার ২ ফাল্গুন গৌরাব্দ ৪৫৩

শ্রীভক্তিসিদ্ধান্তবাণী

যাঁদের নিত্যজ্ঞানের উদয় হয় নাই, তাঁরা নিজে প্রভু হ'য়ে সেবা গ্রহণ করে। যাঁরা ভগবদ্ভজনপ্রবৃত্তিবিশিষ্ট ব্যক্তির ভজনের সাহায্য করেন, তাঁরা সেবা করেন, সেবা হয়। যাঁরা মঙ্গলের আশ্রয়ীনা ভক্তির ধারণা না ক'রলে, তাঁরা ছিন্ন মূলে বধ্য পশুর ন্যায় অনুতাপ করবেন।

আমাদের মরণান্ত নিয়ে উপস্থিত হ'তে হবে। শুনা না শুনা তাঁ'রই ইচ্ছা, আমার নয়। শতকরা শতজন মিলে ভগবান্ উদ্ধার করবেন। ভগবানের কথাতে আমাদের কর্ণ পরিপূর্ণ থাকুক। শ্রীচৈতন্যমঠের প্রত্যেকেই আমার চেতনা সম্পাদন করুন। যাঁরা এখানে আছেন তাঁ'রা এক লোকেরও অন্য কার্য্যে নিযুক্ত না। সর্ব্বক্ষণই চৈতন্য-কথা ও ভগবানের চিত্তবৃত্তি যেন থাকে হয়। ভগবানের সেবা পরিচর্য্যাই যে হরির সেবক তা' জানতে চেষ্টা করুন। যাঁদের সেইরূপ চেষ্টা, তাঁ'রাই শ্রীচৈতন্যমঠের অধ্যক্ষ পার্ষদ হন।

বিষ্ণুর কথা শ্রবণ করিতে হইবে, বিষ্ণু কি জিনিষ জানিতে হইবে। শ্রুত-বিষয় কীর্ত্তন করিতে হইবে। কীর্ত্তন-প্রভাবে স্মরণ হইবে। নিরন্তর বিষ্ণুর অনুশীলন করিতে হইবে।

ভক্তি ও ভোগ এক জিনিষ নহে। আমরা যখন ভোগের দিকে যাই, তখন পাপ, মোহ ও ভয় আসিয়া পড়ে। ভোগেও আমরা ভগবানের করুণা দেখিতে পাই। ধনজনবিদ্যায় আসক্ত হওয়ার পরিণতি ভগবান্ দেখাইয়া দেন। সুতরাং সতর্ক হওয়া ভগবানের ভজন করাই বুদ্ধিমানের কার্য্য।

গোপনে থাকো, ডুব দিয়ে জল খেলে একাদশী নাশ কেউ টের পায় না। কিন্তু কে কে গোপনে কি কি অন্যায় কার্য্য করেন শ্রীমহাপ্রভু ও তাঁহার ভক্তগণ তা' দর্শন করেন। যেহেতু তাঁহারা সর্ব্বদর্শী। লোক সমাজকে গোপন রাখিতে

মহাভাগবত ভক্তের কোন সম্বন্ধ-চিন্তা করেন না। মহাভাগবতের নিকট গিয়া তাঁহার সেবার ছলনা করিতে গেলে তিনি তাহার হৃদয়ের কথা দর্শন করিবেন কেবল বিচার প্রার্থনা মাত্র। কনিষ্ঠাধিকারী থাকাকালে মহাভাগবতাভিমান নিরয়প্রাপক মাত্র। নিজে কাঁচা চাউল অর্থাৎ অপক্ক বা সাধকাবস্থায় থাকিয়া সিদ্ধ ভাত অর্থাৎ পরিপক্ক বা সিদ্ধের অভিমান করিতে হইবে না। সাধনভক্তি ব্যতীত ভাবভক্তি হয় না।

এক সময়ে হিরণ্যকশিপুও প্রহ্লাদ মহারাজের নিকট হইতে শ্রৌতবাণী-শ্রবণের আদর দেখাইয়াছিল। কিন্তু তাহার প্রণিপাত, পরিপ্রশ্ন ও সেবাবৃত্তি ছিল না। সে মাত্র প্রহ্লাদকে ধীরভোগ্য বালক জ্ঞানে ভোগবুদ্ধিতেই ঐ সকল শ্রৌতবাণী শুনিয়াছিল। তাহাতে তাহার মঙ্গল না হইয়া অমঙ্গলই ঘটিল। বৈষ্ণবাপরাধ থাকাকালে মহাভাগবতের মুখে উপদেশ শুনিয়াও মঙ্গল লাভ হয় না।

ভগবদ্ভক্তের কৃপা অর্থের দ্বারা হ'তে কাহারও নিস্তার নাই। কৃপাহীন নিজের সামান্য জ্ঞানবুদ্ধির বাহাদুরী দেখাইয়া যতই উর্দ্ধে উঠুক না কেন, গুর্ব্ববজ্ঞা করিলে তা'র পতন অবশ্যম্ভাবী। যেকাল পর্য্যন্ত না শ্রীগুরুদেবের শাসন কায়মনোবাক্যে গ্রহণ করি এবং শ্রীগুরুদেবের প্রদর্শিত সাধন-পথ অনুসরণ করি, সেইকাল পর্য্যন্ত পরমমঙ্গলের পথে চলাই শুরু হইল না। বৈধী ভক্তি ও গুরুবৈষ্ণবানুগত্য পরিত্যাগ করিলে কোনও কালে বাস্তবসত্যের অনুসন্ধান লাভ হয় না এবং বদ্ধভূমিকা হইতে উন্নত প্রদেশে অভিযানের আগ্রহও হয় না। ভক্তিকে অন্যের দর্পণে নিযুক্ত করিলে বিচার হইবে যে, জড়রূপরসাদি বা এই সংসারের ভোগ্য। কিন্তু বস্তুতঃ বিশ্ব ভগবানের ভোগ্য। এই বিশ্ব জীব-ভোগ্য—ইহাই জড়ভোগবাদ বা কর্ম্মকাণ্ড। অধোক্ষজ ভগবানের সেবাই জীবের পরমার্থ। ভগবদ্ভোগ্য বস্তুকে জীবভোগ্য জ্ঞান করিলে অনর্থ উপস্থিত হয়। গুরু-কৃপা না হইলে ব্রহ্ম-দর্শন হয় না। জীব বদ্ধাবস্থায় কর্তৃত্বাভিমানী হইলেও ভগবানের ইচ্ছা না হইলে কিছুই করিতে পারে না। ভগবানের জীবনিয়ন্তৃত্বের কথা উপনিষদে রহিয়াছে।

সিদ্ধের ভূমিকায় আরোহণের ভাণে সাধন পরিত্যাগ করা পাষণ্ডতা ও গুরু-দ্রোহ ব্যতীত আর কিছুই নহে। বদ্ধাবস্থায় থাকিয়া পরমহংসের অধিকার লাভ হইয়াছে মনে করা—শ্রবণ-কীর্ত্তন বাদ দিয়া নিজেই গুরু হইব, সাধন-পথটা ছাড়িয়া দিয়া সিদ্ধের ন্যায় আচরণ করিব—ইহা পাষণ্ডতা মাত্র।

মহামহা-অধিকারী হইলেও কখনও নির্জ্জনে কোনও স্ত্রীলোকের সহিত অষ্টাঙ্গ-মৈথুনের কোন একটাও করিবেন না। ইহাতে ভাগবত-পরমহংসচূড়ামণি শ্রীল রায়রামানন্দেরই একমাত্র অধিকার আছে।

ছোট হরিদাসের প্রকৃতির লোক এখানে থাকিতে পারিবে না। তাহাদের স্থান মঠে নহে—গ্রামে। ধর্ম্মের নামে ব্যভিচার চলিতে থাকিলে ভগবদ্ভক্তগণ বা ভক্তগণ তাহা বোধ করেন। দেখিতে হইবে—এখানে যেন কোন আত্মদ্রোহিতা না ঢুকিতে পারে। পরহিংসাই আত্ম-দ্রোহিতা। মঠে যেন কোন ভোগী লোকের বাস না হয়। কেবল হরিভজনকামী সদ্-গৃহস্থ ও ত্যক্ত গৃহদের স্থান এই অন্তর্দ্বীপে হইবে, অন্য কোন বহির্ম্মুখের স্থান হইবে না।

কর্ম্মী, জ্ঞানী ও মিছাভক্ত—ইহারা দুঃসঙ্গ। ইহাদের সঙ্গ পরিত্যাগ করিতে বলিলে আদৌ পরচর্চ্চা হয় না। যাঁহারা পরমার্থী, তাঁহারা গৌড়ীয় ও নদীয়াপ্রকাশ প্রত্যহ পড়িবেন ও আলোচনা করিবেন। যাহারা আচার্য্যকে বরণ করিবে না, তাহারা চিরকাল অন্ধকূপের গর্ত্তে পড়িয়া থাকিবে। দুঃসঙ্গ পরিত্যাগ পূর্ব্বক সৎসঙ্গ গ্রহণীয়।

আপনারা যোষিৎসঙ্গীর কোন কথা শুনিবেন না। যোষিৎসঙ্গী ও অভক্তের কোন সদ্গুণ থাকিতে পারে না। যাবতীয় সদ্গুণ হরিভক্তকে আশ্রয় করে। যাহারা সচ্চিদানন্দ ভগবান্ অধোক্ষজের কথা স্বীকার বা শ্রবণকীর্ত্তন করে না, তাহাদের মঙ্গল হইবে না। মৎসরতা থাকিতে হরিসেবা হয় না। ভগবদ্ভক্তের কোন প্রকার সিদ্ধান্ত-বিরোধ ও অমঙ্গল হয় না। অভক্ত অসৎ বলিয়া হরিভক্তের ও হরিভক্তির বিদ্বেষী। অভক্ত পরমার্থী নহে, সে প্রাকৃত অর্থী। যিনি ভক্ত, সাধু বা বৈষ্ণব, তিনিই প্রকৃত দয়ালু। আর বাদবাকী সকলেই নির্দ্দয় বা নিষ্ঠুর। কেবলমাত্র হরিকথার শ্রবণকীর্ত্তন ও আলোচনাতেই জীবমাত্রের মঙ্গল নিশ্চয়ই হইবে। শ্রীচৈতন্যমঠের বিগ্রহগণ সর্ব্বক্ষণ আত্মনিবেদন করিয়া হরিভজন করিবেন। কীর্ত্তন প্রভাবেই স্মরণের উদয় হয়। বদ্ধাবস্থায় সিদ্ধের অনুকরণ করিতে নাই। আগে সাধন হউক—আগে কাঁচা চাউল সিদ্ধ হউক, তত্ত্বজ্ঞানাভাব দূর হউক, জিহ্বা-চাঞ্চল্য বাহাদুরীর গর্ব্বভাব (অহঙ্কার) ঘুচিয়া যাউক, তারপর সিদ্ধ ভাত (নির্ম্মল আত্মা) কৃষ্ণসেবায় আপনা হইতেই উপাদেয় হইবে।

বাস্তব গুরু অন্যকে শিষ্য করেন না। শিষ্যকে গুরু করিতে না পারিলে সুবিধা হয় না। নিজেই নিজের মনে 'গুরু, গুরু' করিলে অর্থাৎ হামবড়াভাব পোষণ করিলে গুরুত্বে নর্দ্দমাতেই স্থান হইবে কিন্তু গঙ্গাস্নান হইবে না। অর্থাৎ অন্তরের মলিনতা বা অনর্থের নিবৃত্তি হইবে না। লঘু ব্যক্তি হরিভজন-রহিত হইয়া নিজেকে গুরু বলিয়া জাহির করিতে গিয়া বলে, 'আমি গুরু, অতএব আমায় নমস্কুর।'

গুরুকৃপা বিনা কোন কর্মে ভক্তি নয়। কৃষ্ণভক্তি দূরে রয় সংসার নহে ক্ষয়

ভ্রম

(প্রাপ্ত)

বদ্ধজীব এই জগতে ভ্রমের দ্বারা চালিত হইয়া অনিত্য বস্তুকে নিত্য বলিয়া ভ্রম, সাধুকে অসাধু বলিয়া ভ্রম, অসাধুকে সাধু বলিয়া ভ্রম, ভক্তিতে কর্ম্মভ্রম, কর্ম্মে ভক্তিভ্রম, বস্তুতে সর্ব্বত্র ভ্রম করিয়া থাকে। এইজন্য শাস্ত্র বদ্ধজীবকে ভ্রম, প্রমাদ, বিপ্রলিপ্সা, করণাপাটব এই দোষচতুষ্টয়ে দুষ্ট বলিয়া নির্দ্দেশ করিয়াছেন এবং বলিয়াছেন—

ভ্রম, প্রমাদ, বিপ্রলিপ্সা, করণাপাটব।
আর্য্য-বিজ্ঞ-বাক্যে নাহি দোষ এই সব॥

শাস্ত্র-নির্দ্দেশানুযায়ী এই দোষচতুষ্টয় আমাদের ন্যায় বদ্ধজীবেই পরিলক্ষিত হয়। সাধু-গুরু-বৈষ্ণবে দোষচতুষ্টয় নাই বা থাকিতে পারে না। বদ্ধজীব আমরা ভ্রমবশতঃ কোনও কার্য্য করিলে পরে নিজের ভ্রম নিজে বুঝিতে পারিলে, কিম্বা অপরে বুঝাইয়া দিলে তাহা পরিবর্ত্তনের প্রয়াস পাইয়া থাকি, ইহাই আমাদের স্বভাব। সাধু-গুরু বৈষ্ণবের বাক্য বা কার্য্য, তাঁহাদের ক্রিয়াকলাপ পরিবর্ত্তনের প্রয়োজন হয় না কারণ তাঁহাদের বাক্যে বা কার্য্যে ভ্রম প্রমাদাদি নাই।

তাই শ্রীল প্রভুপাদ বলিয়াছেন,—

কভু আর মুক্ত, বদ্ধ আর মুক্ত
কভু না ভাবিহ একাকার সব॥

সাধু বলিতে সাধারণতঃ আমরা বুঝিয়া থাকি, মালাতিলক ও গৈরিকবসনধারী ব্যক্তিই সাধু। তাহার সদ্বৃত্তি বা সদ্দেশ্যের দিকে কতটা লক্ষ্য, সেদিকে দৃক্‌পাত করি না। তাই আমরা অসাধুকে সাধুভ্রম করিয়া বঞ্চিত হই, আবার প্রকৃত সাধু যিনি, তাঁহাতে অসাধুর দর্শন করিয়া সাধুকৃপা হইতে বঞ্চিত হইয়া থাকি। গুরুকৃপা-প্রাপ্ত যোগ্যতানুযায়ী সাধু-অসাধু চিনিবার ক্ষমতা লাভ হইয়া থাকে। বদ্ধজীবের ভোগদর্শন—জড়দর্শন প্রবল থাকায় জড়বিলাস ও নির্ব্বিশেষবাদ অর্থাৎ ভোগ ও ত্যাগ ব্যতীত আর কিছু বোধগম্য হয় না। জগতের চিন্তাস্রোত হয় ভোগ, নয় ত্যাগ কিন্তু পরম কারুণিক শ্রীল প্রভুপাদ কৃপাপূর্ব্বক জানাইলেন যে, ভোগ ও ত্যাগ দুইটি কোনটিই জীবের স্বরূপের বৃত্তি নহে [illegible]

উপকরণ। প্রভুর বিলাসের উপকরণে ভোগবুদ্ধি বা তাঁহার বিলাস-বিরোধী বুদ্ধি উভয়ই ত্যাজ্য। তাই বলিলেন—

ভোমার কনক, ভোগের জনক,
কনকের দ্বারে সেবহ মাধব।
কামিনীর কাম, নহে তব ধাম,
তাহার মালিক কেবল যাদব॥

সাধু-গুরু-শাস্ত্রবাক্য হইতে আমরা জানিতে পারি যে, শ্রীহরি-গুরু-বৈষ্ণব মনুষ্যের আকারে আমাদের জড়চক্ষুর গোচরীভূত হইলেও তাঁহারা মনুষ্য নহেন। মনুষ্যের ন্যায় তাঁহাদের কার্য্যকলাপাদি পরিলক্ষিত হইলেও তাহা মনুষ্যের ন্যায় প্রাকৃত ব্যাপারবিশেষ নহে। তাই শ্রীভগবান্ বলিলেন—'জন্ম কর্ম্ম চ মে দিব্যমেবং'। শ্রীভগবানের জন্ম-কর্ম্ম যেরূপ প্রাকৃত নহে, তদ্রূপ শ্রীগুরুদেবের জন্ম-কর্ম্মও প্রাকৃত নহে। তাই শাস্ত্র বলিয়াছেন, 'যস্য দেবে পরা ভক্তির্যথা দেবে তথা গুরৌ'। ভগবান্ যেরূপ অধোক্ষজ বস্তু, গুরুদেবও তদ্রূপ অধোক্ষজ বস্তু। বদ্ধজীব নিজের জড়তা নিবন্ধন তাঁহাতে প্রাকৃত জগতের হেয়তা [illegible] নির্ব্বন্ধিত হইয়া থাকে। সাধুবৃত্তি সদ্বৃত্তি যিনি আশ্রয় করিয়াছেন, তিনি জানেন,—

অর্চ্চ্যে বিষ্ণৌ শিলাধীর্গুরুষু নরমতি-
র্বৈষ্ণবে জাতিবুদ্ধি-
র্বিষ্ণোর্বা বৈষ্ণবানাং কলিমলমথনে
পাদতীর্থেঽম্বুবুদ্ধিঃ।
শ্রীবিষ্ণোর্নাম্নি মন্ত্রে সকল কলুষহে
শব্দসামান্যবুদ্ধি-
র্বিষ্ণৌ সর্ব্বেশ্বরেশে তদিতরসমধী-
র্যস্য বা নারকী সঃ॥

যে ব্যক্তি শ্রীবিগ্রহে শিলাবুদ্ধি, বৈষ্ণব-গুরুতে মনুষ্যবুদ্ধি, বৈষ্ণবে জাতিবুদ্ধি, বিষ্ণু বৈষ্ণব-পাদোদকে জলবুদ্ধি, সর্ব্ব কলুষ-বিনাশী বিষ্ণু-নাম-মন্ত্রে শব্দসামান্য বুদ্ধি এবং সর্ব্বেশ্বর বিষ্ণুকে অন্য দেবতার সহিত সমবুদ্ধি করে, সে নারকী।

এই জড়জগতে বদ্ধজীব আমাদের প্রত্যক্ষ জ্ঞানই একমাত্র সম্বল। এই প্রত্যক্ষ জ্ঞানের দ্বারা চালিত হইয়াই আমরা সাধারণতঃ ভ্রমে পতিত হইয়া থাকি প্রত্যক্ষ জ্ঞানের দ্বারা জগতের সমস্ত বস্তুকে আমরা মাপিয়া লইতে পারি কিন্তু শ্রীগুরু বৈষ্ণব-ভগবান্ প্রত্যক্ষ, পরোক্ষ, অপরোক্ষের [illegible]

ইন্দ্রিয়গ্রাহ্য বস্তু নহেন। আমাদের সীমাবদ্ধ বুদ্ধির দ্বারা তাঁহাদিগকে মাপিয়া লইতে পারি না, কিন্তু তাঁহারা আমাদের অন্যাভিলাষ বা ভোগত্যাগবুদ্ধি কাহার কত পরিমাণে আছে, তাহা সহজেই বুঝিতে পারেন।

প্রত্যক্ষ দর্শনের দ্বারা আমরা কিরূপে প্রতারিত হইতে পারি, তাহার দর্শন শ্রীচৈতন্যলীলায় আমরা দেখিতে পাই। শ্রীচৈতন্যদেবের শ্রীঅঙ্গের বহু প্রকার সেবা করিয়াও জনৈক সেবক প্রত্যক্ষবাদের পঙ্কে ডুবিয়া গিয়াছিলেন। নদীতে নৌকার উপর জালিয়া মাছ ধরিতেছিল আর সকলে তাহা দেখিয়া বলিতেছিল,—কালীয়দহে স্বয়ং কৃষ্ণ নৃত্য করিতেছেন। তাহা শুনিয়া মহাপ্রভুর উক্ত সেবকটী মহাপ্রভুর নিকটে সকলের দেখা বা শুনা কথায় বিশ্বাস করিয়া কৃষ্ণ দেখিতে যাইবার জন্য অনুমতি প্রার্থনা করিতে গিয়াছিলেন, কিন্তু মহাপ্রভু কৃপাপূর্ব্বক তাঁহাকে প্রত্যক্ষদর্শনের প্রতারণা হইতে রক্ষা করিয়াছিলেন ইহা হইতে আমাদের শিক্ষার বিষয় এই যে, শ্রীগুরু-বৈষ্ণব-ভগবান্ কখনও আমাদের প্রাকৃত ইন্দ্রিয়ের গোচরীভূত হন না জড়বস্তুই জড় ইন্দ্রিয়ের গ্রাহ্য। তাহা হইলে আমি যে এজগতের ভোক্তা, অবরত সাধু গুরুতে দর্শন করি, তাহা কোন ইন্দ্রিয়ে? সেবোন্মুখ চিদিন্দ্রিয়েই সেব্য প্রকাশিত হন। চিদিন্দ্রিয়েই চেতন-দর্শন হয়, তাহাতে জড়তা, হেয়তা স্থান পায় না। ভোগোন্মুখ জড়েন্দ্রিয়েই ভোগ্যদর্শন, জড়দর্শন। আমরা আমাদের প্রাকৃত ইন্দ্রিয়ের দ্বারা যাহাই অনুভব করি বা প্রত্যক্ষ করি তাহাই ভোগ বা মায়া। সেখানেই জড়বিলাসের তাণ্ডবনৃত্য। চিদ্বিলাস বা কৃষ্ণের বিলাসের কোন কথা সেখানে নাই।

শ্রীগুরুদেব জড়বিলাসী নহেন। তিনি চিদ্বিলাসী। কৃষ্ণের ইচ্ছাই তাঁহার ইচ্ছা, তাঁহার ইচ্ছাই কৃষ্ণের ইচ্ছা। তিনি কৃষ্ণশ্রেষ্ঠ। জড়বিলাসী জীবকে শোধন করিয়া কৃষ্ণবিলাসের উপকরণরূপে কৃষ্ণপাদপদ্মে পৌঁছাইতে একমাত্র তিনিই দক্ষ। কৃষ্ণ ইন্দ্রিয়-পূর্ত্তিই তাঁহার কার্য্য। কৃষ্ণের বিলাস কথাটী আমাদের ন্যায় বদ্ধজীবের নিকট অভিনব বলিয়াই মনে হয় এবং কৃষ্ণের বিলাস স্বীকার করিতে গেলেই ভোগত্যাগ বা অন্যাভিলাষ পরিত্যাগ করিতে হয়, কাজেই ব্যাপারটী বড়ই কষ্টসাধ্য। গাছ হইতে ফুল তুলিলে গাছের কষ্ট হয়, ইহা সাধারণ বৈজ্ঞানিকের বিচার, কিন্তু আস্তিকের বিচার ঐ গাছের কষ্ট হইলেও ভগবানের সেবা, পূজা বা প্রীতির জন্য ফুল তুলিয়া তাহা ভগবৎপাদপদ্মে অর্পণ করা। আবার এরূপও দেখা যায়, পূজারী সাজিতে ফুল তুলিলেও কোন কোন ফুল দুর্ভাগ্যবশতঃ সাজির ফাঁক দিয়া গড়াইয়া পড়িয়া যায়, ভগবানের পাদপদ্মে পৌঁছিতে পারে না।

বদ্ধজীব আমরা জড়ে বিচরণ করিতে করিতে এতই জড়ত্বপ্রাপ্ত হইয়াছি যে, ভোগ ও ত্যাগ ব্যতীত 'সেবা' কথাটী আমাদের অন্তরে স্থান পায় না। তাই ভোগী আমরা কৃষ্ণসেবার উপকরণ-সমূহে বা গুরুপাদপদ্মে জড়ত্ব আরোপ করিয়া নিজের পায়ে নিজেই কুঠারাঘাত করিয়া থাকি।

আমাদের এইরূপ ভ্রম হইতে উদ্ধার লাভ করিবার একমাত্র উপায়—ভ্রম-প্রমাদাদিমুক্ত, দয়ালু, শরণাগত সাধুর আচরণ অনুসরণ করা। নতুবা আমাদেরই ন্যায় ভ্রম-প্রমাদাদিযুক্ত ব্যক্তির সমজাতীয় বদ্ধজীবের সঙ্গফলে কোন দিনই সত্যে প্রতিষ্ঠিত হওয়া যাইবে না। ভ্রমের দ্বারা চালিত হইয়াই আমরা অসত্যের সত্তা করি মানি। তাই বলি ভাইমন! তুমি গুরুভোগী বা গুরুত্যাগী না হইয়া গুরুসেবায় নিয়োজিত হও।

মনরে, তুমি বড় সন্দিগ্ধ অন্তর।
আসিয়াছ এ সংসারে, বদ্ধ হ'য়ে জড়াধারে,
জড়াসক্ত হ'লে নিরন্তর।
ভুলিয়া স্বকীয় ধাম, সেবি' জড়গত কাম,
জড় বিনা না দেখ অপর॥

শ্রীল প্রভুপাদের
বক্তৃতাবলী

পরমার্থ-সম্পুটের রত্নরাজি

ভিক্ষা :—১ম খণ্ড ৮০; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড ৮০, ৪র্থ খণ্ড —৮০ আনা।

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ
শ্রীধাম-মায়াপুর,
নদীয়া

শুদ্ধভক্তি-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠ-শ্রীধাম

প্রাচীন নবদ্বীপ, ঈশোদ্যান শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীব্রজপত্তন-ভবনে শ্রীচৈতন্যমঠ, পরবিদ্যাপীঠ, শ্রীশ্রীরাধাকৃষ্ণ শ্রীগৌর-গোপাল আচার্য্য চতুষ্টয় বিগ্রহ আছেন। তত্রাচীন এবং ভক্তিশাস্ত্রকণে নদীয়া-প্রকাশ-যন্ত্রালয় আছে।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্টীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১২৫

কলিকাতায় শ্রীভক্তিবিনোদ আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, কীর্ত্তন, প্রচারণ-বেদ্ধার শ্রীমদ্ভাগবতাদি শাস্ত্রের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও হারমণিষ্ট পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়।

(৩) যোগপীঠ শ্রীমায়াপুর পীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমহাপ্রভুর আবির্ভাব ভূমি মহাযোগপীঠ।

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং ... বর্ত্তমান।

(৬) মুরারিগুপ্তের পাট

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৭) কাজি-সমাধি-পাট

প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)

ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি।

(৮) প্রদ্যুম্নকুঞ্জ শ্রীলজগন্নাথ

শ্রীধাম মায়াপুর

(৯) আনন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)

এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীলভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)

গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর সেবা।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ জাননগর (বর্দ্ধমান)

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মাউগাছি, পোঃ ভাণ্ডার, (বর্দ্ধমান)

শ্রীব্যাসাবতার ঠাকুর বৃন্দাবনের স্থান

(১৩) রুদ্রদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(১৪) জহ্নুদেব-গৌড়ীয়মঠালয়

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ

গৌরপুর, নদীয়া

(১৬) শ্রীনবদ্বীপ গৌড়ীয় মঠ

রাউতারা—(শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৭) কুঞ্জকুটীর

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

(২০) মহেশ-পণ্ডিতের পাট

কাঁঠালপলি, পোঃ চাকদা (নদীয়া)

(২১) রাণাঘাট-গৌড়ীয়মঠাসন

(২২) পুরী গৌড়ীয়মঠ

চব্বিশ পরগণা

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ

নারিন্দা পোঃ ওয়ারি, ঢাকা।

পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র।

(২৪) গোপালজীউমঠ

কমলাপুর, পোঃ ঢাকা

(২৫) গদাই-গৌরাঙ্গ মঠ

পোঃ বালিয়াটি, (ঢাকা)

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

বড়বাজার, পোঃ ময়মনসিংহ

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চকচকা, কামরূপ (আসাম)

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

৩নং পাগাং বিল্ডিং, দার্জ্জিলিং

(৩০) নারায়ণ-গৌড়ীয়মঠ

পোঃ হরিহর, জিঃ সাহারাণপুর, ইউ, পি

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

মিঠাপুর পাটনা।

(৩২) গয়া গৌড়ীয়মঠ

স্বরাজ রোড, গয়া

(৩৩) সনাতন-গৌড়ীয় মঠ

৮/১১ বড় গণেশগলি, বেনারস সিটি

(৩৪) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

(৩৫) সত্যমঙ্গল মঠ,

পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়

বিশ্রামঘাট, পোঃ মথুরা

(৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ

কিশোরপুর, বৃন্দাবন

(৩৯) একাদশ-কুঞ্জকুটীর

পোঃ রাধাকুণ্ড (মথুরা)

(৪০) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪১) রাধাকুণ্ড গোবর্দ্ধন

(৪২) শ্রীগোবর্দ্ধনমঠালয়

গোবর্দ্ধন, মথুরা

(৪৩) সঙ্কেত বিহারী মঠ

বর্ষাণা, মথুরা।

(৪৪) নন্দগ্রাম গৌড়ীয়মঠালয়

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৫) বর্ষাণা গৌড়ীয়মঠালয়

পোঃ বর্ষাণা, মথুরা

(৪৬) গৌরবিহারী মঠ—পেশোয়ারী,

পোঃ হোতোদ, জেলা কর্ণাল (পাঞ্জাব)

(৪৭) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

(৪৮) দিল্লী গৌড়ীয় মঠ

৪৫নং ... রোড, নিউ দিল্লী;

(৪৯) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, ... বোম্বে ৭

(৫০) মাদ্রাজ-গৌড়ীয়মঠ

পোঃ রায়পেটা, মাদ্রাজ

শ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকাগিরিধারীর সেবা

(৫১) মন্দারমঠ-গৌড়ীয়মঠ

পোঃ কভর, গোদাবরী জেলা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকা-গিরিধারীর সেবা

(৫২) ব্রজনগৌড়ীয়মঠ

আলমচণ্ডীর, পোঃ জগন্নাথপুর, (পুরী)

(৫৩) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা

(৫৪) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৫) প্রেমাকুটী

(৫৬) ত্রিদণ্ডি-গৌড়ীয়মঠ

পোঃ ভুবনেশ্বর, পুরী

(৫৭) সচ্চিদানন্দ মঠ

গণপতি, পোঃ কটক (উড়িষ্যা)

(৫৮) সাক্ষীগোপাল গৌড়ীয়মঠপীঠ

(৫৯) শ্রীব্রজবাসগৌড়ীয়-প্রপন্ন-আশ্রম

পোঃ ... পাঞ্জাব

(৬০) ভাগবতজনানন্দ মঠ

চিকলিয়া, পোঃ দারেশপুর, মেদিনীপুর

(৬১) আলাদি গৌড়ীয়মঠ

পোঃ আলাদি, মেদিনীপুর

(৬২) আমলাযোড়া প্রপন্নাশ্রম মঠ

পোঃ রাজবাঁধ (বর্দ্ধমান)

(৬৩) চৈতন্যগৌড়ীয়মঠ

কুকুরকুণ্ডা, পোঃ চিত্রকুণ্ডা, (মালদহ)

(৬৪) রেঙ্গুন গৌড়ীয়মঠ

৩০১ নং লিউইস ষ্ট্রীট, রেঙ্গুন।

(৬৫) লণ্ডন-গৌড়ীয়মঠ

ফ্ল্যাট নং ২

৫১, ... রোড

... লণ্ডন, ... ৫

(৬৬) গৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

১৩।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা

(৬৭) গৌড়ীয়মঠ অফিস

... রোড, ... (ইউ-পি)

(৬৮) শ্রীবিশ্বাসিধি গৌড়ীয়মঠালয়

... চট্টগ্রাম

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীমহানন্দ ব্রহ্মচারী ভক্ত্যালোক, ভক্তিশাস্ত্রী কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

—————:(০):—————

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায়		বিজ্ঞাপনের পৃষ্ঠায়	
	১ম ও দ্বিতীয় দিনের জন্য	পরবর্তী দিনের জন্য	১ম ও দ্বিতীয় দিনের জন্য	পরবর্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	।০	৵০	।৵০	
" " ইঞ্চি	২৲		১৷০	১৲
" সিকিকলম	৫৲	৪৲		৩৲
" অর্দ্ধকলম	৮৲	৭৲	৭৲	৫৲
" এক কলম	১২৲	১০৲	১০৲	

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিবারে প্রতি ইঞ্চি	৬	৪।০
" সিকি কলম	১৫৲	১২৲
" অর্দ্ধকলম	২৫৲	১৮৲
" এক কলম	৩৫৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)		৯৲
ষাণ্মাসিক	"	৫৲
ত্রৈমাসিক	"	২৷০
মাসিক	"	১৲

প্রতি সংখ্যা ৴৫ ; বিশেষ সংখ্যার মূল্য স্বতন্ত্র।

শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী

———:(০):———

শ্রীল প্রভুপাদের চতুঃষষ্টিবর্ষপূর্ত্ত্যাবির্ভাব-তিথিতে শ্রীল আচার্য্যদেবের আনুকূল্যে "শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী" প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। ইহাতে পূর্ব্বার্দ্ধ ও উত্তরার্দ্ধ দুইটি বিভাগ আছে। পূর্ব্বার্দ্ধে শ্রীল প্রভুপাদের আদি-প্রবন্ধাবলী শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের সম্পাদিত 'স-মহিমী সজ্জনতোষণী,' শ্রীল প্রভুপাদের 'নিবেদন' সাপ্তাহিক পত্র প্রভৃতি হইতে যথাযথ ও প্রয়োজনীয় অর্থের টীকা-সহ প্রকাশিত হইয়াছে। উত্তরার্দ্ধে শ্রীল প্রভুপাদের সম্পাদিত 'সজ্জনতোষণী'র কতিপয় প্রবন্ধ যথাযথ প্রকৃতির সহিত মুদ্রিত হইয়াছে। প্রবন্ধগুলি রচনাকালের ক্রমানুসারে গ্রথিত হইয়াছে ; এতদ্ব্যতীত শ্রীল আচার্য্যদেবের একটি মূল্যবান্ উপোদ্ঘাত ও সম্পাদকীয় একটি বিস্তৃত ভূমিকা, শব্দ-সূচী, গ্রন্থ-পাদ্য-শ্লোক ও পদ্যার্থ-সূচী প্রভৃতি গ্রন্থে সংযোজিত হইয়াছে। গ্রন্থটি উৎকৃষ্ট কাগজে পারিপাট্যের সহিত মুদ্রিত ও শ্রীল প্রভুপাদের আলেখ্যাদিবারা ভূষিত ও সুন্দর বাঁধাই হইয়া প্রকাশিত হইয়াছে। প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, জিলা নদীয়া ; শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ও শ্রীমাধ্বগৌড়ীয়মঠ, বড়িশা, পোঃ ওয়ারী, ঢাকা।

—— ——

শ্রীল প্রভুপাদের পত্রপ্রসূন মালা

এই গ্রন্থে ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তি- সিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের রচিত পত্রাবলী শ্রীল আচার্য্যদেবের বিরচিত "সৌরভ" নামক ভাষ্যের সহিত প্রকাশিত হইয়াছে। শ্রীল প্রভুপাদের অনেক অপ্রকাশিত পত্র ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ।০ আট আনা।

শ্রীধাম-মায়াপুরে

——:০:——

—"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট"—

——::০::——

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে ; বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক খোলা। অধ্যাপক অভিজ্ঞ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা রহিয়াছে খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে মাত্র ৬৲ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন্ পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। বর্ত্তমান বর্ষে ১৬ জন বালকের মধ্যে ১৫ জন ভালভাবে উত্তীর্ণ হইয়াছে।

মেধাবী ছাত্রগণের আরও সুবিধা

পরীক্ষায় যাহারা শতে শতকরা ৭৫ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ সচ্চরিত্র দরিদ্র ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক-সম্পাদিত ; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত্র, সিদ্ধান্ত ও শিক্ষা বিস্তৃতভাবে আলোচিত হইয়াছে। এই এক অপূর্ব্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

——————

শ্রীচৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত্র অভিনবভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত ইহার ভিক্ষা মাত্র ৩৲ টাকা। প্রাপ্তিস্থান শ্রীযুত নন্দকিশোর ব্রহ্মচারী, শ্রীযোগপীঠ, ঈশোদ্যান, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীসরস্বতী-সংলাপ

প্রথম খণ্ড

শ্রীশ্রীব্রহ্মমাধ্ব গৌড়ীয়সম্প্রদায়ৈকসংরক্ষক জগদ্গুরু পরমহংসকুলচূড়ামণি নিত্যলীলা-প্রবিষ্ট ১০৮শ্রী শ্রীমদ্ ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামি-প্রভুপাদ বিভিন্ন জিজ্ঞাসু ও শুশ্রূষু সজ্জনবৃন্দের পরিপ্রশ্নোত্তরে ও সন্দেহ-নিরাকরণকল্পে যে-সকল শুদ্ধভক্তিসিদ্ধান্তবাণী কীর্ত্তন করিয়াছেন, যাহা তাঁহার প্রকটকালেই 'গৌড়ীয়' সম্পাদক শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ প্রভুপাদেরই শ্রীঅঙ্গে সংশোধিত করাইয়া লইয়াছিলেন এবং যাহার কিয়দংশ গৌড়ীয়পত্রে প্রকাশিত হইয়াছে, তাহা "শ্রীশ্রীসরস্বতী সংলাপ" নাম সংজ্ঞিত শ্রীল প্রভুপাদের 'বক্তৃতাবলী' ও 'পত্রাবলী' আকারে খণ্ডে খণ্ডে প্রকাশিত হইতেছে। বর্ত্তমানে শ্রীল প্রভুপাদের প্রকটবার্ষিক বিরহতিথিপূজা-বাসরে এই গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। মানবজীবনের বহু অমীমাংসিত সমস্যা ও জটিল প্রশ্নের সমাধান ইহাতে পাওয়া যাইবে। ভক্তিপথের পথিকমাত্রেরই এই গ্রন্থ সংগ্রহ একান্ত প্রয়োজন।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্স কলেজের Election প্রধান ও প্রধান অধ্যাপক মহামহোপাধ্যায় সারদা প্রসাদ ... শিক্ষায় সাহায্য ... মহাপ্রভুর বৈষ্ণবাচার্য্য এবং মহোদয়ের শ্রৌতসম্বন্ধ এবং পরিষ্কৃত লেখনীর অমুক্ত রস আস্বাদন করিবা একাধারে দর্শন এবং তত্ত্ব ও ভগবানের লীলাকাহিনী-সাগরে মগ্ন হইন। এই গ্রন্থটি অভিনব ও আধুনিক গ্রন্থ মাত্রিক ও বিবিধ চিত্র-সম্বলিত। ... প্রাচীন ও নবীন যাবতীয় প্রাচ্য দর্শনের সহিত তুলনা-মূলক শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সমাক্ আলোচনা। প্রথম খণ্ডই ওপর অধ্যায়ে প্রায় ... পৃঃ বাণী। শ্রী বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকারের মুখবন্ধ (Preface) বিষয় সূচিপত্র (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সন্নিবিষ্ট সূচিপত্র ও শব্দার্থ (Index Glossary) ... অধ্যায় প্রকাশিত। ভিক্ষা—২৫, পচিশ টাকা। প্রাপ্তিস্থান— শ্রীগৌড়ীয় মঠ ... বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্য মঠ, শ্রীধাম মায়াপুর জেলা— নদীয়া।

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। ভবিষ্যতে পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু গ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১৩।১নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর শহরে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্

উৎকল কটক নগরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণ রোগীর মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার খ্যাতি দিন দিন বাড়িতেছে। পিলার ও লিভার সংযুক্ত কালাজ্বর এবং নূতন ও পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। মূল্য ছোট বোতল ৷৵০ দশ আনা, বড় বোতল ১৷৵০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

—৬১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা

অথবা

শ্যামখোলা, ২৪ পরগণা

'ঠাকুর ভক্তিবিনোদ'

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি প্রচারের মূল মহাজন সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অবিকলা জীবনচরিত এতাবৎকাল যথাযথ আকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয়মঠাচার্য্যবর্যের অনুজ্ঞায় বিদ্বজ্জনাদৃত সু-লেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিপিবদ্ধ হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু মূল্যবান শিক্ষাবলীও সন্নিবিষ্ট হইয়াছে। ... ১২০ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৶০ আনা; ডাক মাশুল স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান— ম্যানেজার গ্রন্থবিভাগ

শ্রীগৌড়ীয়মঠ

পোঃ বাগবাজার

কলিকাতা

ই. বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম)

আপ

কলিকাতা ছাঃ	৪-৩৬	৬-২৬	৭-০৬	১২-২৬	১৪-৫৬	১৬-৫৬	১৭-৫৬	২২-২৬
রাণাঘাট পৌঃ			৮-২৮	১৪-১৫				
(বদল) ছাঃ			৯-৩০	১৪-৫০				
কৃষ্ণনগর পৌঃ	৭-১	৮-৪৪	১০-৮	১৫-২০	১৭-২৮	১৯-০৮	২০-১৬	১-১৪
(বদল) ছাঃ	৭-১২		১০-৩১		১৭-৩৮		২০-২৬	
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫১		১১-১০		১৮-১৬		২১-৪	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
রাণাঘাট পৌঃ	১২-৫৫
ছাঃ	১৩-০
শান্তিপুর পৌঃ	১৩-২৬
(বদল) ছাঃ	১৩-৩১ (ছোট লাইনে)
কৃষ্ণনগর পৌঃ	১৪-১১
ছাঃ	১৪-৩০
নবদ্বীপঘাট পৌঃ	১৫-১০

ডাউন

নবদ্বীপঘাট ছাঃ	৫-৪৫		৯-১৭		১৩-৩১	১৬-০	১৮-৩১	
কৃষ্ণনগর পৌঃ	৬-২৩	৯-১৬	৯-৪৮	১১-৪১	১৪-১০	১৬-০৮	১৯-১১	২১-১০
ছাঃ	৬-৩৬	৭-১৮	১০-১১			১৬-৫৬	১৯-২৫	
রাণাঘাট পৌঃ			১০-৪৬			১৭-৩০		
(বদল) ছাঃ			১১-১			১৭-৪০		
কলিকাতা পৌঃ	৮-১৬	৯-২১	১১-৪১	১২-১৬	১৪-১৬	১৯-১১	২১-৪১	২৩-০৭

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৩-৩১	১৬-০	
কৃষ্ণনগর পৌঃ	১৪-১০	১৬-৩৮	
ছাঃ	১৫-২৮	১৭-৩৯	
শান্তিপুর পৌঃ	১৬-৯	১৮-১৪	
(বদল) ছাঃ	১৬-৩৩	১৮-২৫ (রবিবার ভিন্ন)	২০-৪০ (রবিবার)
রাণাঘাট পৌঃ	১৭-১০	১৮-৫০	২১-১৫
(বদল) ছাঃ	১৭-৪০	১৯-১৪	২১-৫০
কলিকাতা পৌঃ	১৯-১১	২০-৪০	২৩-০৭।

পোঃ—শ্রীমায়াপুর
টেলিগ্রাম—শ্রীধাম
মায়াপুর

REGD NO C 1544

দৈনিক নদীয়াপ্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৪শ খণ্ড | শ্রীমায়াপুর— ৫ই আষাঢ় ১৩৪৬, ২০শে জুন, ১৯৩৯, মঙ্গলবার | ৯৫শ সংখ্যা

বিবিধ সংবাদ

-::(০)::-

মাদ্রাজে ১৪৪ ধারা জারীর প্রতিবাদ

মাদ্রাজ সরকার ১৪৪ ধারানুসারে নিষেধাজ্ঞা জারী করিয়া হায়দরাবাদ সত্যাগ্রহ সম্পর্কে সভা করা নিষেধ করায় হিন্দুদের মধ্যে যে ব্যাপক অসন্তোষের সৃষ্টি হইয়াছে, তাহা জ্ঞাপন করিয়া আর্য্য লীগের জেনারেল সেক্রেটারী অধ্যাপক শ্রীযুক্ত সুধাকর মাদ্রাজ প্রধান মন্ত্রীর নিকট এক তার প্রেরণ করিয়াছেন। তারে শ্রীযুক্ত সুধাকর প্রধান মন্ত্রীকে তাঁহার আদেশ সম্পর্কে পুনর্বিবেচনা করিবার অনুরোধ জ্ঞাপন করিয়াছেন। উক্ত আদেশে যে সংশোধিতভাবে কংগ্রেসের তৃতীয় প্রস্তাবেই স্বীকৃত জনসাধারণের ধর্ম্মসম্বন্ধে প্রাথমিক অধিকার রক্ষার সংগ্রামে হায়দরাবাদ সরকারকেই সমর্থন করা হইয়াছে তাহাও উল্লিখিত হইয়াছে।

এ বিষয়ে হস্তক্ষেপ করার অনুরোধ জ্ঞাপন করিয়া গান্ধীজী, ডাঃ রাজেন্দ্রপ্রসাদ, পণ্ডিত জওহরলাল নেহরু এবং সর্দ্দার বল্লভভাই প্যাটেলের নিকটেও তার প্রেরণ করা হইয়াছে।

পাঞ্জাব ব্যবস্থা পরিষদের সদস্য শ্রীযুক্ত দেশবন্ধু গুপ্ত মাদ্রাজের প্রধান মন্ত্রীর নিকট নিম্নলিখিত মর্ম্মে এক তার প্রেরণ করিয়াছেন—"হায়দরাবাদের সত্যাগ্রহ সম্পর্কে সভা করা নিষেধ করিয়া আপনি যে নিষেধাজ্ঞা জারী করিয়াছেন, তাহা নিতান্ত অপ্রত্যাশিত এবং অতিমাত্রায় হঠকারিতামূলক। ধর্ম্ম-বিষয়ক মৌলিক ও ন্যায়সঙ্গত অধিকার রক্ষার জন্য জীবন মরণ সংগ্রাম যাহারা চালাইতেছে তাহাদের বিরুদ্ধে প্রতিক্রিয়াশীল শাসন কর্তৃপক্ষের হস্ত শক্তিশালী করার অশোভন নজির উহা দ্বারা সৃষ্টি করা হইয়াছে। উহার ফলে মাদ্রাজ সরকারের এবং কংগ্রেসের বিরুদ্ধে ব্যাপকভাবে বিক্ষোভ দেখা দিবে। সেজন্য ঐ আদেশ সম্পর্কে পুনর্বিবেচনা করিতে আমি আপনাকে সনির্ব্বন্ধ অনুরোধ করিতেছি।"

দুইজন বৃটিশ সৈন্য গ্রেপ্তার

জনৈক মুসলমানের চাঞ্চল্যকর হত্যা সম্পর্কে তদন্তের ফলে বর্ত্তমানে রাণীক্ষেতে অবস্থিত ৫২ সংখ্যক লাইট ইনফ্যান্ট্রি রেজিমেন্টের প্রাইভেট কোয়াইট ও ল্যান্স কর্পোরেল টাইলার নামক দুইজন বৃটিশ সৈন্য দণ্ডবিধির ৩০২ ধারা অনুসারে নরহত্যার অভিযোগে গ্রেপ্তার হইয়াছে।

ঘটনার বিবরণে প্রকাশ,—চৌবাটিয়া নামক স্থানে বৃটিশ সৈন্যগণ 'কোকেন' বিক্রেতা মহম্মদ হোসেন নামক জনৈক মুসলমানকে হত্যা করিয়া তাহার মৃতদেহ বাজারে ফেলিয়া দেয়। মৃত ব্যক্তি সৈন্য বিভাগের কণ্ট্রাক্টর মেসার্স সাহাবুদ্দিনের একজন কর্মচারী। একটি অপরিসর রাস্তার ধারে মৃতদেহটি রক্তাপ্লুত অবস্থায় পাওয়া যায়। মৃতদেহের পার্শ্বে মৃত হোসেনের টুপি ও কোকেনের বাক্স পড়িয়াছিল। ময়না তদন্তে দেখা যায়, মাথা ফাটিয়া লোকটির মৃত্যু হইয়াছিল। যুক্তপ্রদেশের পুলিশ সুপার মিঃ ডি এ পিরান স্বয়ং তদন্তকার্য্য পরিদর্শন করেন।

প্রথমে পাঁচজনকে গ্রেপ্তার করা হইয়াছিল। কিন্তু তদন্তকালে দেখা যায় যে, আরও কয়েকজন এই হত্যার সহিত জড়িত। ফলে, প্রাইভেট কোয়াইট ও ল্যান্সকে গ্রেপ্তার করা হয়। রাণীক্ষেত থানার অধীন চৌবাটিয়া ক্যান্টনমেন্ট অঞ্চলে এই ঘটনা ঘটিয়াছিল।

মদ্য পানেই পাপ বিক্রয় নহে

একান্নভুক্ত পরিবারে পিতা বিধিসঙ্গত নিয়মে মদের ব্যবসা চালাইবার জন্য যে ঋণ করেন, পুত্র তজ্জন্য দায়ী—এই সিদ্ধান্ত করিয়া বোম্বাই হাইকোর্টের বিচারপতি মিঃ লোকুর পূর্ব্বোক্ত রুলিং দিয়াছেন।

আহমদাবাদের জেলা কোর্টের রায়ের বিরুদ্ধে ধনশঙ্কর মহাশঙ্কর নামক ব্যক্তি হাইকোর্টে যে আপীল করেন, ঐ আপীলের শুনানীকালে পূর্ব্বোক্ত প্রশ্ন উত্থাপিত হয়। প্রকাশ, আপীলকারীর পিতা গবর্ণমেণ্টের সহিত ১৯৩১-৩২ সালের মদ বিক্রয় সম্পর্কে এক চুক্তি করেন। ঐ চুক্তি অনুযায়ী কিছু টাকা বাকি পড়ে। কালেক্টার তাহার জমিজমা নিলাম বিক্রয় দ্বারা টাকা আদায়ের ব্যবস্থা করেন।

তখন ঐ ব্যক্তির পুত্র বর্ত্তমান আপীলকারী, এক মামলা দায়ের করিয়া, এইরূপ ঘোষণা করার প্রার্থনা করে যে, আপীলকারী একান্নবর্ত্তী হিন্দু পরিবারভুক্ত। বিষয়-সম্পত্তিতে তাহার অংশ আছে। নীলাম-বিক্রয়ের দ্বারা তাহার অংশ বিক্রয়যোগ্য নহে; কারণ মদের ব্যবসায় দুর্নীতিমূলক এবং নীতিবিগর্হিত ব্যবসায়। উক্ত ব্যবসায়ের চুক্তি বাবদ ঋণ আপীলকারী দিতে বাধ্য নহে।

নোটিশ

জলকর ব্যবস্থার বিজ্ঞপ্তি

নদীয়া জেলার চেংগাখাঁড়া ওয়ার্ড এষ্টেটের বাগবাড়িয়া সার্কেল ও চাপড়া থানার অধীনে পলদা বিল নামে একটি সুবৃহৎ জলকর আগামী ১৩ই আষাঢ় ১৩৪৬ সাল হইতে লিজ দেওয়া হইবে। এই জলকরটি দৈর্ঘ্যে প্রায় ১২ মাইল এবং ইহার বর্ত্তমান নির্দ্ধারিত আয় বার্ষিক প্রায় ১০০০০৲ টাকা। যথাযোগ্যরূপে মৎস্য ব্যবসার সর্ব্বাংশে উপযুক্ত। বর্ত্তমান লিজের সর্ত্তাবলী ১২ই আষাঢ় ১৩৪৬ সালে শেষ হইবে এবং বর্ত্তমান সর্ত্ত নিষ্পত্তি হইবার পূর্ব্বে নূতন লিজের সর্ত্তাবলী স্থিরীকৃত হইবে।

বিশদ বিবরণ ১৩৪৬ সালের ৯ই আষাঢ় মধ্যে নদীয়া জেলার কৃষ্ণনগরস্থ কোর্ট অব ওয়ার্ডস্ এষ্টেটের জেনারেল ম্যানেজার অফিসে অফিস-দিবসে ১১টা হইতে ৫টার মধ্যে পাওয়া যাইবে। এবং ১১ই আষাঢ় সোমবার মোতাবেক ২৬শে জুন ১৯৩৯ বেলা ৩টার সময় লিজগ্রহীতাদের বন্দোবস্ত হইবে।

জেনারেল ম্যানেজার
কোর্ট অব ওয়ার্ডস এষ্টেট
নদীয়া

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল সরস্বতীদেবের পরবিদ্যাভূষণ গোস্বামী মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক। প্রতি একাদশীতে প্রকাশিত হয়। কলিকাতা বাগবাজারস্থ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। সডাক ভিক্ষা ৩।০ টাকা মাত্র।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১।০ টাকা মাত্র।

৩। ভাগবত—হিন্দিভাষার একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহোদয় সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ টাকা মাত্র

৫। শ্রীগৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ মাত্র।

পরমগুরু শ্রীগৌরকিশোর

গৌড়ীয়-সম্পাদক-লিখিত, শ্রীগৌড়ীয়মঠাচার্য্যের ভূমিকা-সম্বলিত, বহুচিত্র-শোভিত ও বিবিধ সূচী-সম্বলিত "পরমগুরু শ্রীগৌরকিশোর" গ্রন্থাকারে প্রকাশিত হইয়াছেন। এই গ্রন্থে শুদ্ধগৌড়ীয়বৈষ্ণবগণের পরমারাধ্য, গৌড়ীয়গৌরবশিরোমণি অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ নিত্যলীলাপ্রবিষ্ট পরমহংস ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল গৌরকিশোরদাস গোস্বামী প্রভুবরের অলৌকিক চরিতকথা বর্ণিত হইয়াছে।

শ্রীশ্রীভক্তিবিনোদাবির্ভাব-শতবর্ষপূর্ত্তিতিথিপূজার উপায়ন-গ্রন্থমালা

———::(০)::———

১। গীতিসাহিত্যে শ্রীভক্তিবিনোদ

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র গীতিসাহিত্যের সমালোচনা-গ্রন্থ)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

২। শ্রীভক্তিবিনোদবাণীবৈভব

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের রচনামৃতসাগর হইতে আহৃত ১০৮টি অধ্যায়ে সম্বন্ধ-অভিধেয়-প্রয়োজনাকারে গুম্ফিত অমূল্য উপদেশপূর্ণ গ্রন্থ)

ভিক্ষা—৩৲ তিন টাকা মাত্র।

৩। শ্রীশ্রীভক্তিবিনোদ-প্রসঙ্গ

ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ ও ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল সরস্বতীদেবের পরবিদ্যাভূষণ গোস্বামীপ্রভু-বিরচিত এবং গৌড়ীয়ে প্রকাশিত শ্রীশ্রীভক্তিবিনোদ-চরিত-প্রসঙ্গ

ভিক্ষা—৷৶০ ছয় আনা মাত্র।

৪। ছাত্রদের ভক্তিবিনোদ

(ছাত্রদের উপযোগী ভাষায় লিখিত শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্র ও শিক্ষা)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

(ছাত্রদের পক্ষে ভিক্ষা—।০ আট আনা মাত্র)

প্রাপ্তিস্থান :—

(১) 'ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্', পোঃ শ্রীমায়াপুর, নদীয়া;

(২) শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা;

(৩) শ্রীযুক্ত ভূপতিরঞ্জন নাগ এম্-এ, বি-এল্, পুরাণপল্টন পোঃ রমনা, ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্,—সমগ্র ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ২৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। ভাষ্যসহ বিরাট শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৬৲
৩। ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬
৪। নবদ্বীপ পঞ্জিকা (অবাঁধা) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০
৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার-দীপিকা ও সংস্কার দীপিকা ১।০
৯। দৈববর্ণ ৬৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ।০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিচার তত্ত্ব ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষদ ।০
১৮। বামন-আশ্রম ।০
১৯। তত্ত্ববিবেক ।০
২০। গৌড়ীয়-গৌরব ৷৶০
২১। গৌড়ীয়সংহিতা ৷৶০
২২ ভজন রহস্য ।০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা)
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা সহ) ৩৲
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ, অবাঁধা) ১৲
২৬ গীতার কেবল মূল-ভাষা ।০
২৭ দুর্জ্জয়মানিকা কৃষ্ণগৌরাজ্ঞঃ (সাক্ষ্যাৎ) ২৲
২৮ বেদান্ততত্ত্বসার (সাক্ষ্যাৎ) ।০
২৯ প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৸০
৩০ দীপ-দিগ-দর্শন ৶০
৩১ সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ৷৶০
৩২ গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ।০
৩৩ নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪ ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶০
৩৫ গীতমালা ৵১০
৩৬ নবদ্বীপধাম মাহাত্ম্য ৶০
৩৭ ঐ প্রমাণ-খণ্ড ৶০
৩৮ শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০
৩৯ শ্রীগৌড়মণ্ডলপরিক্রমায় ।০
৪০ শরণাগতি ৵০
৪১ গীতাবলী ৵০
৪২ শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
৪৩ সাধনতত্ত্ব ৵০
৪৪ প্রেমভক্তিচন্দ্রিকা ৵
৪৫। নবদ্বীপশতক
৪৬। অর্চ্চনকল্প
৪৭। সদাচারস্মৃতিঃ ৵
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৵১০
৪৯। অর্চ্চনকণ ৵১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা সমাহৃতি (১ম ও ২য় খণ্ড) ৬৲
৫১। রত্নসংহিতা ।০
৫২। মণিমঞ্জরী (সাক্ষ্যাৎ) ।০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ-বিনির্ণয় ।০
৫৫। তত্ত্বসূত্রাবলী বা মায়াবাদশতদূষণী ।০
৫৬ ভারতবর্ষ ও ভক্তিপথ ৶০
৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ) ।০
৫৮। শ্রীকৃষ্ণদেবের ৶০
৫৯। সিদ্ধান্তদর্পণ ৶০
৬০। সাংখ্যবাণী ৵০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।০
৬২। সিদ্ধান্ত সরস্বতী ভিক্ষিকাঃ ।০
৬৩। সটীক-সিদ্ধান্তসমূহ ।০
৬৪। ভক্তগণ ।০
৬৫। সাধনার সিদ্ধাঞ্জন ৶০
৬৬। গৌড়ীয়মঠাঙ্গনিকাঃ ৵০
৬৭। মায়াবাদখণ্ডনম্ ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।০
৬৯। এ গ্লিম্পস্ ইন্‌টু দি বেদাস ।০
৭০। রাসলীলা
৭১। বেদান্ত—ইটস্ মর্ফলজী অ্যাণ্ড অন্টলজি
৭২। বিদেহীর কাব্য ৷৶০
৭৩। লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস্ অব শ্রীচৈতন্য মহাপ্রভু
৭৪। বৈষ্ণবীজম ।০
৭৫। হোয়াট গৌড়ীয়মঠ ইজ ফাইটিং ৵০
৭৬। দি ভাগবত ।০
৭৭। ইরোটিক প্রিন্সিপল অ্যাণ্ড আনমিক্সড্ ডিভোশন ।০
৭৮। ব্রহ্মসংহিতা ২।০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (প্রথম খণ্ড) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ।০
৮১। সাধন-পথ ।০
৮২। কল্যাণ-কল্পতরু ৶০
৮৩। গীতাবলী ৵০
৮৪। শরণাগতি ৵০

আসামী ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ৵০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ৬৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

একমাত্র পারমার্থিক দৈনিক পত্র

শ্রীধাম-মায়াপুর-নদীয়া

১৩শ বর্ষ ১৮ বামন ৪৫৩ গৌরাব্দ, ৫ই আষাঢ় বঙ্গাব্দ ১৩৪৬, ২০শে [illegible] ৩৯. মঙ্গলবার ১৫৭ সংখ্যা

সাময়িক-প্রসঙ্গ

——::(*)::——

চৈতন্যমঠে কীর্ত্তন

গত ১৮ই জুন রবিবার প্রাতে মঙ্গলারাত্রিকের পর আকরমঠরাজ শ্রীচৈতন্যমঠের অধিবাসিগণ [illegible] গৌড়ীয়মিশনের সেক্রেটারী মহামহোপদেশক অধ্যাপক শ্রীপাদ নারায়ণদাস ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী এম এ মহোদয় এক ঘণ্টার অধিককাল ভগবত্তত্ত্বের স্বরূপ, শ্রবণ ও কীর্ত্তন, ভক্তত্ত্ব ও অভক্তির স্বরূপ, সাধু ও অসাধুর স্বরূপ বিষয়ে হরিকথা কীর্ত্তন করিয়া শ্রোতৃবৃন্দের আনন্দবিধান করেন। পাঠের আদি ও অন্তে মহাজন-পদাবলী ও মহামন্ত্র কীর্ত্তন হয়।

———

শ্রীআনন্দসুখদকুঞ্জে মহোৎসব

গত ১৭ই জুন শনিবার গৌরনিজজন শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের অপ্রকট-তিথি-পূজা শ্রীশ্রীল আচার্য্যদেবের আনুগত্যে গোদ্রুমদ্বীপ শ্রীআনন্দসুখদকুঞ্জে নিরন্তর সংকীর্ত্তনমুখে সুচারুরূপে সম্পন্ন হইয়াছে। উৎসবটিকে সাফল্যমণ্ডিত করিবার জন্য শ্রীচৈতন্যমঠ ও শ্রীগৌড়ীয়মঠ হইতে মঠবাসী ভক্তবৃন্দ ও বিভিন্ন স্থান হইতে গৃহস্থভক্তগণ আসিয়া উৎসবে যোগদান করেন।

ঐ দিবস ঊষাকাল হইতে ঠাকুরের মঙ্গলারাত্রিকের পর গুর্ব্বষ্টকবন্দনা, গুরু-পরম্পরা, পঞ্চতত্ত্ব ও বিভিন্ন মহাজনপদাবলী কীর্ত্তন হয়। কীর্ত্তনান্তে ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজকে অগ্রণী করিয়া একটী সংকীর্ত্তনশোভাযাত্রা নির্গত হয়। ভক্তবৃন্দ পরমোল্লাসে শ্রীশ্রীল আচার্য্যদেব, শ্রীশ্রীল প্রভুপাদ ও শ্রীশ্রীল ঠাকুর ভক্তিবিনোদের নিপুণ কবমণিপ্রণালমুখে উচ্চ-সংকীর্ত্তন-রোলে [illegible] করিতে শ্রীগোদ্রুম পরিক্রমা করেন। পরিক্রমা শ্রীমঠে প্রত্যাবর্ত্তন করিলে শ্রীপাদ তীর্থ মহারাজ শ্রীভক্তিবিনোদ-বিরহদশা গৌড়ীয় হইতে ঠাকুরের বর্ণিত প্রবন্ধ পাঠ করেন। পাঠের পর কীর্ত্তনান্তে ঠাকুরের ভোগারতি কীর্ত্তন হয়। অনন্তর সমাগত নিমন্ত্রিত ও অনিমন্ত্রিত প্রায় পাঁচ শত লোককে বিচিত্র মহাপ্রসাদ বিতরণ করা হয়। সংকীর্ত্তন শ্রীগুরুগৌরাঙ্গের জয়ধ্বনি সহকারে প্রসাদ সম্মান করিয়া পরমানন্দিত হন।

উৎসব উপলক্ষে শ্রীজগন্নাথদাস ব্রহ্মচারী ভক্তিমঙ্গল, শ্রীমদনমোহন ব্রহ্মচারী ভক্তিকৃতি ও শ্রীসুরেশ্বরানন্দ ব্রহ্মচারী প্রমুখ ভক্তবৃন্দের সেবাচেষ্টা বিশেষ প্রশংসনীয়।

ময়মনসিংহে প্রচার

গত ১১ই জুন রবিবার ময়মনসিংহ শ্রীজগন্নাথ-গৌড়ীয়মঠে রাত্রি ৮ ঘটিকা হইতে ১০ ঘটিকা পর্য্যন্ত ছায়াচিত্রযোগে শ্রীরামলীলা প্রদর্শিত হয়। সভাতে প্রায় সহস্র লোকের সমাবেশ হইয়াছিল। তন্মধ্যে বহু উচ্চশিক্ষিত সজ্জনব্যক্তি ও ভদ্রমহিলা উপস্থিত ছিলেন। মঠে স্থান সঙ্কুলান না হওয়ায় মঠের সম্মুখে মিউনিসিপ্যালিটীর সদর রাস্তায় বসিবার ব্যবস্থা করা হইয়াছিল। পাঠের প্রারম্ভে গুরু-বন্দনা, পঞ্চতত্ত্ব, মহাজন পদাবলী ও মহামন্ত্র কীর্ত্তিত হয়।

গত ১৫ই জুন বৃহস্পতিবার স্থানীয় নাটোরের রাজবাটীতে [illegible] [illegible] শিক্ষিত ভদ্রলোক ও ভদ্রমহিলা সভায় উপস্থিত হইয়া শ্রীশ্রীসীতাহরণলীলা-দর্শন করিয়া উপকৃত ও আনন্দিত হন। পাঠের আদি ও অন্তে মহামন্ত্র কীর্ত্তনাদি হয়।

[illegible] শ্রীমঠে প্রত্যহ নিয়মমত পাঠ-[illegible] ভাগবত ও শ্রীচৈতন্যচরিতামৃত পাঠ হইতেছে। বিপুল উৎসাহের সহিত [illegible] সহরে শ্রীচৈতন্যবাণী প্রচারিত হইতেছে।

———

শ্রীল ভক্তিসুধাকর প্রভুর পত্র

———

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

[illegible]

শ্রীশ্রী[illegible] প্রভুর পাদপদ্মে [illegible] নিবেদন,—

[illegible]

[illegible]

তাহার সম্বন্ধে [illegible] [illegible] না [illegible] হয় না। শ্রীগুরুদেব ও শ্রীভগবান [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] নাই। [illegible] করিবে। [illegible] আবশ্যক হইবে। শ্রীশ্রীল আচার্য্যদেবের শ্রীচরণপদ্ম অর্থাৎ তাঁহার বাণী ও সেবাদর্শ সর্ব্বদা স্মরণ করিবে। বিপদের সময় [illegible] স্মরণ করিলে তিনিই আমাদের রক্ষক জানিবে। কোন বিরুদ্ধ কথার মধ্যে প্রবিষ্ট হইবে না।

আমার দণ্ডবৎ-প্রণাম জানিবে। ইতি

দাসাধম—

শ্রীনারায়ণদাস অধিকারী

———

মায়ারে কাহারা কভু ছাড়ান না যায়। সাধু-গুরু-কৃপা বিনা না দেখি উপায়।

"মহান্ত গুরুদেবকে ভগবান্ হ'তে অভিন্ন, ভগবানের প্রকাশমূর্ত্তি না বল্লে কোনও দিন ভগবানের নাম মুখে উচ্চারিত হ'বে না। সাক্ষাৎ ভগবান্‌কে যেরূপ বিচার করবে, গুরুদেবকেও সেরূপ বিচার করবে, কোন অংশে কম মনে কর্‌বে না।"

(শ্রীল প্রভুপাদ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

১৮ মাঘ ... গৌরাব্দ ৪৪৩

সত্যপ্রচার বন্ধ হয় না

——:০:——

সত্য চিরকালই সত্য। সত্য নিরপেক্ষ সে কাহারও অপেক্ষা রাখে না। ... কোন শক্তি ... যতই ... চেষ্টা করুক না কেন, ...

... প্রয়াসই ব্যর্থ হইবে। সত্য ... তাহা পূর্ব্বেই ... ক্ষুদ্র শক্তি তাঁহার বিরুদ্ধে ... কি করিবে? সত্যের বিরোধী ... ভক্তিবিমুখ জনগণের ... ; স্বয়ংই তাহাদিগকে দমন করেন।

... শ্রীভগবানের ... মহাপ্রভুর ... একটী প্রেমপ্রচারণ, ... পাষণ্ডদলন। প্রেমপ্রচারণ যেরূপ ... অহৈতুকী দয়া, পাষণ্ডদলন ... সেইরূপ ... ...। ... হরিভক্তগণ ... আন্দোলন করিতে ... নিকট ... নিরস্ত ... তাহাদের ... প্রভাবে তাহাদের সেই অসৎ ... চিরকাল পরে আপনিই থামিয়া যাইবে, ইহা ধ্রুব সত্য। কৃষ্ণকোলাহল বা কৃষ্ণ-সংকীর্ত্তনধ্বনিতে চতুর্দ্দিক মুখরিত হইতে থাকিলে ভেক-কোলাহল বা প্রজল্পাদি আপনা হইতেই থামিয়া যাইবে। আমরা শ্রীপ্রভুপাদপদ্ম হইতে শ্রবণ করিয়াছি যে, সত্যকথা বলিলে যদি সত্যবিরোধিজনগণ চীৎকার করে, মৎসরতা-বশে শিষ্টাচার লঙ্ঘনপূর্ব্বক অত্যন্ত অশ্লীলভাষায় প্রলাপ বা নানাভাবে অত্যাচার করে, তথাপি ঐরূপ উৎপীড়িত হইবার ভয়—এমন কি প্রাণভয়ে পর্য্যন্ত সত্যপ্রচার বা উচ্চকীর্ত্তন হইতে বিরত হওয়া সত্যাশ্রিত ব্যক্তিগণের কর্ত্তব্য নয়।

সত্যই যাঁহাদের জীবন, সত্যই যাঁহাদের প্রার্থনা, উপাস্য, সেই সত্যের উপাসকগণ কি সত্যপ্রচার বন্ধ করিতে পারেন? ইহা সম্পূর্ণ অসম্ভব। যিনি সত্যনিষ্ঠ, সত্য-প্রচার বাধা দিলে তিনি আরও প্রবল উৎসাহের সহিত সত্যপ্রচারের জন্য অগ্রসর হন। সত্যনিষ্ঠ প্রাণভয়ে ভীত নহেন। তিনি ধন জন, মান প্রাণ সমস্তই নিয়োজিত সত্যের চরণে। সুতরাং প্রাণে একবিন্দু রক্ত থাকা কাল পর্য্যন্ত, শেষনিঃশ্বাস ... তিনি সত্যের কথা নির্ভীকভাবে প্রচার করিবেনই, ইহা তাঁহার দৃঢ়-...। সত্যপ্রচারের জন্য তিনি দৃঢ়-... তিনি প্রাণ দিতে পারেন কিন্তু ... ছাড়িতে পারেন না। সত্যে নিজের কোন স্বার্থ নাই, সত্যপ্রচার বা সত্য ... তাঁহার স্বার্থ ও সুখময়। সেইজন্য কোনও অত্যাচার তাঁহার কিছু করিতে পারে না। কিন্তু ... স্বার্থপর ... দ্বারা উপদ্রুত হইয়া ভয়ে সত্যপ্রচারে পরাঙ্মুখ হন। এই পরাঙ্মুখতা তাহাদের সত্যনিষ্ঠার অভাবই প্রমাণ করে।

অসদাচারী ব্যক্তিগণ বড় কৌশলী। তাহারা সত্যাশ্রিতগণকে নানা প্রলোভনাদি দ্বারা কল-কৌশলে তাহাদের দলে আনিবার চেষ্টা করে। তাহাদের সেই প্রলোভনে অনেক সময় অনেক সরল অনভিজ্ঞ ব্যক্তি কিংবা সংসারে শ্রদ্ধা ... ব্যক্তিগণ অসৎসঙ্গের দলে নিজেদের ব্যক্তিত্ব হারাইয়া অসৎ ব্যক্তিগণ হইতে নিস্তার ... ব্যক্তিগণকে আশ্রয় করে। কিন্তু যাঁহারা নিষ্কপট সাধু অথবা যাঁহারা প্রকৃত সাধুর অনুগত বা শরণাগত, তাঁহাদিগকে সেই অসদ্-ব্যক্তিগণ কোন প্রলোভনেও পাপ্য করিতে পারে না। কুৎসিত কলুষিত জনগণের সমস্ত কৌশল বা চাতুরী যখন ব্যর্থ হয়, তখন তাহারা অত্যন্ত ... হইয়া ঐ সকল সাধুর বিরুদ্ধে বহু লোকগুলি চাপাইবার প্রয়াস করে এবং ঐরূপ বৃথা প্রয়াসদ্বারা স্ব-স্ব কল্পিত সাধুর অভাবে প্রচার করিয়া থাকে। স্বার্থান্ধ ব্যক্তিগণ নির্ম্মৎসর আচার্য্যের প্রতি নিজের দোষগুলি চাপাইয়া সজ্জনসমাজে তাহাদের নিজ চরিত্রটীই প্রকাশ করিয়া ফেলে। যখন নিজেদের অসদাচার, ধর্ম্মের নামে ব্যবসায়, লোকবঞ্চনা প্রভৃতির প্রতিকূলে কোন সদ্যুক্তি প্রদর্শন করিতে পারে না, তখন তাহারা ব্যক্তিগত ভাবে সাধুর প্রতি আক্রমণের চেষ্টা করিয়া থাকে। অসাধুর সহিত সাধুর চিত্তবৃত্তি মিলে না। ... তাঁহারা অসৎ-সঙ্গ হইতে ... থাকেন। জগতের মঙ্গলের জন্য তাঁহারা ঐ সকল অসাধুর অসাধু সর্ব্বজীবকে নিরপেক্ষভাবে প্রচার করিয়া দেন এবং ভক্তের সঙ্গে স্বীয় আচরণদ্বারা সাধুর ও অসাধুর পার্থক্য সকলকে বুঝাইয়া দেন। সাধুর এই অসৎসঙ্গবর্জনকার্য্যে অসাধুগণ যেরূপ কপটতা ও মৎসরতাকে আশ্রয় করে তাহা বর্ণনাতীত। ... বুদ্ধিমান্ নিরপেক্ষ ব্যক্তিমাত্রেই তাহাদের সেই কপটতা ধরিয়া ফেলিতে পারেন।

সর্ব্বযুগে সর্ব্বকালে সকল আচার্য্যকেই হরিবিমুখ জনগণ নানাভাবে আক্রমণ করিয়াছে। সুতরাং আচার্য্যকে কেহ আক্রমণ করিলে তাহা দেখিয়া আশ্চর্য্য ... ভাবে বাস্তব-সত্যপ্রচারকারী আচার্য্যের ভাগ্যে সর্ব্বদাই এরূপ ঘটিয়াছে। কি আচার্য্য শ্রীরামানুজ, কি শ্রীরূপ, কি শ্রীরূপ সনাতন, কি ঠাকুর ভক্তিবিনোদ, কি প্রভুপাদ প্রত্যেক বৈষ্ণবাচার্য্যই বিপুলভাবে সত্যের প্রচার করিয়াছেন বলিয়া পাষণ্ডগণ তাঁহাদের প্রতি অনেক কুবাক্য প্রয়োগ করিয়াছে, তাঁহাদের প্রতি নানাভাবে অত্যাচার করিয়াছে। কিন্তু তথাপি তাঁহারা সত্যপ্রচার বন্ধ করেন নাই, পরন্তু সমস্ত অত্যাচার অম্লানবদনে সহ্য করিয়া সত্যের কথা প্রচার করিয়াছেন। নির্ম্মৎসর বৈষ্ণবগণের কিন্তু কাহারও সহিত কোন বিরোধ করিবার ইচ্ছা নাই। তাঁহারা সত্যকথা কীর্ত্তন করেন মাত্র। সত্যকথা কীর্ত্তিত হইলে বিবর্ত্তবাদ বা অসত্য ধ্বংস হয় দেখিয়া ... কৃষ্ণকীর্ত্তনকারীর সহিত গায়ে পড়িয়া বিরোধ করে। এমন তাহাদের স্বভাব। তাহারা মনে করে যে কৃষ্ণকীর্ত্তনকারী আচার্য্যের বিরুদ্ধে কল্পিত মিথ্যাকথা রটাইতে পারিলেই বুঝি সত্যানুসন্ধিৎসু শিক্ষিত বা ভক্তিপ্রবণ জনগণ তাঁহাদের ... ছাড়িয়া দিয়া অসৎপথে প্রত্যাবর্ত্তিত হইয়া আমাদের কথায় বিশ্বাস করিবে আমাদিগকে গুরু করিবে—আমাদের ন্যায় ভক্তিরসভাবহীন কল্পিত ভক্তিপথ আশ্রয় করিবে। কিন্তু তাহাতে ফল হয় উল্টা। গুরুর বিরুদ্ধাচরণ করিলে ভগবদ্‌ভক্তিসম্পন্ন জনগণের গুরুসেবোৎসাহ বা আচার্য্যানুরাগ অপ্রত্যাশিতভাবে উত্তরোত্তর বৃদ্ধিপ্রাপ্ত হয়। তাহাতে গুরুপাদপদ্মে নিষ্ঠা বৃদ্ধি হইয়া গুরুগৌরাঙ্গের মহিমা কীর্ত্তন-স্পৃহা দ্বিগুণ চতুর্গুণ বাড়িয়া যায়। ভগবান্ কৃষ্ণ কাহার ব্যক্তিত্বের প্রতি কাহার কতটুকু শ্রদ্ধা আছে তাহা পরীক্ষা করিতেছেন জানিয়া ভক্তগণ গুরুনিত্যানন্দ-পাদপদ্মকে আরও দৃঢ়ভাবে আঁকড়াইয়া ধরেন এবং কৃষ্ণের সকল বিধানকে পরম-মঙ্গলদায়ক ও ভগবৎকৃপা জানিয়া আনন্দিত হন। রাবণপক্ষী স্বরূপশক্তি সতীশিরোমণি শ্রীসীতাদেবীতে রামবিমুখ জনগণ মিথ্যা কলঙ্ক আরোপ করে বলিয়া হনুমান্‌জী-প্রমুখ রামদাসগণের সীতাদেবীর চরণে নিষ্ঠা কমিয়া যায় না; পরন্তু জগতের দুর্ভাগ্য ও দুষ্প্রবৃত্তি দেখিয়া তাঁহারা দুঃখিতই হন। অভক্তগণের কপটতা ও মৎসরতা চতুর ভক্তগণ ধরিয়া ফেলেন। চক্ষুষ্মান্ ব্যক্তিগণের চক্ষে ধূলি দেওয়া যায় না। নিষ্কপট ব্যক্তিগণকে ফাঁকি দিতে গেলে নিজের গলদই ধরা পড়িয়া যায়।"

গৌড়ীয়বাণী

——•:(•):•——

কোন কোন ব্যক্তি আচার্য্য, গুরু ও বৈষ্ণবকে নিন্দা করিবেন, বৈষ্ণবধর্ম্মের নামে জগতে ইন্দ্রিয়তর্পণের তাণ্ডবনৃত্য প্রদর্শন করিবেন, বৈষ্ণবতার নামে পাষণ্ডতা ও ভণ্ডামির আবাহন করিবেন, মনোধর্ম্ম ও উচ্ছৃঙ্খলতা পূর্ণমাত্রায় জগতে প্রচার করিবেন এবং উহাকেই উদারধর্ম্ম নামে অভিহিত করিবেন, কিন্তু তাহাতে যদি বৈষ্ণবদাসগণ বৈষ্ণবের উচ্ছিষ্টভোজী কুক্কুর-রূপে তাঁহাদের ঐ সকল অবৈধকার্য্যে বাধা-প্রদান করিবার জন্য অগ্রসর হন, চীৎকার করিয়া কোমলশ্রদ্ধ জনগণকে সতর্ক করিয়া দেন, তখন ঐ সকল মনোধর্ম্মী চিজ্জড়-সমন্বয়বাদী প্রাকৃত-সহজিয়াগণ বলিয়া উঠেন—'আমাদের হাতেই তোমাদের মহাপ্রভুর দেওয়া 'জগাদপি' লোকায় আছে।

সাবধান! আমরা যা ইচ্ছা তাই করিব, জগৎ হইতে ভক্তি ও ভক্তকে উড়াইয়া দিব, আমাদের মনের খেয়ালকে—ইন্দ্রিয়তর্পণকে—উচ্চ্ অলঙ্কারে 'প্রাণের অনুরাগ,' 'সরল-বিশ্বাস,' 'সত্য' ও 'ধর্ম্ম' প্রভৃতি বলিয়া চালাইব। তোমরা অবিচলিতচিত্তে চুপ্ করিয়া থাকিবে। যদি একটুও কম্পিত হও অমনি আমরা আমাদের দলের জগদ্বন্দ্য হাজার হাজার ব্যক্তিকে ডাকিয়া তোমাদিগকে বোকা বানাইব! কিংবা—শাস্ত্র-সিদ্ধান্তে না পারিলে তোমাদিগকে দুর্দ্দমনীয় বলিব! আমরা মনোধর্ম্মের অস্থিরসিদ্ধান্তের বিরুদ্ধে শ্রৌতসিদ্ধান্তপর কথা হইলে উহাকে গোঁড়ামি ও সাম্প্রদায়িকতা বলিব!

কিন্তু মনোধর্ম্মী প্রাকৃত-সহজিয়াগণের কপটতা ও দুষ্টবুদ্ধি কৃষ্ণচৈতন্য-চতুর বৈষ্ণবদাসগণ ধরিয়া ফেলেন। বৈষ্ণবদাসগণ কখনই হরিগুরুবৈষ্ণবের মর্য্যাদালঙ্ঘন সহ্য করেন না। বজ্রাঙ্গজী কখনই বিশ্রবানন্দন রাবণের দ্বারা রামচন্দ্রের নিন্দা সহ্য করেন না। লঙ্কা দগ্ধ করাই তাঁহার তৃণাদপি সুনীচতার আদর্শ। প্রাকৃতসাহজিক বক্তৃপ্রেমীর দিগ্বিজয়ীকে তিরস্কার করাই গৌড়ীয়ের বাণী-শ্রীল স্বরূপদামোদর গোস্বামীর বাক্যবেগ-ধারণ। দিগ্বিজয়ী পণ্ডিতাভিমানীর প্রাকৃত পাণ্ডিত্যের গর্ব্ব বিনষ্ট করিয়া তর্কাপরাধ-কারীর জিহ্বা শুদ্ধ করাই ভগবৎভাষা আচার্য্য শ্রীল জীবের আদর্শ প্রচার।

শ্রৌতপথ

(শ্রীপাদ ইন্দ্রপালমণি ভক্তিশাস্ত্রী বি এ)

——::०::——

কলিযুগ বিবাদের যুগ। এ যুগে শ্রৌত-পন্থার আদর নাই। কালকাল-প্রবৃত্তির সহিত অশ্রৌত বা তর্ক দ্বার উদ্ভব হইয়াছে। ইন্দ্রিয়জ্ঞানের প্রাবল্য বাস্তব-সত্যের অবরোহপন্থায় সন্দেহ করায় উহা শ্রুতিবিরোধী তর্কপন্থা। এই তর্কপন্থার বিস্তৃতিক্রমে হরিবৈমুখ্য জীবকে গ্রাস করে। অশ্রৌতপন্থাই হরিবৈমুখ্যের কারণ। 'আমি বেশ বুঝি' এই বিচারই নিরস্তকুহক সত্যের সাহচর্য্য বিনাশ।

নিরস্তকুহক সত্য কোন অজ্ঞানবাদীর আরোহ-বাদ্য নহে। এই নিরস্তকুহক বাস্তবসত্য শ্রীকৃষ্ণ হইতে ব্রহ্মার হৃদয়ে অভিব্যক্ত ছিল। ব্রহ্মা সেই অবিসংবাদিত সত্য নারদকে প্রদান করেন। শ্রীদেবর্ষি উহাই শ্রীকৃষ্ণদ্বৈপায়নকে দিয়াছিলেন। শ্রীব্যাস তাহা শ্রীআনন্দতীর্থকে দান করেন। ইঁহার অষ্টাদশ অধস্তন পরিচয়ে শ্রীগৌরসুন্দর তাঁহার নিজজনগণের দ্বারস্বীকৃত স্বরূপে তাহাই জগতে প্রকটিত করিয়াছেন।

শ্রীচৈতন্যদেবের মনোহভীষ্টপূরণকারি-রূপে অবতীর্ণ হইয়া নিত্যলীলাপ্রবিষ্ট ওঁ বিষ্ণুপাদ অষ্টোত্তরশতশ্রী শ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ নিরস্তকুহক বাস্তবসত্য কথা কীর্ত্তন করিয়াছেন। শ্রীল প্রভুপাদের বাণীতে কোন প্রকার অভক্তি-মতবাদের প্রশ্রয় নাই। যাঁহারা তাঁহার বাণী শ্রবণ করিবার সৌভাগ্য লাভ করিয়াছেন তাঁহারা জানেন, কিরূপ তীব্রভাষায় নির্ভীক নিপুণভাবে তিনি ভক্তিবিরুদ্ধ মতবাদ খণ্ডন করিয়াছেন।

গৌরকরুণাশক্তি শ্রীল প্রভুপাদ কৃপা-পূর্ব্বক আমাদিগকে জানাইয়াছেন,—"ভক্তি-বিনোদধারা কখনও রুদ্ধ হইবে না। ভক্তিবিনোদ-ধারায় শুদ্ধ হরিভজনের কথা অবস্থিত আছে। এই ভক্তিবিনোদধারাকে শ্রৌতবাণী কীর্ত্তনের মধ্যে নিত্যকাল সঞ্জীবিত রাখতে হ'বে। সত্যকথার কীর্ত্তন বন্ধ হ'লে আমরা ভক্তিবিনোদধারা হ'তে বিচ্ছিন্ন হ'য়ে যাব।" শ্রীল প্রভুপাদ বলিয়াছেন,—"যাঁহারা আমার কথা যেরূপ সম্পূর্ণভাবে—আমি যাহা বলিতে চাই, ঠিক সেইটি পূর্ণভাবে বুঝিতে পারেন, এমন আর কেহই পারে না।" শ্রীল প্রভুপাদ সমগ্র জগৎকে আহ্বান করিয়া শ্রীমদ্ভাগবতের গৌড়ীয়ভাষ্যে বলিয়াছেন,—"বাসুদেব-অনন্যাশ্রয়ে থাকিলা গো সদা লহ নাম"। শ্রীল প্রভুপাদ তাঁহার অপ্রকটলীলার পূর্ব্বে ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামি-প্রভুকে কৃপাদেশ করেন,—"আপনি শ্রীরূপ-রঘুনাথের কথাটা প্রচার করিবেন, এই ভার আপনার উপর থাকিল।" ভক্তিসিদ্ধান্তবাণীর নিষ্কপট সেবা ভিন্ন অন্য কোন কামনা যাঁহাদের নাই, সেই শ্রীপাদ নারায়ণদাস ভক্তিসুধাকর প্রভু ও শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ-প্রভুকে শ্রীল প্রভুপাদ কৃপাপূর্ব্বক ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামি-প্রভুর প্রচারের সহায়তা করিতে বলিয়াছেন।

শ্রীল প্রভুপাদের বাণী হইতে নিঃসন্দেহে জানিতে পারা গিয়াছে যে, একমাত্র ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামি প্রভুই শ্রীল প্রভুপাদের বাণী সম্যক্ বুঝিতে পারিয়াছেন—অন্য কেহ পারেন নাই। তাই যাঁহারা শ্রীচৈতন্যবাণী—শ্রীভক্তিসিদ্ধান্তবাণীর অহৈতুকী সেবাপ্রার্থী হইয়া শ্রীল প্রভুপাদের পাদপদ্মাশ্রয় করিয়াছিলেন, তাঁহারা সকলেই ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামি-প্রভুর শ্রীপাদপদ্মে আশ্রয় গ্রহণ করিয়াছেন, তাঁহাকে গৌড়ীয়বৈষ্ণবাচার্য্যরূপে সাদরে বরণ করিয়াছেন।

শ্রীশ্রীবৃন্দাবন গৌড়ীয়মঠাধিষ্ঠিত [illegible] শ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী ঠাকুর ১০৮শ্রী শ্রীমদ্ [illegible] 'ধর্ম্ম' [illegible] ও তত্ত্বজ্ঞ সজ্জনবৃন্দের পরিপ্রশ্নের উত্তরে যে সকল হরিকথা কীর্ত্তন করিয়াছেন, তাহা তাঁহার প্রকটকালের 'গৌড়ীয়' সম্পাদক [illegible] বিদ্যাবিনোদ বি-এ মহোদয় কর্ত্তৃক [illegible] 'গৌড়ীয়' পত্রে প্রকাশিত হইয়াছে, তাহা "শ্রীশ্রীসরস্বতী-সংলাপ" [illegible] শ্রীল প্রভুপাদের 'বক্তৃতাবলী' ও "[illegible]" আকারে [illegible] প্রকাশিত হইল। বর্ত্তমানে শ্রীল প্রভুপাদের অপ্রকাশিত [illegible] প্রকাশিত হইতেছে। মানবজীবনের বহু জটিল সমস্যা ও [illegible] ইহাতে পাওয়া যাইবে। ভক্তগণের পক্ষে [illegible] এই গ্রন্থ সংগ্রহ একান্ত প্রয়োজন।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

[illegible] অধ্যাপক মহামহোপদেশক [illegible] সম্প্রদায়-বৈভবাদি [illegible] এবং [illegible] সম্পাদন করিয়া [illegible] হইল। এই [illegible] ও [illegible]। ছাপা ও কাগজ [illegible] সম্বন্ধে [illegible] আলোচনা। প্রথম খণ্ডে [illegible] পৃষ্ঠা ব্যাপী। শ্রী [illegible] গোস্বামী [illegible] (Foreword), [illegible] (Preface) [illegible] (Contents) [illegible] Index Glossary) সহ [illegible] টাকা। [illegible] গৌড়ীয়মঠ, [illegible]; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম মায়াপুর [illegible]।

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বে একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও [illegible] প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

[illegible] সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে [illegible]। [illegible] পাক্ষিক ইংরেজি [illegible] "[illegible]" [illegible] এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। [illegible] কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

[illegible] এখান হইতে [illegible] প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্

[illegible] এখান হইতে [illegible] "পরমার্থী" নামক পত্র [illegible]।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

[illegible]

[illegible] একমাত্র উপায় [illegible]। [illegible] আনা, বড় বোতল ১।০ [illegible] আনা। [illegible]

[illegible] রোড, কলিকাতা

অথবা

[illegible]

'ঠাকুর ভক্তিবিনোদ'

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি প্রচারের মূল মহাজন সংস্কারক শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির আদিবর্য্য জীবনচরিত এতাবৎকাল পর্য্যন্ত প্রকাশ্যে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয়মঠাচার্য্যবরের অনুজ্ঞায় [illegible] সু-লেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীযুত সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু মূল্যবান শিক্ষাবলীও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১২০ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৮০ আনা; ডাক মাশুল স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান—ম্যানেজার গ্রন্থবিভাগ

শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

ই. বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেনের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	৪-৩৬	৬ ২৬	৭ ৩৬	১২-২৬	১৪-৫৬	১৬-৫৬	১৭ ৫৬	২২ ২৬
রাণাঘাট পৌঃ			৮-২৮	১৪-১৫				
(বদল) ছাঃ			৯-৩০	১৪-৫০				
কৃষ্ণনগর পৌঃ	৭-১	৮ ৪৫	১০-৮	১৫-২০	১৭ ৫৮	১৯-০৮	২০-১৬	১-১৫
(বদল) ছাঃ	৭ ১২		১০-৩১		১৭-৩৮		২০-২৬	
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫১		১১-১০		১৮-১৬		২১-৪	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
রাণাঘাট পৌঃ	১২-৫৫
ছাঃ	১৩ ০
শান্তিপুর পৌঃ	১৩-২৬
(বদল) ছাঃ	১৩-৩১ (লাইট রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪ ১২
ছাঃ	১৪-৩০
নবদ্বীপঘাট পৌঃ	১৫-১০

ডাউন

নবদ্বীপঘাট ছাঃ	৫ ৪৫		৯ ১৭		১৩-৫১	১৬-০	১৮-৫১	
কৃষ্ণনগর পৌঃ	৬ ২৩	৯ ১৬	৯-৪৮	১১-৪১	১৪-১০	১৬-৩৮	১৯-১৭	২১-১০
ছাঃ	৬-৩৬	৭-১৮	১০-১১			১৬ ৫৬	১৯-২৫	
রাণাঘাট পৌঃ			১০-৪৬			১৭-৫০		
(বদল) ছাঃ			১১-১			১৭-৫৫		
কলিকাতা পৌঃ	৬ ১৬	৯ ২১	১১-৫১	১২-১৬	১৪-১৬	১৯-১১	২১-৪১	২৩-০৭

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৩-৩১	১৬-০	
কৃষ্ণনগর পৌঃ	১৪-১০	১৬-৩৮	
ছাঃ	১৫-২৮	১৭-৩৭	
শান্তিপুর পৌঃ	১৬-৯	১৮-১৪	
(বদল) ছাঃ	১৬-৪৪	১৮-২৫ (রবিবার ভিন্ন)	২০-৪০ (রবিবার)
রাণাঘাট পৌঃ	১৭-১০	১৮-৫০	২১-১৪
(বদল) ছাঃ	১৭ ৪৪	১৯-১৪	২১-৫০
কলিকাতা পৌঃ	১৯-১১	২০-৪০	২৩-০৭

পোষ্ট—শ্রীমায়াপুর
টেলিগ্রাম—'শ্রীধাম
শ্রীমায়াপুর'

REGD NO C 1644

দৈনিক নদীয়াপ্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্বত্র বহুল প্রচারিত নদীয়াজেলার একমাত্র দৈনিক

১৪শ খণ্ড] শ্রীমায়াপুর— ৭ই আষাঢ় ১৩৪৬, ২২শে জুন, ১৯৩৯ বৃহস্পতিবার [৯৭শ সংখ্যা

বিবিধ সংবাদ

—::(o)::—

গান্ধীবাদ স্বাধীনতার পথে অন্তরায়

ভিন্ন জেলা বোম্বাই ও মহারাষ্ট্রীয় প্রাদেশিক কংগ্রেস-সেবী সম্মেলনের সভাপতি শ্রীযুক্ত ভূপেন্দ্রনাথ সান্যাল গান্ধীবাদের তীব্র সমালোচনা করিয়া বলেন যে, ভারতের স্বাধীনতা লাভের পথে ইহা প্রবল অন্তরায়। তিনি আরও বলেন যে, জনসাধারণ গত পঁচিশ বৎসর ধরিয়া যে ত্যাগ স্বীকার করিয়া আসিতেছে, কংগ্রেসের বর্তমান নেতৃত্ব উহার ফল লাভে বিঘ্ন ঘটাইতেছে। প্রসঙ্গক্রমে কংগ্রেসী মন্ত্রিমণ্ডলীর কার্য্যকলাপ এবং দেশীয় রাজ্যের প্রতি কংগ্রেসের মনোভাবের তীব্র নিন্দা করিয়া বলেন যে, কংগ্রেসী মন্ত্রিমণ্ডলী প্রাদেশিক স্বায়ত্ত শাসনের অধীনে যে সামান্য ক্ষমতা পাইয়াছেন উহাতেই সন্তুষ্ট—দেশের স্বাধীনতার জন্য তাঁহারা কোনই চেষ্টা করিতেছেন না। আবার দেশীয় রাজ্যে সব প্রজাগণের যে বিপুল সাড়া পড়িয়াছে, কিন্তু কংগ্রেস কোথাও তাহার সুযোগ গ্রহণ করিয়া স্বাধীনতার উদ্দেশ্যে তাহাদের সংগ্রামে অগ্রসর হইতে উৎসাহিত করিবে না, উল্টা তাহাদিগকে নিরুৎসাহিত করিতেছে।

উপসংহারে শ্রীযুক্ত সান্যাল [illegible] কংগ্রেসের বর্তমান নেতৃত্বের বিরোধিতা করিতে এবং বামপন্থীদের পতাকাতলে সমবেত হইতে বলেন।

ফরওয়ার্ড ব্লক গঠনে আনন্দ প্রকাশ করিয়া এবং কংগ্রেসের গঠনমূলক কার্য-কর্মসূচির সুপারিশ একেবারে অসন্তোষ জনক এবং বিশেষভাবে প্রতিক্রিয়াশীল বলিয়া ঘোষণা করিয়া প্রস্তাব পাশ হয়।

শ্রীযুক্ত এম, এন, রায় ত্রিপুরী কংগ্রেস সম্পর্কে নিখিল ভারত রাষ্ট্রীয় সমিতিতে যে প্রস্তাবের নোটিশ দিয়াছেন, একটি প্রস্তাবে তাহা সমর্থন করা হয় এবং নিঃ ভাঃ রাঃ সমিতিকে উহা গ্রহণ করিতে অনুরোধ করা হয়।

মিসেস এম, এন, রায়, মিসেস মণিবেন কারা, ডাঃ এম আর শেঠী, মিঃ ভি বি কর্ণিক প্রমুখ বিশিষ্ট ব্যক্তি সম্মেলনে উপস্থিত ছিলেন।

সোভিয়েট যুক্তরাষ্ট্রের লোক-সংখ্যা

সোভিয়েট যুক্তরাষ্ট্রে জনসংখ্যা প্রতি বৎসরে প্রায় কুড়ি লক্ষ করিয়া বৃদ্ধি হইতেছে। গত জানুয়ারী মাসের আদমসুমারীর হিসাবে দেখা যায় যে, ১৯২৬ সালের ডিসেম্বর মাসে সোভিয়েট যুক্তরাষ্ট্রের জনসংখ্যা ছিল ১৪ কোটি ৭০ লক্ষ। বর্তমানে উহা বৃদ্ধি হইয়া ১৭ কোটি ৫ লক্ষ হইয়াছে; অর্থাৎ এই সময়ের মধ্যে জনসংখ্যা শতকরা ১৫'৯ বৃদ্ধি হইয়াছে।

এই ১২ বৎসরে মার্কিন যুক্তরাষ্ট্র, ইতালী, জার্মানী, বৃটেন এবং ফ্রান্সে জনসংখ্যা যথাক্রমে শতকরা ১১-৯, ৭-৫ এবং ২'৭ বৃদ্ধি হইয়াছে। সমগ্র 'ধন-তান্ত্রিক' ইউরোপে এই সময়ের মধ্যে জনসংখ্যা মোট ৩ কোটি ২০ লক্ষ বৃদ্ধি হইয়াছে; অথচ শুধু রাশিয়াতেই বৃদ্ধি হইয়াছে ২ কোটি ৩৫ লক্ষ।

১৯৩৮ সালে মস্কো, লেনিনগ্রাড কিয়েভ এবং খারকোভে প্রতি হাজারে জন্মহার ছিল ২৭ হইতে ২৯ এবং বাকুতে ছিল ৩৪ অথচ ১৯৩৬ সালে বার্লিন, লণ্ডন, প্যারিস এবং নিউইয়র্কের জন্মহার ছিল যথাক্রমে ১৪, ১৩'৬, ১১'৫ এবং ১৫ ৫।

রাশিয়ার মোট জনসংখ্যার মধ্যে ১০ কোটি ৯০ লক্ষ লোক রাশিয়ান সোভিয়েট রিপাব্লিকে বাস করে এবং ইউক্রেন সোভিয়েট রিপাব্লিকে বাস করে ৩ কোটি লোক। অধিকাংশেই সহরের জনসংখ্যাই প্রায় দ্বিগুণ হইয়াছে। মস্কোতে লোক-সংখ্যা বৃদ্ধি হইয়া ২০ লক্ষ হইতে ৪০ লক্ষ হইয়াছে, লেনিনগ্রাডে হইয়াছে ১৬ লক্ষ ৯০ হাজার ৬৫ হইতে ৩১ লক্ষ ৯১ হাজার ৩ শত ৪।

সোভিয়েট যুক্তরাষ্ট্রে পুরুষ অপেক্ষা নারীর সংখ্যা ৭০ লক্ষ বেশী। সহরের লোক সংখ্যা মোটের উপর শতকরা ১৭-৯ হইতে ৩২-৮ বৃদ্ধি হইয়াছে। কাজাকস্থান এবং তুর্কমেনিস্থানে জনসংখ্যা দ্বিগুণ বৃদ্ধি হইয়াছে। রাশিয়ান রিপাব্লিক, ইউক্রেন রিপাব্লিক, আর্মেনিয়া রিপাব্লিক, তাজিকিস্থান রিপাব্লিক এবং কিরঘিজিয়া রিপাব্লিকে লোকসংখ্যা বৃদ্ধি হইয়া দ্বিগুণের কিছু বেশী হইয়াছে। কিন্তু [illegible] লেনিনগ্রাড, পোলটাভা এবং ভিনিট্সা জেলার লোকসংখ্যা হ্রাস পাইয়াছে।

ধনতান্ত্রিক রাষ্ট্রগুলি এবং সোভিয়েট যুক্তরাষ্ট্রের মধ্যে লোকসংখ্যা বৃদ্ধির এই তারতম্যের কারণ হইতেছে সামাজিক ব্যবস্থা। তবে 'প্রাভদা' পত্রিকায় প্রকাশিত তালিকাতে দেখান হইয়াছে যে, জারের আমলেও নানারূপ যুদ্ধ-বিদ্রোহ সত্ত্বেও রাশিয়ায় জনসংখ্যা বৃদ্ধি হইয়াছে।

নোটিশ

—::(o)::—

জলকর ব্যবস্থার বিজ্ঞপ্তি

নদীয়া জেলার [illegible] ওয়ার্ড এষ্টেটের বাগবাড়িয়া সার্কেল ও চাপড়া থানার অধীনে পলদা বিল নামে একটী বৃহৎ জলকর আগামী ১৩ই আষাঢ় ১৩৪৬ সাল হইতে লিজ দেওয়া হইবে। এই জলকরটি দৈর্ঘ্যে প্রায় ১২ মাইল এবং ইহার বর্তমান নির্দ্ধারিত আয় বার্ষিক প্রায় ১০০০০৲ টাকা। যথাযোগ্যরূপে মৎস্য ব্যবসায় সর্বাংশে উপযুক্ত। বর্তমান লিজের সর্তাবলী ১২ই আষাঢ় ১৩৪৬ সালে শেষ হইবে এবং বর্তমান সর্ত বিবেচিত হইবার পূর্বে নূতন লিজের সম্ভাবনা বিবেচিত হইবে।

বিশদ বিবরণ ১৩৪৬ সালের ৯ই আষাঢ় মধ্যে নদীয়া জেলার কৃষ্ণনগর কোর্ট অব ওয়ার্ডস্ এষ্টেটের [illegible] অফিসে অফিস-সময়ে ১১টা হইতে ৫টার মধ্যে পাওয়া যাইবে। এবং ১১ই আষাঢ় সোমবার মোতাবেক ২৬শে জুন ১৯৩৯ বেলা [illegible] নিলামডাকের বন্দোবস্ত হইবে।

[illegible] ম্যানেজার
কোর্ট অব [illegible]

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল সরস্বতী গোস্বামী ঠাকুরের পরিচালিত ইংরেজী পাক্ষিক। প্রতি একাদশীতে প্রকাশিত হয়। কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। সডাক ভিক্ষা ৩।০ টাকা মাত্র।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩, যাণ্মাসিক ১।০ টাকা মাত্র।

৩। ভাগবত—হিন্দুস্থানের একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১, টাকা।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ টাকা মাত্র

৫। শ্রীগৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ মাত্র।

পরমগুরু শ্রীগৌরকিশোর

গৌড়ীয়-সম্পাদক-লিখিত, শ্রীগৌড়ীয়মঠাচার্যের ভূমিকা-সম্বলিত, বহুচিত্র-শোভিত ও বিষয় সূচী সম্বলিত "পরমগুরু শ্রীগৌরকিশোর" গ্রন্থখানি প্রকাশিত হইয়াছেন। এই গ্রন্থে শুদ্ধভক্তিবৈষ্ণবগণের পরমারাধ্য, গৌড়ীয়গৌরবশিখামণি অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ নিত্যলীলাপ্রবিষ্ট পরমহংস ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল গৌরকিশোরদাস গোস্বামী প্রভুবরের অপূর্ব্ব চরিতকথা বর্ণিত হ‌ইয়াছে।

শ্রীশ্রীভক্তিবিনোদাবির্ভাব-শতবর্ষপূর্ত্তিতিথিপূজার উপায়ন-গ্রন্থমালা

———::(০)::———

১। গীতিসাহিত্যে শ্রীভক্তিবিনোদ

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র গীতিসাহিত্যের সমালোচনা-গ্রন্থ)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

২। শ্রীভক্তিবিনোদবাণীবৈভব

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের রচনাসমুদ্র হইতে আহৃত ১০৮টি অধ্যায়ে সম্বন্ধ-অভিধেয়-প্রয়োজনাকারে গুম্ফিত অমূল্য উপদেশপূর্ণ গ্রন্থ)

ভিক্ষা—৩, তিন টাকা মাত্র।

৩। শ্রীশ্রীভক্তিবিনোদ-প্রসঙ্গ

ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ ও ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল জগন্নাথদেব পরবিদ্যাভূষণ গোস্বামী প্রভু-বিরচিত এবং গৌড়ীয়ে প্রকাশিত শ্রীশ্রীভক্তিবিনোদ-চরিত-প্রসঙ্গ

ভিক্ষা—৷৶০ ছয় আনা মাত্র।

৪। ছাত্রদের ভক্তিবিনোদ

(ছাত্রদের উপযোগী ভাষায় লিখিত শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্র ও শিক্ষা)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

(ছাত্রদের পক্ষে ভিক্ষা—৷০ আট আনা মাত্র)

প্রাপ্তিস্থান ঃ—

(১) "ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট", পোঃ শ্রীমায়াপুর, নদীয়া ;

২) শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ;

৩ শ্রীযুক্ত সুধাংশুভূষণ ঘোষ এম্-এ, বি-এল্,

পুরাণা-টোলা পোঃ রমনা, ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

- ১। শ্রীমদ্ভাগবতম্,—সমগ্র ১০০,
- প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ৯৮,
- স্তুতি স্কন্ধ— ৯,
- ২। ভাষান্তর বিরাট শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৭,
- ৩। ভাষান্তর শ্রীচৈতন্যচরিতামৃত
- ৪। সম্বন্ধতত্ত্ব (অবাঁধা)
- ৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী ১ম খণ্ড ৸০ ; ২য় খণ্ড ১, ; ৩য় খণ্ড—৸০ ৪র্থ খণ্ড—৸০
- ৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী ১ম খণ্ড—৸০ ; ২য় খণ্ড—১, ; ৩য় খণ্ড—৸০
- ৭। শ্রীচৈতন্যদেব ১,
- ৮। সৎক্রিয়াসার দীপিকা ও সংস্কার দীপিকা ১।০
- ৯। বৈষ্ণবধর্ম্ম ২,
- ১০। গৌড়ীয়-কণ্ঠহার ২,
- ১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২,
- ১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১,
- ১৩। ভক্তিসিদ্ধান্তরত্নাবলি (চতুর্থ সংস্করণ) ৸০
- ১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ৷০
- ১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ তত্ত্ব ৷০
- ১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
- ১৭। চৈতন্যোপনিষদ ৷০
- ১৮। ব্রাহ্মণ-আদর্শ ৷০
- ১৯। তত্ত্ববিবেক ৷০
- ২০। গৌড়ীয় গৌরব ৷৵০
- ২১। গৌড়ীয়শতিকা ৷৵০
- ২২ ভজন রহস্য ৷০
- ২৩। শ্রীচৈতন্যভাগবত ও শ্রীনবদ্বীপশতক (বাঁধা)
- ২৪। গীতা (শ্রীবলদেব-টীকা সহ) ২
- ২৫। গীতা (চক্রবর্ত্তি টীকাসহ) অবাঁধা)
- ২৬। গীতার কেবল মাত্র ভাষা ৷০
- ২৭। দুর্গমসঙ্গমনী (সানুবাদ) ১,
- ২৮। বেদান্তস্যমন্তক (সানুবাদ) ৷০
- ২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয় সংস্করণ) (বাঁধা) ৸০
- ৩০। দীন-দিগ্‌-দর্শন ৶০
- ৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ৷৵০
- ৩২। গোস্বামী রঘুনাথ দাস, বাঁধা) ৷০
- ৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
- ৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶০
- ৩৫। গীতমালা ৵১৷
- ৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৶০
- ৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৶০
- ৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ৷০
- ৩৯। শ্রীগৌরমণ্ডলপরিক্রমার ৷০
- ৪০। শরণাগতি ৴০
- ৪১। গীতাবলী ৴০
- ৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
- ৪৩। সজ্জনতোষণী ৴০
- ৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ৴
- ৪৫। নবদ্বীপশতক
- ৪৬। অর্চ্চনকল্প
- ৪৭। সদাচারস্মৃতিঃ ৶
- ৪৮। অন্যাধিকরণ (পঞ্চম সংস্করণ) ৴১০
- ৪৯। অর্চ্চনকল্প ৶১০
- ৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম ও ২য় খণ্ড) ৭,
- ৫১। ব্রহ্মসংহিতা ৷০
- ৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ৷০
- ৫৩। গৌরকৃষ্ণোদয় ৸০
- ৫৪। পুরুষার্থ-বিনির্ণয় ৷০
- ৫৫। তত্ত্বসূত্রাবলী বা মায়াবাদশতদূষণী ৷০
- ৫৬ ভাগবতধর্ম্ম ও ভক্তিপথ ৶০
- ৫৭। উপোপনিষদ্ (সানুবাদ) ৷০
- ৫৮। শ্রীকৃষ্ণচৈতন্য ৶০
- ৫৯। শিক্ষাষ্টকম্ ৶০
- ৬০। সাংখ্যবাণী ৴০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

- ৬১। শ্রীচৈতন্যশিক্ষামৃত ৷০
- ৬২। শিক্ষার সরস্বতী বিদ্বিতা ৷০
- ৬৩। সটীক-শিক্ষাষ্টকম্ ৷০
- ৬৪। তত্ত্বসূত্র ৷০
- ৬৫। সানুবাদ শিক্ষাষ্টকম্ ৶০
- ৬৬। গৌড়ীয়মঠপরিচয় ৴০
- ৬৭। মায়াবাদনির্ণয় ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

- ৬৮। রায় রামানন্দ ৷০
- ৬৯। এ ফিউ ওয়ার্ডস অন বেদান্ত ৷০
- ৭০। রামানুজ ৴০
- ৭১। বেদান্ত—ইট্‌স মরফলজী এণ্ড অন্টোলজি ৷০
- ৭২। ভিজেটিং ওয়ার্ডস ৷৵০
- ৭৩। লাইফ এণ্ড প্রিসেপ্টস অব শ্রীচৈতন্য মহাপ্রভু ৷০
- ৭৪। বেদান্তবীজ ৷০
- ৭৫। কোরাট গৌড়ীয়মঠ উড ডু? ৴০
- ৭৬। দি ভাগবত ৷০
- ৭৭। ইডোটিক ডিসিপ্লিন অ্যান্ড আনন্দাদের ডিক্লেরেশন ৷০
- ৭৮। ব্রহ্মসংহিতা ২৷০
- ৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য ভল্যুম ওয়ান, ১২,

উড়িয়া অক্ষরে প্রকাশিত

- ৮০। শ্রীভক্তিসিদ্ধান্তরত্নাবলি ৷০
- ৮১। সাধন-পথ ৷০
- ৮২। কল্যাণ-কল্পতরু ৶০
- ৮৩। গীতাবলী ৴০
- ৮৪। শরণাগতি ৴০

আসামী ভাষায় প্রকাশিত

- ৮৫। শরণাগতি ৴০

তেলেগু ভাষায় প্রকাশিত

- ৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ৭,

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক

নদীয়া-প্রকাশ

একমাত্র পারমার্থিক দৈনিক পত্র

শ্রীধাম-মায়াপুর-নদীয়া

১৪শ বর্ষ | ২০ বামন ৪৫৩ গৌরাব্দ, ৭ই আষাঢ় বঙ্গাব্দ ১৩৪৬, ২২শে জুন ৩৯, বৃহস্পতিবার | ১৭৭শ সংখ্যা

ধামে সংকীর্ত্তন-মহোৎসব

——প্র(০)ঃঃ——

রথযাত্রা উপলক্ষে সংকীর্ত্তন শোভাযাত্রা

গত ১৯শে জুন সোমবার রথযাত্রার দিন প্রাতে আকর মঠরাজ শ্রীচৈতন্যমঠে মহামহোপদেশক অধ্যাপক শ্রীপাদ নারায়ণ দাস ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী এম-এ মহোদয় শ্রীচৈতন্যভাগবত হইতে হরিদাস ঠাকুরের মহিমা, অসৎসঙ্গ-ত্যাগ ও সৎসঙ্গগ্রহণের আবশ্যকতা, শরণাগতি ও আচার্য্যানুগত্যের কথা এক ঘণ্টার অধিককাল ওজস্বিনী ভাষায় কীর্ত্তন করিয়া শ্রোতৃমণ্ডলীর চিত্তাকর্ষণ করেন। তাঁহার শ্রীমুখে বীর্য্যবতী হরিকথা শ্রবণ করিয়া হৃদয়ে সেবাবল লাভ করত ভক্তগণ পরমানন্দিত ও পরমোপকৃত হন।

অনন্তর শ্রীধামবাসী ও মঠবাসী ভক্তবৃন্দ বেলা এক ঘটিকার সময় শ্রীগুরুগৌরাঙ্গের রূপালেখ্য ও কৃপাশীষ শিরে ধারণ করিয়া শঙ্খ, ঘণ্টা, কাঁসর, খোল-করতাল ও বিচিত্রবর্ণের পতাকা সহ বিপুল সংকীর্ত্তন-শোভাযাত্রা সহকারে শ্রীগুরুগৌরাঙ্গের জয়ধ্বনিতে দিঙ্মণ্ডল মুখরিত করিতে করিতে শ্রীধাম পরিক্রমা করেন। ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউটের ছাত্রগণও এই নগর-সংকীর্ত্তনে যোগদান করিয়া ভক্তগণের আনন্দবর্দ্ধন করেন।

তদনন্তর শ্রীচৈতন্যমঠে অদ্বৈতভবনের উচ্চসংকীর্ত্তন করিতে করিতে শ্রীল প্রভুপাদের সমাধিমন্দির, শ্রীগৌরজনের মন্দির, শ্রীভক্তিবিজয়-ভবন, মুরারিগুপ্তের মন্দির পরিক্রমা করিয়া তথা হইতে সংকীর্ত্তন-রাসস্থলী শ্রীবাস-অঙ্গনে গমন করেন। তথায় কিছুক্ষণ উচ্চসংকীর্ত্তন করিয়া ভক্তবৃন্দ শ্রীঅদ্বৈতভবন হইয়া শ্রীচৈতন্যমঠে প্রত্যাবর্ত্তন পূর্ব্বক শ্রীচৈতন্যমঠের শ্রীমন্দির পরিক্রমা করিলে পর বেলা তিন ঘটিকার সময় অধিবাসগণ নাটমন্দিরে একটী মহতী সভার অধিবেশন হয়।

সভার প্রারম্ভে গুর্ব্বষ্টক বন্দনা, পঞ্চতত্ত্ব ও বিভিন্ন মহাজনপদাবলী কীর্ত্তন হইলে পর মহোপদেশক পণ্ডিত শ্রীপাদ কিশোরীমোহন ভক্তিবান্ধব বি-এল মহোদয় শ্রীচৈতন্যভাগবত হইতে রথযাত্রার কথা, গুর্ব্বানুগত্য বা আচার্য্যানুগত্যই হরিভজনের মূল, আনুগত্যহীন ভজনাভিনয় বৃথা পণ্ডশ্রমমাত্র প্রভৃতি বহু অমূল্য উপদেশ প্রদান করিয়া সকলের আনন্দবর্দ্ধন করেন। পাঠান্তে পুনরায় কীর্ত্তনাদি হইলে পর সমাগত ভক্তবৃন্দকে কিছু মিষ্টান্ন প্রসাদ বিতরণ করা হয়।

অনন্তর পুনরায় সন্ধ্যারাত্রিকের পর শ্রীচৈতন্যমঠে শ্রীমদ্ভাগবত হইতে প্রহ্লাদ মহারাজের উপদিষ্ট "শ্রবণং কীর্ত্তনং" শ্লোক পাঠ ও ব্যাখ্যা হয়। পাঠের আদি ও অন্তে মহাজনপদাবলী কীর্ত্তন হইয়াছিল।

তৎপর দিবস প্রাতে মঙ্গলারাত্রিকের পর গুর্ব্বষ্টকবন্দনা ও মহাজনপদাবলী কীর্ত্তনের পর শ্রীপাদ ভক্তিসুধাকর প্রভু শ্রীচৈতন্যভাগবত হইতে চন্দ্রশেখর উপাখ্যান পাঠ ও ব্যাখ্যা করেন। পাঠান্তে মহাজনপদাবলী ও মহামন্ত্র কীর্ত্তন হয়।

শ্রী ভক্তিসিদ্ধান্তবাণী

অবৈষ্ণব গৃহী বাউলগণ ভোজন করিয়া থাকে, চীৎকার করিয়া গান গাইয়া পিত্ত বৃদ্ধি করে, আপনাদিগকে 'বৈষ্ণবভক্ত' বলে, অজ্ঞজনসমাজ ভগবদ্-বিশ্বাসরহিত হয়, অর্জ্জন করে, পরিক্রমা করে, কপট বৈরাগ্যহীন বেশে বেড়ায়; তাহারা শুদ্ধভক্তি ব্যতীত অন্য আচরণ না করিলেও উহাদের ভাব অনুকরণ করেন না — মহাজনের অনুসরণ করিয়া থাকেন। ভক্তের ক্রিয়া ও মুদ্রা বিজ্ঞেও বুঝিতে পারে না। বৌরাগ্য সাধিয়ে এক দেখা গেলেও প্রকৃত প্রস্তাবে তাহা ও চুণগোলার ন্যায় উভয়ের মধ্যে 'আপধারুমিন্ পারক্।'

এই সকল বুঝিয়া ছুঁচো মারিয়া হাতে গন্ধ করার পরিবর্ত্তে ঐ সকল পাপী আর অগ্নিদিগকে বৈষ্ণবসেবায় নিযুক্ত করিতে পারিলে প্রকৃত মহত্ত্বের পরিচয় দেওয়া হইবে। অজ্ঞ ও মিছাভক্ত প্রভৃতির সহিত আমাদের চিরদিনই দুঃসঙ্গ-ত্যাগের প্রস্তাব আছে, তবে তাহারা সে-আর্ত্তি করিলে "মূলং নানা-মনোময় শান্তি নেচ্ছন্ত্যসাধবঃ। তেষাং হি প্রণতো যতঃ পন্থাঃ সন্তো যথা"—নীতির অবলম্বন ভাগবতের অভিপ্রেত হইলেও ঠাকুর ভক্তিবিনোদ— "বৈষ্ণব চরিত্র সর্ব্বদা পবিত্র, যেই নিন্দে হিংসা করি। ভকতিবিনোদ না সম্ভাষে তারে, থাকে সদা মৌন ধরি॥"—এই উপদেশ দিয়াছেন। সুতরাং সকলেরই ভক্তভিক্ষা বিনা মায়াবাদী-মুক্তিবাদী সমবেতা ব্যক্তিগণের নিন্দা-প্রশংসার প্রয়োজন নাই। কপট ব্যক্তিগণ আমাদের প্রজা বা শিষ্য নহে, সুতরাং তাহাদের মঙ্গলাকাঙ্ক্ষণ চিন্তা করার আবশ্যকতা নাই। অসৎ লোক অসৎচিন্তা করুন, ভক্তগণ ভক্ত ও ভগবানের চিন্তা করুন। অবৈষ্ণবগণের 'বৈষ্ণব' হইবার বাসনা সাধন হইয়া চাঁদ ধরিবার বোকের ন্যায়।

— —

পাটনা গৌড়ীয়মঠে শ্রীশ্রীমদ্ ভক্তিবিনোদ ঠাকুরের অপ্রকট মহামহোৎসব

এ বৎসর পাটনা শ্রীগৌড়ীয়মঠে নিত্যলীলা-প্রবিষ্ট ও বিষ্ণুপাদ পরমহংস পরিব্রাজক শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের অপ্রকট মহামহোৎসব পরমারাধ্যতম শ্রীশ্রীল আচার্য্যদেবের আনুগত্যে মহাসমারোহে সম্পন্ন হইয়াছে। উৎসবের পূর্ব্ব দিবস অর্থাৎ অধিবাস দিবসে সন্ধ্যারাত্রিক কীর্ত্তনান্তে বিভিন্ন মহাজনপদাবলী কীর্ত্তন হইবার পর মিশন সেবক শ্রীমুকুন্দমাধব ব্রহ্মচারী ভক্ত "ঠাকুর ভক্তিবিনোদ" গ্রন্থ হইতে পরমারাধ্য শ্রীশ্রীল আচার্য্যদেবের লিখিত উপোদ্ঘাত পাঠ ও ব্যাখ্যা করেন। উৎসবের দিন ২রা আষাঢ়, ১৭ই জুন শনিবার উষঃকালে মঙ্গলারাত্রিক কীর্ত্তনান্তে গুর্ব্বষ্টকবন্দনা, "গুরুদেব গণ", "পঞ্চতত্ত্ব" ও "যে আনিল প্রেমধন" প্রভৃতি মহাজনপদাবলী কীর্ত্তন হইলে পর শ্রীপাদ পণ্ডিতপ্রবর মঠাধিকারী ভক্তিপ্রদীপ প্রভু শ্রীভক্তিবিনোদ-

(অবশেষ ৩য় পৃষ্ঠার শেষ কলমে দ্রষ্টব্য)

"যতক্ষণ গুরুদেবকে ভগবান্ হইতে অভিন্ন, ভগবানের প্রকাশমূর্ত্তি না বলে কোনও দিন ভগবানের নাম মুখে উচ্চারণ হবে না। সাক্ষাৎ ভগবানকে যেরূপ বিচার করবে গুরুদেবকেও সেরূপ বিচার করবে, কোন অংশে কম মনে করবে না।"

(শ্রীল প্রভুপাদ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

২০ বামন শনি কারণোদশায়ী গৌরাব্দ ৪৫৩

চাঞ্চল্য আসে কেন?

——::(०)::——

চাঞ্চল্য জিনিষটী মনের ধর্ম। সরলতাই ব্রাহ্মণতা। এই সরলতার অভাব যেখানে, সেইখানেই মৎসরতা বা কপটতা। এই মাৎসর্য্যই চাঞ্চল্য। ভগবদ্ভক্তগণ নির্ম্মৎসর, সুতরাং শান্ত। সেই স্থির ও সত্য আশ্রয়ে প্রতিষ্ঠিত ব্যক্তিগণের চাঞ্চল্য নাই। তাঁহারা ধীর, স্থির, অচল ও অটল, অথচ নিরন্তর ভগবৎসেবারত। যতদিন আমরা মনোধর্ম্মদ্বারা চালিত হইব, ততদিন মাৎসর্য্য হইতে যত অসুবিধা আসিয়া উপস্থিত হইবে। সেইজন্য মঙ্গলাকাঙ্ক্ষী ব্যক্তিগণ কাহারও প্রতি মৎসর না হইয়া নির্ম্মৎসর ভাগবত ধর্ম্ম যাজন করেন। শুদ্ধবৈষ্ণব-ভগবানের সুখবিধান ব্যতীত তাঁহারা আর অন্য কিছু করেন না।

একনিষ্ঠ না হইলে চঞ্চলতা থাকিবেই। যেখানে চঞ্চলতা, সেখানে ঐকান্তিক ভাব অভাব। বহু বিষয়ে আকৃষ্ট জীব কি করিয়া অচঞ্চল থাকিবে? তাহার মনের গতি বহুমুখী বলিয়া সে চঞ্চল-স্বভাব। ভক্তের স্বসুখবাঞ্ছা বা ভুক্তিমুক্তি-স্পৃহা না থাকায় তাঁহারা শান্ত। শাস্ত্র বলেন,—

"কৃষ্ণভক্ত নিষ্কাম, অতএব শান্ত।
ভুক্তি-মুক্তি-সিদ্ধিকামী সকলই
অশান্ত॥"

এই শাস্ত্রবাক্য হইতে স্পষ্টই জানা যায় যে, কৃষ্ণসেবাকামী ভক্ত ব্যতীত সকলেই চাঞ্চল্যধর্ম্মযুক্ত। ভক্তগণ ভগবানের শ্রী অর্থাৎ শোভায় আকৃষ্ট বলিয়া জাগতিক কোন বিষয় তাহাদিগকে লুব্ধ বা আকৃষ্ট করিয়া চঞ্চল করিতে পারে না। ভগবান্ ঐশ্বর্য্য, বীর্য্য, যশঃ, শ্রী, জ্ঞান ও বৈরাগ্যসম্পন্ন। এই ছয়টী 'ভগ' বা অঙ্গের মধ্যে 'শ্রী'ই মুখ্য। 'শ্রী' অঙ্গী, আর অন্যান্য গুণগুলি অঙ্গ। ঐশ্বর্য্য, বীর্য্য ও যশঃ এই তিনটী অঙ্গ। জ্ঞান ও বৈরাগ্য এ দুইটী যশঃ এই অঙ্গের কিরণস্বরূপ। এক কথায় শ্রী অঙ্গী, আর অন্যান্য গুণগুলি কেহ বা অঙ্গ, কেহ বা অঙ্গের অঙ্গ—প্রত্যঙ্গবিশেষ। এই 'শ্রী'তে অর্থাৎ ভগবৎপদনখ-শোভায় যাঁহাদের চিত্ত আকৃষ্ট হয় না, তাঁহাদের চাঞ্চল্য কি করিয়া যাইবে? আকৃষ্ট ব্যক্তিগণের সঙ্গপ্রভাবেই জীব আকৃষ্ট হইতে পারে। তখনই জীব মনোধর্ম্ম হইতে নিষ্কৃতি পাইয়া ভক্তিতে বা স্বরূপে অবস্থিত হইয়া শান্ত হয়। ভগবানের কথাই আমাদিগকে ভক্তরূপে আকৃষ্ট করে সুতরাং নিরন্তর ভগবৎকথা-শ্রবণ ব্যতীত কপটতা, মৎসরতা ও চাঞ্চল্য এই মনোধর্ম্মের হস্ত হইতে নিষ্কৃতি নাই।

অচেতন চেতনের কথা সেবোন্মুখ হইয়া শ্রবণ ও গ্রহণ করিতে হইবে। অচেতন চেতনের ধর্ম্ম গ্রহণ না চেতনের কথা শ্রবণ করিতে পারে না। শান্তি, অচঞ্চলতা বা অপ্রতিহতাস্বরূপতা চেতনের সহজ ব্যাপার। সুতরাং চেতনে প্রতিষ্ঠিত না হইলে চঞ্চলতা কি করিয়া যাইবে? অন্যান্য কামনা-বাসনা থাকাকাল পর্য্যন্ত চাঞ্চল্য কি যায়? চেতন-গণই আমাদিগকে নিয়মিত করিবে—একনিষ্ঠ করিবে—অচেতনপ্রায় জীবকে চেতনে উদ্বুদ্ধ করিবে। তখন সেই সেবোন্মুখ চেতন চেতনের সেবায় নিযুক্ত হইয়া আত্মধর্ম্মী হইবে। তখন আর তাহার চাঞ্চল্য থাকিবে না। কিন্তু কই আমরা ত' ভক্তি-প্রবর্ত্তকের জন্য যত্ন করি না, আমরা ত' শাস্ত্র সাধুদের সঙ্গ করি না। আমাদের শরণাগতিরই অভাব। সুতরাং কে আমাদিগকে রক্ষা করিবে? সেইজন্যই বলিতেছি, সাধুসঙ্গের অভাবে আমাদের ইতরাভিলাষ যাইতেছে না বলিয়াই আমাদের চাঞ্চল্য আসিতেছে।

সাধুসঙ্গের প্রভাব

(শ্রীঅনঙ্গজ্ঞান ব্রহ্মচারী, ভক্তিশাস্ত্রী)

সঙ্গ ব্যতীত কেহই থাকিতে পারে না। সঙ্গ মানুষকে চরম মঙ্গলের পথে টানিয়া লইয়া যাইতে পারে, আবার তীব্র অধোগামিতাতেও ফেলিয়া দিতে পারে। এরূপ আশ্চর্য্য ক্ষমতা আর কোথাও দেখা যায় না। মানুষ মানুষের সঙ্গ করিতে ভালবাসে, পশুও পশুর সঙ্গ পছন্দ করে। সমচিত্ত-বৃত্তিবিশিষ্ট ব্যক্তির মধ্যে পরস্পর সৌহার্দ্দ্য দেখা যায়। সাধু ও অসাধুর মিলন কোথাও দেখা যায় না।

সঙ্গ হইতেই মানবের স্বভাব গঠিত হয়। যে যেরূপ ব্যক্তির সঙ্গ করে, তাহার স্বভাবও সেইরূপ হইয়া থাকে। শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর বলিয়াছেন—"যে ব্যক্তি যাহার সঙ্গ করে, তাহার তদ্রূপ স্বভাব হইয়া উঠে। পূর্ব্বজন্মের সৎকৃত কর্ম্মের দ্বারা জীবের যে স্বভাব গঠিত হয়, তাহা আধুনিক জন্মের সঙ্গের দ্বারা পরিবর্ত্তিত হইয়া থাকে; সুতরাং সঙ্গই মানবস্বভাবের মূল।" পূর্ব্বজন্মের কৃতকর্ম্মের দ্বারা সঙ্গ লাভ হইয়া থাকে এবং তৎসঙ্গ দ্বারা জীবের স্বভাব গঠিত হয়। পূর্ব্বজন্মের পুঞ্জীভূত সুকৃতির ফলে জীবের সাধুসঙ্গ লাভ হইয়া থাকে। সাধুসঙ্গ অত্যন্ত দুর্লভ; সুতরাং প্রকৃত সাধুর অনুসন্ধান করিয়া তাঁহার সঙ্গ করিতে হইবে। সাধু চিরদিন জগতে আছেন, তিনি বদ্ধ ও কৃষ্ণবহির্ম্মুখ জীবকে কৃষ্ণোন্মুখ করিবার জন্য চেষ্টা করিতেছেন। কিন্তু জীব তাঁহাকে চায় না বলিয়াই সাধুসঙ্গ দুর্লভ হইয়াছে।

কোন ভাগ্যে কোন জীবের শ্রদ্ধা
যদি হয়।
তবে সেই জীব সাধুসঙ্গ করয়॥

ভাগ্যবান্ ভাগ্যবান্ ব্যক্তিই সাধুসঙ্গ করেন। দুর্ভাগা ব্যক্তি সাধুসঙ্গ করে না। সংসার ক্ষয়োন্মুখ না হইলে কিংবা ভোগ-স্পৃহা না কমিলে জীবের সাধুসঙ্গের সম্ভাবনা নাই। এতৎপ্রসঙ্গে শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর বলিয়াছেন—"বহু সুকৃতির ফলস্বরূপ ভগবৎ-কৃপাক্রমে জীবের সংসার-বাসনা দুর্ব্বল হইয়া পড়ে; তখন স্বভাবতঃই সাধুসঙ্গে স্পৃহা জন্মে। সাধুসঙ্গে কৃষ্ণকথার আলোচনা হইতে হইতে শ্রদ্ধার উদয় হয় এবং ক্রমশঃ অধিকতর চেষ্টার সহিত কৃষ্ণবিষয়ক অনুশীলন হইলে ভগবান্‌কে পাইবার লোভ জন্মে। তখন তদ্রুচির ভক্তের আচার আচরণ করত ভজনশিক্ষা করিতে হয়। ভজনবলেই জীবের ভগবৎকৃপা লাভ হয়"।

সুতরাং সাধুসঙ্গ ব্যতীত জীবের মঙ্গললাভের অন্য উপায় নাই। সাধুসঙ্গই ভগবৎকৃপাপ্রাপ্তির একমাত্র রাজকীয় পন্থা।

সৎ অর্থাৎ নিত্যবস্তুর অনুশীলনকারী ব্যক্তিই সাধু। নিত্যবস্তু ভগবান্; সেই ভগবানের সেবা যিনি নিরন্তর করিতেছেন এবং জগদ্বাসীকে তাঁহার (ভগবানের) সেবায় নিযুক্ত করিতে চেষ্টা করিতেছেন, তিনিই সাধু। শ্রীল প্রভুপাদের বাণীর মধ্যে দেখিতে পাই,—"সর্ব্বক্ষণ হরিকথা-নিরত ব্যক্তির নামই সাধু। ভগবানের সেবার জন্য সর্ব্বক্ষণ ব্যস্ত ব্যক্তিই সাধু। নিত্যকাল সর্ব্বক্ষণ যে সকল চেষ্টায় ব্যস্ত আছেন, সে সকলই যাঁহার ভগবানের সেবার জন্য, তিনি সাধু।" এইরূপ সাধুর সঙ্গপ্রভাবে জীবের স্বরূপের উদ্বোধন হয়। জীব নিজেকে কৃষ্ণদাস বলিয়া বুঝিতে পারে। যে বস্তু চতুর্দ্দশ ব্রহ্মাণ্ডের ভিতর পাওয়া যায় না, এমন কি বিরজা ও ব্রহ্মলোকেও যাহার সন্ধান মিলে না, কেবলমাত্র সাধুসঙ্গের প্রভাবে সেই অধোক্ষজ ভগবানের সেবা করিবার পিপাসা জন্মে। সেই বস্তুকে আরোহপন্থায় বা অক্ষজজ্ঞানের দ্বারা লাভ করা যায় না; কিন্তু সাধুসঙ্গের প্রভাবে জীব অবতরণ বা অবরোহপন্থায় অতি শীঘ্র তাহা লাভ করিতে পারে। অনাদিকাল ধরিয়া যে জীব মায়ার দাসত্ব করিতেছে, তাহাও সাধুর কৃপায় উপলব্ধি করিতে পারে।

যে বস্তু উপর্য্যধঃ চতুর্দ্দশ ব্রহ্মাণ্ডের ভিতর পাওয়া যায় না, সেই বস্তুই বুদ্ধিমান্ ব্যক্তি লাভ করিতে চেষ্টা করেন। যাঁহাকে জানিলে সকল জানা হইয়া যায়, যাঁহাকে পাইলে সকল পাওয়া হইয়া যায়, সাধুর কৃপায় জীব সেই ভগবানের সুশীতল পাদপদ্মের সেবা লাভ করিবার জন্য চেষ্টা করেন। এই চেষ্টা অন্য কোন সঙ্গেই হয় না। অসাধুর সঙ্গ করিলে ভগবান্‌কে লাভ করিবার লোভ জন্মে না বরং ভগবান্‌কে দূরে সরাইয়া রাখিবার চেষ্টাই সচরাচর দেখা যায়। সাধু তাঁহার ভক্তিসিদ্ধান্তরূপ শাণিত কৃপাণের দ্বারা জীবের মনোধর্ম্ম ছেদন করিয়া দেন। তিনি জীবকে তাহার স্বরূপের সংবাদ জানাইয়া দেন। জীব যে অমৃতের সন্তান, অমৃতই তাঁহার নিত্য সেবনীয়, তাহা তিনি অতিশয় ইহতে কীর্ত্তন করিয়া জীবকে স্মরণ করাইয়া দেন। ভাগ্যবান্ জীব তখন ভগবানের অনিবেদিত বস্তু আহার পরিত্যাগ করিয়া শ্রীহরি-গুরুবৈষ্ণবের অবশেষ গ্রহণ করিয়া তাঁহাদের কৃপায় অজেয় মায়ার হস্ত হইতে

পরিত্রাণ লাভ করেন। মায়াবিমোহিত জীবকে সাধু "উত্তিষ্ঠত জাগ্রত প্রাপ্য বরান্ নিবোধত" এই অভিন্ন উজ্জ্বল করিয়া জাগ্রত করেন। যে নিত্য প্রভুর সেবা ভুলিয়া যাইবার জন্য এই মায়ার সত্ত্বরজস্তমোগুণনির্ম্মিত নিগড়ে আবদ্ধ হইতে হইয়াছে, তাহা হইতে উদ্ধার করিয়া সাধু জীবকে ভগবৎ-সেবা পুনরায় দান করেন।

সাধু জীবকে জগতের অনিত্য বস্তু দিয়া বঞ্চিত করিতে ইচ্ছা করেন না। জীবের বদ্ধাবস্থায় প্রেয়োবস্তু আপাতমধুর হইলেও সাধু প্রেয়োবস্তুর পরিবর্ত্তে শ্রেয়োবস্তুই দান করিয়া থাকেন। স্বর্গের দেবতাগণের পর্য্যন্ত স্বার্থপরতা দেখা যায়, কিন্তু সাধু কখনও স্বার্থপর হন না। কারণ, সাধুর স্বার্থগতিই একমাত্র বিষ্ণুর সেবা এবং সেই সেবাই সাধু জীবকে কৃপা করিয়া দান করেন। দেবতাগণ বদ্ধজীবের নিকট পূজা পাইয়া তাহাকে অনিত্য ধন, জনাদি দিতে পারেন। কিন্তু সাধু জীবের হৃদি অনুকূলে তাহাকে অনিত্য বস্তু কখনও দেন না বরং তাৎকালিক বস্তুর নশ্বরতা জীবকে বুঝাইয়া দিয়া তাহা হইতে প্রতিনিবৃত্ত করেন। সাধু জীবের অনিচ্ছাসত্ত্বেও শ্রেয়োবস্তু ভগবৎ-সেবারস পান করাইয়া থাকেন। এইরূপ অনন্তগুণ সাধুর মধ্যে আছে। সাধু পরদুঃখ-দুঃখী। তিনি অত্যন্ত উদার ও কৃপালু।

সাধুসঙ্গ নামকীর্ত্তন ভাগবত-শ্রবণ।
মথুরাবাস শ্রীমূর্ত্তির শ্রদ্ধায় সেবন॥

এই গুলির কোনটাই পালিত হইবে না যদি অকৃত্রিমভাবে সাধুসঙ্গ না হয়। সাধুসঙ্গের প্রভাবেই নামকীর্ত্তনে রুচি হয়। সাধুসঙ্গের দ্বারাই দশবিধ নামাপরাধ পরিত্যাগ করিয়া শুদ্ধনাম সেবোন্মুখ-জিহ্বায় উদিত হয়। সাধুসঙ্গ হইলে ভাগবত-শ্রবণ শুদ্ধ হয়। সাধুসঙ্গের প্রভাবে অর্চ্চামূর্ত্তির চিন্ময়ত্ব উপলব্ধি হয়। সুতরাং দেখা যাইতেছে, সাধুসঙ্গ ব্যতীত অগ্রসর হইতে গেলেই বিপদে পড়িতে হয়। সাধুসঙ্গ জীবের পথপ্রদর্শক হইলে জীব অনায়াসে ভক্তির পথে অগ্রসর হইতে পারে। নচেৎ ভক্তির রাজকীয় পথ হইতে পতিত হইয়া কর্ম্ম কিংবা জ্ঞানের পিচ্ছিল পথে চলিতে গেলে জীবন অন্ধকারময় কণ্টকাকীর্ণ গর্ত্তে পড়িয়া প্রাণ হারাইতে হয়। এই সাধুসঙ্গ কি বদ্ধাবস্থায়, কি মুক্তাবস্থায় সকল সময়েই দরকার।

শ্রীল রূপ গোস্বামী প্রভু উপদেশামৃতে "দদাতি প্রতিগৃহ্ণাতি গুহ্যমাখ্যাতি পৃচ্ছতি ভুঙ্‌ক্তে ভোজয়তে" শ্লোকে সঙ্গের কথা বলিয়াছেন। দেওয়া-নেওয়া, খাওয়া-খাওয়ান এবং মনের কথা বলা ও অপরের মনের কথা শুনা, এই ছয় প্রকারে সঙ্গ হইয়া থাকে। এই ছয় প্রকার কার্য্য সাধুর সহিত করিলে নিত্যমঙ্গলের পথে জীব অগ্রসর হইতে পারে, আবার অসতের সহিত এই ছয়টী কার্য্য করিলে নরকের রাস্তা পরিষ্কৃত হয়। বুদ্ধিমান্ ব্যক্তি কায়, মন, বাক্য, বুদ্ধি এমন কি নিজেকেও সাধুর চরণে সমর্পণ করেন এবং সাধুর নিকট হইতে তাঁহার অহৈতুকী ভক্তি লাভ করিবার জন্য প্রার্থনা করেন। সাধুকে গৃহে আনিয়া ভিক্ষা করান এবং অবশেষ গ্রহণ করেন। তিনি সাধুকে হৃদয়ের সমস্ত অনর্থ ও দুর্ব্বলতার কথা বলেন এবং সাধুর মঙ্গল-বিধায়িনী চৈতন্যবাণী সেবোন্মুখ কর্ণে শ্রবণ করেন। এইরূপভাবে সাধুসঙ্গ করিতে করিতে অচিরেই সাধুর কৃপায় কৃষ্ণকৃপা লাভ হইয়া থাকে।

'সঙ্গ' শব্দে সম্যক্ গমন। সাধুর বাণীর অনুসরণই প্রকৃত সাধুসঙ্গ। সাধুর বীর্য্যবতী চৈতন্যবাণীর সঙ্গই সাধুসঙ্গ। সাধু এখানে আছেন, পাঁচ হাজার মাইল দূর হইতে তাঁহার সঙ্গ হয়, আবার একঘরে থাকিয়াও সাধুসঙ্গ নাও হইতে পারে বরং মর্ত্ত্যজীব-বিশেষজ্ঞানে তাঁহার চরণে অপরাধ হইতে পারে। তাঁহার বৈকুণ্ঠবাণীকে শ্রদ্ধাবান্ হইয়া শ্রবণ করিয়া সেই বাণীর সেবায় জীবন উৎসর্গ করিতে হইবে। বাণীসেবা অর্থে আচারমুখে বাণী প্রচার করিতে হইবে ইহাই প্রকৃত সাধুসঙ্গ। বৈকুণ্ঠবাণীই সাধুর জীবন। সুতরাং বাণীর সেবা করিলে সাধুর সেবা হয়।

সমস্ত শাস্ত্রই সাধুসঙ্গের মাহাত্ম্য তারস্বরে কীর্ত্তন করিতেছেন। শাস্ত্র বলিতেছেন, "সতাং প্রসঙ্গান্মম বীর্য্যসংবিদো ভবন্তি হৃৎকর্ণরসায়নাঃ কথাঃ। তজ্জোষণাদাশ্বপবর্গবর্ত্মনি শ্রদ্ধা রতির্ভক্তিরনুক্রমিষ্যতি॥" সাধুর প্রকৃষ্ট সঙ্গে ভগবানের বীর্য্যবতী বাণী আলোচিত হইয়া থাকে এবং ক্রমে ক্রমে জীব ভগবানে দৃঢ় ভক্তি লাভ করিয়া বৈকুণ্ঠে প্রবেশ করিতে পারে। সাধুর সেবার দ্বারাই জীব শীঘ্র মঙ্গল লাভ করিতে পারে। শ্রীমদ্‌ভাগবত বলিতেছেন, "মহৎসেবাং দ্বারমাহুর্বিমুক্তেস্তমোদ্বারং যোষিতাং সঙ্গিসঙ্গম্।" অর্থাৎ মহতের সেবার দ্বারা মুক্তির দরজা অনায়াসে খুলিয়া যায় এবং যোষিৎসঙ্গীর সঙ্গের দ্বারা নরকে গতি হইয়া থাকে। অসৎ-সঙ্গের দ্বারা চেতন আবৃত হইয়া পড়ে। এমন কি শাস্ত্রে দেখা যায়, ভূতেরো জলমধ্যস্থ পুত্রগণ অসৎসঙ্গফলে স্থাবরত্ব প্রাপ্ত হইয়াছিল। একমাত্র সৎসঙ্গের প্রভাবে চেতন পূর্ণ বিকশিত হয়। এইজন্যই—

মহৎ-সেবা বিনা কোন কর্ম্মে ভক্তি নয়।
কৃষ্ণভক্তি দূরে রহু সংসার নহে ক্ষয়॥

নিকৃষ্ট ধাতু যেমন স্পর্শমণির সঙ্গ-প্রভাবে সুবর্ণত্ব প্রাপ্ত হয় তদ্রূপ সাধুসঙ্গের প্রভাবে জীবের হৃদয়ের সমস্ত মল দূরীভূত হইয়া পরম পবিত্র হইয়া যায়। সাধুসঙ্গের প্রভাবে জীবের সমস্ত অনর্থ ক্রমশঃ দূর হয়। সাধুসঙ্গেই কৃষ্ণগুণগানে রুচিবৃদ্ধি পায়। সাধুসঙ্গের প্রভাবে জীবের গ্রাম্য-কথা বা বিষয়-কথা হইতে ছুটি হয়। সাধুসঙ্গেই কৃষ্ণসেবায় দৃঢ়তা জন্মে। উৎসাহ, নিশ্চয়, ধৈর্য্য প্রভৃতি ভক্তির অনুকূল ভাবগুলি একমাত্র সাধুসঙ্গেই বৃদ্ধি পায়।

অপরের দোষ সাধু কদাচ গ্রহণ করেন না। পরের যে সামান্য গুণ থাকে তাহাকে বহুল করিয়া তিনি সম্মান করেন। এই সমস্ত গুণ সাধুসঙ্গ-প্রভাবে শরণাগতের হৃদয়ে ক্রমশঃ প্রকাশিত হয়। সাধুর কৃপাতে দিব্যজ্ঞান লাভ হয়। সাধুর নিষ্কলঙ্ক চরিত্র দেখিয়া তাহার অনুসরণ করিয়া অসদ্‌ব্যক্তিও মঙ্গললাভ করে। এইরূপ দেখা যায় যে, অসদ্‌ব্যক্তিও সাধুর সঙ্গপ্রভাবে সৎ হইয়াছে। শ্রীচৈতন্য-চরিতামৃতে শ্রীমন্মহাপ্রভু "আত্মারাম" শ্লোকের চৌষট্টি প্রকার ব্যাখ্যা করিবার কালে স্কন্দপুরাণোক্ত নারদের দ্বারা ভগবদ্‌ভক্ত সাধুর সঙ্গপ্রভাবে নীচ-স্বভাব ব্যাধ জিঘাংসা-প্রবৃত্তি ত্যাগ করিয়া ভগবদ্ভক্ত হইয়াছিল, ইহা জানাইয়াছেন। শ্রীচৈতন্য-ভাগবতেও ঠাকুর হরিদাসের সঙ্গপ্রভাবে অঙ্গীকরিয়া বেশ্যাও মঙ্গললাভ করিয়াছে। সাধু অগ্নিসদৃশ, তাঁহার সংস্পর্শে আসিলে জীবের সকল প্রকার কালিমা দগ্ধীভূত হইয়া যায়। সাধুর কৃপাতেই জীবের অনর্থনিবৃত্তি ও শুদ্ধভক্তি লাভ হয়।

কামক্রোধাদিরূপ নক্রমকর-পরিপূর্ণ অকূল ভবসাগরে সাধুসঙ্গই একমাত্র আশার আলোকস্তম্ভ। হরিভজনে সাধুসঙ্গই একমাত্র সম্বল। সাধুসঙ্গ হইলে কামাদি রিপু সাধকের কিছুই অনিষ্ট করিতে পারে না বরং তাহা বিষদন্ত সর্পের ন্যায় সাপুড়িয়া যেমন নিজ কার্য্য সাধন করিয়া লয়, সাধকও তদ্রূপ ইন্দ্রিয়ের দ্বারা পরমার্থ উপার্জ্জন করিয়া থাকেন।

শ্রীল নরোত্তম ঠাকুর বলিয়াছেন,—

কাম ক্রোধ সাধকেরে কিবা বা করিতে পারে
যদি হয় সাধুজনার সঙ্গ।

সুতরাং অহরহ নামকীর্ত্তনকারী সাধুর এবং তাহার শাস্ত্রীয় সঙ্গ করিলে সহসা পতনের সম্ভাবনা নাই। পতন হইলেও সরল ও অনুগত থাকিলে নিশ্চয়ই হাত ধরিয়া টানিয়া তুলিবেন।

নিষ্কপট সাধুর সঙ্গ হইলে কর্ম্ম ও জ্ঞানের হেয়তা অনায়াসে বুঝিতে পারা যায়। ভগবৎসেবা-বিমুখতাই যে অসাধুতা, তাহাও সাধুসঙ্গে শ্রবণের সুযোগ হয়। সাধুসঙ্গের প্রভাবে পার্থিব কর্ম্ম ও জ্ঞানের ভূমিকা হইতে উত্থিত হইয়া জীব ভগবৎসেবা লাভ করিতে পারে। সাধুসঙ্গ-প্রভাবেই বৈকুণ্ঠবাণী-শ্রবণের অধিকার হয়। বৈকুণ্ঠ-বাণীতে যে কিরূপ চেতনতা আছে, তাহা সাধুসঙ্গ হইতেই পরিচয় পাওয়া যায়। সাধুর প্রকৃষ্ট সঙ্গ হইতেই হরিকথা এবং হরির রূপ, হরির ঐশ্বর্য্য, হরির লীলা, হরির যশঃ ইত্যাদি শ্রবণে অধিকার জন্মে। সুতরাং আহারে, বিহারে, শয়নে, স্বপনে সর্ব্বক্ষণই সাধুসঙ্গ এইজন্যই হওয়া দরকার।

সাধুসঙ্গ সাধুসঙ্গ সর্ব্বশাস্ত্রে কয়।
লবমাত্র সাধুসঙ্গে সর্ব্বসিদ্ধি হয়॥

অপ্রকট মহামহোৎসব

(৩য় পৃষ্ঠার পর)

বাণী-বৈভব-গ্রন্থ পাঠ ও ব্যাখ্যা করেন। মঠ-সেবকগণ নিয়ম্ম ইঁহাদেরমুখে ঠাকুরের অপ্রকট্য চরিত্র আলোচনা করেন। পুনরায় সান্ধ্যারাত্রিক কীর্ত্তনান্তে "শ্রীগুরুবৈষ্ণব-বন্দনা", "শ্রীগুরুচরণপদ্ম", "অষ্টক", "কবে শ্রীচৈতন্য মোরে", "যে আনিল প্রেমধন" প্রভৃতি মহাজনপদাবলী কীর্ত্তন হইবার পর শ্রীপাদ গুণাপালকৃষ্ণ দাসাধিকারী ভক্তিপ্রদীপ প্রভু শ্রীগৌড়ীয় ২২-২৩শ সংখ্যা হইতে শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত "শ্রীলগৌরকিশোর ঠাকুর শ্রীভক্তি-বিনোদ" প্রবন্ধ পাঠ ও ব্যাখ্যা করেন। সভায় প্রায় দুই শত লোক উপস্থিত ছিলেন। সভার শেষে "আর কেন মায়া জালে" গীতি ও মহামন্ত্র কীর্ত্তন হয়। উপস্থিত নিমন্ত্রিত ও অনিমন্ত্রিত ভদ্রমহোদয় ও ভদ্রমহিলাদিগকে বিচিত্র মহাপ্রসাদ বিতরণ করা হয়। এই উৎসব উপলক্ষে মঠবাসী ভক্তগণের সেবাচেষ্টা বিশেষ প্রশংসনীয়।

শুদ্ধভক্তি-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠ—শ্রীধাম

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীব্রজপত্তন ভবনে শ্রীচৈতন্যমঠ, সর্ব্ববিদ্যা-পীঠ, শ্রীশ্রীগান্ধর্ব্বিকা-গিরিধারী-গৌরাঙ্গ আচার্য্য চতুষ্টয় বিগ্রহ আছেন। তত্রাচীন গ্রন্থ-[illegible] 'নদীয়া-প্রকাশ' পত্রিকা আছে।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৩১১৫
কলিকাতায় শ্রীভক্তিবিনোদ আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, সঙ্কীর্ত্তন, শ্রীচৈতন্যচরিতামৃত-বেদান্ত-শ্রীমদ্ভাগবতাদি গ্রন্থের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও হারমণি পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়।

(৩) যোগপীঠ মায়াপুর-পীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব ভূমি মহাযোগপীঠ।

(৪) শ্রীবাস-অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৫) অদ্বৈত ভবন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং [illegible] বর্ত্তমান।

(৬) মুরারিগুপ্তের পাট
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৭) কাজি-সমাধি-পাট
প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
ইহা গৌরকৃপা-প্রাপ্ত শ্রীচাঁদকাজীর সমাধি।

(৮) অনুকূলকৃষ্ণানুশীলনাগার
শ্রীধাম মায়াপুর

(৯) স্বানন্দ-সুখদ-কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীগান্ধর্ব্বিকা-গিরিধারীর সেবা বর্ত্তমান।

(১০) গৌর-গদাধর-মঠ
চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ জাননগর (বর্দ্ধমান)

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ
মাউগাছি, পোঃ জাননগর, (বর্দ্ধমান)
শ্রীচৈতন্যভাগবতকার ঠাকুর বৃন্দাবনের স্থান

(১৩) রুদ্রদ্বীপ-গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(১৪) ঋতুদ্বীপ-গৌড়ীয়মঠালয়

১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ
গৌড়পুর, নদীয়া

(১৬) শ্রীনবদ্বীপ গৌড়ীয় মঠ
হাটডাঙ্গা—(শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৭) কৃষ্ণকুটীর
পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

(১৮) ভাগবত-আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৯) একায়নমঠ
গোবিন্দপুর, পোঃ হাঁসখালি. (নদীয়া)

(২০) মহেশ-পণ্ডিতের পাট
কাঁটালপুলি, পোঃ চাকদহ (নদীয়া)

(২১) রাণাঘাট-গৌড়ীয়মঠালয়

(২২) পুরী গৌড়ীয়মঠ
চটক পর্ব্বত

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ
নারিন্দা পোঃ ওয়ারি, ঢাকা।
পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র।

(২৪) গোপালজীউমঠ
কমলাপুর, পোঃ ঢাকা

(২৫) গদাই-গৌরাঙ্গ মঠ
পোঃ বালিয়াটি, (ঢাকা)

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ
বড়বাজার, পোঃ ময়মনসিংহ

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া (আসাম)

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ
পোঃ চকচকা, কামরূপ (আসাম)

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
ওক্ পাশার বিল্ডিং, দার্জ্জিলিং

(৩০) নারায়ণ-গৌড়ীয়মঠ
পোঃ হরিপুর, জিঃ নারায়ণপুর, ই.বি. [illegible]

(৩১) পাটনা গৌড়ীয়মঠ
দিঘাপুর পাটনা।

(৩২) গয়া গৌড়ীয়মঠ
[illegible] রোড, গয়া

(৩৩) সনাতন গৌড়ীয় মঠ
৮/১১ বড় গণেশমহল্লা, বেনারস সিটি

(৩৪) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

(৩৫) [illegible] মঠ,
পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়
বিশ্রামঘাট, পোঃ মথুরা

(৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,
পুরাণসহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ
কিশোরপুর, বৃন্দাবন

(৩৯) একাদশানন্দ-সুখদকুঞ্জ
পোঃ রাধাকুণ্ড (মথুরা)

(৪০) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪১) রাধাকুণ্ড গোবর্দ্ধন

(৪২) শ্রীগোবর্দ্ধনমঠালয়
গোবর্দ্ধন, মথুরা

(৪৩) সঙ্কেত বিহারী মঠ
বর্ষাণা, মথুরা।

(৪৪) নন্দগ্রাম গৌড়ীয়মঠালয়
পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৫) বর্ষাণা গৌড়ীয়মঠালয়
পোঃ বর্ষাণা, মথুরা

(৪৬) গৌরবিহারী মঠ—[illegible]
পোঃ [illegible], জেলা গুরুদাসপুর (পাঞ্জাব)

(৪৭) ব্যাসগৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

(৪৮) দিল্লী গৌড়ীয় মঠ
৪৫নং [illegible] রোড, নিউ দিল্লী

(৪৯) বোম্বে গৌড়ীয়মঠ
গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, [illegible] হিল রোডের ৭

(৫০) মাদ্রাজ-গৌড়ীয়মঠ
পোঃ মায়লাপুর, মাদ্রাজ
শ্রীগৌরগোবিন্দগান্ধর্ব্বিকাগিরিধারীর সেবা

(৫১) মাদ্রাজ-গৌড়ীয়মঠ
পোঃ [illegible], [illegible] গোদাবরী (মাদ্রাজ)
শ্রীশ্রীগৌরগোপালকৃষ্ণ-[illegible] সেবা

(৫২) পুরুষোত্তম-গৌড়ীয়মঠ
[illegible], পোঃ [illegible] (পুরী)

(৫৩) পুরুষোত্তম মঠ
চটকপর্ব্বত পোঃ পুরী, উড়িষ্যা

৫৪) সচ্চিদানন্দ—[illegible], পুরী
৫৫ শ্রীলোকনাথ

(৫৬) সিদ্ধবাটী-গৌড়ীয়মঠ
পোঃ [illegible], পুরী

(৫৭) [illegible] মঠ
[illegible], পোঃ [illegible] (উড়িষ্যা)

(৫৮) [illegible] গৌড়ীয়মঠপীঠ

৫৯) শ্রীব্রহ্মমাধ্বগৌড়ীয়-[illegible]-মন্দির
পোঃ [illegible], গয়া

(৬০) [illegible] মঠ
[illegible], পোঃ [illegible], মেদিনীপুর

(৬১) [illegible] গৌড়ীয়মঠ
পোঃ [illegible], মেদিনীপুর

(৬২) [illegible] প্রপন্নাশ্রম মঠ
পোঃ [illegible] (বর্দ্ধমান)

(৬৩) [illegible] গৌড়ীয়মঠ
[illegible], পোঃ [illegible], (ঢাকা)

(৬৪) রেঙ্গুন গৌড়ীয়মঠ
৩০১ নং [illegible] ষ্ট্রীট, রেঙ্গুন।

(৬৫) লণ্ডন গৌড়ীয়মঠ
ফ্ল্যাট নং ২
৫১, [illegible] রোড
[illegible], ডব্লিউ. ৫

(৬৬) গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্
১৬।৩, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা

(৬৭) গৌড়ীয়মঠ অফিস
[illegible] রোড, [illegible]

(৬৮) শ্রী[illegible] গৌড়ীয়মঠালয়
[illegible], চট্টগ্রাম

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীমহানন্দ ব্রহ্মচারী ভক্ত্যালোক, ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও দ্বিতীয় দিনের জন্য	সংবাদের পৃষ্ঠায় পরবর্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও দ্বিতীয় দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় পরবর্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	।০	৸৵০	।৵০	।০
" " ইঞ্চি	২৲		১।০	১৲
সিকিকলম	৩৲	৪৲		৩৲
" অর্দ্ধকলম	৮৲	৬৲	৬৲	৫৲
" এক কলম	১২৲	১০৲	১০৲	

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চি	৩৲	২।০
" সিকি কলম	১৩৲	১২৲
" অর্দ্ধকলম	২৪৲	১৮৲
" এক কলম	৩৬৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৸০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা এক পয়সা ; বিশেষ সংখ্যার ভিন্ন মূল্য।

শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী

শ্রীল প্রভুপাদের চতুঃষষ্টিতম-আবির্ভাব-তিথিতে শ্রীল আচার্য্যদেবের অভীষ্ট কৃপায় "শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী" প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। ইহাতে পূর্ব্বার্দ্ধ ও উত্তরার্দ্ধ দুইটি বিভাগ আছে। পূর্ব্বার্দ্ধে শ্রীল প্রভুপাদের আদি-প্রবন্ধাবলী শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের সম্পাদিত 'সজ্জনতোষণী'র, শ্রীল প্রভুপাদের 'নিবেদন' সাপ্তাহিক পত্র প্রভৃতি হইতে কথাসার ও প্রয়োজনীয় অর্থের টীকা-সহ প্রকাশিত হইয়াছে। উত্তরার্দ্ধে শ্রীল প্রভুপাদের সম্পাদিত 'সজ্জনতোষণী'র কতিপয় প্রবন্ধ কথাসার প্রভৃতির সহিত মুদ্রিত হইয়াছে। প্রবন্ধগুলি রচনাকালের ক্রমানুসারে গ্রথিত হইয়াছে; এতদ্ব্যতীত শ্রীল আচার্য্যদেবের একটি মূল্যবান্ উপোদ্ঘাত ও সঙ্কলনকারীর একটি বিস্তৃত ভূমিকা, বিষয় সূচী, প্রমাণ-শ্লোক ও পয়ার-সূচী প্রভৃতি গ্রন্থে সংযোজিত হইয়াছে। গ্রন্থটি উৎকৃষ্ট কাগজে শ্রীল প্রভুপাদের আলেখ্যাদিদ্বারা ভূষিত ও সুন্দর বাঁধাই হইয়া প্রকাশিত হইয়াছে। প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, জিলা নদীয়া; শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ও শ্রীমাধ্বগৌড়ীয়মঠ, বরিশাল, পোঃ ঢাকা, ঢাকা।

শ্রীল প্রভুপাদের পদ্যপ্রসূন মালা

এই গ্রন্থে ও বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তি-সিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের রচিত পদ্যাবলী শ্রীল আচার্য্যদেবের বিরচিত "গৌরব" নামক ভাষ্যের সহিত প্রকাশিত হইয়াছে। শ্রীল প্রভুপাদের অনেক অপ্রকাশিত পদ্য ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ।০ চারি আনা।

শ্রীধাম-মায়াপুরে

ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট।

(গভর্ণমেণ্ট অনুমোদিত উচ্চ ইংরাজী বিদ্যালয়)

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও যোগ্যতাসম্পন্ন। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা আছে। খাওয়া ও দেখাশুনার প্রতি মাসে মাত্র ৬৲ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। বর্ত্তমান বর্ষে ১৬ জন বালকের মধ্যে ১৫ জন সাফল্যের সহিত উত্তীর্ণ হইয়াছে।

মেধাবী ছাত্রগণের অধিক সুবিধা

পরীক্ষায় যাহারা শতে শতকরা ৭৫ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ সচ্চরিত্র দরিদ্র ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী—ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট, শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক-সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা সংক্ষিপ্তভাবে আলোচিত হইয়াছে। এই এক অপূর্ব্ব গৌরবময় বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

শ্রীচৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত্র অতি সুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ অধ্যাপক শ্রীযুক্ত নিশিকান্ত সান্যাল এম্-এ মহোদয় লিখিত। ইহার ভিক্ষা মাত্র ৪৲ টাকা। প্রাপ্তিস্থান শ্রীযুক্ত ভক্তিবিনোদ কার্য্যালয়, শ্রীযোগপীঠ, শ্রীধাম, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীসরস্বতী-সংলাপ

প্রথম খণ্ড

শ্রীশ্রীরূপানুগ গৌড়ীয়-আম্নায়সংরক্ষক জগদ্গুরু পরমহংসকুলচূড়ামণি নিত্যলীলা-প্রবিষ্ট ১০৮শ্রী শ্রীমদ্ ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামি-প্রভুপাদ বিভিন্ন জিজ্ঞাসু ও শুশ্রূষু সজ্জনবৃন্দের পরিপ্রশ্নোত্তরে ও সন্দেহ-নিরাকরণকল্পে যে-সকল শুদ্ধভক্তি-সিদ্ধান্তবাণী কীর্ত্তন করিয়াছেন, যাহা তাঁহার প্রকটকালেই 'গৌড়ীয়' সম্পাদক শ্রীমদ্ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ প্রভুপাদেরই শ্রীঅঙ্গে সংশোধিত করাইয়া রাখিয়াছিলেন এবং যাহার কিয়দংশ গৌড়ীয়পত্রে প্রকাশিত হইয়াছে, তাহা "শ্রীশ্রীসরস্বতী-সংলাপ" নাম দিয়া সম্পূর্ণ শ্রীল প্রভুপাদের 'বক্তৃতাবলী' ও 'পত্রাবলী' আকারে খণ্ডে খণ্ডে প্রকাশিত হইতেছেন। বর্ত্তমান শ্রীল প্রভুপাদের প্রকটকালীন বিরহতিথিপূজা-বাসরে ইহার প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছেন। মায়াবদ্ধজীবের বহু অমীমাংসিত সমস্যা ও জটিল প্রশ্নের সমাধান ইহাতে পাওয়া যাইবে। ভক্তিপথের পথিকমাত্রেরই এই গ্রন্থ সংগ্রহ একান্ত প্রয়োজন।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইংরাজীর প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপদেশক পণ্ডিত আর্য্যা শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিশাস্ত্রী ভাক্তিসারী সম্প্রদায়-বৈভবাচার্য এম্‌-এ মহোদয়ের গৌরগবেষণা এবং পরিপক্ব লেখনীর অদ্ভুত ফল আমাদের কবিতা একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত-পাঠে বাধ হইল। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিবিধ চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রধান দর্শনের সহিত তুলনা-মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৩২শ অধ্যায়ে প্রায় ৭৫০ পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের প্রদত্ত মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্তার ভূমিকাদ্বয় (Preface), বিষয়-তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র (Index Glossary) সহ গ্রন্থখানি প্রকাশিত। ভিক্ষা—১৫, পনর টাকা। প্রাপ্তিস্থান—মান্দ্রাজ গৌড়ীয়মঠ, রায়পেটা মান্দ্রাজ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

'ঠাকুর ভক্তিবিনোদ'

——:(০):——

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি প্রচারের মূল মহাজন সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অভিনবা জীবনচরিত এতাবৎকাল পর্য্যন্ত প্রচারাকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয়মঠাচার্য্যবর্যের অন্তেবাসী পরিব্রাজকাচার্য্য ও-লেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্তৃক সম্পাদিত "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু মূল্যবান শিক্ষামালাও সন্নিবিষ্ট হইয়াছে। সর্বসমেত ১১৫ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৸০ আনা; ডাক মাশুল স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান—ম্যানেজার গ্রন্থবিভাগ
শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

——:(০):——

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু গ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১।১নং কালিপ্রসাদ চক্রবর্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্

[illegible] কটক নগরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

ই. বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্‌)

আপ

কলিকাতা ছাঃ ৪-৩৩ ৬ ২৬ ৭-০৬ ১২-২৬ ১৪-৫৫ ১৬-৫৩ ১৭-৫৬ ২২-২৬
রাণাঘাট পৌঃ ৮-২৮ ১৪-১৫
(বদল) ছাঃ ৯-০৩ ১৪-৫০
কৃষ্ণনগর পৌঃ ৭-১ ৮-৪৪ ১০-৮ ১৫-২০ ১৭-২৮ ১৯-০৮ ২০-১৩ ১-১৫
(বদল) ছাঃ ৭-১২ ১০-৩১ ১৭-৩৮ ২০-২৬
নবদ্বীপঘাট পৌঃ ৭-৫১ ১১-১০ ১৮-১৩ ২১-৪

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ ১১-৬
রাণাঘাট পৌঃ ১২-৫৫
ছাঃ ১৩-০
শান্তিপুর পৌঃ ১৩-২৬
(বদল) ছাঃ ১৩-৩১ (লাইট রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ ১৪-১৯
ছাঃ ১৪-৩০
নবদ্বীপঘাট পৌঃ ১৫-১০

ডাউন

নবদ্বীপঘাট ছাঃ ৫ ৪৫ ৯ ১০ ১৩-৩১ ১৬-০ ১৮-৩১
কৃষ্ণনগর পৌঃ ৬ ২৩ ৯ ১৬ ৯-৪৮ ১১-৪১ ১৪-১০ ১৬-৩৬ ১৯-১১ ২১-০
ছাঃ ৬-৩৩ ৭-১৮ ১০-১১ ১৬-৫৩ ১৯-২৫
রাণাঘাট পৌঃ ১০-৫৬ ১৭-৩০
(বদল) ছাঃ ১১-১ ১৭-৪৫
কলিকাতা পৌঃ ৬-১৬ ৯-২১ ১১-৫১ ১২-১৬ ১৪-১৬ ১৯-১১ ২১-৪১ ২৩-০৭

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ ১৩-৩১ ১৬-০
কৃষ্ণনগর পৌঃ ১৪-১০ ১৬-৩৮
ছাঃ ১৫-২৮ ১৭-৩০
শান্তিপুর পৌঃ ১৬-৯ ১৮-১৪
(বদল) ছাঃ ১৬-৩০ ১৮-২৫ (রবিবার ভিন্ন) ২০-৪০ (রবিবার)
রাণাঘাট পৌঃ ১৭-১০ ১৮-৫০ ২১-১৫
(বদল) ছাঃ ১৭-৪০ ১৯-১৪ ২১-৫০
কলিকাতা পৌঃ ১৯-১১ ২০-৪০ ২৩-০৭

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

[illegible]

সর্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বাঙ্গালার ইহার কাটতি অত্যন্ত অধিক। [illegible] সংযুক্ত জ্বরের এবং নূতন ও পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। মূল্য ছোট বোতল ৷৵০ দশ আনা, বড় বোতল ১৷৵০ [illegible] আনা। পাইকারী দর স্বতন্ত্র।

[illegible]নং [illegible] রোড, কলিকাতা
অথবা
[illegible], [illegible]

পোঃ—শ্রীমায়াপুর
টেলিগ্রাম—'শ্রীনাম
শ্রীমায়াপুর'

REGD NO C 1544

দৈনিক নদীয়াপ্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়াজেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৪শ খণ্ড] শ্রীমায়াপুর— ৮ই আষাঢ় ১৩৪৬, ২৩শে জুন, ১৯৩৯, শুক্রবার [৯৮শ সংখ্যা

বিবিধ সংবাদ

——:(•):——

তিনজন পকেটমারের কারাদণ্ড

সম্প্রতি ডেপুটী ম্যাজিষ্ট্রেট শ্রীযুক্ত জিতেন্দ্রজ্যোতি মজুমদার তিনজন আন্তঃপ্রাদেশিক কুখ্যাত পকেটমারকে বিভিন্ন দণ্ডে দণ্ডিত করিয়াছেন।

প্রথম মামলায় আসামী বাবুলাল সোনার নামক একজন হিন্দুস্থানী বেনিয়া। একদিন সে যখন ঢাকা রেল ষ্টেশনে জনৈক যাত্রীর পকেট মারিয়াই টাকা ২৷১৫৩৬ লয়, তখন হাতে নাতে গ্রেপ্তার করা হয়। সে পূর্ব্বে আরও ২৫বার কারাদণ্ডে দণ্ডিত হইয়াছে। ম্যাজিষ্ট্রেট আসামীকে এক বৎসর সশ্রম কারাদণ্ডে দণ্ডিত করিয়াছেন এবং ফৌঃ কাঃ বিধির ৫৬৫ ধারা অনুসারে আদেশ দিয়াছেন যে, কারামুক্তির পর ৩ বৎসর পর্য্যন্ত আসামীর গতিবিধি পুলিশ নিয়ন্ত্রণাধীন থাকিবে। আসামীর অনেকগুলি ছদ্মনাম আছে। এই মামলার একটি কৌতুহলোদ্দীপক ব্যাপার এই যে, আসামীকে পূর্ব্বে ফৌঃ কাঃ বিধির ১০৯ ধারানুসারে গ্রেপ্তার করা হয়। ঐ মামলা চলিতে থাকা অবস্থায় সে যখন জামিনে মুক্ত ছিল, তখন সে এই চুরি করে। পাটনার পুলিশ অন্য একটি চুরি সম্পর্কে আসামীর সন্ধান করিতেছে। তাহাকে শীঘ্র চুরির বিচারের জন্য পাটনায় পাঠান হইবে বলিয়া জানা গিয়াছে।

দ্বিতীয় মামলায় আসামী আবদুল বারীক নামক একজন পশ্চিমা মুসলমান, একদিন ঢাকা রেলওয়ে ষ্টেশনে এক রেলগাড়ীতে মোজিবর রহমান নামক এক ছাত্রের পকেট হইতে কমালবাঁধা ২৸৵০ উঠাইয়া নিবার কালে অন্যান্য ছাত্রগণ কর্ত্তৃক ধৃত হয়। পূর্ব্বে সে আরও সাতবার কারাদণ্ডে দণ্ডিত হইয়াছিল।

ম্যাজিষ্ট্রেট আসামীকে ১৮ মাসের সশ্রম কারাদণ্ডে দণ্ডিত করিয়াছেন এবং আরও আদেশ দিয়াছেন যে, কারামুক্তির পর পাঁচ বৎসর পর্য্যন্ত আসামীকে তাহার গতিবিধি পুলিশকে জানাইতে হইবে।

তৃতীয় মামলায় আসামী বৈকুণ্ঠ পাহাড় নামক এক পাঞ্জা হিন্দু। কাওরাইদ রেল ষ্টেশনে রেল গাড়ীতে সে যখন এক দিন এক ব্যবসায়ীর পকেট মারিয়া সরিয়া পড়িতেছিল, তখন হাতে নাতে গ্রেপ্তার হয়। পূর্ব্বে সে আরও তিনবার কারাদণ্ড ভোগ করিয়াছে। ম্যাজিষ্ট্রেট আসামীকে ৬ মাস কারাদণ্ডে দণ্ডিত করিয়াছেন এবং কারামুক্তির পর তিন বৎসর পর্য্যন্ত গতিবিধি পুলিশে জানাইতে আসামীকে আদেশ করিয়াছেন।

আসামীরা একই দলভুক্ত। কোর্ট সাব-ইন্সপেক্টর শ্রীযুক্ত কালাপ্রসন্ন ভৌমিক সরকার পক্ষে ছিলেন।

জলে ডুবিয়া দুই ভ্রাতার মৃত্যু

সোমবার প্রাতে গঙ্গায় ডুবিয়া দুই ভাইয়ের মৃত্যু হয়। বালক দুইটির নাম—জগদীশ পাইনদার (ওরফে কালি) ও পৃথ্বীশচন্দ্র পাইনদার। তাহাদের বয়স যথাক্রমে ১৩ ও ১১ বৎসর।

প্রকাশ যে, কিছুদিন পূর্ব্বে ঢাকা হইতে দুইটি ভাই ছুটি উপলক্ষে কলিকাতার (২২নং মদন দত্ত লেন, বাগবাজার) মামার বাড়ীতে বেড়াইতে আসে। উহাদের পিতা শ্রীযুক্ত জ্যোতিষচন্দ্র পাইনদার ঢাকায় বিশিষ্ট উকিল।

সোমবার প্রাতে রথযাত্রা উপলক্ষে দুই ভাই বাড়ীর অভিভাবকের সহিত অন্নপূর্ণা ঘাটে গঙ্গাস্নান করিতে যায়। শুনা যায় যে, সকলের অলক্ষ্যে দুইটি ভাই গভীর জলে পড়িয়া ডুবিয়া যায়।

উহাদের দেহ এখনও পাওয়া যায় নাই।

শ্লোভাক সীমান্তে জার্ম্মাণীর রণসজ্জা

শ্লোভাক সীমান্ত অভিমুখে জার্ম্মাণ সৈন্য চলাচল সপ্তাহের শেষদিন পর্য্যন্ত চলিয়াছে বলিয়া সংবাদ পাওয়া গেল।

বহু সংখ্যক ট্যাঙ্ক সাঁজোয়া গাড়ী এবং রসদ ও সমরসম্ভার বোঝাই গাড়ী প্রাগের মধ্য দিয়া পূর্ব্ব দিকে যাইতেছে। সীমান্তে বিশেষ করিয়া গ্রীডতে প্রায় দশ ডিভিশন সৈন্যসমাবেশ করা হইবে বলিয়া বলা হইয়াছে।

বোহেমিয়া ও মোরাভিয়ার সমস্যা

১৯শে জুন কমন্স সভায় বোহেমিয়া ও মোরাভিয়া সম্পর্কে এক প্রশ্নের উত্তরে সহকারী পররাষ্ট্র সচিব মিঃ আর এ বাটলার বলেন যে, ভার বেজিল নেভাইলসনকে জার্ম্মাণ গবর্ণমেন্টের নিকট প্রাগের বৃটিশ দূতকে স্বীকার করিয়া লইবার অনুরোধ জানাইয়া একটি বন্দোবস্ত করিবার নির্দ্দেশ দেওয়া হইয়াছে। গবর্ণমেন্ট যদিও বুঝিতে পারিতেছেন যে, এক্ষণকার বোহেমিয়া ও মোরাভিয়ার বর্ত্তমান অবস্থাকে কার্য্যতঃ স্বীকার করিয়া লওয়া হইবে, তথাপি এক্ষণকার বোহেমিয়া ও মোরাভিয়ার সমস্যা সম্পর্কে গবর্ণমেন্টের মনোভাবের কোন পরিবর্ত্তন সূচিত হইতেছে না। উক্ত প্রকার সিদ্ধান্ত গ্রহণের পূর্ব্বে গবর্ণমেন্ট এই সমস্যার সহিত স্বার্থ-সংশ্লিষ্ট ফ্রান্স, রুশিয়া, যুক্তরাষ্ট্র ও পোল্যাণ্ড প্রভৃতির সহিত সংবাদ আদান-প্রদান করিয়াছিলেন।

——

হিটলার সকাশে ইরাকের দূত

হের হিটলার ইরাকের রাজা ইবন সাউদ প্রেরিত বিশেষ দূত খালিদ আলহুদের সহিত সাক্ষাৎ করিয়াছেন; এরূপ সংবাদ ঘোষিত হওয়ায় এখানে বিস্ময়ের সঞ্চার হইয়াছে। বার্খটেশ গাডেন হের হিটলার ও খালিদ আলহুদের মধ্যে সাক্ষাৎ হয় এবং উভয়ে একত্রে চা-পান করেন। বহুক্ষণ ধরিয়া উভয়ের মধ্যে আলোচনা হয়, কিন্তু কি বিষয়ে আলোচনা হইয়াছিল তাহা জানা যায় নাই।

ব্রহ্ম তেলের খনির শ্রমিকগণ

ইয়েনাংয়ং তৈলের খনির চুক্তিভঙ্গ সংক্রান্ত ধর্ম্মঘটকারী শ্রমিক, গবর্ণমেন্ট ও বর্ম্মা অয়েল কোম্পানীর দ্বারা তাহাদের দাবী স্বীকার করাইয়া লইবার উদ্দেশ্যে গত রবিবার হইতে অনশন আরম্ভ করিয়াছেন। কয়েকজন ব্রহ্মদেশীয় ব্যক্তির আশা যে, তাহারা গত ১৫ জুন রাত্রি হইতে সাত দফা ভাবে অনশন ত্যাগ করিয়াছেন। গবর্ণমেন্ট সমস্ত শ্রমিক সমস্যা সম্পর্কে তদন্তের জন্য দুইটি তদন্ত কমিটি নিযুক্ত করিবার সিদ্ধান্ত করিয়াছেন।

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক। প্রতি একাদশীতে প্রকাশিত হয়। কলিকাতা বাগবাজারস্থ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। সডাক ভিক্ষা ৪।০ টাকা মাত্র।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১।০ টাকা মাত্র।

৩। ভাগবত-দিল্লীর একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহোদয় সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ টাকা মাত্র

৫। শ্রীগৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ মাত্র।

পরমগুরু শ্রীগৌরকিশোর

গৌড়ীয়-সম্পাদক-লিখিত, শ্রীগৌড়ীয়মঠাচার্য্যের ভূমিকা-সম্বলিত, বহুচিত্র-শোভিত ও বিষয় সূচী সম্বলিত "পরমগুরু শ্রীগৌরকিশোর" গ্রন্থখানি প্রকাশিত হইয়াছেন। এই গ্রন্থখানিতে শুদ্ধগৌড়ীয়বৈষ্ণবগণের পরমারাধ্য, গৌড়ীয়গৌরবশিখামণি অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ নিত্যলীলাপ্রবিষ্ট পরমহংস ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল গৌরকিশোরদাস গোস্বামী প্রভুবরের অপূর্ব্ব চরিতকথা বর্ণিত হইয়াছে।

শ্রীশ্রীভক্তিবিনোদাবির্ভাব-শতবর্ষপূর্ত্তিতিথিপূজার উপায়ন-গ্রন্থমালা

——::(০)::——

১। গীতিসাহিত্যে শ্রীভক্তিবিনোদ

শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র গীতিসাহিত্যের সমালোচনা-গ্রন্থ)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

২। শ্রীভক্তিবিনোদবাণীবৈভব

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের রচনামৃতসাগর হইতে আহৃত ১০৮টী অধ্যায়ে সম্বন্ধ-অভিধেয়-প্রয়োজনাকারে গুম্ফিত অমূল্য উপদেশপূর্ণ গ্রন্থ)

ভিক্ষা—৩৲ তিন টাকা মাত্র।

৩। শ্রীশ্রীভক্তিবিনোদ-প্রসঙ্গ

ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ ও ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামীপ্রভু-বিরচিত এবং গৌড়ীয়ে প্রকাশিত শ্রীশ্রীভক্তিবিনোদ-চরিত-প্রসঙ্গ

ভিক্ষা—।৵০ ছয় আনা মাত্র।

৪। ছাত্রদের ভক্তিবিনোদ

ছাত্রদের উপযোগী ভাষায় লিখিত শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্র ও শিক্ষা)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

ছাত্রদের পক্ষে ভিক্ষা—।০ আট আনা মাত্র)

প্রাপ্তিস্থান :—

(১) 'ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট', পোঃ শ্রীমায়াপুর, নদীয়া ;

২) শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ;

৩ শ্রীযুক্ত সুপতিরঞ্জন নাগ এম্-এ, বি-এল্, পুরাণাপল্টন পোঃ রমনা, ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্,—সমগ্র ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত — ১৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। ভাষ্যসহ বিবৃতি শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৬৲
৩। ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬
৪। [illegible] (অবাঁধা) ৪
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০ ; ২য় খণ্ড ১৲ ; ৩য় খণ্ড—৸ ৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার-দীপিকা ও সংস্কার দীপিকা ১।০
৯। বৈষ্ণবধর্ম ৪৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ৪৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ।০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিষয়-তত্ত্ব ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষৎ ।০
১৮। ভজন-আশ্রয় ।০
১৯। তত্ত্ববিবেক ।০
২০। গৌড়ীয়-গৌরব ৷৴০
২১। গৌড়ীয়সাহিত্য ৷৴০
২২ ভজন-রহস্য ।০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ বাঁধা) ১৲
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা-সহ) ৪৲
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) ২৲ অবাঁধা) ১৲
২৬ গীতায় কেবল মাত্র ভাষা ।০
২৭ [illegible] (সানুবাদ) ১৲
২৮ বেদান্ততত্ত্বসার (সানুবাদ) ।০
২৯ প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৸০
৩০ দীপ-দিগ্-দর্শন ৶০
৩১ সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ৷৴০
৩২ গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ।০
৩৩ নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪ ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶০
৩৫ গীতমালা ৵১০
৩৬ নবদ্বীপধাম-মাহাত্ম্য ৷০
৩৭ ঐ প্রমাণ-খণ্ড ৶০
৩৮ শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০
৩৯ শ্রীগোদ্রুমকল্পতরু ।০
৪০ শরণাগতি ৴০
৪১ গীতাবলী ৴০
৪২ শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
৪৩ সাধনতত্ত্ব ৴০
৪৪ প্রেমভক্তিচন্দ্রিকা ৴
৪৫। নবদ্বীপশতক
৪৬। অর্চনকাণ্ড
৪৭। সদাচারস্মৃতি ০/
৪৮। জ্ঞানদর্পণ (পঞ্চম সংস্করণ) /১০
৪৯। অর্চনদর্পণ ৵১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম ও ২য় খণ্ড) ৬৲
৫১। [illegible] ।০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ-বিনির্ণয় ।০
৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ।০
৫৬ ভারতবর্ষ ও ভক্তিপথ ৶০
৫৭। ঈশোপনিষৎ (ভাষাভিষ্য) ।০
৫৮। শ্রীকৃষ্ণবোধ ৶০
৫৯। সিদ্ধান্তদর্পণ ৶০
৬০। সাংখ্যবাণী ৴০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।০
৬২। সিদ্ধান্ত সরস্বতী বিভবম্ ।০
৬৩। নবীন-শিক্ষাষ্টকম্ ।০
৬৪। ভক্তম্ ।০
৬৫। সাত্বত শিক্ষাষ্টকম্ ৶০
৬৬। গৌড়ীয়মঠপরিচয়ঃ ৴০
৬৭। মায়াবাদখণ্ডনম্ ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।০
৬৯। এ ফিউ ওয়ার্ডস অন বেদান্ত ।০
৭০। নামভজন ৴০
৭১। বেদান্ত—ইট্‌স্ মরফলজী অ্যাণ্ড অন্টলজি ।০
৭২। সিলেক্টেড পোয়েম্‌স ৷৴০
৭৩। লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস্ অব শ্রীচৈতন্য মহাপ্রভু
৭৪। বৈষ্ণবীজম্
৭৫। বোম্বাই গৌড়ীয়মঠ ইন ফুট০
৭৬। দি ভাগবত ।০
৭৭। ইরোটিক প্রিন্সিপল অ্যাণ্ড আনএলয়েড ডিভোশন
৭৮। ব্রহ্মসংহিতা ২।০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (প্রথম খণ্ড) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ।০
৮১। সাধন-পথ ।০
৮২। কল্যাণ-কল্পতরু ৶০
৮৩। গীতাবলী ৴০
৮৪। শরণাগতি ৴০

তামিল ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ৴০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ১৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক
নদীয়া-প্রকাশ
একমাত্র পারমার্থিক
দৈনিক পত্র
শ্রীধাম-মায়াপুর-নদীয়া

১৪শ বর্ষ | ২১ বামন ৪৫৩ গৌরাব্দ, ৮ই আষাঢ় বঙ্গাব্দ ১৩৪৬, ২৩শে জুন ইং ১৯৩৯, শুক্রবার | ১৮৭ সংখ্যা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

২১ বামন তিথি পর্ব্বোপলক্ষে গৌরাব্দ ৪৫৩

অসাধু সঙ্গে নাম হয় না

শ্রীনাম সাক্ষাৎ কৃষ্ণ। তিনি ভক্ত বা সাধুরই হৃদয়ের ধন। শ্রীনামসেবা—ভগবৎ-সেবা। শ্রীনামরূপ ভগবানের সেবা করিতে হইলে নামসেবকের সঙ্গেই করিতে হইবে। নতুবা শ্রীনামসেবা কে আমাদিগকে শিখাইবে? শ্রীনামের স্বরূপ কে আমাদিগকে জানাইবে? এ প্রাকৃত জগতেও দেখা যায়, মূর্খের সঙ্গে থাকিয়া পাণ্ডিত্য বা শিক্ষা লাভ করা যায় না। সুতরাং অপ্রাকৃত বস্তু শ্রীভগবানের সেবা ভগবৎ-সেবাবিমুখ জীবের সঙ্গে থাকিয়া কি করিয়া লাভ হইবে? তাই গৌরপার্ষদ শ্রীল জগদানন্দ পণ্ডিত গোস্বামী প্রভু বলিয়াছেন,—

অসাধুসঙ্গে ভাই কৃষ্ণনাম নাহি হয়।
নামাক্ষর বাহিরায় বটে তবু নাম
কভু নয়॥

অসাধুসঙ্গে কখনও কৃষ্ণনাম উদিত হন না। শ্রীনামসেবকের সঙ্গফলে সেবোন্মুখতা অর্থাৎ সেবা করিবার স্পৃহা বলবতী হইলে শ্রীনাম কৃপাপূর্ব্বক সেবা দান করেন। নামাক্ষর কখনও নাম নহে। শ্রীবিগ্রহ বা শ্রীনামের কোন দোষ নাই। দর্শক ও নামোচ্চারণকারীরই দর্শন বা উচ্চারণের দোষ। আধ্যক্ষিক শ্রীবিগ্রহ দেখিতে পায় না। শ্রীবিগ্রহ তাহাকে বঞ্চনা করেন। তাই সে শ্রীবিগ্রহসেবা করিয়াও ফল পায় না। শ্রীনামসেবা সম্বন্ধেও তাহাই। বহির্ম্মুখের নিকট শ্রীনাম আত্মগোপন করেন, তাহাকে বঞ্চনা করেন।

নামসংকীর্ত্তনই সর্ব্বশ্রেষ্ঠ ভজন। শ্রবণ-কীর্ত্তনফলেই কৃষ্ণপ্রেমা উদিত হন। শ্রীল কবিরাজ গোস্বামী প্রভু বলিয়াছেন,—

"শ্রবণ-কীর্ত্তন হৈতে কৃষ্ণপ্রেমা হয়।"

আবার অন্যত্র বলিয়াছেন,—

বহুজন্ম করে যদি শ্রবণকীর্ত্তন।
তবুও না পায় কৃষ্ণপদে প্রেমধন॥"

তিনি একবার বলিয়েছেন—একবার মাত্র শ্রবণকীর্ত্তন হইতে কৃষ্ণ-প্রেম উদিত হন, আবার বলিতেছেন, বহুজন্ম শ্রবণ কীর্ত্তন করিলেও কৃষ্ণ-প্রেম লাভ হয় না। মহাজনের বাক্য নির্দ্দোষ। সুতরাং তাঁহার এইরূপ দুইবার দুইরকম বাক্য বলার তাৎপর্য্য কি? ইহার দ্বারা কি বুঝিতে হইবে না যে, বহুজন্ম শুদ্ধকৃষ্ণনাম-শ্রবণকীর্ত্তন হয় নাই পরন্তু নামাপরাধ কীর্ত্তন হইয়াছে মাত্র। যদি নামই কীর্ত্তিত হইত, তাহা হইলে নিশ্চয়ই প্রেম উদিত হইত। অতএব ফলের দ্বারা কারণ অনুমান করিয়া জানা যাইতেছে যে, বহুজন্মের কীর্ত্তিত নামাক্ষর দেখিতে নামের মত হইলেও নাম নহে, নামাপরাধ মাত্র। প্রামাণ্য ও বাস্তব দেখিতে একরূপ হইলেও যে উভয়ে একরূপ নহে, তাহা উভয়ের ফলপ্রাপ্তি হইতে উপলব্ধি হয়। জোনাকী পোকা দেখিতে আগুনের মত হইলেও উহা গৃহ দগ্ধ করিতে পারে না, কিন্তু দিয়াশলাই বা সামান্য একটী অগ্নিস্ফুলিঙ্গ সমস্ত গ্রাম দগ্ধ করিতে পারে। সুতরাং ফলপ্রাপ্তি হইতে বুঝা যায়, কোন্‌টী সত্য সত্য আগুন। বুদ্ধিমান্ ব্যক্তিগণ বৃথা তর্ক না করিয়া ফলের দিকে লক্ষ্য রাখেন, ইহাই বিবেচন। শাস্ত্র বলেন—

এক কৃষ্ণনাম করে সর্ব্বপাপ নাশ।
প্রেমের কারণ ভক্তি করেন প্রকাশ॥
অনায়াসে ভবক্ষয়, কৃষ্ণের সেবন।
এক কৃষ্ণনামের ফলে পাই এত ধন॥

শুদ্ধনামের ইহাই ফল। কিন্তু যেখানে নামাপরাধ, সেখানে প্রেমাভাব অবশ্যম্ভাবী। ধর্ম্মার্থকামই নামাপরাধের ফল। শ্রীচৈতন্য-চরিতামৃতে আমরা পাই,—

হেন কৃষ্ণনাম যদি লয় বহুবার।
তবু যদি প্রেম নহে, নহে অশ্রুধার॥
তবে জানি তাহাতে অপরাধ প্রচুর।
কৃষ্ণনামবীজ তাহে না হয় অঙ্কুর॥
ভজনের মধ্যে শ্রেষ্ঠ নববিধা ভক্তি।
'কৃষ্ণপ্রেম', 'কৃষ্ণ' দিতে ধরে মহাশক্তি॥
তার মধ্যে সর্ব্বশ্রেষ্ঠ নাম-সংকীর্ত্তন।
নিরপরাধে নাম লৈলে পায় প্রেমধন॥

শ্রীকৃষ্ণনাম স্বয়ংরূপ কৃষ্ণই। শ্রীনাম কৃষ্ণেরই অধোক্ষজ শব্দ অবতার। "একমেব সচ্চিদানন্দরসাদিরূপং তত্ত্বং ত্রিধাবির্ভূতম্॥" অতএব অপ্রাকৃত শ্রীকৃষ্ণ-নাম কখনও প্রাকৃত ইন্দ্রিয়গ্রাহ্য হইতে পারেন না। সাধুসঙ্গে অর্থাৎ সদ্‌গুরুর আনুগত্যে যখন আমাদের জিহ্বা সেবোন্মুখ হয়, তখন স্বতঃপ্রকাশ শ্রীকৃষ্ণাবতারস্বরূপ শুদ্ধনাম আমাদের সেবোন্মুখ-জিহ্বায় স্বয়ং অবতীর্ণ হন। অন্যথা অন্যাভিলাষী হইয়া কর্ম্মী, জ্ঞানী, যোগী, অন্যাভিলাষী ও প্রাকৃত-সহজিয়া প্রভৃতি বহির্ম্মুখ অসাধুসঙ্গে কখনও নিজ-চেষ্টায় বলপূর্ব্বক নাম উচ্চারণ করিতে পারি না।

প্রভু কহে—মায়াবাদী কৃষ্ণে অপরাধী।
'ব্রহ্ম', 'আত্মা', 'চৈতন্য' কহে নিরবধি॥
অতএব তার মুখে না আইসে কৃষ্ণনাম।
'কৃষ্ণনাম', 'কৃষ্ণ স্বরূপ' দুই ত'
'সমান'॥

সম্বন্ধজ্ঞানরহিত, অপরাধ বর্জ্জিত নামোচ্চারণের নাম নামাভাস। নামাভাস দ্বারা জীব বিষয়বন্ধন হইতে মুক্ত হইয়া মুক্তিলাভ করেন। অজামিল নামাপরাধী ছিলেন না। তাঁহার পুত্রোদ্দেশে ছায়া-নামাভাস তাঁহাকে বিষয়বন্ধন হইতে মুক্ত করাইয়া মুক্তি প্রদান করিয়াছিলেন। অপরাধ থাকিলে বা অপরাধীর সঙ্গ হইলে হরিনাম কখনই হবেন না। সাধুসঙ্গে—সাধুর আনুগত্যে হরিনাম করিতে হইবে। সাধুসঙ্গ না করিলে অনর্থ নাশ করা যায় না। সুতরাং যাহারা কপটতা করিয়া অসৎসঙ্গ-ত্যাগের ভাণে নির্জ্জনে হরিনাম করিবার অভিনয় করেন, সেরূপ নির্জ্জনতার অনর্থ দূর হইবে, হরিনাম কোনকালেই হইবে না অসৎসঙ্গে কেন

লাভ হয় না, নির্জ্জনে ভজন কিরূপ, তাহা শ্রীল প্রভুপাদ এবং অন্যান্য আচার্য্যগণ বিশেষভাবে জানাইয়াছেন।

অজামিলের উদাহরণ উল্লেখ করিয়া অনেকে সাধুসঙ্গ বা সাধুর আনুগত্য ব্যতীতও হরিনাম হয়, এ কথা বলিতে চান। তদুত্তরে শ্রীল বিশ্বনাথ চক্রবর্ত্তী ঠাকুর বলিয়াছেন যে,—কেহ যদি বলেন যে, যে সকল ব্যক্তি হৈতাখ্যাতিকাদির ন্যায় বিষয়ে মত্ত হইয়া চরাইয়া বেড়ায়, কে ভগবান, ভক্তি বা কি, কেই বা গুরু—এই সকল কথা স্বপ্নেও জানে না, সেই সকল ব্যক্তিও যদি নামাপরাধশূন্য অজামিলাদির ন্যায় নামাভাসাদির রীতি অনুসারে হরিনাম গ্রহণ করে, তাহা হইলে তাহাদেরও ভক্ত অর্থাৎ সাধুসঙ্গ না হইলেও উদ্ধার হইতে পারে। তদুত্তরে বক্তব্য—ইহারা, ইহাদের পূর্ব্বজন্মে তাহাই ভজন এবং সেই ভজনের উপদেষ্টাই গুরু (সাধুশ্রেষ্ঠ), অজামিলও ভক্তগণের পূর্ব্বে পূর্ব্বে শ্রীহরিকে লাভ করিয়াছিল, এতদ্রূপ বিবেকবান্ হইয়াও কৃষ্ণনামস্বরূপ মহামন্ত্র (বেদোপম) রসনা স্পর্শমাত্রেই ফল দান করে, দীক্ষা, সৎক্রিয়া, পুরশ্চর্য্যাদির বিধিকে কিছুমাত্রও অপেক্ষা করে না এই শাস্ত্রপ্রমাণ দৃষ্টে এবং অজামিলাদির গুরুকরণ ব্যতীতও নামাভাসে মুক্ত হওয়ার দৃষ্টান্ত দেখিয়া যাঁহারা মনে করেন যে, আবার গুরুকরণাদির প্রয়োজন কি, নামাভাসাদির দ্বারাই ত' অনায়াসে ফলপ্রাপ্তি হইতে পারে—এইরূপ মননশীল ব্যক্তিগণ গুরুঅবজ্ঞা-লক্ষণরূপ মহাপরাধ হইতেই ভগবৎপ্রাপ্তি হইতে বঞ্চিত হয়। কিন্তু সেই জন্মে বা জন্মান্তরে তাহাদের অপরাধ ক্ষয় হওয়ার পর শ্রীগুরুচরণাশ্রয় করিলে অর্থাৎ মহান্ গুরু বা সাধুসঙ্গে আনুগত্য হইলেই তাহাদের ভগবৎপ্রাপ্তি সম্ভব হয়।

এই সিদ্ধান্তে কি শ্রীল চক্রবর্ত্তী ঠাকুর ... সাধুসঙ্গের অত্যাবশ্যকতার কথা প্রদর্শন করিলেন না? ইহাতে স্পষ্ট বুঝা যাইতেছে যে, সাধুসঙ্গ ব্যতীত কখনই কৃষ্ণনাম হইতে পারে না। শ্রীল ঠাকুর মহাশয়ও বলিয়াছেন,—

কৃষ্ণভক্ত সঙ্গ করি, কৃষ্ণভক্ত অঙ্গ হেরি,
শ্রদ্ধান্বিত শ্রবণ কীর্ত্তন।

নামাপরাধের মূলই—দেহে আমি ও আমার বুদ্ধি। অহং-মমাদি বুদ্ধি হইতেই সাধুনিন্দা অর্থাৎ অসাধুকে সাধুজ্ঞান ও প্রকৃত সাধককে অসাধুজ্ঞানে গুরুর অবজ্ঞা প্রভৃতি অপরাধ হইয়া থাকে। জগতে আমার কিছু আছে,—এইরূপ অস্মিতাযুক্ত ব্যক্তির মুখে হরিনাম কীর্ত্তিত হয় না। 'আমি তৃণের অপেক্ষা সুনীচ'—এই অপ্রাকৃত অভিমান যাঁহাদের আছে, সেই তৃণাদপি সুনীচ সজ্জনগণই কৃষ্ণকীর্ত্তনের অধিকারী। সেই অকিঞ্চন ব্যক্তির সেবোন্মুখ জিহ্বাতেই শ্রীনাম উদিত হন। অজামিলের দৃষ্টান্তে আমরা দেখিতে পাই যে, তিনি সাধুজনবর্জ্জিত, অপরাধবর্জ্জিত নামাভাসফলে বিষয়বন্ধন হইতে মুক্ত হইয়া—উচ্চাদি অসৎসঙ্গ ত্যাগ পূর্ব্বক দেহ-সম্বন্ধীয় পুত্রাদির যেরূপ সমস্ত বন্ধন হইতে নিষ্কৃতি পাইয়া হরিদ্বারে গমন করার পর বিষ্ণুকিঙ্কর অর্থাৎ সাধু বা বৈষ্ণবসঙ্গলাভে তাঁহাদের নিকট নিষ্ঠা ভাগবতধর্ম্ম অবগত হইয়া অধিকতর ভক্তিমান্ ও ভগবানে পরম-শ্রদ্ধা-বিশিষ্ট হন এবং বিষ্ণুমন্দিরে ভজননামকীর্ত্তনাদির দ্বারা তপস্যায় প্রবৃত্ত হইয়া স্বরূপসিদ্ধির পর বস্তুসিদ্ধিলাভ করেন। অতএব অসাধুসঙ্গে যে কখনই শুদ্ধনাম হইতে পারে না, তাহাতে আর সন্দেহ কি?

গুণ্ডিচা-মার্জ্জন-লীলা-রহস্য

—০:০:—

ভগবান্ শ্রীমন্মহাপ্রভু যে গুণ্ডিচা-মন্দির-মার্জ্জন-লীলা প্রকাশ করিয়াছিলেন, তাহার প্রকৃত তাৎপর্য্য পরমারাধ্য শ্রীল প্রভুপাদ অনুভাষ্যে এইরূপ জানাইয়াছেন,—

শ্রীমন্মহাপ্রভু এই লীলাটির দ্বারা এই শিক্ষা দিয়াছেন যে, শ্রীকৃষ্ণকে যদি কোন সৌভাগ্যবান্ জন স্বীয় হৃদয় সিংহাসনে বসাইতে ইচ্ছা করেন, তবে সর্ব্বাগ্রে তাঁহার হৃদয়ের মল ধৌত করা উচিত, হৃদয়টিকে নির্ম্মল, শান্ত ও স্নিগ্ধোজ্জ্বল করা আবশ্যক। হৃদয়ে কণ্টকপূর্ণ তৃণ বা আবর্জ্জনা, ধূলি ও কঙ্করাদিরূপ অনর্থ কিছুমাত্র থাকিলেও পরমশান্ত ভগবান্কে বসান যায় না। হৃদয়ের ঐ মল বা অনর্থগুলি অন্যাভিলাষ, কর্ম্ম, জ্ঞান ও যোগচেষ্টা ব্যতীত আর কিছুই নয়। শ্রীল রূপগোস্বামী প্রভু বলেন,—

অন্যাভিলাষিতাশূন্যং জ্ঞানকর্ম্মাদ্যনাবৃতম্।
আনুকূল্যেন কৃষ্ণানুশীলনং ভক্তিরুত্তমা॥

যেখানে অন্তরে অন্যাভিলাষ জ্ঞান-কর্ম্ম যোগাদি বা ভক্তিপ্রাতিকূল্যভাব দ্বারা হৃদয় লিপ্ত থাকিলে ভক্তি আবৃত হইয়াছে, সেখানে শুদ্ধভক্তি নাই। শুদ্ধসত্ত্বময়ী শুদ্ধভক্তি ব্যতীত কৃষ্ণের আবির্ভাব হয় না।

অন্যাভিলাষ অর্থাৎ 'জগতে বড়লোক থাকিব, কেবল নিজ ইন্দ্রিয়ের তর্পণই করিব,' এইরূপ ইতর অভিলাষ—উহা কণ্টকময় তৃণের ন্যায় শুদ্ধজীবের সুকোমলা হৃদ্বৃত্তি কোমলাঙ্গকে বিদ্ধ করে। কর্ম্মচেষ্টা অর্থাৎ যাগ, যজ্ঞ, দান, তপস্যা প্রভৃতি দ্বারা 'স্বর্গাদি উচ্চলোকে সুখভোগ করিব'—এইরূপ বাসনাময়ী ক্রিয়া; উহা—ধূলি-সদৃশ। কর্ম্মাবর্ত্তের ঘূর্ণিবায়ুতে বাসনারূপ ধূলিরাশি আমাদের স্বচ্ছ ও নির্ম্মল হৃদয়-দর্পণকে আবৃত করিয়া দেয়। সৎ ও অসৎকর্ম্মের বাসনারূপ অসংখ্য ধূলিরাশি হরিবিমুখ জীবের হৃদয়কে কত জন্ম-জন্মান্তর ধরিয়া মলিন করিয়াছে, তাই তাহার কর্ম্মবাসনা দূর হইতেছে না।

হরিবিমুখ জীব মনে করেন, কর্ম্মের দ্বারা শোধ হয় কর্ম্মবাসনার নিবৃত্তি হইতে পারে, কিন্তু ঐ ধারণা ভুল; তৎপরবর্ত্তী হইয়া ন কেবল আবদ্ধ হইতে থাকেন মাত্র। হস্তীকে স্নান করাইয়া দিলে যেমন হস্তী আবার গায়ে ধূলি মাখিয়া থাকে, তদ্রূপ কর্ম্মের দ্বারা কর্ম্মবাসনা বিদূরিত হয় না। একমাত্র কেবলা ভক্তিদ্বারাই জীবের সমস্ত অসুবিধা দূর হয়, তখন তাঁহার সেই নির্ম্মল হৃৎসিংহাসনেই শ্রীভগবান্ বিশ্রাম-যোগ্য স্থান লাভ করিয়া থাকেন। এজন্য ভক্ত কবি গাহিয়াছেন—"ভক্তের হৃদয়ে সদা গোবিন্দের বিশ্রাম।"

নির্ব্বিশেষ ও কৈবল্যযোগ বা জ্ঞান-যোগাদি-চেষ্টা—ঠিক কঙ্করের মত। উহারা শ্রীহরির সেবাদি বা সেবা ত' দূরের কথা, শ্রীহরির দেহে কেবল বিদ্ধ করিবারই প্রয়াস করা হয়। যদিও নির্ব্বিশেষ ব্রহ্মানুসন্ধানে প্রথমে মুমুক্ষু অবস্থায় শ্রীহরির নামাদি গৌণভাবে স্বীকার করা হয়, কিন্তু মুক্ত বা ব্রহ্ম প্রতিষ্ঠানকালে তাঁহার স্বতন্ত্র অস্তিত্ব স্বীকার করা হয় না; সুতরাং ভগবান্ তাদৃশ দুর্ভাগা নির্ব্বিশেষবাদীর হৃদয়ে আবির্ভূত হন না। সেইজন্য শ্রীগৌরসুন্দর ঐসকল তৃণ, ধূলি, কঙ্করাদি মার্জ্জনাদি দ্বারা ভগবন্মন্দিরের চতুঃসীমানায়ও রাখিলেন না; পরন্তু নিজ বহির্বাস-দ্বারা তৎসমুদয় বাহিরে ফেলিয়া দিলেন—পাছে বাতাসের সহায়তায় ঐসকল আবর্জ্জনা পুনরায় শ্রীমন্দিরে প্রবিষ্ট হইয়া পড়ে।

অনেক সময় কর্ম্ম-জ্ঞানাদি-চেষ্টা বিদূরিত হইলেও হৃদয়ে সূক্ষ্ম সূক্ষ্ম মল থাকিয়া যায়। উহাকে 'কুটিনাটি', 'প্রতিষ্ঠাশা', 'জীবহিংসা', 'নিষিদ্ধাচার', 'লাভ', 'পূজা' প্রভৃতির সহিত তুলনা করা যাইতে পারে। 'কুটিনাটি'-শব্দে—কপটতা, প্রতিষ্ঠাশা-শব্দে—নির্জ্জনভজনাদি বা দুষ্কৃতি দ্বারা 'নির্ব্বোধ লোক আমাকে একজন বড় সাধু বা মোহান্ত বলুক' এইরূপ জড়ীয় সম্মানাদির আশা, অথবা বিষয়ভোগক্রমে স্বার্থপূরণোদ্দেশে কাঠিন্যপ্রাপ্ত হৃদয়ে কৃত্রিম বিকারাদি ভাবাভাস প্রদর্শনদ্বারা 'ভক্ত' বা 'অবতার' সাজিবার আশা, জীবহিংসা শব্দে শুদ্ধভক্তি-প্রচারে কুণ্ঠা বা কৃপণতা, মায়াবাদী কর্ম্মী ও অন্যাভিলাষীকে প্রশ্রয় দেওয়া বা তাঁহাদের মন রাখিয়া কথা-বলা, লাভ পূজা-শব্দে ধর্ম্মের নামে হরিনাম-মন্ত্র বিগ্রহ ও ভাগবতজীবী হইয়া নির্ব্বোধ লোককে ঠকাইয়া ধনাদি অথবা সম্মান-প্রাপ্তি, নিষিদ্ধাচার শব্দে স্ত্রীসঙ্গ এবং কর্ম্মী, জ্ঞানী ও অন্যাভিলাষী প্রভৃতি কৃষ্ণাভক্তের সঙ্গ বুঝায়।

এইরূপে একবার বহুদিনের সঞ্চিত বড় বড় কাঁকর, তৃণ, ধূলিরাশি প্রভৃতি ঝাঁটাইয়া ফেলিয়া দিয়া শ্রীগৌরসুন্দর দুই দুইবার করিয়া মন্দিরের সর্ব্বপ্রান্তে মার্জ্জন ও জলধারা প্রক্ষালন করিবার পর, যদি কোথাও আবার কোন সূক্ষ্ম দাগ লাগিয়া থাকে, তজ্জন্য তিনি নিজের পরিধেয় শুষ্ক বস্ত্রের দ্বারা ঘষিয়া ঘষিয়া শ্রীমন্দির ও ভগবৎপীঠস্থানরূপ সিংহাসন মার্জ্জন করিতে লাগিলেন

এত করিয়া প্রক্ষালন মার্জ্জন-ঘর্ষণাদির পর শ্রীমন্দিরে আর ধূলিকণার লেশ, এমন কি, একটী সূক্ষ্ম দাগও নাই, শ্রীমন্দিরটী স্ফটিকবৎ নির্ম্মল, কেবল তাহাই নহে, আবার সুশীতলও হইল অর্থাৎ সাধকের হৃদয়টী রবিতপ্ত-মরুভূমি সম তাপহীন অর্থাৎ বিষয়ভোগবাসনা-জনিত আধ্যাত্মিকাদি তাপত্রয়ানল জ্বালা-রহিত হইয়াছে। বস্তুতঃ তাঁহার হৃদয় হইতে অন্যাভিলাষ ও কর্ম্ম-জ্ঞান-যোগাদি-চেষ্টারূপা ভুক্তি মুক্তি-কামনা নিদূরিত হইয়া আত্মবৃত্তি শুদ্ধভক্তি প্রকটিত হইলে উহা এইরূপই শান্ত ও সুশীতল হয়।

অনেক সময় সমস্ত কামনা-বাসনা বিদূরিত হইলেও হৃদয়ের কোন কোন অজ্ঞাত কোণে এক একটি সূক্ষ্ম দাগ লাগিয়া থাকে, তাহা নির্ব্বোধ জীব বুঝিতে পারে না; উহাই 'মুক্তিকামনা'। নির্ব্বিশেষবাদীর সাযুজ্য-মুক্তি-কামনা ত' দূরের কথা, অপর চতুর্ব্বিধ মুক্তিকামনারূপ সূক্ষ্মদাগকেও শ্রীমন্মহাপ্রভু স্বীয় বস্ত্রদ্বারা ঘষিয়া উঠাইলেন।

এইরূপে শ্রীগৌরসুন্দর, কিরূপে সাধক স্বীয় হৃদয়কে বৃন্দাবনরূপে পরিণত করিয়া

স্বয়ংই কৃষ্ণের স্বচ্ছন্দ-বিহার-স্থল করিবার জন্য কৃষ্ণপ্রীতিবাঞ্ছার জন্য মহোৎসাহের সহিত উচ্চৈঃস্বরে কৃষ্ণনাম করিতে করিতে কৃষ্ণার্থে স্বহস্তে মার্জ্জন করিবেন, তাহা জীবের মঙ্গলার্থে আপনাকে জীবাভিমান করিয়া জগদ্‌গুরুরূপে স্বয়ং শিক্ষা দিতে লাগিলেন—"যদ্যপ্যন্যা ভক্তিঃ কলৌ কর্ত্তব্যা, তদা কীর্ত্তনাখ্য-ভক্তিসংযোগেনৈব"। মহাপ্রভু প্রতি ভক্তের নিকটে গিয়া হাতে ধরিয়া মন্দির-মার্জ্জন-সেবা শিক্ষা দিতে লাগিলেন। যাঁহার কার্য্য ভাল হইতেছে, তাঁহাকে প্রশংসা এবং যাঁহার সেবা কৃষ্ণবাঞ্ছা পূর্ত্তিকারী শ্রীরাধার ভাবস্ববলিত প্রভুর নিজ-মনোমত হইতেছে না, তাঁহাকেও পবিত্র ভর্ৎসনপূর্ব্বক হাতে ধরিয়া কৃষ্ণসেবা প্রণালী শিক্ষা দিলেন। শুধু তাহাই নহে, চৈতন্য-শিক্ষাষ্টক ভজনকৌশল, অন্যস্থানে ভক্তিযোগযুক্ত তজ্জনের ভক্তগণকে অপর বিমুখ জীবগণের আচার্য্যের কার্য্য করিবার জন্যও আদেশপূর্ব্বক উৎসাহান্বিত করিলেন। আবার যিনি যত বেশী পরিমাণ অন্তর্ব্বাণি হৃদয় হইতে আহরণ পূর্ব্বক পরিষ্কার করিতে সমর্থ হইবেন, তিনি তত বেশী প্রভুপ্রিয় হইবেন এবং যাঁহার অনর্থ-নিবৃত্তি সাধারণ বহিয়াছে, তাঁহার পক্ষে শান্তিস্বরূপ হরিগুরু-বৈষ্ণবসেবাই বিধি বলিয়া নির্দ্দিষ্ট হইল।

শ্রীভক্তিসিদ্ধান্তবাণী

শাস্ত্র বলেন,—দুঃসঙ্গ পরিত্যাগপূর্ব্বক সাধুর আশ্রয়গ্রহণ করা কর্ত্তব্য। যাহারা অসাধুকে সাধু বুদ্ধি বলিয়া ভ্রম করে, তাহারা কামাদিকে হস্তগত ফাঁকি দিবার জন্য অন্ধকারের মধ্যেই পড়িবে। অন্য লোকের আলোচনায় দরকার নাই। তবে শ্রীহরি-গুরু-বৈষ্ণবসেবা করিতে গেলে অন্য-বক-ধার্ম্মিকের কথা আসিয়া পড়ে। যাহা হউক সমস্তই ভগবানের পরীক্ষা। কাল কাল, সমস্তই সম্ভব!

ভক্তিবিদ্বেষী বিবাদগণ সর্ব্বদাই তাহাদের নিজ নিজ খেয়াল অনুসারে গোঁড়ামি করিবে। আমরা তাহা সহ্য করিয়া পৃথক্ থাকিব। শ্রীল বাবাজী মহারাজ ও ঠাকুর ভক্তিবিনোদ সকলের হিতাকাঙ্ক্ষা করিয়াছেন, তাহা ভুলিয়া গিয়া যে সকল ব্যক্তি গুরুদ্রোহাচরণ করে, তাহারা পাপপঙ্কে নিমজ্জিত হইবে।

জগতের লোকেরা কখনই অন্যায় হইতে দিবেন না,—ইহাই আমাদের বিশ্বাস। বিশেষতঃ শ্রীভগবান্ আমাদের মঙ্গলের জন্য সকল বিধান করিয়া থাকেন—ইহা বিশ্বাস করি। নাস্তিকেরা কখনই জগতে প্রতিষ্ঠা লাভ করিতে পারে না। দিনকতক তাহারা লাফালাফি করিয়া পরিশেষে বৈবশ্যসনে ঠাণ্ডা হইয়া যায়। সমস্তই ঈশ্বরের ইচ্ছা।

কোন ধর্ম্মধ্বজী ব্যক্তি ধর্ম্মের উপদেশ দিবেন, ধর্ম্মের ব্যাখ্যা করিবেন, আর আমরা বৈষ্ণবদাস হইয়া তাহার সেই মনকপোল কল্পিত প্রাকৃত সাহজিক ব্যাখ্যা স্বীকার করিব—ইহা কখনই হইতে পারে না। কোন নগর-বিশেষের কেন, পৃথিবীর সকল গ্রামবাসীরাও যদি একযোগে ধর্ম্মধ্বজীর মত সমর্থন করে, তাহা আমরা কোনও দিনই স্বীকার করিতে বা প্রশ্রয় দিতে পারি না।

বৈষ্ণবের ও ভাগবতের গুরুর অবজ্ঞা সহ্য করা কেবলমাত্র পাপ নহে,—আত্মার অধঃপাতকারক অপরাধ,—ইহা আমরা জানি। ইহাতে সমগ্র জগৎ আমাদের বিরোধী হইয়া যাউক, তাহাও আমরা সহ্য করিতে প্রস্তুত থাকিব।

গুরুবর্গের অসম্মাননা দেখিয়া 'গৌড়ীয়-সম্পাদক', 'নদীয়াপ্রকাশ'-সম্পাদকগণ যদি চুপ্ করিয়া বসিয়া থাকেন, তাহা হইলে তাঁহাদের বিশুদ্ধ গুরুসেবার ব্যাঘাত হয়।

আমাদের আদর্শ-চরিত্রে অন্য লোক যাহাতে অন্য প্রকার দর্শন না করে তজ্জন্য আমরা যেন সর্ব্বদা সতর্ক হই। কোমল-শ্রদ্ধগণের প্রতিপদেই বিপদ্। তাঁহারা অন্তর্দর্শী নহেন, কেবল বাহ্যাকৃতি দেখিয়াই বিচার করেন।

আমার পরম শত্রুর মঙ্গল প্রার্থনা ব্যতীত অন্য কোন অভিলাষ আমার না হয়। যে সকল পাষণ্ডের অর্থলোভ আছে, অর্থাৎ যাহাদের অর্থসংগ্রহ করিয়া লাভ-পূজা-প্রতিষ্ঠা ও কনককামিনীভোগে নিযুক্ত করিবার ইচ্ছা আছে, যেন সেই সকল পাষণ্ডের মুখদর্শন আমাকে জীবনের শেষ কয়টা দিন আর করিতে না হয়।

একখানি পত্র

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

সিতাপুর
২৫।৫।৩৯

শ্রীশ্রীবৈষ্ণবচরণে দণ্ডবৎ-প্রণতি পূর্ব্বক নিবেদন,—

* * প্রভো,

আপনার আশীর্ব্বাদ পত্র যথা সময়ে প্রাপ্ত হইয়া সমস্ত অবগত হইলাম। শ্রীগুরুদেব নিত্যসিদ্ধ ব্রজবাসী। আপনারা তাঁহার একনিষ্ঠ সেবক। আপনি শ্রীশ্রীআচার্য্যপাদপদ্ম ও শ্রীপাদ ভক্তিসুধাকর প্রভুর পাদপদ্ম ত্যাগ করিবেন না। আমি যদিও কখন দুর্ভাগ্যবশতঃ তাঁহাদের শ্রীচরণ ত্যাগ করি, কিন্তু তথাপি আপনি তাঁহাদের শ্রীচরণ ত্যাগ করিবেন না; মায়া অতিশয় প্রবল। কখন কোন্ স্রোতে ভাসাইবার চেষ্টা করিবে ঠিক নাই। অতএব আমার কোন কথায় বিশ্বাস না করিয়া শ্রীপাদ ভক্তিসুধাকর প্রভুর আদেশ শিরোধার্য্য করিয়া তাঁহার আনুগত্য করিবেন। তিনি যেখানে যেভাবে রাখেন তথায় সেইভাবে থাকিয়া সেবা করিবেন। তাহাই হরিসেবা। মুক্তপুরুষগণকে চেনা কঠিন। তাঁহারা কখন কি কার্য্য করেন বুঝা যায় না। তাঁহাদের প্রত্যেক কার্য্যই হরিসেবাময়। তাঁহাদের কার্য্যকলাপ বুঝিতে না পারিয়া অপরাধ করিলে নরক অবশ্যম্ভাবী। আচার্য্য-লক্ষণ দেখিয়া আচার্য্য চিনিবার কথা শাস্ত্রে থাকিলেও তাঁহাদের কৃপা ব্যতীত তাঁহাদিগকে চেনা যায় না। ইহাতে সন্দেহ হইলে আমাকে জানাইবেন। মায়া বহুবিধরূপে জাল বিস্তার করিতেছে। আপনি নিজ ভজনোন্নতির চেষ্টা করিবেন। নিত্যস্বরূপপ্রাপ্তির জন্য উদ্‌গ্রীব থাকিতে হইবে। প্রত্যহ আত্মপরীক্ষা করিবেন। কেহ থাকিলে তাঁহার সহিত হরিকথা আলোচনা করিবেন। নতুবা নিজে গ্রন্থাদি আলোচনা করিবেন। অন্তরে কৃষ্ণের সেবার জন্য উদ্‌গ্রীব থাকিবেন। লোক-লোচনে মঠমন্দির যাহা প্রকাশিত হইয়াছেন তাহা কৃষ্ণের ইচ্ছায় প্রকট থাকিতে পারেন, নাও থাকিতে পারেন কিন্তু জীবন্ত মঠমন্দির-স্বরূপ শ্রীল আচার্য্যদেব ও তাঁহার অনুগত জনগণ আছেন ও থাকিবেন। ভক্তিবিনোদ-ধারা নিত্য। বহুজীবের পতন আছেই, তাহা দেখিয়া বিচলিত হইবেন না। বাহিরের মঠমন্দিরের সেবা আচার্য্যের আনুগত্যে হইলেই কৃষ্ণসেবা। নতুবা তাহা কৃষ্ণসেবা নহে,—মায়ার সেবা। আচার্য্যদেবই আমাদিগকে প্রভুপাদের নিকট পৌঁছাইয়া দিতে সমর্থ। এ ক্ষমতা অপরের নাই। ইহা নিশ্চিত ও ধ্রুবসত্য জানিবেন। অতএব গুরুবৈষ্ণবচরণে কৃপা পাওয়ার জন্য অন্তরে নিষ্কপট দৈন্য পোষণ করা দরকার। সকলকে সব কথা বলার দরকার নাই, যদি তাহার অধিকার না হয়। সকলকে আমার দণ্ডবৎ প্রণাম জানাইবেন।

শ্রীভক্তিবিনোদঠাকুরের অপ্রকট মহামহোৎসব

গৌড়ীয়বৈষ্ণবাচার্য্য ও বিষ্ণুপাদ পরমহংস পরিব্রাজকাচার্য্যবর্য্য অষ্টোত্তরশতশ্রী শ্রীশ্রীমদ্ অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী প্রভুপাদের নির্দ্দেশানুসারে গত ১৭ই জুন শনিবার কলিকাতা (বাগবাজার) শ্রীগৌড়ীয়মঠে নিত্যলীলা-প্রবিষ্ট ও বিষ্ণুপাদ সচ্চিদানন্দ শ্রীমদ্ ভক্তিবিনোদ ঠাকুরের পঞ্চবিংশতিতম অপ্রকটতিথিপূজা মহোৎসব হরিকীর্ত্তনমুখে সম্পন্ন হয়।

ঐ দিন মঙ্গলারাত্রিক কীর্ত্তনের পর হইতে আরম্ভ করিয়া সন্ধ্যারাত্রিক পর্য্যন্ত সমস্ত দিন ব্যাপী বিভিন্ন মঠসেবকগণ "ঠাকুর ভক্তিবিনোদ" ও "ভক্তিবিনোদ বাণীবৈভব" গ্রন্থদ্বয় পারায়ণ করেন। মধ্যাহ্নে সেবকগণ একটী উচ্চবেদীর উপর নানা বর্ণের বস্ত্র, পত্র, পুষ্প ও মাল্যাদির দ্বারা ঠাকুরের আলেখ্য অতিসুন্দরভাবে সজ্জিত করেন। সন্ধ্যারাত্রিক কীর্ত্তনের পর মহোপদেশক পণ্ডিত শ্রীপাদ নবীনকৃষ্ণ বিদ্যালঙ্কার প্রভু "শ্রীশ্রীভক্তিবিনোদ-বিরহ" সংখ্যা "গৌড়ীয়" হইতে "শ্রীশ্রীগৌরজনবিরহতিথি" প্রবন্ধ পাঠ করেন। পরে ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিসর্ব্বস্ব গিরি মহারাজ ঠাকুরের জীবনী ও শিক্ষা সম্বন্ধে কিছু বলেন। সভার আদি ও অন্তে মহাজনপদাবলী ও মহামন্ত্র কীর্ত্তন হয়। সভায় বহু শ্রোতা উপস্থিত ছিলেন। সকলকেই বিচিত্র মহাপ্রসাদ বিতরণ করা হয়।

সাত্বতবিধানে শ্রাদ্ধ

গত ১৮ই জুন রবিবার খুলনা জেলার অন্তর্গত বেলফুলিয়া নিবাসী গৌড়ীয়মঠাশ্রিত শ্রীযুত যজ্ঞেশ্বর দাসাধিকারী মহোদয় তাঁহার সহধর্ম্মিণীর শ্রাদ্ধকার্য্য একাদশাহে আকরমঠরাজ শ্রীচৈতন্যমঠে পণ্ডিত শ্রীপাদ মন্মথ-মন্মথ দাস কাব্যতীর্থ মহোদয়ের পৌরোহিত্যে সাত্বতবিধানে সম্পন্ন করিয়াছেন। এতদুপলক্ষে বৈষ্ণব ও ব্রাহ্মণগণকে বিচিত্র মহাপ্রসাদ বিতরণ করা হইয়াছে।

শুদ্ধভক্তি-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠ-শাখা
প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীব্রজপত্তন-ভবনে শ্রীচৈতন্যমঠ, পরবিদ্যা-পীঠ, শ্রীশ্রীরাধাকৃষ্ণ, শ্রীগৌর, গোপাল আচার্য্য চতুষ্টয় বিগ্রহ আছেন। সুপ্রাচীন প্রত্ন-[illegible] 'নদীয়া প্রকাশ' মুদ্রাযন্ত্র আছে।

(২) শ্রীগৌড়ীয়মঠ
১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৫
কলিকাতায় শ্রীভক্তিবিনোদ-আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, সঙ্কীর্ত্তন, প্রচারকবৃন্দ-সেবায় শ্রীমদ্ভাগবতাদি ভক্তিগ্রন্থের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও ত্রৈমাসিক পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়।

(৩) যোগমায়াপুর-পীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমহাপ্রভুর আবির্ভাব ভূমি মহাযোগপীঠ।

(৪) শ্রীবাস-অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৫) অদ্বৈত ভবন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং [illegible] বর্ত্তমান।

(৬) মুরারিগুপ্তের পাট
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৭) কাজি-সমাধি-পাট
প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি।

(৮) [illegible]
শ্রীধাম মায়াপুর

(৯) স্বানন্দ-সুখদ-কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান।

(১০) গৌর-গদাধর-মঠ
চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ জাননগর (বর্দ্ধমান)

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ
মাউগাছি, পোঃ জাননগর, (বর্দ্ধমান)
শ্রীব্যাসাবতার ঠাকুর বৃন্দাবনের স্থান

(১৩) ঋতুদ্বীপ-গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(১৪) জহ্নুদ্বীপ-গৌড়ীয়মঠালয়

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ
গৌড়পুর, নদীয়া

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ
ভাটিপাড়া —(শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৭) কুঞ্জকুটীর
পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

(১৮) ভাগবত-আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৯) একায়নমঠ
গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

(২০) মহেশ-পণ্ডিতের পাট
কাঁঠালপুলি, পোঃ চাকদহ (নদীয়া)

(২১) রাণাঘাট-গৌড়ীয়মঠাশ্রম

(২২) পুরী গৌড়ীয়মঠ
চব্বিশ পরগণা

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ
নারিন্দা পোঃ ওয়ারি, ঢাকা।
পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র।

(২৪) গোপালজীউমঠ
কমলাপুর, পোঃ ঢাকা

(২৫) নিতাই-গৌরাঙ্গ মঠ
পোঃ বালিয়াটি, (ঢাকা)

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ
বড়বাজার, পোঃ ময়মনসিংহ

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া (আসাম)

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ
পোঃ চকচকা, কামরূপ (আসাম)

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
৩নং পাসাং বিল্ডিং, দার্জ্জিলিং

(৩০) সারস্বত-গৌড়ীয়মঠ
পোঃ হরিদ্বার, জিঃ সাহারাণপুর, ইউ, পি

(৩১) পাটনা গৌড়ীয়মঠ
মিঠাপুর পাটনা।

(৩২) গয়া গৌড়ীয়মঠ
[illegible] রোড, গয়া

(৩৩) সনাতন-গৌড়ীয় মঠ
৮।১১ বড় গণেশমহল্লা, বেনারস সিটি

(৩৪) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

(৩৫) পরমহংস মঠ,
পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়
বিশ্রামঘাট, পোঃ মথুরা

(৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,
পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ
কিশোরপুর, বৃন্দাবন

(৩৯) [illegible]-কুঞ্জ
পোঃ রাধাকুণ্ড (মথুরা)

(৪০) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪১) রাধাকুণ্ড গোষ্ঠবাটী

(৪২) শ্রীগোবর্দ্ধনমঠালয়
গোবর্দ্ধন, মথুরা

(৪৩) সঙ্কেত বিহারী মঠ
বর্ষাণা, মথুরা।

(৪৪) নন্দগ্রাম গৌড়ীয়মঠালয়
পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৫) বর্ষাণা গৌড়ীয়মঠালয়
পোঃ বর্ষাণা, মথুরা

(৪৬) গোষ্ঠবিহারী মঠ—নেপালী,
পোঃ [illegible], জেলা গুজরাট (পাঞ্জাব)

(৪৭) ব্যাসগৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

(৪৮) দিল্লী গৌড়ীয় মঠ
৩৩নং [illegible] রোড, নিউ দিল্লী

(৪৯) বোম্বে গৌড়ীয়মঠ
গোয়ালিয়া ট্যাঙ্ক রোড, ক্যাম্বালা হিল রোডে ৭

(৫০) মাদ্রাজ-গৌড়ীয়মঠ
পোঃ রায়পেটা, মাদ্রাজ
শ্রী[illegible] সেবা

(৫১) কভুর গৌড়ীয়মঠ
পোঃ কভুর, জেলা গোদাবরী মাদ্রাজ
শ্রীশ্রীগুরুগৌরাঙ্গ-গান্ধর্ব্বিকা-গিরিধারীর সেবা

(৫২) ব্রহ্মগৌড়ীয়মঠ
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)

(৫৩) পুরুষোত্তম মঠ
চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা

(৫৪) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৫) সীতাকুটী

(৫৬) ত্রিদণ্ডি-গৌড়ীয়মঠ
পোঃ ভুবনেশ্বর, পুরী

(৫৭) সচ্চিদানন্দ মঠ
[illegible], পোঃ কটক (উড়িষ্যা)

(৫৮) বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ

(৫৯) শ্রীব্রহ্মমাধবগৌড়ীয়-প্রচার-মন্দির
পোঃ [illegible], মন্দার

(৬০) ভাগবতজনানন্দ মঠ
চিরুলিয়া, পোঃ [illegible], মেদিনীপুর

(৬১) [illegible] গৌড়ীয়মঠ
পোঃ [illegible], মেদিনীপুর

(৬২) আমলাজোড়া প্রপন্নাশ্রম মঠ
পোঃ রাজবাঁধ (বর্দ্ধমান)

(৬৩) চৈতন্যগৌড়ীয়মঠ
[illegible], পোঃ [illegible], (মালদহ)

(৬৪) রেঙ্গুন গৌড়ীয়মঠ
৭০১ নং [illegible] ষ্ট্রীট, রেঙ্গুন।

(৬৫) লণ্ডন গৌড়ীয়মঠ
ফ্ল্যাট নং ২
৫১, [illegible] রোড
ক্ল্যাপহাম, লণ্ডন, [illegible]

(৬৬) গৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্
১৬।১, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা

(৬৭) গৌড়ীয়মঠ অফিস
[illegible] রোড, [illegible] (ইউ-পি)

(৬৮) শ্রীবিদ্যানিধি গৌড়ীয়মঠালয়
[illegible], চট্টগ্রাম

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত ও
শ্রীমহানন্দ ব্রহ্মচারী ভক্ত্যালোক, ভক্তিশাস্ত্রী কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও ২য় দিনের জন্য	পরবর্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও ২য় দিনের জন্য	পরবর্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে ।০	৷৵০		৷৵০	।০
" ইঞ্চি ২৲			১৷০	১৲
সিকিকলম ৫৲	৪৲			৩৲
অর্দ্ধকলম ৮৲	৬৲		৬৲	৫৲
" এক কলম ১২৲	১০৲		১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিবারে প্রতি ইঞ্চি ৬৲	৪৷০
" সিকি কলম ১৫৲	১২৲
" অর্দ্ধকলম ২৫৲	১৮৲
" এক কলম ৩৫৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৷০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা ৴৫ ; বিশেষ সংখ্যা৷০ তিন আনা।

শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী

শ্রীল প্রভুপাদের চতুঃষষ্টি বর্ষপূর্ত্ত্যাবির্ভাব-তিথিতে শ্রীল আচার্য্যদেবের [illegible] "শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী" প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। ইহাতে পূর্ব্বার্দ্ধ ও উত্তরার্দ্ধ দুইটি বিভাগ আছে। পূর্ব্বার্দ্ধে শ্রীল প্রভুপাদের আদি-প্রবন্ধাবলী শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের সম্পাদিত 'সজ্জনতোষণী' পত্রিকা হইতে, শ্রীল প্রভুপাদের 'নিবেদন' সাপ্তাহিক পত্র প্রভৃতি হইতে কালানুক্রমে প্রয়োজনীয় অর্থের টীকা-সহ প্রকাশিত হইয়াছে। উত্তরার্দ্ধে শ্রীল প্রভুপাদের সম্পাদিত 'সজ্জনতোষণী'র কতিপয় প্রবন্ধ কালানুক্রমে সংকলিত হইয়াছে। প্রবন্ধগুলি রচনাকালের ক্রমানুসারে গ্রথিত হইয়াছে; এতদ্ব্যতীত শ্রীল আচার্য্যদেবের একটি মূল্যবান্ উপোদ্ঘাত ও সঙ্কলনকারীর একটি বিস্তৃত ভূমিকা, শব্দসূচী, স্থান-পাত্র-শ্লোক ও পয়ার-সূচী প্রভৃতি গ্রন্থে সংযোজিত হইয়াছে। গ্রন্থটি উৎকৃষ্ট কাগজে শ্রীল প্রভুপাদের আলেখ্যাদি সহিত মুদ্রিত ও [illegible] বাঁধাই হইয়া প্রকাশিত হইয়াছে। প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, জিলা নদীয়া; শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ও শ্রীমাধ্বগৌড়ীয়মঠ, [illegible], পোঃ [illegible], ঢাকা।

শ্রীল প্রভুপাদের পদ্যপ্রসূন মালা

এই গ্রন্থে ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের রচিত পদ্যাবলী শ্রীল আচার্য্যদেবের বিরচিত "সৌরভ" নামক ভাষ্যের সহিত প্রকাশিত হইয়াছে। শ্রীল প্রভুপাদের অনেক অপ্রকাশিত পদ্য ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ৷০ আট আনা।

শ্রীধাম-মায়াপুরে

—"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট"—

[illegible] উচ্চ ইংরাজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—[illegible], বিদ্যালয় ও বোর্ডিং এর [illegible] খোলা। শিক্ষকগণ [illegible] ও [illegible]। নিরাশ্রয় ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে মাত্র ৬৲ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উচ্চ ফল প্রদর্শন করিতেছে। বর্ত্তমান বর্ষে ১৬ জন বালকের মধ্যে ১৫ জন ভালভাবে উত্তীর্ণ হইয়াছে।

মেধাবী ছাত্রগণের আরও সুবিধা

পরীক্ষায় যাহারা শতকরা ৭৫ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ সচ্চরিত্র বিনয়ী ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউশন
শ্রীচৈতন্যমঠ পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক-সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবনচরিত, [illegible] ও শিক্ষা বিস্তৃতভাবে আলোচিত হইয়াছে। ইহা এক অপূর্ব্ব [illegible] গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

শ্রীচৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত্র বিস্তৃতভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ [illegible] তীর্থ মহারাজ [illegible] ভিক্ষা মাত্র ৪৲ টাকা। প্রাপ্তিস্থান—[illegible], শ্রীমায়াপুর, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীসরস্বতী-সংলাপ

প্রথম খণ্ড

শ্রীশ্রীমদ্ [illegible] গৌড়ীয়াচার্য্য [illegible] পরমহংসকুলচূড়ামণি [illegible] ১০৮শ্রী শ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ [illegible] ও [illegible] পরিপ্রশ্ন [illegible] ও সন্দেহ-নিরাকরণকল্পে যে-সকল [illegible] কীর্ত্তন করিয়াছেন, যাহা তাঁহার প্রকটকালেই 'গৌড়ীয়' সম্পাদক শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি এ প্রভুপাদের শ্রীমুখে শ্রবণ করিয়া [illegible] এবং তাহার কতকাংশ গৌড়ীয়ে প্রকাশিত হইয়াছে, তাহা "শ্রীশ্রীসরস্বতী-সংলাপ" নাম [illegible] শ্রীল প্রভুপাদের 'বক্তৃতাবলী' ও 'পত্রাবলী' আকারে খণ্ডে খণ্ডে প্রকাশিত হইতেছে। বর্ত্তমানে শ্রীল প্রভুপাদের [illegible] প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। বর্ত্তমানকালের বহু [illegible] সমস্যা ও জটিল প্রশ্নের সমাধান ইহাতে পাওয়া যাইবে। ভক্তিপথের পথিকমাত্রেরই এই গ্রন্থ সংগ্রহ একান্ত প্রয়োজন।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্‌শ কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপদেশক পাঠক আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী সম্প্রদায়-বৈভবাচার্য এম-এ মহোদয়ের প্রৌঢ়গবেষণা এবং পরিপক্ব লেখনীর অদ্ভুত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের লীলা-চরিতা-মৃত-পানে ধন্য হউন। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিভিন্ন চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্ত্য যাবতীয় প্রামাণ্য দর্শনের সহিত তুলনা-মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৩০শ অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের শুভাশীঃ মুখবন্ধ (Forward), প্রকাশক ও গ্রন্থকর্ত্তার ভূমিকাদ্বয় (Preaces). বিষয় তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত শব্দার্থ ও সূচীপত্র (Index Glossary) সহ প্রথমখানি প্রকাশিত। ভিক্ষা—১৫. পনর টাকা। প্রাপ্তিস্থান—মান্দ্রাজ গৌড়ীয়মঠ, রায়পেট্টা মান্দ্রাজ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

———:(০):———

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বঙ্গের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু গ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১৪।এনং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

ম্যালেরিয়া পাঁচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাটতি অত্যন্ত অধিক। প্লীহা যকৃৎ সংযুক্ত কালাজ্বর এবং নূতন ও পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। মূল্য ছোট বোতল ৸৵০ দশ আনা, বড় বোতল ১৵০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র

—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা

অথবা

পাল পোড়াগাছা, ২৪ পরগণা

'ঠাকুর ভক্তিবিনোদ'

———:(০):———

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি-প্রচারের মূল মহাজন সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অভিনব জীবনচরিত এতাবৎকাল পর্য্যন্ত গ্রন্থাকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয়মঠাচার্য্যবর্য্যের অনুজ্ঞায় সর্ব্ববিদ্যাবিভূষিত সুলেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীযুৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু মূল্যবান শিক্ষাবলীও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১১০ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৮০ আনা; ডাক মাশুল স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান— ম্যানেজার গ্রন্থবিভাগ

শ্রীগৌড়ীয়মঠ

পোঃ বাগবাজার

কলিকাতা

ই. বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	৪-৩৩	৬ ২৩	৭-০৬	১২-২৩	১৪-৫৩	১৬-৫৬	১৭-৫৩	২২-২৩
রাণাঘাট পৌঃ			৮-২৮	১৪-১৫				
(বদল) ছাঃ			৯-৩৪	১৪-৫০				
কৃষ্ণনগর পৌঃ	৭-১	৮ ৪৫	১০-৮	১৫-২৩	১৭-২৮	১৯-০৮	২০-১৩	১-১৫
(বদল) ছাঃ	৭-১২		১০-৩১		১৭-৩৬		২০-২৩	
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫১		১১-১০		১৮-১৩		২১-৪	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
রাণাঘাট পৌঃ	১২-৫৫
ছাঃ	১৩-০
শান্তিপুর পৌঃ	১৩-২৩
(বদল) ছাঃ	১৩-৩১ (লাইট্ রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪-১২
ছাঃ	১৪-৩০
নবদ্বীপঘাট পৌঃ	১৫-১০

ডাউন

নবদ্বীপঘাট ছাঃ	৫ ৪৫		৯-১৭		১৩-৩১	১৬-০	১৮-৩১	
কৃষ্ণনগর পৌঃ	৬ ২৩	৯-১৬	৯-৪৮	১১-৪১	১৪-১০	১৬-৩৮	১৯-১১	২১-১০
ছাঃ	৬-৩৩	৭-১৮	১০-১১			১৬-৫৩	১৯-২৫	
রাণাঘাট পৌঃ			১০-৪৬			১৭-৩০		
(বদল) ছাঃ			১১-১			১৭-৪০		
কলিকাতা পৌঃ	৮-১৩	৯-২১	১১-৫১	১২-১৩	১৪-১৩	১৯-১১	২১-৪১	২৩-০৭

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৩-৩১	১৬-০	
কৃষ্ণনগর পৌঃ	১৪-১০	১৬-৩৮	
ছাঃ	১৫-২৮	১৭-৩১	
শান্তিপুর পৌঃ	১৬-৯	১৮-১৪	
(বদল) ছাঃ	১৬-৩৩	১৮-২৫ (রবিবার ভিন্ন)	২০-৪০ (রবিবার)
রাণাঘাট পৌঃ	১৭-১০	১৮-৫০	২১-১৫
(বদল) ছাঃ	১৭-৪৩	১৯-১৪	২১-৫০
কলিকাতা পৌঃ	১৯-১১	২০-৪০	২৩-০৭

পোঃ—শ্রীমায়াপুর
টেলিগ্রাফ—'শ্রীধাম
শ্রীমায়াপুর'

REGD NO C 1544

দৈনিক নদীয়াপ্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়াজেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৪শ খণ্ড | শ্রীমায়াপুর— ৯ই আষাঢ় ১৩৭৬, ২৪শে জুন, ১৯৬৯ · শনিবার | ৯৯শ সংখ্যা

বিবিধ সংবাদ

যুক্তপ্রদেশ প্রস্তাবিত আইন

বৈদিশালে গবর্ণমেন্ট ও অধিবাসীদের মধ্যে প্রস্তাবিত আইন সম্পর্কে পুনরায় আলোচনা আরম্ভ হইয়াছে। অধিবাসীগণ একটি আপোষ আলোচনা কমিটি নিযুক্ত করিয়াছেন এবং মন্ত্রীর ঘরে ও স্বরাষ্ট্র ইংরেজ প্রভৃতি উপদেষ্টাগণ কমিটিকে সাহায্য করিতেছেন। আপোষ-আলোচনা কমিটি এবং প্রধান মন্ত্রীর মধ্যে যে আলোচনা হইয়াছে, তাহা গোপন রাখা হইয়াছে। তবে এইরূপ জানা গিয়াছে যে, পার্লামেন্ট এবং ব্যবস্থাপক সভায় যে প্রস্তাবিত বিল পাশ করা হইয়াছে, তাহার অমূল পরিবর্তন সম্পর্কে অধিবাসীগণ ব্যাপক দাবী করিয়াছেন। অধিবাসীগণ কংগ্রেস কর্তৃপক্ষকে এই বিষয়ে হস্তক্ষেপ করিতে অনুরোধ করেন এবং কংগ্রেস কর্তৃপক্ষ একটা মাঝামাঝি আপোষ রফা করিতে প্রস্তুত ছিলেন।

কিন্তু যুক্তপ্রদেশের প্রকৃত সমস্যা যেরূপ অদ্ভুত রকমের তাহাতে গবর্ণমেন্ট প্রস্তাবিত বিলের গুরুত্বপূর্ণ অংশ সম্পর্কে কোনপ্রকার সংশোধন করিতে রাজী হইবেন কিনা তাহা বলা কঠিন। তাহা করিতে গেলে যুক্তপ্রদেশের ব্যবস্থা মহল হইতে প্রবল প্রতিবাদ আসিবে। কারণ বামপন্থগণ প্রস্তাবিত বিলের পরিবর্তন ভাব দেখিয়া পূর্ব হইতেই অসন্তুষ্ট হইয়া আছেন। সুতরাং রাজনৈতিক মহল আপোষ মীমাংসার কোন সম্ভাবনা দেখিতেছেন না। অতএব বৈদিশালে সংশোধন সম্পর্কে নৈরাশ্যজনক সংবাদই পাওয়া যাইতেছে।

কর্ণওয়ালিশ ষ্ট্রীটে মোটর দুর্ঘটনা

সোমবার রাত্রি ১টার সময় কর্ণওয়ালিশ ষ্ট্রীট শ্রীমানী মার্কেটের সম্মুখে পঞ্চাশ বৎসর বয়স্ক একজন লোক মোটর চাপা পড়ে। লোকটিকে বাঙ্গালী হিন্দু বলিয়া মনে হয়।

আহত ব্যক্তিকে অবিলম্বে মেডিক্যাল কলেজ হাসপাতালে এম্বুলেন্সে স্থানান্তরিত করা হয়। হাসপাতালে ভর্ত্তি করাইবার পরেই লোকটি মারা যায়।

পরের ফটো গ্রহণ করিয়া শব ব্যবচ্ছেদ পরীক্ষার জন্য উহা শব ব্যবচ্ছেদাগারে প্রেরণ করা হয়।

জোড়াসাঁকো পুলিশ ঐ দুর্ঘটনার সম্পর্কে তদন্ত করিতেছে। লোকটির সনাক্তকরণ সম্পর্কে সংবাদ কেহ জানিলে তাহা উক্ত থানায় জানাইবার জন্য পুলিশ অনুরোধ জানাইয়াছে। মৃতের ফটো থানায় দেখিতে পাওয়া যাইবে।

কুষ্টিয়ার পল্লীতে ডাকাতি

কুষ্টিয়া মহকুমার অধীন কুমারখালি থানার অন্তর্গত তালুকা গ্রামে গুরুদাস কুণ্ডু নামক জনৈক গৃহস্থের বাটীতে কয়েকদিন হইল এক ডাকাতি হইয়া গিয়াছে।

প্রকাশ, গভীর রাত্রিতে ১০।১২ জন লাঠিধারী ডাকাত আসিয়া গৃহস্বামীর নিকট চাবি চাহে ও নির্দ্দয়ভাবে প্রহার করে। প্রহারে জর্জ্জরিত হইয়া গৃহস্বামী চাবি দিতে বাধ্য হয়। চাবি পাইয়া দস্যুদল বাক্স খুলিয়া নগদ ও অলঙ্কারে সহস্রাধিক মুদ্রা, থালা বাসন এবং চাউলের বস্তা লইয়া উধাও হয়। গৃহস্বামীর চীৎকারে প্রতিবেশীরা ঘটনাস্থলে উপস্থিত হইয়া দস্যুদলের কোনও সন্ধান পায় না। প্রকাশ, সন্দেহক্রমে পাঁচজনকে পুলিশ গ্রেপ্তার করিয়াছে। জোর তদন্ত চলিতেছে। এই ঘটনায় এতদঞ্চলে ভীষণ চাঞ্চল্যের সৃষ্টি হইয়াছে।

শ্রীযুক্ত বিজনকুমার মুখার্জি

৩রা জুলাই কলিকাতা হাইকোর্টের বিচারপতি মিঃ এস কে ঘোষ অবসর গ্রহণ করিবেন। তাঁহার স্থলে উক্ত হাইকোর্টের অতিরিক্ত বিচারপতি মিঃ বিজনকুমার মুখার্জি হাইকোর্টের স্থায়ী বিচারপতি নিযুক্ত হইবেন।

ঢাকায় ভীষণ অগ্নিকাণ্ড

নারায়ণগঞ্জের বেঙ্গল জুট কোম্পানীর গুদামে অগ্নিকাণ্ডের ফলে প্রায় দশ লক্ষ টাকার ক্ষতি হইয়াছে। গুদামটি একেবারে ভস্মীভূত হইয়াছে। গত শনিবার রাত্রে এই দুর্ঘটনা হয়। অগ্নিকাণ্ডের কারণ জানা যায় নাই।

চক গবর্ণমেন্টের বন্দিগণ

ভূতপূর্ব চেক-শ্লোভাক গবর্ণমেন্ট কর্তৃক রাজনৈতিক অপরাধে দণ্ডিত অনেকের .ব সকল অভিযোগ গঠিত হইয়াছিল, বেন রিটেন উহাদের সকলের মুক্তির আদেশ দিয়াছেন। বোহেমিয়া ও মোরাভিয়ার রাজনৈতিক বন্দিগণও সর্ব্ব সাপেক্ষভাবে এই আদেশের আমলে আসিবে। কেবলমাত্র জার্মাণ রাষ্ট্রদ্রোহিগণ এই আদেশের আমলে আসিবে না।

ইবনসৌদের সহিত ব্রিটেনের বন্ধুত্ব-সম্বন্ধ

লোহিত সাগরের উপকূলবর্তী অঞ্চল হইতে তৈল সরবরাহ সম্পর্কে সুবিধা লাভের উদ্দেশ্যে ব্রিটেন রাজা ইবনসৌদের সহিত কথাবার্ত্তা চালাইতেছেন। এই সম্পর্কে ইবনসৌদের সেক্রেটারী ব্রিটেনের অতিথি হিসাবে বাকিংহাম প্যালেসে অবস্থান করিতেছেন। জাপানীর সহায়তায় ইবনসৌদ নিজ সামরিক শক্তিকে আধুনিক প্রথায় সজ্জিত করিয়া লইতে সমর্থ করিতে চাহেন, তদুপরি রাজ্যের বিস্তার সাধন করিয়া লইবার মতলবও তাঁহার আছে। প্যালেষ্টাইনের অবস্থা দৃষ্টে বৃটেন অপেক্ষা জাপানীদের নিকট হইতেই অধিকতর সাহায্য পাইবেন বলিয়া তিনি আশা করেন।

দারকেশ্বরের সেতু ভগ্ন

বিষ্ণুপুর মহকুমার সংলগ্ন দারকেশ্বর নদীর উপর যে অস্থায়ী সেতু ছিল, তাহা ১৭ই জুন প্রবল বন্যার ফলে ভাঙ্গিয়া গিয়াছে।

গৌড়ীয়ের অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল সরস্বতীঠাকুরের পরিব্রাজকবর্গ গোস্বামী মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক। প্রতি একাদশীতে প্রকাশিত হয়। কলিকাতা বাগবাজারস্থ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। সডাক ভিক্ষা ৪৷০ টাকা মাত্র।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৷০ টাকা মাত্র।

৩। ভাগবত—হিন্দিভাষায় একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ টাকা মাত্র

৫। শ্রীগৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ মাত্র।

পরমগুরু শ্রীগৌরকিশোর

গৌড়ীয়-সম্পাদক-লিখিত, শ্রীগৌড়ীয়মঠাচার্য্যের ভূমিকা-সম্বলিত, বহুচিত্র-শোভিত ও বিশদ সূচী সম্বলিত "পরমগুরু শ্রীগৌরকিশোর" গ্রন্থরাজ প্রকাশিত হইয়াছেন। এই গ্রন্থে শুদ্ধ-গৌড়ীয়বৈষ্ণবগণের পরমারাধ্য, গৌড়ীয়গৌরবশিখামণি অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ নিত্যলীলাপ্রবিষ্ট পরমহংস ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল গৌরকিশোরদাস গোস্বামী প্রভুবরের আলেখ্য চরিতকথা বর্ণিত হইয়াছে।

শ্রীশ্রীভক্তিবিনোদাবির্ভাব-শতবর্ষপূর্ত্তিতিথিপূজার উপায়ন-গ্রন্থমালা

———::(০)::———

১। গীতিসাহিত্যে শ্রীভক্তিবিনোদ

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র গীতিসাহিত্যের সমালোচনা-গ্রন্থ)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

২। শ্রীভক্তিবিনোদবাণীবৈভব

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের রচনামৃতসাগর হইতে আহৃত ১০৮টি অধ্যায়ে সম্বন্ধ-অভিধেয়-প্রয়োজনাকারে গ্রথিত অমূল্য উপদেশপূর্ণ গ্রন্থ)

ভিক্ষা—৩৲ তিন টাকা মাত্র।

৩। শ্রীশ্রীভক্তিবিনোদ-প্রসঙ্গ

ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ ও ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল জগন্নাথদেবের পরিব্রাজক গোস্বামীপ্রভু-বিরচিত এবং গৌড়ীয়ে প্রকাশিত শ্রীশ্রীভক্তিবিনোদ-চরিত-প্রসঙ্গ

ভিক্ষা—৷৶০ ছয় আনা মাত্র।

৪। ছাত্রদের ভক্তিবিনোদ

(ছাত্রদের উপযোগী ভাষায় লিখিত শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্র ও শিক্ষা)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

(ছাত্রদের পক্ষে ভিক্ষা—৷০ আট আনা মাত্র)

প্রাপ্তিস্থান :—

(১) 'ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট', পোঃ শ্রীমায়াপুর, নদীয়া ;

২) শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ;

৩ শ্রীযুক্ত ভূপতিরঞ্জন নাথ এম্‌-এ, বি-এল্‌, পুরাণপল্টন পোঃ রমনা, ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বাঙ্গালা ভাষায় প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবত,—সমগ্র ৪০৲
প্রথম হইতে নবম স্কন্ধ পর্য্যন্ত — ৬৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। ভাষ্যসহ বিরাট শ্রীচৈতন্যভাগবত (যন্ত্রস্থ) ৯৲
৩। ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬
৪। সরস্বতী-জয়শ্রী (যন্ত্রস্থ) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০
৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার দীপিকা ও সংস্কার দীপিকা ১৷০
৯। বৈষ্ণবধর্ম ৪৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ৪৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীমহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ।০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিবর্ত্ত-তত্ত্ব ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষদ্
১৮। ভজন-আলবার
১৯। তত্ত্ববিবেক
২০। গৌড়ীয় গৌরব ৷৶০
২১। গৌড়ীয়শিক্ষা ৷৶০
২২। ভজন রহস্য ।০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা সহ) ২৲
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) ২৲ অবাঁধা) ১৲
২৬। গীতার কেবল বাংলা ভাষা ।০
২৭। [illegible] (সানুবাদ) ২৲
২৮। বেদান্তস্যমন্তক (সানুবাদ) ।০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৸০
৩০। দীপ-দিগ-দর্শন ৶০
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ৷৶০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ।০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶০
৩৫। গীতমালা ৵১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৶০
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৶০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমা ।০
৪০। শরণাগতি ৵০
৪১। গীতাবলী ৵০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
৪৩। সাধনকণা ৵০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ৵
৪৫। নবদ্বীপশতক
৪৬। অর্থপঞ্চক
৪৭। সদাচারস্মৃতিঃ ৹/
৪৮। কল্যাণকল্পতরু (নূতন সংস্করণ) ৵১০
৪৯। অর্চ্চনকণ ৵১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম ও ২য় খণ্ড) ৬৲
৫১। ব্রহ্মসংহিতা ৸
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ-বিনির্ণয় ।০
৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ।০
৫৬। [illegible] ৶০
৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যসহিত) ।০
৫৮। শ্রীভুবনেশ্বর ৶০
৫৯। সিদ্ধান্তদর্পণ ৶০
৬০। সাংখ্যবাণী ৵০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।০
৬২। সিদ্ধান্ত সরস্বতী বিজয়ঃ ।০
৬৩। নবীন শিক্ষাদর্শনম্ ।০
৬৪। তত্ত্বসূত্রম্ ।০
৬৫। সারস্বত শিক্ষাস্তবঃ ৶০
৬৬। গৌড়ীয়মঠপঞ্চিকা ৵০
৬৭। সারার্থবর্ষিণী ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ
৬৯। এ ভিজিট [illegible]
৭০। নামভজন
৭১। বেদান্ত—ইট্‌স্ মরফলজি অ্যাণ্ড অন্টলজি ।০
৭২। রিলেটিভ ওয়ার্ল্ড্‌স ৷৶০
৭৩। লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস অব শ্রীচৈতন্য মহাপ্রভু ।০
৭৪। বৈষ্ণবীজম ।০
৭৫। [illegible] গৌড়ীয়মঠ [illegible] ৵০
৭৬। দি ভাগবত ।০
৭৭। [illegible] অ্যাণ্ড আনব্যালেন্সড ডিভোশন ।০
৭৮। [illegible]
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (প্রথম খণ্ড) ১৫৲

উড়িয়া ভাষায় প্রকাশিত

৮০। [illegible] ।০
৮১। সাধন-পথ ।০
৮২। কল্যাণ-কল্পতরু ৵০
৮৩। গীতাবলী
৮৪। শরণাগতি ৵০

আসামী ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ৵০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া ও শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

একমাত্র পারমার্থিক দৈনিক পত্র

শ্রীধাম-মায়াপুর-নদীয়া

১৪শ বর্ষ | ২২ বামন ৪৫৩ গৌরাব্দ, ৯ই আষাঢ় বঙ্গাব্দ ১৩৪৬, ২৫শে জুন ১৯৩৯, রবিবার ১১৭ সংখ্যা

ভক্তিবিনোদ-বিরহ উৎসব

---ঃ(০)ঃ-

শ্রীবিদ্যাশিল্পি-গৌড়ীয়মঠে

গত ২রা আষাঢ় শনিবার ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী মহারাজের আনুগত্যে শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের পঞ্চবিংশ বিরহ-মহোৎসব সুসম্পন্ন হইয়াছে।

ঐ দিবস প্রাতঃ ৪। ঘটিকা হইতে গুর্বষ্টক, পঞ্চতত্ত্ব ও গুরুবন্দনা ইত্যাদি মহাজনপদাবলী কীর্ত্তন আরম্ভ হয়। অপরাহ্ণ ৫ ঘটিকায় একটী মহতী সভা আহূত হয়। মঠোপদেশক শ্রীপাদ [illegible] ভক্তিশাস্ত্রী এম এ,বি-এল, শ্রীপাদ অপ্রাকৃত সেবাকোবিদ এবং শ্রীপাদ অনাদিকৃষ্ণ ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী মহোদয় জীবতত্ত্ব, গুরুতত্ত্ব, সম্বন্ধ এবং আমায়বাদ সম্বন্ধে বক্তৃতা প্রদান করিয়া সজ্জনবৃন্দের চিত্তাকর্ষণ করেন। সভার আদি ও অন্তে মহাজনপদাবলী কীর্ত্তন হয়। সভাভঙ্গের পর প্রায় ৫০০ শত লোককে বিচিত্র মহাপ্রসাদ বিতরণ করা হয়। তন্মধ্যে কতিপয় বিশিষ্ট ভদ্রলোকের নাম প্রদত্ত হইল।

রায় বাহাদুর উপেন্দ্রলাল রায় এম-এ, বি-এল, শ্রীযুত ধীরেন্দ্রচন্দ্র বসু উকিল, শ্রীযুত বি, নন্দী (প্রোপ্রাইটার বি নন্দী এণ্ড কোং), শ্রীযুত বি, চন্দ্রমোহন উকিল, (জমিদার ও ব্যাংকার), শ্রীযুত নবীনচন্দ্র ঘোষ কবিরাজ, শ্রীযুত সুরেশচন্দ্র রায় উকিল, মিসেস্ ডি, মুখার্জি লেডি ডাক্তার প্রভৃতি।

ময়মনসিংহে

ময়মনসিংহ শ্রীজগন্নাথ-গৌড়ীয়মঠের সেবকবৃন্দ শ্রীল আচার্য্যদেবের আনুগত্যে গত ১৭ই জুন শনিবার ঠাকুর ভক্তিবিনোদ-অপ্রকটতিথিপূজা মহাসমারোহে হরিকীর্ত্তনমুখে সুসম্পন্ন করিয়াছেন।

মঙ্গলারাত্রিক কীর্ত্তনের পর গুরুবন্দনা, গুর্বষ্টক, পঞ্চতত্ত্ব, 'শ্রীমদ্ভক্তিবিনোদবন্দনম্' এবং 'যে আনিল প্রেমধন করুণা প্রচুর', প্রভৃতি মহাজনপদাবলী কীর্ত্তিত হইলে পর শ্রীচৈতন্যভাগবত পাঠ হয়। অনন্তর মহামন্ত্রকীর্ত্তনমুখে শ্রীমন্দিরপরিক্রমা করা হয়।

সন্ধ্যারাত্রিকের পূর্ব্বে নাট্যমন্দিরে মঞ্চোপরি শ্রীশ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের আলেখ্য স্থাপনপূর্ব্বক নানাবিধ মূল্যবান্ বস্ত্রাদি, সুগন্ধি পুষ্পমালা এবং বৈদ্যুতিক আলোকমালার দ্বারা সুশোভিত করা হয়। অনন্তর সন্ধ্যারাত্রিকের পর যথারীতি কীর্ত্তনান্তে ঠাকুরের অভিমর্ত্ত্য চরিত্র এবং 'ঠাকুরের দান' সম্বন্ধে একটী মহতী সভাতে বহু কথা কীর্ত্তন হয়। শ্রীপাদ উৎক্রম দাসাধিকারী প্রভু ও শ্রীপাদ হরীন্দু ব্রহ্মচারীজী ঠাকুরের গুণাবলী কীর্ত্তন করেন এবং নদীয়াপ্রকাশ ও গৌড়ীয় হইতে ঠাকুরের বিষয় পাঠ করেন। বক্তৃতান্তে 'হরি হরি, কবে মোর হবে হেন দিন' মহাজন পদাবলী ও গোপীনাথের বিজ্ঞপ্তি প্রভৃতি এবং মহামন্ত্র কীর্ত্তন হয়। সভায় সমাগত প্রায় দেড়শত ব্যক্তিকে চতুর্ব্বিধ রসসমন্বিত বিচিত্র মহাপ্রসাদ বিতরণ করা হয়।

গয়ায়

শ্রীল আচার্য্যদেবের আনুগত্যে গত ১৮ই জুন, ২রা আষাঢ় রবিবার গয়া শ্রীগৌড়ীয়মঠে ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের অপ্রকট মহোৎসব হরিকীর্ত্তন মুখে যথাবিধি অনুষ্ঠিত হইয়াছে।

ঐ দিবস প্রাতে মঙ্গল আরাত্রিকের পর গুরুবন্দনা ও মহাজনপদাবলী কীর্ত্তন করা হয়। শ্রীমদ্‌গোবিন্দ ব্রহ্মচারী ঠাকুরের রচিত শ্রীচৈতন্যশিক্ষামৃত গ্রন্থ পাঠ করেন।

পুনরায় বেলা ১০ ঘটিকা হইতে প্রায় ১২ ঘটিকা পর্য্যন্ত মহাজন পদাবলী কীর্ত্তন হয় এবং দিবসের শেষ বেলা ২টা হইতে ৪টা পর্য্যন্ত 'গৌড়ীয়' ও 'নদীয়াপ্রকাশ' আলোচনা করা হয়।

রাত্রে সন্ধ্যারাত্রিকের পর শ্রীহরিদাস ব্রহ্মচারী গৌড়ীয় ১২ খণ্ড ৩০শ সংখ্যা হইতে "শ্রীল ভক্তিবিনোদ ও বিশ্বশান্তি" শীর্ষক প্রবন্ধ হইতে ঠাকুরের জীবনী, তাঁহার শিক্ষার বৈশিষ্ট্য ও মানবজাতির প্রতি তাঁহার অপূর্ব্ব অবদান সম্বন্ধে অর্থ ও প্রাঞ্জল ভাষায় ব্যাখ্যা করেন। পাঠের আদি ও অন্তে মহাজন পদাবলী কীর্ত্তন করা হয়।

রাত্রি ১০ ঘটিকার পর সমবেত কতিপয় স্থানীয় গৃহস্থভক্ত ও সজ্জন ব্যক্তিকে বিচিত্র মহাপ্রসাদ বিতরণ করা হয়। পরমারাধ্যতম শ্রীশ্রীল আচার্য্যপাদপদ্মের অহৈতুকী কৃপায় উৎসবটী সুচারুরূপে সম্পন্ন হইয়াছে।

প্রত্যহ সন্ধ্যারাত্রিকের পর শ্রীহরিদাস ব্রহ্মচারী শ্রীচৈতন্যভাগবত অথবা শ্রীচৈতন্যচরিতামৃত পাঠ ও ব্যাখ্যা করেন।

চট্টগ্রামে প্রচার

চট্টগ্রাম কদুরখিল নিবাসী শ্রীযুক্ত সত্যরাম চৌধুরী মোক্তার ও শ্রীযুক্ত ভক্তিভূষণ চৌধুরী প্রমুখ সজ্জনবৃন্দের একান্ত আগ্রহ ও আহ্বানে চট্টগ্রাম শ্রীপুণ্ডরীক গৌড়ীয়মঠের সেবক শ্রীপাদ অনাদিকৃষ্ণ ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী মহোদয় [illegible] ব্রহ্মচারী ও [illegible] ১০ই [illegible] তারিখে তথায় প্রচারার্থ গমন করিয়াছিলেন। অধ্যাপক শ্রীপাদ সুন্দর [illegible], শ্রীপাদ চৈতন্যচরণ দাসাধিকারী ও শ্রীপাদ জগমোহন দাসাধিকারী প্রভৃতি ভক্তগণ আসিয়া প্রচারকগণের সঙ্গে যোগদান করিয়াছিলেন। ১০ই তারিখে সন্ধ্যায় শ্রীযুক্ত [illegible] চৌধুরী মহাশয়ের বাটীতে [illegible] পাঠ হইয়াছিল। ১১ই তারিখে সন্ধ্যায় স্থানীয় 'সমবায়' ভবনে প্রথমে 'মানবজীবনের কর্ত্তব্য' বিষয়ে প্রায় ২ ঘণ্টাকাল বক্তৃতার পর ছায়াচিত্রযোগে বক্তৃতা হয়। সভায় বহু বিশিষ্ট লোক উপস্থিত হইয়াছিলেন।

শ্রীযুক্ত বিধুভূষণ চৌধুরী বি এ, হেড-মাষ্টার কদুরখিল হাইস্কুল, শ্রীযুক্ত [illegible] নাগ এম-এ, বি টি হেডমাষ্টার [illegible] হাইস্কুল, শ্রীযুক্ত [illegible] চৌধুরী বি-এ শিক্ষক কদুরখিল হাইস্কুল, শ্রীযুক্ত সুধাংশুবিমল দাস বি-কম্, শ্রীযুক্ত [illegible] চৌধুরী বি এ, শ্রীযুক্ত [illegible] দাস বি এ, শ্রীযুক্ত মণীন্দ্রলাল চৌধুরী বি এ, শ্রীযুক্ত হরিকৃষ্ণ চৌধুরী বি-এ, শ্রীযুক্ত যোগেন্দ্রকিশোর চৌধুরী বি-এ, শ্রীযুত [illegible]কুমার নাগ বি-এ, শ্রীযুক্ত সুরেন্দ্রলাল দাস মোক্তার, শ্রীযুক্ত সত্যরাম চৌধুরী মোক্তার, পণ্ডিত শ্রীযুক্ত ত্রিপুরাচরণ তর্করত্ন, কবিরাজ শ্রীযুক্ত অপর্ণাচরণ চক্রবর্ত্তী প্রভৃতি।

মায়াপুরে কল্যাণ [illegible]। বায়ু-গুরু-কৃপা বিনা না [illegible]।

"মহান্ত গুরুদেবকে ভগবান্ হ'তে অভিন্ন, ভগবানের প্রকাশমূর্ত্তি না হলে কোনও দিন ভগবানের নাম [illegible] হ'ত না। সাক্ষাৎ ভগবানকে যেরূপ বিচার করবে গুরুদেবকেও সেরূপ বিচার করবে, কোন ভাবে নর মনে করবে না।"

(শ্রীল প্রভুপাদ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

২২ বামন [illegible] ক্ষীরোদশায়ী গৌরাব্দ ৪৫

ব্রহ্মচর্য্য পালন করিতে হইবে

ব্রহ্মচর্য্য পালনের ব্যবস্থা আবহমান-কাল হইতেই চলিয়া আসিতেছে। কিন্তু দুঃখের বিষয় আজকাল ব্রহ্মচর্য্য-পালন বিষয়ে লোকেই উদাসীন। [illegible] হইয়া পড়িয়াছে। তাই [illegible] অকালে মৃত্যুমুখে পতিত, মুখে হাসি নাই, বলে শক্তি নাই, উৎসাহ নাই। ব্রহ্মচর্য্যহীন [illegible] ব্যক্তিগণের আর [illegible] নাই। অতীতের প্রধান যুগ [illegible] ব্রহ্মচর্য্য-পালন যেখানে নাই, স্বেচ্ছাচারিতা বা [illegible] ও [illegible] চলিতেছে, [illegible] চেষ্টা বা [illegible] যেখানে নাই, [illegible] চেষ্টা কই, যেখানে [illegible] হইবে? যদি যেখানে [illegible] যেখানে [illegible] সেখানে [illegible] কোথায়? এ সকল বিষয় [illegible] আলোচনা করা উচিত নহে কি?

ব্রহ্মচর্য্য [illegible] সাধারণ লোক বীর্য্য-ধারণ বা স্ত্রী-মৈথুন-বর্জ্জনকেই বুঝিয়া থাকে। [illegible] দর্শন, স্পর্শন, কেলি, প্রেক্ষণ, গুহ্যভাষণ, সঙ্কল্প, অধ্যবসায় ও ক্রিয়ানিষ্পত্তি এই আটপ্রকার মৈথুন। এই অষ্টাঙ্গ-মৈথুন-বিরহিতই ব্রহ্মচর্য্য। সাধারণ লোকের ব্রহ্মচর্য্য সম্বন্ধে এই পর্য্যন্তই ধারণা। কিন্তু ব্রহ্মচর্য্যের গূঢ় অর্থ [illegible] না [illegible]। পরব্রহ্ম [illegible] ব্রহ্মচর্য্য। [illegible] ব্রহ্মচর্য্য নহে, এই [illegible] নিত্য। [illegible] নাই। এক টাকার মধ্যে যেমন তাহার টাকা অন্তর্গত আছে, সেইরূপ এই [illegible] সাধারণ [illegible] আনুষঙ্গিক-ভাবে [illegible]।

[illegible] ব্রহ্মচর্য্য পালন [illegible] না। [illegible] এই [illegible] পালন করিতে পারে না। [illegible] ব্যতীত অন্য [illegible] যতক্ষণ [illegible] নিরন্তর পালন করা না যেন, ততক্ষণ কিছুতেই শুদ্ধ হইবে না। বাহ্যবিষয়ে [illegible] না হইলে কাহারও কি করিয়া পবিত্র হইবে? [illegible] হরিকথা-শ্রবণ-[illegible] ব্যবস্থা করিয়াছেন।

[illegible] পরিয়াছেন, তাঁহাদের [illegible] বাহ্য আবেশ উঁহাদের দেহের কোন বেগ থাকে না। [illegible] ভগবৎসেবা করিয়া সার্থক হয়। [illegible] জীবনযাপন করিতে [illegible], তাহা হইতেই [illegible] ব্রহ্মচর্য্য পালন করা হয়। [illegible] ব্রহ্মচর্য্য রক্ষিত হয় না। আমরা যেন [illegible] ছাড়িয়া [illegible] না হই। [illegible] যেখানে [illegible] নাই, অথচ [illegible] ব্রহ্ম-[illegible], দুঃখের [illegible] যেখানে, সেখানে আমার [illegible] কোথায়?

[illegible] অনেকে সহস্র সহস্র বৎসর ব্রহ্ম বা [illegible] পরে [illegible] পাল্লায় পড়িয়া তাহা রক্ষা করিতে পারেন নাই, এরূপ দৃষ্টান্তও যথেষ্ট পাওয়া যায়। ভগবৎসেবার কথা না থাকায় তাঁহাদের [illegible] কোন [illegible]।

[illegible] ২রা আষাঢ় শনিবার শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের পঞ্চবিংশতিতম বিরহ-মহোৎসব উপলক্ষে স্বামীজী মহারাজের নির্দ্দেশক্রমে উচ্চকীর্ত্তন, শ্রীচৈতন্যভাগবত পারায়ণ ও চৌপ্রহরী কীর্ত্তন হয়। পরে সমাগত ভক্তবৃন্দকে মহাপ্রসাদ বিতরণ করা হয়। স্বামীজী বেলা ৩ ঘটিকা হইতে ৫ ঘটিকা পর্য্যন্ত ইটখোলা এবং ৫ ঘটিকা হইতে ৯ ঘটিকা পর্য্যন্ত শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের পদাবলী কীর্ত্তন করেন এবং রাত্রি ৯ ঘটিকা হইতে ১১ ঘটিকা পর্য্যন্ত '[illegible]' হইতে শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের কথা পাঠ করেন। পরে মহাপ্রসাদান্তে কীর্ত্তনান্তে সমাগত ভক্ত ও [illegible] বিচিত্রপূর্ণ মহাপ্রসাদ বিতরণ করা হয়। শ্রীযুত নারায়ণদাস অধিকারী মহাশয় উৎসবের সমস্ত ব্যয়ভার বহন করেন। তাঁহার নিকটও সেবাচেষ্টা প্রশংসনীয়।

———

সারকথা

—[illegible]—

সকলের প্রভু কে ?

একলে ঈশ্বর কৃষ্ণ আর সব ভৃত্য।
যারে যৈছে নাচায় সে তৈছে করে নৃত্য॥
এক কৃষ্ণ সর্ব্বসেব্য জগৎ-ঈশ্বর।
আর যত সব তাঁর সেবকানুচর॥
(চৈঃ চঃ)

কৃষ্ণ হইতেও বড় কে ?

কৃষ্ণের সমতা, হইতে বড় ভক্তপদ।
আত্মা হৈতে কৃষ্ণের ভক্ত হয় প্রেমাস্পদ॥
আত্মা হৈতে কৃষ্ণ ভক্তে বড় করি মানে।
ইহাতে বহুত শাস্ত্র-বচন-প্রমাণে॥
(চৈঃ চঃ)

দুর্ল্লভ হইতে দুর্ল্লভ কি ?

সংসারে দুর্ল্লভ এই মানুষের জন্ম।
তাহাতে দুর্ল্লভ কৃষ্ণভক্তির মর্ম্ম॥
বড়ই দুর্ল্লভ তাহে ভক্তসঙ্গ।
মানুষের এ দেহ ছিলেক বা ক্ষণ॥
(চৈঃ চঃ)

আচার্য্য [illegible]

[illegible] কি ?

[illegible]।
[illegible]॥
(চৈঃ চঃ)

[illegible] কি ?

[illegible]
[illegible]
(চৈঃ চঃ)

[illegible]

[illegible]

[illegible]

[illegible] ও [illegible] ?

[illegible]
[illegible]
[illegible]
[illegible]
[illegible]

[illegible] কি ?

[illegible]
[illegible]
[illegible]

[illegible] কি ?

[illegible]
[illegible]
তার মধ্যে [illegible]।
নিরপরাধে নাম [illegible]॥
(চৈঃ চঃ)

মনুষ্যের [illegible] ছাড়ান না যায়। সাধু-গুরু-কৃপা বিনা না [illegible]॥

"ভোগী ও ত্যাগী—উভয়েই বদ্ধ। মুক্ত—নিত্য কৃষ্ণসেবাপর। কেবল সাক্ষাৎকার ও স্মৃতি—এই দ্বিধ ভূমিকায় তাঁহার সেবা সংঘটিত হয়, শ্রীকৃষ্ণ আমাদিগকে যখন যে ভাবে রাখেন, তাহাই আমাদের শিরোধার্য।"

(শ্রীল প্রভুপাদ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

২৭ বামন [illegible] গৌরাব্দ ৪৪৮

পাপ ও অপরাধ

অপরাধ ও পাপ দুইটী পৃথক্ বস্তু। পাপ সাধারণ প্রায়শ্চিত্তে ক্ষয় হয়, কিন্তু অপরাধ সহজে যায় না। পাপের ফল দেহ পরিস্ফুট হয় এবং মন তাহা ভোগ করে, আর অপরাধ হইলে আত্মার অধঃপতন হয়, [illegible] সম্পূর্ণ পৃথক্ [illegible] হরিভজন হইতে নিরবকাশ বঞ্চিত থাকে। অগ্নি সংযোগে শুষ্ক তৃণ যেরূপ ভস্মীভূত হয়, তদ্রূপ বহু জন্মার্জ্জিত পাপরাশি ভগবানের নামাভাসে ক্ষয়প্রাপ্ত হয়। সুতরাং পাপের নিষ্কৃতির উপায় আছে। ভগবানের চরণে অপরাধ করিলে তাঁহার নামাশ্রয়ে পাপীর পাপ নষ্ট হয়, কিন্তু ভগবদ্ভক্তের চরণে অপরাধ করিলে তাহা হইতে এড়ান যায় না। যে ভক্তের চরণে অপরাধ হয়, তাঁহার নিকট ক্ষমাভিক্ষা পূর্ব্বক তাঁহার আশ্রয় গ্রহণ করিলে অপরাধ খণ্ডন হয়, তদ্ব্যতীত অন্য কোনও উপায় নাই।

যে বৈষ্ণবস্থানে অপরাধ হয় যার।
পুনঃ সে ক্ষমিলে সে ঘুচে, নহে আর॥

বৈষ্ণবকে অনাদর ও অসম্মান করিলে অপরাধ হয়। এই বৈষ্ণব-অবমাননা অপেক্ষা আর অধিক অপরাধ জীবের পক্ষে সম্ভব হয় না। মানুষ বিদ্যা, জাতি, রূপ ইত্যাদির গর্ব্বে গর্ব্বিত হইয়া বৈষ্ণব চিনিবার চেষ্টা করে, ফলে তাহার বৈষ্ণবের

কৃষ্ণকৃপা উপলব্ধি করিতে হইবে

এ জগতের প্রায় সকলেই ভীত ও সন্ত্রস্ত। কিন্তু ভক্তগণ কাহাকেও ভয় করে না। ভগবানে আশ্রয় পাইয়া তাঁহারা নির্ভীক ও নিশ্চিন্ত। অখিল জগতে তাঁহারাই—কেবল তাঁহারাই নির্ভয়। এতদ্ব্যতীত আর কেহই নির্ভয় নহেন। স্বয়ং ভয়ও যাঁহাকে ভয় করে, সেই ভগবানের ভক্তগণের আবার ভয় কিসের? সুদর্শনরক্ষিত ভক্তগণের আবার চিন্তা কিসের? কৃষ্ণবিস্মৃতেরই যত ভয়—যত অশোক—যত চিন্তা। হায় রে দুর্দ্দৈব, সেই গুরুপাদপদ্মকে ভুলিয়া অন্যাসক্ত হওয়াই

প্রতি দিনে আমরা উপস্থিত হই। এই বিদ্বেষভাব পোষণের ফলে জীব অনন্তকাল দুর্দ্দশা ভোগ করে। সাধারণ মনুষ্য ত' দূরের কথা, অপরাধ হইলে দেবতারও নিস্তার নাই।

শূলপাণি সম যদি বৈষ্ণবেরে নিন্দে।
তথাপিহ নাশ পায় কহে শাস্ত্রবৃন্দে॥
ইহা না মানিয়া যে সুজন নিন্দা করে।
জন্ম জন্ম সে পাপিষ্ঠ দৈবদোষে মরে॥

অপরাধ ভীষণ জিনিষ। এই অপরাধ তিন প্রকার—নামাপরাধ, সেবাপরাধ ও বৈষ্ণবাপরাধ। আমাদের যদি বিন্দুমাত্রও অপরাধ থাকে, তাহা হইলে আমরা ভগবানের কৃপা লাভ করিতে সমর্থ হইব না। সুতরাং বৈষ্ণব চিনিতে না পারিয়া যাহাতে আমরা তাঁহাদের চরণে অপরাধ না করি, তজ্জন্য বিশেষ সাবধান থাকা ও যত্ন করা আবশ্যক।

বৈষ্ণবাপরাধ হইতে রক্ষা পাইতে হইলে বিদ্যাদির অভিমান পরিত্যাগ করিতে হইবে; নতুবা প্রতিপদে এই অপরাধগ্রস্ত হইয়া বিপদে পতিত হওয়ার সম্ভাবনা। অপরাধীর সহিত ভগবানের কোনও দিন সাক্ষাৎকার হইবে না। ভগবান্ [illegible] গোচর। জীবের যতকাল [illegible] থাকিবে, ততকাল ভগবান্ তাঁহার গোচরীভূত হইবেন না। যাহারা জড়চক্ষু ও জড়মনের সাহায্যে ভগবানের মূর্ত্তি কল্পনা করিয়া ভগবদ্দর্শন বা ভগবদ্ধ্যান করিতেছেন মনে করেন, তাঁহারা যথার্থই আত্মবঞ্চিত। শুদ্ধনামাশ্রয়বাস-সূত্রে শ্রবণ-কীর্ত্তন-স্মরণময় জীবনযাপন করাই উচিত।

আজ আবার এত ভীতি—এত দুর্গতি—এত অশান্তি—এত চিন্তা—এত জ্বালা—এত সন্তাপ! সব জ্বালা ঘুচিয়া যায় একবার অভয়চরণে শরণ লইলে। একথা আমরা কবে বুঝিব?

ভক্তগণ জানেন যে, ভগবান্ ছাড়া এ জগতে রক্ষাকর্ত্তা আর কেহ নাই। তাই তাঁহারা তারস্বরে কীর্ত্তন করেন—সর্ব্বাগ্রে হরিভজনই জীবের একমাত্র কর্ত্তব্য। জগতে যে অভাব-অসুবিধা দেখিতেছি, তাহা জগৎ হইতে কখনও যাইবে না। সুতরাং তজ্জন্য ব্যস্ত না হইয়া ভগবানের প্রতি সম্পূর্ণ নির্ভর করা আমাদের উচিত নহে কি? দুঃখময় সংসারে, অশান্তির রাজ্যে শান্তির অনুসন্ধান করিতে যাওয়া উচিত কি? সেইজন্যই বলিতেছি, যতই বাধা-বিপত্তি আসুক, তাহা অকাতরে সহ্য করিয়া নিষ্কপটে ভগবানের সেবা করা কর্ত্তব্য। তাঁহারা জানেন, অভাব-অসুবিধা, বিপদ-আপদ্ প্রভৃতি ভগবানের সেবার সহায়। এগুলি ভগবানের দয়া বা অনুকম্পা। শ্রীমদ্ভাগবত বলেন,—

"তত্তেঽনুকম্পাং সুসমীক্ষমাণো
ভুঞ্জান এবাত্মকৃতং বিপাকম্।
হৃদ্বাগ্বপুর্ভির্বিদধন্নমস্তে
জীবেত যো মুক্তিপদে স দায়ভাক্॥"

[ব্রহ্মা বলিতেছেন,—যিনি আপনার (ভগবানের) অনুকম্পালাভের আশায় স্বকর্ম্মের ফলভোগ করিতে করিতে মন, বাক্য ও শরীরের দ্বারা আপনাকে প্রণতিবিধান করিয়া জীবনযাপন করেন, তিনি মুক্তিপদে দায়ভাক্ অর্থাৎ তিনি সর্ব্বানর্থ হইতে মুক্ত হইয়া নিত্য ভগবৎ-সেবানন্দ লাভ করিয়া থাকেন।]

আদিগুরু ব্রহ্মা আমাদের সকলের চেয়ে শ্রেষ্ঠ। আমরা সেই ব্রহ্মার সন্তান। কিন্তু তিনি যাহা উপলব্ধি করিয়া বলিলেন, আমরা সে কথা উপলব্ধি করিবার ধৈর্য্য কই? আদিগুরুর সহিত একচিত্তবৃত্তি হইবার আমাদের ইচ্ছা কোথায়? যেখানে স্বতন্ত্রতা ছাড়িয়া অনুসরণ, সেইখানেই আনন্দ, সেইখানেই উপলব্ধি। সাধুজনের অনুসরণ নাই যেখানে, সেইখানে কেবলই ভয়। সেইজন্যই বলিতেছি, কৃষ্ণকৃপা উপলব্ধি করিতে হইবে—মহাজনের ইচ্ছা মহাজনের অনুগতজনের আনুগত্যে বুঝিতে হইবে, তবেই মঙ্গল হইবে

আমরা কি করিব?

আমরা কি করিব—এই কর্ত্তব্য নির্দ্ধারণ করিবার আগে 'আমি'র স্বরূপ নির্দ্ধারিত হওয়া আবশ্যক, নতুবা সব উল্টাপাল্টা হইয়া যাইবে। সেই 'আমি' গুরুবৈষ্ণব-ভগবানের কিঙ্কর। এখন কিঙ্করের কৃত্য কি তাহা সহজেই অনুমেয়। তাই বলিতেছি, গুরুবৈষ্ণব-ভগবানের কৈঙ্কর্য্য করিবার জন্য ব্যস্ত হইতে হইবে। গুরুদেবে মতি যাহাতে আসক্ত ও দৃঢ় হয়, সেই ধর্ম্ম ও সেই কর্ম্মই সর্ব্বদা করিতে হইবে। বোকা থাকিলে চলিবে না, বুদ্ধিমান্ হইতে হইবে। আত্মস্বরূপ লাভ করিয়া পরমাত্মার স্বরূপ লাভ করিতে হইবে। সদ্গুরুসেবা, সাধুসঙ্গ, শাস্ত্রশ্রবণ ও অধ্যয়ন, শ্রীকৃষ্ণের নামগুণাদি কীর্ত্তন, শ্রীবিগ্রহ-পূজা, ভগবৎপাদপদ্ম ধ্যান, সর্ব্বভূতে তাঁহার অবস্থিতিজ্ঞান, সর্ব্বস্ব ভগবচ্চরণে অর্পণ করিয়া ভগবানের সুখবিধান করিতে হইবে। তাহা হইলে কামাদি ইন্দ্রিয়ের জয় ও শ্রীকৃষ্ণে ভক্তিলাভ হইবে। কুল, মান, রূপ, বিদ্যা, বুদ্ধি যদি কৃষ্ণভক্তিহীন হয়, তাহা হইলে সেগুলি নিরর্থক। কেবল ভক্তিতেই কৃষ্ণকৃপা লাভ হয়।

আমাদের জানিয়া রাখা উচিত আশ্রয়হীন ব্যক্তির পদস্খলন অবশ্যম্ভাবী। কিন্তু প্রতিষ্ঠিত ব্যক্তির কখনও পদস্খলন হইতে পারে না। সুতরাং আমাদের প্রত্যেককে আশ্রিত বা প্রতিষ্ঠিত হইতে হইবে। হৃষীকের অনুগত বা বশীভূত না হইয়া হৃষীকেশের অনুগত বা বশীভূত হইতে হইবে, তাহা হইলে পতন হইবে না। ভগবদ্ভক্তগণ ভগবদাশ্রিত। সুতরাং তাঁহাদের ভগবচ্চরণ-বিমুখ আরোহবাদিগণের ন্যায় পতন নাই।

শুদ্ধভক্তি নিরপেক্ষা। তাহাতে ভোগ বা ত্যাগের কোন কথা নাই। ভক্তি নিজেই সৌন্দর্য্যযুক্তা। ভক্তি হইলেই অপরের শোভা হয়। শুদ্ধভক্তির প্রচারকগণ নিরপেক্ষ। এই নিরপেক্ষতা ভোগ বা ত্যাগের প্রতি, ভক্তির প্রতি নয়। ভক্তগণ ভক্তিসাপেক্ষ—ভগবানের পক্ষাবলম্বী। অন্যের প্রতি সর্ব্বতোভাবে আসক্তি পরিত্যাগ করিয়া বিষ্ণুর প্রতিই যে একমাত্র মমতা তাহার নামই প্রেম। এই প্রেমকেই নারদাদি ভক্তগণ ভক্তি বলিয়াছেন। আমাদের কৃত্য—নিষ্কিঞ্চন শুদ্ধভক্তের আনুগত্যে এই শুদ্ধভক্তি যাজন করা।

মহৎকৃপা বিনা কোন কর্ম্মে ভক্তি নয়। কৃষ্ণভক্তি দূরে রহু সংসার নহে ক্ষয়

জীবের স্বতন্ত্রতা

জীব চেতন। সুতরাং স্বতন্ত্র। যাহার স্বতন্ত্রতা বা ইচ্ছাশক্তি নাই, তাহা জড়-পদার্থ। জীবের স্বতন্ত্রতা থাকিলেও জীব ভগবানের ন্যায় পূর্ণ স্বতন্ত্র অর্থাৎ সর্ব্বতন্ত্র স্বতন্ত্র নয়। জীব যেরূপ অণু তাহার স্বতন্ত্রতাও সেইরূপ সীমাবদ্ধ। দশহাত রজ্জু দ্বারা আবদ্ধ গাভীর দশহাতের মধ্যে বিচরণ ও তৃণাদি ভক্ষণ করিবার স্বাধীনতা আছে সত্য, কিন্তু পনের হাতের মধ্যে বিচরণ করিবার বা সর্ব্বত্র বিচরণ করিবার স্বাধীনতা তাহার নাই। জীবের স্বতন্ত্রতা সীমাবদ্ধ বলিয়াই তাহার অপব্যবহার আছে। কিন্তু সর্ব্বতন্ত্রস্বতন্ত্র ভগবানের অপব্যবহার বলিয়া কোন কথা নাই। স্বরাট পুরুষের স্বতন্ত্রতার যে ভাবেই ব্যবহার করেন, তাহাই সর্ব্বমঙ্গলময়। শ্রীল প্রভুপাদ বলিতেন—'আমার গৌরের সব ভাল।'

কেহ কেহ বলেন, গীতায় দেখা যায়, জীবের কোন স্বতন্ত্রতা নাই। ঈশ্বরের প্রেরণায় জীব যন্ত্রারূঢ়ের ন্যায় ভ্রামিত হয়। গীতার গূঢ়তত্ত্ব বুঝিতে না পারিয়া লোকে এইরূপ ধারণা করিয়া থাকে। প্রত্যেক জীবহৃদয়েই ভগবান্ ও জীব আছেন। ভগবান্ই জীবের নিয়ন্তা। জীব যে সকল কর্ম্ম করে, ভগবান্ তদনুরূপ ফল প্রদান করেন। জীব কর্ম্মফল-ভোক্তা আর ভগবান্ দ্রষ্টা বা ফলদাতা। জীব সকলকে পরিচালন বিষয়ে ভগবান্ সাক্ষাৎ কর্ত্তৃত্ববিধান করেন না। তিনি মায়া বা নিজ শক্তিদ্বারাই তাহাদিগকে পরিচালিত করেন। মায়া দুইপ্রকার—যোগমায়া ও বিযোগমায়া। যোগমায়া জীবকে কৃষ্ণের সঙ্গে যোগযুক্ত করিয়া দেন, জীবের সেবকাভিমান জাগাইয়া দেন, আর বিযোগমায়া জীবকে কৃষ্ণ হইতে তফাৎ করিয়া অর্থাৎ ভগবৎ সেবার কথা ভুলাইয়া পুরুষাভিমানে বা কর্ত্তৃত্বাভিমানে ব্যস্ত করে। জীব তটস্থ বলিয়া সে বিমুখতা ও উন্মুখতা এই দুইদিকেই দৃষ্টিক্ষেপ করিতে পারে। বিমুখতা বা উন্মুখতা বরণ—ইহাই জীবের স্বতন্ত্রতা। স্বতন্ত্রতার সদ্ব্যবহার করিয়া জীব উন্মুখ হয়—কৃষ্ণাধীন হয়। আর অপব্যবহার করিয়া জীবের বিমুখতা বর্দ্ধিত হয়। সে ভোক্তাভিমানে বা বহুত্ব-কামনায় প্রমত্ত হয়। জীব যখন বিমুখতা বরণ করে, তখন তাহার উপর অন্ধমায়ার কার্য্য। তখন অন্ধ-মায়া তাহাকে সংসারে ফেলিয়া কষ্ট দেয়। আর স্বতন্ত্রতার সদ্ব্যবহার করিয়া জীব যখন সেবোন্মুখ হয়, তখন যোগমায়া তাহাকে সাহায্য করেন। এই স্বতন্ত্রতা যখন ভগবৎসেবানুগতাশ্রয়ী হয়, তখন ইহাকে সদ্ব্যবহার বলে, তখনই জীবের মঙ্গল হয়। এই ভগবদধীনতাই প্রকৃত স্বাধীনতা বা জীবের স্বরূপধর্ম্ম।

জীব হেতুকর্ত্তা আর ঈশ্বর প্রয়োজককর্ত্তা। ঈশ্বর ফলদাতা আর জীব ফলভোক্তা। জীবের কার্য্য করিবার ইচ্ছা বা অনিচ্ছা আছে, তবে সেই ইচ্ছাপূর্ত্তি কৃষ্ণের ইচ্ছা-সাপেক্ষ। শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ গাহিয়াছেন,—

তোমার ইচ্ছায় প্রভু সব কার্য্য হয়।
জীব বলে করি আমি সে ত' সত্য নয়॥
জীব কি করিতে পারে তুমি না করিলে।
আশাবায় জীব করে, তব ইচ্ছা ফলে॥
* * * *
তব ইচ্ছামত জীবের জনম-মরণ।
সমৃদ্ধি-নিপাত-দুঃখ-সুখ-সংঘটন॥
মিছে মায়াবদ্ধ জীব আশা-পাশে ফিরে
তব ইচ্ছা বিনা কিছু করিতে না পারে॥
তুমি ত রক্ষক আর পালক আমার।
তোমার চরণ বিনা আশা নাহি আর॥
নিজ বলচেষ্টা প্রতি ভরসা ছাড়িয়া।
তোমার ইচ্ছায় আছি নির্ভর করিয়া॥

জীব জড়পদার্থ নয় যে, তাহার সমস্ত কার্য্য ভগবান্ই তাহাকে করাইবেন। যদি তাহাই হইত, তাহা হইলে ভগবান জীবগণকে তাঁহার চরণে শরণ লইবার কথা বলিতেন না। শরণাগত হওয়া না হওয়া বিষয়ে জীবের স্বাধীনতা আছে। ভগবান্ কাহারও স্বাধীনতায় হস্তক্ষেপ করেন না। তবে কখনও স্বয়ং আবার কখনও ভক্তরূপে তাহাকে স্বতন্ত্রতার সদ্ব্যবহারের উপদেশ প্রদান করাইয়া থাকেন, হরিসেবানন্দের কথা কীর্ত্তন করিয়া তাহাকে সেবায় আকৃষ্ট করিবার জন্য যত্ন করেন। সুতরাং নিজের দোষ ভগবানের ঘাড়ে চাপাইলে চলিবে না, নিজের দোষটী ভাল করিয়া বুঝিতে হইবে। নিজ নিজ স্বতন্ত্রতার অপব্যবহারফলে আমরা যে সকল কার্য্য করি, সে সকল ভগবান্ই আমাদিগকে করাইতেছেন বলিয়া আত্মদোষক্ষালনের চেষ্টা করিলে শাস্ত্র তাহা সমর্থন করেন না। শ্রীল প্রভুপাদ বলিয়াছেন,—ভগবান্ পাপের প্রবৃত্তি দিয়াছেন আমাদিগকে পরীক্ষা করিবার জন্য, পাপে লিপ্ত হইবার জন্য নহে। আমরা ভাল জিনিষটী গ্রহণ করিতে পারিলেই মঙ্গল, নতুবা কর্ম্মের জন্য আমরাই দায়ী হইব। এবং যেরূপ কর্ম্ম করিব, সেইরূপ ফল পাইব।

স্বতন্ত্রতা জিনিষটী খারাপ নহে। তাহা ধনস্বরূপ। টাকা পাইলেই যে তাহা অসৎ-কার্য্যে ব্যয় করিতে হইবে, এইরূপ কোন কথা নয়। তাহার সদ্ব্যবহার করিলেই অভাবগ্রস্ত হইতে হয় না। কিন্তু যদি স্বেচ্ছাচারিতা করি অর্থাৎ অভিভাবকগণের কথা না শুনিয়া তাঁহাদের প্রদত্ত টাকা অসৎকার্য্যে ব্যয় করি, তাহা হইলে আমিই দারিদ্র্যদুঃখ ভোগ করিব। তজ্জন্য দায়ী আমিই, অপরে নহে।

ভক্তিবিনোদবাণী

অসৎসঙ্গ পরিত্যাগ ব্যতীত জীবের শ্রেয়ো-সাধন কোন প্রকারেই হয় না। যাঁহার অসৎসঙ্গ আছে তিনি সহস্র সাধন করিয়াও ফললাভ করিতে পারেন না। আজকাল অনেকেই ভজন-চিহ্ন স্বীকার করিয়া সাধনের অঙ্গ-সকল পালন করেন, কিন্তু বহুদিন পরে বিচার করিয়া দেখিলেও তাঁহাদের উন্নতি দেখা যায় না। বহুদিন পরে উন্নতি না দেখিলে কাজেকাজেই নৈরাশ্য উপস্থিত হয়; নৈরাশ্য হইলে সাধন ভজন সকলই পরিত্যক্ত হয়। একবার পাঠকগণ চিন্তা করিয়া দেখুন কেনই বা ভজনোন্নতি হয় না। সৌভাগ্যবান্ অনায়াসে বুঝিতে পারেন যে, অসৎসঙ্গক্রমে ভজনের উন্নতি হয় না। মহাপ্রভু বলিয়াছেন,—

কৃষ্ণভক্তি-জন্মমূল হয় সাধুসঙ্গ।
অসৎসঙ্গত্যাগ,—এই বৈষ্ণব-আচার।
স্ত্রীসঙ্গী—এক অসাধু, কৃষ্ণাভক্ত আর॥

অসৎসঙ্গ পরিত্যাগ না করিলে বৈষ্ণব আচার হয় না। অসৎ দুই প্রকার অর্থাৎ স্ত্রীসঙ্গী ও কৃষ্ণভক্তিহীন। স্ত্রীসঙ্গী কাহাকে বলা যায়? বিবাহিতা স্ত্রীর সহিত সহবাস করাকে কি স্ত্রীসঙ্গ বলে? এরূপ হইতে পারে না। শ্রীমন্মহাপ্রভু বিবাহ করিবার পূর্ব্বে এই স্মৃতি বচন পাঠ করিয়াছিলেন,—

ন গৃহং গৃহমিত্যাহুর্গৃহিণী গৃহমুচ্যতে।
তয়া হি সহিতঃ সর্ব্বান্ পুরুষার্থান্ সমশ্নুতে॥

গৃহকে গৃহ বলা যায় না। গৃহিণীর নামই গৃহ। গৃহিণীর সহিত সমস্ত পুরুষার্থ ভোগ করিবে। আবার শ্রীমহাপ্রভুর পার্ষদগণের মধ্যে অনেকেই গৃহী বৈষ্ণব ছিলেন। তাঁহাদের আদর্শ চরিত্র অবলম্বনপূর্ব্বক কলিজীবের উদ্ধার হইয়া থাকে। বিবাহিতপত্নীর সহিত কৃষ্ণসংসার স্থাপন করিলে জীবের ভজনোন্নতির ব্যাঘাত হওয়া দূরে থাকুক, তাহার সাহায্য হয়। কৃষ্ণসেবার উপকরণ-স্বরূপ স্ত্রী-পুত্র অঙ্গীকারকে ভক্তির অঙ্গ বলা যায়। বরং তদ্দ্বারা যুক্ত-বৈরাগ্যের বিশেষ আদর ভক্তিশাস্ত্রে দেখা যায়। বিবাহিত-পত্নীকে কৃষ্ণদাসী ও তদ্গর্ভজাত পুত্রকে কৃষ্ণদাস বলিয়া যে আনন্দলাভ করা যায়, তাহা ভক্তের পক্ষে কিছুমাত্র দূষণীয় নয়। যদি বিবাহিত স্ত্রীর সহিত যুক্ত-বৈরাগ্যের ব্যবস্থাক্রমে সহবাসাদি স্ত্রীসঙ্গ হইল না, তবে স্ত্রীসঙ্গ কাহাকে বলে? তদুত্তর এই যে, সঙ্গ শব্দে আসক্তি। সেই বিবাহিত-স্ত্রীতে আসক্ত হইয়া পড়িলে স্ত্রীসঙ্গ বলা যায়। আসক্তি জীবের একটী নিত্যধর্ম্ম। তাহা যদি কৃষ্ণে অর্পিত হয়, তবে অন্যত্র আসক্তি থাকে না। স্ত্রীতে আসক্তি হইলে সুতরাং কৃষ্ণাসক্তি খর্ব্ব হয়। কৃষ্ণাসক্তিই ভক্তি। স্ত্রীতে যুক্ত-বৈরাগ্য এবং কৃষ্ণে আসক্তি করিলে স্ত্রীসঙ্গ হইল না। বিবাহিত-স্ত্রী ব্যতীত অন্য স্ত্রীর সহিত কোন প্রকার সম্ভাষ করাকেও স্ত্রীসঙ্গ বলে। যুক্তবৈরাগ্য বিবাহিত-স্ত্রী ব্যতীত অন্যত্র সম্ভব নয়। অন্য স্ত্রীসঙ্গ নিতান্ত তুচ্ছ, হেয় ও পাপময়। গৃহস্থ বৈষ্ণবের পক্ষে শাস্ত্রোক্ত বিবাহ-পদ্ধতির দ্বারা লব্ধ পত্নীর সহিত অনাসক্তরূপে সংসারকে স্ত্রীসঙ্গ বলা যায় না। সেরূপ গৃহস্থ পুরুষের সঙ্গও অসৎসঙ্গ নয়। অবৈধস্ত্রী বা উপপত্নী-গ্রহণই স্ত্রীসঙ্গ। যে পুরুষেরা তাহা করিয়া থাকেন, তাঁহাদের সঙ্গও অসৎসঙ্গ। অতএব অনাসক্ত গৃহস্থভক্তের সঙ্গ ও স্ত্রী সম্ভাষরহিত অগৃহ বৈরাগী ভক্তের সঙ্গ সর্ব্বদা ভজনানুকূল। অতএব স্ত্রীসঙ্গী ও ভক্তিহীন গৃহস্থ বা অগৃহ বৈরাগীর সঙ্গ পরিত্যাগ পূর্ব্বক সৎসঙ্গে শ্রীহরিনাম সাধন করিলে সাধকের দিন দিন ভজনোন্নতি হইবে, ইহাতে সন্দেহ নাই। এ সম্বন্ধে আমাদের বিশেষ সতর্ক হওয়া কর্ত্তব্য। প্রতি হরিবাসরে একবার চিন্তা করিয়া দেখা কর্ত্তব্য যে, গত পক্ষের মধ্যে আমাদের কতটুকু ভজনোন্নতি হইয়াছে। যদি দেখা যায় যে, কিছুমাত্র উন্নতি হয় নাই বা অবনতি হইয়াছে তাহা হইলে অসৎসঙ্গকে কারণ জানিয়া তাহা পরিত্যাগ করিতে যত্ন করিব।

শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী

পরমার্থ সম্পুটের এক রাশি

ভিক্ষা :- ১ম খণ্ড ৸০ ; ২য় খণ্ড ১৲ ; ৩য় খণ্ড ৸০, ৪র্থ খণ্ড —৸০ আনা।

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ
শ্রীধাম-মায়াপুর,
নদীয়া

প্রচার-কেন্দ্র-সমূহ

(১) শ্রীচৈতন্য-মঠ [illegible]

প্রাচীন নবদ্বীপ, [illegible] শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীচৈতন্যদেবের [illegible] [illegible], শ্রীশ্রী[illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible]

(২ [illegible] গৌড়ীয়-মঠ

১৬নং [illegible] [illegible] [illegible] কলিকাতা। [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] শ্রীমৎ [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] শ্রীগৌরসুন্দরের [illegible] [illegible] [illegible] [illegible] আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও [illegible] [illegible] [illegible] পত্র প্রকাশিত হয়।

৩) যোগপীঠ-মায়াপুর-মঠ [illegible]

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

এই স্থানে শ্রীচৈতন্যদেব [illegible] [illegible] শ্রীমহাপ্রভুর [illegible] [illegible] [illegible]।

(৪) শ্রীবাস অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

এই স্থানে শ্রী[illegible] [illegible] [illegible] এবং [illegible] বর্তমান।

(৬) মুরারিগুপ্তের পাট

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৭) কাজি সমাধি-পাট

প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া) ইহা [illegible] [illegible] শ্রী[illegible] সমাধি।

(৮) [illegible]

শ্রীধাম মায়াপুর

(৯) আনন্দ-সুখদ কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)

এখানে [illegible] শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্তমান।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)

গৌরপার্ষদ [illegible] প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা।

১১) [illegible]-গৌড়ীয়মঠ

[illegible], পোঃ [illegible] (বর্দ্ধমান)

(১২) [illegible]-গৌড়ীয়মঠ

মামগাছি, পোঃ [illegible], (বর্দ্ধমান)

শ্রী[illegible] ঠাকুর বৃন্দাবনের স্থান

(১৩) [illegible]-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর,নদীয়া

(১৪) [illegible]-গৌড়ীয়মঠ [illegible]

১৫) সুবর্ণবিহার গৌড়ীয়মঠ

[illegible]পুর, নদীয়া

(১৬) শ্রীনবদ্বীপ গৌড়ীয় মঠ

[illegible] -(শ্রী[illegible] [illegible] [illegible])

পোঃ [illegible] (নদীয়া)

(১৭) কুলিয়া [illegible]

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

(১৮) [illegible]-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৯) [illegible]মঠ

গোবিন্দপুর, পোঃ [illegible], (নদীয়া)

(২০) [illegible]-পণ্ডিতের পাট

কাঁটালপলি, পোঃ চাকদা (নদীয়া)

(২১) রাণাঘাট-গৌড়ীয়মঠাশ্রম

(২২) পুরী গৌড়ীয়মঠ

চব্বিশ পরগণা

(২৩) [illegible]গৌড়ীয়মঠ

নারিন্দা পোঃ [illegible], ঢাকা।

পূর্ববঙ্গের প্রচার কেন্দ্র।

(২৪) গোপালজীউমঠ

[illegible], পোঃ ঢাকা

(২৫) [illegible]-গৌরাঙ্গ মঠ

পোঃ [illegible], (ঢাকা)

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

[illegible], পোঃ [illegible]

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

(২৮) [illegible]-গৌড়ীয়মঠ

পোঃ [illegible], কামরূপ (আসাম)

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

[illegible], দার্জ্জিলিং

(৩০) [illegible]-গৌড়ীয়মঠ

পোঃ হরিদ্বার, জিঃ সাহারাণপুর, ইউ, পি

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

[illegible] পাটনা।

(৩২) গয়া গৌড়ীয়মঠ

[illegible] রোড, গয়া

(৩৩) [illegible] গৌড়ীয় মঠ

৮।১ বড় গণেশদাস, [illegible] সিটি

(৩৪) শ্রী[illegible]-গৌড়ীয়মঠ, [illegible]

(৩৫) [illegible] মঠ,

পোঃ [illegible], [illegible] (ইউ পি)

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠাশ্রম

বিশ্রামঘাট, পোঃ মথুরা

(৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণসহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ

[illegible], বৃন্দাবন

(৩৯) [illegible]

পোঃ রাধাকুণ্ড। মথুরা

(৪০) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪১) রাধাকুণ্ড গোবর্দ্ধন

(৪২) শ্রীগোবর্দ্ধনমঠাশ্রম

গোবর্দ্ধন, মথুরা

(৪৩) [illegible] বিহারী মঠ

[illegible], মথুরা।

(৪৪) [illegible] গৌড়ীয়মঠাশ্রম

পোঃ [illegible], মথুরা

(৪৫) বর্ষাণা গৌড়ীয়মঠাশ্রম

পোঃ বর্ষাণা, মথুরা

(৪৬) গৌরবিহারী মঠ—[illegible],

পোঃ [illegible], জেলা [illegible] (পাঞ্জাব।

(৪৭) [illegible]গৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ [illegible], [illegible], (পাঞ্জাব)

(৪৮) দিল্লী গৌড়ীয় মঠ

৪৬নং [illegible] রোড, নিউ দিল্লী

(৪৯) বোম্বে গৌড়ীয়মঠ

[illegible] রোড, [illegible] [illegible] রোড।

(৫০) [illegible]-গৌড়ীয়মঠ

পোঃ [illegible], [illegible]

শ্রী[illegible]

(৫১) [illegible] গৌড়ীয়মঠ

পোঃ [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible]

(৫২) [illegible]গৌড়ীয়মঠ

[illegible], [illegible] (পুরী)

(৫৩) [illegible] মঠ

[illegible] পোঃ পুরী, উড়িষ্যা

৫৪) [illegible]—[illegible] পুরী

(৫৫ [illegible]

(৫৬) [illegible] গৌড়ীয়মঠ

পোঃ [illegible], পুরী

(৫৭) [illegible] মঠ

[illegible], পোঃ [illegible] উড়িষ্যা)

(৫৮) [illegible] গৌড়ীয়মঠপীঠ

(৫৯) শ্রী[illegible]গৌড়ীয় [illegible]-মঠ

পোঃ [illegible], [illegible]

(৬০) [illegible] মঠ

[illegible], পোঃ [illegible], [illegible]

(৬১) [illegible] গৌড়ীয়মঠ

পোঃ [illegible], [illegible]

(৬২) [illegible] মঠ

পোঃ [illegible] (বর্দ্ধমান)

(৬৩) [illegible]গৌড়ীয়মঠ

[illegible], পোঃ [illegible], ([illegible])

(৬৪) [illegible] গৌড়ীয়মঠ

৭০১ নং [illegible] [illegible]।

(৬৫) [illegible] গৌড়ীয়মঠ

[illegible] নং ৫

[illegible]

[illegible], [illegible]

(৬৬) গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

১৪।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,

কলিকাতা

(৬৭) গৌড়ীয়মঠ অফিস

[illegible] রোড, [illegible]: ইউ-পি)

(৬৮) শ্রীবিজ্ঞানিধি গৌড়ীয়মঠাশ্রম

[illegible], চট্টগ্রাম

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীমহানন্দ ব্রহ্মচারী ভক্ত্যালোক, ভক্তিশাস্ত্রী কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

—————:(০):—————

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায়		বিজ্ঞাপনের পৃষ্ঠায়	
	১ম ও ২য় দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য	১ম ও ২য় দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	।০	।৶০	।৵০	।০
" " ইঞ্চি	২৲		১৷০	১৲
সিকিকলম	৫৲	৪৲		৩৲
" অর্দ্ধকলম	৮৲	৭৲	৭৲	৫৲
এক কলম	১২৲	১০৲	১০৲	

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চি ৬৲	৪।০
" সিকি কলম ১৫৲	১২৲
" অর্দ্ধকলম ২৪৲	১৮৲
" এক কলম ৩৬৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৷০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা ৫ ; বিশেষ সংখ্যা৷৷ ভিন্ন খরচ।

ন প্রভুপাদের প্রবন্ধাবলী

———:(০):———

শ্রীল প্রভুপাদের চতুঃষষ্টিবর্ষপূর্ত্ত্যাবির্ভাব-তিথিতে শ্রীল আচার্য্যদেবের অভীষ্টানুসারে "শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী" প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। ইহাতে পূর্ব্বার্দ্ধ ও উত্তরার্দ্ধ দুইটি বিভাগ আছে। পূর্ব্বার্দ্ধে শ্রীল প্রভুপাদের আদি-প্রবন্ধাবলী শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের সম্পাদিত 'স-সজ্জিনী সজ্জনতোষণী,' শ্রীল প্রভুপাদের 'নিবেদন' সাপ্তাহিক পত্র প্রভৃতি হইতে কথাসার ও প্রয়োজনীয় অংশের টীকা-সহ প্রকাশিত হইয়াছে। উত্তরার্দ্ধে শ্রীল প্রভুপাদের সম্পাদিত 'সজ্জনতোষণী'র কতিপয় প্রবন্ধ কথাসার প্রভৃতির সহিত মুদ্রিত হইয়াছে। প্রবন্ধগুলি রচনাকালের ক্রমানুসারে গ্রথিত হইয়াছে; এতদ্ব্যতীত শ্রীল আচার্য্যদেবের একটি মূল্যবান্ উপোদ্ঘাত ও সঙ্কলনকারীর একটি বিস্তৃত ভূমিকা, শব্দ-সূচী, ভাব-পাদ-শ্লোক ও পয়ার-সূচী প্রভৃতি গ্রন্থে সংযোজিত হইয়াছে। গ্রন্থটি উৎকৃষ্ট কাগজে পারিপাট্যের সহিত মুদ্রিত ও শ্রীল প্রভুপাদের আলেখ্যাদিদ্বারা ভূষিত ও সুন্দর বাঁধাই হইয়া প্রকাশিত হইয়াছে। প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, জিলা নদীয়া; শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ও শ্রীমাধ্বগৌড়ীয়মঠ, নরিন্দা, পোঃ ওয়ারী, ঢাকা।

শ্রীল প্রভুপাদের পদ্যপ্রসূন মালা

এই গ্রন্থে ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তি-সিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের রচিত পদ্যাবলী শ্রীল আচার্য্যদেবের বিরচিত "সৌরভ" নামক ভাষ্যের সহিত প্রকাশিত হইয়াছে। শ্রীল প্রভুপাদের অনেক অপ্রকাশিত পদ্য ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ।০ চারি আনা।

শ্রীধাম-মায়াপুরে

——(:০:)——

—"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট"—

——::০::——

উচ্চ ইংরেজী বিদ্যালয়

গ্রাম্য আতীব ও স্বাস্থ্য—গঙ্গার সান্নিকটে, বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক খোলা। সমস্ত স্থান আলোক ও আনন্দময়। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খাওয়া ও দেখাশুনার জন্য প্রতি মাসে মাত্র ৬৲ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিয়াছে। বর্ত্তমান বর্ষে ১৬ জন বালকের মধ্যে ১৫ জন ভালভাবে উত্তীর্ণ হইয়াছে।

মেধাবী ছাত্রগণের আরও সুবিধা

পরীক্ষায় যাহারা শতে শতকরা ৭৫ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ সচ্চরিত্র দরিদ্র ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক-সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতিসুন্দরভাবে আলোচিত হইয়াছে। এই এক অপূর্ব্ব মৌলিক গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

শ্রীচৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত্র অতিসুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ বেদান্তবিদ্বান্ শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত ইহার ভিক্ষা মাত্র ৪৲ টাকা। প্রাপ্তিস্থান শ্রীযুত নন্দকিশোর ভক্তিশাস্ত্রী, শ্রীযোগপীঠ, শ্রীমায়াপুর, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

———

শ্রীশ্রীসরস্বতী-সংলাপ

প্রথম খণ্ড

শ্রীশ্রীব্রহ্মমাধ্ব গৌড়ীয়-সম্প্রদায়ৈকসংরক্ষক জগদ্গুরু পরমহংসকুলচূড়ামণি নিত্যলীলা-প্রবিষ্ট ১০৮শ্রী শ্রীমদ্ ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামি-প্রভুপাদ তাঁহার নিজাশ্রিত ও শরণাগত সজ্জনবৃন্দের পরিপ্রশ্নোত্তরে ও সন্দেহ-নিরাকরণকল্পে যে-সকল শুদ্ধভক্তিসিদ্ধান্তবাণী কীর্ত্তন করিয়াছেন, যাহা তাঁহার প্রকটকালেই 'গৌড়ীয়' সম্পাদক শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ প্রভুপাদেরই শ্রীহস্তে সংশোধিত করাইয়া রাখিয়াছিলেন এবং যাহার কিয়দংশ গৌড়ীয়পত্রে প্রকাশিত হইয়াছে, তাহা "শ্রীশ্রীসরস্বতী-সংলাপ" নাম ধারণপূর্ব্বক শ্রীল প্রভুপাদের 'বক্তৃতাবলী' ও 'পত্রাবলী' আকারে খণ্ডে খণ্ডে প্রকাশিত হইতেছেন। সম্প্রতি শ্রীল প্রভুপাদের প্রথমবার্ষিক বিরহতিথিপূজা-বাসরে ইহার প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছেন। সাধকজীবনের বহু অমীমাংসিত সমস্যা ও জটিল প্রশ্নের সমাধান ইহাতে পাওয়া যাইবে। ভক্তিপথের পথিকমাত্রেরই এই গ্রন্থ সংগ্রহ একান্ত প্রয়োজন।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপদেশক পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী সম্প্রদায়-বৈভবাচার্য এম-এ মহোদয়ের গ্রেষণাময়ী এবং পরিপক্ক লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত্র-পাঠে ধন্য হউন। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিভিন্ন চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলে শ্রীমহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ড ৬০০ অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্তার ভূমিকাদ্বয় (Preaces), বিষয়-তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র-(Index Glossary) সহ গ্রন্থখানি প্রকাশিত। ভিক্ষা—১৫, পনর টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, রায়পেটা মাদ্রাজ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

——:(০):——

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিভিন্ন ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু ধর্মগ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১৩।১নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্

উৎকল কটক নগরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

ম্যালেরিয়ার পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাট্‌তি ও অত্যন্ত অধিক। পিত্তের পীড়া সংযুক্ত ম্যালেরিয়া এবং নূতন ও পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। মূল্য ছোট বোতল ৷৵০ দশ আনা, বড় বোতল ১৵০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

—৯১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা

অথবা

পোঃ খেয়াদা, ২৪ পরগণা।

'ঠাকুর ভক্তিবিনোদ'

——:(০):——

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি-প্রচারের মূল মহাজন সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অভিনব জীবনচরিত এতাবৎকাল পর্য্যন্ত গ্রন্থাকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিন পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয়মঠাচার্য্যবর্যের অনুজ্ঞায় সারস্বতবিদ্যাবিনোদিক সু-লেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু মূল্যবান শিক্ষামালাও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১২৫ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৮০ আনা; ডাক মাশুল স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান—ম্যানেজার গ্রন্থবিভাগ

শ্রীগৌড়ীয়মঠ

পোঃ বাগবাজার

কলিকাতা

ই. বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্টাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	৫-৩৩	৬ ২৩	৭-০৩	১২-২৩	১৪-৫৩	১৬-৫৩	১৭-৫৩	২২-২৩
রাণাঘাট পৌঃ			৮-২৮	১৪-১৫				
(বদল) ছাঃ			৯-৩৩	১৪-৫০				
কৃষ্ণনগর পৌঃ	৭-১	৮-৪৫	১০-৮	১৫-২৩	১৭-২৮	১৯-০৮	২০-১৩	১-১২
(বদল) ছাঃ	৭-১২		১০-৩১		১৭-৩৮		২০-২৩	
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫১		১১-১০		১৮-১৩		২১-৪	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৩
রাণাঘাট পৌঃ	১২-৫৫
ছাঃ	১৩-০
শান্তিপুর পৌঃ	১৩-২৩
(বদল) ছাঃ	১৩-৩১ (লাইট রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪-১২
ছাঃ	১৪-৩০
নবদ্বীপঘাট পৌঃ	১৫-১০

ডাউন

নবদ্বীপঘাট ছাঃ	৫-৪৫		৯-১০		১৩-৩১	১৬-০	১৮-৩৩	
কৃষ্ণনগর পৌঃ	৬ ২৩	৯-১৬	৯-৪৮	১১-৪১	১৪-১০	১৬-৩৮	১৯-১১	২১-১০
ছাঃ	৬-৩৩	৭-১৮	১০-১১			১৬-৫৩	১৯-২৫	
রাণাঘাট পৌঃ			১০-৪৩			১৭-৩০		
(বদল) ছাঃ			১১-১			১৭-৪০		
কলিকাতা পৌঃ	৬-১৬	৯-২১	১১-৫১	১২-১৬	১৪-১৩	১৯-১১	২১-৫১	২৩-৩৭

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৩-৩১	১৬-০	
কৃষ্ণনগর পৌঃ	১৪-১০	১৬-৩৮	
ছাঃ	১৪-২৮	১৭-৩৩	
শান্তিপুর পৌঃ	১৫-৯	১৮-১৪	
(বদল) ছাঃ	১৬-৩৩	১৮-২৫ (শনিবার ভিন্ন)	২০-৪০ (শনিবার)
রাণাঘাট পৌঃ	১৭-১০	১৮-৫০	২১-১৫
(বদল) ছাঃ	১৭-৪০	১৯-১৪	২১-৫০
কলিকাতা পৌঃ	১৯-১১	২০-৪০	২৩-৩৭

পোঃ—শ্রীমায়াপুর
টেলিগ্রাম—'শ্রীনাম
শ্রীমায়াপুর'

REGD No C 1544

দৈনিক নদীয়াপ্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্বত্র বহুল প্রচারিত দিগ্গজে ।র একমাত্র দৈনিক মুখপত্র

১৪শ খণ্ড | শ্রীমায়াপুর— ১৫ই আষাঢ় ১৩৪৬, ৩০শে জুন, ১৯৩৯, শুক্রবার | ১০৪শ সংখ্যা

বিবিধ সংবাদ

-::(০)::-

মৌমাছির আক্রমণে বিভ্রাট

মৌমাছির অপ্রত্যাশিত আক্রমণে লক্ষ্ণৌএর সিটি ম্যাজিষ্ট্রেটের কোর্ট প্রাঙ্গণে হুলস্থুল পড়িয়া যায়। কোর্টের উকীল, পুলিশ ও পক্ষগণ যে যেদিকে সুবিধা পায় প্রাণভয়ে পলাইতে আরম্ভ করে।

সিটি ম্যাজিষ্ট্রেটের কোর্ট-প্রাঙ্গণে যাহারা ছিল, মৌমাছি বে-পরোয়াভাবে তাহাদিগকে দংশন করিতে থাকে। প্রাণভয়ে কেহ কোর্ট-গৃহে, কেহ বা অন্য গৃহে পলায়নপর হয়। অনভ্যাস অস্বাভাবিক চাঞ্চল্যে অনেকে মাটিতে পড়িয়া যায় এবং মৌমাছির কামড়ে জর্জরিত হয়। এমন একজনও ছিল না, যাহাকে মৌমাছি দংশন করে নাই।

আহতদিগকে হাসপাতালে পাঠান হয়। কিসে এই উপদ্রবের সৃষ্টি হইল, তাহার তদন্ত চলিতেছে।

আগুন নিবাইবার নূতন ব্যবস্থা

হাওড়ার সিগন্যাল কেবিনে নূতন ধরণের অগ্নিনির্বাপক যন্ত্রাদি ও সাজসরঞ্জাম স্থাপিত হইয়াছে। এই ধরণের সাজসজ্জা ভারতে নূতন এবং পৃথিবীর মধ্যে সর্বাপেক্ষা বৃহৎ।

বিলাতে ও দক্ষিণ আফ্রিকায় বৈদ্যুতিক কল-কব্জাদি সম্বলিত সিগন্যাল কেবিনসমূহে অগ্নিকাণ্ডের ফলে, উক্ত কর্তৃপক্ষ আগুন নিবাইবার সতর্কতামূলক ব্যবস্থা করিবার সিদ্ধান্ত করেন। তাহারই ফলে ঐ সকল দেশে বৈদ্যুতিক কল-কব্জাদি সম্বলিত সিগনেল কেবিন আগুন নিবাইবার জন্য নূতন ব্যবস্থা হয়।

গত ১৯৩৮ সালে হাওড়ায় যখন কেবিন ধ্বংস হয়, তখন আগুন নিবাইবার জন্য যথেষ্ট সতর্কতামূলক ব্যবস্থা করা হইয়াছিল। সম্প্রতি 'দাগ্ন' নামক কার্বন-ডাইঅক্সাইড অগ্নি নির্বাপক স্থাপিত হইয়াছে। ইহার সুবিধা এই যে অতি সূক্ষ্ম যন্ত্রাদির ক্ষতি না করিয়াও সহজেই আগুন নিবান যাইতে পারিবে।

বে-আইনীভাবে বন্দুকের লাইসেন্স দেওয়ার দণ্ড

কামরূপের ডেপুটী কমিশনারের অফিসের কেরাণী যাদবনাথ গোস্বামী দণ্ডবিধির ১২০ ধারার সহিত পঠিত ৪৬৫ ধারা (জাল) ও অস্ত্র আইনের ১৯ এফ ধারা অনুসারে দোষী সাব্যস্ত হওয়ায় তিন বৎসর সশ্রম কারাদণ্ডে দণ্ডিত হয়। আসাম ভেলী ডিষ্ট্রিক্টের দায়রা জজ মিঃ চাকমা আই-সি-এস, আপীলে আসামীকে মুক্তি দিয়াছেন এবং ঐ সকল অভিযোগে মামলা পুনর্বিচারের আদেশ দিয়াছেন।

অভিযোগের বিবরণে প্রকাশ, আসামী একটি বন্দুকের লাইসেন্স দেওয়ার সময় গৌহাটীর ম্যাজিষ্ট্রেট মিঃ ডি আমেদের নাম জাল করিয়াছিল এবং ঐ ম্যাজিষ্ট্রেট-প্রদত্ত লাইসেন্স বলিয়া বরমার কোনও গ্রামবাসীকে বে-আইনীভাবে বন্দুক রাখার পক্ষে সহায়তা করিয়াছিল।

ব্রিটেনের বিরুদ্ধে বিষোদগার

কমন্স সভায় প্রশ্নের উত্তরে প্রধান মন্ত্রী মিঃ নেভিল চেম্বারলেন বলেন যে, ইতালীয়ান সংবাদপত্রসমূহ পুনরায় বৃটেনের বিরুদ্ধে আক্রমণ চালাইয়াছে। ইহা বৃটিশ গবর্ণমেন্ট লক্ষ করিয়াছেন। অতঃপর তিনি দুঃখ প্রকাশ করিয়া বলেন যে, ইঙ্গ-ইতালী চুক্তির উদ্দেশ্য হইতেছে উভয় জাতির মধ্যে সদ্ভাব প্রতিষ্ঠা; কিন্তু সংবাদপত্রের এরূপ আক্রমণ দ্বারা উভয় জাতির মধ্যে সদ্ভাব প্রতিষ্ঠার পথে বিঘ্ন উপস্থিত হইবে। তবে বর্তমানে এই বিষয়ে সরকারীভাবে দৃষ্টি না দেওয়াই উচিত বলিয়া তিনি মনে করেন।

মিঃ নোয়েলবেকার প্রধান মন্ত্রীকে জিজ্ঞাসা করেন যে, সংবাদপত্রের এরূপ আক্রমণ দ্বারা ইঙ্গ-ইতালী চুক্তির সর্ত গুরুতরভাবে ভঙ্গ করা হইয়াছে বিবেচনা করিয়া তিনি নীতির দিক হইতে উহার প্রতিবাদ করিবেন কিনা। উত্তরে প্রধান মন্ত্রী বলেন, "ইহার কোনও সার্থকতা আছে বলিয়া মনে করিলে আমি ঐরূপ করিব।"

আন্তঃপ্রাদেশিক গঙ্গা নদী কমিশন

প্রকাশ, প্রস্তাবিত আন্ত প্রাদেশিক গঙ্গা নদী কমিশনের গঠনতন্ত্র ও তাঁহাদের কার্য্যক্রম স্থির করিবার নিমিত্ত সাময়িকভাবে একটি আন্তঃপ্রাদেশিক কমিটি গঠন করা হইবে বলিয়া স্থির হইয়াছে।

স্মরণ থাকিতে পারে যে, এই বৎসরের প্রথমভাগে লাক্ষ্ণৌতে প্লাবন সমস্যা সম্পর্কে যে যুক্ত বৈঠক বসিয়াছিল তাহাতে বিহার, যুক্ত প্রদেশের ও বাঙ্গলা দেশের জন্য একটি আন্তঃপ্রাদেশিক কমিশনের ব্যবস্থা করিবার কথা হইয়াছিল। এই যুক্ত কমিশন গঙ্গা নদীর প্রবাহ অক্ষুণ্ণ রাখিবার সমস্যা সম্পর্কে আলোচনা করিবে বলিয়া স্থির হইয়াছিল।

উক্ত কমিশন কিভাবে গঠিত হইবে তৎসম্পর্কে বিহার গবর্ণমেন্ট বিবেচনা করিতেছেন। প্রকাশ, সাময়িকভাবে যে, কমিটি নিয়োগ করা হইতেছে তাহাতে প্রতিনিধিত্ব করিবার জন্য বিহার সরকার সরকারী পূর্ত্ত বিভাগের ডেপুটী চীফ ইঞ্জিনিয়ার মিঃ ডবলু জি লেসকে মনোনীত করিয়াছেন ইহা ছাড়া উক্ত কমিটিতে বাঙ্গলা হইতে দুইজন ও যুক্ত প্রদেশ হইতে এক বা দুইজন সদস্য লওয়া হইবে।

প্রকাশ, কমিটি সমস্ত বিষয় আলোচনা করিয়া কোন কোন অঞ্চলে বন্যায় যে প্রবল বন্যা হয় তাহা প্রতিরোধ করিবার উপায় নির্দ্দেশ করিয়া সুপারিশ করিবেন।

এই বৎসর সারণ জেলায় বন্যা দেখা দিবে বলিয়া আশঙ্কা হইতেছে, উহার ফলে যে ক্ষতি হইবে তাহা কি উপায়ে পূরণ করা যায় তৎসম্পর্কে বিহার গবর্ণমেন্ট যুক্ত প্রদেশ গবর্ণমেন্টের সহিত কথাবার্ত্তা চালাইতেছেন।

প্রকাশ, প্লাবন সমস্যা সম্পর্কে লক্ষ্ণৌতে যে বৈঠক বসিয়াছিল তাহার টেকনিক্যাল কমিটি সারণ জিলায় প্লাবন প্রতিরোধ করিবার নিমিত্ত বাঁধ দিবার পরিকল্পনা সমর্থন করেন নাই। কমিটি বলেন যে বাঁধ দিলে প্রদেশের বালিয়া জিলার সমূহ ক্ষতি হইবে। এই সম্পর্কে গবর্ণমেন্টের সহযোগিতার জন্য সার্ভে করা হইতেছে।

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক। প্রতি একাদশীতে প্রকাশিত হয়। কলিকাতা বাগবাজারস্থ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। সডাক ভিক্ষা ৪॥০ টাকা মাত্র।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১॥০ টাকা মাত্র।

৩। ভাগবত—হিন্দিভাষায় একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১॥০ টাকা মাত্র

৫। শ্রীগৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১॥০ মাত্র।

পরমগুরু শ্রীগৌরকিশোর

গৌড়ীয়-সম্পাদক-লিখিত, শ্রীগৌড়ীয়মঠাচার্য্যের ভূমিকা-সম্বলিত, বহুচিত্র-শোভিত ও বিষয় সূচী-সমন্বিত "পরমগুরু শ্রীগৌরকিশোর" গ্রন্থাকারে প্রকাশিত হইয়াছেন। এই গ্রন্থখানিতে শুদ্ধগৌড়ীয়বৈষ্ণবজগতের পরমারাধ্য, গৌড়ীয়গৌরবশিখামণি অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ নিত্যলীলাপ্রবিষ্ট পরমহংস ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল গৌরকিশোরদাস গোস্বামী প্রভুবরের অপূর্ব্ব চরিতকথা বর্ণিত আছে।

শ্রীশ্রীভক্তিবিনোদাবির্ভাব-শতবর্ষপূর্ত্তিতিথিপূজার উপায়ন-গ্রন্থমালা

——::(০)::——

১। গীতিসাহিত্যে শ্রীভক্তিবিনোদ

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র গীতিসাহিত্যের সমালোচনা-গ্রন্থ)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

২। শ্রীভক্তিবিনোদবাণীবৈভব

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের রচনামৃতসাগর হইতে আহৃত ১০৮টি অধ্যায়ে সম্বন্ধ-অভিধেয়-প্রয়োজনাকারে গ্রথিত অমূল্য উপদেশপূর্ণ গ্রন্থ)

ভিক্ষা—৩৲ তিন টাকা মাত্র।

৩। শ্রীশ্রীভক্তিবিনোদ-প্রসঙ্গ

ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ ও ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামীপ্রভু-বিরচিত এবং গৌড়ীয়ে প্রকাশিত শ্রীশ্রীভক্তিবিনোদ-চরিত-প্রসঙ্গ

ভিক্ষা—৷৶০ ছয় আনা মাত্র।

৪। ছাত্রদের ভক্তিবিনোদ

(ছাত্রদের উপযোগী ভাষায় লিখিত শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্র ও শিক্ষা)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

(ছাত্রদের পক্ষে ভিক্ষা—॥০ আট আনা মাত্র)

প্রাপ্তিস্থান :—

(১) 'ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্', পোঃ শ্রীমায়াপুর, নদীয়া;

২) শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা;

৩ শ্রীযুক্ত ভূপতিরঞ্জন নাগ এম্-এ, বি-এল্,

পুরাণপল্টন, পোঃ রমনা, ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্—সমগ্র ৪০৲

প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ২৮৲

দশম স্কন্ধ— ৯৲

২। ভাষ্যসহ শিক্ষাষ্টক শ্রীচৈতন্যভাগবত' (অমৃতা) ৬৲

৩। ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬

৪। সরস্বতী-জয়শ্রী (অমৃতা) ৪৲

৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী

১ম খণ্ড ৸০; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০

৪র্থ খণ্ড—৸০

৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী

১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০

৭। শ্রীচৈতন্যদেব ১৲

৮। সৎক্রিয়াসার-দীপিকা সংস্কার দীপিকা ১॥০

৯। বৈষ্ণবধর্ম্ম ২৲

১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲

১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲

১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲

১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০

১৪ সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ।০

১৫ বৈষ্ণবসাহিত্যে বিষয়-তত্ত্ব ।০

১৬ ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০

১৭ চৈতন্যোপনিষৎ ।০

১৮ বাদশ মাল্যবর ।০

১৯ স্বরূপবোধ ।০

২০ গৌড়ীয়-গৌরব ৷৶০

২১ গৌড়ীয়সাহিত্য ৷৶০

২২ ভজন-রহস্য ।০

২৩। শ্রীচৈতন্যভাগবত ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲

২৪। গীতা (শ্রীবলদেব-টীকা সহ) ২৲

২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ, অবাঁধা) ২৲ ১৲

২৬। গীতার কেবল মাত্র ভাষা ।০

২৭। প্রেমবিবর্ত্তকা অপমোদকঃ (সানুবাদ) ১৲

২৮। বেদান্তস্যমন্তক (সানুবাদ) ।০

২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৸০

৩০। দীপ-দিগ্‌-দর্শন ৶০

৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ৷৶০

৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ।০

৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০

৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶০

৩৫। গীতমালা ৴১০

৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৶০

৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৶০

৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০

৩৯। শ্রীগোদ্রুমকল্পতরু ।০

৪০। শরণাগতি ৴০

৪১। গীতাবলী ৴০

৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০

৪৩। সাধনতত্ত্ব ৴০

৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ৴

৪৫। নবদ্বীপশতক

৪৬। অর্চ্চনকণ

৪৭। সদাচারস্মৃতিঃ ৹/

৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৴১০

৪৯। অর্চ্চনবিধি ৴১০

৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম ও ২য় খণ্ড) ৬৲

৫১। ব্রহ্মসংহিতা ।০

৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।০

৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০

৫৪। পুরুষার্থ-বিনির্ণয় ।০

৫৫। ভজনরত্নাবলী বা মায়াবাদশতদূষণী ।০

৫৬ ভারতবর্ষ ও ভক্তিপথ ৶০

৫৭। ঈশোপনিষৎ (ভাষ্যাদিসহ) ।০

৫৮। শ্রীকৃষ্ণবোধ ৶০

৫৯। সিদ্ধান্তদর্পণ ৶০

৬০। সংখ্যাবলী ৴০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।০

৬২। সিদ্ধান্ত-সরস্বতী বিভিন্নঃ ।০

৬৩। নামিক-শিক্ষাশতকম্ ।০

৬৪। তত্ত্বসূত্রম্ ।০

৬৫। সাত্বত শিক্ষাষ্টক ৶০

৬৬। গৌড়ীয়মঠতত্ত্বপরিচয়ঃ ৴০

৬৭। সারসংগ্রহম্ ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।০

৬৯। এ ফিউ ওয়ার্ডস অন বেদান্ত ।০

৭০। নামভজন ৴০

৭১। বেদান্ত—ইট্‌স্ মর্ফলজী অ্যাণ্ড অন্টলজি ।০

৭২। রিলেটিভ ওয়ার্ল্ডস ৷৶০

৭৩। লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস অব শ্রীচৈতন্য মহাপ্রভু ।০

৭৪। বেদান্তসূত্র ।০

৭৫। শ্রীগৌড়ীয় মঠ ইত্যাদি ৴০

৭৬। দি ভাগবত ।০

৭৭। ইরোটিক প্রিন্সিপাল অ্যাণ্ড আনআলয়েড ডিভোশন ।০

৭৮। ব্রহ্মসংহিতা ২॥

৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (অমৃত) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি

৮১। সাধন-পথ

৮২। কল্যাণ-কল্পতরু ৶০

৮৩। গীতাবলী ৴০

৮৪। শরণাগতি ৴০

আসাম ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ৴০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক
নদীয়া-প্রকাশ



একমাত্র পারমার্থিক
দৈনিক পত্র
শ্রীধাম-মায়াপুর-নদীয়া

১৪শ বর্ষ { ২৮ বামন ৪৫৩ গৌরাব্দ, ১৫ই আষাঢ় বঙ্গাব্দ ১৩৪৬, ৩০শে জুন ইং ১৯৩৯, শুক্রবার } ১০৪৭ সংখ্যা।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

২৮ বামন নিধি গর্ভোদশায়ী গৌরাব্দ ৪৫৩

চাতুর্ম্মাস্য

——::(*)::——

চাতুর্ম্মাস্য-ব্রত পালন করা সকলেরই উচিত। ভগবান্ শ্রীহরি বর্ষার চারিমাসকাল শয়ন করেন। সেই শয়নকালে কৃষ্ণসেবা-প্রবৃত্তি বৃদ্ধির জন্য চাতুর্ম্মাস্য-ব্রত পালন করা কর্ত্তব্য। ইহা নিত্য ব্রত। এই ব্রতের অকরণে প্রত্যবায় আছে। বেদ ও পুরাণাদি বিবিধশাস্ত্রে এই চাতুর্ম্মাস্য ব্রতের কথা পাওয়া যায়। ভক্ত ও অভক্ত সকলেই চাতুর্ম্মাস্য ব্রত করিয়া থাকেন। কিন্তু তাঁহাদের চাতুর্ম্মাস্য-পালনে আকাশ-পাতাল ভেদ আছে। ইহ-পরকালে সুখভোগের জন্য ধর্ম্মার্থকামকামী কর্ম্মিগণ চাতুর্ম্মাস্য পালন করেন, আর আরোহবাদী মোক্ষকামী জ্ঞানিগণ ফলত্যাগ ও চিত্তশুদ্ধির জন্য ব্রতাদি পালন করিয়া থাকেন। কিন্তু ভক্তের চাতুর্ম্মাস্য যাজন সেরূপ নহে। ভক্তের ব্রতপালনের উদ্দেশ্য—হরিপ্রীতি। ভক্ত—নিষ্কাম। নিজের জন্য তাঁহার কোন কামনাই নাই। সুতরাং তিনি যা' কিছু করেন, তাহার ফলভোক্তা—ভগবান্ শ্রীকৃষ্ণ।

কর্ম্মী বা জ্ঞানিগণ যে চাতুর্ম্মাস্য ব্রত পালন করেন, তাহা কর্ম্মাঙ্গ। ঐরূপ কর্ম্মাঙ্গ কখনও ভক্তির জনক হইতে পারে না। কর্ম্মাঙ্গ ও ভক্ত্যঙ্গ, হরিসেবা ও ইন্দ্রিয়তর্পণ এক নহে। কর্ম্ম ও ভক্তির পার্থক্য বুঝিতে না পারিয়াই আমরা সব একাকার করিয়া ফেলি। যেখানে ফলটা আমি পাই, সেটা কর্ম্ম আর যেখানে ফলটা ভগবান্ পান, তাহা ভক্তি। ভক্তগণ ভগবানের সুখের জন্যই চাতুর্ম্মাস্য করেন বলিয়া তাহা ভক্ত্যঙ্গ, কর্ম্মাঙ্গ নহে।

গত ২৫ বামন, ১২ই আষাঢ়, ২৭শে জুন মঙ্গলবার শ্রীহরিশয়নৈকাদশী হইতে চাতুর্ম্মাস্যব্রত আরম্ভ হইয়াছে। যাঁহারা শয়নৈকাদশী হইতে চাতুর্ম্মাস্য আরম্ভ করিয়াছেন, উত্থানৈকাদশীতে তাঁহাদের ব্রত শেষ হইবে। কেহ কেহ আগামী ২৯ বামন, ১৬ই আষাঢ়, ১লা জুলাই শনিবার আষাঢ়ী পূর্ণিমা হইতে চাতুর্ম্মাস্যব্রত আরম্ভ করিবেন। কার্ত্তিক-পূর্ণিমায় তাঁহাদের ব্রত সমাপ্ত হইবে। আবার কেহ কেহ সৌর-শ্রাবণ হইতে সৌর-কার্ত্তিক-শেষ পর্য্যন্ত চাতুর্ম্মাস্যব্রত করিবেন।

স্বয়ং-ভগবান্ শ্রীমন্মহাপ্রভুও লোক-শিক্ষার জন্য নিজে চাতুর্ম্মাস্য করিয়াছেন। কোন সময় চাতুর্ম্মাস্য কাল উপস্থিত হইলে তিনি কাবেরীতে শ্রীরঙ্গমন্দিরে চারিমাস কাল বাস করিয়াছিলেন। শ্রীগৌরসুন্দর যখন পুরীতে ছিলেন, তখন ভক্তগণ চাতুর্ম্মাস্যের সময় প্রত্যেকবারই শ্রীগৌর-সুন্দরের দর্শনের জন্য পুরীতে গমন করিতেন। শ্রীল মাধবেন্দ্র পুরীপাদও কৃষ্ণ সুখার্থে চাতুর্ম্মাস্যব্রত পালনের আবশ্যকতা জগৎকে শিক্ষা দিয়াছেন। সুতরাং ভগবৎ-কৃপাপ্রার্থী মঙ্গলাকাঙ্ক্ষী ব্যক্তিমাত্রেরই যে চাতুর্ম্মাস্য ব্রত যথাবিধি পালন করা উচিত, তাহা বলাই বাহুল্য।

আমরা শাস্ত্রপাঠে জানিতে পারি, যে মনুষ্য নিয়ম কিম্বা ব্রত অথবা জপ ব্যতিরেকে চাতুর্ম্মাস্য কাল অতিবাহিত করে, সে মূর্খ ও জীবন্মৃত। এই চাতুর্ম্মাস্যব্রত যদি কোন ব্যক্তি মনেও আচরণ করেন, তাহা হইলে তাঁহার শত জন্মের সঞ্চিত পাপ নষ্ট হয়। যে ব্যক্তি একাহারা, শান্ত, নিত্যস্নায়ী ও দৃঢ়ব্রত হইয়া এই চারিমাস হরি অর্চ্চন করেন, তিনি বিষ্ণু-লোকে গমন করেন। হরিশয়ন করিলে যে নর ভূমি-শয্যায় শয়ন করিয়া বৎসরের চারিমাসকাল হরিপূজা করেন, তাঁহার বৈষ্ণবী গতি লাভ হয়।

চাতুর্ম্মাস্যের প্রথম মাসে অর্থাৎ শ্রাবণে শাক, ভাদ্রে দধি, আশ্বিনে দুগ্ধ এবং কার্ত্তিকমাসে কলাই, তাম্বুল, রক্তমূলিকা, মসুর, লোশুন প্রভৃতি বর্জ্জন করিবে। শাক বলিতে কেহ কেহ পকবাঞ্জনকেও বুঝিয়া থাকেন। নখ-লোমাদি ক্ষৌরকার্য্যও এই চারিমাস করিতে নাই।

যাহা গ্রহণে জীবের লোভ হয় ও হরিবিস্মৃতি হয় এরূপ কোন দ্রব্য গ্রহণ করা উচিত নহে। হরিশয়নে শীম, বরবটী, পটল, বেগুন এবং পর্য্যুষিত বা বাসি দ্রব্য গ্রহণ করিবে না।

চাতুর্ম্মাস্যকালে সমর্থ হইলে ব্রতী একবার মাত্র প্রসাদ পাইবেন, প্রত্যহ স্নান করিবেন, হারানও হইলে ও চারিমাস হরির অর্চ্চন করিবেন। হরিশয়নকালে বিলাস-শয্যাদি গ্রহণ নিষিদ্ধ। ভূমিশায়ী হওয়াই শ্রেয়ঃ।

সমর্থবান ব্রতী তৈল, মধু, পুষ্প প্রভৃতি সর্ব্ব উপভোগ ত্যাগ করিবেন। কটু, অম্ল, তিক্ত, মধুর, ক্ষার, কষায় প্রভৃতি সকল রস বর্জ্জন করিবেন। সমর্থ ব্যক্তি পরদ্রব্য গ্রহণ করিবেন না এবং একদিন অন্তর একদিন উপবাস করিবেন।

যাঁহারা চারিমাসকাল নিয়মসেবা পালন করিতে অসমর্থ, তাঁহারা কার্ত্তিকমাসে বিশেষভাবে নিয়মসেবা পালন করিবেন। ইহা অসমর্থের পক্ষে অনুকল্প মাত্র। সামর্থ্য-পক্ষে চাতুর্ম্মাস্যের প্রতি অনাদর করিলে শ্রীহরির প্রীতিলাভ হয় না। হরিশয়নে কৃষ্ণার্থে ভোগ-ত্যাগ করিয়া নিরন্তর হরিকথা কীর্ত্তন ও হরিগুরুবৈষ্ণবসেবাই কর্ত্তব্য। শুদ্ধভক্তগণেরই এই চাতুর্ম্মাস্য যথাবিধি পালন করেন। সর্ব্বতোভাবে কৃষ্ণসেবা-তৎপর হইতে পারিলেই চাতুর্ম্মাস্যের চরমফল লাভ হয়।

শ্রীচৈতন্যমঠ ও শ্রীগৌড়ীয়মঠের ভক্তবৃন্দ শ্রীশ্রীল আচার্য্যদেবের আনুগত্যে হরি-সংকীর্ত্তনমুখে চাতুর্ম্মাস্য ব্রত আরম্ভ করিয়াছেন। এতদুপলক্ষে চৈতন্যমঠ ও তাঁহার শাখামঠসমূহে শ্রীল আচার্য্যদেবের নির্দ্দেশে সর্ব্বক্ষণ হরিকথা আলোচনা হইতেছে। ভক্তবৃন্দ গুরুবৈষ্ণব-ভগবানের মহিমা-শ্রবণ-

কীর্ত্তনমুখে সেবাময় জীবন যাপন করিয়া অদ্বৈতৈক-ভজনানের শ্রীতবিধান করিয়েছেন এবং সকলকে সেই সংকীর্ত্তন মহোৎসবে যোগদান করিবার জন্য সাদর আহ্বান জানাইতেছেন।

ধৈর্য্য ও উৎসাহ

(প্রাপ্ত)

শিশু যখন জন্মগ্রহণ করে, কত ক্ষুদ্র, অসহায়, দুর্ব্বল সে থাকে; কতটা পরমুখাপেক্ষী থাকে। কিন্তু এই অতি ক্ষুদ্র শিশু একদিন [illegible] হইয়া পৃথিবীতে কীর্ত্তি লাভ করিয়া মাতার মুখোজ্জ্বল করিবে, এই দৃঢ় আশাবদ্ধ [illegible] কীর্ত্তি [illegible] নাই এবং ধৈর্য্য-সহকারে সেই [illegible] [illegible] শিশু যদি রোগাক্রান্ত হইয়া মরণাপন্ন হয়, তখন ও মাতা আশা [illegible] দেখা যায় না; মাতার উৎসাহ বরং আরও বৃদ্ধি হইতে থাকে।

এইরূপ [illegible] কারণ, ঐ সন্তানের ভাবীজীবন মাতার একমাত্র আশা। [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] নাই। [illegible] উহাই [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] ...

[illegible] ও উৎসাহ [illegible] হইত না। [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] হইয়া [illegible] থাকেন, তাঁহারা প্রত্যেকটি কার্য্যে শ্রীকৃষ্ণের [illegible] উপলব্ধি করিয়া নিশ্চল [illegible] করিয়া থাকেন। [illegible] [illegible] পরীক্ষায় উত্তীর্ণ হইবার জন্য [illegible] ব্যাপার নহে। ভক্তিসাধন এবং ভাক্তকলে [illegible] নাই। [illegible] যে [illegible] উন্মুখ হন, কৃষ্ণ কৃপা সেই পরিমাণেই [illegible] করিতে থাকেন; সেইজন্যই তাঁহার ধৈর্য্য বা উৎসাহ নষ্ট হয়

যাহাতে কৃষ্ণের কৃপা, কৃষ্ণের সন্তোষ।
সেই কার্য্যে প্রাণী সদা না করয়ে রোষ॥
(শ্রীল [illegible]-লিখিত উপদেশামৃত-ভাষ্য)

কোন্ কার্য্যে কৃষ্ণের কৃপা, কৃষ্ণের সন্তোষ হয়, তাহা শরণাগত ভক্ত জানেন। প্রত্যেক বস্তু, প্রত্যেক কার্য্যকে কৃষ্ণসম্বন্ধযুক্ত-রূপে দর্শন করেন বলিয়াই তাঁহার চিত্তে সাধনকালে মনোরথের অসম্ভাবনা আশঙ্কা কর্ম্মবা অথবা ফলপ্রাপ্তিতে বিলম্বহেতু ক্ষোভ বা ক্রোধের উদয় হয় না। কারণ, যে কার্য্যের দ্বারা কৃষ্ণ সন্তুষ্ট হন, সেই কার্য্য ব্যতীত অন্য কার্য্যে তাঁহার প্রবৃত্তি থাকে না। কৃষ্ণের ইচ্ছাতে কোন বাধা ঘটিলে সেই কার্য্যের সফলতা [illegible] ক্রম [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] কৃষ্ণের ইচ্ছা, দুষ্টি ও তুষ্টির হইতে থাকে, [illegible] অপেক্ষা করে না, সেইরূপ [illegible] কৃষ্ণসম্মুখ সাধন-[illegible] অনুভব করিতে পারেন। তাঁহার উৎসাহ বা ধৈর্য্য নষ্ট হইবার কোন সম্ভাবনা নাই।

[illegible] সহিত অনুশীলনের উৎসাহ। 'আনন্দের সহিত অনুশীলন' বাক্যে সম্বন্ধ-জ্ঞানের সহিত অনুশীলনই বুঝায়। যেখানে সম্বন্ধ আছে, সেখানে সেবা-প্রবৃত্তি হৃদয়ের স্বাভাবিক আকর্ষণ হইতে আসে; সেবা-পাওনার দুষ্ট হিসাব সেখানে থাকে না। 'আমি তোমার জন্য এতটা করিয়াছি, তুমি তাহার অনুপাতে এতখানি করিতেছ না কেন?'—আমি এক খানা দিবার বদলে [illegible] [illegible] না কেন? এরূপ প্রতারণামূলক বণিক্‌বৃত্তি [illegible] স্থান পায় না। যেখানে সম্বন্ধযুক্ত সেবা, সেখানে 'আমি খুব করিয়াছি' এরূপ বিচারই নাই। সর্ব্বদা [illegible] সেবা করিয়াও—'আমি কিছুই পারিলাম না', এই চিন্তাই সেখানে প্রবল হয়। এই অতৃপ্তই সেবার সহজাত লক্ষণ।

উৎসাহ, নিশ্চয় ও ধৈর্য্য পরস্পর অন্যোন্যাপেক্ষা। নিশ্চয় বা বিশ্বাস ব্যতীত উৎসাহ এবং ধৈর্য্য যেরূপ স্থায়ী হয় না, উৎসাহ ব্যতীত শ্রদ্ধাও সেইরূপ কার্য্যকরী হয় না। শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর এই উৎসাহের প্রয়োজনীয়তা সম্বন্ধে এইরূপ জানাইয়াছেন—

"কর্ম্মনাশ করিতে আমাদের শক্তি নাই বলিয়া নিরুৎসাহ হওয়া অনুচিত। ভক্তির প্রারম্ভেই সাধকের উৎসাহময়ী শ্রদ্ধা হওয়া আবশ্যক। ...শ্রীহরিভক্তিবিলাসে শ্রীহরিনামাপরাধ-মধ্যে প্রমাদকে একটি অপরাধ বলিয়া গণনা করিয়াছেন। ...ঔদাসীন্য, জাড্য ও বিক্ষেপ এই তিন প্রকার অনবধান বা প্রমাদ। অন্য সমস্ত নামাপরাধ পরিত্যাগ করিলেও অনবধান থাকিতে কখনই নামে রতি হয় না। যদি ভজন-প্রারম্ভে উৎসাহ থাকে এবং ঐ উৎসাহ শিথিল হইয়া না পড়ে, তবে আর কখনই ভজনে ঔদাসীন্য, আলস্য বা বিক্ষেপ আসিয়া উদয় হইতে পারে না। সুতরাং উৎসাহ ভজনের সহায় ...উৎসাহের সহিত ভজন করিতে করিতে অনর্থসকল দূর হয়।

'শ্রদ্ধা' শব্দে বিশ্বাস বটে, কিন্তু উৎসাহই শ্রদ্ধার জীবন। উৎসাহহীন শ্রদ্ধার কোন-প্রকার ক্রিয়া হয় না। অনেকেই মনে করেন তাঁহারা ঈশ্বরে শ্রদ্ধা করেন; কিন্তু [illegible] উৎসাহ না থাকায় শ্রদ্ধার কার্য্য পান না। সুতরাং তাঁহাদের সাধুসঙ্গাভাবে [illegible] হয় না।"

উৎসাহের ন্যায় ধৈর্য্যের প্রয়োজনীয়তাও ততাধিক। শ্রদ্ধার উদয়েও ধৈর্য্যের প্রয়োজন হয়। ধীর ব্যক্তি প্রকৃতপক্ষে সাধন-ফল প্রাপ্ত হইয়া থাকেন। শ্রীল [illegible] উপদেশামৃত-ভাষায় এইরূপ লিখিয়াছেন—

উদিলে উৎসাহ যার ভিতরে বাহিরে।
দৃঢ়রূপে কৃষ্ণপদ ধরে ধীরে ধীরে॥
কৃষ্ণকৃপা না পাইয়া ধীরভাবে যেই।
ধরিয়া সাধন করে, ভাগ্যবান্ সেই॥

ধৈর্য্য শরণাগতি বা দৃঢ় শ্রদ্ধারই লক্ষণ। [illegible] ধৈর্য্য বা তিতিক্ষার প্রবল প্রকাশ [illegible] হয়। পূর্ণ শরণাগত পরমহংসেই ধৈর্য্যের চরম বিকাশ। যিনি পরিপূর্ণ বৈষ্ণব, তিনি পরিপূর্ণ শরণাগত, তিনি [illegible] সহিষ্ণু—তিনিই কৃষ্ণকীর্ত্তনকারী [illegible]। ধীর ব্যক্তিই [illegible] [illegible] অর্থাৎ সাধক—অসংখ্য [illegible] কৃষ্ণসেবা-[illegible]। সেই ধীর বা পরমহংসের মহিমা [illegible] শ্রীরূপ গোস্বামী প্রভু তাঁহার উপদেশামৃতের প্রারম্ভে গান করিয়াছেন।

বাচোবেগং মনসঃ ক্রোধবেগং
জিহ্বাবেগমুদরোপস্থবেগম্।
এতান্ বেগান্ যো বিষহেত ধীরঃ
সর্ব্বামপীমাং পৃথিবীং স শিষ্যাৎ॥

পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবত সেই পরমহংসের অসমোর্দ্ধ মহিমা এইরূপ কীর্ত্তন করিয়াছেন—

ন দ্রুহ্যন্তি [illegible] ... মাধ্যমার্থমথিতা-মতীব ধীরঃ।
[illegible] ... নিরপত্রপাঃ ... ভাব॥
বিক্রীড়িতং ব্রজবধূভিরিদঞ্চ বিষ্ণোঃ
শ্রদ্ধান্বিতোঽনুশৃণুয়াদথ বর্ণয়েদ্ যঃ।
ভক্তিং পরাং ভগবতি প্রতিলভ্য কামং
হৃদ্রোগমাশ্বপহিনোত্যচিরেণ ধীরঃ॥

শান্তি

আমরা শান্তি কি করিয়া পাইব, এ কথা লইয়া আমরা সকলেই [illegible] মাথা ঘামাইতেছি। সকলেই চান, নিজের শান্তি—নিজের সুখ; কিন্তু কি আশ্চর্য্য! ভগবানের সুখের জন্য কেউ কিছু চান না। সেইজন্যই কেহ শান্তি পান না। কিন্তু কৃপাময় [illegible] বলেন, কৃষ্ণের জন্য পূর্ত্তিত মাত্রায় না চাওয়া পর্য্যন্ত, কৃষ্ণসুখের জন্য নিরন্তর ব্যস্ত না হওয়া পর্য্যন্ত, সুখময়ের সন্ধান না পাওয়া পর্য্যন্ত প্রকৃত শান্তি কিছুতেই পাওয়া যাইবে না। শান্তিময়কে ছাড়িয়া কি শান্তি পাওয়া যায়? যে শান্তিতে কৃষ্ণের শান্তি বা সুখ হয়, সেই কৃষ্ণসুখতাৎপর্য্যময়ী গোপী [illegible] আর অশান্তি থাকে না। সেইজন্যই ভক্তগণ কখনও নিজের জন্য [illegible] চাহেন না, অশান্ত রাজ্য হইতে মুক্ত হইতে চাহেন না। তাঁহারা কৃষ্ণের শান্তি, কৃষ্ণের সুখের জন্য কোটি কোটি অশান্তি বরণ করিতে পারেন। নিজের মহা অসুবিধা হইলেও তাঁহারা কৃষ্ণকেও কৃষ্ণ-পাদপদ্ম ছাড়েন না। কৃষ্ণসুখবিধানচেষ্টা হইতে বিরত হন না। সেইজন্য ভক্তবৎসল কৃষ্ণ তাঁহাদিগকে পরমা শান্তি প্রদান করেন।

যে শান্তি পরিণামে অশান্তি আনে—যে শান্তি আপাত মধুর—বিষের ন্যায় ক্ষণস্থায়ী—দুঃখের নিবৃত্তিকেই যেখানে শান্তি বলিয়া ধারণা, তাহা শান্তির নামে ছলনা। এইরূপ শান্তিকামী হইলে আমরা কি করিয়া সুখ পাইব? সেইজন্যই শাস্ত্র বলিয়াছেন, যে সকল নিষ্কামুক [illegible] 'অবশ্য কামদেবের সেবা করেন, তাঁহাদের সেবা করিলেই শান্তি পাওয়া যায়, নতুবা কখনই শান্তি পাওয়া যায় না। কৃষ্ণসেবা ছাড়া অন্য কোথাও শান্তি নাই; সুতরাং কৃষ্ণসেবাবঞ্চিত হইয়া শান্তির অনুসন্ধান নাস্তিকতা ছাড়া আর কিছুই নহে। শাস্ত্র বলেন,—

"নিত্যো নিত্যানাং চেতনশ্চেতনানা-
মেকো বহূনাং যো বিদধাতি কামান্।
তমাত্মস্থং যেহনুপশ্যন্তি ধীরা-
স্তেষাং শান্তি শাশ্বতী নেতরেষাম্॥"

অর্থাৎ যিনি নিত্য বা বাস্তববস্তু সমূহের মধ্যে পরম নিত্য ও পরম বাস্তববস্তু, যিনি চেতন জীবসমূহের মুখ্য চেতন, যিনি এক হইয়াও বহু আশ্রিতজনের কামনা পূরণ করেন, যে সকল বুদ্ধিমান্ ব্যক্তি গুরুদেবের অনুগত হইয়া সেই হৃদয়স্থ কামদেবের সেবা করেন, তাঁহারা নিত্যশান্তি লাভ করিতে পারেন, অপরে তাহা পারে না।

শান্তি পাওয়ার মধ্যে যে একটা হেতু আছে তাহা স্পষ্টই বুঝা যায়। অশান্ত ব্যক্তিই শান্তি চায়, শান্ত ব্যক্তির সেরূপ কোন অভিলাষ নাই। অশান্তাবস্থা হইতেই এরূপ প্রার্থনার উদয় হয়। আমি যতক্ষণ নিজ শান্তির জন্য ব্যস্ত ততক্ষণ যে আমি কৃষ্ণের শান্তি অনুসন্ধান হইতে অন্যমনস্ক অর্থাৎ অন্যাভিলাষী হইয়া পড়িয়াছি তাহাতে আর সন্দেহ কি? সেইজন্যই বলিতেছি, এজগতের কোন কিছুতে শান্তি নাই সেবাই শান্তি, সেবাই একমাত্র সুখ এবং সেবাতেই একমাত্র আনন্দ।

কৃষ্ণসুখানুসন্ধানেই শান্তি আর সমস্তই অশান্তির কারণ। শান্তির আশ্রয়—একমাত্র কোটিচন্দ্রসুশীতল শ্রীগুরুনিত্যানন্দের পাদপদ্মছায়া। জগতের লোক যতদিন পর্যন্ত গুরুনিত্যানন্দের কোটিচন্দ্রসুশীতল পাদপদ্মের আশ্রয়ে না আসিবেন, ততদিন শান্তি আশা দুরাশামাত্র। আমরা এই শীতল আশ্রয় নিত্যানন্দপাদপদ্ম ছাড়িয়া শান্তিলাভের যতই চেষ্টা করি না কেন, তাহাতে আমাদের অশান্তিই বৃদ্ধি হইবে। তাই শান্তিলাভোপায়ের কথা শ্রীল নরোত্তম ঠাকুর গাহিয়াছেন,—

নিতাইপদ-কমল কোটিচন্দ্রসুশীতল
যে ছায়ায় জগৎ জুড়ায়।
হেন নিতাই বিনে ভাই
রাধা-কৃষ্ণ পাইতে নাই
দৃঢ় করি ধর নিতাইর পায়॥

শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী

পাঠকগণের সম্পুটের প্রাপ্তব্য
১ম খণ্ড ১৷৵০; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড ৸০; ৪র্থ খণ্ড —৸০ আনা।

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ
শ্রীধাম-মায়াপুর,
নদীয়া

গৌড়ীয়বাণী

—::(০)::—

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা ডাক ৩৲, ষাণ্মাসিক ১।০ টাকা মাত্র।

৩। ভাগবত—ত্রিহুতের একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ টাকা মাত্র

৫। শ্রীগৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ মাত্র।

পরমগুরু শ্রীগৌরকিশোর

গৌড়ীয়-সম্পাদক-লিখিত, শ্রীগৌড়ীয়মঠাচার্য্যের ভূমিকা-সম্বলিত, বহুচিত্র-শোভিত ও বিষয় সূচী-সম্বলিত "পরমগুরু শ্রীগৌরকিশোর" গ্রন্থরাজ প্রকাশিত হইয়াছেন। এই গ্রন্থরাজে শুদ্ধগৌড়ীয়বৈষ্ণবগণের পরমারাধ্য, গৌড়ীয়গৌরবশিখামণি অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ নিত্যলীলাপ্রবিষ্ট পরমহংস ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল গৌরকিশোরদাস গোস্বামী প্রভুবরের অপ্রকাশিত চরিতকথা বর্ণিত আছে।

শ্রীভক্তিবিনোদাবির্ভাব-শতবর্ষপূর্ত্তিতিথিপূজার উপায়ন-গ্রন্থমালা

———॥(॰)॥———

১। গীতিসাহিত্যে শ্রীভক্তিবিনোদ

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র গীতিসাহিত্যের সমালোচনা-গ্রন্থ)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

২। শ্রীভক্তিবিনোদবাণীবৈভব

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের রচনাবৃত্ত্সাগর হইতে আহৃত ১০৮টী অধ্যায়ে সম্বন্ধ-অভিধেয়-প্রয়োজনাকারে গুম্ফিত অমূল্য উপদেশপূর্ণ গ্রন্থ)

ভিক্ষা—৩৲ তিন টাকা মাত্র।

৩। শ্রীশ্রীভক্তিবিনোদ-প্রসঙ্গ

ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ ও ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামীপ্রভু-বিরচিত এবং গৌড়ীয়ে প্রকাশিত শ্রীশ্রীভক্তিবিনোদ-চরিত-প্রসঙ্গ

ভিক্ষা—৷৶০ ছয় আনা মাত্র।

৪। ছাত্রদের ভক্তিবিনোদ

(ছাত্রদের উপযোগী ভাষায় লিখিত শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্র ও শিক্ষা)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

(ছাত্রদের পক্ষে ভিক্ষা—।০ আট আনা মাত্র)

প্রাপ্তিস্থান :—

(১) "ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্", পোঃ শ্রীমায়াপুর, নদীয়া;
(২) শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা;
(৩) শ্রীযুক্ত সুপতিরঞ্জন নাগ এম্-এ, বি-এল্, পুরাণপল্টন পোঃ রমণা, ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্,—সমগ্র ১৲
বর হইতে বপন তত পর্যন্ত— ৮৲
ঐ ঐ— ৯৲
। অনুভাষ্য বিবৃতি শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৭৲
। অনুভাষ্য শ্রীচৈতন্যচরিতামৃত ৩
। সরস্বতী-জয়শ্রী (অবাঁধা) ৪৲
। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০
৪র্থ খণ্ড—৸০
। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০
। শ্রীচৈতন্যদেব ১৲
। সৎক্রিয়াসার-দীপিকা সংস্কার দীপিকা
। বৈষ্ণবধর্ম্ম ১৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা)
১২। শ্রীমহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ।০
৫। বৈষ্ণবসাহিত্যে নিত্য তত্ত্ব
৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব
৭। চৈতন্যোপনিষৎ
৮। ব্রাহ্মণ-আম্নায়
৯। তত্ত্ববিবেক
১০। গৌড়ীয়-গৌরব ৷৶০
১১। গৌড়ীয়সাহিত্য ৷৶০
২ ভজন-রহস্য
৩। শ্রীচৈতন্যভাগবতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ৲
১৪। গীতা (শ্রীবলদেব-টীকা সহ) ৲
১৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) (অবাঁধা) ৲
১৬। গীতার কেবল বাক্য-ব্যাখ্যা ।০
১৭। বৃহদ্ভাগবতামৃতম্ (সানুবাদ) ২৲
১৮। বেদান্তসূত্র (সানুবাদ) ।০
১৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৸০
২০। দীপ-নিত্য-দর্পণ ৶০
২১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ৷৶০
২২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ।০
২৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
২৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶০
২৫। গীতমালা
২৬। নবদ্বীপধাম-মাহাত্ম্য ৶০
২৭। ঐ প্রমাণ-খণ্ড ৶০
২৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০
২৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমার ।০
৩০। শরণাগতি ⁄০
৩১। গীতাবলী ⁄০
৩২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
৩৩। সাধনতত্ত্ব ⁄০
৩৪। প্রেমভক্তিচন্দ্রিকা ⁄

। নবদ্বীপশতক
১। অর্চ্চনপদ্ধতি
২। সদাচারস্মৃতিঃ ৶
৩। অন্যান্যকর্ত্তব্য (পঞ্চম সংস্করণ) ⁄১০
৪। অর্চ্চনকম্ ১০
। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম ও ২য় খণ্ড) ৩৲
১। ব্রহ্মসংহিতা
২। মণিমঞ্জরী (সানুবাদ)
৩। গৌরকৃষ্ণোদয়
৪। পুরুষার্থ-বিনির্ণয়
৫। স্বরূপজ্ঞান বা সাধ্যসাধনতত্ত্ব ।০
৬। আত্মধর্ম্ম ও ভক্তিপথ
৭। ঈশোপনিষৎ (ভাষ্যাদিসহ) ।০
৮। শ্রীকৃষ্ণবেদ ⁄০
৯। সেবাদর্পণ ⁄০
১০। সংখ্যাবাণী ⁄০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ
২। সিদ্ধান্ত সরস্বতী তিথিস্তব ।০
৩। সটীক-শিক্ষাষ্টকম্ ।৶
৪। অক্ষরকম্ ।০
। শ্রীকৃষ্ণ গ্রন্থাবলী ⁄০
১৬। গৌড়ীয়মঠতত্ত্বমণিঃ ⁄০
১৭। সারাৎসারনির্ণয় ⁄০

ইংরাজী ভাষায় প্রকাশিত

১৮। রায় রামানন্দ ।০
১৯। এ মিট এয়ার্ড সম অব গোল্ড ।০
১০। নামভজন ⁄০
১১। বেদান্ত—ইট্স মরফলজী অ্যান্ড অন্টলজি
১২। রিলেটিভ ওয়ার্ল্ডস
১৩। লাইফ অ্যান্ড প্রিসেপ্টস অব শ্রীচৈতন্য মহাপ্রভু ।০
১৪। বৈষ্ণবীজম
১৫। কোয়াট গৌড়ীয়মঠ ইজ ডুয়িং ⁄০
১৬। দি ভাগবত ।০
১৭। ইরোটিক প্রিন্সিপল অ্যান্ড আনম্যানিফেস্টেড ডিভোশন ।০
১৮। ব্রহ্মসংহিতা ২।০
১৯। শ্রীকৃষ্ণচৈতন্য (প্রথম খণ্ড) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। হরিনামচিন্তামণি
৮১। সাধন-পথ ।০
৮২। কল্যাণ-কল্পতরু ৶০
৮৩। গীতাবলী ⁄০
৮৪। শরণাগতি ⁄০

আসামিয়া ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ⁄০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ৩৲

প্রাপ্তিস্থান—মঠেশ্বরমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক
নদীয়া-প্রকাশ
একমাত্র পারমার্থিক
দৈনিক পত্র
শ্রীধাম-মায়াপুর-নদীয়া

১৪শ বর্ষ { ৩ শ্রীধর ৪৫৩ গৌরাব্দ, ১১ই আষাঢ় বঙ্গাব্দ ১৩৪৬, ৪ঠা জুলাই ইং ১৯৩৯, মঙ্গলবার } ১০৭৭ সংখ্যা।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

৩ শ্রীধর [illegible] গৌরাব্দ ৪৫৩

দুই একটী কথা

পূজা করিতে হইলে অথবা পূজার যোগ্যতা লাভ করিতে হইলে প্রথমে ভূতশুদ্ধির আবশ্যক। কারণ, শাস্ত্র বলেন—'নাদেবো দেবমর্চ্চয়েৎ' অর্থাৎ অদেব কখনও দেবতার পূজা করিতে পারে না। প্রাকৃত বস্তু কখনও অপ্রাকৃতের সেবা করিতে পারে না। সেব্য ও সেবক সমজাতীয় না হইলে কখনও পূজা বা সেবা হইতে পারে না। অচিতের বা অচেতনের দ্বারা চেতনের পূজা হয় না। অচেতন চেতনকে জানিতে পারে না। চেতনই চেতনকে জানিতে পারে, চেতনই চেতনের সেবা করিতে সমর্থ হয়। শ্রৌতপন্থায় ও শুদ্ধ-বৈষ্ণবের আনুগত্যে ও সঙ্গে হরিকথা-শ্রবণ-কীর্ত্তন করিতে করিতেই আমাদের ভূতশুদ্ধি হয়। তখনই শুদ্ধবৈষ্ণবের সেবাযোগ্যতা লাভ হয়। ইহারই নাম দীক্ষা।

জুতা লইয়া মন্দিরে যাওয়া যায় না। মন্দিরে যাইতে হইলে জুতা খুলিয়া যাইতে হয়। অশ্রদ্ধা-জুতা লইয়া গুরু-বৈষ্ণব-ভগবানের নিকট যাওয়া অপরাধজনক। সেইজন্য পরিপ্রশ্নে আদৌ শ্রদ্ধা বা বিশ্বাসের কথাই মহাজনগণ বলিয়াছেন।

সর্ব্বশ্রেষ্ঠ আশ্রয় সর্ব্বশ্রেষ্ঠ বিষয়ের সেবা কি করিয়া করেন, তাহা শিক্ষা দিবার জন্যই শ্রীগৌরসুন্দর এ জগতে আসিয়াছিলেন। জীবের সর্ব্বোৎকৃষ্ট আনন্দদাতা কি, তাহা তিনি দয়া করিয়া আমাদিগকে জানাইয়াছেন। তাঁহার উপদেশ জীবের অনর্থনিবৃত্তিরূপ চেষ্টামাত্র নহে, পরন্তু সমস্ত জীবকে আনন্দের আনুগত্যে—হ্লাদিনীর আকর্ষণে সর্ব্বোৎকৃষ্ট আনন্দে প্রতিষ্ঠিত করাই তাঁহার উদ্দেশ্য। সেইজন্যই মহাপ্রভু-প্রচারিত ধর্ম্মের ন্যায় পরমোদার ও সার্ব্বজনীন ধর্ম্ম আর নাই।

কৃষ্ণশক্তি ব্যতীত জগতে যেমন অপরে কৃষ্ণকথা প্রচার করিতে বা আচার্য্যের কার্য্য করিতে পারেন না, গৌরশক্তি ব্যতীতও তদ্রূপ অপরে গৌরপ্রচারিত শ্রীভক্তিসিদ্ধান্তবাণীর মর্ম্ম উপলব্ধি করিতে পারেন না। সুতরাং তাঁহারা প্রচার করিতে অসমর্থ। আমরা চন্দ্রবিম্বের কাচ কাটিয়া যতই অনুকরণ করিতে যাই না কেন, তাহাতে জগতের কিছু মঙ্গল হইবে না। গৌরশক্তিগণই নিত্যকাল শ্রীচৈতন্যমনোঽভীষ্ট প্রচার করিয়াছেন, করিতেছেন ও করিবেন। তাঁহারাই চৈতন্যমনোঽভীষ্ট-প্রচারক রূপানুগবর। আচার্য্য শ্রীল শ্রীজীব প্রভৃতি শ্রীচৈতন্যমনোঽভীষ্ট-প্রচারকারিগণই রূপানুগ। ঠাকুর নরোত্তম প্রভু শ্রীনিবাসাচার্য্য, প্রভু শ্যামানন্দ প্রভৃতি সকলেই গৌরশক্তি ও চৈতন্যমনোঽভীষ্টপ্রচারক রূপানুগ। নবীন আচার্য্যদেব সেই গৌরশক্তিস্বরূপ, রূপানুগবর, চৈতন্যমনোঽভীষ্ট-প্রচারক।

অধোক্ষজ্ঞান-প্রমত্ত হইয়া অভিজ্ঞতাবাদী বা আধ্যক্ষিক সম্প্রদায় যে সকল ক্ষণভঙ্গুর যুক্তি ও বুদ্ধির সাহায্যে বাস্তবসত্যে তর্ক উপস্থাপিত করিবার নিষ্ফল প্রয়াস করেন, তাঁহাকে শাস্ত্রসম্প্রদায়ী ও অবরোহবাদিগণ আদর করিতে পারেন না। পক্ষান্তরে তাদৃশ মনোধর্ম্মিগণের দুর্ব্বলতাকে হাস্যাস্পদ বলিয়াই মনে করেন।

ভক্তিপথের পথিকগণ বাস্তবসত্য ব্যতীত অন্যকারে ছিদ্র-ছেঁড়া নীতির প্রশ্রয় দিতে প্রস্তুত নন। তাঁহারা প্রত্যক্ষবাদী, অনুমানপ্রিয় বা তার্কিক নহেন, তাঁহারা শ্রৌতপন্থী। অন্যাভিলাষী, কর্ম্মী ও জ্ঞানীকে তাঁহারা সম্মান করিলেও তাঁহাদের হাস্যের প্রশংসা করেন না। যাঁহারা বাস্তবসত্য হইতে জগৎ নন, সেইসকল হরিবিমুখজনগণকে অশুচি ও বিতণ্ডারে অবস্থিত জানিয়া তাহাদের ভক্তের সেবক ও মায়াবাদী জানিয়া তাঁহাদের সঙ্গপ্রার্থী ও অনুগত হইতে পারেন না।

কৃষ্ণনামগ্রহণরূপ ভক্তবৈষ্ণবগণই বিষ্ণু-সেবার দায় বা বৈষ্ণবের কর্ত্তব্য। নিরন্তর কৃষ্ণনামগ্রহণকারী যথাধিকারীর অন্তরে পথে অভিগমন ও ভজন-নিপুণ উত্তমাধিকারী মহাভাগবতের সঙ্গপ্রভাবেই নামগ্রহণরূপ কৃষ্ণভজন-প্রয়াস আরম্ভ হয়। নাম কীর্ত্তিত হইলেই অনর্থ অপগত হয়।

ইন্দ্রিয়তর্পণ-পিপাসাই অনর্থ। ইন্দ্রিয়তর্পণ-চেষ্টাই অধোক্ষজ-সেবার প্রধান অন্তরায়। তৎকালে নিরবচ্ছিন্ন স্মরণ না হওয়ায় মায়িক বন্ধন পশ্চাদ্ধাবনের চেষ্টা হয়। কৃষ্ণস্মরণের অংশের সঙ্গপ্রভাবে এই ইতর স্পৃহা বা অন্যকামনা নষ্ট হয়।

কাক ও কোকিল

(শ্রীপাদ মহাপুরুষদাস ভক্তিশাস্ত্রী)

বাহ্যদর্শনে কাক ও কোকিল যেমন উভয়ই এক, সেইরূপ অজ্ঞবিচারে ভক্ত ও অভক্ত, নিষ্কপট ও কপট, নির্ম্মৎসর ও মৎসর, ভক্ত কবি ও অভক্ত কবি ইঁহাদের মধ্যে কোন পার্থক্য পরিলক্ষিত হয় না, সবই এক মনে হয়। কিন্তু প্রকৃত-প্রস্তাবে তাঁহারা কি বস্তুতঃ এক? কখনই না। সময়ে সবই প্রকাশ পায়। যখন বসন্ত আসে তখন কোকিল সুমধুরস্বরে পঞ্চমস্বরে ব্যস্ত হয়, আর তৎপার্শ্বে বায়সকে 'কা-কা' রব ও বিষ্ঠা ভোজন করিতে দেখা যায়। কথায় বলে—"যাবৎ কিঞ্চিৎ ন ভাষতে।" আচার বিচার, কথা-বার্ত্তা দেখিয়াই সব বুঝা যায়। যখন শুদ্ধ হরিকথা বা হরিসেবার সময় উপস্থিত হয়, তখনই ভক্ত ও অভক্ত চেনা যায়।

কাকের কঠোর রব বিষ লাগে কাণে।
কোকিল অখিলপ্রিয় সুমধুর গানে॥

শ্রীল কবিরাজ গোস্বামী প্রভু অভক্ত কাক ও ভক্ত-কোকিলের কথা এইভাবে বলিয়াছেন,—

অরসজ্ঞ কাক চুষে জ্ঞাননিম্বফলে।
রসজ্ঞ কোকিল খায় প্রেমাম্রমুকুলে॥

কাকজাতীয় অভক্তগণ শুষ্কজ্ঞানহীন—ভক্তিহীন—শুষ্কনৈষ্কর্ম্যগতাহীন। আর ভক্ত-কোকিলগণ প্রেমিক। শ্রৌতপন্থায়-অর্পিতমতমুখী ভক্তি ও শরণাগতিই তাঁহাদের সম্বল। অভক্তগণ প্রশ্নজ্ঞান-প্রবণ। কনককামিনী প্রতিষ্ঠার কথা থাকিলে বা নিজে কর্ত্তা পাইলে এইরূপ কার্য্য করিতে তাহাদের খুব উৎসাহ। কনক-কামিনী প্রতিষ্ঠার মহোৎসব পাইলে তাহাদের আনন্দ আর ধরে না, কিন্তু ভক্তগণ নিজের জন্ম কিছু না করিয়া, ভক্ত-প্রাণতোষণ। পুষ্পীবিষ্টার জন্ম লালায়িত না হইয়া শুদ্ধ হরিকথা-শ্রবণ-কীর্ত্তনে দেহ-গেহ, মনঃপ্রাণ যথাসর্ব্বস্ব নিয়োগ করিয়া থাকেন। ভক্তগণের সেবোৎসাহ নিত্য প্রবর্দ্ধমানভাবে বর্ত্তমান। কিন্তু কনক-কামিনী-প্রতিষ্ঠা না পাইলে অভক্তের কর্ম্মতৎপরতা সব থামিয়া যায়।

অভক্তগণের বাজে কথা শুনিয়া মঙ্গলাকাঙ্ক্ষী জীবের মঙ্গললাভ হয় না। তাই অভক্তের কথা তাঁহাদের নিকট বিষের মত মনে হয়। আর ভক্তগণের চেতনময়ী বাণী তাঁহাদিগকে শুদ্ধকৃষ্ণপাদপদ্মে আকর্ষণ করে বলিয়া—নিঃশ্রেয়সের সন্ধান দেয় বলিয়া তাঁহাদের সেই বাণী গ্রহণ করিয়া আনন্দিত হন। অভক্ত-বায়স গলাবাজী করিয়া বিকট চীৎকারে যতই লোকের চিত্ত আকর্ষণ করিতে যত্ন করুন না কেন, কেহই শুদ্ধ-ভক্তিবিরোধী সেই সকল অভক্তের কথা শুনেন না। পরন্তু তাহাতে বিরক্ত হইয়া সদ্ভক্তের নিকট হরিকথা শুনিবার জন্ম ব্যাকুল হন। শুদ্ধহরিকথা নিষ্কপট ব্যক্তিকে আকর্ষণ করিবেই করিবে এবং তাহাই তাহার ভাল লাগিবে।

মৎসরতা লইয়া ভক্তসঙ্গে থাকা যায় না। কোন কোন ব্যক্তি ভক্তের বৈষ্ণবী প্রতিষ্ঠা ও ঐশ্বর্য্য দেখিয়া সহ্য করিতে না পারিয়া স্পর্দ্ধা করিয়া অনেক সময় নিজের মহত্ত্ব ও ভক্তের হেয়ত্ব প্রচার করিতে ব্যস্ত হন। কিন্তু চরমে ঐসকল দাম্ভিক ব্যক্তির কপটতা ধরা পড়িয়া যায়। চোর যেরূপ সজ্জন ব্যক্তির দ্বারা নির্দ্দিষ্ট হইয়া সজ্জনকেও 'ঐ চোর, ঐ চোর' বলিয়া নির্দ্দেশ করিয়া

শ্রীশ্রীআচার্য্যবাণী

শ্রীগৌরসুন্দর যখন ভক্তিরস আবিষ্কার করিলেন, তখন জড়রসের আর স্থান ছিল না।

শ্রীনামের সুখ—ইহাই সর্ব্বতোভাবে কাম্য। শ্রীনামপ্রভুর সুখ আবার সর্ব্বাপেক্ষা অধিক পরিমাণে কখন হয়? যে-নামে গুরুবর্গ তাঁহাকে আহ্বান করিয়া সুখ পান, সেই নামে আহ্বান করিলেই তাঁহার সর্ব্বাপেক্ষা অধিক সুখ হয়, শুদ্ধরূপার কৃষ্ণের অনুশীলনই কৃষ্ণের সর্ব্বাপেক্ষা অনুকূল অনুশীলন। শ্রীনামের অনুশীলন করিলেই সব হইবে। তিনি মদনমোহন; তাঁহার অনুশীলন হইলে মতি ভাল হইবে, সত্য সত্য অপ্রাকৃত আসিবে। "সে সব সঙ্গীর সঙ্গে যে কৈল বিলাস। সে সঙ্গ না

নিজের পরিত্রাণের সাময়িক উপায় খুঁজিয়া লয়, তদ্রূপ সাধুগণও যখন লোক-কল্যাণের জন্ম ধর্ম্মরাজ্যের চোর বা কপট ব্যক্তি প্রভৃতিকে নির্দ্দেশ করিয়া থাকেন, তখন ঐ সকল কপট ব্যক্তিগণও উক্ত নীতি অবলম্বন পূর্ব্বক সাধুগণকে অসাধু বলিতে থাকেন। ইহাই তাহাদের স্বভাব।

ভক্ত সাজা যায় না। কৃষ্ণকৃপায় ভক্তি লাভ করা যায়—চেতনের বৃত্তি প্রকাশিত হয়। আর জোর করিয়া সাজিতে গেলেই বা তাহা কয়দিন থাকিবে? নীলবর্ণ শৃগাল অথবা ময়ূরপুচ্ছধারী দাঁড়কাক কি চিরকাল তাহার স্বরূপ ঢাকিয়া রাখিতে পারে? পাতকীর পাপ প্রকাশ হইলেই যেমন তাহাকে ধরা যায়, সেইরূপ অসদ্ভাব ব্যক্তিগণের হরি-গুরুবৈষ্ণববিদ্বেষাদিও সময়মত প্রকাশ হইয়া পড়ে। তখন তাহা হইতে আমরা সাবধান হই। কিন্তু ভক্তগণ তাহাদের স্বরূপ প্রথম হইতেই জানিতে পারেন এবং তজ্জন্য কোমলশ্রদ্ধ ব্যক্তি-গণকে সাবধান করেন।

কাক যদি কপটতা করিয়া তাহার চঞ্চু স্বর্ণমণ্ডিত করে কিংবা মাণিক্য দ্বারা উহার পদদ্বয় অলঙ্কৃত করে, তথাপি সে যেরূপ সুধীগণের নিকট রাজহংস বলিয়া গণিত হয় না পরন্তু বিষ্ঠাভোজী কাকই থাকে, তদ্রূপ অভক্তগণ হরিসেবা-বৃত্তসরোবরবিহারী পরমহংসকুলের সহিত স্পর্দ্ধা করিয়া যতই কেন না তাহাদের পণ্ডিতম্মন্যতা দেখাইতে চেষ্টা করুন, উহাতে সজ্জনসমাজ কিছুতেই তাহাদিগকে কাক ব্যতীত আর কিছুই বলিবেন না।

পাইয়া কাঁদে নরোত্তম দাস" অথবা "হা হা প্রভু কর দয়া, দেহ' মোরে পদছায়া, এ অধম লইল শরণ"—এইরূপ ক্রন্দনরোল তখন হইবে। গুরুদেব যে নামে ডাকেন, সেই নামে ডাকিলে শ্রীনামের সর্ব্বাপেক্ষা বেশী সুখ হয়। শ্রীমদ্ভাগবত যে নাম বলিয়াছেন, সেই নামে এবং গুরুদেব যে নামে ডাকেন সেই নামে ডাকিলে সর্ব্বাপেক্ষা বেশী সুখ হয়। ভক্তিসন্দর্ভ ২৫২ সংখ্যায় এই বিচারটি আছে।

* * *

নিজের দর্শন, শ্রবণ বা যে-কোনও ক্রিয়া শ্রীনামপ্রভুর সুখকর হইতেছে কি না, এ বিষয়ে আগ্রহ থাকিলে। তাহা হইলে আর ইতর রাগ আসিতে পারিবে না। আবার অপরের যাহাতে নামের প্রতি শ্রদ্ধা হয়, একজনও শ্রীনামের প্রতি শ্রদ্ধাবিশিষ্ট হইতে পারেন, সেজন্য জীবনপণ করিয়া চেষ্টা করিলা, ইহাই জীবনের একমাত্র ব্রত হউক। ভিতরে বাহিরে সব দিকেই বিপদের সূচনা দেখা যাইতেছে। এই সময় স্বয়ং শ্রীনামের সুখসন্ধানতৎপর হইয়া অপরকে শ্রীনামের সুখসন্ধানতৎপর করাইবার ব্রত গ্রহণ না করিলে মঙ্গল নাই। এ বিষয়ে কেবল একনিষ্ঠতা ও শরণাগতি, কেবল দৈন্য ও ধৈর্য্যের সহিত কৃপার উপর নির্ভর করিয়া থাকা—ইহাই প্রয়োজন, দীনেরে অধিক দয়া করেন ভগবান্।"

* * *

উদ্দেশ্যের লক্ষ্যটা থাকা দরকার; কৃষ্ণের কৃপা পাইবার জন্ম লালসা হওয়া দরকার। অনেক বাধা আসিবে, মন অস্থির হইয়া উঠিবে, সাংসারিক বা অন্য কোনও কারণে অনেক বিঘ্ন প্রবল হইয়া উঠিবে, কিন্তু সব সহ্য করিয়া যাইবে। "বিক্ষেপে ধীর" —এই কথাটা মনে করিয়া রাখিতে হইবে। যদি সাময়িকভাবে মন এদিক্ ওদিক্ যায় বা পতনও হয়, তথাপি তাহাতে হতাশ হইবার কারণ নাই। "বিকর্ম্ম যচ্চোৎপতিতং কথঞ্চিদ্ ধুনোতি সর্ব্বং হৃদিসন্নিবিষ্টঃ।" অথবা "ভাবগ্রাহী"—ইত্যাদি। ইহা সেই গুরুবর্গের কথা। যাঁহারা দয়া করিবেন—তাঁহাদেরই অভয়বাণী। তাঁহারা Ethical principle-এর violation বা immorality কে support করেন নাই, তবে এই দুর্ব্বলতা তাঁহারা ক্ষমা করিয়াছেন। যদি কোন দোষ দুর্ব্বলতাবশতঃ হইয়া পড়ে, ঐ দোষ স্থায়ী হইবে না। মদনমোহন শ্রীনামপ্রভুর সেবাপ্রভাবে উহা দূরীভূত হইবে। তাঁহারা একটা দয়া করিতে পারেন ও করেন। সেই ক্ষমতায় বিশ্বাস থাকা দরকার। তাঁহাদের দয়ার উপর নির্ভর করিতে পারিলে আর চিন্তা নাই। শ্রীনাম—সর্ব্বশক্তিমান্।

সাধুসঙ্গে আনন্দ হয় কাহার?

সাধুসঙ্গে সাধুরই আনন্দ হয়। অসাধু-সঙ্গ করিলে নানাপ্রকারে হরিবিমুখতা আসিয়া আমাদিগকে গ্রাস করে। সাধুসঙ্গ যেরূপ হরিভক্তির মূল, অসাধুসঙ্গও সেরূপ হরিবিমুখতার জনক। অসাধুসঙ্গ করিলে আমাদের নিত্য হরি ও হরিজনবিরোধী হইয়া পড়ে। সাধুর কলিমলবিধ্বংসিনী কথা বিষয়ীগণের অপ্রিয় হইলেও সেই সাধুবাক্য বিষয়ীর অন্তরস্থিত আসক্তিরূপা দুষ্ট অসাধুবৃত্তিকে নষ্ট করে। আসক্তি নষ্ট হইলে অনর্থমুক্ত জীব সাধুসঙ্গের ফল ভক্তি লাভ করেন। যাঁহার আসক্তি নষ্ট হয় নাই, তিনি মূর্খতা ছাড়িয়া অসাধুকে ও অসাধুবৃত্তির কপট আস্ফালনকে সর্ব্বতোভাবে নির্ম্মম হইয়া ত্যাগ করিবার জন্ম যত্নশীল হইবেন। যদি এখানেও জীবের দুর্ব্বলতা থাকে, তাহা হইলে তাহার সাধুসঙ্গ হয় নাই জানিতে হইবে।

সাধুসঙ্গে অনর্থ-পোষণের চেষ্টা থাকে না। ধনাশা, পুত্রাশা, প্রতিষ্ঠাশা, মৎসরতা প্রভৃতি অভাবিলাষ-চেষ্টাই অসাধুতা। সাধুসঙ্গ প্রভাবে এই অনর্থগুলি দূর হয়। দুঃসঙ্গবর্জ্জন না করিলে হরিভক্তি হয় না। আমরা এসকল কথা বুঝিতে পারি না বলিয়াই আমাদের মঙ্গল হয় না। অপরাধিগণ নিজে নিজে অপরাধের সঙ্গকেই সৎসঙ্গজ্ঞান করিয়া দুঃসঙ্গকেই সৎসঙ্গ বলিয়া প্রচার করেন এবং তাহাতে প্রমত্ত হইয়া সাধুসঙ্গ-বরণের সৌভাগ্য হইতে বঞ্চিত হন। আবার সেবাকেই তাঁহারা কৃষ্ণভক্তি মনে করেন। সৎসঙ্গের পরামর্শ তাঁহাদের ভাল লাগে না। আবার তাঁহাদের মধ্যে কেহ কেহ দুঃসঙ্গ ও সৎসঙ্গ উভয়কেই এক মনে করেন। তাঁহারা সাধুগণের কথাকে আত্মশোধক বলিয়া না জানিয়া তাহাকে সংশোধন করিবার জন্ম উদ্গ্রীব হন। তাঁহাদের চিত্তবৃত্তির অনুকূল কথাকে তাঁহারা বড় ভাল বলেন। উহা তাহাদের প্রাক্তন দুষ্কৃতি ফলমাত্র। বিষয়িগণ এই সকল লোককে আদর করিয়া তাঁহাদের সঙ্গে মিলন-মহোৎসব করুন, কিন্তু ভক্তগণ

গুরুভক্তিগণ কখনও ভুলিয়াও ছাড়িবেন না।

কিন্তু ভক্তগণ নিজদিগকে বৈষ্ণব বলিয়া পরিচয় দিলেও প্রকৃত-প্রস্তাবে তাঁহারা দাসদাস না হইয়া কাঙ্গাল। দাসদাস সব পরিত্যাগ-করিয়া হরিকাঙ্গাল। চতুর্দ্দশ ভুবনে এমন কোন লোভনীয় বস্তু নাই, যাহার লোভে লুব্ধ হইয়া ভগবান্ ভক্ত কামনা করিবেন।

ভক্তগণ অসম্ভবে প্রবৃত্ত হন না। তাঁহারা সকল সময়ে স্থির ও গম্ভীর। যাঁহারা মনের বশীভূত, তাঁহাদের স্থিরতা নাই। স্থিরবস্তু ভগবানের অনুশীলন স্থির-প্রকৃতি ভক্ত ব্যতীত অপরে করিতে পারেন না। অস্থিরগণ সুস্থির হইবার জন্য ব্যগ্র। তাঁহাদের কামনা-বাসনা যা' কিছু সব ঐ সুস্থির হইবার জন্য, সুতরাং এরূপ অবস্থায় তাঁহারা হরিভজন করিবেন কি করিয়া? এই স্থিরতাকাঙ্ক্ষিগণের অস্থিরতাই শেষ ফল। অস্থির হইলে কোন কাজই হইবে না। সেইজন্য স্থির হইতে হইবে— ধৈর্য্যধারণ করিতে হইবে। শ্রীমন্মহাপ্রভু বলিয়াছেন,—

"স্থির হঞা ঘরে যাও না হও বাতুল।
ক্রমে ক্রমে পায় জীব ভবসিন্ধুকূল॥"

একলক্ষ্য হওয়াই স্থির হওয়া। এক লক্ষ্য বা একনিষ্ঠতার অভাব যেখানে, সেখানে স্থিরতার কোন কথা নাই। লক্ষ্যভ্রষ্ট হইলেই বিপদ। যাঁহার লক্ষ্য ঠিক হইয়াছে, তিনি ধীরস্থির হইয়া অভীষ্টলাভে যত্ন করিতেছেন। ধৈর্য্য চাই, নিশ্চয়তা চাই, উৎসাহ চাই, নতুবা ভক্তি স্ফূর্ত্তি লাভ করে না। ভক্তগণ বিষয়িগণের ন্যায় বিষয়-প্রমত্ত নহেন, তাঁহারা সেবাপ্রমত্ত বলিয়া ধীর ও স্থির। এই ভক্তগণকেই একমাত্র বিশ্বাস করা যায়। তাঁহাদের কৃত্যই আমাদের আদর্শ এবং তাঁহাদের সেবাই ভগবানের সেবা।

মৎকাঙ্ক্ষিত

——::(●)::——

আমরা শুদ্ধবৈষ্ণবের পাদত্রাণবাহী। আমরা কর্ম্মী নই, জ্ঞানী নই, যোগী নই, অন্যাভিলাষী নই, রাজা নই, প্রজা নই, ব্রাহ্মণ নই, ব্রাহ্মণ নই, ক্ষত্রিয় নই, বৈশ্য নই, শূদ্র নই,—আমরা হরিদাসগণের জুতা-বহনকারী—তাঁহাদের পায়ের ধূলো—তাঁহাদের শ্রীচরণাশ্রয়—তাঁহাদের উচ্ছিষ্টভোজী কুক্কুর। দুর্ভাগ্যবশতঃ তাহা আমরা বুঝিতে বা জানিতে পারিতেছি না। সেই সম্বন্ধজ্ঞান লাভ করিতে হইলে বা নিজেকে তাঁহাদের কিঙ্কর বলিয়া উপলব্ধি করিতে হইলে গুরু-পাদপদ্মের আশ্রয় করিতে হইবে।

যেখানে সেবাবিমুখতা, সেখানেই সংসার। যেখানে ভজন নাই, সেইখানেই নিজেকে সেব্যাভিমান। কিন্তু ভক্তগণ গোলোক বৈকুণ্ঠবাসী। তাঁহাদের কোনই অভিলাষ নাই, তাঁহারা সকল বস্তুই কৃষ্ণকে ভোগ করান, নিজে কিছু গ্রহণ করেন না। নিজের জন্য গ্রহণ বা ত্যাগে কৃষ্ণের কোন সেবার কথা নাই। স্বসুখবাসনা বিন্দুমাত্র থাকিলে ভক্তি হইবে না। সেইজন্য শ্রীল প্রভুপাদ বলিয়াছেন,—'নিত্যানন্দ একটু কম হইয়া যাওয়া ভাল।'

মৎসরতা ভাল নয়। মৎসরতা থাকিলে হরিভজন হয় না। মৎসরতা ছাড়িয়া নিরন্তর হরিকথা আলোচনা করাই দরকার। যদি মৎসর হইয়া শুদ্ধবৈষ্ণব-আনুগত্য পরিত্যাগ করি তাহা হইলে পৌত্তলিক হইয়া যাইব। সমস্ত জিনিষ যদি ভগবানের সেবায় নিযুক্ত করিতে না পারা যায়, তাহা হইলে ভগবৎসেবা হইবে না। আনুগত্য বিশেষ দরকার। শুদ্ধবৈষ্ণবের নিকট unconditional surrender করিতে হইবে। সাধুকে গুরু বলিয়া জানিতে হইবে। তাঁহার সেবা করিলে আর অসুবিধা হইবে না। শ্রীগুরুদেবই সর্ব্বশ্রেষ্ঠ সাধু। তাঁহার কৃপাই ভগবানের কৃপা। সুতরাং গুরুদেবের কৃপা ব্যতীত জীবের গত্যন্তর নাই।

যিনি ভগবানের সেবা করেন তাঁহার সেবা করিলেই সব সুবিধা হইয়া যায়—ইহা অন্তরের সহিত জানিতে হইবে। তবেই অকপট সেবক হইতে পারিলে দায়-নিস্তার স্বতঃই স্ফূর্ত্তিপ্রাপ্ত হইবে। ভগবান্‌কে একমাত্র রক্ষাকর্ত্তা বলিয়া বরণ করিতে হইবে। ভগবান্ নিশ্চয়ই রক্ষা করিবেন, ইহাই প্রভা-বান্ ও শরণাগতের বিচার। ভগবান্ রক্ষা না করিলে আর নিস্তার নাই। ভগবান্ যাঁহাকে রক্ষা করেন, তাঁহার অমঙ্গল হয় না, তিনি বৈষ্ণবনিন্দারূপ সর্ব্বনাশ বরণ করেন না। ভগবান্‌কে রক্ষক বলিয়া বরণ কাপটী কল্পনা নহে, ইহা বাস্তবসত্য ও সেবোন্মুখের চিন্তনীয় ও উপলব্ধির বিষয়। ভগবান্ যে রক্ষা করিতেছেন, ইহা ভক্তগণ বুঝিতে পারেন, সেইজন্য তাঁহার কৃপার কথা না বলিয়া পারেন না।

কপাল খুব ভাল না হইলে বৈষ্ণবসেবায় অহৈতুকী প্রবৃত্তি জাগে না। বৈষ্ণব-সেবাই আত্মমঙ্গলের একমাত্র সেতু। বিষ্ণুর অর্চ্চন অপেক্ষা এই বৈষ্ণবসেবা অনন্তকোটিগুণে বড়। যাঁহার হৃদয়ে প্রকৃত বৈষ্ণবতা উদিত হয়, তিনি কোনদিন হরিগুরুবৈষ্ণবের অধীনতা হইতে অবসর গ্রহণ করিবার ইচ্ছা হৃদয়ে পোষণ করেন না। সেবক সর্ব্বক্ষণ শ্রীগুরুবৈষ্ণবমুখাপেক্ষী, তাঁহাদের নিত্যানুগত। সেবকের স্বতন্ত্রতা নাই। কৃষ্ণাধীনতাই তাঁহার স্বতন্ত্রতার সদ্ব্যবহার বা প্রকৃত স্বাধীনতা। শুদ্ধবৈষ্ণব-ভগবান্‌ই তাঁহাকে সেবাবৃত্তি প্রদান করেন। ভগবানের প্রদত্ত এই বৃত্তিযোগ যাঁহার নিষ্কপট হৃদয়ে স্থান পাইয়াছে, তাঁহার সেবা ব্যতীত অন্য কিছু ভাবিবার সময় নাই।

সাধুসঙ্গ সাধুসঙ্গ সর্ব্বশাস্ত্রে কয়।

আমরা শাসকও নহি আবার শাসকহীনও নহি। আমরা শ্রীগুরুদেবের নিত্যাশ্রিত বা শাসনীয়, তাঁহার শাসন মানিয়া চলিলে আমাদের মঙ্গল হ'বে। কিন্তু তৎপরিবর্ত্তে যদি একটু স্বতন্ত্র হই, তাহা হইলেই সর্ব্বনাশ! শ্রীগুরুপাদপদ্ম য সে জিনিষ নন। অত্যন্ত বড় জিনিষ। তিনি যন্ত্রী, আমরা যন্ত্র। আমরা যদি নিষ্কপটে কায়মনোবাক্যে শ্রীগুরুপাদপদ্মের সেবায় নিয়োজিত করিতে চাই, তাহা হ'লে তাঁহার যন্ত্র জিনিষ বানাইয়া লইবেন—আমাদিগকে সেবায় নিযুক্ত করিবেন।

গৌড়ীয়বাণী

·—::(●)::-

যাঁহারা ভক্তিসিদ্ধান্তে নিপুণ, তাঁহা-দিগের সেব্য-সেবক-ভাবের নিত্যত্ব বিচার —অপরিহার্য্য; তাঁহাদিগের সেব্য-সেবক-সম্বন্ধজ্ঞান—নিত্য এবং তাঁহাদের সেব্য-সেবক-ভাব-পরিবর্দ্ধিত নবনবায়মান আনন্দ নির্ব্বাধ। যাঁহারা মায়াবাদ অবলম্বন পূর্ব্বক মনোধর্ম্মপরিচালনক্রমে বহির্জ্জগৎকেই সকল মনে করেন, তাঁহারা তুরীয় বস্তুর কোন অনুসন্ধান পান না।

———

হে বিশ্ববাসি, তোমরা আচার্য্যের আহ্বানে কর্ণপাত কর। আর কতকাল জড়সম্ভোগরসে প্রমত্ত হইয়া বদ্ধগর্ত্ত ভুলিয়া থাকিবে? কতই ত' দেখিলে—অনাদি অনন্তকালের যুগযুগান্তরের ইতিহাস—উপলব্ধি—প্রত্যক্ষ—অভিজ্ঞান ত' প্রতি-মুহূর্ত্তে ঘোষণা করিয়াছে ও করিতেছে যে, জড়সম্ভোগে আনন্দ নাই, শান্তি নাই —অমৃত নাই, সেখানে নিরানন্দ, অশান্তি, মৃত্যু! যদি অখণ্ড আনন্দ চাও— শাশ্বতী শান্তি চাও—অভিমর্ত্ত্য অমৃত চাও, তাহা হইলে গৌড়ীয়-সম্রাটের সঙ্গে চল, গৌরজন সঙ্গে গৌর-

একমাত্র সাধুসঙ্গে সর্ব্বসিদ্ধি হয়।

পদাঙ্কপূত ক্ষেত্রে—গোপীচরণরেণুরঞ্জিত তীর্থে চল। দেখিবে,—তোমাদের অন্যাভি-লাষ বিদূরিত হইবে—ধর্ম্ম-অর্থ-কাম-কামনা ক্ষুদ্র হইবে—পুণ্য-কামনা, পাপবাসনা নির্ম্মূলিত হইবে—মোক্ষ-বাসনা, নির্ভেদজ্ঞানানুসন্ধান-স্পৃহা নরকায়িত হইবে—বিশ্ব পূর্ণসুখায়িত দেখিবে, তখন বুঝিতে পারিবে,—সর্ব্বেন্দ্রিয়ে কৃষ্ণানু-সন্ধান অর্থাৎ আশ্রয়জাতীয়গণের সহিত অন্বয়জ্ঞান বিষয়বিগ্রহের মিলনচেষ্টাই যাবতীয় ধর্ম্ম-অর্থ-কামের তাৎপর্য্য।

নিজসুখের বাসনা ছাড়িয়া দিয়া নির্ব্যালীক-ভাবে কেবল ভগবানের সুখ-বাঞ্ছার নামই ভগবদ্ভজন বা ভগবৎসেবা। যেখানে তাদৃশী সেবা নাই বা অহৈতুকী ভক্তি-চেষ্টা নাই, সেখানে যতই না কেন ধর্ম্ম, কর্ম্ম, জ্ঞান, বৈরাগ্যাদির আড়ম্বরপূর্ণ অনুষ্ঠান থাকুক, তাহাকে জড়-প্রতিষ্ঠাশারূপা চণ্ডাল-রমণীর বিষ্ঠাস্বরূপ ব্যতীত আর কিছুই বলা যাইবে না। সুতরাং শুদ্ধভক্তিকামিগণ দৈবীপ্রতিষ্ঠা—"গোপীভর্ত্তুঃ পদকমলয়োর্দাসদাসানুদাসী" শুদ্ধভক্তচরণ-কমল-আশ্রয় একমাত্র মঙ্গলের সেতু বলিয়া জানেন। নশ্বর দেহস্বর্গে প্রতিষ্ঠিত থাকিয়া লোকবঞ্চনা—আত্মবঞ্চনা করা যাইবে বটে কিন্তু অন্তর্ব্বহির্দৃষ্টিশক্তিসম্পন্ন শ্রীভগবান্ বিষ্ণুকে বঞ্চনা করা ত' যাইবে না। সাধু-শাস্ত্রের কথা যতই না কেন, আমাদের প্রতিষ্ঠার হানিকারক হউক, তাহাই আমাদের একমাত্র মঙ্গলের উপায় বলিয়া জানিতে হইবে।

"বৈষ্ণব-চরণ-রেণু ভূষণ করিয়া তনু
যাহা হইতে অনুভব হয়।
মার্জ্জন হয় ভজন সাধুসঙ্গে অনুক্ষণ
অজ্ঞান-অবিদ্যা পরাজয়॥"

কৃষ্ণে আত্মসমর্পণ পূর্ব্বক শ্রবণ-কীর্ত্তনাদি নবধা ভক্তির অনুশীলন করিতে হইবে। কৃষ্ণার্থে অখিলচেষ্টাযুক্ত হওয়াই আত্মসমর্পণের লক্ষণ। ভগবানের প্রতি অখিলচেষ্টা-বিশিষ্ট হইয়া নাম-স্মরণ, নাম-কীর্ত্তন, নাম-প্রচার, ভগবদ্ভক্তিক্রিয়া, ভাগবত-পাঠ প্রভৃতি ভক্ত্যঙ্গের অনুষ্ঠান করা কর্ম্ম নহে। খোসা লইয়া টানাটানি করিলে যেমন প্রকৃত বস্তুলাভে বঞ্চিত হইতে হয়, তদ্রূপ ভোগপর বুদ্ধি লইয়া দাম্ভিকগণের ভক্ত্যঙ্গের অনুষ্ঠান কর্ম্ম অর্থাৎ আত্মেন্দ্রিয়প্রীতির প্রয়াস মাত্রেই পর্য্যবসিত হয়।

শুদ্ধভক্তি-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠ-আকরমঠরাজ
প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীব্রজপত্তন-ভবনে শ্রীচৈতন্যমঠ, পরবিদ্যা-পীঠ, শ্রীশ্রীরাধাকৃষ্ণ, শ্রীগৌর, গোপাল আচার্য্য চতুষ্টয় বিগ্রহ আছেন। সুপ্রাচীন প্রত্ন-বিজ্ঞানালয়ে 'নদীয়া প্রকাশ'-যন্ত্রালয় আছে।

(২) শ্রীগৌড়ীয়মঠ
১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৫১১৫
কলিকাতায় শ্রীভক্তিবিনোদ-আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, সঙ্কীর্ত্তন, প্রত্যহবক্তৃতা-বেদান্ত-শ্রীমদ্ভাগবতাদি তত্ত্ব-গ্রন্থের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও হারমনিষ্ট পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়।

(৩) যোগপীঠ-মায়াপুর-পীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব ভূমি মহাযোগপীঠ।

(৪) শ্রীবাস-অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৫) অদ্বৈত ভবন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং [illegible] বর্ত্তমান।

(৬) মুরারিগুপ্তের পাট
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৭) কাজি-সমাধি-পাট
প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি।

(৮) [illegible]
শ্রীধাম মায়াপুর

(৯) স্বানন্দ-সুখদ-কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীলভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধাগোবিন্দের সেবা বর্ত্তমান।

(১০) গৌর-গদাধর-মঠ
চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ [illegible] (বর্দ্ধমান)

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ
মামগাছি, পোঃ জান্নগর, (বর্দ্ধমান)
শ্রীনারায়ণীর ঠাকুর বৃন্দাবনের পাট

(১৩) রুদ্রদ্বীপ-গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(১৪) [illegible]-গৌড়ীয়মঠালয়

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ
গৌরপুর, নদীয়া

(১৬) শ্রীনবদ্বীপ গৌড়ীয় মঠ
হাটডাঙ্গা—(শ্রীনৃসিংহদেবের পল্লী নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৭) কুঞ্জকুটীর
পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

(১৮) ভাগবত-আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৯) একায়নমঠ
গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

(২০) মহেশ-পণ্ডিতের পাট
কাঠালপুলি, পোঃ চাকদা (নদীয়া)

(২১) রাণাঘাট-গৌড়ীয়মঠাশ্রম

(২২) পুড়া গৌড়ীয়মঠ
চব্বিশ পরগণা

(২৩) মাধবগৌড়ীয়মঠ
নারিন্দা পোঃ ওয়ারি, ঢাকা।
পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র।

(২৪) গোপালজীউমঠ
কমলাপুর, পোঃ ঢাকা

(২৫) গদাই-গৌরাঙ্গ মঠ
পোঃ বালিয়াটি, (ঢাকা)

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ
বড়বাজার, পোঃ ময়মনসিংহ

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া (আসাম)

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ
পোঃ চক্চকা, কামরূপ (আসাম)

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
৩নং পাগার বিল্ডিং, দার্জ্জিলিং

(৩০) সারস্বত-গৌড়ীয়মঠ
পোঃ হরিদ্বার, জিঃ সাহারানপুর, ইউ, পি

(৩১) পাটনা গৌড়ীয়মঠ
মিঠাপুর (পাটনা)

(৩২) গয়া গৌড়ীয়মঠ
ফল্গু রোড, গয়া

(৩৩) সনাতন-গৌড়ীয় মঠ
৮।১১ বড় গণেশ, বেনারস সিটি

(৩৪) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

(৩৫) নৈমিষারণ্য মঠ,
পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়
বিশ্রামঘাট, পোঃ মথুরা

(৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,
পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ
কিশোরপুর, বৃন্দাবন

(৩৯) [illegible]-কুঞ্জকুটীর
পোঃ রাধাকুণ্ড (মথুরা)

(৪০) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪১) রাধাকুণ্ড গোষ্ঠবাটী

(৪২) শ্রীগোবর্দ্ধনমঠালয়
গোবর্দ্ধন, মথুরা

(৪৩) [illegible] বিহারী মঠ
কাম্য, মথুরা।

(৪৪) নন্দগ্রাম গৌড়ীয়মঠালয়
পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৫) বর্ষাণা গৌড়ীয়মঠালয়
পোঃ বর্ষাণা, মথুরা

(৪৬) গৌড়বিহারী মঠ—[illegible],
পোঃ হোডল, জেলা গুরগাঁও (পাঞ্জাব)

(৪৭) ব্যাসগৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

(৪৮) দিল্লী গৌড়ীয় মঠ
৩৩নং লোধিয়ান রোড, নিউ দিল্লী

(৪৯) বোম্বে গৌড়ীয়মঠ
গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, [illegible]
বম্বে ৭

(৫০) মাদ্রাজ-গৌড়ীয়মঠ
পোঃ রায়পেট্টা, মাদ্রাজ
শ্রী[illegible]-বিগ্রহের সেবা

(৫১) [illegible] গৌড়ীয়মঠ
পোঃ কভুর, কভুর গোদাবরী (মাদ্রাজ)
শ্রীশ্রী[illegible]-বিগ্রহের সেবা

(৫২) ব্রহ্মগৌড়ীয়মঠ
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)

(৫৩) পুরুষোত্তম মঠ
চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা

(৫৪) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৫) লীলাকুটী

(৫৬) ত্রিদণ্ডি-গৌড়ীয়মঠ
পোঃ ভুবনেশ্বর, পুরী

(৫৭) সচ্চিদানন্দ মঠ
[illegible], পোঃ কটক, উড়িষ্যা।

(৫৮) বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ

(৫৯) শ্রী[illegible]গৌড়ীয়-[illegible]-মঠ
পোঃ ব্রহ্মপুর, গঞ্জাম

(৬০) ভাগবতজনানন্দ মঠ
চিদলিয়া, পোঃ নারায়ণগড়, মেদিনীপুর

(৬১) অমর্ষি গৌড়ীয়মঠ
পোঃ অমর্ষি, মেদিনীপুর

(৬২) আমলাজোড়া প্রপন্নাশ্রম মঠ
পোঃ পানাগড় (বর্দ্ধমান)

(৬৩) চৈতন্যগৌড়ীয়মঠ
[illegible], পোঃ [illegible], (মালদহ)

(৬৪) রেঙ্গুন গৌড়ীয়মঠ
৪০১ নং [illegible] ষ্ট্রীট, রেঙ্গুন।

(৬৫) লণ্ডন-গৌড়ীয়মঠ
ফ্ল্যাট নং ৫
৫১, [illegible] রোড
[illegible], লণ্ডন, [illegible]

(৬৬) গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্
১৬।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা

(৬৭) গৌড়ীয়মঠ অফিস
রিডিং রোড, [illegible], নিউ দিল্লী)

(৬৮) শ্রীবিদ্যানিধি গৌড়ীয়মঠালয়
[illegible], চট্টগ্রাম

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীমহানন্দ ব্রহ্মচারী ভক্তশেখর, ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

-:(*):-

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও দ্বিতীয় বার	পরবর্ত্তী প্রতিবার	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও দ্বিতীয় বার	পরবর্ত্তী প্রতিবার
প্রতিবারে প্রতি লাইনে	।০	৶০	।৵০	।০
" " ইঞ্চি	২৲		১।০	১৲
" সিকিকলম	৫৲	৪৲		৩৲
" অর্দ্ধকলম	৮৲	৭৲	৭৲	৫৲
" এক কলম	১২৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চি	৩৲	২।০
" সিকি কলম	১৫৲	১২৲
" অর্দ্ধকলম	২৫৲	২০৲
" এক কলম	৩০৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষান্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৸০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা ৫ ; বিশেষ সংখ্যার মূল্য স্বতন্ত্র।

শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী

—:(৩):—

শ্রীল প্রভুপাদের চতুঃষষ্টিবর্ষপূর্ত্ত্যাবির্ভাব-তিথিতে শ্রীল আচার্য্যদেবের অভীষ্টানুসারে "শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী" প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। ইহাতে পূর্ব্বার্দ্ধ ও উত্তরার্দ্ধ দুইটী বিভাগ আছে। পূর্ব্বার্দ্ধে শ্রীল প্রভুপাদের আদি-প্রবন্ধাবলী শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের সম্পাদিত 'স-পত্রিকা সজ্জনতোষণী,' শ্রীল প্রভুপাদের 'নিবেদন' সাপ্তাহিক পত্র প্রভৃতি হইতে যথাযথ ও প্রয়োজনীয় অর্থের টীকা-সহ প্রকাশিত হইয়াছে। উত্তরার্দ্ধে শ্রীল প্রভুপাদের সম্পাদিত 'সজ্জনতোষণী'র কতিপয় প্রবন্ধ যথাযথ প্রত্যেকের সহিত মুদ্রিত হইয়াছে। প্রবন্ধগুলি রচনাকালের ক্রমানুসারে গ্রথিত হইয়াছে; এতদ্ব্যতীত শ্রীল আচার্য্যদেবের একটী মূল্যবান্ উপোদ্ঘাত ও সঙ্কলনকারীর একটী বিস্তৃত ভূমিকা, শব্দ-সূচী, প্রমাণ-পদ্য-শ্লোক ও পত্রাঙ্ক-সূচী প্রভৃতি গ্রন্থে সংযোজিত হইয়াছে। গ্রন্থটী উৎকৃষ্ট কাগজে পারিপাট্যের সহিত মুদ্রিত ও শ্রীল প্রভুপাদের আলেখ্যাদিদ্বারা ভূষিত ও সুন্দর বাঁধাই হইয়া প্রকাশিত হইয়াছে। প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, জিলা নদীয়া; শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ও শ্রীমাধবগৌড়ীয়মঠ, বাবুবাজার, পোঃ ওয়ারী, ঢাকা।

—— ——

শ্রীল প্রভুপাদের পত্রপ্রসূন মালা

এই গ্রন্থে ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের রচিত পত্রাবলী শ্রীল আচার্য্যদেবের বিরচিত "সৌরভ" নামক ভাষ্যের সহিত প্রকাশিত হইয়াছে। শ্রীল প্রভুপাদের অনেক অপ্রকাশিত পত্র ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ।০ চারি আনা।

শ্রীধাম-মায়াপুরে

——(:০:)——

—"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট"—

——::০::——

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্বাস্থ্যকর স্থানে অবস্থিত এই বিদ্যালয় ও বোর্ডিং এর পরিচিতি বোধ হয়। শিক্ষকগণ সাধু ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য অল্প ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খাওয়া ও বোর্ডিংখরচ প্রতি মাসে মাত্র ৬৲ টাকা। এ বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। বর্ত্তমান বর্ষে ১৬ জন বালকের মধ্যে ১৫ জন ভালভাবে উত্তীর্ণ হইয়াছে।

মেধাবী ছাত্রগণের আরও সুবিধা

পরীক্ষায় যাহারা গড়ে শতকরা ৭৫ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ সচ্চরিত্র বিনয়ী ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক-সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা বিস্তৃতভাবে আলোচিত হইয়াছে। এই এক অপূর্ব্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

চৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত্র অতিসুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত ইহার ভিক্ষা মাত্র ৪৲ টাকা। প্রাপ্তিস্থান শ্রীযুত নন্দকিশোর ভক্তিশাস্ত্রী, শ্রীযোগপীঠ, শ্রীধাম, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীসরস্বতী-সংলাপ

প্রথম খণ্ড

শ্রীশ্রীব্রহ্মমাধ্ব গৌড়ীয়সম্প্রদায়ৈকসংরক্ষক জগদ্‌গুরু পরমহংসকুলচূড়ামণি নিত্যলীলা-প্রবিষ্ট ১০৮শ্রী শ্রীমদ্ ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামি-প্রভুপাদ বিভিন্ন জিজ্ঞাসু ও তত্ত্বান্বেষী সজ্জনবৃন্দের পরিপ্রশ্নের ও সন্দেহ-নিরাকরণকল্পে যে-সকল শ্রীহরিকথা-সদ্বাণী কীর্ত্তন করিয়াছেন, যাহা তাঁহার প্রকটকালেই 'গৌড়ীয়' সম্পাদক শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ প্রভুপাদেরই শ্রীহস্তে সংশোধিত করাইয়া রাখিয়াছিলেন এবং যাহার কিয়দংশ গৌড়ীয়পত্রে প্রকাশিত হইয়াছে, তাহা "শ্রীশ্রীসরস্বতী-সংলাপ" নাম প্রদানপূর্ব্বক শ্রীল প্রভুপাদের 'বক্তৃতাবলী' ও 'পত্রাবলী' আকারে খণ্ডে খণ্ডে প্রকাশিত হইতেছেন। এক্ষণে শ্রীল প্রভুপাদের প্রথমবার্ষিক বিরহতিথিপূজা-বাসরে এই গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছেন। মানবজীবনের বহু অমীমাংসিত সমস্যা ও কঠিন প্রশ্নের সমাধান ইহাতে পাওয়া যাইবে। ভক্তিপথের পথিকমাত্রেরই এই গ্রন্থ সংগ্রহ একান্ত প্রয়োজন।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপদেশক পাওত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী সম্প্রদায়-বৈভবাচার্য্য এম-এ মহোদয়ের গৌরবময় গবেষণা এবং পরিপক্ব লেখনীর অদ্ভুত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত্র-পাঠে মগ্ন হউন। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিভিন্ন চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্ত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডটী ৩৩শ অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকারের ভূমিকাদ্বয় (Prefaces), বিষয়-তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র (Index Glossary) সহ প্রথমখানি প্রকাশিত। ভিক্ষা—১৫. পনর টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, রায়পেট্টা মাদ্রাজ, শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

'ঠাকুর ভক্তিবিনোদ'

——::o)::——

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি-প্রচারের মূল মহাজন সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অভিনব জীবনচরিত এতাবৎকাল গদ্যাকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয়মঠাচার্য্যবর্য্যের উৎসাহে সদ্বিদ্যাসাহিত্যিক সু-লেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু মূল্যবান শিক্ষাবলীও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১২৫ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৮০ আনা; ডাকমাশুল স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান—ম্যানেজার গ্রন্থবিভাগ
শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

——:(o:——

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু গ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১৩।১নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

ই. বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	৪-৩৬	৬ ২৬	৭-০৬	১২-২৬	১৪-৫৬	১৬-৫৬	১৭-৫৬	২২-২৫
রাণাঘাট পৌঃ			৮-২৮	১৪-১৫				
(বদল) ছাঃ			৯-৩৩	১৪-৫০				
কৃষ্ণনগর পৌঃ	৭-১	৮-৪৪	১০-৮	১৪-২০	১৭-২৮	১৯-০৮	২০-১৬	১-১৪
(বদল) ছাঃ	৭-১২		১০-৩১		১৭-৩৮		২০-২৬	
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫১		১১-১০		১৮-১৬		২১-৪	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
রাণাঘাট পৌঃ	১২-৫৫
ছাঃ	১৩-০
শান্তিপুর পৌঃ	১৩-২৬
(বদল) ছাঃ	১৩-৩১ (লাইট্ রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪-১২
ছাঃ	১৪-৩০
নবদ্বীপঘাট পৌঃ	১৫-১০

ডাউন

নবদ্বীপঘাট ছাঃ	৪-৪৫		৯-১৩			১৩-৩১	১৬-০	১৮-৩১
কৃষ্ণনগর পৌঃ	৬ ২৩	৯-১৬	৯-৪৮	১১-৪১	১৪-১৩	১৬-৩৮	১৯-১১	২১-১৩
ছাঃ	৬-৩৬	৭-১৮	১০-১১			১৬-৫৬	১৯-২৫	
রাণাঘাট পৌঃ			১০-৪৬			১৭-৩০		
(বদল) ছাঃ			১১-১			১৭-৪০		
কলিকাতা পৌঃ	৮-১৬ ৯-২১	১১-৫১	১২-১৬	১৪-১৬		১৯-১১	২১-৪১	২৩-০৭

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৩-৩১	১৬-০	
কৃষ্ণনগর পৌঃ	১৪-১০	১৬-৩৮	
ছাঃ	১৫-২৮	১৭-৩৩	
শান্তিপুর পৌঃ	১৬-৯	১৮-১৪	
(বদল) ছাঃ	১৬-৩৩	১৮-২৫ (শনিবার ভিন্ন)	২০-৪০ (শনিবার)
রাণাঘাট পৌঃ	১৭-১০	১৮-৫০	২১-১৫
(বদল) ছাঃ	১৭-৪০	১৯-১৪	২১-৫০
কলিকাতা পৌঃ	১৯-১১	২০-৪০	২৩-০৭

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাট্‌তি অত্যন্ত অধিক। পিতার প্লীহা সংযুক্ত কামলায় এবং নূতন ও পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। মূল্য ছোট বোতল ॥৵০ দশ আনা, বড় বোতল ১৷৵০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

৩১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা
অথবা
পোঃ বেহালা, ২৪ পরগণা

পোঃ—শ্রীমায়াপুর
টেলিগ্রাম—শ্রীধাম শ্রীমায়াপুর

REGD NO C 1/44

দৈনিক নদীয়াপ্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৪শ খণ্ড] শ্রীমায়াপুর—২০শে আষাঢ় ১৩৪৬, ৫ই জুলাই, ১৯৩৯. বুধবার [১০৮শ সংখ্যা

বিবিধ সংবাদ

——::(০)::——

মহারাজা রণজিৎ সিংএর মৃত্যু শতবার্ষিকী

মহারাজা রণজিৎ সিংএর মৃত্যু শতবার্ষিকী উপলক্ষে ভারত সচিবের পরামর্শদাতা মাননীয় সর্দার বাহাদুর সর্দার যোধ সিংএর মারফতে মহারাজা রণজিৎ সিংএর পৌত্রী প্রিন্সেস কাথারিন দলীপ সিং ও প্রিন্সেস সোফিয়া দলীপ সিং নিম্নলিখিত তার পাঠাইয়াছেন।

"আমাদের পরলোকগত পিতামহের মৃত্যু শতবার্ষিকীতে উপস্থিত থাকিতে না পারায় আমরা অত্যন্ত দুঃখিত। তাঁহার মহৎ জ্ঞানপরায়ণতা ও উদারতার জন্য আমাদের ন্যায় সকলেই তাঁহার স্মৃতিপূজা করে।"

বন্যার ফলে ট্রেন-চলাচলে বাধা

ইষ্টার্ণ বেঙ্গল রেলওয়ের লালমণির-হাটস্থিত ডিভিশনাল সুপারিন্টেন্ডেন্ট তার-যোগে জানাইতেছেন:—

পার্ব্বতীপুর আমিনগাঁও শাখার কোকড়া-ঝার ষ্টেশনের পূর্ব্বদিকে অতি বৃষ্টির ফলে ভীষণ বন্যা হয়। বন্যার ফলে কোকড়াঝার ও বাসুগাঁও ষ্টেশনের মধ্যবর্ত্তী রেলপথ ট্রেন চলাচলের অযোগ্য হইয়া পড়ে—এ রাত্রিতে লাইন দিয়া আর কোন ট্রেন চলাচল করিতে দেওয়া হয় না। বন্যার জল সামান্য হ্রাস পাইয়াছে এবং রেল-লাইন এখন আর জলমগ্ন অবস্থায় নাই।

অধুনা ২০৯নং আপ ট্রেনখানিকে এই লাইনের উপর দিয়া যাইতে দেওয়া হইয়াছে। ট্রেনখানি সকাল সাতটায় বাসুগাঁও ষ্টেশনে পৌঁছে। বর্ত্তমানে পূর্ব্ববৎ ট্রেন চলাচল করিতেছে; তবে বিপদ কাটিয়া না যাওয়া পর্য্যন্ত বন্যাপ্লাবিত অঞ্চলে ট্রেন চলাচলের সময় প্রত্যেক ট্রেনের আগে আগে একখানি পাইলট ইঞ্জিন চলিবে।

উড়িষ্যা মহাজনী বিল

গত ২১শে জুন বড়লাট উড়িষ্যা মহাজনী বিলে সম্মতি দিয়াছেন। আইনের সকল ধারা এখনই প্রয়োগ করা হইবে না, কারণ কতগুলি ধারায় কতকগুলি বিধান প্রণয়ন করিতে হইবে এবং সেইগুলি সম্পর্কে উড়িষ্যা গভর্ণরের অনুমোদন লাভ করিতে হইবে।

চারিজন চীনার কঠোর দণ্ড

গত ফেব্রুয়ারী মাসে রেঙ্গুণে প্রকাশ্য দিবালোকে ডাকাতি সম্পর্কে যে মামলা দায়ের হইয়াছিল, হাইকোর্ট দায়রায় ৪ দিন শুনানীর পর ইহার নিষ্পত্তি হইয়াছে।

জুরীর সাহায্যে বিচারপতি মিঃ বা উ এই মামলার বিচার করেন। জুরিগণ এক-বাক্যে ৪ জন চীনাকে দোষী সাব্যস্ত করিয়া প্রত্যেকের প্রতি ৫ বৎসর সশ্রম কারাদণ্ডের আদেশ দিয়াছেন।

গত ৭ই ফেব্রুয়ারী আসামিগণ কাইজলী ষ্ট্রীট রেল ষ্টেশনের 'ডক্স-ঘুমার', তাঁহার কোষাধ্যক্ষ ও একজন জমাদারকে মারপিট করিয়া বর্মা রেল কোম্পানীর ২৭ হাজার টাকার (কাঁচা টাকা ও নোট) একটি থলে লইয়া যায়। এই টাকা হেড অফিসে লইয়া যাওয়া হইতেছিল।

একজন বর্মী এবং একটি চীনা স্ত্রীলোকও আসামী ছিল। তাহারা খালাস পাইয়াছে।

পুলিশ ও চোরে সংঘর্ষ

বরিশাল, বাবাদিগাতা অঞ্চলে গত মঙ্গলবার শেষ রাত্রে পুলিশ ও একদল চোরের ভিতর সদর রাস্তার পার্শ্বে একটি সাংঘাতিক সংঘর্ষ হইয়া গিয়াছে। ফলে, মহম্মদ ইউনুস নামক একজন সহকারী দারোগা ও কমদের হুসেন নামক একজন কনেষ্টবল গুরুতর আহত হইয়াছেন। এই গ্রামে চুরি ক্রমেই বাড়িয়া চলিয়াছিল, উহা নিবারণকল্পে একদল স্পেশ্যাল পুলিশের ব্যবস্থা করা হয় এবং তাহারা কয়েকদিন পর্য্যন্ত রাস্তায় নিয়মিত পাহারা দিতেছে। ইতঃপূর্ব্বে দুইদিন পুলিশদল চোরের সম্মুখীন হয়, কিন্তু একটিকেও ধরিতে পারে নাই। মঙ্গলবারের দিনের চেষ্টার ফলে একব্যক্তি ধরা পড়িয়াছে। প্রকাশ, পুলিশদল জাতীয় বিদ্যালয়ের কিছু দূরে একটি টর্চের আলো দেখিতে পাইয়া রাস্তার ধারে ঝোপের অন্তরালে আত্মগোপন করিয়া অবস্থান করে। উক্ত টর্চধারী দল নিকটে আসিলে দেখা যায় যে, চারিজন লোক লেজা, লাঠি ও অন্যান্য মারাত্মক অস্ত্রে সজ্জিত হইয়া চলিয়াছে। পুলিশের সহকারী দারোগা সঙ্কেত করিবামাত্র পুলিশগণ উহাদিগকে আক্রমণ করে এবং একটি সংঘর্ষ আরম্ভ হয়। দস্যুগণ ইতস্ততঃ পুলিশকে আঘাত করিতে থাকে ও তিনজন পলায়ন করিতে সমর্থ হয়, কিন্তু একজন পুলিশকে কিছুতেই এড়াইতে সক্ষম না হওয়ায় মরিয়া হইয়া পুলিশ দলকে আক্রমণ করে। পুলিশের সহিত যখন এইরূপ লড়াই চলিতেছিল, তখন শব্দ শুনিয়া কতিপয় ভদ্রলোক আসেন এবং পুলিশ তখন উক্ত লোকটিকে আয়ত্তে আনিতে সক্ষম হয়। পুলিশদিগের মধ্যে কনেষ্টবল হুসেনের মস্তকে ও সহকারী দারোগা ইউনুসের বামহস্তে ভীষণ আঘাত লাগিয়াছে। উহাদিগকে ও ধৃত ব্যক্তিকে সরকারী ডাক্তারখানায় আনিয়া প্রাথমিক চিকিৎসা করা হয়। কাহারও প্রাণহানির কোন আশঙ্কা নাই। পুলিশ পরে মনসুর নামক বাবাদিয়া নিবাসী এক চৌকিদার ও কদম নামক এক সন্দিগ্ধ চরিত্রের লোককে গ্রেপ্তার করিয়াছে।

ঐ রাত্রে রামচরণ কুণ্ডচরণ নামের দেবমন্দিরের বিগ্রহের কণ্ঠ হইতে দুই ছড়া সোনার হার চুরি যায়।

উক্ত ঘটনার পরেও চোরের উপদ্রব কমে নাই। পরের রাত্রেই পুনরায় শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ দাশগুপ্তের বাড়ীতে একদল চোর সিঁধ কাটিয়া প্রবেশ করিতে চেষ্টা করে, কিন্তু গৃহস্বামী জাগরিত হইয়া চীৎকার করিলে অন্যান্য বহু লোকজন আসিয়া পড়ে এবং চোরগণ পলায়ন করে। ঐ রাত্রেই বনমালী দাসের বাড়ীতেও চুরির চেষ্টা হয়, কিন্তু সেখানেও তাহারা বিফল-মনোরথ হয়।

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক। প্রতি একাদশীতে প্রকাশিত হয়। কলিকাতা বাগবাজারস্থ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। সডাক ভিক্ষা ৩।০ টাকা মাত্র।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১।০ টাকা মাত্র।

৩। ভাগবত—বিহারের একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ টাকা মাত্র

৫। শ্রীগৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ মাত্র।

পরমগুরু শ্রীগৌরকিশোর

গৌড়ীয়-সম্পাদক-লিখিত, শ্রীগৌড়ীয়মঠাচার্যের ভূমিকা-সম্বলিত, বহুচিত্র-শোভিত ও বিষয় সূচী-সম্বলিত "পরমগুরু শ্রীগৌরকিশোর" গ্রন্থরাজ প্রকাশিত হইয়াছেন। এই গ্রন্থরাজে শুদ্ধগৌড়ীয়বৈষ্ণবগণের পরমারাধ্য, গৌড়ীয়গৌরবশিখামণি অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ নিত্যলীলাপ্রবিষ্ট পরমহংস ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল গৌরকিশোরদাস গোস্বামী প্রভুবরের অতিমর্ত্ত্য চরিতকথা বর্ণিত আছে।

শ্রীশ্রীভক্তিবিনোদাবির্ভাব-শতবর্ষপূর্ত্তিতিথিপূজার উপায়ন-গ্রন্থমালা

——— ::(০):: ———

১। গীতিসাহিত্যে শ্রীভক্তিবিনোদ

শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র গীতিসাহিত্যের সমালোচনা-গ্রন্থ)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

২। শ্রীভক্তিবিনোদবাণীবৈভব

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের রচনামৃতসাগর হইতে আহৃত ১০৮টি অধ্যায়ে সম্বন্ধ-অভিধেয়-প্রয়োজনাকারে খণ্ডিত অমূল্য উপদেশপূর্ণ গ্রন্থ)

ভিক্ষা—৩৲ তিন টাকা মাত্র।

৩। শ্রীশ্রীভক্তিবিনোদ-প্রসঙ্গ

ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ ও ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামীপ্রভু-বিরচিত এবং গৌড়ীয়ে প্রকাশিত শ্রীশ্রীভক্তিবিনোদ-চরিত-প্রসঙ্গ

ভিক্ষা—৷৵০ ছয় আনা মাত্র।

৪। ছাত্রের ভক্তিবিনোদ

ছাত্রের উপযোগী ভাষায় লিখিত শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্র ও শিক্ষা)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

ছাত্রের পক্ষে ভিক্ষা—।০ আট আনা মাত্র)

প্রাপ্তিস্থান :—

(১) 'ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট', পোঃ শ্রীমায়াপুর, নদীয়া ;

২) শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ;

৩ শ্রীযুক্ত সুপতিরঞ্জন নাগ এম্-এ, বি-এল্,

পুরাপাড়া পোঃ ধমণা, ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্,—সমগ্র ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ২৮৲
দশম স্কন্ধ— ৯৲

২। ভাষায় বিরাট শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৬৲

৩। ভাষ্যসমেত শ্রীচৈতন্যচরিতামৃত ৬

৪। সরস্বতী-জয়শ্রী (অবাঁধা) ৪৲

৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০ ; ২য় খণ্ড ১৲, ৩য় খণ্ড—৸০
৪র্থ খণ্ড—৸০

৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০

৭। শ্রীচৈতন্যদেব ১৲

৮। সৎক্রিয়াসার-দীপিকা ও সংস্কার দীপিকা ১।০

৯। জৈবধর্ম্ম ২৲

১০। গৌড়ীয়-কণ্ঠহার ৪৲

১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲

১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲

১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০

১৪ সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ।০

১৫ বৈষ্ণবসাহিত্যে বিরহ-তত্ত্ব ।০

১৬ ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০

১৭ চৈতন্যোপনিষদ ।০

১৮ বাহ্য-আন্তর ।০

১৯ তত্ত্ববিবেক ।০

২০ গৌড়ীয়-গৌরব ৷৵০

২১। গৌড়ীয়সাহিত্য ৷৵০

২২ ভজন-রহস্য ।০

২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲

২৪। গীতা (শ্রীবলদেব-টীকা সহ) ২৲

২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) ২৲
অবাঁধা) ১৲

২৬। গীতার কেবল মাত্র-ভাষা ।০

২৭। মুক্তাফলটীকা গুণলেশসুখদঃ (সানুবাদ) ২৲

২৮। বেদান্তস্যমন্তক (সানুবাদ) ।০

২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৸০

৩০। দীপ-নির্ব্বাণ ৵০

৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ৷৵০

৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ।০

৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০

৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৵০

৩৫। গীতমালা ⁄১০

৩৬। নবদ্বীপধাম-মাহাত্ম্য ৵০

৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৵০

৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০

৩৯। শ্রীগোদ্রুমকল্পতরু ।০

৪০। শরণাগতি ⁄০

৪১। গীতাবলী ⁄০

৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০

৪৩। সাধনতত্ত্ব ⁄০

৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ⁄

৪৫। নবদ্বীপশতক

৪৬। অর্চ্চপঞ্চক

৪৭। সদাচারস্মৃতিঃ ০⁄

৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ⁄১০

৪৯। অর্চ্চনকণ ৵১০

৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম ও খণ্ড) ৬৲

৫১। ব্রহ্মসংহিতা ।০

৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।০

৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০

৫৪। পুরুষার্থ-বিনির্ণয় ।০

৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ।০

৫৬ ভারতবর্ষ ও ভক্তিপথ ৵০

৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ) ।০

৫৮। শ্রীকৃষ্ণলেখক ৵০

৫৯। সিদ্ধান্তদর্পণ ৵০

৬০। সাংখ্যবাণী ⁄০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।০

৬২। সিদ্ধান্ত-সরস্বতী দিগ্বিজয়ঃ ।০

৬৩। সটীক-শিক্ষাষ্টকম্ ।০

৬৪। ষড়হম্ ।০

৬৫। সানুবাদ শিক্ষাষ্টকম্ ৵০

৬৬। গৌড়ীয়মঠপরিচয়ঃ ⁄০

৬৭। সারাংশবর্ণনম্ ৵০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।০

৬৯। এ কিউ পয়ার্ড স অব বেদান্ত ।০

৭০। নামভজন ⁄০

৭১। বেদান্ত—ইটস্ মরফলজী অ্যাণ্ড অণ্টলজি ।০

৭২। রিলেটিভ ওয়ার্ল্ড'স ৷৵০

৭৩। লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস্ অব শ্রীচৈতন্য মহাপ্রভু ।০

৭৪। বৈষ্ণবীজম্ ।০

৭৫। লোয়ার্ট গৌড়ীয়মঠ টু ডু ইট ⁄০

৭৬। দি ভাগবত ।০

৭৭। ইকোটিক প্রিন্সিপাল অ্যাণ্ড আনরিয়্যালিটি ডিক্লোজড ।০

৭৮। ব্রহ্মসংহিতা ১।০

৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (প্রথম খণ্ড) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ।০

৮১। সাধন-পথ ।০

৮২। কল্যাণ-কল্পতরু ৵০

৮৩। গীতাবলী ⁄০

৮৪। শরণাগতি ⁄০

তামিল ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ⁄

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শ্রীশ্রীগৌরগদাধরৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

একমাত্র পারমার্থিক দৈনিক পত্র

ধাম—মায়াপুর—নদীয়া

১৪শ বর্ষ { ৪ শ্রীধর ৪৫৩ গৌরাব্দ, ২০শে আষাঢ় বঙ্গাব্দ ১৩৪৬, ৫ই জুলাই ইং ১৯৩৯, বুধবার } ১০৮৭ সংখ্যা।

সাময়িক-প্রসঙ্গ

——:::(•)::——

ময়ূরভঞ্জ রাজধানীতে প্রচার

গৌড়ীয়মঠাচার্য্য ও বিষ্ণুপাদ শ্রীশ্রীল আচার্য্যদেবের নির্দ্দেশে উপদেশক পণ্ডিত শ্রীপাদ ভক্তিসৌরভ ভক্তিসার মহোদয় উপদেশক শ্রীপাদ হৃষিকেশ ব্রহ্মচারী কাব্যতীর্থ প্রমুখ কতিপয় ব্রহ্মচারী সহ ময়ূরভঞ্জ রাজধানীতে শ্রীগৌরবাণী-প্রচারার্থ গমন করেন। শ্রীযুত লালা মদনমোহন রায় ভক্তিশাস্ত্রী ও পরমার্থীর প্রবীণ সম্পাদক শ্রীযুত রঘুনাথ মহাপাত্র মহোদয়ের সাদর আহ্বানে ২১শে জুন মঙ্গলবার শ্রীহরিবাসর-দিবস শ্রীশ্রীজগন্নাথদেবের বাহুড়া বিজয় উপলক্ষে বহু সজ্জন গৃহস্থভক্ত সমভিব্যাহারে এক বিরাট নগরসংকীর্ত্তন-শোভাযাত্রা বহির্গত হয়। শ্রীশ্রীজগন্নাথদেবের পহাণ্ডি-বিজয় কালেও কীর্ত্তন হইয়াছিল।

শ্রীযুক্ত বিজাধর মহাপাত্র এম, ডি, ও ও সাব্‌জজ মহোদয়ের আগ্রহে শ্রীপাদ ভক্তিসৌরভ প্রভু গৌড়ীয়মঠের প্রচার-বৈশিষ্ট্য ও পরিশ্রমমুখে শ্রীবিগ্রহ ও শ্রীনাম, বৈষ্ণবের অপ্রাকৃতত্ব সম্বন্ধে আলোচনা করিয়াছিলেন।

শ্রীহরিবাসরদিবসে মধ্যাহ্নে কীর্ত্তনান্তে শ্রীপাদ ভক্তিসৌরভ প্রভু সন্ধ্যায় শ্রীযুক্ত গোবিন্দলাল মহাশয়ের বাসভবনে শ্রীহরিবাসরের মাহাত্ম্য ও ভক্তমুখী সুকৃতি সম্বন্ধে শ্রীভক্তিবিনোদবাণী কীর্ত্তন করিয়াছিলেন। স্থানীয় বহু সজ্জনব্যক্তি যোগদান করিয়া হরিকথা শ্রবণ করেন।

পুনর্যাত্রা-দিবসে শ্রীপাদ ভক্তিসৌরভ প্রভুর মুখপাত্রত্বে বিরাট্ নগর-সংকীর্ত্তন বাহির হইয়াছিল। ময়ূরভঞ্জবাসী বহু সজ্জন গৃহস্থ সংকীর্ত্তনে যোগদান করিয়াছিলেন।

স্থানীয় প্রাচীন বিশিষ্ট ব্যক্তিগণ বলিতেছেন, এরূপ বিরাট্ নগর-সংকীর্ত্তনানুষ্ঠান ময়ূরভঞ্জে আমাদের দৃষ্টিগোচর হয়নি। স্থানীয় বহু শিক্ষিত সজ্জনব্যক্তি এই সংকীর্ত্তনে যোগদান করিয়া বর্ত্তমান গৌড়ীয়মঠাচার্য্যের শুদ্ধভক্তি-সংকীর্ত্তন-প্রচারে আকৃষ্ট ও পরম আনন্দিত হন।

এই প্রচারকার্য্যে শ্রীযুত লালা মদনমোহন রায় ভক্তিশাস্ত্রী, সেবাবিধি মহোদয়ের উৎসাহ ও সেবাচেষ্টা বিশেষ প্রশংসনীয়।

স্থানীয় ডেপুটি কালেক্টার শ্রীযুত মনমোহন মহাপাত্র তাঁহার নবনির্ম্মিত বাসভবনে প্রচারকবর্গকে বহু সৎকারে থাকিবার স্থান প্রদান করিয়াছিলেন। তিনি শ্রীপাদ ভক্তিসৌরভ প্রভুর নিকট বদ্ধজীবের বিভিন্ন অবস্থা সম্বন্ধে বহু প্রকারের প্রশ্ন করিয়া হরিকথা শ্রবণ করেন। ভক্তিশাস্ত্রীজী শাস্ত্রযুক্তিমুখে তাঁহার যাবতীয় প্রশ্নের সমাধান করিয়া জীবের স্বতন্ত্রতার অপব্যবহারের ও সদ্ব্যবহারের পার্থক্য, অধোগতি ও গোলোকগতি বিষয় বিশদভাবে বর্ণন করিয়াছিলেন।

শ্রীধামে চাতুর্ম্মাস্য ব্রত

পরমারাধ্যতম শ্রীল আচার্য্যদেবের আনুগত্যে মঠবাসী ও শ্রীধামবাসী গৃহস্থভক্তবৃন্দ গত ১৬ই আষাঢ়, ১লা জুলাই শনিবার পূর্ণিমা হইতে চাতুর্ম্মাস্য ব্রত আরম্ভ করিয়াছেন। ভক্তগণ সকলেই পরমোৎসাহের সহিত অসৎসঙ্গ বর্জ্জন ও সৎসঙ্গ গ্রহণ করিয়া হরিভজনে প্রবৃত্ত হইয়াছেন।

শ্রীধাম মায়াপুর শ্রীচৈতন্যমঠে প্রত্যহ নিয়মিতভাবে ত্রিসন্ধ্যা পাঠ, কীর্ত্তন ও ইষ্টগোষ্ঠীমুখে হরিকথা আলোচনা হইতেছে। প্রাতে, মধ্যাহ্নে ও সন্ধ্যায় যথাক্রমে শ্রীচৈতন্যভাগবত, গৌড়ীয় হইতে শ্রীল প্রভুপাদের হরিকথা ও শ্রীমদ্ভাগবত হইতে প্রহ্লাদ উপাখ্যান পাঠ ও ব্যাখ্যা হইতেছে। পাঠের আদি ও অন্তে বহুবার ও মহাজন-পদাবলী কীর্ত্তন হয়।

———

শ্রীধাম-মায়াপুর যোগপীঠ শ্রীমন্দিরেও পাঠ কীর্ত্তন ইষ্টগোষ্ঠীমুখে হরিকথামুখরিত আছে। তথায় শ্রীপাদ নন্দকিশোর ভক্তিশাস্ত্রী, পণ্ডিত শ্রীপাদ মন্মথনাথ কাব্যতীর্থ ভক্তিশাস্ত্রী ও শ্রীপাদ হরিবিনোদ দাসাধিকারী প্রমুখ মঠসেবকগণ পাঠকীর্ত্তনাদি করিতেছেন।

———

সাম্বৎসরিক শ্রাদ্ধ

বর্ত্তমান গৌড়ীয়মঠাচার্য্য ও বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীমদ্ অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী মহারাজের নির্দ্দেশানুযায়ী গত ২৮শে জুন ১৩ই আষাঢ় বুধবার ময়মনসিংহ সন্তোষ জমিদার এবং খ্যাতনামা প্রবীণ উকিল পরলোকগত মহিমচন্দ্র রায় মহোদয়ের শ্রাদ্ধকার্য্য সাত্বতবিধানে এই সন্তোষ বাসভবনে গৌরব করা, সন্তোষের জমিদার শ্রীযুত শচীনাথ রায়চৌধুরী মহাশয়ের সহধর্ম্মিণী কর্তৃক শ্রীপাদ মধুবর ভক্তিশাস্ত্রী এম এ বি-এল, শ্রীপাদ জ্ঞানানন্দ ভক্তিশাস্ত্রী ও শ্রীপাদ হরীন্দ্র ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী মহোদয়বর্গের পৌরোহিত্যে শ্রীহরিনাম-সংকীর্ত্তনমুখে মহাসমারোহের সহিত সুচারুরূপে সম্পন্ন হইয়াছে। তদুপলক্ষে বিভিন্ন স্থানের বহু ব্রাহ্মণ এবং বৈষ্ণবগণকে চতুর্বিধ রসসমন্বিত বিচিত্র মহাপ্রসাদ প্রদান করা হয়। ঐ অঞ্চলে ইতঃপূর্ব্বে সাত্বতবিধানে এরূপ বিরাট্ শ্রাদ্ধ আর কখনও হয় নাই। সন্ধ্যায় শ্রীপাদ মধুবর ভক্তিশাস্ত্রী মহোদয় তথায় শ্রীমদ্ভাগবত হইতে অজামিল উপাখ্যান পাঠ ও ব্যাখ্যা করিয়া সকলের আনন্দবর্দ্ধন করেন। পাঠের আদি ও অন্তে সুমধুরকণ্ঠে বহুবার ভজনগান, কীর্ত্তন ও মহাজনপদাবলী কীর্ত্তিত হয়। পরলোকগত মহিমচন্দ্র রায় মহোদয়ের পুত্রসন্তানগণের এই অনুষ্ঠানের সৌষ্ঠব সম্পাদনে অদম্য উৎসাহ এবং একনিষ্ঠতা বিশেষ প্রশংসনীয়। শ্রীহরি-গুরু বৈষ্ণবের প্রতি তাঁহাদের মতি দিন দিন বর্দ্ধিত হউক, ইহাই আমাদের প্রার্থনা।

"আমাদের মনের মত না হ'লে যাঁকে বরখাস্ত করতে পারি কিম্বা যাঁকে দিয়ে আমার বহ্বারম্ভী ছুটোমী বুদ্ধির সমর্থন করিয়ে নিতে পারি, তা'কে 'আচার্য্য' বা 'গুরু' বলা যায় কি।"

(শ্রীল প্রভুপাদ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

৯ শ্রীধর কৃষ্ণ অনিরুদ্ধ গৌরাব্দ ৪৫৩

সত্যের সন্ধান কি করিয়া পাইব ?

——::(●)::——

সত্যবস্তু অধোক্ষজবস্তু—প্রভুবস্তু। সুতরাং সত্যকে উপলব্ধি করিবার চেষ্টা যে সত্যের সম্পূর্ণ অধীন হইবার চেষ্টা ছাড়া আর কিছুই নয়, তাহা বলাই বাহুল্য। সত্যের নিকট শরণাগত না হইলে সত্য উপলব্ধ হয় না। অবরোহ-পন্থা বা শ্রৌত-পথেই সত্যের সন্ধান পাওয়া যায়। এই শ্রৌতপথ ছাড়িয়া যদি অন্য উপায়ে আমরা সত্যানুসন্ধান করিতে যাই, তাহা হইলে আমাদের চেষ্টা ব্যর্থ হইবে। সুতরাং অক্ষজ-জ্ঞান-প্রয়াস পরিত্যাগ করিতেই হবে। এই ত্যাগ বা বর্জ্জন জিনিষটা সত্যানুসন্ধানের অন্তর্গত। অসৎসঙ্গ-ত্যাগ না করিলে সৎসঙ্গ-গ্রহণ কি করিয়া হইবে? অসত্যের আশ্রয় না ছাড়িলে সত্যের আশ্রয় কি করিয়া পাওয়া যাইবে? যেখানে সত্যানুসন্ধানস্পৃহা, সেখানে আত্মসত্তাই প্রবল। সেখানে সাধুগুরুশাস্ত্রবাক্যের প্রতি শ্রদ্ধা আছে। যিনি সত্যানুসন্ধিৎসু, তিনি অক্ষজজ্ঞান পরিত্যাগের জন্য কৃতসঙ্কল্প হন, তাঁহার শ্রৌতপথে বিশ্বাস আছে। সত্যের অস্তিত্বে তাঁহারা বিশ্বাসযুক্ত। অক্ষজজ্ঞানীর সত্যের বাস্তবে বিশ্বাস নাই। সে অক্ষ-ইন্দ্রিয়ের দ্বারা অক্ষজাতীত সত্যকে জানিতে যায় বলিয়া সত্যলাভে বঞ্চিতই হয়। সত্যই একমাত্র প্রভু, আর সকলেই তাঁহার সেবক। প্রভু যেরূপ অপ্রাকৃত, তাঁহার সেবকগণও তদ্রূপ অপ্রাকৃত। ভগবৎকৃপায় এই ভক্তের স্বরূপ উপলব্ধি হয়। আবার ভক্তের কৃপায় ভগবানের স্বরূপ জানা যায়। ভগবৎকৃপাবঞ্চিত বলিয়া আমরা ভক্তে সেবাবুদ্ধি করিতে পারি না। ভগবদ্ভক্তের সেবাই যে সেব্যের সেবা তাহা বুঝা কঠিন হয়। ভক্তের সেবা না করিলে যে বাস্তবসত্যকে উপেক্ষা করা হয়, একথা ভাগ্যবান্ জনগণই ভগবৎকৃপায় বুঝিতে পারেন।

ভগবদিচ্ছায় ভগবদ্ভক্ত ভক্তিশিক্ষা দিবার জন্য এ জগতে আসেন। তাঁহার সেবা দ্বারাই ভগবৎসেবা লাভ করা যায়। তাঁহাকে উপেক্ষা করিয়া ভগবৎসেবালাভ অসম্ভব দুর্ভাগ্যবশতঃ এ সকল কথায় যাঁহারা বিশ্বাস করিতে পারেন না তাঁহারা ভগবৎকৃপা লাভের একমাত্র উপায় হইতে স্বেচ্ছায় বঞ্চিত হন। প্রপঞ্চমুখে ভক্ত ও অভক্ত চেনা যায় না। সুতরাং তজ্জন্য ভগবানের নিকট নিষ্কপট কাতর প্রার্থনা জ্ঞাপন করা উচিত। আমি যদি বাস্তবিকই ভগবান্‌কে চাই, সত্যের সন্ধানপ্রাপ্তিই যদি আমার একমাত্র উদ্দেশ্য হয়, তাহা হইলে সত্য-সাক্ষাৎকারের একমাত্র উপায় প্রকৃত ভক্তের সঙ্গ অবশ্যই পাইব। তবে আমরা যেন নিষ্কপটতার ভাণ করিয়া অন্তরে কপটতা পোষণ না করি, আমরা যেন অন্তরে অসৎপক্ষকে সমর্থন করিয়া বাহিরে উদারতা দেখাইয়া সত্যবস্তু জানিবার জন্য একটা লোক-দেখান চেষ্টা না করি। প্রপন্ন না হইলে সত্য কিছুতেই আত্মপ্রকাশ করিবেন না। নিরপেক্ষ থাকা একটা ভাণমাত্র। যাঁহাদের সত্যের প্রতি আদর আছে, তাঁহারা কুরুক্ষেত্র যুদ্ধের সময় নিরপেক্ষ থাকিতে পারেন না। সত্য ও অসত্য এই দুইয়ের মধ্যে নিরপেক্ষ থাকার ভাণ যেখানে, সেখানে অন্তরে জ্ঞাত বা অজ্ঞাতসারে অসত্যের প্রতি আদর আছে জানিতে হইবে।

আমরা অনেক সময় গুরুগণের সেবার ভাণ করি বটে, কিন্তু তাঁহাদের সম্পূর্ণ আনুগত্য করি না। তজ্জন্য আমরা সত্য হইতে দূরে অবস্থান করি। সত্যদর্শনের ইচ্ছা যাঁহাদের আছে, সত্যের সেবক গুরুপাদপদ্মের ইচ্ছা তাঁহাদের না থাকিয়া পারে না। যেখানে সত্যানুসন্ধানের প্রবল ইচ্ছা আছে, সেখানে বাস্তবসত্য শ্রীগুরুদেবের সঙ্গ ও সেবালাভের জন্য ব্যাকুলতা নিশ্চয়ই আসিয়াছে এবং তজ্জন্য ভগবানের নিকট কৃপাপ্রার্থনাও তাঁহার হৃদয় অধিকার করিয়া তাঁহাকে ইতরচিন্তার হস্ত হইতে বাঁচাইয়াছে। এইরূপ নিষ্কপট ঐকান্তিক প্রার্থনাকারীর কপটতা বা অন্যাভিলাষের সহিত কোন সম্পর্ক নাই

সত্যের সম্যক্ দর্শন না হইলে সত্যের সন্ধান পাওয়া যায় না। ভক্তের সঙ্গেই সেব্যের সহিত সেব্য-সেবক-সম্বন্ধ লাভ হয়। আমি সত্য চাই কিন্তু পাই না, ইহা মিথ্যা। যে নিষ্কপটে সত্য চায়, সে পাইবেই পাইবে। সেইজন্য আমাদের প্রত্যেকের বুকে হাত দিয়া দেখা দরকার, আমরা সত্য চাই, না ইন্দ্রিয়তর্পণ চাই।

আমরা বদ্ধজীব। সুতরাং সেবা করা ও প্রভুত্ব করা এই দুই প্রকার ইচ্ছাই আমাদের জাগিতে পারে। যেখানে সেবাকাঙ্ক্ষা—সত্যের অধীন হইবার ইচ্ছা, সেখানে কর্তৃত্ব করিবার ইচ্ছা নাই। যাহাদের পূর্ব্বকৃত সুকৃতি থাকে, সাধুসঙ্গ-প্রভাবে তাহাদের অনর্থ কিঞ্চিৎ দূরীভূত হইলে তাহারা সত্যের প্রতি শ্রদ্ধাবিশিষ্ট হইতে পারে। তখন সশ্রদ্ধ হইয়া ভক্তের নিকট হরিকথা শ্রবণ করিতে করিতে সেবা-পিপাসা হৃদয়ে স্থান পাওয়ায় তাঁহার হৃদয়ে ভক্তের চরণে সম্পূর্ণভাবে আত্মসমর্পণের বাসনা ভক্তের কৃপাতেই উদিত হয়। ভক্তের চরণে আত্মসমর্পণ পূর্ব্বক অন্যাভিলাষ-শূন্য হইয়া ভক্তসেবায় নিযুক্ত হইলে তিনি ক্রমশঃ সত্যের সেবায় নিযুক্ত হইবার সৌভাগ্য পান।

হরিভজন করিতে হইলে প্রথমেই শ্রদ্ধা আবশ্যক। কিন্তু শ্রদ্ধা অর্থাৎ অদ্বৈতজ্ঞান-ভগবানে ও শাস্ত্রবাক্যে সুদৃঢ় বিশ্বাসই যদি না থাকে তাহা হইলে হরিভজনের আশা নাই। শ্রদ্ধাই ভক্তির বীজ। যদি শ্রদ্ধা অথবা বীজই না থাকে, তাহা হইলে ভক্তি কি করিয়া হইবে? দুধ হইতেই দৈ হয়, জল হইতে ত' আর দৈ হয় না। সুতরাং যাহার শ্রদ্ধাই হয় নাই সেরূপ শ্রদ্ধাহীন ব্যক্তির ভক্তিলাভের চেষ্টা আকাশকুসুম নহে কি?

ভগবৎকৃপায় যাঁহার শ্রদ্ধা হইয়াছে, তিনি ভক্তের সম্পূর্ণ আনুগত্য স্বীকার করিবামাত্রই তটস্থ ভূমিকায় অবস্থিত হন। এই আনুগত্য স্বাভাবিক হইয়া পড়িলে উহা ক্রমে রুচিতে পরিণত হয়। ভক্তের প্রতি প্রীতি হইলে আর অভক্ত বা অভক্তের প্রতি আসক্তি থাকে না।

সেবোন্মুখেরই নিকট সত্য প্রকাশিত হন। যুক্তি দ্বারা এই সেবোন্মুখতা হয় না। জীব বহির্ম্মুখ হইলে যুক্তি স্বভাবতঃই বহির্ম্মুখতা সমর্থন করে। যুক্তিকে প্রভু করিতে হইবে না। তাহা প্রভুবস্তু সাধুগুরু-শাস্ত্রবাক্যেরই চিরদিন অধীন থাকিবে।

আমরা সত্যের সম্বন্ধে যে কল্পনা ধারণা করিতে চাই, তাহা সত্যের ধারণা নহে। এইরূপ এক আধটুকু স্পৃহা থাকিলে বস্তু মিলিবে না। যদি সত্যকে খোলাখোলা দিয়া থাকি, তাহা হইলে সত্য প্রকৃত সত্য আমার নিকট প্রকাশ করিবেন, আর কপটতা করিলে বঞ্চনা করিয়া ধোকা দিবেন।

গুরুকৃপাই সম্বল

(শ্রীজনার্দ্দন ব্রহ্মচারী, ভক্তিশাস্ত্রী)

——::(●)::——

জীব যে মুহূর্ত্তে কৃষ্ণবিস্মৃত হইয়া এই চতুর্দ্দশ-ব্রহ্মাণ্ডরূপ কারাগারে নিক্ষিপ্ত হইবার দুর্ভাগ্য বরণ করিয়াছে, সেই মুহূর্ত্ত হইতেই কারাকর্ত্রী মায়াদেবী সত্ত্ব, রজঃ ও তমঃ এই ত্রিবিধ গুণ-নিগড়জালে আবদ্ধ করিয়া জীবকে ত্রিতাপে দগ্ধীভূত করিতেছে। জীব যে কেবল এই জন্মেই ত্রিতাপ-ভোগ করিতেছে, পূর্ব্ব জন্মে করে নাই বা পরজন্মে করিবে না তাহা নহে, হরি-গুরু-বৈষ্ণব-পাদপদ্মে সর্ব্বতোভাবে শরণ গ্রহণ না করা পর্য্যন্ত জীবকে নিত্যকালই এইরূপ দুঃখ ভোগ করিতে হইবে। গুরুপাদপদ্মে একান্ত শরণাগত হইতে না পারিলে—বিস্রম্ভসেবক হইতে না পারিলে—গুরুপাদপদ্মের অন্তরে প্রবেশ করিতে না পারিলে মায়া তাহাকে কিছুতেই ছাড়িবে না।

মায়ারে পিছনে রাখি কৃষ্ণপানে চায়।
ভজিতে ভজিতে কৃষ্ণপাদপদ্ম পায়॥

যিনি নিষ্কপটে শ্রীগুরুপাদপদ্মে সর্ব্বস্ব সমর্পণ করিয়া তাঁহার সুখের জন্য নিজ-সুখে জলাঞ্জলি দিয়াছেন—যিনি ভগবানের শরণাগত হইয়া বাসনা-মলশূন্য হইয়াছেন, তিনিই ভগবানের কৃপা পাইবেন। যিনি যতটা সেবাভিলাষী, তিনিই শ্রীগুরুদেবের তত বিস্রম্ভভাজন। শ্রীগুরুদেব বিস্রম্ভসেবককেই তাঁহার অন্তরের সকল কথা বলেন, তাঁহাকেই তিনি ভগবান্ কৃষ্ণপ্রেমের সন্ধান দেন।

করুণাময় ভগবান্ স্বয়ং অবতীর্ণ হইয়া অথবা তাঁহার নিজজনকে প্রেরণ করিয়া পতিতজীবগণকে উদ্ধার করিবার জন্য—তাহাদিগকে ত্রিতাপমুক্ত করিবার জন্য নানারূপ ব্যবস্থা করিয়াছেন। যে সকল জীব ভগবান্ ও ভগবদ্ভিন্নবিগ্রহ শ্রীগুরুপাদ-পদ্মকেই একমাত্র বিপদ্‌তারণ বান্ধব বলিয়া

ভগবৎকৃপা বিনা কোন কর্ম্মে ভক্তি নয়। কৃষ্ণভক্তি দূরে রহু সংসার নহে ক্ষয়॥

জানিয়াছেন, যাঁহারা অকপটে শ্রীগুরু-পাদপদ্মকেই একমাত্র মূলভূমি জানিয়া আশ্রয় করিয়াছেন, তাঁহার অনাবিল শাসন অবনত-মস্তকে স্বীকার করিয়াছেন, তাঁহারাই কৃপাযুক্ত হইয়াছেন বা হইবেন। কিন্তু যাঁহারা এই পন্থা গ্রহণ করেন না, যাঁহারা ভগবৎ-প্রতিনিধি শ্রীগুরুপাদপদ্মের নির্দ্দেশমত চলেন না—কিছুদিনের জন্য তাঁহাকে ভগবৎশ্রেষ্ঠ বলিয়া স্বীকার করিয়াও পুনরায় মর্ত্ত্যবুদ্ধি করেন বা সাধারণ বৈষ্ণববুদ্ধি করেন, তাঁহাদিগকে মায়া কিছুতেই ছাড়িবে না। অবরোহপন্থা স্বীকার না করিয়া আরোহ-পন্থা স্বীকার করিলেই বিপদে পড়িতে হইবে, একরোগ সারাইতে গিয়া অন্য রোগে আক্রান্ত হইতে হইবে—এক দুঃখ দূর করিতে গিয়া অন্যান্য শত সহস্র দুঃখ আসিয়া তাহাকে বিপর্য্যস্ত করিবে। আস্তিককেই ভগবান্ কৃপা করেন, নাস্তিককে কখনই করেন না। যাঁহাদের গুরুবৈষ্ণব-ভগবানে শ্রদ্ধা-বিশ্বাস নাই, ভগবানের অবতারে যাঁহাদের আস্থা নাই, তাঁহারা নাস্তিক। শ্রীভগবান্ বলিয়াছেন,—

অহঙ্কারং বলং দর্পং কামং ক্রোধঞ্চ
সংশ্রিতাঃ।
মামাত্মপরদেহেষু প্রদ্বিষন্তোঽভ্যসূয়কাঃ॥
তানহং দ্বিষতঃ ক্রূরান্ সংসারেষু
নরাধমান্।
ক্ষিপাম্যজস্রমশুভানাসুরীষ্বেব যোনিষু॥
আসুরীং যোনিমাপন্না মূঢ়া জন্মনি
জন্মনি।
মামপ্রাপ্যৈব কৌন্তেয় ততো যান্ত্যধমাং
গতিম্॥

(গীতা ১৬।১৮-২০)

[যাহারা যথানির্দ্দিষ্ট শাস্ত্রবিধি উল্লঙ্ঘন পূর্ব্বক অহঙ্কার, বল, দর্প, কাম ও ক্রোধের বশীভূত হইয়া পরমেশ্বরস্বরূপ আমাকে দ্বেষ করে এবং আমার ভক্তগণের গুণে দোষারোপ করে, সেই বিদ্বেষী, ক্রূর নরাধমদিগকে আমি এই সংসার মধ্যেই অশুভ আসুরী যোনিতে সর্ব্বদা ক্ষেপণ করি অর্থাৎ তাহাদের ভক্তিবিদ্বেষী আসুরস্বভাব ক্রমশঃ বৃদ্ধি পায়। আসুরী-যোনি প্রাপ্ত হইয়া সেই মূঢ় সকল জন্মে জন্মে আমাকে লাভ করিতে অসমর্থ হইয়া তাহা হইতেও অধম-গতি লাভ করে।]

জীবপ্রভু শ্রীগুরুপাদপদ্ম জীবকুলের একমাত্র রক্ষক ও পালক—তিনিই সকলের একমাত্র আশ্রয়, এই শাস্ত্রবাক্যে বিশ্বাসহীনতার নামই নাস্তিকতা। শ্রীগুরু-পাদপদ্মকে সেবক-ভগবান্ বা আশ্রয়বিগ্রহ বলিয়া না জানার নামই নাস্তিকতা। গুরুকে গুরু বলিয়া মানি কিন্তু যদি তাঁহার সর্ব্বোত্তমতা স্বীকার না করি, তাঁহার ভগবৎ-শ্রেষ্ঠত্বে বা সর্ব্বজ্ঞত্বে সন্দিহান হই, তাঁহার সকল বিধান অবনতমস্তকে স্বীকার না করি, তাহা হইলেই নাস্তিক হইয়া গেলাম। ভগবদভিন্ন শ্রীগুরুপাদপদ্ম সর্ব্বদোষাকর আমাদের দোষ সংশোধন করিবার জন্যই এ জগতে অবতীর্ণ হইয়াছেন। তিনি আমাদের দোষসকল নির্দ্দেশ করিয়া দিলেন — সংশোধিত হইবার জন্য। তিনি অন্তর্যামী। আমাদের অন্তরের সকল কথাই তিনি জানেন। সর্ব্বান্তর্যামী ভগবানেরও অন্তর্যামী তিনি। তিনি আলো। আলোর কাছে অন্ধকার—কৈতব সমস্ত ধরা পড়িবেই। আমরা অন্তরের অন্তস্তম প্রদেশে কি চিন্তা করি তাহা তিনি সমস্তই জানেন। তিনি আমাদের মঙ্গলের জন্য অকৈতব সত্যকথা কীর্ত্তন করেন। তাহাতে অন্যাভিলাষী কপট আমরা আমাদের অন্যাভিলাষিত্ব বা কপটতা সংরক্ষণের জন্য আমাদের দোষগুলি করুণাময় শ্রীগুরুপাদ-পদ্মের উপর চাপাইয়া দিই। তাঁহার উৎকর্ষ-দর্শনে অসহিষ্ণু হইয়া তাঁহার প্রতি মৎসরতা আরম্ভ করি—তাঁহার সহিত মতদ্বৈধতার কথা ঢাক-ঢোল পিটাইয়া চতুর্দ্দিকে প্রচার করিতে থাকি। কামলা রোগী যেমন সকল বস্তুকেই হলুদ্ বর্ণ দেখে—নির্ম্মল দর্পণের দিকে তাকাইলে যেমন নিজের বিসদৃশ প্রতিবিম্ব দৃষ্ট হয়, তদ্রূপ সর্ব্বদোষাকর, সর্ব্বানর্থগ্রস্ত, অস্থি বদ্ধজীব আমরাও আধ্যক্ষিক চক্ষে অধোক্ষজ—অপ্রাকৃত সুনির্ম্মল শ্রীগুরু-বৈষ্ণবকে দেখিতে যাইয়া তাঁহাতেও আমাদের দোষগুলিই দেখিয়া থাকি। দোষ আমাদের গুরুবৈষ্ণবের নহে। ভগবানের যেমন কোন দোষ নাই, তদ্রূপ ভগবদভিন্ন শ্রীগুরুপাদপদ্মেরও কোন দোষ থাকিতে পারে না। তাহাতে দোষদ্রষ্টাই দোষী ও অপরাধী।

বেদ না মানিয়া বৌদ্ধ হয় ত' নাস্তিক।
বেদাশ্রয়ে নাস্তিক্যবাদ বৌদ্ধকে অধিক।

এইরূপ নাস্তিকতা বা ভগবদ্বিদ্বেষ যাঁহার হৃদয়ে যত অধিক পুষ্টিলাভ করিতেছে, তিনি ততই ভগবৎকৃপা হইতে বঞ্চিত হইতেছেন। শ্রীভগবান্ গ্রন্থ-ভাগবত ও ভক্তভাগবতরূপে জীবের ত্রিতাপক্লেশ নিবারণের যে সকল উপায় নির্দ্ধারণ করিয়াছেন তাহা স্বীকার না করিয়া অন্য পথে গেলেই বিপদ। হরি-গুরু-বৈষ্ণব বা সাধু-গুরু-শাস্ত্র তিনটী একসূত্রে গ্রথিত। তিনের মধ্যে কোন মতানৈক্য নাই। গুরুপাদপদ্মের কৃপা ব্যতীত শাস্ত্রের মর্ম্ম উপলব্ধির বিষয় হয় না বা সাধু চেনা যায় না। গ্রন্থভাগবতের মর্ম্ম প্রকাশিত করিবার জন্যই ভক্তভাগবত শ্রীগুরুপাদপদ্মের অবতার। ভক্তভাগবতের কৃপা ব্যতীত গ্রন্থভাগবতের কৃপা পাওয়া যায় না। ভক্ত-ভাগবতের দ্বারা শাসিত হইলেই গ্রন্থভাগবত শাসন করিবেন। শাস্ত্রের মর্ম্ম তখনই উপলব্ধির বিষয় হইবে। সেইরূপ গুরুপাদ-পদ্মের সহিত সংশ্লিষ্ট থাকিলেই, নিজেকে তাঁহার ভৃত্যানুভৃত্য জ্ঞান থাকিলেই বৈষ্ণব আমার নিকট স্বরূপপ্রকাশ করিবেন, নিজজন জানিয়া আমাকে স্নেহ-শাসন করিবেন, নতুবা উপেক্ষাই করিবেন। সেইজন্য বলি, হরিভজনের মূলে শ্রীগুরুপাদপদ্ম। শ্রীগুরু-পাদপদ্মে শ্রদ্ধা-বিশ্বাসের অভাবই মূল অসুবিধা। এই অসুবিধা দূর না হইলে অর্থাৎ অহঙ্কার, অভিমান, দর্প, গর্ব্ব সকল ছাড়িয়া শ্রীগুরুপাদপদ্মে প্রপত্তি স্বীকার পূর্ব্বক শ্রীকৃষ্ণ-সেবোন্মুখ না হইলে কোন অসুবিধাই দূর হইবে না মায়া ছাড়িবে না—সংসারবাসনা দূরীভূত হইবে না। সমস্ত অসুবিধার মূল যে দৈবী গুণময়ী মহামায়া, তাহার আনুগত্য করিলে জীব কখনই সংসার-কারাগার হইতে নিষ্কৃতি পাইবে না। তাই শাস্ত্র বলিয়াছেন—

মায়ারে করিয়া জয় ছাড়ান না যায়।
সাধুগুরু-কৃপা বিনা না দেখি উপায়॥

যৎকিঞ্চিৎ

——::(*):: ——

কতকগুলি লোক অজ্ঞতাবশতঃ অসত্যকে সত্য বলিয়া মনে করেন, আর কতকগুলি লোক আছেন, তাঁহারা জানিয়া শুনিয়া অসত্যকে প্রশ্রয় দেন, সত্য বুঝিয়াও বুঝেন না। যদি বুঝিতে যাই বা সত্যকে সত্য বলিয়া স্বীকার করিতে যাই তাহা হইলে নিজের ইন্দ্রিয় তর্পণে ব্যাঘাত হইবে—এই মতলবে তাঁহারা অসত্য বস্তুকে সত্য বলিয়া প্রমাণিত করিবার জন্য যত্ন করেন। ইঁহারা অসত্যাশ্রিত বলিয়া সত্যের সন্ধান পান না। তাঁহারা নিজেকে অসহায় বা আশ্রয়হীন বলিয়া মনে করেন। সত্যবস্তুতে সংশ্রয়-হীনতা বা চেতনের উন্মেষের অভাব-হেতু তাঁহাদের এইরূপ অবস্থা হইয়াছে। তাই তাঁহারা সত্যাশ্রিত সজ্জনগণের দৃঢ়তা ও নিষ্ঠা দেখিয়া তাহাকে প্রাকৃত-সহজিয়া-গণের কাল্পনিক নিষ্ঠা বা মনোধর্ম্মের উত্তেজনা-বিশেষ মনে করিয়া বঞ্চিত হন। নিষ্কপট হইলে ভগবৎ-কৃপাতেই সত্য ও অসত্য জানিতে পারা যায়; নতুবা অন্য কোন উপায় নাই।

নাস্তিক-সম্প্রদায় মনে করেন, আস্তিক-সম্প্রদায় বুঝি তাঁহাদের মত আর একটী দল। কিন্তু প্রকৃতপ্রস্তাবে তাহা নয়। নাস্তিকদলের সহিত সত্যাশ্রিত আস্তিক-গণের—ভক্তগণের সহিত অভক্তের প্রতিযোগিতা হইতে পারে না। পরহিত-ব্রত হত আস্তিকগণ—ভক্তগণ কাহারও অহিত করেন না। পরন্তু অত্যন্ত কৃপাপরবশ হইয়া অশ্রান্ত নিষ্কপটপূর্ব্বক বাস্তবসত্যের কথা জগদ্বাসীকে জানাইয়া থাকেন। ভক্তগণ বৃথা সময় নষ্ট করেন না। তাঁহাদের সময়ের মূল্য আছে, তাঁহাদের অনর্থকালের অভাব আছে। বৈষ্ণবের অবৈষ্ণবগণের সহিত সম্ভাষণ করিবার সময় কোথায়? তাই তাঁহারা মহাজনের বাক্যানুসারে ঐ সকল দল হইতে দূরে থাকেন।

বৈষ্ণবচরিত্র সর্ব্বদা পবিত্র
যেই নিন্দে হিংসা করি'।
ভকতি-বিনোদ না সম্ভাষে তারে
থাকে সদা মৌন ধরি'॥

নাস্তিক-সম্প্রদায় যদি বলেন যে—আমরা আস্তিকগণের সৎসিদ্ধান্তের প্রতিবাদ তীব্রভাবে করিব, তাহ হইলে কি আস্তিকগণ ভীত হইবেন? ছুঁচো ছুঁয়ে চা'র হয়, সূর্য্য পূর্ব্বদিকে উদিত হয়—এই সত্যসিদ্ধান্তে যদি কেহ তীব্র প্রতিবাদ করে তাহা হইলে কি প্রতিবাদকারীর অসত্যের প্রতি অভিনিবেশের কথা প্রকাশিত হইবে না? সৎসিদ্ধান্ত জগতে চিরকালই প্রতিষ্ঠিত আছে ও থাকিবে। ভক্তিসিদ্ধান্তেরই নিত্য প্রতিষ্ঠা, অভক্তির প্রতিষ্ঠা নাই। সুতরাং আস্তিকগণ যাবতীয় অসৎ মত বা আধ্যক্ষিকগণের শাস্ত্রবিরোধিনী যুক্তি চিরকালই খণ্ডন করিয়া আসিতেছেন ও করিবেন। দলে লোক বেশী হইলেই সত্যকে উড়াইয়া দেওয়া যায় না। সত্যকে জগৎ হইতে বিতাড়িত (?) করিতে গেলে অসত্যেরই স্বরূপ প্রকাশিত হইয়া পড়ে এবং সে তখন আর অস্তিত্ব সংরক্ষণ করিতে পারে না। সজ্জনগণ চিরকালই সত্যের জয় ও অসত্যের বিনাশ দেখিয়া আসিতে-ছেন।

শুদ্ধভক্তি-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠ-শ্রীধাম

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া শ্রীচন্দ্রশেখর ভবনে শ্রীচৈতন্যমঠ,-পরবিদ্যা-পীঠ, শ্রীশ্রীরাধাকৃষ্ণ-শ্রীগৌর-গোপাল আচার্য্যচতুষ্টয় বিগ্রহ আছেন। সুপ্রাচীন শ্রী-মায়াপুরকালরঞ্জনীর অনুসন্ধানালয় আছে।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪২১৫ কলিকাতায় শ্রীভক্তিবিনোদ-আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, কীর্ত্তন, প্রাচীনহস্তলিখিত বেদাদি শ্রীমদ্ভাগবতাদি গ্রন্থের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও তাহাদিগের পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়।

(৩) যোগপীঠ মায়াপুর-পীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব ভূমি মহাযোগপীঠ।

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং ... বর্ত্তমান।

(৬) মুরারিগুপ্তের পাট

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৭) কাজি-সমাধি-পাট

সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া) উক্ত গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি।

(৮) অনুকূলকৃষ্ণানুশীলনাগার

শ্রীধাম মায়াপুর

(৯) স্বানন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)

এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)

গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ জাননগর (বর্দ্ধমান)

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মাউগাছি, পোঃ জাননগর, (বর্দ্ধমান)

শ্রীব্যাসাবতার ঠাকুর বৃন্দাবনের পাট

(১৩) ঋতুদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(১৪) জহ্নুদেব-গৌড়ীয়মঠাশ্রম

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ

গৌড়পুর, নদীয়া

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ

মাটিয়ারী -(শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৭) কৃষ্ণকুটীর

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

(২০) মহেশ-পণ্ডিতের পাট

কাঠালপুলি, পোঃ চাকদা (নদীয়া)

(২১) রাণাঘাট-গৌড়ীয়মঠাশ্রম

(২২) পূড়া গৌড়ীয়মঠ

চব্বিশ পরগণা

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ

বারদি পোঃ বারদি, ঢাকা।

পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র।

(২৪) গোপালজীউমঠ

কমলাপুর, পোঃ ঢাকা

(২৫) গদাই-গৌরাঙ্গ মঠ

পোঃ বালিয়াটী, (ঢাকা)

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

বড়বাজার, পোঃ ময়মনসিংহ

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চক্চকা, কামরূপ (আসাম)

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

ওল্ড পাগলাঝোরা বিল্ডিং, দার্জ্জিলিং

(৩০) সারস্বত-গৌড়ীয়মঠ

পোঃ হরিবার, জেঃ সাহারাণপুর, ইউ, পি

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

খাঁজপুর পাটনা।

(৩১) গয়া গৌড়ীয়মঠ

রমনা রোড, গয়া

(৩৩) সনাতন-গৌড়ীয় মঠ

৮১।১ বড় গনেশ্চিং, বেনারস সিটি

(৩৪) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

(৩৫) পরমহংস মঠ,

পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠাশ্রম

বিশ্রামঘাট, পোঃ মথুরা

(৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ

জ্ঞানগুদড়ি, বৃন্দাবন

(৩৯) একায়নমঠ-কুসুমকুঞ্জ

পোঃ রাধাকুণ্ড। মথুরা

(৪০) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪১) রাধাকুণ্ড গোর্দ্ধনপাটী

(৪১) শ্রীগোবর্দ্ধনমঠাশ্রম

গোবর্দ্ধন, মথুরা

(৪৩) সঙ্কেত বিহারী মঠ

বর্ষাণ, মথুরা।

(৪৪) নন্দগ্রাম গৌড়ীয়মঠাশ্রম

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৫) বর্ষাণা গৌড়ীয়মঠাশ্রম

পোঃ বর্ষাণা, মথুরা

(৪৬) গৌরবিহারী মঠ—মেখালী,

পোঃ মেজোল, জেলা গুর্দাসপুর (পাঞ্জাব)

(৪৭) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

(৪৮) দিল্লী গৌড়ীয় মঠ

৪৫নং মেথার রোড, নিউ দিল্লী;

(৪৯) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, ক্যামব্যাল ব্রিজ রোড ৭

(৫০) মাদ্রাজ-গৌড়ীয়মঠ

পোঃ রায়পেট্টা, মাদ্রাজ

শ্রীরামানুজ্ঞাচার্য্যার্য্যাবির্ভাববিধিবিধানীয় সেবা

(৫১) মঙ্গলামঠ গৌড়ীয়মঠ

পোঃ কভুর ... গোদাবরী মাদ্রাজ

শ্রীশ্রী গুরুপাদপদ্মসেবাদীক্ষা-বিধিবিধান সেবা

(৫২) মধ্যগৌড়ীয়মঠ

আলমগোলাৎ, পোঃ আলাপহল, (পুরী)

(৫৩) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত পোঃ পুরী, উড়িষ্যা

(৫৪) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৫) সীতাকুটী

(৫৬) ব্রিদণ্ডি-গৌড়ীয়মঠ

পোঃ জগন্নাথ, পুরী

(৫৭) সচ্চিদানন্দ মঠ

বিন্দুসাগর, পোঃ কটক উড়িষ্যা।

(৫৮) সাক্ষীগোপাল গৌড়ীয়মঠপীঠ

(৫৯) শ্রীব্রহ্মমাধ্বগৌড়ীয়-প্রপন্ন-আশ্রম

পোঃ বরলকুণ্ডা, মাদ্রাজ

(৬০) ভাগবতজনানন্দ মঠ

চিকমিয়া, পোঃ মাকড়দেলপুর, মেদিনীপুর

(৬১) বালিঘাই গৌড়ীয়মঠ

পোঃ বালিঘাই, মেদিনীপুর

(৬২) আমলাযোড়া প্রপন্নাশ্রম মঠ

পোঃ রাজবাঁধ (বর্দ্ধমান)

(৬৩) চেতলা-গৌড়ীয়মঠ

কুকুড়কুঞ্জা, পোঃ ভেদবুঁয়া, (বালেশ্বর)

(৬৪) রেঙ্গুণ গৌড়ীয়মঠ

৭০১ নং [illegible] ষ্ট্রীট, রেঙ্গুণ।

(৬৫) লণ্ডন-গৌড়ীয়মঠ

ফ্ল্যাট নং ২

৫১, [illegible]

[illegible], লণ্ডন, ই ৫

(৬৬) গৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

১৬।৩, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,

কলিকাতা

(৬৭) গৌড়ীয়মঠ অফিস

[illegible] রোড, লক্ষ্ণৌ। ইউ-পি।

(৬৮) শ্রীবিভাবিধি গৌড়ীয়মঠাশ্রম

নন্দনকানন, চট্টগ্রাম

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীবহ্নানন্দ ব্রহ্মচারী ভক্ত্যালোক, ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও দ্বিতীয় বার	পরবর্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও দ্বিতীয় বার	পরবর্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	।০	৶০	।৵০	
" " ইঞ্চি	২৲		১।০	১৲
" সিকিকলম	৫৲	৪৲		৩৲
" অর্দ্ধকলম	৮৲	৭৲	৭৲	৫৲
" এক কলম	১৫৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চি	৩৲	২।০
" সিকি কলম	১৫৲	১২৲
" অর্দ্ধকলম	২৫৲	২০৲
" এক কলম	৩৫৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২।০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা ৫ ; বিশেষ সংখ্যার ভিন্ন মূল্য।

শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী

শ্রীল প্রভুপাদের চতুঃষষ্টিতম পূর্ব্বাবির্ভাব-তিথিতে শ্রীল আচার্য্যদেবের অভীষ্টানুসারে শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী" প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। ইহাতে পূর্ব্বার্দ্ধ ও উত্তরার্দ্ধ দুইটি বিভাগ আছে। পূর্ব্বার্দ্ধে শ্রীল প্রভুপাদের আদি-প্রবন্ধাবলী শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের সম্পাদিত 'স-সৃজিনী সজ্জনতোষণী,' শ্রীল প্রভুপাদের 'নিবেদন' সাপ্তাহিক প্রভৃতি হইতে কথাসার ও প্রয়োজনীয় অর্থের টীকা-সহ প্রকাশিত হইয়াছে। উত্তরার্দ্ধে শ্রীল প্রভুপাদের সম্পাদিত 'সজ্জনতোষণী'র কতিপয় প্রবন্ধ কথাসার প্রভৃতির সহিত মুদ্রিত হইয়াছে। প্রবন্ধগুলি রচনাকালের ক্রমানুসারে গ্রথিত হইয়াছে: এতদ্ব্যতীত শ্রীল আচার্য্যদেবের একটি মূল্যবান্ উপোদ্ঘাত ও সঙ্কলনকারীর একটি বিস্তৃত ভূমিকা, শব্দ-সূচী, উদ্ধৃত-পদ্য-শ্লোক ও পয়ার-সূচী প্রভৃতি গ্রন্থে সংযোজিত হইয়াছে। গ্রন্থটী উৎকৃষ্ট কাগজে ব্লকের সহিত মুদ্রিত ও শ্রীল প্রভুপাদের আলেখ্যাদিদ্বারা ভূষিত ও সুন্দর বাঁধাই করিয়া প্রকাশিত হইয়াছে। প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, জিলা নদীয়া; শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ও শ্রীশ্যামসুন্দর গৌড়ীয়মঠ, বড়িশা, পোঃ বেহালা, কলিকাতা।

শ্রীল প্রভুপাদের পত্রপ্রসূন মালা

এই গ্রন্থে ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তি- সিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের রচিত পত্রাবলী শ্রীল আচার্য্যদেবের বিরচিত "সৌরভ" নামক ভাষ্যের সহিত প্রকাশিত হইয়াছে। শ্রীল প্রভুপাদের অনেক অপ্রকাশিত পত্র ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ।০ আট আনা।

শ্রীধাম-মায়াপুরে

—"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট"—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব মনোরম—গঙ্গার সন্নিকটে। বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক খোলা। জলবায়ু স্বাস্থ্যকর ও আরামপ্রদ। বিদেশী ছাত্রগণের জন্য বিদ্যালয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে খোরাক ও সেবকদিগের প্রতি মাসে মাত্র ৬৲ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। বর্ত্তমান বর্ষে ১৬ জন বালকের মধ্যে ১৫ জন ভালভাবে উত্তীর্ণ হইয়াছে।

মেধাবী ছাত্রগণের আরও সুবিধা

পরীক্ষায় যাহারা গড়ে শতকরা ৭৫ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ সচ্চরিত্র বিদেশী ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক-সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতিসুন্দরভাবে আলোচিত হইয়াছে। এই এক অপূর্ব্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

চৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত্র অতিসুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত ইহার ভিক্ষা মাত্র ৪৲ টাকা। প্রাপ্তিস্থান শ্রীযুক্ত নন্দকিশোর ব্রহ্মচারী, শ্রীযোগপীঠ, ঈশোদ্যান, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীসরস্বতী-সংলাপ

প্রথম খণ্ড

শ্রীশ্রীব্রহ্মমাধ্ব গৌড়ীয়সম্প্রদায়ৈকসংরক্ষক জগদ্গুরু পরমহংসকুলচূড়ামণি নিত্যলীলা-প্রবিষ্ট ১০৮শ্রী শ্রীমদ্ ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী-প্রভুপাদ বিভিন্ন জিজ্ঞাসু ও মুমুক্ষু সজ্জনবৃন্দের পরিপ্রশ্নোত্তরে ও সন্দেহ-নিরাকরণকল্পে যে-সকল শুদ্ধভক্তিসিদ্ধান্তবাণী কীর্ত্তন করিয়াছেন, যাহা তাঁহার প্রকটকালেই 'গৌড়ীয়' সম্পাদক শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ প্রভুপাদেরই শ্রীহস্তে সংশোধিত করাইয়া রাখিয়াছিলেন এবং যাহার কিয়দংশ গৌড়ীয়পত্রে প্রকাশিত হইয়াছে, তাহা "শ্রীশ্রীসরস্বতী-সংলাপ" নাম দিয়া পুস্তক শ্রীল প্রভুপাদের 'বক্তৃতাবলী' ও 'পত্রাবলী' আকারে খণ্ডে খণ্ডে প্রকাশিত হইতেছেন। বর্ত্তমানে শ্রীল প্রভুপাদের প্রথমবার্ষিক বিরহতিথিপূজা-বাসরে এক গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছেন। মানবজীবনের বহু অমীমাংসিত সমস্যা ও জটিল প্রশ্নের সমাধান ইহাতে পাওয়া যাইবে। ভক্তিপথের পথিকমাত্রেরই এই গ্রন্থ সংগ্রহ একান্ত প্রয়োজন।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপদেশক পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী সম্প্রদায়-বৈভবাচার্য্য এম-এ মহোদয়ের স্রৌতগবেষণা এবং পরিপক্ক লেখনীর অদ্ভুত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত্র-পাঠে ধন্য হউন। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিবিধ চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ড ৩০শ অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্ত্তার ভূমিকাদ্বয় (Preaces), বিষয়-তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র-(Index Glossary) সহ গ্রন্থখানি প্রকাশিত। ভিক্ষা—১৫, পনর টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, রায়পেটা মাদ্রাজ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

'ঠাকুর ভক্তিবিনোদ'

——:(০):——

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি-প্রচারের মূল মহাজন সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অভিমর্ত্ত্য জীবনচরিত এতাবৎকাল পর্য্যন্ত গ্রন্থাকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয়মঠাচার্য্যবরের শুভেচ্ছায় পরবিদ্যাবিভিত্তিক স্ব-লেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু মূল্যবান শিক্ষামৃতও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১২০ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৮০ আনা; ডাক মাশুল স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান—ম্যানেজার গ্রন্থবিভাগ

শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

——:(০):——

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু ধর্ম্মগ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১৩।১নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর চাটুয্যেপাড়ায় অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমা ' নামক পত্র প্রকাশিত হইতেছে।

ই. বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্টাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	৪-৩৬	৬ ২৬	৭-০৬	১২-২৬	১৪-৫৬	১৬-৫৬	১৭-৫৬	২২-২৫
রাণাঘাট পৌঃ			৮-২৮	১৪-১৫				
(বদল) ছাঃ			৯-৩৩	১৪-৫০				
কৃষ্ণনগর পৌঃ	৭-১	৮-৪৪	১০-৮	১৫-২৩	১৭-২৮	১৯-০৮	২০-১৬	১-১৫
(বদল) ছাঃ	৭-১২		১০-৩১		১৭-৩৮		২০-২৬	
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫১		১১-১০		১৮-১৩		২১-৪	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
রাণাঘাট পৌঃ	১২-৫৫
ছাঃ	১৩-০
শান্তিপুর পৌঃ	১৩-২৩
(বদল) ছাঃ	১৩-৩১ (লাইট রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪-১২
ছাঃ	১৪-৩০
নবদ্বীপঘাট পৌঃ	১৫-১০

ডাউন

নবদ্বীপঘাট ছাঃ		৫-৪৪		৯-১০		১৩-৫১	১৬-০	১৮-৩১	
কৃষ্ণনগর পৌঃ		৬ ২৩	৯-১৬	৯-৪৮	১১-৪১	১৪-১০	১৬-৩৮	১৯-১১	২১-১০
ছাঃ	৪-৩৬	৭-১৮		১০-১১			১৬-৫৬	১৯-২৫	
রাণাঘাট পৌঃ				১০-৪৬			১৭-৩০		
(বদল) ছাঃ				১১-১			১৭-৪৬		
কলিকাতা পৌঃ	৬-১৬	৯-২১	১১-৪১	১২-১৬	১৪-১৩		১৯-১১	২১-৪১	২৩-৩৭

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৩-৩১	১৬-০		
কৃষ্ণনগর পৌঃ	১৪-১০	১৬-৩৮		
ছাঃ	১৫-২৮	১৭-৩৪		
শান্তিপুর পৌঃ	১৬-৯	১৮-১৪		
(বদল) ছাঃ	১৬-৩৩	১৮-২৫	(শনিবার ভিন্ন)	২০-৪০ (শনিবার)
রাণাঘাট পৌঃ	১৭-১০	১৮-৫০		২১-১৫
(বদল) ছাঃ	১৭-৪০	১৯-১৪		২১-৫০
কলিকাতা পৌঃ	১৯-১১	২০-৪০		২৩-৩৭

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

[illegible] পাঁচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাটতি অত্যন্ত অধিক। দিবার পীড়া সংযুক্ত কালাজ্বর এবং নূতন ও পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। মূল্য ছোট বোতল ৷৴০ দশ আনা, বড় বোতল ১৷৴০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

—৯১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা

অথবা

পোঃ বেহালা, ২৪ পরগণা।

পোঃ—শ্রীমায়াপুর
টেলিগ্রাম—শ্রীধাম
শ্রীমায়াপুর

REGD No C 1544

দৈনিক নদীয়াপ্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৪শ খণ্ড | শ্রীমায়াপুর—২১শে আষাঢ় ১৩৪৬, ৬ই জুলাই, ১৯৩৯, বৃহস্পতিবার | ১০৯শ সংখ্যা

বিবিধ সংবাদ

——::(०)::——

ভাগলপুরে রথযাত্রা মিছিল বন্ধের জের

গত ২রা জুলাই বিহার প্রাদেশিক কংগ্রেস ওয়ার্কিং কমিটির বৈঠকে ভাগলপুরে রথযাত্রার মিছিল সমস্যা সম্পর্কে ভাগলপুরের একজন প্রতিনিধি ভাগলপুর কর্তৃপক্ষের বিরুদ্ধে অভিযোগ দায়ের করেন। বিহারের প্রধান মন্ত্রী, অর্থ-সচিব ও প্রধান মন্ত্রীর পার্লামেন্টারী সেক্রেটারী মিঃ কে বি সহায় এই সময় উপস্থিত ছিলেন। জুন মাসের তৃতীয় সপ্তাহে ভাগলপুরের শ্রীযুক্ত ছোটেলাল রথযাত্রা মিছিল বাহির করিতে চাহিলে সরকার তাঁহাকে মিছিলের লাইসেন্স দিতে অসম্মত হন। ইহার প্রতিবাদে ভাগলপুরের অন্যান্য [illegible] জনসাধারণও রথযাত্রার মিছিল বন্ধ করিয়া দেন। প্রকাশ, মিঃ ছোটেলালের বাড়ী সহরের যে অংশে অবস্থিত, সেখানে মুসলমানদের বসবাস অধিক বলিয়াই তাঁহাকে মিছিল বাহির করিবার অনুমতি দিতে সরকার অসম্মতি জ্ঞাপন করেন।

প্রতিনিধি যখন কর্তৃপক্ষের বিরুদ্ধে অভিযোগ করিয়াছেন, ভাগলপুরের মুসলমান অধিবাসীরা রথযাত্রা মিছিলে বিশেষ আপত্তি না করিলেও স্থানীয় কর্তৃপক্ষ ছোটেলালের লাইসেন্সের আবেদন নামঞ্জুর করেন। প্রকাশ, এই ব্যাপার লইয়া ভাগলপুরের হিন্দু জনসাধারণের মধ্যে বিক্ষোভের সৃষ্টি হইয়াছে এবং হিন্দু মহাসভা ভাগলপুরের কর্তৃপক্ষের এই আচরণে ক্ষোভ প্রকাশ করিয়া এক প্রস্তাব গ্রহণ করিয়াছেন।

প্রতিনিধিদল অভিযোগ জানাইবার পর উপস্থিত সদস্যগণ ও ওয়ার্কিং কমিটির সদস্যদের মধ্যে সমস্যা সম্পর্কে গোপনে আলোচনা হইয়াছে।

সাইপ্রাস দ্বীপে দমননীতি

পূর্ব ভূমধ্যসাগরে একমাত্র ব্রিটিশ উপনিবেশ হইতেছে সাইপ্রাস দ্বীপ। সাইপ্রাসের অধিকাংশ লোক গ্রীক, বাকী তুর্কী। ব্রিটিশ কলোনি বিভাগ প্রত্যক্ষভাবে সাইপ্রাস শাসন করে।

কলোনি-বিভাগের দাবি রহিয়াছে—উপনিবেশটি যাহাতে সমৃদ্ধ, সন্তুষ্ট, স্বাধিকার-সম্পন্ন ও অনুগত হয়, তাহার উপযুক্ত ব্যবস্থা করা। কিন্তু কার্যক্ষেত্রে উহার বিপরীত অবস্থাই দেখা যায়। অর্থনৈতিক উন্নতির কোন চেষ্টা পরিলক্ষিত হয় না। আর রাজনৈতিক শাসন যে নীতি অনুসারে চালান হয়, সে নীতি ইংলণ্ড অপেক্ষা জার্মানীতেই বেশী প্রিয় বলিয়া আমরা শুনিয়া থাকি। দ্বীপবাসীরা যে আমলাতন্ত্রের অধীন, তাহার স্বৈরাচার শুধু হৃদয়হীন নয়, পরন্তু বুদ্ধিহীন।

দ্বীপবাসীদের রাজনৈতিক জীবন সম্বন্ধে সাইপ্রাসের সংবাদপত্রে কোন কিছু লেখা নিষিদ্ধ, লিখিলে কাগজ বন্ধ করিয়া দেওয়া হইবে। এমন কি, ব্রিটিশ সংবাদপত্র বা সংবাদ-এজেন্সী হইতে কোন খবর পর্যন্ত উদ্ধৃত করা চলে না।

কথাগুলি প্রায় অবিশ্বাস্য হইলেও সত্য। সিরিয়ার উপকূল হইতে সাইপ্রাস ৬০ মাইল দূরে। দ্বীপটি তুরস্কের অধীনে ছিল; ১৮৭৮ খৃষ্টাব্দে শাসনপরিচালনার জন্য উহা ইংরাজের হাতে ছাড়িয়া দেওয়া হয় ও ১৯১৪ সালে যুদ্ধ বাধিলে ইংলণ্ড দ্বীপটি প্রত্যক্ষভাবে নিজের সাম্রাজ্যের অন্তর্ভুক্ত করিয়া লয়।

সাইপ্রাস দ্বীপ পূর্ব হইতে পশ্চিমে দৈর্ঘ্যে ১৪০ মাইল এবং উত্তর হইতে দক্ষিণে ৪০ মাইল। উহার লোকসংখ্যা মোট ৩৪৭৯৫৯। তন্মধ্যে তুর্কী মুসলমান ৬৪২৩৮, খৃষ্টান ২৮৩৫৭২ এবং অন্যান্য ১৫৯।

ই আই রেলের এডভাইসরী কমিটি

গত ৩০শে জুন শুক্রবার প্রাতঃকালে ইষ্ট ইণ্ডিয়ান রেলওয়ে হাউসে ইষ্ট ইণ্ডিয়ান রেলওয়ের কলিকাতার পরামর্শ সভার অধিবেশন হয়। ট্রাফিক ও ক্লেম সংক্রান্ত আনুমানিক হিসাব এই সভায় উপস্থিত করা হইলে চেয়ারম্যান যাত্রী ও বণিক দ্রব্যে ভাড়ায় আয় হ্রাসের বিষয় উল্লেখ করেন এবং বলেন—গত বৎসর অপেক্ষা ৩০শে জুন পর্য্যন্ত যে আয় হয়, এবার তদপেক্ষা ২১ লক্ষ টাকা কম আয় হইয়াছে।

গ্রীষ্মের সময় বিভিন্ন রেল ষ্টেশনে পানীয় জল সরবরাহের বিষয় এই সভায় আলোচিত হয়। কমিটির সদস্যগণ ঐ বিষয়ে যে সকল প্রস্তাব করিয়াছেন, চেয়ারম্যান তাহা পুঙ্খানুপুঙ্খ আলোচনা করিবেন বলিয়া প্রতিশ্রুতি দেন। বড় বড় ধর্মশালায় ও মুসাফির খানায় রেলের সময়ের এক একটি তালিকা রাখার বিষয় এই সভায় স্থির হয়।

নূতন ধরণের গাড়ীতে তৃতীয় শ্রেণীর যাত্রীর সুবিধাজনক বন্দোবস্তের বিষয় চেয়ারম্যান সদস্যগণকে বুঝাইয়া দেন নূতন গাড়ীতে অন্ততঃ ১৬ জন যাত্রী বসিতে পারিবে এবং পায়খানা প্রভৃতিরও ভাল বন্দোবস্ত করা হইয়াছে।

বিজলোর শাখায় ট্রেণ দুর্ঘটনার বিষয় উল্লেখ করিয়া চেয়ারম্যান বলেন,—এখনও বিস্তৃত বিবরণ পাওয়া যায় নাই। তবে তিনি সদস্যদিগকে এই আশ্বাস দেন যে আহতদিগের জন্য যথাযোগ্য ব্যবস্থা বিহিত হইয়াছে।"

পাঞ্জাবের পার্ব্বত্য রাজ্যে লেখাপড়া শিখাইবার আন্দোলন

পাঞ্জাবের পার্ব্বত্য অঞ্চলে অবস্থিত বিলাসপুরের রাজা তাঁহার রাজ্যে ২ বৎসরের মধ্যে শতকরা ৮০ জনকে লেখাপড়া শিখাইবার সঙ্কল্প গ্রহণ করিয়াছেন এবং এতদুদ্দেশ্যে এই আন্দোলন আরম্ভ করিয়াছেন। প্রাপ্ত বয়স্কদিগকে যথাসম্ভব শিক্ষা দেওয়া হইবে এবং বালকবালিকাদের জন্য বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা প্রবর্তন করা হইবে। প্রাপ্ত-বয়স্কদিগকে শিক্ষা দেওয়ার জন্য ২০টা কেন্দ্র খোলা হইয়াছে। প্রত্যেক কেন্দ্রে একজন শিক্ষক রাখা হইয়াছে। ইতোমধ্যেই বালকবালিকাদের জন্য প্রাথমিক শিক্ষা অবৈতনিক করা হইয়াছে এবং বিলাসপুর সাব-ডিভিসন্যাল অঞ্চলে বাধ্যতামূলক করা হইয়াছে।

ওয়ার্ধা পরিকল্পনার অনুরূপ একটা পরিকল্পনানুযায়ী ৩০ জন শিক্ষককে শিক্ষা দেওয়া হইয়াছে। রাজা স্বয়ং পাঠ্যপুস্তক প্রণয়ন করিয়াছেন। শিক্ষার জন্য মোট রাজস্বের শতকরা ১৫৲ টাকা ব্যয় করা হইতেছে। শীঘ্রই ইহার পরিমাণ আরও বৃদ্ধি করা হইবে। উচ্চশিক্ষা ও কারিগরী শিক্ষাদানেরও ব্যবস্থা করা হইয়াছে।

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক। প্রতি একাদশীতে প্রকাশিত হয়। কলিকাতা বাগবাজারস্থ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। সডাক ভিক্ষা ॥০ টাকা মাত্র।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৷০ টাকা মাত্র।

৩। ভাগবত—হিন্দিভাষার একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ টাকা মাত্র

৫। শ্রীগৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ মাত্র।

পরমগুরু শ্রীগৌরকিশোর

গৌড়ীয়-সম্পাদক-লিখিত, শ্রীগৌড়ীয়াচার্য্যের ভূমিকা-সম্বলিত, বহুচিত্র-শোভিত ও বিষয় সূচী-সমন্বিত "পরমগুরু শ্রীগৌরকিশোর" গ্রন্থরাজ প্রকাশিত হইয়াছেন। এই গ্রন্থরাজে শুদ্ধগৌড়ীয়বৈষ্ণবগণের পরম্পরায়, গৌড়ীয়গৌরবশিখামণি অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ নিত্যলীলাপ্রবিষ্ট পরমহংস ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল গৌরকিশোরদাস গোস্বামী প্রভুবরের অভিনব চরিত্রকথা বর্ণিত আছে।

শ্রীশ্রীভক্তিবিনোদাবির্ভাব-শতবর্ষপূর্ত্তিতিথিপূজার উপায়ন-গ্রন্থমালা

——::(০)::——

১। গীতিসাহিত্যে শ্রীভক্তিবিনোদ

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র গীতিসাহিত্যের সমালোচনা-গ্রন্থ)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

২। শ্রীভক্তিবিনোদবাণীবৈভব

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের রচনামৃতসাগর হইতে আহৃত ১০৮টী অধ্যায়ে সম্বন্ধ-অভিধেয়-প্রয়োজনাকারে গুম্ফিত অমূল্য উপদেশপূর্ণ গ্রন্থ)

ভিক্ষা—৩৲ তিন টাকা মাত্র।

৩। শ্রীশ্রীভক্তিবিনোদ-প্রসঙ্গ

ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ ও ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামীপ্রভু-বিরচিত এবং গৌড়ীয়ে প্রকাশিত শ্রীশ্রীভক্তিবিনোদ-চরিত-প্রসঙ্গ

ভিক্ষা—।৵০ ছয় আনা মাত্র।

৪। ছাত্রদের ভক্তিবিনোদ

(ছাত্রদের উপযোগী ভাষায় লিখিত শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্র ও শিক্ষা)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

(ছাত্রদের পক্ষে ভিক্ষা—॥০ আট আনা মাত্র)

প্রাপ্তিস্থান :—

(১) 'ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্', পোঃ শ্রীমায়াপুর, নদীয়া ;

(২) শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ;

(৩) শ্রীযুক্ত ভূপতিরঞ্জন দাস এম্-এ, বি-এল্,

গুরুপল্লী পোঃ রমনা, ঢাকা।

ভক্তি-গ্রন্থমালা

বাংলাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্,—সমগ্র ৪০৲

প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ২৮৲

দশম স্কন্ধ— ৯৲

২। ভাষ্যসহ বিরাট শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৯৲

৩। অনুভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬

৪। সরস্বতী জয়শ্রী (অবাঁধা) ৪৲

৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী

১ম খণ্ড ৸০ ; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০ ৪র্থ খণ্ড—৸০

৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী

১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸

৭। শ্রীচৈতন্যদেব ১৲

৮। সৎক্রিয়াসার দীপিকা সংস্কার দীপিকা ১।০

৯। জৈবধর্ম্ম ২৲

১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲

১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲

১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲

১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০

১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ॥০

১৫। বৈষ্ণবসাহিত্যে বিষয় তত্ত্ব ।০

১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০

১৭। চৈতন্যোপনিষদ ।০

১৮। বাহ্মণ-আম্নায় ।০

১৯। তত্ত্ববিবেক ।০

২০। গৌড়ীয়-গৌরব ।৵০

২১। গৌড়ীয়সাহিত্য ।৵০

২২। ভজন-রহস্য ।০

২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲

২৪। গীতা (শ্রীবলদেব-টীকা সহ) ৯৲

২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) (অবাঁধা) ৩৲ ১৲

২৬। গীতার কেমন মানে ভাষা ।০

২৭। দুর্গম-সঙ্গমনী জগদ্গুরুঃ (সাতবাঁধা) ২৲

২৮। বেদান্তসূত্রসার (সাতবাঁধা) ।০

২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৸০

৩০। দীপ-দিগ্-দর্শন ৵০

৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ।৵০

৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ।০

৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০

৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৵০

৩৫। গীতমালা ৴১০

৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৵০

৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৵০

৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০

৩৯। শ্রীগোক্রমণ্ডলপরিক্রমাখণ্ড ।০

৪০। শরণাগতি ৴০

৪১। গীতাবলী ৴০

৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০

৪৩। সাধনতত্ত্ব ৴০

৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ৴

৪৫। নবদ্বীপশতক

৪৬। অর্থপঞ্চক

৪৭। সদাচারস্মৃতিঃ ৵৴

৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৴১০

৪৯। অর্চ্চনকণ ৵১০

৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম ও ২য় খণ্ড) ৯৲

৫১। ব্রহ্মসংহিতা ।০

৫২। মণিমঞ্জরী (সাতবাঁধা) ।০

৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০

৫৪। পুরুষার্থ-বিনির্ণয় ।০

৫৫। তত্ত্বসূত্রাবলী বা মায়াবাদশতদূষণী ।০

৫৬ ভারতবর্ষ ও ভক্তিপথ ৵০

৫৭। ঈশোপনিষদ্ (ভাষাবিবৃতি) ।০

৫৮। শ্রীকৃষ্ণদেবের ৵০

৫৯। সিদ্ধান্তদর্পণ ৵০

৬০। সাংখ্যবাণী ৴০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।০

৬২। সিদ্ধান্ত-সরস্বতী দিগ্বিজয়ঃ ।০

৬৩। সটীক-শিক্ষাষ্টকম্ ।০

৬৪। স্তবকম্ ।০

৬৫। সাত্ত্বত শিক্ষাষ্টকম্ ৵০

৬৬। গৌড়ীয়মঠপত্রিকা ৴০

৬৭। সারাংশবর্ণনম্ ৵০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।০

৬৯। এ ফিউ ওয়ার্ডস অন বেদান্ত ।০

৭০। নামভজন ৴০

৭১। বেদান্ত—ইটস্ মরফলজী অ্যাণ্ড অন্টলজি ।০

৭২। সিলেক্ট ওয়ার্ড'স ।৵০

৭৩। সাইকো অ্যাণ্ড রিলেশন্স অব শ্রীচৈতন্য মহাপ্রভু ।০

৭৪। বৈষ্ণবীজম্ ।০

৭৫। কোটস্ গৌড়ীয়মঠ ইজ গুড ৴০

৭৬। দি ভাগবত ।০

৭৭। ইরোটিক প্রিন্সিপল অ্যাণ্ড আনঅ্যালয়েড ডিভোসন ।০

৭৮। ব্রহ্মসংহিতা ১।০

৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (অন্‌বাউন্ড) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ।০

৮১। সাধন-পথ ।০

৮২। কল্যাণ-কল্পতরু ৵০

৮৩। গীতাবলী ৴০

৮৪। শরণাগতি ৴০

আসামিয়া ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ৴০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক
নদীয়া-প্রকাশ
একমাত্র পারমার্থিক দৈনিক
শ্রীধাম-মায়াপুর

১৪শ বর্ষ { ৪৫৩ গৌরাব্দ, ২১শে আষাঢ় বঙ্গাব্দ ১৩৪৬, ৬ই জুলাই ইং ১৯৩৯, বৃহস্পতিবার } ১০৯৭ সংখ্যা।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

৫ শ্রীধর আদি কারণোদশায়ী গৌরাব্দ ৪৫৩

বৈষ্ণব-সিদ্ধান্ত

——::(•)::——

শ্রীধ, প্রহ্লাদাদি দ্বাদশজন মহাজন ও তাঁহাদের অনুগত সম্প্রদায়ই ভাগবত-ধর্ম্মের বক্তা। ভাগবতধর্ম্মই সার্ব্বজনীন ধর্ম্ম। ভাগবতধর্ম্ম ব্যতীত বিশ্বে যত সমস্ত বিভিন্ন মত বা ধর্ম্ম চলিতেছে সবই নাস্তিক ধর্ম্ম। ইহাই নিরপেক্ষ সত্য। যাঁহাদের নিরপেক্ষ সত্যকথা শ্রবণ করিবার কর্ণ হইয়াছে, তাঁহারাই সৌভাগ্যবান্। সৌভাগ্যবঞ্চিত ব্যক্তির এই কথায় বিশ্বাস নাই। যাঁহারা শ্রীস্বরূপদামোদর, শ্রীরূপ প্রভৃতিকে জগদ্গুরু বলিয়া স্বীকার করেন না, তাঁহারাই বলিয়া থাকেন, আমরা তাঁহাদের কথা কেন মানিব, তাঁহাদের শিষ্যগণই মানিবে। সকলেই ত' তাঁহার শিষ্য নহেন এবং তিনিও সকলের গুরু নহেন। কিন্তু শাস্ত্র ও সাধুগণ বলেন, বিশ্বে বৈষ্ণবজগতে গুরু তিনিই—যিনি স্বরূপরূপানুগ। এতদ্ব্যতীত আর কেহ গুরু হইতে পারেন না। যাঁহারা স্বরূপ-রূপের কৃপা পান নাই, তাঁহারা সদ্, গুরু নহেন। শ্রীরূপরঘুনাথের কথা প্রচার করিবার যোগ্যতা তাঁহাদের নাই। শ্রীরূপানুগত্য বা গুর্ব্বানুগত্য ব্যতীত যে ভজনের অভিনয় দেখা যায়, তাহা মায়ার ভজন ছাড়া আর কিছুই নয়। ভজন জিনিষটা নিজের খামখেয়াল, মনোধর্ম্ম বা আত্মেন্দ্রিয়-তর্পণ নহে, কৃষ্ণেন্দ্রিয়-তর্পণের নামই ভজন। এই সকল কথায় আস্থাবান্ ব্যক্তিই শুদ্ধ ঐকান্তিক। তিনি জানেন, মনঃকল্পিত লঘুপরম্পরা গুরুপরম্পরা নহে। কৃষ্ণশক্তি ব্যতীত অপরে আচার্য্য নহেন। পূর্ব্বাচার্য্যের অন্তরের কথা যিনি সম্যগ্ভাবে না জানেন, তিনি গুরু নহেন।

কোন কোন অস্মাভিলাষী ব্যক্তি দুর্ভাগ্যবশতঃ গুরুবাক্যে বিশ্বাস স্থাপন করিতে না পারিয়া বলিয়া থাকেন, সকল সময়েই যে গুরু জগতে প্রকটিত থাকিবেন, এরূপ নহে। গুরুপরম্পরায় gap থাকে। সুতরাং সকলেই একজনের মতে চলিবেন, সকলেই একজনকে গুরু বলিয়া স্বীকার করিবেন, এরূপ আশা করা বড়ই অসঙ্গত। মনোধর্ম্মীগণই এই সকল কথা বলিয়া থাকেন। চিজ্জড়সমন্বয়প্রয়াসকারী ব্যক্তিগণেরই এই যুক্তি। বুদ্ধিমান্ ব্যক্তিগণ এই সকল কুযুক্তি গ্রহণ না করিয়া সহ্যই করিয়া থাকেন।

সকলকেই একজনের মতে চলিতে হইবে—সকলকেই অংশজ্ঞান শ্রীভগবানের অনুগত হইতে হইবে—সকলকেই অবরজ্ঞানের সর্ব্বশ্রেষ্ঠ সেবক শ্রীগুরুদেবের আনুগত্য করিতে হইবে—ইহাই শুদ্ধ-বৈষ্ণবসিদ্ধান্ত। আর পৌত্তলিক ও নির্ব্বিশেষ-বাদীর সিদ্ধান্ত তাহা হইতে স্বতন্ত্র। যাহারা জগদ্গুরুর কীর্ত্তিত বাক্যকেই শাস্ত্র এবং শুদ্ধভক্তি-সিদ্ধান্ত বলিয়া না জানেন, তাঁহারা যে মনোধর্ম্মী ও ভাগবতধর্ম্মের বিরোধী তাহাতে আর সন্দেহ কি?

শ্রীভগবান অবরজ্ঞান ব্রজেন্দ্রনন্দন শ্রীগুরুদেব ভগবানেরই প্রকাশ। গুরুদেবও অবরজ্ঞ। পূর্ণবস্তুর প্রকাশ—পূর্ণ শ্রীগুরুদেব খণ্ডিত বা পরিচ্ছিন্ন বস্তু নহেন। সাড়ে তিন হাত মানুষবিশেষ নহেন। যেমন এক বদ্ধজীব আর এক বদ্ধজীব হইতে স্বতন্ত্র, যেমন একজন মনোধর্ম্মীর মত আর একজন মনোধর্ম্মীর মত হইতে পৃথক্, কৃষ্ণভক্তশ্রেষ্ঠ সর্ব্বশেষ্ঠ শ্রীগুরুদেব বা তাঁহার কীর্ত্তিত বস্তু সেরূপজাতীয় বস্তু নহেন। তিনি অদ্বয়বস্তু, অপরিচ্ছিন্ন বস্তু—অপ্রাকৃত বস্তু। শ্রীমহাপ্রভু হইতে স্বরূপ দামোদর পৃথক্ নহেন। গুরুদেব ও তাঁহার মত পৃথক্ নহে। শ্রীস্বরূপ হইতে শ্রীরূপ পৃথক্ নহেন বা তাঁহার মত পৃথক্ নহে। শ্রীরূপ হইতে রঘুনাথ পৃথক্ নহেন বা তাঁহার মত পৃথক্ নহে। শ্রীরূপ হইতে সনাতন পৃথক্ নহেন বা তাঁহার মত পৃথক্ নহে। শ্রীরূপ হইতে শ্রীজীব, শ্রীজীব হইতে রঘুনাথ, শ্রীরূপ হইতে কবিরাজ গোস্বামী, কবিরাজ হইতে ঠাকুর মহাশয়, ঠাকুর মহাশয় হইতে শ্রীনিবাস আচার্য্য, শ্রীরূপ হইতে শ্রীচক্রবর্ত্তী ঠাকুর, শ্রীবলদেব হইতে শ্রীজগন্নাথ, শ্রীল জগন্নাথ হইতে শ্রীল ভক্তিবিনোদ, শ্রীরূপ হইতে শ্রীল প্রভুপাদ ও তদনুগ শ্রীল আচার্য্যদেব পৃথক্ নহেন। তাঁহারা সকলেই একসূত্রে গাঁথা। তাঁহাদের সকলেরই সিদ্ধান্ত এক। যাঁহারা বৈষ্ণব-গুরুকে মর্ত্ত্যবুদ্ধি করেন, সেই সকল নির্ব্বিশেষবাদী বলিয়া থাকেন যে, তোমার গুরু হইতে আমার গুরু পৃথক্। তোমার গুরুকে তুমি মান, আমার গুরুকে আমি মানি। সুতরাং তোমার গুরু তোমার কাছে, আমার গুরু আমার কাছে। শুদ্ধভক্তগণ এই সকল [illegible] পরন্তু [illegible] শ্রীরূপানুগ—[illegible] পরস্পর অভিন্ন-জন। —এ [illegible] সমভাবে [illegible] থাকেন। তদ্ধেতু [illegible] নাই। তাঁহারা [illegible] বিগ্রহ বলিয়াই [illegible]।

মহাকৃষ্টি

(শ্রীপাদ মহাপুরুষদাস ব্রঃ শাস্ত্রী)

[illegible] হয়। আমরা ঠিক পথে চলিতেছি, না পথভ্রষ্ট হইয়া বিপথে চলিতেছি, [illegible] বুঝিতে পারি না। কার্য্যের ফল যখন অত্যন্ত স্পষ্টরূপে আমাদের সম্মুখে প্রকাশিত হয় তখন এ কথাটী [illegible], এটী আমরা নিকটে হইতে [illegible] পারি। পরমার্থ [illegible] রহস্যাবৃত। [illegible] কিছুই খুঁজিয়া পাওয়া যায় না। [illegible] এই পথের পথিক [illegible]—"ক্ষুরস্য ধারা নিশিতা দুরত্যয়া দুর্গং পথস্তৎ কবয়ো বদন্তি।" [illegible] আগ্রহ বা সরলগতিই এই পথে অগ্রসর হইবার

পথের বা সম্বল। সূক্ষ্ম ও নিরপেক্ষ বিচারক (আধ্যক্ষিক বা ভক্তিবিরোধি-যুক্তিবাদী নহে) শাস্ত্রযুক্তিতে সুনিপুণ দৃঢ়শ্রদ্ধাবান্ নির্ম্মৎসর সাধুই এই পথের পথপ্রদর্শক ও অগ্রবর্ত্তী পথিক। তাঁহারই অনুসরণ করিতে হইবে—তাঁহারই আনুগত্য করিতে হইবে, অন্যের আনুগত্য করিলে মরিতে হইবে।

আধ্যক্ষিকতা আমাদের জন্ম-জন্মান্তরের সাথের সাথী হইয়াছে। উহা কিছুতেই যায় না, আঠার মত লাগিয়া থাকে। সেই আধ্যক্ষিকতার চশমার দ্বারা কিছু দেখিতে যাই সবই উল্টো দেখা যায়। পরম গম্ভীর শ্রীগুরুদেব অপার করুণ ও নির্ম্মৎসর বলিয়া আমার আধ্যক্ষিকতার প্রশ্রয় দেন না। মহাপ্রভু যেমন মহাভক্তের আধ্যক্ষিকতা পদে পদে নিরাস করিয়া—তাঁহার অভিমানে আঘাত করিয়া, তাঁহার সমস্ত গর্ব্ব চূর্ণ করিয়া শিক্ষা তাঁহাকে দীনহীন ও সরল করিয়া দিয়াছিলেন, বাস্তব শরণাগতির পথে উন্নীত করিয়া চরমে তাঁহার মঙ্গল করিয়াছিলেন, শ্রীল আচার্য্যদেবও আজ সেইপ্রকার আমাদের বাস্তবিকই মঙ্গল করিবার চেষ্টাই করিতেছেন। সমস্ত প্রভুপাদের লীলায় আমরা দিশাবিহীন হইয়া দিন কাটাইয়াছি, তাই প্রভুপাদ অন্তর্দ্ধান করিয়া আমাদিগকে ছাড়িয়া যাইবার পূর্ব্বাহ্নে পুনঃ পুনঃ বলিয়াছেন,—'আমার কথাটা কেহই বুঝিল না, আমার উদ্দেশ্য কেহই বুঝিল না'। আর সেবার আমরা তাহা ভুলিয়া গেলেও শ্রীল আচার্য্যপাদগণ তাহা ভুলেন নাই, ভুলিতে পারেন না, প্রভুপাদের সেবার রস সে স্মৃতি তাঁহার হৃদয়ে অঙ্কিত আছে, দিবানিশি প্রভুপাদের বিরহাগ্নি তাঁহার হৃদয় দগ্ধ করিতেছে। তাঁহার চেয়ে কেহই আমরা অধিক প্রভুভক্ত হইয়া পড়ি নাই। যিনি সকল অধিক প্রভুভক্তির ছলনা করিবেন, লোকবঞ্চনার জন্য অধিক ভাব-ভক্তি দেখাইবেন, তিনি অধিক কপট ধর্ম্মধ্বজী হইবেন। শ্রীল আচার্য্যদেব পদে পদে আমাদিগকে সুপথে চালিত করিবার চেষ্টা করিতেছেন। তাই তিনি Popularityর কোনও ধার ধারেন না। তাঁহার নিরঙ্কুশ ইচ্ছায় কেহই বাধা দিতে পারেন না। তিনি সাধারণ লোক নহেন। তিনি শ্রীরূপ-সনাতনের বংশধর—আম্নায়ধারার সংরক্ষক।

আমাদের কিন্তু মহাভক্তের মত সৌভাগ্যও নাই, আমাদের অধিকাংশ লোকেরই গুরু পাওয়ার কোনও প্রয়োজনই নাই। আজ কিছু লাভের আশায় প্রভুর হইয়া শিষ্যত্ব হইয়াছি। কপাল-দোষে আমরা তাহাই পাইতেছি। এত কীর্ত্তন-বক্তার ভিতর থাকিয়া যদি একটুও নিষ্কপট হইতে পারিতাম, তাহা হইলে গুরু অবশ্য এবের ভার আমাদের চিত্তবৃত্তি ও বিচার পরিবর্ত্তন করিয়া দিতেন। কপট বলিয়াই শ্রীগুরুদেবের কৃপামুদ্রা আমার হৃদয়ে প্রকাশিত হয় না। আমি মনে করি, গুরুদেবও আমারই মত প্রতিষ্ঠাকামী, প্রভুত্বপ্রিয় ভোগী জীব। আমার প্রতিষ্ঠার ঘরে আগুন জ্বালাইয়া দেন বলিয়াই সমস্ত প্রতিষ্ঠার মালিক শ্রীগুরুদেবকে আমি জড়প্রতিষ্ঠাপ্রিয় মনে করি। তাঁহার বিচার ও আচারের ভুল ধরি, তাঁহাকে নিয়মিত করিতে যাই, খোদার উপর খোদগিরি করিতে প্রবৃত্ত হই। কিন্তু নিজের ওজন একবারও খতাইয়া দেখি না।

দুর্ব্বলতার ছিদ্র পাইয়া আধ্যক্ষিকতা আমার কর্ণে মোহন সুরে বলায় দেয়—"তুমি কম কিসে? তুমিও ত' বহু পুরাতন লোক। তুমিও বহুদিনের ত্যাগ বৈরাগ্যের কসরৎওয়ালা, all round capacity তোমারই আছে, all-accomodating power তোমারই ও করতলগত তোমার কর্ত্তব্য ও জগতীর সিদ্ধান্তে অনভিজ্ঞ কত কর্ম্মী জ্ঞানী তথাকথিত শিক্ষিত ধনী তোমার বাগ্‌বৈখরীতে মুগ্ধ হইয়া যায়। বিশেষতঃ একই শ্রীগুরুদেবের নিকট হইতে তোমাদের আচার্য্যদেব ও তুমি দীক্ষাশিক্ষায় প্রণোদিত সুতরাং কেন বোকালোকের মত তাঁহার আনুগত্য করিতে যাইবে,—তুমিও একটা গুরু সাজ না কেন? অতি সাধারণ লোকও গুরু সাজিলে দশ-বিশজন সেবক শিষ্য পাইবে—তুমিও বহু বহু লোকের মস্তক অবাধে চর্ব্বণ করিতে পারিবে কোনও চিন্তা নাই, আমি তোমাকে অভয় দিতেছি। কতকগুলি বোকা-লোক বঞ্চিত হয় হউক, তোমার স্বার্থসিদ্ধি বা তোমার হিংসাবৃত্তি পরিতৃপ্তি হইলেই হইল। গুরু পাওয়ার ত' তোমার এখন আর প্রয়োজন নাই, সে পিপাসাও বহু দিন তৃপ্ত হইয়া গিয়াছে, এখন লোকবঞ্চনা কর, গুরু হও, পুনরায় কেঁদে গড়ুর কর, সুসময় বহিয়া যাইতেছে আর কতদিন অপেক্ষা করিবে? যদি মনে কর, আচার্য্য স্বীকার করিয়া যে ভুল করিয়া বসিয়াছি, তাহা সংশোধনের উপায় কি? তাহা হইলে তোমাকে হিতোপদেশের সেই জল-পানে বাঘ দেখিত ও বয়স্ক-উপবিষ্ট বৃদ্ধ ব্যাঘ্রের পথ স্মরণ করিতে উপদেশ করি। দেখিবে একাকীর বাঘের অভুক্ত অনায়াসে জুটিবে, কোনও চিন্তা নাই—মাভৈঃ!" গুরুবৈষ্ণব-উল্লঙ্ঘনকারী ব্যক্তি আমি আধ্যক্ষিকতা ডাইনীর মোহন সুরে মুগ্ধ হইয়া মুগ্ধা হরিণীর মত বাঘের আক্রমণ হইতে বঞ্চিত হই—আগুনে পুড়িয়া ছাই হইবার জন্যই আমার পাখা গজায়। অভিমানী জীবাত্মা হইয়া তখন মনে করিতে থাকি, আর এক পা অগ্রসর হইলেই বুঝি আচার্য্য হওয়া যায়। কচি খোকাও আমার মত মনে করে হাত বাড়ালেই বুঝি চাঁদ মামাকে পাওয়া যায়। তার মনের ভাব দেখিয়া মাসী-পিসির দল তাহাকে ঘুম পাড়াইবার অভিপ্রায়ে তাহার কাণে চাঁদ ধরিয়া দেওয়ার গান গায়। আধ্যক্ষিকতাও মাসী-পিসির মত আমাকে মায়ার ক্রোড়ে চির-নিদ্রিত করাইবার জন্য আচার্য্য করিয়া দিবার লোভ দেখায়। ইহা তাহার অমোঘ-অস্ত্র। জীবের চরম দুর্ভাগ্য উপস্থিত হইলে আধ্যক্ষিকতা এই অমোঘ-অস্ত্র নিক্ষেপ করে। তখন আমি ভুলিয়া যাই—গুরুদেবের প্রাপ্য প্রতিষ্ঠা হজম করিবার ক্ষমতা বদ্ধ জীবের নাই অক্ষম হইয়া বিষপান করিবার বাহাদুরী দেখাইতে গেলে বা উচ্চে পাকামী করিতে গেলে মরণ অনিবার্য্য। কাকের ময়ূর সাজিবার শৃগালের ন্যায় আমার গুরু সাজিবার স্পর্দ্ধা দেখিয়া বহির্ম্মুখ জনসমাজও অতিষ্ঠ হইয়া উঠে। তাহারা তখন ভালবাসা ভুলিতে ধান গাছ তুলিয়া ফেলার ন্যায় মাদৃশ অধমকুলকে নিরাস করিতে যাইয়া আমাদের উচিত গুরুদেবকেও আমারই মত ভাবিয়া তাঁহার চরণে অপরাধ করিতে থাকে। আমারই অবৈধ প্রয়াসের ফল সমস্ত জগৎ ভোগ করে। তবুও আমার খেয়াল হয় না।

আধ্যক্ষিকগণ মনে করেন, যিনি যত পুরাতন মঠবাসী, যিনি যত ভক্তিবৃদ্ধ ঠাকুরদার মত মঠ বা মিশনের আদি কালের ইতিহাসের সঙ্গে সংশ্লিষ্ট, তিনি তত পাকা বৈষ্ণব। বহুদর্শিতা, জাগতিক অভিজ্ঞতা, all-round capacity এইগুলি আধ্যক্ষিকের নিকট বড়ই মনোহারিণী ও চিত্তাকর্ষক। বৈষ্ণবগণ কিন্তু এগুলি মলমূত্র তুল্য মনে করেন। আনুগত্যই তাঁহাদের প্রাণ, অকিঞ্চনতাই তাঁহাদের সম্বল। সুদৃঢ় বিশ্বাস তাঁহাদের আভরণ। তাঁহারা নিরন্তর সুদর্শন দ্বারা রক্ষিত। তাঁহাদের বিশ্বাস মেকী নহে বা কথার কথামাত্র নহে—'দৃঢ় গ্রন্থি অন্তরে বন্ধন' নহে। শ্রদ্ধাবান্ জনই একমাত্র ভক্তির অধিকারী। কাজেই তাঁহারাই বাস্তব ভক্ত বা শ্রৌতপন্থী। ভক্তিতে ভুল নাই, দোষ নাই, ভয় নাই। তাঁহারা অত্যন্ত নির্ভীক, সম্পূর্ণ নির্ভরশীল। অম্বরীষের মত তাঁহারা অবিচলিত। দুর্ব্বাসার নিশিত কৃত্যাকে তাঁহারা ভয় করেন না। দুনিয়ার কিছুতেই তাঁহারা ভীত নহেন। বিষ্ণুভক্তি-নিরপেক্ষ আতঙ্কিকগণই ভীত। যদিও বৈষ্ণব কোটির মধ্যে দুই একটী পাওয়া যায়, তবুও বৈষ্ণব থাকেন। জগৎ বৈষ্ণব-শূন্য কখনও হয় না। কাজেই বৈষ্ণবের পাদত্রাণবাহী ভৃত্যানুভৃত্যগণ নিশ্চিন্ত। বৈষ্ণব নিজদিগকে বৈষ্ণব অভিমান করেন না, গুরু সাজিবার দুরভিসন্ধি তাঁহাদের অন্তরের অন্তঃস্থলে নাই। বৈষ্ণব গুরুদেবের বৈষ্ণব। গুরুদেব বিষ্ণুবৎ, আর বৈষ্ণব বিষ্ণুর বৈষ্ণব। মাদৃশ অনন্তকোটী জীবাধম বৈষ্ণবের দাসানুদাস। আমাদের শিরোপরি হরি-গুরু-বৈষ্ণব এই তিনটী বাস্তববস্তুর আসন চিরকালই reserved আছে—থাকিবে—মুক্তির পরেও থাকিবে।

আধ্যক্ষিকগণের অন্তরের গ্রন্থি বড়, তাহাদের মলাট দুরস্ত—showbottle জাতীয়। কেহ গ্রন্থির অন্তরালে বস্তু না রাখিয়াই বস্তু আছে বলিয়া ভুল করেন কেহ বা বহুদিন পূর্ব্বে কিঞ্চিৎ রাখিয়া শিথিলগ্রন্থি দিলেও উপযুক্ত ভক্তির অভাবে তাহা হারাইয়া ফেলেন। তাঁহারা বিষ-দর্শনে মুগ্ধ হইয়া নিজ সম্বলের পর্য্যবেক্ষণে উদাসীন হইয়া পড়েন। শ্রৌতপন্থী কিন্তু বিষের ব্যাপারে উদাসীন। কেন চলেছি, কোথায় চলেছি, তাহা তাঁহারা সর্ব্বদাই খেয়াল রাখেন, দরিদ্রের ধনের মত তাঁহার পথের সম্বল ঠিক আছে কি না পুনঃ পুনঃ পরীক্ষা করিয়া অন্বেষণ করিয়া দেখেন। তাঁহাদের গ্রন্থি বড় না হইলেও অতি সঙ্গোপনে ও নিশ্চিন্তভাবে সম্বল তাহাতে সুরক্ষিত থাকে। শ্রীগুরুদেব কিন্তু সম্বল আছে কি না পরীক্ষা না করিয়া পরমার্থ-পথের যাত্রিগণকে পথ ছাড়িয়া দেন না। কে বাস্তবিকই যাত্রী, আর কে লক্ষ্যহারা উদাসীন, তাহা তখন প্রমাণ হইয়া যায়।

শ্রৌতপন্থী কদাচিৎ সঙ্গদোষে সম্বল হারাইয়া ফেলিলেও পরীক্ষাকালে চমকিয়া উঠে, পূর্ব্ব-স্মৃতি তাহার মনে পড়ে, কি সর্ব্বনাশ করিয়া ফেলিয়াছি বুঝিতে পারে। তখন সে কাঁদিয়া ভাসায়। পরীক্ষকের পদযুগল ধরিয়া কৃপাভিখারী হয়। তাঁহার নিষ্কপট আর্ত্তি দেখিয়া মহাধনী পরীক্ষক আচার্য্য তাঁহাকে কৃপা করিয়া সম্বল দিয়া পার করিয়া থাকেন। আধ্যক্ষিকগণ দাম্ভিক। তাঁহাদের হৃদয় অপরাধ-কঠিন। তাঁহারা ধরা পড়িলেও নিজে সম্বলহীন এটী বিশ্বাস করে না। কাজেই শ্রীগুরুদেবকেও

সন্দেহ করিতে থাকে, তাঁহাকে অবিশ্বাস করে। তাঁহার উদ্দেশে তর্জ্জন গর্জ্জন করিবার স্পর্দ্ধা প্রকাশ করে। সুতরাং তাহাদের গতি অধঃ—অধঃ হইয়া যায়। তখন তাহারা আর শ্রীগুরুদেবের দ্বার না ধরিয়া—স্বেচ্ছাচারিতার পথে চলিবার জন্য দল পাকায়, কখনও বা নির্জ্জন-ভজনানন্দী সাজিয়া নরকের পথেই চলে। স্বেচ্ছাচারিতাকেই তখন তাহারা কৃষ্ণভজন বলিয়া চালাইতে থাকে। নিজকার্য্যের অতিশোচ্য ফল দেখিয়াও তাহারা নিজ নিজ ভজন করিতে চাহে না। নিষ্কপটতা বা নিরভিমানতা তাহাদের নাই। তাহারা চোররূপে ধরা পড়িয়াও ইহা স্বীকার করিতে চাহে না, নিজের বোঝা অপরের ঘাড়ে চাপাইতে চেষ্টা করে। চোর বলে—'ঐ চোর'।

শ্রৌতপথিগণ নির্ভীক, নিশ্চিন্ত। তাঁহারা জানেন, সত্য উজ্জ্বল হইতেও উজ্জ্বলতররূপে প্রকাশিত হয়। তাঁহারা পরীক্ষায় সুদৃঢ়নিষ্ঠ হইয়া থাকেন। যত পরীক্ষা উপস্থিত হয়, ততই তাঁহাদের পথ পরিষ্কার হইতে থাকে, ততই দৃঢ় আশাবন্ধ হৃদয়ে জাগিতে থাকে—ততই শ্রৌতসিদ্ধান্তের অমৃত প্রস্রবণ উথলিয়া উঠে। নিতাইপাদপদ্ম তাঁহারা ততই দৃঢ় করিয়া আঁকড়াইয়া ধরেন। আধ্যক্ষিকগণ কিন্তু ক্রমেই চক্ষে ধোঁয়া দেখে। ক্রমেই তাহারা সংশয়াবিষ্ট হয়। ক্রমেই তাহাদের পথ কণ্টকাকীর্ণ হইয়া আসে। চক্ষুর সম্মুখে তাহাদের শেষ আলোটুকুও নিভিয়া যায়। অবশেষে তাহারা নিতাই-পাদপদ্ম ছাড়িয়া দিয়া হয় জড়বিলাসী না হয় নির্ব্বিশেষবাদী হইয়া পড়ে। রে মন! তোমার চরণ ধরিয়া বলি—যদি এখনও বাঁচিতে চাও, তবে শ্রৌতপন্থী হও। আধ্যক্ষিকের পদলেহন করিও না। দেখিবে শ্রীগুরুদেব তোমার হৃদয়ে যে উজ্জ্বল কৃপালোক বর্ষণ করিতেছেন, সেই অপূর্ব্ব আলোকে তাঁহারই (গুরুদেবেরই) বাস্তব স্বরূপ কত সুন্দরভাবে মধুরভাবে উজ্জ্বলভাবে ফুটিয়া উঠিতেছে। তখনই বুঝিবে শ্রীগুরুদেব মর্ত্ত্যজীব নহেন। তিনি সর্ব্বতোভাবে অপ্রাকৃত এবং প্রকাশ আশ্রয়বিগ্রহ, জড়ের কোনও হেয়তা অবরতা তাঁহাতে নাই, থাকিতে পারে না। তিনি বলদেব। কৃষ্ণচন্দ্র তাঁহারই প্রেমে নিত্যবশীকৃত।

শক্তি ও শক্তিমান্

———:::———

শক্তি ভোগ্য, শক্তিমান্ ভোক্তা। শক্তিমানেরই শক্তি। শক্তি শক্তিমান্ হইতে স্বতন্ত্র নহেন। শক্তির সহিত শক্তিমানের অবিচ্ছেদ্য সম্বন্ধ। শক্তি অধীন, শক্তিমান্ স্বাধীন। শক্তি ব্যতীত শক্তিমানের পরিচয় পাওয়া যায় না। শক্তির ইচ্ছা কৃষ্ণাধীনা। তাঁহার স্বাধীন ইচ্ছা বা শক্তি নাই। শক্তিমান্ কৃষ্ণ সমস্ত শক্তির অধীশ্বর। কৃষ্ণ পুরুষ, আর সমস্তই প্রকৃতি।

আমরা চিৎশক্তি, জীবশক্তি ও মায়াশক্তির কথা শুনিতে পাই। ইহা স্বরূপশক্তির প্রভাব। স্বরূপশক্তি সাক্ষাৎ কৃষ্ণেই। স্বরূপশক্তি পূর্ণশক্তি, আর জীবশক্তি অপূর্ণশক্তি। জড়জগৎ মায়াশক্তির কার্য্য, জীবসমূহ জীবশক্তির কার্য্য, আর চিজ্জগৎ চিৎশক্তির কার্য্য। শক্তিকে লইয়াই শক্তিমানের বিলাস। শক্তি—সেবক, শক্তিমান্ সেব্য। জীবশক্তি স্বরূপশক্তির অণুশক্তি। সন্ধিনী, সম্বিৎ ও হ্লাদিনী—ইঁহারা স্বরূপশক্তির বৃত্তিবিশেষ। এই তিন বৃত্তি জীবশক্তিতেও অণুপরিমাণে আছে। হ্লাদিনী বৃত্তি জীবের ব্রহ্মানন্দরূপে, সম্বিদ্-বৃত্তি জীবের ব্রহ্মজ্ঞান-স্বরূপে আছে, আর সন্ধিনীবৃত্তি জীবের অণুচৈতন্যাকারে প্রকাশিত। হ্লাদিনী-বৃত্তি মায়াতে জড়ানন্দ, সম্বিদ্বৃত্তি জড়বিষয়ক জ্ঞান ও সন্ধিনীবৃত্তি হইতে চতুর্দ্দশ ব্রহ্মাণ্ড ও জীবের জড়শরীর।

জীব দ্বিবিধ। বলদেব-প্রকটিত জীব গোলোক-বৃন্দাবনে এবং সংকর্ষণ-প্রকটিত জীবগণ বৈকুণ্ঠে থাকেন। তাঁহারা ভগবানের নিত্যপার্ষদ। তাঁহারা সংখ্যায় অনন্ত। জীবশক্তিতে চিচ্ছক্তির বল লাভ করিয়া তাঁহারা সর্ব্বদা বলবান্। মায়ার সহিত তাঁহাদের কোন সম্পর্ক নাই। মায়া আছেন, তাহাও তাঁহারা জানেন না। তাঁহারা তটস্থ জীব নহেন। তাঁহারা নিত্য বৈকুণ্ঠবাসী। সেবাই তাঁহাদের জীবাতু। কারণোদশায়ি-প্রকটিত জীবগণ তটস্থ। তাঁহারা অত্যন্ত দুর্ব্বল। অণুস্বরূপে তাঁহারা সর্ব্বদা তটস্থভাবে চিজ্জগতের দিকে এবং মায়া জগতের দিকে দৃষ্টিপাত করিতে থাকেন। এই সব জীবের মধ্যে যাঁহারা স্বতন্ত্রতার অপব্যবহার করেন তাঁহারা মায়াবদ্ধ, আর যাঁহারা স্বতন্ত্রতার সদ্ব্যবহার করিয়া ভগবদনুশীলন করেন, তাঁহারা ভগবৎসেবা করিয়া মুক্ত হন। যাঁহারা মায়াবদ্ধ হইলেন তাঁহারাও সাধুসঙ্গে অভক্তির হইয়া সাধুকৃপায় হরিসেবা-সৌভাগ্য লাভ করেন। তাঁহাদিগকে সাধনসিদ্ধ বা বদ্ধমুক্ত বলে।

শক্তি ও শক্তিমান্ পরস্পর সেব্য-সেবক-সম্বন্ধবিশিষ্ট। এই সম্বন্ধ নিত্য। শক্তিমান্ একজন, আর শক্তি অনন্ত। 'একলা ঈশ্বর কৃষ্ণ, আর সব ভৃত্য। যারে যৈছে নাচায় সে তৈছে করে নৃত্য॥' যাঁহার শক্তি, সেই শক্তিমানের সেবা ছাড়া শক্তির আর কি কার্য্য থাকিতে পারে? অণুশক্তি বা অপূর্ণ শক্তি জীবগণ পূর্ণশক্তি বা স্বরূপশক্তির আনুগত্যে নিত্যকাল ভগবানের সেবা করিয়া থাকে। শ্রীগুরুদেব স্বরূপশক্তি। সুতরাং অণুশক্তি আমাদের গুর্ব্বানুগত হওয়া ছাড়া শক্তিমানের সন্তোষের আর উপায় নাই। শক্তি ভোক্তা নহে। সে নিজেই ভোগ্য। কিন্তু জীব যখন দুর্ভাগ্যবশতঃ নিজেকে ভোক্তা মনে করে, তখনই তাহার অপরাধ ও বিপদ্ হয়। এক শক্তি আর এক শক্তিকে কি করিয়া ভোগ করিবে? সেইজন্য শক্তিগণ পরস্পর পরস্পরকে গুরু বুদ্ধি করে। সকলেই একের সুখের জন্য—শক্তিমানের সেবার জন্য ব্যস্ত থাকে। ইহাতেই তাহাদের আনন্দ।

গৌড়ীয়বাণী

——::(॰)::——

আসুরগণের অপর নাম—দুর্জ্জন; দৈবগণের অপর নাম—সুজন। নির্ম্মৎসর-সুজনের প্রতি অহয়া মৎসর-দুর্জ্জনের স্বাভাবিকী প্রবৃত্তি; আর দুর্জ্জনের মঙ্গলচিন্তা পরম-করুণাময় সুজনের স্বাভাবিকী প্রবৃত্তি।

সত্যযুগে দুর্জ্জন-হিরণ্যকশিপু ও তৎসমশীল অসুরগণ সুজনবর শ্রীপ্রহ্লাদের প্রতি অহয়া প্রদর্শন করিয়াছিল। প্রহ্লাদ কখনও দুর্জ্জনগণের ইষ্টচিন্তা ব্যতীত অনিষ্টচিন্তা করেন নাই, তথাপি দুর্জ্জনগণ তাহাদের স্বাভাবিকপ্রবৃত্তি-বশে "গায়ে পড়িয়া" সুজন-প্রহ্লাদের প্রতি নানাভাবে বিদ্বেষ না করিয়া থাকিতে পারে নাই। ত্রেতাযুগে দুর্জ্জন-রাবণ শ্রীরামচন্দ্রের প্রতি, দ্বাপরে দুর্জ্জন কংস-জরাসন্ধ-শিশুপাল-দন্তবক্রাদি শ্রীকৃষ্ণের প্রতি নানাপ্রকার অহয়া প্রদর্শনার্থ ভগবদিচ্ছায়ই আবির্ভূত হইয়াছিল। নতুবা যে ভগবানের ইচ্ছামাত্র সমস্ত বিশ্ব মুহূর্ত্তে প্রলয়পয়োধিজলে নিমজ্জিত হইতে পারে, যাঁহার একটীমাত্র ভ্রূভঙ্গিবিস্তারে ব্রহ্ম-রুদ্রাদি দেবতাগণও ভয়ে কম্পিত হন, সেই ভগবান্ কিরূপেই বা ব্রহ্মাদি-দৃষ্ট ও-ব্রহ্মমাদি হইতে প্রাপ্তবর অসুরগণকে তাঁহার সহিত বিরোধ বা দ্বন্দ্ব করিবার অবসর প্রদান করেন? অতএব শ্রীভগবান্ ঐরূপ লীলাবিস্তার দ্বারা আমাদিগকে শিক্ষা দেন যে, দুর্জ্জন চিরকালই সুজনের হিংসা করিয়া থাকে। আরও একটী শিক্ষণীয় বিষয় এই যে, দুর্জ্জনগণ আপাতদৃষ্টিতে সুজনগণের ন্যায়ই তপস্যাদি-পরায়ণ, দেবতাভক্ত প্রভৃতিরূপে দৃষ্ট হইয়া থাকে। তাহাতে সাধারণ লোক মনে করে যে, এই সকল ব্যক্তিও যখন তপস্যাদিপরায়ণ বা দেবতারাধনা-তৎপর, তখন ইহারা 'দুর্জ্জন' নহে। এইরূপে সাধারণ ব্যক্তি দুর্জ্জনগণ কর্ত্তৃক বঞ্চিত হইয়া প্রকৃত সজ্জনে সন্দেহবিশিষ্ট হন এবং দুর্জ্জনের কথায়ই বিশ্বাস স্থাপন করেন; সজ্জনের পক্ষ গ্রহণ না করিয়া 'দুর্জ্জন'কেই 'সজ্জন' মনে করিয়া তাহাদের প্রতি আসক্ত হন। ভগবদ্বহির্ম্মুখ জীবের বঞ্চিত হইবার সহস্র-প্রকার ছিদ্রের মধ্যে এইরূপ একটী ছিদ্র আছে জানিয়া মায়াদেবীও সেই সুযোগ পাইয়া তাহাদিগকে বঞ্চনা করে অর্থাৎ সুরগণের পক্ষাবলম্বন করিতে না দিয়া অসুরের পক্ষাবলম্বন করিবার বুদ্ধিপ্রদানে সাধারণ জীবকে ভগবান্ ও ভগবদ্ভক্ত হইতে দূরে রাখে। উদাহরণ-স্বরূপ বলা যাইতে পারে, যেমন সত্যযুগে হিরণ্যকশিপু বিষ্ণুবিদ্বেষ করিবার জন্য সহস্র_সাধ্য তপস্যাসহকারে ব্রহ্মার উপাসনা করিয়াছিল, ত্রেতায় রাবণ সজ্জন-বিরোধ করিবার জন্য শিবচতুর্দ্দশীতে ধূর্জ্জটির আরাধনা করিয়াছিল।

সুতরাং ইহাদের এই সকল কলাবলী দেখিয়া সাধারণ লোক সহজেই উহাদিগকেও 'ভক্ত', 'সজ্জন' প্রভৃতি মনে করিয়া বঞ্চিত হইতে পারে; কিন্তু যাঁহারা কৃষ্ণোন্মুখ, তাঁহারা মায়া কোন্ কোন্ স্থানে, কি কি প্রকারে জীবকুলকে বঞ্চনা করিতে পারে, তাহা চৈত্যগুরুর কৃপায় বুঝিতে পারেন। সুতরাং তাঁহারা ঐ সকল ব্যক্তিগণের কপটতাকে 'ভক্তি' বা 'সুজনতা' মনে করেন না; কারণ তাঁহারা দুষ্টগণের স্বভাব জানেন।

শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী

পরমার্থ-সম্পুটের রত্নরাজি

ভিক্ষা :— ১ম খণ্ড ৫০; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড ৫০; ৪র্থ খণ্ড —৫০ আনা।

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ
শ্রীধাম-মায়াপুর,
নদীয়া

শুদ্ধভক্তি-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠ শ্রীমায়াপুর

প্রাচীন নবদ্বীপ, অধুনা শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীযোগপীঠ-ভবনে শ্রীচৈতন্যমঠ, পরবিদ্যা-পীঠ, শ্রীশ্রীরাধাকৃষ্ণ-শ্রীগৌর-গোপাল আচার্য্য চতুষ্টয় বিরাজ করেন। সুপ্রাচীন গ্রন্থ-প্রাপ্তিপ্রচারকল্পে 'নদীয়া-প্রকাশ' প্রকাশ আছে।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৫
কলিকাতায় শ্রীভক্তিবিনোদ-আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, কীর্ত্তন, মহাপ্রভুর-বেদান্ত-শ্রীমদ্ভাগবতাদি গ্রন্থের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও হারমনিষ্ট পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়।

(৩) যোগপীঠ-মায়াপুর-শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব ভূমি মহাযোগপীঠ।

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং [illegible] বর্ত্তমান।

(৬) মুরারিগুপ্তের পাট

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৭) কাজি-সমাধি-পাট

সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি।

(৮) [illegible] শ্রীধাম মায়াপুর

(৯) স্বানন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা।

(১১) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ মামগাছি (বর্দ্ধমান)

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মামগাছি, পোঃ জাননগর, (বর্দ্ধমান)
শ্রীব্যাসাবতার ঠাকুর বৃন্দাবনের স্থান

(১৩) ঋতুদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(১৪) জহ্নুদ্বীপ-গৌড়ীয়মঠাশ্রম

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ

গৌড়পুর, নদীয়া

(১৬) শ্রীনবদ্বীপ গৌড়ীয় মঠ

রাউতারা—(শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৭) কুলিয়ার [illegible]

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

(২০) মহেশ-পণ্ডিতের পাট

কাঁচালপলি, পোঃ চাকদা (নদীয়া)

(২১) রাণাঘাট-গৌড়ীয়মঠাশ্রম

(২২) পুরী গৌড়ীয়মঠ

চব্বিশ পরগণা

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ

বারিধা পোঃ ওয়ারি, ঢাকা।
পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র।

(২৪) গোপালজীউমঠ

কমলাপুর, পোঃ ঢাকা

(২৫) গদাই-গৌরাঙ্গ মঠ

পোঃ বালিয়াটি, (ঢাকা)

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

বড়বাজার, পোঃ ময়মনসিংহ

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চক্‌চকা, কামরূপ (আসাম)

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

ওক্ পাসার বিল্ডিং, দার্জ্জিলিং

(৩০) সারস্বত-গৌড়ীয়মঠ

পোঃ হরিদ্বার, জেঃ সাহারাণপুর, ইউ, পি

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

মিঠাপুর পাটনা।

(৩২) গয়া গৌড়ীয়মঠ

স্বদল রোড, গয়া

(৩৩) সনাতন-গৌড়ীয় মঠ

৮।১১ বড় গণেশগিং, বেনারস সিটি

(৩৪) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

(৩৫) সবতরঙ্গ মঠ,

পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠাশ্রম

বিশ্রামঘাট, পোঃ মথুরা

(৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণসহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ

কিশোরপুর, বৃন্দাবন

(৩৯) একায়ন-কৃষ্ণকুঞ্জ

পোঃ রাধাকুণ্ড। মথুরা

(৪০) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪১) রাধাকুণ্ড গোর্দ্ধবাটি

(৪২) শ্রীগোবর্দ্ধনমঠাশ্রম

গোবর্দ্ধন, মথুরা

(৪৩) নন্দের বিহারী মঠ

নন্দ, মথুরা।

(৪৪) নন্দগ্রাম গৌড়ীয়মঠাশ্রম

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৫) বর্ষাণা গৌড়ীয়মঠাশ্রম

পোঃ বর্ষাণা, মথুরা

(৪৬) গোর্দ্ধবিহারী মঠ—[illegible],

পোঃ [illegible], জেলা [illegible] (পাঞ্জাব।

(৪৭) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

(৪৮) দিল্লী গৌড়ীয় মঠ

৪৫নং [illegible] রোড, নিউ দিল্লী;

(৪৯) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, [illegible]
[illegible] রোডের ৭

(৫০) আলালনাথ-গৌড়ীয়মঠ

পোঃ ব্রহ্মগিরি, মাদ্রাজ
শ্রী[illegible] সেবা

(৫১) [illegible] গৌড়ীয়মঠ

পোঃ [illegible] (মাদ্রাজ)
শ্রী[illegible] সেবা

(৫২) [illegible] গৌড়ীয়মঠ

[illegible], পোঃ [illegible]। (পুরী)

(৫৩) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত পোঃ পুরী, উড়িষ্যা

(৫৪) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৫) [illegible] কুটী

(৫৬) [illegible]-গৌড়ীয়মঠ

পোঃ [illegible], পুরী

(৫৭) [illegible] মঠ

[illegible], পোঃ [illegible] (উড়িষ্যা)

(৫৮) বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ

(৫৯) শ্রী[illegible]গৌড়ীয়-[illegible]

পোঃ [illegible], মাদ্রাজ

(৬০) [illegible] মঠ

চিরুলিয়া, পোঃ [illegible], মেদিনীপুর

(৬১) [illegible] গৌড়ীয়মঠ

পোঃ [illegible], মেদিনীপুর

(৬২) [illegible] মঠ

পোঃ [illegible] (বর্দ্ধমান)

(৬৩) চৈতন্যগৌড়ীয়মঠ

[illegible], পোঃ [illegible]। (মানভূম)

(৬৪) রেঙ্গুণ গৌড়ীয়মঠ,

৩০১ নং [illegible] ষ্ট্রীট, রেঙ্গুণ।

(৬৫) লণ্ডন-গৌড়ীয়মঠ

ফ্ল্যাট নং ২
৫১, [illegible]
[illegible], লণ্ডন, ই ৫

(৬৬) গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

১৩।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা

(৬৭) গৌড়ীয়মঠ অফিস

[illegible] রোড, [illegible] (ইউ-পি)

(৬৮) শ্রীবিদ্যানিধি গৌড়ীয়মঠাশ্রম

রমনকানন, চট্টগ্রাম

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্ হইতে শ্রীবনীগোপাল-বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীমহানন্দ ব্রহ্মচারী ভক্ত্যালোক, ভক্তিশাস্ত্রী কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

—::(০):—

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায়		বিজ্ঞাপনের পৃষ্ঠায়	
	১ম ও দ্বিতীয় দিনের জন্য	পরবর্তী দিনের জন্য	১ম ও দ্বিতীয় দিনের জন্য	পরবর্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	।০	৶০	৶০	
" ইঞ্চি	২৲		১।০	১৲
সিকিকলম	৫৲	৪০		৩৲
অর্দ্ধকলম	৮৲	৬৲		৫৲
এক কলম	১৪৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্ত চুক্তি হইলে দর

প্রতিবারে প্রতি ইঞ্চি	৩	৪।০
" সিকি কলম	১৩৲	১২৲
" অর্দ্ধকলম	২৪৲	১৮৲
" এক কলম	৩৬৲	৩০৲

চাঁদার হার

বার্ষিক (ডাকমাশুলসহ)		৯৲
ষাণ্মাসিক	"	৫৲
ত্রৈমাসিক	"	২৸০
মাসিক	"	১৲

প্রতি সংখ্যা /৫; বিশেষ সংখ্যার ভিন্ন মূল্য।

শ্রীধাম-মায়াপুরে

—(:০:)—

—"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট"—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে; বিদ্যালয় ও বোর্ডিং এর পারিপাটি বেশ। শিক্ষকগণ সাধু ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে মাত্র ৮৲ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। বর্ত্তমান বর্ষে ১৬ জন বালকের মধ্যে ১৫ জন ভালভাবে উত্তীর্ণ হইয়াছে।

মেধাবী ছাত্রগণের আরও সুবিধা

পরীক্ষায় যাহারা শতে শতকরা ৭৫ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ সচ্চরিত্র বিনয়ী ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট,
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক-সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা বিস্তৃতভাবে আলোচিত হইয়াছে। এই এক অপূর্ব্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

চৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত্র অতিসুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত ইহার ভিক্ষা মাত্র ৩৲ টাকা। প্রাপ্তিস্থান শ্রীযুক্ত নন্দকিশোর ভক্তিশাস্ত্রী, শ্রীযোগপীঠ, শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীসরস্বতী-সংলাপ

প্রথম খণ্ড

শ্রীশ্রীব্রহ্মমাধ্ব গৌড়ীয়সম্প্রদায়ৈকসংরক্ষক জগদ্গুরু পরমহংসকুলচূড়ামণি নিত্যলীলা-প্রবিষ্ট ১০৮শ্রী শ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামি-প্রভুপাদ বিভিন্ন জিজ্ঞাসু ও তত্ত্বানুসন্ধিৎসুগণের পরিপ্রশ্নোত্তরে ও সন্দেহ-নিরাকরণকল্পে যে-সকল শুদ্ধভক্তিসিদ্ধান্তবাণী কীর্ত্তন করিয়াছেন, যাহা তাঁহার প্রকটকালেই 'গৌড়ীয়' সম্পাদক শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ প্রভুপাদেরই শ্রীহস্তে সংশোধিত করাইয়া রাখিয়াছিলেন এবং যাহার কিয়দংশ গৌড়ীয়পত্রে প্রকাশিত হইয়াছে, তাহা "শ্রীশ্রীসরস্বতী-সংলাপ" নাম দিয়া শ্রীল প্রভুপাদের 'বক্তৃতাবলী' ও 'পত্রাবলী' আকারে খণ্ডে খণ্ডে প্রকাশিত হইতেছেন। সম্প্রতি শ্রীল প্রভুপাদের প্রথমবার্ষিক বিরহতিথিপূজা-বাসরে এই গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছেন। মানবজীবনের বহু জটিল সমস্যা ও কঠিন প্রশ্নের সমাধান ইহাতে পাওয়া যাইবে। ভক্তগণের পবিত্রগৃহেই এই গ্রন্থ সংগ্রহ একান্ত প্রয়োজন।

শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী

—::(০)::—

শ্রীল প্রভুপাদের চতুঃষষ্টিবর্ষপূর্ত্ত্যাবির্ভাব-তিথিতে শ্রীল আচার্য্যদেবের অভীপ্সানুসারে "শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী" প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। ইহাতে পূর্ব্বার্দ্ধ ও উত্তরার্দ্ধ দুইটি বিভাগ আছে। পূর্ব্বার্দ্ধে শ্রীল প্রভুপাদের আদি-প্রবন্ধাবলী শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের সম্পাদিত 'সজ্জনতোষণী,' শ্রীল প্রভুপাদের 'নিবেদন' সাপ্তাহিক প্রভৃতি হইতে যথাযথ ও প্রয়োজনীয় অর্থের টীকা-সহ প্রকাশিত হইয়াছে। উত্তরার্দ্ধে শ্রীল প্রভুপাদের সম্পাদিত 'সজ্জনতোষণী'র কতিপয় প্রবন্ধ যথাযথ প্রকৃতির সহিত মুদ্রিত হইয়াছে। প্রবন্ধগুলি রচনাকালের ক্রমানুসারে গ্রথিত হইয়াছে; এতদ্ব্যতীত শ্রীল আচার্য্যদেবের একটি মূল্যবান্ উপোদ্ঘাত ও সঙ্কলনকারীর একটি বিস্তৃত ভূমিকা, শব্দ-সূচী, বিষয়-পাদ-শ্লোক ও পয়ার-সূচী প্রভৃতি গ্রন্থে সংযোজিত হইয়াছে। গ্রন্থটী উৎকৃষ্ট কাগজে পারিপাট্যের সহিত মুদ্রিত ও শ্রীল প্রভুপাদের আলেখ্যাদিদ্বারা ভূষিত ও সুন্দর বাঁধাই করা প্রকাশিত হইয়াছে। প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, জিলা নদীয়া; গৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ও শ্রীমদ্‌গৌড়ীয়মঠ, রমনা, পোঃ ঢাকা, ঢাকা।

—— ——

শ্রীল প্রভুপাদের পদ্যপ্রসূনমালা

এই গ্রন্থে ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তি-সিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের রচিত পদ্যাবলী শ্রীল আচার্য্যদেবের বিরচিত "সৌরভ" নামক ভাষ্যের সহিত প্রকাশিত হইয়াছে। শ্রীল প্রভুপাদের অনেক অপ্রকাশিত পদ্য ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ।০ আট আনা।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্শ কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপদেশক পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিশাস্ত্রী শ্রীমদ্ভাগবত-বৈষ্ণবাচার্য্য এম-এ মহোদয়ের গৌরগবেষণা এবং পরিপক্ক লেখনীর অদ্ভুত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত্র-পাঠে ধন্য হউন। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিভিন্ন চিত্র-সমন্বিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৩৩ অধ্যায়ে প্রায় ৭০০ পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্ত্তার ভূমিকাদ্বয় (Prefaces), বিষয়-তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র-(Index Glossary) সহ গ্রন্থখানি প্রকাশিত। ভিক্ষা—১৫, পনর টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, রায়পেটা মাদ্রাজ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

'ঠাকুর ভক্তিবিনোদ'

———::(০):———

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি প্রচারের জন্য মহাজন সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অতিমর্ত্ত্য জীবনচরিত এতাবৎকাল পর্য্যন্ত গ্রন্থাকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয়মঠাচার্য্যবরের অন্যতম শিষ্য পরবিদ্যাসাহিত্যিক সু-লেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু গ্রন্থাদির নির্ঘণ্টাদিও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১২৫ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৷৵০ আনা; ডাক মাশুল স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান—ম্যানেজার গ্রন্থবিভাগ
শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

-:(০):-

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিভিন্ন ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হার্মনিষ্ট" ও বহু গ্রন্থও এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১৩।২নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্

উহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়াভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

[illegible] পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাট্‌তি অত্যন্ত অধিক। লিভার প্লীহা সংযুক্ত কালাজ্বর এবং নূতন ও পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। মূল্য ছোট বোতল ॥৵০ দশ আনা, বড় বোতল ১৷৵০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা
অথবা
পোঃ খেজ্জালা, ২৪ পরগণা।

ই. বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	৫-৩৬	৬-২৬	৭-০৬	১২-২৬	১৪-৫৬	১৬-৫৬	১৭-৫৬	২২-২৬
রাণাঘাট পৌঃ			৮-২৮	১৪-১৫				
(বদল) ছাঃ			৯-৩৩	১৪-৫০				
কৃষ্ণনগর পৌঃ	৭-১	৮-৪৫	১০-৮	১৫-২৩	১৭-২৮	১৯-০৮	২০-১৩	১-১২
(বদল) ছাঃ	৭-১২		১০-৩১		১৭-৩৮		২০-২৬	
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫১		১১-১০		১৮-১৩		২১-৪	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
রাণাঘাট পৌঃ	১২-৫৫
ছাঃ	১৩-০
শান্তিপুর পৌঃ	১৩-২৬
(বদল) ছাঃ	১৩-৩১ (ন্যারো গেজের)
কৃষ্ণনগর পৌঃ	১৪-১২
ছাঃ	১৪-৩০
নবদ্বীপঘাট পৌঃ	১৫-১০

ডাউন

নবদ্বীপঘাট ছাঃ ৫ ৪৫ ৯-১০ ১৩-৩১ ১৬-০ ১৮-৩১
কৃষ্ণনগর পৌঃ ৬ ২৩ ৯-১৬ ৯-৪৮ ১১-৪১ ১৪-১০ ১৬-৩৮ ১৯-১১ ২১-১০
ছাঃ ৬-৩৬ ৭-১৮ ১০-১১ ১৬-৫৬ ১৯-২৫
রাণাঘাট পৌঃ ১০-৪৬ ১৭-৩০
(বদল) ছাঃ ১১-১ ১৭-৪০
কলিকাতা পৌঃ ৮-১৬ ৯-২১ ১১-৫১ ১২-১৬ ১৪-১৬ ১৯-১১ ২১-৪১ ২৩-৩৭

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ ১৩-৩১ ১৬-০
কৃষ্ণনগর পৌঃ ১৪-১০ ১৬-৩৮
ছাঃ ১৫-২৮ ১৭-৩৩
শান্তিপুর পৌঃ ১৬-৯ ১৮-১৪
(বদল) ছাঃ ১৬-৩৩ ১৮-২৫ (শনিবার ভিন্ন) ২০-৪০ (শনিবার)
রাণাঘাট পৌঃ ১৭-১০ ১৮-৫০ ২১-১৫
(বদল) ছাঃ ১৭-৪৩ ১৯-১৪ ২১-৫০
কলিকাতা পৌঃ ১৯-১১ ২০-৪০ ২৩-৩৭

পোঃ—শ্রীমায়াপুর.
টেলিগ্রাফ—'শ্রীধাম
শ্রীমায়াপুর'

NO C 1348

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

.৪র্থ খণ্ড] শ্রীমায়াপুর— ২২শে আষাঢ় ১৩৪৬, ৭ই জুলাই, ১৯৩৯, শুক্রবার । ১১০শ সংখ্যা

বিবিধ সংবাদ

কামরূপ জেলায় প্রবল বন্যা

ব্রহ্মপুত্রের উপনদী পাগলদিয়া, বড়াদিয়া পুটীমারিতে অকস্মাৎ জলোচ্ছ্বাস হওয়ায় কামরূপ জিলার নলবাড়ী ও রঙ্গিয়া সার্কেলে প্রবল বন্যা হইয়াছে। আউস ধানের ফসল এবং আমন ধানের চারা সম্পূর্ণ নষ্ট হইয়া গিয়াছে। গত শনিবার হইতে আসামগামী কলিকাতা মেল আসিতেছে না; গত ৩রা জুলাই চাঁদপুর হইয়া উহার আসিবার সম্ভাবনা আছে। আসাম হইতে কলিকাতাগামী ট্রেনসমূহ রঙ্গিয়া জংসনের পর আর অগ্রসর হইতেছে না। আপাততঃ আসাম ভারতের অবশিষ্ট অংশ হইতে বিচ্ছিন্ন হইয়াছে। গত বৎসরও ঐ নদীর উপরস্থ সেতু ভগ্ন হওয়ায় এইরূপ অবস্থা হইয়াছিল। ইহাতে জনসাধারণের দারুণ অসুবিধা ঘটিয়াছে। আসামে কোন দৈনিক সংবাদপত্র পাওয়া যাইতেছে না। আলিপুর হইতে এক বরযাত্রী দল গৌহাটি পৌঁছিতে না পারায় বিবাহ হইতে পারে নাই।

বোম্বাইয়ে নিখিল ভারত রাষ্ট্রীয় সমিতির এবং প্রধান মন্ত্রী সম্মেলনের অধিবেশনের পর প্রধানমন্ত্রী শ্রীযুত গোপীনাথ বরদলৈ গত শনিবার গৌহাটী প্রত্যাবর্ত্তনের কথা ছিল; কিন্তু তিনি এখন পর্য্যন্ত পৌঁছেন নাই।

বিভাগীয় কমিশনার আসামের আরও অনেক স্থানে বন্যা হইয়াছে বলিয়া সংবাদ পাইয়াছেন। আকাশ এখনও মেঘাচ্ছন্ন। আরও বৃষ্টি হওয়ার সম্ভাবনা।

ব্রিটেন, ফ্রান্স ও পোল্যাণ্ডের মধ্যে ঘনিষ্ঠ যোগাযোগ

গত ৩রা জুলাই ডানজিগ সম্পর্কে একটি বিবৃতি দিতে গিয়া প্রধান মন্ত্রী মিঃ নেভিল চেম্বারলেন বলেন যে, বিশ্বস্তসূত্রে প্রাপ্ত সংবাদ হইতে জানা যায় যে, ডানজিগ নগরে ব্যাপক সামরিক ব্যবস্থা অবলম্বিত হইতেছে। অধুনা বহু জার্ম্মাণ ডানজিগে পৌঁছিয়াছে। আপাতদৃষ্টিতে ইহারা দেশ-ভ্রমণ উদ্দেশ্যেই আসিয়াছে বলিয়া প্রতীয়মান হইয়াছে। হের হার বাহিনী নামে স্থানীয় দেশরক্ষী সৈন্যদল গঠিত হইয়াছে। জার্ম্মাণ গবর্ণমেণ্ট পোলিশ সরকারের নিকট এক নোটিশ দিয়া জানাইয়াছেন যে, ২৫শে আগষ্ট হইতে ২৮শে আগষ্টের মধ্যে জার্ম্মাণ রণতরী কনিংসবার্গ হইতে ডানজিগে আসিবে। উত্তরে পোলিশ গবর্ণমেণ্ট জানাইয়াছেন যে, ইহাতে ডানজিগ সেনেটের কোন আপত্তির কারণ থাকিতে পারে না। ব্রিটিশ গবর্ণমেণ্ট ডানজিগের পরিস্থিতি সম্পর্কে পোলিশ ও ফরাসী সরকারের সহিত ঘনিষ্ঠ যোগাযোগ রক্ষা করিয়া চলিতেছেন।

পোল্যাণ্ডের অধিবাসীরা এরূপ সঙ্কট-জনক মুহূর্ত্তে যেরূপ, সাহস, সংযম ও ধৈর্য্যের পরিচয় দিয়াছে তজ্জন্য ব্রিটিশ গবর্ণমেণ্ট পোল্যাণ্ডকে অভিনন্দন জ্ঞাপন করিবেন কিনা মিঃ ডাল্টনের এই প্রশ্নের উত্তরে মিঃ চেম্বারলেন বলেন যে, ব্রিটিশ গবর্ণমেণ্টের পোলিশ গবর্ণমেণ্টের উক্ত প্রকার মনোভাবের উচ্চ প্রশংসা করিয়াছেন।

ডানজিগকে সুরক্ষিত করার জন্য যে ব্যবস্থা অবলম্বিত হইতেছে তদ্বারা ডানজিগ সম্পর্কিত বিধান ভঙ্গ করা হইয়াছে কিনা মিঃ নোয়েল বেকারের এই প্রশ্নের উত্তরে মিঃ চেম্বারলেন বলেন যে, তিনি ইহার উত্তর দিবার জন্য সময় চাহেন।

সিন্ধুপ্রদেশের ভারত ত্যাগী শ্রমিকবৃন্দ

সিন্ধুর প্রোটেক্টর অব এমিগ্রাণ্টসের সর্ব্বশেষ বাৎসরিক বিবরণ হইতে জানা যায় যে ১৯৩৮ সালে সর্ব্বসমেত ৭১০জন দক্ষ শ্রমিক সিন্ধু হইতে ভারতের বাহিরে চলিয়া গিয়াছে; ইহারা প্রায় সকলেই বৃটিশ ভারতীয় বাণিজ্য প্রতিষ্ঠানগুলি, আমেরিকান অয়েল কোম্পানী ও ইরাণীয়ান ষ্টেট রেলওয়ে কর্ত্তৃক কর্ম্মে নিযুক্ত হইয়া ভারত ত্যাগ করিয়াছে। পূর্ব্ব বৎসর ইহাদের সংখ্যা ছিল ৪৩৭জন। ইহাদের গন্তব্যস্থানে সাধারণতঃ জাপান, চীন, ইরাণ, বেহরিণ, আফ্রিকা, পানামা, ইউরোপ, ষ্ট্রেট সেটেলমেণ্ট, ইন্দোচীন ও জাঞ্জিবার।

করাচী হইতে এই সময়ের মধ্যে কোন অদক্ষ শ্রমিক বাহিরে যায় নাই।

শ্রমিক সংক্রান্ত কতিপয় সিন্ধী ব্যবসাদার এবং বেহরিণ পেট্রোলিয়াম কোম্পানী ইহাদের সংগ্রহ করিয়াছে এবং ইহাদের বেশীরভাগ সিন্ধু ও পাঞ্জাবের সমুদ্র ও নদী-তটভূমির পার্শ্ববর্ত্তী স্থানসমূহের অধিবাসী। ১৭ বৎসরের কম বয়স্ক কেহ যাহাতে সঙ্গোপনে ভারত ত্যাগ করিতে না পারে প্রোটেক্টর তাহা নজর রাখেন।

১৯৩৮ সালে ৪০জন দক্ষ ভারতীয় শ্রমিক ভারতবর্ষে ফিরিবার জন্য করাচী বন্দরে নামিয়াছে।

বিদেশগামী ও বিদেশাগত ব্যক্তিগণের স্বাস্থ্য মোটামুটি ভালই ছিল।

প্রাপ্ত অভিযোগ সম্পর্কে প্রটেক্টর মন্তব্য করেন যে, অবহেলা ও পারিপার্শ্বিকতা পরিবর্ত্তন সংক্রান্ত অভিযোগই বেশী। চুক্তিপত্রের সমস্ত সর্ত্ত যাহাতে প্রতিপালিত হয়, তাহার জন্য প্রটেক্টর উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করিয়া থাকেন।

কয়েকটি ষ্টেশনে বোমা বিস্ফোরণ

২রা জুলাই প্রাতে লণ্ডন মিডল্যাণ্ড ষ্টটিশ রেলওয়ের লিষ্টার, বার্ম্মিংহাম, ডার্ব্বি, ষ্টাফোর্ড, নটিংহাম, কর্ভেণ্ট্রি এবং লিমিংটন ষ্টেশনে সাতটি বোমা বিস্ফোরণ হওয়ায় ঘড়িঘর এবং মাল-গুদামের ক্ষতি হইয়াছে। দুইজন রেলওয়ে কর্ম্মচারী আহত হইয়াছে এবং বহু মালপত্র নষ্ট হইয়াছে। সামান্য আগুন লাগার সঙ্গে সঙ্গে আগুন নিভান হয়। উহা আইরিশ রিপাব্লিকাণ আর্মির কাজ বলিয়া সন্দেহ করা হইতেছে। রাত্রিতে সুটকেস বা পার্শেলে বোমা রাখিয়া যাওয়া হইয়াছে বলিয়া সন্দেহ করা যাইতেছে।

বাঙ্গালোর সিটি মিউনিসিপ্যালিটি

বাঙ্গালোর সিটি মিউনিসিপ্যাল কাউন্সিল সহরের অপরিচ্ছন্ন বস্তি অঞ্চলে প্রায় ১২০০ বাড়ীতে বিনামূল্যে কেরোসিনের সরবরাহের সিদ্ধান্ত করিয়াছেন বলিয়া জানা গিয়াছে। এতদ্ব্যতীত মিউনিসিপ্যালিটি বহু বাড়ী প্রস্তুত করিবার জন্য এক বিস্তৃত পরিকল্পনা প্রস্তুত করিয়াছেন; প্রত্যেক বাড়ী প্রস্তুত করিতে প্রায় তিনশত টাকা ব্যয় হইবে। ঐ সমস্ত বাড়ীতে ড্রেন, পায়খানা, বৈদ্যুতিক আলো, জলের কল ও অন্যান্য সুবিধা থাকিবে।

ঠাকুরের অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ বাবাজী মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক। প্রতি একাদশীতে প্রকাশিত হয়। কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। সডাক ভিক্ষা ৪।০ টাকা মাত্র।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১।০ টাকা মাত্র।

৩। ভাগবত—হিন্দিভাষায় একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাশয় সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ টাকা মাত্র

৫। শ্রীগৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ মাত্র।

পরমগুরু শ্রীগৌরকিশোর

গৌড়ীয়-সম্পাদক-লিখিত, শ্রীগৌড়ীয়মঠাচার্য্যের ভূমিকা-সম্বলিত, বহুচিত্র-শোভিত ও বিষয় সূচী সম্বলিত "পরমগুরু শ্রীগৌরকিশোর" গ্রন্থরাজ প্রকাশিত হইয়াছেন। এই গ্রন্থরাজে শুদ্ধগৌড়ীয়বৈষ্ণবগণের পরমারাধ্য, গৌড়ীয়গৌরবশিখামণি অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ নিত্যলীলাপ্রবিষ্ট পরমহংস ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল গৌরকিশোরদাস গোস্বামী প্রভুবরের অলৌকিক চরিতকথা বর্ণিত আছে।

শ্রীশ্রীভক্তিবিনোদাবির্ভাব-শতবর্ষপূর্ত্তিতিথিপূজার উপায়ন-গ্রন্থমালা

——::(০)::——

১। গীতিসাহিত্যে শ্রীভক্তিবিনোদ

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র গীতিসাহিত্যের সমালোচনা-গ্রন্থ)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

২। শ্রীভক্তিবিনোদবাণীবৈভব

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের রচনামৃতসাগর হইতে আহৃত ১০৮টি অধ্যায়ে সম্বন্ধ-অভিধেয়-প্রয়োজনাকারে গুম্ফিত অমূল্য উপদেশপূর্ণ গ্রন্থ)

ভিক্ষা—৩৲ তিন টাকা মাত্র।

৩। শ্রীশ্রীভক্তিবিনোদ-প্রসঙ্গ

ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ ও ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামীপ্রভু-বিরচিত এবং গৌড়ীয়ে প্রকাশিত শ্রীশ্রীভক্তিবিনোদ-চরিত-প্রসঙ্গ

ভিক্ষা—৸৵০ ছয় আনা মাত্র।

৪। ছাত্রদের ভক্তিবিনোদ

ছাত্রদের উপযোগী ভাষায় লিখিত শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্র ও শিক্ষা)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

ছাত্রদের পক্ষে ভিক্ষা—।০ আট আনা মাত্র)

প্রাপ্তিস্থান :—

(১) 'ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট', পোঃ শ্রীমায়াপুর, নদীয়া ;

২) শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ;

৩ শ্রীযুক্ত ভূপতিরঞ্জন নাগ এম্‌-এ, বি-এল্‌, পুরাণপল্টন পোঃ রমনা, ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্,—সমগ্র ৪০৲

১ম খণ্ড হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত — ৩৲

দশম স্কন্ধ— ১

২। অনুভাষ্য সহিত শ্রীচৈতন্যভাগবত (অবাধা) ৭৲

৩। ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৩

৪। সরস্বতী-জয়শ্রী (অবাধা) ৪৲

৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী

১ম খণ্ড ৸০ ; ২য় খণ্ড ১৲ ; ৩য় খণ্ড—৸০ ৪র্থ খণ্ড—৸০

৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী

১ম খণ্ড— ৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০

৭। শ্রীচৈতন্যদেব ১৲

৮। সৎক্রিয়াসার-দীপিকা ও সংস্কার দীপিকা ১।০

৯। বৈষ্ণবধর্ম্ম ২৲

১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲

১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ৲

১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲

১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০

১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ।০

১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ-তত্ত্ব ।০

১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০

১৭। চৈতন্যোপনিষৎ ।০

১৮। বামন-আশ্রম ।০

১৯। তত্ত্ববিবেক ।০

২০। গৌড়ীয়-গৌরব ৸৵০

২১। গৌড়ীয়পত্রিকা ৸৵০

২২ ভজন-রহস্য ।০

২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲

২৪। গীতা (শ্রীবলদেব-টীকা-সহ) ২৲

২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) ২৲ অবাধা) ১৲

২৬। গীতার কেবল মাত্র ভাষ্য ।০

২৭। প্রকৃতিবাদকা ভগবৎসেবকঃ (সাক্ষাৎ) ২৲

২৮। বেদান্তদর্শন (সাক্ষাৎ) ।০

২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৸০

৩০। দীপ-বিন্দু-দর্শন ৵০

৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ৸৵০

৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ।০

৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০

৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৵০

৩৫। গীতমালা ৴১০

৩৬। নবদ্বীপধাম-মাহাত্ম্য ৵০

৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৵০

৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০

৩৯। শ্রীগোদ্রুমকল্পতরু ।০

৪০। শরণাগতি ৴০

৪১। গীতাবলী ৴০

৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০

৪৩। সাধনতত্ত্ব ৴০

৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ৴

৫। নবদ্বীপশতক

৬। অর্চ্চনপদ্ধতি

৭। সদাচারস্মৃতিঃ ০/

৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৴১০

৯। অর্চ্চনকণ ৷১০

১০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম ও ২য়) ৩৲

১১। ব্রহ্মসংহিতা ।০

১২। শ্রুতিস্তুতি (সাক্ষাৎ) ।০

১৩। গৌরকৃষ্ণোদয়ঃ ।০

১৪। পুরুষার্থ-বিনির্ণয় ।০

১৫। উপদেশামৃত বা নামাষ্টকমঞ্জুলী ।০

১৬ চাতুর্ব্বর্ণ্য ও ভক্তিপথ ৵০

১৭। ঈশোপনিষৎ (ভাষ্যাদিসহ) ।০

১৮। শিক্ষাষ্টক ৵০

১৯। সংক্ষেপার্থ ৵০

২০। নামাচার্য্য ৴০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৫১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।০

৫২। সিদ্ধান্ত-সরস্বতী বিভিন্নঃ ।০

৫৩। সটীক-শিক্ষাদশমূলম্

৫৪। অষ্টকম্

৫৫। সারস্বত শিক্ষাষ্টকম্ ৴০

৫৬। গৌড়ীয়মঠরূপবিচারঃ ৴০

৫৭। মায়াবাদখণ্ডনম্ ৴০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ

৬৯। এ ফিউ ওয়ার্ডস অন নেচার

৭০। নামভজন ৴০

৭১। বেদান্ত—ইট্‌স্ মরফলজী অ্যাণ্ড অণ্টোলজি

৭২। রিলেটিভ ওয়ার্ল্ড ৵০

৭৩। লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস্ অব শ্রীচৈতন্য মহাপ্রভু ।০

৭৪। বৈষ্ণবীজম্

৭৫। শ্রীগৌড়ীয়মঠ টুর ৴০

৭৬। দি ভাগবত

৭৭। ইরোটিক প্রিন্সিপল্ অ্যাণ্ড আনআলয়েড ডিভোশন

৭৮। ব্রহ্মসংহিতা

৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (অন্ম্ ভাষা) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি

৮১। সাধন-পথ ।০

৮২। কল্যাণ-কল্পতরু ৵০

৮৩। গীতাবলী ৴০

৮৪। শরণাগতি ৴০

আসামী ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ৴০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

একমাত্র পারমার্থিক দৈনিক পত্র

শ্রীধাম-মায়াপুর-নদীয়া

১৪শ বর্ষ { ৬ শ্রীধর ৪৫৩ গৌরাব্দ, ২২শে আষাঢ় বঙ্গাব্দ ১৩৪৬, ৭ই জুলাই ই° ১৯৩৯, শুক্রবার } ১১০৭ সংখ্যা।

"আমাদের মনের মত না হ'লে যাঁ'কে বরখাস্ত করুতে পারি কিম্বা যাঁ'কে দিয়ে আমার বদ্‌খাইসী দুষ্টামী বুদ্ধির সমর্থন করিয়ে নিতে পারি, তাঁ'কে 'আচার্য্য' বা 'গুরু' বলা যায় না।"

(শ্রীল প্রভুপাদ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

শ্রীধর তিথি পর্ব্বোপবাসী গৌরাব্দ ৪৫৩

আমাদের কর্ত্তব্য

ভক্তিপথে প্রবেশ করিতে হইলে শ্রীগুরু-পাদপদ্মই মূল প্রয়োজন। গুরুর হৃদয়ে ভগবানের নিত্যবাস। "ভক্তের হৃদয়ে সদা গোবিন্দ-বিশ্রাম।" শ্রীগুরুপাদপদ্মই শ্রীধাম—শ্রীচৈতন্যবিগ্রহ—শ্রীচৈতন্যধাম। শ্রীগুরু-পাদপদ্মে আশ্রিত ব্যক্তিই শ্রীধামবাসী, অপরে অবৈধভক্ত। ছাড়িয়া শ্রীধামবাসের অভিনয় করিলেও তাহারা গ্রামবাসী মাত্র। সেবাবিগ্রহ বা ভক্তিবিগ্রহ নহি। সেবাবিগ্রহ—শ্রীগুরুনিত্যানন্দ। আমরা সেবা-বিগ্রহ শ্রীগুরুদেবের দাসানুদাস, ইহাই আমাদের সত্তা। নিজেকে সেবাবিগ্রহ গুরু মনে করা অপরাধ। বৈষ্ণবগণ কখনও নিজেকে বৈষ্ণব মনে করেন না বা গুরুর সহিত পাল্লা দিতে যান না। বৈষ্ণবগণ চিরকালই শ্রীগুরুদেবের নিত্য দাসাভি-মানী। অদ্বৈতজ্ঞান-ভগবান্‌ ছাড়া আর আমাদের কেহ নাই। সুতরাং তাঁহাদের দাস্যই আমাদের আকাঙ্ক্ষণীয় হউক। গুরুবৈষ্ণবকৃপায় সম্বন্ধজ্ঞান বা দাসাভিমান হৃদয়ে জাগ্রত হইলে আমরা আমাদের কর্ত্তব্য নির্দ্ধারণ করিতে পারিব।

শ্রীগুরুদেব দীক্ষা বা দিব্যজ্ঞানদাতা। অজ্ঞান জীবের দিব্যজ্ঞান ছাড়া গতি নাই। তাই ভগবান্‌ বলিয়াছেন,—

মর্ত্ত্যো যদা ত্যক্তসমস্তকর্ম্মা
নিবেদিতাত্মা বিচিকীর্ষিতো মে।
তদামৃতত্বং প্রতিপদ্যমানো
ময়াত্মভূয়ায় চ কল্পতে বৈ॥

অর্থাৎ জীব যখন শ্রীগুরুপাদপদ্মে দীক্ষা বা দিব্যজ্ঞান লাভ করিয়া নিজের স্বতন্ত্র বিচার সর্ব্বতোভাবে পরিত্যাগপূর্ব্বক শ্রীগুরুরূপ আমাতে (ভগবান্‌) অহংতামমতাস্পদ—যাহা কিছু 'সর্ব্বস্ব' নিবেদন করিয়া তচ্চরণে সমর্পিতাত্মা হন, তখন সেই ব্যক্তিকে আমি আত্মসাৎ করায় তাহার উপর আর মায়িকগুণের কোন প্রভাব থাকিতে পারে না, সে অমৃতত্ব লাভ করে।

যাঁহারা শ্রীগুরুপাদপদ্মে সর্ব্বস্ব সমর্পণ করিতে ইতস্ততঃ করিয়া অভ্যাভিলাষের বশবর্ত্তী হন এবং তজ্জন্য নিজেকে খুব বুদ্ধিমান্‌ ও চতুর মনে করেন, তাঁহারা দীক্ষাদানের অভিনয় করিয়াও ভগবৎকৃপা-লাভে বঞ্চিত হন। সেইজন্য প্রহ্লাদ মহারাজ বলিয়াছেন,—

গুরুশুশ্রূষয়া ভক্ত্যা সর্ব্বলাভার্পণেন চ।
সঙ্গেন সাধুভক্তানামীশ্বরারাধনেন চ॥

অর্থাৎ সমস্ত লব্ধ বস্তু ভক্তিসহকারে গুরুপাদপদ্মে অর্পণ পূর্ব্বক গুরুসেবার সাধুভক্তসঙ্গে কায়মনোবাক্যে শ্রীগুরুসেবা ও শ্রীগুরুবৈষ্ণবের ভগবদারাধনার অনুশীলন-ফলে শ্রীগুরুকৃপালাভক্রমে ভগবৎকৃপা লাভ হইয়া থাকে। শ্রীগুরুসেবার ধর্ম্মদ্বেষ-প্রদর্শন-কারী লক্ষি আত্মঘাতী হইয়া গুরু-পাদপদ্ম হইতে বহুদূরে অবস্থান করে।

আমাদের যথাসর্ব্বস্ব কোন লৌকিক দ্রব্য নহে, আমাদের সত্তা সত্তা শ্রীগুরু-পাদপদ্মে সমর্পণ করিয়া থাকিলে আমরা সত্তা সত্তা গুরুকৃপা লাভ করিতে পারি তজ্জন্য শ্রীগুরুগৌরাঙ্গের সর্ব্বক্ষণ তাঁহাদের কৃপাকণ প্রার্থনা করা কর্ত্তব্য। সেবাবঞ্চিত জীবের সেবা ও কৃপাভিক্ষা ব্যতীত আর কি কর্ত্তব্য থাকিতে পারে?

ভগবানের ভক্তগণের কোন চিন্তা নাই। তাঁহারা নিশ্চিন্তে হরিভজন করেন। সুদর্শন নিত্য বিরাজমান থাকায় কাহারও ভক্ত-লঙ্ঘনের সামর্থ্য নাই। কৃষ্ণ ভক্তবৎসল। তিনি সর্ব্বক্ষণই ভক্তের চিন্তা করেন। তাঁহার আজ্ঞায় সুদর্শনচক্র সর্ব্বক্ষণই ভক্তকে রক্ষা করেন। ভক্ত-হিংসা করিলে সুদর্শনাগ্নিতে পাপিষ্ঠ জনগণ পুড়িয়া মরে। ভক্তের প্রতি ভগবানের এত প্রীতি যে তাঁহাদিগকে রক্ষা করিবার জন্য সুদর্শনকে পাঠাইয়াও তিনি নিশ্চিন্ত থাকিতে পারেন না। তজ্জন্য স্বয়ং ভক্তের নিকট গিয়া তাঁহাকে রক্ষা করেন। সুতরাং এমন ভক্তবৎসল ভগবানকে কি কেহ ছাড়িতে পারে?

রক্ষা চক্রং চ রক্ষার্থং ন নিশ্চিন্তো
জনার্দ্দনঃ।
স্বয়ং তদ্ভিকটঃ যাতি হঃ দৃষ্ট্বা রক্ষণায় চ॥
(নারদপঞ্চরাত্র)

ভক্ত প্রসঙ্গ

শ্রীবৃন্দাবন মহাপ্রভুর ভক্তগণের জয় হউক। তিনি মহাভাগবত বৈষ্ণব। ভক্তগণ পশু, পক্ষী যে কোনও কুলে আবির্ভূত হইয়া জীবমঙ্গল বিধান করেন। হনুমানজী কপিকুলে, গরুড় পক্ষীকুলে, গুহক চণ্ডালকুলে, ঠাকুর হরিদাস যবনকুলে, শ্রীতুলসী বৃক্ষকুলে, প্রহ্লাদ অসুরকুলে, বিভীষণ রাক্ষসকুলে আবির্ভূত হইয়া জগৎকে পবিত্র করিয়াছেন। আমরা যেন সেই বৈকুণ্ঠবাসী ভক্তগণকে কোন জাতি-বিশেষ মনে করিয়া তাঁহাদের চরণে অপরাধ না করি। এই ভগবদ্ভক্ত ভক্তগণ আমাদের নিত্যোপাস্য ও পরমপূজনীয় এবং তাঁহারাই আমাদের নিত্যমঙ্গল পথের একমাত্র পথপ্রদর্শক ও আদর্শ। তাঁহাদের চিত্রবৃত্তি নিরন্তর অনুসরণ করিবার সৌভাগ্য হইলেই আমাদের জীবন ধন্য হইবে। তাই আজ আমরা গৌরভক্ত শ্রীল বসু ঠাকুরের পূতচরিত্র কিঞ্চিৎ আলোচনা করিয়া আত্মশোধনে যত্ন করিতেছি।

মায়ারে করিয়া জয় ছাড়ান না যায়। সাধু-গুরু-কৃপা বিনা না দেখি উপায়॥

শ্রীবড়ু ঠাকুর কোন জাতির অন্তর্গত অধিবাসিদের নহেন। তিনি ভগবানের পরমপ্রিয়। তাঁহার উচ্ছিষ্ট, তাঁহার পদধূলি, তাঁহার পদজল আমাদের নিত্যকাম্য। বাহ্যদর্শনে তিনি ভূঁইমালী বা হাড়ি জাতিতে অবতীর্ণ হইলেও তিনি সকল ব্রাহ্মণের গুরু। সেইজন্য শ্রীকালিদাস তাঁহাকে বড়ু ঠাকুর বলিয়া বৈষ্ণবোচিত শ্রদ্ধা প্রদর্শন করিয়াছেন।

শ্রীবড়ু ঠাকুর একজন পরমমুক্ত শুদ্ধবৈষ্ণব ছিলেন। তিনি বাহিরে সন্ন্যাসী না হইলেও সন্ন্যাসিগণের গুরুস্থানীয়। তাঁহার পদধূলি পাইলেই সন্ন্যাসিগণের সন্ন্যাসের সার্থকতা হয়।

ভগবান্ বলিয়াছেন, সৌবে ব্রাহ্মণ হইলেও অভক্ত ব্যক্তি আমার প্রিয় নহে। আর কুক্কুরভোজী চণ্ডালের কুলে অবতীর্ণ ব্যক্তি ভক্ত হইলেও আমার প্রিয়। সেই ব্যক্তিকেই দান করিতে হইবে, তাঁহার প্রদত্ত দ্রব্যই গ্রহণ করিতে হইবে, অর্থাৎ সেইরূপ বৈষ্ণবের সঙ্গেই ছয়প্রকার সঙ্গ করিতে হইবে। আমি যেরূপ পূজ্য, তিনিও সেইরূপই পূজ্য।

প্রহ্লাদ মহারাজ বলিয়াছেন, কৃষ্ণভজনবিমুখ দ্বাদশ গুণবিশিষ্ট ব্রাহ্মণ অপেক্ষাও যাঁহার কৃষ্ণে মন, বাক্য, চেষ্টা, অর্থ ও প্রাণ অর্পিত এরূপ কুক্কুরভোজী চণ্ডালের কুলে আবির্ভূত ব্যক্তিকেও শ্রেষ্ঠ বলিয়া মনে করি। কেন না, তিনি নিজকুল পবিত্র করেন কিন্তু প্রচুর অভিমানী ব্রাহ্মণ তাহা করিতে পারে না।

দেবহূতি বলিতেছেন,—হে ভগবন্, যাঁহার জিহ্বায় আপনার নাম বর্ত্তমান, তাঁহারা শ্বপচকুলে আবির্ভূত হইলেও শ্রেষ্ঠ। তাঁহারা আপনার নাম কীর্ত্তন করেন, তাঁহারা পূর্ব্ব পূর্ব্ব জন্মেই যাবতীয় তপস্যা শেষ করিয়াছেন। ব্রাহ্মণাদি উচ্চবর্ণে অধিকারোচিত যাবতীয় হোম পূর্ব্ব পূর্ব্ব জন্মেই সমাধা করিয়াছেন। তাঁহারা সমস্ত তীর্থস্নান পূর্ব্ব পূর্ব্ব জন্মে সমাপ্ত করিয়াছেন। তাঁহারাই প্রকৃত সদাচারী, তাঁহারাই সমগ্র বেদ অধ্যয়ন করিয়াছেন।

কোন সময় ষড় গোস্বামীর অন্যতম শ্রীল রঘুনাথ দাস গোস্বামী প্রভুর পূর্ব্বাশ্রমের জ্ঞাতিখুড়া গৌরভক্ত শ্রীকালিদাস কিছু আম্রফল লইয়া শ্রীবড়ু ঠাকুরের গৃহে আগমন করিয়া তাঁহার ও তৎপত্নীর শ্রীচরণ বন্দনা করেন। অনন্তর তাঁহাদের মধ্যে পরস্পর কিছুক্ষণ হরিকথা আলোচনা হইলে পর দৈন্যের মূর্ত্তিবিগ্রহ শ্রীবড়ু ঠাকুর আভিজাত্য-গৌরবে গৌরবান্বিত শ্রীকালিদাসকে দৈন্যসহকারে 'আমি নীচজাতি, আপনার সেবা করিবার কোন যোগ্যতা নাই' বলেন। কিন্তু কালিদাস তাঁহার মাহাত্ম্য পূর্ব্ব হইতে অবগত থাকায় পুনঃ পুনঃ কৃপা ভিক্ষা করিয়া তৎকৃপা প্রাপ্ত হন। ভক্তই ভক্তের মর্য্যাদা বুঝেন। অভক্তগণ ভক্তের সহজ দৈন্য ও ক্ষমাপ্রার্থনার মর্ম্মগত উদ্দেশ্য বুঝিতে না পারিয়া ভক্তকে অমর্য্যাদাজ্ঞানে ভক্তের চরণে অপরাধ করিয়া থাকেন। তাঁহারা সর্ব্বশ্রেষ্ঠ, সকলের নিয়ামক ও শাসক এবং সকলের উদ্ধারকর্ত্তা হইয়াও নিজে দৈন্যমুখে ক্ষমাপ্রার্থনা করিয়া মাদৃশ দাম্ভিক ও অপরাধী জনগণকে দীনতা ও ক্ষমাভিক্ষা শিক্ষা দিয়া থাকেন। মঙ্গলাকাঙ্ক্ষী ব্যক্তিগণ তাঁহাদের এই অপার করুণা ও শিক্ষার কথা উপলব্ধি করিয়া তাঁহাদের চরণে প্রণত হন। সুতরাং আমরা যেন লোকশিক্ষক বৈষ্ণবগ্রহ ভক্তগণকে আমাদের শাসনের অধীন ও ক্ষমার পাত্র মনে করিয়া তাঁহাদের চরণে অপরাধ না করি, ইহাই শুদ্ধবৈষ্ণব-ভগবানের শ্রীচরণে আমাদের প্রার্থনা।

শ্রীকালিদাস উচ্চকুলোদ্ভূত হইয়াও পরমানন্দে শ্রীবড়ু ঠাকুরের উচ্ছিষ্ট গ্রহণ করিয়া নিজেকে কৃতার্থ মনে করিয়াছিলেন। ভক্ত উচ্ছিষ্টের এত মাহাত্ম্য! শাস্ত্র বলিয়াছেন,—

ভক্তপদধূলি আর ভক্তপদজল।
ভক্তভুক্ত শেষ এই তিন সাধনের বল॥

উচ্চকুলাভিমানী ব্যক্তি অবরকুলোদ্ভূত ভক্তকে অবমাননা করিয়া মহাপরাধ করে। কিন্তু যেখানে নিজেকে ভক্তের সেবক বলিয়া অভিমান সেখানে এরূপ কুবিচার স্থান পায় না। বৈষ্ণবের শ্রীকালিদাস ইহা শ্রীবড়ু ঠাকুরের উচ্ছিষ্টগ্রহণ পূর্ব্বক তাহা যে ভগবৎকৃপালাভের উপায়-স্বরূপ তাহা আমাদিগকে শিক্ষা দিয়াছেন।

আমরা অনেক সময় আত্মভোগের জন্য প্রসাদের ভক্ত সাজিয়া থাকি। কিন্তু বস্তুতঃ সেখানে অপ্রাকৃত প্রসাদে সেবাবুদ্ধি না থাকায় আমরা প্রসাদের কৃপা হইতে বঞ্চিত হই। যেন্দ্রিয়তর্পণ বা জিহ্বালাম্পট্যের তৃপ্তি ত' আর ভগবৎ-কৃপা নহে। আমরা শাস্ত্র ও সাধুর নিকট জানিতে পারি, যে জিনিষ প্রকৃত শুদ্ধবৈষ্ণব গ্রহণ করেন না, তাহা যদি নানাপ্রকার অর্চ্চন-বিধি অনুসারে বাহ্যদৃষ্টিতে তুলসী প্রভৃতি সংযোগেও শ্রীবিগ্রহের নিকট উপস্থিত করা যায়, তাহা হইলেও তাহা প্রকৃতপ্রস্তাবে ভগবান্ গ্রহণ করিয়াছেন কিনা, সন্দেহ আছে। কিন্তু বৈষ্ণব চণ্ডালকুলে বা অস্পৃশ্য ভূঁইমালীকুলেই আবির্ভূত হউন; তিনি বাহ্যদর্শনে পুরুষই হউন বা স্ত্রীই হউন, গৃহস্থই হউন বা সন্ন্যাসীই হউন, তিনি বৈধভক্তের বিধি অবলম্বন করিয়া কৃষ্ণকে ভোগ নিবেদন করুন আর না-ই করুন, কৃষ্ণের পরমপ্রিয় সেবক বৈষ্ণব যাহা গ্রহণ করিয়াছেন, তাহা নিশ্চয়ই ভগবান্ গ্রহণ করিয়াছেন, জানিতে হইবে।

আমরা অনেক সময় হরিভজনের নাম করিয়া শরীর রক্ষা করিতে গিয়া ভাল ভাল প্রসাদগ্রহণে খুব তৎপরতা ও সেবোৎসাহ দেখাই। তাই ভাল ভাল জিনিষ গুরু-বৈষ্ণবের সেবায় না লাগাইয়া উদর-সর্ব্বস্ব আমরা ভোগের আগেই প্রসাদ গ্রহণ করিয়া বসি অনর্থযুক্ত আমরা জানি না যে, ভাল খাইলে, ভাল পরিলে যে আমাদের শরীর পুষ্ট হ'বে, তাহার ফল যমের দাঁতই ভুগিয়া ফেলিবে। ভক্তগণ যে উত্তম প্রসাদ গ্রহণ করেন, তাহাতে তাঁহাদের আসক্তি থাকে না, তাঁহারা অনর্থযুক্ত আমাদের মত কৃষ্ণাতিরিক্ত মহাপ্রসাদের দ্বারা ভোগের শরীর পোষণ করিতে চান না। তাঁহাদের বিচার—প্রসাদ আমাদের ভোক্তা, আমাদের ভোগ্য নহে, প্রসাদ দ্রষ্টা, দৃশ্য নহে, প্রসাদ সেব্য, সেবক নহে। সুতরাং প্রসাদকে আমরা ভোজন করিতে পারি না, প্রসাদকে নিজ সেবায় লাগাইতে পারি না, প্রসাদের দ্বারা নিজসুখ বিধান করিতে পারি না। প্রসাদ প্রভুবস্তু ভগবদ্বস্তু। প্রসাদ আমাদিগকে ভোজন করেন ও করিবেন। সেইজন্যই বলিতেছি, প্রসাদ যদি কাহাকেও আত্মসাৎ করেন, তবেই তিনি প্রসাদ-সেবনে অধিকারী নতুবা সকলেই ভোগবুদ্ধিতে প্রসাদের চরণে অপরাধী, প্রসাদ-সেবক না হইয়া প্রসাদ-ভোগী বা প্রসাদত্যাগী

শ্রীল প্রভুপাদের
বক্তৃতাবলী
পরমার্থ-সম্পুটের রত্নরাজি
ভিক্ষা। ১ম খণ্ড ৷৹; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড ৷৹; ৪র্থ খণ্ড —৷৹ আনা।
প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ
শ্রীধাম-মায়াপুর,
নদীয়া

দুর্ভাগা কে?

(শ্রীজগন্নাথ ব্রহ্মচারী, ভক্তিশাস্ত্রী)

—:০:—

আমি শ্রীগুরুপাদপদ্মের নিত্যকিঙ্কর, সুতরাং শ্রীগুরুপাদপদ্ম-সেবাই আমার একমাত্র কর্ত্তব্য। গুরুভক্ত বৈষ্ণবগণ আমার নিত্যবন্ধু আর কাহারও সহিত আমার কোনও সম্বন্ধ নাই—এই বিচারটী যতদিন পর্য্যন্ত আমাদের উপলব্ধির বিষয় না হইবে, ততদিন আমাদের মঠবাস, গুরুসেবা, ব্রহ্মচর্য্যপালন, সাধুসঙ্গে হরিকথা-শ্রবণ-কীর্ত্তন, গুরুবৈষ্ণব-নির্দিষ্ট সেবা, শাস্ত্রপাঠ সবই বৃথা। সম্বন্ধ না থাকিলে অভিধেয়-সাধনের কোনও মূল্য নাই। এক বাদ দিয়া ডান দিকে যত শূন্য বসান যাউক উহার মূল্য শূন্যই হইবে। সেইরূপ গুরুপাদপদ্ম-সম্বন্ধ ছাড়িয়া, তাঁহার প্রতি শ্রদ্ধা-বিশ্বাসরহিত হইয়া, তাঁহার আনুগত্য বাদ দিয়া শ্রবণ-কীর্ত্তনাদি ভক্ত্যঙ্গানুষ্ঠানে আমরা যতই আন্তরিকতা প্রদর্শন করি না কেন, অনিত্য জগতের অনিত্য দেহ-মনোধর্ম্ম-সম্বন্ধী ব্যাপারে আগ্রহ থাকায়—স্বসুখবাসনায় ব্যস্ত থাকায় আমাদের লোক-দেখান সেই আন্তরিকতার মধ্যে কপটতা যতই প্রকাশিত হইয়া পড়ে। যদি কোন ব্যক্তি রাত্রির অন্ধকারে পশ্চিমমুখে দাঁড়াইয়া বলে যে, আমি পূর্ব্বমুখী হইয়া দাঁড়াইয়াছি, তাহা যেমন সূর্য্যোদয়ের পূর্ব্ব পর্য্যন্ত কেহই তাহা প্রমাণিত করিতে পারে না, সূর্য্যোদয় হইলে তাহা অনায়াসেই প্রমাণিত হইয়া পড়ে, তদ্রূপ আলোক-স্বরূপ শ্রীগুরুপাদপদ্মের আশ্রিত হইয়া তাঁহার পাদপদ্মতলে অবস্থান করিলে জগৎ, কপট, বঞ্চকের স্বরূপ বুঝিতে আর বাকী থাকে না। কপটের স্বরূপ আর কতক্ষণ ঢাকা থাকিবে?

ভোগী ও ত্যাগীর কনক-কামিনী-প্রতিষ্ঠাই একমাত্র সম্বন্ধ। কনক-কামিনী না পাইলে ভোগী চটিয়া যায় ও প্রতিষ্ঠা না পাইলে ত্যাগীর ত্যাগে বৈরাগ্য উপস্থিত হয়। সেইরূপ তথাকথিত মঠবাসী আমরাও অনেকে অনেক প্রকারের উদ্দেশ্যের বশবর্ত্তী হইয়া মঠবাস করি। কেহ বা কনকের আশায় অর্থাৎ মঠে আসিয়া কপট সাধু সাজিয়া টাকা-পয়সা সংগ্রহের জন্য, কেহ বা কামিনী অর্থাৎ নানাপ্রকার অন্যাভিলাষ ও বিবিধ কামনা-চরিতার্থতার জন্য, আবার কেহ বা প্রতিষ্ঠা অর্থাৎ লোকের নিকট হইতে সাধু বলিয়া—গুরুপাদপদ্মের

আত্মার গুরু বলিয়া মান-সম্মান-প্রতিষ্ঠা পাইবার জন্য মঠবাসের ভাণ করি। যতক্ষণ পর্যন্ত শ্রীগুরুপাদপদ্ম আমাদের এই সকল অভিলাষের ইন্ধন সরবরাহ করেন—যতক্ষণ পর্যন্ত আমাদের এই সকল দোষ দেখিয়াও সে-বিষয়ে উদাসীন থাকিয়া লোকসমক্ষে আমার বৈষ্ণবতার কথাই বলেন, ততক্ষণই আমরা তাঁহার অনুগত থাকি আর সকলকে তাঁহার আনুগত্যে হরিভজন করিতে বলি। কিন্তু যখন শ্রীগুরুপাদপদ্ম আমার অন্যাভিলাষিতার সমর্থন না করিয়া বলেন,—গুরুবৈষ্ণব ব্যতীত অন্যান্য বস্তুতে যে আমার আসক্তি হইয়াছে, তাহা ছাড়িতে হইবে, তাহা না ছাড়িলে হরিভজন হইবে না, কনক-কামিনী-প্রতিষ্ঠার মায়া কমাইতে হইবে, এতদিন মঠবাসের একটা হিসাব-নিকাশ হওয়া দরকার, মঠে অন্যাভিলাষীদের স্থান হইবে না, তখনই আমরা তাঁহার আনুগত্য ছাড়িয়া দিই—তাঁহাকে নানারূপ দোষদুষ্ট বলিয়া প্রমাণিত করিতে চেষ্টিত হই। এইরূপ চিত্তবৃত্তি লইয়া আমরা যতই সাধন করি না কেন, ফলোদয় কিছুতেই হইবে না।

কোটিজন্ম করে যদি শ্রবণকীর্তন।
তথাপি না পায় কৃষ্ণপদে প্রেমধন॥

গুরুপাদপদ্মকে লঙ্ঘন করিয়া হরিভজনের আশা দুরাশা মাত্র। তাঁহার মনোভাবের অনুকূল না হইয়া যাহাই করি না কেন, তাহা নোঙ্গর না তুলিয়া দাঁড় টানা ব্যতীত আর কিছুই নহে। তত্ত্বজ্ঞানহীন হইলে সেবা হয় না। তবে এ তত্ত্বজ্ঞান স্ফূর্তিপ্রাপ্ত হয় শ্রীগুরুপাদপদ্মের কৃপায়। আমি কতটা মঠবাসী হইতে পারিয়াছি—কতটা গুরুসেবা আমার দ্বারা সাধিত হইতেছে, তাহা জানা যাইবে—তত্ত্বজ্ঞানস্ফূর্তি দ্বারা। যদি পঞ্চাশ বৎসর মঠবাস করিয়া তত্ত্বস্ফূর্তি না হইল—যদি শ্রীগুরুপাদপদ্ম কি বস্তু বুঝিতে না পারিলাম—যদি পূর্বাচার্যবর্গের সহিত বর্তমান প্রকটাচার্যের কি সম্বন্ধ তাহা বুঝিতে না পারিলাম, গুরুকে যদি লঘু বলিতে কোন কুণ্ঠাবোধই না হইল, তাহা হইলে এতদিন মঠবাস করিয়া কি হইল? এতদিন গুরুসেবা করিয়া কি ইহাই হইল? অদৃষ্টেরই ধিক্! মূলেই অবিশ্বাস! এর চেয়ে দুর্ভাগ্যের কথা আর কি আছে? জগতের লোককে ফাঁকি দিয়া আর কি হইবে? নিজের মঙ্গললাভ ত' হইল না! মঙ্গললাভ ত' দূরের কথা, জানিয়া শুনিয়াও অমঙ্গলের পথই প্রশস্ত করিতেছি।

তাই বলিতেছি, এইরূপ চিত্তবৃত্তি লইয়া আমার মঠে বাস করার কি প্রয়োজন? মূলেই সন্দেহ—মূলেই অবিশ্বাস। যে ডালে বসিয়াছি, সেই ডালই কাটিলাম! আমার এতদিন মঠবাসের ফল আজ মাঠবাসে পরিণত হইল, এতদিনের গুরুসেবা আজ মায়ার সেবা—সংসার সেবায় পরিণত হইল! তাই বলি মন, আমার মত দুর্ভাগা আর কে?

গৌড়ীয়বাণী

——::(০)::——

দুর্ভাগ্যক্রমে আমি অনেক সময় মনে করি, গুরুবৈষ্ণবগণ বুঝি আমাকে বিশ্বাস করেন না, সন্দেহের চক্ষে দেখেন। গুরু-বৈষ্ণবগণের একান্ত বিশ্বস্ত ভাজন হইতে না পারা যে আমারই দুর্দৈব, তাহা কিন্তু আমি একবারও বিচার করি না। শত সহস্র অনর্থ-দোষদুষ্ট আমার নিজ দোষ আমার চক্ষে পড়ে না, মৎসর বুদ্ধিতে অদোষদর্শী গুরুবৈষ্ণবগণের দোষ আছে কল্পনা করি। অন্যাভিলাষীই গুরুবৈষ্ণবগণের অবিশ্বস্ত আর কৃষ্ণসেবৈকাভিলাষীই পরমবিশ্বস্ত। আমার যতটা অন্যাভিলাষ থাকিবে, আমি ততটা কৃপাদ্রষ্টা গুরুদেবের নিকট অবিশ্বস্ত থাকিব, আর আমার যতটা কৃষ্ণসেবাভিলাষের নিষ্কপটতা প্রকাশিত হইবে, আমি শ্রীগুরুদেবের ততটা বিশ্বস্তভাজন হইব। শ্রীগুরুদেব সর্বশ্রেষ্ঠ সেবাবিগ্রহের—মূল-আশ্রয়-বিগ্রহের পক্ষপাতী। সেই সেবাবিগ্রহের নিষ্কপট অনুগমন যাঁহার যতটা অধিক, তিনি ততটা বিশ্বস্তভাজন। যিনি সর্বাপেক্ষা অধিক সেবাভিলাষী, তিনিই গুরুদেবের সর্বশ্রেষ্ঠ বিশ্বস্ত, তাঁহাকে তিনি হৃদয়ের সকল কথা বলেন, তাঁহাকে তিনি সিন্দুকের গুপ্ত চাবিটী দেন, তাঁহার উপর সমগ্র গৌড়ীয়গণের ভার সমর্পণ করেন। দুর্বুদ্ধিবশতঃ ইহা বিচার না করিয়া অদোষদর্শী গুরুবৈষ্ণবগণের পক্ষপাতিত্ব ও দুর্বুদ্ধি-দোষদুষ্ট নিজের দোষরাহিত্য বিচার করিয়া গুরুবৈষ্ণবচরণে জ্ঞাত বা অজ্ঞাত অপরাধ করিতে করিতে আমি জড়রাজ্যে প্রবিষ্ট হইয়া পড়ি।

আমি কয়েকদিন, কয়েকদিন কেন, যুগ পরিমিত বা ততোধিককাল খুব সেবাবৃত্তির উজ্জ্বলতার অভিনয় দেখাইবার পরও হঠাৎ কোন্ প্রবলতর আকর্ষণে আবার জড়ের দিকে আকৃষ্ট হইয়া পড়ি? পূর্বেই বলিয়াছি, আমার যত কিছু সেবার অভিনয়, তাহা ঐ প্রতিষ্ঠা পাইবারই জন্য; তাই আমার হৃদয়ে পূর্ব ইতিহাসের চাপা বহ্নি অনর্থের বাতাসে আবার জ্বলিয়া উঠে। যদি বৈষ্ণবী-প্রতিষ্ঠায় প্রতিষ্ঠিত হইতাম, যদি অস্থায়ী-ভাবে স্থিত না হইয়া স্থায়িভাববৃত্তিতে অবস্থিত হইতাম, তাহা হইলে আমার ঐরূপ অবৈধ চাঞ্চল্য আসিত না। নানাপ্রকার অন্যাভিলাষরূপ অস্থায়িভাবে আমার স্থিতি, জড়প্রতিষ্ঠাতে আমার প্রতিষ্ঠান রচনা করিয়াছিলাম বলিয়াই ঐ সকল ভূমিকা যেই উহাদের নিসর্গবশতঃ আমার নিকট নূতনের আপাত-আকর্ষক চাকচিক্যটা হারাইয়া ফেলিল, অমনি পরিত্যক্ত ন্যাকার, যাহার প্রতি একদিন অবৈধ ক্রোধ ও ঘৃণার ভাব দেখাইয়াছিলাম, সেই পরিত্যক্ত দ্রব্যই কাল-কামিনীর পরিবেশন-নৈপুণ্যে আমার নিকট এক পুনরাস্বাদনীয় মধুরতার উত্তেজনা জাগাইয়া দিল। তখন আমি আর স্থির থাকিতে পারিলাম না। অস্থায়িভাবরাজির সামগ্রীগুলি আমাকে আর ধরিয়া রাখিতে পারিল না। আমি জড়ের দিকে ধাইয়া চলিলাম।

'আমার দুর্বৃত্তিগুলি দুর্বলতা-জনিত, কপটতা-জনিত নহে' বলিয়া আমি অনেক সময় মনকে সান্ত্বনা দেই অর্থাৎ আত্মগ্লানির মুখটা চাপা দিয়া থাকি। কিন্তু আমার দুর্বলতাই থাকুক, আর কপটতাই থাকুক, এই দুইটী বিশ্বাসঘাতিনী সাপিনীকেই নিশ্চিন্ত হইয়া পুষিতে থাকিলে আমার মৃত্যু অনিবার্য। দুর্বলতাই—কপটতার জননী। দুর্বলতা নিজ অবৈধ আত্মচরিত্রদোষ গোপন করিতে ইচ্ছুক হইয়া অনেক সময় লুক্কায়িত-ভাবে অর্থাৎ আমার অজ্ঞাতসারে কপটতা কন্যা প্রসব করে এবং কিছুকাল কপটতাকে লালন-পালন করিয়া অভিভাবিকায় শায়িতা হয়। কপটতা দুর্বলতা-জননীর অন্ত্যেষ্টি-ক্রিয়া সম্পাদনের পর বৈরিণী হইয়া আমার এবং বহুলোকের সর্বনাশ করে। জগতে প্রাকৃত-সহজিয়া ধর্মসমূহ প্রথমে দুর্বলতা হইতে ক্রমে কপটতায় পরিণতির ফলেই প্রাদুর্ভূত হইয়াছে। দুর্বলতার অবৈধ কন্যা—কপটতা, কপটতা হইতে অসংখ্য অনর্থ ও অপরাধের জন্ম। সুতরাং আমি কপট নহি, অপরাধী নহি, দুর্বলমাত্র—ইহা বলিয়া নিশ্চিন্ত থাকিলে পার পাইব না। আমাকে প্রবলবেগে জড়ের দিকে টানিয়া লইয়া যাইবে।

শ্রীল ভক্তিসুধাকর প্রভুর পত্র

——::০::——

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

শ্রীগৌড়ীয়মঠ,
কলিকাতা
৩১।৩।৩১

শ্রীশ্রীবৈষ্ণবচরণে অসংখ্য দণ্ডবৎ-প্রণতিপূর্বক নিবেদন,—

আপনার ২৫।৩ তারিখের লিখিত পত্র পাইলাম।

নিজের অযোগ্যতা বোধ না হইলে সেবা-প্রার্থনা সম্ভব নয়। নিজে সেবা করিতেছি, ইহা সেবকের বিচার নহে। কৃষ্ণ কৃপাপূর্বক আমার ন্যায় অযোগ্যের সেবা শ্রীগুরুদেবের আবেদনে গ্রহণ করিতেছেন, ইহাই সংসিদ্ধান্ত।

আমার দণ্ডবৎ-প্রণাম জানিবেন।

দাসাধম—
শ্রীনারায়ণদাস অধিকারী

বিশেষ দ্রষ্টব্য

গত ১০৮ সংখ্যার নদীয়া-প্রকাশে ৫ম পৃষ্ঠায় "অহঙ্কারং বলং দর্পং" যে শ্লোকটী লেখা আছে তাহা পাঠকগণ নিম্নলিখিত-ভাবে সংশোধিত করিয়া পড়িবেন।

"অহঙ্কারং বলং দর্পং কামং ক্রোধঞ্চ
সংশ্রিতাঃ।
মামাত্মপরদেহেষু প্রদ্বিষন্তোঽভ্যসূয়কাঃ॥
তানহং দ্বিষতঃ ক্রূরান্ সংসারেষু
নরাধমান্।
ক্ষিপাম্যজস্রমশুভানাসুরীষ্বেব যোনিষু॥
আসুরীং যোনিমাপন্না মূঢ়া জন্মনি
জন্মনি।
মামপ্রাপ্যৈব কৌন্তেয় ততো যান্ত্যধমাং
গতিম্॥"

ঐ সংখ্যার ৫ম পৃষ্ঠার ২য় কলমের ৩৮ লাইনের পরে 'আর দোষদৃষ্টারই দোষ' এইরূপ হইবে।

শুদ্ধভক্তি-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠ

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীব্রজপত্তন ভবনে শ্রীচৈতন্যমঠ, পরবিদ্যাপীঠ, শ্রীশ্রীরাধাকৃষ্ণ শ্রীগৌর-গোপাল আচার্য্য চতুষ্টয় বিগ্রহ আছেন। প্রাচীন প্রদর্শনী "আত্মকথা" ভাবনার প্রকাশ ব্যবস্থা আছে।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ২১১৫
কলিকাতায় শ্রীভক্তিবিনোদ-আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমদ্ভাগবত পাঠ, সঙ্কীর্ত্তন, শ্রীচৈতন্যচরিতামৃত-বেদান্ত শ্রীমদ্ভাগবতাদি ভক্তিগ্রন্থ সম্বন্ধ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও বাঙ্গালি পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়।

(৩) যোগপীঠ-মায়াপুর-পীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব ভূমি মহাযোগপীঠ।

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং ... বর্ত্তমান।

(৬) মুরারিগুপ্তের পাট

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৭) কাজি-সমাধি-পাট

প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি।

(৮) প্রভুপাদ-জন্মস্থান ...

শ্রীধাম মায়াপুর

(৯) স্বানন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ জাননগর (বর্দ্ধমান)

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মাউগাছি, পোঃ জাননগর, (বর্দ্ধমান)
শ্রীব্যাসাবতার ঠাকুর বৃন্দাবনের স্থান

(১৩) ঋতুদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(১৪) জহ্নুদেব-গৌড়ীয়মঠালয়

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ

গৌরপুর, নদীয়া

(১৬) শ্রীনবদ্বীপ গৌড়ীয় মঠ

বাহিরচরা —(শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৭) কৃষ্ণকুটীর

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

(২০) মহেশ-পণ্ডিতের পাট

কাঁঠালপুলি, পোঃ চাকদহ (নদীয়া)

(২১) রাণাঘাট-গৌড়ীয়মঠালয়

(২২) পুরী গৌড়ীয়মঠ

চব্বিশ পরগণা

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ

বালিয়াটী পোঃ জয়ারি, ঢাকা।
পূর্ববঙ্গের প্রচার-কেন্দ্র।

(২৪) গোপালজীউমঠ

কমলাপুর, পোঃ ঢাকা

(২৫) মদাই-গৌরাঙ্গ মঠ

পোঃ বালিয়াটি, (ঢাকা)

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

বড়বাজার, পোঃ ময়মনসিংহ

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চকচকা, কামরূপ (আসাম)

(২৯) দার্জিলিং গৌড়ীয়মঠ

৩নং পাগলা বিল্ডিং, দার্জিলিং

(৩০) সারস্বত-গৌড়ীয়মঠ

পোঃ হরিনাথ, জেঃ সাহারানপুর, ইউ, পি

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

দিঘাপুর পাটনা।

(৩২) গয়া গৌড়ীয়মঠ

বামণ রোড, গয়া

(৩৩) সনাতন-গৌড়ীয় মঠ

৮।১১ বড় গণেশদিং, বেনারস সিটি

(৩৪) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

(৩৫) সত্যজ্ঞানেশ মঠ,

পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়

বিশ্রামঘাট, পোঃ মথুরা

(৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

রাধাকুণ্ড, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্য মঠপীঠ

কিশোরপুর, বৃন্দাবন

(৩৯) প্রপন্নাশ্রম-সুখদকুঞ্জ

পোঃ রাধাকুণ্ড। মথুরা

(৪০) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪১) রাধাকুণ্ড গোবর্দ্ধন

(৪২) শ্রীগোবর্দ্ধনমঠালয়

গোবর্দ্ধন, মথুরা

(৪৩) সঙ্কেত বিহারী মঠ

বর্ষাণা, মথুরা।

(৪৪) নন্দগ্রাম গৌড়ীয়মঠালয়

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৫) বর্ষাণা গৌড়ীয়মঠালয়

পোঃ বর্ষাণা, মথুরা

(৪৬) গৌরবিহারী মঠ—

পোঃ ... জেলা ... (পাঞ্জাব)

(৪৭) ... গৌড়ীয়মঠ

... পোঃ ... (পাঞ্জাব)

(৪৮) দিল্লী গৌড়ীয় মঠ

১৫৫নং ... রোড, নিউ দিল্লী

(৪৯) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়া ট্যাঙ্ক রোড, ... বোম্বে ৭

(৫০) আলালনাথ-গৌড়ীয়মঠ

পোঃ ব্রহ্মগিরি, পুরী
শ্রীশ্রীগৌরগোপালরাধাগোবিন্দ-বিগ্রহের সেবা

(৫১) বালাসোর গৌড়ীয়মঠ

পোঃ ...
শ্রীশ্রীগৌরগোপাল-বিগ্রহের সেবা

(৫২) পুরুষোত্তম-গৌড়ীয়মঠ

ভক্তিকুটী, পোঃ স্বর্গদ্বার, (পুরী)

(৫৩) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা

(৫৪) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৫) কাশীমিশ্র

(৫৬) জিয়ড়নৃসিংহ-গৌড়ীয়মঠ

পোঃ ..., পুরী

(৫৭) ... মঠ

..., পোঃ ... (উড়িষ্যা)

(৫৮) ... গৌড়ীয়মঠ

(৫৯) শ্রীব্রহ্মমাধ্ব-গৌড়ীয়-প্রপন্ন-মন্দির

পোঃ কভূর, মাদ্রাজ

(৬০) ... মঠ

চিকলিমা, পোঃ ..., মেদিনীপুর

(৬১) ... গৌড়ীয়মঠ

পোঃ ..., মেদিনীপুর

(৬২) ... প্রপন্নাশ্রম মঠ

পোঃ ... (বর্দ্ধমান)

(৬৩) চৈতন্যগৌড়ীয়মঠ

পোঃ ..., (আসাম)

(৬৪) রেঙ্গুন গৌড়ীয়মঠ

৪০১ নং ... ষ্ট্রীট, রেঙ্গুন।

(৬৫) লণ্ডন-গৌড়ীয়মঠ

ফ্লাট নং ২
৫১, ... রোড
... লণ্ডন, ই ৫

(৬৬) গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

১৬।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা

(৬৭) গৌড়ীয়মঠ অফিস

... রোড, ... (ইউ-পি)

(৬৮) শ্রীবিশ্ববিদিত গৌড়ীয়মঠালয়

..., ...

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে শ্রীনরীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীমহানন্দ ব্রহ্মচারী ভক্ত্যালোক, ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও ২য় দিনের জন্য	সংবাদের পৃষ্ঠায় পরবর্ত্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও ২য় দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় পরবর্ত্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	।০	৷৵০	।৵০	।০
" " ইঞ্চি	২৲		১৷০	১৲
সিকিকলম	৫৲	৪৲		৩৲
" অর্দ্ধকলম	৮৲	৭৲	৭৲	৫৲
" এক কলম	১২৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিবারে প্রতি ইঞ্চি	৩	২।০
" সিকি কলম	১৫৲	১২৲
" অর্দ্ধকলম	২৫৲	১৮৲
" এক কলম	৩৫৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৷০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা ৴৫; বিশেষ সংখ্যার দ্বিগুণ মূল্য।

শ্রীধাম-মায়াপুরে

—"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট"—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান স্বাস্থ্যকর—নগর সন্নিকট; বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক খোলা। শিক্ষকগণ সাধক ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খোরাক ও বেতনসমেত প্রতি মাসে মাত্র ৮৲ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। বর্ত্তমান বর্ষে ১৬ জন বালকের মধ্যে ১৫ জন ভালভাবে উত্তীর্ণ হইয়াছে।

মেধাবী ছাত্রগণের আরও সুবিধা

পরীক্ষায় যাহারা শতে শতকরা ৭৫ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ সচ্চরিত্র বিনয়ী ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক-সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা সুন্দরভাবে আলোচিত হইয়াছে। এই এক অপূর্ব্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

শ্রীচৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত অতিসুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত ইহার ভিক্ষা মাত্র ৫৲ টাকা। প্রাপ্তিস্থান শ্রীযুত নরহরিদাস ব্রহ্মচারী, শ্রীযোগপীঠ, শ্রীমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীসরস্বতী-সংলাপ

প্রথম খণ্ড

শ্রীশ্রীগুরুপাদপদ্ম গৌড়ীয়সম্প্রদায়ৈকসংরক্ষক জগদ্গুরু পরমহংসকুলচূড়ামণি নিত্যলীলা-প্রবিষ্ট ১০৮শ্রী শ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামি-প্রভুপাদ বিবিধ জিজ্ঞাসু ও শুশ্রূষু সজ্জনবৃন্দের প্রশ্নোত্তরে ও সংশয়-নিরাকরণকল্পে যে-সকল শুদ্ধভক্তিসিদ্ধান্তবাণী কীর্ত্তন করিয়াছেন, যাহা তাঁহার প্রকটকালেই 'গৌড়ীয়' সম্পাদক শ্রীযুত সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ প্রভুপাদেরই শ্রীহস্তে সংশোধিত করাইয়া রাখিয়াছিলেন এবং যাহার কিয়দংশ গৌড়ীয়পত্রে প্রকাশিত হইয়াছে, তাহা "শ্রীশ্রীসরস্বতী-সংলাপ" নাম দিয়াপূর্ব্বক শ্রীল প্রভুপাদের 'বক্তৃতাবলী' ও 'পত্রাবলী' আকারে খণ্ডে খণ্ডে প্রকাশিত হইতেছেন। বর্ত্তমানে শ্রীল প্রভুপাদের শতবার্ষিক বিরহতিথিপূজা-বাসরে এই গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছেন। মানবজীবনের বহু অমীমাংসিত সমস্যা ও জটিল প্রশ্নের সমাধান ইহাতে পাওয়া যাইবে। ভক্তগণের পাঠমাত্রেই এই গ্রন্থ সংগ্রহ একান্ত প্রয়োজন।

শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী

শ্রীল প্রভুপাদের চতুঃষষ্টিবর্ষপূর্ত্ত্যাবির্ভাব-তিথিতে শ্রীল আচার্য্যদেবের অভীষ্টানুসারে "শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী" প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। ইহাতে পূর্ব্বার্দ্ধ ও উত্তরার্দ্ধ দুইটি বিভাগ আছে। পূর্ব্বার্দ্ধে শ্রীল প্রভুপাদের আদি-প্রবন্ধাবলী শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের সম্পাদিত 'সজ্জনতোষণী,' শ্রীল প্রভুপাদের 'নিবেদন' সাপ্তাহিক পত্র প্রভৃতি হইতে কথাসার ও প্রয়োজনীয় অর্থের টীকা-সহ প্রকাশিত হইয়াছে। উত্তরার্দ্ধে শ্রীল প্রভুপাদের সম্পাদিত 'সজ্জনতোষণী'র কতিপয় প্রবন্ধ কথাসার প্রভৃতির সহিত মুদ্রিত হইয়াছে। প্রবন্ধগুলি রচনাকালের ক্রমানুসারে গ্রথিত হইয়াছে; এতদ্ব্যতীত শ্রীল আচার্য্যদেবের একটি মূল্যবান্ উপোদ্ঘাত ও সঙ্কলনকারীর একটি বিস্তৃত ভূমিকা, শব্দ-সূচী, স্থান-পাত্র-শ্লোক ও পয়ার-সূচী প্রভৃতি গ্রন্থে সংযোজিত হইয়াছে। গ্রন্থটি উৎকৃষ্ট কাগজে পারিপাট্যের সহিত মুদ্রিত ও শ্রীল প্রভুপাদের আলেখ্যাদিদ্বারা ভূষিত ও সুন্দর বাঁধাই হইয়া প্রকাশিত হইয়াছে। প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, জিলা নদীয়া; শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ও শ্রীমাধবগৌড়ীয়মঠ, নবিশা, পোঃ আরো, ঢাকা।

শ্রীল প্রভুপাদের পত্রপ্রসূন মালা

এই গ্রন্থে ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের রচিত পত্রাবলী শ্রীল আচার্য্যদেবের বিরচিত "সৌরভ" নামক ভাষ্যের সহিত প্রকাশিত হইয়াছে। শ্রীল প্রভুপাদের অনেক অপ্রকাশিত পত্র ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ।৵০ আট আনা।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

খাকুসুও সীমান্তে সংঘর্ষ সম্পর্কে সোভিয়েট গবর্ণমেণ্টের এক ইস্তাহারে প্রকাশ, প্রচণ্ডভাবে পাল্টা আক্রমণ করিবার ফলে জাপ বাহিনী হটিয়া গিয়াছে। জাপানীদের পঞ্চাশটি ট্যাঙ্ক ধ্বংস হইয়াছে এবং আটটি কামান বিকল হইয়া গিয়াছে। প্রায় আটশত জাপসৈন্য নিহত হইয়াছে সোভিয়েটের পক্ষে প্রায় একশত জন নিহত হইয়াছে এবং ২৫টি ট্যাঙ্ক ও সাঁজোয়া গাড়ী ধ্বংস হইয়া গিয়াছে। বিমান যুদ্ধে ৪৫টি জাপ বিমান ও ৯টি সোভিয়েট বিমান ভূপাতিত হইয়াছে।

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক। প্রতি একাদশীতে প্রকাশিত হয়। কলিকাতা বাগবাজারস্থ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। সডাক ভিক্ষা ৪।০ টাকা মাত্র।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১।০ টাকা মাত্র।

৩। ভাগবত -হিন্দিভাষার একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ টাকা মাত্র

৫। শ্রীগৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ মাত্র।

পরমগুরু শ্রীগৌরকিশোর

গৌড়ীয়-সম্পাদক-লিখিত, শ্রীগৌড়ীয়মঠাচার্য্যের ভূমিকা-সম্বলিত, বহুচিত্র-শোভিত ও বিষয় সূচী-সম্বলিত "পরমগুরু শ্রীগৌরকিশোর" গ্রন্থখানি প্রকাশিত হইয়াছেন। এই গ্রন্থখানিতে শুদ্ধগৌড়ীয়বৈষ্ণবজগতের পরমারাধ্য, গৌড়ীয়গৌরবশিখামণি অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ নিত্যলীলাপ্রবিষ্ট পরমহংস ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল গৌরকিশোরদাস গোস্বামী প্রভুবরের অলৌকিক চরিতকথা বর্ণিত হইয়াছে।

শ্রীশ্রীভক্তিবিনোদাবির্ভাব-শতবর্ষপূর্ত্তিতিথিপূজার উপায়ন-গ্রন্থমালা

———::(০)::———

১। গীতিসাহিত্যে শ্রীভক্তিবিনোদ

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র গীতিসাহিত্যের সমালোচনা-গ্রন্থ)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

২। শ্রীভক্তিবিনোদবাণীবৈভব

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের রচনামৃতসাগর হইতে আহৃত ১০৮টি অধ্যায়ে সম্বন্ধ-অভিধেয়-প্রয়োজনাকারে গুম্ফিত অমূল্য উপদেশপূর্ণ গ্রন্থ)

ভিক্ষা—৩৲ তিন টাকা মাত্র।

৩। শ্রীশ্রীভক্তিবিনোদ-প্রসঙ্গ

ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ ও ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামীপ্রভু-বিরচিত এবং গৌড়ীয়ে প্রকাশিত শ্রীশ্রীভক্তিবিনোদ-চরিত্র-প্রসঙ্গ

ভিক্ষা—।৶০ ছয় আনা মাত্র।

৪। ছাত্রদের ভক্তিবিনোদ

(ছাত্রদের উপযোগী ভাষায় লিখিত শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্র ও শিক্ষা)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

(ছাত্রদের পক্ষে ভিক্ষা—॥০ আট আনা মাত্র)

প্রাপ্তিস্থান :—

(১) 'ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্', পোঃ শ্রীমায়াপুর, নদীয়া ;

২) শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ;

৩ শ্রীযুক্ত সুদর্শনরঞ্জন দাস এম্-এ, বি-এল্,

পুরাণপল্টন পোঃ রমনা, ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্,—সমগ্র ৫০৲

প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ২৮৲

দশম স্কন্ধ— ৯৲

২। অনুভাষ্য বিরাট শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৭৲

৩। অনুভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৩৲

৪। সজ্জনতোষণী (অবাঁধা) ৪৲

৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী

১ম খণ্ড ৸০ ; ২য় খণ্ড ১৲ ; ৩য় খণ্ড—৸০ ৪র্থ খণ্ড—৸০

৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী

১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸

৭। শ্রীচৈতন্যদেব ১৲

৮। সৎক্রিয়াসার-দীপিকা ও সংস্কার দীপিকা ১।০

৯। বৈষ্ণবধর্ম্ম

১০। গৌড়ীয়-কণ্ঠহার

১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা)

১২। শ্রীমদ্রূপানুগ শিক্ষা (বাঁধা) ১

১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸

১৪ সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ।

১৫ বৈষ্ণবসাহিত্যে বিরুদ্ধ-মত ।

১৬ ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০

১৭ চৈতন্যোপনিষদ ।০

১৮ বামন-আর্থ্য ।০

১৯। তত্ত্ববিবেক ।০

২০। গৌড়ীয়-গৌরব ৷৶০

২১। গৌড়ীয়সাহিত্য ৷৶০

২২ জৈবধর্ম্ম ।০

২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲

২৪। গীতা (শ্রীবলদেব-টীকা সহ) ২৲

২৫। গীতা (চক্রবর্ত্তি টীকাসহ) ২৲

অবাঁধা) ১৲

২৬। গীতার কেবল মাত্র-ভাষ্য ।০

২৭। দুর্গমসঙ্গমনী-সদৌরভঃ (সানুবাদ) ২৲

২৮। বেদান্তকবগ্রাহ (সানুবাদ) ।০

২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৸০

৩০। দীপ-দিন-দর্শন ৶০

৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ৷৶০

৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ।০

৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০

৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶০

৩৫। গীতমালা ৴১০

৩৬। নবদ্বীপধাম-মাহাত্ম্য ৶০

৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৶০

৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০

৩৯। শ্রীগোদ্রুমকল্পতরু ।০

৪০। শরণাগতি ৴০

৪১। গীতাবলী ৴০

৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০

৪৩। সাধনতত্ত্ব ৴০

৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ৴

৪৫। নবদ্বীপশতক

৪৬। অর্চ্চণপদ্ধতি

৪৭। সদাচারস্মৃতিঃ ৹৴

৪৮ কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৴১০

৪৯। অর্চ্চনকণ ৵১০

৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম ও ২য়) ৬৲

৫১। ব্রহ্মসংহিতা ।০

৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।০

৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০

৫৪। পূর্ব্বার্দ্ধ-বিনির্ণয় ।০

৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ।০

৫৬ ভারতবর্ষ ও ভক্তিপথ ৶০

৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ) ।০

৫৮। শ্রীকৃষ্ণদেবর ৶০

৫৯। সিদ্ধান্তদর্পণ ৶০

৬০। সাংখ্যবাণী ৴০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।০

৬২। সিদ্ধান্ত-সরস্বতী বিজয়ঃ ।০

৬৩। সটীক-শিক্ষাষ্টকম্ ।০

৬৪। তত্ত্বসূত্রম্ ।০

৬৫। সানুবাদ শিক্ষাষ্টকম্ ৶০

৬৬। গৌড়ীয়মঠপরিচয়ঃ ৴০

৬৭। মায়াংশবর্জনম্ ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।০

৬৯। এ ভিউ অফ এন্ড ন অন বেদান্ত ।০

৭০। নামভজন ৴০

৭১। বেদান্ত—ইটস মরফলজী এণ্ড অন্টলজি ।০

৭২। রিলেটিভ ওয়ার্ল্ড'স ৷৶০

৭৩। লাইফ এণ্ড প্রিসেপ্টস অব শ্রীচৈতন্য মহাপ্রভু ।০

৭৪। বৈষ্ণবিজম ।০

৭৫। লোয়ার গৌড়ীয়মঠ টুড়ে ৴০

৭৬। দি ভাগবত ।০

৭৭। ইরোটিক প্রিন্সিপাল এণ্ড আনআলয়েড ডিভোশন ।০

৭৮। ব্রহ্মসংহিতা ৩।০

৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (অনুভাষ্য) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ।০

৮১। সাধন-পথ ।০

৮২। কল্যাণ-কল্পতরু ৶০

৮৩। গীতাবলী ৴০

৮৪। শরণাগতি ৴০

আসামী ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ৴০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

একমাত্র পারমার্থিক দৈনিক-পত্র

শ্রীধাম-মায়াপুর-ঈশোদ্যান

১ম বর্ষ | ৪৪৩ গৌরাব্দ, ২৫শে আষাঢ় বঙ্গাব্দ ১৩৩৬, ১০ই জুলাই খৃঃ ১৯২৯, সোমবার | ১১১শ সংখ্যা

প্রচার-প্রসঙ্গ

কাটোয়ায়

আকনা মঠগাছ শ্রীচৈতন্যমঠের অন্যতম শাখা কর্ত্তৃক শ্রীসচ্চিদানন্দ মঠের বার্ষিক উৎসব গত ৭ই আষাঢ় ২২শে জুন বৃহস্পতিবার হইতে শ্রীশ্রীবিশ্ববৈষ্ণবরাজসভার বর্ত্তমান পাত্ররাজ গৌড়ীয়াচার্য্য ও বিষ্ণুপাদ পরমহংস পরিব্রাজকাচার্য্য শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের আনুগত্যে সংকীর্ত্তনমুখে আরম্ভ হইয়াছে। আগামী ৩১শে আষাঢ় ১৬ই জুলাই রবিবার উৎসব শেষ হইবে।

এতদুপলক্ষে শ্রীশ্রীবিশ্ববৈষ্ণবরাজসভার অন্যতম প্রচারক উপদেশক পণ্ডিত শ্রীপাদ ভক্তিসৌরভ ভক্তিসার মহোদয় উৎসবে যোগদান করিয়া মঠে ও সহরের বিভিন্ন স্থানে হরিকথা কীর্ত্তন করিতেছেন। পণ্ডিতজী গত ১লা জুলাই স্থানীয় টাউনহলে আহুত এক বিরাট-সভায় 'ধর্ম্মের প্রয়োজনীয়তা' সম্বন্ধে একটী হৃদয়গ্রাহিণী বক্তৃতা প্রদান করেন। পণ্ডিত শ্রীযুক্ত গোদাবরীশ মিশ্র এম-এ, এম-এল-এ মহোদয় সভাপতির আসন গ্রহণ করিয়া সকলের ধন্যবাদার্হ হইয়াছেন। বক্তৃতার আদি ও অন্তে মহাজনপদাবলী কীর্ত্তন হইয়াছিল। পণ্ডিতজীর সুসিদ্ধান্তপূর্ণ বক্তৃতা শ্রবণ করিয়া সকলেই পরমানন্দিত হইয়াছেন।

ময়মনসিংহে

ঢাকা শ্রীমাধ্বগৌড়ীয়মঠের অন্যতম প্রচারক উপদেশক পণ্ডিত শ্রীপাদ রাধাগোবিন্দ ব্রহ্মচারী কাব্য পুরাণ-রামতীর্থ, কাব্যবিনোদ, ভক্তিশাস্ত্রী মহোদয় ঢাকা শ্রীমাধ্বগৌড়ীয়মঠ হইতে ময়মনসিংহ শ্রীজগন্নাথ-গৌড়ীয়মঠে গমন করিয়া তথায় সর্ব্বক্ষণ হরিকথা কীর্ত্তন করেন। শ্রীল প্রভুপাদ ও শ্রীল আচার্য্যদেবের প্রিয় ও একনিষ্ঠ সেবক পণ্ডিতজীর মুখে নিতান্ত আদরে শ্রীল আচার্য্যদেবের ও শ্রীল প্রভুপাদের অপার মহিমার কথা শ্রবণ করিয়া মঠবাসী ও ময়মনসিংহবাসী ভক্তবৃন্দ পরমোৎসাহিত ও পরিতোষিত হইয়াছেন।

পাটনায়

শ্রীশ্রীবিশ্ববৈষ্ণবরাজসভার অন্যতম প্রচারক উপদেশক পণ্ডিত শ্রীপাদ রূপবিলাস ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী বিদ্যার্ণব বি এ মহোদয় গত ২৬শে জুন সোমবার দিল্লী, এলাহাবাদ, কাশী প্রভৃতি স্থান হইয়া পাটনা শ্রীগৌড়ীয়মঠে আগমন করেন। মঠবাসী ও মঠাগত শ্রদ্ধাবান্ ভক্তবৃন্দের নিকট তিনি সর্ব্বক্ষণ হরিকীর্ত্তন করিয়া প্রত্যেককে কায়মনোবাক্যে হরিভজনের উৎসাহ প্রদান করিতেছেন। তিনি বলেন,—হরিভজনের উপযুক্ত সময় আসিয়াছে। কাহার কতটুকু হরিভজনে আগ্রহ, তাহা এখন বুঝা যাইবে। অসৎসঙ্গে থাকিয়া হরিভজন হয় না। পরমারাধ্যতম শ্রীশ্রীল আচার্য্যদেব আমাদিগকে সর্ব্বপ্রকারে হরিভজনের সুযোগ দিয়াছেন ও দিতেছেন। তাঁহার আনুগত্যে থাকিয়াই হরিভজন করিতে হইবে। তিনি যখন যেখানে রাখেন, তাহাই আমাদের একমাত্র বরণীয়।

গত ২৭শে জুন শ্রীশ্রীজগন্নাথদেবের পুনর্যাত্রা-দিবস এতন্নিমিত্ত মঠসেবকবৃন্দ সমস্ত দিবস উপবাসী থাকিয়া কীর্ত্তনমুখে যথাবিধ পালন করিয়াছেন। ঐ দিবস রাত্রে শ্রীপাদ বিদ্যার্ণব প্রভু শ্রীচৈতন্যচরিতামৃত পাঠ ও সরল হিন্দিভাষায় ব্যাখ্যা করেন। সভায় বহু ব্যক্তি উপস্থিত ছিলেন।

গত ১লা জুলাই শনিবার পাটনা মঠসেবকগণ গোস্বামী পক্ষ চাতুর্ম্মাস্য ব্রত আরম্ভ করিয়াছেন। ঐ দিন মহাগোস্বামীর অন্যতম গৌড়ীয়বৈষ্ণবাচার্য্য শ্রীল সনাতন-গোস্বামী প্রভুর তিরোভাবতিথি কীর্ত্তনমুখে পালন করা হইয়াছে। সন্ধ্যারাত্রিকের পর শ্রীমঠের প্রাঙ্গণে একটী সভার অধিবেশন হয়। তদবসানে ও শ্রীল সনাতনগোস্বামী প্রভুর শোচক কীর্ত্তনান্তে শ্রীপাদ বিদ্যার্ণব প্রভু "বৈরাগ্যযুগ্ ভক্তিরসং প্রযত্নৈঃ" শ্লোকটী বিশদভাবে ব্যাখ্যা করেন। তদনন্তর 'যে আনিল প্রেমধন করুণা প্রচুর' ও মহামন্ত্র কীর্ত্তনান্তে সভা ভঙ্গ হয়।

ভক্তিশাস্ত্রীজী এক সপ্তাহকাল শ্রীমঠে অবস্থান করিয়া নানাপ্রকারে মঠসেবকবৃন্দকে উৎসাহ প্রদান করিয়া গত ২রা জুলাই রবিবার গয়া গৌড়ীয়মঠে গমন করিয়াছেন।

দিল্লীতে

শ্রীশ্রীবিশ্ববৈষ্ণবরাজসভার অন্যতম প্রচারক উপদেশক পণ্ডিত শ্রীপাদ অপ্রমেয় দাসাধিকারী ভক্তিশাস্ত্রী মহোদয় পরমারাধ্যতম শ্রীশ্রীল আচার্য্যদেবের কৃপাদেশে নিউদিল্লীস্থ শ্রীগৌড়ীয় মঠে অবস্থান পূর্ব্বক বাংলা, হিন্দি ও ইংরাজী ভাষায় সহরের বিভিন্ন স্থানে বিশিষ্ট সজ্জনবৃন্দের নিকট যাইয়া শ্রীচৈতন্যদেব ও শ্রীগৌড়ীয়মঠের প্রচারবিষয় সম্বন্ধে কীর্ত্তন করেন।

তাঁহার হরিকথায় আকৃষ্ট হইয়া পুরাতন দিল্লী সংস্কৃত কলেজ ও পাঞ্জাব শাখা [illegible] অধ্যাপক পণ্ডিত অপরাহ্ণ ও রাত্রি [illegible] পর্য্যন্ত শ্রীপাদ [illegible] কথা শ্রবণ করিতেছেন। [illegible] উপদেশক পণ্ডিত শ্রীপাদ [illegible] ব্রহ্মচারী বিদ্যার্ণব মহোদয়ের নিকটও [illegible] সপ্তাহাধিককাল [illegible] শ্রবণ করেন। তাঁহার [illegible] ও শ্রীগৌড়ীয়মঠের প্রতি আন্তরিক শ্রদ্ধা বিশেষ প্রশংসনীয়।

এতদ্ব্যতীত শ্রীমঠে প্রত্যহ সকাল, বিকাল ও সন্ধ্যায় [illegible], শ্রীচৈতন্যচরিতামৃত ও [illegible] পাঠ ও ব্যাখ্যা হইয়া থাকে।

"আমাদের মনের মত না হ'লে যা'কে বরখাস্ত করতে পারি কিম্বা যা'কে দিয়ে আমার ইন্দ্রিয়তৃপ্তির খুঁটিনাটী পুঁথির সমর্থন করিয়ে নিতে পারি তা'কে 'আচার্য্য বা 'গুরু' বলা যায় না।"

(শ্রীল প্রভুপাদ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

৯ শ্রীধর, ২৮শে [illegible] গৌরাব্দ ৪৫০

শ্রীশ্রীসিদ্ধান্তবাণী

অধোক্ষজে অহৈতুকী অপ্রতিহতা ভক্তিই সুমেধের পরমধর্ম। তাহাতেই আত্মার সম্যক্ প্রসন্নতা লাভ হয়। ভগবদ্ভক্তই অনুকূলানুশীলনের একমাত্র উপায়। শ্রীরূপ-রঘুনাথ-পরিকর-বৈষ্ণব-গোস্বামিবৃন্দের সেবোন্মুখ হইয়া কৃষ্ণানুশীলনের অনুকূল কৃষ্ণসেবানুশীলনাদির নিত্য সেবা সম্পাদনের চেষ্টা সর্বোপরি সাধনের আবাহনীয়।

ভক্ত-ভাগবত সঙ্গে প্রতিদিন শ্রবণ-কীর্ত্তনরূপ সেবানুষ্ঠানে ভাগবতের অনুশীলন ব্যতীত গীতা-উপনিষদাদি গ্রন্থের প্রকৃত তাৎপর্য্য বুঝা যায় না। সদ্গুরুর নিকট Transcendental Sound-এর সেবোন্মুখ কর্ণের দ্বারা reception ব্যতীত জীবের অন্য কোন উপায় অসম্ভব। ভক্তদের সঙ্গ ব্যতীত তত্ত্বজ্ঞান হয় না। শুদ্ধভক্তের সঙ্গে বাস্তবসত্যশ্রবণে আত্মমঙ্গল লাভ হয়। ভুক্তিমুক্তিস্পৃহা থাকাকালে ভাগবতের অর্থবোধ হয় না।

'স্বর্গীয় স্বর্গে সর্বক্ষণ যাঁহার ভাগবত সমীপে বাস, যিনি নিজেকে বৈষয়িক জানেন, গুরুপাদপদ্মাশ্রিত মনে করেন, গুরুসমীপে বাস অর্থাৎ গুরুগৃহে বাস। কৃষ্ণসেবামুখে উন্নত জীবনের সম্ভাবনা।

মহাগুরুই বিচারকর্ত্তা—অপৌরুষেয় বাণীর বক্তা; অহঙ্কার-বিমর্দ পড়া লোক—পুঁথি পড়া লোক ভাগবতের বক্তা নহেন, ব্রাহ্মী প্রকৃতি শাব্দজ্ঞানাহঙ্কার লইয়া ভাগবতব্যাখ্যান-অধ্যাপনার প্রয়াস আত্মবিনাশ-সাধনমাত্র। হরিবিদ্বেষী—গুরুবিদ্বেষী হইয়া আত্মহত্যা-মূলে বিনাশলাভ অবশ্যম্ভাবী। ভক্তিমান্ ব্যক্তি ব্যতীত সুপঠন বা সুষ্ঠুরূপে পঠন অন্যের পক্ষে অসম্ভব। কর্মজ্ঞানমিশ্র সবই অভক্তিজাতীয়। তাহা হইতে মুক্তি পাওয়া দরকার।

Mundane Relativity লইয়াই অহঙ্কারী বড় ব্যস্ত। তত্ত্বের সুপঠন, শুদ্ধভক্তি-প্রপত্তিপথঃ হইলে বিমুক্তি বা বিশেষ মুক্তি সম্ভব। সামান্য মুক্তি আংশিক, পরিপূর্ণ মুক্তি একেবারে destination-এ যাওয়া। এইরূপ মুক্তপুরুষেরাই ভক্তিরসের উপলব্ধি করিতে, সুষমাময় রূপ বুঝা যাইবে।

শব্দব্রহ্মের সেবাতেই সকল প্রশ্নের উত্তর পাওয়া যায়। শ্রীনিত্যানন্দ-স্বরূপই সেই শব্দব্রহ্মের দাতা। যাঁহার নিত্যানন্দে প্রতীতি হইয়াছে, তিনি শব্দব্রহ্মের কৃপা-প্রাপ্ত তর্কপন্থার বাহ্যজ্ঞান সত্য নহেন। Transcendental Sound-এর the only basis is a pure heart. বদ্ধ অবস্থায় ভগবান্‌কে Dependant করিতে হইবে না, সুতরাং ভগবান্ নিজে সেবকের Dependant হইয়া পড়েন।

যিনি দিব্যজ্ঞানদাতা আমার চক্ষুরাদি ইন্দ্রিয়গুলিকে regulate করিয়া কৃষ্ণের সেবায়—হৃষীকেশের সেবায় নিযুক্ত করেন তিনিই গুরুদেব। গুরুদেব যে দিব্যজ্ঞান প্রদান করেন, তাহা বিস্মৃত হইলেই নানারকম অনর্থ আসিয়া আমাদের সর্ব্বনাশ সাধন করে। তখন আবার সেই বৈকুণ্ঠবেত্তা শ্রীগুরুপাদপদ্মের নিকট সেই দিব্যজ্ঞান-ধনপ্রাপ্তির আকাঙ্ক্ষা জানাইতে হইবে। কৃষ্ণনাম-রূপ-গুণ-পরিকর-বৈশিষ্ট্য-লীলা শ্রবণ-কীর্ত্তন হইতে আমাদের Positive মঙ্গল হয়। কৃষ্ণের বহু জাগতিক মাতা, পিতা, ভাই, বন্ধু প্রভৃতিকে কৃষ্ণস্থানে বসাইয়া কৃষ্ণকে তাহাদের বোঝা করিতে গিয়া যে অপরাধ হয় কৃষ্ণপাদপদ্মের আবির্ভূতি হইতে তাহার উদ্ধার, নতুবা অন্য উপায় নাই। কৃষ্ণনামই পুনরুদ্ধারের একমাত্র উপায়। অভক্তিকে ভক্তি বা ভক্তিকে অভক্তি বলিতে হইবে না।

গীতা ও উপনিষদের কথা ভাগবতের নিকট অনেক দিন বসিয়া সেবোন্মুখচিত্তে শুনিতে হইবে, তবে তাহার উপলব্ধি সম্ভব।

মহাভাগবত নিষ্কিঞ্চন সাধুরও অভাব এবং আমাদেরও হরিকথা শুনিবার প্রবৃত্তির অভাব। আমরা ইতর-বিষয় শ্রবণে খুব প্রয়াসী। যেখানে সজ্জন ও মহতের সম্মেলন, সেইখানেই হরিসংকীর্ত্তন। বর্ত্তমানকালে নিষ্কপট পরহিতৈষণা জগতে একান্ত বিরল। ভগবানের কথা আলোচনার অভিনয়েও অনেক সময়েই স্বার্থের উদ্দেশ্য-সিদ্ধির যথেষ্ট চেষ্টা থাকে—যাবতকাল অন্য অর্থ থাকে। যাঁহাদের ধর্ম্ম, অর্থ, কাম ও মোক্ষ অথবা অধর্ম্ম, অনর্থ ও কামের অতৃপ্তি এবং সংসার-প্রবৃত্তি বর্ত্তমান, জগতে তাঁহাদের সংখ্যাই বেশী। তাঁহারা যে হরিকথা আলোচনার অভিনয় করেন, তাহা অন্যান্য স্বার্থের উদ্দেশ্যসিদ্ধির জন্য।

খোসামুদে লোককে বৈদ্য বলিলে সুবিধা হইবে না। আমার যে যে ঔষধ ও পথ্য সত্য সত্য মঙ্গল হইবে, তাহা আমাকে প্রদান না করিয়া যদি বৈদ্য আমার খোসামোদ করিয়া কেবল তাঁহার দর্শনীটা লইয়া যান, তাহা হইলে তাহাতে আমার আপাত-প্রেয়ঃসাধন হইবে বটে, কিন্তু ব্যাধি সারিবে না।

যাঁহারা মনে করেন, সৎজীবনযাপন করা, দেবতার পূজা প্রভৃতি করা কর্ত্তব্য, তাঁহারা সাধারণতঃ দেখুন কিরূপ লোকের হস্তগত হইয়া পড়েন—সংসারে তাঁহারা প্রতারকগণের হস্তেই বঞ্চিত হন, কারণ, জগতে ঐরূপ শ্রেণীর লোকই অধিকাংশ এবং তীর্থাদি ঐরূপ প্রতারকগণের দ্বারাই পরিপূর্ণ। যাঁহারা আবার ঐ শ্রেণীর ঠগের হাতে ভুক্তভোগী হইয়াছেন বা হইতেছেন, তাঁহারা অনেক সময়েই নাস্তিক হইয়া পড়েন। মনে করেন, সকলেই প্রতারক—প্রকৃত সাধু কোথাও নাই। এমন কি, পুনঃ পুনঃ বঞ্চিত হওয়ার দরুণ তাঁহাদের নিকট ভগবৎ-প্রেরিত বৈকুণ্ঠাগত প্রকৃত সাধু উপস্থিত হইলেও তাঁহারা ঐ সাধুকে ঠগ বলিয়াই সাব্যস্ত করেন।

যিনি সত্যসত্যই নিজের সুবিধা চাহেন, তিনি সত্য সত্য সাধুর দেখা পান এবং সেই সাধুর কৃপায় সাধুর স্বরূপও বুঝিতে পারেন। যিনি ভগবানের কথা শুনিতে ভালবাসেন, আর যিনি ভগবানের কথা ছাড়া দুনিয়ায় আর কিছুই ভালবাসেন না, এ-রূপ লোকের পরস্পর মিলনেই হরিকথা হয়।

ভগবান্ অনন্তদেব যাঁহাদের প্রতি কৃপা করেন, যদি তাঁহারা কপটতা-রহিত হইয়া কায়মনোবাক্যে তাঁহার চরণে শরণাপন্ন হন, তাহা হইলে দুস্তর অলৌকিক মায়া-সমুদ্র উত্তীর্ণ হইতে পারেন। শরণাগত ভক্তের কুকুর-শৃগাল-ভক্ষ্য দেহে 'আমি ও আমার' অভিমান থাকে না।

ধর্ম্ম, অর্থ, কাম এবং মোক্ষবাঞ্ছাই—কপটতা। মোক্ষবাঞ্ছার মত বড় কপটতা আর কিছুই নাই। সর্ব্বাত্মার আশ্রিতপদ ব্যক্তির উপর ভগবানের দয়া শতকরা শত পরিমাণ আসিয়া যায়। আর যাহার মনে হয়,—'আমার অন্যান্য কৃত্য আছে, আমার আভিজাত্য, সৌন্দর্য্য, পাণ্ডিত্য, ঐশ্বর্য্য, বুদ্ধি, আত্মীয়স্বজন, বাড়ী-ঘর, ধনদৌলত প্রভৃতি আছে,' তাঁহার প্রতি ভগবানের অহৈতুকী দয়া—ভগবানের পূর্ণ দয়া হয় না। যাঁহারা নিষ্কৃত এ-রূপ প্রসন্ন, তাঁহারাই ঐকান্তিক। যাঁহারা ঐকান্তিক নহেন, তাঁহারা ব্যভিচারী।

শতকরা প্রায় শতসংখ্যা বলিলেও হয়, মহাপ্রভুর ধর্ম্মের দোহাই দিয়া ব্যভিচারী হইয়া পড়িয়াছে, উদরের চেষ্টা, উপস্থের চেষ্টা, কনকের চেষ্টায় ব্যস্ত হইয়া লোক জীবনাদের অভিনয় করিতেছে বলিয়া ঐরূপ দুর্গতি হইতেছে।

যদি সর্ব্বদা বিচার থাকে—আমাদের মরিতে হইবে, তাহা হইলেই আমরা মহাপ্রভুর বিচার গ্রহণ করিতে পারিব। যে সকল জিনিষ ভগবান্ নয়, তাহাই আমাদিগকে সর্ব্বদা সংসারে টানিতেছে। আমরা উঠিয়া পড়িয়া সংসারে প্রমত্ত হইয়াছি। আমরা সংসারে চিরদিনের জন্য আসি নাই, সুতরাং পৃথিবীতে থাকাকালে কেনই বা পাপ ও পুণ্যকার্য্যে নিযুক্ত হই? তাহার কারণ এই, আমরা যে সকল লোকের সঙ্গে বাস করি—সর্ব্বদা যাহাদিগকে দেখি শুনি, তাহারা সামান্য সামান্য অভাব পূরণের আশায় দিবারাত্রি ব্যস্ত হইয়া রহিয়াছে—পারমার্থিক জীবনটাকে নশ্বর অর্থলাভের পিপাসায় নষ্ট করিয়া দিতেছে।

এমন কি, যেখানে পরমার্থের কথা হয়, তাহাও যদি তাহাদের বিত্ত-চেষ্টার অন্তরায় বা ইন্দ্রিয়বৃত্তির কার্য্যে নিযুক্ত না হয়, তাহা হইলে ঐ সকল কথাও তাহাদের শ্রবণীয় বিষয় বলিয়া মনে হয় না।

কেহ কেহ বলেন, চুপ্ করিয়া থাকাই ভাল। চুপ্ করিয়া না থাকিলে পরচর্চ্চা হইয়া পড়িবে। কিন্তু পরোপকার-চিকীর্ষা-বৃত্তি অপেক্ষা প্রতিষ্ঠাপ্রাপ্তির প্রবৃত্তি যাঁহাদের প্রবল, তাঁহারাই জগতের প্রতি বান্ধবকে পরচর্চ্চা বলিয়া যৌগিক সংজ্ঞা প্রদান করেন। জগতের এইরূপ উপকার যদি কেহ না করেন, ভগবান্ কেন তাঁহার উপকার করিবেন? আমাদের একান্ত কর্ত্তব্য দুঃসঙ্গ-পরিত্যাগ করা। দুঃসঙ্গ-পরিত্যাগের নামই—তীর্থে বাস। সত্যের প্রতিষ্ঠানই—তীর্থ, তাহা সর্ব্বত্রই সম্ভব। ভক্তগণের গৃহও তীর্থ হইতে পারে, কিন্তু কপটতা যেখানে—কপটতার আবরণে অমঙ্গলময়ের চেষ্টা যেখানে, তাহা তীর্থ নহে।

যদি কেহ বলেন, কাল কলি হউক না কেন, আমাদের ঠিক থাকিলেই হইল। তদুত্তরে বলিতে হইবে—যে ইন্দ্রিয়বর্গকে আমরা সম্বল করিয়াছি, সেই চক্ষু, কর্ণ, নাসিকা, জিহ্বা, ত্বক্ প্রভৃতি ইন্দ্রিয়গুলিই আমাদের প্রতি পরম শত্রুতা ও বিশ্বাস ঘাতকতা করিতেছে। তারপর ভক্তিমার্গ নানাপ্রকার মনোধর্ম্মের মতবাদরূপ কণ্টকের দ্বারা আবৃত হওয়ায় মানুষ ইন্দ্রিয়কে সম্বল করিয়া প্রকৃত সত্যপথ নির্ব্বাচন করিতে পারিতেছেন না। তাই শ্রীচৈতন্যদেবের নিজজনগণের শরণাগত হওয়া ব্যতীত আর কোন উপায় নাই।

— — —

ভোগ ও ত্যাগ—মূলতঃ একই জিনিষ। ফল্গুত্যাগের কোনও মূল্য নাই। উহা একটা প্রচ্ছন্ন-ভোগপিপাসা বা ভোগের প্রতি অবৈধ ক্রোধ। ভোগে অত্যাসক্তি থাকায় ভোগ না পাইয়া যে ক্রোধের উৎপত্তি হয়, তাহাই ফল্গুত্যাগের আকার ধারণ করে। স্ত্রীর সহিত ঝগড়া করিয়া ছিন্নকন্থা পরিধান করিয়া থাকিলে যে বৈরাগ্যের অভিনয় প্রদর্শন করা হয়, তাহাতে কোনও লাভ নাই। সেইরূপ বৈরাগ্য—ভোগেরই নামান্তর। প্রকৃতপ্রস্তাবে ভোগী একমাত্র ভগবান্—তিনিই ভোগপুরুষ। জীবের স্বরূপধর্ম্মে ভোগবৃত্তির অবস্থান নাই। জীব ভোগপুরুষের ভোগের উপকরণ মাত্র। নিষ্কপট ভাবে হরিসেবা করিবার সময় কেহ যদি ভগবৎসেবককে ত্যাগী বা ভোগী দেখেন, দেখুন; হরিসেবক ত্যাগীও নন, ভোগীও নন, নিষ্কপট সেবক।

আমরা যদি সত্য সত্যই নিজের মঙ্গল করিতে দৃঢ়সঙ্কল্প হই, আর সত্য সত্য পরের মঙ্গল করিতে ইচ্ছা করি, তাহা হইলে ভগবান্ নিশ্চয়ই আমার মঙ্গল করিবেন। অন্য লোককে ফাঁকি দিলে নিজেও ফাঁকিতে পড়িতে হইবে। জগতে একজন ব্যক্তিও যদি আমাদের নিকট হইতে অকৈতব সত্যের সন্ধান জানিতে পারেন, তাহা হইলে তিনি আমাদিগকে এত আশীর্ব্বাদ করিবেন যে, কৃষ্ণ নিশ্চয়ই আমার প্রতি চরম মঙ্গল বর্ষণ করিবেন। ভগবান্ আমার এমন মঙ্গল করিতে পারেন যে, আমার পার্থিব সকল সুখশান্তি নষ্ট করিয়া আমার প্রকৃত মঙ্গল করিয়া দিতে পারেন।

সত্যবাদী কে?

(প্রাপ্ত)

পরমপুরুষ ভগবান্ শ্রীকৃষ্ণই একমাত্র সত্য বস্তু। সত্য অর্থাৎ যাহা নিত্য, যাহা প্রাকৃত কোনও স্থান, কাল বা পাত্রের মধ্যে সীমাবদ্ধ নহে। সত্য নিত্যকালই সত্য, যাহা পূর্ব্বে সত্য ছিল, বর্ত্তমানে মিথ্যা হইয়াছে বা ভবিষ্যতে মিথ্যা হইতে পারে, এরূপ কোনও বস্তু নহে। অনিত্য বস্তু কোনও দিনই সত্য হইতে পারে না। যাহা সত্য, তাহা নিত্য আর যাহা অসত্য তাহা অনিত্য। যাহারা একবার সত্য বলিয়া পরে সেই বস্তুকে মিথ্যা বলে, তাহারা সত্য হইতে বঞ্চিত। সত্য স্বপ্রকাশ বস্তু। অসত্যকে সত্যের পোষাক পরাইয়া বেশী দিন চালান যায় না। সত্য একদিন প্রকাশিত হইবেই।

ভগবানের মায়াশক্তি দ্বারা এই জগৎ সৃষ্ট। ভগবৎ-শক্তি নিত্যা হইলেও এই জগৎ অনিত্য, ধ্বংসশীল। ইহার নিত্যত্ব নাই। 'গম্' ধাতু ক্বিপ্ প্রত্যয় করিয়া জগৎ-শব্দ নিষ্পন্ন হয়। অর্থাৎ যাহা চলিয়া যায়, যাহার নিত্যত্ব নাই তাহা কোনও দিনই নিত্য সত্য হইতে পারে না। জাগতিক কোনও বস্তুর নিত্যতা নাই। আমাদের চক্ষে সময় সময় যাহা সত্য বলিয়া মনে হইতেছে, তাহা প্রকৃত সত্য নহে, তাহা মায়ারই একটি ছলনা। অসত্য বা অনিত্য জগতে সত্যের অবস্থিতি নাই। অনিত্য জগতে সত্যের যুগে যুগে অবতরণ হয়।

ভগবান্ ও শ্রীগুরুপাদপদ্মই একমাত্র সত্য বস্তু। অন্যান্য বস্তুর তাঁহাদের সহিত যে পরিমাণ সম্বন্ধ আছে, তাহারা সেই পরিমাণ সত্যে পরিনিষ্ঠিত। ভগবান্ ও গুরুপাদপদ্মকে বাদ দিয়া কোনও দিনই সত্য থাকিতে পারে না। ভগবান্ ও ভগবৎ-সম্বন্ধীয় বস্তুসমূহই একমাত্র সত্য। ভগবান্ সত্য, তাঁহার বাণী সত্য এবং তাঁহার সেবকগণ সত্য। বাণীর কোনও দিনই সত্যতা থাকিতে পারে না যদি তাহা ভগবদ্বাণী না হয়। সে সেবক সেবকপদবাচ্য নহে, যদি সেই সেবক সত্যের সেবা না করেন। শ্রীল নরোত্তম ঠাকুর মহাশয় গাহিয়াছেন,

> নিতাইচরণ সত্য তাঁহার সেবক নিত্য
> নিতাই-পদ সদা কর আশ

নিত্যানন্দ- শ্রীগুরুদেব। সেই শ্রীগুরুপাদপদ্মই একমাত্র সত্য বস্তু। শ্রীগুরুপাদপদ্ম হইতে বিচ্ছিন্ন হইয়া যে সকল বস্তু নিজদিগকে সত্য বলিয়া ঘোষণা করিতেছে, তাহারা সমস্তই মিথ্যা। গুরুপাদপদ্ম ব্যতীত সত্যের অবস্থান নাই। সুতরাং যেখানে গুরুপাদপদ্মের সহিত সম্বন্ধের অভাব সেখানে সত্যেরও অভাব। সেখানেই মিথ্যাকে সত্য সাজাইবার দুর্ব্বুদ্ধি।

গৌড়ীয়মঠের সেবকগণই একমাত্র সত্যের সেবা করিতেছেন। আম্নায়বাণীর নাম সত্য-বাণী। আম্নায়-ধারা হইতে বিচ্যুত বাণী সত্য বলিয়া পরিচিত হইলেও তাহা কলির ছলনা বা বঞ্চনা। গুরুপাদপদ্মের—আচার্য্যপাদপদ্মের মহিমা- কীর্ত্তনকারীই সত্যবাদী। এতদ্ব্যতীত সকলেই মিথ্যাবাদী—মায়াবাদী—অসত্যবাদী।

[শ্রী]ল প্রভুপাদের বক্তৃতাবলী

পরমার্থ-সম্পুটের রত্নরাজি

ভিক্ষা :—১ম খণ্ড ৳০; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড ৳০; ৪র্থ খণ্ড —৳০ আনা।

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ
শ্রীধাম-মায়াপুর,
নদীয়া

যৎকিঞ্চিৎ

— —:(*):— —

শ্রীল চক্রবর্ত্তী ঠাকুরের মতে ভক্তাধিকের প্রথম নামোচ্চারণের পরে তাঁহার যে সকল ক্রিয়ার উল্লেখ আছে, ইন্দ্রিয়তর্পণপর সেইগুলি আদরের সহিত গ্রহণীয় বা অনুকরণীয় নহে। পরন্তু ব্যতিরেক-বিচারে তাহাদের পরিত্যাগ করাই কর্ত্তব্য। মুক্ত-পুরুষের ঐগুলি দোষের বিষয় না হইলেও অমুক্ত ব্যক্তির পক্ষে উহা কখনই 'আদর্শ' হইতে পারে না। এই সকল কথা বিচার করিতে গেলে অম্লাক্ষরে এইমাত্র বলা যাইতে পারে যে, নামাপরাধ, নামাভাস ও পরে শুদ্ধনাম—একশ্রেণীর মহাজনের কথা আবার অপরশ্রেণীর মহাজনের কথা এই যে, প্রথমেই মুক্তপর্য্যায়ে নামাভাস ও মুক্তি, তৎপর নাম বা শুদ্ধসেবা উভয়ে সমতাৎপর্য্যবিশিষ্ট হইলেও শেষোক্ত মতের তাৎপর্য্য এই যে, সর্ব্বাগ্রে নামাভাস, পরে ভোগময় ধর্ম্মবর্জ্জিত অপরনিচ্ছাক্রমে দুরাচারাদি অপরাধ-প্রাচীন অনুষ্ঠানের হেয়দর্শন পরিহার পূর্ব্বক উহাকেই ভক্তিপোষক বলিয়া জ্ঞান হইলেও উহা ফলোদয় কালাপেক্ষামাত্র, তৎকলে ঐ অবস্থা হইতে পরিত্রাণকালে তাদৃশ অবস্থার অনধিষ্ঠানে নামভজনারম্ভ দৃষ্ট হয়। এতদুভয় মতই পরস্পর এক উদ্দেশ্য-বিজ্ঞাপক। সুধী পাঠকগণ এবিষয়ে ভাষা ও বিচারের পার্থক্যের প্রতি লক্ষ্য না করিয়া উভয়ের একতাৎপর্য্য গ্রহণ করিলেই নামসাধনপথে অগ্রসর হইতে পারিবেন। পরিশেষে আর একটী দ্রষ্টব্য বিষয় এই যে, ভক্তাধিকের নামোচ্চারণকালে অর্থবাদ বা কল্পনারূপ 'সাক্ষাৎ অপরাধ' ছিল না। সুতরাং ঐ অপরাধদ্বয়ে অপরাধী অনভিজ্ঞ স্মার্ত্তকুলের নামোচ্চারণ কখনই একপর্য্যায়ে বিচারাধীন হইতে পারে না।

শুদ্ধভক্তি-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠ

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীব্রজপত্তনের ভবনে শ্রীচৈতন্যদেব, গান্ধর্ব্বিকা-গিরিধারী, শ্রীশ্রীরাধাকৃষ্ণ, শ্রীগৌর-গোপাল আদি [illegible] বিগ্রহ আছেন। সুপ্রাচীন এবং [illegible] প্রকাশমঞ্জরী আছে।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪২১৫
কলিকাতায় শ্রীভক্তিবিনোদ আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, কীর্ত্তন, ভাগবতের বক্তৃতা বেদান্ত শ্রীমদ্ভাগবতাদি গ্রন্থের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও হারমনিষ্ট পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়।

(৩) যোগপীঠ-মায়াপুর-শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব ভূমি মহাযোগপীঠ।

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং [illegible] বর্ত্তমান।

(৬) মুরারিগুপ্তের পাট

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৭) কাজি-সমাধি-পাট

সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি।

(৮) অনুকূলকৃষ্ণানুশীলনাগার

শ্রীধাম মায়াপুর

(৯) আনন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা।

(১১) সারঙ্গ-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ জাননগর (বর্দ্ধমান)

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মামগাছি, পোঃ জাননগর, (বর্দ্ধমান)
শ্রীব্যাসাবতার ঠাকুর বৃন্দাবনের পাট

(১৩) রুদ্রদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(১৪) [illegible]-গৌড়ীয়মঠাশ্রম

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ

গৌড়পুর, নদীয়া

(১৬) শ্রীনবদ্বীপ গৌড়ীয় মঠ

বাটিতলা—(শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৭) কুঞ্জকুটীর

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

(২০) মহেশ-পণ্ডিতের পাট

কাঠালপুলি, পোঃ চাকদা (নদীয়া)

(২১) রাণাঘাট-গৌড়ীয়মঠাশ্রম

(২২) পুরা গৌড়ীয়মঠ

চব্বিশ পরগণা

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ

নারিন্দা পোঃ ওয়ারি, ঢাকা।
পূর্ববঙ্গের প্রচার-কেন্দ্র।

(২৪) গোপালজীউমঠ

কমলাপুর, পোঃ ঢাকা

(২৫) নিতাই-গৌরাঙ্গ মঠ

পোঃ বালিয়াটি, (ঢাকা)

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

বড়বাজার, পোঃ ময়মনসিংহ

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চক্চকা, কামরূপ (আসাম)

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

৩নং [illegible] বিল্ডিং, দার্জ্জিলিং

(৩০) মায়াপুর-গৌড়ীয়মঠ

পোঃ হরিদ্বার, জেঃ সাহারাণপুর, ইউ, পি

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

[illegible]পুর পাটনা।

(৩২) গয়া গৌড়ীয়মঠ

[illegible] রোড, গয়া

(৩৩) সনাতন-গৌড়ীয় মঠ

৮।১১ বড় গলী, বেনারস সিটি

(৩৪) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

(৩৫) সত্যনারায়ণ মঠ,

পোঃ বিসওয়াঁ, সীতাপুর (ইউ পি)

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠাশ্রম

বিশ্রামঘাট, পোঃ মথুরা

(৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্য মঠশাখা

কিশোরপুর, বৃন্দাবন

(৩৯) ব্রজস্বানন্দ-সুখদকুঞ্জ

পোঃ রাধাকুণ্ড, মথুরা

(৪০) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪১) রাধাকুণ্ড-[illegible]

(৪২) শ্রীগোবর্দ্ধনমঠালয়

গোবর্দ্ধন, মথুরা

(৪৩) নন্দ বিহারী মঠ

নন্দ, মথুরা।

(৪৪) নন্দগ্রাম গৌড়ীয়মঠালয়

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৫) বরষাণা গৌড়ীয়মঠালয়

পোঃ বরষাণা, মথুরা

(৪৬) গোপীবিহারী মঠ—[illegible],

পোঃ [illegible], জেলা গুরগাঁও (পাঞ্জাব)

(৪৭) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

(৪৮) দিল্লী গৌড়ীয় মঠ

৩৩নং [illegible] রোড, নিউ দিল্লী

(৪৯) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়া ট্যাঙ্ক রোড, [illegible]
বোম্বে ৭

(৫০) [illegible]-গৌড়ীয়মঠ

পোঃ [illegible]
[illegible] সেবা

(৫১) রামানন্দ গৌড়ীয়মঠ

পোঃ কভুর, জেলা গোদাবরী, মাদ্রাজ
শ্রীশ্রীমন্মহাপ্রভু-রামানন্দ-মিলনস্থানে [illegible] সেবা

(৫২) [illegible]গৌড়ীয়মঠ

আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)

(৫৩) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা

(৫৪) ভক্তিকুটী—স্বর্গদ্বার পুরী

(৫৫) সীতাকুটী

(৫৬) ত্রিদণ্ডি-গৌড়ীয়মঠ

পোঃ ভুবনেশ্বর, পুরী

(৫৭) সচ্চিদানন্দ মঠ

[illegible], পোঃ কটক। উড়িষ্যা)

(৫৮) বালেশ্বর গৌড়ীয়মঠশাখা

(৫৯) শ্রী[illegible]-গৌড়ীয়-[illegible]

পোঃ রেমুণা, বালেশ্বর

(৬০) ভাগবতজনানন্দ মঠ

চিকশিলা, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর

(৬১) [illegible] গৌড়ীয়মঠ

পোঃ [illegible], মেদিনীপুর

(৬২) আম্লাযোড়া প্রপন্নাশ্রম মঠ

পোঃ রাজবাঁধ (বর্দ্ধমান)

(৬৩) চৈতন্যগৌড়ীয়মঠ

[illegible], পোঃ [illegible], (মানভূম)

(৬৪) রেঙ্গুন গৌড়ীয়মঠ

৭০১ নং [illegible] ষ্ট্রীট, রেঙ্গুন।

(৬৫) লণ্ডন গৌড়ীয়মঠ

ফ্ল্যাট নং ২
৫১, [illegible]রোড
[illegible], লণ্ডন, এস. ডব্লিউ. ৫

(৬৬) গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

১।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা

(৬৭) গৌড়ীয়মঠ অফিস

[illegible] রোড, [illegible] (ইউ-পি)

(৬৮) শ্রীবিদ্যানিধি গৌড়ীয়মঠালয়

জামালখান, চট্টগ্রাম.

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে শ্রী[illegible] বন্দ্যোপাধ্যায় ব্রহ্মচারী-সম্পাদিত
শ্রী[illegible] ব্রহ্মচারী [illegible], ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

-:(*):-

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও ২য় দিনের জন্য	সংবাদের পৃষ্ঠায় পরবর্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও ২য় দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় পরবর্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	।০	৶০	।৶০	।০
" " ইঞ্চি	২৲		১।০	১৲
সিকিকলম	৫৲	৪৲		৩৲
" অর্দ্ধকলম	৮৲	৭৲	৭৲	৫৲
" এক কলম	১৫৲	১০৲	১০৲	

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চি	৬	৪।০
" সিকি কলম	১৫৲	১২৲
" অর্দ্ধকলম	২৫৲	১৮৲
" এক কলম	৩৫৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২॥০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা ৫ ; বিশেষ সংখ্যার ভিন্ন মূল্য।

শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী

———::(*)::———

শ্রীল প্রভুপাদের চতুঃষষ্টিবর্ষপূর্ত্ত্যাবির্ভাব-তিথিতে শ্রীল আচার্য্যদেবের অভীপ্সানুসারে "শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী" প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। ইহাতে পূর্ব্বার্দ্ধ ও উত্তরার্দ্ধ দুইটি বিভাগ আছে। পূর্ব্বার্দ্ধে শ্রীল প্রভুপাদের আদি-প্রবন্ধাবলী শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের সম্পাদিত 'স-সজ্জিনী সজ্জনতোষণী,' শ্রীল প্রভুপাদের 'নিবেদন' সাপ্তাহিক পত্র প্রভৃতি হইতে যথাসার ও প্রয়োজনীয় অর্থের টীকা-সহ প্রকাশিত হইয়াছে। উত্তরার্দ্ধে শ্রীল প্রভুপাদের সম্পাদিত 'সজ্জনতোষণী'র কতিপয় প্রবন্ধ যথাসার প্রকৃতির সহিত মুদ্রিত হইয়াছে। প্রবন্ধগুলি রচনাকালের ক্রমানুসারে গ্রথিত হইয়াছে; এতদ্ব্যতীত শ্রীল আচার্য্যদেবের একটি মূল্যবান্ উপোদ্ঘাত ও সঙ্কলনকারীর একটি বিস্তৃত ভূমিকা, শব্দ-সূচী, গ্রন্থ-পাত্র-শ্লোক ও পয়ার-সূচী প্রভৃতি গ্রন্থে সংযোজিত হইয়াছে। গ্রন্থটী উৎকৃষ্ট কাগজে ত্রিবর্ণচিত্রের সহিত মুদ্রিত ও শ্রীল প্রভুপাদের আলেখ্যাদিদ্বারা ভূষিত ও সুন্দর বাঁধাই হইয়া প্রকাশিত হইয়াছে। প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, জিলা নদীয়া; শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ও শ্রীমাধবগৌড়ীয়মঠ, নদিয়া, পোঃ ঢাকা, ঢাকা।

———

শ্রীল প্রভুপাদের পদ্মপ্রসূন মালা

এই গ্রন্থে ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তি- সিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের রচিত পদ্যাবলী শ্রীল আচার্য্যদেবের বিরচিত "গৌরব" নামক ভাষ্যের সহিত প্রকাশিত হইয়াছে। শ্রীল প্রভুপাদের অনেক অপ্রকাশিত পদ্য ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। ভিক্ষা মাত্র ।০ আট আনা।

শ্রীধাম-মায়াপুরে

——(*)——

"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট"

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে। বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে মাত্র ৬৲ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন্ পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। বর্ত্তমান বর্ষে ১৬ জন বালকের মধ্যে ১৫ জন ভালভাবে উত্তীর্ণ হইয়াছে।

মেধাবী ছাত্রগণের আরও সুবিধা

পরীক্ষায় যাহারা শতকরা ৭৫ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ সচ্চরিত্র বিনয়ী ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট,
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

———

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক-সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতিসুন্দরভাবে আলোচিত হইয়াছে। এই এক অপূর্ব্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

———

চৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত অতিসুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত ইহার ভিক্ষা মাত্র ৩৲ টাকা। প্রাপ্তিস্থান শ্রীযুত নন্দকিশোর ভক্তিশাস্ত্রী, শ্রীযোগপীঠ, শ্রীধাম, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

———

শ্রীশ্রীসরস্বতী-সংলাপ

প্রথম খণ্ড

শ্রীশ্রীব্রজমাধ্ব গৌড়ীয়সম্প্রদায়ৈকসংরক্ষক জগদ্গুরু পরমহংসকুলচূড়ামণি নিত্যলীলা-প্রবিষ্ট ১০৮শ্রী শ্রীমদ্ ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামি-প্রভুপাদ বিভিন্ন জিজ্ঞাসু ও অনুগত সজ্জনবৃন্দের পরিপ্রশ্নোত্তরে ও সন্দেহ-নিরাকরণকল্পে যে-সকল শুদ্ধভক্তিসিদ্ধান্তবাণী কীর্ত্তন করিয়াছেন, যাহা তাঁহার প্রকটকালেই 'গৌড়ীয়'-সম্পাদক শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ প্রভুপাদেরই শ্রীচরণে সংশোধিত করাইয়া রাখিয়াছিলেন এবং যাহার কিয়দংশ গৌড়ীয়পত্রে প্রকাশিত হইয়াছে, তাহা "শ্রীশ্রীসরস্বতী-সংলাপ" নাম ধারণপূর্ব্বক শ্রীল প্রভুপাদের 'বক্তৃতাবলী' ও 'পত্রাবলী' আকারে খণ্ডে খণ্ডে প্রকাশিত হইতেছেন। বর্ত্তমানে শ্রীল প্রভুপাদের প্রথমবার্ষিক বিরহতিথিপূজা-বাসরে এই গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছেন। মানবজীবনের বহু অমীমাংসিত সমস্যা ও জটিল প্রশ্নের সমাধান ইহাতে পাওয়া যাইবে। ভক্তগণের পারমার্থিক উন্নতির জন্য এই গ্রন্থ সংগ্রহ একান্ত প্রয়োজন।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপদেশক পাণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর ভাজনাস্রী সম্প্রদায়-বৈষ্ণবাচার্য্য এম-এ মহোদয়ের গ্রেষণা এবং পরিপক্ব লেখনীর অদ্ভুত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত্র-পাঠে ধন্য হউন। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিভিন্ন চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৩০শ অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্ত্তার ভূমিকাদ্বয় (Preaces), বিষয় তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র-(Index Glossary) সহ প্রথমখানি প্রকাশিত। ভিক্ষা—১৫, পনর টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, চায়নাট্রী মাদ্রাজ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

'ঠাকুর ভক্তিবিনোদ'

——:(•):——

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি-প্রচারের মূল মহাজন সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অভিনব্য জীবনচরিত এতাবৎকাল পর্য্যন্ত গ্রন্থাকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয়মঠাচার্য্যবর্য্যের অনুজ্ঞায় পরবিদ্যাবিভূষিত সু-লেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু মূল্যবান শিক্ষামালাও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১২৫ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৸৹ আনা; ডাক মাশুল স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান—ম্যানেজার গ্রন্থবিভাগ

শ্রীগৌড়ীয়মঠ

পোঃ বাগবাজার

কলিকাতা

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

——:(•):——

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু গ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১৩।১নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত; এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

ই. বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ ৫-৩৬ ৬ ২৬ ৭-০৬ ১২-২৬ ১৪-৫৬ ১৬-৫৬ ১৭-৫৬ ২২-২৬
রাণাঘাট পৌঃ ৮-২৮ ১৪-১৫
(বদল) ছাঃ ৯-৩৩ ১৪-৫০
কৃষ্ণনগর পৌঃ ৭-১ ৮-৪৫ ১০-৮ ১৫-২৩ ১৭-২৮ ১৯-০৮ ২০-১৬ ১-৪২
(বদল) ছাঃ ৭-১২ ১০-৩১ ১৭-৩৮ ২০-২৬
নবদ্বীপঘাট পৌঃ ৭-৫১ ১১-১০ ১৮-১৬ ২১-৫

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ ১১-৬
রাণাঘাট পৌঃ ১২-৫৫
ছাঃ ১৩-০
শান্তিপুর পৌঃ ১৩-২৬
(বদল) ছাঃ ১৩-৩১ (শাটল্ রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ ১৪-১৭
ছাঃ ১৪-৩০
নবদ্বীপঘাট পৌঃ ১৫-১০

ডাউন

নবদ্বীপঘাট ছাঃ ৫-৪৫ ৯-১০ ১৩-৩১ ১৬-০ ১৮-৩১
কৃষ্ণনগর পৌঃ ৬ ২৩ ৯-১৬ ৯-৪৮ ১১-৫১ ১৪-১০ ১৬-৩৮ ১৯-১১ ২১-১০
ছাঃ ৩-৩৬ ৭-১৮ ১০-১১ ১৬-৫৫ ১৯-২৫
রাণাঘাট পৌঃ ১০-৪৬ ১৭-৩০
(বদল) ছাঃ ১১-১ ১৭-৪০
কলিকাতা পৌঃ ৬-১৬ ৯-২১ ১১-৫১ ১২-১৬ ১৪-১৬ ১৯-১১ ২১-৪১ ২৩-৩৭

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ ১৩-৩১ ১৬-০
কৃষ্ণনগর পৌঃ ১৪-১০ ১৬-৩৮
ছাঃ ১৫-২৮ ১৭-৩৩
শান্তিপুর পৌঃ ১৬-৯ ১৮-১৪
(বদল) ছাঃ ১৬-৩৩ ১৮-২৫ (শনিবার ভিন্ন) ২০-৪০ (শনিবার)
রাণাঘাট পৌঃ ১৭-১০ ১৮-৫০ ২১-১৫
(বদল) ছাঃ ১৭-৪৩ ১৯-১৪ ২১-৫০
কলিকাতা পৌঃ ১৯-১১ ২০-৪০ ২৩-৩৭

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

ম্যালেরিয়ার পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাটতি এত অত্যন্ত অধিক। শিতার সীল সংযুক্ত কাগজের এবং মূতন ... গ্রহণ করে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। ... ছোট বোতল ৷৵৹ দশ আনা, বড় বোতল ১৷৹ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

—৭১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা

অথবা

পোঃ বেহালা, ২৪ পরগণা।

পোঃ—শ্রীমায়াপুর
টেলিগ্রাম—'শ্রীধাম
শ্রীমায়াপুর'

REGD NO C 1544

দৈনিক নদীয়াপ্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৪শ খণ্ড] শ্রীমায়াপুর—২৬শে ১৩৪৬ আষাঢ় ১১ই জুলাই, ১৯৩৯, মঙ্গলবার । ১১৩শ সংখ্যা

বিবিধ সংবাদ

—::(•)::—

নদীর পাড় ভাঙ্গিয়া পড়ায় মৃত্যু

চাকুলিয়ার অন্তর্গত গোয়ালবাড়ী হইতে একটি শোচনীয় মৃত্যু-সংবাদ পাওয়া গিয়াছে। প্রকাশ, গোয়ালবাড়ী নিবাসী মহম্মদ বকবুল সেখ নদীতে স্নান করিতে গিয়া নদীর ধারে একটি চাপের উপর বসিয়া মুখ ধৌত করিতে থাকে। হঠাৎ চাপটি ভাঙ্গিয়া বকবুল নদীর মধ্যে পড়িয়া যায়। পড়িয়া যাওয়ার পর তাহাকে আর দেখিতে পাওয়া যায় না।

———

জার্ম্মানীর প্রতি সাবধান বাণী

ব্রাডফোর্ড অঞ্চলে এক বক্তৃতায় মিঃ এন্টনী ইডেন বলেন, "সমস্ত গবর্ণমেন্ট যতক্ষণ না চূড়ান্তভাবে বুঝিবে যে, আর আক্রমণাত্মক কার্য্য করিলেই সমগ্র ইউরোপ জড়িত হইয়া পড়িবে, ততক্ষণ অবস্থা ভাল দিকে যাইবে না। এইটাই মূল কথা। যাহারা ক্ষমতায় দায়িত্বে অধিষ্ঠিত তাঁহাদের বুঝিতে হইবে যে, ইউরোপে অবাধনীতির সময় চলিয়া গিয়াছে এবং আন্তর্জাতিক শৃঙ্খলার একটা ব্যবস্থা প্রতিষ্ঠায় তাঁহাদের সহযোগিতা করিতে হইবে তাহা যদি তাঁহারা না করেন, তবে পরবর্ত্তী আক্রমণাত্মক কার্য্যে সমগ্র ইউরোপ যুদ্ধে যোগ দিবে।"

মিঃ ইডেন বলেন যে, বৃটিশ জনসাধারণের সকলেই শান্তি চায়; কিন্তু তাহারা তাহাদের মন এইভাবে স্থির করিয়া ফেলিয়াছে—অনুরূপ প্রয়োজনে বিপদ আপদের কালে তাহারা সহযোগিতা করিতে ও আলাপ-আলোচনা চালাইতে রাজী আছে কিন্তু সমানভাবে তাহারা এ বিষয়েও দৃঢ়সঙ্কল্প যে, নীতি প্রদর্শনের নিকট দুর্বলতা দেখান হইবে না বা অস্ত্রবলের নিকট কোন সুবিধা ছাড়া হইবে না।

তিনি বলেন, "আমাদের সম্মুখে যে চ্যালেঞ্জ দেখা দিয়াছে, তাহার প্রকৃতি সম্বন্ধে আমাদের জাতি সম্পর্কে সচেতন। আমরা সঙ্কট যুগের মধ্য দিয়া যাইতেছি, কিন্তু এই কোনও বৃটিশ জাতিকে সন্ত্রস্ত করিতে পারিবে না। আতঙ্ক সৃষ্টি করিয়া আমাদিগকে কাবু করা যাইবে বা হুমকি দিয়া আমাদিগকে দাবান যাইবে—এরূপ ধারণা পোষণ করা অত্যন্ত বিপজ্জনক ভ্রান্তি-বিলাস।"

দিল্লীতে ট্রামগাড়ী বয়কট

দিল্লী ইলেক্ট্রিক এণ্ড ট্রামওয়ে কোম্পানী সহরের কোন কোন অঞ্চলে এ সি কারেন্ট সরবরাহ করে এবং বিদ্যুতের দাম বেশী লয় বলিয়া দিল্লী মিউনিসিপ্যাল বিক্ষোভ কমিটি ব্যাপকভাবে ট্রাম বয়কটের আন্দোলন আরম্ভ করিয়াছে। পুলিশ পাহারায় খালি ট্রামগাড়ীগুলি যাতায়াত করিতেছে। কর্তৃপক্ষ বিশেষ সাবধানতামূলক ব্যবস্থা অবলম্বন করিয়াছে। বিক্ষোভ কমিটির ট্রামের মোড়ে মোড়ে স্বেচ্ছাসেবক মোতায়েন করিয়াছে।

কংগ্রেস অফিসে দিল্লী প্রাদেশিক কংগ্রেস কমিটির সহকারী সভাপতি মৌলানা নুরুদ্দীনবিহারীকে দণ্ডবিধির ৩৫১ ধারা অনুসারে গ্রেপ্তার করা হইয়াছে। ট্রামওয়ে বয়কট করিতে অনুরোধ করিয়া বক্তৃতা করার অভিযোগে তাঁহাকে গ্রেপ্তার করা হইয়াছে বলিয়া প্রকাশ।

———

প্রবাসী ভারতীয়দের দাবী

"অন্ততঃ সাম্রাজ্যের ভিতরে ভারতবাসীদের প্রতি সুবিচার ও সদ্ব্যবহার করা সমর্থনে ভারতবর্ষের শ্বেতাঙ্গ সম্প্রদায়ের উচিত—ভারতের এই ন্যায়সঙ্গত দাবীর সমগ্র প্রভাব প্রয়োগ করা উচিত।"

স্বরাজ সমিতির দক্ষিণ ভারতীয় শাখার সরকারী মুখপত্র 'সাউথ ইণ্ডিয়ান বুলেটিন' পত্রিকায় 'প্রবাসী ভারতীয়' শীর্ষক সম্পাদকীয় প্রবন্ধে উপরোক্ত মন্তব্য করা হইয়াছে।

সম্পাদকীয় প্রবন্ধে ইউনিয়ন পার্লিয়ামেন্টে 'এসিয়াটিক বিল'-এর আলোচনা করা হইয়াছে। তাহাতে বলা হইয়াছে যে, উদারদৃষ্টি লইয়া দেখিতে গেলে, এসিয়াটিক বিল এবং দক্ষিণ আফ্রিকার জাতীয়তাবাদী দলের মনোভাব, সাম্রাজ্যের ঐক্যের পক্ষে ঘোরতর বিপজ্জনক। যে সময় নিষ্ঠুর অভিযানের ফলে বৃটিশ জাতি সংঘের অস্তিত্ব বিপদাপন্ন হইয়া উঠিয়াছে। সেই সময় দক্ষিণ আফ্রিকা জাতিবিদ্বেষের আগুনে বৃথা ইন্ধন যোগাইবে, ইহা অত্যন্ত দুর্ভাগ্যের কথা। ভারতবর্ষ কি করিতে পারে, তাহা বলা কঠিন। কারণ প্রতিবাদ প্রায় নিষ্ফল হইবে এবং দক্ষিণ আফ্রিকার ভারতীয় সম্প্রদায়ের পক্ষে ইহা ক্ষতিজনক হইবে। যেখানে সাম্রাজ্য সম্পর্ক গুরুতর প্রশ্ন এমন গভীরভাবে জড়িত, সেখানে বক্তা কথায় কিছুই হইবে না। মনে হয়, এই সম্পর্কে ব্রিটিশ গবর্ণমেন্টের খাঁটি মনোভাব কি তাহা জানা দরকার।

অতঃপর ঐ প্রবন্ধে বলা হয়, "জিজ্ঞাসা করা যাইতে পারে যে, প্রবাসী ভারতীয়দের সমস্যার সহিত ভারতবর্ষের শ্বেতাঙ্গ সম্প্রদায়ের কি সম্পর্ক আছে। ইহার প্রথম উত্তর এই যে, এই দেশে শ্বেতাঙ্গগণ বৈষম্যমূলক ব্যবহার বিরুদ্ধে লড়াই করিয়াই আইনের আশ্রয় লাভ করিয়াছেন এবং এই কারণেই ভারতবর্ষ যখন সাম্রাজ্যের অপরাংশের প্রবাসী ভারতীয়দের রক্ষার উদ্দেশ্যে সংকীর্ণ জাতীয়তাবাদ ও জাতিবিদ্বেষের কুফলের বিরুদ্ধে সংগ্রাম করিতেছেন, সেই সংগ্রামে তাঁহারা ভারতবর্ষকে সমর্থন করিতে সম্মত হবেন।"

———

একজন নিহত ও কয়েকজন আহত

ভাগলপুর জেলার বাঁধীপুরার একখণ্ড জমি লইয়া বিরোধের ফলে বিষম দাঙ্গা বাধে। এই দাঙ্গায় একজন নিহত এবং কয়েকজন আহত হইয়াছে বলিয়া প্রকাশ।

সংবাদে আরও প্রকাশ, দাঙ্গার সময় বন্দুকের গুলি চলিয়াছিল।

———

নাঙ্গা পর্ব্বত অভিযান

গত বৎসর নাঙ্গা পর্ব্বত আরোহণের জন্য যে জার্ম্মাণ অভিযাত্রীদল ভারতে আসিয়াছিলেন, তাঁহাদের নেতা পলবয়ার 'অল্ আমির ভাইতুং' পত্রিকার প্রতিনিধির নিকট বলেন যে, ১৯৪০ সালে আর একটি জার্ম্মাণ অভিযাত্রীদল পুনরায় নাঙ্গা পর্ব্বত আরোহণের চেষ্টা করিবে।

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক। প্রতি একাদশীতে প্রকাশিত হয়। কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। সডাক ভিক্ষা ৪৷৹ টাকা মাত্র।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৷৹ টাকা মাত্র।

৩। ভাগবত—বিহারের একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷৹ টাকা মাত্র

৫। শ্রীগৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷৹ মাত্র।

পরমগুরু শ্রীগৌরকিশোর

গৌড়ীয়-সম্পাদক-লিখিত, শ্রীগৌড়ীয়মঠাচার্য্যের ভূমিকা-সম্বলিত, বহুচিত্র-শোভিত ও বিবিধ তথ্য সম্বলিত "পরমগুরু শ্রীগৌরকিশোর" গ্রন্থরাজ প্রকাশিত হইয়াছেন। এই গ্রন্থরাজে শুদ্ধগৌড়ীয়বৈষ্ণবগণের পরমারাধ্য, গৌড়ীয়গৌরবশিখামণি অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ নিত্যলীলাপ্রবিষ্ট পরমহংস ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল গৌরকিশোরদাস গোস্বামী প্রভুবরের অলৌকিক চরিতকথা বর্ণিত আছে।

শ্রীশ্রীভক্তিবিনোদাবির্ভাব-শতবর্ষপূর্ত্তিতিথিপূজার উপায়ন-গ্রন্থমালা

——:(৹):——

১। গীতিসাহিত্যে শ্রীভক্তিবিনোদ

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র গীতিসাহিত্যের সমালোচনা-গ্রন্থ)

ভিক্ষা—৸৹ বার আনা মাত্র।

২। শ্রীভক্তিবিনোদবাণীবৈভব

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের রচনামৃতসাগর হইতে আহৃত ১০৮টি অধ্যায়ে সম্বন্ধ-অভিধেয় প্রয়োজনাকারে গুম্ফিত অমূল্য উপদেশপূর্ণ গ্রন্থ)

ভিক্ষা—৩৲ তিন টাকা মাত্র।

৩। শ্রীশ্রীভক্তিবিনোদ-প্রসঙ্গ

ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ ও ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামীপ্রভু-বিরচিত এবং গৌড়ীয়ে প্রকাশিত শ্রীশ্রীভক্তিবিনোদ-চরিত-প্রসঙ্গ

ভিক্ষা—৷৴৹ ছয় আনা মাত্র।

৪। ছাত্রদের ভক্তিবিনোদ

(ছাত্রদের উপযোগী ভাষায় লিখিত শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্র ও শিক্ষা)

ভিক্ষা—৸৹ বার আনা মাত্র।

(ছাত্রদের পক্ষে ভিক্ষা—৷৹ আট আনা মাত্র)

প্রাপ্তিস্থান :—

(১) 'ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট', পোঃ শ্রীমায়াপুর, নদীয়া;

(২) শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা;

(৩) শ্রীযুক্ত সুপতিরঞ্জন নাগ এম্‌-এ, বি-এল্‌, পুরাণপল্টন, পোঃ রমনা, ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

অক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্,—সমগ্র ৪০৲

প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ২৮৲

দশম স্কন্ধ—

২। তাম্রবর্ণ বিরাট্ শ্রীচৈতন্যভাগবত (বাঁধা) ৬৲

৩। তাম্রবর্ণ শ্রীচৈতন্যচরিতামৃত ৬

৪। সহযোগী কর্মী (বাঁধা) ৪৲

৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী

১ম খণ্ড ৸৹; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸৹

৪র্থ খণ্ড—৸৹

৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী

১ম খণ্ড—৸৹; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸৹

৭। শ্রীচৈতন্যদেব ১৲

৮। সৎক্রিয়াসার দীপিকা ও সংস্কার দীপিকা ১৷৹

৯। বৈষ্ণবধর্ম্ম ২৲

১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲

১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲

১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲

১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸৹

১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ৷৹

১৫। বৈষ্ণবসাহিত্যে বিবর্ত-তত্ত্ব ৷৹

১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸৹

১৭। চৈতন্যোপনিষৎ ৷৹

১৮। বামন-আলবর ৷৹

১৯। তত্ত্ববিবেক ৷৹

২০। গৌড়ীয় গৌরব ৷৶৹

২১। গৌড়ীয়সাহিত্য ৷৶৹

২২ অর্চ্চন রহস্য ৷৹

২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲

২৪। গীতা (শ্রীবলদেব-টীকা সহ) ৩৲

২৫। গীতা (চক্রবর্ত্তি টীকাসহ) ২৲
(বাঁধা) ১৲

২৬। গীতার কেবল মাধ্ব-ভাষ্য ৷৹

২৭। দুর্গমসঙ্গমনী গৌড়ীয় (সানুবাদ) ২৲

২৮। বেদান্ততত্ত্বসার (সানুবাদ) ৷৹

২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ)
(বাঁধা) ৸৹

৩০। দীপ-দিগ্-দর্শন ৶৹

৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ৷৶৹

৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ৷৹

৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸৹

৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶৹

৩৫। গীতমালা ৴১৹

৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৶৹

৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৶৹

৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ৷৹

৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমায় ৷৹

৪০। শরণাগতি ৴৹

৪১। গীতাবলী ৴৹

৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸৹

৪৩। সাধনতত্ত্ব ৴৹

৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ৴

৪৫। নবদ্বীপশতক

৪৬। অর্চ্চনকল্প

৪৭। সদাচারস্মৃতিঃ ৹/

৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৴১৹

৪৯। অর্চ্চনকণ ৴১৹

৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম ও ২য়) ৬৲

৫১। ব্রহ্মসংহিতা ৷৹

৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ৷৹

৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸৹

৫৪। পুরুষার্থ-বিনির্ণয় ৷৹

৫৫ জৈবধর্ম্মাবলী বা মায়াবাদশতদূষণী ৷৹

৫৬ ভারতবর্ষ ও ভক্তিপথ ৶৹

৫৭। ঈশোপনিষৎ (ভাষ্যান্বিত) ৷৹

৫৮। শ্রীকৃষ্ণলেখা ৶৹

৫৯। সিদ্ধান্তদর্পণ ৶৹

৬০। সংখ্যাবাণী ৴৹

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ

৬২। সিদ্ধান্ত-সরস্বতী বিজিগীষাঃ

৬৩। সটীক-শিক্ষাদশমূলম্ ৷৹

৬৪। তত্ত্বসূত্রম্ ৷৹

৬৫। সানুবাদ শিক্ষাষ্টকম্ ৶৹

৬৬। গৌড়ীয়মঠপরিচয়ঃ ৴৹

৬৭। মায়াবাদশতদূষণম্ ৶৹

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ৷৹

৬৯। এ ফিউ ওয়ার্ডস অন বেদান্ত ৷৹

৭০। নামভজন ৴৹

৭১। বেদান্ত—ইট্‌স্ মর্ফলজী অ্যাণ্ড অণ্টলজি ৷৹

৭২। রিলেটিভ ওয়ার্ল্ড্‌স ৷৶৹

৭৩। লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস অব শ্রীচৈতন্য মহাপ্রভু ৷৹

৭৪। বৈষ্ণবিজম ৷৹

৭৫। কোয়াট গৌড়ীয়মঠ ইজ ডুইং ৴৹

৭৬। দি ভাগবত

৭৭। ইরোটিক প্রিন্সিপাল অ্যাণ্ড আনঅ্যালয়েড ডিভোশন

৭৮। ব্রহ্মসংহিতা ২৷৹

৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (প্রথম খণ্ড) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ৷৹

৮১। সাধন-পথ ৷৹

৮২। কল্যাণ-কল্পতরু ৶৹

৮৩। গীতাবলী ৴৹

৮৪। শরণাগতি ৴৹

তামিল ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ৴৹

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

একমাত্র পারমার্থিক দৈনিক-পত্র

শ্রীধাম-মায়াপুর-নদীয়া

১৩শ বর্ষ { ১০ শ্রীধর ৪৫৩ গৌরাব্দ, ২৬শে আষাঢ় বঙ্গাব্দ ১৩৪৬, ১১ই জুলাই খৃঃ ১৯৩৯, মঙ্গলবার } ১১৩শ সংখ্যা

সাময়িক প্রসঙ্গ

কুচবিহারে প্রচার

শ্রীশ্রীবিশ্ববৈষ্ণবরাজসভার অন্যতম প্রচারক উপদেশক পণ্ডিত শ্রীপাদ মথুরানাথ দাস ভক্তিশাস্ত্রী মহোদয় গৌড়ীয় আচার্য্য-ভাস্কর ও বিষ্ণুপাদ পরমহংস পরিব্রাজকাচার্য্য অষ্টোত্তরশতশ্রী শ্রীশ্রীমদ্ অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী প্রভুপাদের আনুগত্যে ইতঃপূর্ব্বে রংপুর জেলার বিভিন্ন স্থানে শ্রীমন্মহাপ্রভুর কথা প্রচার করিয়া বর্ত্তমানে কুচবিহার জেলার বিভিন্ন স্থানে শ্রীচৈতন্যবাণী প্রচার করিতেছেন।

ভক্তিশাস্ত্রীজী কুচবিহার সার্ব্বজনিক সভা গত ১৮ই আষাঢ় হইতে ২০শে আষাঢ় পর্য্যন্ত ৩ দিবস যথাক্রমে 'সার্ব্বজনীন ভাগবতধর্ম্ম', 'শ্রীমহাপ্রভুর শিক্ষা' ও 'শ্রীচৈতন্যদেবের দানের বৈশিষ্ট্য' বিষয়ে তিনটী হৃদয়গ্রাহিণী বক্তৃতা প্রদান করিয়া শ্রোতৃমণ্ডলীর চিত্ত আকর্ষণ করিয়াছেন। তথাকার প্রচারকার্য্য শেষ করিয়া পণ্ডিতজী হরিকথা প্রচারার্থ অন্যত্র গমন করিয়াছেন।

জাণ্টাফুলে প্রচার

শ্রীচৈতন্যমঠের অন্যতম শাখা মঠ শ্রীগৌড়ীয়মঠের সেবকবৃন্দ পরমারাধ্যতম শ্রীল আচার্য্যদেবের একান্ত আনুগত্যে মঠে নগরীর বিভিন্ন স্থানে তথা সহরের বাহিরেও বহু স্থানে শুদ্ধভক্তিসিদ্ধান্ত-বাণী কীর্ত্তন করিতেছেন।

গত ১লা জুলাই শনিবার দিবস সাণ্টাক্রুজ-প্রবাসী সজ্জনপ্রবর মিঃ কেদারনাথ ভার্গব বি-এ মহোদয়ের বিশেষ আহ্বানে মঠসেবকবৃন্দ অপরাহ্ণ ৫। ঘটিকার সময় তাঁহার গৃহে উপস্থিত হন। ভার্গব মহোদয় মঠসেবকগণকে বিশেষভাবে সম্বর্দ্ধনা করেন। সকলে উপবেশন করিলে পর সভামধ্য হইতে কতিপয় সজ্জন ও শ্রদ্ধাবান্ ব্যক্তি প্রশ্ন করেন যে, ভগবান্ আমাদিগকে কেন সৃষ্টি করিয়াছেন এবং আমরা যে বর্ত্তমানে দুঃখ ভোগ করিতেছি তজ্জন্য দায়ী কে? এবং কি উপায় অবলম্বন করিলে আমরা এই দুঃখের হাত হইতে নিস্তার পাইতে পারি? উপদেশক শ্রীপাদ নিতাইদাস ব্রহ্মচারী রাধানগর ভক্তিশাস্ত্রী মহোদয় বলেন যে, এই সমস্ত প্রশ্ন অদ্যকার পাঠের অনুযায়ী হইয়াছে সুতরাং পাঠের মধ্যেই উক্ত প্রশ্নের সমাধান হইয়া যাইবে। তৎপরে ব্রহ্মচারিবৃন্দ শ্রীশ্রীগুরুবৈষ্ণব-বন্দনান্তর দশাবতার-স্তোত্র, 'যশোমতীনন্দন' প্রভৃতি মহাজনপদাবলী কীর্ত্তন করিলে পর ভক্তিশাস্ত্রীজী শ্রীমদ্ভাগবতের অজামিল উপাখ্যান হইতে বিষ্ণুদূতগণ কর্ত্তৃক পরাজিত যমদূতগণের শ্রীয় প্রভু ধর্ম্মরাজ যমের নিকট কথিত প্রশ্নের ধর্ম্মরাজ যে সমস্ত উত্তর প্রদান করিয়াছিলেন তদবলম্বনে প্রায় ২ ঘণ্টাকাল হিন্দী ভাষায় ব্যাখ্যামুখে পূর্ব্বকথিত প্রশ্নের সদুত্তর প্রদান করেন। তাঁহার শাস্ত্রযুক্তিপূর্ণ সদুত্তর শ্রবণ করিয়া সভাগত সকলেই বিশেষ সন্তুষ্ট হন। পাঠের আদি ও অন্তে বহুক্ষণ যাবৎ মহাজন কীর্ত্তন হইবার পর সভা ভঙ্গ হয়। বহু উচ্চশিক্ষিত ভদ্রমহোদয় ও মহিলাবৃন্দ সভায় উপস্থিত ছিলেন।

গত ২রা জুলাই রবিবার বম্বে সহরের প্রসিদ্ধ ব্যবসায়ী সাণ্টাক্রুজপ্রবাসী সজ্জনপ্রবর শেঠ. এস. কে. চোক্‌সীজী মঠ সেবকগণকে পাঠ-কীর্ত্তনের জন্য তাঁহার গৃহে আহ্বান করেন। তাঁহার সাদর আহ্বানে মঠসেবকবৃন্দ বেলা ৪।০ ঘটিকার সময় তাঁহার সাণ্টাক্রুজস্থ নব-নির্ম্মিত বাসভবনে উপস্থিত হন।

ব্রহ্মচারিবৃন্দ আসন গ্রহণ করিলে পর চোক্‌সী মহোদয় পরিবারবর্গ সহ স্বয়ং চন্দন এবং পুষ্পাদি দ্বারা শ্রীমদ্ভাগবতের অর্চ্চন করেন। তৎপরে ব্রহ্মচারিবৃন্দ সমবেতকণ্ঠে শ্রীগুরুবৈষ্ণব-বন্দনান্তর দশাবতার স্তোত্র প্রভৃতি মহাজনপদাবলী কীর্ত্তন করেন।

পরে শ্রীপাদ পতিতপাবন ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রীজী প্রায় ১।০ ঘণ্টাকাল গুজরাটী ভাষায় শ্রীমদ্ভাগবতের স্বরূপ, শ্রোতা ও বক্তার স্বরূপ এবং ভগবান্‌কে কি ভাবে জানা যায়, আমাদের দুঃখের মূলকারণ কি, কিরূপেই বা এই দুঃখের হস্ত হইতে উদ্ধার লাভ করা যায়, একমাত্র সদ্গুরুর কৃপাতেই যে এই সমস্ত অসুবিধার হাত হইতে ছুটী লাভ করিয়া শ্রীভগবান্‌কে লাভ করা যায় প্রভৃতি বিষয় বহুক্ষণ কীর্ত্তন করেন। পাঠান্তে "ভজহুঁরে মন শ্রীনন্দনন্দন" এবং মহাজন কীর্ত্তন হয়। ব্রহ্মচারীজীর মুখে এই সমস্ত শাস্ত্রসিদ্ধান্ত-সম্বলিত সদ্যুক্তি-সমূহ শ্রবণ করত সকলেই বিশেষ আনন্দিত হন এবং পুনরায় এই সমস্ত কথা শুনিবার জন্য বিশেষ আগ্রহ প্রকাশ করেন। এই দিবস বহু শিক্ষিত ও সম্ভ্রান্ত ভদ্রমহোদয় ও মহিলাবৃন্দ উপস্থিত ছিলেন। বিপুল ঐশ্বর্য্যের অধিকারী হওয়া সত্ত্বেও চোক্‌সী মহোদয় ও তাঁহার ভ্রাতার বিনয়-নম্র ব্যবহার সত্যই প্রশংসনীয়। অতঃপর তাঁহারা মোটরে করিয়া ব্রহ্মচারিগণকে মঠে পৌঁছাইয়া দেন।

ময়মনসিংহে প্রচার

গৌড়ীয়বৈষ্ণবাচার্য্য ওঁবিষ্ণুপাদ পরমহংস অষ্টোত্তরশতশ্রী শ্রীশ্রীমদ্ গুরুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী মহারাজের পূর্ণানুগত্যে শ্রীজগন্নাথ-গৌড়ীয়মঠের সেবকগণ পরমোৎসাহে সেবাকার্য্যাদি করিতেছেন। প্রত্যহ প্রাতে মঙ্গলারাত্রিক কীর্ত্তন, গুরুবন্দনা, ভাগবত-পাঠ, মধ্যাহ্নে ইষ্টগোষ্ঠী, সন্ধ্যায় আরতি-কীর্ত্তন ও শ্রীচৈতন্যচরিতামৃত পাঠ নিয়মিত-ভাবে হইতেছে।

স্থানীয় খ্যাতনামা উকিল পরলোকগত শ্রীযুক্ত বঙ্কিমচন্দ্র রায় এম-এ, বি-এল মহোদয়ের পুত্রগণের সাদর আহ্বানে শ্রীজগন্নাথগৌড়ীয়মঠের সেবক শ্রীপাদ মধুসূদন দাসাধিকারী ভক্তিশাস্ত্রী এম-এ, বি-এল মহোদয় কতিপয় ব্রহ্মচারী সহ তাঁহাদের ভবনে উপস্থিত হইয়া শ্রীমদ্ভাগবত হইতে অজামিল উপাখ্যান পাঠ ও ব্যাখ্যা করেন। তাঁহার যুক্তিপূর্ণ পাঠ শ্রবণ করিয়া সকলেই আনন্দিত হন। পাঠের আদি ও অন্তে মহাজনপদাবলী কীর্ত্তন হয়।

"শিক্ষা যাঁদের মনের মত না হ'লে যাঁকে বরখাস্ত করতে পারি কিম্বা যাঁকে দিয়ে আমার কদর্য্যচেষ্টা দুষ্টা-বুদ্ধির সমর্থন করিয়ে নিতে পারি, তাঁকে 'আচার্য্য বা 'গুরু' বলা যায় না।"

(শ্রীল প্রভুপাদ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

১০ শ্রীধর [illegible] প্রদ্যুম্ন গৌরাব্দ ৪৫৩

যৎকিঞ্চিৎ

——::(৩)::——

জগৎ—জগদীশের। এ জগতের যা' কিছু সবই কৃষ্ণ-ভোগ্য—কৃষ্ণ-ভোগ্য। কৃষ্ণই জগদীশ্বর। কৃষ্ণই জগৎপিতা। সবই কৃষ্ণভোগ্য; সুতরাং সকল বস্তুই আমার গুরু অর্থাৎ পূজনীয়—সেব্য। আর নিজে লঘু—সেবক—কৃষ্ণভোগ্য; সুতরাং গুরু-সেবা ছাড়া আমার আর কোন কাজ নাই। লঘুবুদ্ধি—অপরকে নিরপেক্ষ ভাবজ্ঞান। অন্যকে নিরপেক্ষ ভোক্তৃজ্ঞান যেখানে, কৃষ্ণভোগ্যকে নিজ-ভোগ্যজ্ঞানের কল্পনা যেখানে, গুরু-বস্তুতে লঘুবুদ্ধি যেখানে, অপরকে নিজ-সেবায় লাগাইবার ধৃষ্টতা যেখানে, সেইখানেই বিপদ, সেইখানেই অপরাধ, সেইখানেই দর্শন-ভ্রান্তি। সকল বস্তুকে কৃষ্ণসেবার উপকরণরূপে দর্শন না হইলেই তাহা কুদর্শন। অন্যের কুদর্শন নাই, তাহার সর্ব্বত্র কৃষ্ণদর্শন, চেতনদর্শন। 'সবে কৃষ্ণভজন করে এইমাত্র জানে।' আবার ভোগোন্মুখতার জন্য তাঁহারা আমার নিকট আত্মগোপন করিয়াছেন, প্রকৃত স্বরূপ প্রকাশ করিতেছেন না। তাঁহারা কৃপা করিয়া রূপ দেখাইলেই আমরা তাঁহাদের সেবকরূপ দেখিতে পাইব। ভোগোন্মুখ যাবৎ জগৎপূজ্য সাধুগণকে দেখিতে পায় না, তাঁহাকে নিজভোগ্য কল্পনা করিয়া সর্ব্বনাশ বরণ করে। আর [illegible] সাধুগণের সেবা নিজে করিয়া জগৎকে দেখাইবার [illegible] ভোগোন্মুখ ও সেবোন্মুখের বিচারে আকাশপাতাল তফাৎ। সেবোন্মুখের বিচারই ঠিক, তাহাতে ভ্রান্তি নাই কিন্তু ভোগোন্মুখের স্বরূপজ্ঞান না থাকায় তাহার প্রত্যেক কার্য্যই ভ্রান্তিপূর্ণ। বদ্ধজীবগণ ভোগোন্মুখ। মুক্তগণ সেবোন্মুখ বা সেবক। 'সঙ্গাৎ সঞ্জায়তে কামঃ'। সাধুসঙ্গ করিতে করিতেই ভোগোন্মুখতা অপসারিত হইয়া সেবোন্মুখতা প্রকাশ পায়। সেবোন্মুখের নিকট সেব্য প্রকাশ পান। 'সেবোন্মুখে হি জিহ্বাদৌ স্বয়মেব স্ফুরত্যদঃ।'

ভগবান্ ও জীব উভয়েই চেতন। জীব ভগবানের, আর কাহারও নহে। আনন্দই তাহার স্বধর্ম। কিন্তু অজ্ঞানতা-বশতঃ জানে না যে, সে ভগবানের নিত্য-সেবক। জীব জানুক বা না জানুক জীবের সহিত ভগবানের নিত্যসম্বন্ধ আছে। গুরুকৃপায় যখন সে ইহা জানিতে পারে, তখন তাহার সম্বন্ধজ্ঞান হয়। ভগবানের সহিত জীবের যে নিত্য সম্বন্ধ তাহার নাম প্রীতি। এই প্রীতিসূত্রই যোগসূত্র। প্রীতি পরস্পর পরস্পরকে আকর্ষণ করে। প্রীতি জিনিষটি প্রিয়কে প্রীত বা সুখী করিবার জন্য ব্যস্ত। ইহাই তাহার স্বভাব এবং প্রিয়ের সুখেই তাহার সুখ। প্রিয়সুখানুসন্ধান বাদ দিয়া নিজ-সুখৈষণা তাহার ভাল লাগে না। প্রিয়ের জন্য দুঃখস্বীকারও সুখ বলিয়া মনে হয়। প্রীতি তাহাকে অন্ধ করে। তাই সে প্রিয়ের সুখের জন্য সব জলাঞ্জলি দিতেও কুণ্ঠাবোধ করে না। তাই নিজসুখে জলাঞ্জলি দিয়া সে আত্মহারা হয়। প্রিয়ের সুখবিধানই তাহার জপ ও ধ্যানের বস্তু হয়। তখন সে আর অন্য কিছু চায় না। প্রিয়ের সঙ্গ ও প্রিয়ের সুখবিধানই তাহার একমাত্র কাম্য হইয়া পড়ে। তখন আর কাহারও কথা তাহার মনে থাকে না। মহাজন গাহিয়াছেন—

তোমার সেবায় দুঃখ হয় যত
সেও ত' পরম সুখ।
সেবা-সুখ-দুঃখ পরম সম্পদ
নাশয়ে অবিদ্যা দুঃখ॥"
"পূর্ব্ব ইতিহাস ভুলিনু এখন
সেবাসুখ পেয়ে মনে।
আমি ত' তোমার তুমি ত' আমার
কি কাজ অপর ধনে॥"

জীব চেতন ও নিত্য। সুতরাং তাহার স্বধর্ম-বৃত্তি লুপ্ত হয় নাই বা কখনও লুপ্ত হইতে পারে না। কেবল সুপ্তভাবে অবস্থিত হইয়া রহিয়াছে মাত্র। কৃষ্ণানুশীলন করিতে করিতে সেই সুপ্তভাবটী দূর হওয়ায় পুনরায় তাহা জাগ্রত হইয়া উঠে। জাগ্রত হইলেই সে সব দেখিতে পায়। তাহার দুর্ব্বোধ, অদর্শন বা অজ্ঞানতা কাটিয়া যায়। তখন মুক্তি ও বৈকুণ্ঠপ্রাপ্তি কাজে কাজেই হয়। জীবের বদ্ধতা নিত্য নয়। তাহার সাময়িক বা নৈমিত্তিক। সঙ্গদোষের অত্যাবশ্যকতাবশতঃ সে নিজেকে প্রাকৃত বস্তু বলিয়া মনে করে। তাই ইতর বিষয়ে আকৃষ্ট না হইয়া পারে না। ভগবৎপ্রীতিই তাহার স্বধর্ম, সুতরাং তাহাই প্রয়োজন। মুক্তি যখন তাহার সাধ্য নয়, তখন তাহা প্রয়োজনও নয়। যাহারা এই কথাটি না বুঝিয়া অসাধ্য বিষয়ে সাধন করিতে যায়, তাহাদের সাধন বিফল হইয়া যায়। তাহাদের মঙ্গল লাভ হয় না। কিন্তু যাঁহারা ভগবানের প্রীতি বা ভক্তিসাধন করেন, তাঁহাদের পক্ষে সম্পূর্ণ জ্ঞানলাভ ও মুক্তিলাভ অনায়াসেই ঘটিয়া থাকে। ভগবানের সহিত জীবের যে একটী স্বাভাবিকী প্রবৃত্তি আছে তাহারই নাম প্রীতি। চিত্ত শুদ্ধ হইলে ইহা সহজেই প্রকাশ পায়। ভগবদ্বস্তুতে প্রীতির অভাব হইলেই ভগবদিতর বস্তুতে অপ্রীতি স্বাভাবিকী। তাহারই নাম ভোগস্পৃহা—স্বসুখ-স্পৃহা যেখানে ভোগ সেইখানেই কষ্ট।

ভক্তিই সকলের নিত্যধর্ম্ম, কিন্তু স্বতন্ত্রতার অপব্যবহার-বশতঃ ভক্তি ছাড়িয়া জীব কর্ম্মী ও জ্ঞানী হয়। স্থূল শরীরগত যে চেষ্টা, তাহা কর্ম্মচেষ্টা, লিঙ্গশরীরগত-চেষ্টা—জ্ঞানচেষ্টা। আর ভক্তি আত্মগত প্রীতিরূপ ধর্ম্মকে সাধন করে। প্রীতির উৎপত্তি হইলে ভক্তির পরিপক্কাবস্থা হইল বুঝিতে হইবে।

ভগবজ্জ্ঞানই জ্ঞানের স্বাভাবিক অবস্থা। অস্বাভাবিক অবস্থায় তাহা অজ্ঞান বা অতিজ্ঞান। অজ্ঞান হইতে প্রাকৃতপূজা এবং অতিজ্ঞান হইতে নাস্তিকতা ও অদ্বৈতবাদের সৃষ্টি হইয়াছে। নিরাকার ও সাকারবাদ উভয়ই অজ্ঞানজনিত পরস্পর বিবদমান। যুক্তি—জ্ঞান বা শাস্ত্রসিদ্ধান্ত অতিক্রম করিয়া তর্কপ্রিয় হইলে আত্মাকে নিত্য বলিয়া স্বীকার করিতে চাহে না। এ অবস্থায় নাস্তিকতার উদয় হয়। জ্ঞান যখন যুক্তির অধীন হইয়া স্ব-স্বভাব পরিত্যাগ করে, তখন আত্মার নির্ব্বাণকে অনুসরণ করে। এই অতিজ্ঞান-বশতঃ চেষ্টার দ্বারা জীবের মঙ্গল হয় না।

ভগবানের ঐশ্বর্য্যাদি ছয়গুণের মধ্যে শ্রী অর্থাৎ ভগবৎ-সৌন্দর্য্যই সর্ব্বশ্রেষ্ঠ অবলম্বন। অবলম্বনকারী উচ্চাধিকারী বা কোমলশ্রদ্ধ উভয়েই নিজজন না হয়। কোমলশ্রদ্ধজন-সাধকগণ পাপ ও পুণ্যাত্মক কর্ম্ম-কাণ্ড সব পরিত্যাগ-পূর্ব্বক উচ্চাধিকারী বা মুমুক্ষু হইয়া শ্রীকৃষ্ণকে প্রাপ্ত হন।

পরমার্থ-বিচারে জড়ের প্রতিষ্ঠা নাই; বরং বিশেষ নিন্দা আছে। জড় সর্ব্বদাই চিদাভাসমিশ্র, তাহা কখনই চিৎ হইতে পারে না। আত্মা—অপ্রাকৃত অর্থাৎ প্রকৃতির অতীত বস্তু। তাহার দুইটী পরিচয় আছে,—একটী স্বরূপপরিচয়, আর একটী ক্রিয়াপরিচয়। শুদ্ধজীবের স্বরূপ-পরিচয়ই চৈতন্য অর্থাৎ জ্ঞান। জীব—জ্ঞানস্বরূপ অর্থাৎ জ্ঞানরূপ পদার্থ দ্বারাই তাহার শরীর গঠিত। আনন্দই তাহার ক্রিয়াপরিচয়। অতএব শুদ্ধজীবের সত্তা কেবল চিদানন্দ। অহঙ্কার, শুদ্ধচিত্ত, শুদ্ধমন ও শুদ্ধ ইন্দ্রিয় সকলেই চৈতন্য হইতে অভিন্নরূপে শুদ্ধসত্তায় অবস্থিত। বদ্ধাবস্থায় জীবকে চিদাভাসরূপে লক্ষ্য করা যায়। তখন মায়িক সুখ-দুঃখরূপ আনন্দবিকারই তাহার ক্রিয়া-পরিচয় হয়।

১। সুরম্যাঙ্গ, ২। সর্ব্বসল্লক্ষণযুক্ত, ৩। সুন্দর, ৪। মহাতেজা, ৫। বলবান্, ৬। কিশোর-বয়সযুক্ত, ৭। বিবিধ অদ্ভুত ভাষাবিৎ, ৮। সত্যবাক্, ৯। প্রিয়-বাক্যযুক্ত, ১০। বাবদূক অর্থাৎ বাক্পটু, ১১। সুপণ্ডিত, ১২। বুদ্ধিমান্, ১৩। প্রতিভাযুক্ত, ১৪। বিদগ্ধ অর্থাৎ কলা-বিলাস-কুশল বা রসিক, ১৫। চতুর, ১৬। দক্ষ, ১৭। কৃতজ্ঞ, ১৮। সুদৃঢ়ব্রত, ১৯। দেশকালপাত্রজ্ঞ, ২০। শাস্ত্রদৃষ্টিযুক্ত, ২১। শুচি, ২২। বশী অর্থাৎ জিতেন্দ্রিয়, ২৩। স্থির, ২৪। দান্ত, ২৫। ক্ষমাশীল, ২৬। গম্ভীর, ২৭। ধৃতিমান্, ২৮। সমদর্শন, ২৯। বদান্য, ৩০। ধার্ম্মিক, ৩১। শূর, ৩২। করুণ, ৩৩। মানদ, ৩৪। দক্ষিণ, (সরল, উদার), ৩৫। বিনয়ী, ৩৬। লজ্জাযুক্ত, ৩৭। শরণাগত পালক, ৩৮। সুখী, ৩৯। ভক্তবন্ধু, ৪০। প্রেমবশ্য, ৪১। সর্ব্বশুভকারী, ৪২। প্রতাপী, ৪৩। কীর্ত্তিমান্, ৪৪। লোকসমূহের অনুরাগ-ভাজন, ৪৫। সজ্জনপক্ষাশ্রিত ৪৬। নারীমনোহারী, ৪৭। সর্ব্বারাধ্য, ৪৮। সমৃদ্ধিমান্, ৪৯। শ্রেষ্ঠ, ৫০। ঐশ্বর্য্যযুক্ত—এই ৫০টি গুণ বিন্দু বিন্দুরূপে সর্ব্বজীবে আছে। কিন্তু কৃষ্ণে এই ৫০টী গুণ অগাধরূপে বর্ত্তমান। এই ৫০টী ব্যতীত

১। সর্ব্বদা স্বরূপ-সংপ্রাপ্ত, ২। সর্ব্বজ্ঞ, ৩। নিত্যনূতন, ৪। সচ্চিদানন্দঘনীভূত-স্বরূপ, ৫। অখিলসিদ্ধিবশকারী—এই পাঁচটী মহাগুণ কৃষ্ণে পূর্ণরূপে আছে এবং অংশে শিবাদি দেবতায় বর্ত্তমান। শিবাদি দেবতাগণ ৫৫টী গুণবিশিষ্ট। পরব্যোমনাথ নারায়ণাদিতে আরও ৫টী গুণ বর্ত্তমান আছে। তাহা কৃষ্ণেও পরিপূর্ণভাবে থাকে। কিন্তু শিবাদি দেবতা বা জীবে সে গুণ নাই। ১। অচিন্ত্য মহাশক্তিত্ব, ২। কোটি-ব্রহ্মাণ্ড-বিগ্রহত্ব, ৩। সকলাবতার-বীজত্ব, ৪। হত শত্রু-সুগতি-দায়কত্ব, ৫। আত্মারামগণের আকর্ষকত্ব—এই ৫টী গুণ নারায়ণাদিতে থাকিলেও কৃষ্ণে অদ্ভুতরূপে বর্ত্তমান।

এই ষষ্টিগুণের অতিরিক্ত আরও ৪টী গুণ কৃষ্ণে প্রকাশিত আছে, তাহা নারায়ণেও প্রকাশিত হয় নাই। যথা—১। সর্ব্বলোকের চমৎকারিণী লীলার কল্লোলসমুদ্র, ২। শৃঙ্গার রসের অতুল প্রেমদ্বারা শোভাবিশিষ্ট প্রেষ্ঠমণ্ডল, ৩। ত্রি-জগতের চিত্তাকর্ষী মুরলী-গীত গান ও ৪। যাহার সম বা শ্রেষ্ঠ নাই, এবম্বিধ রূপের সৌন্দর্য্য, যাহা চরাচরকে বিস্মাপিত করিয়াছে। এক কথায় ১। লীলাবরত্ব, ২। প্রেমবশতঃ শ্রেষ্ঠত্ব, ৩। রূপ-মাধুর্য্য ও ৪। বেণুমাধুর্য্য—এই ৪টী শ্রীকৃষ্ণের অসাধারণ গুণ।

গৌড়ীয়বাণী

বাহ্য স্থূল-বিচার যাহাদের প্রজ্ঞাকে পরিচালনা করিয়া থাকে এবং যাহারা প্রজ্ঞা-প্রতারিত হইয়া স্থূলকেই অত্যন্ত আঁকড়াইয়া ধরে, তাহারাই কর্ম্মজড়। ইহাদের বাত-শ্লেষ্মা-পিত্তাত্মক স্থূলে আত্মবুদ্ধি, স্ত্রীপুত্রাদিতে নিজবুদ্ধি, ভৌম-বস্তুতে পূজ্যবুদ্ধি; ইহারা ভাগবতের ভাষায় গো-গর্দ্দভ। ইঁহারা একদেশী-বিচার বুঝেন, সার্ব্বদেশিকী হরিসেবাময়ী বৃত্তিতে প্রণোদিত হইতে পারেন না। মৃদঙ্গ চামড়ার বাঁধান সঙ্গত কি না এই প্রশ্নের উত্তরে বলা যাইবে, যদি ভগবৎসেবার মূল উদ্দেশ্যটী বজায় থাকে, তাহা হইলে সেই মূল উদ্দেশ্যের বিকাশরূপে বিধি প্রতিষ্ঠিত হইবে। মৃদঙ্গ চামড়ার বাঁধান এবং উহার স্থানবিশেষ চর্ম্মাবৃত। চর্ম্মকারের হস্তে প্রস্তুত বলিয়া মৃদঙ্গকে শ্রীহরিকীর্ত্তনে গ্রহণ করা যাইবে না বা মৃদঙ্গের পূজা হইবে না, এইরূপ বিচার—ভক্তিবিরোধী কর্ম্মজড় স্মার্ত্তের বিচার। মৃদঙ্গ ভগবৎ-কীর্ত্তনের সেবাকারী; তাই বলিয়া যদি ভগবৎ-কীর্ত্তনের বিরোধকারী হয়, তাহা হইলে চর্ম্মদ্বারা নির্ম্মিত জুতা, যাহা কিনা চর্ম্ম-বিরহিত অতি সাত্ত্বিক উপাদানে নির্ম্মিত বাদ্যযন্ত্রগুলি পূজিত হইবে না। কর্ম্মজড় স্মার্ত্তগণ বাহ্য স্থূলগত পবিত্রতার পূজা করে বলিয়া তাহাদের পূজা পুতুল-পূজা বা নাস্তিকতা; আর বৈষ্ণবগণ বাহ্য পবিত্রতা বা অপবিত্রতার পূজা না করিয়া কৃষ্ণের সেবায় পরিনিষ্ঠিতবুদ্ধি হওয়ায় তাঁহারা অত্যন্ত স্থূলবুদ্ধি কর্ম্মজড় স্মার্ত্তের চক্ষে স্বেচ্ছাচাররূপে প্রতিভাত হইয়াও ভগবদ্ভক্ত, সাধু, ধর্ম্মাত্মা ও ভগবানের অত্যন্ত প্রিয়। যদি আমাদের এই রক্তমাংসচর্ম্মের স্থূল-স্বরূপ যেন ভগবানের সেবানুকূল্য কার্য্যে নিযুক্ত না থাকিয়া কেবল স্থূল পবিত্রতা ও অপবিত্রতার পূজা করিয়া থাকে, তাহা হইলে ভাগবতের বিচারে তাহাও মৃদঙ্গের সেইতুল্য 'চামড়ার বাঁধাই' একটা আকৃতি মাত্র। ঐরূপ চামড়ার আকৃতিকে স্পর্শ করিলে, দর্শন করিলে সচেল গঙ্গাস্নান করিতে হয়। হরিভক্তিপরায়ণগণের শাস্ত্রে এইজন্য কেবল পাপপুণ্যবিচারপরায়ণ কংসের অনুসরণকারী ব্যক্তির আদর্শস্বরূপ কর্ম্মজড় স্মার্ত্ত, মায়াবাদী, পাষণ্ড প্রভৃতিগণের দৈবাৎ ছায়া অতিক্রম কিম্বা দৈবাৎ দর্শনমাত্রে সচেল স্নানের বিধি রহিয়াছে। ভগবানে প্রীতি-বিহীন অর্ব্বাচীন-সম্প্রদায় এইরূপ অসৎসঙ্গ-বর্জ্জনকে বৈষ্ণবগণের গোঁড়ামি মনে করিয়া অধিকতর নাস্তিকতার সাগরে নিমজ্জিত হইতে পারে, কিন্তু উহা অবৈষ্ণবগণের ভগবদনুরাগের একান্ত অভাবের পরিচায়ক-মাত্র। পরমপবিত্র যজ্ঞাদি কার্য্যেও অজিন অর্থাৎ মৃগচর্ম্মাদি গ্রহণের ব্যবস্থা রহিয়াছে। শ্রীগুরুদেব আমাদের ইন্দ্রিয়ের—আমাদের নারকীবুদ্ধির তৃপ্ত্যর্থ না করিয়া যদি চর্ম্ম-পাদুকা পরিধান করেন, তাহা হইলে সেই পাদুকা নিত্যপূজ্য বস্তু নহে, এইরূপ বিচার হরিবিমুখ কর্ম্মজড় স্মার্ত্তের বিচার মাত্র। শ্রীগুরুপাদপদ্ম আমার কর্ম্মজড়-বুদ্ধির গোলামী করিবার জন্য তাঁহার ভগবৎ-সেবানুকূলময়ী স্বতন্ত্রতাকে পরিবর্জ্জন করিবেন—এরূপ বিচার নাস্তিকতা মাত্র। কিছুকাল পূর্ব্বে এইরূপ কর্ম্মজড় স্মার্ত্তগণের বিচারের অনুকূলে শ্রীপুরুষোত্তমের শ্রীমন্দিরে চামড়ার বাঁধাই-মৃদঙ্গের প্রবেশ নিষেধ ছিল। কিন্তু হরিসেবাপর উদ্দেশ্য প্রবল হইলে ঐরূপ বিচার তিরোহিত হইয়া থাকে।

'জীবসেবা' ও 'জীবে দয়া' শব্দ দুইটী লইয়া অনেক সময়েই সাধারণে নানাপ্রকার অনর্থের উদয় হইয়া থাকে। অনেকেই সেবা-শব্দের যে প্রচলিত অর্থ জানেন বা অনুভব করেন, তদ্দ্বারা 'সেবা'র প্রকৃত সার্থকতা সম্পন্ন হয় না। 'সেবা' অর্থে সেব্যের সুখ ও প্রীতিবিধান। সেব্য ও সেবকের মধ্যস্থানে সেবা বর্ত্তমান। সেবা নিত্য না হইলে সেবকের সেবার নিত্যত্ব থাকে না, আবার সেবকও নিত্য না হইলে তিনিও নিত্যকাল সেবা করিতে পারেন না, আর 'সেব্য' নিত্য না হইলে সেবক সেব্যকে সাময়িকভাবে বৃথা ছলনা করেন মাত্র। পৃথিবীতে আমরা অধিকাংশই ন্যূনাধিক অনাদিবহির্ম্মুখ জীব, কেবল যুগে যুগে দুই একজন মহাপুরুষ আমাদের ন্যায় বহির্ম্মুখ জীবকে উদ্ধার করিবার জন্য জগতে আসেন। সুতরাং বহির্ম্মুখ জীবের সেবা অর্থাৎ তাহাদের ইন্দ্রিয়তৃপ্তি-বিধানের দ্বারা তাহাদের বহির্ম্মুখতা বৃদ্ধি বা তাহাদের প্রতি হিংসা ও অকরুণাই করা হয়। এজন্য সমগ্র শ্রীভাগবত-সাহিত্যে বা শ্রীচৈতন্যদেবের সিদ্ধান্তে বা ভাগবত-ধর্ম্মে তথাকথিত 'জীব-সেবা' কথার অস্তিত্ব নাই। 'বৈষ্ণব-সেবা', 'হরিসেবা' বা 'জীবে দয়া' কথাই হইতে পারে; কারণ বৈষ্ণব হরির প্রতি সর্ব্বদাই উন্মুখ, তাঁহারই অহৈতুকী সেবায় রত, সেইরূপ বৈষ্ণবের যে-কোনরূপ সেবা করিলে তদ্দ্বারা হরিসেবাই হয়। বহির্ম্মুখ জীবের নিকট হরিকথা কীর্ত্তন করিয়া তাহার প্রতি নিত্য দয়া প্রদর্শন করাই পরোপকারের শ্রেষ্ঠ আদর্শ। ক্ষুধার্ত্তকে অন্নদান, বসনহীনকে বস্ত্রদান, আর্ত্তকে সান্ত্বনা দান, অশিক্ষিতকে পার্থিব শিক্ষা দান প্রভৃতি দ্বারা যে উপকার বা দয়া করা হয়, তাহা অতীব তাৎকালিক। ঐরূপ সাময়িক উপকারলব্ধ জীব পুনরায় ক্ষুধাগ্রস্ত ও বস্ত্রের অভাবে পতিত হয়। রোগী রোগবিশেষ হইতে মুক্তিলাভ করিলেও অন্যপ্রকার রোগ বা মানসিক অশান্তিতে আক্রান্ত হয়, অথবা সুস্থ হইয়া সমাজেরই কোন বিশৃঙ্খলা-কারক পাপকার্য্যে নিযুক্ত হয়, পার্থিব শিক্ষা লাভ করিয়াও কাম, ক্রোধ, হিংসা, দ্বেষ, এমন কি পশুচিত আদর্শ হইতেও হীন কুকর্ম্মে লিপ্ত হইয়া থাকে। শারীরিক বল সঞ্চয় করিয়া নানা প্রকার অসৎপথে ও পাশব বল-প্রয়োগে রুচি-বিশিষ্ট হয়; কিম্বা হয়ত' কোন আধি-দৈবিক, আধিভৌতিক বা আধ্যাত্মিক তাপের দ্বারা এক মুহূর্ত্তেই সমস্ত সাময়িক লাভ হইতে বিচ্যুত হইয়া পড়ে। এজন্য সর্ব্বাগ্রে প্রত্যেক জীবের চেতনকে উদ্বুদ্ধ করিবার উপযোগী পারমার্থিক শিক্ষা-দীক্ষা এবং তদনুকূলে জীবন যাপন করিবার জন্য যে যে প্রয়োজন, তাহা স্বীকার করিলেই ব্যষ্টি ও সমষ্টিগত মঙ্গল হইতে পারে। শ্রীগৌড়ীয়মঠ সেইরূপ 'জীবে দয়া'র ভার গ্রহণ করিয়াছেন। চেতনের প্রতি দয়া কর, তাহা হইলে অচেতনেরও নিরর্থকতা হইবে না—ইহাই শ্রীগৌড়ীয়মঠের বাণী; কিন্তু সর্ব্বাগ্রে কেবল অচেতনের প্রতি দয়া দেখাইতে দেখাইতেই চেতন-রাজ্যে প্রবেশের সময় নষ্ট করিয়া ফেলিলে চেতনরাজ্যে প্রবেশের সময় থাকিবে না।

শ্রীল ভক্তিসুধাকর প্রভুর পত্র

——::·::——

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

শ্রীগৌড়ীয়মঠ,
কলিকাতা
৪।৭।৩৩

শ্রীশ্রীবৈষ্ণবচরণে দণ্ডবৎ-প্রণাম পূর্ব্বক নিবেদন,—

* * *

তোমার ২।৭ তারিখের কৃপালিপি পাইয়া সমস্ত অবগত হইলাম।

নিজে জানিয়া শুনিয়া বঞ্চিত হইবার ইচ্ছাবিশিষ্ট হইলে দুঃসঙ্গে পড়িতে হয়। সেরূপ সঙ্গক্রমে হিতাহিত-বিবেক লুপ্ত হয়, তখন ভালকে মন্দ ও মন্দকে ভাল বলিয়া কপট বিচার হয়। বিশেষ বুদ্ধিমান্ ও প্রকৃত মঙ্গলপ্রার্থী না হইলে অর্থাৎ শ্রীগুরুদেবের কৃপা-গ্রহণেচ্ছু না হইলে এইরূপ দুরবস্থা অনিবার্য্য। ইহার জন্য প্রত্যেকেই নিজে দায়ী। আমরা যেন কপটতার আশ্রয়ে মৎসর হইয়া গুরু-বৈষ্ণব-বিদ্বেষী না হই, ইহাই একমাত্র প্রার্থনা। নিজের দোষ শোধনের যত্ন করিলে ভগবান্ আমাদিগকে প্রকৃত বিষয় বুঝাইয়া দেন।

আমার দণ্ডবৎ-প্রণাম গ্রহণ করিবে ইতি

দাসাধম—
শ্রীনারায়ণদাস অধিকারী

শুদ্ধভক্তি-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠ-শ্রীধাম

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া শ্রীব্রজপত্তন-ভবনে শ্রীচৈতন্যমঠ, পরবিদ্যা-পীঠ, শ্রীশ্রীগান্ধর্ব্বিকা-গিরিধারী-গৌর-গোপাল আচার্য্য চতুষ্টয় বিগ্রহ আছেন। সুপ্রাচীন গ্রন্থ-রাজিপ্রচারকল্পে 'নদীয়া প্রকাশ'যন্ত্রালয় আছে।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৫ কলিকাতায় শ্রীভক্তিবিনোদ আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, সঙ্কীর্ত্তন, ভাগবতসভা-শ্রীমদ্ভাগবতাদি গ্রন্থের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও সাপ্তাহিক পারমার্থিক ইংরেজী পত্র প্রকাশিত হয়।

(৩) যোগপীঠ-মায়াপুর-পীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব ভূমি মহাযোগপীঠ।

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং ... বর্তমান।

(৬) মুরারিগুপ্তের পাট

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৭) কাজি-সমাধি-পাট

প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া) ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি।

(৮) অষ্টকুলকৃষ্ণকীর্ত্তনাগার

শ্রীধাম মায়াপুর

(৯) আনন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া) এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীলভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্তমান।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান) গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ জাননগর (বর্দ্ধমান)

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মাউগাছি, পোঃ জাননগর, (বর্দ্ধমান)

শ্রীবৃন্দাবনদাস ঠাকুর বৃন্দাবনের স্থান

(১৩) কুলিয়াদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(১৪) ঋতুদ্বীপ-গৌড়ীয়মঠালয়

১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ

গৌড়পুর, নদীয়া

(১৬) শ্রীনবদ্বীপ গৌড়ীয় মঠ

হাটডাঙ্গা —(শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৭) ভক্তকুটীর

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

(২০) মহেশ-পণ্ডিতের পাট

কাঁটালপুলি, পোঃ চাকদা (নদীয়া)

(২১) রাণাঘাট-গৌড়ীয়মঠালয়

(২২) পুরী গৌড়ীয়মঠ

চব্বিশ পরগণা

(২৩) মাধবগৌড়ীয়মঠ

বাড়িকা পোঃ ভরারি, ঢাকা।

পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র।

(২৪) গোপালজীউমঠ

কমলাপুর, পোঃ ঢাকা

(২৫) গদাই-গৌরাঙ্গ মঠ

পোঃ বালিয়াটি, (ঢাকা)

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

বড়বাজার, পোঃ ময়মনসিংহ

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চকচকা, কামরূপ (আসাম)

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

অমর পান্থ বিল্ডিং, দার্জ্জিলিং

(৩০) নামঘর-গৌড়ীয়মঠ

পোঃ হরিদ্বার, জেলা সাহারাণপুর, ইউ, পি

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

খাঁজাপুর পাটনা।

(৩২) গয়া গৌড়ীয়মঠ

রমণা রোড, গয়া

(৩৩) সনাতন গৌড়ীয় মঠ

৮।১১ বড় গভীরসিং, বেনারস সিটি

(৩৪) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

(৩৫) নৈমিষারণ্য মঠ,

পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়

বিশ্রামঘাট, পোঃ মথুরা

(৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণসহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ

কিশোরপুর, বৃন্দাবন

(৩৯) প্রেমানন্দ-সুখদকুঞ্জ

পোঃ রাধাকুণ্ড। মথুরা

(৪০) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪১) রাধাকুণ্ড গৌড়বাটী

(৪২) শ্রীগোবর্দ্ধনমঠালয়

গোবর্দ্ধন, মথুরা

(৪৩) সঙ্কেত বিহারী মঠ

বর্ষাণ, মথুরা।

(৪৪) নন্দগ্রাম গৌড়ীয়মঠালয়

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৫) বর্ষাণা গৌড়ীয়মঠালয়

পোঃ বর্ষাণা, মথুরা

(৪৬) গৌড়বিহারী মঠ—সেবাশ্রী,

পোঃ হোডোল, জেলা গুরগাঁও (পাঞ্জাব

(৪৭) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

(৪৮) দিল্লী গৌড়ীয় মঠ

৩৫নং ক্যানাল রোড, নিউ দিল্লী

(৪৯) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, অ্যাপোলো বন্দর

বন্ধ ফিং বোম্বে ৭

(৫০) মাদ্রাজ-গৌড়ীয়মঠ

পোঃ রায়পেটা, মাদ্রাজ

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকাগিরিধারীর সেবা

(৫১) রাজমহেন্দ্রী গৌড়ীয়মঠ

পোঃ ডঙ্কর রাজমহেন্দ্রী গোদাবরী মাদ্রাজ

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গরাধিকা-গিরিধরের সেবা

(৫২) ব্রহ্মগৌড়ীয়মঠ

আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)

(৫৩) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা

(৫৪) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৫) দীনাকুটী

(৫৬) শিবধন্বি-গৌড়ীয়মঠ

পোঃ ভুবনেশ্বর, পুরী

(৫৭) সচ্চিদানন্দ মঠ

ওলাগাদি, পোঃ কটক (উড়িষ্যা)

(৫৮) বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ

(৬৯) শ্রীব্রজপত্তনগৌড়ীয়-প্রপন্ন-মন্দির

পোঃ বরুনাকুণ্ডা, মাদ্রাজ

(৭০) ভাগবতজনানন্দ মঠ

চিকঘিয়া, পোঃ নারায়ণগড়, মেদিনীপুর

(৬১) জলাবি গৌড়ীয়মঠ

পোঃ জলাবি, মেদিনীপুর

(৬২) আমলাযোড়া প্রপন্নাশ্রম মঠ

পোঃ রাজবাঁধ (বর্দ্ধমান)

(৬৩) চৈতন্যগৌড়ীয়মঠ

কুড়মুকুণ্ড, পোঃ চিন্দ্রুণ, (রাজপুতনা)

(৬৪) রেঙ্গুন গৌড়ীয়মঠ

৩০১ নং লিউইস ষ্ট্রীট, রেঙ্গুন।

(৬৫) লণ্ডন গৌড়ীয়মঠ

ফ্ল্যাট নং ২

৫১, আর্ডন রোড

ক্ল্যাপহাম, লণ্ডন, এস ৪

(৬৬) গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

১৪।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট.

কলিকাতা

(৬৭) গৌড়ীয়মঠ অফিস

ষ্টিফেন্স রোড, লক্ষ্ণৌ (ইউ-পি)

(৬৮) শ্রীবিদ্যানিধি গৌড়ীয়মঠালয়

সদরঘাট, চট্টগ্রাম

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত

শ্রীমহানন্দ ব্রহ্মচারী ভক্ত্যালোক, ভক্তিশাস্ত্রী কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

-:(০):-

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও ২য় দিনের জন্য	সংবাদের পৃষ্ঠায় পরবর্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও ২য় দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় পরবর্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	।০	৷৶০	৷৵০	।০
" " ইঞ্চি	২৲		১।০	১৲
সিকিকলম	৫৲			৩৲
" অর্দ্ধকলম	৮৲	৬৲	৬৲	৫৲
" এক কলম	১৫৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিবারে প্রতি ইঞ্চি	৬৲	৪।০
" সিকি কলম	১৫৲	১২৲
" অর্দ্ধকলম	২৫৲	১৮৲
" এক কলম	৩৫৲	

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৷৷০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা ৴৫ ; বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী

——:(০):——

শ্রীল প্রভুপাদের চতুঃষষ্টিতম বর্ষপূর্ত্ত্যাবির্ভাব-তিথিতে শ্রীল আচার্য্যদেবের অভীষ্টানুসারে "শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী" প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। ইহাতে পূর্ব্বার্দ্ধ ও উত্তরার্দ্ধ দুইটি বিভাগ আছে। পূর্ব্বার্দ্ধে শ্রীল প্রভুপাদের আদি-প্রবন্ধাবলী শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের সম্পাদিত 'স-সজ্জিনী সজ্জনতোষণী,' শ্রীল প্রভুপাদের 'নিবেদন' সাপ্তাহিক পত্র প্রভৃতি হইতে কথাসার ও প্রয়োজনীয় অংশের টীকা-সহ প্রকাশিত হইয়াছে। উত্তরার্দ্ধে শ্রীল প্রভুপাদের সম্পাদিত 'সজ্জনতোষণী'র কতিপয় প্রবন্ধ কথাসার প্রভৃতির সহিত মুদ্রিত হইয়াছে। প্রবন্ধগুলি রচনাকালের ক্রমানুসারে গ্রথিত হইয়াছে; এতদ্ব্যতীত শ্রীল আচার্য্যদেবের একটি মূল্যবান্ উপোদ্ঘাত ও সঙ্কলনকারীর একটি বিস্তৃত ভূমিকা, শব্দ সূচী, স্থান-পাত্র-শ্লোক ও পয়ার-সূচী প্রভৃতি গ্রন্থে সংযোজিত হইয়াছে। গ্রন্থটী উৎকৃষ্ট কাগজে পারিপাট্যের সহিত মুদ্রিত ও শ্রীল প্রভুপাদের আলেখ্যাদিদ্বারা ভূষিত ও সুন্দর বাঁধাই হইয়া প্রকাশিত হইয়াছে। প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, জিলা নদীয়া; শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ও শ্রীমাধবগৌড়ীয়মঠ, নবিবা, পোঃ ওয়ারী, ঢাকা।

শ্রীল প্রভুপাদের পদ্যপ্রসূন মালা

এই গ্রন্থে ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তি- সিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের রচিত পদ্যাবলী শ্রীল আচার্য্যদেবের বিরচিত "সৌরভ" নামক ভাষ্যের সহিত প্রকাশিত হইয়াছে। শ্রীল প্রভুপাদের অনেক অপ্রকাশিত পদ্য ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ।০ আট আনা।

শ্রীধাম মায়াপুরে

——(:০:)——

—"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট"—

——::০::——

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্বাস্থ্যকর গ্রামাঞ্চল—পল্লীর শান্তিকেন্দ্র। বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক খোলা। শিক্ষকগণ সাধক ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা করিয়াছি। খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে মাত্র ৯৲ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন্ পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। বর্ত্তমান বর্ষে ১৬ জন বালকের মধ্যে ১৫ জন ভালভাবে উত্তীর্ণ হইয়াছে।

মেধাবী ছাত্রগণের আরও সুবিধা

পরীক্ষায় যাহারা গড়ে শতকরা ৭৫ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ সচ্চরিত্র বিনয়ী ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক-সম্পাদিত : এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতিসুন্দরভাবে আলোচিত হইয়াছে। এই এক অপূর্ব্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

শ্রীচৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত অতিসুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত ইহার ভিক্ষা মাত্র ৪৲ টাকা। প্রাপ্তিস্থান শ্রীযুক্ত নন্দকিশোর-ভক্তিশাস্ত্রী, শ্রীযোগপীঠ, শ্রীধাম, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

ভক্ত-সংলাপ

প্রথম খণ্ড

শ্রীশ্রীব্রজধাম গৌড়ীয়সম্প্রদায়ৈকসংরক্ষক জগদ্গুরু পরমহংসকুলচূড়ামণি নিত্যলীলা-প্রবিষ্ট ১০৮শ্রী শ্রীমদ্ ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামি-প্রভুপাদ বিভিন্ন জিজ্ঞাসু ও শুশ্রূষু সজ্জনবৃন্দের পরিপ্রশ্নোত্তরে ও সন্দেহ-নিরাকরণকল্পে যে-সকল তত্ত্বভক্তিসিদ্ধান্তবাণী কীর্ত্তন করিয়াছেন, যাহা তাঁহার প্রকটকালেই 'গৌড়ীয়' সম্পাদক শ্রীযুৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ প্রভুপাদেরই শ্রীহস্তে সংশোধিত করাইয়া রাখিয়াছিলেন এবং যাহার কিয়দংশ গৌড়ীয়পত্রে প্রকাশিত হইয়াছে, তাহা "শ্রীশ্রীসরস্বতী-সংলাপ" নাম ধারণপূর্ব্বক শ্রীল প্রভুপাদের 'বক্তৃতাবলী' ও 'পত্রাবলী' আকারে খণ্ডে খণ্ডে প্রকাশিত হইতেছেন। বর্ত্তমানে শ্রীল প্রভুপাদের প্রথমবার্ষিক বিরহতিথিপূজা-বাসরে এই গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছেন। মানবজীবনের বহু অমীমাংসিত সমস্যা ও জটিল প্রশ্নের সমাধান ইহাতে পাওয়া যাইবে। ভক্তিপথের পথিকমাত্রেরই এই গ্রন্থ সংগ্রহ একান্ত প্রয়োজন।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্স কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপদেশক আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী সম্প্রদায়-বৈভবাচার্য্য এম-এ মহোদয়ের শ্রেষ্ঠ গবেষণা এবং পরিপক্ক লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত-পাঠে ধন্য হউন। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিবিধ চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ড ৩৩শ অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের লিখিত মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্ত্তার ভূমিকাদ্বয় (Prefaces), বিষয় তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র-(Index Glossary) সহ গ্রন্থখানি প্রকাশিত। ভিক্ষা—১৫, পনর টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, রায়পেট্টা মাদ্রাজ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

'ঠাকুর ভক্তিবিনোদ'

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি-প্রচারের মূল মহাজন সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অতিমর্ত্ত্য জীবনচরিত এতাবৎকাল পর্য্যন্ত গ্রন্থাকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয়মঠাচার্য্যবর্য্যের শুভেচ্ছায় পরবিদ্যাভিজ্ঞ সু-লেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু মূল্যবান্ শিক্ষামালাও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১২৫ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৸০ আনা; ডাক মাশুল স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান—ম্যানেজার গ্রন্থবিভাগ
শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু গ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১৩।১নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

[illegible] পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাট্‌তি এত অত্যন্ত অধিক। লিভার প্লীহা সংযুক্ত জ্বরাদিতে এবং নূতন ও পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। মূল্য ছোট বোতল ৸৵০ দশ আনা, বড় বোতল ১৵০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

—২১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা
অথবা
পোঃ বেহালা, ২৪ পরগণা।

ই, বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্টাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	৪-৩৬	৬-২৬	৭-০৬	১২-২৬	১৪-৫৬	১৬-৫৬	১৭-৫৬	২২-২৬
রাণাঘাট পৌঃ			৮-২৮	১৪-১৫				
(বদল) ছাঃ			৯-৩৩	১৪-৫০				
কৃষ্ণনগর পৌঃ	৭-১	৮-৪৫	১০-৮	১৫-২৩	১৭-২৮	১৯-০৮	২০-১৬	১-১৫
(বদল) ছাঃ	৭-১২		১০-৩১		১৭-৩৮		২০-২৬	
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫১		১১-১০		১৮-১৬		২১-৪	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
রাণাঘাট পৌঃ	১২-৫৫
ছাঃ	১৩-০
শান্তিপুর পৌঃ	১৩-২৬
(বদল) ছাঃ	১৩-৩১ (লাইট্ রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪-১২
ছাঃ	১৪-৩০
নবদ্বীপঘাট পৌঃ	১৫-১০

ডাউন

নবদ্বীপঘাট ছাঃ	৫-৪৪		৯-১৩		১৩-৩১	১৬-০	১৮-৩১	
কৃষ্ণনগর পৌঃ	৬-২৩	৯-১৬	৯-৪৮	১১-৪১	১৪-১০	১৬-৩৮	১৯-১১	২১-১০
ছাঃ	৬-৩৬	৭-১৮	১০-১১			১৬-৫৬	১৯-২৫	
রাণাঘাট পৌঃ			১০-৪৬			১৭-৩০		
(বদল) ছাঃ			১১-১			১৭-৪০		
কলিকাতা পৌঃ	৮-১৬	৯-২১	১১-৫১	১২-১৬	১৪-১৬	১৯-১১	২১-৫১	২৩-৩৭

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৩-৩১	১৬-০	
কৃষ্ণনগর পৌঃ	১৪-১০	১৬-৩৮	
ছাঃ	১৫-২৮	১৭-৩৯	
শান্তিপুর পৌঃ	১৬-৯	১৮-১৪	
(বদল) ছাঃ	১৬-৩৩	১৮-২৫ (শনিবার ভিন্ন)	২০-৪০ (শনিবার)
রাণাঘাট পৌঃ	১৭-১০	১৮-৫০	২১-১৫
(বদল) ছাঃ	১৭-৪৩	১৯-১৪	২১-৫০
কলিকাতা পৌঃ	১৯-১১	২০-৪০	২৩-৩৭

পোঃ—শ্রীমায়াপুর
টেলিগ্রাম—"শ্রীধাম শ্রীমায়াপুর"

REGD NO C 1544

দৈনিক নদীয়াপ্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৪শ খণ্ড] শ্রীমায়াপুর—২৭শে আষাঢ়, ১৩৪৬, ১২ই জুলাই, ১৯৩৯. বুধবার [১১৪শ সংখ্যা

বিবিধ সংবাদ

৪ লক্ষ নূতন সৈন্য সংগ্রহের ব্যবস্থা

একজন সরকারী মুখপাত্র ডানজিগ সম্বন্ধে পোল্যাণ্ডের মনোভাব নিম্নলিখিত চারিটি সূত্রে বিবৃত করেন—

(১) ডানজিগ জার্ম্মাণীর সীমান্তের বাহিরে পৃথকভাবে থাকিবে,

(২) ডানজিগ পোলিশ শুল্ক ব্যবস্থার অন্তর্ভুক্ত থাকিবে,

(৩) ডানজিগে পোল্যাণ্ডের অধিকার কোন বিদেশী শক্তির দয়ার উপর নির্ভর করিবে না,

(৪) ডানজিগের অধিবাসীরা পূর্ণ সাংস্কৃতিক স্বাধীনতা ভোগ করিতে থাকিবে।

ব্রেসলাউ হইতে ৫০ মাইল দক্ষিণ-পূর্ব্বে পোলিশ সীমান্তবর্ত্তী অপেলন্ অঞ্চলে বিদেশী নাগরিকগণের প্রবেশ নিষিদ্ধ করিয়া এক আদেশ জারী করা হইয়াছে।

আগামী ১৬ই জুলাই মিউনিকে জার্ম্মাণ চারুকলা দিবসের উদ্বোধনে হের হিটলার বক্তৃতা দিবেন বলিয়া স্থির করিয়াছেন।

জার্ম্মাণীর বিপুল সমরায়োজন

১৯১৮, ১৯১৯ ও ১৯২০ সালে জাত যুবকগণকে ১ই সেপ্টেম্বর তারিখের পূর্ব্বে মিলিটারী কাউন্সিলগুলিতে হাজির হইতে হইবে বলিয়া আদেশ দেওয়া হইয়াছে। ১৯১৪ হইতে ১৯১৭ সালের মধ্যে যাহারা জন্মগ্রহণ করিয়াছে এবং বিভিন্ন কারণে যাহাদের সামরিক বিভাগে কার্য্য স্থগিত আছে, তাহারাও এই আদেশের মধ্যে পড়িবে।

আনুমানিক চারি লক্ষ লোক ইহার ফলে সামরিক বিভাগের অন্তর্ভুক্ত হইবে। বার্লিনে বাড়ীতে বাড়ীতে 'পোষ্টার' আঁটিয়া দিয়া উহা ঘোষণা করা হইয়াছে।

[illegible] কোনও বাধ্যতামূলক কাজ করে নাই এবং যাহারা ১৯০৬, ১৯০৭ ও ১৯১০ সালে এবং ১৯১৩ হইতে ১৯২০ সালের মধ্যে জন্মগ্রহণ করিয়াছে তাহারাই উপরিউক্ত আদেশের আমলে আসিবে। তাহাদের ৭ই জুলাই হইতে ৯ই সেপ্টেম্বরের মধ্যে পরীক্ষার জন্য উপস্থিত হইতে হইবে। যাহারা ১৯১৭, ১৯১৫, ১৯১৬, ১৯১৭ ও ১৯২০ সালে এবং ১৯১৯ সালের শেষ চারি মাসে জন্মগ্রহণ করিয়াছে, তাহাদের মধ্যে যাহাদিগকে এ পর্য্যন্ত সৈন্য দলে আহ্বান করা হয় নাই তাহাদেরও উপস্থিত হইতে হইবে।

ঘোষণায় শুধু বলা হইয়াছে যে, উহাদিগকে প্রত্যেক কাজের জন্য অথবা সৈন্য দলে যে কোন কাজ করার জন্য আহ্বান করা হইয়াছে।

মৎস্যবিক্রেতার সলিল সমাধি

সোমবার পঞ্চাশ বৎসর বয়স্ক শেখ কোরবান নামক একজন লোনা মাছ বিক্রেতা যশোহর নদের মধ্যে শোচনীয়ভাবে প্রাণ হারাইয়াছে।

প্রকাশ, যশোহর নদের অপর তীরে যাইবার জন্য কোরবান এক ঝুড়ি লোনা মাছ লইয়া একখানি ফেরী নৌকার উপর উঠে এবং উক্ত নৌকার মাঝিকে এক পয়সা লইয়া পার করিয়া দিতে বলে। কোরবান বলে, "এখন এক পয়সাই নাও পরে রাত্রে ফিরিবার সময় তোমাকে দুইবার যাতায়াতের ভাড়া আরও দুই পয়সা দিয়া দিব।" ইহাতে মাঝি অস্বীকৃত হয়। নদীতে বেশী স্রোত ছিল না। লোনা মাছের ঝুড়ি মাথায় লইয়া কোরবান নদীতে নামিয়া পড়ে। সে নদী সাঁতরাইয়া পার হইবে। সাঁতরাইবার সময় হঠাৎ তাহার মাথা হইতে ঝুড়িটি ফসকাইয়া পড়িয়া যায়। কোরবান ঝুড়িটিকে পুনরুদ্ধার করিবার জন্য আপ্রাণ চেষ্টা করিতে থাকে। এমন সময় যশোহরের বালুচর তাহার মাথার উপর ভাঙ্গিয়া পড়ে। কোরবান তলাইয়া যায়। উক্ত মাঝি দেখিতে পায় যে, কোরবান নদীতে হাবুডুবু খাইতেছে। নৌকা লইয়া সে কোরবানের দিকে দ্রুত অগ্রসর হয়, কিন্তু সে পৌঁছিবার পূর্ব্বে কোরবান অদৃশ্য হইয়া যায়। পরদিন দেখা গেল যে, সদর ঘাট হইতে প্রায় মাইল খানেক দূরে কোরবানের সেই খালি ঝুড়ি ভাসিয়া যাইতেছে, কিন্তু কোরবানের কোন সন্ধান পাওয়া যায় নাই।

বৃটেনের তোড়জোড়

ব্রিটিশ ও ফরাসী বিমান বহরের মধ্যে যোগাযোগ প্রতিষ্ঠার বিষয় কর্তৃপক্ষ বিবেচনা করিতেছেন। প্রকাশ জানা গিয়াছে যে, এই বিষয়ে আলোচনা অনেক দূর অগ্রসর হইয়াছে। উভয় দেশের বিমান বাহিনীর মধ্যে যোগাযোগ প্রতিষ্ঠার ব্যবস্থা হইলে উভয় দেশের বিমান বহর মিলিত অবস্থায় জুড়িয়া একটানা বিমান চালনা অভ্যাস করিতে পারিবে এবং উভয় দেশের বিমান বহরের [illegible] মধ্যে ঘনিষ্ঠ যোগাযোগ প্রতিষ্ঠা হইবে ও ফলে এই সমস্যা সমাধানের পথ উন্মুক্ত হইবে।

বে-পরোয়াভাবে বাস চালনার অপরাধে দণ্ডিত

কলিকাতার আপার সার্কুলার রোডে বে-পরোয়াভাবে বাস চালাইয়া তাহার মৃত্যু ঘটাইবার অভিযোগে বক্তার সিং নামক জনৈক বাস চালককে তৃতীয় প্রেসিডেন্সী ম্যাজিষ্ট্রেট মিঃ ওয়াজিদ আলির এজলাসে অভিযুক্ত করা হয়।

ম্যাজিষ্ট্রেট আসামীকে ৬ মাস সশ্রম কারাদণ্ডে দণ্ডিত করিয়াছেন।

মহাচীনের স্বাধীনতা রক্ষায় চিয়াং কাই-শেকের তেজোদৃপ্ত বাণী

"তাহারা যে শান্তির কথা বলিতেছে তাহা প্রকৃত শান্তি নহে। উহা বিশ্বাসঘাতকের মুখের বুলিমাত্র" চীনের জাপ অধিকৃত অঞ্চলের অধিবাসীদের নিকট বেতারে এক বক্তৃতা করিতে গিয়া মার্শাল চিয়াং কাইশেক উপরিউক্ত কথাগুলি বলেন। তিনি বলেন, জাপ শান্তির অর্থ হইতেছে চীনাদিগকে দাসত্ব শৃঙ্খলে আবদ্ধ করা এবং সমগ্র চীনজাতিকে পরাধীন করা"। অতঃপর মার্শাল চিয়াং কাইশেক তাঁহার বেতার বক্তৃতায় জাপানের অভিযান পর্য্যুদস্ত করিবার জন্য জাপবাহিনীর পশ্চাদ্ভাগ আক্রমণ করিয়া তাহাদিগকে ছিন্নভিন্ন করিবার জন্য, সংবাদ আদান প্রদান ও রসদ-সরবরাহের সর্ব্বপ্রকার যোগসূত্র বিনষ্ট করিবার জন্য এবং বিশ্বাসঘাতকদিগকে ধ্বংস করিবার জন্য জাপঅধিকৃত এলাকার চীনাদিগকে ঐক্যবদ্ধ হইতে আহ্বান করেন।

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী মহারাজ সম্পাদিত ইংরেজী পাক্ষিক। প্রতি একাদশীতে প্রকাশিত হয়। কাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। সডাক ভিক্ষা ৬॥০ টাকা মাত্র।

২। গৌড়ীয়—মহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১॥০ টাকা মাত্র।

৩। ভাগবত—হিন্দিভাষায় একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা গৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১॥০ টাকা মাত্র

৫। শ্রীগৌড়ীয়—মহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১॥০ মাত্র।

রসগুরু শ্রীগৌরকিশোর

গৌড়ীয়-সম্পাদক লিখিত, শ্রীগৌড়ীয়মঠাচার্যের ভূমিকা-সম্বলিত, বহু চিত্র-শোভিত বিষয় সূচী-বিশিষ্ট "রসগুরু শ্রীগৌরকিশোর" গ্রন্থরাজ প্রকাশিত হইয়াছেন। এই গ্রন্থে শুদ্ধগৌড়ীয়বৈষ্ণবজগতের পরমারাধ্য, গৌড়ীয়গৌরবশিরোমণি অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ নিত্যলীলাপ্রবিষ্ট পরমহংস ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল গৌরকিশোরদাস গোস্বামী প্রভুবরের আশ্চর্য্য চরিতকথা বর্ণিত আছে।

শ্রীশ্রীভক্তিবিনোদাবির্ভাব-শতবর্ষপূর্ত্তিতিথিপূজার

অর্ঘ্যসম্ভার।

——::(০)::——

১। গীতিসাহিত্যে শ্রীভক্তিবিনোদ

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র গীতিসাহিত্যের সমালোচনা-গ্রন্থ)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

২। শ্রীভক্তিবিনোদবাণীবৈভব

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের রচনামৃতসাগর হইতে আহৃত ১০৮টি অধ্যায়ের সম্বন্ধ-অভিধেয় প্রয়োজনাকারে গ্রথিত অমূল্য উপদেশপূর্ণ গ্রন্থ)

ভিক্ষা—৩৲ তিন টাকা মাত্র।

৩। শ্রীশ্রীভক্তিবিনোদ-প্রসঙ্গ

ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ ও ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল ভক্তিবিনোদের পরবিদ্যাভূষণ গোস্বামী প্রভু-বিরচিত এবং গৌড়ীয়ে প্রকাশিত শ্রীশ্রীভক্তিবিনোদ-চরিত-প্রসঙ্গ

ভিক্ষা—৷৶০ ছয় আনা মাত্র।

৪। ছাত্রদের ভক্তিবিনোদ

(ছাত্রদের উপযোগী ভাষায় লিখিত শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্র ও শিক্ষা)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

ছাত্রদের পক্ষে ভিক্ষা—॥০ আট আনা মাত্র)

প্রাপ্তিস্থান :—

(১) 'ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট', পোঃ শ্রীমায়াপুর, নদীয়া ;

(২) শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ;

(৩) শ্রীযুক্ত সুপতিরঞ্জন নাগ এম্-এ, বি-এল্, পুরাণপল্টন পোঃ রমণা, ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বাঙ্গালাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্,—সমগ্র ৪০

২। ঐ ১ম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ৪॥

৩। ঐ—

৪। আদর্শ বিরাট শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৬

৫। আদর্শ শ্রীচৈতন্যচরিতামৃত ৬

সরস্বতী-জয়শ্রী (অবাঁধা) ৪

শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী

১ম খণ্ড ৸০; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০; ৪র্থ খণ্ড—৸০

শ্রীল প্রভুপাদের পত্রাবলী

১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০

শ্রীচৈতন্যদেব ১৲

সৎক্রিয়াসার-দীপিকা সংস্কার দীপিকা ১॥০

বর্ণ্ম ২৲

গৌড়ীয় কণ্ঠহার ২৲

শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁ...)

শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲

হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০

সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ॥০

বৈষ্ণবসাহিত্যে বিষয়-তত্ত্ব ।০

ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০

ঈশোপনিষৎ ।০

ধর্ম-আলোক ।০

।০

...

গৌড়ীয়সাহিত্য

ভজন-রহস্য ।০

শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা)

৪। গীতা (শ্রীবলদেব-টীকা-সহ)

৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) অবাঁধা)

৬। গীতার কেবল মাত্র-ভাষা

৭। গৃহিণীশিক্ষা শ্রীগৌরাঙ্গঃ (সাম্বাদ) ১৲

৮। বেদান্ততত্ত্বসার (সানুবাদ) ।০

৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৸০

১০। দীপ-দিগ-দর্শন ৶০

১১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ৷৶০

১২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ।০

১৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০

১৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶০

১৫। গীতমালা ৴১০

১৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ...

১৭। ঐ প্রমাণ-খণ্ড ৶০

১৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০

১৯। শ্রীগোদ্রুমকল্পতরু ।০

৪০। শরণাগতি ৴০

৪১। গীতাবলী ৴০

৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০

৪৩। সাধনতত্ত্ব ৴০

৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ৴

...গীতায়ত

অর্চ্চনপদ্ধতি

সদাচারস্মৃতিঃ

৪। অর্চ্চনদর্পণ ১০

৫। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম-৪ খণ্ড) ৬৲

৬। ব্রহ্মসংহিতা ।০

৭। মণিমঞ্জরী (সানুবাদ) ।০

৮। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০

৯। পূর্ব্বার্থ-বিনির্ণয় ।০

১০। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ।০

তত্ত্ব ও ভক্তিপথ ৶০

...শাপনিষৎ (ভাষ্যাদিসহ)

শ্রীকৃষ্ণলেখ

শিক্ষাষ্টকদর্পণ

সাংখ্যবাণী

সংস্কৃত ভাষায় প্রকাশিত

১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।০

২। সিদ্ধান্ত-সরস্বতী বিভিন্নঃ ।০

৩। সটীক-শিক্ষাষ্টকম্

৪। তত্ত্বসূত্রম্

৫। সারস্বত শিক্ষাষ্টকম্

৬। গৌড়ীয়মঠপরিচয়ঃ

৭। সারার্থদর্শিনী

ইংরাজী ভাষায় প্রকাশিত

১। রায় রামানন্দ ।০

২। এ কিউ ওয়ার্ড স অন বেদান্ত ।০

৩। নামভজন ৴০

৪। বেদান্ত—ইটস্ মর্ফলজী অ্যাণ্ড অন্টলজি ।০

৫। রিলেটিভ ওয়ার্ল্ড'স ৴০

৬। লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস্ অব চৈতন্য মহাপ্রভু

৭। বৈষ্ণবীজম্ ।০

৮। ভোয়াট গৌড়ীয়মঠ ইজ ফাইটিং ৴০

৬। দি ভাগবত ।০

৭। ইথোটিক প্রিন্সিপল অ্যাণ্ড থিয়োরেটিক্যাল ডিডাকশন

৮। ব্রহ্মসংহিতা

৯। শ্রীকৃষ্ণচৈতন্য (অমৃত ওয়ার) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

১০। শ্রীহরিনামচিন্তামণি ।০

১১। সাধন-পথ ।০

কল্যাণ-কল্পতরু ৶০

১৩। গীতাবলী ৴০

শরণাগতি ৴০

...

৮৫। শরণাগতি ৴০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

প্রাপ্তিস্থান- ...মঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

একমাত্র পারমার্থিক দৈনিক পত্র

শ্রীধাম-মায়াপুর-নদীয়া

১৪শ বর্ষ | ১১ শ্রীধর ৪৫৩ গৌরাব্দ, ২৭শে আষাঢ় বঙ্গাব্দ ১৩৪৬, ১২ই জুলাই খৃঃ ১৯৩৯, বুধবার | ১১৪৭ সংখ্যা

"আমাদের মনের মত না হ'লে যাঁ'কে বরখাস্ত কর্‌তে পারি কিম্বা যাঁ'কে দিয়ে আমার বদ্‌মাইসী দুষ্টামী বুদ্ধির সমর্থন ক'রি'য়ে নিতে পারি, তা'কে 'আচার্য্য' বা 'গুরু' বলা যায় না।"

(শ্রীল প্রভুপাদ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

১১ শ্রীধর বুধ অনিরুদ্ধ গৌরাব্দ ৪৫৩

সাধুর সেবা করিতে হইবে

আমরা যে জগতে বাস করি, তাহা অসাধু জগৎ। এ জগতের প্রায় সকলেই অসাধু। শ্রীল প্রভুপাদ বলিতেন—'জগতে সাধু মাত্র একজন, তিনি আমার শ্রীগুরুদেব এবং তাঁহার বন্ধুবর্গে আরও দুই চারিজন আছেন।' ভগবদ্ভক্তই সাধু। ভক্তিই সাধুতা। এই সাধুর সঙ্গ বা সাক্ষাৎ ভগবৎকৃপাতেই লাভ হয়। যাঁহারা সাধু সেবার সৌভাগ্য পান, তাঁহাদের প্রথমেই সাধুর প্রতি শ্রদ্ধা বা সুদৃঢ়বিশ্বাস উদিত হয়। শ্রদ্ধা হইতেই সেবায় নিষ্ঠা এবং রুচি হয়। কিন্তু যেখানে মূলে শ্রদ্ধারই অভাব, অথচ সেবায় নিষ্ঠা, রুচি বা অত্যাগ্রহ দেখা যায়, তাহা অসতী স্ত্রীর স্বামিসেবাতৎপরতার ন্যায় ছলনামাত্র। সেবা ও সেবক যদি এক ভূমিকায় অবস্থিত না হয়, তাহা হইলে পূর্ণসেবা কখনই হইতে পারে না। সেবকের সেবা করিবার ইচ্ছা এবং সেব্যের সেবাগ্রহণের ইচ্ছা যুগপৎ না হইলে সেবা কি করিয়া হইবে? সেব্য নিত্যকালই সেব্য, আর সেবক নিত্যকালই সেবক। এই সেবকগণের মধ্যে যিনি অগ্রণী, তিনিই আশ্রয়বিগ্রহ শ্রীগুরুদেব, তিনিই সাধুশ্রেষ্ঠ, তিনিই আচার্য্য। সেবকগণ তাঁহারই অনুসরণ করিয়া থাকেন। জীবের প্রথমে দৃঢ়বিশ্বাস থাকে না। সাধুসঙ্গ করিতে করিতে যে পরিমাণে তাঁহার শ্রদ্ধা দৃঢ় হইতে থাকে, সেই পরিমাণে তাঁহার চিত্ত শুদ্ধ হয়। যাঁহার যে পরিমাণে চিত্ত শুদ্ধ হয়, তিনি সেই পরিমাণে সাধুর সহিত একচিত্তবৃত্তিবিশিষ্ট হইতে পারেন, সেই পরিমাণে তাঁহার ইচ্ছার সহিত ইচ্ছা মিশাইতে পারেন—সেই পরিমাণেই তাঁহার হৃদয়ে কৃষ্ণসুখানুসন্ধান-স্পৃহা জাগে। মহৎ অকিঞ্চন ভক্তিবিশিষ্ট। নিষ্কিঞ্চন ভক্ত আছে বলিয়াই তিনি মহৎ। সাধুর সেবাই সেবকের একমাত্র আকাঙ্ক্ষা ও পরমলাভ।

সাধু ছাড়া আমাদের বন্ধু বা সঙ্গী আর কেহ নাই। সাধু ব্যতীত অপরের সঙ্গ হইলেই কৃষ্ণবিস্মৃতি বা নরকগতি অবশ্যম্ভাবী।

'কৃষ্ণ সে তোমার কৃষ্ণ দিতে পার
তোমার শকতি আছে।'

—সাধুতে এইরূপ সুদৃঢ়বিশ্বাস সদা সাধু-সেবকের আছে। তাই তিনি নামের কাঙ্গাল হইয়া সর্ব্বক্ষণ সেই নাম-সেবা প্রদাতা সাধুর চরণে প্রণত ও অনুগত। এইরূপ পরম সুহৃৎ সাধুতে দুর্ভাগ্যক্রমে অশ্রদ্ধা হইলে সাধুর প্রতি যে সন্দেহ কখনও অজ্ঞাতসারে আবার কখনও জ্ঞাতসারে আসিয়া যায়। তখন সাধুদের অপার কৃপাপাশের দ্বারা নিজেকে রক্ষা না করিলে আর নিস্তার নাই।

সাধুসেবা করা যায় কি করিয়া, ইহা স্থিরীকৃত না হইলে সাধুসেবা অসম্ভব। সাধুর শিক্ষায় শিক্ষিত বা অনুপ্রাণিত হওয়া, সাধুর বাণীর অনুসরণ বা উপদেশ ব্যতীত সাধুসেবা পাওয়া অসম্ভব। সাধুসেবা পাইতে হইলে সাধুর বিচার গ্রহণ করিতে হইবে—সাধুর উপদেশ শ্রবণ করিতে হইবে। ইহারই নাম সাধুচরণাশ্রয়।

সদ্গুরুচরণাশ্রিত শ্রদ্ধাবান্ জীবই সাধুসেবা লাভ করিতে পারেন। তাঁহারা গুরুদেবকে মর্ত্ত্যমানব মনে করেন না। তাঁহারা জানেন, শ্রীগুরুদেব সাক্ষাৎ নিত্যানন্দ প্রভু। তিনি নিত্যানন্দাভিন্নবিগ্রহ হইয়াও নিত্যানন্দ-দাসাভিমানী, তিনি শ্রীহরির সর্ব্বাপেক্ষা প্রিয়তমজন। শ্রীগুরুদেব যে প্রকারে শ্রীকৃষ্ণসেবা করিতে পারেন সেইরূপ আর কেহই করিতে পারেন না। তিনি কৃষ্ণ ব্যতীত অন্য কেহ নহেন। কৃষ্ণেরই বিষয় ও আশ্রয়রূপে দ্বিবিধ প্রকাশ। মাদৃশ পতিতের উদ্ধারের জন্য কৃষ্ণই মহোদ্ধারক গুরুরূপে অবতীর্ণ হন। গুরু-কৃষ্ণই আমাদিগকে সর্ব্বক্ষণ রক্ষা করিয়া থাকেন। শ্রীগুরুদেব সর্ব্বক্ষণ আমাদের চোখের সামনে না থাকিলেও তিনি সব দেখিতেছেন, সব জানিতেছেন। কোটীশ্রুতিগীত গুরুপাদপদ্মে অবস্থান ব্যতীত চেতনের থাকিবার আর জায়গা নাই।

সাধুসঙ্গ করিতে হইবে। সাধুসঙ্গ ছাড়া গতি নাই। ভাগ্যে সাধুর সঙ্গযোগ না ঘটিলে শাস্ত্রীয় সাধুসঙ্গ করা দরকার। শ্রীমদ্ভাগবত ও শ্রীভক্তভাগবত উভয়ই সাধু—উভয়ই আচার্য্য। আমাদের কোমলশ্রদ্ধা আছে বলিয়া হতাশ হইলে চলিবে না। সাধুর মুখে হরিকথা শুনিতে শুনিতে শ্রদ্ধা দৃঢ় হইবে। দুর্ভাগ্যবশে বা অসাধুসঙ্গক্রমে কোমলহৃদয়ে যে শ্রদ্ধা উদিত হয়, যদি শাস্ত্রীয় সিদ্ধান্ত দ্বারা তাহা দৃঢ় করিয়া না লওয়া হয়, তাহা হইলে অসৎসঙ্গে সেই শ্রদ্ধা নষ্ট হইবার সম্ভাবনা। সেইজন্য বুদ্ধিমান্ জনগণ শাস্ত্রজ্ঞ সাধু ও শাস্ত্রকে আশ্রয় করেন। সদাশ্রয় ছাড়া গতি নাই। সাধুর বাণী শ্রবণ ছাড়া মঙ্গললাভের আর পন্থা নাই। সেইজন্যই বলিতেছি,—সাধুর সেবা করিতে হইবে।

ভজন

——::●::——

কৃষ্ণানুশীলনের নাম ভজন। অনুশীলন অর্থে অনুক্ষণ সেবা বুঝায়। অনু অর্থে পশ্চাৎও হয়। পশ্চাৎ অর্থাৎ মহাজন-প্রদর্শিত পন্থা। 'নিত্যসিদ্ধ কৃষ্ণপ্রেষ্ঠ পাছে ত' লাগিয়া। নিরন্তর কৃষ্ণের অনুগমনা হয়া' ।—ইহাই কৃষ্ণানুশীলন। উত্তমা ভক্তির লক্ষণ—অনুশীলন অনুকূল অনুশীলনই ভক্তি। প্রতিকূল অনুশীলন ভক্তি নহে, তাহা অভক্তি। আমরা সাধনভক্তি, ভাবভক্তি ও প্রেমভক্তির কথা শুনিতে পাই। সাধনভক্তি প্রথমা, ভাবভক্তি মধ্যমা এবং প্রেমভক্তিই নিত্যা ভক্তি। ইহা নির্মল হৃদয়ের সহজ-বৃত্তি। সাধন-ভক্তি আবার বৈধ ও রাগানুগ-ভেদে দ্বিবিধ। যাঁহাদের রাগোদয় হয় নাই, তাঁহারা শাস্ত্র-শাসনোদিত বৈধী ভক্তির অধিকারী। রাগ হয় [illegible] রাগ অনুশীলন পূর্ব্বক সাধনানুশীলন করিলে রাগানুগা সাধন ভক্তি আবৃত্তিত হয় বটে, কিন্তু ইহাও এক প্রকার বৈধ। তবে যা যদি উৎপন্ন হইলে সে-অবস্থাকে বিধিরাহিত্যাবস্থা বলা হয়। সাধন-ভক্তি পরিপক্ক হইলে অথবা সাধুসঙ্গফলে কিঞ্চিৎ ভাবোদয় হইতে হইতেই ভাব-ভক্তির অধিকার সিদ্ধ হয়। শ্রবণ-কীর্ত্তনাদি নববিধ [illegible] সাধনভক্তি ও ভাবভক্তিতে [illegible] থাকে, কেবল ভাবের সহিত ঐ [illegible] প্রধান হয়। [illegible] সাধন-ভক্তিতে [illegible] অধিক [illegible]। কিন্তু [illegible] আত্মার স্বরূপ সত্তার অধিক [illegible] চিন্তাত্মক সত্তার [illegible] অধিক বলবান্ [illegible] এই অবস্থায় [illegible] প্রেমোদ্দীপন-প্রাপ্তির [illegible] আশা অত্যন্ত [illegible] সাধনভক্তির অঙ্গ সকলের [illegible] বৃদ্ধি হয়। [illegible] আবির্ভাব হয়। [illegible] থাকা পর্য্যন্ত প্রেমভক্তি [illegible] করিতে পারেন না, কিন্তু [illegible] বর্ত্তমান থাকেন [illegible] সজ্জনের সম্পূর্ণ পুরুষার্থ [illegible] তাঁহাদের স্থূল ও চিত্তাভাসিক অস্তিত্বকে [illegible] দেন। তাঁহাদের এখানে [illegible] আর নাই। [illegible] কথা, সাধনসিদ্ধ কৃষ্ণভক্তে সম্পূর্ণ শরণাগত থাকায় তাঁহাদের ইচ্ছা ও কৃষ্ণের ইচ্ছা এক। সুতরাং তাঁহাদের প্রত্যেক কার্য্যই কৃষ্ণেন্দ্রিয়প্রীতি-বর্দ্ধক ভক্তি। তাহা মায়াতীত হওয়ায় প্রাকৃত বিচারের গণ্ডীর বহির্ভূত। সেই মহাভাগবতগণের আচরণ অনুকরণীয় নহে। তাঁহাদের পাদপদ্ম অনুসরণ না করিয়া বা তাঁহাদের উপদেশ লঙ্ঘন করিয়া অনুকরণ করিতে গেলে পতন অবশ্যম্ভাবী।

আমরা বদ্ধজীব। আমাদিগকে বিধি মানিয়া চলিতে হইবে—আমাদিগকে শুরুবর্গের শাসন মানিয়া লইতে হইবে। ভক্তি সম্পূর্ণ আত্মনিষ্ঠ। সেইজন্যই কায়মনোবাক্যে সর্ব্বতোভাবে সর্ব্বক্ষণ শ্রীহরিভজন করিতে হইবে, আদর্শজীবন যাপন করিতে হইবে। সাধকজীবন সর্ব্বতোভাবে আদর্শ না হইলে, সর্ব্বতোভাবে গুরুবৈষ্ণব ও সাধুশাস্ত্রের আনুগত্যপূর্ণ ও অনুমোদিত না হইলে ঐরূপ লোক দ্বারা বা স্বল্প জীবনের দ্বারা নিজেরও মঙ্গল হইবে না, অন্য লোকেরও কোন মঙ্গল হইবে না। সুতরাং ব্যক্তিগত সাধক-জীবনে বিন্দুমাত্র উদাসীন হইলে চলিবে না।

আমরা যদি মঙ্গল চাই, তাহা হইলে আমাদের প্রত্যেকেরই সর্ব্বপ্রথমে শ্রীগুরু-পাদপদ্মের আনুগত্যে নিজের মঙ্গল করিতে হইবে, নিজের চরিত্রকে আদর্শস্থানীয় শাস্ত্রের অনুমোদিত করিতে হইবে। পবিত্রতা, সারল্য ও সেবাবৃত্তি সহকারে গুরুবৈষ্ণবের উপদেশ শাস্ত্রবাক্য শ্রবণ করিতে হইবে। যদি আমি নিজেই শ্রবণ না করি অর্থাৎ শিষ্য না হই, তাহা হইলে অপরে তাহা আমার নিকট শ্রবণ করিবে কেন? যিনি নিজে নির্ম্মল নহেন, তিনি অধিকক্ষণ কপটতা করিয়া অপরকে নির্ম্মল করিবার উপদেশ দিতে পারেন না। আবার কেহ কেহ আচারহীন প্রচার করিলেও সে উপদেশ কার্য্যকরী হয় না। যিনি নিজের ব্যক্তিগত ছিদ্রান্বেষণ করেন না, গুরুবৈষ্ণবের কৃপা ও সেবা দ্বারা আত্ম-শোধনের জন্য যত্নপর হন না, তাঁহার দ্বারা স্ব-পর মঙ্গল হইতে পারে না। তিনি ক্রমশঃ পরছিদ্রানুসন্ধান ও পরচর্চ্চা করিতে করিতে হরিবিমুখজনগণের দলভুক্ত হইয়া পড়েন। আমরা ব্রহ্মচারী, গৃহস্থ, বানপ্রস্থ বা সন্ন্যাসী যাহাই হই না কেন, সাধক আমাদের কাহারও ব্যক্তিগত জীবনের প্রতি উদাসীন হইলে চলিবে না। নিজে নিশ্ছিদ্র না হইতে পারিলে, ভগবৎকৃপায় গুরুসেবার আদর্শ-জীবন-যাপনের সৌভাগ্য না হইলে কেহই প্রকৃতপক্ষে শ্রীগুরুপাদপদ্মের মুখ্যসেবা করিতে পারেন না। শ্রীগুরুপাদপদ্মে শরণাগতি ও

গৌড়ীয়মঠের শিক্ষা

(প্রাপ্ত)

শিক্ষাই জাতির, সম্প্রদায়ের, দেশের মেরুদণ্ড স্বরূপ। শিক্ষাহীন সমাজ অসভ্য, হীন, পশুতুল্য। মেরুদণ্ড ব্যতীত যেমন দেহ দাঁড়াইতে পারে না বা সৌন্দর্য্য প্রকাশ পায় না, তদ্রূপ শিক্ষা ব্যতীত সমাজের, দেশের অস্তিত্ব থাকে না। সমস্ত জীব-জগতের মধ্যে মানব-জাতিই একমাত্র শিক্ষানবীশ, তাহারা অভিজ্ঞতায় ও প্রতিভায় শিক্ষার ক্রমোন্নতি করিতে বিপুল উৎসাহী। প্রতি দেশে প্রত্যেকেই সবসং শিক্ষায় শিক্ষিত হইয়া বিজ্ঞানোন্নতি, স্বাস্থ্যোন্নতি, সমাজোন্নতি, যুদ্ধ, কলা, জ্যোতিষ, ইতিহাস, ভূগোল নানাপ্রকার বিষয়ে উন্নতি বিধান করিতেছে কিন্তু দেখা যায়, উপরিউক্ত লোকের স্ব স্ব ভোগপর বিদ্যার দ্বারা নিজেদের, গ্রাম, দেশ, মহাদেশ ইত্যাদির ভোগলালসা বৃদ্ধি করিবার জন্য বিশাল সেতুবন্ধন রচিয়া বিস্তার করিয়া পৃথিবীর উপর ভোগোন্মত্তদিগের পরস্পর প্রতিযোগিতা আরম্ভ করিয়া দেয়। সেই জড়ভোগ-লালসা বৃদ্ধির সহিত জড়শিক্ষারও উন্নতি দেখা যায়, ঐরূপ শিক্ষা যতই অধিক পরিমাণে উন্নত হউক না কেন, তাহা ঐ ভোগেই পর্য্যবসিত হইবে। আবার যখন ঐ অনিত্য ভোগে কেহ বাধা প্রদান করিবে বা যখন ভোগ প্রচুর পরিমাণে পাওয়া যাইবে না তখন ক্রোধ, দুঃখ ও স্বার্থপরতায় হৃদয় ভরিয়া গিয়া স্থূল ও সূক্ষ্মভাবে আবার ভোগ-সংগ্রহের নানা প্রকার পন্থা অবলম্বন করিবে। তদ্দ্বারা পরস্পর সংঘর্ষের উপক্রম দেখা যায়, উহার দ্বারা ক্রমে ক্রমে অশান্তি বাড়িয়াই চলে, কখনও শান্তি পাওয়া যায় না। কিন্তু মায়া ভোগোন্মত্ত জড়বিলাসী ব্যক্তি ঐ জড়বিদ্যাকে স্বদেশ বা উহাকেই সমাজ-সেবা, দেশ-সেবা ও জীবনের কর্ত্তব্য মনে করিয়া উহারই মধ্যে বিপুল উৎসবে কর্ম্মাঙ্গনে নামিয়া পড়ে। পরস্পর প্রতিযোগিতার জন্যান্য বল কলা-শিক্ষার বাহাদুরী, মানবের মানবত্ব ও বিবেক গৌরবান্বিত মনে করে। কিন্তু গৌড়ীয়-মঠের শিক্ষা তাহা নহে, তাহা গৌরসরস্বতী-শিক্ষা, শ্রীরূপের শিক্ষা, শ্রীরঘুনাথগোস্বামীর শিক্ষা, অপ্রাকৃত শিক্ষা, সেবা শিক্ষা, কৃষ্ণ-শিক্ষা, সংকীর্ত্তনশিক্ষা। সেখানে পাণ্ডিত্যা-ভিমান নাই, আছে কেবল দাসাভিমান, সেবাসেবক-সম্বন্ধাভিমান। সেখানে ইন্দ্রিয়-তোষণ নাই, আছে আত্মবিস্মৃতির পূর্ণাত্ম-শক্তো সেবোম শ্রীভক্তিবিনোদ ঠাকুরের সুরধ্বনি শ্রীহরির অপ্রাকৃত সেবানন্দে প্রত্যেকেই তদ্রূপ। সেখানে শতমুখী ভোগকামনার পরিবর্ত্তে আছে শতসহস্র অনুকূলময় সেবাকাঙ্ক্ষিণীর প্রেমপ্রস্রবণ, শত শত চেষ্টার দ্বারা অপ্রাকৃত কামদেবের পূজা-বিধান। তথায় আছে নাগবেণীবার্তা-লীলা-সমন্বিত অপূর্ব্ব গোলোকভূমি। শ্রীগুরুপাদপদ্মই শ্রীগৌড়ীয় মঠ। শ্রীগুরুদেব রাধাকুণ্ডবাসী বা ব্রজবাসী, তিনি সংকীর্ত্তনবিগ্রহ, অভিন্ন শ্রীনিত্যানন্দ, তিনি নিত্যসিদ্ধপার্ষদ ও চিদ্বিলাসী, অচিদ্বিলাস ও নির্ব্বিশেষদিগ্ তথায় নিকৃষ্ট। অনিত্য ভোগকামনা ও জড়প্রতিষ্ঠা তথায় শূকরের বিষ্ঠার ন্যায় পরিত্যক্ত। গুরুনিত্যানন্দের পদরেণু লোভার নিকট জগতের সমস্ত প্রতিভা ক্ষীণ হইতে ক্ষীণতর হইয়া গিয়াছে, তাঁহার একটী পদরেণুর সহিত জগতের কোন বস্তুরই তুলনা হইতে পারে না। তাঁহার শ্রীমুখবাণী সাক্ষাৎ বেদবাণী, তাঁহার উপদেশ সমস্ত শাস্ত্রের নির্য্যাস-স্বরূপ। তাঁহার আচরণ সাক্ষাৎ ভাগবতময়, তাঁহার প্রচার কৈতবরহিত কৃষ্ণসেবাময়, তাঁহার লীলা অপ্রাকৃত, পতিতপাবন ও ভুবনমঙ্গলময়। তাঁহার শিক্ষা—গৌরশিক্ষা।

যাদৃশ আধ্যাত্মিকজ্ঞানসম্পন্ন জড়মতি ভোগী মানব ঐ অপ্রাকৃত শিক্ষা ও ঐশ্বর্য্য দর্শনে সম্পূর্ণ অন্ধ। বিশেষতঃ জড়-বিজ্ঞানোন্নতির যুগে জড় প্রত্যক্ষাদি ও নব-সভ্যতার বিভূষিত ভোগমত্তদিগের মস্তিষ্কে তাহা আদৌ স্থান পায় না। পূর্ব্ব পূর্ব্বযুগে যে মস্তিষ্কে বেদের অমলবাণী স্থান পাইত, যে হৃদয় সদাচার, শমদমাদিগুণমণ্ডিত ব্রাহ্মণ-সংজ্ঞা লাভ করিত, সে মস্তিষ্ক যে আজ জড়ভোগ বা অনিত্যভোগলালসা চরিতার্থ করিবার বিপুল গবেষণাগার হইয়াছে। আর সে হৃদয় হিংসা, মৎসরতা, নাস্তিকতা, হরি-গুরু-বৈষ্ণব-বিদ্বেষে পরিপূর্ণ হইয়া নরকের তুল্য হইয়াছে। হতভাগ্য আমরা অপ্রাকৃত হরিজন স্বরূপ-দামোদর, শ্রীজীব, রঘুনাথ, বিশ্বনাথ, কৃষ্ণদাস,

---

সেবাস্পৃহার অভাব বশতঃই সাধক-জীবনে অসৎসঙ্গত্যাগে দৃঢ়তা ও সৎসঙ্গ-গ্রহণের ঐকান্তিকতা দেখা যায় না। সুতরাং আমরা যেন ভজনে বিরত হইয়া শ্রীগুরুদেবের কলঙ্ক না হই, এ বিষয়ে বিশেষ লক্ষ্য রাখা আবশ্যক। নতুবা যে তিমিরে সে তিমিরেই থাকিব।

জগন্নাথ, গৌরকিশোর, ভক্তিবিনোদ, শ্রীলসরস্বতীপাদ ও শ্রীমাধবদেব—এই আচার্য্য-কুলের কীর্ত্তনসেবা শ্রীগৌড়ীয়মঠকে প্রতিবন্ধী মনে করিয়াছি। আমরা যে যতটা পরিমাণে গৌড়ীয়মঠের বিরুদ্ধে বা শ্রীহরিসেবায় বাধা প্রদান করিতে পারিব এবং ভোগভূমিকায় অবস্থিত মাদৃশ ভোগিগণের ইন্দ্রিয়তোষণ করিতে পারিব তত্তই আমাদের শিক্ষার গৌরব, জাতির গৌরব, দেশের গৌরব—ইহাই আমাদের ধারণা। হায়, কোথায় বিশ্বনাথ, বিশ্বপালক, বিশ্বস্রষ্টা শ্রীহরির কীর্ত্তনে জগৎ মুখরিত হইবে, না তাহার পরিবর্ত্তে বিশ্বকে ভোগ করিবার ছলে মায়ার কীর্ত্তনে, অনিত্য কীর্ত্তনে, ছুঁচোর কীর্ত্তনে যোগদান করিলাম। অধোক্ষজ-সেবাবিলাস অপ্রাকৃত ভক্তগণের আচরণ দর্শন করিবার সৌভাগ্য আমার হইল না! তাই মাদৃশ অভক্তব্যক্তিকে লক্ষ্য করিয়া মহাজনগণ জানাইয়াছেন,—

দেখিয়া না দেখে যত অভক্তের গণ।
উলূকে না দেখে যৈছে সূর্য্যের কিরণ॥

চক্ষু থাকিলেও যেমন উলূকগণ সূর্য্যের কিরণ দর্শন করিতে পারে না, তদ্রূপ অবস্থা আমার হইয়াছে। জগতে প্রত্যেক বস্তুকেই আমি পরীক্ষা করিয়া লইতেছি কিন্তু যখনই সাধুগণ ঈশ্বরের বার্ত্তা আমার নিকট লইয়া আসেন, তখন আমরা বধির হই। কোন অন্ধ ব্যক্তি যদি সূর্য্যের অস্তিত্ব স্বীকার না করে, তাহা হইলে কি প্রকৃত সূর্য্যতত্ত্ববিদ্ পণ্ডিতগণ তাহাদের কথা স্বীকার করিবেন? সেইরূপ কিছু বৈষ্ণব-বিরোধিগণ যদি শুদ্ধ-বৈষ্ণবগণের চরণে প্রভূত অপরাধ করে বা অপ্রাকৃত বার্ত্তা-মন্দির গৌড়ীয়মঠকে অস্বীকার করে, তাহা হইলে প্রকৃত সজ্জন ব্যক্তি কি তাহা ত্যাগ করিবে বা অস্বীকার করিবে?

হৃদয় যাহাদের পাষাণময়, চিত্ত যাহাদের মলিনতাপূর্ণ, তাহারাই গৌড়ীয়-মঠের শিক্ষার বিরোধী হইবে। মায়াবাদে স্বার্থ যাহাদের কলুষিত, অপরাধে যাহাদের আদৌ ভয় নাই, বিদ্যামদ, আভিজাত্য, রূপমদ ও ধনমদে যাহারা একেবারে অন্ধ হইয়াছে, তাহারা গৌড়ীয়মঠের শিক্ষাগ্রহণে একেবারে অক্ষম। ধর্ম্ম, অর্থ, কাম, মোক্ষকামনার জন্য যাহাদের মন, স্থূল ও সূক্ষ্মভাবে যাহারা পুরাণপুরুষ শ্রীভগবানের বিরোধী, তাহারা এই পরশিক্ষা-মন্দিরে প্রবেশাধিকার লাভ করিতে পারিবে না। একমাত্র শরণাগত, ভক্তিমান্, নিষ্কপট ব্যক্তি শ্রীগুরুদেব ও তদ্দাসানুদাসগণের কৃপায় ঐ অপ্রাকৃত বাণীমন্দিরে প্রবেশ করিয়া বিশ্বনাথের সেবাপ্রাপ্ত হন। পূর্ণশরণাগতির সহিত গুরুদেব শ্রীল আচার্য্য-দেবের শিক্ষাবরণ করিতে পারিয়া সমস্ত জড়াভিমান নিরস্ত হইয়া দেহ ও মনোধর্ম্ম হইতে জীব যখন নিষ্কৃতি পান, তখন তিনি অভিমান করেন—

নাহং বিপ্রো ন চ নরপতির্নাপি
বৈশ্যো ন শূদ্রো
নাহং বর্ণী ন চ গৃহপতির্নো বনস্থো
যতির্বা।
কিন্তু প্রোদ্যন্নিখিলপরমানন্দপূর্ণামৃতাব্ধে-
র্গোপীভর্ত্তুঃ পদকমলয়োর্দাসদাসানুদাসঃ॥

হরিভক্তবৈষ্ণবের দাসানুদাস হইতে পারিলে প্রকৃত বাস্তব শিক্ষায় অভিজ্ঞ হওয়া যায়। তখন আর অর্থ, যশঃ, মান, জনাদির অভিলাষ থাকে না। তখন সাধুগণের সেবাই একমাত্র ধ্যেয়বস্তু হয়, সাধুসঙ্গে লোভ উপস্থিত হয়। নিরন্তর অপ্রাকৃত নামানুশীলনে চিত্তবৃত্তি নিয়োজিত হয়। জানি না কোন্ অপরাধফলে গুরুনিত্যানন্দের পাদপদ্ম স্মরণ করিতে পারিতেছি না, শ্রীচৈতন্যবৃন্দের অমিয় উপদেশাবলী পাষাণ হৃদয়ে ধারণ করিতে অক্ষম হইতেছি। কর্ম্মফলে প্রকৃত মঙ্গলে উদাসীন হইয়া সংসার-পঙ্কে বিপুল কৌশলশিক্ষা করিতেছি। কবে নিত্যানন্দাভিন্ন শ্রীগুরুদেব ও বৈষ্ণববৃন্দের শিক্ষাকে শিরে ধারণ করিয়া আনন্দে নৃত্য করিতে পারিব, সেদিন আমার কবে হইবে?

বর্ত্তমান যুগে রূপানুগ শিক্ষার পুনঃ-প্রবর্ত্তক ঠাকুর শ্রীল ভক্তিবিনোদ ভক্তিবিদ্ধ-কারিণী বিদ্যাকে তিরস্কার করিয়াছেন এবং স্বাংশমূলা বিদ্যাকে নিত্য বৈভব বলিয়া স্বীকার করিয়াছেন। আজ ভক্তিবিনোদ-ধারার নিত্যারাধ্য জগদ্গুরু শ্রীল প্রভুপাদ ও তদীয় শ্রেষ্ঠ শ্রীল আচার্য্যদেব যে লীলা প্রদর্শন করিতেছেন, তাহাতে এই জড়-ভোগোন্মত্ত বিশ্বে একদিকে মহাবিপ্লবের সৃষ্টি হইয়াছে আর একদিকে সুকৃতিমান্ ব্যক্তির পরমানন্দের বিষয় হইয়াছে। একবারে শ্রীচৈতন্য শিষ্যে শ্রীচৈতন্যের মহাদান বিতরণ করিয়া ভোগী ও ত্যাগীকে চমৎকৃত করিয়াছেন। সামান্য পর্ণকুটীর হইতে বিশাল রাজপ্রাসাদ পর্য্যন্ত শ্রীল প্রভুপাদ ও শ্রীল আচার্য্যদেবের কৃপায় চৈতন্যবাণী গীত হইতেছেন। বড়ই সৌভাগ্যের কথা, মাদৃশ পতিত ব্যক্তিরা অহঙ্কারী ব্যক্তি তাহা একান্তভাবে আশ্রয় করিতে না পারিলেও আজ গুরুনিত্যানন্দের হস্তে পাষণ্ডদলনবানা শ্রীমন্মহাপ্রভুর বিজয়-নিশান দর্শন করিয়া হৃদয় আনন্দে আপ্লুত হইতেছে। আমরা ধন্য হইতে পারিয়াছি যেহেতু শ্রীল আচার্য্যদেবের সমসাময়িক যুগে আমরা মানবকুলে জন্মগ্রহণ করিয়াছি। কিন্তু বড়ই দুঃখের বিষয় আজ পশুতুল্য জীবনধারণ করিতেছি। অবিদ্যাকে বরণ করিয়া বাস্তব মঙ্গল শ্রীগুরুপাদপদ্মে অবহেলা করিলাম। এতাদৃশ অপরাধীর মঙ্গল কোথায়?

সংকীর্ত্তন-পিতা শ্রীগৌরসুন্দর কলিহত জীবের মঙ্গলার্থে গোলোকের প্রেমধন যে নামকীর্ত্তন তাহা আপামরে দান করিবার জন্য স্বীয় মহাবদান্যলীলা প্রকট করিয়া অবিদ্যা রাশি ধ্বংস করিবার মহাকৌশল প্রদর্শন করিয়াছেন এবং তদনুগ ষড়্গোস্বামিবৃন্দ তাহা নানাপ্রকারে প্রচার করিয়াছেন। আজ তাহা কলির ছলনাময় যুগে আউল, বাউল, সহজিয়া, জাতগোঁসাই ইত্যাদি নানাপ্রকার মতবাদে ভক্তিসিদ্ধান্তকে আবৃত করিয়াছে। গৌরাঙ্গদাসের পোষাক বাহ্যে ধারণ করিয়া অন্তরে তীব্র ভোগলালসা চরিতার্থ করিবার জন্য কপট-বেশে অর্থ-লোভে কলিগুপ্তচর সব "চোর বলে ঐ চোর" এই নীতির অনুসরণে নিজেদের দোষগুলি গৌড়ীয়মঠের প্রচারকগণের উপর ন্যস্ত করিয়া সাধারণের নিকট ঢাকাবুলির দ্বারা ভাল মানুষ সাজিয়া নিজেন্দ্রিয় তোষণ করিতেছে। তাহাদের কুবাসনা চরিতার্থ করিবার প্রথমমুখে গৌড়ীয় বাধা দিয়াছেন। তাহাদের কলুষিত মতবাদকে ধ্বংস করিবার জন্য শ্রীমঠের প্রত্যেক আচারবান্ প্রচারক নির্ভীকভাবে দিগ্বিজয়ঘোষণা আরম্ভ করিয়াছেন। আজ ধর্ম্মধ্বজিগণ গৌড়ীয়মঠের প্রচারে প্রমাদ গণিয়াছে। তাই তাহারা অন্য উপায় না পাইয়া ছলে-বলে, কলে-কৌশলে, তোষা দিয়া, তোষামোদ করিয়া, শিষ্যের হুকুম তামিল করিয়া লোক সংগ্রহ করিবার জন্য ব্যস্ত হইয়াছে। বেশ্যা, চরিত্রহীন, মাতাল, বিষয়ী লোককে নামমাত্র হরিনামাদি প্রদান করিবার অভিনয় করিয়া ভুঁইফোড় গুরু সাজিয়া বসিয়েছে। তাহারা ছলনা করিলেও অন্তর্য্যামিস্বরূপে বৈষ্ণবগণ তাহা ধরিয়া ফেলেন। যখন তাহাদের কুস্বভাব গুলি অত্যাচারের ন্যায় সাধারণের সমক্ষে উপস্থিত করেন, তখন তাহারা আর স্থির থাকিতে পারে না। প্রকৃত অজ্ঞান ব্যক্তিকে সাবধান করিয়া তাহাদের মঙ্গল করিবার জন্য গৌড়ীয়মঠের এই পাষণ্ডদলন-কার্য্য।

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত্র অতিসুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত ইহার ভিক্ষা মাত্র ৩৲ টাকা। প্রাপ্তিস্থান শ্রীযুক্ত নন্দকিশোর ভক্তিশাস্ত্রী, শ্রীযোগপীঠ, শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

সরস্বতী-সংলাপ

প্রথম খণ্ড

শ্রীশ্রীব্রহ্মমাধ্ব গৌড়ীয়সম্প্রদায়ৈকসংরক্ষক জগদ্‌গুরু পরমহংসকুলচূড়ামণি নিত্যলীলা-প্রবিষ্ট ১০৮শ্রী শ্রীমদ্ ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামি-প্রভুপাদ বিভিন্ন জিজ্ঞাসু ও অনুগত সজ্জনবৃন্দের পরিপ্রশ্নোত্তরে ও সন্দেহ-নিরাকরণকল্পে যে-সকল শুদ্ধভক্তিসিদ্ধান্তবাণী কীর্ত্তন করিয়াছেন, যাহা তাঁহার প্রকটকালেই ‘গৌড়ীয়’ সম্পাদক শ্রীমৎ সুন্দরানন্দ-বিদ্যাবিনোদ বি-এ প্রভুপাদেরই শ্রীহস্তে সংশোধিত করাইয়া রাখিয়াছিলেন এবং যাহার কতকাংশ গৌড়ীয়তে প্রকাশিত হইয়াছে, তাহা “শ্রীশ্রীসরস্বতী-সংলাপ” নাম ধারণপূর্ব্বক শ্রীল প্রভুপাদের ‘বক্তৃতাবলী’ ও ‘পত্রাবলী’ আকারে খণ্ডে খণ্ডে প্রকাশিত হইতেছেন। বর্ত্তমানে শ্রীল প্রভুপাদের প্রথমবার্ষিক বিরহতিথিপূজা-বাসরে এই গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছেন। মানবজীবনের বহু অমীমাংসিত সমস্যা ও জটিল প্রশ্নের সমাধান ইহাতে পাওয়া যাইবে। ভক্তিপথের পথিকমাত্রেরই এই গ্রন্থ সংগ্রহ একান্ত প্রয়োজন।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপদেশক পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী সম্প্রদায়-বৈভবাচার্য এম-এ মহোদয়ের শ্রৌতগবেষণা এবং পরিপক্ক লেখনীর অদ্ভুত ফল আস্বাদন করিয়া প্রকৃতভাবে দর্শন এবং ভক্ত ও ভগবানের লীলাকাহিনী-পাঠে ধন্য হউন। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিবিধ চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলক শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৩৩শ অধ্যায়ে প্রায় ৮০০ পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্তার ভূমিকাদ্বয় (Preaces), বিষয়-তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র-(Index Glossary) সহ প্রথমখানি প্রকাশিত। ভিক্ষা—১৫, পনর টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, রায়পেট্টা মাদ্রাজ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

'ঠাকুর ভক্তিবিনোদ'

——:(*):——

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি-প্রচারের মূল মহাজন সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অতিমর্ত্ত্য জীবনচরিত এতাবৎকাল পর্য্যন্ত গ্রন্থাকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয়মঠাচার্য্যবর্য্যের শুদ্ধেক্ষণ পরবিদ্যাসাহিত্যিক সু-লেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু মূল্যবান শিক্ষাবলীও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১২৫ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৮০ আনা; ডাক মাশুল স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান—ম্যানেজার গ্রন্থবিভাগ
শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

——:(*):——

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু সদ্গ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১০।৫নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাটখোলাতে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

ই. বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	৫-৩৬	৬-২৬	৭-০৬	১২-২৬	১৪-৫৬	১৬-৫৬	১৭-৫৬	২২-২৬
রাণাঘাট পৌঃ			৮-২৮	১৪-১৫				
(বদল) ছাঃ			৯-৩৩	১৪-৫০				
কৃষ্ণনগর পৌঃ	৭-১	৮-৪৫	১০-৮	১৫-২০	১৭-২৮	১৯-০৮	২০-১৬	১-১৭
(বদল) ছাঃ	৭-১২		১০-৩১		১৭-৩৮		২০-২৬	
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫১		১১-১০		১৮-১৬		২১-৫	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
রাণাঘাট পৌঃ	১২-৫৫
ছাঃ	১৩-০
শান্তিপুর পৌঃ	১৩-২৬
(বদল) ছাঃ	১৩-৩১ (লাইট্ রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪-১২
ছাঃ	১৪-৩০
নবদ্বীপঘাট পৌঃ	১৫-১০

ডাউন

নবদ্বীপঘাট ছাঃ	৫-৪৫		৯-১৭		১৩-৩১	১৬-০	১৮-৩১	
কৃষ্ণনগর পৌঃ	৬ ২০	৯-১৬	৯-৪৮	১১-৪১	১৪-১০	১৬-৩৮	১৯-১১	২১-১০
ছাঃ	৫-৩৬	৭-১৮	১০-১১			১৬-২৬	১৯-২৫	
রাণাঘাট পৌঃ			১০-৪৬			১৭-৩০		
(বদল) ছাঃ			১১-১			১৭-৪০		
কলিকাতা পৌঃ	৬-১৬	৯-২১	১১-৫১	১২-১৬	১৪-১৬	১৯-১১	২১-৪১	২৩-৩৭

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৩-৩১	১৬-০	
কৃষ্ণনগর পৌঃ	১৪-১০	১৬-৩৮	
ছাঃ	১৫-২৮	১৭-৩৩	
শান্তিপুর পৌঃ	১৬-৯	১৮-১৪	
(বদল) ছাঃ	১৬-৩৩	১৮-২৫ (শনিবার ভিন্ন)	২০-৪০ (শনিবার)
রাণাঘাট পৌঃ	১৭-১০	১৮-৫০	২১-১৫
(বদল) ছাঃ	১৭-৪৩	১৯-১৫	২১-৫০
কলিকাতা পৌঃ	১৯-১১	২০-৪০	২৩-৩৭

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

ম্যালেরিয়ার পাচন

শিশু জ্বরের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু, পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাটতি অত্যন্ত অধিক। পিতার প্রীহা যকৃত কামলা এবং নূতন পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। মূল্য ছোট বোতল ৮/০ দশ আনা, বড় বোতল ১৸০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

১৬১নং অপার চিৎপুর রোড, কলিকাতা

অথবা

পোঃ বেহালা, ২৪ পরগণা

পোঃ—শ্রীমায়াপুর
টেলিগ্রাম—'শ্রীধাম
শ্রীমায়াপুর'

REGD NO C 1544

দৈনিক নদীয়াপ্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়াজেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৪শ খণ্ড] শ্রীমায়াপুর— ২১শে আষাঢ়, ১৩৪৬ ১৪ই জুলাই, ১৯৩৯, শুক্রবার [১১৬শ সংখ্যা।

বিবিধ সংবাদ

———::(•)::———

কলিকাতায় কংগ্রেস-ভবন নির্ম্মাণ

কংগ্রেস সুভাষ ফণ্ডে সংগৃহীত অর্থ-দ্বারা চিত্তরঞ্জন এভেনিউয়ে যে গৃহ নির্ম্মাণের প্রস্তাব করা হইয়াছে তাহার নির্ম্মাণ-কার্য্যের উদ্যোগ-আয়োজন পুরাদমে সুরু হইয়াছে। যেখানে এই গৃহ নির্ম্মিত হইবে তথাকার মাটি সমান করিয়া ফেলা হইয়াছে এবং মালমশলা রাখিবার জন্য গুদাম নির্ম্মাণ করা হইতেছে।

শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর এই গৃহের ভিত্তিপ্রস্তর স্থাপন করিবেন। কলিকাতায় প্রত্যাবর্ত্তন করিবার পর শ্রীযুক্ত সুভাষচন্দ্র রবীন্দ্রনাথের সুবিধামত ভিত্তি স্থাপনের দিন স্থির করিবেন। গৃহটি চারি তল বিশিষ্ট হইবে। ইহাতে একটি বড় হল, লাইব্রেরী, পাঠাগার এবং কয়েকটি অফিস কক্ষ থাকিবে। হলে আড়াই হাজার শ্রোতার স্থান হইবে। গৃহের আকার অতিশয় আকর্ষণপূর্ণ হইবে। স্থানীয় বিশেষজ্ঞ স্থপতিগণ শান্তিনিকেতনের বিখ্যাত শিল্পীদের সহিত পরামর্শ করিয়া এই গৃহের সম্মুখভাগের আকার কিরূপ হইবে তাহা স্থির করিতেছেন।

———

শ্রীরামপুরে অগ্নিকাণ্ড

শুক্রবার অনুমান রাত্রি ৩টার সময় শ্রীরামপুরের প্রসিদ্ধ মিঠাই বিক্রেতা তুলসী সরকারের দোকানে আগুন লাগিয়া উহার সমস্ত দ্রব্যাদি পুড়িয়া গিয়াছে।

প্রকাশ, রাত্রে যথারীতি দোকান বন্ধ করিয়া সকলে চলিয়া যায় কিন্তু কড়াইয়ের উনুন জ্বালা ছিল। দোকানের একটি লোক জি টি রোডের ধারে দোকানের সংলগ্ন রোয়াকে নিদ্রা যাইতেছিল। হঠাৎ সে অত্যন্ত উত্তাপ বোধ করে এবং জাগিয়া উঠে। সঙ্গে সঙ্গে প্রচুর ধূম ও অগ্নিশিখা ঘরের ভিতর হইতে বাহির হইতে দেখিয়া সে চীৎকার করিতে থাকে। পার্শ্ববর্ত্তী লোকজন জমা হইয়াও পাকা ঘরের অগ্নি নিবাইতে সক্ষম হয় না। প্রায় প্রাতঃ ৬-৩০ মিনিটের সময় মিউনিসিপ্যালিটির জলের দমকল সাহায্যে অগ্নি নির্ব্বাপিত হয়। ঘরের দেওয়াল ও ছাদ গুরুতর ক্ষতিগ্রস্ত হইয়াছে এবং মালপত্রসহ প্রায় ৮০০৲ ক্ষতি হইয়াছে। প্রকাশ, কারবারের সমস্ত খাতাপত্র পুড়িয়া গিয়াছে। দোকান হইতে কোন জিনিষই বাহির করা সম্ভব হয় নাই

———

ব্যাঙ্কের ২৮ হাজার টাকা আত্মসাৎ

[illegible] ব্যাঙ্কের ২৮ হাজার টাকা আত্মসাৎ করিবার অপরাধে উক্ত ব্যাঙ্কের সেক্রেটারী এবং ম্যানেজার সৈয়দ মহিউদ্দিন আহমদকে চতুর্থ সিটি ম্যাজিষ্ট্রেট মিঃ ডি, এ কানাজীর আদালতে দুই দফা অভিযোগে অভিযুক্ত করা হইয়াছিল। ম্যাজিষ্ট্রেট তাঁহার প্রতি দণ্ডাদেশ দিয়াছেন।

তাঁহার বিরুদ্ধে প্রথম দফার অভিযোগ এই যে, তিনি ব্যাঙ্কের ২১ হাজার টাকা আত্মসাৎ করিয়াছিলেন। এই অপরাধে তাঁহার প্রতি দুই বৎসর সশ্রম কারাদণ্ড ও দুই হাজার টাকা অর্থদণ্ডের আদেশ দেওয়া হইয়াছে। দ্বিতীয় দফার অভিযোগ এই যে, তিনি ব্যাঙ্কের নিকট বন্ধকী ৬৫৩০৲ টাকা মূল্যের অলঙ্কারপত্র আত্মসাৎ করিয়াছিলেন। এই অপরাধে তাঁহার প্রতি এক বৎসর সশ্রম কারাদণ্ড এবং দেড় হাজার টাকা অর্থদণ্ডের আদেশ দেওয়া হইয়াছে। জরিমানার টাকা আদায় না হইলে তাঁহাকে যথাক্রমে আরও দুই বৎসর এবং আঠার মাস সশ্রম কারাদণ্ড ভোগ করিতে হইবে।

আদালত হইতে এইরূপ নির্দ্দেশ দেওয়া হইয়াছে যে, উপরোক্ত দণ্ডাদেশের বিরুদ্ধে আপীল রুজু করিবার জন্য আসামীকে যে সময় দেওয়া হইয়াছে তাহা উত্তীর্ণ না হওয়া পর্য্যন্ত প্রদত্ত দণ্ডাদেশ স্থগিত থাকিবে।

নিখিলভারত বেতার ও বিজ্ঞান প্রদর্শনী

আগামী ২০শে ডিসেম্বর হইতে ১৯৪০ সালের ১০ই জানুয়ারী পর্য্যন্ত লাহোর ইউনিভারসিটি হলে নিঃ ভাঃ বেতার ও বিজ্ঞান প্রদর্শনী হইবে। এরূপ প্রদর্শনী ইহাই প্রথম। এই প্রদর্শনীর উদ্দেশ্য হইবে জনগণের মধ্যে বিজ্ঞান শিক্ষার প্রচার করা।

পাঞ্জাব বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলার খান বাহাদুর মিয়ান আফজল হোসেন বৈজ্ঞানিকমণ্ডলীর সভাপতি, মামদোতের নবাব শানাওয়াজ খাঁ এম-এল-এ বোর্ড অব কন্ট্রোলের চেয়ারম্যান, মিঃ কে কে আনন্দ অর্গানাইজিং সেক্রেটারী ও মিঃ জি পি সাহানি উক্ত প্রতিষ্ঠানের কোষাধ্যক্ষ নিযুক্ত হইয়াছেন।

———

বৃহত্তর জার্ম্মাণীর লোকসংখ্যা

১৯৩৯ সালের ১৭ই মে তারিখের আদমসুমারী অনুসারে অ-জার্ম্মাণ অধিবাসী ছাড়া বর্ত্তমানে বৃহত্তর জার্ম্মাণীর মোট লোকসংখ্যা ৭ কোটি ৯৬ লক্ষ। ইহা ছাড়া মেমেলল্যাণ্ডের অধিবাসীর সংখ্যা ১ লক্ষ ৫৩ হাজার। মেমেলে শীঘ্রই লোক গণনা হইবে। বোহেমিয়া ও মোরাভিয়ার ৭১ লক্ষ লোকসমেত আনুমানিক ৮ কোটি ৬৯ লক্ষ লোক জার্ম্মাণ রাজ্যে বাস করিতেছে। বোহেমিয়া এবং মেমেলল্যাণ্ডের অধিবাসী সংখ্যা ছাড়া বৃহত্তর জার্ম্মাণীর ৭ কোটি ৯৬ লক্ষ লোকের মধ্যে ৩ কোটি ৮৮ লক্ষ লোক পুরুষ এবং ৪ কোটি ৮ লক্ষ স্ত্রীলোক। ১৮৭১ সালে (জার্ম্মাণ রাইখ প্রতিষ্ঠার বৎসরে) জার্ম্মাণীর লোকসংখ্যা ছিল ৪ কোটি ১০ লক্ষ। মহাযুদ্ধের পূর্ব্বে ১৯১০ সালের আদমসুমারী অনুসারে জার্ম্মাণীর লোকসংখ্যা ছিল ৬ কোটি ৪৯ লক্ষ। ১৯১৪ সালে মহাযুদ্ধ আরম্ভ হওয়ার সময় জার্ম্মাণীর লোকসংখ্যা বৃদ্ধি পাইয়া ৬ কোটি ৭৮ লক্ষ হয়।

———

অলঙ্কারাদি সমেত দেবী মূর্ত্তি উধাও

অবসরপ্রাপ্ত জেলা ও দায়রা জজ ও স্থানীয় মিউনিসিপ্যালিটির ভূতপূর্ব্ব চেয়ারম্যান পরলোকগত শ্রীযুক্ত [illegible] সাধুর গৃহ হইতে সোনার গহনা-পত্র সমেত দেবীমূর্ত্তি চুরি হইয়া গিয়াছে।

ইঙ্গ-সোভিয়েট আলোচনা

৮ই জুলাই সন্ধ্যায় বৃটিশ ও ফরাসী রাজদূতদ্বয় মিঃ ষ্ট্র্যাং সমভিব্যাহারে পররাষ্ট্র সচিব মঃ মলোটোভের সহিত সাক্ষাৎ করিয়া অনুমান দুই ঘণ্টার অধিককাল আলোচনা করেন। সহকারী পররাষ্ট্র সচিব মঃ পোটেমকিন আলোচনার সময় উপস্থিত ছিলেন।

ভক্তির অন্যান্য পত্র ও গ্রন্থমালা

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক। প্রতি একাদশীতে প্রকাশিত হয়। কলিকাতা বাগবাজারস্থ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। সডাক ভিক্ষা ৪॥০ টাকা মাত্র

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১॥০ টাকা মাত্র।

৩। ভাগবত—হিন্দিভাষায় একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহোদয় সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১॥০ টাকা মাত্র

৫। শ্রীগৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১॥০ মাত্র।

পরমগুরু শ্রীগৌরকিশোর

গৌড়ীয়-সম্পাদক-লিখিত, শ্রীগৌড়ীয়মঠাচার্য্যের ভূমিকা-সম্বলিত, বহুচিত্র-শোভিত ও বিষয় সূচী সমন্বিত "পরমগুরু শ্রীগৌরকিশোর" গ্রন্থরাজ প্রকাশিত হইয়াছেন। এ গ্রন্থরাজে শুদ্ধগৌড়ীয়বৈষ্ণবগণের পরমারাধ্য, গৌড়ীয়গৌরশিরোমণি অপ্রাকৃত বৈরাগ্য মূর্ত্তবিগ্রহ নিত্যলীলাপ্রবিষ্ট পরমহংস ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল গৌরকিশোরদাস গোস্বামী প্রভুবরের সর্ব্বশ্রেষ্ঠ চরিতকথা বর্ণিত আছে।

শ্রীশ্রীভক্তিবিনোদাবির্ভাব-শতবর্ষপূর্ত্তিতিথিপূজার উপায়ন-গ্রন্থমালা

——::(০)::——

১। গীতিসাহিত্যে শ্রীভক্তিবিনোদ

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র গীতিসাহিত্যের সমালোচনা-গ্রন্থ)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

২। শ্রীভক্তিবিনোদবাণীবৈভব

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের রচনামৃতসাগর হইতে আহৃত ১০৮টি অধ্যায়ে সম্বন্ধ-অভিধেয়-প্রয়োজনাকারে গুম্ফিত অমূল্য উপদেশপূর্ণ গ্রন্থ)

ভিক্ষা—৩৲ তিন টাকা মাত্র।

৩। শ্রীশ্রীভক্তিবিনোদ-প্রসঙ্গ

ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ ও ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামীপ্রভু-বিরচিত এবং গৌড়ীয়ে প্রকাশিত শ্রীশ্রীভক্তিবিনোদ-চরিত-প্রসঙ্গ

ভিক্ষা—।৶০ ছয় আনা মাত্র।

৪। ছাত্রদের ভক্তিবিনোদ

(ছাত্রদের উপযোগী ভাষায় লিখিত শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্র ও শিক্ষা)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

(ছাত্রদের পক্ষে ভিক্ষা—॥০ আট আনা মাত্র)

প্রাপ্তিস্থান :—

(১) 'ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্', পোঃ শ্রীমায়াপুর, নদীয়া ;

(২) শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ;

(৩) শ্রীযুক্ত ভূপতিরঞ্জন নাগ এম্-এ, বি-এল্, পুরাপাড়া, পোঃ বগলা, ঢাকা।

অক্ষরাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্,—সম্পূর্ণ — ২৫৲
প্রথম স্কন্ধ হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ২৲
দশম স্কন্ধ—

২। ভাষ্যসহ বিরাট্ শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) — ৫

৩। ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত

৪। সরস্বতী-জয়শ্রী (অবাঁধা) — ৪

৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০ ; ২য় খণ্ড ১৲ ; ৩য় খণ্ড—৸ ; ৪র্থ খণ্ড—৸০

৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০ ; ২য় খণ্ড—১৲ ...

৭। শ্রীচৈতন্যদেব — ১

৮। সৎক্রিয়াসার-দীপিকা — সংস্কার দীপিকা — ১।

৯। বৈষ্ণবধর্ম্ম — ৯

১০। গৌড়ীয়-কণ্ঠহার — ২০

১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) — ২

১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) — ১

১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) — ৸

১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) — ।

১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ-তত্ত্ব

১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব — ৸

১৭। বৈষ্ণবোপনিষৎ — ।

১৮। বাদন-আশ্রয় — ।৹

১৯। তত্ত্ববিবেক — ।৹

২০। গৌড়ীয়-গৌরব — ৸৶০

২১। গৌড়ীয়সাহিত্য — ৸৶০

২২। ভজন-রহস্য

২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা)

২৪। গীতা (শ্রীমদ্বলদেব ...) — ৯

২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ অবাঁধা)
গীতার কেবল মাত্র-ভাষ্য — ।
প্রকৃতিমালিকা তদগৌরতঃ (সাড়বাদ) — ২৲
বেদান্ত তত্ত্বসার (সাড়বাদ) — ।৹
প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) — ৸

৩০। দীপ-বিল-অর্দ্দ — ৶

৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) — ৸৶০

৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) — ।৹

৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা — ৸০

৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) — ৴

৩৫। গীতমালা — ৴১০

৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য — ৶০

৩৭। ঐ প্রমাণ-খণ্ড — ৶০

৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ — ।০

৩৯। শ্রীগোদ্রুমকল্পতরু পরিক্রমা — ।৹

৪০। শরণাগতি — ৴০

৪১। গীতাবলী — ৴০

৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা — ৸০

৪৩। সাধনতত্ত্ব — ৴০

৪৪। ... শিক্ষা — ৴

৪৫। নবদ্বীপশতক

৪৬। অর্চ্চনপদ্ধতি

৪৭। সদাচারস্মৃতি — ০

৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) — ৴১

৪৯। অর্চ্চনমার্গ — ৶

৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম-৪ খণ্ড) —

৫১। ব্রহ্মসংহিতা — ।

৫২। মণিমঞ্জরী (সাড়বাদ) — ।

৫৩। গৌরকৃষ্ণোদয়

৫৪। পুরুষার্থ-বিনির্ণয়

৫৫। ভক্তসূক্তাবলী বা মায়াবাদ...

৫৬। ভাগবতধর্ম্ম ও ভক্তিপথ — ৶

৫৭। ঈশোপনিষৎ (ভাষ্যাদিসহ) — ।

৫৮। শ্রীকৃষ্ণলেখর — ৶

৫৯। সিদ্ধান্তদর্পণ — ৶।

৬০। সাংখ্যবাণী

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ — ।

৬২। সিদ্ধান্ত-সরস্বতী বিজিতা — ।

৬৩। সটীক-শিক্ষাষ্টকম্ — ।৹

৬৪। তত্ত্বসূত্রম্ — ।৹

৬৫। সাত্বত শিক্ষাষ্টকম্ — ৶।

৬৬। গৌড়ীয়মঠতত্ত্বপরিচয়ঃ — ৴।

৬৭। মায়াবাদখণ্ডনম্

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ — ।

৬৯। এ ভিউ ওয়ার্ড স অন বেদান্ত — ।

৭০। সাধুতত্ত্ব — ৴

৭১। বেদান্ত—ইটস্ মরফলজী অ্যাণ্ড অন্টলজি — ।৹

৭২। রিলেটিভ ওয়ার্ল্ডস — ৸৶।

৭৩। লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস্ অব শ্রীচৈতন্য মহাপ্রভু — ।৹

৭৪। বৈষ্ণবীজম্ — ।৹

৭৫। নোবাট গৌড়ীয়মঠ টক দুইং — ৴।

৭৬। দি ভাগবত — ।৹

৭৭। ইরোটিক প্রিন্সিপাল অ্যাণ্ড আনঅ্যালয়েড ডিভোশন — ।৹

৭৮। ব্রহ্মসংহিতা — ২॥

৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (ভলুম ওয়ান) — ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি — ।০

৮১। সাধন-পথ — ।০

৮২। কল্যাণ-কল্পতরু — ৶০

৮৩। গীতাবলী — ৴০

৮৪। শরণাগতি — ৴।

আসামী ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি — ৴০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত — ৯

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক

নদীয়া-প্রকাশ

একমাত্র পারমার্থিক দৈনিক পত্র

শ্রীমায়াপুর-শ্রীনদীয়া

১৪শ বর্ষ { ১৩ শ্রীধর ৪৫৩ গৌরাব্দ, ২৯শে আষাঢ় বঙ্গাব্দ ১৩৪৬, ১৪ই জুলাই ইং ১৯৩৯, শুক্রবার } ১১৬৭ সংখ্যা।

সাময়িক-প্রসঙ্গ

শ্রীসচ্চিদানন্দমঠের উৎসব পঞ্জী

গত ২৯শে জুন বৃহস্পতিবার হইতে গৌড়ীয়বৈষ্ণবাচার্য্য ও বিষ্ণুপাদ পরমহংস পরিব্রাজকাচার্য্যবর্য্য অষ্টোত্তরশতশ্রী শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী মহারাজের নির্দ্দেশমত তাঁহার কৃপাশীর্ব্বাদে শ্রীশ্রীগুরুগৌরাঙ্গের বিপুল জয়গানের মধ্যে কটক শ্রীসচ্চিদানন্দমঠের বার্ষিক উৎসব আরম্ভ হইয়াছে। ঐ দিবস প্রত্যূষে শ্রীশ্রীগুরু-গৌরাঙ্গবিনোদরমণজীউর মঙ্গলারাত্রিকান্তে শ্রীহরিগুরুবৈষ্ণববন্দনা, মহাজনপদাবলী ও শ্রীনাম-সংকীর্ত্তন হয় এবং শ্রীপাদ শৈলেন্দ্র গোবর্দ্ধন ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রীজী শ্রীচৈতন্য-ভাগবত পাঠ ও ব্যাখ্যা করেন। পূর্ব্বাহ্ণে মঠসেবকবৃন্দ সহরের বিভিন্ন স্থানে হরিকথা প্রচার করেন, মধ্যাহ্নে ভোগারাত্রি-কীর্ত্তন ও মহাপ্রসাদ-সেবনানন্তর ভক্তি-শাস্ত্রীজী ইউগোষ্ঠীমুখে 'নদীয়া-প্রকাশ' পাঠ ও ব্যাখ্যা করেন এবং অপরাহ্ণে উপদেশক পণ্ডিত শ্রীপাদ বিলাসবিগ্রহ দাস ভক্তিশাস্ত্রী মহোদয় সমাগত ভদ্রমহোদয়-গণের নিকট প্রশ্নোত্তরমুখে হরিকথা আলোচনা করেন। সন্ধ্যারাত্রিকান্তে হরিগুরুবৈষ্ণববন্দনা, মহাজনপদাবলী ও মহামন্ত্র কীর্ত্তনের পর শ্রীপাদ শৈলেন্দ্র-গোবর্দ্ধন ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রীজী শ্রীমদ্ভগবদ্গীতার দ্বিতীয় অধ্যায় পাঠ ও ব্যাখ্যামুখে সদ্গুরু ও সচ্ছিষ্যের স্বরূপ কীর্ত্তন করেন।

২৩শে জুন শুক্রবার মঙ্গলারাত্রিকান্তে শ্রীহরিগুরুবৈষ্ণব-বন্দনা হয় এবং পূর্ব্বে ও পরে মহাজনপদাবলী ও মহামন্ত্র কীর্ত্তনের পর শ্রীপাদ অনিরুদ্ধ দাসাধিকারী ভক্তিশাস্ত্রী মহোদয় শ্রীচৈতন্যভাগবত পাঠ ও ব্যাখ্যা করেন। পূর্ব্বাহ্ণে মঠসেবকগণ সহরের বিভিন্ন স্থানে হরিকথা প্রচার করেন। মধ্যাহ্নে ভোগারাত্রিক কীর্ত্তন ও মহাপ্রসাদ সম্মানের পর উপদেশক শ্রীপাদ যতিশেখর ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রীজী ইউগোষ্ঠীতে 'নদীয়া-প্রকাশ' পাঠ ও ব্যাখ্যা করেন। অপরাহ্ণে শ্রীপাদ হয়েরাম ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রীজী সমাগত ভদ্রমহোদয়গণের সহিত প্রশ্নোত্তরমুখে হরিকথা আলোচনা করেন। সন্ধ্যারাত্রিকান্তে শ্রীহরিগুরুবৈষ্ণববন্দনানন্তর খোল-করতাল, শঙ্খ, ঘণ্টা, কাঁসরবাদ্য সংযোগে একটী সংকীর্ত্তন-শোভাযাত্রা বহির্গত হইয়া উড়িয়াবাজার, শিবচৌড়ী, কাঠযুড়ী-বাগ, বালুবাজার, নয়াসড়ক, চৌধুরীবাজার হইয়া ৮ ঘটিকায় মঠে প্রত্যাবর্ত্তন করে। সংকীর্ত্তনবাহিনীর কীর্ত্তনরোলে ও বাদ্যধ্বনিতে দিগ্দিগন্ত মুখরিত হইয়া সহরবাসিগণের হৃদয়ে পরমানন্দের সঞ্চার করে। রাত্রি ৮ ঘটিকা হইতে ৯ ঘটিকা পর্য্যন্ত উপদেশক শ্রীপাদ যতিশেখর ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রীজী শ্রীচৈতন্যচরিতামৃত পাঠ ও ব্যাখ্যামুখে সাধুসঙ্গের সুফলের বিষয় কীর্ত্তন করেন। পূর্ব্বে ও পরে মহাজনপদাবলী কীর্ত্তন হয়।

২৪শে জুন শনিবার শ্রীশ্রীগুরুগৌরাঙ্গ-বিনোদরমণজীউর মঙ্গলারাত্রিকান্তে হরিগুরুবৈষ্ণববন্দনার পর উপদেশক শ্রীপাদ যতিশেখর ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রীজী শ্রীচৈতন্যভাগবত পাঠ ও ব্যাখ্যা করেন। পূর্ব্বে ও পরে মহাজনপদাবলী ও মহামন্ত্র কীর্ত্তন হয় এবং সংকীর্ত্তন সহযোগে মঠসেবকগণ শ্রীমন্দির পরিক্রমা করেন। পূর্ব্বাহ্ণে মঠ-সেবকগণ সহরের বিভিন্নস্থানে হরিকথা প্রচার করেন। মধ্যাহ্নে ভোগারাত্রিক কীর্ত্তন ও মহাপ্রসাদ-সম্মানান্তে শ্রীপাদ শৈলেন্দ্র-গোবর্দ্ধন ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী ইষ্ট-গোষ্ঠীমুখে নদীয়া-প্রকাশ পাঠ ও ব্যাখ্যা করেন। অপরাহ্ণে শ্রীপাদ হয়েরাম ব্রহ্মচারীজী রেভেন্স কলেজের ছাত্র শ্রীযুক্ত মনোমোহন সাহু ও অপর কয়েকটী ছাত্রের সহিত প্রশ্নোত্তরমুখে হরিকথা কীর্ত্তন করেন। সন্ধ্যারাত্রিকের পর শ্রীহরি-গুরুবৈষ্ণব-বন্দনা, গুর্ব্বষ্টক, পঞ্চতত্ত্ব, মহামন্ত্র এবং 'মানস দেহ গেহ যো কিছু মোর। অর্পিলু তুয়া পদে নন্দকিশোর'। পদটী কীর্ত্তনের পর ব্রহ্মচারীজী শ্রীচৈতন্যভাগবতের মধ্যখণ্ড ১ম অধ্যায় হইতে মহাপ্রভুর গয়া হইতে প্রত্যা-গমনের বিষয় পাঠ ও ব্যাখ্যামুখে লোক-শিক্ষক জগদ্গুরু শ্রীশ্রীগৌরসুন্দরের গুরু-পাদাশ্রয়াভিনয় দ্বারা ধর্ম্মসেতুস্বরূপে সনাতন-পদ্ধতি স্বীকার, তর্কপথখর্ব্বণমুখে শ্রৌত-পথের প্রবর্ত্তকত্ব হেতু মহাধীরতার পরিচয়, স্বয়ং ভগবান্ ব্রজেন্দ্রনন্দন হইয়াও বিপ্রলম্ভ-রসে সর্ব্বক্ষণ কৃষ্ণনাম-কীর্ত্তন বিপ্রহরণে মহাভাগবত-লীলায় ঔদার্য্যলীলার প্রকটা প্রভৃতি বর্ণন কীর্ত্তন করেন। পরে মহামন্ত্র কীর্ত্তন হয়। রাত্রে উপদেশক পণ্ডিত শ্রীপাদ ভক্তিসৌরভ ভক্তি-সার মহারাজ ভক্তিশাস্ত্রী প্রভু কতিপয় সেবক সহ ভুবনেশ্বর শ্রীত্রিদণ্ডিগৌড়ীয়মঠ হইতে আসিয়া উৎসবে যোগদান করেন।

শ্রীল প্রভুপাদের বাণী

—:•:—

শ্রীরূপানুগগণের পাদপদ্মের ধূলি হওয়াই আমাদের চরম আকাঙ্ক্ষার বিষয়। আপনারা সকলেই এক অদ্বয়জ্ঞানের অনুকূল ইন্দ্রিয়-তর্পণের উদ্দেশ্যে 'আশ্রয়বিগ্রহের আনুগত্যে মিলে মিশে থাক্‌বেন। সর্ব্বদা এক হরি-ভজনের উদ্দেশ্যে এই দু'দিনের অনিত্য সংসারে কোনরূপে জীবন-নির্ব্বাহ ক'রে চল্‌বেন। শত বিপদ, শত গঞ্জনা ও শত লাঞ্ছনায়ও হরিভজন ছাড়্‌বেন না। জগতের অধিকাংশ লোক অকৈতব কৃষ্ণসেবার কথা গ্রহণ কর্‌ছেন না দেখে নিরুৎসাহিত হ'বেন না, নিজভজন, নিজ-সর্ব্বস্ব কৃষ্ণকথা ছাড়্‌বেন না। তৃণাদপি সুনীচ ও তরুর ন্যায় সহিষ্ণু হ'য়ে সর্ব্বক্ষণ হরিকীর্ত্তন ক'র্‌বেন।

মায়ারে করিয়া জয় ছাড়ান না যায়। সাধু-গুরু-কৃপা বিনা না দেখি উপায়।

"আমাদের মনের মত না হ'লে যাঁকে সংশোধন ক'রতে পারি কিম্বা যাঁ'কে দিয়ে আমার [illegible]মী বুদ্ধির সমর্থন ক'রে নিতে পারি, তাঁ'কে 'আচার্য্য' বা 'গুরু' বলা যায় না।"

(শ্রীল প্রভুপাদ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

১৩ শ্রীধর নিধি গর্ভোদশায়ী গৌরাব্দ ৪৪৩

দুই একটী কথা

ভক্তির সহিত কোন কিছুর তুলনা হইতে পারে না। ভক্তির উদয়ে যাবতীয় ক্লেশ বা অবিদ্যা সমূলে বিনষ্ট হয় এবং আত্মা সুপ্রসন্ন হইয়া থাকে। ভক্তি অগ্নিতুল্য। অগ্নি যেরূপ স্বর্ণকে বিশুদ্ধ করিতে পারে, অন্য কিছু সেরূপ পারে না। ভক্তিযোগ ব্যতীত নিত্যমঙ্গল লাভ বা চিত্তশুদ্ধির অন্য চেষ্টা তেঁতুল, মৃত্তিকা বা অন্যদ্বারা স্বর্ণ-পরিষ্কারের চেষ্টার ন্যায় নিরর্থক।

কীর্ত্তন ব্যতীত জীবের আর অন্য ধর্ম্ম নাই। এই কীর্ত্তনাখ্যা ভক্তিতে বা শ্রীনামে যাঁহার যতটুকু অবিশ্বাস অর্থাৎ যিনি মনে করেন, নাম দ্বারা আমাদের সর্ব্বার্থসিদ্ধি হইতে পারে না, তিনি ততটুকু পরিমাণে নাস্তিক। একমাত্র কীর্ত্তন-প্রচারে যিনি যতটুকু পরিমাণে সাহায্য করিবেন, তিনি ততটুকু আস্তিক আর যিনি যতটুকু পরিমাণে বাধাপ্রদান করিবেন, তিনি ততটুকু নাস্তিক। সর্ব্বক্ষণই কীর্ত্তন করিতে হইবে ইহাই মহাপ্রভুর আদেশ। সুতরাং কীর্ত্তন ছাড়া আমাদের অন্যত্র কথাদি করিবার সময় কোথায়? তবে কীর্ত্তনের যাহা অনুকূল তাহা অবশ্যই স্বীকার্য্য। হরিকীর্ত্তন ব্যতীত যাবতীয় চেষ্টা সব সংসারের হেতু—পূর্ব্বদিকের উল্টা রাস্তা। কিন্তু যিনি সর্ব্বক্ষণ হরিকীর্ত্তন করিতেছেন, তিনি অন্য দিক হইতে মুখ ফিরাইয়া পূর্ব্বমুখী বা কৃষ্ণমুখী হইয়াছেন—বাড়ীর দিকে চলিয়াছেন, Back to God and Back to Home is the message of Gaudiya Math.—গৌড়ীয়মঠের এই বাণী তাঁহার কর্ণে প্রবেশ করিয়াছে।

মনোধর্ম্ম ও আত্মধর্ম্ম এক নহে। অসৎচিন্তা-রত মন বড় চঞ্চল। মন আজ যাহাকে ভাল বলে, তৎপরদিবস আবার তাহাকে মন্দ বলিয়া থাকে। এরূপ চাঞ্চল্যই তাহার ধর্ম্ম। মনোধর্ম্মে স্থিরতা বলিয়া কোন কথা নাই। ভালমন্দই মনের কাজ। সুতরাং তাদৃশ মনোধর্ম্মে অধিষ্ঠিত হিতাহিতবিবেকযুক্ত মন যে ভালমন্দ বিচার করে তাহা অসম্পূর্ণ। ভক্তের এরূপ মনোধর্ম্ম নাই। তাঁহারা আত্মধর্ম্মী। তাঁহারা ভগবচ্চরণে শরণাপন্ন, তাঁহারা মনোধর্ম্মের দ্বারা চালিত না হইয়া শাস্ত্রসঙ্গত বিচার পরায়ণ। তাঁহারা ভগবচ্চরণে সম্পূর্ণ নিষ্কপটে সেব্যের সেবা করিব, ইহাই তাঁহাদের বিচার। 'ভালমন্দ নাহি জানি সেবামাত্র করি।' তাঁহারা জানেন,—

তোমার ইচ্ছায় প্রভু সব কার্য্য হয়।
জীব বলে করি আমি সে ত' সত্য নয়॥
জীব কি করিতে পারে তুমি না করিলে
আশাপাশে জীব মরে, তব ইচ্ছা বলে॥

অভক্তগণ কনককামিনীকে নিজের ভোগের উপকরণ জানিয়া তাহার সেবা করিয়া থাকে। কিন্তু ভক্তের অপ্রাকৃত দর্শনে ঐ দুইটি কৃষ্ণসেবার উপকরণ। তাই তাঁরা ঐ দুইটী নিজে ভোগ না করিয়া অর্থাৎ তাহাদিগকে নিজের ভোগে না লাগাইয়া কৃষ্ণসেবায় লাগান। ভক্তগণ ফল্গুত্যাগের ন্যায় কৃষ্ণসম্বন্ধীয় বস্তুকে পরিত্যাগ না করিয়া—ঐ গুলিকে প্রাকৃত জড়বস্তু না জানিয়া কৃষ্ণ বা কার্ষ্ণ অর্থাৎ বিষয়জাতীয় সেবা বা আশ্রয়-জাতীয় সেবা-জ্ঞানে তাঁহাদের সেবা করিয়া থাকেন।

আমরা শাস্ত্রপাঠে জানিতে পারি, যে যার মাংস ভোজন করে, তাহাকে তন্মাংসাদ অর্থাৎ তাহার মাংসভোজী বলে। কিন্তু মৎস্যভোজী সর্ব্বমাংসভোজী, যেহেতু মৎস্য নর, শূকরাদি যাবতীয় প্রাণীর মাংসই ভোজন করে। সুতরাং এক মৎস্যভোজনে সকল মাংসই ভোজন করা হইয়া থাকে। অতএব মৎস্যভোজন সর্ব্বতোভাবে পরিত্যাজ্য। শ্রীমদ্ভাগবতও বলিয়াছেন, ধর্ম্মতত্ত্বে অনভিজ্ঞ, গর্ব্বিত, অসাধু ব্যক্তিগণ নিঃশঙ্কচিত্তে পশুদিগকে হনন করে। সেই সকল পশু আবার পরকালে তাহাদিগকেও ভক্ষণ করিয়া থাকে। বেদ বলিয়াছেন—'মা হিংস্যাৎ সর্ব্বাণি ভূতানি'—এই বেদবাক্য দ্বারা পশুহিংসা নিষিদ্ধ হইয়াছে। মানবগণ যখন রাজসিক ও তামসিক-ধর্ম্মে অবস্থিত থাকে সেই সময় স্বভাবতঃই জীবহিংসা, আমিষ-ভোজন প্রভৃতি তামসিক কার্য্যে রত থাকে।

গুরু ও শিষ্যের চিত্তবৃত্তি এক। গুরুর সহিত সমচিত্তবৃত্তিবিশিষ্ট না হইলে কেহই গুরুর কথা বা অন্তরের ভাব বুঝিতে পারেন না। গুরুর ইচ্ছায় ইচ্ছা মিশাইয়া—গুরুসেবতাত্ম হইয়া নিষ্কপট-চিত্তে নিরন্তর তাঁহার বাণীর সেবা করিতে করিতে গুরুকৃপাতেই জীব-হৃদয়ে ভক্তিসিদ্ধান্ত স্ফূর্ত্তি প্রাপ্ত হইয়া থাকে।

শ্রীমন্মধ্বাচার্য্যের সিদ্ধান্তে আমরা সাধারণী ভক্তি, পরমা ভক্তি এবং স্বরূপভক্তি—এই ত্রিবিধা ভক্তির কথা শুনিতে পাই। সদ্গুরুসমীপে শাস্ত্রশ্রবণের পূর্ব্বে যে ভক্তির উদয় হয় তাহাই সাধারণী ভক্তি। যাহারা সদ্গুরুর পাদপদ্মে উপনীত হইয়া শ্রৌতপথে তত্ত্বজ্ঞানলাভের অভাবে ধন, পুত্র, পশু গৃহ এবং বিদ্যাদির জন্য ভগবানের নিকট প্রার্থনাদি করিয়া থাকে তাহা সাধারণী ভক্তি-পদবাচ্যও নহে, তাহা অধমাধমা। উহা কখনও জ্ঞান বা মোক্ষসাধিনী হইতে পারে না। অপরোক্ষজ্ঞান বা ভগবদ্দর্শনের পর যে ভক্তির উদয় হয় তাহাই পরমা ভক্তি, উহা শমাদি অন্যাভিলাষবর্জ্জিতা বলিয়া অমলা ভক্তি নামে পরিচিত। এই পরমা ভক্তি দ্বারাই ভগবানের পরমপ্রসাদ লাভ হয়। ইহা মোক্ষসাধনীভূতা। ভগবৎপরমপ্রসাদ লাভ হইলে জীবের মোক্ষ লাভ হয়। মোক্ষের পর জীবস্বরূপে যে নিত্য-বর্ত্তমান ভক্তি তাহাই স্বরূপভক্তি বা সাধ্যভক্তি।

শ্রবণ-কীর্ত্তনই মঙ্গলপথ

(শ্রীঅনন্তরাম ব্রহ্মচারী, ভক্তিশাস্ত্রী)

হরিকথা-শ্রবণ-কীর্ত্তনে আমাদের রুচি হয় না কেন? ইহার মূল অনুসন্ধান করিলে দেখিতে পাওয়া যায়, সম্বন্ধ-রাহিত্যই ইহার মূল ব্যাধি। হরিভজনই জীবনের মুখ্য উদ্দেশ্য না হইলে এই ব্যাধিনিরাময়ের অন্য উপায় নাই। আর অন্য কোন উপায়ে শ্রবণ-কীর্ত্তনাদিতে রুচি বা আগ্রহ জন্মে না। হরিসেবাকেই প্রয়োজন বলিয়া স্থিরসিদ্ধান্ত করিলে সেই প্রয়োজন-সিদ্ধির উপায়-স্বরূপ হরিকথা-শ্রবণ কীর্ত্তনরূপ অভিধেয়-যাজনে স্বভাবতঃই আগ্রহ বাড়ে। ইহা গায়ের জোরে বা ভয় দেখাইয়া করা যায় না। অণুচেতনের বৃত্তিই বৃহচ্চেতনের গুণমহিমা-শ্রবণ-কীর্ত্তন-রূপ সম্বন্ধে সম্বন্ধিত থাকা। আমাদের স্বরূপের পরিচয় আমরা জানি না বলিয়া হরিগুরুবৈষ্ণব-সেবা-সংক্রান্ত ব্যাপারে আমাদের উৎসাহ হয় না—রুচি থাকে না। "কে আমি কেন মোরে জারে তাপত্রয়। ইহা নাহি জানি কৈছে হিত হয়॥"—এই জ্ঞান নাই বলিয়া হরিকথা-শ্রবণ-কীর্ত্তনে উৎসাহ, নিশ্চয়, ধৈর্য্যাদি থাকে না। আমাদের দুর্দ্দৈবের কথা উপলব্ধির বিষয় হইতেছে না বলিয়া তাহা হইতে উদ্ধারের উপায়-স্বরূপ হরিকথায় আমাদের রুচি হয় না। হরিকথা-শ্রবণ-কীর্ত্তনে রুচি নাই বলিয়াই উৎসাহ থাকে না এবং উৎসাহ নাই বলিয়াই অসংখ্য বাধা আসিয়া আমাদিগকে সেথান হইতে তফাৎ করিয়া দেয়। আর আমরাও সেই বাধা পাইয়া তাহাতে নিরুৎসাহিত হই—মুহ্যমান হইয়া পড়ি। কিন্তু যদি আমাদের উদ্দেশ্য ঠিক থাকে—সম্বন্ধজ্ঞান লাভ হয়—সম্বন্ধে সুদৃঢ়বিশ্বাস থাকে, তাহা হইলে হরিকথায় রুচি স্বভাবতঃই আসিয়া পড়ে, তখন আর নিজের দেহ-মন ও তৎসম্পর্কীয় অভাব-অসুবিধা, ওজর-আপত্তি কোন কিছুই করিতে পারে না। তখন তাহার গতি অপ্রতিহতা। সেই গতি রোধ করিতে কেহই সমর্থ নহে। তখন যে বাধা-বিপত্তি আসে তাহা সেই ঐকান্তিক সেবকের সেবাবৃত্তিকে অভিভূত করা ত' দূরের কথা, তাঁহাকে সেবার উত্তরোত্তর উৎসাহিতই করে। তখনই সাধক 'অসৎসঙ্গত্যাগ এই বৈষ্ণব-আচার।'—এই আচারে প্রতিষ্ঠিত থাকিতে পারেন। এবং সঙ্গে সঙ্গে, শয়নে, গোষ্ঠীতে, সুখে থাকিয়া নিরন্তর হরিকথা-শ্রবণ-কীর্ত্তনে তৎপর থাকিয়া অসৎসঙ্গত্যাগে দৃঢ়নিষ্ঠ হন। যিনি সর্ব্বক্ষণ হরিকথা-শ্রবণ-কীর্ত্তনে ব্যস্ত তাঁহার আবার

অসৎসঙ্গ করিবার সময় কোথায়? যিনি সৎসঙ্গগ্রহণে—হরিকথা-শ্রবণ-কীর্ত্তন-আলোচনায় দৃঢ়নিষ্ঠ, তিনিই অসৎসঙ্গপরিত্যাগে দৃঢ়সঙ্কল্প। সৎ-অসৎ, আলো-অন্ধকারে কখনও মিল হয় না। অসতের প্রতি অনাদর হইলে সতের প্রতি উন্মুখতা আসা স্বাভাবিক যিনি অসৎসঙ্গ-ত্যাগে বজ্রাদপি কঠোর, তিনি সৎসঙ্গগ্রহণে নিশ্চয়ই অতি যত্নবান্। যিনি হরি-গুরু-বৈষ্ণব এবং তৎসম্বন্ধিবস্তুতে নিষ্ঠাবান্, তাঁহার অসতের প্রতি আসক্তি কমিয়াছে জানিতে হইবে। কৃষ্ণসংকীর্ত্তন প্রবল হইলেই মায়ার কোলাহল থামিয়া যায়।

আমি ভগবানের নিত্যদাস, ভগবৎকথা-শ্রবণ-কীর্ত্তনই আমার একমাত্র কর্ত্তব্য, গুরুপাদপদ্ম-সেবাই আমার একমাত্র ধর্ম এই সম্বন্ধজ্ঞান লাভ না করা পর্য্যন্ত হরিকথা-শ্রবণ-কীর্ত্তনে আমাদের স্বাভাবিক আগ্রহ জন্মিতে পারে না। যেখানে সম্বন্ধ, সেখানেই প্রীতি—সেখানেই স্নেহ-মমতা। যেখানে স্নেহমমতা, ভালবাসা, স্বাভাবিক প্রীতি, সেখানেই সেবা—সেখানেই ভক্তি, যদি তাহা নিত্যবস্তুর প্রতি হয়। যেখানে প্রীতির অভাব সেখানে সেবা হয় না। কর্ত্তব্যবুদ্ধিতে যাহা করা যায় তাহা শুদ্ধা সেবা নহে। প্রবল বাধা আসিলে কোমলশ্রদ্ধের তাহা হইতে ভ্রষ্ট হইবার সম্ভাবনা আছে, কিন্তু যেখানে স্বাভাবিক প্রীতি—ভালবাসা—প্রাণের টান, সেখানে বাধা কিছু করিতে পারে না। তখন নিজের অতি ক্ষুদ্রতা, দারিদ্র্য উপলব্ধি হয়—নিজেকে দীনহীন কাঙ্গাল বলিয়া জানিতে পারা যায় এবং তখনই বাস্তবিকই হরি ও হরিজনের অহৈতুক কৃপালাভের জন্য অদম্য পিপাসা জাগে। তখন সংসারের আর কাহারও প্রতি কোন নির্ভরতা থাকে না। তখনই গুরুপাদপদ্মে সত্য সত্য আত্মসমর্পণ করিতে পারা যায়। ইহার পূর্ব্বে আত্মনিবেদনও হয় না এবং শুদ্ধ শ্রবণ-কীর্ত্তনও হয় না।

আত্মনিবেদন না করিলে শ্রবণ কীর্ত্তন হয় না। আত্মনিবেদন করিয়াই শ্রবণ-কীর্ত্তন করিতে হয়। গুরুপাদপদ্মেই আত্মনিবেদন করিতে হয়। আশ্রয় লইয়াই হরিভজন করিতে হয়। তবেই ভগবানের সেবা পাওয়া যায়। তবেই ভগবান্ আমাদের ক্ষীণতমা সেবাপ্রবৃত্তি দেখিয়া সন্তুষ্ট হইয়া সেবার অধিকার দেন। ভগবান্‌কে সন্তুষ্ট করিতে হইলে গুরুপাদপদ্মকে সন্তুষ্ট করিতেই হইবে। দোদুল্যমান অবস্থায় থাকিয়া গুরুপাদাশ্রয় সম্ভব নহে। লোকের কথায় মনশ্চাঞ্চল্য অস্থির হইলে তাহাকে সুধীগণ স্থির বলেন না। যেখানে পরপরিকল্পনার তোড়ে গুরু-পাদপদ্মে শ্রদ্ধা-বিধান (?) হয় এবং আবার ভাসিয়া যায়, তাহাকে শ্রদ্ধা বলে না। সেই জন্য অত্যন্ত চেষ্টান্বিত ও খুব বিচক্ষণ না হইলে হরিভজনের সম্ভাবনা নাই। নিঃসন্দিগ্ধ হইয়া ভর্ত্তৃত্বাদপত্যে কৃষ্ণসেবাকেই জীবনের মুখ্য উদ্দেশ্য বলিয়া ধরিতে পারি না বলিয়াই আমাদের কৃষ্ণসেবা-প্রাপ্তির একমাত্র উপায়-স্বরূপ হরিকথা-শ্রবণ-কীর্ত্তনে রুচি হয় না। গুরুপাদপদ্মে সম্বন্ধ হয় না বলিয়া অনেকদিন হরিকথা শ্রবণ-কীর্ত্তনাদি করিয়াও কিছুমাত্র লাভবান্ হইতে পারি না। হরিসেবা-প্রবৃত্তি বৃদ্ধিপ্রাপ্ত না হইয়া কনককামিনী প্রতিষ্ঠা-লাভাকাঙ্ক্ষাই বাড়িতে থাকে। এইরূপ শ্রবণ-কীর্ত্তন করিয়া কি লাভ? যে শ্রবণ-কীর্ত্তনে হরিসেবার কোন সম্বন্ধ নাই, সেইরূপ শ্রবণকীর্ত্তনে কি প্রয়োজন? সাধুসঙ্গে থাকিয়া যদি এই শ্রবণ-কীর্ত্তন-ধর্ম্ম-যাজন করা যায়, তাহা হইলেই সেইরূপ শ্রবণ-কীর্ত্তনে হরিগুরুবৈষ্ণবের প্রীতি সাধিত হইবে।

হরিকথা-শ্রবণ-কীর্ত্তনই একমাত্র নিত্য ধর্ম। শ্রীমন্মহাপ্রভু জানাইয়াছেন,—

> হর্ষে প্রভু কহেন,—শুন স্বরূপ-রাম রায়।
> নাম-সংকীর্ত্তন কলৌ পরম উপায়॥

ইহাই কলিকালের একমাত্র ধর্ম। শ্রবণ-কীর্ত্তন বাদ দিয়া কলিযুগে আর অন্য কোন কিছু দ্বারা ভগবানের সুখবিধান করা যায় না—ভগবানের সুখ হয় না। আমরা ভগবান্‌কে কে কত ভালবাসি—ভক্তি করি, তাহার পরিচয় পাওয়া যায়—হরিকথা-শ্রবণ-কীর্ত্তনে। যে যাহাকে ভালবাসে, ভক্তি করে, সে তাহার গুণের কথা কীর্ত্তন না করিয়া থাকিতে পারে না। তার কথা শ্রবণ করিলে আনন্দিত না হইয়া পারে না। আমাদেরও ভগবানের প্রতি কতটা ভক্তি আছে তাহার পরীক্ষা হয় হরিকথা-শ্রবণ-কীর্ত্তনে রুচি দেখিয়া।

হরিকথা-শ্রবণ কীর্ত্তন করি না বলিয়াই আমাদের যত কিছু অনর্থের উৎপাত হইয়াছে। হরিকথা-শ্রবণ-কীর্ত্তন প্রবল হইলেই সব অনর্থ দূরীকৃত হইবে। সর্ব্বক্ষণ হরিকথা শ্রবণ-কীর্ত্তনে যাহাতে আমাদের আগ্রহ বৃদ্ধি হয় তজ্জন্যই সাধন করিতে হইবে। শ্রবণ-কীর্ত্তন বাদ দিলে সব বৃথা হইবে। শ্রবণ কীর্ত্তন প্রবল হইলেই দিব্যজ্ঞান বা দীক্ষা লাভ হইবে। তখন মায়ান্ধকার অপসারিত হইয়া হৃদয় জ্ঞানালোকময় হইবে। তখনই আলোস্বরূপ শ্রীগুরুপাদপদ্মের অনুসরণ সম্ভব। আলোর অবতার শ্রীগুরুদেবের নিকট গেলে অজ্ঞানান্ধকার থাকিতে পারে না। যতক্ষণ পর্য্যন্ত ভ্রম, প্রমাদ, বিপ্রলিপ্সা, করণাপাটবাদি দোষ থাকে ততক্ষণ শুদ্ধভাবে শ্রীগুরুপাদপদ্মের অনুসরণ হয় না। শ্রীগুরুদেব কীর্ত্তনকারী। তাঁহার নিকট শ্রবণ না করিলে শিষ্য হওয়া যায় না। শ্রবণকারীই শিষ্য নামিতই শিষ্য। সুতরাং শিষ্য হইতে হইলে শ্রবণ-কীর্ত্তনধর্ম্মে দীক্ষিত হইতেই হইবে।

> কুবুদ্ধি ছাড়িয়া কর শ্রবণ-কীর্ত্তন।
> অচিরাৎ পাবে তবে কৃষ্ণপ্রেমধন॥

দুর্ব্বুদ্ধি ছাড়িয়া—অন্যাভিলাষরহিত হইয়া নিষ্কপটে শ্রীগুরুপাদপদ্মের আনুগত্যে শ্রবণকীর্ত্তন ধর্ম্মে দীক্ষিত হইলেই মঙ্গললাভ হইবে। দম্ভ ছাড়িয়া, মাৎসর্য্য পরিত্যাগ করিয়া কীর্ত্তনকারী শ্রীগুরুপাদপদ্মের মুখে হরিকথা শ্রবণ করিলেই মঙ্গল হইবে। আমরা যেন আশ্রয়বিগ্রহ শ্রীগুরু-পাদপদ্মের অনুগত থাকিয়া—শিষ্য হইয়া শ্রবণকীর্ত্তন-ধর্ম্মে দীক্ষিত হইয়া অপরকেও তাহাতে নিযুক্ত করিবার জন্য যত্ন করিতে পারি, ইহাই শ্রীগুরুবৈষ্ণবচরণে প্রার্থনা।

শ্রীশ্রীআচার্য্যবাণী

——::(*)::——

বাস্তব বস্তু সদ্‌গুরুর পদাশ্রয় বিনা কোন দিন কেহ হরিভজন করিতে পারে নাই বা পারিবে না। গুরুদেব যে সে ভক্ত নহেন, তিনি—গৌরশক্তিস্বরূপ—রূপানুগবর। তিনি অবতার অর্থাৎ প্রপঞ্চাতীত ধাম হইতে প্রপঞ্চে অবতীর্ণ। তিনি ভক্তসত্ত্ব। চিদচিৎ রাজ্যে যত জীব আছে, শ্রীরূপের আনুগত্য ব্যতীত কাহারও অন্য গতি নাই—শ্রীরাধা-গোবিন্দপাদপদ্ম পাইবার আর অন্য উপায় নাই। শ্রীরূপ ভক্তিদেবী বা ভক্তিরসের আচার্য্য—ভক্তিরসামৃতের মূল মহাজন। তাঁহার ন্যায় শ্রীরাধাগোবিন্দের এত ঘনিষ্ঠ সেবক আর কেহই নাই। আমার গুরুদেবও সম্পূর্ণ তদভিন্ন (শ্রীরূপানুগ)।

ভক্তির স্বরূপ-লক্ষণ এই যে, উহা শ্রীকৃষ্ণকে আকর্ষণ করে। ভক্তি—হ্লাদিনীর সারবৃত্তি-বিশেষ। সেবায় কৃষ্ণের আনন্দ হইয়েছে কিনা সেবক তাহা জানিতে পারে, তাই কৃষ্ণকে আনন্দ দিবার সঙ্গে সঙ্গে কৃষ্ণাকৃষ্টিও যুগপৎ এবং অচ্ছেদ্য-ভাবে প্রবল। কৃষ্ণোপলব্ধি বা পরেশানুভবই ও' সম্বন্ধ। অন্তরের টান বলিয়া যে একটি কথা আছে, সেই টানই সম্বন্ধের মূল। তত্ত্বকথা শ্রবণের ফলে কৃষ্ণের প্রতি 'আপনার' বলিয়া 'টান' হয়। কিন্তু তাহা যখন হইতেছে না তখন তত্ত্বকথা শ্রবণ হইতেছে না বুঝিতে হইবে। চেতনময় গুরুদেবের চেতনময়ী বাণী বা কৃষ্ণকীর্ত্তন কৃষ্ণ ব্যতীত অন্য কিছু নহে। উহা জীব-হৃদয়ের কদর্য্য ও অভদ্র বা যাবতীয় ভোগ-প্রবৃত্তিকে বলপূর্ব্বক ধ্বংস করিয়া সেই হৃদয়কে নিজের সাম্রাজ্যরূপে পরিণত করিয়া নিজের বিহার ক্ষেত্র করেন। চেতনময়ী কীর্ত্তনবাণীর এই অদ্ভুত প্রভাব! প্রত্যেক কার্য্য বা প্রত্যেক দ্রব্যকে কৃষ্ণের ন্যায় কৃষ্ণাভিন্নজ্ঞানে বিষ্ণুরূপে আমার সেব্যরূপে—আমার ভোক্তৃরূপে—পরিচালক বা চেতনময়-রূপে জ্ঞান করি কই? হরিসেবোন্মুখগণ শুদ্ধ-চেতনময়ী সেবাবৃত্তিতে উহাদিগকে নির্দ্দেশ করেন—'ঈশাবাস্য' অর্থাৎ আমার দ্রষ্টা, আমার পরিচালক, বিষ্ণু ব্যাপক বিষ্ণু বা বিষ্ণু-বৈভব।

যতদিন পর্য্যন্ত সাধনরাজ্যে জীব বর্ত্তমান ততদিন পর্য্যন্ত বিষ্ণুর দিকে গতি বা চেষ্টা অবশ্য কর্ত্তব্য; নতুবা শ্রেয়োলাভ অসম্ভব। অনুক্ষণ প্রতি বস্তুকে হরিসম্বন্ধী বা চিদ্বৈভবজ্ঞানে প্রত্যক্ষ-রূপে কায়-মনো-বাক্য তাঁহার সেবাকার্য্যে ব্যস্ত রাখিলে বিষ্ণুস্মৃতির সঙ্গে সঙ্গে বিষ্ণুসেবালাভ এবং তাহা হইলে সিদ্ধির পথে আমরা অগ্রসর হইতে পারি। অনুক্ষণ বিষ্ণুস্মৃতিতে ব্যবধান বা বাধা না থাকায় সেবার সুষ্ঠুতার সঙ্গে সঙ্গে দর্শনের সুষ্ঠুতা লাভ হয়। সাধনরাজ্যে যে পর্য্যন্ত না রুচি বা আসক্তি লাভ হয় তৎকাল পর্য্যন্ত সাধকের এই বিষ্ণুমুখী চেষ্টা। রুচি বা আসক্তি হইতে ক্রমশঃ কৃষ্ণ আকৃষ্ট হইতে থাকেন তখনই শুদ্ধ শুদ্ধভক্তি আরম্ভ হয়। তখন জীবস্বরূপের যে সৌন্দর্য্য, সেই সৌন্দর্য্যবলে সকলসুন্দর-সেবক-শিরোমণি শ্রীরূপের আনুগত্যে জীব শ্রীরাধাগোবিন্দ-চরণকমল সমীপে উপনীত হন। তখনই শুদ্ধ ও সুষ্ঠু হরিভজনের পরিচয় ও সার্থকতা।

শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী

পরমার্থ-সম্পুটের রত্নরাজি
ভিক্ষা:—১ম খণ্ড ৮০; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড ৮০; ৪র্থ খণ্ড—৮০ আনা।
প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ
শ্রীধাম-মায়াপুর, নদীয়া

শুদ্ধভক্তি-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠ-শ্রীমায়াপুর

প্রাচীন নবদ্বীপ, অধুনা শ্রীমায়াপুর, নদীয়া শ্রীব্রজপত্তন ভবনে শ্রীচৈতন্যমঠ, সরস্বতী-পীঠ, শ্রীশ্রীরাধাকৃষ্ণ শ্রীগৌর, গোপাল আচার্য্য চতুষ্টয় বিগ্রহ আছেন। সুপ্রাচীন গ্রন্থ ও হস্তলিখিত পুথি-সংগ্রহ-শালা আছে।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৫ কলিকাতায় শ্রীভক্তিবিনোদ-আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, সঙ্কীর্ত্তন, প্রাত্যহিক বেদান্ত শ্রীমদ্ভাগবতাদি শাস্ত্রের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও সাপ্তাহিক পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়।

(৩) যোগপীঠ-মায়াপুর-পীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব ভূমি মহাযোগপীঠ।

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং শ্রী বর্ত্তমান।

(৬) মুরারিগুপ্তের পাট

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৭) কাজি-সমাধি-পাট

সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)

ইহা গৌরকৃপা-প্রাপ্ত শ্রীচাঁদকাজীর সমাধি।

(৮) অনুকূলকৃষ্ণানুশীলনাগার

শ্রীধাম মায়াপুর

(৯) স্বানন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)

এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধাগোবিন্দের সেবা বর্ত্তমান।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)

গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ জাহ্নগর (বর্দ্ধমান)

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মাউগাছি, পোঃ ভারুইডাঙ্গা, (বর্দ্ধমান)

শ্রীব্যাসাবতার ঠাকুর বৃন্দাবনের স্থান

(১৩) রুদ্রদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(১৪) ঋতুদ্বীপ-গৌড়ীয়মঠাশ্রম

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ

গৌরপুর, নদীয়া

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ

রাউতারা—(শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী) পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৭) কুঞ্জকুটীর

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

(২০) মহেশ-পণ্ডিতের পাট

কাঁঠালপুলি, পোঃ চাকদা (নদীয়া)

(২১) রাণাঘাট-গৌড়ীয়মঠাশ্রম

(২২) সুখচর গৌড়ীয়মঠ

চব্বিশ পরগণা

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ

নারিন্দা পোঃ ওয়ারি, ঢাকা।

পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র।

(২৪) গোপালজীউমঠ

কমলাপুর, পোঃ ঢাকা

(২৫) গদাই-গৌরাঙ্গ মঠ

পোঃ বালিয়াটি, (ঢাকা)

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

বড়বাজার, পোঃ ময়মনসিংহ

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চক্চকা, কামরূপ (আসাম)

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

ওক্ লজ, পাশাং বিল্ডিং, দার্জ্জিলিং

(৩০) সারস্বত-গৌড়ীয়মঠ

পোঃ হরিদ্বার, জিঃ সাহারাণপুর, ইউ, পি

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

দীঘাপুর পাটনা)

(৩২) গয়া গৌড়ীয়মঠ

রমণা রোড, গয়া

(৩৩) সনাতন গৌড়ীয় মঠ

৮।১১ বড় গণেশ, বেনারস সিটি

(৩৪) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

(৩৫) সত্যাশ্রম মঠ,

পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠাশ্রম

বিশ্রামঘাট, পোঃ মথুরা

(৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণগড়, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ

কিশোরপুর, বৃন্দাবন

(৩৯) ব্রজস্বানন্দ-সুখদকুঞ্জ

পোঃ রাধাকুণ্ড (মথুরা)

(৪০) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪১) রাধাকুণ্ড গৌড়ীবাটী

(৪২) শ্রীগোবর্দ্ধনমঠালয়

গোবর্দ্ধন, মথুরা

(৪৩) সঙ্কেত বিহারী মঠ

বর্ষাণা, মথুরা।

(৪৪) নন্দগ্রাম গৌড়ীয়মঠালয়

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৫) বর্ষাণা গৌড়ীয়মঠালয়

পোঃ বর্ষাণা, মথুরা

(৪৬) গৌরবিহারী মঠ—সেবাপল্লী,

পোঃ রোহতক, জেলা কর্ণাল (পাঞ্জাব)

(৪৭) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

(৪৮) দিল্লী গৌড়ীয় মঠ

৪৫নং কেনিং রোড, নিউ দিল্লী

(৪৯) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, ক্যাম্বালা হিল বোম্বে ৭

(৫০) মাদ্রাজ-গৌড়ীয়মঠ

পোঃ রায়পেট্টা, মাদ্রাজ

শ্রীগুরুগৌরাঙ্গ-রাধা-বিনোদবিহারীজীউর সেবা

(৫১) রাজমহেন্দ্রী-গৌড়ীয়মঠ

পোঃ কভুর, জেলা গোদাবরী (মাদ্রাজ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গ-রাধা-গিরিধারীর সেবা

(৫২) ব্রহ্মগৌড়ীয়মঠ

আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)

(৫৩) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা

(৫৪) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৫) শ্রীসত্যকুটী

(৫৬) জিয়ড়-নৃসিংহ-গৌড়ীয়মঠ

পোঃ কভুর, পুরী

(৫৭) সচ্চিদানন্দ মঠ

বাসুদেবপুর, পোঃ কটক (উড়িষ্যা)

(৫৮) বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ

(৬৯) শ্রীব্রহ্মমাধ্বগৌড়ীয়-প্রপন্ন-মণ্ডপ

পোঃ মঙ্গলকোট, মাদ্রাজ

(৭০) ভাগবতজনানন্দ মঠ

চিকনিয়া, পোঃ নারায়ণপুর, মেদিনীপুর

(৬১) জগদীশ গৌড়ীয়মঠ

পোঃ জলেশ্বর, মেদিনীপুর

(৬২) আমলাযোড়া প্রপন্নাশ্রম মঠ

পোঃ রাজবাঁধ (বর্দ্ধমান)

(৬৩) চৈতন্যগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র, পোঃ চিন্তাকুল, (মানভূম)

(৬৪) রেঙ্গুন গৌড়ীয়মঠ

৩০১ নং মিউনিসিপ্যাল ষ্ট্রীট, রেঙ্গুন।

(৬৫) লণ্ডন গৌড়ীয়মঠ

ফ্ল্যাট নং ২

৩১, ক্রাইস্ট রোড

ক্ল্যাপহাম, লণ্ডন, ই ৫

(৬৬) গৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

১৩।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা

(৬৭) গৌড়ীয়মঠ অফিস

হিউয়েট রোড, লক্ষ্ণৌ (ইউ-পি)

(৬৮) শ্রীবিদ্যানিধি গৌড়ীয়মঠালয়

নন্দনকানন, চট্টগ্রাম

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে শ্রীসনাগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীমহানন্দ ব্রহ্মচারী ভক্ত্যালোক, ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

-:(*):-

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায়		বিজ্ঞাপনের পৃষ্ঠায়	
	১ম ৩ দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য	১ম ৩ দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে ।০	৵৹	।৶৹	।০	
" " ইঞ্চি ২৲		১।০	১৲	
সিকিকলম ৫৲	৪৲		৩৲	
অর্দ্ধকলম ৮৲	৬৲	৬৲		
এক কলম ১২৲		১০৲		

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চি ৬৲	৪।০
" সিকি কলম ১৫৲	১২৲
" অর্দ্ধকলম ২৫৲	১৮৲
" এক কলম ৩৫৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষান্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৸০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা ৫ ; বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

ল প্রভুপাদের প্রবন্ধাবলী

শ্রীল প্রভুপাদের চতুঃষষ্টিবর্ষপূর্ত্ত্যাবির্ভাব-তিথিতে শ্রীল আচার্য্যদেবের অভীষ্টানুসারে "শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী" প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। ইহাতে পূর্ব্বার্দ্ধ ও উত্তরার্দ্ধ দুইটি বিভাগ আছে। পূর্ব্বার্দ্ধে শ্রীল প্রভুপাদের আদি-প্রবন্ধাবলী শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের সম্পাদিত 'স সজ্জনী সজ্জনতোষণী,' শ্রীল প্রভুপাদের 'নিবেদন' সাপ্তাহিক পত্র প্রভৃতি হইতে যথাযথ ও প্রয়োজনীয় অর্থের টীকা-সহ প্রকাশিত হইয়াছে। উত্তরার্দ্ধে শ্রীল প্রভুপাদের সম্পাদিত 'সজ্জনতোষণী'র কতিপয় প্রবন্ধ যথাযথ প্রক্‌'ও সহিত মুদ্রিত হইয়াছে। প্রবন্ধগুলি রচনাকালের ক্রমানুসারে গ্রথিত হইয়াছে; এতদ্ব্যতীত শ্রীল আচার্য্যদেবের একটি মূল্যবান্ উপোদ্ঘাত ও সঙ্কলনকারীর একটি বিস্তৃত ভূমিকা, শব্দ-সূচী, স্থান-পাত্র-শ্লোক ও পয়ার-সূচী প্রভৃতি গ্রন্থে সংযোজিত হইয়াছে। গ্রন্থটী উৎকৃষ্ট কাগজে পারিপাট্যের সহিত মুদ্রিত ও শ্রীল প্রভুপাদের আলেখ্যাদিদ্বারা ভূষিত ও সুদৃশ্য বাঁধাই হইয়া প্রকাশিত হইয়াছে। প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, জিলা নদীয়া; শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ও শ্রীমাধ্বগৌড়ীয়মঠ, নরিন্দা, পোঃ ওয়ারী, ঢাকা।

শ্রীল প্রভুপাদের পদ্যপ্রসূন মালা

এই গ্রন্থে ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তি- সিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের রচিত পদ্যাবলী শ্রীল আচার্য্যদেবের বিরচিত "গৌরভ" নামক ভাষ্যের সহিত প্রকাশিত হইয়াছে। শ্রীল প্রভুপাদের অনেক অপ্রকাশিত পদ্য ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ।০ আট আনা।

শ্রীধাম-মায়াপুরে

——(:০:)——

—"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট"—

——::০::——

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে; বিদ্যালয় ও বোর্ডিং গৃহ পরিচ্ছন্ন খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে মাত্র ৬৲ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন্ পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। বর্ত্তমান বর্ষে ১৬ জন বালকের মধ্যে ১৫ জন ভালভাবে উত্তীর্ণ হইয়াছে।

মেধাবী ছাত্রগণের আরও সুবিধা

পরীক্ষায় যাহারা গড়ে শতকরা ৭৫ নম্বর রাখিতে পারিবে; ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ সচ্চরিত্র গরীব ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট,
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক-সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতিস্পষ্টভাবে আলোচিত হইয়াছে। এই এক অপূর্ব্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

চৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত অতিসুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত ইহার ভিক্ষা মাত্র ৩৲ টাকা। প্রাপ্তিস্থান শ্রীযুত নন্দকিশোর ভক্তিশাস্ত্রী, শ্রীযোগপীঠ, শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীসরস্বতী-সংলাপ

প্রথম খণ্ড

শ্রীশ্রীব্রহ্মমাধ্ব গৌড়ীয়সম্প্রদায়ৈকসংরক্ষক জগদ্গুরু পরমহংসকুলচূড়ামণি বিশ্ববৈষ্ণব-রাজসভা-প্রতিষ্ঠ ১০৮শ্রী শ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামি-প্রভুপাদ বিভিন্ন জিজ্ঞাসু ও শুশ্রূষু সজ্জনবৃন্দের পরিপ্রশ্নোত্তরে ও সন্দেহ-নিরাকরণকল্পে যে-সকল তত্ত্বভক্তিসিদ্ধান্তবাণী কীর্ত্তন করিয়াছেন, যাহা তাঁহার প্রকটকালেই 'গৌড়ীয়'-সম্পাদক শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ প্রভুপাদেরই শ্রীহস্তে সংশোধিত করাইয়া রাখিয়াছিলেন এবং যাহার কিয়দংশ গৌড়ীয়পত্রে প্রকাশিত হইয়াছে, তাহা "শ্রীশ্রীসরস্বতী-সংলাপ" নাম ধারণপূর্ব্বক শ্রীল প্রভুপাদের 'বক্তৃতাবলী' ও 'পত্রাবলী' আকারে খণ্ডে খণ্ডে প্রকাশিত হইতেছেন। বর্ত্তমানে শ্রীল প্রভুপাদের প্রথমবার্ষিক বিরহতিথিপূজা-বাসরে এই গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছেন। মানবজীবনের বহু অমীমাংস্য সমস্যা ও জটিল প্রশ্নের সমাধান ইহাতে পাওয়া যাইবে। ভক্তিপথের পথিকমাত্রেরই এই গ্রন্থ সংগ্রহ একান্ত প্রয়োজন।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইং-রাজের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপদেশক পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী সম্প্রদায়-বৈভবাচার্য এম এ মহোদয়ের গৌরগবেষণা এবং পরিপক্ক লেখনীর অদ্ভুত ফল আস্বাদন করিলে একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত্র-পাঠে মগ্ন হইবে। এই বিরাট, অভিনব ও আদর্শীয় গ্রন্থ মানচিত্র ও বিবিধ চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য বাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৩৫৭ অধ্যায়ে প্রায় ৭০০ পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্তার ভূমিকাদ্বয় (Prefaces), বিষয়-তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সন্নিবিষ্ট শব্দসূচী-(Index Glossary) সহ গ্রন্থখানি প্রকাশিত। ভিক্ষা—১৫, পনর টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, রায়পেটা মাদ্রাজ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

'ঠাকুর ভক্তিবিনোদ'

——::(০):——

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি প্রচারের মূল মহাজন সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অভিমর্ত্ত্য জীবনচরিত এতাবৎকাল পর্য্যন্ত গ্রন্থাকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয়মঠাচার্য্যবরের শুভেচ্ছায় পারমার্থিকসাহিত্যিক সু-লেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু মূল্যবান শিক্ষামালাও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১২৫ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৮০ আনা; ডাক মাশুল স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান—ম্যানেজার গ্রন্থবিভাগ

শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

——:(০):——

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু গ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১।১নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর কাছারীতে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্

উহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের



ম্যালেরিয়া প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাটতি অত্যন্ত অধিক। লিভার প্লীহা সংযুক্ত কালাজ্বর এবং নূতন পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। মূল্য ছোট বোতল ৷৵০ দশ আনা, বড় বোতল ১৷৵০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

—৭১নং ভবানীপুর রোড, কলিকাতা
অথবা
পোঃ বেহালা, ২৪ পরগণা

ই, বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্টাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	৪-৩৬	৬ ২৬	৭-০৬	১২-২৬	১৪-৫৬	১৬-৫৬	১৭-৫৬	২২-২৫
রাণাঘাট পৌঃ			৮-২৮	১৩-১৫				
(বদল) ছাঃ			৯-৩৩	১৩-৫০				
কৃষ্ণনগর পৌঃ	৭-১	৮ ৪৫	১০-৮	১৫-২৩	১৭-২৮	১৯-০৮	২০-১৬	১-১২
(বদল) ছাঃ	৭-১২		১০-৩১		১৭-৩৮		২০-২৬	
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫১		১১-১০		১৮-১৬		২১-৪	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬	
রাণাঘাট পৌঃ	১২-৫৫	
ছাঃ	১৩-০	
শান্তিপুর পৌঃ	১৩-২৬	
(বদল) ছাঃ	১৩-৩১	(লাইট রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪-১২	
ছাঃ	১৪-৩০	
নবদ্বীপঘাট পৌঃ	১৫-১০	

ডাউন

নবদ্বীপঘাট ছাঃ	৫ ৫৫		৯-১০		১৩-৩১	১৬-০	১৮-৩১	
কৃষ্ণনগর পৌঃ	৬ ২৩	৭ ১৬	৯-৪৮	১১-৫১	১৪-১০	১৬-৩৮	১৯-১১	২১-১০
ছাঃ	৬-৩৬	৭-১৮	১০-১১			১৬-৫৫	১৯-২৫	
রাণাঘাট পৌঃ			১০-৪৬			১৭-৩০		
(বদল) ছাঃ			১১-১			১৭-৪০		
কলিকাতা পৌঃ	৮-১৬	৯-২১	১১-৫১	১২-১৬	১৫-১৬	১৯-১১	২১-৫১	২৩-০৭

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৩-৩১	১৬-০		
কৃষ্ণনগর পৌঃ	১৪-১০	১৬-৩৮		
ছাঃ	১৫-২৮	১৭-৩৩		
শান্তিপুর পৌঃ	১৬-৯	১৮-১৪		
(বদল) ছাঃ	১৬-৩৩	১৮-২৫ (শনিবার ভিন্ন)	২০-৪০	(শনিবার)
রাণাঘাট পৌঃ	১৭-১০	১৮-৫০	২১-১৫	
(বদল) ছাঃ	১৭-৪০	১৯-১৪	২১-৫০	
কলিকাতা পৌঃ	১৯-১১	২০-৪০	২৩-০৭	

পোঃ—শ্রীমায়াপুর
টেলিগ্রাম—'শ্রীধাম শ্রীমায়াপুর'

REGD NO.C 1344

দৈনিক নদীয়াপ্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়াজেলার একমাত্র দৈনিক

১৪শ খণ্ড] শ্রীমায়াপুর— ২০শে আষাঢ়, ১৩৪৬ ১৫ই জুলাই, ১৯৩৯, শনিবার ; ১১৭৭ সংখ্যা

বিবিধ সংবাদ

—:(o):—

ভারতীয় ছাত্রদের কর্তব্য

কাঁচরাপাড়া কলেজে ২ তারিখ ছাত্রদের এক সভায় শ্রীযুক্ত ..., এম এ বক্তৃতা করেন। অধ্যাপক ... সভাপতির আসন গ্রহণ করেন। বক্তৃতা-প্রসঙ্গে শ্রীযুক্ত রায় বলেন যে, ভারতবাসীরা মধ্যযুগের অবস্থা হইতে আধুনিক অবস্থায় পরিবর্তিত হইতেছেন। মধ্যযুগীয় সামাজিক ও রাষ্ট্রনৈতিক প্রথা পরিবর্তন করিয়া তাহার স্থানে গণতন্ত্রের প্রসার বৃদ্ধি যে পরিমাণে করা সম্ভব হইবে, সে পরিমাণেই ভারতের সর্ব্বপ্রকার অগ্রগতি নির্ভর করিতেছে। ভারত এই ঐতিহাসিক নিয়ম বহির্ভূত নহে। আধুনিক সভ্যতা কেবলমাত্র পাশ্চাত্যের একচেটিয়া বস্তু নহে। মানব মাত্রেরই উহাতে অধিকার আছে। কাহারও ইচ্ছা-অনিচ্ছার উপর আধুনিক সভ্যতার প্রসার নির্ভর করে না; ঘটনাচক্র দ্বারা উহা নিয়ন্ত্রিত হয়। এই সব ঐতিহাসিক কারণাবলী পরীক্ষা করিয়া দেখা এবং সকলকে প্রগতির পথ নির্দেশ সঠিক নিরপেক্ষ উপায় বাহির করা উচিত। ভারতের স্বার্থ, ভারতের ছাত্রগণের নিজ কর্তব্য সম্পাদনের ইহাই প্রকৃষ্ট পন্থা।

সিংভূমে শাস্তিমূলক ব্যবস্থা অবলম্বন

বিহার প্রাদেশিক রাষ্ট্রীয় সমিতির গত ২৩শে জুনের সার্কুলার অনুসারে সিংভূম জেলা কংগ্রেস কমিটি নিম্নলিখিত চারিজনের উপর শাস্তিমূলক ব্যবস্থা অবলম্বন করিয়াছেন। জেলা বোর্ডের সহ সভাপতি নির্বাচনে কংগ্রেস কর্তৃপক্ষকে উপেক্ষা ও অগ্রাহ্য করিয়া স্বেচ্ছাপূর্বক কংগ্রেস প্রার্থীর সহিত প্রতিদ্বন্দ্বিতা করায় বা কংগ্রেসের প্রার্থীর বিরুদ্ধে বাধা সৃষ্টি করার জন্য এই চারজন কংগ্রেস সদস্য নির্দিষ্ট কালের মেয়াদে কংগ্রেসের সদস্য হইতে পারিবেন না বলিয়া নির্দিষ্ট করা হইয়াছে:—

চাইবাসার শ্রীযুক্ত যমুনাদাস কলোয়ার—১০ বৎসর।

সাকচিপুরের শ্রীযুক্ত কমলকৃষ্ণ মহান্তো—৫ বৎসর।

নরসিংগড়ের পণ্ডিত সিং—৫ বৎসর।

মনোহরপুরের শ্রীযুক্ত নীরদকুমার বসু এক বৎসর।

সোনপুরার শ্রীযুক্ত সদানন্দ নায়ক এক— বৎসর।

উক্ত সার্কুলারে জেলা কংগ্রেস কমিটিকে তাহাদের অপরাধ সম্পর্কে একেবারে নিঃসন্দেহ, তাহাদের সম্বন্ধে প্রাদেশিক রাষ্ট্রীয় সমিতিকে সরাসরি ব্যবস্থা অবলম্বনের ক্ষমতা দেওয়া হইয়াছে।

শৃঙ্খলা ভঙ্গের অভিযোগ

সত্যাগ্রহ ও কংগ্রেসী মন্ত্রিত্বসমূহ সম্পর্কে নিখিল ভারত রাষ্ট্রীয় সমিতি কর্তৃক গৃহীত প্রস্তাবের প্রতিবাদে বামপন্থী সংহতি সমিতির নির্দেশ অনুযায়ী ৯ই জুলাই বোম্বাইতে যে সমস্ত সভা হইয়াছে, তৎসম্পর্কে বোম্বাই প্রাদেশিক রাষ্ট্রীয় সমিতি জেনারেল সেক্রেটারীর উপর নোটিশ জারী করিয়াছেন। ঐ নোটিশে তাঁহাদের উপর শৃঙ্খলা ভঙ্গের এবং প্রাদেশিক রাষ্ট্রীয় সমিতির ও কংগ্রেস সভাপতির প্রতি অবাধ্যতা প্রদর্শনের অভিযোগ আরোপ করা হইয়াছে এবং কি জন্য তাঁহাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা প্রযুক্ত হইবে না তাহার কারণ প্রদর্শন করিতে বলা হইয়াছে। উক্ত কংগ্রেস-সেবীদের মধ্যে মিঃ কে এফ নরীম্যান, মিঃ বি জি কার্ণিক, মিসেস মণিবেন মুলজী ও শ্রীযুক্ত মূলরাজ কারসনদাস আছেন।

চুঁচুড়ায় ৩০টি নৈশ বিদ্যালয় স্থাপনের প্রচেষ্টা

প্রাপ্ত বয়স্কদের মধ্যে শিক্ষা বিস্তারের নিমিত্ত পাণ্ডুয়া ও জেলা ইউনিয়নের পার্শ্ববর্তী অঞ্চল সমূহে প্রায় ৩০টি নৈশবিদ্যালয় খোলা হইবে।

চুঁচুড়ায় এস-ডি ও মিঃ জি সি গুপ্ত, খাঁ সাহেব সি আর আবদুল্লা ও জেলা ম্যাজিষ্ট্রেট মিঃ এস ব্যানার্জীর সভাপতিত্বে পাণ্ডুয়ার প্রতিনিধিদের এক সম্মেলনে এই সিদ্ধান্ত গৃহীত হইয়াছে। ইউনিয়নের প্রতিনিধিগণ সম্মেলনে উপস্থিত ছিলেন। তাঁহারা প্রত্যেক ইউনিয়নে ৩টি করিয়া নৈশবিদ্যালয় খুলিবেন বলিয়া প্রতিশ্রুতি দিয়াছেন। সম্ভব হইলে স্থানীয় প্রাথমিক স্কুলগুলির শিক্ষকগণ উল্লিখিত নৈশবিদ্যালয়সমূহে শিক্ষকতা করিবেন।

আরামবাগ মহকুমার অনুন্নত অঞ্চল সমূহেও এরূপ প্রচেষ্টা করা হইবে।

সিন্ধু প্রদেশে পৃথক বিশ্ববিদ্যালয়

৮ই জুলাই সিন্ধু গভর্ণমেন্ট তাহাদের পরিকল্পনা প্রকাশ করিয়াছেন। সিন্ধু প্রদেশের অনুকূলে নূতন ব্যবস্থা অবলম্বন করা হইয়াছে। সিন্ধু প্রদেশের জন্য একটি পৃথক বিশ্ববিদ্যালয় স্থাপনের ব্যবস্থা অবলম্বন করা হইতেছে। শিক্ষামন্ত্রী পীর এলাহি বক্স প্রদেশের শিক্ষাবিদগণকে এই উদ্দেশ্যে পরিকল্পনা দাখিল করিতে আহ্বান করিয়াছেন। বিস্তৃত পরিকল্পনা এখন বিবেচনাধীন আছে। বর্তমানে প্রদেশে একটি বিশ্ববিদ্যালয় স্থাপনের বিষয় বিশেষভাবে বিবেচনা করা হইতেছে।

বৃটেনের বিরুদ্ধে জাপানে বিক্ষোভ

১০ই জুলাই টোকিওতে বৃটেনের বিরুদ্ধে বিক্ষোভ প্রকাশের জন্য এক সভা হয়। ৬০ হাজার লোক উহাতে যোগদান করে। বৃটেনের আচরণের নিন্দা করিয়া সভায় এক প্রস্তাব গৃহীত হয়। ঐ প্রস্তাব তারযোগে মিঃ চেম্বারলেন, লর্ড হালিফ্যাক্স ও স্যার ক্লার্ক কারের নিকট পাঠান হয়।

অন্যান্য সহরেও অনুরূপ সভা হয়।

বিদেশে চেকদের অর্থ সম্পদ

বিদেশে চেকদের যে টাকা, মূল্যবান ধাতু, বণ্ড ও প্রাপ্য অর্থ আছে, তাহার তালিকা পেশ করিবার জন্য জার্মাণ প্রোটেক্টোরেট গভর্ণমেন্ট আদেশ দিয়াছেন। এ সমস্ত গভর্ণমেন্টের নিকট বিক্রয় করিতে হইবে।

ত্রি-শক্তি চুক্তির আলোচনা

১০ই জুলাই কমন্স সভায় প্রধান মন্ত্রী মিঃ নেভিল চেম্বারলেন বলেন যে, বৃটিশ ও ফরাসী গভর্ণমেন্ট তাঁহাদের প্রতিনিধি তাঁহাদিগের নিকট আরও কতকগুলি নির্দেশ প্রেরণ করিয়াছেন। সোভিয়েট পররাষ্ট্র সচিব মঃ মলোটভের সহিত বৃটিশ ও ফরাসী দূতের আরও দুইবার আলোচনা হইয়াছে।

সোভিয়েট সরকার আরও কতকগুলি প্রস্তাব উত্থাপিত করিয়াছে। তাহা বিবেচনাধীন আছে।

ভক্তির অন্যান্য পত্র

শ্রীভগবান্ ও ভগবৎ-প্রিয়জনগণের চরণে সর্ব্বাগ্রে প্রণিপাত দরকার। জীবন আরম্ভের দিবস প্রতিবর্ষেই আসে। আর একটি বর্ষ চলিয়া যাইবে এবং বিভিন্ন ঋতুসমূহ আমাদের উপর ক্রিয়া-বিশিষ্ট হইবে—আমরা এই অপেক্ষা করি। কিন্তু অনেক সময় আমরা যাহা মনে করি, আমাদের ভাগ্যে সে প্রকার সুবিধা পাই না। জীবন অল্পকালস্থায়ী, বহু কথা বাকিয়া যায়। প্রতি বৎসর মনে করি, এই বৎসর যাহা কর্ত্তব্য, তাহা বিশেষভাবে সাধন করিব; কিন্তু ঘটনাচক্রে বাহিরের বিচার-প্রণালী এমন বাধা দিতে থাকে যে, তাহার হস্ত হইতে রক্ষা পাইবার জন্য বিশেষ চেষ্টা করিতে গিয়া কর্ত্তব্যকর্ম্মে ব্যাঘাত ঘটিয়া যায়। আবার যদি মনে করি, জীবন কথকতার হুলেও বর্ত্তমানে যে মনুষ্য-জীবন পাওয়া গিয়াছে তাহাতেও বহু অভিজ্ঞতা লাভ করিয়াছি,' তদ্দ্বারাও সুবিধা হইবে না। যে মুহূর্ত্তে চলিয়া যাইব, শেষ নিঃশ্বাস ত্যাগ করিব, তাৎকালিক আত্মজ্ঞান ও প্রয়োজন তৎক্ষণাৎ নিবৃত্ত হইয়া যাইবে। পূর্ব্ব-ইতিহাস আলোচনা করিলে দেখা যায়, কত লক্ষ লক্ষ—কোটি কোটি—অসংখ্য লোক পৃথিবীতে আসিয়াছে, মরিয়া যাইতেছে। তাহাদের যে চিন্তাস্রোত, তাহাতে তাহারা জানে না, কতদিন থাকিবে; সুতরাং প্রত্যেকেই ভবিষ্যৎ জীবনের জন্য প্রস্তুত হইতেছে। ভবিষ্যৎ জীবনে কি করা কর্ত্তব্য? ইহা কি বালককে খেলার-দ্রব্য দিয়া ভুলাইয়া রাখা যায়, সেইরূপ ভুলাইবার কোন কথা, না আর কিছু Preparatory step আছে? লক্ষ লক্ষ লোক আলোচনা করিয়াছেন, বুদ্ধিমান্ লোক কোটি কোটি মরিয়া গিয়াছেন। পরীক্ষিৎ মহারাজ সাত দিনের এবং খট্টাঙ্গ রাজা মুহূর্ত্তমাত্রের notice পাইয়াছিলেন। ইহারই মধ্যে তাঁহারা যাহাতে সুবিধা হয় তাহার manage করিয়া লইয়াছিলেন। মহারাজ পরীক্ষিৎ নিপুণ রাজ্যের অধীশ্বর ছিলেন। তিনি সাতদিনের সময় পাইয়াছিলেন, আমরা তাহারও assurance পাইতেছি না। আমরা সর্ব্ববেদান্তসার শ্রীমদ্ভাগবত গ্রন্থ পড়িয়া থাকি; কিন্তু তাহা হইতে গ্রহণ করিব কোন্ অংশ যে কর্ত্তব্য? মহাপ্রভু ও তাঁহার ভক্তগণ nutshell-এর মধ্যে বুঝাইয়া দিয়াছেন, মানুষ কি করিতে আসিয়াছে কি করিবে এবং কি পাইবে। তিনি অল্পকথায় সব বুঝাইয়া দিয়াছেন। তাহাতে আমরা লক্ষ্য করি—উপাস্যের মধ্যে কৃষ্ণই সর্ব্বোত্তম। বহু উপাস্য বা উপাস্যের মূর্ত্তি বা প্রকাশ-ভেদ লক্ষ্য করিবার আবশ্যক হয় না। কৃষ্ণ গান করিয়াছেন,—

"সর্ব্বধর্ম্মান্ পরিত্যজ্য মামেকং শরণং ব্রজ।
অহং ত্বাং সর্ব্বপাপেভ্যো মোক্ষয়িষ্যামি
মা শুচঃ।"

শ্রীকৃষ্ণচৈতন্যদেবের কথা হইতে সেই কথা ভাল করিয়া বুঝিতে পারিয়াছি,—কৃষ্ণপাদপদ্ম-সেবাই সর্ব্বোৎকৃষ্ট। অন্যান্য উপাস্যে বহু উপাস্যতা আছে, সর্ব্বাপেক্ষা চরম উপাস্যতা কৃষ্ণপাদপদ্মসেবায় বর্ত্তমান। কৃষ্ণই আমাদের একমাত্র সেব্য—আমরা সেবক; আমাদের অনুষ্ঠান কৃষ্ণ-কার্ষ্ণসেবা ব্যতীত অন্য কোন কৃত্য আমাদের নাই। গৌরসুন্দরের বাক্য হইতে জানিয়াছি, কৃষ্ণই ভিন্ন। কৃষ্ণের পরম-পরিপূর্ণতা গৌরে আছে। এই ধারণা, বিধান আমাদের যত বৃদ্ধি পাইবে, শ্রীগৌরপাদপদ্মের সেবাও সেই পরিমাণে বাড়িবে। আমাদের cavity ক্ষুদ্র, তাই সেই ধারণা ধরিয়া রাখিতে পারি না।

মর্য্যাদাপথে অর্চ্চন, আর ভজনের পথে ভাগবত-পদ্ধতি। ভক্তের বিচারে বুঝি, ভগবান্‌কে ডাকিতে হয়। ভগবানের নামকে ডাকিতে পারিলে ভগবানের রূপ আমাদের কাছে আসিবেন, তাঁহার গুণ বুঝিতে পারিব, পরিকরবৈশিষ্ট্য, ক্রিয়া বা লীলা আমাদের প্রাপ্য হইবেন। ইহা অত্যন্ত দুর্ল্লভ বস্তু। ইহা কেবল কতকগুলি পুঁথিপত্র পড়িয়া বুঝিবার বিষয় নয়, ritualistic ক্রিয়াকলাপেরও প্রাপ্য নহে; মনুষ্যজীবনকে এমন করিয়া নষ্ট করিতে হইবে না। শ্রীচৈতন্যদেবের ন্যায় বুদ্ধিমান্ জগতে আর কেহই নাই। তাঁহার কথা যাঁহাদের কর্ণে অধিকার করিয়াছে, তাঁহারাই সেই কথা বুঝিতে পারিবেন। শ্রীচৈতন্যদেব অতি অল্প কথায় বলিয়া দিয়াছেন—কৃষ্ণই একমাত্র সেব্য, তাঁহার সেবা করাই একমাত্র কর্ত্তব্য। কৃষ্ণের সর্ব্বশ্রেষ্ঠ—সর্ব্বপ্রেষ্ঠ সেবক শ্রীগুরুপাদপদ্ম, সেইরূপ সেবকের অধীন হইয়া যদি কৃষ্ণের পাদপদ্ম আশ্রয় করা যায়, তাহা হইলে উত্তরোত্তর তাঁহার স্ফূর্ত্তি লাভের সম্ভাবনা। শ্রীগুরুপাদপদ্মই শ্রীকৃষ্ণপাদপদ্ম-সেবার অধিকার প্রদান করেন। আমা হইতে সর্ব্বতোভাবে শ্রেষ্ঠ তিনি। আমা অপেক্ষা নিরন্তর গুরুতর নহেন, তাহা লঘুতর। গুরুতরে কোন প্রকার লঘুতা আরোপিত হইতে পারে না। আমার সর্ব্বশেষ উৎকণ্ঠা তাঁহার শ্রীপাদপদ্মে নিষ্কপটে আশ্রয় লওয়া।

———

কৃষ্ণ ভগবান্। আমার শেষ নিবেদন—আপনারা কৃষ্ণের অনুশীলন করুন। কৃষ্ণের অনুশীলনই কৃষ্ণের সেবা। কৃষ্ণসেবাই নিত্যধর্ম্ম। সে বিচার না আসিলে ইন্দ্রিয়গণের দ্বারা জগদ্-ভোগ করিবার—বিশ্বভোগ করিবার প্রবৃত্তি আসে। জগৎ ভোগেরও জিনিষ নহে, ত্যাগেরও নহে। কৃষ্ণভোগ্য জগদ্দর্শনেই এই ভোগ ও ত্যাগ-ধারণার চাঞ্চল্য থাকিয়া যায়।

কৃষ্ণানুশীলন দ্বারাই কৃষ্ণপ্রীতি লাভ হবে। কৃষ্ণ infinity, আমরা infinitesimal, কৃষ্ণের সঙ্গে dovetailed হইয়া থাকাই আবশ্যক। বিন্দুমাত্র স্বতন্ত্রতা থাকিলে unassorted হইয়া যাইব, solution of life উল্টাপাল্টা হইয়া যাইবে। কৃষ্ণানুশীলনের নামই ভক্তি। কর্ম্মজ্ঞানের আবরণের দ্বারা সেই জিনিষটিকে অজ্ঞাত করিবার যত্ন না হয়। ধাপ্পা লওয়া দুর্ব্বৃদ্ধি আবরণ। Mental speculation পরিত্যাগ করিয়া শ্রীগুরুপাদপদ্মই একমাত্র আকাঙ্ক্ষিত বিষয় হউক।

———

ভজন জিনিষটি ধার করা ব্যাপার নয়, ইহা অনুকরণও নয়। স্বরূপের উদ্বোধন হ'লে তবে ভজন হয়। রজোগুণের দ্বারা তমোগুণের বিনাশ, সত্ত্বগুণের দ্বারা রজোগুণের বিনাশ। আবার সত্ত্বগুণের বিনাশ ক'রে নির্গুণ অবস্থায় অধোক্ষজতত্ত্বের অনুভূতি হয়। সেই অধোক্ষজসেবাই ভক্তি।

———

অনুশীলন চাই। ধর্ম্মের অনুশীলন নহে,—মনোধর্ম্মের অনুশীলন নহে—আনুকূল্যে কৃষ্ণানুশীলন। আমরা ধর্ম্ম-অর্থ-কাম মোক্ষের অনুশীলনের জন্য ব্যস্ত হই। চতুর্ব্বর্গেরও অকর্ম্মণ্যতা প্রমাণিত হয় ভগবৎপ্রেমার কাছে। ভগবানের সন্তোষ হ'চ্ছে কি না, ইহাই মূল অনুসন্ধানের বিষয় হওয়া আবশ্যক। যে কয়দিন বেঁচে থাকব প্রত্যেক নিঃশ্বাসে, প্রত্যেক প্রশ্বাসে, প্রত্যেক পদবিক্ষেপে, প্রত্যেক হস্ত-সঞ্চালনে, প্রত্যেক কথায় যেন কৃষ্ণের অনুশীলন ক'রতে পারি; অনুশীলনটা সেব্য-পুরুষের সেবার জন্য করছি, না নিজের দেহমনের খানিকটা ভাগ সেখানে বসাবার চেষ্টা করছি—এ বিষয়ে সাবধান হওয়া আবশ্যক।

———

সাধুর প্রসঙ্গ থেকে এক মুহূর্ত্ত অন্য কোন বিষয়ে ধাবিত হ'লে অনুশীলন হ'বে না। মুখে বলছি বড় বড় কথা, কিন্তু কার্য্যে যে তিমিরে সে তিমিরে থাকলে চলবে না—ছেঁড়াকাঁথায় শুয়ে লাখ টাকার স্বপ্ন দেখলে চলবে না। অনুশীলন অর্থে—কৃষ্ণানুশীলন, আর কৃষ্ণানুশীলন অর্থে—অপ্রাকৃত কৃষ্ণের নামানুশীলন। অনুশীলন ক'রতে হ'লে তৃণ হ'তে সুনীচ, তরু হ'তে সহিষ্ণু, অমানী ও মানদ হ'তে হ'বে—কৃত্রিমভাবে নয়। কৃষ্ণানুশীলনকারীর বাণী অনুক্ষণ কর্ণে গ্রহণ ক'রতে হ'বে—শ্রবণের পথের দ্বারাই মঙ্গল হ'বে।

———

অধুনা জগতে অধোক্ষজ বস্তু দর্শন ঘটিতেছে না অথচ সেই অধোক্ষজ দর্শন আমাদের করিতেই হইবে। সেই অভাব-পূরণের জন্যই গোলোকস্থ নিত্য শ্রীবিগ্রহের জগতে শ্রীমূর্ত্তিরূপে অবতার। বিরহ-পীড়িত ব্যক্তি যেরূপ বিরহাস্পদের আলেখ্য বা কোন প্রতিভূ বস্তুর আশ্রয় গ্রহণ করে, শ্রীকৃষ্ণসেবা বিরহ-বাধিত ব্যক্তিও সেইরূপ অধোক্ষজ অবতার—শ্রীমূর্ত্তিসেবা অবলম্বন করিয়া থাকেন। বদ্ধজীবের কারাগার ও জড়দেহের রাজ্য বলিয়া এখানে স্বরূপের সহিত আলেখ্য, চিত্র বা মূর্ত্তির ভেদ বর্ত্তমান। কিন্তু অধোক্ষজ বস্তুর যে সকল নিত্য বিগ্রহ এ জগতে প্রকটিত তাহা বস্তুর স্বরূপের সহিত অভেদরূপে

অবহিত নহে। নিত্যমুক্ত ভক্তের দর্শন-বিরহে পীড়িত হইয়া ভাগবতগণ শ্রীমূর্ত্তির আশ্রয়গ্রহণ করিয়া থাকেন। যে স্থানে বিগ্রহরূপ লোলুপতার প্রবৃত্তি পরাকাষ্ঠা, সেখানে বাঁধিয়া লইবার চেষ্টা বা সম্ভোগ-স্পৃহা হইতে জড়বাদবাদের কোন কার্য্য নাই। শ্রীমূর্ত্তিকে পুতুল করা (?) বা পুতুল বানান করা কৃষ্ণকে ভোগ করিবার বা বাঁধিয়া লইবার স্পৃহা হইতে উদিত হয়।

একমাত্র শরণাগতেরই রক্ষা

(শ্রীনিত্যানন্দ দাস)

জগতে যখন ভাগবতধর্ম্মাকাশ কৈতব-দুর্ঘটিকায় সমাচ্ছন্ন হইয়া পড়ে, ক্ষুদ্র ক্ষুদ্র মতে আকৃষ্ট হইয়া জীব স্বরূপবিস্মৃতিবশতঃ কনক-কামিনী-প্রতিষ্ঠা-বাঘিনীর নিত্যবিমোহন প্রলোভনে প্রলুব্ধ হইয়া ভোগে অত্যন্ত মত্ত হইয়া পড়ে, ধর্ম্মের গ্লানি অতিমাত্রায় বৃদ্ধিপ্রাপ্ত হয় তখন অপ্রাকৃত সহজধর্ম্ম বা শুদ্ধসনাতন ভাগবতধর্ম্ম জগতে সংস্থাপন করিবার জন্য ভগবান্ স্বয়ং অথবা তাঁহার নিজজন এই জগতে অবতীর্ণ হন সেই বিশুদ্ধ সনাতনধর্ম্ম সুরসরিৎ-প্রবাহের ন্যায় শ্রীব্রহ্ম- নারদ- ব্যাস- শুক-মধ্ব- মাধবেন্দ্র-স্বরূপ শ্রীরূপ- রঘুনাথ শ্রীজীব- কবিরাজ নরোত্তম- বিশ্বনাথ বলদেব- উদ্ধব- মধুসূদন-জগন্নাথ-ভক্তিবিনোদ- গৌরকিশোর সরস্বতী-বাসুদেব প্রভৃতি গুরু খাতের মধ্য দিয়া লোককে অবতীর্ণ হন। এই গুরু-খাতের প্রবাহ নিত্য, অনন্ত, অচ্ছেদ্য, অনাদিল ও অপ্রতিহত। এই অপ্রাকৃত গুরুস্রোতে কোন প্রকার ভেদতা নাই।

আমরা যদি গৌড়ীয়-ইতিহাস আলোচনা করি, তাহা হইলে দেখিতে পাই যে, প্রতিযুগে, প্রতি আচার্য্যের লীলার একদিকে যেমন শুকাদি পরমহংসকুলের বাঞ্ছিত ও ব্রহ্মাদিদেবগণেরও দুর্ল্লভ শুদ্ধ-সনাতন ভাগবতধর্ম্ম—বৈধধর্ম্ম বা বিমল প্রেমধর্ম্মের প্রচারকার্য্য আছে, অন্যদিকে তেমনি পাষণ্ডদলন-কার্য্যটীও আছে। তাই শ্রীল কবিরাজ গোস্বামী প্রভু লিখিয়াছেন—

পাষণ্ডদলন আর প্রেমপ্রচার।
দুই কার্য্যে অবধূত করেন ভ্রমণ॥

সুতরাং দেখা যাইতেছে, শ্রীগুরু-নিত্যানন্দের দুইটি কার্য্য। শ্রীগুরুদেব আলোর অবতার। আচার্য্যবৃন্দ সকলেই আলো। সেই আলো আমাদের ন্যায় বদ্ধ, ভোগান্ধ ও অন্যাভিলাষীকে আলোকের দেশে লইয়া যাইবার জন্য, শুদ্ধ সনাতন বৈষ্ণবধর্ম্মের পথ দেখাইবার জন্য ত্রিতাপপূর্ণ, অন্ধকার, পরীক্ষাময় মায়িক প্রপঞ্চে অবতীর্ণ হন। আমাদের জন্য তাঁহাদিগকে নীরবে, নিঃসঙ্কোচে ও অকাতরে শত লাঞ্ছনা, গঞ্জনা, কুৎসা প্রভৃতি সহ্য করিতে হয়। সত্যের আচারবান্ প্রচারকারী চিরদিনই শ্রীবংশধারাবাহিক শ্রীগুরুপাদপদ্মের কৃপায় অচল, অটল ও নির্ভীকভাবে সত্যের প্রচার করিবেন—জীবকে কৃষ্ণের শরণাগত করাইবেনই, এটা তাঁহার দৃঢ়প্রতিজ্ঞা। সেই সত্যের প্রচার কোনদিনই বন্ধ হয় না এবং তাহা আরও অবাধগতিতে চলিতে থাকে।

আমরা নিরাশ্রয় মায়াবদ্ধ হরিবিমুখ জীব। বাস্তবসত্যের সেই নির্ভীক আচারবান্ প্রচারকারী—ভগবানের স্বরূপশক্তি শ্রীগুরু-পাদপদ্মে আশ্রয়, আনুগত্য বা অবগাহন করাই আমাদের কর্ত্তব্য। এই অন্ধকার কারাগারে একমাত্র সেই আলোই আমাদিগকে শরণাগতির পথের সন্ধান দিতে পারেন। আনন্দকোশ অবৈষ্ণব-বিরোধীর প্রলোভন কোনদিনই সেই আলোকের দেশে যাইবার পথ দেখাইতে পারে না।

প্রহ্লাদ মহারাজ এই ভৌমজগতে শরণাগতির যে আদর্শ দেখাইয়া গিয়াছেন, হরিভজনকারী জীবের পক্ষে তাহাই আদর্শ। সেই আদর্শগ্রহণ করাই আমাদের কর্ত্তব্য, নতুবা রক্ষা নাই। পতন প্রতি-মুহূর্ত্তেই হইতে পারে। তাই শরণাগতির জন্য শ্রীগুরুদেবের পাদপদ্মকে দৃঢ় করিয়া ধরিয়া থাকিতে হয়। শ্রীল নরোত্তম ঠাকুর গাহিয়াছেন—"দৃঢ় করি ধর নিতাইর পায়।" ইহাই শরণাগতি লাভের একমাত্র উপায়।

যাঁহাদের আশ্রয় আছে, তাঁহাদের অন্য কোন বিষয়ের চিন্তা নাই। তাঁহারা সর্ব্বদা ভগবৎসেবাচিন্তায় বা গুরু-সুখবিধান চিন্তায় তন্ময়। কিন্তু যাঁহাদের আশ্রয় নাই বা যাহারা শরণাগত না হইয়া গুরুবৈষ্ণববিরোধ করে, তাহাদের মৃত্যু অবশ্যম্ভাবী। তাই ঠাকুর মহাশয় গাহিয়াছেন,—

আশ্রয় লইয়া ভজে তারে কৃষ্ণ নাহি ত্যজে
আর সব মরে অকারণ।

কৃষ্ণ ত্যাগ করিলে মৃত্যু—সেবাচ্যুতি বা আত্মার পতন অবশ্যম্ভাবী। কৃষ্ণত্যাজ্য জীবের আর রক্ষা নাই। যদি শ্রীগুরুদেব রক্ষা করেন তবেই রক্ষা।

ভক্তিপথ বহু কণ্টকাকীর্ণ। ভক্তিপথের একমাত্র পাথেয় শ্রীগুরুদেবের সিদ্ধান্তরাজি ও শ্রীচরণে ঐকান্তিকী শরণাগতি। ইহাই শরণাগত জনের একমাত্র সম্বল। এই সম্বল ব্যতীত সে-পথে গমন করা দুঃসাধ্য। এই জগতের সাধারণ লোক বহুপ্রকার প্রচ্ছন্ন মতবাদ বৈষ্ণবধর্ম্মের নাম করিয়া চালাইতে থাকে। একমাত্র শুদ্ধভক্তি-ধারা সংরক্ষণ-কারী শ্রীগুরুদেবের শ্রীচরণে শরণাগতিই আমাদিগকে সেই প্রলোভন হইতে রক্ষা করিতে পারে। কোমলশ্রদ্ধ জীবকে শরণা-গতির পথ হইতে ভ্রষ্ট করিবার জন্য মায়া বহুবিধ জাল বিস্তার করিয়া থাকে। ঐরূপ অঘটন-ঘটন-পটীয়সী মায়ার প্রবল মায়াজাল নিক্ষিপ্ত, মনোধর্ম্মের উত্তাল তরঙ্গে তরঙ্গায়িত অসংখ্য বহির্ম্মুখ জড় নাস্তিক পাষণ্ডমতবাদরূপ হিংস্রজন্তুসঙ্কুল অকূল বারিধিতে তুষ্ট হয় যাহা সেবকার্য্য একমাত্র সেই আম্নায়ধারা সংরক্ষণকারী শ্রীগুরুপাদ-পদ্মের। তাঁহার শরণাপন্ন হইলে মতবাদরূপ হিংস্রজন্তুসকল আমাদিগকে গ্রাস করিতে পারে না। সেই শ্রীগুরুপাদপদ্মের কোটীচন্দ্রসুশীতল ছায়ায় আশ্রয়গ্রহণ করাই নিষ্কপট সত্যানুসন্ধিৎসু অনুচরগণের একমাত্র কৃত্য। শ্রীগুরুদেব গোজ্জ্বল জ্যোতিষ্ক। তাই সেই প্রোজ্জ্বল জ্যোতিষ্কের অন্তর্ভৌম জ্যোতিঃর নিকট কোন প্রচ্ছন্ন কালসর্প কোন গুপ্তবিবরে লুকাইবার অবসর পায় না। কিন্তু যিনি শরণাগত, তিনি সেই করুণানিলয় শ্রীগুরুপাদপদ্মের কৃপালোকে কালসর্প দেখিতে পান এবং তাহা হইতে সাবধান হইয়া সত্য সত্য আত্মরক্ষণ বিধান করিতে পারেন এবং শ্রীগুরুদেবের একান্ত শরণাগত ও নিষ্কিঞ্চন, এমন শুদ্ধবৈষ্ণবের সন্ধানও পাইয়া থাকেন। বৈষ্ণবাবৈষ্ণব চিনিবার একমাত্র উপায় শ্রীগুরুপাদপদ্মে ঐকান্তিকী শরণাগতি। বৈষ্ণবাবৈষ্ণব চিনিতে না পারিলে হরিভজনও হয় না, শ্রীগুরুবৈষ্ণবের কৃপা পাওয়া যায় না। শ্রীগুরুদেব বা বৈষ্ণবগণ শ্রদ্ধা ও শরণাগতি-মূল্যে কৃপা বিতরণ করেন সুতরাং কৃপা পাইতে হইলে বৈষ্ণব চিনিয়া তাঁহার নিকট প্রার্থনা জানাইতে হইবে—তাঁহাকে আদর করিতে হইবে। তাই শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ গাহিয়াছেন,—

যে যেন বৈষ্ণব চিনিয়া লইয়া
আদর করিব যবে।
বৈষ্ণবের কৃপা যাহে সর্ব্বসিদ্ধি
অবশ্য পাইব তবে॥

যদি বৈষ্ণবে অবৈষ্ণববুদ্ধি আসে বা অবৈষ্ণবে বৈষ্ণববুদ্ধি হয়, তবে নামাপরাধ হইবেই এবং উদ্দাম কুপথে চালিত হইয়া সাধকজীবের নরকগমন অবশ্যম্ভাবী। সেই-জন্য শ্রীগুরুপাদপদ্মের ঐকান্তিকী শরণাগতি দ্বারাই আমরা এ প্রকার বিপদ হইতে বাঁচিতে পারি।

পক্ষ একটী। সেটী কৃষ্ণপক্ষ। তাহা নিত্য, অমর ও অভেদ্য। যেখানে কৃষ্ণপক্ষ নাই সেখানে মায়ার পক্ষ। মায়ার পক্ষ একটী পৃথক্ পক্ষ নহে। মায়ার পক্ষ বিশ্বের দিকে, আর কৃষ্ণপক্ষ ব্রজের দিকে। এই দুইটী রাস্তার গতি ঠিক বিপরীতমুখী। এ দুইটীতে আকাশ-পাতাল ভেদ বর্ত্তমান। এই দুইটী রাস্তা চিনা যায় একমাত্র শ্রীহরি-গুরুবৈষ্ণবের কৃপায়। আমি যদি সত্য সত্য অন্যাভিলাষিতাশূন্য হইয়া ব্রজের পথে যাইতে চাই, তাহা হইলে শ্রীগুরুদেব নিশ্চয়ই সে পথ আমাকে দেখাইবেন—বিশ্বপথের যাত্রীদের স্বরূপ ও ব্রজপথের যাত্রীদের স্বরূপ দেখাইবেন। শ্রীগুরুনিত্যানন্দের করুণার একমাত্র উদ্দেশ্য শরণাগত জনকে ব্রজে লইয়া গিয়া শ্রীরাধাগোবিন্দ ও গৌরসুন্দরের সেবায় অর্পণ করা। কেন না, তিনি নিত্য ব্রজবাসী—গৌররাধানিত্যজন। জীবকে অহৈতুকী কৃপা করিবার জন্যই তিনি চিদানন্দময় গোলোক হইতে এই ত্রিতাপপূর্ণ ভূলোকে আসেন।

লোকপ্রিয়তা ও সত্যানুসন্ধান এক জিনিষ নহে। লোকপ্রিয় ব্যক্তি নিজের কার্য্যসিদ্ধির জন্য সত্যানুসন্ধিৎসুর বেষ পরিধান করিয়া নানাপ্রকার অভিনয় করিতে পারেন। কিন্তু কে লোকপ্রিয় বা কে সত্যানুসন্ধিৎসু তাহা শরণাগতি দ্বারা বুঝা যায়। লোকপ্রিয়তার মধ্যে শরণাগতি বা হরিভক্তির কোন কথা নাই, আছে কেবল মায়ার কথা। তবে হরিভক্তির কথা যাহা বা ভক্তিশাস্ত্রের লেবাসির যাহা ছাপমারা থাকিতে পারে। এই সমস্ত কপটতা বা মায়ার প্রলোভন হইতে নিষ্কৃতি পান শ্রীগুরুদেবের একান্ত শরণাগতজন। কেননা, তাঁহাদের শরণাগতিরূপ কষ্টিপাথরে ও শ্রীগুরুকৃপালোকে কপটতা ও অবৈষ্ণবতা ধরা পড়িবেই।

"বৈষ্ণব চিনিতে নাহি দেবের শকতি"

কিন্তু শ্রীগুরুদেবের শরণাগতজন অতি সহজেই বৈষ্ণব চিনিতে পারেন। বৈষ্ণবকথাটী অনেক বড় কথা। আম্নায়ধারা-সংরক্ষণ-কারী শ্রীগুরুদেব হইতে সম্বন্ধরহিত রক্ত-মাংসের পিণ্ড বা বাহ্যিক বৈষ্ণবের বেষ বৈষ্ণব নয়। কুকর্ম্মীর নিকট সৎকর্ম্মী বৈরাগী, ভোগীর নিকট কুযোগীও বৈরাগী, অজ্ঞানীর নিকট জ্ঞানী বৈরাগী হইতে পারেন, কিন্তু এই বর্ত্তমানেরটী পূর্ব্বরাজ্যের

(অতঃপর ৫ম পৃষ্ঠার ২য় কলমে দ্রষ্টব্য)

সাধুসঙ্গ সাধুসঙ্গ সর্ব্বশাস্ত্রে কয়। লবমাত্র সাধুসঙ্গে সর্ব্বসিদ্ধি হয়।

মঠ-মন্দির-সমূহ

(১) শ্রীচৈতন্য-মঠ

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীমন্মহাপ্রভুর ভবনে শ্রীচৈতন্যমঠ, শ্রীবিগ্রহ, শ্রীশ্রীরাধাকৃষ্ণ, শ্রীগৌর-গোপাল আচার্য্য চতুষ্টয় বিরাজ করিতেছেন। সুপ্রাচীন শ্রীমায়াপুর-নবদ্বীপ প্রধান কার্য্যালয় আছে।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৫
কলিকাতায় শ্রীভক্তিবিনোদ-আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, সঙ্কীর্ত্তন, মহাপ্রভুর সেবার শ্রীমদ্ভাগবতাদি শাস্ত্রের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও হারমনিষ্ট পাক্ষিক ইংরাজী পত্র প্রকাশিত হয়।

(৩) যোগপীঠ-মায়াপুর-পীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব ভূমি যোগপীঠ।

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং টোল বর্ত্তমান।

(৬) মুরারিগুপ্তের পাট

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৭) কাজি-সমাধি-পাট

প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
ইহা গৌরকৃপা পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি।

(৮) অঘকুলকুঞ্জ-গৌড়ীয়মঠাগার

শ্রীধাম মায়াপুর

(৯) স্বানন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
এখানে ও বিস্তার শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ চাকদহ (বর্দ্ধমান)

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মামগাছি, পোঃ জান্নগর, (বর্দ্ধমান)
শ্রীনারায়ণীর মন্দির বৃন্দাবনের পাট

(১৩) কৃষ্ণদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(১৪) জহ্নুদ্বীপ-গৌড়ীয়মঠাসন

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ

গৌড়পুর, নদীয়া

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ

মাজিদা — (শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৭) ঋতুদ্বীপ

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

(২০) মহেশ-পণ্ডিতের পাট

কাঁটালপুলি, পোঃ চাকদা (নদীয়া)

(২১) রাণাঘাট-গৌড়ীয়মঠাসন

(২২) পুড়া গৌড়ীয়মঠ

চব্বিশ পরগণা

(২৩) মাধ্বগৌড়ীয় মঠ

বালিয়াটী পোঃ আরিচা, ঢাকা।
পূর্ববঙ্গের প্রচার-কেন্দ্র।

(২৪) গোপালজীউমঠ

কমলাপুর, পোঃ ঢাকা

(২৫) গদাই-গৌরাঙ্গ মঠ

পোঃ বালিয়াটি, (ঢাকা)

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

বড়বাজার, পোঃ ময়মনসিংহ

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চক্চকা, কামরূপ (আসাম)

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

৩নং প্যাগাং বিল্ডিং, দার্জ্জিলিং

(৩০) নারদকুণ্ড-গৌড়ীয়মঠ

পোঃ হরিদ্বার, জেঃ সাহারণপুর, ইউ, পি

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

... পুর পাটনা।

(৩২) গয়া গৌড়ীয়মঠ

মধ্য রোড, গয়া

(৩৩) সনাতন গৌড়ীয় মঠ

৮।১১ বড় গন্ধেশ্বরী, বেনারস সিটি

(৩৪) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

(৩৫) পরমহংস মঠ,

পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠাসন

বিশ্রামঘাট, পোঃ মথুরা

(৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণাশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্য মঠপীঠ

কিশোরপুর, বৃন্দাবন

(৩৯) ব্রজস্বানন্দ-সুখদকুঞ্জ

পোঃ রাধাকুণ্ড, মথুরা

(৪০) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪১) রাধাকুণ্ড গোবর্দ্ধনবাটী

(৪২) শ্রীগোবর্দ্ধনমঠাসন

গোবর্দ্ধন, মথুরা

(৪৩) সঙ্কেত বিহারী মঠ

বর্ষাণা, মথুরা।

(৪৪) নন্দগ্রাম গৌড়ীয়মঠাসন

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৫) বর্ষাণা গৌড়ীয়মঠাসন

পোঃ বর্ষাণা, মথুরা

(৪৬) গোকুলবিহারী মঠ—গোস্বামী,

পোঃ হোডোল, জেলা গুর্গাঁও (পাঞ্জাব)

(৪৭) ব্যাস-গৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

(৪৮) দিল্লী গৌড়ীয় মঠ

৪৫নং কেনিং রোড, নিউ দিল্লী,

(৪৯) বোম্বে গৌড়ীয়মঠ

খোয়াদিয়ার টাক রোড, অপেরাহাউস
বোম্বে ৭

(৫০) মাদ্রাজ গৌড়ীয়মঠ

পোঃ রায়পেটা, মাদ্রাজ
শ্রীভক্তিবিনোদ-পদাঙ্কিত শ্রীকূর্ম্মক্ষেত্রের নিকটে

(৫১) রাজমহেন্দ্রী গৌড়ীয়মঠ

পোঃ কভুর, জেলা গোদাবরী (মাদ্রাজ)
শ্রীশ্রীরায়রামানন্দ-মিলন-নির্দ্দিষ্ট সেবা

(৫২) ব্রহ্মগৌড়ীয়মঠ

আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি (পুরী)

(৫৩) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত পোঃ পুরী, উড়িষ্যা

(৫৪) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৫) সীতাকুটী

(৫৬) কিল্লা-গৌড়ীয়মঠ

পোঃ কটক, পুরী

(৫৭) সচ্চিদানন্দ মঠ

গম্ভীরা, পোঃ কটক উড়িষ্যা।

(৫৮) সাক্ষীগোপাল গৌড়ীয়মঠপীঠ

৫৯। শ্রীপ্রদ্যুম্নগৌড়ীয় প্রপন্ন-মঠ

পোঃ রায়পুর, গড়াই

(৬০) ভাগবতজনানন্দ মঠ

চিনদিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর

(৬১) অম্বালি গৌড়ীয়মঠ

পোঃ অম্বালি, মেদিনীপুর

(৬২) আরামবাগ প্রপন্নাশ্রম মঠ

পোঃ আরামবাগ (হুগলী)

(৬৩) চেতনগৌড়ীয়মঠ

কুন্তলপুর, পোঃ চাকদা, (বাঁকুড়া)

(৬৪) রেঙ্গুন গৌড়ীয়মঠ

৭০১ নং খাঁওস্ ষ্ট্রীট, রেঙ্গুন।

(৬৫) লণ্ডন গৌড়ীয়মঠ

ফ্ল্যাট নং ২
৫১, চার্চ-রোড
সাউথ, লণ্ডন, ই ৫

(৬৬) গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

১৬।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা

(৬৭) গৌড়ীয়মঠ অফিস

হিউয়েট রোড, লক্ষ্ণৌ (ইউ-পি)

(৬৮) শ্রীবিদ্যানিধি গৌড়ীয়মঠাসন

নন্দনকানন, চট্টগ্রাম

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীমদ্ব্রহ্মচারী ভক্ত্যালোক, ভক্তিশাস্ত্রী কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায়		বিজ্ঞাপনের পৃষ্ঠায়	
	১ম ও দ্বিতীয় দিনের জন্য	পরবর্তী দিনের জন্য	১ম ও দ্বিতীয় দিনের জন্য	পরবর্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	।০	৷৵০	।৵০	
" " ইঞ্চি	২৲		১৷০	১৲
সিকিকলম	৩৲	৩		৩৲
" অর্দ্ধকলম	৮৲	৩৲	৩৲	৫৲
" এক কলম	১২৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিবারে প্রতি ইঞ্চি ৩	১৷০
" সিকি কলম ১৩৲	১২৲
" অর্দ্ধকলম ২৫৲	২০৲
" এক কলম ৫০৲	৪০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)		৯৲
ষাণ্মাসিক	"	৫
ত্রৈমাসিক	"	২৷০
মাসিক	"	১৲

প্রতি সংখ্যা /৩ । বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

শ্রীধাম-মায়াপুরে

—"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট"—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে; বিদ্যালয় ও বোর্ডিং এর গৃহ বিস্তৃত ও খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খাওয়া ও বেতনবাবদ প্রতি মাসে মাত্র ৬৲ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন্ পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। বর্ত্তমান বর্ষে ১৬ জন বালকের মধ্যে ১৫ জন ভালভাবে উত্তীর্ণ হইয়াছে।

মেধাবী ছাত্রগণের আরও সুবিধা

পরীক্ষায় যাহারা গড়ে শতকরা ৭৫ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ সচ্চরিত্র মেধাবী ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট,
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী

শ্রীল প্রভুপাদের চতুঃষষ্টি বর্ষপূর্ত্ত্যাবির্ভাব-তিথিতে শ্রীল আচার্য্যদেবের অভীষ্টানুসারে "শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী" প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। ইহাতে পূর্ব্বার্দ্ধ ও উত্তরার্দ্ধ দুইটি বিভাগ আছে। পূর্ব্বার্দ্ধে শ্রীল প্রভুপাদের আদি-প্রবন্ধাবলী শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের সম্পাদিত 'স-সজ্জনী সজ্জনতোষণী,' শ্রীল প্রভুপাদের 'নিবেদন' সাপ্তাহিক পত্র প্রভৃতি হইতে কথাসার ও প্রয়োজনীয় অর্থের টীকা-সহ প্রকাশিত হইয়াছে। উত্তরার্দ্ধে শ্রীল প্রভুপাদের সম্পাদিত 'সজ্জনতোষণী'র কতিপয় প্রবন্ধ কথাসার প্রভৃতির সহিত মুদ্রিত হইয়াছে। প্রবন্ধগুলি রচনাকালের ক্রমানুসারে গ্রথিত হইয়াছে; এতদ্ব্যতীত শ্রীল আচার্য্যদেবের একটি মূল্যবান্ উপোদ্ঘাত ও সঙ্কলনকারীর একটি বিস্তৃত ভূমিকা, শব্দ সূচী, গ্রন্থ-পদ্য-শ্লোক ও পত্রাঙ্ক-সূচী প্রভৃতি গ্রন্থে সংযোজিত হইয়াছে। গ্রন্থটি উৎকৃষ্ট কাগজে সাধিকাদির সহিত মুদ্রিত ও শ্রীল প্রভুপাদের আলেখ্যাদিদ্বারা ভূষিত ও সুন্দর বাঁধাই হইয়া প্রকাশিত হইয়াছে। প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, জিলা নদীয়া; শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ও শ্রীমাধ্বগৌড়ীয়মঠ, নারিন্দা, পোঃ ওয়ারী, ঢাকা।

শ্রীল প্রভুপাদের পত্রপ্রসূন মালা

এই গ্রন্থে ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তি- সিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের রচিত পত্রাবলী শ্রীল আচার্য্যদেবের লিখিত "গৌরব" নামক ভাষ্যের সহিত প্রকাশিত হইয়াছে। শ্রীল প্রভুপাদের অনেক অপ্রকাশিত পত্র ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ১০ আনা।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক-সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতি সুন্দরভাবে আলোচিত হইয়াছে। ইহা এক অপূর্ব্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

শ্রীচৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত অতি সুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত ইহার ভিক্ষা মাত্র ৪৲ টাকা। প্রাপ্তিস্থান শ্রীযুক্ত ম্যানেজার কাজিপাড়া, শ্রীযোগপীঠ, শ্রীমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীসরস্বতী-সংলাপ

প্রথম খণ্ড

শ্রীশ্রীগৌরধাম গৌড়ীয়সম্প্রদায়ৈকসংরক্ষক জগদ্‌গুরু পরমহংসকুলচূড়ামণি নিত্যলীলা-প্রবিষ্ট ১০৮শ্রী শ্রীমদ্ ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামি-প্রভুপাদ বহু জিজ্ঞাসু ও তত্ত্বপ্রশ্নকারী সজ্জনবৃন্দের পরিপ্রশ্নোত্তরে ও সন্দেহ-নিরাকরণকল্পে যে-সকল সৎ-কথা সত্যরূপে কীর্ত্তন করিয়াছেন, যাহা তাঁহার প্রকটকালেই 'গৌড়ীয়' সম্পাদক শ্রীযুক্ত সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ প্রভুপাদেরই শ্রীহস্তে সংশোধিত করাইয়া রাখিয়াছিলেন এবং যাহার কিয়দংশ গৌড়ীয়পত্রে প্রকাশিত হইয়াছে, তাহা "শ্রীশ্রীসরস্বতী-সংলাপ" নাম ধারণপূর্ব্বক শ্রীল প্রভুপাদের 'বক্তৃতাবলী' ও 'পত্রাবলী' আকারে খণ্ড খণ্ড প্রকাশিত হইতেছে। বর্ত্তমানে শ্রীল প্রভুপাদের প্রথমবার্ষিক বিরহতিথিপূজা-বাসরে এই গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। মানবজীবনের বহু অমীমাংসিত সমস্যা ও কঠিন প্রশ্নের সমাধান ইহাতে পাওয়া যাইবে। ভক্তিপথের পথিকমাত্রেরই এই গ্রন্থ সংগ্রহ একান্ত প্রয়োজন।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের রিটায়ার্ড প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপদেশক পাণ্ডিত আনন্দ শ্রীযুক্ত নিশিকান্ত সান্যাল এম,এ মহোদয় ঐকান্তিক সম্প্রদায়-বৈষ্ণবাচার্য এবং এ মহোদয়ের গোস্বামীবর্ণনা এবং পণ্ডিতগণ লেখনীর অদ্ভুত কল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের ভালিকা-পত্র বহু হইল। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিবিধ চিত্র সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডে ৩০শ অধ্যায়ে প্রায় ৭৫০ পৃষ্ঠা আছে। শ্রী বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকারের ভূমিকাদ্বয় (Preface) বিষয় তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সূচিপত্র ও শব্দার্থ-(Index Glossary) সহ গ্রন্থখানি প্রকাশিত। ভিক্ষা—১৫, পনর টাকা। প্রাপ্তিস্থান—ম্যানেজার গৌড়ীয়মঠ, বাগবাজার; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীমায়াপুর জেলা—নদীয়া।

'ঠাকুর ভক্তিবিনোদ'

——::•)::——

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি প্রচারের মূল মহাজন সপ্তমগোস্বামী শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবচূড়ামণির অবিকৃত জীবনচরিত এতাবৎকাল পর্য্যন্ত গ্রন্থাকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয়মঠাধ্যক্ষের অনুমোদিত সর্বশাস্ত্রবিদ্ সুলেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীযুক্ত সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি,এ, মহোদয়-প্রণীত "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু গ্রন্থাবলীর নির্ঘণ্ট ও পরিচিতি হইয়াছে। সর্বসমেত ১১০ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ।৶৹ আনা। ডাক মাশুল স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান—ম্যানেজার প্রকাশবিভাগ

শ্রীগৌড়ীয়মঠ

পোঃ বাগবাজার

কলিকাতা

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

——:(•)——

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। অধিকন্তু পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু গ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

ই. বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	৪-৩৩	৬ ২৬	৭ ০৬	১২-২৬	১৪-৫৬	১৬-৫৬	১৭ ৫৬	২২-২৫
রাণাঘাট পৌঃ			৮ ২৮	১৪-১৫				
(বদল) ছাঃ			৯-৩৩	১৪-৫০				
কৃষ্ণনগর পৌঃ	৭-১	৮-৪৪	১০-৮	১৫-২০	১৭-২৮	১৯-০৮	২০-১৬	২১-১৫
(বদল) ছাঃ	৭-১২		১০-৩১		১৭-৩৮		২০-২৩	
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫১		১১-১০		১৮-১৩		২১-৪	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
রাণাঘাট পৌঃ	১২-৫৫
ছাঃ	১৩-০
শান্তিপুর পৌঃ	১৩ ২৬
(বদল) ছাঃ	১৩-৩১ (ন্যারো গেজে)
কৃষ্ণনগর পৌঃ	১৪-১২
ছাঃ	১৪-৩০
নবদ্বীপঘাট পৌঃ	১৫-১০

ডাউন

নবদ্বীপঘাট ছাঃ		৫ ৫৫	৯-১৭		১৩-৩১	১৫-০	১৮-৩১	
কৃষ্ণনগর পৌঃ	৬ ২	৯-১৬	৯-৪৮	১১-৪১	১৪-১০	১৬-৩৮	১৯-১১	
ছাঃ	৬-৩৬	৭-১৮	১০-১১			১৬-৪৬	১৯-৫৫	২১-১৩
রাণাঘাট পৌঃ			১০-৪৬			১৭-৩০		
(বদল) ছাঃ			১১-১			১৭-৪০		
কলিকাতা পৌঃ	৬-১৬	৯-২১	১১-৫১	১২-১৬	১৪-১৬	১৯-১১	২১-৪১	২৩-৩৭

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৩-৩১	১৬-০		
কৃষ্ণনগর পৌঃ	১৪-১০	১৬-৩৮		
ছাঃ	১৪-২৮	১৭-৩৩		
শান্তিপুর পৌঃ	১৫-৯	১৮-১৪		
(বদল) ছাঃ	১৬-৩০	১৮-২৫	(শনিবার ভিন্ন)	০০-৪০ (শনিবার)
রাণাঘাট পৌঃ	১৭-১০	১৮-৫৭		২১-১৫
(বদল) ছাঃ	১৭-২৩	১৯-১৪		২১-৫০
কলিকাতা পৌঃ	১৯-১১	২০-৪০		২৩-৩৭

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

[illegible]

ম্যালেরিয়া প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু, প্লীহাযকৃৎ রোগগ্রস্তের একমাত্র ঔষধ বলিয়াই ইহার কাটতি অত্যন্ত অধিক। শিকার প্লীহা সংযুক্ত [illegible] এবং নূতন [illegible] জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। [illegible] ছোট বোতল ৷৵০ দশ আনা, বড় বোতল ১৷৵০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা

অথবা

[illegible] বেহালা, ২৪ পরগণা

পোঃ—শ্রীমায়াপুর
টেলিগ্রাম—'শ্রীধাম শ্রীমায়াপুর'

REGD NO C 1544

দৈনিক নদীয়াপ্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৪শ খণ্ড] শ্রীমায়াপুর—২রা শ্রাবণ, ১৩৪৬ ১৮ই জুলাই, ১৯৩৯, মঙ্গলবার [১১৯শ সংখ্যা

বিবিধ সংবাদ

——::(•)::——

ফ্রান্সে সামরিক কুচকাওয়াজ

সামরিক কুচকাওয়াজ যেরূপ আড়ম্বরের সহিত অনুষ্ঠিত হইয়াছে, ১৯০৯ সালের ১৪ই জুলাইয়ের কুচকাওয়াজের পর সেরূপ আড়ম্বর কুচকাওয়াজ আর কখনও হয় নাই। বৃটিশ সৈন্যদল এবং নৌবাহিনীও এই কুচকাওয়াজে যোগদান করিয়াছিল। যে সমস্ত কুচকাওয়াজ আরম্ভ হওয়ার কথা ছিল, তাহার বহু পূর্ব্ব হইতেই রাস্তায় লোকের এত ভীড় বাড়িয়া যায় যে, সেখান দিয়া যাতায়াত করা কঠিন হইয়া পড়ে। বহু বিমানপোতগুলি সৈন্যদলের আগে আগে উড়িয়া যাইতেছিল। বৃটিশ বিমান-বাহিনীর পাঁচটী বোমারু ৯-৩০ মিনিটের (বৃটিশ ষ্ট্যাণ্ডার্ড টাইম) সময় সভাপতিকে অভিবাদন করিয়া কুচকাওয়াজের উদ্বোধন করে। উক্ত বিমানপোতগুলি আর প্যারিসে অবতরণ না করিয়া বরাবর বৃটেনে চলিয়া যাইবে।

———

সোভিয়েটকে হাত করার চেষ্টা

জার্ম্মাণী রুশিয়ার সহিত বাণিজ্য বিষয়ক আলোচনা চালাইবার জন্য একটি প্রতিনিধি দল প্রেরণ করিবে বলিয়া যে সংবাদ প্রচারিত হইয়াছে 'কিগারো' পত্রিকার বার্লিনস্থিত সংবাদদাতা তাহা সমর্থিত হইয়াছে বলিয়া জানাইয়াছেন। উক্ত সংবাদদাতা ইহাও বলিয়াছেন যে, উক্ত প্রতিনিধিদল একপক্ষ কালের মধ্যে রুশিয়া যাত্রা করিবেন এবং বার্লিনের ব্যবসায়ী মহলের ধারণা এই যে, জার্ম্মাণী সোভিয়েটের নিকট দুই বৎসরের মেয়াদে প্রায় আট কোটি পাউণ্ডের পণ্য ধারে বিক্রয় প্রস্তাব করিবে।

জৈন মন্দিরে চুরির কেস

লক্ষ্মীনারায়ণ দাস নামক জনৈক লোক শিয়ালদহের পুলিশ ম্যাজিষ্ট্রেট মিঃ এ রেজার এজলাসে চুরি ও সিঁধকাটার অভিযোগে অভিযুক্ত হয়। ম্যাজিষ্ট্রেট আসামীকে প্রত্যেক দফা অভিযোগে দুই বৎসর সশ্রম কারাদণ্ডে দণ্ডিত করিয়াছেন। দণ্ডভোগ একযোগে চলিবে।

অভিযোগের বিবরণ এই যে, গত ৬ ই জানুয়ারী রাত্রিতে উল্টাডাঙ্গার ২০নং সাউথ রোডস্থিত রায়-বাহাদুর অজিতনাথ দাসের ঠাকুরবাড়ী হইতে অলঙ্কারপত্র এবং অনুমান সাত হাজার টাকা মূল্যের স্বর্ণসিংহাসন অপহৃত হয়। ঐ দিন শেষ রাত্রিতে মুচিপাড়া পুলিশ আসামীকে কট লেন দিয়া যাইবার সময় গ্রেপ্তার করে এবং তাহার নিকট অপহৃতমালের কতক ও স্বর্ণসিংহাসন পায়। কাঞ্চন নামক আর একটি লোক আসামীর সহিত ছিল। সে কোনক্রমে পলায়ন করে।

———

বেলজিয়ান কঙ্গোতে ভারতীয়দের অবস্থা

বৃটিশ গবর্ণমেণ্ট তাঁহাদের কনসাল জেনারেল মারফৎ বেলজিয়ান কঙ্গোর ভারতীয়দের অবস্থা সম্পর্কে নিরপেক্ষ তদন্তের নির্দ্দেশ দিয়াছেন। তদন্তকার্য এখনও শেষ হয় নাই।

সংবাদ লইয়া জানা গেল যে, স্বর্ণ লইয়া বে-আইনী ব্যবসা চালাইবার অভিযোগে বেলজিয়ান কঙ্গোতে কয়েকজন ভারতীয়কে গ্রেপ্তার করা হয়। ভারতীয়দের পক্ষ হইতে মিঃ সি এস ইসমাইল সম্প্রতি ভারতে আসিয়াছিলেন। তিনি বলেন যে ভারতীয়দিগকে বাহির করিবার জন্য যে চেষ্টা চলিয়াছে, গ্রেপ্তার করার পেছনেও তাহাই প্রকাশ পাইতেছে। ধৃত ব্যক্তিদের বিচার ব্যবস্থা এবং হাজতে থাকার ব্যবস্থা মোটেই সন্তোষজনক হয় নাই, সুবিচার পাওয়া যাইবে বলিয়াও ভরসা নাই। তিনি বলেন যে নিরপেক্ষ কোন তদন্ত হইয়া আসল সত্য উদ্ঘাটিত না হওয়া পর্য্যন্ত ঐ সকল অভিযোগের বিচার হইতে পারে না।

———

হিটলার সকাশে ডানজিগের নাৎসী নেতৃদ্বয়

ডানজিগের নাৎসী নেতা হের ফষ্টার ও হের আর্থার হের হিটলারের সহিত সাক্ষাৎ করেন। তাঁহারা ডানজিগে প্রত্যাবর্ত্তন করিবেন বলিয়া আশা করা যায়। প্রকাশ যে, তাঁহারা হের হিটলারের নিকট ডানজিগের পরিস্থিতির বিবরণ প্রদান করিয়াছেন। হের হিটলারের সহিত তাঁহাদের আলোচনা হয় এবং এই সময় সোমবার কমন্স সভায় মিঃ চেম্বারলেন যে বিবৃতি দিয়াছেন তাহাও উত্থাপিত হয়। তবে এই আলোচনার ফলে ডানজিগের ব্যাপারের কোন গুরুতর পরিণতি ঘটিবে বলিয়া মনে হয় না।

———

ইতালীতে জার্ম্মাণ সৈন্যের প্রবেশ

পিকোলো পত্রিকা বলিতেছেন, জার্ম্মাণ সৈন্যের বেসামরিক পরিচ্ছদ দিয়া দলে দলে ইতালীতে প্রবেশ করিতেছে, এই অসত্য সংবাদ প্রচারের জন্যই যোলহাজারো প্রদেশ হইতে বিদেশীদিগকে বহিষ্কৃত করা হইতেছে। পত্রিকা আরও বলিতেছে যে, ব্রেনার অঞ্চলে সৈন্য চলাচল লক্ষ্য করিবার জন্য যোগাযোগ বিশেষ প্রতিনিধিগণ ঐ সকল পাঠাইতেছে বলিয়া প্রচার করা হইতেছে।

———

পোল্যাণ্ডকে ঋণ দানের আয়োজন

ডেলী টেলিগ্রাফ এর সংবাদে জানা যায় লণ্ডনে ইঙ্গ-পোলিশ সামরিক ও অর্থনৈতিক আলোচনার ফলে যে সকল চুক্তি হইয়াছে, তাহা অদ্য স্বাক্ষরিত হইবার সম্ভাবনা আছে।

ডেলী টেলিগ্রাফ-এর সংবাদদাতা জানিতে পারিয়াছেন যে, পোল্যাণ্ডের আর্থিক বল বৃদ্ধির জন্য বৃটিশ ও ফরাসী গবর্ণমেণ্ট যথাক্রমে ৫০ লক্ষ ও ৩২ লক্ষ পাউণ্ড ঋণ দিবেন। ইহার ফলে পোল্যাণ্ড তাহার সৈন্যবাহিনীকে দুর্দ্ধর্ষ প্রস্তুত রাখিতে পারিবে। এতদ্ব্যতীত পোল্যাণ্ড যাহাতে সমরোপকরণ কাঁচা মাল কিনিতে পারে সেজন্য বৃটেন মোট ৮০ লক্ষ পাউণ্ড ঋণ দিবেন।

———

মাঞ্চুকুও সীমান্তে আবার লড়াই

প্রকাশ, মাঞ্চুকুও মঙ্গোলীয় সীমান্তে আবার সঙ্ঘর্ষ বাধিয়াছে এবং দুই শত সোভিয়েট মঙ্গোল ট্যাঙ্ক লড়াই চালাইতেছে। জাপানী সংবাদে বলা হইয়াছে যে, গোলন্দাজদের আবরণে ঐ ট্যাঙ্কগুলি সদলবলে বাধা নদী অতিক্রমের চেষ্টা করে, কিন্তু তাহাদের হটাইয়া দেওয়া হয়। আরও দাবী করা হইয়াছে যে, বিমানযুদ্ধে একাশটি সোভিয়েট মঙ্গোল বিমানপোত ধ্বংস করা হয়।

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল সরস্বতীদেবের পরবিদ্যাভূষণ গোস্বামী মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক। প্রতি একাদশীতে প্রকাশিত হয়। কলিকাতা বাগবাজারস্থ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। সডাক ভিক্ষা ৩।০ টাকা মাত্র।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১।০ টাকা মাত্র।

৩। ভাগবত—হিন্দিভাষায় একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ টাকা মাত্র

৫। শ্রীগৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ মাত্র।

পরমগুরু শ্রীগৌরকিশোর

গৌড়ীয়-সম্পাদক-লিখিত, শ্রীগৌড়ীয়মঠাচার্য্যের ভূমিকা-সম্বলিত, বহুচিত্র-শোভিত ও বিষয় সূচী-সম্বলিত "পরমগুরু শ্রীগৌরকিশোর" গ্রন্থরাজ প্রকাশিত হইয়াছেন। এই গ্রন্থরাজে শুদ্ধগৌড়ীয়বৈষ্ণবজগতের পরমারাধ্য, গৌড়ীয়গৌরবশিখামণি অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ নিত্যলীলাপ্রবিষ্ট পরমহংস ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল গৌরকিশোরদাস গোস্বামী প্রভুবরের অলৌকিক চরিতকথা বর্ণিত আছে।

শ্রীভক্তিবিনোদাবির্ভাব-শতবর্ষপূর্ত্তিতিথিপূজার উপায়ন-গ্রন্থমালা

——::(০)::——

১। গীতিসাহিত্যে শ্রীভক্তিবিনোদ

শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র গীতিসাহিত্যের সমালোচনা-গ্রন্থ)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

২। শ্রীভক্তিবিনোদবাণীবৈভব

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের রচনামৃতসাগর হইতে আহৃত ১০৮টী অধ্যায়ে সম্বন্ধ-অভিধেয়-প্রয়োজনাকারে গুম্ফিত অমূল্য উপদেশপূর্ণ গ্রন্থ)

ভিক্ষা—৩৲ তিন টাকা মাত্র।

৩। শ্রীশ্রীভক্তিবিনোদ-প্রসঙ্গ

ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ ও ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল সরস্বতীদেবের পরবিদ্যাভূষণ গোস্বামীপ্রভু-বিরচিত এবং গৌড়ীয়ে প্রকাশিত শ্রীশ্রীভক্তিবিনোদ-চরিত-প্রসঙ্গ

ভিক্ষা—৷৵০ ছয় আনা মাত্র।

৪। ছাত্রদের ভক্তিবিনোদ

ছাত্রদের উপযোগী ভাষায় লিখিত শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্র ও শিক্ষা)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

ছাত্রদের পক্ষে ভিক্ষা—।০ আট আনা মাত্র)

প্রাপ্তিস্থান :—

(১) "ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্", পোঃ শ্রীমায়াপুর, নদীয়া ;

২) শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ;

৩ শ্রীযুক্ত ভূপতিরঞ্জন দাস এম্-এ, বি-এল্, পুরাণপল্টন পোঃ রমণা, ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১।	শ্রীমদ্ভাগবতম্,—সমগ্র	৪০৲
	প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত—	২৮৲
	দশম স্কন্ধ—	৯৲
২।	অনুভাষ্য বিবৃতি শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা)	৬৲
৩।	অনুভাষ্য শ্রীচৈতন্যচরিতামৃত	৩৲
৪।	সম্বন্ধ-তত্ত্ব-চন্দ্রিকা (অবাঁধা)	৪৲
৫।	শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী	
	১ম খণ্ড ৸০; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০ ৪র্থ খণ্ড—৸০	
৬।	শ্রীল প্রভুপাদের পত্রাবলী	
	১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড	
৭।	শ্রীচৈতন্যদেব	১৲
৮।	সৎক্রিয়াসার-দীপিকা সংস্কার দীপিকা	১।০
৯।	বৈষ্ণবধর্ম্ম	২৲
১০।	গৌড়ীয়-কণ্ঠহার	২৲
১১।	শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা)	২৲
১২।	শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা)	১৲
১৩।	হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ)	৸০
১৪।	সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ)	।০
১৫।	বৈষ্ণবসাহিত্যে বিরহ-তত্ত্ব	।০
১৬।	ব্রাহ্মণ ও বৈষ্ণব	৸০
১৭।	চৈতন্যোপনিষৎ	।০
১৮।	বামন আনন্দ	।০
১৯।	তত্ত্ববিবেক	।০
২০।	গৌড়ীয়-গৌরব	৷৵০
২১।	গৌড়ীয়সাহিত্য	৷৵০
২২	ভজন-রহস্য	।০
২৩।	শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা)	১৲
২৪।	গীতা (শ্রীবলদেব-টীকা-সহ)	৪৲
২৫।	গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) অবাঁধা)	৯৲ ১৲
২৬।	গীতার কেবল মূল-ভাষ্য	।০
২৭।	মুক্তিবৃত্তিকা স্তবগোষ্ঠীঃ (সানুবাদ)	২৲
২৮।	বেদান্তসূত্রসার (সানুবাদ)	।০
২৯।	প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা)	৸০
৩০।	দীপ-দিগ্-দর্শন	৵০
৩১।	সাধনপথ (তৃতীয়-সংস্করণ)	৷৵০
৩২।	গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা)	।০
৩৩।	নবদ্বীপধাম-গ্রন্থমালা	৸০
৩৪।	ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা)	৵০
৩৫।	গীতমালা	৴১০
৩৬।	নবদ্বীপধাম মাহাত্ম্য	৵০
৩৭।	ঐ প্রমাণ-খণ্ড	৵০
৩৮।	শ্রীনবদ্বীপভাবতরঙ্গ	।০
৩৯।	শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাখ	।০
৪০।	শরণাগতি	৴০
৪১।	গীতাবলী	৴০
৪২।	শ্রীব্রজমণ্ডল পরিক্রমা	৸০
৪৩।	সাধনতত্ত্ব	৴০
৪৪।	প্রেমভক্তিচন্দ্রিকা	৴
৪৫।	নবদ্বীপশতক	
৪৬।	অর্চ্চনপদ্ধতি	
৪৭।	সদাচারস্মৃতি	০/
৪৮।	কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ)	৴১০
৪৯।	অর্চ্চনকণ	ৎ১০
৫০।	বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম ও ২য় খণ্ড)	৬৲
৫১।	ব্রহ্মসংহিতা	।০
৫২।	মণিমঞ্জরী (সানুবাদ)	।০
৫৩।	গৌরকৃষ্ণোদয়ঃ	৸০
৫৪।	পুরুষার্থ-বিনির্ণয়	।০
৫৫।	শব্দকুসুমাবলী বা মাধ্যাহ্নলীলাবলী	।০
৫৬	ভারতবর্ষ ও ভক্তিপথ	৵০
৫৭।	ঈশোপনিষৎ (অনুবাদিত)	।০
৫৮।	শ্রীকৃষ্ণদেব	৵০
৫৯।	সিদ্ধান্তদর্পণ	৵০
৬০।	সাংখ্যবাণী	৴০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১।	শ্রীচৈতন্যলীলামৃতসারঃ	।০
৬২।	সিদ্ধান্ত-সরস্বতী দিগ্বিজয়ঃ	।০
৬৩।	সটীক-শিক্ষাষ্টকম্	।০
৬৪।	তত্ত্বস্তবম্	।০
৬৫।	সানুবাদ শিক্ষাষ্টকম্	৵০
৬৬।	গৌড়ীয়মঠপরিচয়ঃ	৴০
৬৭।	সারাৎসারদর্শনম্	৵০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮।	রায় রামানন্দ	।০
৬৯।	এ ভিউ ওয়ার্ড স অব লেটার্স	।০
৭০।	বামজল	৴০
৭১।	বেদান্ত—ইটস্ মরফলজী অ্যাণ্ড অন্টলজি	।০
৭২।	রিলেটিভ ওয়ার্ল্ড'স	৷৵০
৭৩।	লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস অব শ্রীচৈতন্য মহাপ্রভু	।০
৭৪।	বৈষ্ণবীজম	।০
৭৫।	রোমাট গৌড়ীয়মঠ ইন ফুটো	৴০
৭৬।	দি ভাগবত	।০
৭৭।	ইনোটিক মিশিনারি অ্যাণ্ড আনরাজনেস ডিভোশন	।০
৭৮।	ব্রহ্মসংহিতা	১।০
৭৯।	শ্রীকৃষ্ণচৈতন্য (প্রথম খণ্ড)	১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০।	শ্রীহরিনামচিন্তামণি	।০
৮১।	সাধন-পথ	।০
৮২।	কল্যাণ-কল্পতরু	৵০
৮৩।	গীতাবলী	৴০
৮৪।	শরণাগতি	৴০

আসামিয়া ভাষায় প্রকাশিত

৮৫।	শরণাগতি	৴০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬।	শ্রীচৈতন্যশিক্ষামৃত	৬৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

একমাত্র পারমার্থিক দৈনিক পত্র

শ্রীধাম-মায়াপুর-নদীয়া

১৭শ বর্ষ { ১৭ শ্রীধর ৪৫৩ গৌরাব্দ, ২রা শ্রাবণ বঙ্গাব্দ ১৩৪৬, ১৮ই জুলাই ইং ১৯৩৯, মঙ্গলবার } ১১৯৭ সংখ্যা

সাময়িক-প্রসঙ্গ

কটক টাউনহলে বক্তৃতা

গৌড়ীয়মিশনের অন্যতম প্রচারক উপদেশক পণ্ডিত শ্রীপাদ ভক্তিগৌরব ভক্তিবৈভব ভক্তিশাস্ত্রী মহোদয় কটক টাউনহলে গত ৮ই ও ৯ই জুলাই দুই দিবস যথাক্রমে 'ধর্ম্মের স্বরূপ' ও 'ধর্ম্মজগতে উৎকলের বৈশিষ্ট্য' সম্বন্ধে ওজস্বিনী ভাষায় দুইটী গবেষণাপূর্ণ বক্তৃতা প্রদান করেন। শিক্ষাবিভাগের মাননীয় মন্ত্রী শ্রীযুক্ত গোদাবরীশ মিশ্র মহোদয় উক্ত সভায় সভাপতির আসন গ্রহণ করেন। ভক্তিশাস্ত্রীজী দেহধর্ম্ম, মনোধর্ম্ম, ভোগ-ত্যাগ, সনাতন আশ্রমধর্ম্ম, নিত্য ও নৈমিত্তিকধর্ম্ম, আত্মার সহজবৃত্তি পরমাত্মার সেবা ও শ্রীল সনাতন গোস্বামী প্রভুর প্রতি শ্রীমন্মহাপ্রভুর উপদেশ হইতে ধর্ম্মের স্বরূপ অতি সরলভাবে বুঝাইয়া দেন।

দ্বিতীয় দিবস সভাপতি মহোদয় শ্রীপুরুষোত্তম-ক্ষেত্রের মাহাত্ম্য ও শ্রীমহাপ্রসাদের মাহাত্ম্য কীর্ত্তন করেন এবং শ্রীমন্মহাপ্রভুর প্রবর্ত্তিত সঙ্কীর্ত্তনই যে কলিযুগের একমাত্র যুগধর্ম্ম, ইহা বুঝাইয়া দেন।

সভায় উপস্থিত ভদ্রমহোদয়গণের মধ্যে নিম্নলিখিত কয়েকজনের নাম উল্লিখিত হইল—

শ্রীযুক্ত মধুসূদন রাউতারায়; শ্রীযুক্ত ভিখারী-চরণ পট্টনায়ক, জমিদার; শ্রীযুক্ত মনোমোহন সাহু বি-এ; শ্রীযুক্ত গণেশপ্রসাদ ভকত; শ্রীযুক্ত প্রসন্ন মহান্তি, অ্যাডভোকেট; শ্রীযুক্ত আকাশী ঘোষ শেখর; শ্রীযুক্ত শ্যামচরণ পট্টনায়ক এম-এ, বি-ই-ডি, ডেপুটী স্কুল ইন্‌স্পেক্টর; ডাঃ নদীয়াচন্দ্র মিত্র; শ্রীযুক্ত বিপিনবিহারী মিত্র, উকিল; শ্রীযুক্ত প্রভাতকুমার মুখার্জী, এম-এ, বি-ই-ডি; শ্রীযুক্ত বিমলচন্দ্র পালিত, এম-এ, অ্যাডভোকেট; শ্রীযুক্ত রাধানাথ রায়, বি-এল, ভাইস্ চেয়ারম্যান; শ্রীযুক্ত কেশবচন্দ্র মিত্র, অবসর-প্রাপ্ত ডেপুটী স্কুল ইন্‌স্পেক্টর; শ্রীযুক্ত তারাপ্রসন্ন দাসগুপ্ত, অ্যাডভোকেট; শ্রীযুক্ত শরৎচন্দ্র দে, উকিল; শ্রীযুক্ত দীনবন্ধু মিশ্র, বি-এ, বি-ই-ডি স্কুল সাবইন্‌স্পেক্টর; শ্রীযুক্ত কৃষ্ণচরণ মিশ্র, উকিল; শ্রীযুক্ত কৃষ্ণদাস দাস, উকিল; শ্রীযুক্ত জ্যোতিষচন্দ্র চক্রবর্ত্তী, বি-এল; শ্রীযুক্ত কপিলেশ্বর হোটরায় এম-এ; অডিটার কো-অপারেটিভ ব্যাঙ্ক; শ্রীযুক্ত কমলকুমার সরকার, অ্যাকাউন্ট্যান্ট ক্যানাল-রেভেনিউ ডিপার্টমেন্ট; শ্রীযুক্ত শচীন্দ্রনাথ ঘোষ, এডিটর প্রভৃতি।

শ্রীশ্রীমহাজনবাণী

বৈষ্ণব-চরিত্র, সর্ব্বদা পবিত্র,
যেই নিন্দে হিংসা করি'।
ভকতিবিনোদ, না সম্ভাষে তারে,
থাকে সদা মৌন ধরি'॥

—ঠাকুর শ্রীভক্তিবিনোদ

Don't converse with slanderers and scandal-mongers. Look not upon those wretches, that insult and scandalise the Lord's servants, nor upon those tigers in human shape that have insulted their Guru.

[অর্থাৎ নিন্দক এবং অপবাদ-রটনাকারী ব্যক্তিগণের সহিত আলাপ করিবে না। যাহারা ভগবানের ভৃত্যগণকে অপমানিত ও তাঁহাদের চরিত্রে কলঙ্ক আরোপ করে, সেই সকল নীচাশয় ব্যক্তিগণের মুখদর্শন করিও না। যাহারা তাহাদের গুরুদেবকে অপমানিত করিয়াছে—এইরূপ মনুষ্যাকৃতি ব্যাঘ্রগুলির দিকে কখনও তাকাইবে না।]

—শ্রীরামানুজাচার্য্য

শ্রীল প্রভুপাদের বাণী

গ্রাম্যকথা লোকমুখে হইতেই থাকিবে। তাহাতে অন্যমনস্ক থাকিবেন।

লৌকিক লোকের বাধা পাইলে উহাদের সর্ব্বনাশ হইবে বলিয়া জ্ঞান হয়। যে মিছাভক্তকে 'ভক্ত' বলিয়া মনে করিয়া আত্মপ্রতারণা গ্রহণ করে।

ভক্তিবিরোধী বিষয়গণ সর্ব্বদাই তাহাদের নিজ নিজ খেয়াল অনুসারে দৌরাত্ম্য করিবে। আমরা তাহা সহ্য করিয়া পৃথক্ থাকিব।

বৈষ্ণববিদ্বেষীর নাম 'পাষণ্ডী হিন্দু'। পাষণ্ডী হিন্দুর কবল হইতে না পারে এমন কোন দুষ্কার্য্য নাই।

বহির্ম্মুখের দ্বারা বাধা ধীরভাবে সহ্য করিতে পারিলে নিশ্চয়ই তাহারা একদিন না একদিন তাহাদের দুষ্কার্য্যের জন্য অনুতাপ করিবে।

বৈষ্ণবদাস বলিয়া পরিচয় দিয়ে দিয়া আমাদের যে অহঙ্কারের উদয় হয়, তাহা হইতেও পরিত্রাণ পাইব। আমাদের ভাষায় 'আমি বৈষ্ণব' এই বিচার আছে, তাহারা 'বৈষ্ণব' নহে।

যিনি শ্রীগুরু-বৈষ্ণব ও ভগবানের অত্যন্ত প্রিয় নিত্যসঙ্গী, তাঁহারই সেবা পারমার্থিকপ্রবর সদা বাক্য প্রকাশিত হয়।

যদি আমি সর্ব্বত্র মঙ্গল চাই তবে জগতের কাহারও কথা শুনিব না।

মায়ারে করিয়া জয় ছাড়ান না যায়। সাধু-গুরু-কৃপা বিনা না দেখি উপায়॥

"বাইরের বিরাগ বা বাইরের আসক্তি দেখে বৈষ্ণব চেনা যায় না। ভক্তিজগতের জন্য কতটা অকৃত্রিম আসক্তি, কতটা অকপট বৈরাগ্য, তা দেখে প্রকৃত বৈষ্ণবকে 'বৈষ্ণব' চিনতে পারেন। সাধক ও সিদ্ধকে এ[illegible] বুঝতে হবেন না।"

(শ্রীল প্রভুপাদ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

১৭ মাঘ, [illegible] গৌরাব্দ ৪৪০

ভক্তি

——::(*)::——

তত্ত্ব বা বস্তু একমাত্র কৃষ্ণ। তত্ত্বজ্ঞানই সম্বন্ধজ্ঞান বা ভগবৎজ্ঞান। তত্ত্বজ্ঞানাভাব থাকিলে তত্ত্ববস্তু ইন্দ্রিয়তর্পণময়ী ভক্তি অসম্ভব। ভক্তের বৃত্তি বা সহজ ধর্মই ভক্তি, যাহার অপর নাম ভগবানের প্রতি প্রীতি বা ভালবাসা। তত্ত্বজ্ঞান ব্যতীত ভক্তি হয় না। ভক্তগণ জীবগণের [illegible] তাঁহাদের সংস্কার ও মঙ্গল লাভ হয়। ভক্তের কৃপাশক্তি কথাই নিষ্কপট জীবগণকে কৃষ্ণপাদপদ্মে চালিত করে। ইহজগতে থাকিতে হইলে সর্বদা সাধুসঙ্গ ও সাধুসেবা একান্ত দরকার, সাধুর অন্তরে প্রবেশ করা দরকার; নতুবা তাঁহাদের অন্তরের ভাব বা কৃষ্ণসেবা-পিপাসা লাভ করা ও তাঁহাদের কথা, তাহা বুঝা যায় না, প্রকৃত ভক্তির কথা বুঝিতে পারা যায় না। ভক্তিপথে যেমন সংসারের জন্য ব্যাকুলতা দেখা যায়, ভগবৎসম্বন্ধীয় সেইরূপ স্পৃহা দেখা যায়। ভাব বা ভগবানের সেবা ভগবৎপ্রিয়জন শ্রীগুরুদেব যদি কৃপা করিয়া দান করেন তবেই জীব তাহা লাভ করিতে পারে, ভগবানের সন্ধান লাভ করিতে পারে। তবে আমার দিক থেকে একটা কাজ আছে, তাহা নিরন্তর কৃপা প্রার্থনা বা সেবালাভের জন্য ব্যাকুলতা না হয় — ভক্তগণের কায়মনোবাক্যে আনুগত্য।

ভক্তি শুদ্ধ ও নির্গুণা। অন্যাভিলাষিতা, ভুক্তি-মুক্তি বাঞ্ছা, লাভ-পূজা-প্রতিষ্ঠাশা, নির্বিশেষজ্ঞান, নিত্য-নৈমিত্তিকাদি কর্মচেষ্টা, ফল্গু-বৈরাগ্য, তপস্যা, অষ্টাঙ্গ যোগ প্রভৃতি কৃত্রিম অভক্তি চেষ্টা নাই। কিন্তু যেখানে ভক্তির নামে কর্মমিশ্রা, জ্ঞানমিশ্রা ও যোগমিশ্রাদি ভক্তি দেখা যায় তাহা মিশ্রা বা অশুদ্ধা ভক্তি।

শুদ্ধা ভক্তি ত্রিবিধা।—সাধনভক্তি, ভাবভক্তি ও প্রেমভক্তি। সাধনাবস্থায় সাধনভক্তি আর সাধ্যাবস্থায় ভাবভক্তি ও প্রেমভক্তি। শুদ্ধা ভক্তি দেহমনের ক্রিয়া নহে, ইহা চেতনের [illegible]। সাধনভক্তির পরিপক্বাবস্থাক্রমে ভাবভক্তি ও প্রেমভক্তির প্রকাশ। যেমন একটি আমের কাঁচা, ডাঁসা ও পাকা অবস্থা। সাধনাদি যা কিছু সবই মনকে নিগ্রহ করিবার জন্য। মনোনিগ্রহ হলে শুদ্ধ আত্মবৃত্তি বিকশিত হয়। সাধনভক্তি আত্মবৃত্তিতে প্রকাশিত। সাধন[illegible] মনের কার্য্য।

সাধনভক্তি বৈধী ও রাগানুগা ভেদে দ্বিবিধা। স্বাভাবিক রাগ ও রুচি দ্বারা প্রবর্তিত না হইয়া কেবল শাস্ত্রশাসন ও বিধির দ্বারা শাসিত হইয়া জীব যেখানে কৃষ্ণভজনে প্রবৃত্ত হয়, সাধনভক্তিই বৈধী ভক্তি। বৈধ ভক্ত অধিকার কনিষ্ঠ, মধ্যম ও উত্তমভেদে ত্রিবিধ। বৈধভক্তের মধ্যে যাহার শ্রদ্ধা লাভ হইয়াছে এবং যিনি নিরন্তর সিদ্ধান্তকে [illegible] করেন ও [illegible] আরূঢ় হইবার যোগ্যতা রাখেন তিনি কনিষ্ঠ। কনিষ্ঠ আবার দ্বিবিধ — কর্ম্মজ্ঞানাদিকার্য্যমিশ্র ও কর্ম্মজ্ঞানাধিকারযুক্ত। যাঁহারা কর্ম্মজ্ঞানাধিকারবিমুখ, তাঁহারা ধর্ম্মপ্রবণ ও কর্ম্মার্পণপরায়ণ ভক্তের ন্যায় যাহা অনুষ্ঠান করেন তাহা বস্তুতঃ ভক্তি নয়—ভক্ত্যাভাস। তাঁহাদের উচ্চারিত হরিনাম—ছায়া নামাভাস। যদি মুক্তিকামনা প্রভৃতি [illegible] থাকে, তবে প্রতিবিম্ব নামাভাস হয়। তখন ইঁহাদিগকে কর্ম্মী ও জ্ঞানী বলা যায়, ভক্ত বলা যায় না। শুদ্ধভক্তের কৃপায় তাঁহারা মঙ্গল লাভ করিতে পারেন, নতুবা [illegible] কর্ম্মাধিকারযুক্ত, তাঁহারা বেদশাস্ত্রবাদ হইতে নির্মুক্ত হইয়া হরিভক্তগণের আনুগত্য করিতে করিতে ক্রমে মধ্যম ও উত্তম হইতে পারেন। যাঁহারা মধ্যম, তাঁহাদের শ্রদ্ধা কনিষ্ঠাপেক্ষা অধিকতর দৃঢ়। তাঁহারা নিরন্তর নামানুশীলনপর—কৃষ্ণকীর্ত্তনপর। যাঁহার শ্রদ্ধা অচলা ও সুদৃঢ়, তিনি উত্তম ভক্ত। মধ্যমাধিকারী উত্তমের মহাভাগবতের সম্পূর্ণ অনুগত। তিনি উত্তমের কৃপায় সাধু-অসাধু চিনিতে পারিয়া দৃঢ়তার সহিত অসজ্জন ত্যাগ করিয়া সত্যনিষ্ঠ হন

অসংখ্য প্রকার ভজনাঙ্গের মধ্যে ৬৪টি প্রকার ভজনাঙ্গের কথা শ্রীল রূপগোস্বামী প্রভু আমাদের জানাইয়াছেন। (১) সদ্গুরুপাদাশ্রয়, (২) কৃষ্ণশিক্ষা ও দীক্ষা, (৩) বিশ্বাসের সহিত গুরুসেবা, (৪) সাধুগণের পথানুসরণ, (৫) সদ্ধর্ম্মজিজ্ঞাসা, (৬) কৃষ্ণপ্রীতির জন্য ভোগত্যাগ, (৭) ভক্তিতীর্থে বাস, (৮) জীবন-নির্ব্বাহোপযোগী সংগ্রহ, (৯) একাদশীর সম্মান, (১০) ধাত্রী, অশ্বত্থ, গো, বিপ্রের প্রতি সম্মান। এই ১০টি অঙ্গভাবে সাধুসঙ্গ, ইহাদের মধ্যে (১) গুরুপাদাশ্রয়, (২) দীক্ষা ও (৩) গুরুসেবা—এই তিনটি প্রধান।

(১) বহির্ম্মুখ ব্যক্তির সঙ্গ পরিত্যাগ, (২) সেবা ও নামাপরাধ না হয় এ বিষয়ে সতর্ক থাকা, (৩) কৃষ্ণ ও কৃষ্ণভক্তের বিদ্বেষ ও নিন্দা শ্রবণ না করা, (৪) অনধিকারী ব্যক্তিকে শিষ্য না করা, (৫) বহ্বারম্ভ পরিত্যাগ, (৬) ব্যবহারে অকার্পণ্য, (৭) শোকাদির বশীভূত না হওয়া, (৮) অন্য দেবতার নিন্দা বা অবজ্ঞা না করা, (৯) নিজকার্য্যের দ্বারা অন্য জীবকে উদ্বেগ না দেওয়া, (১০) ভক্তিশূন্য গ্রন্থ পাঠ ও [illegible]শাস্ত্রের আংশিক অভ্যাস ও ব্যাখ্যাদি বর্জ্জন—এই ১০টি ব্যতিরেকভাবে সাধনাঙ্গ। ইহাদের মধ্যে (১) কৃষ্ণবহির্ম্মুখসঙ্গত্যাগ, (২) সেবা ও নামাপরাধ বর্জ্জন, (৩) কৃষ্ণ ও কৃষ্ণভক্তের বিদ্বেষ ও নিন্দা-শ্রবণ পরিত্যাগ—এই ৩টি প্রধান।

(১) বৈষ্ণবচিহ্ন ধারণ, (২) হরিনামাক্ষর ধারণ, (৩) নির্ম্মাল্যধারণ, (৪) কৃষ্ণাগ্রে নৃত্য, (৫) দণ্ডবন্নতি, (৬) অভ্যুত্থান, (৭) অনুব্রজ্যা, (৮) কৃষ্ণস্থানে গমন, (৯) পরিক্রমা, (১০) অর্চ্চন, (১১) পরিচর্য্যা, (১২) গান, ([illegible]) সংকীর্ত্তন, (১৪) জপ, (১৫) বিজ্ঞপ্তি, (১৬) স্তবপাঠ, (১৭) নৈবেদ্যাস্বাদন, (১৮) পাদ্যের আস্বাদন, (১৯) ধূপ ও মাল্যাদি-সৌরভ গ্রহণ, (২০) শ্রীমূর্ত্তির স্পর্শন, (২১) শ্রীমূর্ত্তি-দর্শন, (২২) আরাত্রিক উৎসবাদি, (২৩) শ্রবণ, (২৪) কৃষ্ণের কৃপোদ্দেশ্য-দর্শন, (২৫) স্মরণ, (২৬) ধ্যান, (২৭) দাস্য, (২৮) সখ্য, (২৯) আত্মনিবেদন, (৩০) প্রিয়বস্তু কৃষ্ণকে সমর্পণ, (৩১) কৃষ্ণোদ্দেশে অখিলচেষ্টা, (৩২) সর্ব্বভাবে শরণাপত্তি, (৩৩) ভক্তিভাবে তুলসীসেবন, (৩৪) ভক্তিভাবে ভাগবতশাস্ত্রাদির সম্মান, (৩৫) ভক্তিভাবে শ্রীধামপুর শ্রীমথুরাদির সেবন, (৩৬) ভক্তিভাবে বৈষ্ণবসেবন, (৩৭) যথা বৈভবসামগ্রীর সহিত সাধুগোষ্ঠী সহ মহোৎসব, (৩৮) কার্ত্তিকমাসের সমাদর, (৩৯) জন্মদিনাদিতে যাত্রা, (৪০) শ্রদ্ধাপূর্ব্বক শ্রীমূর্ত্তির পরিচর্য্যা, (৪১) রসিকজনের সহিত শ্রীমদ্ভাগবতের অর্থ আস্বাদন, (৪২) সজাতীয়াশয়স্নিগ্ধ অথচ আপন হইতে শ্রেষ্ঠ সাধুর সঙ্গ, (৪৩) নাম-সংকীর্ত্তন, (৪৪) মথুরা অর্থাৎ ভগবজ্জন্মস্থানে অবস্থিতি। ইহার মধ্যে (১) সাধুসঙ্গ, (২) নামকীর্ত্তন, (৩) ভাগবতশ্রবণ, (৪) মথুরাবাস, (৫) শ্রীমূর্ত্তির শ্রদ্ধায় সেবন—এই ৫টি অঙ্গ শ্রেষ্ঠ। তন্মধ্যে আবার নামকীর্ত্তনই সর্ব্বশ্রেষ্ঠ। কীর্ত্তনই অঙ্গী আর সব তাহার অঙ্গ। তবে এই কীর্ত্তন অপরাধশূন্য ও সাধুসঙ্গময় হওয়া চাই। নতুবা কীর্ত্তন হইবে না।

"সাধুসঙ্গে কৃষ্ণনাম এইমাত্র চাই।
সংসার জিনিতে আর কোন বস্তু নাই॥"

এই ৬৪টি ভজনাঙ্গের কতকগুলি শরীর-সম্বন্ধীয়, কতকগুলি ইন্দ্রিয়-সম্বন্ধীয় ও কতকগুলি অন্তঃকরণ-সম্বন্ধীয়, ইহাদের মধ্যে কতকগুলি একেবারে পৃথক্ ও কতকগুলি মিশ্রভাবাপন্ন। সাধন-ভক্তির অঙ্গসকল ৬৪ ভাগে বিভক্ত হইলেও বস্তুতঃ তাহার ৯টি অঙ্গ। যথা—(১) শ্রবণ, (২) কীর্ত্তন, (৩) স্মরণ, (৪) পাদসেবন, (৫) অর্চ্চন, (৬) বন্দন, (৭) দাস্য, (৮) সখ্য ও (৯) আত্মনিবেদন।

ভক্তিশাস্ত্রে যুক্তবৈরাগ্য ও ফল্গুবৈরাগ্যের কথা শুনা যায়। যুক্তবৈরাগ্য সম্বন্ধজ্ঞানযুক্ত ভক্তের হৃদয়ের জিনিষ, আর ফল্গুবৈরাগ্যের প্রার্থী প্রতিষ্ঠাকামী ও মায়াবাদিগণ। কৃষ্ণই নিত্যপ্রভু—এইরূপ সম্বন্ধজ্ঞানযুক্ত হইয়া সকল বস্তুর দ্বারা কৃষ্ণের সেবা ও কৃষ্ণের প্রীতির জন্য ভোগত্যাগই যুক্তবৈরাগ্য, ইহা ভক্তি; আর সকল বস্তুকে প্রাপঞ্চিক মনে করিয়া হরিসেবার উপকরণেও সেইরূপ বুদ্ধি এবং ভগবানের নাম-রূপ-গুণ-পরিকর লীলা প্রভৃতিকে মায়াময় মনে করা, তাহা ফল্গু-বৈরাগ্য; ইহা সম্পূর্ণ অভক্তি।

রাগাত্মিকা ভক্তি সাধ্যভক্তি। রাগময়ী যে ভক্তি তাহাই রাগাত্মিকা ভক্তি। নিত্যসিদ্ধ অপ্রাকৃত ব্রজবাসিগণ রাগাত্মিক ভক্ত। রাগানুগা সাধনভক্তি এই রাগাত্মিকা ভক্তির অনুগতা। যাঁহাদের হৃদয় নির্গুণ, তাঁহাদের রাগাত্মিক ব্রজজনের বিভিন্ন প্রকারের কৃষ্ণসেবায় লোভ উৎপন্ন হইয়া যে ভক্তির উদয় হয়, তাহাই রাগানুগা ভক্তি। রাগানুগা সাধনভক্তি—চতুর্ব্বিধ। যথা—

দাস্যরসাশ্রয়, সখ্যরসাশ্রয়, বাৎসল্যরসাশ্রয়, ও মধুররসাশ্রয়। ভক্তগণ সেবকাভিমানী বা অনুগতাভিমানী। কি দাসাশ্রয় কি বৈধ, সকল ভক্তই নিত্যসিদ্ধ গুরুবর্গের অনুগত। তাঁহারা কখনও নিজেকে শ্রীমতী, শ্রীনন্দযশোদা, শ্রীদাম-সুদাম, শ্রীরক্তক-পত্রক, প্রভুপাদ বা আচার্য্য মনে করেন না। এইরূপ মনে করা অহংগ্রহোপাসনা বা অভক্তি। সেইজন্যই শ্রীপাদ কবিরাজ গোস্বামী প্রভু লিখিয়াছেন,—

নিজাভীষ্ট কৃষ্ণপ্রেষ্ঠ পাছে ত' লাগিয়া।
নিরন্তর কৃষ্ণভজে অন্তর্মনা হঞা॥

এই অনুকূল-কৃষ্ণানুশীলনের নামই ভক্তি।

শ্রীশ্রীআচার্য্যবাণী

আমরা সদ্গুরুলাভ করিয়াও অনেক সময় ভজনে অগ্রসর হইতে পারি না; ভজন দূরের কথা, এমন কি আমাদের অনর্থনাশ কি পর্য্যন্ত হয় না। শ্রীরূপ-গোস্বামী প্রভু বলিয়াছেন—অনর্থনিবৃত্ত হইলে পরে শুদ্ধভজন আরম্ভ হয়। সুতরাং যে ব্যক্তি অনর্থের হাত হইতে নিস্তার পায় নাই তাহার হরিভজন কিরূপে সম্ভব?

আলো-অন্ধকার, কাম-প্রেম একাধারে অবস্থান করিতে পারে না। যেখানে আত্মেন্দ্রিয়প্রীতিবাঞ্ছার লেশমাত্র বর্ত্তমান সেখানে সেবা নাই। সেখানে সম্পূর্ণভাবে মায়া অধিকার করিয়া আছে। যে ব্যক্তি সেবা করিয়া তৎপরিবর্ত্তে কিছু আকাঙ্ক্ষা করে, সে সেবক নহে। আমি সেবার বিনিময়ে ধন চাই, জন চাই, আমার কবিতা, প্রবন্ধ, বক্তৃতা বড়ই সুন্দর হইয়াছে লোকে বলুক, কাগজে বা প্রবন্ধে আমার নাম থাকুক, এইরূপ প্রতিষ্ঠাশা হৃদয়ে পোষণ করি। ইহাই কি সেবা? শ্রীগৌরসুন্দর ইহাকে ত' সেবা বলেন নাই। শ্রীরূপপাদও ইহাকে 'সেবা' বলিবার পরিবর্ত্তে 'অন্যাভিলাষ' বা 'কর্ম্ম' নাম দিয়াছেন। যেখানে ফলভোক্তা 'আমি' অর্থাৎ আমার বিরূপ সেই স্থানে কর্ম্মের আবাহন ব্যতীত সেবা নাই। সেবা সতী সহধর্ম্মিণীর ন্যায় প্রভুর সন্তোষ-বিধানে নিযুক্তা। আর কর্ম্মস্পৃহা ব্যভিচারিণী বারবনিতার ন্যায় নিজ ইন্দ্রিয়তর্পণের জন্য লালায়িতা। বৈষ্ণবই প্রতিষ্ঠার মালিক। যাবতীয় প্রতিষ্ঠা তাঁহারই সেবা করিবার জন্য লালায়িতা হইয়া সর্ব্বদা পরিচারিকার ন্যায় অনুগামিনী। কিন্তু আমার ন্যায় অবৈষ্ণব, মূঢ়, কামক্রোধাদিতে আসক্ত লোক যদি বৈষ্ণবের পদটি, প্রভু-রাজেশ্বরের যোগ্য আসনটি গ্রহণ করিবার চেষ্টা করে, তাহা হইলে মায়াদেবী আমার দাম্ভিকতা দর্শন করিয়া আমাকে দৃঢ়ভাবে মায়া-নিগড়ে বদ্ধ করিবেন। তাই, যদি আমরা প্রতিষ্ঠা চাই, তাহা হইলে আমাদের বৈষ্ণবী প্রতিষ্ঠার নিষ্ঠাবান্ হওয়া উচিত। আমার একমাত্র প্রভু অধোক্ষজ শ্রীভগবান্ ও তদভিন্ন গুরুবৈষ্ণবগণ। আমি তাঁহাদের নিত্যদাস। তাঁদের প্রভুসেবাই একমাত্র ধর্ম্ম। নিরন্তর নিষ্কপট সেবায় নিযুক্ত থাকাও তাঁদের একমাত্র প্রতিষ্ঠা। ইহারই নাম বৈষ্ণবী প্রতিষ্ঠা। যেখানে অহৈতুকী সেবারূপা বৈষ্ণবীপ্রতিষ্ঠার পরিবর্ত্তে অপর বস্তুর জন্য আমরা লালায়িত সেখানে জড় প্রতিষ্ঠা।

যিনি হরিগুরুবৈষ্ণবে আত্মসমর্পণ করিয়াছেন, হরিগুরুবৈষ্ণবের সুখোৎপাদনকে নিজসুখ বলিয়া উপলব্ধি করিতে পারিয়াছেন, তিনি হরিগুরুবৈষ্ণবের প্রতিষ্ঠাকে নিজ প্রতিষ্ঠা বলিয়া বরণ করিতে পারিয়াছেন। যাঁহার হরিগুরুবৈষ্ণব হইতে পৃথক্ অবস্থান নাই—এইরূপ দৃঢ় উপলব্ধি হইয়াছে, তিনি প্রকৃত নিষ্কপট সাধুগণের অনুমোদিত হরিভজন লাভ করিতে পারেন।

কৃপা ও সাধন

ভগবান্ ও ভক্তের কৃপায় জীবের অনর্থ নিবৃত্তি হইয়া নিত্যমঙ্গলের উদয় হয়। বিড়ালী তাহার শাবককে সর্ব্বতোভাবে সাহায্য করে। তাহা দেখিয়া আমরা শরণাগতির মাহাত্ম্য অনুভব করিয়া ভগবৎ-কৃপার উপর পূর্ণ নির্ভরতার আবশ্যকতা বুঝিতে পারি, তখন আমাদের ভগবানে শরণাগতি ও আপনাকে পাল্যবুদ্ধির উদয় হয়। ইহাই মার্জ্জারন্যায়।

মর্কট নিজশাবককে অধিক সাহায্য করে না। বানরশিশু অনুগ্রহপ্রার্থী না হইয়া নিজ চেষ্টায় মাতাকে জাঁকড়াইয়া ধরিয়া থাকে। ইহাই মর্কটন্যায়।

আমরা শাস্ত্রে কৃষ্ণপ্রসাদজ বা কৃষ্ণভক্তপ্রসাদজ বিচার ও সাধনাভিনিবেশজ কৃপার কথা শুনিতে পাই। ভক্ত ও ভগবান্ স্বতন্ত্র। তাঁহারা যাহাকে তাহাকে স্বেচ্ছায় কৃপা করিতে পারেন। তবে ইহা অতি বিরল। ইহা কোন জীবের প্রতি অযাচিত আকস্মিক কৃপা। কৃপা ছাড়া গতি নাই, ইহা অবশ্য সত্য। তবে কৃপাভিখারী, কৃপাপ্রার্থী—কৃপালাভে যত্নশীল ব্যক্তি কৃপা পাইয়া থাকে ইহাই সাধারণ বিধি। কৃপা ও সাধন যুগপৎই দরকার; নতুবা কৃপা বা সেবালাভ হয় না—একথা বুঝিতে না পারিয়া মার্জ্জারন্যায়াবলম্বনে কেহ কেহ সাধনের প্রতি অনেকটা উদাসীন থাকিয়া কেবল ভগবান্ ও ভক্তকৃপাতেই সিদ্ধ হয়, এই বিচার করেন। আবার মর্কটন্যায়াবলম্বনে কেহ কেহ সাধনের দ্বারাই সিদ্ধিলাভ হয় এই বিচারকেই হৃদয়ে স্থান দেন। শ্রীমন্মহাপ্রভু আত্মসমর্পণের পন্থায় এই উভয়ের সামঞ্জস্য করিয়াছেন। আত্মসমর্পণের পূর্ব্বে ভক্তদেহে সাধকজীবের স্বেচ্ছায় প্রয়াসের অপেক্ষা আছে। ভগবৎ-কৃপা সর্ব্বত্র লভ্যের বিষয় হইলেও সেই কৃপা লাভের জন্য আমাদের চেতনতার বা বুদ্ধির সমাশ্রয় প্রয়োজন। জীবের স্ব-স্ব-ভাব নিত্যসিদ্ধ হইলেও শ্রবণাদি শুদ্ধ সাধনের দ্বারাই উহাকে হৃদয়ে প্রকট করিতে হয়।

নিত্যসিদ্ধ কৃষ্ণপ্রেম সাধ্য কভু নয়।
শ্রবণাদি শুদ্ধচিত্তে করয়ে উদয়॥

৫। শ্রীগৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ মাত্র।

পরমগুরু শ্রীগৌরকিশোর

গৌড়ীয়-সম্পাদক-লিখিত, শ্রীগৌড়ীয়মঠাচার্যের ভূমিকা-সম্বলিত, বহুচিত্র-শোভিত ও বিষয় সূচী-সম্বলিত "পরমগুরু শ্রীগৌরকিশোর" গ্রন্থখানি প্রকাশিত হইয়াছেন। এই গ্রন্থটিতে শুদ্ধগৌড়ীয়বৈষ্ণবজগতের পরমারাধ্য, গৌড়ীয়গৌরবশিখামণি অপ্রাকৃত বৈরাগ্যের মূর্তবিগ্রহ নিত্যলীলাপ্রবিষ্ট পরমহংস ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল গৌরকিশোরদাস গোস্বামী প্রভুবরের অলৌকিক চরিতকথা বর্ণিত আছে।

শ্রীশ্রীভক্তিবিনোদাবির্ভাব-শতবর্ষপূর্তিতিথিপূজার উপায়ন-গ্রন্থমালা

——॥(০)॥——

১। গীতিসাহিত্যে শ্রীভক্তিবিনোদ

শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র গীতিসাহিত্যের সমালোচনা-গ্রন্থ)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

২। শ্রীভক্তিবিনোদবাণীবৈভব

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের বচনামৃতসাগর হইতে আহৃত ১০৮টি অধ্যায়ে সম্বন্ধ-অভিধেয়-প্রয়োজনাকারে গুম্ফিত অমূল্য উপদেশপূর্ণ গ্রন্থ)

ভিক্ষা—৩৲ তিন টাকা মাত্র।

৩। শ্রীশ্রীভক্তিবিনোদ-প্রসঙ্গ

ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ ও ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামীপ্রভু-বিরচিত এবং গৌড়ীয়ে প্রকাশিত শ্রীশ্রীভক্তিবিনোদ-চরিত-প্রসঙ্গ

ভিক্ষা—৷৴০ ছয় আনা মাত্র।

৪। ছাত্রদের ভক্তিবিনোদ

ছাত্রদের উপযোগী ভাষায় লিখিত শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্র ও শিক্ষা)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

ছাত্রদের পক্ষে ভিক্ষা—৷০ আট আনা মাত্র)

প্রাপ্তিস্থান :—

(১) 'ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট', পোঃ শ্রীমায়াপুর, নদীয়া ;

২) শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ;

৩ , শ্রীযুক্ত সুপতিরঞ্জন নাগ এম্-এ, বি-এল্, পুরাণপল্টন পোঃ রমনা, ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বাঙ্গালাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবত,—সমগ্র ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্যন্ত— ১৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। ভাগবত বিরাট শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৯৲
৩। ভাগবত শ্রীচৈতন্যচরিতামৃত ৬৲
৪। সরস্বতী-জয়শ্রী (অবাঁধা) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০
৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার-দীপিকা ও সংস্কার দীপিকা ১৷০
৯। বৈষ্ণব ২৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। ভক্তিতত্ত্ববিবেক (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ৷০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিবর্ত-তত্ত্ব ৷০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষৎ ৷০
১৮। শ্রীমন্-আম্নায় ৷০
১৯। তত্ত্ববিবেক ৷০
২০। গৌড়ীয়-গৌরব ৷৶০
২১। গৌড়ীয়সাহিত্য ৷৶০
২২ ভজন-রহস্য ৷০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা-সহ) ২৲
২৫। গীতা (চক্রবর্তি-টীকাসহ) ২৲
অবাঁধা) ১৲
২৬। গীতায় কেবল বাক্য-ভাষ্য ৷০
২৭। দুর্গমসঙ্গমনী ভক্তিরসামৃতসিন্ধুঃ (সানুবাদ) ২৲
২৮। বেদান্তস্যমন্তক (সানুবাদ) ৷০
২৯। প্রেমবিবর্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৸০
৩০। শ্রীল-দ্বিজ-দর্শন ৶০
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ৷৶০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ৷০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶০
৩৫। গীতমালা ৴১০
৩৬। নবদ্বীপধাম-মাহাত্ম্য ৶০
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৶০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ৷০
৩৯। শ্রীগোদ্রুমকল্পতরু ৷০
৪০। শরণাগতি ৴০
৪১। গীতাবলী ৴০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
৪৩। সাধনতত্ত্ব ৴০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ৴
৪৫। নবদ্বীপশতক
৪৬। অর্চনকণ
৪৭। সদাচারস্মৃতিঃ ৩৴
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৴১০
৪৯। অর্চনকণ ৶১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম ও ২য় খণ্ড) ৬৲
৫১। ব্রহ্মসংহিতা ৪
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ৷০
৫৩। গৌরকৃষ্ণোদয় ৸০
৫৪। পুরুষার্থ-বিনির্ণয় ৷০
৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ৷০
৫৬ ভারতবর্ষ ও ভক্তিপথ ৶০
৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ) ৷০
৫৮। শ্রীকৃষ্ণলেখ ৶০
৫৯। শিক্ষাষ্টক ৶০
৬০। সংখ্যাবাণী ৴০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ৷০
৬২। সিদ্ধান্ত সরস্বতী বিজিগীষা ৷০
৬৩। সটীক-শিক্ষাষ্টকম্ ৷০
৬৪। ভজনম্ ৷০
৬৫। সাত্বত শিক্ষাষ্টকম্ ৶০
৬৬। গৌড়ীয়মঠপঞ্জিকা ৴০
৬৭। সারস্বতবর্ণনম্ ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮ রায় রামানন্দ ॥০
৬৯। এ ভিউ ওয়ার্ড স অন বেদান্ত ৷০
৭০। রামানুজ ৴০
৭১। বেদান্ত—ইট্স্ মরফলজী অ্যাণ্ড অন্টলজি ৷০
৭২। রিলেটিভ ওয়ার্ল্ড'স ৷৶০
৭৩। লাইফ অ্যাণ্ড প্রিসেপ্ট্স অব শ্রীচৈতন্য মহাপ্রভু ৷০
৭৪। বৈষ্ণবীজম্ ৷০
৭৫। বোম্বাই গৌড়ীয়মঠ টু ডেট ৴০
৭৬। দি ভাগবত ৷০
৭৭। থিয়েস্টিক ফিলসফি অ্যাণ্ড আনব্যালেন্সড ডিসিপ্লিন ৷০
৭৮। ব্রহ্মসংহিতা ২৷০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (প্রথম খণ্ড). ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীভক্তিসিদ্ধান্তবাণী ৷০
৮১। সাধন-পথ ৷০
৮২। কল্যাণ-কল্পতরু ৶০
৮৩। গীতাবলী ৴০
৮৪। শরণাগতি ৴০

আসামিয়া ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ৴০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক

নদীয়া-প্রকাশ

একমাত্র পারমার্থিক দৈনিক-পত্র

শ্রীধাম-মায়াপুর-নদীয়া

১৪শ বর্ষ { ৫ পুরুষোত্তম ৪৫৩ গৌরাব্দ, ৫ই শ্রাবণ বঙ্গাব্দ ১৩৪৬, ২১শে জুলাই ইং ১৯৩৯, শুক্রবার ১২৭শ সংখ্যা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

পুরুষোত্তম, তিথি গর্ভোদশায়ী গৌরাব্দ ৪৫৩

আশ্রয় বিনা গতি নাই

চতুঃষষ্টি সাধন-ভক্ত্যঙ্গের পরম মুখ্য অঙ্গই শ্রীগুরুপাদপদ্ম আশ্রয় করা। কৃষ্ণভক্তি লাভের ইহাই একমাত্র উপায়। সৌভাগ্যক্রমে যাঁহার সংসার ক্ষয়োন্মুখ হইয়াছে এবং শুদ্ধভক্তসঙ্গ-প্রভাবে যাঁহার হৃদয়ে কৃষ্ণভক্তিতে শ্রদ্ধার উদয় হইয়াছে, তিনিই কৃষ্ণপ্রসাদে কৃষ্ণপ্রেষ্ঠ শ্রীগুরুপাদপদ্মে আশ্রয় লাভ করেন। যাহাদের হৃদয় পাপে মলিন সেসব দুর্ভাগা জীবগণের সদ্গুরু-পাদপদ্মে সদ্বুদ্ধি হয় না—তাহারা শ্রীগুরু-পাদপদ্ম আশ্রয় করে না, তাহাদিগের কোনও কালে ভগবদ্ভক্তিতে অধিকার হয় না। শ্রীগুরুদেব ক্ষীণপুণ্যজনকে দীক্ষা প্রদান করেন না।

শ্রীগুরুদেবের নিকট হইতে কৃষ্ণদীক্ষা ও কৃষ্ণশিক্ষা লাভ করিতে হইলে তাঁহার শ্রীপাদপদ্মে সর্বস্ব অর্পণ করিতে হয়—তাঁহার শ্রীপাদপদ্মের ধূলিকণা হইতে হয়। সর্বতোভাবে আত্মসমর্পণ করিয়া শ্রীগুরুদেবের নিত্যকিঙ্কর হইতে না পারিলে কৃষ্ণদীক্ষা ও কৃষ্ণশিক্ষা লাভ ঘটে না। আংশিক আদান-প্রদানের দ্বারা সর্বতোভাবে শ্রীগুরুপাদাশ্রয় হয় না। আংশিক আদান-প্রদানের দ্বারা পরমার্থ লাভ হয় না।

কি পদ্ধতি অবলম্বনে শ্রীগুরুপাদপদ্ম আশ্রয় করিতে হইবে তাহা শ্রীভগবান্ গীতাতে জানাইয়াছেন। শ্রীগুরুপাদপদ্মে প্রণিপাত করিতে হইবে—'আমি বুঝি' এই অহঙ্কার সম্পূর্ণভাবে বিসর্জন দিতে হইবে। তৎপর পরিপ্রশ্ন ও সেবাবৃত্তির সহিত শ্রীগুরুমুখপদ্মবিনিঃসৃতা বাণী নিরন্তর শ্রবণ করিতে হইবে।

শ্রীগুরুপাদপদ্ম শ্রীভগবানের প্রকাশ-বিগ্রহ, ইহা শ্রীভগবান্ শ্রীমদ্ভাগবতে জানাইয়াছেন। তাঁহার প্রতি অসূয়া বা মৎসরতা করিতে হইবে না। শ্রীগুরু-নিত্যানন্দের পাদপদ্মই পতিত জীবের একমাত্র ভরসা। স্বয়ংপ্রকাশ শ্রীনিত্যানন্দ প্রভুর আকর্ষণেই এই ঘোর সংসার হইতে উদ্ধার পাওয়া যায়। তাঁহার কৃপা ব্যতীত জীবের রূপ-রসাদি-বিষয়-ভোগ-স্পৃহা দূর হয় না—মন শুদ্ধ হয় না। শ্রীগুরু-নিত্যানন্দের কৃপায় যখন সংসারবাসনা সম্পূর্ণরূপে থামিয়া যাইবে, তখনই শ্রীরূপরঘুনাথের কথা কর্ণে প্রবেশ করিবে, তাহার পূর্বে নহে।

তত্ত্ব-জিজ্ঞাসু শিষ্য যখন শ্রীগুরুদেবের নিকট অপ্রাকৃত তত্ত্বের বিষয় জিজ্ঞাসা করেন, তখন শ্রীগুরুদেব তাঁহাকে প্রথমেই প্রাকৃত-ভাব বিসর্জন দিতে বলেন। স্রষ্টা-ভোক্তা-পুরুষাভিমানই জীবের প্রাকৃত অভিমান। কৃষ্ণদাস ভুলিয়া যাওয়ার জন্যই জীবের এই অভিমান হইয়াছে। ইহাই মূল অপরাধ। এই অপরাধের শাস্তিস্বরূপ তাহাকে পুরুষাভিমান-রূপ দণ্ড ভোগ করিতে হয়। শ্রীগুরুদেব অপরাধবর্জন পূর্বক কৃষ্ণনাম গ্রহণ করিতে বলেন। তিনি বলেন—"হে জীব, তুমি স্বরূপতঃ কৃষ্ণের নিত্যদাস—তুমি জড় দেহ-মন নহ। তুমি স্রষ্টা নও—তুমি কৃষ্ণের সৃষ্ট; তুমি ভোক্তা নও—তুমি কৃষ্ণের ভোগ্য। তুমি তোমার অপ্রাকৃত স্বরূপে প্রতিষ্ঠিত হইয়া নিরন্তর অপ্রাকৃত কৃষ্ণনাম কীর্তন কর।"

শ্রীগুরুদেব অপ্রাকৃত কৃষ্ণনাম গান করিলে সেই শ্রীনাম শিষ্যের কর্ণে প্রবিষ্ট হয়। শ্রীগুরুদেবের অনুসরণে শিষ্য শ্রীনামকে শ্রদ্ধার সহিত হৃদয়ে স্থাপন পূর্বক সেবা দ্বারা পূজা করা হয়। নাম ও নামী অভিন্ন বলিয়া বাস্তববস্তু কৃষ্ণ যেরূপ নিত্য, শুদ্ধ, পূর্ণ, মুক্ত, চৈতন্যরসবিগ্রহ এবং অপ্রাকৃত চিন্তামণি, কৃষ্ণনামও তদ্রূপ। শ্রীনাম পূজিত হইলে তিনি স্বয়ং স্বতঃকর্তৃত্বধর্ম বিস্তার করিয়া নামজপকারীকে কীর্তনের অধিকার প্রদান করেন। যাহারা ইন্দ্রিয়ফললোভে বশীভূত হইয়া জড়-পদার্থজ্ঞানে শ্রীনামের উপর প্রভুত্ব করিতে চেষ্টা করে, তাহারা ভক্তের পরিবর্তে প্রাকৃত কামের দাসত্বই লাভ করে।

শ্রীগুরুনিত্যানন্দ কৃপাপূর্বক অযোগ্য জীবকে কৃষ্ণনাম সেবার সোপান্ত প্রদান করেন। শ্রীগুরুদেবের কৃপা হইলেই জীবের সর্বার্থসিদ্ধি হয়। শ্রীগুরুকৃপাই ত নামের কৃপা! শ্রীগুরুদেবের কৃপা ব্যতীত জীবের অন্য কোন গতি নাই। শ্রীগুরুবৈষ্ণব-কৃপা ব্যতীত নিজের বিদ্যা-বুদ্ধিতে কখনও পরমার্থ অন্বেষণ করা যায় না। শাস্ত্র অনন্ত, জ্ঞাতব্যও অনন্ত। জীবের পক্ষে সে সমুদয় অবগত হওয়া অসম্ভব। শ্রীগুরুদেবের মুখনিঃসৃত শ্রৌতবাণীর শ্রবণ-কীর্তন-রূপ ভক্তির দ্বারা সহজেই প্রয়োজন কৃষ্ণপ্রেম লাভ হয়। সুতরাং শ্রীগুরুপাদপদ্মের কৃপাই আমাদের একমাত্র সম্বল হউক।

প্রাকৃত-সাহজিক ও শুদ্ধবৈষ্ণব-সিদ্ধান্ত

(মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ)

প্রাকৃত-সাহজিকতাকে বিদ্ধবৈষ্ণবতা ও অপ্রাকৃত-সাহজিকতাকে শুদ্ধবৈষ্ণবতা বলা যায়। 'বিদ্ধ' শব্দের সহিত বৈষ্ণবতা-শব্দের প্রয়োগ সঙ্গত কি না, তাহাও একটি বিবেচ্য বিষয়। প্রাকৃত ও অপ্রাকৃত সাহজিকের মধ্যে যে সূক্ষ্ম ভেদ আছে, তাহা একমাত্র কৃষ্ণতত্ত্ববিদ্ ব্যতীত অপর কেহই ধরিতে পারেন না। যেরূপ শ্রীবিষ্ণুস্বামী বা শ্রীধর-স্বামিপাদের শুদ্ধাদ্বৈতবাদকে নির্বিশেষবাদি-সম্প্রদায় 'কেবলাদ্বৈতবাদ' বলিয়া ভ্রম করে, তদ্রূপ আধুনিক নির্বিশেষবাদিগণ শুদ্ধবৈষ্ণবসিদ্ধান্তকে 'প্রাকৃত সাহজিক মত' বলিয়া অজ্ঞতা, অপরাধ বা অভিসন্ধিমূলে প্রচার করেন। আধুনিক সম্প্রদায়ের অধিকাংশ বা কেহ কেহ মহাপ্রভুর ধর্মকে সহজিয়া-ধর্ম বলিয়া কল্পনা করিয়াছেন। ইঁহাদের ধারণা এই যে, মহাপ্রভু গৌড়-সহজিয়া-মতকেই পাণ্ডিত্য ও দার্শনিক বিচারের ভাবনা দিয়া আচার ও প্রচার করিয়াছেন।

আধুনিক ব্যক্তিগণ মনে করেন, শুদ্ধ-বৈষ্ণবগণ তাঁহাদেরই 'মহাপ্রসাদ', কর্মফলবাধ্য জন্ম-মৃত্যুকেই 'আবির্ভাব-তিরোভাব'

মায়ারে করিয়া জয় ছাড়ান না যায়। সাধু-গুরু-কৃপা বিনা না দেখি উপায়॥

লীলা' প্রভৃতি বাগ্‌বৈখরীর দ্বারা প্রচার করিয়া লোকবঞ্চনা করেন।

'শুদ্ধবৈষ্ণবের জন্ম মৃত্যু নাই, শুদ্ধ-বৈষ্ণবের ভ্রম-প্রমাদ নাই। শুদ্ধবৈষ্ণবের চরিত্রে পাপ বা কপটতা নাই। যাহারা পাপ দর্শন করে, তাহারাই পাপী; যাহারা ভ্রম দর্শন করে, তাহারাই ভ্রম-প্রমাদগ্রস্ত; যাহারা বৈষ্ণবের জন্মমৃত্যু দর্শন করে, তাহারাই জন্মমৃত্যুর অধীন—এইরূপ শুদ্ধ বিচারকে আধ্যক্ষিক ও নির্ব্বিশেষবাদিগণ সত্যকে চাপাচাপা দিবার কৌশল এবং মিথ্যাকেই সত্য বলিয়া স্থাপন করিবার গোড়ামি বলিয়া ব্যাখ্যা করেন।

প্রাকৃত-সহজিয়া ও শুদ্ধবৈষ্ণবের সিদ্ধান্তে ভেদ এই যে, প্রাকৃত-সহজিয়া প্রাকৃত ব্যভিচারকেই ভগবদ্ভক্তি বলিয়া স্থাপন পূর্ব্বক উহার প্রশ্রয় দান করে; আর শুদ্ধ-বৈষ্ণবের সিদ্ধান্ত এই যে, শুদ্ধবৈষ্ণবের কোন দোষই নাই, দর্শনকারীরই দোষ। পূর্ব্বাচার্য্য শ্রীল বিশ্বনাথ চক্রবর্ত্তী ঠাকুর ও শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নিম্নলিখিত সিদ্ধান্ত পাঠ করিয়া আধ্যক্ষিক নির্ব্বিশেষবাদিগণ বিচার করিয়া থাকেন,—এই দুই আচার্য্য প্রাকৃত-সহজিয়া-ধর্ম্মের সমর্থন করিয়াছেন! বস্তুতঃ ইঁহারা ভক্তিদেবীকেই সর্ব্বোচ্চ আসন প্রদান করিয়াছেন, সুনীতি বা দুর্নীতিকে উচ্চাসন প্রদান করেন নাই।

"সুদুরাচারঃ পরহিংসা-পরদার-পরদ্রব্যাদি-গ্রহণপরায়ণোঽপি মাং ভজতে চেৎ কীদৃশভজনবানিত্যত আহ—অনন্যভাক্ মত্তোঽন্যং দেবতাং ন ভজতে, ... সাধুরেব ... মন্তব্যঃ ... সাধুত্বেন স জ্ঞেয় ইতি যাবৎ; ... নিষ্ঠাবান্, ... প্রত্যবায়ঃ ... ভাবঃ। ... ভজতে ইত্যেতাবতৈব সাধুঃ ... পরদারাদিগ্রহণরূপেণাসাধুনা ন ... স্যাদিতি ... অন্যথা সাধুরেব মন্তব্যঃ, ... দুরাচারত্বমংশে ... নিশ্চয়ো যস্য সঃ। দুরাচারস্য ... নরকং ... ঐকান্তিকং ... নৈব ... ন ... কর্ত্তুমনিচ্ছুঃ।"

(শ্রীল বিশ্বনাথ চক্রবর্ত্তিপাদকৃতা টীকা—গীঃ ৯।৩০)

"ভক্তের উক্তি গোপনাক্ত জীবদিগের ... । তাহাতে যদিও উক্ত ভক্তের দুরাচার এমত কি, দুরাচার (পরহিংসা, পরদ্রব্য-হরণ, পরদারগমন, প্রভৃতি ভক্তের সঙ্গে থাকিতে পারে না। ... কদাচিৎ লক্ষিত হয়, তাহাও অচিরেই যাইবে এবং তদ্দ্বারা প্রবলপ্রবৃত্তিরূপা মদ্ভক্তি দূষিত হয় না,—ইহাই জানিবে। কোন কোন পরমভক্তের পূর্ব্বে মৎস্যাদি-ভোজন এবং পূর্ব্বসংগৃহীত পরদার সম্বন্ধে লক্ষ্য করিয়াও তাঁহাদিগকে 'অসাধু' মনে করিবে না।" (শ্রীল ঠাকুর ভক্তিবিনোদকৃত রসিকরঞ্জন ভাষ্য—

(গীঃ ৯।৩০)

শ্রীগীতা বা শ্রীমহাজনের এই শুদ্ধ-ভক্তিসিদ্ধান্ত কখনই প্রাকৃত সহজিয়াবাদকে সমর্থন করেন নাই। প্রাকৃত সহজিয়াগণ দুর্নীতিকেই 'ভক্তি' বলে, আধ্যক্ষিক নির্ব্বিশেষবাদিগণ সুনীতিকেই 'ভক্তি' বলিয়া থাকে; আর শুদ্ধভক্ত প্রাকৃত-সহজিয়াগণের দুর্নীতি ও নির্ব্বিশেষবাদিগণের সুনীতি—উভয়ের প্রসংগই পরিত্যাগ করিয়া অধোক্ষজ কৃষ্ণে শরণাপত্তিকেই ভক্তি বলিয়া থাকেন। আধ্যক্ষিক নির্ব্বিশেষবাদিগণের মতে সুনীতি + ভক্তি='ভক্তি'। কিন্তু শুদ্ধভক্তগণ বলেন, ভক্তি—সম্পূর্ণা, নিরপেক্ষা, সর্ব্বতন্ত্র-স্বতন্ত্রা। ভক্তির সহিত সুনীতি বা দুর্নীতি যোগ বা বিয়োগ করিয়া ভক্তির অস্তিত্ব রাখিতে হইলে উহাকে 'মায়াই' বলা হয়। ভক্তির সহিত আর কিছুই যোগ বা বিয়োগ করা চলে না, অর্থাৎ ভক্তি+সুনীতি='ভক্তি' বলা যেরূপ অপসিদ্ধান্ত, ভক্তি—সুনীতি='অভক্তি' বলাও তেমনি অপসিদ্ধান্ত। যেহেতু শুদ্ধভক্তিসিদ্ধান্তে ভক্তের কোন দোষই নাই।

বৈষ্ণব-চরিত্র, সর্ব্বদা পবিত্র,
যেই নিন্দে হিংসা করি'।
ভক্তিবিনোদ, না সম্ভাষে তারে,
থাকে সদা মৌন ধরি'।

শুদ্ধভক্তি-স্রোতের মূলমহাজন শ্রীরূপ-গোস্বামী প্রভু এইজন্যই বলিয়াছেন,—

দৃষ্টৈঃ স্বভাবজনিতৈর্বপুষশ্চ দোষৈ-
র্ন প্রাকৃতত্বমিহ ভক্তজনস্য পশ্যেৎ।
গঙ্গাম্ভসাং ন খলু বুদ্বুদফেনপঙ্কৈ-
র্ব্রহ্মদ্রবত্বমপগচ্ছতি নীরধর্ম্মৈঃ॥

(উপদেশামৃত ৬ষ্ঠ শ্লোক

শ্রীল প্রভুপাদ বলেন,—

শুদ্ধ কৃষ্ণভক্তের স্বাভাবিক দোষ।
আর তাঁর দেহ দোষে না করিহ রোষ।
প্রাকৃত দর্শনে দোষ যদি দৃষ্ট হয়।
দর্শনেতে অপরাধ জানিবে নিশ্চয়॥
হীন-অধিকারী হ'য়ে, মহতের দোষ।
সিদ্ধভক্তে হীনজ্ঞানে না পাবে সন্তোষ॥
ব্রহ্মদ্রব গঙ্গোদক-প্রবাহে যখন।
বুদ্বুদফেন-পঙ্ক জলের মিলন॥
অশুদ্ধ বলি গঙ্গাকে হেয় কভু নয়।
তদ্রূপ ভক্তের মল কভু নাহি রয়॥

সাধু-দোষদ্রষ্টা যেই কৃষ্ণ-আজ্ঞা ত্যজি।
গর্ব্বে ভক্তিভ্রষ্টা হৈয়া মরে অধো মজি॥

"অনন্যভক্তে দুরাচার থাকিলে দ্রষ্টা তাঁহাকে দেখিয়া অপরাধী হন। ভক্তগণ প্রাকৃত দৃষ্টির পরিমাণমতে ভক্তদর্শন করিতে নিষেধ। তাদৃশ দুরাচারে অবস্থান, অনন্যভক্তির বিনাশকারক নহে; পরন্তু অন্যবৃত্তি দ্রষ্টার চক্ষে বিশেষ অপকারক। যিনি শুদ্ধভক্তকে প্রাকৃত দৃষ্টিতে না দেখিয়া তাঁহার অনন্যভজন দৃষ্টি করেন, অচিরেই তিনি মহাভাগবতের তাদৃশ দুরাচারের দর্শন হইতে মুক্ত হইয়া স্বয়ং সাধুতা লাভ করেন। ... শৌক্রজাতি-কুলাভিমান হইয়া ও সিদ্ধ-ভক্তের আচার বুঝিতে না পারিয়া তাঁহাদের চরণে অপরাধ করিলে ভক্তি থাকিতে পারে না। অল্পরুচি সিদ্ধমহাত্মগণের আচরণ না বুঝিয়া তাঁহাদিগকে 'পতিত' মনে করিলে বৈষ্ণবাপরাধ হয়। যেহেতু সিদ্ধ-মহাত্মা বৈষ্ণবগুরুগণের ব্যবহারাবলীতে কটাক্ষ এবং তাঁহাদিগকে হীনজ্ঞানে কখনই জীবের কোন মঙ্গল হয় না। সুতরাং প্রাকৃত দৃষ্টিতে সিদ্ধভক্তে কেবল বদ্ধ, প্রাকৃত জীবগণের শিষ্য মনে করিয়া সৎপথে আনয়নের চেষ্টাই বৈষ্ণবাপরাধ। অতএব ভক্তি-সাধক ও সিদ্ধভক্তে ভেদ আছে জানিয়া এক ব্যক্তিকে শিষ্য ও অপর ব্যক্তিকে গুরু জানিতে হইবে। গুরুকে উপদেশ দিতে হইবে না; শিষ্যের নিকট হইতে উপদেশ গ্রহণ করিতে হইবে না, ইহাই বিবেচ্য।"

(শ্রীল প্রভুপাদের অনুবৃত্তি)

শ্রীল রূপগোস্বামী প্রভু ও শ্রীরূপানুগবর শ্রীল প্রভুপাদের এই সকল সিদ্ধান্ত নিশ্চয়ই প্রাকৃত-সাহজিক-সিদ্ধান্ত নহে। "যিনি শুদ্ধভক্তকে প্রাকৃত দৃষ্টিতে না দেখিয়া তাঁহার অনন্যভজনে দৃষ্টি করেন, অচিরেই তিনি মহাভাগবতের তাদৃশ দুরাচারের দর্শন হইতে মুক্ত হইয়া স্বয়ং সাধুতা লাভ করেন।"—এই উক্তি দ্বারা শ্রীল প্রভুপাদ প্রাকৃত দুরাচারকে 'সাধুতা' বা প্রাকৃত ব্যভিচারকে 'কৃষ্ণপ্রেম' বলিয়া স্থাপন করেন নাই।

সাধক ও সিদ্ধ দুই প্রকার ব্যক্তির সম্বন্ধেই দুরাচার দর্শনের যে নিষেধবাক্য আছে, তদ্দ্বারা প্রাকৃত-সহজিয়াবাদ সমর্থিত হয় নাই। শ্রীশ্রীল ঠাকুর ভক্তিবিনোদের নিম্নলিখিত বাক্যাবলির মধ্যে কি প্রাকৃত দুরাচারকে বৈষ্ণবতা বলিয়া স্থাপনের প্রসঙ্গ আছে?

"বৈষ্ণবের তিন প্রকার দোষ লইয়া দুষ্ট লোকে নিন্দাপূর্ব্বক আলোচনা করিতে পারে। (ক) শুদ্ধভক্তির উদয় হইবার পূর্ব্বে সেই ব্যক্তির যে সকল দোষ ছিল, তাহা দুষ্ট লোকের এক প্রকারে আলোচ্য হয়। (খ) ভক্তির উদয় হইলে দোষসমূহ শীঘ্রই বিনষ্ট হয়। বিনষ্ট হইতে হইতে যে কিছুকাল অতিবাহিত হয়, সেই সময়ে তাঁহার অবশিষ্ট দোষের বিষয়ে দুষ্ট লোকে দ্বিতীয় প্রকারে আলোচনা করিয়া থাকে। (গ) দুষ্ট লোকের তৃতীয় প্রকারের আলোচ্য-বিষয় এই যে, বিশুদ্ধ বৈষ্ণবের দোষে স্পৃহা না থাকিলেও কখনও দৈবাৎ যদি কোন নিষিদ্ধাচার উপস্থিত হয়, সেই দোষ বৈষ্ণবে কখনই স্থায়ী হয় না। তথাপি দুষ্ট লোকে ঐ দোষের আলোচনা করিয়া তীব্র বৈষ্ণব-নিন্দার দোষে পতিত হয়।"

(সজ্জনতোষণী ৫।২)

"বিশুদ্ধ বৈষ্ণবের দোষের স্পৃহা না থাকিলেও কখনও যদি দৈবাৎ নিষিদ্ধাচার উপস্থিত হয়"—এইরূপ উক্তি করায় শ্রীরূপানুগবর শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ কি "নিষিদ্ধাচারকে" "বিশুদ্ধ বৈষ্ণবতা" বলিয়া স্বীকার করিয়া লইয়াছেন?

বিধি-ধর্ম্ম ছাড়ি' ভজে কৃষ্ণের চরণ।
নিষিদ্ধ পাপাচারে তার কভু নহে মন॥
অজ্ঞানে বা হয় যদি 'পাপ' উপস্থিত।
কৃষ্ণ তাঁরে শুদ্ধ করে, না করায়
প্রায়শ্চিত্ত॥

(চৈঃ চঃ মঃ ২২।১৩৮-১৩৯)

স্বপাদমূলং ভজতঃ প্রিয়স্য
ত্যক্তান্যভাবস্য হরিঃ পরেশঃ।
বিকর্ম্ম যচ্চোৎপতিতং কথঞ্চিৎ
ধুনোতি সর্ব্বং হৃদি সন্নিবিষ্টঃ॥

(ভাঃ ১১।৫।৪২)

যিনি অন্যভাব পরিত্যাগ পূর্ব্বক স্বয়ং হরির পাদমূল ভজন করেন, সেই কৃষ্ণপ্রিয় ব্যক্তির যদি কখনও বিকর্ম্ম (পাপ) কোন প্রকারে উৎপতিত হয়, পরমেশ্বর হরি তাঁহার হৃদয়ে প্রবিষ্ট থাকিয়া সেই পাপ বিনষ্ট করিয়া থাকেন।

"যিনি বৈদিক বিধিগত ধর্ম্মসকল পরি-ত্যাগপূর্ব্বক নিষ্কিঞ্চন হইয়া ভজন করেন, তাঁহার স্বভাবতঃ কোন নিষিদ্ধ-পাপাচারে মতি হয় না, যদি কোন কারণেও পাপ উপস্থিত হয় অর্থাৎ কৃত হইয়া পড়ে, কৃষ্ণ তাঁহাকে কোন প্রায়শ্চিত্ত না করাইয়া শুদ্ধ করিয়া লন।"

(চৈঃ চঃ অমৃতপ্রবাহভাষ্য মঃ ২২।১৩৮ ৩৯)

শ্রীমহাপ্রভু, শ্রীমদ্ভাগবত বা শ্রীচৈতন্য-চরিতামৃত ও ঠাকুর ভক্তিবিনোদের এই সকল সিদ্ধান্ত কি প্রাকৃত-সাহজিক সিদ্ধান্ত? সাধকের পক্ষেই যখন ঐ সকল

উক্তি প্রযোজ্য হইয়াছে, তখন শিষ্যগণের কথা আর কি? শিষ্যগণের সম্বন্ধে শ্রীচৈতন্য-ভাগবতকার বলিয়াছেন,—

কিবা যেন অবিজ্ঞাত বেদ-বাণী।
এইমত বৈষ্ণবেরো তত্ত্ব নাহি জানি॥
সিদ্ধ বৈষ্ণবের অতি বিষম ব্যবহার।
না বুঝি' নিন্দিয়া মরে সকল সংসার॥
অবোধ অগম্য অধিকারীর ব্যবহার।
ইহা বই সিদ্ধান্ত না দেখি কিছু আর॥
অধিকারি-বৈষ্ণবের না বুঝি' ব্যবহার।
যে জন নিন্দয়ে, তাঁ'র নাহিক নিস্তার॥
অনধিকারীর যে আচার যেন ধর্ম।
অধিকারিবৈষ্ণবেও করে সেই কর্ম॥
কৃষ্ণ-কৃপায় সে ইহা জানিবারে পারে।
এসব সঙ্কটে কেহ মরে, কেহ তরে॥
সবে ঔষধে দেখি এক মহাপ্রতিকার।
সবারে করিব স্তুতি বিনয়-ব্যবহার॥
অজ্ঞ হই' লইবেক কৃষ্ণের শরণ।
সাবধানে শুনিবেক মহাজনবচন॥
তবে কৃষ্ণ তাঁ'রে দেন হেন দিব্যমতি।
সর্ব্বত্র নিস্তার পায়, না ঠেকয়ে কতি॥
(চৈঃ ভাঃ অ ৯ অধ্যায়)

এই সকল উক্তির দ্বারা কি শ্রীল ঠাকুর বৃন্দাবন প্রাকৃত পাপ, ব্যভিচার, দুর্নীতি প্রভৃতিকে অপ্রাকৃত শুদ্ধবৈষ্ণবতা বলিয়া নির্দ্দেশ করিয়াছেন? বা বৈষ্ণবের পাপাচার স্বীকার করিয়া লইয়াছেন? ঠাকুর বৃন্দাবনের সিদ্ধান্ত এই যে, বৈষ্ণবে পাপ, দুরাচার বা কোনপ্রকার দোষই নাই। যাহারা বৈষ্ণবের ঐ সকল দোষ দর্শন করে, তাহারাই পাপী, ব্যভিচারী ও দোষী।

'যাহাতে যে দোষ দেখে, তাহার সে দোষ।'
(চৈঃ ভাঃ মা ১১ ১০৩)

শ্রীল ঠাকুর বৃন্দাবন এই বার বলেন,—মহাভাগবতের বিষম ব্যবহার অবোধ্য ও অগম্য। ইহা ব্যতীত আর বিশুদ্ধ ভক্তিসিদ্ধান্ত কিছুই নাই।

শ্রীল ঠাকুর বৃন্দাবন শ্রীচৈতন্যভাগবতের অন্ত্যখণ্ড ষষ্ঠ অধ্যায়ে জগদ্গুরু ব্রহ্মার আচরণ দর্শনে বিদ্রূপকলে প্রথার গৌড় সিদ্ধ দেবতাগণের অসুর-যোনিতে জন্মগ্রহণ বা শ্রীমদ্ভাগবতে চিত্রকেতুর জগদ্গুরু শিবকে স্ত্রী-স্ত্রী-কমনা-জনিত অপরাধ-জালায় বৃত্রাসুররূপে জন্মগ্রহণ বা শ্রীল ঠাকুর বৃন্দাবনের শ্রীগুরুপাদপদ্ম শ্রীনিত্যানন্দ প্রভুর সম্বন্ধে যে নিম্নলিখিত উক্তি করিয়াছেন, তদ্দ্বারা পাপ বা দুরাচারকেই কি অপসিদ্ধান্তরূপে স্থাপন বা শ্রীগুরুপাদপদ্মে পাপ ও দুরাচারকে পরোক্ষভাবে স্বীকার করিয়াছেন?

"যদিবা যবনী ধরি নিত্যানন্দ ধরে।
তথাপি ব্রহ্মার বন্দ্য কহিল তোমারে॥"
গৃহ্ণীয়াদ্ যবনীপাণিং বিশেদ্ বা
শৌণ্ডিকালয়ম্।
তথাপি ব্রহ্মণো বন্দ্যং
নিত্যানন্দপদাম্বুজম্॥
(চৈঃ ভাঃ অ ৬।১২৩-১২৪)

শ্রীনিত্যানন্দ যবনীর পাণিই গ্রহণ করুন, অথবা শৌণ্ডিকালয়েই প্রবেশ করুন, তথাপি তাঁহার শ্রীচরণ-কমল ব্রহ্মার বন্দনীয়।

শ্রীল ঠাকুর বৃন্দাবনের এই সকল উক্তি গুরুপাদপদ্মের দুরাচার সমর্থনের জন্য নহে বা গুরুদেব যবনী অপহরণকারী মদ্যপায়ী হইয়াছেন, এইরূপ স্বীকার উক্তিও নহে। ইহা দ্বারা আধ্যক্ষিক নিত্যানন্দবিদ্বেষি-সম্প্রদায় মনে করিতে পারে যে, জগদ্গুরু ব্রহ্মা বা শ্রীনিত্যানন্দ নিশ্চয়ই দুরাচারী ছিলেন। যেমন প্রাকৃত সহজিয়াগণ এখনও শ্রীচৈতন্যভাগবতে শ্রীনিত্যানন্দ প্রভুর প্রতি শ্রীঅদ্বৈত প্রভুর "মৎস্য খাও মাংস খাও কেমত সন্ন্যাসী" প্রভৃতি উক্তি পাঠ করিয়া দৃঢ় বিশ্বাস করেন—শ্রীনিত্যানন্দ প্রভু নিশ্চয়ই মৎস্য-মাংস ভোজন করিতেন, নতুবা শ্রীঅদ্বৈত প্রভু এরূপ উক্তি করিলেন কেন?

যিনি কৃষ্ণভক্তসেবা ও অনন্যভজনকারী নহেন, তিনি প্রথমেই গুরু হইতে পারেন না; আর যিনি কৃষ্ণতত্ত্ববিৎ অনন্যভজনকারী গুরুদেব, সেই গুরু তত্ত্বও শ্রীনিত্যানন্দ ভিন্ন আর কিছুই নহেন। এতৎপ্রসঙ্গে শ্রীল প্রভুপাদ 'গৌড়ীয়ভাষ্যে' লিখিয়াছেন,—

"শ্রীগুরুতত্ত্ব—নিত্যানন্দ; সেই কৃষ্ণাভিন্নবিগ্রহকে যে পাষণ্ডী বিবেক-বুদ্ধিতে গ্রহণ করে, সেই পাষণ্ডীর সঙ্গিগণের সহিত কোন প্রকার সম্বন্ধ রাখা ভগবদ্ভক্তের কর্ত্তব্য নহে। অসৎসঙ্গ-প্রভাবে শ্রীগুরুপাদপদ্মে সেবাধিকার নষ্ট হইয়া পড়ে, সুতরাং শ্রীগৌরসুন্দরের অভিন্ন-কলেবর শ্রীগুরুদেবের স্মৃতি যাহাতে বিপর্য্যস্ত না হয় তদ্রূপ বিচারে ইহকালে ও পরকালে অবহিত হওয়া আবশ্যক। যাহারা পরমার্থকে প্রাকৃত প্রয়োজনে পরিণত করে, তাহারা ভোগের দাস, ভক্ত নহে। ভক্তব্রুব ও ভক্ত—সম্পূর্ণ বিপরীত-ধর্মবিশিষ্ট। ভক্তের অসৎ-সঙ্গিগণকে পরমার্থ সজ্জনের সমস্ত জ্ঞান করা ভাগ্যবিপর্য্যয়ের কথা; সর্ব্বনাশ উপস্থিত হইলে জীব পরমার্থ-বঞ্চিত হইয়া শ্রীকৃষ্ণচৈতন্যের প্রকাশবিগ্রহ নিত্যানন্দকে ও তদভিন্ন-প্রকাশ শ্রীগুরুদেবকে পৃথক্ জ্ঞান করে। তাহাদের গৌরসুন্দরের সেবা লাভ কখনও হয় না। তাহারা নিত্যকাল গুরু-দ্রোহী হইয়া দুর্ভোগী হইয়া পড়ে।

অধুনাতন শ্রীগৌড়ীয়মঠের বিরোধী কৈতবপূর্ণ ভক্তব্রুব-সম্প্রদায় যে পথে চলিতেছেন, তদ্দ্বারা তাঁহারা অমঙ্গল আবাহন করিবেন। ভক্তের ভক্তগণ তাঁহাদের ভাবী অমঙ্গল দেখিয়া নিতান্ত দুঃখিত।"

নির্ব্বিশেষবাদিগণের সিদ্ধান্ত এই যে, শুদ্ধবৈষ্ণবগণ লাম্পট্য ও ব্যভিচারের প্রশ্রয় দাতা কিংবা শ্রীযামুনাচার্য্য ও "প্রপন্নামৃত" গ্রন্থে চণ্ডীদাসগণের (শ্রীভক্তাঙ্ঘ্রিরেণুর পূর্ব্ব নাম) তথাকথিত দুরাচারের কথা লিখিত আছে বলিয়া, শ্রীরামানুজাচার্য্য সেই শ্রীল ভক্তাঙ্ঘ্রিরেণুকে তাঁহাদের নিত্যসিদ্ধ গুরুপাদপদ্ম ও বৈজয়ন্তীমালার অবতার বলিয়া পূজা করিয়াছেন বলিয়া অথবা শ্রীবিষ্ণুস্বামী, শ্রীল শ্রীধরস্বামিপাদ প্রভৃতি আচার্য্যবর্গ শ্রীবিল্বমঙ্গলকে গুরুপাদপদ্ম বা শ্রীবিল্বমঙ্গলদেব শ্রীচিন্তামণিকে শিক্ষাগুরু বলিয়া বরণ করিয়াছেন বলিয়া নির্ব্বিশেষবাদিগণ বলিয়া থাকেন, "বৈষ্ণবগণ ব্যভিচারকেই 'ভক্তি' বলে, কামকে 'অপ্রাকৃত প্রেম' বলিয়া আখ্যা দেয়।" আবার কোন কোন নির্ব্বিশেষবাদী বলেন,—'যখন বৈষ্ণবগণের লেখনীর মধ্যেই তাঁহাদিগের গুরুবর্গের পাপ ও ব্যভিচারের কথা স্বীকৃত হইয়াছে, তখন তাঁহাদের গুরুবর্গ যে পাপী ও দুরাচারী, ইহা তাঁহারা নিজেরাই প্রমাণ করিয়াছেন।' প্রকৃতপক্ষে আমরা গুরুবর্গে কোন পাপ বা দুরাচার কখনই স্বীকার করি না। গুরুপাদপদ্ম সর্ব্বদা পবিত্রতম। তৎসম্বন্ধীয় যাবতীয় উক্তি, তথাকথিত প্রমাণ ও ঘটনা সর্ব্বৈব মিথ্যা, মনঃকল্পিত ও দুরভিসন্ধিমূলক। আমরা সুদৃঢ় বিশ্বাস করি ও জানি যে, গুরুবর্গ আধ্যক্ষিক কোন পাপ বা দুরাচারে কখনও প্রবেশ করেন নাই, করিতে পারেন না। যাহারা গুরুপাদপদ্মে পাপাদির আরোপ করে, তাহারা হয় ভ্রান্ত, নয় অন্যাভিলাষী। তবে অভক্তের যে সমস্ত লোক গুরুবর্গে কোন পাপ বা দুর্নীতির কার্য্য আধ্যক্ষিক বিচারবুদ্ধিতে যখন লক্ষ্য করে, তখন তাহাদের নিকট হইতে বিবর্ত্ত বুঝিবার সুবিধার জন্য এই ভাবে বিবর্ত্ত বর্ণিত হয় মাত্র এবং তৎসম্বন্ধীয় ভক্তিসিদ্ধান্ত আলোচিত হয়, জানিতে হইবে। শুদ্ধ-বৈষ্ণবগণের ভক্তিসিদ্ধান্ত এই যে, গুরুবর্গে কোন পাপ বা দুরাচার আদৌ নাই, পূর্ব্বে ছিল না, এখনও নাই, পরেও কোনও সময় থাকিতে পারে না। গুরুদেব পূর্ব্বে পতিত বা পতনোন্মুখ জীব নহেন। ভক্তাঙ্ঘ্রিরেণু, বিল্বমঙ্গল প্রভৃতি আচার্য্যগণ পূর্ব্বে পতিত ছিলেন, তাহা নহে। তাঁহারা নিত্যসিদ্ধ জগদ্গুরু। 'পাছে পাপ প্রাপ্ত হন—গুরুদেব পতিত হইয়া যাইতে পারেন'—এইরূপ বিচারের আশ্রয়ী গুরুদেব নহেন। তবে আধ্যক্ষিকগণ যে ভ্রমপ্রমাদ-গ্রস্ত দৃষ্টিতে তথাকথিত দুরাচার দর্শন করে, তাহা তাহাদের দর্শনে ভ্রান্তি এবং ঐরূপ তথাকথিত দুষ্টাচারের দ্বারাও "প্রবল-প্রতিরূপ, মহিমা দূর হয় না।"

(ঠাকুর ভক্তিবিনোদ)

অতএব কোনরূপেই গুরুবর্গে পাপ বা দুরাচারের অস্তিত্ব কল্পিত হয় নাই—কোনভাবেই প্রাকৃত কামকে অপ্রাকৃত কৃষ্ণপ্রেম বলা হয় নাই। যেস্থানে প্রাকৃত কামের অস্তিত্ব নাই, তথায় উহা বলা হইয়াছে।—এইরূপ অভিসন্ধিমূলক নিজের কথা অপরের ঘাড়ে চাপাইবার চেষ্টা সম্পূর্ণরূপে নিরর্থক।

নির্ব্বিশেষবাদিগণের বৈশিষ্ট্য এই যে, তাঁহারা শুষ্কন্যায়-বিদ্যায় পারদর্শী. তাঁহারা ভক্তিসিদ্ধান্ত শিখিয়া ফেলিয়াছেন—এইরূপ বিশ্বাসে বিশ্বাসী। কাজেই তাঁহারা আধ্যক্ষিক ভাবে শুদ্ধভক্তিসিদ্ধান্ত ও প্রাকৃত-সহজিয়াসিদ্ধান্তের মধ্যে সুস্পষ্ট পার্থক্য উপলব্ধি করিতে পারেন না। পৃথিবীতে শতকরা প্রায় শতজনই নির্ব্বিশেষবাদী আধ্যক্ষিক আছে বলিয়া আমরা শুদ্ধভক্তি-সিদ্ধান্তকে বিপর্য্যস্ত করিব না। যেখানে সমস্ত শাস্ত্র ও শ্রীরূপাদি গুরুবর্গের বাণী সমস্বরে "ন প্রাকৃতত্বমিহ ভক্তজনস্য পশ্যেৎ" গান করিয়াছেন, সেখানে নির্ব্বিশেষবাদীর প্রলাপে আমরা কিছুতেই কর্ণপাত করিব না।

শ্রীল প্রভুপাদ অনেক সময় বলিতেন যে, শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ ও শ্রীল জীব গোস্বামী প্রভু বলিয়াছেন যে, বরং বৈষ্ণবাপরাধহীন প্রাকৃত সহজিয়া ভাল, তথাপি আধ্যক্ষিক নির্ব্বিশেষবাদী ভাল নহে। প্রাকৃতসহজিয়া আত্মবৃত্তি ভক্তির ধ্বংসকারী নহে, তাহাদিগকে বিপথগামী বলা যায়; কিন্তু নির্ব্বিশেষবাদী আত্মবৃত্তির ধ্বংসকারী। শ্রীভক্তিসন্দর্ভ পাঠ করিলে এই সিদ্ধান্ত পাওয়া যায়।

সাধুসঙ্গ সাধুসঙ্গ সর্ব্বশাস্ত্রে কয়। লবমাত্র সাধুসঙ্গে সর্ব্বসিদ্ধি হয়॥

শুদ্ধভক্তি-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠ শ্রীধাম
প্রাচীন নবদ্বীপ, ঈশোদ্যান শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীচন্দ্রশেখর ভবনে শ্রীচৈতন্যমঠ, পরবিদ্যা-পীঠ, শ্রীশ্রীগান্ধর্ব্বিকা শ্রীগৌর-গোপাল আচার্য্য চতুষ্টয় বিগ্রহ আছেন। সুপ্রাচীন এই মুদ্রিতপত্রিকা'নদীয়া-প্রকাশ'যন্ত্রালয় আছে।

(২) শ্রীগৌড়ীয়মঠ
১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ১১১৫
কলিকাতায় শ্রীভক্তিবিনোদ-আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, কীর্ত্তন, প্রচারকবৃন্দের-বেদান্ত-শ্রীমদ্ভাগবতাদি গ্রন্থের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও হারমনিষ্ট পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়।

৩) যোগপীঠ-মায়াপুর-পীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব ভূমি মহাযোগপীঠ।

(৪) শ্রীবাস-অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৫) অদ্বৈত ভবন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং মূর্ত্তি বর্ত্তমান।

(৬) মুরারিগুপ্তের পাট
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৭) কাজি-সমাধি-পাট
সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি।

(৮) শ্রীনৃসিংহপল্লী ও শ্রীজগন্নাথ মন্দির
শ্রীধাম মায়াপুর

(৯) আনন্দ-সুখদ-কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
এখানে ঔঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান।

(১০) গৌর-গদাধর-মঠ
চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বৰ্দ্ধমান)
গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা।

১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ জাহান্নগর (বৰ্দ্ধমান)

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ
মাউগাছি, পোঃ জাহান্নগর, (বৰ্দ্ধমান)
শ্রীব্যাসাবতার ঠাকুর বৃন্দাবনের স্থান

(১৩) কোলদ্বীপ-গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর,নদীয়া

(১৪) ঋতুদ্বীপ-গৌড়ীয়মঠাশ্রম

১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ
গৌড়পুর, নদীয়া

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ
মাজিদা —(শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৭) সুকদ্বীপ
পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

(১৮) ভাগবত-আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৯) একায়নমঠ
গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

(২০) মহেশ-পণ্ডিতের পাট
কাঠালপুলি, পোঃ চাকদা (নদীয়া)

(২১) রাণাঘাট-গৌড়ীয়মঠাশ্রম

(২২) পুরী গৌড়ীয়মঠ
চব্বিশ পরগণা

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ
বারিন্দা পোঃ ওয়ারি, ঢাকা।
পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র।

(২৪) গোপালজীউমঠ
কমলাপুর, পোঃ ঢাকা

(২৫) গদাই-গৌরাঙ্গ মঠ
পোঃ বালিয়াটি, (ঢাকা)

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ
বড়বাজার, পোঃ ময়মনসিংহ

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া (আসাম)

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ
পোঃ চক্চকা, কামরূপ (আসাম)

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
এবং গাঙ্গাং বিল্ডিং, দার্জ্জিলিং

(৩০) সারস্বত-গৌড়ীয়মঠ
পোঃ হরিদ্বার, জিঃ সাহারানপুর, ইউ, পি

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

মঠাপুর পাটনা।

(৩২) গয়া গৌড়ীয়মঠ
রমণা রোড, গয়া

(৩৩) সনাতন-গৌড়ীয় মঠ
৮।১১ বড় গন্ধীরাসিং, বেনারস সিটি

(৩৪) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

(৩৫) পরমহংস মঠ,
পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠাশ্রম
বিশ্রামঘাট, পোঃ মথুরা

(৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,
পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ
কেশোরপুর, বৃন্দাবন

(৩৯) শ্রীরাধাকুণ্ড-কুঞ্জকুটীর
পোঃ রাধাকুণ্ড (মথুরা

(৪০) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪১) রাধাকুণ্ড গৌড়বাটী

(৪২) শ্রীগোবর্দ্ধনমঠাশ্রম
গোবর্দ্ধন, মথুরা

(৪৩) নন্দকিশোর বিহারী মঠ
নন্দগ্রাম, মথুরা।

(৪৪)বর্ষাণা গৌড়ীয়মঠাশ্রম
পোঃ বর্ষাণা, মথুরা

(৪৫) বর্ষাণা গৌড়ীয়মঠাশ্রম
পোঃ বর্ষাণা, মথুরা

(৪৬) গৌড়বিহারী মঠ—পেশোয়ারী,
পোঃ হোতোল, জেলা গুর্দাস (পাঞ্জাব)

(৪৭) ব্যাসগৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

(৪৮) দিল্লী গৌড়ীয় মঠ
৪৫নং ওয়েল রোড, নিউ দিল্লী

(৪৯) বোম্বে গৌড়ীয়মঠ
গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, অগাষ্টাক্রান্তি ময়দান
গিরগাঁও বোম্বে ৭

(৫০) মান্দ্রাজ-গৌড়ীয়মঠ
পোঃ রায়পেটা, মান্দ্রাজ
শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকাগিরিধারীর সেবা

(৫১) রাজমহেন্দ্র-গৌড়ীয়মঠ
পোঃ কভুর, কভুর গোদাবরী প্রেসিডেন্সি
শ্রীশ্রীগুরুগৌরাঙ্গরাধাবিনোদ-গিরিধারীর সেবা

(৫২) ব্রহ্মগৌড়ীয়মঠ
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)

(৫৩) পুরুষোত্তম মঠ
চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা

(৫৪) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৫) লীলাকুটী

(৫৬) সিদ্ধবকুল-গৌড়ীয়মঠ
পোঃ ভুবনেশ্বর, পুরী

(৫৭) সচ্চিদানন্দ মঠ
শাখাবুধি, পোঃ কটক (উড়িষ্যা)

(৫৮) সাক্ষীগোপাল গৌড়ীয়মঠপীঠ

(৫৯) শ্রীপ্রচারমঠগৌড়ীয়-প্রপন্ন-মন্দির
পোঃ বলদুরুয়া, পঞ্জাব

(৬০) ভাগবতজনানন্দ মঠ
চিকনিয়া, পোঃ নারায়ণগড়, মেদিনীপুর

(৬১) আমাদ গৌড়ীয়মঠ
পোঃ আমাদ, মেদিনীপুর

(৬২) আমলাযোড়া প্রপন্নাশ্রম মঠ
পোঃ রাজবাঁধ (বৰ্দ্ধমান)

(৬৩) চৈতন্যগৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র, পোঃ শ্রীপুরাণ, (যশোহর)

(৬৪) রেঙ্গুণ গৌড়ীয়মঠ
৩০১ নং মিউটিন স্ট্রীট, রেঙ্গুণ।

(৬৫) লণ্ডন-গৌড়ীয়মঠ
ফ্ল্যাট নং ২
৫১, ডাউনরোড
ল্যাণ্ডন, এন্‌৬, ই ৫

(৬৬) গৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্
১৬।এ, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট.
কলিকাতা

(৬৭) গৌড়ীয়মঠ অফিস
ডিউরেণ্ড রোড, লক্ষ্ণৌ (ইউ-পি)

(৬৮) শ্রীবিদ্যানিধি গৌড়ীয়মঠাশ্রম
রাজকামন, চট্টগ্রাম

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত ও
শ্রীমহানন্দ ব্রহ্মচারী ভক্ত্যালোক, ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায়		বিজ্ঞাপনের পৃষ্ঠায়	
	১ম ও ২য় দিনের জন্য	পরবর্তী দিনের জন্য	১ম ও ২য় দিনের জন্য	পরবর্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	।০	।৵০	।৵০	।০
" " ইঞ্চি	২৲		১৷০	১৲
সিকিকলম	৫৲	৪৲		৩৲
" অর্দ্ধকলম	৮৲	৬৲	৬৲	৫৲
" এক কলম	১২৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চি ৬	৪৷০
" সিকি কলম ১৫৲	১২৲
" অর্দ্ধকলম ২৪৲	১৮৲
" এক কলম ৩৬৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৷০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা ৵০ ; বিশেষ সংখ্যার ভিন্ন দর।

শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী

শ্রীল প্রভুপাদের চতুঃষষ্টিতম বর্ষপূর্ত্তি-আবির্ভাব-তিথিতে শ্রীল আচার্য্যদেবের অভীষ্টানুসারে "শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী" প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। ইহাতে পূর্ব্বার্দ্ধ ও উত্তরার্দ্ধ দুইটি বিভাগ আছে। পূর্ব্বার্দ্ধে শ্রীল প্রভুপাদের আদি-প্রবন্ধাবলী শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের সম্পাদিত 'স-মহিনী সজ্জনতোষণী,' শ্রীল প্রভুপাদের 'নিবেদন' সাপ্তাহিক পত্র প্রভৃতি হইতে বঙ্গাক্ষর ও প্রয়োজনীয় অর্থের টীকা-সহ প্রকাশিত হইয়াছে। উত্তরার্দ্ধে শ্রীল প্রভুপাদের সম্পাদিত 'সজ্জনতোষণী'র কতিপয় প্রবন্ধ বঙ্গানুবাদ প্রভৃতির সহিত মুদ্রিত হইয়াছে। প্রবন্ধগুলি রচনাকালের ক্রমানুসারে গ্রথিত হইয়াছে; এতদ্ব্যতীত শ্রীল আচার্য্যদেবের একটি মূল্যবান্ উপোদ্ঘাত ও সঙ্কলনকারীর একটি বিস্তৃত ভূমিকা, শব্দ-সূচী, স্থান-পাত্র-শ্লোক ও পয়ার-সূচী প্রভৃতি গ্রন্থে সংযোজিত হইয়াছে। গ্রন্থটি উৎকৃষ্ট কাগজে পারিপাট্যের সহিত মুদ্রিত ও শ্রীল প্রভুপাদের আলেখ্যাদিদ্বারা ভূষিত ও সুন্দর বাঁধাই হইয়া প্রকাশিত হইয়াছে। প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, জিলা নদীয়া; শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ও শ্রীমাধ্বগৌড়ীয়মঠ, বরিশাল, পোঃ ওয়ারী, ঢাকা।

শ্রীল প্রভুপাদের পদ্যপ্রসূন মালা

এই গ্রন্থে ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তি- সিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের রচিত পদ্যাবলী শ্রীল আচার্য্যদেবের বিরচিত "গৌরব" নামক স্তবের সহিত প্রকাশিত হইয়াছে। শ্রীল প্রভুপাদের অনেক অপ্রকাশিত পদ্য ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ।০ আট আনা।

শ্রীধাম-মায়াপুরে

—"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট"—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—সহরের সান্নিধ্যে; বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক খোলা। শিক্ষকগণ স্বাস্থ্য ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে মাত্র ৬৲ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। বর্ত্তমান বর্ষে ১৬ জন বালকের মধ্যে ১৫ জন ভালভাবে উত্তীর্ণ হইয়াছে।

মেধাবী ছাত্রগণের আরও সুবিধা

পরীক্ষায় যাহারা শতকরা ৭৫ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ সচ্চরিত্র বিদেশী ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক-সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অভিনবভাবে আলোচিত হইয়াছে। এই এক অপূর্ব্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

চৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত অভিনবভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ এমভিষাবী শ্রীমদ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত ইহার ভিক্ষা মাত্র ৪৲ টাকা। প্রাপ্তিস্থান শ্রীযুক্ত নন্দকিশোর ভক্তিশাস্ত্রী, শ্রীযোগপীঠ, শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীসরস্বতী-সংলাপ

প্রথম খণ্ড

শ্রীশ্রীব্রহ্মমাধ্ব গৌড়ীয়সম্প্রদায়ৈকসংরক্ষক জগদ্গুরু পরমহংসকুলচূড়ামণি নিত্যলীলাপ্রবিষ্ট ১০৮শ্রী শ্রীমদ্ ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামি-প্রভুপাদ বিভিন্ন জিজ্ঞাসু ও শুশ্রূষু সজ্জনবৃন্দের পরিপ্রশ্নোত্তরে ও সন্দেহ-নিরাকরণকল্পে যে-সকল শুদ্ধভক্তিসিদ্ধান্তবাণী কীর্ত্তন করিয়াছেন, যাহা তাঁহার প্রকটকালেই 'গৌড়ীয়'-সম্পাদক শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ প্রভুপাদেরই শ্রীচরণে সংশোধিত করাইয়া রাখিয়াছিলেন এবং যাহার কিয়দংশ গৌড়ীয়পত্রে প্রকাশিত হইয়াছে, তাহা "শ্রীশ্রীসরস্বতী-সংলাপ" নাম ধারণপূর্ব্বক শ্রীল প্রভুপাদের 'বক্তৃতাবলী' ও 'পত্রাবলী' আকারে খণ্ডে খণ্ডে প্রকাশিত হইতেছেন। বর্ত্তমানে শ্রীল প্রভুপাদের প্রথমবার্ষিক বিরহতিথিপূজা-বাসরে এই গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছেন। মানবজীবনের বহু অমীমাংসিত সমস্যা ও জটিল প্রশ্নের সমাধান ইহাতে পাওয়া যাইবে। ভক্তিপথের পথিকমাত্রেরই এই গ্রন্থ সংগ্রহ একান্ত প্রয়োজন।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্স কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপদেশক পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী সম্প্রদায়-বৈভবাচার্য্য এম-এ মহোদয়ের প্রৌঢ়গবেষণা এবং পরিপক্ব লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত্র-পাঠে ধন্য হউন। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিবিধ চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৩০শ অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্ত্তার ভূমিকাদ্বয় (Preaces), বিষয়-তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র-(Index Glossary) সহ প্রথমখানি প্রকাশিত। ভিক্ষা—১৫৲ পনর টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, রায়পেট্টা মাদ্রাজ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

'ঠাকুর ভক্তিবিনোদ'

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি-প্রচারের মূল মহাজন সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবচূড়ামণির অভিনব জীবনচরিত এতাবৎকাল পর্য্যন্ত গ্রন্থাকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয়মঠাচার্য্যবর্য্যের কৃপাভাজন পরবিদ্যাসাহিত্যিক সু-লেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু গ্রন্থাবলী শিক্ষামালাও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১২৫ পৃষ্ঠার গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৵০ আনা; ডাক মাশুল স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান—ম্যানেজার গ্রন্থবিভাগ,
শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

[illegible] প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু গ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১৩।১নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

মেহাশার পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাটতি অত্যন্ত অধিক। প্লীহা লীহা সংযুক্ত জ্বরাধিক্য এবং নূতন ও পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। ছোট বোতল ।৵০ দশ আনা, বড় বোতল ১৷৵০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

৮৯নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা
অথবা
পোঃ খোয়ালা, ২৪ পরগণা

ই. বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	৪-৩৬	৬-২৬	৭-০৬	১২-২৬	১৪-৫৬	১৬-৫৬	১৭-৫৬	২২-২৬
রাণাঘাট পৌঃ			৮-২৮	১৪-১৫				
(বদল) ছাঃ			৯-৩০	১৪-৫০				
কৃষ্ণনগর পৌঃ	৭-১	৮-৪৪	১০-৮	১৫-২০	১৭-২৮	১৯-০৮	২০-১৬	১-১২
(বদল) ছাঃ	৭-১২		১০-৩১		১৭-৩৮		২০-২৬	
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫১		১১-১০		১৮-১৬		২১-৪	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ ১১-৬
রাণাঘাট পৌঃ ১২-৫৫
ছাঃ ১৩-০
শান্তিপুর পৌঃ ১৩-২৬
(বদল) ছাঃ ১৩-৩১ (লাইট্ রেলওয়ে
কৃষ্ণনগর পৌঃ ১৪-১২
ছাঃ ১৪-৩০
নবদ্বীপঘাট পৌঃ ১৫-১০

ডাউন

নবদ্বীপঘাট ছাঃ ৪-৪৫ ৯-১০ ১৩-৩১ ১৬-০ ১৯-৩১
কৃষ্ণনগর পৌঃ ৬ ২৪ ৯-১৬ ৯-৪৮ ১১-৪১ ১৪-১০ ১৬-৩৮ ১৯-১১ ২১-১০
ছাঃ ৬-৩৬ ৭-১৮ ১০-১১ ১৬-৫৬ ১৯-২৫
রাণাঘাট পৌঃ ১০-৪৬ ১৭-৩০
(বদল) ছাঃ ১১-১ ১৭-৪৩
কলিকাতা পৌঃ ৬-১৬ ৯-২১ ১১-৫১ ১২-১৬ ১৪-১৬ ১৯-১১ ২১-৪১ ২৩-৩৭

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ ১৩-৩১ ১৬-০
কৃষ্ণনগর পৌঃ ১৪-১০ ১৬-৩৮
ছাঃ ১৫-২৮ ১৭-৩০
শান্তিপুর পৌঃ ১৬-৯ ১৮-১৪
(বদল) ছাঃ ১৬-৩৩ ১৮-২৫ (শনিবার ভিন্ন) ২০-৪০ (শনিবার)
রাণাঘাট পৌঃ ১৭-১০ ১৮-৫০ ২১-১৫
(বদল) ছাঃ ১৭-৪৩ ১৯-১৪ ২১-৫০
কলিকাতা পৌঃ ১৯-১১ ২০-৪০ ২৩-৩৭

পোঃ—শ্রীমায়াপুর
টেলিগ্রাম—'শ্রীধাম
শ্রীমায়াপুর'

REGD NO C 1544

দৈনিক নদীয়াপ্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৪শ খণ্ড] শ্রীমায়াপুর—৬ই শ্রাবণ, ১৩৪৬ ২২শে জুলাই, ১৯৩৯, শনিবার [১২৩শ সংখ্যা

বিবিধ সংবাদ

—::(॰)::—

সোভিয়েট জনসংখ্যা বৃদ্ধি

"নিউজ ষ্টেটস"-এ মিঃ আর এ সিজাউইন লিখিয়াছেন, অতিকায় রাশিয়া তাহার দেহ আরও বাড়াইয়া চলিয়াছে। ১৯১৪ সালে ১৩ কোটি জনসংখ্যাই একটা প্রচণ্ড শক্তি বলিয়া সকলে মনে করিত। ১৯৩৮ সালের লেখাতে দেখা যায়, ঐ সংখ্যা বাড়িয়া ১৭ কোটি হইয়াছে এবং প্রত্যেক বৎসরে অতিরিক্ত ২০ লক্ষ শিশুর জন্মের ফলে সংখ্যা আরও ক্রমাগতভাবে বাড়িয়া চলিয়াছে। ১৯৩৯ সাল হইতে ১২।১৩ বৎসরের জনসংখ্যা নিশ্চয় হইবে ২০ কোটির বেশী, এত বড় যুক্তরাষ্ট্র পৃথিবীতে সম্ভবতঃ আর হইবে না এবং তাহার স্থান হইবে তৃতীয়। চীন ও ভারতবর্ষের অধিবাসী জাতির সংখ্যা তখনও রাশিয়া অপেক্ষা বেশী থাকিবে, তবে শ্বেত জাতিগুলির মধ্যে তাহার প্রতিযোগী কেহ থাকিবে না।

"মার্কিন যুক্তরাষ্ট্রের জনসংখ্যা বৃদ্ধি স্তব্ধ হইয়া আসিয়াছে; সে সম্ভবতঃ ১৫ কোটির উপরে আর উঠিতে পারিবে না। নাৎসীদের সমস্ত চেষ্টা সত্ত্বেও জার্মানী তাহার জন্মহার শুধু পূর্ব্বেকার হারে উঠাইয়াছে। ইতালী কখনও ৭ কোটিতে যাইতে পারিবে কিনা সন্দেহ। পোল্যাণ্ডের জন্মহার খুব বেশী হইলেও এখনও ৪ কোটি হয় নাই। ব্রেজিলের জন্মহার বেশী হওয়া সত্ত্বেও সে এই আন্তর্জ্জাতিক প্রতিযোগিতায় বিলম্বে যোগদান করিয়াছে। রাশিয়া শ্বেত জাতিগুলির মধ্যে অনেকখানি আগাইয়া গিয়াছে তো বটেই, উপরন্তু বরাবরই সে অগ্রণী থাকিবে বলিয়া মনে হয়; শেষ পর্য্যন্ত তাহার জনসংখ্যা ২০ কোটি হইতে পারে।

——

রাশিয়ার প্রচণ্ড নৌবল

নৌ-বিভাগের সহকারী সচিব এড্‌মিরাল ইসাকোভ ঘোষণা করিয়াছেন যে, সামরিক শক্তিতে সোভিয়েটের স্থান প্রথম শ্রেণীতে। মিঃ ষ্টালিনের ব্যক্তিগত পরিচালনায় সোভিয়েট নৌ-বাহিনী যেরূপ দ্রুতগতিতে গড়িয়া উঠিয়াছে, সেরূপ ইতিপূর্ব্বে রাশিয়াতে বা অন্য কোথাও হয় নাই।

এডমিরাল ইসাকোভ আরও বলেন, "যুদ্ধ বাধিলে আমরা শত্রুকে তাহার নিজের দরিয়াতেই পরাজিত করিব।"

এডমিরাল ইসাকোভ সম্প্রতি মার্কিন যুক্তরাষ্ট্র হইতে প্রত্যাবর্ত্তন করিয়াছেন। তিনি গিয়াছিলেন ওয়ার্কশপের সন্ধানে, বিশেষতঃ সাঁজোয়া প্লেট ক্রয় করিতে। তিনি বলিয়াছেন যে, বর্ত্তমান পঞ্চ বার্ষিক ব্যবস্থার আমলেই অতি আধুনিক যন্ত্রপাতিযুক্ত যুদ্ধ জাহাজ নির্ম্মাণ করা হইবে।

এডমিরাল কুসনেটজোভ যিনি সম্প্রতি কৃষ্ণ ও বাল্টিক সাগরীয় নৌবহর পরিদর্শন করেন—শীঘ্রই শ্বেত সাগরতীরের মুরমান্স্ক-এ উত্তর নৌ-বহর ও কমসচাটকা-এ প্রশান্ত সাগরীয় নৌ-বহর পরিদর্শন করিতে যাইতে পারেন।

জাপানে বৃটেনের বিরুদ্ধে প্রবল আন্দোলন

ইঙ্গ-জাপ আলোচনা পুনরারম্ভ আসন্ন হইলেও বৃটিশ-বিরোধী আন্দোলন হ্রাস পায় নাই। পক্ষান্তরে, জনসাধারণকে বিলাতী দ্রব্য ত্যাগ করিতে অনুরোধ করিয়া যে সকল পোষ্টার প্রকাশ করা হইয়াছিল, সেগুলির পরিবর্ত্তে বৃটেনকে তীব্র ভাষায় গালাগালি করিয়া পোষ্টার বাহির করা হইতেছে। বৃটিশদের এশিয়া হইতে বিতাড়িত করিবার জন্য সকলকে অনুরোধ করিয়া বৃটিশ-বিরোধী ইস্তাহার বিলি করা হইতেছে।

জার্মানীর প্রতি পোল্যাণ্ডের সতর্কবাণী

যে কোন আকারেই হউক না কেন, ডানজিগকে রাইখের অন্তর্ভুক্ত করার প্রচেষ্টা সম্পর্কে জার্মানীকে আবার নূতন করিয়া সতর্ক করিয়া এক সরকারী ইস্তাহার প্রকাশিত হইয়াছে। উক্ত ইস্তাহারে উল্লিখিত হইয়াছে যে, "যেভাবেই জার্মানী ডানজিগকে রাইখের অন্তর্ভুক্ত করিতে চেষ্টা করুক না কেন, ডানজিগকে রাইখের অন্তর্ভুক্ত করা হইলে উহা দ্বারা ডানজিগের বর্ত্তমান রাজনৈতিক ও আইনসঙ্গত সকল প্রকার ব্যাপার লঙ্ঘন করা হইয়াছে বলিয়া পোল্যাণ্ডের রাজনৈতিক মহল মনে করিবেন এবং জার্মানীর উক্ত কার্য্য কিছুতেই বরদাস্ত করা হইবে না, উহার যথোপযুক্ত ব্যবস্থা অবলম্বন তাঁহারা করিবেন।" হের হিটলারকে ডানজিগের সিনেটের সভাপতি নির্ব্বাচিত করার গুজব নানাস্থানে প্রকাশের পর এই ইস্তাহারটি প্রকাশিত হইয়াছে।

বার্কটেসগাডেনে হের হিটলারের সহিত সাক্ষাৎ করিয়া ডানজিগের নাৎসী-নেতা হের ফরষ্টার এবং প্রচারকর্ত্তা হের জাফি ডানজিগে প্রত্যাবর্ত্তন করিয়াছেন। প্রকাশ, তাঁহাদের নিকট হের হিটলার এই অভিমত ব্যক্ত করিয়াছেন যে, বাহিরের কোন শক্তি হস্তক্ষেপ না করিলে পোল্যাণ্ড ও জার্মানীর মধ্যে আলোচনা দ্বারা অনায়াসে ডানজিগ সমস্যার সমাধান হইতে পারে।

——

জলমগ্ন নৌকার যাত্রীদিগকে উদ্ধার

প্রকাশ যে, গত জুলাই রাত্রিতে ৮৫০০৲ টাকা মূল্যের মুদ্রা বোঝাই একখানি নৌকা পাঁচজন যাত্রীসহ নারায়ণগঞ্জ হইতে বাবুরহাট অভিমুখে রওনা হয়। এই নৌকা চিত্তরঞ্জন কটন মিলের নিকট যাইয়াই একটি ঘূর্ণাবর্তে অনুমান ১১ ঘটিকার সময় জলমগ্ন হয়। কিন্তু উহা নদীর তলায় না যাইয়া একটু একটু ভাসিয়া স্রোতের বেগে চলিতে থাকায় যাত্রীগণ উহাই আশ্রয় করিয়া সাহায্যের জন্য চীৎকার করিতে থাকে। সৌভাগ্য বশতঃ নারায়ণগঞ্জ থানার দারোগা শ্রীযুক্ত দেবেন্দ্র বর্দ্ধন তখন পেট্রোল লঞ্চ নিয়া ঐ স্থান দিয়া যাইতেছিলেন। তিনি যাত্রীদের চীৎকার শুনিয়া তথায় যান এবং যাত্রীদিগের প্রথমে উদ্ধার করিয়া নৌকাটিকে টানিয়া লক্ষ্মী স্পিনিং এণ্ড উইভিং মিলের সম্মুখে লইয়া যান এবং নৌকা হইতে ৮০০০৲ টাকার মুদ্রা উদ্ধার করেন।

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক। প্রতি একাদশীতে প্রকাশিত হয়। কলিকাতা বাগবাজারের শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। সডাক ভিক্ষা ৪॥০ টাকা মাত্র।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১।০ টাকা মাত্র।

৩। ভাগবত—হিন্দিভাষায় একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ টাকা মাত্র

৫। শ্রীগৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ মাত্র।

পরমগুরু শ্রীগৌরকিশোর

গৌড়ীয়-সম্পাদক-লিখিত, শ্রীগৌড়ীয়মঠাচার্য্যের ভূমিকা-সম্বলিত, বহুচিত্র-শোভিত ও বিষয় সূচী সম্বলিত "পরমগুরু শ্রীগৌরকিশোর" গ্রন্থরাজ প্রকাশিত হইয়াছেন। এই গ্রন্থরাজে শুদ্ধগৌড়ীয়বৈষ্ণবগণের পরমারাধ্য, গৌড়ীয়গৌরবশিখামণি অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ নিত্যলীলাপ্রবিষ্ট পরমহংস ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল গৌরকিশোরদাস গোস্বামী প্রভুবরের অলৌকিক চরিতকথা বর্ণিত আছে।

শ্রীশ্রীভক্তিবিনোদাবির্ভাব-শতবর্ষপূর্ত্তিতিথিপূজার উপায়ন-গ্রন্থমালা

———::(০)::———

১। গীতিসাহিত্যে শ্রীভক্তিবিনোদ

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র গীতিসাহিত্যের সমালোচনা-গ্রন্থ)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

২। শ্রীভক্তিবিনোদবাণীবৈভব

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের রচনামৃতসাগর হইতে আহৃত ১০৮টি অধ্যায়ে সম্বন্ধ-অভিধেয়-প্রয়োজনাকারে গুম্ফিত অমূল্য উপদেশপূর্ণ গ্রন্থ)

ভিক্ষা—৩৲ তিন টাকা মাত্র।

৩। শ্রীশ্রীভক্তিবিনোদ-প্রসঙ্গ

ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ ও ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামীপ্রভু-বিরচিত এবং গৌড়ীয়ে প্রকাশিত শ্রীশ্রীভক্তিবিনোদ-চরিত-প্রসঙ্গ

ভিক্ষা—৷৵০ ছয় আনা মাত্র।

৪। ছাত্রদের ভক্তিবিনোদ

ছাত্রদের উপযোগী ভাষায় লিখিত শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্র ও শিক্ষা)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

ছাত্রদের পক্ষে ভিক্ষা—।০ আট আনা মাত্র)

প্রাপ্তিস্থান:—

(১) "ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট", পোঃ শ্রীমায়াপুর, নদীয়া;

২) শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা;

৩ শ্রীযুক্ত [illegible] নাথ এম্-এ, বি-এল্,

পুরাণাপল্টন পোঃ রমণা, ঢাকা।

দ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্, —সমগ্র ৪০৲

প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ৩৮৲

দশম স্কন্ধ— ৯

২। ভাষ্যসহ নিতাই শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৬৲

৩। অনুভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৮

৪। সরস্বতী জয়শ্রী (অবাঁধা) ৪৲

৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী

১ম খণ্ড ৸০; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০ ৪র্থ খণ্ড—৸০

৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী

১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸

৭। শ্রীচৈতন্যদেব ১৲

৮। সৎক্রিয়াসার দীপিকা ও সংস্কার দীপিকা ১।০

৯। বৈষ্ণবধর্ম ২৲

১০। গৌড়ীয় কণ্ঠহার ২৲

১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲

১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲

১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০

১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ॥০

১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ-তত্ত্ব ।০

১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০

১৭। চৈতন্যোপনিষদ ।০

১৮। বামন-আনন্দ ।০

১৯ তত্ত্ববিবেক ।০

। গৌড়ীয়-গৌরব ৷৵০

২১। গৌড়ীয়গীতিকা ৷৵০

২২ ভজন রহস্য ।০

২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲

২৪। গীতা (শ্রীবলদেব টীক, সহ) ২৲

২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ ২৲ অবাঁধা) ১৲

২৬। গীতার কেবল বাক্য-ভাষ্য ।০

২৭। [illegible] (সানুবাদ) ২৲

২৮। বেদান্তস্যমন্তক (সানুবাদ) ।০

২৯। প্রেমবিবর্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৸০

৩০। দীপ-দিগ্-দর্শন ৵০

৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ৷৵০

৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ।০

৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০

৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৵০

৩৫। গীতমালা ৴১০

৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৵০

৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৵০

৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০

৩৯। শ্রীগো[illegible]পরিক্রমাদি ।০

৪০। শরণাগতি ৴০

৪১। গীতাবলী ৴০

৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০

৪৩ সাধনতত্ত্ব ৴০

৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ৴

৪৫। নবদ্বীপশতক

৪৬। অর্চ্চনকণ

৪৭। সদাচারস্মৃতি ৵/

৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৴১০

৪৯। [illegible] ৵১০

৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম ও ৩য় খণ্ড) ৬৲

৫১। ব্রহ্মসংহিতা ।০

৫২। মণিমঞ্জরী (সানুবাদ)

৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০

৫৪। পুরুষার্থ-বিনির্ণয় ।০

৫৫। [illegible] বা মায়াবাদশতদূষণী ।০

৫৬ [illegible] ও ভক্তিপথ ৵০

৫৭। ঈশোপনিষদ (অনুবাদসহ) ।০

৫৮। শ্রী[illegible] ৵৭

৫৯। সিদ্ধান্তদর্পণ ৵০

৬০। [illegible] ৴০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলানুস্মরণম্ ।০

৬২। সিদ্ধান্ত-সরস্বতী বিজয়ঃ ।০

৬৩। নবীন-শিক্ষারত্নম্ ।০

৬৪। ভক্তমালম্ ।০

৬৫। সাত্বত শিক্ষারত্নম্ ৵০

৬৬। গৌড়ীয়মঠপরিচয়ঃ ৴০

৬৭। [illegible] ৵০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।০

৬৯। এ পিপ এট দ্য [illegible] ।০

৭০। [illegible] ৴০

৭১। বেদান্ত—ইটস মরফলজী অ্যাণ্ড অন্টলজি ।০

৭২। [illegible] ৷৵০

৭৩। লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস্ অব শ্রীচৈতন্য মহাপ্রভু ।০

৭৪। [illegible] ।০

৭৫। হোয়াট গৌড়ীয়মঠ ইজ [illegible] ৴০

৭৬। দি ভাগবত

৭৭। ইরোটিক প্রিন্সিপাল অ্যাণ্ড আনঅ্যালয়েড ডিভোশন

৭৮। ব্রহ্মসংহিতা ১।০

৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (প্রথম খণ্ড) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ।০

৮১। সাধন-পথ ।০

৮২। কল্যাণ-কল্পতরু ৵০

৮৩। গীতাবলী ৴০

৮৪। শরণাগতি ৴০

হিন্দি ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ৴০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

একমাত্র পারমার্থিক দৈনিক

ধাম—শ্রীমায়াপুর—নদীয়া

১৪শ বর্ষ { ৬ পুরুষোত্তম ৪৫৩ গৌরাব্দ, ৬ই শ্রাবণ বঙ্গাব্দ ১৩৪৬, ২২শে জুলাই ইং ১৯৩৯, শনিবার } ১২০৭ সংখ্যা।

সাময়িক-প্রসঙ্গ

—::(*)::—

শ্রীধাম-মায়াপুর আকরমঠরাজ শ্রীচৈতন্যমঠে গত ১৯শে ও ২০শে আষাঢ় দুই দিবস পণ্ডিত শ্রীপাদ উজ্জ্বলনীলমণি সেবা-সুহৃৎ ভক্তিশাস্ত্রী মহোদয় শ্রীমদ্ভাগবতের ১১ স্কন্ধ ২য় অধ্যায় হইতে নিমি-নবযোগেন্দ্র-সংবাদ পাঠ আরম্ভ করিয়া নিম্নলিখিত প্রসঙ্গ আলোচনা করেন।

ভগবান্ মধুসূদন সচ্চিদানন্দ-ঘন। তাঁহার পার্ষদগণও নিত্য চিদানন্দবিশিষ্ট। লোকহিতের জন্য তাঁহারা সকল জীবকে ভগবৎসেবোন্মুখ করাইতে নানাস্থানে বিচরণ করেন। তাঁহারা কর্মফলবাধ্য মানবমাত্র নহেন। তাঁহারা ভগবানের ন্যায় দয়ালু। অনভিজ্ঞ সমাজ বিমুখজনগণের আহ্বান না করিলেও তাঁহারা স্বতঃপ্রবৃত্ত হইয়া বদ্ধজীবের নিত্য অভাব মোচন করেন।

দেহধারী জীবাত্মা সৌভাগ্যক্রমেই মানবদেহ লাভ করেন; যেহেতু সেই মানব-দেহ ধারণ করিয়াই তাঁহার হরিকথা-শ্রবণের সৌভাগ্য উদিত হয়। মানব-শরীর লাভ না করিলে ভগবৎ-প্রেরিত হরিজনগণের নিকট হইতে অন্য কোন যোনিগত শরীর-ধারী হরিকথা-শ্রবণ করিয়া লাভবান্ হইতে পারেন না; এজন্য নরশরীর লাভ অতীব ভাগ্যের কথা।

ভগবানের নিত্য-সেবকগণ দয়াপরবশ হইয়া প্রপঞ্চে বৈষ্ণবমূর্তি অবতরণ করাইয়া কর্মফলবাধ্য জীবগণকে এবং নির্ভেদ-ব্রহ্মানুসন্ধিৎসুগণকে নিজ নিজ দুর্দশা হইতে

শ্রীরামানুজাচার্য্যের উপদেশ

পূর্ব্ব মহাজনগণের শিক্ষার প্রতি দৃঢ় বিশ্বাস রাখিবে।

ইন্দ্রিয়ের দাস হইয়া থাকিও না।

ভাগবতিক জ্ঞানলাভেই সন্তুষ্ট থাকিও না।

ভগবানের গুণ ও লীলা-কীর্ত্তনবিষয়ক গ্রন্থাদি পাঠে রুচিবিশিষ্ট হও।

শ্রীগুরুদেবের কৃপায় যখন একবার তোমার প্রজ্ঞানেত্র উন্মীলিত হইয়াছে, তখন আর মায়ার কুহকে ভুলিও না।

ইন্দ্রিয়জ সুখ-দুঃখ উভয়ের প্রতিই সমভাবে উদাসীন থাকিবে।

ভগবন্নাম ও মহিমা-কীর্ত্তনে যে প্রকার আনন্দ হয়, তাঁহার সেবকগণের নাম ও মহিমা-কীর্ত্তনেও তোমার সেই প্রকার উৎসাহ হউক।

তোমার হৃদয়ে ইহা দৃঢ়ভাবে প্রথিত থাকুক যে, ভক্তের সেবায় যিনি সতত নিযুক্ত, তিনি যত শীঘ্র ভগবৎপাদপদ্ম লাভ করিতে পারেন কেহই তত শীঘ্র লাভ করেন না।

ভগবান্ ও তাঁহার ভক্তের সেবায় পূর্ণভাবে নিযুক্ত না থাকিলে মহাজ্ঞানি-গণেরও ধ্বংস অনিবার্য্য।

কখনও বৈষ্ণব-সেবাকে উপায়রূপে গ্রহণ করিবে না, তাহাই উপেয় অর্থাৎ উদ্দেশ্য জানিবে। বৈষ্ণবের দ্বারা নিজের কোন অভীপ্সিতার্থ চরিতার্থ করিও না। বৈষ্ণব-সেবার জন্যই বৈষ্ণবসেবা করিও।

উপেয়ের প্রতি সর্ব্বদা লক্ষ্য রাখিবে, তথায়ই তোমাকে পৌঁছিতে হইবে।

ভগবদ্ভক্তকে সম্বোধন করিতে হইলে কখনও শ্রদ্ধাসূচক শব্দ ব্যতীত অপর কোন বাক্য ব্যবহার করিবে না।

কোন বৈষ্ণবের দর্শনলাভ ঘটিলে সর্ব্বাগ্রে তাঁহার প্রতি প্রণত হইতে কুণ্ঠিত হইও না।

ভগবদ্বিগ্রহ, তাঁহার নিজজন বা যে কোন পুণ্যাত্মা ব্যক্তির সম্মুখে পাদপ্রসারণ-পূর্ব্বক উপবিষ্ট হইবে না।

ভগবন্মন্দির, শ্রীগুরুদেব বা ভগবানের নিজজনের দিকে পাদপ্রসারণপূর্ব্বক নিদ্রা যাইবে না।

উক্ত দিব্যসূরি বৈষ্ণবগণের সাক্ষাৎকার অতীব দুর্লভ ও বিশেষ প্রয়োজনীয়।

প্রভুপদেশ

ভগবান্ যে অবস্থায় ভক্তগণকে রাখিয়া সুখী হন, সেই অবস্থায়ই বাস করিয়া নিজের দুঃখাদি ভুলিয়া থাকাই উচিত।

যেখানে হরিকথা নাই, সেস্থান যতই আত্মীয়-স্বজন-বেষ্টিত হউক না কেন, যতই বাসের সুবিধাজনক হউক না কেন, আমার অভিমতে সেই সকল স্থান বা তাদৃশ জনসঙ্গ নিতান্ত অপ্রয়োজনীয় বোধ হয়।

প্রতিকূল-বিষয়গুলি অনুকূলেরই পূর্ব্বাবস্থা জানিবেন। প্রতিকূল বিষয় হওয়ায় যে বিপদ উপস্থিত হয়, তাহাই পরক্ষণে ভজনের অনুকূলতা প্রসব করে।

শ্রীহরিনাম প্রভুর নিকট তাঁহার সেবার জন্য সকলের সহিত [illegible] প্রার্থনা করিবেন।

শাস্ত্রপাঠ, পঠন ও ভক্তিশাস্ত্র অনুশীলন দ্বারা [illegible] চলিবেন।

হৃদয়ে ভাবের সহিত [illegible] না দিলে ভগবান্ [illegible] কোন দ্রব্যই গ্রহণ করেন না।

জগতের বহির্মুখ লোকদিগকে সম্মান করিবেন, কিন্তু তাঁহাদের ব্যবহার আদর করিতে শিখিবেন না।

[illegible] জন্য কোনও চিন্তা করিবেন না। [illegible]—শ্রবণ কীর্ত্তন শ্রবণ করিলেই তাহারা প্রবল হইবে না।

সকল অবস্থাতেই ভগবানের কথা শ্রবণ, কীর্ত্তন ও স্মরণ করিবেন।

ভগবান্ যখন উপদেশকের পদবী গ্রহণ করিয়া জীবের নিস্তারণ আকাঙ্ক্ষা করেন, তখন তিনি [illegible] নামে অভিহিত। উপদেশক আচার্য্যের অবমাননা করিলে বা তাঁহার সহিত শিষ্য বা শিক্ষার্থী [illegible] করিয়া তাঁহার [illegible] অথবা বা [illegible] করিতে গেলে শিক্ষার্থী শিষ্যের শিক্ষকের প্রতি আস্থা না থাকায় মঙ্গলের সম্ভাবনা নাই। সুতরাং উক্ত [illegible] জন্য আশ্রিত [illegible] শ্রীগুরুপাদপদ্মকে [illegible] নিত্য পূজা করিবে। তাঁহাকে [illegible] বিচার করিবার [illegible] সর্ব্বতোভাবে সেবকরা আশ্রয়-জাতীয় ভগবদ্বস্তু বলিয়া জানিতে হইবে।

মায়ারে করিয়া জয় ছাড়ান না যায়। সাধু-গুরু-কৃপা বিনা না দেখি উপায়।

"বাইরের বিরাগ বা বাইরের আসক্তি দেখে বৈষ্ণব চেনা যায় না। হরিভজনের জন্য কতটা অকৃত্রিম আসক্তি, কতটা অকপট বৈরাগ্য, তা' দেখে প্রকৃত বৈষ্ণবই 'বৈষ্ণব' চিন্‌তে পারেন। সাধক ও সিদ্ধকে একাকার ক'র্‌তে হ'বে না।"

(শ্রীল প্রভুপাদ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

পুরুষোত্তম, অব্যয় ক্ষীরোদশায়ী গৌরাব্দ ৪৪৫

দুই একটী কথা

—:(৪):—

যেদিন সর্ব্বসন্তাপহারী কোটিচন্দ্রসুশীতল শ্রীগুরুপাদপদ্ম জীবের হৃদয়ে উদিত হন, সেই দিনই জীবের শুভদিন। শ্রীগুরুদেবের আবির্ভাবেই জীবের নবজীবন বা দ্বিতীয় জন্ম লাভ হয়। তাহাও জীবের দীক্ষা বা দিব্যজ্ঞান লাভের দ্বার। ইহা অপেক্ষা জীবের শুভদিন বা সৌভাগ্যের দিন আর নাই। শ্রীগুরুদেবের আবির্ভাবের সঙ্গে সঙ্গে শ্রীগৌরাঙ্গের আবির্ভাব যুগপৎ হইয়া থাকে।

প্রত্যেকেরই শ্রীগুরুপাদপদ্মে সর্ব্বস্ব সমর্পণ করা উচিত। আমাদের দীক্ষালাভ বা সর্ব্বস্বসমর্পণ সেই দিনই সম্পূর্ণ হয়, যেদিন আমরা নিজের স্বতন্ত্রতাকে সম্পূর্ণরূপে শ্রীগুরুপাদপদ্মে বলি দিতে পারি—তাঁহার ইচ্ছার অধীন হইতে পারি। শ্রীগুরুপাদপদ্মে সর্ব্বস্ব নিয়োগ না করিতে পারার কোন হেতু নাই। জড়বিষয়াসক্তিজনিত অজ্ঞতা হেতুই আমরা শ্রীগুরুপাদপদ্মে আত্মনিবেদন করিতে না পারায় নানা অজুহাত দেখাই। প্রত্যেক নিষ্কপট জীবেরই শ্রীগুরুপাদপদ্মে সর্ব্বস্ব সমর্পণ করিবার অধিকার আছে। এই আত্মনিবেদনে কাহারও কোন বাহাদুরী বা প্রশংসা নাই। কারণ, আত্মার নিত্যবৃত্তি বা নিত্যধর্ম্ম' যাহা, তাহাতে প্রশংসার কি কথা থাকিতে পারে?

'গৌড়ীয়'-শব্দে সারস্বত, কান্যকুব্জ, উৎকল, মৈথিল, মধ্যগৌড় বা বঙ্গ—এই পঞ্চগৌড়ের অধিবাসী। শ্রীব্রহ্মমাধ্ব-পরম্পরায় মহাপ্রভুর সার্ব্বজনীন ভক্তি-সিদ্ধান্তের বিচারগ্রহণকারি-মাত্রকেও গৌড়ীয় বলা হয়।

সহিত-শব্দে 'ষ্য' প্রত্যয় করিয়াই সাহিত্য শব্দ নিষ্পন্ন। সাহিত্য জিনিষটী বিলাস। সাহিত্য রসময়। বিরাগ জিনিষটী শুষ্ক, নীরস, তাহা সাহিত্য নহে; কিন্তু যেখানে বিরাগ অর্থে বিশিষ্ট রাগ সেখানে সাহিত্য আছে। সাহিত্য জিনিষটী ভক্তি, আর রাহিত্য অভক্তি। জড়সাহিত্য জড়বিলাসময়, আর চিৎসাহিত্য সেবাবিলাসময়। চিৎসাহিত্য অমৃত, আর জড়সাহিত্য মৃত। চিৎসাহিত্যের রূপ আছে। শ্রীরূপ সাহিত্য-সম্রাট্। রূপানুগগণ সেই সাহিত্যের রূপ। সেই সাহিত্য কথা কহিতে পারে, মৃতকে অমৃত করিতে পারে, কুরূপকে স্বরূপ দিতে পারে, সে সাহিত্য এত বড় জিনিষ! এ জগতের সাহিত্যিকগণ কাণ দিয়া অসম্পূর্ণভাবে কথা শুনিতে পারিলেও কাণ দিয়া কথা কহিতে পারেন না। কিন্তু চিৎসাহিত্যিকগণ কাণ দিয়া যেমন শুনিতে পারেন, তেমনি কাণ দিয়া কথা কহিতেও পারেন। তাঁহাদের সকল অপ্রাকৃত ইন্দ্রিয়ই পূর্ণভাবে অন্যান্য সকল ইন্দ্রিয়ের কার্য্য করিতে পারে। এই চিৎসাহিত্যের একমাত্র উপাস্য নবনটবর কিশোর শেখর শ্রীকৃষ্ণ।

আমরা অযোগ্য, হরিসেবার যোগ্যতা আমাদের নাই। কিন্তু আমাদের যোগ্যতা লাভ করা দরকার। কারণ, হরিসেবা ব্যতীত মঙ্গল লাভ হয় না। বৈষ্ণবসেবা ব্যতীত এই যোগ্যতা লাভের অন্য কোন উপায় নাই। আমরা গুরুমুখে শুনিতে পাই, যাঁ'রা বিষ্ণুসেবা করেন, তাঁ'দের সেবা যাঁ'রা করেন, তাঁ'রাই সবচেয়ে বড়। বিষ্ণুর কোন সন্ধান এ জগতে না পাইলেও যাঁ'রা বিষ্ণুর সেবা ক'রেন, তাঁ'দের সেবা ক'র্‌লে কি প্রকারে বিষ্ণুর সেবা ক'র্‌তে হয়, জান্‌তে পারা যায়। কৃষ্ণসেবায় অখিলচেষ্টাবিশিষ্ট বৈষ্ণবই বাঞ্ছাকল্পতরু। সুতরাং বৈষ্ণবের সেবায় জীবনের শেষমুহূর্ত্ত পর্য্যন্ত নিযুক্ত থাকাই বুদ্ধিমান্ ব্যক্তির একমাত্র কর্ত্তব্য।

—

সর্ব্বস্ব দিয়ে সংসার ক'র্‌বার লোকের অভাব নাই। কিন্তু সর্ব্বস্ব দিয়ে গুরুসেবা

যমদণ্ড

—:(০):—

নরকে যমদণ্ডের কথা আমরা অনেকেই শুনিয়াছি। তাহা এক লোমহর্ষণ ব্যাপার। হরিবিমুখ পাপী ব্যক্তিগণের উপরই যমদূতের অধিকার। যাঁহারা হরিকীর্ত্তনপরায়ণ, সেই হরিসেবকগণের উপর যমদূতের কোন অধিকার নাই সেই ভক্তগণকে কেহ দণ্ড প্রদান করিতে পারে না। সেই বিষ্ণুর ভক্তগণ দেবতাগণেরও পূজ্য। সনাতন ধর্ম্মিগণ সকলেরই পূজনীয়। সেই সনাতন-ধর্ম্ম জানিবার একমাত্র উপায়—শ্রৌতপথ অর্থাৎ মহাজনবাণীর অনুসরণ। শ্রীনাম-সঙ্কীর্ত্তন দ্বারা ভগবানে যে ভক্তিযোগ তাহাই পরমধর্ম্ম বা সনাতনধর্ম্ম। এই ভক্তগণের নিকট কালও আসিতে পারে না। যাঁহারা পরমহংস শ্রীগুরুপাদপদ্মকে অবহেলা করেন, তাঁহার উপদেশের প্রতি

করেন, এরূপ সজ্জন দুর্ল্লভ, শুধু দুর্ল্লভই বা বলি কেন, সুদুর্ল্লভ। আমাদের চক্ষু নাই, তাই কৃষ্ণময় জগতে কৃষ্ণ দেখিতে পাই না। যাহার জন্য সর্ব্বস্ব দিয়াছি, তাহাই দেখিতে পাই। আমরা ত' আর ভগবান্‌কে সর্ব্বস্ব দিই নাই যে, তিনি আমাদিগকে দেখা দিবেন। আমরা অন্ধ, তাই কৃষ্ণকে দেখিতে পাই না। শ্রীগুরুদেব যদি দয়া করিয়া চক্ষু খুলিয়া দেন, তবেই সর্ব্বেশ্বরেশ্বরের দেখা পাইব, নতুবা মায়া চিরকাল আমাদিগকে বঞ্চনা করিবেন। শ্রুতি ও যুক্তি এই দুইটী চক্ষু। ইহার একটীর আনুগত্য ছাড়িলে কাণা, আর দুইটীর আনুগত্য ছাড়িলে একেবারেই অন্ধ হইতে হয়। আমরা শ্রুতি যুক্তির কোনই সন্ধান রাখি না। সুতরাং আমরা যে অন্ধ, তাহাতে আর সন্দেহ কি? করুণাময় গুরুদেব দিব্যজ্ঞান বা দিব্যচক্ষু দান করিয়া অন্ধতার ঘুচাইয়া দেন। জগতের সহিত আমার কি সম্বন্ধ, জগদীশের সহিতই বা আমার কি সম্বন্ধ, ইহা যিনি জানাইয়া দেন, তিনিই শ্রীগুরুদেব। যাঁহারা সর্ব্বস্ব দিয়া এই গুরুদেবের সেবা করেন, তাঁহারা যা' তা' বস্তু নহেন, তাঁহারাও অধোক্ষজ বস্তু। তাঁহাদের কথা গুরুদেবই উত্তমরূপে জানেন। শ্রীগুরুদেব যদি কৃপা করিয়া তাঁহার সেবকের কথা জানান তবেই আমরা তাঁহাদের সন্ধান পাইতে পারি। গুরুকৃপায় গুরুসেবকের সন্ধান মিলে আবার গুরুসেবকের কৃপায় গুরুদেবের সন্ধান পাওয়া যায়, গুরুপাদপদ্মে দৃঢ়তা লাভ হয়।

বিমুখ হন, সেই সকল ব্যক্তিই যমদণ্ড্য। তাহারা নরকের দ্বার-স্বরূপ গৃহেই আবদ্ধ। যমদূতগণ যমের আদেশে তাহাদিগকে ধরিয়া লইয়া আসেন।

যাহারা হরিভজন করে না, সেই গৃহাসক্ত পাপী ব্যক্তিগণ মৃত্যুর পর নরকে গমন করে। তাহারা সমস্ত জীবন অবিচ্ছিন্ন-চিত্তে কাটায় এবং মৃত্যুর সময়ও নানা বিভীষিকা দেখিয়া সন্ত্রস্ত হয়। সেই অকৃতজ্ঞ মহাপাপিগণকে নরকে লইয়া যাইবার জন্য ভীষণাকার যমদূতগণ তাহার মৃত্যুর সময় তাহার শয্যাপার্শ্বে আসিয়া উপস্থিত হয়। তাহাদের সেই ভীষণ মূর্ত্তি দেখিয়া কেহ কেহ অজ্ঞান ও মূর্চ্ছিত হইয়া পড়ে, কেহ কম্পিত-কলেবরে চীৎকার করে, আবার কোন কোন ব্যক্তি ভয়ে মলমূত্রও ত্যাগ করিয়া থাকে। কিন্তু যমদূত কিছুতেই ছাড়িবে না। তাহারা যমের আদেশ পালন করিবেই, তাই সেই বলশালী যমদূতগণ সেই পাপী ব্যক্তিকে স্থূলদেহ হইতে যাতনা-দেহে নিবদ্ধ করিয়া বলপূর্ব্বক তাহার গলদেশে পাশ বন্ধন করে। পাপী ব্যক্তি ভীত ও সন্ত্রস্ত হইয়া তাহাদিগকে বিশেষভাবে অনুনয়-বিনয় করিলেও তাহারা তাহার কথায় কর্ণপাত করে না, পরন্তু কশাঘাত করিতে করিতে বিচারার্থ তাহাকে যমপুরীতে লইয়া যায়। একে ত' অত্যোর কশাঘাত তদুপরি যমদূতগণের তীব্র তিরস্কার, তা' ছাড়া পথি মধ্যে হিংস্র কুকুরগণের দারুণ আক্রমণ। রাস্তার বালুকা এত উত্তপ্ত যে পা দেওয়া যায় না, রাস্তায় বিশ্রামের কোন জায়গা বা পানীয় জল নাই। এমতাবস্থায় মহাদুঃখের মধ্যে চলিতে চলিতে সেই পাপী কখনও মূর্চ্ছিত হইয়া পড়ে। তথাপি যমদূতগণের তীব্র কশাঘাত ও তাড়নায় সেই মহাপাপী অতিকষ্টে চলিতে বাধ্য হয়। সেই পথ অন্ধকারময় ও দুর্গম এবং তাহা নিদানকারই সহস্র যোজন দীর্ঘ। পাপের কি ভীষণ পরিণাম! দুঃখের অবধি নাই, অথচ যাইতেই হইবে। কিন্তু মৃত্যুর পর এই দুঃখের কথা আমরা কখনও চিন্তা করিয়াছি কি? এই ত' গেল রাস্তার কথা—পাপের প্রায়শ্চিত্তের প্রথম কথা। তৎপরে বিচারের পর নরকভোগে যে কি দুঃখ তাহা অবর্ণনীয় ও রোমাঞ্চকর।

যমপুরীতে গিয়া পাপীর বিচার হয়, এবং যে যেরূপ পাপ করে, তাহাকে সেইরূপ কষ্ট ভোগ করিতে হয়। নরকে কষ্ট ব্যতীত কিছুই নাই। সেখানে কেবল কষ্ট—কেবল দুঃখ—কেবল অসহ্য জ্বালা। জীব চেতন, তাই মরে না। নতুবা এক ক্ষণেই

কি কেউ খায়? হায়! হায়! জানিয়া শুনিয়া বিষ খাইতেছি কেন? নরক ত' আর মিথ্যা কথা নয়, তাহা নিখুঁত সত্য। শ্রীমদ্ভাগবতে তাহা বিস্তৃতভাবে বর্ণিত আছে। সুতরাং জানিয়া শুনিয়া কেন হরিভজন হইতে বিরত হইতেছি—শ্রীগুরু-পাদপদ্ম-সেবা হইতে বঞ্চিত হইতেছি?

যমপুরীতে যে কি কষ্ট, নরকে যে কি দুঃখভোগ, পাপীর কি ভীষণ পরিণাম, তাহা স্মরণ করিলেও শিহরিয়া উঠিতে হয়। কৃষ্ণভজন না করিয়া আমরা যে যাহাই করি না কেন, আমাদিগকে নরকভোগ করিতেই হইবে। হরিভজন ছাড়া এই মহানরক হইতে আর নিস্তারের উপায় নাই। শাস্ত্র বলেন,—

চারি বর্ণাশ্রমী যদি কৃষ্ণ নাহি ভজে।
স্বকর্ম করিতেও সে রৌরবে পড়ি মজে॥

যমপুরীর কথা আর কি বলিব। চতুর্দ্দিকে পাপিগণ যন্ত্রণায় ছট্‌ফট্ করিতেছে। কেহ ভীষণ অগ্নিকুণ্ডের মধ্যে দগ্ধীভূত হইতেছে, কেহ যমদূতগণের তাড়নে বাধ্য হইয়া নিজেই নিজের মাংস ছিন্ন করিয়া ভক্ষণ করিতেছে; কোথায়ও একজন আর একজনের মাংস ছিঁড়িয়া খাইতেছে, কোথায়ও কুকুর-শকুনিগণ জীবিতাবস্থাতেই কোন ব্যক্তির নাড়ীভুঁড়ি টানিয়া বাহির করিতেছে, কেহ বিষধর সর্প ও বৃশ্চিকাদির দংশন-জ্বালায় ছট্‌ফট্ করিতেছে, কাহারও অঙ্গ খণ্ড খণ্ড করিয়া কাটা হইতেছে, কাহাকেও জলে, আবার কাহাকেও দুর্গন্ধময় গর্ত্তের মধ্যে ডুবাইয়া রাখা হইতেছে। এই সকল নরক-যন্ত্রণা কেবল স্ত্রীপুরুষের পরস্পর পাপসংসর্গ হেতুই নির্দ্দিষ্ট হইয়াছে। সুতরাং স্ত্রীই হউক বা পুরুষই হউক, বালকই হউক বা বৃদ্ধই হউক, হরিভজন না করিলে যমদূত কাহাকেও ছাড়িবে না। তাহারা ছাড়িবে কেবল ভক্তগণকে। ভক্ত ব্যতীত সকলকে শাস্তি দিবার জন্য যমের নিকট জোর করিয়া বাঁধিয়া লইয়া যাইবে। পাপীর যে শুধু নরকযন্ত্রণাই শেষ, তাহা নয়। নরকযন্ত্রণা ভোগের পর কুকুর-শূকরাদি যোনিতে যতপ্রকার যাতনা আছে সেই সকল ভোগ করিয়া ক্ষীণপাপ হইলে তবে সে পুনরায় মনুষ্যজন্ম লাভ করিতে পারে। মনুষ্যলোকে আসিয়া তাহারা যদি হরিভজন না করে—সাধুর সেবা না করে, তাহা হইলে পুনরায় নরকদুঃখ প্রাপ্ত হয়। তাই বলি, সময় থাকিতে সকলেরই সাবধান হওয়া উচিত। নতুবা আর নিস্তার নাই।

বৎকিঞ্চিৎ

——::)•(::——

তৃণাদপি সুনীচ অর্থাৎ নিরভিমান, বৃক্ষের চেয়েও সহিষ্ণু ও অমানি মানদ না হইলে কৃষ্ণকীর্ত্তনরূপ হৃদ্‌কেন্দ্রিকতর্পণ করা যায় না। সঙ্গের দ্বারাই মানবের ব্যক্তিগত চরিত্র প্রতিফলিত হয়। যাঁহারা তৃণাদপি সুনীচ ও সদ্‌গুণসম্পন্ন হইয়া নিরন্তর হরিকথা কীর্ত্তন করেন, তাঁহাদের সঙ্গলাভের সুযোগ হইলেই আমরা হরিকীর্ত্তনের সৌভাগ্য লাভ করিতে পারিব। সেইজন্য অসৎসঙ্গ বর্জ্জন করিয়া সৎসঙ্গে জীবনযাপন করাই কর্ত্তব্য। কর্ত্তব্যজ্ঞানের অভাববশতঃই হরি-বিমুখজনগণ নিন্দা প্রভৃতি করিয়া থাকে। গৌর ও গৌরজনবিরোধী জনগণ নিজেদের হরিনিষ্ঠতা প্রদর্শন করিবার জন্য যতই ভাগবতনুষ্ঠা প্রদর্শন করুক্ না কেন, তাহাদের গতি ও পরিণাম ভীষণ ভয়াবহ। ঐ সকল স্বজনহিংসক এবং তাঁহাদের সঙ্গিগণ শাস্ত্র-বচনানুসারে অসম্ভাষ্য। দৈন্যের আবরণে কপটতা তাহাদিগকে গ্রাস করিয়াছে। মৎসরতা দ্বারা আক্রান্ত হওয়ায় তাহাদের দিগ্‌বিদিক্ বা লঘু-গুরু জ্ঞান থাকে না। তাই তাহারা নামাচার্য্য ও নাম-গুরুর প্রতি অপভাষা প্রয়োগ ও নানাপ্রকার অশিষ্টাচার প্রদর্শন করিতেও কুণ্ঠিত হয় না। কপট দৈন্যের আবরণে তাহাদের বৈষ্ণববিদ্বেষ ও মৎসরতায় ভাগবতনুষ্ঠা প্রকাশিত হইয়া পড়ে। 'অজ্ঞানতিমিরে' গুরুবৈষ্ণববিদ্বেষরূপ গুরুতর অপরাধ করিয়াও তাহারা তাহাদের নিজের দোষ দেখিতে পায় না। অজ্ঞতা এমন জিনিষ! কোন মঙ্গলাকাঙ্ক্ষী বন্ধু তাহাদের দোষ দেখাইয়া দিলেও তাহারা উত্তরোত্তর হিংসা ও মৎসরতা-প্রণোদিত হইয়া নির্দ্দোষ ব্যক্তিকে দোষী সাব্যস্ত করিবার জন্য উঠিয়া পড়িয়া লাগে। সাধুগণ দয়ালু, তাই তাঁহারা সাধুগণ অসত্যের মনোব্যাসঙ্গ ছেদন করেন। তাঁহারা কাহারও মনোধর্ম্মের প্রশ্রয় দেন না সমস্ত লাঞ্ছনা গঞ্জনা সহ্য করিয়াও যাহাতে জীবের মঙ্গল হয়, তজ্জন্য যত্ন করেন।

মহতের উল্লঙ্ঘন দ্বারা জীবের কখনও সুবিধা হয় না। নিষ্কিঞ্চন মহাভাগবতের সাধাবুদ্ধি বা তাঁহাদের অপেক্ষাও নিজেকে বড় মনে করিয়া অনেকে অনেক প্রকার চাপল্য ও ধৃষ্টতা প্রদর্শন করেন। ঐ সকল চাপল্যের প্রশ্রয় দেওয়া বৈষ্ণবদাসগণের কর্ত্তব্য না হইলেও মহাভাগবতগণ বলেন যে, যদি কোন ব্যক্তি কাহারও প্রতি তাঁহার অসংযত প্রবৃত্তি পরিচালনা করিয়া সুখী হইতে চান, তবে তাঁহার সে সুখে বাধা দেওয়ার আবশ্যক কি?

সংসারের যাবতীয় জীব বৈষ্ণবদাসের মিত্র হইলেও বৈষ্ণবদ্বেষী শত্রুপরবাশ্য। যে সকল ভাগ্যহীন জীব ঈশ্বরের অভিন্ন স্বরূপ প্রকাশ ভক্তগণের প্রতি বিদ্বেষ করে, সেই বৈষ্ণববিদ্বেষিগণের প্রতি ক্রোধ-প্রকাশই মহাজন-উপদেশ। তাই গুরু-বৈষ্ণবদাসগণ কখনও গুরুবৈষ্ণব-নিন্দা সহ্য করেন না। এমন কি, প্রাণপাত করিয়াও তাহার তীব্র প্রতিবাদ করেন। সাধুকে ব্যক্তিগতভাবে কেহ আক্রমণ করিলে তিনি অচল অটল থাকিয়া নীরবে তাহা সহ্য করিয়া থাকেন। পর্ব্বত যেরূপ বেগবান্ স্রোতের আঘাত নিরুদ্বেগে সহ্য করে, তাহাতে সে অস্থির হয় না, সেইরূপ সাধুদের গতি কোন কালে নাই, সেই স্বার্থভ্রষ্ট মৎসর খল ব্যক্তিগণ মহতের প্রতি যতই দুর্ব্বাক্য প্রয়োগ করুক না কেন, পরদুঃখদুঃখী সাধুগণ তাহাতে অবিচলিত হইয়া সেই সকলে বাধা প্রদান করিতে ইচ্ছা করেন না। পর্ব্বত-গাত্রে আঘাত করিতে গিয়া লোষ্ট্র যেরূপ চূর্ণবিচূর্ণ হইয়া যায়, মহতের চরণে অপরাধ কারীরও পরিশেষে সেইরূপ গতিই লাভ হয়। ভগবদ্ভক্তগণ সর্ব্বগুণাকর। তাঁহারা যদি একটুকু ঐশ্বর্য্য প্রকাশ করেন, তাহা হইলে কোটি কোটি অসংযত ব্যক্তির দুর্নাটা অনায়াসে বিধ্বস্ত হইয়া যায়, কিন্তু সাধুগণ এতই উদার যে, তাঁহারা জগতের সুখী ব্যক্তির ক্ষণিক সুখে বাধা দিতে চান না।

মনু বলিয়াছেন,—ব্রাহ্মণ ঐহিক সম্মানকে বিষস্থাপন বিষের ন্যায় জ্ঞান করিবেন এবং অবমাননাকে সর্ব্বদা অমৃতবৎ আকাঙ্ক্ষা করিবেন। যেহেতু অপমান সহ্য করিতে শিখিলে ক্রোধের অনুরণে সুখে নিদ্রা হয়, সুখে জাগরণ হয় ও সুখে বিচরণ হয়। পাপবশতঃ অবমাননাকারীর ঐহিক ও পারত্রিক সমস্ত সুখই বিনষ্ট হয়।

সহিষ্ণু হইতে হইবে। অসহিষ্ণু হইলে হরিকীর্ত্তন হইবে না। অসহিষ্ণু হওয়া মানে অভক্তের দলে মিশিয়া যাওয়া—হরিকীর্ত্তন ছাড়িয়া দেওয়া। সেইজন্যই বলিতেছি, মহাজনের অনুসরণ করিতে হইবে। নিজেকে তাঁহাদের পাদত্রাণবাহী জানিয়া সদ্‌গুণসম্পন্ন হইয়া হরিকীর্ত্তন করিতে হইবে। পরের কথায় কাণ দিতে হইবে না। আবার শিষ্য ছাড়িয়া গুরুও সাজিতে হইবে না। 'আাঃ খায়, ব্যাঙ খায়, খপ্সে বলে আমিও খাই'—এই নীতি অবলম্বন করিয়া কুকার্য্যে অখিল-চেষ্ট, পরদুঃখদুঃখী পরমহংস শিরোমণি আচার্য্যের প্রতি মৎসর হইতে হইবে না। সর্ব্বক্ষণ মনে রাখিতে হইবে যে, শ্রীপাদপদ্ম পারমার্থিক ও নিত্যবস্তু। তিনি অবরজ্ঞান-ভূত বস্তু স্বতন্ত্র নহেন। 'আমার গুরু', 'তোমার গুরু'— এই যত বিচার মনোধর্ম্মি-গণের মধ্যে প্রচলিত থাকিলেও পারমার্থিক গুরুদেব সেরূপ খণ্ডিত বস্তু নহেন, তিনি অদ্বয়রূপেই প্রকাশিত। বস্তুতঃ জগদ্‌গুরুই,—গুরু, অপরে গুরুদাসের অযোগ্য। সেই গুরুদাসের আনুগত্যই ... র নিত্যধর্ম্ম। যেখানে গুরু গৌণভাবে স্বীকৃত হন বা গুরু হইতে বাঁচিয়া অতিবাহিত হইবার জন্য অভিলাষ, সেখানে গুরুপাদপদ্ম নাই, সেখানে লঘুর ভাগবনুতা।

বৈষ্ণবগণ ব্যক্তিগত আক্রমণে দুঃখ হইতেও সহিষ্ণু, কিন্তু গুরুবৈষ্ণব-নিন্দা-শ্রবণে পরম অসহিষ্ণু। এই অসহিষ্ণুতাই তৃণাদপি সুনীচত্ব বা গুরুবৈষ্ণব-প্রীতির লক্ষণ। সাধুগণের সকল-ব্যাপার। তাঁহারা বাক্যের দ্বারা সমস্ত কুযুক্তি ধ্বংস করেন। তাঁহারা চিদ্‌বলে বলীয়ান্। তাঁহারা ক্ষুদ্র ক্ষুদ্র মনুষ্য বা দলপতি অসুর ত' দূরের কথা, হরিবিমুখ দেবতাগণের বলকেও তুচ্ছ জ্ঞান করিয়া গুরুবৈষ্ণবের মহিমা নির্ভীকভাবে বিশ্বে প্রচার করেন। তাঁহাদের এত সৎসাহস, তাঁহাদের এত নির্ভীকতা। তবে তাঁহাদের যা' কিছু বল, যা' কিছু গৌরব, সব গুরুকে লইয়া। তাহাতে নিজের কোন বাহাদুরী নাই। তাঁহাদের সুতীক্ষ্ণ বাক্যাস্ত্রের নিকট অভক্তের কোন কূটযুক্তি বা বাদ অস্তিত্ব সংরক্ষণ বা আত্মরক্ষা করিতে পারে না। তাঁহারা সাময়িকভাবে গুরু-বৈষ্ণবনিন্দার তীব্র প্রতিবাদ করেন। তাঁহারা দৃঢ়তার সহিত ভক্তির প্রতিকূল বিষয় বর্জ্জন করিয়া ভক্তির অনুকূল বিষয় গ্রহণ করত শ্রীগুরুগৌরাঙ্গের প্রীতি-বিধান করেন। তবে ব্যক্তিগত আক্রমণে তাঁহারা কোন প্রতিবাদ করেন না, ধীরভাবে তাহা সহ্য করেন।

শুদ্ধভক্তি-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠ-ঈশোদ্যান
প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীব্রজপত্তন-ভবনে শ্রীচৈতন্যমঠ, পরবিদ্যা-পীঠ, শ্রীশ্রীরাধাকৃষ্ণ, শ্রীগৌর, গোপাল আচার্য্য চতুষ্টয় বিগ্রহ আছেন। সুপ্রাচীন এবং শ্রীভক্তিভবনে 'নদীয়া প্রকাশ' যন্ত্রালয় আছে।

(২) শ্রীগৌড়ীয়মঠ
১নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৫
কলিকাতায় শ্রীভক্তিবিনোদ-আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, সংকীর্ত্তন, প্রাত্যহিক বেদান্ত শ্রীমদ্ভাগবতাদি সদ্‌গ্রন্থের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও হারমণিষ্ট পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়।

(৩) যোগমায়াপুর-পীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব ভূমি মহাযোগপীঠ।

(৪) শ্রীবাস-অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৫) অদ্বৈত ভবন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং ম বর্ত্তমান।

(৬) মুরারিগুপ্তের পাট
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৭) কাজি-সমাধি-পাট
প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি।

(৮) অনুকূলকৃষ্ণানুশীলনাগার
শ্রীধাম মায়াপুর

(৯) স্বানন্দ-সুখদ-কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান।

(১০) গৌর-গদাধর-মঠ
চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ জাননগর (বর্দ্ধমান)

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ
মাউগাছি, পোঃ জাননগর, (বর্দ্ধমান)
শ্রীব্যাসাবতার ঠাকুর বৃন্দাবনের স্থান

(১৩) ঋতুদ্বীপ-গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(১৪) জহ্নুদেব-গৌড়ীয়মঠালয়

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ
গৌড়পুর, নদীয়া

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ
মাজিদা —(শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৭) কুঞ্জকুটীর
পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

(১৮) ভাগবত-আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৯) একায়নমঠ
গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

(২০) মহেশ-পণ্ডিতের পাট
কাঁঠালপুলি, পোঃ চাকদা (নদীয়া)

(২১) রাণাঘাট-গৌড়ীয়মঠাসন

(২২) পুঁড়া গৌড়ীয়মঠ
চব্বিশ পরগণা

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ
নারিন্দা পোঃ ওয়ারি, ঢাকা।
পূর্ববঙ্গের প্রচার-কেন্দ্র।

(২৪) গোপালজীউমঠ
কমলাপুর, পোঃ ঢাকা

(২৫) গদাই-গৌরাঙ্গ মঠ
পোঃ বালিয়াটি, (ঢাকা)

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ
বড়বাজার, পোঃ ময়মনসিংহ

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া (আসাম)

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ
পোঃ চকচকা, কামরূপ (আসাম)

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
৩নং পাগাং বিল্ডিং, দার্জ্জিলিং

(৩০) সারস্বত-গৌড়ীয়মঠ
পোঃ হরিদ্বার, জিঃ সাহারাণপুর, ইউ, পি

(৩১) পাটনা গৌড়ীয়মঠ
মিঠাপুর পাটনা।

(৩২) গয়া গৌড়ীয়মঠ
রমণা রোড, গয়া

(৩৩) সনাতন গৌড়ীয় মঠ
৮।১১ বড় গম্ভীরসিং, বেনারস সিটি

(৩৪) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

(৩৫) শরণাশ্রম মঠ,
পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়
বিশ্রামঘাট, পোঃ মথুরা

(৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,
পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ
কিশোরপুর, বৃন্দাবন

(৩৯) ব্রজস্বানন্দ-সুখদকুঞ্জ
পোঃ রাধাকুণ্ড (মথুরা)

(৪০) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪১) রাধাকুণ্ড গোষ্ঠবাটী

(৪২) শ্রীগোবর্দ্ধনমঠালয়
গোবর্দ্ধন, মথুরা

(৪৩) সঙ্কেত বিহারী মঠ
বর্ষাণা, মথুরা।

(৪৪) নন্দগ্রাম গৌড়ীয়মঠালয়
পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৫) বর্ষাণা গৌড়ীয়মঠালয়
পোঃ বর্ষাণা, মথুরা

(৪৬) গোষ্ঠবিহারী মঠ—শেষশায়ী,
পোঃ হোডল, জেলা গুড়গাঁও (পাঞ্জাব)

(৪৭) ব্যাসগৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

(৪৮) দিল্লী গৌড়ীয় মঠ
৪৫নং রেলার রোড, নিউ দিল্লী

(৪৯) বোম্বে গৌড়ীয়মঠ
গোয়ালিয়া ট্যাঙ্ক রোড, [illegible]
বিল্ডিং বোম্বে ৭

(৫০) মাদ্রাজ-গৌড়ীয়মঠ
পোঃ রায়পেঠা, মাদ্রাজ
শ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকাগিরিধারীর সেবা

(৫১) রামানন্দ-গৌড়ীয়মঠ
পোঃ কভুর, কভুর গোদাবরী (মাদ্রাজ)
শ্রীশ্রী গুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকা-গিরিধারীর সেবা

(৫২) ব্রহ্মগৌড়ীয়মঠ
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)

(৫৩) পুরুষোত্তম মঠ
চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা

(৫৪) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৫) সীতাকুটী

(৫৬) ত্রিদণ্ডি-গৌড়ীয়মঠ
পোঃ ভুবনেশ্বর, পুরী

(৫৭) সচ্চিদানন্দ মঠ
[illegible], পোঃ কটক (উড়িষ্যা)

(৫৮) বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ

(৫৯) শ্রীব্রহ্মমাধ্বগৌড়ীয়-প্রপন্ন-মঠ
পোঃ [illegible], গঞ্জাম

(৬০) ভাগবতজনানন্দ মঠ
চিকনিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর

(৬১) জমাই গৌড়ীয়মঠ
পোঃ জমাই, মেদিনীপুর

(৬২) আমলাযোড়া প্রপন্নাশ্রম মঠ
পোঃ রাজবাঁধ (বর্দ্ধমান)

(৬৩) চৈতন্যগৌড়ীয়মঠ
[illegible], পোঃ চিরকুণ্ড, (মানভূম)

(৬৪) রেঙ্গুন গৌড়ীয়মঠ
৬০১ নং লিউইস্ ষ্ট্রীট, রেঙ্গুন।

(৬৫) লণ্ডন গৌড়ীয়মঠ
ফ্ল্যাট নং ২
৫১, [illegible] রোড
ব্রম্পটন, লণ্ডন, ই ৫

(৬৬) গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্
১৪।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা

(৬৭) গৌড়ীয়মঠ অফিস
ডিউরেণ্ড রোড, লক্ষ্ণৌ (ইউ-পি)

(৬৮) শ্রীবিদ্যানিধি গৌড়ীয়মঠালয়
[illegible], চট্টগ্রাম

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্ হইতে শ্রীসনীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীমহানন্দ ব্রহ্মচারী ভক্ত্যালোক, ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

-৫(৪°৪)৪-

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও ২য় দিনের জন্য	সংবাদের পৃষ্ঠায় পরবর্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও ২য় দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় পরবর্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	।০	।/০	।/০	।০
" " ইঞ্চি	২৲		১৷০	১৲
সিকিকলম	৫৲	৪৲		৩৲
" অর্দ্ধকলম	৮৲	৬৲	৬৲	৫৲
" এক কলম	১৫৲	১০৲	১০৲	

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিবারে প্রতি ইঞ্চি ৩৲	২৷০
" সিকি কলম ১৫৲	১২৲
" অর্দ্ধকলম ২৫৲	১৮৲
" এক কলম ৩৫৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৷০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা এক পয়সা ; বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী

——::(০):——

শ্রীল প্রভুপাদের চতুঃষষ্টিবর্ষপূর্ত্ত্যাবির্ভাব-তিথিতে শ্রীল আচার্য্যদেবের আনুকূল্যে 'শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী" প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। ইহাতে পূর্ব্বার্দ্ধ ও উত্তরার্দ্ধ দুইটি বিভাগ আছে। পূর্ব্বার্দ্ধে শ্রীল প্রভুপাদের আদি-প্রবন্ধাবলী শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের সম্পাদিত 'সজ্জনতোষণী,' শ্রীল প্রভুপাদের 'নিবেদন' সাপ্তাহিক পত্র প্রভৃতি হইতে কথাসার ও প্রয়োজনীয় অর্থের টীকা-সহ সংকলিত হইয়াছে। উত্তরার্দ্ধে শ্রীল প্রভুপাদের সম্পাদিত 'সজ্জনতোষণী'র কতিপয় প্রবন্ধ কথাসার প্রভৃতির সহিত মুদ্রিত হইয়াছে। প্রবন্ধগুলি রচনাকালের ক্রমানুসারে গ্রথিত হইয়াছে; এতদ্ব্যতীত শ্রীল আচার্য্যদেবের একটি মূল্যবান্ উপোদ্ঘাত ও সঙ্কলনকারীর একটি বিস্তৃত ভূমিকা, শব্দ সূচী, [illegible]-পাত্র-শ্লোক ও পয়ার-সূচী প্রভৃতি গ্রন্থে সংযোজিত হইয়াছে। প্রচুর উৎকৃষ্ট কাগজে [illegible] টাইপে মুদ্রিত ও শ্রীল প্রভুপাদের আলেখ্যাদিদ্বারা শোভিত ও সুন্দর বাঁধাই [illegible] প্রকাশিত হইয়াছে। প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, জিলা নদীয়া; গৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ও শ্রীসারস্বত গৌড়ীয়মঠ, নবিনা, পোঃ [illegible], [illegible]।

প্রভুপাদের পদ্যপ্রসূন মালা

এই গ্রন্থে ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তি-সিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের রচিত [illegible]বলী শ্রীল আচার্য্যদেবের বিরচিত "গৌড়ীয়" নামক কাব্যের সহিত প্রকাশিত হইয়াছে। শ্রীল প্রভুপাদের অনেক অপ্রকাশিত পদ্য ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। [illegible] ভিক্ষা মাত্র ।০ আট আনা।

শ্রীধাম-মায়াপুরে

——/:০:/——

—"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট"—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে ; বিদ্যালয় ও বোর্ডিং এর পরিবেশ খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে খাবার ও বোর্ডিংখরচ প্রতি মাসে মাত্র ৬৲ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। বর্ত্তমান বর্ষে ১৬ জন বালকের মধ্যে ১৫ জন ভালভাবে উত্তীর্ণ হইয়াছে।

মেধাবী ছাত্রগণের আরও সুবিধা

পরীক্ষায় যাহারা গড়ে শতকরা ৭৫ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ সচ্চরিত্র মেধাবী ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক-সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমন্মধ্বাচার্য্যের জীবনচরিত্র ও শিক্ষা অতিসুন্দরভাবে আলোচিত হইয়াছে। এই এক অপূর্ব্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

শ্রীচৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত্র অতিসুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ [illegible] ভক্তিপ্রদীপ [illegible] লিখিত ইহার ভিক্ষা মাত্র ৩৲ টাকা। প্রাপ্তিস্থান শ্রীযুক্ত [illegible] ভক্তিশাস্ত্রী, শ্রীযোগপীঠ, শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীসরস্বতী-সংলাপ

প্রথম খণ্ড

বর্ত্তমান গৌড়ীয়সম্প্রদায়ৈকসংরক্ষক জগদ্গুরু পরমহংসকুলচূড়ামণি নিত্যলীলা-প্রবিষ্ট ১০৮শ্রী শ্রীমদ্ ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামি-প্রভুপাদ বিভিন্ন জিজ্ঞাসু ও সুধী সজ্জনবৃন্দের পরিপ্রশ্নোত্তরে ও সন্দেহ-নিরাকরণকল্পে যে সকল অলৌকিক সদ্বাক্যাবলী কীর্ত্তন করিয়াছেন, যাহা তাঁহার প্রকটকালে 'গৌড়ীয়' সম্পাদক শ্রী- [illegible] বিদ্যাবিনোদ বি-এ প্রভুপাদেরই শ্রীমুখ সংশোধন করিয়া [illegible] ক্রমশঃ গৌড়ীয়পত্রে প্রকাশিত হইয়াছে, তাহা "শ্রীসরস্বতী-সংলাপ" [illegible] শ্রীল প্রভুপাদের 'বক্তৃতাবলী' ও 'পত্রাবলী' আকারে খ. ও খ. ও [illegible] করিয়াছেন। বর্ত্তমানে শ্রীল প্রভুপাদের সম্বৎসরিক বিরহোৎসবপূজা-বাসরে এই গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছেন। মানবজীবনের বহু জটিল সমস্যা ও কঠিন [illegible] সমাধান ইহাতে পাওয়া যাইবে। ভক্তগণের পারমার্থিকের এই গ্রন্থ সংগ্রহ একান্ত প্রয়োজন।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপদেশক পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী সম্প্রদায়-বৈভবাচার্য্য এম-এ মহোদয়ের প্রৌঢ়গবেষণা এবং পরিপক্ক লেখনীর অদ্ভুত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত্র-পাঠে ধন্য হউন। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিভিন্ন চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৩৫০ অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্ত্তার ভূমিকাদ্বয় (Preaces), বিষয়-তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত মুদ্রিত সূচীপত্র-(Index Glossary) সহ গ্রন্থখানি প্রকাশিত। ভিক্ষা—১৫৲ পনর টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, রায়পেট্টা মাদ্রাজ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

'ঠাকুর ভক্তিবিনোদ'

———:(•):———

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি-প্রচারের মূল মহাজন সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অতিমর্ত্ত্য জীবনচরিত এতাবৎকাল পর্য্যন্ত গ্রন্থাকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয়মঠাচার্য্যবরের শুভেচ্ছায় সারস্বতাশ্রিত সুলেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু মূল্যবান শিক্ষামালাও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১২৫ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৸৹ আনা; ডাক মাশুল স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান—ম্যানেজার গ্রন্থবিভাগ
শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

———:(•):———

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু ধর্মগ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১৩।১নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর বাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

ই. বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্টাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	৪-৩৬	৬-২৬	৭-০৬	১২-২৬	১৪-৫৬	১৬-৫৬	১৭-৫৬	২২-২৬
রাণাঘাট পৌঃ			৮-২৮	১৪-১৫				
(বদল) ছাঃ			৯-৩৩	১৪-৫০				
কৃষ্ণনগর পৌঃ	৭-১	৮-৪৫	১০-৮	১৫-২৩	১৭-২৮	১৯-০৮	২০-১৬	১-১৪
(বদল) ছাঃ	৭-১২		১০-৩১		১৭-৩৮		২০-২৩	
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫১		১১-১০		১৮-১৬		২১-৪	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
রাণাঘাট পৌঃ	১২-৫৫
ছাঃ	১৩-০
শান্তিপুর পৌঃ	১৩-২৩
(বদল) ছাঃ	১৩-৩১ (শান্তিপুর লেনরেলে)
কৃষ্ণনগর পৌঃ	১৪-১৭
ছাঃ	১৪-৩০
নবদ্বীপঘাট পৌঃ	১৫-১০

ডাউন

নবদ্বীপঘাট ছাঃ		৫ ৪৫		৯-১৭		১৩-৩১	১৬-০	১৮-৩১	
কৃষ্ণনগর পৌঃ		৬ ২৩	৯-১৬	৯-৪৮	১১-৪১	১৪-১০	১৬-৩৮	১৯-১১	২১-১০
ছাঃ	৬-৩৬	৭-১৮		১০-১১			১৬-৫৬	১৯-২৫	
রাণাঘাট পৌঃ				১০-৪৬			১৭-৩০		
(বদল) ছাঃ				১১-১			১৭-৪৩		
কলিকাতা পৌঃ	৬-১৬	৯-২১		১১-৫১	১২-১৬	১৪-১৬	১৯-১১	২১-৪১	২৩-০৭

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৩-৩১	১৬-০	
কৃষ্ণনগর পৌঃ	১৪-১০	১৬-৩৮	
ছাঃ	১৫-২৮	১৭-৩৩	
শান্তিপুর পৌঃ	১৬-৯	১৮-১৪	
(বদল) ছাঃ	১৬-৩৩	১৮-২৫ (শনিবার ভিন্ন)	২০-৪০ (শনিবার)
রাণাঘাট পৌঃ	১৭-১০	১৮-৫০	২১-১৫
(বদল) ছাঃ	১৭-৪৩	১৯-১৪	২১-৫০
কলিকাতা পৌঃ	১৯-১১	২০-৪০	২৩-০৭

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

[illegible] পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাটতি ও অত্যন্ত অধিক। শিশুর মোহর সংযুক্ত কাগজের এবং নূতন ছাপের মোড়ক একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। মূল্য ছোট বোতল ৸৹ দশ আনা, বড় বোতল ১৷৹ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা
অথবা
পোঃ বেহালা, ২৪ পরগণা

পোঃ—শ্রীমায়াপুর
টেলিগ্রাম—'শ্রীধাম
শ্রীমায়াপুর'

REGD NO C 1544

দৈনিক নদীয়াপ্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৪শ খণ্ড] শ্রীমায়াপুর—৮ই শ্রাবণ, ১৩৪৬ ২৪শে জুলাই, ১৯৩৯, সোমবার | ১২৪শ সংখ্যা

বিবিধ সংবাদ

-::(০)::-

পোল্যাণ্ডের এলাকায় জার্ম্মাণ অফিসের গুলীতে পুলিশ কর্ম্মচারী নিহত

প্রকাশ যে, ডান্‌জিগ শুল্ক বিভাগের জনৈক জার্ম্মাণ কর্ম্মচারী পোলিশ শুল্ক বিভাগের জনৈক কর্ম্মচারীকে পাস্তেলাউয়ের নিকট গুলী করিয়া হত্যা করিয়াছে। গুলি করার সময় উক্ত পোলিশ কর্ম্মচারী নাকি পোলিশ এলাকায় ছিলেন। বলা হইয়াছে যে, উক্ত পোলিশ কর্ম্মচারী ডান্‌জিগের উক্ত জার্ম্মাণ কর্ম্মচারীর সহিত সাক্ষাৎ করিতে যান এবং ডান্‌জিগের উক্ত কর্ম্মচারীর সহিত হিটলারী ইউনিফর্ম পরিহিত আরও দুইজন লোক ছিল। জার্ম্মাণ কর্ম্মচারী নাকি বলিয়াছেন যে, তিনি আত্মরক্ষার্থ গুলী চালাইয়াছিলেন। পোলিশ কূটনৈতিক দপ্তরের প্রতিনিধি ডান্‌জিগ সিনেটের নিকট পোলিশ শুল্ক বিভাগীয় কর্ম্মচারীদের অধিকার সঙ্কুচিত করার এবং তাহাদের কর্ত্তব্য সম্পাদনের পথে যে সব বাধার সৃষ্টি করা হইয়াছে, তাহার বিরুদ্ধে প্রতিবাদ জ্ঞাপন করিয়াছিলেন।

বার্লিনের সংবাদে প্রকাশ যে, পোলিশ সীমান্ত হইতে দশ মাইল দূরবর্ত্তী টানেনবার্গে হিন্ডেনবার্গ স্মৃতি উৎসবে সামরিক বিভাগের শিক্ষার্থীদের নিকট বক্তৃতা করিতে গিয়া জার্ম্মাণীর প্রধান সেনানায়ক জেনারেল ভন ব্রাউচিৎস বলেন, "আমরা বিরোধ বাধাইতে চাই না বটে তবে বিরোধকে আমরা ভয় করি না"। তিনি পূর্ব্ব প্রুশিয়ায় 'বাহারা কল্পিত অধিকার প্রতিষ্ঠা করিতে চায়, তাহাদের এইরূপ দাবীর পাল্টা জবাব দিতে গিয়া' তথাকার জার্ম্মান বৈশিষ্ট্যের উপর বিশেষ জোর দেন এবং বলেন, 'এইরূপ কল্পিত অধিকার প্রতিষ্ঠার দাবী নিতান্ত ভুল—কোন সৈনিক শুধু কথার ভুলের প্রতিবাদ করিতে পারে না।

পোল্যাণ্ড ও বৃটেনে আলোচনা

জেনারেল স্যার এডমাণ্ড আয়রনসাইড সমস্ত দিন ব্যস্ত ছিলেন। তিনি পোল্যাণ্ডের বহু সামরিক ও বে-সামরিক কর্ম্মচারীর সহিত সাক্ষাৎ করেন। পোল্যাণ্ডের বহু সামরিক ও বে-সামরিক পোলিশ বাহিনীর ইন্সপেক্টর-জেনারেল মার্শাল স্মিগ্‌লি রীজ, সমর-সচিব জেনারেল ক্যাসপ্রিজিকি এবং সেনাপতিমণ্ডলীর প্রধান কর্ত্তা জেনারেল ষ্টাচি-উইকজের সহিত তাঁহার আলোচনা হয়। পোলিশ সেনাপতিমণ্ডলীর কর্ম্মপরিকল্পনার সহিত পরিচিত হইয়া বৃটিশ ও ফরাসী সামরিক কর্ত্তাদের পরিকল্পনার সহিত উহার সামঞ্জস্য বিধানই পোলিশ সৈন্যবাহিনীর কর্ত্তাদের জেনারেল আয়রনসাইডের আলোচনার উদ্দেশ্য।

জার্ম্মাণ রাজনৈতিক মহল সংযত অথচ দৃঢ়তার সহিত এই ধারণার সৃষ্টি করিতেছে যে, ডানজিগ লইয়া যে বিরোধের সৃষ্টি হইয়াছে, তাহার অবসান হয় নাই। বলা হইতেছে যে ইতিমধ্যে এমন কিছু ঘটে নাই, যাহাতে এই বিরোধের অবসান হইতে পারে এবং জার্ম্মাণীর নিকট হইতে নরম মনোভাব আশা করা যাইতে পারে। পূর্ব্বের মতই বার্লিনের সংবাদপত্রসমূহে পোলিশ-বিরোধী প্রচার কার্য্য চালানো হইতেছে। জার্ম্মাণীর মনোভাব অপেক্ষাকৃত নরম হইয়াছে।

ভবিষ্যৎ যুদ্ধে বঙ্গলা ও আসামের আশঙ্কা

জনৈক ইংরাজ মেজর আসাম সীমান্তে দীর্ঘকাল কাজ করিয়া কয়েক মাস পূর্ব্বে অবসর গ্রহণ করিয়াছেন। আনন্দবাজার পত্রিকার প্রতিনিধির নিকট তিনি বলেন যে, বৈদেশিক আক্রমণ হইতে আসাম সীমান্ত নির্ভয় করিতে হইলে অন্ততঃ দশ লক্ষ পাউণ্ড ব্যয়ে উহাকে সুরক্ষিত করিতে হইবে।

উক্ত মেজর আরও বলেন, আসামের উত্তর-পূর্ব্বে সীমান্ত পর্ব্বত ও অরণ্য সমাকীর্ণ কিন্তু আধুনিক বিমান আক্রমণ প্রতিরোধের জন্য উহা যথেষ্ট নহে। জাপান ও ইংলণ্ডের মধ্যে মনোমালিন্য ক্রমশঃ বৃদ্ধি পাইতেছে। সুতরাং যুদ্ধ বাধিলে জাপান হয়ত জাপানী বিমানের পাল্লার মধ্যবর্ত্তী ভারতীয় সহর ও বন্দরগুলিতে বোমা বর্ষণের চেষ্টা করিবে। কিন্তু এই সম্পর্কে স্যার আয়ান হ্যামিল্টন যাহা বলিয়াছেন, তাহাও স্মরণ রাখিতে হইবে। স্যার আয়ান হ্যামিল্টন বলিয়াছেন, "জাপান ক্রমশঃ পশ্চিম দিকে অগ্রসর হইতেছে। তাহার সৈন্যদল চীনের বড় বড় নদী ধরিয়া চলিতেছে, তাহাদের বোমের ধূমে আকাশ আচ্ছন্ন। হংকং, সিঙ্গাপুর, জাভা, ব্রহ্ম, আসাম ও বঙ্গদেশ—ইহাই তাহাদের চিহ্নিত পথ।"

মেজর আরও বলেন, সদিয়া, ডিব্রুগড়, আসামের জেলের ব্যবস্থা তেজপুর গৌহাটি শিলং, ময়মনসিংহ, ঢাকা, যশোহর, কলিকাতা এই সমস্তই বিমান দ্বারা আক্রান্ত হইতে পারে। অভিজ্ঞ সমরবিদ্‌গণ বলেন দূরে পাল্লার জাপানী বিমানের আক্রমণ হইতে কলিকাতার ভয় খুব বেশী।"

গবর্ণমেণ্টের অবিলম্বে উত্তর পূর্ব্ব সীমান্তের পাহাড়গুলির চূড়ায় সামরিক ব্যবস্থা অবলম্বন এবং ব্লক-হাউস ও শক্তিশালী বিমান ঘাটি নির্ম্মাণ করা আবশ্যক। কারণ, ভবিষ্যতে কলিকাতা এবং বাঙ্গলা ও আসামের অন্যান্য সহর রক্ষার জন্য উত্তর পূর্ব্ব সীমান্ত সামরিক দিক দিয়া অত্যন্ত গুরুত্বপূর্ণ হইবে।

তারপর ভারতীয় যুবকদিগকে সামরিক শিক্ষা দিয়া স্বদেশ রক্ষায় যোগ্য করিয়া তুলিতে হইবে। কর্তৃপক্ষ এখনও যদি উহাতে অবহেলা করেন, তবে দুর্ব্বল ও অসহায় ভারতবাসীরা কিছুতেই আক্রমণকারীদিগকে বাধা দিতে পারিবে না।

ইংলণ্ডে শোচনীয় বিমান দুর্ঘটনা

লিঙ্কনশায়ারের অন্তর্গত ক'র্বির সন্নিকটে একটি হ্যাম্পডেন্ বোমারু বিমান ধ্বংসপ্রাপ্ত হওয়ার ফলে ব্রিটিশ বিমান বাহিনীর একজন অফিসার, দুইজন নন-কমিশনড্ অফিসার এবং একজন বৈমানিক নিহত হইয়াছে। বিস্ফোরণের শব্দে ছুই মাইল দূরবর্ত্তী বর্ক্কি গ্রামের বাড়ীগুলির দরজা-জানালা পর্য্যন্ত কাঁপিয়া উঠিয়াছিল। বিস্ফোরণের ফলে ছয় ফুট গভীর একটি গর্ত্ত হইয়া যায় এবং উহার মধ্যে ইঞ্জিনটি প্রোথিত হয়। বিমানের ধ্বংসাবশেষ কয়েক শত টুকরা হয়। পরে প্রবল বৃষ্টিপাতে আগুন নিভিয়া যায়।

মেক্সিকোতে প্লাবন

ওটোইযাক নদীতে প্লাবনের ফলে পুয়েব্লা সহরে একশতাধিক লোককে পাওয়া যাইতেছে না বলিয়া সংবাদ পাওয়া গিয়াছে।

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল সরস্বতী ঠাকুরের পরবিদ্যাভূষণ গোস্বামী মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক। প্রতি একাদশীতে প্রকাশিত হয়। কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। সডাক ভিক্ষা ৩।০ টাকা মাত্র।

২। গৌড়ীয়—মহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১।০ টাকা মাত্র।

৩। ভাগবত—হিন্দিভাষার একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাশয় সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ টাকা মাত্র

৫। শ্রীগৌড়ীয়—মহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ মাত্র।

পরমগুরু শ্রীগৌরকিশোর

গৌড়ীয়-সম্পাদক-লিখিত, শ্রীগৌড়ীয়মঠাচার্যের ভূমিকা-সম্বলিত, বহুচিত্র-শোভিত ও বিবর্ত্ত ৩১ সংখ্যা "পরমগুরু শ্রীগৌরকিশোর" প্রবন্ধে প্রকাশিত হইয়াছেন। এই প্রবন্ধে শুদ্ধগৌড়ীয়বৈষ্ণবজগতের পরমারাধ্য, গৌড়ীয়গৌরবশিরোমণি অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ নিত্যলীলাপ্রবিষ্ট পরমহংস ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল গৌরকিশোরদাস গোস্বামী প্রভুবরের অলৌকিক চরিতকথা বর্ণিত আছে।

শ্রীশ্রীভক্তিবিনোদাবির্ভাব-শতবর্ষপূর্ত্তিতিথিপূজার উপায়ন-গ্রন্থমালা

——:(০):——

১। গীতিসাহিত্যে শ্রীভক্তিবিনোদ

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র গীতিসাহিত্যের সমালোচনা-গ্রন্থ)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

২। শ্রীভক্তিবিনোদবাণীবৈভব

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের গ্রন্থাবলীসাগর হইতে আহৃত ১০৮টি অধ্যায়ে সম্বন্ধ-অভিধেয়-প্রয়োজনাকারে ভক্তির অমূল্য উপদেশপূর্ণ গ্রন্থ)

ভিক্ষা—৩৲ তিন টাকা মাত্র।

৩। শ্রীশ্রীভক্তিবিনোদ-প্রসঙ্গ

ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ ও ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল সরস্বতীঠাকুরের পরবিদ্যাভূষণ গোস্বামীপ্রভু-বিরচিত এবং গৌড়ীয়ে প্রকাশিত শ্রীশ্রীভক্তিবিনোদ-চরিত-প্রসঙ্গ

ভিক্ষা—।৶০ ছয় আনা মাত্র।

৪। ছাত্রদের ভক্তিবিনোদ

(ছাত্রদের উপযোগী ভাষায় লিখিত শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্র ও শিক্ষা)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

(ছাত্রদের পক্ষে ভিক্ষা—॥০ আট আনা মাত্র)

প্রাপ্তিস্থান :—

(১) 'ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট', পোঃ শ্রীমায়াপুর, নদীয়া ;

২) শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ;

● শ্রীযুক্ত ভূপতিরঞ্জন নাগ এম্-এ, বি-এল্, গুরুপ্রপন্ন পোঃ রমনা, ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বাঙ্গালাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্,—সমগ্র ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ২৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। ভাষ্যসহ বিরাট্ শ্রীচৈতন্যভাগবত (অযন্ত্রস্থ) ৯৲
৩। ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬
৪। সরস্বতী-জয়শ্রী (অযন্ত্রস্থ) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০ ; ২য় খণ্ড ১৲ ; ৩য় খণ্ড—৸০
৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০ ; ২য় খণ্ড—১৲ ; ৩য় খণ্ড—৸
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার-দীপিকা ও সংস্কার দীপিকা ১।০
৯। জৈবধর্ম ২৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা)
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ।০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ-তত্ত্ব ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষৎ ।০
১৮। প্রাকৃত-আলোচনা ।০
১৯। তর্কবিবেক ।০
২০। গৌড়ীয় গৌরব ।৶০
২১। গৌড়ীয়মাহাত্ম্য ।৶০
২২ ভজন রহস্য ।০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা-সহ) ২৲
২৫। গীতা (চক্রবর্ত্তি টীকাসহ) ২৲
অবাঁধা) ১৲
২৬। গীতার কেবল মূল ভাষ্য ।০
২৭। মুক্তিফলটীকা গৌরগোবিন্দঃ (সাহ্বাদ) ২৲
২৮। প্রেমবিবর্ত্ত (সাহ্বাদ) ।০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৸০
৩০। দীপ-নির্-দর্শন ৶০
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ।৶০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ।০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶০
৩৫। গীতমালা ৴১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৶০
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৶০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমা ।০
৪০। শরণাগতি ৴০
৪১। গীতাবলী ৴০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
৪৩। সাধনতত্ত্ব ৴০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ৴
৪৫। নবদ্বীপশতক
৪৬। স্বর্ণশতক
৪৭। সদাচারস্মৃতি ৶/
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৴১০
৪৯। অর্চ্চনপদ্ধতি ৶১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম ও ২খণ্ড) ৯৲
৫১। প্রেমভক্তিচন্দ্রিকা ।০
৫২। মণিমঞ্জরী (সাহ্বাদ) ।০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ-বিনির্ণয় ।০
৫৫। উপদেশামৃত বা মায়াবাদশতদূষণী ।০
৫৬ ভারতবর্ষ ও ভক্তিপথ ৶০
৫৭। ঈশোপনিষৎ (অন্বয়াদিসহ) ।০
৫৮। শ্রীবৃহদ্‌ভাগবত ৶০
৫৯। সিদ্ধান্তদর্পণ ৶০
৬০। সাংখ্যবাণী ৴০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।০
৬২। সিদ্ধান্ত-সরস্বতী বিচিত্রঃ ।০
৬৩। সঙ্গীত-সিদ্ধান্তপ্রসূনম্ ।০
৬৪। স্তবরত্নম্ ।০
৬৫। সাত্বত সিদ্ধান্তম্ ৶০
৬৬। গৌড়ীয়মঠভজনক্রিয়া ৴০
৬৭। সারার্থবর্ষিণী ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।০
৬৯। এ ভিউ অফ্ ওয়ার্ক্‌স অফ্ বেদান্ত ।০
৭০। নামভজন ৴০
৭১। বেদান্ত—ইট্‌স্ মরফলজী অ্যাণ্ড অন্টলজি ।০
৭২। রিলেটিভ ওয়ার্ল্ড‌স ।৶০
৭৩। শাইক ওয়ান প্রিসেপ্টস্ অফ্ শ্রীচৈতন্য মহাপ্রভু ।০
৭৪। বৈষ্ণবীজম্ ।০
৭৫। হোয়াট গৌড়ীয়মঠ ইজ ডুইং ৴০
৭৬। দি ভাগবত
৭৭। ইরোটিক প্রিন্সিপাল অ্যাণ্ড আনঅ্যালয়েড ডিভোশন ।০
৭৮। ব্রহ্মসংহিতা ১।০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (অমৃত ওয়ান) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ।০
৮১। সাধন-পথ ।০
৮২। কল্যাণ-কল্পতরু ৶০
৮৩। গীতাবলী ৴০
৮৪। শরণাগতি ৴০

তামিল ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ৴০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

দৈনিক
নদীয়া-প্রকাশ
একমাত্র পারমার্থিক দৈনিক-পত্র
শ্রীধাম-মায়াপুর-নদীয়া

১৪শ বর্ষ | ৮ পুরুষোত্তম ৪৫৩ গৌরাব্দ, ৮ই শ্রাবণ বঙ্গাব্দ ১৩৪৬, ২৪শে জুলাই ইং ১৯৩৯, সোমবার | ১২৪শ সংখ্যা

সাময়িক-প্রসঙ্গ

ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউটের ছাত্রদের সাপ্তাহিক অধিবেশন

গত ২১শে জুলাই শুক্রবার দিবস শ্রীধাম মায়াপুর ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউটের ছাত্রগণ আকর মঠরাজ শ্রীচৈতন্য-মঠের অধিরোহণ-নাটমন্দিরে বেলা সাড়ে তিন ঘটিকায় এক পারমার্থিক অধিবেশনে শ্রীহরিকথা-শ্রবণ-কীর্ত্তনোৎসবে যোগদান করত ভক্ত্যুন্মুখী সুকৃতি অর্জ্জন করিয়াছেন। প্রারম্ভে মঠসেবকগণের সহযোগিতায় শ্রীগুরু-বৈষ্ণব-বন্দনা, বিবিধ মহাজনপদাবলী ও মহামন্ত্র কীর্ত্তন হয়। পরে মহোপদেশক শ্রীপাদ ভক্তিবিলাস ভক্তিশাস্ত্রী ভক্তিময়ূখ প্রভু প্রায় এক ঘণ্টাকাল যাবৎ সকল শ্রেণীর ছাত্র ও সমবেত শ্রোতৃগণের নিকট অতি প্রাঞ্জল ভাষায় শ্রীমদ্ভাগবতের একাদশ স্কন্ধের ত্রয়োবিংশ অধ্যায় হইতে অবন্তীদেশীয় ত্রিদণ্ডিভিক্ষুর হরিভজনের আদর্শ কীর্ত্তন করিয়া সকলের চিত্তাকর্ষণ করেন। এতৎপ্রসঙ্গে দুর্লভ মনুষ্যজন্ম লাভ করিয়া প্রকৃত সাধুসঙ্গে হরিভজন করাই যে একমাত্র কর্ত্তব্য, সাধুর প্রকৃত সঙ্গ কিরূপে করিতে হয়, দৈত্যরাজ হিরণ্যকশিপু স্বীয়পুত্র প্রহ্লাদের সঙ্গ পাইয়াও ভক্তিলাভ না করিয়া হরিবিদ্বেষী হইয়া শ্রীনৃসিংহদেব কর্ত্তৃক নিহত হইয়াছিল, অন্তরে ভোগবাসনা পোষণ করিয়া সাধুসঙ্গ করিলে ভক্তির পরিবর্ত্তে অপরাধই সঞ্চিত হয়, সকল প্রকার অত্যাচার, উৎপীড়ন, লাঞ্ছনা ও লোকগঞ্জনা অতল অটলভাবে সহ্য না করিলে হরিভজন করা যায় না, কৃষ্ণভক্ত অন্য বস্তু চাহিলে সেই বস্তু দিয়া কৃষ্ণ বঞ্চনা করেন প্রভৃতি এবং সকল পরমহংস হইয়াও পরমারাধ্যতম পতিতপাবন শ্রীল আচার্য্যদেব বর্ত্তমানে কিভাবে দুর্জ্জনগণের সকল প্রকার অত্যাচার, উৎপীড়নাদি উপেক্ষা করত শ্রীমন্মহাপ্রভুর ন্যায় বিপ্রলম্ভভাবে বিভাবিত হইয়া লোকোদ্ধারমানসে কৃষ্ণানুসন্ধানতৎপর হইয়া দেশে দেশে হরিকথা প্রচার করিতেছেন, তাহা কীর্ত্তন করিয়া সকলের আনন্দবর্দ্ধন করেন।

পাঠান্তে ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউটের সুবোধ ছাত্রগণ সুললিতস্বরে মহাজনপদাবলী কীর্ত্তন করিয়া শ্রীগুরুগৌরাঙ্গের প্রীতিবিধান করেন। ছাত্রগণের হরিকথা-শ্রবণাগ্রহ দেখিয়া আমরা পরমানন্দিত।

পাপ

(৫ম পৃষ্ঠার পর)

চুরি করা, (৬) হীরা চুরি করা, (৭) মণি চুরি করা,—এই সাত প্রকার অনুপাতক সুবর্ণ হরণ করার সমান। (১) সহোদরা ভগিনী গমন, (২) কুমারী গমন, (৩) নীচজাতির স্ত্রীগমন, (৪) বন্ধুর স্ত্রীগমন, (৫) ঔরসজাত পুত্র ভিন্ন অন্যপুত্রের স্ত্রী-গমন, (৬) পুত্রের অসবর্ণা স্ত্রীগমন, (৭) মাতৃষসা গমন, (৮) পিতৃষসা গমন, (৯) [illegible] গমন, (১০) মাতুলানী গমন, (১১) পুরোহিত-স্ত্রী-গমন, (১২) ভগিনী গমন, (১৩) আচার্য্যের স্ত্রী-গমন, (১৪) শরণাগত স্ত্রী-গমন (১৫) রাজ্ঞীগমন, (১৬) যিনি গৃহাশ্রম পরিত্যাগ করিয়াছেন, এমন স্ত্রীগমন, (১৭) সগোত্রাস্ত্রীগমন, (১৮) [illegible] স্ত্রী গমন এবং (১৯) উচ্চবর্ণের স্ত্রীর কাছে নীচবর্ণের পুরুষের গমন—এই উনিশ প্রকার অনুপাতক গুরুপত্নীগমনের তুল্য।

গোবধ, অযাজ্যযাজন, পরস্ত্রীগমন, আত্মবিক্রয়, পিতা, মাতা ও গুরুত্যাগ, স্বাধ্যায়ত্যাগ ও অগ্নিত্যাগ, পুত্রত্যাগ অর্থাৎ পুত্রের সংস্কার না করা, জ্যেষ্ঠ অবিবাহিত থাকিতে কনিষ্ঠের বিবাহ, এরূপ জ্যেষ্ঠ বা কনিষ্ঠকে কন্যাদান অথবা সেইরূপ বিবাহে পৌরোহিত্য করা, অরক্ষা কন্যাদূষণ, ব্রহ্মচারীর স্ত্রীসম্ভোগাদি দ্বারা ব্রতচ্যুতি, তড়াগ, উদ্যান কিম্বা স্ত্রীপুত্রাদি বিক্রয় করা, ষোড়শ বর্ষ অতীত হইলেও উপনয়ন না হওয়া, পিতৃব্য প্রভৃতি বান্ধবত্যাগ, বেতন লইয়া বেদাধ্যাপন, বেতনগ্রাহী অধ্যাপকের নিকট বেদ অধ্যয়ন, অবিক্রেয় বস্তুর বিক্রয়, রাজাজ্ঞায় স্বর্ণাদিখনিতে কাজ, বৃহৎ সেতু প্রভৃতিতে কাজ, ঔষধি নষ্ট, ভার্য্যাদির উপজীবিকায় জীবিকানির্ব্বাহ, শ্যেনাদি আভিচারিক যোগ বা মন্ত্রদ্বারা নিরপরাধীর অনিষ্ট করণ, জ্বালানি কাঠের জন্য অশুষ্ক বৃক্ষচ্ছেদন, দেবপিত্রাদির উদ্দেশ ব্যতিরেকে নিজের জন্য পাকযজ্ঞাদির অনুষ্ঠান, লশুনাদি নিষিদ্ধ খাদ্যভোজন, সোণা ব্যতীত অন্য জিনিষ চুরি, দেব, ঋষি ও পিতৃঋণ পরিশোধ না করা, অসৎশাস্ত্র আলোচনা, নীচসঙ্গে আসক্তি, দারু, তৃণ, ও লৌহাদি ধাতু ও পশুচর্ম্ম, মদ্যপায়িনী স্ত্রী-গমন, স্ত্রী, শূদ্র, বৈশ্য ও ক্ষত্রিয় হত্যা এবং নাস্তিকতা—এই সকল 'উপপাতক'।

ব্রাহ্মণকে ব্যথা দেওয়া, লশুন-পলাণ্ডু ঘ্রাণ ও মদ্য আঘ্রাণ করা, কুটিলতা, পশুমৈথুন এবং পুংমৈথুন—এই সকল পাপ 'জাতিভ্রংশকর'। গ্রাম্য ও আরণ্য পশুহিংসা-পাপ—'সঙ্করীকরণ'।

নিন্দিতের নিকট হইতে ধনগ্রহণ, বাণিজ্য ও কুসীদদ্বারা জীবিকানির্ব্বাহ, অসত্যভাষণ ও শূদ্রসেবা—এই সকল পাপ—'অপাত্রীকরণ'।

পক্ষিহত্যা, জলচর মৎস্যাদি জলজ প্রাণিহত্যা, কৃমিহত্যা ও কীটহত্যা, মদ্য-সংশ্লিষ্ট দ্রব্য-ভোজন—এই সকল পাপ—'মলাবহ'।

যে সকল পাপের বিষয় লিখিত হইল না, সেই সকল পাপ—'প্রকীর্ণক'-পর্য্যায়ে। মহাভারতে [illegible] পাপ দশবিধ বলিয়া উক্ত আছে—প্রাণিহত্যা, চৌর্য্য ও পরদারগমন—এই তিন প্রকার পাপ 'কায়িক'. অসৎপ্রলাপ, পারুষ্য, পৈশুন্য এবং মিথ্যাকথা কথন—এই চারি প্রকার 'বাচিক' এবং পরধনে চিন্তা, সকলজীবের অমঙ্গলচিন্তা ও 'কর্ম্মের ফল হউক' এইরূপ চিন্তা, এই ত্রিবিধ পাপ 'মানসিক'।

মায়ারে করিয়া জয় ছাড়ান না যায়। সাধু-গুরু-কৃপা বিনা না দেখি উপায়।

"শ্রীগুরুতত্ত্ব—নিত্যানন্দ ; সেই কৃষ্ণাভিন্নবিগ্রহকে যে পাষণ্ডী বিদ্বেষ-বুদ্ধিতে গ্রহণ করে, সেই পাষণ্ডীর সঙ্গিগণের সহিত কোন প্রকার সম্বন্ধ রাখা ভগবদ্ভক্তের কর্ত্তব্য নহে।"

(শ্রীল প্রভুপাদ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

৮ পুরুষোত্তম, [illegible] গৌরাব্দ ৪৫৩

শ্রীভক্তিসিদ্ধান্তবাণী

সত্য হউক, অসত্য হউক তাহা বিচার করিব না, অনেকগুলি লোক যাহাতে আসক্ত হয়, তাহা করিব না—এইরূপ জনপ্রিয়তা অনুসন্ধান করিতে গিয়া আমরা যেন নিত্য 'সৌভাগ্য' বা 'মঙ্গল' হইতে বঞ্চিত না হই। জনপ্রিয়তাই প্রয়োজনীয়—এইরূপ বিচার মায়াবিমুগ্ধবুদ্ধি মূর্খের বিচার। ঈশ্বরের পরমসত্যকে জনপ্রিয়তাকে [illegible] ব্যাপার মনে করিলে সত্যস্বরূপ ভগবানের অমর্য্যাদা করা হয়। জনপ্রিয়তার জন্য ভগবৎ প্রসাদের অজুহাতে আমরা গোপনে অমেধ্য বস্তু গ্রহণ করি। ভগবৎপ্রসাদের প্রতি আমাদের শ্রদ্ধা ও ভগবৎপ্রসাদ যাহা নহে, তাহাতে আমাদের অনুরাগ বৃদ্ধি হয়। ভগবানের ভুক্তাবশেষ ভাল না লাগিলে 'ভগবান্' নয় যাহা—'সত্য-স্বরূপ' নয় যাহা অর্থাৎ যাহা অজ্ঞান, সেই অজ্ঞানের প্রসাদের জন্যই আমরা লালায়িত হই। আমরা [illegible] "মৎস্যাদঃ" [illegible] পাচ্, 'পক্ষিহংসা' [illegible]। ঐ প্রাণ (মৎস্যাদি অমেধ্যাদি) ভগবানের ভোগ্য নহে, কারণ উহা তমোগুণে উৎপন্ন। আর্য্য-বিধবা স্ত্রীগণের আচরণ বা চতুর্থাশ্রমিগণের আচরণের মধ্যেও আমরা ঐ সকল অমেধ্য গ্রহণ দেখিতে পাই না। পাশ্চাত্ত্যে বঞ্চিত আত্মারামগণ বিষ্ণুকে যাহা দেওয়া চলে না, তাহা কখনও গ্রহণ করেন না ইহা সাধারণের মধ্যেও দেখিতে পাই। বলির দ্বারা [illegible] বস্তু যাহা 'প্রসাদ' হইতে জাত [illegible] বিষ্ণুকে উহা দেওয়া যাইতে পারিত। কোনও ভদ্রলোক কোন হিংসায় প্রশ্রয় দেন না। যদি পূর্ব্বপক্ষ হয়, "তবে কেন শাস্ত্রে বিধিমূলে এইরূপ হিংসা-কার্য্যের প্রবেশাধিকার দেখিতে পাওয়া যায়?" তদুত্তরে সাত্বত শাস্ত্র বলেন, যাহাদের অত্যন্ত শুক্রশোণিতের জন্য লোভ রহিয়াছে, তাহাদের শুক্রশোণিতের প্রবলা বুভুক্ষা ক্রমশঃ খর্ব্ব করাই ঐসকল বিধির উদ্দেশ্য। কিন্তু যেখানে নিরপেক্ষ বিচার উপস্থিত হইয়াছে, সেখানে "অমেধ্য" "ভগবৎপ্রসাদ" বলিয়া গৃহীত হয় না।

অধোক্ষজবিমুখ মায়াবিমোহিতবুদ্ধি মনোধর্ম্মী ব্যক্তিগণ সর্ব্বদা বঞ্চিত হইতে অভিলাষ করেন। তাঁহারা বঞ্চক ও বঞ্চিত। মায়াদেবীর কৈতবপর শাস্ত্রাবলি তাঁহাদিগকে বঞ্চনা করিবার জন্যই জগতে প্রকাশিত হইয়াছে। তাঁহারা পারমার্থিক শাস্ত্রের কথা আলোচনা করেন না। কারণ, আলোচনা করিলেই বিপদ উপস্থিত হইবে। কেহ কেহ লোকবঞ্চনার্থে ঐ সকল আলোচনা করিয়াও কপটতাক্রান্ত বুদ্ধিবশতঃ পারমার্থিক শাস্ত্রের সত্যে বিশ্বাসস্থাপন করিতে পারে না। "কাজীর নিকট হিন্দুপর্ব্ব জিজ্ঞাসা" যেরূপ, কপটক্রমাদের নিকট পারমার্থিকের বিচারজিজ্ঞাসাও সেরূপ।

পাছে আমাদের বিষয়কথা ও গ্রাম্যকথা বাধিত যায়, পাছে জাতে বা অজ্ঞাতসারে শ্রীভগবান্ আমাদের স্মৃতিপথে উদিত হইয়া পড়েন, পাছে আত্মা পবিত্র হয়—এই ভয়ে আমরা কেহ কেহ মহাপ্রসাদে শ্রদ্ধাযুক্ত হইবার পরিবর্তে "অন্নপূর্ণ হোটেলের" প্রতি শ্রদ্ধাবান্ হওয়াকেই সৌভাগ্যের বিষয় বলিয়া মনে করি। আবার কেহ কেহ আত্মবঞ্চনার আচরণে নাস্তিকতা অর্থাৎ আস্তিকতার অভাব চালাইবার জন্য পূর্ণবিগ্রহ ভগবানকে হস্ত, পদ, চক্ষু, মুখ প্রভৃতি হইতে বিচ্ছিন্ন করিবার জন্য ব্যস্ত হই। তাঁহাকে নিরাকার নির্বিশেষ সাজাইয়া নিজেরা ভোগের সুবিধার জন্য সাকার ও সবিশেষ হইয়া একবারে নাস্তিকের মত ভগবানের ভোগ্যবস্তুসকলকে ভোগ করিবার জন্য ধাবিত হই। "পশ্যত্যচক্ষুঃ স শৃণোত্যকর্ণঃ" এই শ্রুতির প্রকৃত [illegible] নির্গুণসাবিনী মায়াদেবী [illegible] দেন না। তাই আমরা ভগবানের অপ্রাকৃত-নিত্য-রূপকে প্রাকৃত জ্ঞানে নাশিতে গিয়া অধঃপতিত হইয়া পড়ি। কেহ কেহ আবার "আমরা আগে খাইব, ভগবানকে দিতে গেলে যদি আমার ভোগ্য পদার্থ জুড়াইয়া যায়"—এরূপ বিচারের অনুসরণ করিয়া ভোগের আগেই 'প্রসাদ' করিয়া বসি। কেহ কেহ আবার—"ওঁ তদ্বিষ্ণোঃ পরমং পদম্", "ন তৎসমশ্চাভ্যধিকশ্চ দৃশ্যতে" প্রভৃতি বেদমন্ত্র মুখে কপচাইয়াও শ্রীবিষ্ণুর পরমপদে বিশ্বাস স্থাপন করিতে পারি না। পরন্তু নির্ব্বিশেষবুদ্ধি লইয়া পঞ্চোপাসক চিজ্জড়-সমন্বয়বাদী হইয়া পড়ি এবং বিষ্ণুকে অন্যান্য দেবতার সহিত সমান বুদ্ধি করিয়া বিষ্ণুর অপ্রসাদকেই 'প্রসাদ' বলিয়া মনে করি, কখনও বা অন্য দেবতার প্রসাদ আমাদের ইন্দ্রিয়তর্পণের অধিকতর অনুকূল জানিয়া তাহাতেই আসক্ত হই শাস্ত্রের বাক্য আমাদের হৃদয়ে স্থান পায় না—

'বিষ্ণোর্নিবেদিতান্নেন যষ্টব্যং
দেবতান্তরম্
পিতৃভ্যশ্চাপি তদ্দেয়ং তদানন্ত্যায়
কল্পতে ॥'

ভগবানের মালিক—বৈষ্ণব। 'ভগবান্ যাহা করেন তাহা মঙ্গলের জন্য করেন'—এই সত্য বিশ্বাস ভুলিয়া গিয়া আমরা বিপদে পতিত হই। সুতরাং যাঁহারা ভগবদনুগ্রহ-প্রার্থী, তাঁহাদের প্রসাদই যেন আমাদের আকাঙ্ক্ষিত বস্তু হয়।

শিষ্যের পক্ষে আচার্য্যের কৃপালাভের জন্য eligible হওয়া দরকার, 'সমিৎপাণিঃ' হওয়া দরকার। সমিধ্ সংগ্রহ করিয়া আচার্য্যের নিকট উপস্থিত হইতে পারিলে তিনি উপনয়ন দিবেন। শিষ্যের পক্ষে সদ্-গুরুপাদপদ্মের আশ্রয় লাভ করিবার ঐকান্তিকী চেষ্টাকে যোগ্যতা বলা যাইবে। 'তদ্বিজ্ঞানার্থং'—অর্থাৎ 'তৎ' যে পূর্ণবস্তু, তাঁহার বিশেষ জ্ঞানলাভ করিবার জন্য। 'গুরুমেবাভিগচ্ছেৎ'—অর্থাৎ গুরুপাদপদ্মের নিকট সর্ব্বতোভাবে গমন করিবে, গুরুগৃহে গমন করিবে not to come back. শাস্ত্র ছত্রিশ বৎসর গুরুগৃহে বাস করিবার পর গৃহে সমাবর্ত্তনের বিধি দিয়াছেন। গুরু, সাধু ও শাস্ত্র প্রত্যেকটী বেদ বার বৎসর করিয়া অধ্যয়ন করিতে হইবে বলিয়া ইহা ব্যবস্থা। সমাবর্ত্তনের বুদ্ধি থাকিলে পূর্ণজ্ঞান লাভ করা যায় না। যাঁহারা পূর্ণজ্ঞান লাভ করেন, তাঁহাদের আর ঘরে ফিরিতে হয় না। যাঁহারা পূর্ণজ্ঞান লাভ করিবার জন্য উৎকণ্ঠিত, তাঁহাদের পক্ষেই 'অভিগচ্ছেৎ' বাক্য পালিত হয়।

আমরা বড়ই জ্ঞানী বলিয়া অভিমান করি না কেন, আমরা ভূত ও ভবিষ্যৎ জানি না। আমাদের উন্নতির বিচারে ভ্রান্তি আসিয়া পড়ে। পার্থিব উন্নতির বিচারে অমঙ্গল লাভ হয়। শিষ্যকে জাগতিক উন্নতির পরামর্শ দিলে পরামর্শদাতা 'গুরু' হইয়া যান। পিতামাতা, পুরোহিত প্রভৃতি জাগতিক গুরুগণ আমাদের আর্থিক উন্নতি ও তাঁহাদের স্বার্থসিদ্ধির কথা বলিয়া থাকেন। আমরা ইহজগতে কতদিন থাকিব? নিত্যকাল নিত্যজীবনের সুবিধালাভের পরামর্শ কে দিবেন? ভাবিকালের বিষয় আলোচিত হওয়া দরকার।

মৃত্যুকালে আমাদের কি চিন্তা হইবে? 'যাদৃশী ভাবনা যস্য সিদ্ধির্ভবতি তাদৃশী।' আমরা যেরূপ চিন্তাস্রোত লইয়া মরিয়া যাইব, জন্মগ্রহণকালে তদনুরূপ জীবন লাভ হইবে। Materialistদিগের ধারণা মৃত্যুর পর কিছুই নাই। জড়বস্তু হইতেই জীবের জন্ম। Altruismএর মূল কথা এই যে, 'অপরের যত বেশী উপকার করিব, আমি তত বেশী উপকার পাইব।' শ্রীগুরুদেব বলেন,—আমরা 'Designing enterprise' অর্থাৎ বিত্তৈষণা, পুত্রৈষণা, বিত্তৈষণা প্রভৃতি এষণা বা বাসনার বশবর্ত্তী হইলে আমাদের আত্মকল্যাণ লাভ হইবে না। পুণ্য করিয়া মরিলে ধনী, পণ্ডিত অথবা ভাগ্যবান্ লোকের গৃহে জন্মিতে পারি। মানুষ হইয়া পুনরায় মানুষের গৃহে জন্মগ্রহণ করিতে পারি; কিন্তু প্রকৃত মঙ্গললাভ নাও হইতে পারে। জাগতিক পুরোহিত ও গুরু ঐহিক ও পারত্রিক মঙ্গলের উপদেশক মাত্র। বদ্ধজীবের বাসনা ইহজগতের উন্নতি ও অমঙ্গলের দিকে প্রধাবিত হয়।

পাঠশালার গুরু, আবার বিভিন্ন জাগতিক বিদ্যা-শিক্ষার গুরু প্রভৃতি সকলেই জাগতিক গুরু। পিতামাতার পরামর্শ গ্রহণ করিলেও মৃত্যু লাভ করিতে হইবে। হরিভজনকারী ব্যতীত অন্য লোককে পরামর্শ-দাতা মনে করিলে খুবই অসুবিধা হইবে। আমরা যে কোন ব্যক্তিকে গুরু বলিব না। পিতামাতা যদি হরিভজন করেন, তবে গুরু হইতে পারেন। যিনি আমাদের নিত্য-মঙ্গল দিতে পারেন না, তিনি গুরু নহেন।

আমরা কাহাদের ইন্দ্রিয়তৃপ্তিকারি-গণের Partyতে যোগদান করব। অভক্তদের একটা party, হরি-গুরু-বৈষ্ণবেরও আর একটা party আছে ব'লে মনে হয়। বস্তুতঃ হরিগুরুবৈষ্ণবগণ কোন partyর মধ্যে নাই। অভক্ত-সম্প্রদায় বলে, আমরা spiritual বিষয়ের জন্য আমাদের আধ্যাত্মিকতা বজায় রেখে আচার্য্যের নিকট

submit ক'রতে পারি—আচার্য্যকে দরকার হ'লে মোহন্ত ক'রতে পারি; কিন্তু অন্যান্য বিষয়ে আমরা public party-কেই follow ক'রব। আমরা আধ্যক্ষিকগণের ঐ সকল কথা সমর্থন করি না। তা'রা গুরু করে নাই, তা'রা ভক্তিরাজ্যে আসে নাই। আমাদের একমাত্র determination—

আমি ত' তোমার, তুমি ত' আমার,
কি কাজ অপর ধনে।

'সর্ব্বাচীয়ানমে মিথ্যে সাধৌ সদঃ যতো ধরে' কথাটা সর্ব্বদা স্মরণ রাখ্‌তে হ'বে। শ্রীমদ্ভাগবত প'ড়তে গিয়ে যদি ভূগোল ও জ্যোতিষ প'ড়তে যাই, তবে আমার অজ্ঞাতীর আদর। গুরু বা সাধুকে দেখ্‌তে গিয়ে যদি তাঁ'র চেহারা, তাঁ'র বস্ত্র, তাঁ'র খাবাদাব, তাঁ'র বক্তৃতাশক্তি—এ সকল দেখ্‌তে যাই, তা' হ'লে সাধু ও গুরুদর্শন হ'লো না। যেহেতু ভাগবত আমার আধ্যক্ষিক বিচারানুসারে ভূগোল ও জ্যোতিষ ব'লতে পারেন না, সেহেতু ভাগবতকে neglect ক'র্‌ব !

আমরা কেবল গুরুর (?) কথা ধর্ম্ম কার্য্যের সময় শুন্‌ব, অন্যান্য কার্য্যগুলি publicএর অনুকূলে ক'র্‌ব, তা' নয়। Mundane work গুলিও আমরা কৃষ্ণসেবার অনুকূলে ক'র্‌ব, উহা publicএর অনুকূলে ক'র্‌ব না।

শ্রীগুরুদেব বৈকুণ্ঠলীলাময় হইয়াও ইহ জগতে অবতরণ করেন। তাদৃশ অবতরণের অপ্রাকৃতত্ব অপরিহার্য্য। তিনি নিমজ্জমান প্রাণিগণকে উদ্ধার করিতে গিয়া কোনদিনই ভগবানের সেবা পরিহার পূর্ব্বক আত্মবলিদানে প্রবৃত্ত হন না। কিন্তু তাদৃশ অভিনয় দেখাইতে গিয়া আপনাকে যে মর্ত্ত্যবুদ্ধিতে বিপন্ন করিবার লীলা প্রদর্শন করেন, তাহাতে আমরা তাঁহাকে ভগবৎকৃপাবতার না জানিয়া নিজ দুর্ব্বলতার অপরাধক্রমে আমাদেরই ন্যায় জীববিশেষ কল্পনাপূর্ব্বক নরকের অনুষ্ঠানে গুরুপাদপদ্ম-সেবাবিমুখ হইয়া পড়ি।

শ্রৌতপথেই গুরুগ্রহণপ্রথা বর্ত্তমান। অশ্রৌত বা তর্কপথে গুরুগ্রহণানুষ্ঠান আদৃত হয় না। যাঁহারা সেরূপ আদর করিবার বুদ্ধি লাভ করেন নাই, তাঁহারা চৈত্ত্যগুরুর দ্বারা বিক্ষুব্ধ হইয়া তর্কপন্থা অবলম্বন করেন। অশ্রৌত তর্কপথাবলম্বী অহঙ্কারবশে স্বয়ং গুরু হইবার চেষ্টা প্রদর্শনেও কুণ্ঠিত হন না।

তার্কিক কখনই গুরু হইতে পারেন না; শ্রৌতপন্থীই গুরু হইতে পারেন। তর্কের আম্নায়-পারম্পর্য্যের মূলে কাপট্য-জনকের পুরোভাগে তর্কপন্থার উদ্ভব হয়। আম্নায়-গুরুপারম্পর্য্য সেরূপ নহে, তাহার মূল আছে। তর্কপন্থা অপ্রতিষ্ঠমূল তাহার শৈবালের ন্যায় সম্বর্দ্ধিত হইয়া সাময়িকভাবে চেতনস্রোত বন্ধ করিতে পারে।

চৈত্ত্যগুরুর কৃপায় মহান্তগুরু নির্দ্দিষ্ট হন। চৈত্ত্যগুরুর কৃপা—দ্বিবিধা। সেই দুই প্রকার কৃপাফলে কেহ বা আধ্যক্ষিক, কেহ বা অধোক্ষজ-সেবক। যাঁহারা অক্ষে প্রতিষ্ঠিত হইয়া ইন্দ্রিয়তর্পণকেই জীবের একমাত্র আরাধ্য চরম সিদ্ধান্ত বলিয়া স্থির করিয়াছেন, তাঁহাদের নাম 'অন্যাভিলাষী'। তাদৃশক্রমে তাঁহাদিগের মধ্যে প্রযোজক কর্ত্তার নিয়মনপথে সংকর্ম্মপ্রবৃত্তির আদর দেখা যায়। সেইকালে তিনি কর্ম্মকাণ্ডের আবাহন করেন। "আমি কর্ত্তা"—এই অভিমানে প্রকৃতির ত্রিগুণে অনুষ্ঠিত ক্রিয়াকে স্বায়ত্ত করিবার বাসনায় অহঙ্কারবিমূঢ়তাকেই শ্রেয়ঃ বলিয়া ধারণাপূর্ব্বক প্রেয়ঃ-পথের পথিক হন। আবার শ্রেয়ঃপন্থায় দ্বিবিধ তারতম্য-বিচারে কতকগুলি আপাতপ্রেয়ো বিচারকেই শ্রেয়োরূপে পরিদর্শন করেন। উহাই চৈত্ত্যগুরুর মায়াবিস্তাররূপা কপট কৃপা। যাঁহারা যুক্তি প্রভৃতি পাঠ করিয়াছেন, তাঁহারা জানেন, প্রযোজক কর্ত্তা প্রযোজক কর্ত্তৃত্বাধীনে অবস্থান করিলে তাঁহার শ্রেয়োলাভ ঘটে, আর প্রযোজক কর্ত্তার প্রতি সেবাবিমুখ হইলেই জীব প্রযোজ্য কর্ত্তৃত্বে আত্মবিলোপ করিয়া প্রযোজক কর্ত্তার প্রতি উদাসীন হন এবং তাদৃশ ঔদাসীন্য তাঁহাকে ভক্তিপথ হইতে বিচ্যুত করে।

দিব্যজ্ঞানদাতা মহান্তগুরু অনেক নহেন। যেহেতু তিনি আত্মজ্ঞানের প্রিয়তম সেবক। আত্মজ্ঞানের সেবকত্বে তাঁহার বৈচিত্র্য বিদ্যার বহুত্ব না থাকায় তিনিও অদ্বিতীয়। তিনি বিষয়জাতীয় অদ্বিতীয় না হইলেও আশ্রয়জাতীয় অদ্বিতীয়ের লীলা-প্রদর্শনকারী।

শিক্ষাগুরু দীক্ষাগুরুর বাহ্য জ্ঞানলব্ধ শরণাগত শিষ্যকে শিক্ষা দিয়া থাকেন। তাঁহার অনুকূল শিক্ষা দিব্যজ্ঞানের প্রয়োগবিচারকে নিয়মিত করে। এইজন্য শিক্ষাগুরুর বহুত্ব থাকিলেও অদ্বয়জ্ঞানদাতা দীক্ষাগুরুর সহিত তাঁহাদের বিভেদ নাই, পরন্তু তাঁহারা দীক্ষাদাতার অকৃত্রিম বন্ধু।

দিব্যজ্ঞানপাতে জীবের স্বরূপ উদ্বোধন হয়। উদ্বোধিত স্বরূপে অবস্থিত হইয়া ইহজগতে ও পরজগতে যে প্রকার হরিসেবা করিতে হইবে, তাহার উপদেশকগণের নামই শিক্ষাগুরুবর্গ। এই সেনাবাহিনীর অগ্রগামী (Precursor) বর্ত্ম-প্রদর্শক গুরু শিক্ষাগুরুরই প্রাধান্য। মধ্যে দীক্ষাদাতা মহান্তগুরু অবস্থান করেন।

ভগবানের জীবেদয়া তাঁহার সেবার বিতরণকারিরূপে শ্রীগুরুতত্ত্ব জগতের মঙ্গলবিধান করেন। যাঁহারা জ্ঞানের বিকারে বিকৃত, কর্ম্মফলে আবদ্ধ, যথেচ্ছাচারিতার স্রোতে প্রবহমান, সেই সকল ব্যক্তির সদ্বুদ্ধি প্রদান ও জীবমাত্রেরই কৃষ্ণসেবা-তৎপর করিবার উদ্দেশে শ্রীগুরুদেবের ইহজগতে আগমন। তিনি পদ্মপত্রস্থিত জলের ন্যায় অনাসক্তভাবে সংসারের বিষয় সকল গ্রহণ করিয়াও সকল বিষয়ের বাহ্যভোগ ধারণা অপসারণ পূর্ব্বক জীবকুলকে কৃষ্ণের সহিত সম্বন্ধযুক্ত করেন। তাহাতে তাঁহাকে বিষয়াসক্ত ভক্তিনির্বিষ্ট প্রাকৃতজনগণ বিষয়-বিরক্ত বলিয়া ঘৃণা করেন। আবার তদপেক্ষা মূঢ় মৎসরজনগণ হিংসাপ্রবৃত্তি-দ্বারা চালিত হইয়া ভগবদ্ভক্তের নির্বিবন্ধিনী চেষ্টাকে তাঁহাদেরই ন্যায় বিষয়চেষ্টার অন্যতম জ্ঞানে তাঁহার সেবাবিমুখ হন। এখানে চৈত্ত্যগুরু তাঁহাদিগকে তাঁহাদের প্রেয়ঃপন্থার অনুমোদন করিয়া ধর্ম্মার্থ-কাম-মোক্ষ বিষয় চতুষ্টয়ে 'প্রয়োজন' বোধ করান। সেকালে তাঁহারা ভক্তির স্বরূপ বুঝিতে অসমর্থ হন এবং নিত্যবৃত্তি ভজন ও ভজনীয় বস্তু সম্বন্ধে উদাসীন্য প্রকাশ করেন। ভগবান্ চৈত্ত্যগুরুরূপে যাঁহার অকপট মঙ্গল আকাঙ্ক্ষা করেন, তিনিই ভগবদ্ভক্তকে মহান্তগুরুরূপে নির্দ্দেশ করিবার সদ্বুদ্ধি প্রাপ্ত হন। অজ্ঞের ন্যায় দিক পরিজ্ঞানাভাববশতঃ, মহত্তম সজ্জনকুলসার অন্য কেহই নাই। ভগবদনুগ্রহক্রমে জীব মহান্ত ভাগবত শ্রীগুরুদেবের শ্রীচরণ-নখজ্যোতি সন্দর্শন করিয়া জীবন ধন্য করিতে সমর্থ হন।

শ্রবণগুরু ও ভজনশিক্ষাগুরুর প্রায়ই একত্ব। শিক্ষাগুরুর বহুত্ব। এ বিষয়ে শ্রবণগুরুমুখ হইতেই শাস্ত্রীয় জ্ঞানলাভ ঘটে।

মন্ত্রদীক্ষারূপ অনুগ্রহ। যাঁহারা গুরুপাদপদ্ম অবজ্ঞা করিয়া ভগবানের সান্নিধ্যপ্রার্থী, তাঁহারা যে সেই উপায়ে স্থির হন। সুতরাং খণ্ড খণ্ড বাক্য আনিয়া গুরুভক্তিরহিত জীবকে ভক্তসজ্জায় কেবল সংসারেই বাস করায়। সমুদ্রে কর্ণধাররহিত নৌকার ন্যায় তাহার সংসার হইতে উদ্ধার হয় না। গুরুসেবা দ্বারাই কৃষ্ণলাভ হয়। ভক্তগণ স্তবাদি দ্বারা তাঁহার সেবা করেন। আমি অনেক বুঝি, আর অন্য গুরুতে কি অধিক উপদেশ দিবেন,—এইরূপ অহঙ্কারে অপরাধবশতঃ কৃষ্ণভক্তি লাভ হয় না। ব্যবহারিক, লৌকিক, কৌলিক, অযোগ্য গুরুবর্গের পরিবর্ত্তে পারমার্থিক গুরুর আশ্রয় করিবে।

পাপ

——::(*):: ——

পাতক—'পাতয়তি অধোগময়তি দুষ্কৃতকারিণম্' ইতি। মানবের কাম, ক্রোধ ও লোভ—তিনটী প্রধান রিপু আছে। মানবগণ এই সকল শত্রুকর্ত্তৃক আক্রান্ত হইয়া পাপাচরণ করে। আচরিত পাপসকল অতিপাতক, মহাপাতক, অনুপাতক, উপপাতক, জাতিভ্রংশকর, সঙ্করীকরণ, অপাত্রীকরণ, মলাবহ ও প্রকীর্ণক নামে অভিহিত।

মাতৃগমন, কন্যাগমন এবং পুত্রবধূগমন—এই ত্রিবিধ পাপ 'অতিপাতক'।

ব্রহ্মহত্যা, সুরাপান, ব্রাহ্মণের স্বর্ণচুরি, ও গুরুপত্নীগমন—এই চতুর্ব্বিধ এবং এইরূপ পাপীর সহিত বিশেষ সংসর্গই 'মহাপাতক'।

অনুপাতক পঁয়ত্রিশ প্রকার—(১) নীচজাতি হইয়া আপনাকে উচ্চজাতি বলিয়া পরিচয় দেওয়া। (২) যে দোষ প্রকাশ করিলে প্রাণদণ্ড হইতে পারে, রাজার নিকটে তেমন দোষ বলা। (৩) গুরুজনের মিথ্যাদোষ রটনা করা—এই তিনটী ব্রহ্মহত্যার সমান। (১) বেদত্যাগ কিংবা বেদ পড়িয়া ভুলিয়া যাওয়া। (২) বেদের নিন্দা করা। (৩) কুটিল কথা বলিয়া কেহে যোরে সাক্ষী দেওয়া—(ইহা দুই প্রকার। এক,—কোন বিষয় জানিয়া তাহা গোপন রাখা। আর একপ্রকার,—সত্য গোপন করিয়া মিথ্যা বলা)। (৪) বন্ধুর প্রাণ নষ্ট করা। (৫) নিষিদ্ধ দ্রব্য ভোজন করা। (৬) অখাদ্য দ্রব্য ভোজন করা। এই ছয় প্রকার অনুপাতক সুরাপানের সমান। (১) গচ্ছিত ধন ফাঁকি দিয়া লওয়া, (২) মানুষ চুরি করা, (৩) ঘোড়া চুরি করা, (৪) রূপা চুরি করা, (৫) ভূমি

(অতঃপর ৭ম পৃষ্ঠার ৩য় কলমে দ্রষ্টব্য)

শুদ্ধভক্তি-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠ-মূলমঠ

প্রাচীন নবদ্বীপ, অধুনা শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীব্রজপত্তন নামক স্থানে শ্রীচৈতন্যমঠ-সর্ব্বমঠ-পীঠ, শ্রীশ্রীগান্ধর্ব্বিকা শ্রীগৌর-গোপাল আচার্য্য চতুষ্টয় বিগ্রহ আছেন। সুপ্রাচীন গ্রন্থাদিপূর্ণ শ্রীভক্তিবিনোদ-গ্রন্থাগার আছে।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৫
কলিকাতায় শ্রীভক্তিবিনোদ আসনে প্রথম প্রতিষ্ঠিত। নিয়ত পাঠ, কীর্ত্তন, প্রভৃতিসহ শ্রীমদ্ভাগবতাদি গ্রন্থের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও হার্ম্মোনিষ্ট পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়।

(৩) যোগপীঠ-মায়াপুর-পীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব ভূমি মহাযোগপীঠ।

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং ... বর্ত্তমান।

(৬) মুরারিগুপ্তের পাট

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৭) কাজি-সমাধি-পাট

প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি।

(৮) অমুকূলকৃষ্ণানুশীলনাগার

শ্রীধাম মায়াপুর

(৯) আনন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
এখানে ও বিষ্ণুপাদ শ্রীভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ আমঘাটা (বর্দ্ধমান)

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মাউগাছি, পোঃ ভাণ্ডার, (বর্দ্ধমান)
শ্রীব্যাসাবতার ঠাকুর বৃন্দাবনের স্থান

(১৩) ঋতুদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(১৪) জহ্নুদ্বীপ-গৌড়ীয়মঠালয়

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ

গৌড়পুর, নদীয়া

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ

মাটিয়ারী—(শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৭) কুলিয়া

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

(২০) মহেশ-পণ্ডিতের পাট

কাঁঠালপুলি, পোঃ চাকদা (নদীয়া)

(২১) রাণাঘাট-গৌড়ীয়মঠাশ্রম

(২২) পুরী গৌড়ীয়মঠ

চব্বিশ পরগণা

(২৩) মাধবগৌড়ীয়মঠ

বালিয়াটি পোঃ বালিয়াটি, ঢাকা।
পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র।

(২৪) গোপালজীউমঠ

কমলাপুর, পোঃ ঢাকা

(২৫) নিতাই-গৌরাঙ্গ মঠ

পোঃ বালিয়াটি, (ঢাকা)

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

বড়বাজার, পোঃ ময়মনসিংহ

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চকচকা, কামরূপ (আসাম)

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

৩নং পাগলা বিল্ডিং, দার্জ্জিলিং

(৩০) মায়াবন্দ-গৌড়ীয়মঠ

পোঃ হরিহর, জেঃ সাহারাণপুর, ইউ, পি

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

দীঘাপুর পাটনা।

(৩২) গয়া গৌড়ীয়মঠ

বরগা রোড, গয়া

(৩৩) সনাতন-গৌড়ীয় মঠ

৮।১১ বড় গণেশগঞ্জ, বেনারস সিটি

(৩৪) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

(৩৫) পরমহংস মঠ,

পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়

বিশ্রামঘাট, পোঃ মথুরা

(৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণসহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ

কিশোরপুর, বৃন্দাবন

(৩৯) ব্রজস্বানন্দ-সুখদকুঞ্জ

পোঃ রাধাকুণ্ড (মথুরা)

(৪০) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪১) রাধাকুণ্ড গোর্দ্ধবাটী

(৪২) শ্রীগোবর্দ্ধনমঠালয়

গোবর্দ্ধন, মথুরা

(৪৩) সঙ্কেত বিহারী মঠ

বর্ষাণা, মথুরা।

(৪৪) নন্দগ্রাম গৌড়ীয়মঠালয়

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৫) বর্ষাণা গৌড়ীয়মঠালয়

পোঃ বর্ষাণা, মথুরা

(৪৬) গোষ্ঠবিহারী মঠ—শেখপাড়া,

পোঃ হোডোল, জেলা গুরগাঁও (পাঞ্জাব)

(৪৭) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

(৪৮) দিল্লী গৌড়ীয় মঠ

৪৫নং প্লেমান রোড, নিউ দিল্লী

(৪৯) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, কম্বালাহিল বিল্ডিং বোম্বে ৭

(৫০) মাদ্রাজ-গৌড়ীয়মঠ

পোঃ রায়পেটা, মাদ্রাজ
শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকাগিরিধারীর সেবা

(৫১) রামানন্দ-গৌড়ীয়মঠ

পোঃ কভুর, জেলা গোদাবরী মাদ্রাজ
শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকা-গিরিধারীর সেবা

(৫২) ব্রহ্মগৌড়ীয়মঠ

আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)

(৫৩) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা

(৫৪) ভক্তিকুটী—সমুদ্রতীর পুরী

(৫৫) লীলাকুটী

(৫৬) ক্ষীরচোরা-গৌড়ীয়মঠ

পোঃ রেমুণা, পুরী

(৫৭) সচ্চিদানন্দ মঠ

সাক্ষিগোপাল, পোঃ কটক (উড়িষ্যা)

(৫৮) সারঙ্গধর গৌড়ীয়মঠপীঠ

(৫৯) শ্রীব্রহ্মমাধবগৌড়ীয়-শ্রবণ-মঠ

পোঃ ব্রহ্মকুণ্ড, মাদ্রাজ

(৬০) ভাগবতজনানন্দ মঠ

চিকলিয়া, পোঃ রাজবলহাট, মেদিনীপুর

(৬১) অমাথি গৌড়ীয়মঠ

পোঃ অমাথি, মেদিনীপুর

(৬২) আমলাজোড়া প্রপন্নাশ্রম মঠ

পোঃ রাজবাঁধ (বর্দ্ধমান)

(৬৩) চৈতন্যগৌড়ীয়মঠ

ভুবনকুড়া, পোঃ টঙ্গুয়া, (মানভূম)

(৬৪) রেঙ্গুন গৌড়ীয়মঠ

৩০১ নং লিউইস্ ষ্ট্রীট, রেঙ্গুণ।

(৬৫) লণ্ডন-গৌড়ীয়মঠ

ফ্ল্যাট নং ২
৫১, আর্টিলরোড
ক্ল্যাপহাম, লণ্ডন, ট ৫

(৬৬) গৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

১৩।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা

(৬৭) গৌড়ীয়মঠ অফিস

হিউয়েট রোড, লক্ষ্ণৌ (ইউ-পি)

(৬৮) শ্রীবিজয়নিধি গৌড়ীয়মঠালয়

সদরকানন, চট্টগ্রাম

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীমহানন্দ ব্রহ্মচারী ভক্ত্যালোক, ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

-:(০):-

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও ২য় দিনের জন্য	সংবাদের পৃষ্ঠায় পরবর্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও ২য় দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় পরবর্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	।০	৷৵০	।৵০	।০
" " ইঞ্চি	২৲		১।০	১৲
সিকিকলম	৫৲	৪৲		৩৲
" অৰ্দ্ধকলম	৮৲	৬৲	৬৲	৫৲
এক কলম	১২৲	১০৲	১০৲	

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চি ৬৲	৪।০
" সিকি কলম ১৫৲	১২৲
" অৰ্দ্ধকলম ২৫৲	২০৲
" এক কলম ৩৫৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৸০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা ৫ ; বিশেষ সংখ্যার মূল্য স্বতন্ত্র।

শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী

শ্রীল প্রভুপাদের চতুঃষষ্টিতম-বর্ষপূর্ত্ত্যাবির্ভাব-তিথিতে শ্রীল আচার্য্যদেবের অভীষ্টানুসারে "শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী" প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। ইহাতে পূর্ব্বার্দ্ধ ও উত্তরার্দ্ধ দুইটি বিভাগ আছে। পূর্ব্বার্দ্ধে শ্রীল প্রভুপাদের আদি-প্রবন্ধাবলী শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের সম্পাদিত 'স-সজ্জনী সজ্জনতোষণী,' শ্রীল প্রভুপাদের 'নিবেদন' সাপ্তাহিক পত্র প্রভৃতি হইতে কথাসার ও প্রয়োজনীয় অর্থের টীকা-সহ প্রকাশিত হইয়াছে। উত্তরার্দ্ধে শ্রীল প্রভুপাদের সম্পাদিত 'সজ্জন তোষণী'র কতিপয় প্রবন্ধ কথাসার প্রভৃতির সহিত মুদ্রিত হইয়াছে। প্রবন্ধগুলি রচনাকালের ক্রমানুসারে গ্রথিত হইয়াছে; এতদ্ব্যতীত শ্রীল আচার্য্যদেবের একটি মূল্যবান্ উপোদ্ঘাত ও সঙ্কলনকারীর একটি বিস্তৃত ভূমিকা, শব্দ সূচী, স্থান-পাত্র-শ্লোক ও পয়ার-সূচী প্রভৃতি গ্রন্থে সংযোজিত হইয়াছে। গ্রন্থটি উৎকৃষ্ট কাগজে পারিপাট্যের সহিত মুদ্রিত ও শ্রীল প্রভুপাদের আলেখ্যাদিদ্বারা ভূষিত ও সুন্দর বাঁধাই হইয়া প্রকাশিত হইয়াছে। প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, জিলা নদীয়া; শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ও শ্রীমাধ্বগৌড়ীয়মঠ, বরিশা, পোঃ ওয়ারী, ঢাকা।

[শ্রী]ল প্রভুপাদের পদ্যপ্রসূন মালা

এই গ্রন্থে ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তি- সিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের রচিত পদ্যাবলী শ্রীল আচার্য্যদেবের বিরচিত "গৌরব" নামক কাব্যের সহিত প্রকাশিত হইয়াছে। শ্রীল প্রভুপাদের অনেক অপ্রকাশিত পদ্য ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ।০ আট আনা।

শ্রীধাম মায়াপুরে

—(:০:)—

—"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট"—

—::০::—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে। বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। আহার ও বেতনবাবদ প্রতি মাসে মাত্র ৬৲ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উৎকৃষ্ট ফল প্রদর্শন করিতেছে। বর্ত্তমান বর্ষে ১৬ জন বালকের মধ্যে ১৫ জন ভালভাবে উত্তীর্ণ হইয়াছে।

মেধাবী ছাত্রগণের আরও সুবিধা

পরীক্ষায় যাহারা গড়ে শতকরা ৭৫ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ সচ্চরিত্র বিনয়ী ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক-সম্পাদিত: এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতিসুন্দরভাবে আলোচিত হইয়াছে। এই এক অপূর্ব্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

চৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত্র অতিসুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত ইহার ভিক্ষা মাত্র ৪৲ টাকা। প্রাপ্তিস্থান শ্রীযুক্ত নন্দকিশোর ভক্তিশাস্ত্রী, শ্রীযোগপীঠ, শ্রীধাম, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

[শ্রী]সরস্বতী-সংলাপ

প্রথম খণ্ড

শ্রীশ্রীব্রহ্মমাধ্ব গৌড়ীয়সম্প্রদায়ৈকসংরক্ষক জগদ্‌গুরু পরমহংসকুলচূড়ামণি নিত্যলীলা-প্রবিষ্ট ১০৮শ্রী শ্রীমদ্‌ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামি-প্রভুপাদ বিভিন্ন জিজ্ঞাসু ও ভক্তবৃন্দের পরিপ্রশ্নের উত্তরে ও সংশয়-নিরাকরণকল্পে যে-সকল হরিকথামৃতধারা কীর্ত্তন করিয়াছেন, যাহা তাঁহার প্রকটকালেই 'গৌড়ীয়' সম্পাদক শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ প্রভুপাদেরই শ্রীহস্তে সংশোধিত করাইয়া সংগ্রহপূর্ব্বক এবং যাহার কিয়দংশ গৌড়ীয়পত্রে প্রকাশিত হইয়াছে, তাহা "শ্রীশ্রীসরস্বতী-সংলাপ" নাম প্রদানপূর্ব্বক শ্রীল প্রভুপাদের 'বক্তৃতাবলী' ও 'পত্রাবলী' আকারে খণ্ডে খণ্ডে প্রকাশিত হইতেছেন। বর্ত্তমানে শ্রীল প্রভুপাদের পঞ্চবার্ষিক বিরহতিথিপূজা-বাসরে ঐ সংলাপের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছেন। মানবজীবনের বহু জটিলতম সমস্যা ও কঠিন প্রশ্নের সমাধান ইহাতে পাওয়া যাইবে। ভক্তিপথের পথিকমাত্রেরই এই গ্রন্থ সংগ্রহ একান্ত প্রয়োজন।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপদেশক পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী সম্প্রদায়-বৈষ্ণবাচার্য এম-এ মহোদয়ের প্রৌঢ়গবেষণা এবং পরিপক্ক লেখনীর অদ্ভুত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত্র-পাঠে ধন্য হউন। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিভিন্ন চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৩৩শ অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্তার ভূমিকাদ্বয় (Preaces), বিষয়-তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র-(Index Glossary) সহ গ্রন্থখানি প্রকাশিত। ভিক্ষা—১৫৲ পনর টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, রায়পেটা মাদ্রাজ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

'ঠাকুর ভক্তিবিনোদ'

——ঃ(*)ঃ——

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি-প্রচারের মূল মহাজন সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবচূড়ামণির অভিনব জীবনচরিত এতাবৎকাল পর্য্যন্ত গ্রন্থাকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয়মঠাচার্য্যবরের অন্তেবাসী পরবিদ্যাসাহিত্যিক সু-লেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু মূল্যবান শিক্ষাবলীও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১২৫ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৸০ আনা; ডাক মাশুল স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান—ম্যানেজার গ্রন্থবিভাগ
শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা।

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

——ঃ(*)ঃ——

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিভিন্ন ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু গ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১৩।১নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

হেমলার পাঁচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাটতি এত অত্যন্ত অধিক। শিতার প্লীহা সংযুক্ত জ্বরাদিতে এবং নূতন ও পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। মূল্য ছোট বোতল ৸৵০ দশ আনা, বড় বোতল ১৷৵০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

২৯১নং আপার চিৎপুর রোড, কলিকাতা
অথবা
পোঃ বেহালা, ২৪ পরগণা।

ই. বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	৫-৩৬	৬-২৩	৭-০৬	১২-২৩	১৪-৫৩	১৬-৫৬	১৭-৫৩	২২-২৩
রাণাঘাট পৌঃ			৮-২৮	১৪-১৫				
(বদল) ছাঃ			৯-৩০	১৪-৫০				
কৃষ্ণনগর পৌঃ	৭-১	৮-৪৫	১০-৮	১৫-২০	১৭-২৮	১৯-০৮	২৩-৫৩	১-১২
(বদল) ছাঃ	৭-১২		১০-৩১		১৭-৩৮		২০-২৩	
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫১		১১-১০		১৮-১৩		২১-৪	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
রাণাঘাট পৌঃ	১২-৫৫
ছাঃ	১৩-০
শান্তিপুর পৌঃ	১৩-২৩
(বদল) ছাঃ	১৩-৩১ (ন্যারো গেজরেলে)
কৃষ্ণনগর পৌঃ	১৪-১২
ছাঃ	১৪-৩০
নবদ্বীপঘাট পৌঃ	১৫-১০

ডাউন

নবদ্বীপঘাট ছাঃ	৫-৪৫		৯-১০			১৩-৩১	১৬-০	১৮-৩১
কৃষ্ণনগর পৌঃ	৬ ২৩	৯-১৬	৯-৪৮	১১-৪১	১৪-১০	১৬-৩৮	১৯-১১	২১-১০
ছাঃ	৬-৩৬	৭-১৮	১০-১১			১৬-৫৬	১৯-২৫	
রাণাঘাট পৌঃ			১০-৫৬			১৭-৩০		
(বদল) ছাঃ			১১-১			১৭-৪০		
কলিকাতা পৌঃ	৬-১৬	৯-২১	১১-৫১	১২-১৬	১৪-১৬	১৯-১১	২১-৪১	২৩-০৭

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৩-৩১	১৬-০		
কৃষ্ণনগর পৌঃ	১৪-১০	১৬-৩৮		
ছাঃ	১৫-২৮	১৭-৩০		
শান্তিপুর পৌঃ	১৬-৯	১৮-১৪		
(বদল) ছাঃ	১৬-৩৩	১৮-২৫ (শনিবার ভিন্ন)	২০-৪৩ (শনিবার)	
রাণাঘাট পৌঃ	১৭-১০	১৮-৫০	২১-১৫	
(বদল) ছাঃ	১৭-৪০	১৯-১৪	২১-৫০	
কলিকাতা পৌঃ	১৯-১১	২০-৪০	২৩-০৭	

পোঃ—শ্রীমায়াপুর
টেলিগ্রাম—'শ্রীধাম
শ্রীমায়াপুর'

REGD No C 1544

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৪শ খণ্ড] শ্রীমায়াপুর- ৯ই শ্রাবণ, ১৩৪৬, ২৫শে জুলাই, ১৯৩৯, মঙ্গলবার [১২৫শ সংখ্যা

বিবিধ সংবাদ

—::(০)::—

বার্ষিক কোটি টাকার দাবী

ডাঃ সৈয়দ মামুদের সভাপতিত্বে কেন্দ্রীয় শিক্ষা বোর্ডের প্রাপ্ত বয়স্কদের শিক্ষা সম্পর্কিত সাব-কমিটির অধিবেশন আরম্ভ হইয়াছে। তিন দিন অধিবেশন হইবে। প্রকাশ, দেশের প্রাপ্ত বয়স্কদের শিক্ষা ব্যবস্থার উদ্দেশ্যে দশ বৎসরের জন্য কেন্দ্রীয় রাজস্ব হইতে বার্ষিক এক কোটি টাকা দেওয়ার জন্য উক্ত কমিটি সুপারিশ করিয়াছেন। সাব-কমিটি সমাজ সেবাকে একটা প্রধান শিক্ষণীয় বিষয় বলিয়া গ্রহণ করিবার জন্য বিশ্ববিদ্যালয়সমূহের নিকট আবেদন করিয়াছেন এবং প্রাপ্ত বয়স্কদের মধ্যে শিক্ষা বিস্তারের জন্য ছাত্রদের সাহায্য লাভের ব্যবস্থা করিবার প্রস্তাব করিয়াছেন।

সাব-কমিটির অধিবেশন হইবে, উক্ত অধিবেশনের কমিটির রিপোর্টের খসড়া করা হইবে তৎপর অধিবেশন সমাপ্ত হইবে।

পাটনা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক সুখার্জি পর্যবেক্ষকরূপে উপস্থিত ছিলেন। নিম্নোক্ত সদস্য অধিবেশনে যোগদান করিয়াছিলেন:—যুক্তপ্রদেশের শিক্ষা বিভাগের পার্লামেন্টারী সেক্রেটারী শ্রীকারণ সিং কানে, রাজকুমারী অমৃত-কুমারী, পাঞ্জাবের শিক্ষা ডিরেক্টর মিঃ ডবলিউ এইচ এফ আর্মষ্ট্রং, ভারত সরকারের শিক্ষা কমিশনার মিঃ সার্জেন্ট, বোম্বাইর প্রাপ্ত-বয়স্ক শিক্ষা সম্পর্কিত বোর্ডের চেয়ারম্যান মিঃ এস আর ভাগবত, বাঙ্গালার শিক্ষা বিভাগের ডিরেক্টর ডাঃ ডবলিউ এ যেকিন, কাশ্মীরের শিক্ষা বিভাগের ডিরেক্টর মিঃ কে জে সৈয়দাইন, ভারতীয় প্রাপ্ত বয়স্ক শিক্ষা সম্মেলনের সহকারী সভাপতি অধ্যাপক কে বাসু, যুক্তপ্রদেশের শিক্ষা বিভাগের রায় সাহেব পণ্ডিত শ্রীনারায়ণ চতুর্ব্বেদী।

——

দক্ষিণ-পূর্ব্ব সানসীতে প্রচণ্ড সংগ্রাম

চাটুং পর্ব্বতে জাপবাহিনী যাহাতে চীনা সৈন্যদিগকে ঘেরাও করিয়া ফেলিতে না পারে তজ্জন্য লক্ষাধিক চীনা সৈন্য পীত নদী অতিক্রম করিয়া দক্ষিণ পূর্ব্ব সানসিতে প্রবেশ করিয়াছে বলিয়া সংবাদ পাওয়া গিয়াছে। বর্ত্তমানে তুমুল যুদ্ধ হইতেছে।

প্রকাশ চীনারা জাপানীদের আক্রমণ প্রতিহত করিতে সক্ষম হইয়াছে। চীনাদের পক্ষ হইতে দাবী করা হইয়াছে যে গত সপ্তাহে তিন হাজার জাপ সৈন্য নিহত হইয়াছে। জুলাই মাস শেষ হইবার পূর্ব্বে জাপানীরা মধ্য-চীনে প্রচণ্ড আক্রমণ করিবে বলিয়া স্থির করিয়াছে, আরও বলা হইয়াছে যে, পাঁচটি জাপানী ডিভিশন ইয়াংসির আপোষ্ট্রং বন্দর আক্রমণ করিবার জন্য প্রস্তুত হইতেছে। তিন ডিভিশন জাপ-সৈন্য কিয়াং'স প্রদেশ হইতে হুনান প্রদেশের রাজধানী চাংশা অভিমুখে অভিযান করিবে মোট চার লক্ষাধিক জাপানী সৈন্য এই অভিযানে ব্যাপৃত হইবে বলিয়া বলা হইয়াছে।

চুংকিং হইতে প্রাপ্ত এক সংবাদে প্রকাশ, চীনাবাহিনী সোয়াতাউ,—চাঙ্কো রেলওয়ের উত্তর-সীমান্ত অঞ্চল দখল করিয়াছে।

রবিবার রাত্রিতে চীনাবাহিনী চাঙ্কো ঘেরাও করে এবং তিন দিক হইতে প্রাচীর বেষ্টিত নগরী আক্রমণ করে। শেষ পর্য্যন্ত তাহারা উত্তর দ্বার দিয়া সহরে প্রবেশ করিয়াছে। উক্ত সংবাদে আরও প্রকাশ, জাপ-বাহিনী সোয়াতাউ রেলওয়ে বরাবর হটিয়া যাইতেছে।

জাপ-সৈন্য কর্তৃপক্ষ কুকিয়ান প্রদেশের উত্তরে অবস্থিত সাংটাও সুমুক্ত ও সাংচং এই তিনটি বন্দরও অবরোধের অভিপ্রায় বৈদেশিক বাণিজ্যদূতগণকে জানাইয়াছেন। প্রকাশ, নিরপেক্ষ শক্তি হিসাবে ব্রিটিশ কর্তৃপক্ষ তাহাদের জাহাজাদিও ব্রিটিশ প্রজাগণকে ঐ সব বন্দর হইতে সরাইয়া লইবার জন্য জাপানের অনুরোধ অগ্রাহ্য করিবেন।

বর্দ্ধমানের রাজার বিগ্রহের অলঙ্কার অপহৃত

গত ১৮ই জুলাই রাত্রিতে মন্দিরের দরজা ভাঙ্গিয়া বর্দ্ধমান রাজ পরিবারের রাধাবল্লভজী বিগ্রহের প্রায় ২ হাজার টাকা মূল্যের অলঙ্কার কে বা কাহারা চুরি করিয়াছে। এই চুরি সম্পর্কে পুলিশ তদন্ত করিতেছে।

চাকেশ্বরী মিলে ধর্ম্মঘট

২০শে জুলাই ১নং চাকেশ্বরী কটন মিলের ধর্ম্মঘটের দ্বিতীয় দিবস। ধর্ম্মঘট সম্পূর্ণ শান্তিপূর্ণভাবে চলিতেছে। এই ধর্ম্মঘটের সমর্থন করিয়া চিত্তরঞ্জন কটন মিল, লক্ষীনারায়ণ কটন মিল ও ২নং ঢাকেশ্বরী কটন মিলে সভা হইয়াছে। মিল কর্তৃপক্ষ যদি ধর্ম্মঘটীদের দাবী পূরণ না করেন, তাহা হইলে ধর্ম্মঘট নিকটবর্ত্তী সমস্ত মিলে বিস্তৃত হওয়ার সম্ভাবনা। লাল স্বেচ্ছাসেবকগণ পার্শ্ববর্ত্তী গ্রামসমূহে গিয়া ধর্ম্মঘটীদের সমর্থনের জন্য সভা করিতেছে এবং অর্থ সংগ্রহ করিতেছে। ১নং ঢাকেশ্বরী মিলের ধর্ম্মঘট সম্পর্কে কি ব্যবস্থা অবলম্বন করা হইবে তাহা স্থির করিবার জন্য ২নং ঢাকেশ্বরী কটন মিলে শ্রমিকদের এক বৃহৎ সভা হয়। উহাতে সর্ব্বসম্মতিক্রমে সিদ্ধান্ত হয় যে, ধর্ম্মঘটীদের দাবী পূরণ না করা হইলে শুক্রবার মিলেও ধর্ম্মঘট করা হইবে। কমার ইউনিয়ন বোর্ডের প্রেসিডেণ্ট মৌলবী ভাজুল্লাত হোসেন মিঞার সভাপতিত্বে নবীগঞ্জ ও উহার নিকটস্থ গ্রামসমূহের অধিবাসীদের এক সভায় ধর্ম্মঘট সমর্থন এবং ধর্ম্মঘটীদিগকে অর্থ দিয়া ও অন্যান্য উপায়ে সাহায্য করিতে অনুরোধ করিয়া এক প্রস্তাব সর্ব্ব-সম্মতিক্রমে গৃহীত হইয়াছে।

——

হরিদ্বার ও দেরাদুনের মধ্যে ট্রেণ চলাচল বন্ধ

অবিরত প্রবল বর্ষণের ফলে হিমালয়ের পর রৈওয়ালা ও কান্সরো ষ্টেশনের মধ্যবর্ত্তী রেল লাইনের আরও স্থান ভাঙ্গিয়া গিয়াছে। এই হেতু হরিদ্বার ও দেরাদুনের মধ্যে সকল ট্রেণের যাতায়াত আরও ৩।৪ দিন বন্ধ থাকিবে। ইতিমধ্যে উক্ত স্থানে কার্য্যে নিযুক্ত রেল কোম্পানীর ইঞ্জিনিয়ারগণ লাইন মেরামত করিতে পারিবেন বলিয়া আশা করেন। পূর্ণোদ্যমে মেরামতের কাজ চলিতেছে। ট্রেণ বন্ধের ফলে হরিদ্বার ও দেরাদুনের মধ্যে যাত্রীদের বিশেষ ভিড় হইয়াছে। মোটরবাসগুলি যাত্রীর ভিড় কমাইতে পারিতেছে না।

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল সরস্বতী ঠাকুরের পরবিদ্যাভূষণ গোস্বামী মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক। প্রতি একাদশীতে প্রকাশিত হয়। কলিকাতা বাগবাজারস্থ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। সডাক ভিক্ষা ৪৷৹ টাকা মাত্র।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ কুঞ্জবিহারী বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৷৹ টাকা মাত্র।

৩। ভাগবত—হিন্দিভাষায় একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷৹ টাকা মাত্র

৫। শ্রীগৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ কুঞ্জবিহারী বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷৹ মাত্র।

পরমগুরু শ্রীগৌরকিশোর

গৌড়ীয়-সম্পাদক-লিখিত, শ্রীগৌড়ীয়মঠাচার্য্যের ভূমিকা-সম্বলিত, বহুচিত্র-শোভিত ও বিষয় সূচী সম্বলিত "পরমগুরু শ্রীগৌরকিশোর" গ্রন্থখানি প্রকাশিত হইয়াছেন। এই গ্রন্থখানিতে শুদ্ধগৌড়ীয়বৈষ্ণবজগতের পরমারাধ্য, গৌড়ীয়গৌরবশিখামণি অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ নিত্যলীলাপ্রবিষ্ট পরমহংস ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল গৌরকিশোরদাস গোস্বামী প্রভুবরের অলৌকিক চরিতকথা বর্ণিত আছে।

শ্রীশ্রীভক্তিবিনোদাবির্ভাব-শতবর্ষপূর্ত্তিতিথিপূজার উপায়ন-গ্রন্থমালা

——:(০):——

১। শ্রীচিন্তাহরো শ্রীভক্তিবিনোদ

শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র গীতিসাহিত্যের সমালোচনা-গ্রন্থ)

ভিক্ষা—৸৹ বার আনা মাত্র।

২। শ্রীভক্তিবিনোদবাণীবৈভব

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের রচনাসমুদ্র হইতে আহৃত ১০৮টি অধ্যায়ে সম্বন্ধ-অভিধেয়-প্রয়োজনাকারে গ্রথিত অমূল্য উপদেশপূর্ণ গ্রন্থ)

ভিক্ষা—৩৲ তিন টাকা মাত্র।

৩। শ্রীশ্রীভক্তিবিনোদ-প্রসঙ্গ

ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ ও ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল সরস্বতী ঠাকুরের পরবিদ্যাভূষণ গোস্বামী প্রভু-বিরচিত এবং গৌড়ীয়ে প্রকাশিত শ্রীশ্রীভক্তিবিনোদ-চরিত-প্রসঙ্গ

ভিক্ষা—৷৶৹ ছয় আনা মাত্র।

৪। ছাত্রদের ভক্তিবিনোদ

ছাত্রদের উপযোগী ভাষায় লিখিত শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত ও শিক্ষা)

ভিক্ষা—৸৹ বার আনা মাত্র।

ছাত্রদের পক্ষে ভিক্ষা—৷৹ আট আনা মাত্র)

প্রাপ্তিস্থান :—

(১) 'ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট', পোঃ শ্রীমায়াপুর, নদীয়া ;

২) শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ;

৩ শ্রীযুক্ত কৃপাসিন্ধু দাস এম্‌-এ, বি-এল্‌, পুরাণপল্টন পোঃ রমনা, ঢাকা।

শুদ্ধভক্তি মালা

বাঙ্গালা অক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্‌,—সমগ্র ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ৩৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। অনুভাষ্য সহিত শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৬৲
৩। অনুভাষ্য শ্রীচৈতন্যচরিতামৃত ৬৲
৪। [illegible] (অবাঁধা) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী ১ম খণ্ড ৸৹ ; ২য় খণ্ড ১৲ ; ৩য় খণ্ড—৸৹ ৪র্থ খণ্ড—৸৹
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী ১ম খণ্ড—৸৹; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸৹
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার-দীপিকা ও সংস্কার দীপিকা ১৷৹
৯। জৈবধর্ম্ম ২৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸৹
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ৷৹
১৫। বৈষ্ণবসাহিত্যে দ্বিরুক্ত-তত্ত্ব ৷৹
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸৹
১৭। চৈতন্যোপনিষৎ ৷৹
১৮। সাধন-আম্নায় ৷৹
১৯। তত্ত্ববিবেক ৷৹
২০। গৌড়ীয়-গৌরব ৷৶৹
২১। গৌড়ীয়সাহিত্য ৷৶৹
২২ ভজন-রহস্য ৷৹
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্‌ ও শ্রীনবদ্বীপশতকম্‌ (বাঁধা) ১৲
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা সহ) ২
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) ২ অবাঁধা) ১৲
২৬। গীতার কেবল মাত্র ভাষা
২৭। [illegible] (সানুবাদ) ২৲
২৮। বেদান্তসার (সানুবাদ) ৷৹
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৸৹
৩০। দীপ-দিগ্‌-দর্শন ৶৹
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ৷৶৹
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ৷৹
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸৹
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶৹
৩৫। গীতমালা ৵১০
৩৬। নবদ্বীপধাম-মাহাত্ম্য ৶৹
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৶৹
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ৷৹
৩৯। শ্রীগৌরমণ্ডলপরিক্রমায় ৷৹
৪০। শরণাগতি ৵৹
৪১। গীতাবলী ৵৹
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸৹
৪৩। সাধনতত্ত্ব ৵৹
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ৴
৪৫। নবদ্বীপশতক
৪৬। অর্চ্চনকণ
৪৭। সদাচারস্মৃতি ৶
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৵১০
৪৯। অর্চ্চনকণ
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম-৪ খণ্ড) ৬৲
৫১। ব্রহ্মসংহিতা ৷৹
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ৷৹
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸৹
৫৪। পুরুষার্থ-বিনির্ণয় ৷৹
৫৫। অণুভাষ্য বা মায়াবাদশতদূষণী ৷৹
৫৬ ভারতবর্ষ ও ভক্তিপথ ৶৹
৫৭। ঈশোপনিষৎ (ভাষাদিসহ) ৷৹
৫৮। শ্রীভুবনেশ্বর ৶৹
৫৯। শিক্ষাদর্শন ৶৹
৬০। সাংবাদিকী ৵৹

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতম্‌ ৷৹
৬২। সিদ্ধান্ত-সরস্বতী বিজয়ঃ ৷৹
৬৩। সটীক-শিক্ষাষ্টকম্‌ ৷৹
৬৪ তত্ত্বসূত্রম্‌ ৷৹
৬৫। সানুবাদ শিক্ষাষ্টকম্‌ ৶৹
৬৬। গৌড়ীয়মঠপরিচয়ঃ ৵৹
৬৭। মায়াবাদবর্জনম্‌ ৶৹

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ৷৹
৬৯। এ ফিউ ওয়ার্ডস অন বেদান্ত ৷৹
৭০। নামভজন ৵৹
৭১। বেদান্ত—ইটস্‌ মরফলজী অ্যাণ্ড অন্টলজি ৷৹
৭২। রিলেটিভ ওয়ার্ল্ড'স ৷৶৹
৭৩। লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস্‌ অব শ্রীচৈতন্য মহাপ্রভু ৷৹
৭৪। বৈষ্ণবিজম্‌
৭৫। হোয়াট গৌড়ীয় মঠ ইজ ডুইং ৵৹
৭৬। দি ভাগবত ৷৹
৭৭। [illegible] প্রিন্সিপল অ্যাণ্ড [illegible] ৷৹
৭৮। ব্রহ্মসংহিতা ১৷৹
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (প্রথম খণ্ড) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ৷৹
৮১। সাধন-পথ ৷৹
৮২। কল্যাণ-কল্পতরু ৶৹
৮৩। গীতাবলী ৵৹
৮৪। শরণাগতি ৵৹

তামিল ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ৵৹

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

একমাত্র পারমার্থিক দৈনিক পত্র

শ্রীধাম-মায়াপুর-নদীয়া

১৪শ বর্ষ | ১ পুরুষোত্তম ৪৫৩ গৌরাব্দ, ৯ই শ্রাবণ বঙ্গাব্দ ১৩৪৬, ২৫শে জুলাই ইং | মঙ্গলবার | ১১৫শ সংখ্যা॥

"শ্রীগুরুতত্ত্ব—নিত্যানন্দ; সেই কৃষ্ণাভিন্নবিগ্রহকে যে পাষণ্ড মনুষ্য-বুদ্ধিতে গ্রহণ করে, সেই পাষণ্ডীর সঙ্গিগণের সহিত কোন প্রকার সম্বন্ধ রাখা ভগবদ্ভক্তের কর্ত্তব্য নহে।"

(শ্রীল প্রভুপাদ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

পুরুষোত্তম, [illegible] প্রদ্যুম্ন গৌরাব্দ ৪৫৩

ত্রিদণ্ডি-ভিক্ষু

——::*::——

আমরা শ্রীমদ্ভাগবতে ত্রিদণ্ডিভিক্ষুর কথা শুনিতে পাই। জড়াত্মনিষ্ঠা পরিত্যাগ পূর্ব্বক পরাত্মনিষ্ঠাই, অসৎসঙ্গ পরিত্যাগ পূর্ব্বক সৎসঙ্গ-গ্রহণরূপ বৈষ্ণব-আচারই সন্ন্যাসের তাৎপর্য্য। তাই সেই ত্রিদণ্ডিভিক্ষু কায়মনোবাক্যে জড়াত্মনিষ্ঠা পরিত্যাগ করিবার জন্য শ্রীচৈতন্যচরিতামৃতোক্ত অসৎসঙ্গের সহিত সন্ন্যাস করিয়া সৎসঙ্গগ্রহণরূপ বৈষ্ণবাচার পালন এবং সাধুসঙ্গে মুকুন্দ-সেবায় আত্মনিয়োগ করিবার জন্য ত্রিদণ্ড-গ্রহণকে নিত্যানন্দের উপায় বলিয়া বরণ করিয়াছিলেন। সেই ত্রিদণ্ডিভিক্ষুর গীতিটী আমাদের মঙ্গলের পথ নির্দ্দেশ করিতেছে—

এতাং স আস্থায় পরাত্মনিষ্ঠা-
মধ্যাসিতাং পূর্ব্বতমৈর্ম্মহর্ষিভিঃ।
অহং তরিষ্যামি দুরন্তপারং
তমো মুকুন্দাঙ্ঘ্রি নিষেবয়ৈব॥

(ভাঃ ১১।২৩।৫৭)

আমি এতদিন দেহে আত্মবুদ্ধি করিয়া মোহকালে আচ্ছন্ন ছিলাম, এখন প্রাচীন মহাজনগণের উপাসিত পরমাত্মনিষ্ঠারূপ ত্রিদণ্ডি-ভিক্ষু-আশ্রম আশ্রয় পূর্ব্বক শ্রীমুকুন্দ-পাদপদ্ম নিষেবন দ্বারা এই দুরন্তপার সংসারতমঃ উত্তীর্ণ হইব।

শ্রীচৈতন্যচরিতামৃতেও আমরা দেখিতে পাই—

প্রভু কহে, সাধু এই ভিক্ষুর বচন।
মুকুন্দ-সেবনব্রত কৈল নির্দ্ধারণ॥
পরমাত্ম-নিষ্ঠামাত্র বেষ ধারণ।
মুকুন্দসেবায় হয় সংসার-তারণ॥

কলিতে সন্ন্যাস নাই বলিয়া কেহ কেহ—

অশ্বমেধং গবালম্ভং সন্ন্যাসং পলপৈতৃকম্।
দেবরেণ সুতোৎপত্তিং কলৌ পঞ্চ
বিবর্জ্জয়েৎ॥

—এই শ্লোকটী উদ্ধার করিয়া থাকেন। এই শ্লোকে কর্ম্ম-মার্গীয় সন্ন্যাস নিষেধ হইয়াছে। কলিকালে কর্ম্মমার্গীয় সন্ন্যাস নিষেধ করিলেও শ্রীগৌরসুন্দর ত্রিদণ্ডিভিক্ষুর বেষকে আদর করিয়াছেন। সুতরাং এই ত্রিদণ্ডিভিক্ষুর আদর্শ প্রত্যেকেরই গ্রহণীয়। পরমহংস বৈষ্ণবগণ ত্রিজগতের গুরু। আমরা সাধু ও শাস্ত্রবাক্য জানিতে পারি যে, স্বয়ং পরমহংস বৈষ্ণবগণও আচার্য্যলীলায় মধ্যম-অধিকারীর অভিনয় করিতে পারেন এবং ত্রিদণ্ডিক পরমহংস হইয়াও 'আপনি আচরি ধর্ম্ম জীবেরে শিখায়' এই ন্যায়ানুসারে ত্রিদণ্ডিভিক্ষুর অভিনয় দেখাইয়া নিখিল হরিবিমুখ জীবকে কায়মনোবাক্যে পরাত্মনিষ্ঠা ও মুকুন্দসেবা করিবার জন্য আহ্বান করিতে পারেন। শ্রীল প্রবোধানন্দ সরস্বতীপাদ নিত্যসিদ্ধ পরমহংস হইয়াও আচার্য্যলীলায় ত্রিদণ্ডীর অভিনয় দেখাইয়াছেন। আমাদের নিত্যপ্রভু জগদ্গুরু পরমারাধ্য শ্রীল আচার্য্যদেবও তাঁহাদের নিত্যসিদ্ধ পার্ষদ সহজ পরমহংস হইয়াও মাদৃশ পতিত জীবগণকে বৈষ্ণবাপরাধপঙ্ক ও ভক্তি-প্রতিকূল বিচারের হস্ত হইতে উদ্ধার করিবার জন্য বৈষ্ণবধর্ম্মানুমোদিত ত্রিদণ্ড-সন্ন্যাস-গ্রহণ-লীলাভিনয় করিয়াছেন এবং তাঁহার পক্ষে এইরূপ কায়মনোবাক্য-দণ্ড গ্রহণ করিয়া নিরন্তর হরিভজন করাই একমাত্র শ্রেয়ঃপন্থা, ইহা নিজে আচরণ করিয়া শিক্ষা প্রদান করিতেছেন। আমরা শ্রীআচার্য্য-পাদপদ্মের কৃপাভিখারী হইয়া সানন্দে সপরিকর সেই গৌড়ীয়বৈষ্ণবাচার্য্যের জয়গান মুখে তাঁহার নিকট পুনঃ পুনঃ কৃপাভিক্ষা করিতেছি। জয় সগোষ্ঠী ও নিজপার্ষদ পরমহংস পরিব্রাজকাচার্য্যবর্য্য অষ্টোত্তরশত শ্রী শ্রীমদ্ ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী প্রভুপাদ কি জয়! আমরা যেন সেই নিত্যানন্দাভিন্ন-বিগ্রহ শ্রীশ্রীল আচার্য্যদেবের কোটিচন্দ্র-সুশীতল শ্রীচরণ-কমলে আত্মবিক্রয় করিতে পারি—তৎপাদপদ্মে সর্ব্বস্ব সমর্পণ করিতে পারি—তাঁহার সেবার জন্য প্রাণ বিসর্জ্জন করিতে পারি, এইটি শ্রীশ্রীল আচার্য্যদেব, শ্রীশ্রীল প্রভুপাদ ও অন্যান্য গুরুবর্গের শ্রীচরণে আমাদের কাতর প্রার্থনা। সর্ব্বস্ব দিয়া [illegible] দিয়া শ্রীগুরু-পাদপদ্মের সেবা করিবার যোগ্যতা কি আমাদের হইবে না? আবার কবে [illegible] জন্য গৌর-নিজজনের [illegible], সেদিন আমাদের কবে হইবে? [illegible] ঐ কৃপা আমরা কবে সানন্দে বরণ করিতে পারি?

কলিকালে [illegible] কলাপ নাম [illegible] বর্জিত হইয়াছে—সর্ব্বক্ষণ [illegible] কৃষ্ণসেবা করিবার [illegible] কায়মনোবাক্য অর্পণ [illegible] যায়। সুতরাং গ্রাম্যকথা পরিত্যাগ করিয়া কৃষ্ণকথায় নিযুক্ত হইতে হইবে। [illegible] কালে [illegible] যে কোন উচিত হয়, [illegible] বিচার পূর্ব্বক কেবলমাত্র [illegible] কোন প্রকার করিতে হইবে, তাহা হইলেই ক্রোধাদি [illegible] মন পবিত্র হইবে। অন্যথা সকল পরিত্যাগ করিয়া প্রাণকৃষ্ণকারী মহাজনগণের [illegible] গ্রহণ পূর্ব্বক সর্ব্বদা সেবোন্মুখ হইয়া [illegible] কৃষ্ণনাম করিতে হইবে, [illegible] জিহ্বা, উদর ও উপস্থ [illegible] ইন্দ্রিয়-প্রবৃত্তি-নিবৃত্তি [illegible] হইবে। এইরূপে ত্রিদণ্ডের কায়মনোবাক্য দণ্ডিত করিয়া কৃষ্ণসেবায় নিযুক্ত হইতে পারিলেই আমাদের জীবন সার্থক হইবে। জানি না কবে আচার্য্য-কৃপায় আমরা কায়মনোবাক্যকে

অর্জিত করিয়া তৎপদাশ্রয়প্রভাবে নিরন্তর হরিসেবার সৌভাগ্য পাইব।

পুরাকালে অবন্তীনগরে এক সমৃদ্ধিশালী বিপ্র বাস করিতেন। তিনি খুব কৃপণ-স্বভাব ছিলেন। অর্থই ছিল তাঁহার প্রাণ। তিনি ধর্মে কর্মে কখনও এক পয়সাও ব্যয় করা দূরের কথা, স্ত্রী-পুত্র আত্মীয়-স্বজনের সেবার জন্যও অর্থ ব্যয় করিতেন না। সেইজন্য তাঁহার আত্মীয়স্বজন তাঁহাকে কেহই ভালবাসিত না। তিনি দেবতা-দিগের জন্যও কখনও এক কপর্দক ব্যয় করিতেন না। ক্রমশঃ গৃহবিমুখ দেবতাগণ ও তাঁহার আত্মীয়-স্বজন তাঁহার প্রতি ক্রুদ্ধ হইয়া তাঁহার উপর নানাভাবে অত্যাচার করিতে লাগিলেন। জ্ঞাতিগণ সেই বিপ্রাধমের কিছু অর্থ তাঁহার অসাক্ষাতে সংগ্রহ করিল, দস্যুগণ সজোরে কিছু অপহরণ করিল, আর কিয়দংশ দুর্ভাগ্যাদি দৈব-দুর্বিপাক ও কাল প্রভাবে ক্রমশঃ নষ্ট হইল। এইরূপে তাঁহার যাবতীয় ধন নষ্ট হইলে সেই ধর্মকামবর্জিত ব্রাহ্মণ স্বজনগণ কর্তৃক উপেক্ষিত হইয়া অতিশয় চিন্তাগ্রস্ত হইয়া পড়িলেন এবং অবশেষে তাঁহার চিত্তে মহাবৈরাগ্যের উদয় হইল। তখন তিনি বলিতে লাগিলেন, যেরূপ কুষ্ঠ-রোগও দেহধারিগণের মনোরম সৌন্দর্যের হানিজনক হয়, সেইরূপ কিঞ্চিন্মাত্র লোভও যশস্বিগণের নির্মল যশ এবং গুণিগণের গুণসমূহ নষ্ট করিয়া থাকে। অর্থের উপার্জন ও রক্ষণ, অর্থ-নাশ, অর্থ-ব্যয়, রক্ষণ ও উপভোগ নিমিত্ত নিরন্তর জীবের শ্রম উৎপন্ন হইয়া থাকে। অর্থপ্রভাবে মানব অন্ততঃ যেগুলিকে বাহ্যিকে প্রয়োজন মনে করে, সেগুলি সকলই অর্থ-জাত। অর্থ না দিলে বা উচিতরূপে না করিলে স্ত্রী-পুত্র-বন্ধু-বান্ধব সকলেই শত্রু হইয়া দাঁড়ায়। সামান্য অর্থের জন্য উত্তেজিত ও ক্রুদ্ধ হইয়া তাহারা আমাদের সৌহার্দ্য ও স্নেহ পরিত্যাগ করে। অর্থ কি অনর্থের মূল! যাহারা সুদুর্লভ মনুষ্যজন্ম পাইয়া উৎকৃষ্ট ব্রাহ্মণত্ব লাভ করিয়াও উহার অনাদরপূর্বক আত্মহিত করে অর্থাৎ হরিভজন না করে, তাহারা নরকগামী হয়। সুতরাং মৃত্যু যাহাদের অবশ্যম্ভাবী, সেই মরণশীল মানবগণের ভগবৎসেবা ব্যতীত ইতর-বিষয়ে কি প্রয়োজন? আমার ভাগ্য ভাল। কৃপাময় ভগবান্ নিশ্চয়ই আমার প্রতি সন্তুষ্ট হইয়াছেন। তাঁহার অনুগ্রহেই আজ আমার এই দশা উপস্থিত এবং সংসার-সাগর উত্তরণের উপায়-স্বরূপ বৈরাগ্য উদিত হইয়াছে। আমি এখন অসৎসঙ্গ পরিত্যাগ করিয়া ত্রিদণ্ডগ্রহণপূর্বক কায়মনোবাক্যে ভগবৎসেবায় আত্মনিয়োগ করিব।

ব্রাহ্মণের আজ এক অপূর্ব পরিবর্তন! সে আজ নির্বেদগ্রস্ত হইয়া ভগবানের সেবার জন্য দৃঢ়প্রতিজ্ঞ। ভগবানের কি অপার করুণা! তাঁহার কৃপায় তিনি আজ ভগবদুন্মুখী হইয়া ভগবৎসেবায় নিরত। তিনি আজ সব ছাড়িয়া ভগবান্‌কেই একমাত্র আশ্রয় জানিয়া তৎসেবায় আত্মনিয়োগ করিয়াছেন। জানি না, এই ত্রিদণ্ডিভিক্ষু-গীতি শুনিবার সৌভাগ্য আমাদের কবে হইবে?

ত্রিদণ্ডিভিক্ষু আজ সর্বক্ষণ কৃষ্ণকীর্তনে রত। তিনি আজ সজ্জনের পথ গ্রহণ করিয়া কালযাপন করিতেছেন। দুর্জন-গণ কি তাঁহার এই অন্তর-কথা বুঝিতে পারে? তাই তাহারা তাঁহাকে বহুবিধ অবমাননা ও তিরস্কার করিতেছে। কেহ কেহ বা বিনত দেখিয়া উপহাস করিতেছে, কেহ বা তাঁহার ত্রিদণ্ডটিকে কাড়িয়া লইবার জন্য উদ্যত হইয়াছে। কেহ বা তাঁহার কৌপীন-বহির্বাস, কমণ্ডলু, জপমালা, কন্থা, চীরবস্ত্র প্রভৃতি হরণ করিবার ধৃষ্টতা করিতেছে। কোন কোন পাপিষ্ঠ ব্যক্তি তাঁহার ভিক্ষালব্ধ ভোজ্যের মধ্যে মূত্রত্যাগ ও তাঁহার গাত্রে থুৎকার করিতেছে। কেহ বা মৌনাবলম্বী তাঁহাকে নানাপ্রকার তাড়না করিয়া কথা বলাইবার চেষ্টা করিতেছে। কেহ বা তাঁহাকে চোর ও কেহ বা তাঁহাকে অবজ্ঞা করিয়া বলিতেছে যে, এ ব্যক্তি ধর্মধ্বজী, লোকবঞ্চক, নষ্টধন(?), স্বজন কর্তৃক বিতাড়িত হইয়া ভিক্ষুক সাজিয়াছে। কেহ বা সেই হিমালয় সদৃশ গম্ভীর ত্রিদণ্ডীকে তাহাদের পারুষ্য কথায় সাড়া না দিতে দেখিয়া মনে করে, এ ব্যক্তি স্বকার্য-সাধনে কৃতনিশ্চয় হইয়া বকধার্মিকের ন্যায় মৌনাবলম্বনে স্বার্থসাধনপ্রয়াসী। এতদ্ব্যতীত স্বার্থপর ব্যক্তিগণ যে তাঁহার অসাক্ষাতে নিন্দা করিতেছে তাহার ইয়ত্তা নাই। কি অমানুষিক অত্যাচার! কিন্তু কৃষ্ণসুখপ্রয়াসী ত্রিদণ্ডিভিক্ষুর সেদিকে লক্ষ্য নাই। তিনি সর্বক্ষণ(?) অবিরাম(?) কৃষ্ণেন্দ্রিয়-তর্পণ করিবার জন্য ব্যস্ত হইয়াছেন। তিনি তৃণাদপি সুনীচ, তরু অপেক্ষাও সহিষ্ণু, অমানী মানদ হইয়া সর্বক্ষণ ভগবন্নামকীর্তন করিতেছেন। কি মহত্ত্ব! কি সাধুতা! কি কৃষ্ণসেবাপরতা! কি উদারতা!

বৃক্ষকে খণ্ড খণ্ড করিলেও, নানা-ভাবে নিপীড়িত করিলেও, যন্ত্রণা দর্শন করিলেও উহা যেরূপ তাহার স্বাভাবিক মধুরতা ত্যাগ করে না, সেইরূপ ত্রিদণ্ডিগণও প্রাকৃত লোকের শত শত কথা, উৎপীড়নেও তাঁহাদের স্বাভাবিক ক্ষমাশীলতা পরিত্যাগ করেন না। তাঁহারা বলেন যে, যদি কোন ব্যক্তি তাঁহাদিগকে উৎপীড়ন করিয়া সুখী হইতে চান, নিজকে জগতের নিকট উচ্চ বলিয়া সম্মান পাইতে চান, সংযতবাক্ ত্রিদণ্ডিগণ অপেক্ষাও তাঁহাদের বাক্‌শক্তির আধিক্য প্রমাণিত করিতে যান, তাঁহাদের সেই সুখে বাধা দেওয়া কায়মনোবাক্যে কৃষ্ণসেবাপ্রয়াসী ত্রিদণ্ডীর কর্তব্য নহে। তাই তৃণাদপি সুনীচতার মূর্তবিগ্রহ পরমহংসকুলশিরোমণি মদীয় শ্রীগুরুদেব আচার্য-লীলায় অবন্তীনগরের ত্রিদণ্ডিভিক্ষুর ন্যায় নিষ্কিঞ্চনতা ও উদারতা দেখাইলেও পরমহংসবৈষ্ণবদাসাভাস বৈষ্ণবোচ্ছিষ্টভোজী কুক্কুরের ধর্ম মৌনাবলম্বন নহে। চীৎকার করাই কুক্কুরের ধর্ম। তাই হরিজন কিঙ্করাধিকিঙ্করাভিমানী বিষ্ণুবৈষ্ণবোচ্ছিষ্ট-ভোজী আজ শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের উপদেশানুসরণে আচার্যচরণে কৃপাভিক্ষা করিতেছে,—

সর্বস্ব তোমার, চরণে সঁপিয়া,
পড়েছি তোমার ঘরে।
তুমি ত' ঠাকুর, তোমার কুক্কুর,
বলিয়া জানহ মোরে॥
বাঁধিয়া নিকটে, আমারে পালিবে,
রহিব তোমার দ্বারে।
প্রতীপ জনেরে, আসিতে না দিব,
রাখিব গড়ের পারে॥

গৌড়ীয়বাণী

——::(০)::——

জাগতিক অসৎকর্মী ও সৎকর্মী—উভয় সম্প্রদায়ই পারমার্থিকগণের বিচার বুঝিতে পারেন না। পারমার্থিকগণ কোন দিনই প্রাকৃত সৎ ও অসৎ নীতির দ্বারা চালিত হইয়া কোন কার্য করেন না। প্রাকৃত-নীতির মানদণ্ডে বা কষ্টিপাথরে যাহা নিরপেক্ষতা ও সাপেক্ষতা বলিয়া পরিচিত—যাহা সৎ বা অসৎ বলিয়া বিচারিত—ঐরূপ কোন বস্তুই তাঁহারা বহুমানন করেন না বা তদ্দ্বারা কোনরূপে পরিচালিত হন না। পারমার্থিকগণের মূলনীতি—পরাৎপর বস্তুতে ভক্তি। সেই ভক্তিকে মূলকেন্দ্র করিয়া যে কোন স্থান, কাল ও পাত্র অবস্থিত এবং তাঁহাদের আনুকূল্য বা সহায়তা করিবার জন্য যে কোন স্থান, কাল ও পাত্র বিরাজিত, তাহাদিগের প্রতি সৌজন্য-প্রদর্শন ও মানদান পারমার্থিকগণের হরিকীর্তনেরই অঙ্গ। জাগতিক লাভ-পূজা-প্রতিষ্ঠাকামি-ব্যক্তিগণ ঐ সকল অপস্বার্থ-পোষণের জন্য জাগতিক বড় বা ছোট লোকের তোষামোদী ও বিদ্বেষী করিয়া থাকে। আর পারমার্থিকগণ কৃষ্ণের নামপ্রচারক্রমে কৃষ্ণেন্দ্রিয়তর্পণপর স্বার্থের আনুকূল্যে ভাগবত মানী ব্যক্তিগণকে মানদান করেন। অতত্ত্বজ্ঞ কর্মবীরের নিকট পারমার্থিকগণের এই চেষ্টা দুর্নীতি কিম্বা সাপেক্ষতার আদর্শ বলিয়া বিচারিত হইতে পারে; কিন্তু যে নিরপেক্ষতা ভগবানের সেবার আনুকূল্য-কারিগণের প্রতি সাপেক্ষতা প্রদর্শন না করে, তাহা নির্বিশেষবাদে পর্যবসিত হয়। ঐরূপ নির্বিশেষবাদ ভক্তগণের বিচারে সর্বতোভাবে পরিত্যাজ্য।

———

যাঁহারা কোন না কোন ভাবে হরিসেবায় সাহায্য করিবেন, তাঁহারা বড়ই হউন বা ছোটই হউন, তাঁহারাই মাথার মণি। আর যাঁহারা হরিসেবার সহায়তা না করিয়া কেবল পার্থিব দয়ার পাত্র, কিম্বা নীচ বা উচ্চ সামাজিক অবস্থানে অবস্থিত বলিয়া পরিচিত, তাঁহাদের প্রতি নিরপেক্ষ থাকাই পারমার্থিকগণের পরমার্থের প্রতি অনুরাগের পরিচায়ক।

অনর্থযুক্ত সাধকজীবের নিজেরই শুদ্ধ হরিনামকীর্তন হয় না; সুতরাং সেরূপ ব্যক্তি আচার্য ও শ্রীগুরুপাদপদ্মের আদেশ-বাক্যের ছল করিয়া নামাচার্যের পদবী গ্রহণ করিবার চেষ্টা করিলে অপরাধে পতিত হইবেন এবং তাঁহার ব্যক্তিগত ভবিষ্যৎ মঙ্গলের পথও চিরতরে রুদ্ধ হইবে। আমার হৃদয়ে লাভ-পূজা-প্রতিষ্ঠার কামনা আছে কি না, তাহা আমার চোখে আঙ্গুল দিয়া দেখাইয়া দিবার জন্য অনেক সময় শ্রীগুরুদেব আমাকে নানাভাবে পরীক্ষা করেন। কিন্তু তাঁহার সেই পরীক্ষামূলক বাক্যের মর্মার্থ না বুঝিয়া আপনাকে প্রতিষ্ঠাশা ও তাহা হইতে উত্থিত অপরাধের যূপকাষ্ঠে বলি দিলে নিজের ও পরের অমঙ্গল সাধন করা হইবে। কেহ ভাগ্যদোষে ও অজ্ঞতাক্রমে সদ্গুরুর পদাশ্রিত ও অনুমোদিত ব্যক্তি-গণের কোন সাধকজীবের নিকট হইতে শ্রীনামগ্রহণের অভিনয়ে নামাপরাধ গ্রহণ করিলেও তিনি যদি শ্রেয়ঃপ্রার্থী হন, তাহা হইলে তিনি উক্ত নামাপরাধ বিসর্জনপূর্বক পুনরায় সদ্গুরু নামাচার্যের নিকট হইতে তাঁহারই জপা তুলসী-মালিকায় শুদ্ধ

হরিনাম গ্রহণ করিবেন—ইহাই সদাচার-বিধি।

কর্ম্মিগণ জগতে যে কিছু কার্য্য করেন, তাঁহাদের উপায় ও উপেয়ের মধ্যে বিস্তর ভেদ আছে। যেমন যজ্ঞাদি কর্ম হইতে উহার সাধ্যফল পৃথক্। কৃষ্ণেন্দ্রিয়-সুখ-তাৎপর্য্য-কাম ব্যতীত ইতর বিষয়ে ইন্দ্রিয়-পরিচালনাকারী ব্যক্তিমাত্রই কর্ম্মী। কর্ম্ম-জড়স্মার্ত্ত ও প্রাকৃত-সহজিয়াগণ সকলেই ন্যূনাধিক কর্ম্মী। তাই প্রাকৃত সহজিয়াগণের হরিভক্তির নামে যে সকল ক্রিয়া, তাহাও ব্যবহারিক ও লৌকিক। প্রাণহীন দেহের যে প্রকার জীবন্ত দেহের আকারের সহিত কোন বিশেষ ভেদ নাই, তদ্রূপ প্রাকৃত সহজিয়াগণের হরিভক্তির নামে ব্যবহারিক আচার ও শুদ্ধভক্তের পারমার্থিক আচারের মধ্যে বাহ্যদৃষ্টিতে বিশেষ কোন ভেদ নাই, কিন্তু অন্তর্নিষ্ঠায় পরস্পরের মধ্যে আকাশ-পাতাল ভেদ। একজন দিব্যজ্ঞান বা সম্বন্ধ-জ্ঞানবিহীন হইয়া প্রাণহীন অঙ্গ-প্রত্যঙ্গের বিবিধ বেশভূষা ও সৌষ্ঠববিধানে নিরত, আর একজন দিব্যজ্ঞান বা সম্বন্ধজ্ঞানসম্পন্ন হইয়া জীবের সুখসাধনে রুচিবিশিষ্ট।

শ্রীচৈতন্যের বাণী, শ্রীচৈতন্যের ধর্ম্ম অচেতন পশু শ্রবণ বা গ্রহণ করিতে পারে না। চেতনই চেতনের বাণী শ্রবণ করিতে পারেন। শ্রীচৈতন্যের ধর্ম্ম প্রচার দেশ-জাগরণ বা সমাজ-সংস্কারের ন্যায় একটী জাগতিক কার্য্য নহে, যাঁহারা জড়ের জাগরণের সহিত নিত্যচেতন বৃত্তির জাগরণকে সমান মনে করেন, তাঁহারাই প্রাকৃত-সহজিয়া। জড়ের জাগরণে, জড়ের ওজস্বিনী বা তেজস্বিনী বাণীতে ধমনীতে রক্ত সঞ্চালিত হইতে পারে, যেখানে কূটনীতি আসিতে পারে, হয়ত পাশবিক বল আবির্ভূত হইতে পারে, কিন্তু চেতনের উদ্বোধন সেইরূপ নহে। রক্ত-সঞ্চালন বা রজোগুণের সাময়িক আস্ফালন, সামাজিক ও নৈতিক ধর্ম্মের পক্ষে উপযোগী হইলেও শ্রীচৈতন্যের ধর্ম্মে ঐরূপ জড়তা নাই। শ্রীচৈতন্যের ধর্ম্মে দীক্ষিত হইলে জীবের দ্বিতীয়াভিনিবেশ, ভয় শোচনা বা জড় থাকে না। শ্রীচৈতন্যের ধর্ম্মে অভিষিক্ত হইলে নিরন্তর কীর্ত্তনই—অনুক্ষণ উৎকীর্ত্তনরূপ চেতনের ধর্ম্মই ফুটিয়া উঠে। আত্মধর্ম্মের উদ্বোধন না হইলে শ্রীচৈতন্যের ধর্ম্মে অভিষিক্ত হওয়া যায় না। অন্ধকার কূপ-মধ্যে পতিত হইয়া কতিপয় অন্ধ পথিক পরস্পর ধমনীতে বা মস্তিষ্কে রক্ত সঞ্চালিত করিতে পারেন, কিন্তু কিছুকাল পরে আবার রক্ত ঠাণ্ডা হইয়া যায়, ধমনীতে শোণিতের ক্রিয়া বন্ধ হইয়া যায়। অন্ধের চীৎকার, ছুঁচোর কীর্ত্তন আর কতক্ষণ চলিতে পারে? জড়ধর্ম্মে ক্লান্তি, অবসাদ, অবরতা, হেয়তা নিত্যাসিদ্ধ ব্যাপার। অন্ধকার কূপে পড়িয়া পরস্পর চীৎকার করিলে কি লাভ হইবে?

শ্রীচৈতন্য সর্ব্বদা নিত্যানন্দের সহিত উদিত। যেখানে জড়ানন্দ অর্থাৎ আত্মেন্দ্রিয়-তর্পণ, কিম্বা যেখানে জড়ব্যতিরেক নির্ব্বিশেষ চিন্তা, সেইখানে শ্রীচৈতন্য ও নিত্যানন্দ নাই। শ্রীচৈতন্যের উপাসকগণ শ্রীনিত্যানন্দের চরণাশ্রিত। আত্মেন্দ্রিয়তর্পণ বা অনিত্যা-নন্দের আশ্রিত ব্যক্তিগণ শ্রীচৈতন্যের উপাসক নহেন—তাঁহারা অচৈতন্যের উপাসক।

সারকথা

'ভক্তি' শব্দের অর্থ কত প্রকার?

'ভক্তি' শব্দের অর্থ হয় দশবিধাকার।
এক সাধন, প্রেমভক্তি নবপ্রকার॥
রতিলক্ষণা, প্রেমলক্ষণা, ইত্যাদি প্রচার।
ভাবরূপা, মহাভাবলক্ষণরূপা আর॥
শান্তভক্তের রতি বাড়ে প্রেমপর্য্যন্ত।
দাস্যভক্তের রতি হয় রাগদশা অন্ত॥
সখাগণের রতি হয় অনুরাগ পর্য্যন্ত।
পিতৃমাতৃস্নেহ আদি অনুরাগ অন্ত॥
কান্তাগণের রতি পায় মহাভাবসীমা।
'ভক্তি' শব্দে কহিলুঁ এই অর্থের মহিমা॥

(চৈঃ চঃ)

বৈষ্ণব নিন্দকের গতি কি?

মহাপাপে উদ্ধারিলা চৈতন্য গোসাঞি।
বৈষ্ণব-নিন্দকে কুম্ভীপাকে দিলা ঠাঞি॥
নিন্দায় না বাড়ে ধর্ম্ম, সবে পাপ লাভ।
এতেকে না করে নিন্দা সব মহাভাগ॥

(চৈঃ চঃ)

অজ্ঞাত বৈষ্ণবাপরাধ খণ্ডনের উপায় কি?

শুন বিপ্র বিষ করি যেমুখে ভক্ষণ।
সেই মুখে করি যবে অমৃত গ্রহণ॥
বিষ হয় জীর্ণ, দেহ হয়ত অমর।
অমৃত-প্রভাব এবে শুন সে উত্তর॥
না জানিয়া তুমি যত করিলা নিন্দন।
সে কেবল বিষ তুমি করিলা ভোজন॥
পরম অমৃত এবে কৃষ্ণ-গুণ-নাম।
নিরবধি সেই মুখে কর তুমি পান॥
যে মুখে করিলা তুমি বৈষ্ণব নিন্দন।
সেই মুখে কর তুমি বৈষ্ণববন্দন॥
সবা হৈতে ভক্তের মহিমা বাড়াইয়া।
সংগীত কবিত্ব ভক্তি যত কর গিয়া॥
কৃষ্ণযশ-পরানন্দ-অমৃতে তোমার।
নিন্দা-বিষ যত সব করিবে সংহার॥
এই সত্য কহি তোমা সবারে কেবল।
না জানিয়া নিন্দা যেবা করিল সকল॥
আর যদি নিন্দ্য কর্ম্ম কভু না আচরে।
নিরন্তর বিষ্ণু বৈষ্ণবের স্তুতি করে॥
এ সকল পাপ ঘুচে এই যে উপায়।
কোটি প্রায়শ্চিত্তেও অন্যথা নাহি যায়॥

(চৈঃ ভাঃ)

সদ্গুরুকৃপালব্ধ বৈষ্ণব কি পূর্ব্ব-ইতিহাসদ্বারা বিচার্য্য?

এই দস্যু দুই মহাভাগবত করি।
গণের সহিতে নাচে গৌরাঙ্গ শ্রীহরি॥
এ দুয়েরে পাপী হেন না করিহ মনে।
এ দুয়ের পাপ মুক্তি লইলুঁ আপনে॥
এতেক মহেশ কৈল এই দুই জনে।
করিলাঙ আমি, ঘুচাইলাম আপনে॥
ইহা জানি এ দুয়েরে সকল বৈষ্ণব।
দেখিবে অভেদ দৃষ্ট্যে যেন তুমি সব॥
শুন এই আজ্ঞা মোর যে কয় আমার।
এদুয়েরে শ্রদ্ধা করি যে দিবে আহার॥
অনন্ত ব্রহ্মাণ্ড মাঝে যত মধু বৈসে।
সে হয় কৃষ্ণের মুখে দিলে প্রেমরসে॥
এ দুয়ের বট মাত্র দিবে যেই জন।
তার সে কৃষ্ণের মুখে মধু সমর্পণ॥
এ দুই জনেরে যে করিবে পরিহাস।
এ দুয়ের অপরাধে তার সর্ব্বনাশ॥
শুনিয়া বৈষ্ণবগণ কান্দে মহাপ্রেমে।
জগাই মাধাই প্রীত করে সর্ব্বজনে॥

(চৈঃ ভাঃ)

কৃষ্ণপ্রাপ্তির উপায় কি?

কৃষ্ণসেবা হৈতে বৈষ্ণবের সেবা বড়।
ভাগবত আদি সব শাস্ত্রে কৈলা দঢ়॥
এতেক বৈষ্ণব-সেবা পরম উপায়।
ভক্তসেবা হৈতে সে সবাই কৃষ্ণ পায়॥

(চৈঃ ভাঃ)

মহাপ্রভুর আজ্ঞা কি?

বল কৃষ্ণ ভজ কৃষ্ণ লহ কৃষ্ণ নাম।
কৃষ্ণ মাতা কৃষ্ণ পিতা কৃষ্ণ ধন প্রাণ॥
তোমা সবা লাগিয়া কৃষ্ণের অবতার।
হেন কৃষ্ণ ভজ সব ছাড় অনাচার॥

(চৈঃ ভাঃ)

জপ হইতে কীর্ত্তন শ্রেষ্ঠ কেন?

জপিলে সে কৃষ্ণনাম আপনি সে তরে।
উচ্চ-সংকীর্ত্তনে পর-উপকার করে॥
শুন বিপ্র মন দিয়া ইহার কারণ।
জপি আপনারে সবে করয়ে পোষণ॥
কেহ আপনারে মাত্র করয়ে পোষণ।
কেহ বা পোষণ করে সহস্রেক জন॥
দুইতে কে বড় ভাবি বুঝহ আপনে।
এই অভিপ্রায় গুণ উচ্চ সংকীর্ত্তনে॥

(চৈঃ ভাঃ)

শীঘ্র প্রেমপ্রাপ্তির উপায় কি?

কুবুদ্ধি ছাড়িয়া কর শ্রবণকীর্ত্তন।
অচিরাতে পাবে তবে কৃষ্ণপ্রেমধন॥
তার মধ্যে সর্ব্বশ্রেষ্ঠ নাম-সংকীর্ত্তন।
নিরপরাধে নাম লৈলে পায় প্রেমধন॥

(চৈঃ চঃ)

কীর্ত্তন-প্রচারে সমর্থ কে?

কলিকালের ধর্ম্ম—কৃষ্ণনাম-সংকীর্ত্তন।
কৃষ্ণশক্তি বিনা নহে তার প্রবর্ত্তন॥
প্রেম-পরকাশ নহে কৃষ্ণশক্তি বিনে।
কৃষ্ণ এক প্রেমদাতা শাস্ত্র-প্রমাণে॥

(চৈঃ চঃ)

স্থাবর-জঙ্গমের উপায় কি?

পৃথিবীতে যত জীব স্থাবর-জঙ্গম।
ইহা সবার কি প্রকারে হইবে মোচন?
হরিদাস কহে, প্রভু সে কৃপা তোমার।
স্থাবর-জঙ্গম আগে করিয়াছ নিস্তার॥
তুমি যে করিয়াছ উচ্চৈঃস্বরে সংকীর্ত্তন।
স্থাবর-জঙ্গমের সেই হয় ত' শ্রবণ॥
শুনিয়া জঙ্গমের হয় সংসার ক্ষয়।
স্থাবরের শব্দ লাগে, প্রতিধ্বনি হয়॥
প্রতিধ্বনি নহে সেই—করয়ে কীর্ত্তন।
তোমার কৃপার এই অকথ্য কথন॥
সকল জগতে হয় উচ্চ-সংকীর্ত্তন।
শুনিয়া প্রেমাবেশে নাচে স্থাবর-জঙ্গম॥
উচ্চ-সংকীর্ত্তন তাতে করিলা প্রচার।
স্থির চর-জীবের খণ্ডাইলে সংসার॥

(চৈঃ চঃ)

মহাভাগবতের ভজন কিরূপ?

গোবিন্দচরণে কৈল আত্মসমর্পণ।
গোবিন্দচরণারবিন্দ যাঁর প্রাণধন॥
গ্রাম্যবার্ত্তা না শুনে না কহে জিহ্বায়।
কৃষ্ণকথা পূজা নিতে অষ্টপ্রহর যায়॥
বৈষ্ণবের নিন্দাকর্ম্ম নাহি পাড়ে কাণে।
সবে কৃষ্ণভজন করে, এইমাত্র জানে॥

(চৈঃ চঃ)

সাধুসঙ্গ সাধুসঙ্গ সর্ব্বশাস্ত্রে কয়। লবমাত্র সাধুসঙ্গে সর্ব্বসিদ্ধি হয়॥

শুদ্ধভক্তি-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠ-শ্রীমায়াপুর

প্রাচীন নবদ্বীপ, ভাগবত শ্রীমায়াপুর, নদীয়া শ্রীচন্দ্রশেখর-ভবনে শ্রীচৈতন্যমঠ, পরবিদ্যা-পীঠ, শ্রীশ্রীরাধাকৃষ্ণ, শ্রীগৌর, গোপাল আচার্য্য চতুষ্টয় বিগ্রহ আছেন। সুপ্রাচীন গ্রন্থ-মুদ্রণযন্ত্রে 'নদীয়া'-প্রকাশ'যন্ত্রালয় আছে।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৫

কলিকাতায় শ্রীভক্তিবিনোদ আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, কীর্ত্তন, ব্যাখ্যানচক্রের বেদান্ত শ্রীমদ্ভাগবতাদি ভক্তি-গ্রন্থের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও সাপ্তাহিক পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়।

(৩) যোগপীঠ-মায়াপুর-পীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমহাপ্রভুর আবির্ভাব ভূমি মহাযোগপীঠ।

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং ... বর্ত্তমান।

(৬) মুরারিগুপ্তের পাট

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৭) কাজি-সমাধি-পাট

প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)

ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি।

(৮) ... শ্রীধাম মায়াপুর

(৯) স্বানন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)

এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)

গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ জাননগর (বর্দ্ধমান)

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মাউগাছি, পোঃ ... (বর্দ্ধমান)

শ্রীব্যাসাবতার ঠাকুর বৃন্দাবনের স্থান।

(১৩) ঋতুদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(১৪) জহ্নুদেব-গৌড়ীয়মঠালয়

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ

গৌড়পুর, নদীয়া

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ

মাটিয়ারা—(শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৭) কুলিয়া

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

(২০) মহেশ-পণ্ডিতের পাট

কাঠালপুলি, পোঃ চাকদা (নদীয়া)

(২১) রাণাঘাট-গৌড়ীয়মঠাশ্রম

(২২) পুরা গৌড়ীয়মঠ

চব্বিশ পরগণা

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ

নারিন্দা পোঃ ওয়ারি, ঢাকা।

পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র।

(২৪) গোপালজীউমঠ

কমলাপুর, পোঃ ঢাকা

(২৫) নিতাই-গৌরাঙ্গ মঠ

পোঃ বালিয়াটি, (ঢাকা)

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

বড়বাজার, পোঃ ময়মনসিংহ

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চক্‌চকা, কামরূপ (আসাম)

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

এস্ প্লাসাং বিল্ডিং, দার্জ্জিলিং

(৩০) সারস্বত-গৌড়ীয়মঠ

পোঃ হরিদ্বার, জিঃ সাহারাণপুর, ইউ, পি

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

... পাটনা)

(৩২) গয়া গৌড়ীয়মঠ

... রোড, গয়া

(৩৩) প্রয়াগ-গৌড়ীয় মঠ

৮।১৭ বড় ... , বেনারস সিটি

(৩৪) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

(৩৫) ... মঠ,

পোঃ মিসরিখ, সীতাপুর (ইউ পি)

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠাশ্রম

বিশ্রামঘাট, পোঃ মথুরা

(৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ

কিশোরপুর, বৃন্দাবন

(৩৯) ...-কুঞ্জ

পোঃ রাধাকুণ্ড (মথুরা)

(৪০) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪১) রাধাকুণ্ড গোষ্ঠবাটী

(৪২) শ্রীগোবর্দ্ধনমঠালয়

গোবর্দ্ধন, মথুরা

(৪৩) সঙ্কেত বিহারী মঠ

বর্ষাণা, মথুরা।

(৪৪) নন্দগ্রাম গৌড়ীয়মঠালয়

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৫) বর্ষাণা গৌড়ীয়মঠালয়

পোঃ বর্ষাণা, মথুরা

(৪৬) গোষ্ঠবিহারী মঠ—...,

পোঃ ..., জেলা ... (পাঞ্জাব)

(৪৭) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

(৪৮) দিল্লী গৌড়ীয় মঠ

৪৩নং ... রোড, নিউ দিল্লী

(৪৯) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, ... বিল্ডিং বোম্বে ৭

(৫০) মাদ্রাজ-গৌড়ীয়মঠ

পোঃ রায়পেট্টা, মাদ্রাজ

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গরাধাকৃষ্ণ...গিরিধারীর সেবা

(৫১) কাবাঁড়ি গৌড়ীয়মঠ

পোঃ ... গোদাবরী (মাদ্রাজ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গ...-গিরিধারীর সেবা

(৫২) কটক গৌড়ীয়মঠ

আলমচাঁদ, পোঃ ... (পুরী)

(৫৩) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা

(৫৪) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৫) লীলাকুটী

(৫৬) জিয়ড়-গৌড়ীয়মঠ

পোঃ ...পুর, পুরী

(৫৭) ... মঠ

..., পোঃ ... (উড়িষ্যা)

(৫৮) বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ

(৫৯) শ্রীব্রহ্মমাধ্বগৌড়ীয়-প্রপন্ন-সদন

পোঃ ..., মাদ্রাজ

(৬০) ...মঠ

চিকনিয়া, পোঃ ..., মেদিনীপুর

(৬১) ... গৌড়ীয়মঠ

পোঃ ..., মেদিনীপুর

(৬২) ... প্রপন্নাশ্রম মঠ

পোঃ ... (বর্দ্ধমান)

(৬৩) চৈতন্যগৌড়ীয়মঠ

..., পোঃ ..., (...)

(৬৪) রেঙ্গুন গৌড়ীয়মঠ

৭০১ নং ... ষ্ট্রীট, রেঙ্গুন।

(৬৫) লণ্ডন গৌড়ীয়মঠ

ফ্ল্যাট নং ২

৫১, ...রোড

গ্ল্যাস্টন, লণ্ডন, ই ৫

(৬৬) গৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

১৪।৩, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,

কলিকাতা

(৬৭) গৌড়ীয়মঠ অফিস

... রোড, ... (ইউ-পি)

(৬৮) শ্রীবিদ্যানিধি গৌড়ীয়মঠালয়

..., চট্টগ্রাম

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীমহানন্দ ব্রহ্মচারী ভক্ত্যালোক, ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও দ্বিতীয় দিনের জন্য	সংবাদের পৃষ্ঠায় পরবর্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও ২য় দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় পরবর্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	।০	।৶০	।৵০	।০
" " ইঞ্চি	২৲		১৷০	১৲
সিকিকলম	৫৲	৪৲		৩৲
" অর্দ্ধকলম	৮৲	৬৲	৬৲	৫৲
" এক কলম	১৫৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চি	৬৲	৪৷০
" সিকি কলম	১৫৲	১২৲
" অর্দ্ধকলম	২৫৲	২০৲
" এক কলম	৫০৲	৪০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৸০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা ৴৫ ; বিশেষ সংখ্যার ভিন্ন মূল্য।

শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী

শ্রীল প্রভুপাদের চতুঃষষ্টিবর্ষপূর্ত্ত্যাবির্ভাব-তিথিতে শ্রীল আচার্য্যদেবের অভীষ্টানুসারে "শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী" প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। ইহাতে পূর্ব্বার্দ্ধ ও উত্তরার্দ্ধ দুইটি বিভাগ আছে। পূর্ব্বার্দ্ধে শ্রীল প্রভুপাদের আদি-প্রবন্ধাবলী শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের সম্পাদিত 'সজ্জনতোষণী,' শ্রীল প্রভুপাদের 'নিবেদন' সাপ্তাহিক পত্র প্রভৃতি হইতে কথাসার ও প্রয়োজনীয় অর্থের টীকা-সহ প্রকাশিত হইয়াছে। উত্তরার্দ্ধে শ্রীল প্রভুপাদের সম্পাদিত 'সজ্জনতোষণী'র কতিপয় প্রবন্ধ কথাসার প্রভৃতির সহিত মুদ্রিত হইয়াছে। প্রবন্ধগুলি রচনাকালের ক্রমানুসারে গ্রথিত হইয়াছে; এতদ্ব্যতীত শ্রীল আচার্য্যদেবের একটি মূল্যবান্ উপোদ্ঘাত ও সঙ্কলনকারীর একটি বিস্তৃত ভূমিকা, শব্দ-সূচী, স্থান-পাত্র-শ্লোক ও পয়ার-সূচী প্রভৃতি গ্রন্থে সংযোজিত হইয়াছে। গ্রন্থটী উৎকৃষ্ট কাগজে [illegible] সহিত মুদ্রিত ও শ্রীল প্রভুপাদের আলেখ্যাদিদ্বারা ভূষিত ও সুন্দর বাঁধাই হইয়া প্রকাশিত হইয়াছে। প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, জিলা নদীয়া; শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ও শ্রীমাধ্বগৌড়ীয়মঠ, নারিন্দা, পোঃ ওয়ারী, ঢাকা।

শ্রীল প্রভুপাদের পদ্যপ্রসূন মালা

এই গ্রন্থে ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তি- সিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের রচিত পদ্যাবলী শ্রীল আচার্য্যদেবের বিরচিত "সৌরভ" নামক ভাষ্যের সহিত প্রকাশিত হইয়াছে। শ্রীল প্রভুপাদের অনেক অপ্রকাশিত পদ্য ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ৷৹ আট আনা।

শ্রীধাম-মায়াপুরে

—"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট"—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে; বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক খোলা। শিক্ষকগণ সাধক ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা। ছাত্রাবাসে খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে মাত্র ৬৲ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন্ পরীক্ষায় উচ্চ ফল প্রদর্শন করিয়াছে। বর্ত্তমান বর্ষে ১৬ জন বালকের মধ্যে ১৫ জন ভালভাবে উত্তীর্ণ হইয়াছে।

মেধাবী ছাত্রগণের আরও সুবিধা

পরীক্ষায় যাহারা শতকরা ৭৫ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ সচ্চরিত্র বিদেশী ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক-সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতিসুন্দরভাবে আলোচিত হইয়াছে। এই এক অপূর্ব্ব [illegible] বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

শ্রীচৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত্র অতিসুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত ইহার ভিক্ষা মাত্র ৭৲ টাকা। প্রাপ্তিস্থান শ্রীযুত কর্ম্মাধ্যক্ষ ভাণ্ডারী, শ্রীযোগপীঠ, শ্রীধাম, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

সরস্বতী-সংলাপ

প্রথম খণ্ড

শ্রীশ্রীব্রহ্মমাধ্ব গৌড়ীয়সম্প্রদায়ৈকসংরক্ষক জগদ্গুরু পরমহংসকুলচূড়ামণি নিত্যলীলা-প্রবিষ্ট ১০৮শ্রী শ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামি-প্রভুপাদ বিশেষ কৃপাপ্রার্থী ও শরণাগত সজ্জনবৃন্দের পারমার্থিক ও সংশয়-নিরাকরণকল্পে যে সকল শুদ্ধভক্তিসিদ্ধান্তবাণী কীর্ত্তন করিয়াছেন, যাহা তাঁহার প্রকটকালেই 'গৌড়ীয়' সম্পাদক শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ প্রভুপাদেরই শ্রীহস্তে সংশোধিত করাইয়া রাখিয়াছিলেন এবং যাহার কিয়দংশ গৌড়ীয়পত্রে প্রকাশিত হইয়াছে, তাহা "শ্রীশ্রীসরস্বতী-সংলাপ" নামে [illegible] শ্রীল প্রভুপাদের 'বক্তৃতাবলী' ও 'পত্রাবলী' আকারে খণ্ডে খণ্ডে প্রকাশিত হইতেছেন। বর্ত্তমানে শ্রীল প্রভুপাদের প্রথমবার্ষিক বিরহতিথিপূজা-বাসরে ঐ গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছেন। মানবজীবনের বহু জটিল সমস্যা ও কঠিন প্রশ্নের সমাধান ইহাতে পাওয়া যাইবে। ভক্তগণের পাঠকমাত্রেরই এই গ্রন্থ সংগ্রহ একান্ত প্রয়োজন।

"শ্রীকৃষ্ণচৈতন"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্স কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপদেশক পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর [illegible] সম্প্রদায়-বৈভবাচার্য্য এম-এ মহোদয়ের গ্রৌঢ়গবেষণা এবং পরিপক্ব লেখনীর অদ্ভুত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত্র-পাঠে ধন্য হউন। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিভিন্ন চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্ত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৩৫শ অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্ত্তার ভূমিকাদ্বয় (Preaces), বিষয় তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র-(Index Glossary) সহ প্রথমখানি প্রকাশিত। ভিক্ষা—১৫, পনর টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, [illegible] মাদ্রাজ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

'ঠাকুর ভক্তিবিনোদ'

——::(০)::——

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি-প্রচারের মূল মহাজন সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অভিমর্ত্ত্য জীবনচরিত এতাবৎকাল পর্য্যন্ত গ্রন্থাকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয়মঠাচার্য্যদেবের শুভেচ্ছায়, পরবিদ্যাবিচ্ছিন্ন সু-লেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু মূল্যবান্ শিক্ষামালাও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১২৫ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৫০ আনা; ডাক মাশুল স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান—ম্যানেজার গ্রন্থবিভাগ

শ্রীগৌড়ীয়মঠ

পোঃ বাগবাজার

কলিকাতা

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

-:(০):——

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু ধর্মগ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১৩১নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

ই, বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	৫-৩৬	৬-২৬	৭-০৬	১২-২৬	১৪-৫৬	১৬-৫৬	১৭-৫৬	২২-২৫
রাণাঘাট পৌঃ			৮-১৮	১৪-১৫				
(বদল) ছাঃ			৯-৩০	১৪-৫০				
কৃষ্ণনগর পৌঃ	৭-১	৮-৪৫	১০-৮	১৫-২০	১৭-২৮	১৯-০৮	২০-১৬	১-১৫
(বদল) ছাঃ	৭-১২		১০-৩১		১৭-৩৮		২০-২৬	
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫১		১১-১০		১৮-১৬		২১-৪	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
রাণাঘাট পৌঃ	১২-৫৫
ছাঃ	১৩-০
শান্তিপুর পৌঃ	১৩-২৬
(বদল) ছাঃ	১৩-৩১ (নাারো গেজ)
কৃষ্ণনগর পৌঃ	১৪-১২
ছাঃ	১৪-৩০
নবদ্বীপঘাট পৌঃ	১৫-১০

ডাউন

নবদ্বীপঘাট ছাঃ	৫-৪৫		৯-১০		১৩-৩১	১৬-০	১৮-৩১	
কৃষ্ণনগর পৌঃ	৬-২০	৯-১৬	৯-৪৮	১১-৪১	১৪-১০	১৬-৩৮	১৯-১১	২১-১৯
ছাঃ	৬-৩৬	৭-১৮	১০-১১			১৬-৫৬	১৯-২৫	
রাণাঘাট পৌঃ			১০-৪৬			১৭-৩০		
(বদল) ছাঃ			১১-১			১৭-৪০		
কলিকাতা পৌঃ	৬-১৬	৯-২১	১১-৫১	১২-১৬	১৪-১৬	১৯-১১	২১-৫১	২৩-০৭

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৩-৩১	১৬-০		
কৃষ্ণনগর পৌঃ	১৪-১০	১৬-৩৮		
ছাঃ	১৫-২৮	১৭-৩০		
শান্তিপুর পৌঃ	১৬-৯	১৮-১৪		
(বদল) ছাঃ	১৬-৩০	১৮-২৫	(শনিবার ভিন্ন)	২০-৪০ (শনিবার)
রাণাঘাট পৌঃ	১৭-১০	১৮-৫০		২১-১৫
(বদল) ছাঃ	১৭-৪০	১৯-১৪		২১-৫০
কলিকাতা পৌঃ	১৯-১১	২০-৪০		২৩-০৭

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

[illegible] পাঁচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাটতি অত্যন্ত অধিক। [illegible] সংযুক্ত [illegible] এবং নূতন [illegible] একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। [illegible] ছোট বোতল ।৶০ দশ আনা, বড় বোতল ১৶০ আঠার আনা। পাইকারী দর [illegible]।

[illegible]নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা

অথবা

পোঃ বেহালা, ২৪ পরগণা

পোঃ—শ্রীমায়াপুর
টেলিগ্রাম—'শ্রীধাম
শ্রীমায়াপুর'

REGD NO C 1544

দৈনিক নদীয়াপ্রকাশ

THE DAILY NADIA PRAKASH

সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈ[illegible]

১৪শ খণ্ড] শ্রীমায়াপুর— ১০ই শ্রাবণ, ১৩৪৬. ২৬শে জুলাই, ১৯৩৯. বুধবার | ১২৬শ সংখ্যা

বিবিধ সংবাদ

—::(•)::—

ইঙ্গ-জাপ আলোচনায় সঙ্কটের অবসান

স্যার রবার্ট ক্রেগী ও পররাষ্ট্র সচিব মিঃ আরিতার মধ্যে পুনরায় আলোচনার পর জাপ-পররাষ্ট্র দপ্তর হইতে সরকারীভাবে এক বিবৃতি প্রচার করিয়া বলা হয় যে, টিয়েনৎসিন সমস্যা সম্পর্কিত আলোচনার সাধারণ ভিত্তি সম্পর্কে উভয় পক্ষের মধ্যে একটি সর্ব্বসম্মত সিদ্ধান্তে উপনীত হইয়াছেন। জাপ-পররাষ্ট্র দপ্তর হইতে প্রচারিত বিবৃতিতে ইহাও বলা হইয়াছে যে, এই সিদ্ধান্তের বিবরণ টোকিও ও লণ্ডনে যুগপৎ প্রকাশিত হইবে।

জাপ প্রধান মন্ত্রী ব্যারণ হিরাণুমা সংবাদপত্র প্রতিনিধিদের নিকট বলেন যে, টিয়েনৎসিন সমস্যা আলোচনার ভিত্তি সম্পর্কিত সাধারণ প্রশ্নের মীমাংসা হওয়ায়, টোকিওতে ইঙ্গ-জাপ আলোচনায় যে সঙ্কটজনক পরিস্থিতির উদ্ভব হইয়াছিল, তাহার অবসান হইল। তদুপরি তিনি ইহাও বলেন যে, এই মীমাংসার ফলে যে মূলনীতি নির্দ্ধারিত হইয়াছে, তাহা শুধু টিয়েনৎসিন সমস্যার মধ্যেই সীমাবদ্ধ থাকিবে না, পরন্ত সমগ্র চীনের ব্যাপারে প্রযুক্ত হইবে।

চীনে ব্রিটেনের স্বার্থ ও অধিকার রক্ষার কথা উল্লেখ করিয়া ব্যারণ হিরাণুমা বলেন যে, চীন, জাপান ও মাঞ্চুকুওর মধ্যে পারস্পরিক নির্ভরতার যে যোগসূত্র রহিয়াছে, বৃটেন যদি তাহা স্বীকার করিয়া লয়, তাহা হইলে জাপান চীনে বৃটেনের স্বার্থ ও অধিকার রক্ষার বিষয় বিবেচনা করিয়া দেখিতে পারিবে।

ব্যারণ হিরাণুমা বলেন যে, বৃটেন ঋণ দিয়া কিম্বা অন্য কোন প্রকার চিয়াং কাইশেককে সাহায্য করিবে না বলিয়া তিনি আশা করেন, কিন্তু বৃটেন যদি ঐরূপ করে, তবে বৃটেনের উক্ত প্রকার কার্য্য জাপবিরোধী বলিয়া গণ্য হইবে। বৃটেন যদি চিয়াং কাইশেককে ঋণদানে বিরত থাকে, তাহা হইলে যাহারা চিয়াং কাইশেককে অস্ত্রশস্ত্র সরবরাহ করিবার জন্য উৎসুক, চিয়াং কাইশেকের পক্ষে তাহাদের মারফৎ অস্ত্রশস্ত্র ক্রয় করা সম্ভবপর হইবে না। জাপান ও বৃটেনের মধ্যে যে মূল ব্যবস্থা হইয়াছে, তাহার ফলে যে শুধু চুংকিং গভর্ণমেণ্টের গুরুতর ক্ষতির কারণ হইবে তাহা নহে, পরন্ত উহা চীনের সমস্যা সমাধানের পক্ষেও অনুকূল হইবে

———

গোয়াং বু বন্দরে জাপবাহিনীর অবতরণ

একটি জাপানী ইস্তাহারে প্রকাশ, মাঞ্চুকুও এবং বাহির মোঙ্গলিয়া সীমান্তে এখনও সংঘর্ষ চলিতেছে। উক্ত ইস্তাহারে আরও জানা গিয়াছে যে, বুইরনর হ্রদের উপরে প্রায় ৮০টি সোভিয়েট এবং বাহির মোঙ্গোলীয় বিমানের সহিত জাপবিমান বাহিনীর সংঘর্ষ হয়। জাপানীরা বিপক্ষের ৩১টি বিমান ভূপাতিত করে। একটি জাপবিমান ফিরিয়া যাইতে পারে নাই। তাহাদের আরও দুইটি বিমান মাঞ্চুকুওর এলাকায় অবতরণ করিতে বাধ্য হয়।

নৌ ও বিমান বহরের যুগপৎ প্রবল গোলা বর্ষণের মধ্যে জাপ-সৈন্যদল গোয়াং বু বন্দরে অবতরণ করিয়াছে।

এরূপ সংবাদ আসিয়াছে যে, জাপানীরা সোয়াটাও বন্দরের নিকটবর্ত্তী চেংহাই নামক আর একটি ক্ষুদ্র বন্দর জাপানীরা অধিকার করিয়াছে।

———

ফরাসী ভারতে ব্যক্তিস্বাধীনতা খর্ব্ব

ফরাসী বিপ্লবের ১৫০ম বার্ষিক উৎসব উপলক্ষে কারিকল ব্যক্তি-স্বাধীনতা সঙ্ঘের এক সভা হয়। সভাপতি মিঃ মহম্মদ ইব্রাহিম মারিক্কার বক্তৃতা-প্রসঙ্গে বিপ্লবের কারণ বিশ্লেষণ করিয়া বলেন যে, ফরাসী বিপ্লবে রক্তপাত হইয়াছিল কিন্তু বর্ত্তমান ভারতীয় বিপ্লব আন্দোলন অহিংস—দুই আন্দোলনের মধ্যে ইহাই পার্থক্য। বিশেষ ঘটনার মূল উদ্দেশ্য প্রচারই ঐরূপ ঘটনা সংশ্লিষ্ট অনুষ্ঠানের প্রধান উদ্দেশ্য।

সাম্য, মৈত্রী, স্বাধীনতা—এই তিনটি হলো ফরাসী গণতন্ত্রের মূলকথা কিন্তু ফরাসী ভারতে ইহা মাত্র নামেই আছে। এখানকার অধিবাসীদের স্বাধীনতা খর্ব্ব করা হইয়াছে। গভর্ণমেণ্টের অনুমতি ব্যতীত ২০ জনের অধিক লোক একত্র সমবেত হওয়া যায় না। ফরাসী প্রথায় পুলিশের গভর্ণমেণ্টের নিকট অনুমতি দাখিল না করিয়া মাতৃভাষায় কোন সংবাদপত্র প্রকাশ করার অধিকার এখানে নাই। প্রায় ৬০ বৎসর পূর্ব্বে প্রাপ্ত-বয়স্কদের ভোটাধিকার দেওয়া হইলেও মাত্র সামান্য লোকই ইহা লাভ করিয়াছে।

ফরাসী গণতন্ত্রের প্রেসিডেণ্ট, উপনিবেশ সচিব ও ফরাসী ভারতের গভর্ণরকে বর্ত্তমান নির্ব্বাচন ব্যবস্থা উঠাইয়া দিতে অনুরোধ করিয়া সভায় প্রস্তাব গৃহীত হইয়াছে

গোরক্ষপুরে পিস্তলসহ জনৈক যুবক ধৃত

[illegible] রোডের নিকটস্থ কোন এক গ্রামে জগদেও নামক জনৈক শিক্ষিত চাষাকে একটি পিস্তল সহ গ্রেপ্তার করা হইয়াছে। পিস্তলটি তাহার থলের মধ্যে পাওয়া যায়। সে [illegible] অভিমুখে যাইবার সময় একজন পুলিশ অকস্মাৎ আসিয়া তাহাকে গ্রেপ্তার করে। প্রকাশ, পুলিশ দলটিকে আসিতে দেখিয়া জগদেও থলির মধ্য হইতে পিস্তল বাহির করিতে চেষ্টা করে কিন্তু তৎপূর্ব্বেই একজন কনেষ্টবল তাহাকে ধরিয়া ফেলে। তাহার নিকট হইতে ৫টা তাজা ও ২টি ব্যবহৃত কার্তুজ পাওয়া যায়। স্থানীয় জিলা যুব-সঙ্ঘের জনৈক সদস্যের লিখিত একখানি চিঠিও তাহার নিকট [illegible]। আরও প্রকাশ যে, [illegible] পাওয়া গিয়াছে [illegible] সময় [illegible]।

এক [illegible] নামক অপর একটি যুবককেও গ্রেপ্তার করা হইয়াছে। জোর পুলিশ তদন্ত চলিতেছে।

প্রকাশ, [illegible] উভয়েই এই [illegible] আধা-রাজ[illegible] [illegible] স্বীকারোক্তি করিয়াছে।

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক। প্রতি একাদশীতে প্রকাশিত হয়। কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। সডাক ভিক্ষা ৪৷০ টাকা মাত্র।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৷০ টাকা মাত্র।

৩। ভাগবত—হিন্দীভাষায় একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ টাকা মাত্র

৫। শ্রীগৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ মাত্র।

পরমগুরু শ্রীগৌরকিশোর

গৌড়ীয়-সম্পাদক লিখিত, শ্রীগৌড়ীয়মঠাচার্য্যের ভূমিকা-সম্বলিত, বহুচিত্র শোভিত ও বিবিধ তথ্য সম্বলিত "পরমগুরু শ্রীগৌরকিশোর" গ্রন্থখানি প্রকাশিত হইয়াছেন। এই গ্রন্থখানিতে সকল গৌড়ীয়বৈষ্ণবগণের পরমারাধ্য, গৌড়ীয়গৌরবশিখামণি অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ নিত্যলীলাপ্রবিষ্ট পরমহংস ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল গৌরকিশোরদাস গোস্বামী প্রভুবরের অলৌকিক চরিত্রকথা বর্ণিত আছে।

শ্রীশ্রীভক্তিবিনোদ-আবির্ভাব-শতবর্ষপূর্ত্তিতিথিপূজার উপায়ন-গ্রন্থমালা

———::(০)::———

১। গীতিসাহিত্যে শ্রীভক্তিবিনোদ

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র গীতিসাহিত্যের সমালোচনা-গ্রন্থ)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

২। শ্রীভক্তিবিনোদবাণীবৈভব

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের রচনামৃতসাগর হইতে আহৃত ১০৮টি অধ্যায়ে সম্বন্ধ-অভিধেয়-প্রয়োজনাকারে গুম্ফিত অমূল্য উপদেশপূর্ণ গ্রন্থ)

ভিক্ষা—৩৲ তিন টাকা মাত্র।

৩। শ্রীশ্রীভক্তিবিনোদ-প্রসঙ্গ

ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ ও ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামীপ্রভু-বিরচিত এবং গৌড়ীয়ে প্রকাশিত শ্রীশ্রীভক্তিবিনোদ-চরিত্র-প্রসঙ্গ

ভিক্ষা—৷৶০ ছয় আনা মাত্র।

৪। ছাত্রদের ভক্তিবিনোদ

(ছাত্রদের উপযোগী ভাষায় লিখিত শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্র ও শিক্ষা)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

(ছাত্রদের পক্ষে ভিক্ষা—৷০ আট আনা মাত্র)

প্রাপ্তিস্থান :—

(১) 'ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট', পোঃ শ্রীমায়াপুর, নদীয়া ;

২) শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ;

৩ শ্রীযুক্ত সুশীলরঞ্জন রায় এম্-এ, বি-এল্,
প্রযত্নপণ্ডিত পোঃ বগুড়া, ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবত,—সমগ্র ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ২৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। ভাষ্যসহ বিরাট্ শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৯৲
৩। ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬
৪। সরস্বতী জয়শ্রী (অবাঁধা) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০ ; ২য় খণ্ড ১৲ ; ৩য় খণ্ড—৸০
৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার-দীপিকা সংস্কার দীপিকা ১৷০
৯। বৈষ্ণবধর্ম্ম ২৲
১০। গৌড়ীয় কণ্ঠহার ৪৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীমহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ৷০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিবর্ত্ত-তত্ত্ব ৷০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষৎ ৷০
১৮। ব্রাহ্মণ আদর্শ ৷০
১৯। অর্থবিবেক ৷০
২০। গৌড়ীয় গৌরব ৷৶০
২১। গৌড়ীয়সাহিত্য ৷৶০
২২। অমৃত বচন ৷০
২৩। শ্রীচৈতন্যাষ্টকম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা সহ) ২৲
২৫। গীতা (চক্রবর্ত্তি টীকাসহ) ২৲
অবাঁধা) ১৲
২৬। গীতার কেবল মাত্র ভাষা ৷০
২৭। দুর্ব্বোধ্যিকা শুণগৌরতঃ (সাপ্তাহিক) ২৲
২৮। বেদান্তসূত্র (সাপ্তাহিক) ৷০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৸০
৩০। দীপ-দিগ্-দর্শন ৶০
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ৷৶০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ৷০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶০
৩৫। গীতমালা ⁄১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৶০
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৶০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ৷০
৩৯। শ্রীগোদ্রুমকল্পাটবীবাদ ৷০
৪০। শরণাগতি ⁄০
৪১। গীতাবলী ⁄০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
৪৩। সাধনতত্ত্ব ⁄০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ⁄
৪৫। নবদ্বীপশতক
৪৬। অর্চ্চনপদ্ধতি
৪৭। সদাচারস্মৃতিঃ ৶/
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ⁄১০
৪৯। অর্চ্চনকল্প ৷১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম-৪ খণ্ড) ৯৲
৫১। ব্রহ্মসংহিতা ৷০
৫২। মণিমঞ্জরী (সাপ্তাহিক) ৷০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ-বিনির্ণয় ৷০
৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ৷০
৫৬ ভারতবর্ষ ও ভক্তিপথ ৶০
৫৭। ঈশোপনিষৎ (ভাষ্যাদিসহ) ৷০
৫৮। শ্রীকৃষ্ণবোধ ৶০
৫৯। শিক্ষাষ্টদর্পণ ৶০
৬০। সাধনাবলী ⁄০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ৷০
৬২। সিদ্ধান্ত-সরস্বতী দিগ্বিজয়ঃ ৷০
৬৩। সটীক-শিক্ষাষ্টকম্ ৷০
৬৪। তত্ত্বসূত্রম্ ৷০
৬৫। সাত্বত শিক্ষাষ্টকম্ ৶০
৬৬। গৌড়ীয়মঠপরিচয়ঃ ⁄০
৬৭। মায়াবাদখণ্ডনম্ ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ৷০
৬৯। এ ভিউ অফ্ দ্য অন বেদান্ত ৷০
৭০। নামভজন ⁄০
৭১। বেদান্ত—ইট্স মরফলজী অ্যাণ্ড অন্টলজি
৭২। রিলেটিভ ওয়ার্ল্ড্স ৷৶০
৭৩। সাইক অ্যাণ্ড প্রিসেপ্টস অব শ্রীচৈতন্য মহাপ্রভু ৷০
৭৪। বৈষ্ণবীজম ৷০
৭৫। বোম্বাই গৌড়ীয়মঠ ইন ক্রুইজ ⁄০
৭৬। দি ভাগবত ৷০
৭৭। ইরোটিক প্রিন্সিপল অ্যাণ্ড আনয়ালয়েড ডিভোসন ৷০
৭৮। ব্রহ্মসংহিতা ১৷০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (প্রথম খণ্ড) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ৷০
৮১। সাধন-পথ ৷০
৮২। কল্যাণ-কল্পতরু ৶০
৮৩। গীতাবলী ⁄০
৮৪। শরণাগতি ⁄০

আসামিয়া ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ⁄

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

একমাত্র পারমার্থিক দৈনিক পত্র

শ্রীধাম-মায়াপুর-নদীয়া

১৪শ বর্ষ | ১০ পুরুষোত্তম ৪৫৩ গৌরাব্দ, ১০ই শ্রাবণ বঙ্গাব্দ ১৩৪৬, ২৬শে জুলাই ইং ১৯৩৯, বুধবার | ১২৬শ সংখ্যা।

"শ্রীগুরুতত্ত্ব—নিত্যানন্দ; সেই কৃষ্ণাভিন্নবিগ্রহকে যে পাষণ্ডী বিষেষ-বুদ্ধিতে গ্রহণ করে, সেই পাষণ্ডীর সঙ্গিগণের সহিত কোন প্রকার সম্বন্ধ রাখা ভগবদ্ভক্তের কর্ত্তব্য নহে।"

(শ্রীল প্রভুপাদ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

১০ পুরুষোত্তম, বুধ অনিরুদ্ধ গৌরাব্দ ৪৫৩

দুর্ব্বলতা ও অপরাধ

—॥(৩)॥—

অনন্তভক্তের কৃষ্ণসেবা ছাড়া অন্য কোন প্রার্থনা নাই। শুদ্ধভক্ত কৈতবমুক্ত। তাঁহারা ধর্ম, অর্থ, কাম ও মোক্ষের প্রার্থী বা কোন প্রকার অভিলাষী। শুদ্ধভক্তের ভগবানে অহৈতুকী সেবোন্মুখতা না হইলে কৃষ্ণের পূর্ণ কৃপা পাওয়া যায় না।

কৃষ্ণভক্তিতে কৈতব আবরণ।
কৃষ্ণ কৃষ্ণভক্তি বিনা অন্য কামনা॥
অজ্ঞানতমের নাম কহিয়ে কৈতব।
ধর্ম-অর্থ-কাম-মোক্ষ বাঞ্ছা আদি এই সব॥
তার মধ্যে মোক্ষবাঞ্ছা কৈতবপ্রধান।
যাহা হৈতে কৃষ্ণভক্তি হয় অন্তর্দ্ধান॥

ধর্মার্থ-কাম-বাসনা চলিয়া গেলেও মোক্ষকামগণ কপটতা সহজে যাইতে চায় না। ভুক্তিস্পৃহা ও মুক্তিস্পৃহা এই দুইটী পিশাচী। যে পর্য্যন্ত এই দুইটী থাকে, সে পর্য্যন্ত ভক্তির সম্ভাবনা নাই।

ভুক্তিমুক্তি আদি বাঞ্ছা যদি মনে হয়।
সাধন করিলে প্রেম উৎপন্ন না হয়॥

কৃষ্ণ-কৃপায় ভক্তি হৃদয়ে উদিত হইলেই কাম পরিত্যাগ করিয়া কৃষ্ণের দাস হইবার জন্য অভিলাষ হয়। কাম না ছাড়িলে হৃদয়ে প্রতিষ্ঠিত হওয়া বা প্রেমলাভ ত' দূরের কথা, কৃষ্ণভজনের পিপাসাও হৃদয়ে জাগে না।

—————

দুর্ব্বল ও অপরাধী ব্যক্তি ঠিক এক শ্রেণীর নয়। যদিও দুর্ব্বলতাই কালে অপরাধে পরিণত হইতে পারে, তথাপি দুর্ব্বলের কামনারূপ পাপ ও অপরাধের প্রতি ঘৃণা আছে। দুর্ব্বল ব্যক্তি পাপ ও অপরাধ অন্যায় জানিয়াও তাহা পরিত্যাগ করিতে অসমর্থ। আর অপরাধী কখনও ঐ সকলকে অন্যায়ই বিবেচনা করেন না। সে যাহা করে ও যাহা বুঝে তাহাই ভাল; বরং প্রকৃত সাধুরই বুঝা ভুল হইয়াছে, এইরূপ মনে করে। সাধুগণ পরদুঃখদুঃখী ও সকলের মঙ্গলকামী। তাঁহারা দুর্ব্বল বা অপরাধী কাহারও মন রাখিয়া কথা বলেন না বলিয়া অপরাধিগণ ভগবচ্চরণে অপরাধ অপেক্ষাও অধিক ভক্তবৈষ্ণব-অপরাধ করিয়া বসে। অসৎসঙ্গ-প্রভাবে দুর্ব্বলের পতন অবশ্যম্ভাবী। সুতরাং দুর্ব্বল ব্যক্তি কাহাকে আদর ও রুচির সহিত গ্রহণ না করিয়া গর্হণ করিতে করিতে পরিত্যাগ করিবেন। তাহা হইলেই তাঁহার প্রতি কৃষ্ণের কৃপা-লেশ হইয়াছে জানা যাইবে। এই উপদেশ লঙ্ঘন করিলে দুর্ব্বলের অমঙ্গল অনিবার্য্য।

—————

ভক্তিতে হতাশার কোন কথা নাই। কৃষ্ণপ্রেষ্ঠের সন্ধান পাওয়ায় ভক্তের কত আশা-ভরসা! তাই তাঁহার কথা—

আমার প্রভুর প্রভু শ্রীগৌরসুন্দর।
এ বড় ভরসা চিত্তে ধরি নিরন্তর॥

ভক্তগণ একনিষ্ঠ—ঐকান্তিক। ভক্তের কপটতা নাই। তিনি সরল ও নিষ্কপট। এইরূপ সরল, একনিষ্ঠ ভগবদ্ভক্তের হৃদয়ে যদি তাঁহার অজ্ঞাতসারে কোনও কামনা উপস্থিত হয়, অথবা মুক্তিসুখ হইতেও অনন্তগুণে শ্রেষ্ঠ দাস্যসুখের মহিমা না জানিয়া অজ্ঞাতবশতঃ কোন ব্যক্তি যদি তীব্র ভক্তিযোগ অর্থাৎ অর্পিত ঐকান্তিকতার সহিত ভগবদ্ভজনেই সংলগ্ন থাকেন, তাহা হইলে ভগবান্ তাঁহার হৃদয়ে বুদ্ধিযোগ প্রদান করিয়া কামনার অকিঞ্চিৎকরতা তাঁহাকে বুঝাইয়া দেন। আবার কখনও কোন নিষ্কিঞ্চন মহাজনকে প্রেরণ করিয়া সাধককে সেই সকল কৈতব পরিহারের উপদেশ দেন। সাধক তখন তাহার পূর্ব্বকৃত অপরাধের জন্য সাতিশয় অনুতপ্ত হন এবং সর্ব্বতোভাবে অন্যাভিলাষরহিত হইয়া কৃষ্ণকৃপা প্রার্থনা করিতে করিতে অহৈতুকভাবে ভগবদ্ভজন করেন। এইরূপ অজ্ঞসাধকের প্রতিই ভগবানের কৃপা হয়। কিন্তু জানিয়া শুনিয়া বিষ খাইলে সেইরূপ অপরাধী সন্তানের প্রতি ভগবানের কৃপা হয় না।

অজ্ঞ সাধকের প্রতি যে কৃপা হয়, সেই ভগবৎকৃপাই সম্বন্ধজ্ঞান, অর্থাৎ কৃষ্ণই আমাদের নিত্যসেব্য—এই উপলব্ধি। কৃষ্ণ আমাদের ভোগ্য নহেন, তিনি আমাদের নিত্যসেব্য—এইরূপ স্বাভাবিকী বুদ্ধির সহিত কৃষ্ণসেবাভিনিবেশই শুদ্ধভক্ত বা কৃষ্ণদাসবুদ্ধি। এই ভক্তিরূপ গুরুকৃষ্ণ-কৃপার হৃদয়ে উদিত হইলে আর ইতর কামনা-বাসনা বা অন্যপ্রীতিরূপ হৃদয়ে থাকিতে পারে না।

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ লিখিয়াছেন,—ভোগাভিলাষের সহিত যাঁহারা ভগবদ্ভজন করেন, তাঁহারা সকাম ভক্ত; তাঁহারা স্বেচ্ছাপূর্ব্বক ভূর্লোকে, স্বর্লোকাদিতে, অণিমাদিসিদ্ধিতে এবং প্রপঞ্চান্তর্গত শ্বেতদ্বীপ ও লক্ষ্মীপতির বৈকুণ্ঠে অর্থাৎ সর্ব্বোচ্চলোকাদি বিষ্ণুলোকে যে সমস্ত ভোগ আছে তাহা আস্বাদন করিতে করিতে বিশুদ্ধ ভগবৎসেবা-কাম হইয়া সর্ব্বশেষে পরব্যোমস্থ পরব্যোম নামক বৈকুণ্ঠে গমন করেন। অন্যাভিলাষিতাশূন্য কর্ম্মজ্ঞানাদি কর্ত্তৃক অনাবৃত আনুকূল্যের সহিত কৃষ্ণানুশীলনই শুদ্ধ বা উত্তমা। এস্থলে ভোগাভিলাষের সহিত ভজনের কিরূপ সঙ্গতি হয়, এই আশঙ্কায় 'স্বেচ্ছাপূর্ব্বক' এই শব্দটী ব্যবহৃত হইয়াছে। তাৎপর্য্য এই যে, যাঁহারা স্বেন্দ্রিয়তর্পণরূপ ভোগাভিলাষ দ্বারা চালিত হইয়া কৃষ্ণানুশীলনোপযোগী কর্ম্ম অনুষ্ঠান করেন, তাঁহারা কর্ম্মনিষ্ঠ। সুতরাং কর্ম্মপরায়ণ। কিন্তু যাঁহারা ভোগবিলাসরূপ অনর্থকে অনর্থ জানিয়া তাহাকে নিন্দা করিতে

মায়ারে করিয়া জয় ছাড়ান না যায়। সাধু-গুরু-কৃপা বিনা না দেখি উপায়॥

করিতে শুভকর্ম্মের অনুষ্ঠান করেন এবং ভ্যাগাকাঙ্ক্ষারহিততঃ ভোগ করেন, তাঁহারা ভক্ত। তাঁহাদের সেই সেই অনুষ্ঠান কর্ম্ম নহে। ভক্তহৃদয় পবিত্র করিবার জন্য ভগবান্ কৃপাপূর্ব্বক সেই সেই ভোগরাশি তাঁহাদিগকে শুভাশুভকর্ম্ম করত স্বপাদপদ্ম অর্পণ করেন। সুতরাং কর্ম্মপরতন্ত্রগত কর্ম্মভোগাদি তাঁহাদের নাই। তাঁহারা স্বেচ্ছাপূর্ব্বক ভোগ করিতে করিতে সাধনবলে স্বীয় অনর্থরূপ অসত্তৃষ্ণা দূর করেন। ইহাই ভক্তভক্তের এক রহস্য। শ্রদ্ধাক্রমে সাধুসঙ্গ, সাধুসঙ্গে ভজনক্রিয়া এবং ভজনক্রিয়াক্রমে ভক্তের চিত্তৈকদেশস্থিত অনর্থ দূর হয়, পরে নিষ্ঠা হয়। এইরূপ ভক্তদিগের এইরূপ উর্দ্ধক্রমে চিদ্বিশেষরূপ বৈকুণ্ঠে গমন হয়।

সকামভক্ত যেমন ক্রমাদি ভগবৎকৃপায় কামনা নির্ম্মুক্ত হইয়া কোন উচ্চলোক বা বৈকুণ্ঠ পর্য্যন্ত গমন করিতে পারেন, কিন্তু গোলোক-বৃন্দাবনে কৃষ্ণে অপ্রাকৃত সহজ স্বাভাবিক অনুরাগ না হইলে কৃষ্ণভজন হয় না। সেখানে কোন কামনা ত' দূরের কথা, ভগবানের কোন ঐশ্বর্য্যও তাঁহাদিগকে আকর্ষণ করিতে পারে না। তাঁহারা ঐশ্বর্য্যের উপাসক নহেন। কৃষ্ণের স্বাভাবিক মাধুর্য্যই তাঁহাদিগকে আকর্ষণ করিয়াছে। কৃষ্ণে প্রগাঢ়প্রীতি ও মমতাবশতঃই তাঁহারা প্রাণপ্রিয় কৃষ্ণের সুখের জন্য ব্যস্ত হইয়া থাকেন। কৃষ্ণসুখেচ্ছা ছাড়া অন্য কোন স্বসুখ কামনাও তাঁহাদের নাই।

শ্রীশ্রীআচার্য্যোপদেশ

——::(•)::——

প্রশ্ন—'কৃষ্ণে ভক্তি কৈলে সর্ব্বকর্ম্ম কৃত হয়' এ স্থলে 'কর্ম্ম' শব্দে কি বুঝায়?

উত্তর—ফলভোগকামনামূলে দেবপিত্রাদি-পূজনাদি যা' কিছু সবই নিত্য-নৈমিত্তিক কর্ম্ম। কৃষ্ণ-সেবা করলে দেব-ঋষি পিতৃ-ঋণাদি সব শোধ হ'য়ে যায়। কৃষ্ণভক্ত বা কৃষ্ণ-সেবক হ'লে বর্ণাশ্রমধর্ম্ম সুষ্ঠুরূপে অনুষ্ঠিত হয়। বর্ণাশ্রমধর্ম্ম-পালন—কর্ম্ম। কৃষ্ণভজন না করলে বর্ণাশ্রম নিজ সুষ্ঠুতা রাখতে পারে না। কৃষ্ণ-তোষণ না হ'লে ধর্ম্মাচরণ বৃথা।

তাবৎ কর্ম্মাণি কুর্ব্বীত ন নির্ব্বিদ্যেত

যাবতা।

মৎকথা-শ্রবণাদৌ বা শ্রদ্ধা যাবন্ন জায়তে॥

(ভাঃ ১১।২০।৯)

ভগবৎকথায় যাঁ'র শ্রদ্ধা আছে কর্ম্মে তাঁ'র আগ্রহ নাই। কর্ম্ম-অকরণজনিত প্রায়শ্চিত্ত তাঁ'র নাই, তাঁ'র বন্ধন ক্রমশঃ খুলে যাচ্ছে কৃষ্ণের সুখ হওয়ায়। শ্রুতিতে বিশ্বাসের নাম শ্রদ্ধা। শব্দের উপর বিশ্বাস। শব্দ কৃপা ক'রে অবতীর্ণ হ'তে পারেন। অপ্রাকৃত হ'তে প্রাকৃতে পূর্ণবস্তু শব্দাকারে—শব্দাকারে অবতীর্ণ হ'তে পারেন। সেই শব্দ আদর করলে, সেই শব্দ যাঁ'কে দ্যোতনা বা যোজনা করেন, সেই শব্দীর সন্ধান পাওয়া যাবে। প্রথমেই শ্রদ্ধা দরকার। আম্নায়-ধারা বা শ্রৌতপথে বিশ্বাসই হ'ল শ্রদ্ধা। কীর্ত্তনকারী প্রথমেই শব্দের মাহাত্ম্য—নামের মাহাত্ম্য বললেন। শব্দই ক্রমশঃ পর পর ভজনের সোপানে নিয়ে যা'বে। শব্দের কৃপাতেই ভজন-সিদ্ধির ক্রম-সোপান লাভ হ'বে সেটা Literal form এ (শব্দাকারে) আছে সেটা প্রকাশ হ'বে। শব্দ নিজ আকর্ষণবৃত্তি দ্বারা শুদ্ধ হৃদয়ে প্রকাশ করে থাকেন—আবরণ দূর করে। এই কলিযুগে এ সম্বন্ধে কর্ত্তা নামের মাহাত্ম্য বলা। কৃষ্ণ আসুন; তিনি এলেই তাঁ'র ভজনের প্রতিবন্ধক সব সরিয়ে দিবেন।

প্রঃ শ্রদ্ধা কি ভক্তির অঙ্গ?

উঃ—সাধু-সঙ্গের পর যে শ্রদ্ধা সেটী ভক্তির অঙ্গ। সাধুসঙ্গ হ'তেই ভক্তির প্রকৃত অঙ্গ যাজন আরম্ভ হয়। তৎপূর্ব্বে যে শ্রদ্ধা তা' ভক্তির অঙ্গ নয়, তা' ভক্ত্যুন্মুখী সুকৃতি জনিত।

প্রঃ শ্রীল প্রভুপাদের প্রকটকালে অনেকে অর্থ দিয়েছেন, কিন্তু লোকের দোষে তা' সেবায় লাগে নাই, শুনা যায়। যাঁ'রা টাকা দিলেন, তাঁ'রা কোন ফল পাবেন কি না?

উঃ কৃষ্ণ অর্থ নেন না, চিত্তবৃত্তি নেন। শ্রীবিগ্রহ স্থূল বস্তু গ্রহণ করেন না—প্রীতি গ্রহণ করেন। অর্চ্চনকারী যে নৈবেদ্য দেন, সেই নৈবেদ্যের স্থূল পরিমাণ অনুসারে গ্রহণের তারতম্য হয়, না অর্চ্চকের ভক্তিপ্রীতির পরিমাণ অনুসারে ভগবান্ তাহা গ্রহণ করেন? শুদ্ধভক্ত—চিত্তশুদ্ধি—সত্ত্বশুদ্ধি। সমস্ত চিত্ত-নিবেশন বা শ্রীবিগ্রহের সন্তুষ্টিতে অবস্থান না হ'লে শ্রীবিগ্রহের সেবা হয় না। যাঁ'র চিত্ত যত শুদ্ধ তাঁ'র জিনিষই তিনি তত গ্রহণ করেন। ভগবান স্থূলত্ব অনুসারে নৈবেদ্য গ্রহণ করেন না। প্রভুপাদ যেখান সেখান থেকে কিছু গ্রহণ করতে নিষেধ ক'রেছেন। অন্ততঃ যায় ভগবানের আর্ত্তি প্রভৃতির কি ক্ষতি কিছু আছে? তবুও নিষেধ করলেন কেন? চিত্তবৃত্তিতে যদি সেবা-প্রবৃত্তি থাকে তবে গ্রহণ ক'রবেন, যদি না থাকে তবে ক'রবেন না। যদি উপাধি বা আবরণ না থাকে, অন্যাভিলাষরূপ ময়লা হৃদয়ে না থাকে, যদি আনুকূল্যের সহিত হৃষীক দ্বারা হৃষীকেশ-সেবন হয়, তবেই তিনি গ্রহণ করবেন। গ্রহণ না করলে ত' আর প্রসাদ হয় না। অভক্তের জিনিষ ভগবান্ গ্রহণ করেন না। সুতরাং ভক্ত ব্যতীত অভক্ত কোথায় প্রসাদ পা'বে?

শ্রীগুরুপাদপদ্ম হৃষীকেশশ্রেষ্ঠ। তাঁ'কেই সব দিতে হ'বে। তিনিই সব ভগবানের নিকট পৌঁছিয়ে দিবেন। যিনি দিবেন তাঁ'র চিত্তবৃত্তি দেখুন। যদি অস্মিতা, অহঙ্কার বা দাতৃত্বের অভিমান না রেখে দেন, তবেই গ্রহণ করবেন। প্রতিদানে যদি কিছু চান, তবে বণিগ্‌বৃত্তি হ'য়ে যা'বে। যাঁ'র হাতেই দেন না কেন, গ্রহণকারী কিছু দ্রব্য দেখেন না, চিত্তবৃত্তি দেখেন। বিশ্বজগতে এমন কি বস্তু আছে যে, তাঁকে দেওয়া যাবে। জড় বস্তু দিয়ে কি তাঁ'কে সুখী করা যায়? তিনি জড় জগতে অর্পণের যোগ্য বস্তু চান, না জীবন্ত বা প্রাণবন্ত জিনিষ চা'ন—শরণাগত বা অকিঞ্চনকে চান? কর্ম্মার্পণ চান, না অকিঞ্চনতা চান? কর্ম্মার্পণ মিশ্রা ভক্তি; অকিঞ্চনতাই শুদ্ধা ভক্তি। সর্ব্বগুহ্যতম কোনটী?

যৎ করোষি যদশ্নাসি যজ্জুহোষি

দদাসি যৎ।

যত্তপস্যসি কৌন্তেয় তৎ কুরুষ্ব মদর্পণম্॥

(গীঃ ৯।২৭)

মন্মনা ভব মদ্ভক্তো মদ্যাজী মাং নমস্কুরু।

মামেবৈষ্যসি সত্যং তে প্রতিজানে

প্রিয়োঽসি মে॥

সর্ব্বধর্ম্মান্ পরিত্যজ্য মামেকং শরণং ব্রজ।

অহং ত্বাং সর্ব্বপাপেভ্যো মোক্ষয়িষ্যামি

মা শুচঃ॥

(গীঃ ১৮।৬৫-৬৬)

যিনি সেবা করেন সেই সেবকের চিত্তবৃত্তি অনুসারে ভগবান্ গ্রহণ করেন। বিদুর ভগবানকে কিছুই দিতে পারেন নাই। দুর্য্যোধন অনেক উপহার দিয়াছিলেন; কিন্তু তিনি বিদুরের জিনিষই গ্রহণ ক'রেছিলেন। মদনমোহন কা'র জিনিষ গ্রহণ করেন? যাঁ'র সেবার ইচ্ছা আছে তাঁ'র।

প্রঃ—টাকা যদি কোন প্রাকৃত-সহজিয়া গুরুর নিকট দেওয়া যায়, তবে তাহা ভগবানের নিকট পৌঁছে কি না?

উঃ—ভগবান সর্ব্বজ্ঞ। যদি সেবাবস্তু জ্ঞানগোচরে আসে, তিনি যদি জানেন, তবে গ্রহণ হ'য়েছে। তা'তে যদি বাধা হয়, তবে সব গেল। অকিঞ্চন হ'য়ে যে দেওয়া সেটা ভক্তিপ্রবৃত্তি। ভক্তি যেখানে আছেন, সেখানে হ্লাদিনী আছেন। হ্লাদিনী-শক্তি ব্যতীত ভক্তি থাকতে পারেন না। যদি ভক্তি থাকে তবে গুরু আছেন। গুরু ব্যতীত সেটা বিদ্ধ হ'য়ে গেল। দেওয়াটা দ্রব্যের উপর নির্ভর করছে না; চিত্তবৃত্তিতে যদি থাকে যে তাঁ'কে দেব, তবে গ্রহণ করবেন। From the point of view of unalloyed devotion it is not an offering and Bhakti does not consist in offering something mundane, something gross. Bhakti is the automatic spontaneous propensity of the unalloyed heart to serve Guru and Gauranga. Unalloyed devotion of an unalloyed heart, fully submissive heart is called Bhakti. Gurudev is the giver of Bhakti. গুরু ভক্তিকে প্রকট করেন। Without Guru ভক্তি থাকে না। সেবকাভিমান যেখানে, 'আমি তোমার সেবক' এই শুদ্ধ অহঙ্কার বা আমি তোমার শরণাগত অকিঞ্চন সেবক—দাস এই অভিমান যেখানে সেখানে সব জিনিষ গুরুর।

যেখানে আমি গুরুর—'আমি ত' তোমার জন' এই অস্মিতা, সেখানে তা'কে চালিত ক'রছেন গুরু। যেখানে গুরু নাই, সেখানে আলাদা ক'রে দিতে গেলে অস্মিতা বা অহঙ্কার আসবে। সেখানে দেওয়ার ভাণ বা অভিনয় করা হচ্ছে মাত্র। চিত্তবৃত্তি নিয়ে কথা, স্থূলগত তারতম্যে কিছু যায় আসে না।

হিরণ্যগোবর্দ্ধন রঘুনাথকে আপন জান ক'রে তাঁ'র সুখের জন্য জিনিষ দিলেন, যা'তে তাঁ'র কষ্ট না হয়। কিন্তু তিনি আমাদের কি দেখালেন? তিনি দেখালেন—সাক্ষাৎ ভগবান্‌কে না দিয়ে গ্রহণ করা উচিত নয়; তাই তিনি নিজে গ্রহণ করলেন না, মহাপ্রভুকে দিলেন। মহাপ্রভু কি সব জিনিষের মালিক ন'ন? শ্রীল রঘুনাথ ভাবলেন, 'আমার দেহের সম্পর্কে আমার সুখের জন্য অস্মিতায় তাঁ'রা দিয়েছে, সুতরাং ইহা গৌরসুন্দরের সেবায় লাগবে না। তাই তিনি পরে বন্ধ ক'রে দিলেন। পৃথিবীর সকলের একমাত্র ভজনীয় ও সেব্য—মহাপ্রভু। সমস্ত কনক বা সমস্ত রমণীর মালিক একমাত্র শ্রীগৌরসুন্দর। জৈবপ অস্মিতায় প্রদত্ত নৈবেদ্যে ময়লা আছে ব'লে-

মহৎকৃপা বিনা কোন কর্ম্মে ভক্তি নয়। কৃষ্ণভক্তি দূরে রহু সংসার নহে ক্ষয়॥

দিলেন না। শ্রীল রঘুনাথের খাতিরে মহাপ্রভু গ্রহণ ক'রেছিলেন, কিন্তু পরে বন্ধ করাতে মহাপ্রভু সন্তুষ্ট হ'লেন। হিরণ্য-গোবর্দ্ধন-প্রেরিত বস্তুতে তাঁ'র স্থূলগত তৃপ্তি হ'য়েছিল কি? চিত্তবৃত্তি যদি অকিঞ্চনা ভক্তি হয়, সেখানে গুরু জোর ক'রে খান। সেখানে ভোগা-ভোক্তৃ-দর্শন নাই। এই গুরু-শিষ্য সম্বন্ধের মধ্যে কৃষ্ণ সুখ পান। এ জগতের মত নৈতিক সম্বন্ধ নয়। শ্রীল রঘুনাথ যখন পুরীতে ফেলে দেওয়া পচা প্রসাদ বা জগন্নাথোচ্ছিষ্ট খাচ্ছেন, স্বরূপ-দামোদর তখন সেই বার্ত্তাভনবীর উচ্ছিষ্ট-ভাগ নিলেন, জোর ক'রে খেলেন, ছিঃ। কর্লেন না—যদিও গুরু। এই যে কাড়াকাড়ি বা খাওয়া-খাওয়ি—তাতে সুখ হয় কা'র?—কৃষ্ণের। মহাপ্রভুও সেই জিনিষ জোর ক'রে খেলেন। মহাপ্রভু কোন্ জিনিষ খেলেন? তিনি খেলেন মদনমোহনের উচ্ছিষ্ট—বার্ত্তাভনবীর উচ্ছিষ্ট। বাইরের দিকে গাভী খা' খায় না, তাঁ'রা তা' খাচ্ছেন। কিন্তু তাতেই কৃষ্ণের কত সুখ! চিত্তবৃত্তি এখানে সম্পূর্ণ আলাদা।

গৃহস্থের যে অর্পণের বিচার তা' অর্জ্জন। এইটি যেন বিষ্ণুপাদপদ্মে পৌঁছে যায়,—এটা কর্ম্মার্পণ। অর্জ্জনকারীরও সেই ধারণা। এটা স্বাভাবিক। কিন্তু নির্গুণ বস্তু—ভিক্ষার বস্তু ভোগ দেওয়ার দরকার নাই,—প্রভুপাদ বল্লেন। ভিক্ষার জিনিষ নির্গুণ। এটা চাঁদা নয়। ভিক্ষা ও চাঁদা এক নয়। চাঁদার কৈফিয়ৎ তলব হ'তে পারে—"I have the right to enquire how my subscription is utilised." তা'র মধ্যে অহঙ্কার থাকে, কিন্তু ভিক্ষায় তা' নাই। ব্রাহ্মণের কাজ সন্ন্যাসীর কাজ—ভিক্ষা। একজন ফকিরের ভিক্ষা ও গৌড়ীয়মঠের ভিক্ষার মধ্যে পার্থক্য আছে। একজন আর্থিক ভিক্ষুক, আর একজন পারমার্থিক ভিক্ষুক। দুয়ের মধ্যে আসমান জমিন ফারাক্। দাতা পরার্থিতার motive নিয়ে ফকিরকে দিচ্ছে—জগতের অন্তর্গত আমার সুখ হ'বে ব'লে; সুতরাং সেখানেও নিজসুখবাঞ্ছা। ফকিরকে দিয়ে মনুষ্যের ইন্দ্রিয়তর্পণ করা হ'ল, তাতে কিছু পুণ্য হ'তে পারে, আর গৌড়ীয়মঠকে দিলে সেটা ভগবানের কাছে পৌঁছে যায়—তা'তে ভক্তুন্মুখী সুকৃতি হয়। কারণ, ভিক্ষুক হরিবিমুখ, ইন্দ্রিয়তর্পণকারী—আর গৌড়ীয়মঠ কৃষ্ণকার্য্যে অর্পিতচেষ্ট।

পাশ্চাত্ত্যে সব চাঁদা। দাতা যে উদ্দেশ্যে দান কর্লেন, সেই উদ্দেশ্যে সেটা লাগ্‌ল কিনা, দেখ্‌তে চায়। কিন্তু ভিক্ষাদাতা কৈফিয়ৎ তলব করেন না। তুলসী না দিলে প্রসাদ হ'বে না এরূপ নয়। প্রসাদ গুরুদেব পাঠিয়ে দেন। কোন ব্যক্তি-বিশেষের সঙ্গে যেখানে সম্বন্ধ, সেইখানেই অহঙ্কার। গুরু গৌরাঙ্গ পাঠিয়ে দিয়েছেন তাঁ'র সেবার জন্য—এটা নির্গুণ। যেখানে দেখ্‌তে চায় যে পৌঁছেছে কি না—সেটা অর্পণ। অর্পণ ভক্তির নিম্নের সোপান। মহাপ্রভু একে 'এহো বাহ্য' ব'লেছেন। এ অর্পণে দাতার সুখ হয়। এতে শুদ্ধা ভক্তি নাই। 'সর্ব্বধর্ম্মান্ পরিত্যজ্য' ও 'জ্ঞানে প্রয়াসং' শ্লোক হ'তে শুদ্ধভক্তির আরম্ভ। জ্ঞানকর্ম্মের আবরণ দূর হ'য়ে গেলে ভক্তি আরম্ভ হ'ল। তাই মহাপ্রভু কর্ম্মার্পণ, জ্ঞানমিশ্রা ভক্তি পরিত্যাগ ক'রে—'এহো হয়, আগে কহ আর' ব'ল্লেন।

প্রশ্ন—* * বাবু যে টাকাটা squander কর্ছেন, তাহা কি প্রভুপাদের ইচ্ছা ছিল?

উঃ—জীবের স্বতন্ত্রতার জন্য কি প্রভুপাদ দায়ী? * * বাবুর গুরুর সঙ্গে সম্বন্ধ নাই। জীব স্বতন্ত্র। স্বতন্ত্রতার সদ্ব্যবহার ও অসদ্ব্যবহার আছে। 'থাক তুমি কৃষ্ণাধীন'—এর নাম স্বাধীনতা বা মুক্তি—স্বরূপাবস্থিতি। কৃষ্ণাধীন থাকা—স্বতন্ত্রতার সদ্ব্যবহার, আর মায়ার দাস বা অধীনতার—অসদ্ব্যবহার। এতে কৃষ্ণের কোন দোষ নাই। দোষ আমার স্বতন্ত্রতার। জীব স্বতন্ত্রতার অসদ্ব্যবহার ক'রে কৃষ্ণকে ভুলে কর্ম্মজ্ঞানাদি আহ্বান কর্ছে ব'লে কি কৃষ্ণকে দোষ দেওয়া যায়? Law violate কর্ছে ব'লে কি Legislator-গণের দোষ? ধর্ম্মশাস্ত্রকারগণের কি দোষ? আইনপ্রণয়নকারীর কি দোষ? তাঁ'রা জানেন, আইন ভঙ্গ হ'বে, তথাপি আইন কচ্ছেন কেন?

প্রঃ—সর্ব্বজ্ঞ প্রভুপাদ জেনে শুনে * * বাবুকে নিষেধ করেন নাই কেন?

উঃ—গুরুবৈষ্ণব-ভগবান্ কারো স্বতন্ত্রতায় হাত দেন না। স্বতন্ত্রতা দেওয়া কি সর্ব্বজ্ঞের দোষ? সর্ব্বজ্ঞ কৃষ্ণ কত দয়া ক'রে এত বড় সম্পত্তি স্বতন্ত্রতা দিয়েছেন। স্বতন্ত্রতা দেওয়াতে তাঁ'র দোষ হ'ল, না তাঁ'র মাহাত্ম্য বাড়্‌ল। ভাল হ'বার জন্যই তিনি ওয় দিয়েছিলেন। আমার অমঙ্গল হউক এটা তিনি চা'ন না। তিনি মঙ্গলময়, মঙ্গলের জন্যই দিয়েছিলেন। আমার গঙ্গাজলে গঙ্গাপূজা করা দরকার। গুরুদেবের কোন জিনিষ নিয়ে কি কেহ একরূপ করে? সকলেই অভীষ্টদেবকে দেয়। * * বাবুর ব্যাপারে ব্যতিরেক-ভাবে বুঝা গেছে কোন্‌টী ভোগ আর কোন্‌টী গুরুসেবা। * * বাবুর অসুবিধা দেখে আমাদের সাবধান হওয়ার সুবিধা হ'য়েছে। আলোর মাহাত্ম্য বেড়েছে—অন্ধকার আছে ব'লে। এটী ব্যতিরেক ভাবে সুবিধা। স্বতন্ত্রতাটী দিয়েছেন—এটা কৃষ্ণের দয়া। অসদ্ব্যবহার হ'বে—এটী কৃষ্ণ জানেন, তজ্জন্য তাঁ'কে দোষী করা যায় না। Misuse হ'তে পারে, কিন্তু proper use করা দরকার। Absolute এর কোন দোষ নাই। গুরুদেবের সব ভাল। আমার গুরুর সব ভাল। গৌরের আমার সব ভাল। রাধা-গোবিন্দমিলিততনু—গৌর। রাধার সব ভাল। কৃষ্ণের কুটিলতা প্রভৃতি সব ভাল।

প্রঃ—* * বাবু প্রভুপাদের অপ্রকটের পূর্ব্ব পর্য্যন্ত কি শ্রেষ্ঠ ছিলেন?

উঃ—পতিগণ কি বার্ত্তাভনবী প্রভৃতি গোপীগণের বেশী শ্রেষ্ঠ ছিলেন? তাঁ'রা সেবার ত্রুটি কিছু করেন নাই। তাঁ'দের মত এমন সতী আর নেই। তাঁ'রা তাঁদের প্রতি বিরোধ আচরণ করেন নাই। কেবল ভোগা দিয়ে সন্তুষ্ট রেখেছেন। কৃষ্ণপক্ষেরও কেহ বিরোধ করেন নাই, রাধাপক্ষেরও কেহ চটেন নাই। কেবল ভোগা! কি লীলা! অবাক্ হ'য়ে যেতে হয়। "মুহুর্বিং হয়ঃ।" যুগপৎ রামচন্দ্রপুরী ও ঈশ্বরপুরী একসঙ্গে থাকেন কি ক'রে? মাধুর্য্যবিগ্রহে যাঁ'র হৃদয় ভরপুর—যিনি ভক্তি-লতা-কল্পবৃক্ষের মূল অঙ্কুর—শেষ সময়ে রামচন্দ্রপুরী তাঁ'র কাছে থাকেন কি ক'রে? ভক্তির lineএর মধ্যে থাক্‌লে সংসার থাকে না। অন্ধকারে হাতড়ান দরকার নাই। গুরু বা আচার্য্যের সহিত একচিত্তবৃত্তি হ'লেই সুবিধা। গুরুর সঙ্গে dovetailed না হ'লে—groping in the dark. Absolute দর্শন না হ'লে non-absolute দর্শন হ'বে।

প্রঃ—মহাজনের সম্বোধনে ভগবান্‌কে ডাক্‌লে ভজন হয়। কিন্তু মহাজনের languageএ ডাক্‌লে মর্য্যাদা লঙ্ঘন হ'বে না কি? Queen যেরূপ Kingকে আহ্বান করেন, প্রজা আমি সেরূপ সম্বোধন কর্‌তে পারি কি?

উঃ—মহাভাগবতগণ যে-ভাবে সম্বোধন ক'রে কৃষ্ণকে সুখ দিচ্ছেন, সেই ভাবে ডাক্‌লে আমাদের উপর শীঘ্র কৃপা হ'বে। সেই সম্বোধন কৃষ্ণের খুব প্রিয়। এইরূপ সম্বোধনে নামপ্রভুর কৃপা কটাক্ষ শীঘ্র হ'বে। কৃষ্ণ-নামই ত' কর্‌তে হ'বে—এতে আর মর্য্যাদালঙ্ঘন কি হ'বে? উহা ত' তাঁ'র খুব প্রিয়। কৃষ্ণ বা নাম আমার আশ্রয় বাধ্য। Queen kingকে যে ভাবে address করেন, সেভাবে প্রজা ডাক্‌লে মর্য্যাদা লঙ্ঘন হয়, কিন্তু সেখানে তা' নাই।

> প্রভু কহে, কহিলাম এই মহামন্ত্র।
> ইহা জপ গিয়া সবে করিয়া নির্ব্বন্ধ॥
> ইহা হৈতে সর্ব্বসিদ্ধি হইবে সবার।
> সর্ব্বক্ষণ বল ইথে বিধি নাহি আর॥

হরা-কৃষ্ণ, রম-রাম, হরা হরি এই তিন নাম; সম্বন্ধ, অভিধেয় ও প্রয়োজন অধিদেবতা। প্রত্যেকটির মধ্যে হরা থাক্‌বে। হরার হরি আমাকে দয়া কর্‌বেন। যদি সেই রস থাকে, তবে Queen বল্‌বেন—আমার মত address কর। সেখানে পরস্পরের মধ্যে consort-hood—মধুর-রস। যতক্ষণ না যাচ্ছি, সাধনকালে ততক্ষণ গৌরব-দাস্য। মধুরেও দাস্য আছে। আমার গুরু অখিলরসামৃত-সেবক। তাঁ'তে সকল রস আছে। King ও queen-এর মধ্যে একটি রস। সিদ্ধি পর্য্যন্ত বিধিমার্গে দাস্য রসের দরকার। কিন্তু আশ্রয়বিগ্রহের মধ্যে বাৎসল্যাদি সব আছে, ঐ নাম গুরু বলেন ব'লে আমি কৃষ্ণ, রাম ও হরি বল্‌ব না, এটা নয়। হ্লাদিনীর কৃপায় যদি রুচি বা রাগ আসে, তবেই কৃষ্ণভজন হয়; যেমন মহাপ্রভুর কৃপায় বেঙ্কট ভট্টের হ'য়েছিল। মহাপ্রভু মুরারি গুপ্তকে হরেকৃষ্ণ নাম দিতে চেয়েছিলেন, কিন্তু তিনি বল্‌লেন—পার্ব না, আমি রামের চরণে মাথা বিকিয়েছি। কি নিষ্ঠা! মধুর রসের অধিকার দেবার একমাত্র মালিক যিনি সেই শ্রীরূপ তাঁ'র অনুজ অনুপমকে মধুররসের সেবাধিকার দিতে গেলেন। কিন্তু রামনিষ্ঠ অনুপম রামকে ছাড়্‌তে পার্‌লেন না। শ্রীরূপ তাঁ'র নিষ্ঠা দেখে সুখী হ'লেন। মহাপ্রভুর উপদেশ নিলে দোষ হ'বে না। যিনি স্বয়ংই নাম, তিনিই নিজে বল্‌ছেন—নাম কর। তিনি মহাপ্রভু। "সখ্যায় তে মম নমোঽস্তু নমোঽস্তু নিত্যম্।" তিনি সমান জ্ঞান কর্‌লেও আমি সমান জ্ঞান কর্‌ব না। তা'তে মর্য্যাদা লঙ্ঘন হ'বে না। আমি কি সাধন—কি সিদ্ধ, সকল অবস্থাতেই দাস্য কর্‌ব। ইহাই আমার সত্তা।

সাধুসঙ্গ সাধুসঙ্গ সর্ব্বশাস্ত্রে কয়। লবমাত্র সাধুসঙ্গে সর্ব্বসিদ্ধি হয়।

শুদ্ধভক্তি-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠ

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীব্রজপত্তন-ভবনে শ্রীচৈতন্যমঠ, পরবিদ্যাপীঠ, শ্রীগান্ধর্ব্বিকা-গিরিধারী, শ্রীগৌর-গোপাল আচার্য্য চতুষ্টয় বিগ্রহ আছেন। সুপ্রাচীন ব্রজপত্তনে নদীয়া প্রকাশ ছাপাখানা আছে।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৫
কলিকাতায় শ্রীভক্তিবিনোদ-আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, সঙ্কীর্ত্তন, প্রত্যহ [illegible] শ্রীমদ্ভাগবতাদি ভক্তিগ্রন্থের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও হার্মনিষ্ট পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়।

(৩) যোগপীঠ মায়াপুর-পীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব ভূমি মহাযোগপীঠ।

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং [illegible] বর্ত্তমান।

(৬) মুরারিগুপ্তের পাট

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৭) কাজি-সমাধি-পাট

সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
ইহা গৌরকৃপা-প্রাপ্ত শ্রীচাঁদকাজীর সমাধি।

(৮) [illegible]

শ্রীধাম মায়াপুর

(৯) স্বানন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
এখানে ও বিভূপাদ শ্রীভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রী[illegible]র সেবা বর্ত্তমান।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ জান্নগর (বর্দ্ধমান)

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মাউগাছি, পোঃ জান্নগর, (বর্দ্ধমান)
শ্রীচৈতন্যভাগবতকার ঠাকুর বৃন্দাবনের স্থান

(১৩) ঋতুদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(১৪) জহ্নুদেব-গৌড়ীয়মঠাশ্রম

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ

গৌরপুর, নদীয়া

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ

মাউভাঙ্গা —(শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৭) বৃক্ষকুটীর

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

(২০) মহেশ-পণ্ডিতের পাট

কাঁচালপাড়ি, পোঃ চাকদা (নদীয়া)

(২১) রাণাঘাট-গৌড়ীয়মঠাশ্রম

(২২) সুন্দা গৌড়ীয়মঠ

চব্বিশ পরগণা

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ

বাবিলা পোঃ ওয়ারি, ঢাকা।
পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র।

(২৪) গোপালজীউমঠ

কমলাপুর, পোঃ ঢাকা

(২৫) গদাই-গৌরাঙ্গ মঠ

পোঃ বালিয়াটি, (ঢাকা)

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

বড়বাজার, পোঃ ময়মনসিংহ

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চক্চকা, কামরূপ (আসাম)

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

ওল্ড পোষ্টাফিস বিল্ডিং, দার্জ্জিলিং

(৩০) সারস্বত-গৌড়ীয়মঠ

পোঃ হরিদ্বার, জিঃ সাহারাণপুর, ইউ, পি

(৩১) পাটনা-গৌড়ীয়মঠ

দীঘাপুর পাটনা)

(৩২) গয়া গৌড়ীয়মঠ

[illegible] রোড, গয়া

(৩৩) সনাতন-গৌড়ীয় মঠ

৮।১৭ বড় [illegible], [illegible] সিটি

(৩৪) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

(৩৫) নৈমিষারণ্য মঠ

পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠাশ্রম

বিশ্রামঘাট, পোঃ মথুরা

(৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ

পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ

কিশোরপুরা, বৃন্দাবন

(৩৯) [illegible]-সুখদকুঞ্জ

পোঃ রাধাকুণ্ড (মথুরা)

(৪০) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪১) রাধাকুণ্ড গোষ্ঠবাটী

(৪২) শ্রীগোবর্দ্ধনমঠাশ্রম

গোবর্দ্ধন, মথুরা

(৪৩) সঙ্কেত বিহারী মঠ

বর্ষাণ, মথুরা।

(৪৪) নন্দগ্রাম গৌড়ীয়মঠাশ্রম

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৫) কাম্যা গৌড়ীয়মঠাশ্রম

পোঃ কাম্যা, মথুরা

(৪৬) গোষ্ঠবিহারী মঠ—শেষশায়ী,

পোঃ হোডেল, জেলা গুড়গাঁও (পাঞ্জাব)

(৪৭) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

(৪৮) দিল্লী গৌড়ীয় মঠ

৩৫নং [illegible] রোড, নিউ দিল্লী

(৪৯) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়া ট্যাঙ্ক রোড, [illegible] বিল্ডিং ৭

(৫০) মান্দ্রাজ-গৌড়ীয়মঠ

পোঃ [illegible], মান্দ্রাজ
শ্রী[illegible]র সেবা

(৫১) [illegible]-গৌড়ীয়মঠ

পোঃ [illegible], [illegible]
শ্রীশ্রী[illegible]-বিগ্রহের সেবা

(৫২) ব্রহ্মগৌড়ীয়মঠ

আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)

(৫৩) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা

(৫৪) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৫) গীতাকুটী

(৫৬) ত্রিদণ্ডি-গৌড়ীয়মঠ

পোঃ ভুবনেশ্বর, পুরী

(৫৭) সচ্চিদানন্দ মঠ

[illegible], পোঃ কটক (উড়িষ্যা)

(৫৮) বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ

(৫৯) শ্রী[illegible]গৌড়ীয়-সেবক-সঙ্ঘ

পোঃ [illegible], [illegible]

(৬০) ভাগবতজনানন্দ মঠ

[illegible], পোঃ [illegible], মেদিনীপুর

(৬১) কাঁথি গৌড়ীয়মঠ

পোঃ কাঁথি, মেদিনীপুর

(৬২) আমলাযোড়া প্রপন্নাশ্রম মঠ

পোঃ পানাগড় (বর্দ্ধমান)

(৬৩) চৈতন্যগৌড়ীয়মঠ

[illegible], পোঃ [illegible], ([illegible])

(৬৪) রেঙ্গুন গৌড়ীয়মঠ

৩০১ নং [illegible] ষ্ট্রীট, রেঙ্গুন।

(৬৫) লণ্ডন-গৌড়ীয়মঠ

ফ্ল্যাট নং ২
৫১, [illegible] রোড
[illegible], লণ্ডন, ডব্লিউ ৫

(৬৬) গৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

১।১৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা

(৬৭) গৌড়ীয়মঠ অফিস

[illegible] রোড, [illegible] (ইউ-পি)

(৬৮) শ্রীবিদ্যানিধি-গৌড়ীয়মঠাশ্রম

[illegible], চট্টগ্রাম

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত ...
শ্রীমহানন্দ ব্রহ্মচারী ভক্ত্যালোক, ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

-:(:০:):-

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও ২য় দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও ২য় দিনের জন্য	পরবর্ত্তী দিনের
প্রতিবারে প্রতি লাইনে	।০	৷৶০	।৵০	।০
" ইঞ্চি			১৷০	
সিকিকলম	৫৲	৪৲		৩৲
অর্দ্ধকলম	৮৲	৬৲		৫৲
এক কলম	১২৲	১০৲	১০৲	

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিবারে প্রতি ইঞ্চি	৬	৪।০
" সিকি কলম	১৫৲	১২৲
" অর্দ্ধকলম	২৫৲	১৮৲
" এক কলম	৩৫৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৸০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা ৫ ; বিশেষ সংখ্যার কিম্বা স্বতন্ত্র।

ন প্রভুপাদের প্রবন্ধাবলী

———::(০)::———

শ্রীল প্রভুপাদের চতুঃসপ্ততিবর্ষপূর্ত্ত্যাবির্ভাব-তিথিতে শ্রীল আচার্য্যদেবের অভীষ্টানুসারে "শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী" প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। ইহাতে পূর্ব্বার্দ্ধ ও উত্তরার্দ্ধ দুইটি বিভাগ আছে। পূর্ব্বার্দ্ধে শ্রীল প্রভুপাদের আদি-প্রবন্ধাবলী শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের সম্পাদিত 'স-সজ্জিনী সজ্জনতোষণী,' শ্রীল প্রভুপাদের 'নিবেদন' সাপ্তাহিক পত্র প্রভৃতি হইতে কথাসার ও প্রয়োজনীয় অংশের টীকা-সহ প্রকাশিত হইয়াছে। উত্তরার্দ্ধে শ্রীল প্রভুপাদের সম্পাদিত 'সজ্জনতোষণী'র কতিপয় প্রবন্ধ কথাসার প্রভৃতির সহিত মুদ্রিত হইয়াছে। প্রবন্ধগুলি রচনাকালের ক্রমানুসারে গ্রথিত হইয়াছে; এতদ্ব্যতীত শ্রীল আচার্য্যদেবের একটি মূল্যবান্ উপোদ্ঘাত ও সঙ্কলনকারীর একটি বিস্তৃত ভূমিকা, শব্দ-সূচী, স্থান-পাত্র-শ্লোক ও পয়ার-সূচী প্রভৃতি গ্রন্থে সংযোজিত হইয়াছে। গ্রন্থটী উৎকৃষ্ট কাগজে পরিপাটীর সহিত মুদ্রিত ও শ্রীল প্রভুপাদের আলেখ্যাদিদ্বারা শোভিত ও সুন্দর বাঁধাই হইয়া প্রকাশিত হইয়াছে। প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, জিলা নদীয়া; শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ও শ্রীমাধ্বগৌড়ীয়মঠ, বারিধা, পোঃ ওয়ারী, ঢাকা।

ন প্রভুপাদের পদ্যপ্রসূন মালা

এই গ্রন্থে ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তি- সিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের রচিত পদ্যাবলী শ্রীল আচার্য্যদেবের বিরচিত "সৌরভ" নামক ভাষ্যের সহিত প্রকাশিত হইয়াছে। শ্রীল প্রভুপাদের অনেক অপ্রকাশিত পদ্য ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ।০ আট আনা।

শ্রীধাম-মায়াপুরে

-:০:—

—ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট

-::০::—

উচ্চ ইংরাজী বিদ্যালয়

স্বাস্থ্যপ্রদ স্থানে ——গঙ্গার সন্নিকটে বিদ্যালয় ও বোর্ডিং গৃহ চতুর্দ্দিক খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র। নিরধন ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুখে বাসস্থানের ব্যবস্থা ততহইয়াছে। আহার ও বোর্ডিংএর খরচ মাসে মাত্র ৬৲ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উচ্চ ফল প্রদর্শন করিতেছে। বর্ত্তমান বর্ষে ১৬ জন বালকের মধ্যে ১৫ জন ভালভাবে উত্তীর্ণ হইয়াছে।

মেধাবী ছাত্রগণের আরও সুবিধা

পরীক্ষায় যাহারা গড়ে শতকরা ৭৫ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ সচ্চরিত্র মেধাবী ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক-সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতিস্পষ্টভাবে আলোচিত হইয়াছে। এই এক অপূর্ব্ব মৌলিক বিরাট গ্রন্থ; ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

শ্রীচৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত অতিসুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত ইহার ভিক্ষা মাত্র ৪৲ টাকা। প্রাপ্তিস্থান শ্রীযুত নন্দকিশোর ব্রহ্মচারী, শ্রীযোগপীঠ, শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীসরস্বতী-সংলাপ

প্রথম খণ্ড

শ্রীশ্রীমদ্বাহ্ম গৌড়ীয়সম্প্রদায়ৈকসংরক্ষক জগদ্গুরু পরমহংসকুলচূড়ামণি নিত্যলীলা-প্রবিষ্ট ১০৮শ্রী শ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামি-প্রভুপাদ বিভিন্ন জিজ্ঞাসু ও গুণগ্রাহী সজ্জনবৃন্দের পারমার্থিক ও সন্দেহ-নিরাকরণকল্পে যে-সকল শুদ্ধভক্তিসিদ্ধান্তবাণী কীর্ত্তন করিয়াছেন, যাহা তাঁহার প্রকটকালেই 'গৌড়ীয়' সম্পাদক শ্রীযুত সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ প্রভুপাদেরই শ্রীহস্ত সংশোধিত করাইয়া রাখিয়াছিলেন এবং যাহার কিয়দংশ গৌড়ীয়পত্রে প্রকাশিত হইয়াছে, তাহা "শ্রীশ্রীসরস্বতী-সংলাপ" নাম ধারণপূর্ব্বক শ্রীল প্রভুপাদের 'বক্তৃতাবলী' ও 'পত্রাবলী' আকারে দুই খণ্ডে প্রকাশিত হইতেছেন। বর্ত্তমানে শ্রীল প্রভুপাদের প্রথমবার্ষিক বিরহতিথিপূজা-বাসরে ঐ সংলাপের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছেন। মানবজীবনের বহু কর্ত্তব্য সম্বন্ধে ও জটিল প্রশ্নের সমাধান ইহাতে পাওয়া যাইবে। ভক্তিপথের পথিকমাত্রেরই এই গ্রন্থ সংগ্রহ একান্ত প্রয়োজন।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপদেশক পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী সম্প্রদায়-বৈভবাচার্য্য এম এ মহোদয়ের প্রৌঢ়গবেষণা এবং পরিপক্ব লেখনীর অদ্ভুত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত্র-পাঠে ধন্য হউন। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিবিধ চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলে শ্রীমহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৩৩শ অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্ত্তার ভূমিকাদ্বয় (Preface), বিষয় তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র (Index Glossary) সহ প্রথমখানি প্রকাশিত। ভিক্ষা—১৫, পনর টাকা। প্রাপ্তিস্থান—মান্দ্রাজ গৌড়ীয়মঠ, রায়পেট্টা মাদ্রাজ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

'ঠাকুর ভক্তিবিনোদ'

——::(০)::——

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি-প্রচারের মূল মহাজন সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অভিনব জীবনচরিত এতাবৎকাল পর্য্যন্ত গ্রন্থাকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিন পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয়মঠাচার্য্যবরের শুভেচ্ছায় শ্রীবিদ্যাবিনোদ সু-লেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু মূল্যবান শিক্ষাবলীও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১২৫ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৵০ আনা; ডাক মাশুল স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান—ম্যানেজার গ্রন্থবিভাগ
শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

—:(০):——

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হার্ম্মনিষ্ট" ও বহু ধর্ম্মগ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১৪।১নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

ম্যালেরিয়ার পাচন

সর্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাটতি এত অত্যন্ত অধিক। নিত্য প্লীহা যকৃৎ কালাজ্বর এবং নূতন ও পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। মূল্য ছোট বোতল ৷৵০ দশ আনা, বড় বোতল ১৷৵০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা
অথবা
পোঃ বেহালা, ২৪ পরগণা।

ই. বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	৪-৩৬	৬-২৬	৭-০৬	১২-২৬	১৪-৫৬	১৬-৫৬	১৭-৫৬	২২-২৬
রাণাঘাট পৌঃ			৮-২৮	১৪-১৫				
(বদল) ছাঃ			৯-৩৩	১৪-৫০				
কৃষ্ণনগর পৌঃ	৭-১	৮-৪৪	১০-৮	১৫-২০	১৭-২৮	১৯-০৮	২০-১৬	১-১৪
(বদল) ছাঃ	৭-১২		১০-৩১		১৭-৩৮		২০-২৬	
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫১		১১-১০		১৮-১৩		২১-৪	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
রাণাঘাট পৌঃ	১২-৫৫
ছাঃ	১৩-০
শান্তিপুর পৌঃ	১৩-২৬
(বদল) ছাঃ	১৩-৩১ (শান্তিপুর রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪-১২
ছাঃ	১৪-৩০
নবদ্বীপঘাট পৌঃ	১৫-১০

ডাউন

নবদ্বীপঘাট ছাঃ	৫-৪৪		৯-১০		১৩-৩১	১৬-০	১৮-৩১	
কৃষ্ণনগর পৌঃ	৬-২৩	৯-১৬	৯-৪৮	১১-৪১	১৪-১০	১৬-০৮	১৯-৩১	২১-১০
ছাঃ	৬-৩৬	৭-১৮	১০-১১			১৬-৫৬	১৯-২৫	
রাণাঘাট পৌঃ			১০-৪৬			১৭-৩০		
(বদল) ছাঃ			১১-১			১৭-৪০		
কলিকাতা পৌঃ	৮-১৬	৯-২১	১১-৫১	১২-১৬	১৪-১৬	১৯-৩১	২১-৪১	২৩-৪০

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৩-৩১	১৭-০	
কৃষ্ণনগর পৌঃ	১৪-১০	১৬-৩৮	
ছাঃ	১৫-২৮	১৭-৩৩	
শান্তিপুর পৌঃ	১৬-৯	১৮-১৪	
(বদল) ছাঃ	১৬-৩৩	১৮-২৫ (রবিবার ভিন্ন)	২০-৪০ (রবিবার)
রাণাঘাট পৌঃ	১৭-১০	১৮-৫০	২১-১৫
(বদল) ছাঃ	১৭-৪০	১৯-১৪	২১-৫০
কলিকাতা পৌঃ	১৯-১১	২০-৪০	২৩-৩৭

পোঃ—শ্রীমায়াপুর
টেলিগ্রাম—'শ্রীধাম
শ্রীমায়াপুর'

REGD NO C 1544

দৈনিক নদীয়াপ্রকাশ

'THE DAILY NADIA PRAKASH'

প্রচারিত নদীয়াজেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৪শ খণ্ড] শ্রীমায়াপুর—১১ই শ্রাবণ, ১৩৪৬, ২৭শে জুলাই, ১৯৩৯, বৃহস্পতিবার [১২৭শ সংখ্যা

বিবিধ সংবাদ

——::(০)::——

অধ্যাপকপদে বিদেশী আশ্রয়প্রার্থী নিয়োগ

ইউরোপ হইতে আগত আশ্রয়প্রার্থীদের মধ্যে যাঁহারা বিদ্বান এবং বৈজ্ঞানিক তাঁহাদিগকে অকল্যাণ্ড ইউনিভার্সিটি কলেজে নিয়োগ করার প্রস্তাব সম্পর্কে অকল্যাণ্ড কলেজের প্রেসিডেন্ট মিঃ ডব্লিউ এইচ ককার এবং নিউজিল্যাণ্ডের শিক্ষা সচিব মিঃ পি ফ্রেজারের মধ্যে পত্র বিনিময় হইয়াছে।

আশ্রয়প্রার্থীদের ভিতর হইতে কোন বৈজ্ঞানিক কিংবা বিদ্বান ব্যক্তিকে যাহাতে অস্থায়ীভাবে কলেজের অধ্যাপক পদে নিযুক্ত করা যায়, তজ্জন্য কলেজ কাউন্সিল বার্ষিক পাঁচশত পাউণ্ড হিসাবে পাঁচ বৎসরের জন্য সাহায্য দিতে গবর্ণমেন্টের নিকট আবেদন করেন।

উক্ত আবেদনের উত্তরে শিক্ষা-সচিব জানাইয়াছেন,—"প্রস্তাবটি খুবই গুরুত্বপূর্ণ এবং এই সম্পর্কে বিশেষভাবে বিবেচনা করা প্রয়োজন। কেননা প্রস্তাবটি গ্রহণ করিলে ব্যয় বরাদ্দের মধ্যেও ব্যবস্থা করিতে হইবে। কিন্তু এইরূপ ব্যবস্থা করা সম্ভবপর কিনা, সে বিষয়ে আমার সন্দেহ আছে। কলেজের প্রশংসনীয় উদ্দেশ্যের প্রতি সহানুভূতি থাকিলেও মাত্র একজন আশ্রয়প্রার্থীর জন্য এতগুলি টাকা ব্যয় করা যুক্তিসঙ্গত হইবে কিনা, সে বিষয়েও সন্দেহ আছে।"

কলেজ কাউন্সিল স্থির করিয়াছেন [illegible] হইবে এবং বার্ষিক আড়াইশত করা হইবে এবং বার্ষিক আড়াইশত পাউণ্ড হিসাবে পাঁচ বৎসরের জন্য সাহায্য দিতে অনুরোধ করা হইবে। কলেজ অবশিষ্ট আড়াইশত পাউণ্ড জন-সাধারণের নিকট হইতে সাহায্য লইয়া সংগ্রহ করিবে।

জয়পুরে লেখাপড়া শিখাইবার আন্দোলন

জয়পুর প্রজামণ্ডল সহরে লেখাপড়া শিখাইবার আন্দোলনের উদ্বোধন করিয়াছে। তাঁহারা এই সম্পর্কে জনসাধারণের নিকট একটি পরিকল্পনা পেশ করিয়াছে। উক্ত পরিকল্পনা অনুযায়ী বর্তমান বৎসরে এক লক্ষ লোক শিক্ষিত হইতে পারিবে।

সহরে শিক্ষিত যুবকদের নিকট এক আবেদনে প্রজামণ্ডল বলেন:—

প্রদেশে শিক্ষার জন্য সকলেরই উৎসাহ ও আকাঙ্ক্ষা আছে। যদি আমাদিগকে সামাজিক অন্ধকার অবস্থার প্রতিকার করিতে হয়, তাহা হইলে সর্বপ্রথম দেশের নিরক্ষরতা দূর করিতে হইবে। রুশগণ তাহাদের দেশ হইতে নিরক্ষরতা চিরতরে নির্বাসিত করিয়াছেন। জাপানীদের অবরোধ সত্ত্বেও চীনবাসী নিরক্ষরতা দূর করার চেষ্টা করিতেছেন। ভারতের বৃটিশ শাসিত অঞ্চলেও নিরক্ষরতা দূরীকরণ আন্দোলন চলিতেছে। স্থানে স্থানে তাঁহারা সাফল্যও লাভ করিয়াছেন। আইনের কাগজপত্র তাঁহাদের [illegible] প্রার্থিগণের শতকরা একশত জনকেই শিক্ষিত করিয়াছে। আমরা কি পশ্চাতে পড়িয়া থাকিব?

ফ্রান্সে বে-আইনী প্রচারকার্য্য

প্যারিসের দুইটি সাপ্তাহিক সংবাদ পত্রের দুইজন ফরাসী সংবাদপত্রসেবীকে বিদেশীদের নিকট হইতে মোটা টাকা লওয়ার অভিযোগে গ্রেপ্তার করা হইয়াছে। ইহাদিগকে প্যারিসের একটি সামরিক কারাগারে আটক রাখা হইয়াছে। ধৃত ব্যক্তিদ্বয়ের মধ্যে একজন বেশ দায়িত্বপূর্ণ পদে কাজ করিতেছিলেন। এই সম্পর্কে তদন্ত চলিতেছে। ইহাদের একজনের নাম মঃ এবাঁ; ইনি লা-তাঁ পত্রিকার বার্তা সম্পাদক। অপর ব্যক্তি 'ফিগারো' পত্রিকার বিজ্ঞাপন বিভাগের মঃ পোয়ারিয়ে। ফিগারোতে নিম্নোক্ত বিবৃতি প্রকাশিত হইয়াছিল।

"ফ্রান্সে বিদেশীদের প্রচারকার্য", সম্পর্কে তদন্তকালে সামরিক কর্তৃপক্ষ আমাদের কাগজের বিজ্ঞাপন বিভাগে নিযুক্ত এক ব্যক্তিকে গ্রেপ্তার করিয়াছেন।

আমাদের সম্পাদকীয় বিভাগের সহিত এই লোকটির কোন সম্পর্ক নাই কিংবা পত্রিকাকার্য্য পরিচালনায় ইহার কোন হাত নাই। পত্রিকার উপর প্রভাব বিস্তার করিবার কোন উপায়ও এই ব্যক্তির নাই।"

অধিকাংশ পত্রিকায় এই ব্যাপার সম্পর্কে একটি বিবৃতি প্রকাশিত হয়। তাহাতে বলা হয় যে, ধৃত লোক দুইটির মধ্যে পূর্ব্বে হইতেই যোগাযোগ ছিল। কিন্তু একথা তাঁহারা যে কাগজে কাজ করিতেন, তাহাদের সম্পূর্ণ অজ্ঞাত ছিল। ইহাদের বিরুদ্ধে যে অভিযোগ আনীত হয় তাহার সত্যতা স্বীকার করিয়া বিবৃতিতে আরও বলা হয় যে, ধৃত ব্যক্তিদ্বয় স্বতঃপ্রবৃত্ত হইয়া ঘোষণা করে যে, সকলের অজ্ঞাতসারে তাঁহারা কাজ চালাইতেন।

২৮০০৲ টাকার তোড়া উধাও

[illegible] ষ্টেশনে রাত্রি দশটার গাড়ীর জনৈক যাত্রীর ২৮০০৲ টাকার পূর্ণ একটি তোড়া অপহৃত হওয়াতে বিষম চাঞ্চল্যের সৃষ্টি হইয়াছিল। প্রকাশ, গাড়ী থামিলে জনৈক মাড়োয়ারী তাহার মহাজন কর্তৃক প্রেরিত বলিয়া কথিত জনৈক লোকের মাথায় উক্ত টাকার তোড়াটি উঠাইয়া দিয়া টিকেট দিতে চলিয়া যায়। এদিকে লোকটি টাকার তোড়া লইয়া উধাও হয় এবং ষ্টেশনের নিকটবর্তী একটি ডোবার মধ্যে থলেটি লুকাইয়া রাখিয়া অদৃশ্য হয়। দৈবক্রমে এক ব্যক্তি উহাকে ডোবায় নামিতে দেখিয়াছিল। টাকা অপহরণের সংবাদ জানিয়া সে সন্দেহবশতঃ উক্ত স্থান অনুসন্ধান করাতে টাকার থলেটি আবিষ্কৃত হয়।

যুবকের সলিল সমাধি

কাশিপুরের সুরেন্দ্রনাথ সরকার নামক একজন ১২ বৎসর বয়স্ক যুবকের একটা অদ্ভুত অবস্থায় মধ্যে সলিল সমাধি হইয়াছে। প্রকাশ, সে এক সের রসগোল্লার জন্য জনৈক বন্ধুর সহিত কোমরে ২৫ পাউণ্ড ওজনের এক টিন জিনিষ বাঁধিয়া একটা পুকুর সাঁতরাইয়া পার হওয়ার বাজী রাখে। এই বাবদ সে কোমরে একটা ১২ সের ওজনের বাটখারা বাঁধিয়া সাঁতরাইতে যায়, কিন্তু কিয়দ্দূর যাওয়ার পর সে ধীরে ধীরে ডুবিতে আরম্ভ করে। ইহা দেখিয়া তাহাকে সাহায্য করার জন্য চেষ্টা করা হয়, কিন্তু শেষ পর্যন্ত তাহাকে বাঁচান সম্ভব হয় নাই।

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক। প্রতি একাদশীতে প্রকাশিত হয়। কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। সডাক ভিক্ষা ২॥০ টাকা মাত্র।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১।০ টাকা মাত্র।

৩। ভাগবত—হিন্দিভাষায় একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১ টাকা।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ টাকা মাত্র

৫। শ্রীগৌড়ীয় -মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ মাত্র।

পরমগুরু শ্রীগৌরকিশোর

গৌড়ীয়-সম্পাদক-লিখিত, শ্রীগৌড়ীয়মঠাচার্য্যের ভূমিকা-সম্বলিত, বহুচিত্র-শোভিত ও বিবিধ সূচী সম্বলিত "পরমগুরু শ্রীগৌরকিশোর" গ্রন্থাকারে প্রকাশিত হইয়াছেন। এই গ্রন্থাকে শুদ্ধগৌড়ীয়-বৈষ্ণবগণের পরমারাধ্য, গৌড়ীয়গৌরবশিখামণি অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ নিত্যলীলাপ্রবিষ্ট পরমহংস ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল গৌরকিশোরদাস গোস্বামী প্রভুবরের অংশেষ চরিতকথা বর্ণিত আছে।

শ্রীশ্রীভক্তিবিনোদাবির্ভাব-শতবর্ষপূর্ত্তিতিথিপূজার উপায়ন-গ্রন্থমালা

——::(০)::——

১। গীতিসাহিত্যে শ্রীভক্তিবিনোদ

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সকল গীতিসাহিত্যের সমালোচনা-গ্রন্থ)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

২। শ্রীভক্তিবিনোদবাণীবৈভব

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের রচনামৃতসাগর হইতে আহৃত ১০৮টি অধ্যায়ে সম্বন্ধ-অভিধেয়-প্রয়োজনাকারে গ্রথিত অমূল্য উপদেশপূর্ণ গ্রন্থ)

ভিক্ষা—৩৲ তিন টাকা মাত্র।

৩। শ্রীশ্রীভক্তিবিনোদ-প্রসঙ্গ

ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ ও ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামীপ্রভু-বিরচিত এবং গৌড়ীয়ে প্রকাশিত শ্রীশ্রীভক্তিবিনোদ-চরিত-প্রসঙ্গ

ভিক্ষা—৷৶০ ছয় আনা মাত্র।

৪। ছাত্রদের ভক্তিবিনোদ

(ছাত্রদের উপযোগী ভাষায় লিখিত শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্র ও শিক্ষা)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

(ছাত্রদের পক্ষে ভিক্ষা—॥০ আট আনা মাত্র)

প্রাপ্তিস্থান :—

(১) 'ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট', পোঃ শ্রীমায়াপুর, নদীয়া ;

২) শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ;

৩ শ্রীযুক্ত সুপতিরঞ্জন নাগ এম্-এ, বি-এল্, পুরাণপল্টন পোঃ রমণা, ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

অক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্,—সমগ্র ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ২৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। অনুভাষ্য বিবৃতি শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৭৲
৩। অনুভাষ্য শ্রীচৈতন্যচরিতামৃত ৬
৪। সরস্বতী-জয়শ্রী (অবাঁধা) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০ ; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০
৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার-দীপিকা সংস্কার দীপিকা ১৷
৯। বৈষ্ণবধর্ম্ম ২৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা)
১২। শ্রীমহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ॥০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিবর্ত-তত্ত্ব ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষদ ।০
১৮। বামন-আন্দোলন ।০
১৯। তত্ত্ববিবেক ।০
২০। গৌড়ীয়-গৌরব ৷৶০
২১। গৌড়ীয়সাহিত্য ৷৶০
২২ ভজন-রহস্য ।০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা-সহ) ২৲
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) ২৲
অবাঁধা) ১৲
২৬। গীতার কেবল মূল-ভাষা ।০
২৭। মুক্তাচরিতম্ শ্রীগৌরকৃষ্ণোদয় (সানুবাদ) ২৲
২৮। বেদান্তস্যমন্তক (সানুবাদ) ।০
২৯। প্রেমবিবর্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৸০
৩০। দীপ-দিগ্-দর্শন ৶০
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ৷৶০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ।০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶০
৩৫। গীতমালা ১/১০
৩৬। নবদ্বীপধাম-মাহাত্ম্য ৶০
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৶০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমায় ।০
৪০। শরণাগতি /০
৪১। গীতাবলী /০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
৪৩। সাধনতত্ত্ব /০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা /
৪৫। নবদ্বীপশতক
৪৬। অর্চ্চনকৌমুদী
৪৭। সদাচারস্মৃতিঃ ৶/
৪৮। উপদেশামৃত (পঞ্চম সংস্করণ) /১০
৪৯। অর্চ্চনপদ্ধতি ১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম-৪ খণ্ড) ৲
৫১। ব্রহ্মসংহিতা ।০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।০
৫৩। গৌরকৃষ্ণোদয় ৸০
৫৪। পুরুষার্থ-বিনির্ণয় ।০
৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ।০
৫৬ ভারতবর্ষ ও ভক্তিপথ ৶০
৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ) ।০
৫৮। শ্রীকৃষ্ণবেদের ৶০
৫৯। শিক্ষাষ্টক-দর্পণ ৶০
৬০। সাংখ্যবাণী /

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।০
৬২। সিদ্ধান্ত-সরস্বতী দিগ্বিজয়ঃ ।০
৬৩। সটীক-সিদ্ধান্তসূত্রম্ ।০
৬৪। তত্ত্বসূত্রম্ ।০
৬৫। সাত্বত শিক্ষাষ্টকম্ ৶০
৬৬। গৌড়ীয়মঠতত্ত্বপরিচয়ঃ /০
৬৭। সারার্থবর্ষিণী ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।০
৬৯। এ ভিউ অফ্ কার্ত্তন অব বেদান্ত ।০
৭০। নামভজন /০
৭১। বেদান্ত—ইট্‌স্ মরফলজী অ্যাণ্ড অন্টলজি ।০
৭২। রিলেটিভ ওয়ার্ল্ড্‌স্ ৷৶
৭৩। লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস্ অব শ্রীচৈতন্য মহাপ্রভু ।০
৭৪। বৈষ্ণবীজম্ ।০
৭৫। বোম্বাই গৌড়ীয়মঠ ইন ব্রিফ /০
৭৬। দি ভাগবত ।০
৭৭। ইরোটিক প্রিন্সিপাল অ্যাণ্ড আনঅ্যালয়েড ডিভোশন ।০
৭৮। ব্রহ্মসংহিতা ২॥০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (অগ্রিম ক্রয়) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০ শ্রীহরিনামচিন্তামণি ।০
৮১। সাধন-পথ ।০
৮২। কল্যাণ-কল্পতরু ৶০
৮৩। গীতাবলী /০
৮৪। শরণাগতি /৩

আসামী ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি /০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

শ্রী শ্রী গুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

একমাত্র পারমার্থিক দৈনিক

শ্রীধাম-শ্রীমায়াপুর, নদীয়া

১ম বর্ষ { ১১ পুরুষোত্তম ৪৪৩ গৌরাব্দ, ১১ই শ্রাবণ বঙ্গাব্দ ১৩৩৬, ২৭শে জুলাই খৃঃ ১৯২৯, বৃহস্পতিবার } ১১৭৭ সংখ্যা

"শ্রীগুরুতত্ত্ব—নিত্যানন্দ ; সেই কৃষ্ণাভিন্নবিগ্রহকে যে পাষণ্ডী বিবেক-বুদ্ধিতে গ্রহণ করে, সেই পাষণ্ডীর সঙ্গিগণের সহিত কোন প্রকার সম্বন্ধ রাখা ভগবদ্ভক্তের কর্ত্তব্য নহে।"

(শ্রীল প্রভুপাদ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

১১ পুরুষোত্তম, আবির্ভাবগোপনপারী গৌরাব্দ ৪৪৩

গুরু-নিত্যানন্দ-কৃপা

এই বিশ্ব ও বিশ্বাতীত জগতের সকলেই কৃপার প্রার্থী। কেহ বা ধর্ম্ম, অর্থ, কাম ও মোক্ষপ্রাপ্তিরূপ প্রয়োজন লাভের জন্য জগৎ-প্রভুগণের নিকট কৃপার প্রার্থী, আবার কেহ বা এই সমস্ত অনিত্য বিষয়ের জন্য প্রার্থী না হইয়া নিত্যবিধ পরম প্রয়োজন কৃষ্ণপ্রেমপ্রাপ্তির জন্য প্রেমপ্রদাতা গুরু-নিত্যানন্দের কৃপার কাঙ্গাল। যাঁহারা ধর্ম্মকামী, তাঁহারা সূর্য্যপূজা করেন ; যাঁহারা অর্থের প্রার্থী, তাঁহারা গণেশের উপাসনা করেন ; যাঁহারা কামকামী, তাঁহারা কালীর উপাসক এবং যাঁহারা মোক্ষকামী, তাঁহারা শিবের উপাসনা করিয়া থাকেন। কিন্তু যাঁহারা ভক্ত, তাঁহারা এই সকল অনিত্য বিষয়ের কোন কিছুরই প্রার্থী নহেন। ভক্ত জানেন 'আমি নিত্য, আমার উপাস্য বস্তু নিত্য ও আমার উপাসনাও নিত্য'। সুতরাং ভক্ত সেই সকল অনিত্য ক্ষুদ্র ক্ষুদ্র বস্তুর প্রতি দৃষ্টি নিক্ষেপও করেন না। ধর্ম্ম, অর্থ, কাম ও মোক্ষ এই চারিটিতেই নিজসুখের কথা আছে। সুতরাং ভক্ত নিজ সুখকামী নহেন বলিয়া ঐ গুলির প্রতি তিনি একবার ফিরিয়াও তাকান না। ভক্ত জানেন, ভগবদ্দাস্যই তাঁহার নিত্য-স্বরূপ। কৃষ্ণের সুখবিধান ব্যতীত তাঁহার আর অন্য কোন কৃত্য নাই। জীবনে-মরণে, শয়নে স্বপনে কৃষ্ণপ্রীতিবিধানই তাঁহার একমাত্র কার্য্য। তিনি জানেন, ভক্তিতেই ভগবান্ সন্তুষ্ট হন, অন্য কোন কিছুদ্বারাই তাঁহাকে সন্তুষ্ট করা যায় না। ভক্তিকে বাদ দিয়া তিনি অন্য কিছুই চান না, অযাচিত ভাবে দিতে গেলেও তাহা পরিত্যাগ করেন। সার্ষ্টি, সালোক্য, সামীপ্য, সারূপ্য ও সাযুজ্য—এই পঞ্চ প্রকার মুক্তি, ধর্ম্ম, অর্থ, কাম ও মোক্ষ—এই চারি-পুরুষার্থ, মান, সম্মান, প্রতিষ্ঠাদি দিলেও তিনি সেই সকল ভক্তিহীন হওয়ায় তাহাতে থুৎকার প্রদান করিয়া তাহা পরিহার করেন। ভক্ত জানেন—

ভক্তিস্ত্বয়ি স্থিরতরা ভগবন্ যদি স্যা-
দ্দৈবেন নঃ ফলতি দিব্যকিশোর মূর্ত্তিঃ।
মুক্তিঃ স্বয়ং মুকুলিতাঞ্জলি সেবতেঽস্মান্
ধর্ম্মার্থ-কাম-গতয়ঃ সময়প্রতীক্ষাঃ॥

সেইজন্যই ভক্ত ঐ সমস্তের জন্য লালায়িত না হইয়া ভক্তি বা কৃষ্ণপ্রেমেরই অনুসন্ধান করিয়া থাকেন। তাঁহারা জানেন, কৃষ্ণপ্রেমের ভাণ্ডারী—শ্রীগুরুনিত্যানন্দ। গুরুদেব নিত্যানন্দই আচার্য্যরূপে পাষণ্ড দলন করিয়া কৃষ্ণপ্রেম প্রচার করিয়া থাকেন। কৃষ্ণপ্রেম-প্রচারের জন্যই তিনি নানাবিধ কৌশল বিস্তার করিয়া থাকেন। কৃষ্ণপ্রেম প্রদানের জন্যই তিনি সমস্ত প্রতিষ্ঠার মালিক হইয়াও—কৃষ্ণধনের এক-চেটিয়া অধিকারী হইয়াও অবধূতের বেশে—কাঙ্গালের বেশে, দীন, হীন, অকিঞ্চনের বেশে—ভিক্ষুকের বেশে, নগরে নগরে, পল্লীতে পল্লীতে, প্রতি জীবের দ্বারে দ্বারে ঘুরিয়া বেড়ান—হরিকথা প্রচার করেন। এত বড় করুণাময় তিনি! শ্রীমন্মহাপ্রভুর নিজ শক্তি তিনি, মাদৃশ দুর্গত, কলিহত, হতভাগ্য জীবের প্রতি করুণাবিতরণের জন্য জগতের সর্ব্বত্র অবধূতের বেশে কৃষ্ণপ্রেম—কৃষ্ণকথা কীর্ত্তন করেন। তিনি সর্ব্বক্ষণ আমাদের জীবনের অনিত্যতা ও ক্ষণভঙ্গুরতার কথা জানাইয়া দেন। কৃষ্ণ করুণাময়। নিষ্কপটে তাঁহার করুণার প্রার্থী হইলে কৃষ্ণ কিছুতেই বঞ্চনা করিবেন না। সর্ব্বক্ষণ কৃষ্ণকথা-শ্রবণকীর্ত্তনই একমাত্র কার্য্য এবং তাহাতে নিযুক্ত থাকিলে কোন আপদ-বিপদ কিছু করিতে পারিবে না। কিন্তু আমাদের রক্ষাকর্ত্তা গুরুপাদপদ্ম হরিকথা-শ্রবণকীর্ত্তন বাদ দিয়া অন্য কোন কিছুর প্রার্থী হইলে আর নিস্তার নাই—এই সকল কথা নিজে আচরণ করিয়া প্রচার করেন। করুণাময় তিনি, তাঁহার করুণার শেষ নাই। কেহ তাঁহার করুণার কথা বলিয়া শেষ করিতে পারে না। আমাদের জন্যই তাঁহাকে অবধূত সাজিতে হয়—ভিক্ষুক হইতে হয় দীন হীন কাঙ্গালের বেষ ধারণ করিতে হয়, কিন্তু হতভাগ্য পাষণ্ড আমরা।

অনাদি কাল হইতে আমরা এই পর্য্যন্ত আসিয়া পৌঁছিয়াছি। এই আদর্শ তাঁহার ঐ অনাদি আদর্শ দেখিয়াও আমরা গ্রহণ করিতে পারিতেছি না, গ্রহণের জন্য চেষ্টাও করিতেছি না। এমন কি, তাঁহার ঐ আদর্শ দেখিয়া তাঁহার অনুসরণ করা ত' দূরের কথা, তাঁহার চরণ অপমানই করিতে যাইতেছি। তাঁহার কৃষ্ণকথা হরিনাম আমাদের বধির কর্ণে প্রবেশ করিতেছে না। এই অপরাধে আমরা দিন দিন বাড়িয়াই চলিয়াছে। যতদিন পর্য্যন্ত আমরা তাঁহার পাদপদ্ম শরণাগত হইয়া তাঁহার কথা না শুনিব, ততদিন আমরা অন্ধকারে থাকিয়া মায়ার লাথি খাইব।

গুরুনিত্যানন্দের শ্রীমুখনিঃসৃত বাক্য যাঁহার কর্ণকুহরে প্রবিষ্ট হয়, তাঁহার আর জড়জগতে ভোগদর্শনের সম্ভাবনা থাকে না। তার কর্ত্তাভিমানে আপনাকে মালিক বস্তুনিচয়ের মনে করিয়া—নিজেকে বড় মনে করিয়া অন্ধকারে হইয়া পড়ে। এমন কি ক্রমশঃ অন্ধকূপের পথে চলিতে থাকে। গুরু-নিত্যানন্দের চেতনোন্মেষী বাক্য শ্রবণ করিলে অমনি সমস্ত পাষণ্ড ভাবের জড়ভোগ-পিপাসা নিবৃত্ত হয় ও আত্মবৃত্তির উদয় হয়। তিনি কৃষ্ণকথা কীর্ত্তন করিয়া সকলের সন্তোষবিধান করেন। শ্রীনিত্যানন্দ প্রভু ও শ্রীগৌরসুন্দরের অভিন্ন কলেবর। শ্রীনিত্যা-নন্দের চরণসেবাদ্বারাই শ্রীগৌরসুন্দরের

মায়ারে করিয়া জয় ছাড়ান না যায়। সাধু-গুরু-কৃপা বিনা না দেখি উপায়॥

সেবা লাভ ঘটে। শ্রীনিত্যানন্দের পাদপদ্ম—ব্রহ্মা ও শিবাদি দেবতারও আরাধ্য। যাহারা এই পরমারাধ্যতম বস্তুর প্রতি বিমুখ হইয়া কণিকের অঙ্গও বিবেকভাব পোষণ করে, তাহাদের গতি কোন কালেও নাই। কিন্তু যাঁহারা শ্রীগুরুনিত্যানন্দের লোকাতীত চরিত্রের কথা—অমন্দোদয়দয়ার কথা শ্রদ্ধা-সহকারে শ্রবণ করেন, তাঁহার উপদেশবাণী বর্ণে বর্ণে পালন করেন, তাঁহার আদর্শানুসারে চলেন তাঁহারা কোনদিনই শ্রীচৈতন্যপাদ হইতে কোন প্রকারেই বিচ্যুত হইতে পারেন না। শ্রীগুরুনিত্যানন্দ-সেবোন্মুখজনই সর্ব্বতোভাবে শ্রীগৌর-সেবালাভে সমর্থ হন। তাই মহাজন গাহিয়াছেন,—

যাঁহার প্রসাদে ভাই, এ ভব তরিয়া যাই,
কৃষ্ণপ্রাপ্তি হয় যাঁহা হ'তে॥
গুরুমুখ-পদ্মবাক্য, চিত্তেতে করিয়া ঐক্য,
আর না করিহ মনে আশা।
শ্রীগুরুচরণে রতি, এই সে উত্তমা ভক্তি,
যে প্রসাদে পূরে সর্ব্ব আশা॥

কিন্তু হতভাগ্য আমরা আজ এই গুরুনিত্যানন্দের কৃপার ভিখারী হইবার পরিবর্ত্তে—গুর্ব্বানুগত্যে ভজন করিবার পরিবর্ত্তে—তৎপদাঙ্কানুসরণ করিবার পরিবর্ত্তে অনুকরণে গুরু সাজিবার জন্য ব্যগ্র হইয়াছি। তাঁহাকে গুরুর আসন হইতে নামাইবার ধৃষ্টতা দেখাইয়া সেই আসনে বসিবার জন্য নানাপ্রকার কৌশল, নানাপ্রকার উৎসাহ-উদ্যম দেখাইতেছি। যাঁহার বিন্দুমাত্র কৃপা হইলে সংসারের প্রতি আসক্তি কমিয়া যায়—কনক কামিনী প্রতিষ্ঠা বাসনা আর থাকে না, সেই আশ্রয়বিগ্রহ সাজিতে আজ আমার প্রাণপণ চেষ্টা! কি আশ্চর্য্য! জানিয়া শুনিয়াও আজ বিষপান করিতে উদ্যত হইয়াছি! কি দুর্দ্দৈব!

আমরা অণু! আমরা কখনও গুরু হইতে পারি না। আমরা জানিয়া শুনিয়াও মায়ার মোহে পড়িয়া একথা ভুলিয়া যাই কেন? শিষ্য গুরুকার্ষ্ণ শিষ্য, গুরু হইতে কখনই চাহেন না। জীব নিত্যকাল গুরুর আনুগত্যে ভগবানের সেবা করিবে, ইহাই সাধুশাস্ত্রানুমোদিত বাক্য। আনুগত্য ছাড়া জীবের কৃষ্ণভজনে কোন অধিকার নাই। তবে শ্রীগুরুপাদপদ্মাশ্রিত নিত্যানন্দাভিন্ন গুরুপাদপদ্মের আনুগত্যে কৃষ্ণানুশীলন হইলেই তাহা ভক্তি নামে অভিহিত হইতে পারে। নতুবা অন্যাভিলাষীর অন্যাভিলাষ ও সর্ব্বদাই কর্মকোলাহলই সার হইবে, কৃষ্ণকীর্ত্তন হইবে না। কীর্ত্তন-বিগ্রহ গুরুনিত্যানন্দের কৃপা ব্যতীত কৃষ্ণ-সংকীর্ত্তনে যোগদান করিবার অধিকার হয় না। তাঁহার কৃপার অধিকারী একমাত্র দীন, হীন, পতিত। পতিত হইলেই তাঁহার কৃপা পাওয়া যায়। সেবা-ভূমিকায় গুরুপাদপদ্মের সাক্ষাৎকার হয়—সেবোন্মুখ-নেত্রে তাঁহার দর্শন হয়। নতুবা সেবাবিমুখ হইয়া কোটি বৎসর দেখিলেও বা সেবা করিলেও অবশেষে বঞ্চনাই লভ্য হয়। কাঙ্গালের প্রতি তাঁহার বড় দয়া! শরণাগতের প্রতি তিনি বড় করুণাময়! তাঁহার দয়ার পাত্রাপাত্র বিচার নাই, পতিত, কাঙ্গাল, দীন, শরণাগত দেখিলেই তিনি কৃপা করিয়া—শ্রীচরণে স্থান দেন। পাপী-পুণ্যবান্, ধার্ম্মিক-অধার্ম্মিক, সবল-দুর্ব্বলের কোন বিচার নাই; কেবল 'আমারে রাখ' বলিয়া অকপটে শরণ লইলেই হইল। তাঁহার সেবকের তাঁহার শ্রীপাদপদ্ম ব্যতীত আর অন্য কিছুই সম্বল নাই। ধন, জন, পাণ্ডিত্যাদি সমস্ত বিষয়ে জলাঞ্জলি দিয়া তাঁহার অহৈতুকী কৃপাবারি কৃপা পাইবে। গুরুনিত্যানন্দের কৃপা লাভের জন্য পাগল হইতে পারিলেই কৃপা পাওয়া যায় এবং তাঁহার কৃপা পাইলেই শ্রীগৌরসুন্দরের সংকীর্ত্তনযাগে প্রবেশাধিকার লাভ হইবে। নতুবা কপটতা করিয়া তাঁহার আনুগত্য ছাড়িয়া হরিভজনের যতই প্রয়াস করা যাউক, তাহা মায়ার ভজনই হইয়া যাইবে।

শ্রীশ্রীআচার্য্যোপদেশ

(১২৬ সংখ্যার পর)

সার্বভৌম কৃষ্ণ বলেন। আমিও বড়বিষয় সে নাম করতে পারি, সে নাম বলতে পারি, মনে করি। কিন্তু তা' অসম্ভব। কৃষ্ণনামের মধ্যেই বিগ্রহ আছে। সামনে রাধাগোবিন্দ বিগ্রহ থাকলেও অর্চনকারী লক্ষ্মীনারায়ণেরই উপাসনা করেন। অনর্থযুক্তের অর্চ্চিত বিগ্রহ রাধাগোবিন্দ-বিগ্রহ নহেন। অর্চনকারীর যোগ্যতা অনুসারে ভগবানের প্রকাশ। কামবীজ ও কামগায়ত্রীতে পূজা হয় কখন ভাবে পূজা হয়। যেমন শ্রীরূপের গোবিন্দজী, সনাতনের মদনমোহন, শ্রীজীবের রাধাদামোদর গোপালভট্টের রাধারমণ, ভক্তিবিনোদের রাধাগিরিধারী—প্রত্যেকের ভাবসেবা। ভাবসেবা ও অর্চনের মধ্যে তফাৎ আছে বৈধী ভক্তিতে রাধাগোবিন্দের সেবা হয় না অনর্থযুক্ত অবস্থায় রাধাগোবিন্দের সেবা নাই। লক্ষ্মীনারায়ণরূপে তিনি সেবা গ্রহণ করেন। অর্চনমার্গই বিধিমার্গ একটি পঞ্চরাত্রের মত, একটি ভাগবতের মত। পঞ্চরাত্র যদি মানবে বা সবকে বাদ দেয় তবে সংসার হ'বে। অর্চন করতে করতে পঞ্চোপাসক হ'য়ে যা'বে। যেখানে নামানুশীলন বাদ দিয়ে অর্চন কেবল ক্রিয়া-কলাপে পর্য্যবসিত, সেখানে অর্চন থেকে চ্যুত হ'য়ে পঞ্চোপাসক না হ'য়ে পারে না। অর্চন শুদ্ধ হ'লে ভজন হ'বে। পঞ্চরাত্র-ভাগবতে একই কথা কয়। নামানুশীলনের দ্বারা অর্চন অনুষ্ঠিত। নামাশ্রয় হ'লে বর্ণাশ্রম থেকে যাবে, পৃথক্ভাবে জপ ধ্যান বা অর্চন বিনা লাভ হ'বে। শ্রীনামকীর্ত্তনই সম্পূর্ণ ভক্তি।

জয়তি জয়তি নামানন্দরূপং মুরারে-
র্বিরমিতনিজধর্ম্ম-ধ্যান-পূজাদিযত্নম্।
কথমপি সকৃদাত্তং মুক্তিদং প্রাণিনাং যৎ
পরমমমৃতমেকং জীবনং ভূষণং মে॥
(বৃঃ ভাগবতামৃত ১।১।৯)

প্রঃ—নামভজন করতে থাকলে অর্চনের ক্রিয়া-কলাপে দোষ হ'লে কোন অসুবিধা হ'বে না কি?

উঃ—প্রযত্নবান্ হ'য়ে সাধুসেবা করতে করতে যদি শ্রীনাম ও মন্ত্রোচ্চারণ করে, তবে মন্ত্রতন্ত্রের দ্বারা ক্রিয়া-কলাপে যে ত্রুটি বা বৈগুণ্য হয়, নামসেবায় তা' সব দূরে ঘুচে যায়। ত্রুটিকে নিশ্ছিদ্র ক'রে দেন শ্রীনাম কৃপা ক'রে। নামেই সব হ'য়ে যা'বে। সব দূরে ঘুচে যায় নামের উচ্চারণে। মূল—নামানুশীলন। নামের অনুশীলন হ'লে বিক্ষিপ্তচিত্ততা, বিবাদবিসংবাদ, বিতর্ক সব চ'লে যাবে। নাম হ'লে স্বরূপের আগমনে সব ঠিক হ'য়ে যা'বে। সেই স্বরূপের মধ্যে রাম-নৃসিংহ-নারায়ণ-বাসুদেব-মধুরেশ সব আছেন।

প্রঃ—'সর্ব্বশক্তি নামে দিলা' ইহার অর্থ কি?

উঃ—চিচ্ছক্তির মধ্যে তিনটী শক্তি আছে। শক্তি ছিল না, দিয়েছেন, এরূপ নয়। শ্রীনামে সর্ব্বৈশ্বর্য্য আছে। তবে আধ্যক্ষিকগণকে বুঝাবার জন্য এই কথা ব'লেছেন। এই 'দিলা' ক্রিয়া কালের অন্তর্গত কোন tense নহে। তিনি ও তাঁ'র নাম একই সময়ের। সর্ব্বশক্তি অর্থে, ঔদার্য্য ও মাধুর্য্য সবই আছে নামের মধ্যে। নাম যখন নামী, তখন স্বরূপ। স্বরূপশক্তি ব্যতীত স্বরূপ থাকতে পারেন না। এরা পরস্পর অবিচ্ছেদ্য ও অবিভাজ্যরূপে অনুস্যূত।

প্রঃ—অর্চ্চা, অন্তর্যামী, বৈভব, ব্যূহ ও পর, ইহা কিরূপ?

উঃ—নামের মধ্যেই সব আছে। নাম—প্রথমে অর্চ্চা। অজ্ঞজীবের নিকট সর্ব্বাপেক্ষা স্থূলভাবে যে নামের প্রকাশ তাহাই অর্চ্চা। এই মূর্ত্তিপূজা বালাক্ষ-সম্প্রদায়ের কথা। তাঁরা অর্চন-মার্গের লোক। অর্চন-মার্গই—একটি যাঁ পথ-গতিই তাঁদের চরম কর্ত্তব্য-অর্চ্চাবতার ভক্তি? ইঁহা বাহ্যজ্ঞান যাঁর বাবাজীর জীবের পক্ষে সর্ব্বাপেক্ষা সুবিধা অর্চ্চা। অর্চ্চা নড়েন চড়েন না—বালিক জীব তাঁ'কে static দেখে। যা' নড়ে, তা' dynamic—গতিশীল। চিন্মূর্ত্তি দেখায় static সেই যার্দে এ নাম শ্রীমূর্ত্তিরূপে প্রকাশ হ'য়ে কৃপা করেন।

ব্রহ্মাণ্ড ভ্রমিতে কোন ভাগ্যবান্ জীব।
গুরু-কৃষ্ণ-প্রসাদে পায় ভক্তিলতা-বীজ॥
(চৈঃ চঃ)

যখন ভক্তিলতা-বীজ পাওয়া যায়, তখন অর্চ্চা ভিন্ন গতি নাই। অর্চ্চা নড়েন না। আচ্ছাদিত থেকে মুকুলিত—চিৎচিৎমিশ্র, বদ্ধ থেকে তটস্থের দিকে যাচ্ছে, তৎপরে মুক্তের দিকে যাওয়া। যখন তটস্থের দিকে গতি হচ্ছে, তখন ঈশ্বর, পরমাত্মা ও অন্তর্যামী এই তিনটি দেখছেন। সেখানে সচ্চিদানন্দের বিলাস নাই—লক্ষ্মীসহ বিলাস নাই। ভক্ত পরমাত্মাতে বিলাস দেখছেন।

অবিস্মৃতিঃ কৃষ্ণপদারবিন্দয়োঃ
ক্ষিণোত্যভদ্রাণি চ শং তনোতি।
সত্ত্বস্য শুদ্ধিং পরমাত্ম-ভক্তিং
জ্ঞানঞ্চ বিজ্ঞান-বিরাগযুক্তম্॥
(ভাঃ ১২।১২।৫৫)

দেওয়া ও নেওয়া এই দুটো কাজ। পরমাত্মার সঙ্গে লক্ষ্মীসমন্বিত বিলাস আছে। কারণার্ণবশায়ী, গর্ভোদশায়ী প্রভৃতি তিনজন পরমাত্মা।

দ্বা সুপর্ণা সযুজা সখায়া সমানং বৃক্ষং
পরিষস্বজাতে।
তয়োরন্যঃ পিপ্পলং স্বাদ্বত্ত্যনশ্নন্নন্যো-
ঽভিচাকশীতি॥
(শ্বেতাঃ ৪।৬)

পরমাত্মা ভোগ করেন না, তিনি দেখেন মাত্র, আর জীব কর্ম্মফল ভোগ করে। এই পুরুষাবতারত্রয়ের জ্ঞান হ'লে আর সংসার থাকে না। ঈশ্বরের আনুগত্যের অভাব বা সম্বন্ধ বিচ্ছিন্ন হ'লে শোক, অনুগত হ'লে শোক থাকে না। গর্ভোদশায়ী সমষ্টির অন্তর্যামী হিরণ্যগর্ভ, যেখানে লক্ষ্মী আছেন। যোগীর শেষ কথা—পরমাত্মা, হিরণ্যগর্ভে সাযুজ্য। কারণার্ণবশায়ী প্রকৃতির ঈক্ষণকর্ত্তা, মহত্তত্ত্ব স্রষ্টা আদি-মহাবিষ্ণু। যোগীদের নির্ব্বিকল্প অন্তর্যামী। ভক্তের মধ্যে সব আছে। ভক্ত এজন্যই

ব্রাহ্মণ ও যোগী। ব্রাহ্মণ, যোগী ও ভক্ত এই তিনটি স্তরভেদ। ভক্ত বা বৈষ্ণবের মধ্যে যোগিত্ব বা ব্রাহ্মণত্ব অন্তর্নিহিত আছে।

তৃতীয় বাসুদেব, পুরুষোত্তম দর্শন হয় যাঁদের, এরূপ মহাত্মা সুদুর্লভ। প্রথমে একত্ব, তারপর যুগল, তারপর বৈভব ও তারপর ব্যূহ। দ্বিতীয় চতুর্ব্যূহের মূল-কারণ আদিচতুর্ব্যূহ। নারায়ণের চারি পার্শ্বে চারি জন আছেন—বৈকুণ্ঠে। এর পর পরতত্ত্ব। পরতত্ত্বকে শ্রী-সম্প্রদায় বল্ছেন—নারায়ণ, আমরা বল্ছি—বলদেব, যিনি মূল-সঙ্কর্ষণ। দ্বারকেশ—পর, মথুরানাথ—পরতর, আর পরতম হ'চ্ছেন—তাঁদেরই ব্রজেন্দ্রনন্দন। কৃষ্ণ চতুর্ব্যূহ নিয়ে এ জগতে আসেন না। তবে দেখাতে পারেন অন্য রূপে। তাঁ'র সকল শক্তিই আছে। যোগ্যতা নাই এরূপ নয়। কৃষ্ণ সব পারেন। তিনি মধুর রস, বৎসলরতি, সখ্যরতি ও দাস্য-রতির বিষয় হ'য়ে সেবা গ্রহণ করেন; এসব অনেকে ধারণা করতে পারে না। নন্দযশোদা বা গোপীগণের কথা বুঝতে পারে না। তাই বার্ষভানবীর উপর অনেকের কটাক্ষ আছে। রূপপতি উপাধ্যায় ব'লেছেন,—

প্রতিশ্রুপরে শ্রুতিমিতরে ভারতমন্যে ভজন্তু ভবভীতাঃ।
অহমিহ নন্দং বন্দে যস্যালিন্দে পরং ব্রহ্ম॥

অবিত্ত বিত্ত হয় কি ক'রে? অন্য সর্বৈশ্বর্য গোপন ক'রে কি ক'রে ভক্তের বশ হন তা' সাধারণ লোক বুঝতে পারে না। অন্য নারায়ণকে তা'রা বড় মনে করে। কিন্তু প্রকৃতপ্রস্তাবে কৃষ্ণই মূল-নারায়ণ। রসবিচারে লক্ষ্মীনারায়ণ-সেবা অপেক্ষা বসুদেব-নন্দনের সেবা এবং তদপেক্ষা নন্দনন্দনের সেবার শ্রেষ্ঠত্ব। ব্রজবাসীর কৃপা না হ'লে নন্দনন্দনের কৃপা পাওয়া যায় না। গৌড়ীয়গণ ব্রজবাসী। আমরা যেন রাধাকৃষ্ণীর বিচার অবমাননা না করি। তা' হ'লে অপরাধ হ'বে। ব্রজবাসীর কৃপায় মধুর রতিতে প্রবেশ ক'রে তটস্থ-বিচারে এইরূপ বলতে পারেন। ব্রজবাসীর কৃপা হ'লে তটস্থ হ'য়ে এরূপ বলা যেতে পারে। কবিরাজ গোস্বামিপ্রভু বলতে পারেন আংশিক সেবা পূর্ণ সেবার অন্তর্ভুক্ত। নারায়ণ ছোট, কৃষ্ণ বড়—এইরূপ ভেদবুদ্ধি যেন না করি। ১৯০৩ অথবা ১৯০৪ সালে পুরীতে ভক্তিবিনোদ ঠাকুর ব'লেছিলেন—শ্রীমদ্ভাগবতের মধ্যে গীতা আছে। গীতা, ভাগবত, উপনিষৎ পৃথক্ নয়। এখানে অবতারদের কথা ব'লেছেন। অবতারদের মধ্যে, জীব ও কৃষ্ণের মধ্যে ভেদবুদ্ধি ক'রলে পাষণ্ডতা হ'বে। যদি ভাগবত মানি আর বেদ, গীতা, উপনিষদ্ না মানি, তবে অপরাধ হ'বে। সর্বতোভাবে পূর্ণভাবে বর্ণন আছে শ্রীমদ্ভাগবতে, আর অস্ফুট অসম্যক্ বর্ণন দেখা যায় অন্য শাস্ত্রে।

প্রঃ—নারায়ণ কি এ জগতে আসেন না? বসুদেব-দেবকী ও নন্দযশোদার সেবার বৈশিষ্ট্য কি?

উঃ—রাম, লক্ষ্মণ, ভরত ও শত্রুঘ্ন অজ হইয়াও জন্মলীলা প্রকট করেন। কিন্তু পরব্যোমে যে দ্বিতীয় চতুর্ব্যূহ বা নারায়ণ আছেন, তাঁ'দের অবতার নাই। প্রকটলীলা হয় মানুষের আকারে, অন্যরূপে হয় না। মৎস্যদেব, কূর্মদেব প্রভৃতি বিভূতরূপে এসেছিলেন। কৃতমালা নদীতে মৎস্যদেবের আবির্ভাব। তাঁ'কে মৎস্যতীর্থ বলে। মৎস্যদেব জুগুপ্সাপ্রকৃতির বিষয়-বিগ্রহ। জুগুপ্সাপ্রকৃতি সেখানে বড় উপাদেয়। মানুষের মধ্যে অবাধ্যরী ভাব সেখানে অসুবিধা। তাই ভগবান্ মানুষের মধ্যে মানবলীলা দেখিয়ে তা'দের উন্মুখ করেন।

যশোদা বলেন, আমি কৃষ্ণকে প্রসব করেছি। নন্দ-যশোদা ও কৃষ্ণ এক উপাদান। পরিপূর্ণ ঘনানন্দবিগ্রহ কৃষ্ণ তাঁ'দের অঙ্গসম্ভূত। বাসুদেব বসুদেবের চিত্তে আবির্ভূত। কিন্তু কৃষ্ণ নন্দতনুজ। বাসুদেব-তনুজ নন—চিত্ত থেকে তাঁ'র আবির্ভাব। নন্দ-যশোদার দেহ কৃষ্ণের সমান সমান—একজাতীয়। ব্রজবাসীদের সঙ্গে স্থূলভাবে যে লীলা, তাঁ'র চমৎকারিতা বেশী। তা' বিজ্ঞান-ঘনের চরম অবস্থা।

বসুদেব-দেবকী মথুরায় কারাগারের মধ্যে বাসুদেবের স্তব করেছেন। কিন্তু নন্দ-যশোদা কোন দিন স্তব করেন না, তাঁ'রা মারেন, শাসন করেন। বসুদেব-দেবকী স্তুতি করেন—'তোমার দয়া' এরূপ বলেন। কিন্তু নন্দ বলেন—'আমি দয়া করলে সে বাঁচবে'। যশোদা বলেন—'আমি না হ'লে তাকে কে বাঁচাবে, কে খাওয়াবে?' কত বড় কথা! প্রাণকোটিসর্বস্ব প্রাণধনকে না দেখতে পেলে তাঁ'রা ব্যাকুল হন। ষড়ৈশ্বর্যপূর্ণ অধোক্ষজ ভগবান্‌কে বলছেন আমি না খাওয়ালে সে বাঁচবে না। অজ-ভব-ব্রহ্মা যাঁ'র সন্ধান পায় না, সেই কৃষ্ণকে কিরূপ বশ ক'রে ফেলেছেন! কি প্রগাঢ় প্রীতি! তাঁর এই বাৎসল্যের কণা পাত হলে আমরা কৃতার্থ হ'ব। গোপীদের এর চেয়েও বেশী।

প্রঃ—মহাভাগবতবর ও মহাভাগবতে কোন ভেদ আছে কি?

উঃ—বৈষ্ণবশ্রেষ্ঠ আমার গুরুদেব—তিনি ভক্তশ্রেষ্ঠ মুকুন্দশ্রেষ্ঠ। মহাভাগবত—বৈষ্ণবঠাকুর। গুরুর সেবকগণ গুরুরই বৈভব। গুরুদর্শন—অমর দর্শন। গুরুদেব যে কৃপাশাসন করেন, সেটি ভক্তি বা কৃষ্ণপ্রেমের প্রতিকূল নয়। ইহা কৃষ্ণপ্রেমের প্রগাঢ় বৈশিষ্ট্য। ইহা প্রভুত্ব করবার জন্য শাসন নয়। ইহা কৃষ্ণসুখপর। কৃষ্ণপ্রেম হৃদয়ে জাগুক এইজন্য। হৃদয়কে প্রেমের সিংহাসনরূপে পরিণত করবার জন্য এই শাসন। সেখানে পুরুষাভিমান, ভোক্তাভিমান বা প্রভুত্ব নাই।

গুরু মধ্যমাধিকারীর লীলা করেন। মধ্যমে না এলে শাসন হয় না। অমর দর্শনে—পূর্ণদর্শনে কেহ বিদ্বেষী নাই। বিদ্বেষী অচেতন। সেখানে সর্বত্র গুরুদর্শন। কৃষ্ণলোকে বিদ্বেষী জড়বৎ। কংসাদি Stagnant হ'য়ে আছে—নড়ে চড়ে না; এটা অপ্রকট-প্রকাশে। এখানে নড়ে চড়ে, কৃষ্ণের নিন্দাদি করে। ভক্তিবিনোদ বিদ্বেষীর কাছে প্রচার করলেন না। তা'দের কাছে মৌন হ'লেন।

বৈষ্ণব-চরিত্র, সর্বদা পবিত্র,
যেই নিন্দে হিংসা করি'।
ভকতিবিনোদ, না সম্ভাষে তারে,
থাকে সদা মৌন ধরি॥

চেতনবস্তুর প্রতি বিদ্বেষ যে করে, সে কত অচেতন! বিদ্বেষী—শব। তাই ঠাকুর চুপ করে থাকলেন—অসহযোগ করলেন। এটা মহাভাগবতের লীলা। তাতে তিনি দেখালেন যে, আমি তোমাদের মত একজন। তোমরা জড়গ্রস্ত paralysed আমিও বাতগ্রস্ত। গৌরকিশোর প্রভুও এরূপ লোকবঞ্চনা ক'রেছেন। তিনি দেখালেন তোমরা বিষ্ঠা-বিষ্ঠাতে আছ—আমি পায়খানাতে থাকি। কি শঙ্কা! করুণাময় আত্মবিগ্রহের কাজ হচ্ছে নিজে কেবল সুখবিধান করা এবং বহুকে দিয়ে কৃষ্ণকে সুখভোগ করান। গুরুদেব মহাভাগবতবর। 'মহাভাগবতবর শ্রীগৌরকিশোরবর'।

প্রঃ—কৃষ্ণলোকে চেতনজগতে কংস জড়, ইহা কিরূপে হয়?

উঃ—সেখানে কংসের ক্রিয়া নাই, সেখানে জড়বৎ। সেখানে উদ্দীপনা হয়। কাঠের কংস দেখে উদ্দীপনা হচ্ছে। কাঠের কংস দেখে ক্রোধ হয়। তা' প্রেমের পুষ্টি করে। সেস্থান পূর্ণজ্ঞানময়। সেস্থানে বিদ্বেষটা নিষ্ক্রিয়। সেখানে বিরোধের সম্ভাবনা নাই। এখানে যেমন মলমূত্র-ত্যাগাদি আছে, সেখানে তা' নাই। সেখানে কংসের বধ, চৈদ্যের বধ নাই। সেখানে সবটা কৃষ্ণ, ক্রিয়াকলাপ সব কৃষ্ণ। কাহারও কোন বিদ্বেষ নাই। গোকুলে লীলায় চমৎকারিতা বেশী। সেখানে সব সুখময়, পরিপূর্ণ জ্ঞানঘনানন্দময়। অঘ-বক ইত্যাদি সেখানে ভাবরূপে আছে। এখানে এসব হচ্ছে দেখাচ্ছেন, অথচ এসব নয়—সেইজন্যই এখানে চমৎকারিতা বেশী। এখানে মানুষের মত ক্রিয়া। গোলোকে রক্তপাতাদি নাই, এখানে রক্তপাতাদি আছে। অপ্রকট-প্রকাশে ভাবটী আছে প্রেমের পুষ্টির জন্য। প্রেমের বিরোধী কোন কিছু সেখানে নাই।

প্রঃ—এখানে যদি কেহ অত্যাচার করে তবে তাহাও কি কৃষ্ণের কৃপা বা ইচ্ছা মনে করব?

উঃ—চিত্তবৃত্তি দেখতে হ'বে। In good faithএ করছে কি না। আমি বলছি অত্যাচার, কিন্তু যদি অত্যাচার না হয়। যদি বাস্তবিক দোষ হয়, তবে নিজেকে শোধন করতে হ'বে। যদি প্রকৃত বিদ্বেষী হয়, তবে সঙ্গ ত্যাগ করা দরকার। উপকারককে দেখে অত্যাচার মনে করতে পারেন। দুঃখেই এরূপ হ'তে পারে। যদি প্রকৃত অত্যাচার হয়, তবে সঙ্গত্যাগ করাই ভাল। কেহ অপকার করলে তা'র উপকার ক'রে, কথা বলে—অপকারের প্রতিশোধ দেবেন। কৃষ্ণের ইচ্ছা হ'লেই অপকারের পরিবর্তে উপকার করা। যদি সত্য কথা ব'লেও না হয়, তবে স'রে যেতে হ'বে। যেখানে ভক্তিবিদ্বেষ, সেখানে দুঃসঙ্গ পরিত্যাগ করা ভাল। যদি বুঝা যায় যে, হরিকথা বললে অত্যাচারকারীর চিত্ত ফিরতে পারে, তবে হরিকথা বলতে হ'বে। নিজে উদ্বিগ্ন না হ'য়ে, sensitive না হয়ে, সব সহ্য করতে হ'বে। কৃষ্ণভক্তির জন্য সব resist করতে হ'বে। কারণ, ভক্তের যা কিছু কৃষ্ণের জন্য। কৃষ্ণের জিনিষ রক্ষা করতে হ'বে। তা'তে বিবাদ হয় হ'বে। কৃষ্ণ বাদ দিয়ে মারামারিতে আমাদের কিছু নাই; ভোগের মধ্যে দ্বন্দ্ব। তা'র মধ্যে আমরা নাই বা থাকব না।

মধুসঙ্গ সাধুসঙ্গ সৎকথাদে কর। লবমাত্র সাধুসঙ্গে সর্বসিদ্ধি হয়

শুদ্ধভক্তি-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠ-মায়াপুর

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীব্রজপত্তন-ভবনে শ্রীচৈতন্যমঠ, পরবিদ্যা-পীঠ, শ্রীশ্রীগান্ধর্ব্বিকা গৌর-গোপাল আদাবা চতুর্ব্বিগ্রহ আছেন। তৎপ্রাচীন প্রত-শ্রীবিলাসমহলে 'নদীয়া প্রকাশ' প্রকাশালয় আছে।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৫
কলিকাতায় শ্রীভক্তিবিনোদ আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। নিত্য পাঠ, সঙ্কীর্ত্তন, প্রদর্শনী-বেদান্ত শ্রীমদ্ভাগবতাদি গ্রন্থের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও হারমনিষ্ট পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়।

(৩) যোগপীঠ মায়াপুর-শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব ভূমি মহাযোগপীঠ।

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং ... বর্ত্তমান।

(৬) মুরারিগুপ্তের পাট

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৭) কাজি-সমাধি-পাট

সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি।

(৮) অপ্রকটলীলাস্থান শ্রীধাম মায়াপুর

(৯) আনন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ জাহ্নগর (বর্দ্ধমান)

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মাউগাছি, পোঃ জাহ্নগর, (বর্দ্ধমান)
শ্রীনারায়ণীর ঠাকুর বৃন্দাবনের পাট

(১৩) ঋতুদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(১৪) জহ্নুদ্বীপ-গৌড়ীয়মঠালয়

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ

গৌড়পুর, নদীয়া

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ

মাউগাছা—(শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৭) কুঞ্জকুটীর

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

(২০) মহেশ-পণ্ডিতের পাট

কাঠালপুলি, পোঃ চাকদা (নদীয়া)

(২১) রাণাঘাট-গৌড়ীয়মঠাশ্রম

(২২) পুরী গৌড়ীয়মঠ

চব্বিশ পরগণা

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ

বালিয়াটী পোঃ জাবি, ঢাকা।
পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র।

(২৪) গোপালজীউমঠ

কমলাপুর, পোঃ ঢাকা

(২৫) বলাই-গৌড়ীয় মঠ

পোঃ বালিয়াটি, (ঢাকা)

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

বড়বাজার, পোঃ ময়মনসিংহ

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চক্‌চকা, কামরূপ (আসাম)

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

৩নং পাগাড় বিল্ডিং, দার্জ্জিলিং

(৩০) মায়াপুর-গৌড়ীয়মঠ

পোঃ হরিদ্বার, জিঃ সাহারানপুর, ইউ, পি

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

দীঘাপুর পাটনা।

(৩২) গয়া গৌড়ীয়মঠ

মেথলা রোড, গয়া

(৩৩) সনাতন-গৌড়ীয় মঠ

৮।১১ বড় গণেশ গলি, বেনারস সিটি

(৩৪) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

(৩৫) পরব্রহ্ম মঠ,

পোঃ বিসনার, সীতাপুর (ইউ পি)

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়

বিশ্রামঘাট, পোঃ মথুরা

(৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্য মঠপীঠ

কিশোরপুর, বৃন্দাবন

(৩৯) ব্রজস্বানন্দ-সুখদকুঞ্জ

পোঃ রাধাকুণ্ড (মথুরা

(৪০) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪১) রাধাকুণ্ড গোষ্ঠবাটী

(৪২) শ্রীগোবর্দ্ধনমঠালয়

গোবর্দ্ধন, মথুরা

(৪৩) সঙ্কেত বিহারী মঠ

বর্ষাণা, মথুরা।

(৪৪) নন্দগ্রাম গৌড়ীয়মঠালয়

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৫) বর্ষাণা গৌড়ীয়মঠালয়

পোঃ বর্ষাণা, মথুরা

(৪৬) গোষ্ঠবিহারী মঠ—সেবাকুঞ্জ

পোঃ কোকোলা, জেলা গুরগাঁও (পাঞ্জাব)

(৪৭) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

(৪৮) দিল্লী গৌড়ীয় মঠ

৪৫নং কেনিং রোড, নিউ দিল্লী

(৪৯) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, ক্যাম্বালা হিল, বোম্বে ৭

(৫০) মাদ্রাজ-গৌড়ীয়মঠ

পোঃ রায়পেটা, মাদ্রাজ
শ্রীশ্রীগুরুগৌরাঙ্গ-রাধা-বিনোদবিহারীর সেবা

(৫১) সাক্ষী-গোপাল-গৌড়ীয়মঠ

পোঃ কভুর কোভুর গোদাবরী মাদ্রাজ
শ্রীশ্রীগুরুগৌরাঙ্গ-গান্ধর্ব্বিকা-গিরিধারীর সেবা

(৫২) পুরুষোত্তম-গৌড়ীয়মঠ

আঠারনালা, পোঃ সখী গোপাল, (পুরী)

(৫৩) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা

(৫৪) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৫) দীনাকুটী

(৫৬) জিয়ড়-নৃসিংহ-গৌড়ীয়মঠ

পোঃ ভুবনেশ্বর, পুরী

(৫৭) সচ্চিদানন্দ মঠ

বালিয়াটি, পোঃ কটক (উড়িষ্যা)

(৫৮) বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ

(৫৯) শ্রীব্রহ্মমাধ্বগৌড়ীয়-প্রচার-মণ্ডল

পোঃ নলপুতা, মাদ্রাজ

(৬০) ভাগবতজনানন্দ মঠ

চিরঞ্জিৎ, পোঃ নারায়ণগড়, মেদিনীপুর

(৬১) অমর্দা গৌড়ীয়মঠ

পোঃ অমর্দা, মেদিনীপুর

(৬২) আমলাযোড়া প্রপন্নাশ্রম মঠ

পোঃ রাজবাধ (বর্দ্ধমান)

(৬৩) চৈতন্যগৌড়ীয়মঠ

কুসুমকুঞ্জ, পোঃ চাকদহ, (মণভূম)

(৬৪) রেঙ্গুণ গৌড়ীয়মঠ

৩০১ নং ডিউইস্ ষ্ট্রীট, রেঙ্গুণ।

(৬৫) লণ্ডন-গৌড়ীয়মঠ

ফ্ল্যাট নং ২
৫১, আর্ট-রোড
ব্রম্পটন, লণ্ডন, ই ৫

(৬৬) গৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

১।১৩, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা

(৬৭) গৌড়ীয়মঠ অফিস

কিউইট রোড, লক্ষ্ণৌ (ইউ-পি)

(৬৮) শ্রীবিদ্যানিধি গৌড়ীয়মঠালয়

বলরামপুর, চট্টগ্রাম।

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীমহানন্দ ব্রহ্মচারী ভক্ত্যালোক, ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

দৈনিক নদীয়া-প্রকাশ

———:(০):———

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায়		বিজ্ঞাপনের পৃষ্ঠায়	
	১ম ও ২য় দিনের জন্য	পরবর্তী দিনের জন্য	১ম ও ২য় দিনের জন্য	পরবর্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	।০	৷৶০	।৶০	।০
" " ইঞ্চি	২৲		১৷০	১৲
সিকিকলম	৫৲	৪৲		৩৲
" অর্দ্ধকলম	৮৲	৭৲	৬৲	৫৲
" এক কলম	১২৲	১০৲	১০৲	

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিবারে প্রতি ইঞ্চি ৬৲	৪৷০
" সিকি কলম ১৫৲	১২৲
" অর্দ্ধকলম ২৪৲	১৮৲
" এক কলম ৩৬৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৷০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা ৵৹ ; বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী

———::(০)::———

শ্রীল প্রভুপাদের চতুঃষষ্টিতম বর্ষপূর্ত্ত্যাবির্ভাব-তিথিতে শ্রীল আচার্য্যদেবের অভীষ্টানুসারে "শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী" প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। ইহাতে পূর্ব্বার্দ্ধ ও উত্তরার্দ্ধ দুইটি বিভাগ আছে। পূর্ব্বার্দ্ধে শ্রীল প্রভুপাদের আদি-প্রবন্ধাবলী শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের সম্পাদিত 'সজ্জনতোষণী,' শ্রীল প্রভুপাদের 'নিবেদন' সাপ্তাহিক পত্র প্রভৃতি হইতে কথাসার ও প্রয়োজনীয় অর্থের টীকা-সহ প্রকাশিত হইয়াছে। উত্তরার্দ্ধে শ্রীল প্রভুপাদের সম্পাদিত 'সজ্জনতোষণী'র কতিপয় প্রবন্ধ কথাসার প্রভৃতির সহিত মুদ্রিত হইয়াছে। প্রবন্ধগুলি রচনাকালের ক্রমানুসারে গ্রথিত হইয়াছে; এতদ্ব্যতীত শ্রীল আচার্য্যদেবের একটী মূল্যবান্ উপোদ্ঘাত ও সঙ্কলনকারীর একটি বিস্তৃত ভূমিকা, শব্দ-সূচী, শ্লোক-পাদ-শ্লোক ও পয়ার-সূচী প্রভৃতি গ্রন্থে সংযোজিত হইয়াছে। গ্রন্থটী উৎকৃষ্ট কাগজে পাইকাটোর সহিত মুদ্রিত ও শ্রীল প্রভুপাদের আলেখ্যদ্বারা ভূষিত ও সুন্দর বাঁধাই হইয়া প্রকাশিত হইয়াছে। প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, জিলা নদীয়া; শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ও শ্রীমাধ্বগৌড়ীয়মঠ, নারিন্দা, পোঃ ওয়ারী, ঢাকা।

———

শ্রীল প্রভুপাদের পদ্যপ্রসূন মালা

এই গ্রন্থে ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তি- সিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের রচিত পদ্যাবলী শ্রীল আচার্য্যদেবের বিরচিত "সৌরভ" নামক ভাষ্যের সহিত প্রকাশিত হইয়াছে। শ্রীল প্রভুপাদের অনেক অপ্রকাশিত পদ্য ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ।০ চারি আনা।

শ্রীধাম-মায়াপুরে

——(:০:)——

—"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট"—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে; বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক্ খোলা। শিক্ষকগণ আদর্শ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খোরাক ও সেবকাদির প্রতি মাসে মাত্র ৬৲ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। বর্ত্তমান বর্ষে ১৬ জন বালকের মধ্যে ১৫ জন ভালভাবে উত্তীর্ণ হইয়াছে।

মেধাবী ছাত্রগণের আরও সুবিধা

পরীক্ষায় যাহারা শতে শতকরা ৭৫ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ সচ্চরিত্র নির্ধনী ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক-সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, ও শিক্ষা অতিসুন্দরভাবে আলোচিত হইয়াছে। এই এক অপূর্ব্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

শ্রীচৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত্র অতিসুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত ইহার ভিক্ষা মাত্র ৩৲ টাকা। প্রাপ্তিস্থান শ্রীযুক্ত নন্দকিশোর ভক্তিশাস্ত্রী, শ্রীযোগপীঠ, শ্রীধাম, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীসরস্বতী-সংলাপ

প্রথম খণ্ড

শ্রীশ্রীব্রহ্মমাধ্ব গৌড়ীয়সম্প্রদায়ৈকসংরক্ষক জগদ্গুরু পরমহংসকুলচূড়ামণি নিত্যলীলা-প্রবিষ্ট ১০৮শ্রী শ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামি-প্রভুপাদ বিভিন্ন জিজ্ঞাসু ও গুণগ্রাহী সজ্জনবৃন্দের পরিপ্রশ্নোত্তরে ও সন্দেহ-নিরাকরণকল্পে যে-সকল শুদ্ধভক্তিসিদ্ধান্তবাণী কীর্ত্তন করিয়াছেন, যাহা তাঁহার প্রকটকালেই 'গৌড়ীয়' সম্পাদক শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ প্রভুপাদেরই শ্রীহস্তে সংশোধিত করাইয়া রাখিয়াছিলেন এবং যাহার কিয়দংশ গৌড়ীয়পত্রে প্রকাশিত হইয়াছে, তাহা "শ্রীশ্রীসরস্বতী-সংলাপ" নাম ধারণপূর্ব্বক শ্রীল প্রভুপাদের 'বক্তৃতাবলী' ও 'পত্রাবলী' আকারে খণ্ডে খণ্ডে প্রকাশিত হইতেছেন। বর্ত্তমানে শ্রীল প্রভুপাদের পঞ্চবার্ষিক বিরহতিথিপূজা-বাসরে এই গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছেন। মানবজীবনের বহু অমীমাংসিত সমস্যা ও জটিল প্রশ্নের সমাধান ইহাতে পাওয়া যাইবে। ভক্তিপথের পথিকমাত্রেরই এই গ্রন্থ সংগ্রহ একান্ত প্রয়োজন।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপদেশক পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী সম্প্রদায়-বৈভবাচার্য এম-এ মহোদয়ের শ্রৌতগবেষণা এবং পরিপক্ব লেখনীর অদ্ভুত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত্র-পাঠে ধন্য হউন। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিবিধ চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৩৩শ অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্ত্তার ভূমিকাদ্বয় (Preaces), বিষয়-তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র-(Index Glossary) সহ গ্রন্থখানি প্রকাশিত। ভিক্ষা—১৫৲ পনর টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, রায়পেটা মাদ্রাজ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

———:(○):———

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু ধর্ম্মগ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১৩।১নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

[illegible] পাচন

সর্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু, পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাটতি অত্যন্ত অধিক। শিতার শ্রীকা সংযুক্ত কাগজের এবং নূতন [illegible] ধরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। [illegible] ছোট বোতল ৷৴০ দশ আনা, বড় বোতল ১৷৴০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা

অথবা

পোঃ বেহালা, ২৪ পরগণা

'ঠাকুর ভক্তিবিনোদ'

———:(○):———

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি-প্রচারের মূল মহাজন সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অতিমর্ত্ত্য জীবনচরিত এতাবৎকাল পর্য্যন্ত গ্রন্থাকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয়মঠাচার্য্যবরের ভক্তোত্তম পরবিদ্যাসাহিত্যের সু-লেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু মূল্যবান শিক্ষামালাও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১২৫ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৷৹ আনা; ডাক মাশুল স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান—ম্যানেজার গ্রন্থবিভাগ
শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

ই, বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্টাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	৪-৩৬	৬-২৬	৭-০৬	১২-২৬	১৪-৫৬	১৬-৫৬	১৭-৫৬	২২-২৬
রাণাঘাট পৌঃ			৮-২৮	১৪-১৫				
(বদল) ছাঃ			৯-৩৩	১৪-৫০				
কৃষ্ণনগর পৌঃ	৭-১	৮-৪৫	১০-৮	১৫-২৩	১৭-২৮	১৯-০৮	২০-১৩	১-১২
(বদল) ছাঃ	৭-১২		১০-৩১		১৭-৩৮		২০-২৬	
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫১		১১-১০		১৮-১৬		২১-৪	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
রাণাঘাট পৌঃ	১২-৫৫
ছাঃ	১৩-০
শান্তিপুর পৌঃ	১৩-২৩
(বদল) ছাঃ	১৩-৩১ (লাইট্ রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪-১২
ছাঃ	১৪-৩০
নবদ্বীপঘাট পৌঃ	১৫-১০

ডাউন

নবদ্বীপঘাট ছাঃ		৫-৪৫		৯-১০			১৩-৩১	১৬-০	১৮-৩১
কৃষ্ণনগর পৌঃ		৬ ২৩	৯-১৬	৯-৪৮	১১-৪১	১৪-১০	১৬-৩৮	১৯-১৯	২১-১০
ছাঃ	৬-৩৬	৭-১৮		১০-১১			১৬-৫৬	১৯-২৫	
রাণাঘাট পৌঃ				১০-৪৬			১৭-৩০		
(বদল) ছাঃ				১১-১			১৭-৪৩		
কলিকাতা পৌঃ	৮-১৬	৯-২১		১১-৫১	১২-১৬	১৪-১৬	১৯-১১	২১-৪১	২৩-৩৭

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৩-৩১	১৬-০	
কৃষ্ণনগর পৌঃ	১৪-১০	১৬-৩৮	
ছাঃ	১৫-২৮	১৭-৩৯	
শান্তিপুর পৌঃ	১৬-৯	১৮-১৪	
(বদল) ছাঃ	১৬-৩৩	১৮-২৫ (শনিবার ভিন্ন)	২০-৪০ (শনিবার)
রাণাঘাট পৌঃ	১৭-১০	১৮-৫০	২১-১৫
(বদল) ছাঃ	১৭-৪৩	১৯-১৪	২১-৫০
কলিকাতা পৌঃ	১৯-১১	২০-৪০	২৩-৩৭

পোঃ — শ্রীমায়াপুর
টেলিগ্রাম—'শ্রীধাম শ্রীমায়াপুর'

REGD NO C 1514

দৈনিক নদীয়াপ্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়াজেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৪শ খণ্ড] শ্রীমায়াপুর— ১২ই শ্রাবণ, ১৩৪৬, ২৮শে জুলাই, ১৯৩৯, শুক্রবার [১২৮শ সংখ্যা

বিবিধ সংবাদ

বিহার ব্যবস্থা পরিষদ

জানা গিয়াছে যে, আগামী ১৮ই সেপ্টেম্বর হইতে পাটনায় বিহার ব্যবস্থা পরিষদের শারদীয় অধিবেশন আরম্ভ হইবে। প্রায় এক মাস অধিবেশন স্থায়ী হওয়ার সম্ভাবনা এবং এই অধিবেশনে অনেক বিষয়ের আলোচনা হইবে।

যে সকল বিল জনমত সংগ্রহের জন্য প্রচারিত হইয়াছে, যেগুলি সিলেক্ট কমিটির বিবেচনাধীন আছে এবং যেগুলি সিলেক্ট কমিটি হইতে ফেরৎ আসিয়াছে, পরিষদের এই অধিবেশনে সে সকল বিলই উত্থাপিত হইবার সম্ভাবনা আছে। ছোটনাগপুর টেনিওর-রেকর্ডস রেন্ট একাউণ্টস (সংশোধন) বিল, কোর্ট-ফিস (নির্দ্ধারিত খাজনা হ্রাস) বিল, বিহার মাদক নিয়ন্ত্রণ বিল, বিহার মার্কেট ও ডিলার্স বিল, এবং বিহার মুসলীম ওয়াকফ বিল উহার অন্তর্ভুক্ত।

পরিষদের অধিবেশনে নূতন আর যে সকল বিল আলোচিত হওয়ার সম্ভাবনা আছে, তন্মধ্যে বকাস্ত জমি সম্পর্কে একটি বিলের খসড়া প্রস্তুত হইতেছে। এই বিলের প্রধান বৈশিষ্ট্য এই যে, বকাস্ত জমি লইয়া বিরোধ ক্ষেত্রে বিলে বাধ্যতা-মূলক সালিশীর ব্যবস্থা করা হইয়াছে। কিষাণ-বিরোধ ক্ষেত্রে প্রতিকারমূলক ব্যবস্থাও ঐ বিলে করা হইবে।

বন সংরক্ষণ সম্পর্কেও একটি বিল উত্থাপিত হইবে। বেপরোয়াভাবে অবিবেচকের ন্যায় গাছকাটা বা বন নষ্ট করা রোধ করার ব্যবস্থা হইবে। এতদ্ভিন্ন, এই অধিবেশনে অতিরিক্ত কতকগুলি ব্যয় বরাদ্দের দাবী পেশ করা হইবে। এই সম্পর্কে বিভিন্ন সরকারী বিভাগ তালিকা প্রস্তুত করিতেছেন।

সেনা বিভাগের ভারতীয়করণ

সেনা বিভাগের ভারতীয়করণ আরও দ্রুততর করা সম্ভব কিনা তৎসম্পর্কে তদন্ত করার নিমিত্ত নিঃ ভাঃ হিন্দু মহাসভার সহঃ সভাপতি ডাঃ বি এস মুঞ্জে করাচী আসিয়া পৌঁছেন। তিনি তিন দিন এখানে অবস্থান করেন।

ডাঃ মুঞ্জে নাসিকের ভোঁসলা সামরিক বিদ্যালয়ের প্রতিষ্ঠাতা, সেনা বিভাগ ভারতীয়করণ কমিটির সদস্য হিসাবে তিনি এখানকার সেনা ও বিমান বাহিনী পরিদর্শন করিবেন। ভারতীয় যুবকগণের সামরিক শিক্ষা সম্পর্কে তিনি একটি বক্তৃতা করেন। সকালে আর্য্য বীর দল ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের পক্ষ হইতে ডাঃ মুঞ্জেকে অভিনন্দন পত্র দেওয়া হয়। ভারতীয় যুবকগণের সামরিক শিক্ষা সম্পর্কে তিনি আর একটী বক্তৃতা করেন।

বোম্বাই হইতে সিন্ধু প্রদেশকে স্বতন্ত্র করিবার পর সিন্ধু প্রদেশের হিন্দুদের কি অবস্থা দাঁড়াইয়াছে তৎসম্পর্কে আলোচনার জন্য স্থানীয় হিন্দু সভার কর্ম্মিগণ ডাঃ মুঞ্জের সহিত সাক্ষাৎ করেন।

কটকের ব্রাহ্মণী নদীতে জলবৃদ্ধি

কটক জেলায় ব্রাহ্মণী নদীতে ভীষণ বানের আশঙ্কা করা যাইতেছে। সরকারী রিপোর্টে জানা গিয়াছে উক্ত নদীতে যেরূপ বান ডাকিয়াছিল তাহা জেনাপুরের বানের জলের সীমারেখাও অতিক্রম করিয়াছে।

কটক জেলার সন্নিকট মহানদী ও কাঠজোড়ী নদীতে আপাততঃ জল বৃদ্ধি পাইবার কোন সম্ভাবনা দেখা যাইতেছে না। তবে গবর্ণমেণ্ট ইতিমধ্যেই সতর্কতা মূলক ব্যবস্থা অবলম্বন করিয়াছেন এবং দরকার হইলে কিরূপ সংখ্যক স্বেচ্ছাসেবক পাওয়া যাইতে পারে তাহা জানিবার জন্য কটকের জেলা ম্যাজিষ্ট্রেট জেলা কংগ্রেস কমিটির সভাপতির নিকট সংবাদ পাঠাইয়াছেন।

বিশ্বব্যাপী নৈতিক অস্ত্র-সজ্জা আন্দোলন

পূর্ব্ব-ভারতের বিশিষ্ট ব্যক্তিবর্গের মধ্যে কংগ্রেস সভাপতি ডাঃ রাজেন্দ্রপ্রসাদ এবং ভারতের মেট্রোপলিটানের নাম বিশ্বব্যাপী নৈতিক অস্ত্রসজ্জা ইস্তাহারের স্বাক্ষরকারী রূপে কালিফোর্ণিয়ায় উক্ত আন্দোলনের সমর্থনকারীদিগের সম্মেলনে তারযোগে প্রেরণ করা হইয়াছে।

হোলীউডের — বিশালস্থলে সম্মেলনের উদ্বোধন হইয়া গিয়াছে

ইস্তাহারে অন্যান্য যেসব গণ্যমান্য ব্যক্তি স্বাক্ষর করিয়াছেন তাঁহাদের মধ্যে যুক্ত প্রদেশের মহিলা মন্ত্রী শ্রীযুক্তা বিজয়লক্ষ্মী পণ্ডিত, কলিকাতা হাইকোর্টের ভূতপূর্ব্ব বিচারপতি স্যার মন্মথনাথ মুখোপাধ্যায়, কংগ্রেস ওয়ার্কিং কমিটির সদস্য ডাঃ বিধানচন্দ্র রায়, বাঙ্গলার বণিক সভার ভূতপূর্ব্বপ্রেসিডেণ্ট স্যার বেন গীভ এবং এলাহাবাদ বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলার মিঃ ঝা আছেন।

সম্মেলনে বাঙ্গলার পক্ষ হইতে এই আন্দোলনে প্রতিনিধিত্ব করিতেছেন মা নাই ইন থ। গত মাসে বিমানযোগে উনি যাত্রা করিয়াছেন।

দেশীয় রাজ্যের সমস্যা

সিমলা ২৪শে জুলাই বড়লাট তাঁহার বর্ষাকালীন সফর হইতে প্রত্যাবর্ত্তন করিলে পর আগামী আগষ্ট মাসের শেষ ভাগে সিমলায় নরেন্দ্রমণ্ডলের ষ্ট্যাণ্ডিং কমিটির এবং মন্ত্রীদের দরোয়া কমিটির বৈঠক হইবে বলিয়া মনে হয়। ইংলণ্ডেশ্বরের প্রতিনিধি নৃপতিদের নিকট হইতে যুক্তরাষ্ট্রে যোগদানের সংশোধিত সর্ত্তনামার খসড়ার উত্তর পাওয়ার পূর্ব্বেই ঐ বৈঠক হইতে পারে। ১লা সেপ্টেম্বরের মধ্যে চূড়ান্ত উত্তর পাঠাইবার পূর্ব্বে সম্ভবতঃ নবনগরের জামসাহেব এবং কয়েকটি রাজ্যের মন্ত্রিগণ সিমলায় আসিয়া রাজনৈতিক কর্ত্তৃপক্ষের সহিত আলোচনা করিবেন। যে সমস্ত রাজ্য ইতিপূর্ব্বেই যুক্তরাষ্ট্রে যোগদানের সংশোধিত সর্ত্তনামার খসড়ার উত্তর দিয়াছে, উহাদিগকে বর্দ্ধিত তারিখ পর্য্যন্ত চূড়ান্ত উত্তর পাঠাইতে এবং ইচ্ছা করিলে পূর্ব্ব প্রেরিত উত্তর প্রত্যাহার করিতে দেওয়া হইবে।

ডান্‌জিগের অস্ত্রসজ্জা

চার বাজার ডক শ্রমিকদের মধ্যে বক্তৃতাকালে হের ফষ্টার স্পষ্ট স্বীকার করিলেন যে, জার্মাণ সামরিক আয়োজন করিতেছে। তিনি বলেন, 'জার্মাণীর উপর নির্ভর করিয়া আর প্রয়োজন নাই। আমরা এখন যে কোন অবস্থার সম্মুখীন হওয়ার জন্য তৈয়ার আছি, অন্যান্য দেশ অস্ত্রশস্ত্রে সজ্জিত হইতে পারে, কিন্তু তাহারা আমাদের নাগাল পাইবে না। অপরের রাজ্যের উপর আমাদের অধিকার আছে, আমরা তাহা ফিরিয়া পাইতে চাই।'

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল সরস্বতী ঠাকুরের পরবিদ্যাভূষণ গোস্বামী মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক। প্রতি একাদশীতে প্রকাশিত হয়। কলিকাতা বাগবাজারস্থ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। সডাক ভিক্ষা ৪৷০ টাকা মাত্র।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৷০ টাকা মাত্র।

৩। ভাগবত—হিন্দিভাষায় একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ টাকা মাত্র

৫। শ্রীগৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ মাত্র।

পরমগুরু শ্রীগৌরকিশোর

গৌড়ীয়-সম্পাদক-লিখিত, শ্রীগৌড়ীয়মঠাচার্য্যের ভূমিকা-সম্বলিত, বহুচিত্র-শোভিত ও বিষয় সূচী সম্বলিত "পরমগুরু শ্রীগৌরকিশোর" গ্রন্থরাজ প্রকাশিত হইয়াছেন। এই গ্রন্থরাজে শুদ্ধগৌড়ীয়বৈষ্ণবজগতের পরমারাধ্য, গৌড়ীয়গৌরবশিখামণি অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ নিত্যলীলাপ্রবিষ্ট পরমহংস ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল গৌরকিশোরদাস গোস্বামী প্রভুবরের অতিমর্ত্ত্য চরিতকথা বর্ণিত আছে।

শ্রীশ্রীভক্তিবিনোদাবির্ভাব-শতবর্ষপূর্ত্তিতিথিপূজার উপায়ন-গ্রন্থমালা

——::(০)::——

১। গীতিসাহিত্যে শ্রীভক্তিবিনোদ

শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র গীতিসাহিত্যের সমালোচনা-গ্রন্থ)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

২। শ্রীভক্তিবিনোদবাণীবৈভব

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের রচনামৃতসাগর হইতে আহৃত ১০৮টি অধ্যায়ে সম্বন্ধ-অভিধেয়-প্রয়োজনাকারে গুম্ফিত অমূল্য উপদেশপূর্ণ গ্রন্থ)

ভিক্ষা—৩৲ তিন টাকা মাত্র।

৩। শ্রীভক্তিবিনোদ-প্রসঙ্গ

ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ ও ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল সরস্বতীঠাকুরের পরবিদ্যাভূষণ গোস্বামীপ্রভু-বিরচিত এবং গৌড়ীয়ে প্রকাশিত শ্রীশ্রীভক্তিবিনোদ-চরিত-প্রসঙ্গ

ভিক্ষা—৷৵০ ছয় আনা মাত্র।

৪। ছাত্রদের ভক্তিবিনোদ

ছাত্রদের উপযোগী ভাষায় লিখিত শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্র ও শিক্ষা)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

ছাত্রদের পক্ষে ভিক্ষা—৷০ আট আনা মাত্র)

প্রাপ্তিস্থান :—

(১) 'ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট', পোঃ শ্রীমায়াপুর, নদীয়া ;

২) শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ;

৩ শ্রীযুক্ত সুপতিরঞ্জন নাগ এম্-এ, বি-এল্, পুরাণপল্টন পোঃ রমণা, ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবত,—সমগ্র ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ২৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। ভাষ্যের বিরাট্ শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৬৲
৩। ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬৲
৪। সরস্বতী জয়শ্রী (অবাঁধা) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০ ; ২য় খণ্ড ১৲ ; ৩য় খণ্ড—৸০ ৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—৯৲; ৩য় খণ্ড—৸
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার দীপিকা ও সংস্কার দীপিকা ১৷০
৯। বৈষ্ণবধর্ম্ম ২৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ৷০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিবর্ত্ত-তত্ত্ব ৷০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষৎ ৷০
১৮। বাদশ-আদর্শ ৷০
১৯। স্বধর্ম্মবিবেক ৷০
২০। গৌড়ীয়-গৌরব ৷৵০
২১। গৌড়ীয়সাহিত্য ৷৵০
২২ ভজন রহস্য ৷০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা)
২৪। গীতা (শ্রীবলদেব টীকা সহ) ২৲
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) ২৲
অবাঁধা) ১৲
২৬। গীতার কেবল মাত্র ভাষ্য ৷০
২৭। মুকুন্দমালা (মকুন্দমালাস্তোত্র) (সানুবাদ) ২৲
২৮। বেদান্তস্যমন্তক (সানুবাদ) ৷০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৸০
৩০। দীপ-দিগ্-দর্শন ৵০
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ৷৵০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ৷০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৵০
৩৫। গীতমালা ⁄১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৶০
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৶০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ৷০
৩৯। শ্রীগোদ্রুমচন্দ্রপরিক্রমায় ৷০
৪০। শরণাগতি ⁄০
৪১। গীতাবলী ⁄০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
৪৩। সাধনতত্ত্ব ⁄০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ⁄
৪৫। নবদ্বীপশতক
৪৬। অর্চ্চনপদ্ধতি
৪৭। সদাচারস্মৃতিঃ ০⁄
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ⁄১০
৪৯। অর্চ্চনকণ ৴১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম-৪ খণ্ড) ৬৲
৫১। ব্রহ্মসংহিতা ৷০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ৷০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ-বিনির্ণয় ৷০
৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ৷০
৫৬ ভারতবর্ষ ও ভক্তিপথ
৫৭। ঈশোপনিষৎ (ভাষ্যাদিসহ)
৫৮। শ্রীকৃষ্ণলেখা ৶০
৫৯। সিদ্ধান্তদর্পণ ৶০
৬০। সাধ্যসাধনী ⁄০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ৷০
৬২। সিদ্ধান্ত-সরস্বতী দিগ্বিজয়ঃ ৷০
৬৩। সটীক-শিক্ষাষ্টকম্
৬৪। তত্ত্বসূত্রম্
৬৫। সানুবাদ শিক্ষাষ্টকম্ ৶০
৬৬। গৌড়ীয়মঠতত্ত্বপরিচয়ঃ ⁄০
৬৭। সারার্থবর্ষিণী ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ৷০
৬৯। এ ফিউ ওয়ার্ড স অন বেদান্ত ৷০
৭০। নামভজন ⁄০
৭১। বেদান্ত—ইটস্ মর্ফলজী অ্যাণ্ড অন্টলজি ৷০
৭২। সিলেক্টেড ওয়ার্ড স ৷৵০
৭৩। লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস্ অব শ্রীচৈতন্য মহাপ্রভু ৷০
৭৪। বৈষ্ণবীজম্ ৷০
৭৫। রোমাট গৌড়ীয়মঠ ষ্ট্যাণ্ডস ফর ⁄০
৭৬। দি ভাগবত ৷০
৭৭। ইরোটিক প্রিন্সিপাল অ্যাণ্ড আনএলয়েড ডিভোশন
৭৮। ব্রহ্মসংহিতা ২৷০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (প্রথম খণ্ড) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি
৮১। সাধন-পথ
৮২। কল্যাণ-কল্পতরু ৶০
৮৩। গীতাবলী ⁄০
৮৪। শরণাগতি ⁄০

তামিল ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ⁄০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

একমাত্র পারমার্থিক দৈনিক

শ্রীধাম-মায়াপুর-নদীয়া

১৪শ বর্ষ | ১২ পুরুষোত্তম ৪৫৩ গৌরাব্দ, ১২ই শ্রাবণ বঙ্গাব্দ ১৩৪৬, ২৮শে জুলাই খৃঃ ১৯৩৯, শুক্রবার | ১২৮শ সংখ্যা

"শ্রীগুরুতত্ত্ব—নিত্যানন্দ ; সেই কৃষ্ণাভিন্নবিগ্রহকে যে পাষণ্ডী নিষেধ-বুদ্ধিতে গ্রহণ করে, সেই পাষণ্ডীর সঙ্গিগণের সহিত কোন প্রকার সম্বন্ধ রাখা ভাগবতগণের কর্ত্তব্য নহে।"

(শ্রীল প্রভুপাদ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

১২ পুরুষোত্তম, তিথি সর্ব্বোদশাহী গৌরাব্দ ৪৫৩

সাধুসেবা

——::(*):——

যাঁহারা সর্ব্বক্ষণ সত্যের আলোচনাতে দিন কাটান, তাঁহারাই সাধু। আর যাঁহারা অনিত্য জগদ্ভোগের কথা লইয়াই দিন অতিবাহিত করেন, তাঁহারা অসৎ বা অসাধু। নিরন্তর হরি-গুরু-বৈষ্ণব-সেবা ব্যতীত সাধুর একমুহূর্ত্তও অন্য কোন কৃত্য নাই। সাধু ভোগীও নহেন, ত্যাগীও নহেন, তিনি সেবক। তিনি নিজের যথা-সর্ব্বস্ব দিয়া হরি-গুরু বৈষ্ণব-সেবা করেন ও প্রত্যেক সজ্জন ব্যক্তিকেই তাঁহার উপাস্য হরি-গুরু-বৈষ্ণব-সেবায় নিযুক্ত করিবার জন্য সর্ব্বদা তৎপর। ভোগ-মোক্ষ-বাসনা থাকাকাল পর্য্যন্ত ভক্তি হয় না। নিজের ভোগ বা ত্যাগে কৃষ্ণের সেবা নাই। কৃষ্ণভক্তের কোনই অভিলাষ নাই। তাঁহারা সকল কার্য্যের ফল কৃষ্ণকে ভোগ করাইয়া থাকেন। নিরন্তর হরিগুরুবৈষ্ণব-সেবায় ব্যস্ত থাকায় অন্য চিন্তা করিবার সময় তাঁহার নাই। সাধু সর্ব্বক্ষণ প্রভুসেবায় নিমগ্ন বলিয়া নিজের সুবিধা-অসুবিধার দিকে তাঁহার আদৌ লক্ষ্য নাই। তিনি প্রভুসেবাগত-প্রাণ। তিনি সব ছাড়িতে পারেন, কিন্তু প্রভুসেবা ছাড়িতে পারেন না। তিনি নিজের প্রতি যত কিছু অন্যায় অত্যাচার সব কৃষ্ণের কৃপা ও পরীক্ষা জানিয়া নীরবে সহ্য করিতে পারেন, কিন্তু তাঁহার প্রাণাপেক্ষা প্রিয়তম প্রভুর প্রতি বিন্দুমাত্র অন্যায় অত্যাচারও সহ্য করিতে পারেন না, ধমনীতে একবিন্দু রক্ত থাকাকাল পর্য্যন্ত তাহার প্রতিকারের চেষ্টা করেন। তিনি সাধু-শাস্ত্রের বাণীতে—শ্রৌতপথে নিত্য প্রতিষ্ঠিত। শ্রৌতপথ হইতে তাঁহাকে কেহই বিন্দুমাত্রও বিচলিত করিতে পারে না। শাস্ত্রই সাধুরূপে মূর্ত্তি ধারণ করিয়াছেন। জীবন্ত শাস্ত্রই সাধু। সাধু, শাস্ত্র ও গুরু—একটাই জিনিষ। তিনের মধ্যে কোন ভেদ নাই। তাঁহাদের যে কোন একটির সঙ্গ বা কৃপা হইলেই জীবের পরমমঙ্গল লাভ হয়। সাধুর সঙ্গ হইলেই জীবের অনাদিকর্ম্মপাশ ছিন্ন হইয়া যায়—অবিদ্যাবন্ধন বিদূরিত হয়। এই সাধুর কৃপাপ্রার্থী—দীন, হীন, অকিঞ্চন, কাঙ্গাল। এ জগতের কোন কিছুর প্রতি তাঁহার আশা-ভরসা বা অভিমান নাই। ধন, জন, বিদ্যা, বুদ্ধি, পাণ্ডিত্যের অভিমান তাঁহার নাই। কেবল ভগবৎপ্রেমের জন্যই তাঁহার যত কিছু চেষ্টা। তিনি ভগবৎসেবার যে সকল বস্তু অনুকূল কেবল তাহাই স্বীকার করেন ও প্রতিকূল সব পরিহার করেন।

শ্রীল নরোত্তম ঠাকুর গাহিয়াছেন,—

সাধুশাস্ত্র-গুরুবাক্য, চিত্তেতে করিয়া ঐক্য,
সতত ভাসিব প্রেম মাঝে।

সাধু, গুরু ও শাস্ত্র—এই তিনটীর সমন্বয় বুঝিতে না পারিলে সাধু চেনা যায় না। যেখানে তিনের ঐক্য, সেখানেই সত্য বস্তু প্রকাশিত হয়। আরোহ ও অবরোহ দুইটী পথ। আরোহপথে সাধুকে চেনা যায় না। অবরোহ-পথে অর্থাৎ সাধু যখন কৃপাপূর্ব্বক অবতরণ করেন, তখন সাধুর কৃপা বরণ করিলে সাধুর শ্রীমুখ-বিগলিত শ্রৌতবাণীর দ্বারা নিয়মিত চক্ষে সাধুর দর্শন হয়। আরোহপথে অর্থাৎ জগতের বিচার, বুদ্ধি, পাণ্ডিত্য, চতুরতা বা অন্য কোনও পারদর্শিতা দ্বারা সাধুর দর্শন হয় না। জগতের সর্ব্বশ্রেষ্ঠ আধ্যাত্মিক পণ্ডিতব্যক্তিও তাঁহার খণ্ডজ্ঞানের দ্বারা পূর্ণজ্ঞানময় সাধুকে চিনিয়া লইতে পারেন না। এইজন্য শাস্ত্র বলিয়াছেন,—

নায়মাত্মা প্রবচনেন লভ্যো
ন মেধয়া ন বহুনা শ্রুতেন।
যমেবৈষ বৃণুতে তেন লভ্য-
স্তস্যৈষ আত্মা বিবৃণুতে তনূং স্বাম্।

পরতত্ত্ব কেবল শাস্ত্রবাক্য আওড়াইলেই উপলব্ধির বিষয় হন না। বিদ্যাবুদ্ধির দ্বারা বা বৈখরীর দ্বারা তাঁহাকে পাওয়া যায় না। সেবোন্মুখ না হইলে তাঁহার দর্শন হয় না। সেবোন্মুখ—শরণাগতের নিকটই তিনি তাঁহার নিজরূপ প্রকাশিত করিয়া থাকেন। ভগবানের কৃপায়—সাধুর কৃপায় এবং জীবের সেবোন্মুখতা বা শরণাগতি-ফলে সাধুর দর্শন পাওয়া যায়। সাধু অতীন্দ্রিয় বস্তু ইন্দ্রিয়ের দ্বারা অতীন্দ্রিয়কে কি করিয়া ধরা যাবে? 'অপ্রাকৃত বস্তু নহে প্রাকৃত-গোচর।' কৃপায় খুব ভাল না হইলে সাধুর দর্শন লাভ হয় না। বৈকুণ্ঠাগত সাধুর - দর্শন সুদুর্লভ।

তস্কর সাধুকে যেরূপ এক দস্যুকে আর এক দস্যু, সেইরূপ বিষয়াসক্ত ব্যক্তিও অনেক সময় সাধুকে অসাধু এবং অসাধুকে সাধু বলিয়া ভ্রম করিয়া থাকে। ভ্রম, প্রমাদ, বিপ্রলিপ্সা, করণাপাটবাদি দোষদুষ্ট ব্যক্তির সাধু-দর্শন হয় না। সেহেতু আত্মবুদ্ধি থাকায় তাহারা বিষয়মত্ত হইয়া বস্তুর স্বরূপ দর্শন করে। দিব্যজ্ঞান লাভ না হইলে সাধুর দিব্যরূপ দর্শন হয় না। এই দিব্যজ্ঞান সাধুকৃপায় লাভ হয়। সাধু যদি কৃপা করিয়া তাঁহার সেবোন্মুখী বৈষ্ণবী ভাগবতী কৃপা করিয়া সেইভাবে আত্মস্বরূপ এর দর্শন করেন, তাঁহার বাণী যদি আমাদের দর্শনকে নিয়মিত করে, তবেই সাধুর সহিত সাক্ষাৎকার হইবে। আমরা যদি সাধুকে দেখিতে গিয়া তাঁহার চেহারা, তাঁহার বসন, তাঁহার খাওয়াদাওয়া, তাঁহার বক্তৃতাশক্তি দেখিয়া বসি, তাহা হইলে সাধুদর্শন হইল না।

মায়ারে করিয়া জয় ছাড়ান না যায়। সাধু-গুরু-কৃপা বিনা না দেখি উপায়।

যদি আমি অকপট, অকুটিল হই, তাহা হইলে কৃষ্ণ কৃপা করিয়া আমার নিকট তাঁহার নিজ-জন সাধুকে প্রেরণ করিবেন। অকপটে যদি তাঁহাকে চাই, তাঁহার নিকট কাঁদিয়া কাঁদিয়া জানাই—'আমি কে, তাহা দয়া করিয়া আমাকে জানাইয়া দাও,' তাহা হইলে কৃপাময় ভগবান্ নিশ্চয়ই আমাকে আমার স্বরূপ ও সাধুর স্বরূপ জানাইয়া দিবেনই। আমার প্রার্থনার মধ্যে যদি কোন কপটতা না থাকে, তাহা হইলে নিশ্চয়ই তিনি প্রকৃত সাধু পাঠাইয়া দিবেন। যদি তাঁহার দয়াই না থাকিবে, তাহা হইলে তাঁহার অবতার, তাঁহার শাস্ত্র ও নিজজনের অবতার হইবে কেন? অকপটে তাঁহাকে চাহিলেই তিনি কৃপা করিবেন। তিনি কৃপা করিবার জন্যই ব্যস্ত। সূর্য্য যেরূপ আলোকপ্রদানের জন্য সর্ব্বদা প্রস্তুত, সেইরূপ মঙ্গলময় ভগবান্ জীবের মঙ্গলের জন্য সাধুকে নিষ্কপটের নিকট প্রেরণ করিতে ব্যস্ত।

সাধু পাওয়া কষ্ট বড় জীবের জানিয়া।
সাধু-গুরুরূপে কৃষ্ণ আইল নদীয়া॥

সাধুকে সেব্যবস্তু জানিতে হইবে। সাধুর আনুগত্যেই ভগবানের সেবা করিতে হইবে। ভগবান্ সাধুরই সেব্য। ভগবান্ আর কাহারও সেবাগ্রহণ করেন না। সাধু যদি কৃপা করিয়া আমাদের ক্ষীণতম সেবাণু ভগবৎপাদপদ্মে নিবেদন করেন, তাহা হইলেই ভগবান তাহা গ্রহণ করিবেন, নতুবা নহে। ভগবান্ সাধুরই নিত্যারাধ্য বস্তু। সাধুর হৃদয়ই ভগবানের নিত্যাবস্থিতিস্থল। সাধুর হৃদয় বৃন্দাবন পরিত্যাগ করিয়া ভগবান্ অন্য কোথাও যান না। সাধুরই কৃষ্ণ। সাধুই কৃষ্ণকে দিতে পারেন। সাধু কৃষ্ণের এবং কৃষ্ণ সাধুর। পরস্পরের মধ্যে মাখামাখি ভাব। একজনকে অন্যজন ছাড়িয়া থাকিতে পারেন না। এইরূপ সাধুকে সর্ব্বতোভাবে সর্ব্বদাই রক্ষক, শাসক, ও নিয়ামক করিতে হইবে, গুরুরূপে বরণ করিতে হইবে। তাঁহার উপর গুরুগিরি করিতে হইবে না। তাঁহাকে পালক না করিয়া পাল্য করিতে হইবে না। এইরূপ সাধুর প্রকৃষ্টসঙ্গ হইলেই শ্রদ্ধা, রতি ও ভক্তির উদয় হয়। সাধুর নিকট যাইয়া প্রীতি সহকারে তাঁহার সহিত ভগবৎকথা আলোচনাই সাধুসঙ্গ, তাহাতেই ভক্তি লাভ হয়।

বর্ত্তমানে সাধুসঙ্গ কেবল হরি-বিষয়ে শ্রদ্ধা উৎপাদকমাত্র। একটু আদরের সহিত সাধুসঙ্গ করিলেই জড়াসক্তি প্রভৃতি ক্রমশই দূর হয়। সাধুসঙ্গই একমাত্র ভক্তি-প্রদ-সুকৃতি। বর্ত্তমান জগতে শুদ্ধ সাধুর সঙ্গ দুর্লভ। বাহ্য বেষ দেখিয়া যাহাকে তাহাকে সাধু বলিয়া তাহার সঙ্গ করিলে অমঙ্গলই হইবে। সাধু অনেক পাওয়া যায় না। শ্রীল প্রভুপাদ বলিয়াছেন—'জগতে সাধু মাত্র একজন এবং তাঁহার বড় আরও দুই চারিজন আছেন।' আমার শ্রীগুরুপাদপদ্মই সেই একমাত্র সাধু। এতদ্ব্যতীত জগতে আর সাধু নাই। এই সাধুশ্রেষ্ঠ, সাধুশিরোমণি শ্রীগুরুপাদপদ্মের নিকট Unconditional surrender করিতে হইবে। তাঁহার সেবা করিতে না পারিলে কাহারও সুবিধা হইবে না। আমরা যদি গুরুপাদপদ্মের বুদ্ধিশক্তি কম আছে মনে করি, তাহা হইলে আমাদের সর্ব্বনাশ হইবে। একমাত্র গুরুসেবকের নিকটই শাস্ত্রার্থ স্ফূর্ত্তিলাভ করে। শ্রীগুরুপাদপদ্মের শ্রীমুখ-নিঃসৃতবাণী প্রণিপাত পরিপ্রশ্ন ও সেবাবৃত্তিসহকারে শ্রবণ করিতে হইবে। তাঁহার কৃপা হইলেই সর্ব্বার্থসিদ্ধি হইবে। শ্রীগুরুপাদপদ্মের কৃপাই ভগবানের কৃপা। গুরুদেবের কৃপা ব্যতীত জীবের উদ্ধার নাই।

যস্য প্রসাদাদ্ ভগবৎ-প্রসাদো
যস্যাপ্রসাদান্ন গতিঃ কুতোঽপি।
ধ্যায়ংস্তুবংস্তস্য যশস্ত্রিসন্ধ্যং
বন্দে গুরোঃ শ্রীচরণারবিন্দম্॥

[একমাত্র যাঁহার কৃপাতেই ভগবদনুগ্রহ লাভ হয়, যিনি অপ্রসন্ন হইলে জীবের কোথাও গতি নাই, আমি ত্রিসন্ধ্যা সেই গুরুদেবের কীর্ত্তিসমূহ স্তব ও ধ্যান করিতে করিতে তাঁহার পাদপদ্ম বন্দনা করি।]

যিনি ভগবানের সেবা করেন, তাঁহার সেবা করিলেই আমাদের মঙ্গল হইবে। সাধু-শিরোমণি শ্রীগুরুপাদপদ্মের আনুগত্য ব্যতীত জীবের মঙ্গললাভের অন্য কোন পন্থা নাই। সুতরাং শ্রীগুরুপাদপদ্মের কৃপাই আমাদের একমাত্র সম্বল হউক।

গুরুদেব! আমার উপায় নাই।
তুমি কৃপা করি' আমারে লইলে
সংসারে উদ্ধার পাই॥

আমাদের কর্ত্তব্য

(প্রাপ্ত)

ভজনের পথে শ্রীভগবানের ইচ্ছায় অনেক সময় অনেক বাধাবিপত্তি আসে। যিনি সম্পূর্ণ শরণাগত, যিনি গুরুদেবের শ্রীপাদপদ্মে সর্ব্বাত্ম-সমর্পণ করিয়া তাঁহাদের হইয়া গিয়াছেন, তাঁহার বাধা বা বিপদে ভয় নাই; বরং জগৎ যাহাকে বিপদ্ বলিয়া জানে, তিনি তাহাকে সম্পদ্ বলিয়াই গ্রহণ করেন। কিন্তু আমাদের দুর্ব্বলচিত্ত বাধা-বিপদ্ দেখিয়া ভীত হয়, উৎসাহ হারাইয়া ফেলে। বিশেষতঃ যখন দেখিতে পাই, যাঁহাদিগকে এতদিন আদর্শ বলিয়া জানিয়াছি, যাঁহাদের সঙ্গ ও উপদেশ আমাদের দুর্ব্বল মুহূর্ত্তে বল দিয়াছে, বিশ্বাস হারাইতে দেয় নাই, তাঁহারাই আবার অন্যপ্রকার বিচারকেই বহুমানন করিতেছেন, তখন একটা প্রবল দ্বিধা আসে, কি করিব, কিছুই যেন বুঝিতে পারি না।

এই দ্বিধা বা দুর্ব্বলতা অশরণাগতের। শরণাগত বা হরিভজনে নিষ্কপট অভিলাষযুক্ত যিনি, তাঁহার ঐ প্রকার চিত্তবৃত্তি নহে। গোপ্তৃত্বে বরণই শরণাগতের স্বরূপ-লক্ষণ। শরণাগত নিজের বলের প্রতি ভরসা রাখেন না; তিনি ইষ্টবস্তুতে সম্পূর্ণরূপে আত্মসমর্পণ করিয়া তাঁহাকে গোপ্তৃরূপে বরণ করেন। বরণ করিবার সঙ্গে সঙ্গে একটি বড় ভরসা পান—কৃষ্ণ অবশ্যই রক্ষা করিবেন। এইজন্য শরণাগতের ভয় বা সংশয় নাই। যাঁহাকে তিনি স্বীয় রক্ষাকর্ত্তা বলিয়া জানেন, সেই অসমোর্দ্ধ, অধোক্ষজ উরুক্রমের নিকট মায়ার কোন প্রভাব নাই। সুতরাং অশরণাগত মায়াভিনিবিষ্ট দুর্ভাগা জীব যেরূপ ভীতিগ্রস্ত হইয়া সন্তাপ লাভ করেন, সেই ভীতি শরণাগতের নাই। শরণাগত সংশয়াত্মা নহেন, তিনি দৃঢ়বিশ্বাসী। তাঁহার আনন্দ-সম্পৎ প্রভু কৃষ্ণ স্বয়ংই রক্ষা করিবেন, এ বিশ্বাস তিনি কখনও পরিত্যাগ করেন না।

পূর্ণ শরণাগতই বৈষ্ণব। সেই শরণাগত অর্থাৎ বিশ্বাসের ভূমিকায় অবস্থিত, গোপ্তা কৃষ্ণকর্ত্তৃক নিত্য-রক্ষিত বৈষ্ণবই আমাদের আদর্শ; অশরণাগত, ভীত বা সংশয়াত্মা আমাদের আদর্শ নহে।

ভজনের পথে বাধা আছেই। সত্যের পথ কুসুমাস্তীর্ণ নহে; উহা কোটি-কণ্টকে আবৃত, শাণিত ক্ষুরধারের ন্যায় দুর্গম। আমাদের অশরণাগত চিত্ত বাধা দেখিয়াই হতাশ হইয়া পড়ে; সঙ্গে সঙ্গে ভয় ও সন্দেহ আসে। কিন্তু বাধা দেখিয়া হতাশ কেন হই? কৃষ্ণের নিকট অগ্রসর হইতে যে বাধা দেয়, সে মায়া। মায়ার বিক্রম যত প্রবলই হউক না কেন, কৃষ্ণের নিকট উহা চিরদিনই পরাস্ত। সেই কৃষ্ণই যখন রক্ষাকর্ত্তা, তখন ভয় পাইবার ত' কোন কথা নাই। বিপদ্ বা বাধা দেখিয়া হতাশ না হইয়া উহার তাৎপর্য্যের সহিত যুদ্ধ করাই প্রয়োজন। বাধাবিপদ্ গুরুদেবের পরীক্ষা মাত্র। এই পরীক্ষা নিষ্ঠুরতা নহে। আমাদের হৃদয়ে যে কুটিনাটি, কপটতা, অন্যাভিলাষ—সহস্র সহস্র অনর্থ, প্রতি মুহূর্ত্তে নূতনরূপে প্রাদুর্ভূত হইয়া আমাদিগকে কৃষ্ণেতর বস্তুর প্রতি অভিনিবিষ্ট করিবার চেষ্টা করিতেছে, করুণাময় গুরুদেব বাধাবিপদের অগ্নিতে সেই জঞ্জালরাশি দগ্ধ করিয়া আমাদিগকে নির্ম্মল করিতে চান, যে রূপ কৃষ্ণ দয়া করিয়া দর্শন করেন, সেই রূপ প্রকাশ করিতে চান। পরীক্ষার আপাত নিষ্ঠুরতার মধ্যে শ্রীগুরুদেবের এই মহা ঔদার্য্যময়ী লীলাটি উপলব্ধি করিতে যেন আমরা ভুল না করি।

বৈকুণ্ঠের যাত্রী বহু হয় না; কিন্তু হইবার যোগ্যতা সকলেরই আছে। সুতরাং আমরা যদি সত্য সত্যই নিষ্কপট হই, তাহা হইলে আমাদের হতাশার কোন কারণ থাকিতে পারে না। আমাদের শ্রীগুরুবর্গ বলিয়াছেন—যে দিন সমস্ত জগতের লোক আমাদের উপর রুষ্ট হইয়া উঠিবে, সেই দিনই প্রকৃতপক্ষে আমাদের হরিভজন আরম্ভ হইবে। যেদিন বহির্ম্মুখ জগতের কর্ম্মী, জ্ঞানী, কৃষ্ণ-দ্বেষী, অন্যাভিলাষি-সম্প্রদায় আমাদিগকে ঘৃণাভরে পরিত্যাগ করিবে, সেইদিন আমাদের প্রতি বৈষ্ণবের কৃপা হইবে। লেখনীতে, মুখে এ পর্য্যন্ত শত শত বার এ কথা বলিয়াছি—যত বাধা-বিপত্তি আসুক, কখনও শ্রীগুরুপাদপদ্মে বিশ্বাস হারাইব না; বরং বিপদে শ্রীগুরুপাদপদ্মের প্রতি শ্রদ্ধা দৃঢ় হইতে দৃঢ়তর হইবে। সেই কথার কতটা আন্তরিকতা ছিল, তাহার প্রমাণ দিবার মহাসুযোগ উপস্থিত হইয়াছে। এখন যদি পশ্চাৎপদ হই, নিজের দুর্ব্বলতা, ক্ষুদ্রতার দোহাই দিতে থাকি, তাহা হইলে এতদিন ধরিয়া গুরুদেবকে প্রতারণা করিয়াছি মাত্র—ইহাই প্রমাণিত হইবে। দুর্ব্বলতার জন্য খুব বেশী চিন্তার কারণ নাই। কারণ, আমরা দুর্ব্বল হইলেও আমাদের গুরুপাদপদ্ম দুর্ব্বল নহেন এবং তিনি আমাদের এখনও পরিত্যাগ করেন নাই। আমরা যদি সত্য সত্যই হরিভজনেচ্ছু হই, তাহা হইলে শত দুর্ব্বলতা থাকা সত্ত্বেও তিনি আমাদিগকে পরিত্যাগ করিবেন না, এই আশ্বাস পাইবার পরও যদি আমরা দুর্ব্বলতার নজীর দেখাইয়া

মহৎকৃপা বিনা কোন কর্ম্মে ভক্তি নয়। কৃষ্ণভক্তি দূরে রহু সংসার নহে ক্ষয়॥

পশ্চাৎপদ হই, তাহা হইলে ইহাই প্রমাণিত হইবে যে, আমরা কেবলমাত্র দুর্ব্বল নহি, পরন্তু কপটতা অতি ঘৃণিত আকারে আমাদের মধ্যে প্রবেশ করিয়াছে।

যে পরিস্থিতির উদ্ভব হইয়াছে, বহির্মুখ-জনসমাজ তাহাকে যাহাই বলুক না কেন, প্রকৃতপক্ষে ইহা আমাদের পক্ষে পরম শুভক্ষণ। এমন একটি অবস্থার উদ্ভব হইয়াছে যে, এখন একমাত্র শ্রীগুরুদেবের পাদপদ্মসেবাভিলাষ ব্যতীত অন্য কোনও প্রকার উদ্দেশ্য লইয়া আমরা আর টিঁকিয়া থাকিতে পারিব না। হৃদয়ে বিন্দুমাত্রও অন্যাভিলাষ থাকিলে শ্রীসর্ব্বণের হলাঘাতে বিদীর্ণ হইয়া যাইতে হইবে। সম্পূর্ণ শরণাগত হইবার, শ্রীগুরুদেবের ইচ্ছার সহিত খাপে খাপে মিলিত হইবার মহাসুযোগ উপস্থিত। এই সুযোগকে দুর্যোগ মনে করিয়া আমরা আমাদের মঙ্গলের দ্বার যেন চিররুদ্ধ না করি।

আমাদের দৃষ্টি উন্নত হওয়া প্রয়োজন। কি মহত্তম বস্তু লাভের আশায় আমরা শ্রীগুরুপাদপদ্মে উপনীত হইয়াছি! সেই বস্তুলাভের আশা যদি কখনও শ্রীগুরুপাদপদ্মের কৃপায় প্রাপ্ত হই, তাহার জন্য সমস্ত বাধাবিপত্তি সহ্য করিতে পরাঙ্মুখ হওয়া ত' উচিত নহে। সেই মহতী আশার নিকট বাধাবিপত্তির প্রাবল্য কত তুচ্ছ! সংশয়াত্মার বিনাশ হয়, কিন্তু ভক্তের—শরণাগতের বিনাশ নাই। যে বাধাবিপত্তিকে অশরণাগত ভীতির চক্ষে দেখিতেছে, সেই বাধাবিপত্তিই শরণাগতের নিকট অত্যন্ত অনুকূল হইয়া উঠিতেছে। যাঁহারা গতিশীল, তাঁহারা এই অনুকূল স্রোতে কত কোটি যোজন অগ্রসর হইয়া যাইতেছেন। শরণাগত কতখানি ভরসা পাইয়া "সমস্ত জগৎটা যদি বিরোধী হইয়া যায়, যাউক, তাহাতে কি আসে যায়?" এইরূপ কথা বলিতে পারেন, তাহা দর্শন করিবার মত সেবাচক্ষু আমাদের লাভ হউক। সংশয়াত্মার পতনোন্মুখতার প্রতি দৃষ্টি আবদ্ধ না রাখিয়া শরণাগতের গতিশীলতা লক্ষ্য করিবার শক্তিই আমাদের কাম্য হউক।

সকলের মূল—শ্রদ্ধা বা বিশ্বাস; এই শ্রদ্ধাই ক্রমশঃ ভক্তি ও প্রেমভক্তিরূপে পুষ্ট হইয়া থাকে। অপ্রাকৃত ব্রজধাম পরিপূর্ণ বিশ্বাসের ভূমি। ব্রজবাসিগণ বিশ্বাস-পরায়ণ। তাঁহারা "অবশ্য রক্ষিবে কৃষ্ণ"—এই বিশ্বাস রাখেন। সেইজন্য যখন ব্রজবিলাসবিরোধী অসুরকুল ব্রজগোপগণের অনিষ্ট-সাধনে প্রয়াস পায়, তখন তাঁহারা স্বতন্ত্রভাবে আত্মরক্ষার কোন উদ্যম দেখান না। আমাদের চিত্ত অসুরকুল-প্রবর্ত্ত প্রত্যাবর্ত্তী উৎপাটিত করিবার জন্য মায়া সহস্র প্রকারে চেষ্টা করিবে। যতই অগ্রসর হওয়া যাইবে, বাধা ততই প্রবলতরবেগে আসিতে থাকিবে। সেই সঙ্কটজনক মুহূর্ত্তে যদি বিশ্বাসটি হারাই, যদি রক্ষককে রক্ষাকর্ত্তা বলিয়া বরণ করিতে কুণ্ঠিত হই, তাহা হইলে কি করিয়া রক্ষা পাইব? সেই সময় যদি ব্রজবাসীর অনুসরণে নিজ বলচেষ্টা, নিজের জ্ঞান, বিচার, অভিজ্ঞতার প্রতি আস্থা স্থাপন করিবার দাম্ভিকতা না করিয়া গুরু-বৈষ্ণবকে একমাত্র রক্ষাকর্ত্তা বলিয়া দৃঢ়বিশ্বাস রাখিতে পারি, তাহা হইলেই মায়ার হস্ত হইতে নিষ্কৃতি পাইব, নতুবা নহে।

অনেক সময় আমাদের অশান্ত চিত্তের নানাপ্রকার কুটিনাটি, মলিনতা, অন্যাভিলাষের নিত্য নূতন রূপ দেখিয়া আমাদের মনে হতাশা আসে। এইরূপ অধম চিত্তবৃত্তিবিশিষ্ট আমাকে কি গুরুদেব দয়া করিবেন? এই প্রকার চিন্তা করিয়া আমরা উৎসাহ হারাইয়া ফেলি। আমাদের মনে হয় "আপনার জনে দণ্ডিয়া এখন শ্রীচরণে দেহ' স্থান", "বিমুখ দেখিয়া ছাড় নিজ জনে না কর করুণা লব", "তব দয়া মোর অধিকার"—এই সকল কথা আমরা কি করিয়া বলি? আমাদের যে কত সহস্র দোষ রহিয়াছে, এরূপ ধৃষ্টতার সহিত করুণা যাচ্ঞা আমরা কি করিতে পারি? আমরা কি নির্ভীকসহকারে এরূপ বলিতে পারি—"দণ্ড দিতে হয় দাও, কিন্তু ছাড়িও না? আমাদের এমন কি দাবী আছে যে, বলিলেই শুনিবেন, আর আমরাই বা কি করিয়া বলিব?" কিন্তু এই বিচার সুষ্ঠু নহে। শ্রীগুরুপাদপদ্মের সহিত আমার যে নিত্য সম্বন্ধ রহিয়াছে। বিমুখ হইলেও আমি ত' তাঁহারই জন, 'আপনার জন।' বিমুখতা স্বরূপগত নহে, কিন্তু সম্বন্ধটি স্বরূপগত। গুরুপাদপদ্মের সহিত আমার যে নিত্যসম্বন্ধ রহিয়াছে, তাহা ভুলিয়া পতিত হইয়াছি বলিয়া তিনি যে কৃপা করিবেন না, তাহাও নহে। আমি পতিত হইলেও তিনি পতিতপাবন। পতিতের ইহা অপেক্ষা অধিক ভরসার বিষয় আর কি হইতে পারে?

দয়া করা গুরুদেবের সত্তা। তিনি দয়া করিবেন কি না, এরূপ বিচার আসিলে গুরুদর্শন হয় না, গুরুদেবে মর্ত্ত্যবুদ্ধি করা হয়। আমাতে কিছু গুণ কিছু থাকিলেই গুরুদেবের দয়া সুলভ হইত, এরূপ নহে। গুরুদেবের দয়া করিবার সামর্থ্য সন্দিহান হইতে হইবে না। তিনি কৃপা করিবেন কি না, তাহা আমাদিগকে ভাবিতে হইবে না, তাহা তিনিই জানেন। আমরা নিতান্ত অযোগ্য এবং কেবলমাত্র অযোগ্য নহি, পরন্তু অপরাধী। তথাপি কৃপা ব্যতীত যখন আর গতি নাই, তখন অযোগ্য অপরাধী জানিয়াও 'গুরুদেব! কৃপা করুন' অকপট দৈন্য ও আর্ত্তির সহিত নিরন্তর এইরূপ প্রার্থনা করাই আমাদের প্রয়োজন। এইরূপ সনির্ব্বন্ধ কৃপাপ্রার্থনা দাম্ভিকতা নহে। প্রকৃতপক্ষে উহাই শরণাগতির লক্ষণ। গুরুদেব দয়া করেন এবং কৃষ্ণ রক্ষা করেন, এই বিশ্বাস—একই কথা। এই বিশ্বাসই শরণাগতি।

দোষ আছে বলিয়া নিরুৎসাহ কেন হইব? আমার বহু দোষ আছে, ইহা জানিয়াই ত' গুরুদেব আমাকে গ্রহণ করিয়াছেন। তিনি আশ্রয়বিগ্রহ, তিনি কখনই আমাকে পরিত্যাগ করিবেন না। আমার দোষ ত্রুটির জন্য গুরুদেব কৃপা করিতে বিরত হইলেন, এরূপ ত' কখনও দেখা যায় না। যদি তিনি দোষ-গুণের বিচার করিতেন, তাহা হইলে আমাদের ন্যায় গুণলেশবর্জ্জিত, সর্ব্বদোষের আকর পতিতাধমকে কখনই স্বীয় পাদপদ্মে স্থান দিতে পারিতেন না। সর্ব্বজ্ঞ শ্রীগুরুদেবের অহৈতুকী করুণাই ত' অব্যুক্ত হইতেছেন। আমরা যে সেই করুণাধারায় সর্ব্বাপ্লাবিত হইতে পারিতেছি না, তাহার কারণ, আমাদের শরণাগতির অভাব। সেই অভাবও তাঁহার কৃপা-বলেই দূর হইবে। শরণাগতিই আমাদের স্বরূপ। সেই স্বরূপে প্রতিষ্ঠিত হইতে পারিতেছি না বলিয়া আমাদের তীব্র দুঃখ আর্ত্তি হউক, কিন্তু হতাশা না আসে। হতাশায় দাম্ভিকতা আছে। শরণাগতের হতাশা নাই, তাঁহার ক্রমবর্দ্ধমান উৎসাহ।

"রক্ষিষ্যতীতি বিশ্বাসো" অথবা "অবশ্য রক্ষিবে কৃষ্ণ বিশ্বাস পালন" এই বাক্যের সুন্দর তাৎপর্য্য আছে। কৃষ্ণ রক্ষা করিবেন, এই বিশ্বাসটি রাখিতে উপদেশ করিয়াছেন; রক্ষা করিবেন—এইরূপ জ্ঞান থাকা প্রয়োজন, সে কথা বলেন নাই। প্রমাণ পাইবার পর যে নিশ্চয়তা হয়, উহাই জ্ঞান। প্রমাণ পাইবার পূর্ব্ব হইতেই যে নিশ্চয়তা থাকে, উহাই বিশ্বাস। যেখানে পরস্পরের মধ্যে কোন ব্যবধান নাই, পরস্পর পরস্পরকে সম্পূর্ণভাবে জানেন, সেখানেই স্বতঃসিদ্ধ বিশ্বাস বর্ত্তমান, উহা প্রমাণের অপেক্ষা করে না। প্রমাণ যেখানে প্রয়োজন হয়, সেখানে সংশয় আছে। সংশয়—অজ্ঞান, আর বিশ্বাস—স্বরূপজ্ঞান। পূর্ণ শরণাগত ও কৃষ্ণের মধ্যে ব্যবধান নাই; সেখানে অখণ্ড বিশ্রম্ভভাব বর্ত্তমান। বিশ্বাস কর অর্থাৎ শরণাগত হও, স্বরূপে অবস্থিত হও। এই 'বিশ্বাস' শব্দটি প্রয়োগ করিয়া আরোহমূলক চিন্তাস্রোতের মূলে কুঠারাঘাত করা হইয়াছে। প্রথমেই কোন প্রমাণ দেখান হইবে না। যাচাই করিয়া, পরীক্ষা করিয়া বাজাইয়া লইবার অবসর দেওয়া হইবে না। এমন কি "সর্ব্বপাপেভ্যো মোক্ষয়িষ্যামি মা শুচ" এই আশ্বাস রক্ষাকর্ত্তা দিবেন, তবে তাঁহার সেবায় প্রবৃত্ত হইব—ইহাও শরণাগতের বিচার নহে। সেবা লাভ করিতে হইলে ঐরূপ আশ্বাসবাণীর অপেক্ষায় বসিয়া থাকিলে চলিবে না। কোন প্রকার সংশয় লইয়া সেখানে যাওয়া যাইবে না। অতএব সকল সংশয় ত্যাগ করিয়া শ্রীকৃষ্ণ রক্ষা করেন, ইহা প্রথমে বিশ্বাস করিতে হইবে। বিশ্বাস করিলে প্রতারিত হইতে হইবে না; কারণ এই বিশ্বাস অন্ধবিশ্বাস নহে। কুসংস্কারাচ্ছন্ন অবিশ্বাসী সংশয়াত্মা শরণাগতের বিশ্বাসকে অন্ধবিশ্বাস বলিয়া অশ্রদ্ধা করিতে পারে; কিন্তু তাহাতে শরণাগতের কোন ক্ষতিবৃদ্ধি নাই। সরল জিজ্ঞাসু যখনই বিশ্বাস করিবেন যে, শ্রীকৃষ্ণ সত্য সত্যই রক্ষা করেন, তখনই উহার সত্যতা নিশ্চয়ই উপলব্ধি করিবেন, ইহাতে কোন সন্দেহ নাই।

এই বিশ্বাসটি আরোপ বা চেষ্টাকৃত কোন ব্যাপার নহে; উহা স্বরূপের স্বভাব। তর্কৈষণা, সংশয়—ইহাই বিরূপের বৃত্তি। আগে তর্ক করিয়া প্রমাণ করিয়া লই, তাহার পর বিশ্বাস করিব—ইহা কখনও সম্ভব হয় না; কারণ, বিরূপের ধর্ম্মে চালিত হইয়া স্বরূপ লাভ করা যায় না। স্বরূপে প্রতিষ্ঠিত হইতে হইলে স্বরূপের বৃত্তিদ্বারাই চালিত হইতে হইবে, অন্য কোন পন্থা নাই। এইজন্য তর্ক বা সংশয়কে প্রথমেই খর্ব্ব করিয়া বিশ্বাসের প্রয়োজনীয়তা স্থাপন করা হইয়াছে। বিশ্বাস যদি করিতে পারা যায় তাহ হইলেই উপলব্ধি হইবে। বিশ্বাস করিতে না পারিলে কোন সংশয়ের মীমাংসা কখনও হইবে না। শ্রীকৃষ্ণ কিছু আশ্রিতরক্ষণে অসমর্থ নহেন; কিন্তু যেখানে বিশ্বাস নাই, গোপ্তৃত্বে বরণের অভিলাষ নাই বরং সংশয় বা প্রচ্ছন্ন দাম্ভিকতা বর্ত্তমান, সেখানে দাম্ভিকের সহিত প্রতিযোগিতা করিয়া শ্রীকৃষ্ণ স্বীয় রক্ষকস্বরূপ প্রদর্শন করেন না। কারণ, দম্ভই মায়া। মায়া কখনও কৃষ্ণের বা কৃষ্ণের স্বরূপশক্তির [illegible] হইতে পারে না। দাম্ভিক শ্রীকৃষ্ণের নিকট উপেক্ষাই প্রাপ্ত হয়; উহাই তাহার সর্ব্বাপেক্ষা অধিক শাস্তি।

সাধুসঙ্গ সাধুসঙ্গ সর্ব্বশাস্ত্রে কয়
লবমাত্র সাধুসঙ্গে সর্ব্বসিদ্ধি হয়।

শুদ্ধভক্তি-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠ-শ্রীধাম

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া শ্রীচন্দ্রশেখর-ভবনে শ্রীচৈতন্যমঠ, পরবিদ্যা-পীঠ, শ্রীশ্রীরাধাকৃষ্ণ, শ্রীগৌর, গোপাল আচার্য্য চতুষ্টয় বিগ্রহ আছেন। সুপ্রাচীন গ্রন্থ-প্রদর্শনী-বিভাগ কক্ষে 'নদীয়া-প্রকাশ'-যন্ত্রালয় আছে।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৩১১৫ কলিকাতায় শ্রীভক্তিবিনোদ-আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, সঙ্কীর্ত্তন, প্রধানতঃ শ্রীচৈতন্যদেবের শ্রীমদ্ভাগবতাদি গ্রন্থের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও হারমনিষ্ট পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়।

(৩) যোগপীঠ-মায়াপুর-পীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব ভূমি মহাযোগপীঠ।

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং ... বর্ত্তমান।

(৬) মুরারিগুপ্তের পাট

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৭) কাজি-সমাধি-পাট

সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)

ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি।

(৮) অষ্টমুদ্রকুঞ্জমন্দিরাশ্রম-শ্রীধাম মায়াপুর

(৯) আনন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)

এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)

... দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ জান্নগর (বর্দ্ধমান)

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মাউগাছি, পোঃ জাহন্নগর, (বর্দ্ধমান)

শ্রীব্যাসাবতার ঠাকুর বৃন্দাবনের স্থান

(১৩) ঋতুদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(১৪) জহ্নুদেব-গৌড়ীয়মঠালয়

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ

গৌড়পুর, নদীয়া

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ

মাউকাপা —(শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৭) কুঞ্জকুটীর

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

(২০) মহেশ-পণ্ডিতের পাট

কাঁঠালপুলি, পোঃ চাকদহ (নদীয়া)

(২১) রাণাঘাট-গৌড়ীয়মঠালয়

(২২) পুরী গৌড়ীয়মঠ

চব্বিশ পরগণা

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ

বারিদা পোঃ ওয়ারি, ঢাকা।

পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র।

(২৪) গোপালজীউমঠ

কমলাপুর, পোঃ ঢাকা

(২৫) পরাই-গৌরাঙ্গ মঠ

পোঃ বালিয়াটি, (ঢাকা)

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

বড়বাজার, পোঃ ময়মনসিংহ

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চকচকা, কামরূপ (আসাম)

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

ওল্ড পোষ্টাফিস বিল্ডিং, দার্জ্জিলিং

(৩০) সারস্বত-গৌড়ীয়মঠ

পোঃ হরিদ্বার, জিঃ সাহারাণপুর, ইউ, পি

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

... সিটাপুর · পাটনা)

(৩২) গয়া গৌড়ীয়মঠ

ফল্গু রোড, গয়া

(৩৩) সনাতন-গৌড়ীয় মঠ

৮।১১ বড় গণেশমহল্লা, বেনারস সিটি

(৩৪) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

(৩৫) পরমহংস মঠ,

পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়

বিশ্রামঘাট, পোঃ মথুরা

(৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ

কিশোরপুর, বৃন্দাবন

(৩৯) ব্রজানন্দ-সুখদকুঞ্জ

পোঃ রাধাকুণ্ড (মথুরা

(৪০) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪১) রাধাকুণ্ড গোর্দ্ধবাটী

(৪২) শ্রীগোবর্দ্ধনমঠালয়

গোবর্দ্ধন, মথুরা

(৪৩) নন্দেশ্বর বিহারী মঠ

বর্ষাণা, মথুরা।

(৪৪) নন্দগ্রাম গৌড়ীয়মঠালয়

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৫) বর্ষাণা গৌড়ীয়মঠালয়

পোঃ বর্ষাণা, মথুরা

(৪৬) গোষ্ঠবিহারী মঠ—দেওয়ারী,

পোঃ হোডোল, জেলা গুরগাঁও (পাঞ্জাব)

(৪৭) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

(৪৮) দিল্লী গৌড়ীয় মঠ

৪৫নং রেসকোর্স রোড, নিউ দিল্লী

(৪৯) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়া ট্যাঙ্ক রোড, ক্যাম্পবেল বিল্ডিং বোম্বে ৭

(৫০) মাদ্রাজ-গৌড়ীয় মঠ

পোঃ মাইলাপুর, মাদ্রাজ

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকাগিরিধারীর সেবা

(৫১) মায়াপুর-গৌড়ীয়মঠ

পোঃ কভুর, পশ্চিম গোদাবরী মাদ্রাজ

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকা-গিরিধারীর সেবা

(৫২) ... গৌড়ীয়মঠ

আঠারনালা, পোঃ বলাগণ্ডি, (পুরী)

(৫৩) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা

(৫৪) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৫) লীলাকুটী

(৫৬) ত্রিদণ্ডি-গৌড়ীয়মঠ

পোঃ জলেশ্বর, পুরী

(৫৭) সচ্চিদানন্দ মঠ

শীশমহল, পোঃ কটক (উড়িষ্যা)

(৫৮) ... গৌড়ীয়মঠপীঠ

(৫৯) শ্রীব্রহ্মমাধ্বগৌড়ীয়-প্রপন্ন-আশ্রম

পোঃ বলিয়াহাটা, গঞ্জাম

(৬০) ভাগবতজনানন্দ মঠ

চিকনিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর

(৬১) অমাধি গৌড়ীয়মঠ

পোঃ অমাধি, মেদিনীপুর

(৬২) ... প্রপন্নাশ্রম মঠ

পোঃ ... (বর্দ্ধমান)

(৬৩) চৈতন্যগৌড়ীয়মঠ

কুমারহট্ট, পোঃ হালিসহর, (২৪পরগণা)।

(৬৪) রেঙ্গুন গৌড়ীয়মঠ

৫০১ নং ডিউটিন্ ষ্ট্রীট, রেঙ্গুন

(৬৫) লণ্ডন-গৌড়ীয়মঠ

ফ্ল্যাট নং ২

৫১, ভাইকাউণ্ট

ব্র্যাম্পটন, লণ্ডন, ই ৫

(৬৬) গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

১।১৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা

(৬৭) গৌড়ীয়মঠ অফিস

হিউয়েট রোড, লক্ষ্ণৌ (ইউ-পি)

(৬৮) শ্রীবিদ্যানিধি গৌড়ীয়মঠালয়

কানকানন, চট্টগ্রাম

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীসুহানন্দ ব্রহ্মচারী ভক্ত্যালোক, ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

-:(*):-

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও দ্বিতীয় দিনের জন্য	পরবর্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও দ্বিতীয় দিনের জন্য	পরবর্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	।০	৷/০	।৵০	।০
" " ইঞ্চি	২৲		১।০	১৲
সিকিকলম	৫৲	৪৲		৩৲
" অর্দ্ধকলম	৮৲	৬৲	৬৲	৫৲
" এক কলম	১২৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চি	৩৲	২।০
" সিকি কলম	১৫৲	১২৲
" অর্দ্ধকলম	২৫৲	২০৲
" এক কলম	৩৫৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৸০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা ৫ ; বিশেষ সংখ্যার মূল্য স্বতন্ত্র।

শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী

———::(*)::———

শ্রীল প্রভুপাদের চতুর্নবতিতমবর্ষপূর্ত্ত্যাবির্ভাব-তিথিতে শ্রীল আচার্য্যদেবের অভীষ্টানুসারে "শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী" প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। ইহাতে পূর্ব্বার্দ্ধ ও উত্তরার্দ্ধ দুইটি বিভাগ আছে। পূর্ব্বার্দ্ধে শ্রীল প্রভুপাদের আদি-প্রবন্ধাবলী শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের সম্পাদিত 'স-সজ্জিনী সজ্জনতোষণী,' শ্রীল প্রভুপাদের 'নিবেদন' সাপ্তাহিক পত্র প্রভৃতি হইতে যথাযথ ও প্রয়োজনীয় স্থলে টীকা-সহ প্রকাশিত হইয়াছে। উত্তরার্দ্ধে শ্রীল প্রভুপাদের সম্পাদিত 'সজ্জনতোষণী'র কতিপয় প্রবন্ধ যথাযথ প্রকৃতির সহিত মুদ্রিত হইয়াছে। প্রবন্ধগুলি রচনাকালের ক্রমানুসারে গ্রথিত হইয়াছে; এতদ্ব্যতীত শ্রীল আচার্য্যদেবের একটি মূল্যবান্ উপোদ্ঘাত ও সঙ্কলনকারীর একটি বিস্তৃত ভূমিকা, শব্দ-সূচী, স্থান-পাত্র-শ্লোক ও পয়ার-সূচী প্রভৃতি গ্রন্থে সংযোজিত হইয়াছে। গ্রন্থটি উৎকৃষ্ট কাগজে পারিপাট্যের সহিত মুদ্রিত ও শ্রীল প্রভুপাদের আলেখ্যাবিভায় ভূষিত ও সুন্দর বাঁধাই হইয়া প্রকাশিত হইয়াছে। প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, জিলা নদীয়া; শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ও শ্রীমাধ্বগৌড়ীয়মঠ, বরিশা, পোঃ ঢাকা, ঢাকা।

প্রভুপাদের পদ্যপ্রসূন মালা

এই গ্রন্থে ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তি- সিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের রচিত পদাবলী শ্রীল আচার্য্যদেবের বিরচিত "সৌরভ" নামক ভাষ্যের সহিত প্রকাশিত হইয়াছে। শ্রীল প্রভুপাদের অনেক অপ্রকাশিত পদ্য ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ।০ আট আনা।

শ্রীধাম-মায়াপুরে

——(:০:)——

—"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট"—

——::০::——

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে; বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে মাত্র ৬৲ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। বর্ত্তমান বর্ষে ১৬ জন বালকের মধ্যে ১৫ জন ভালভাবে উত্তীর্ণ হইয়াছে।

মেধাবী ছাত্রগণের আরও সুবিধা

পরীক্ষায় যাহারা শতকরা ৭৫ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ সচ্চরিত্র বিনয়ী ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক-সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা সর্ব্বাঙ্গসুন্দরভাবে আলোচিত হইয়াছে। ইহা এক অপূর্ব্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

শ্রীচৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত্র অতিসুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত ইহার ভিক্ষা মাত্র ৪৲ টাকা। প্রাপ্তিস্থান শ্রীযুত নন্দকিশোর ভক্তিশাস্ত্রী, শ্রীযোগপীঠ, শ্রীমায়াপুর, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

রহস্য-সংলাপ

প্রথম খণ্ড

শ্রীশ্রীব্রহ্মমাধ্ব গৌড়ীয়সম্প্রদায়ৈকসংরক্ষক জগদ্গুরু পরমহংসকুলচূড়ামণি নিত্যলীলা-প্রবিষ্ট ১০৮শ্রী শ্রীমদ্ ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামি-প্রভুপাদ বিভিন্ন জিজ্ঞাসু ও শুশ্রূষু সজ্জনবৃন্দের প্রশ্নোত্তরে ও সন্দেহ-নিরাকরণকল্পে যে-সকল অপ্রাকৃত সত্যবাণী কীর্ত্তন করিয়াছেন, যাহা তাঁহার প্রকটকালেই 'গৌড়ীয়' সম্পাদক শ্রীযুক্ত সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ প্রভুপাদকে শ্রীচরণে সংশোধিত করাইয়া রাখিয়াছিলেন এবং যাহার কিয়দংশ গৌড়ীয়পত্রে প্রকাশিত হইয়াছে, তাহা "শ্রীশ্রীরহস্য-সংলাপ" নাম দিয়াপৃথক শ্রীল প্রভুপাদের 'প্রবন্ধাবলী' ও 'পত্রাবলী' আকারে খণ্ডে খণ্ডে প্রকাশিত হইতেছে। বর্ত্তমানে শ্রীল প্রভুপাদের শতবার্ষিক বিরহোৎসব-বাসরে এই গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। মানবজীবনের বহু অমীমাংসিত সমস্যা ও জটিল প্রশ্নের সমাধান ইহাতে পাওয়া যাইবে। ভক্তগণের পাঠমাত্রেই এই গ্রন্থ সংগ্রহ একান্ত প্রয়োজন।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপদেশক পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর ভাষাশাস্ত্রী সম্প্রদায়-বৈভবাচার্য এম-এ মহোদয়ের প্রৌঢ়গবেষণা এবং পরিপক্ক লেখনীর অদ্ভুত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত্র-পাঠে ধন্য হউন। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিভিন্ন চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৩৬৭ অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্ত্তার ভূমিকাদ্বয় (Preaces), বিষয়-তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র-(Index Glossary) সহ গ্রন্থখানি প্রকাশিত। ভিক্ষা—১৫৲ পনর টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, রায়পেটা মাদ্রাজ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

'ঠাকুর ভক্তিবিনোদ'

——::(০)::——

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি-প্রচারের মূল মহাজন সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অতিমর্ত্ত্য জীবনচরিত এতাবৎকাল সম্যক্ প্রকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয়মঠাচার্য্যবর্য্যের অন্তেবাসী সর্ব্ববিদ্যাশাস্ত্রিক সু-লেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীযুৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু মূল্যবান শিক্ষাবলীও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১২৫ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৷৹ আনা; ডাক মাশুল স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান—ম্যানেজার গ্রন্থবিভাগ

শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

——:(০):——

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিভিন্ন ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হার্ম্মনিষ্ট" ও বহু গ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১৩১৷১নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

ম্যালেরিয়ার পাঁচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাটতিও অত্যন্ত অধিক। লিভার প্লীহা সংযুক্ত কালাজ্বর এবং নূতন ও পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। মূল্য ছোট বোতল ॥৵০ দশ আনা, বড় বোতল ১৷৵০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা

অথবা

পোঃ বেহালা, ২৪ পরগণা

ই. বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	৪-৩৬	৬-২৬	৭-০৬	১২-২৬	১৪-৫৬	১৬-৫৬	১৭-৫৬	২২-২৬
রাণাঘাট পৌঃ			৮-১৮	১৪-১৫				
(বদল) ছাঃ			৯-৩০	১৪-৫০				
কৃষ্ণনগর পৌঃ	৭-১	৮-৪৫	১০-৮	১৫-২৩	১৭-২৮	১৯-০৮	২০-১৩	১-১২
(বদল) ছাঃ	৭-১২		১০-৩১		১৭-৩৮		২০-২৬	
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫১		১১-১০		১৮-১৬		২১-৪	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
রাণাঘাট পৌঃ	১২-৫৫
ছাঃ	১৩-০
শান্তিপুর পৌঃ	১৩-২৬
(বদল) ছাঃ	১৩-৩১ (লাইট্ রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪-১২
ছাঃ	১৪-৩০
নবদ্বীপঘাট পৌঃ	১৫-১০

ডাউন

নবদ্বীপঘাট ছাঃ	৫ ৪৪		৯-১৩		১৩-৫১	১৬-০	১৮-৩১	
কৃষ্ণনগর পৌঃ	৬ ২৩	৯-১৬	৯-৪৮	১১-৪১	১৪-১০	১৬-৩৮	১৯-১১	২১-১৩
ছাঃ	৩-৩৬ ৭-১৮		১০-১১			১৬-৫৫	১৯-২৫	
রাণাঘাট পৌঃ			১০-৪৩			১৭-৩০		
(বদল) ছাঃ			১১-১			১৭-৪৩		
কলিকাতা পৌঃ	৬-১৬ ৯-২১		১১-৫১	১২-১৬	১৪-১৬	১৯-১১	২১-৪১	

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৩-৩১	১৬-০		
কৃষ্ণনগর পৌঃ	১৪-১০	১৬-৩৮		
ছাঃ	১৫-২৮	১৭-৩৩		
শান্তিপুর পৌঃ	১৬-৯	১৮-১৪		
(বদল) ছাঃ	১৬-৩৩	১৮-২৫	(শনিবার ভিন্ন)	২০-৪০ (শনিবার)
রাণাঘাট পৌঃ	১৭-১০	১৮-৫০		২১-১৫
(বদল) ছাঃ	১৭-৪৩	১৯-১৪		২১-৫০
কলিকাতা পৌঃ	১৯-১১	২০-৪০		২৩-০৭

পোঃ—শ্রীমায়াপুর
[illegible]—নদীয়া,
শ্রীমায়াপুর

REGD NO C 1344

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৪শ খণ্ড] শ্রীমায়াপুর—১৩ই শ্রাবণ, ১৩৪৬, ২৯শে জুলাই, ১৯৩৯, শনিবার [১২৯শ সংখ্যা

বিবিধ সংবাদ

—০(০)০—

সরকারী বাসে গুলী বর্ষণ

দক্ষিণ ওয়াজিরিস্থানে জানডোলা ও চাগমালাইয়ের মধ্যে টোচি[illegible] বিভাগের একখানি বাসের উপর গুলী বর্ষিত হইয়াছে। একজন মাহুদ প্রহরী গুলীর আঘাতে নিহত এবং আর একজন মাহুদ প্রহরী ও একজন পাইলট গুরুতররূপে আহত হইয়াছে। বাসখানি চাগমালাইয়ে পৌঁছে এবং আহত ব্যক্তিগণকে হাসপাতালে ভর্তি করিয়া দেওয়া হয়।

বোচিয়াল নামে জনৈক হিন্দু বণিক যখন একটি মকদ্দমার স্থল হইতে বাড়ীতে ফিরিতেছিল, তখন বান্নু হইতে প্রায় ৩ মাইল দূরে চৌকি রোড হইতে অপহৃত হয়। টাঁকা কংগ্রেস কমিটির সভাপতি মীর মাহের আলের নেতৃত্বে একটি অনুসন্ধানকারী দল তৎক্ষণাৎ প্রেরিত হয়, কিন্তু তাহারা অকৃতকার্য হইয়া প্রত্যাবর্তন করে। গত জুন মাসে কাকি রোড হইতে গোপালদাস নামে যে হিন্দু অপহৃত হইয়াছিল, বিনা মুক্তি পণে তাহাকে ছাড়িয়া দেওয়া হইয়াছে। জানিখেল উপজাতীর উপর রাজনৈতিক বিভাগের চাপ দেওয়ার ফলেই তাহার মুক্তি সম্ভবপর হইয়াছে বলিয়া প্রকাশ।

গত এক পক্ষকালের মধ্যে বান্নু জেলার আটটি স্থান হইতে সৈনিকদের তার কর্তনের সংবাদ পাওয়া গিয়াছে।

———

করাচী সহরে গুজব

করাচী সহরে গুজব প্রবল হইয়া উঠিয়াছে। বন্দর হইতে একখানি বিমানপোত আসিয়াছিল। ইহার আগমনের কারণ রহস্যাবৃত। অনুসন্ধানের ফলে জানিতে পারা গিয়াছে যে, বিমান খানি একজন পদস্থ সামরিক কর্মচারীকে লইয়া করাচীতে আসিয়াছিল। উক্ত সামরিক কর্মচারী ডুগরোড পরিদর্শন করেন। সামরিক প্রয়োজন বশতঃ একখানি আংশিকভাবে বোঝাই মালবাহী জাহাজ হইতে সমস্ত মাল খালাস করা হইয়াছে। সামরিক প্রয়োজনে ব্যবহৃত হইতে পারে বলিয়া আর একখানি জাহাজ প্রস্তুত রাখা হইয়াছে। রেল কর্তৃপক্ষের নিকট অনুসন্ধান করিয়া জানিতে পারা গিয়াছে যে, করাচীতে আরও সৈন্য আমদানী হইবার সম্ভাবনা আছে। কয়েকখানি জাহাজ পূর্বাভিমুখে অগ্রসর হইতেছে। ইহাদের গন্তব্য স্থান কোথায় তাহা জানা যায় নাই। গত রবিবার দুইখানি জার্মাণ জাহাজ অকস্মাৎ বন্দর ছাড়িয়া চলিয়া গিয়াছে। এই সমস্ত ঘটনার ফলে ব্যবসায়ী মহলে আতঙ্কের সঞ্চার হইয়াছে। সংবাদ জানিবার জন্য লোকে ঘন ঘন সংবাদ-পত্রের আফিসে ফোন করিতেছে।

———

বাঙ্গলা ও আসাম রেল বোর্ড শ্রমিক সম্মেলন

বাঙ্গলা ও আসাম রেল-রোড শ্রমিক ইউনিয়নের উদ্যোগে চট্টগ্রামে যে সম্মেলন হইবার কথা ছিল, তৎসম্পর্কে উক্ত ইউনিয়নের অবৈতনিক সাধারণ সম্পাদক শ্রীযুক্ত বি এন দাশগুপ্ত সংবাদ-পত্রে এক বিবৃতি মারফৎ উক্ত ইউনিয়নের প্রত্যেক শাখাকে জানাইতেছেন যে, তালিকাভুক্ত প্রত্যেক একশত সভ্যের স্থলে তাহাদিগকে একজন করিয়া প্রতিনিধি নির্বাচিত করিতে হইবে। আগামী ১৫ই আগষ্ট অথবা তৎপূর্বে নির্বাচিত প্রতিনিধিগণের তালিকা অফিসে প্রেরণ করিতে হইবে। বাঙ্গলা ও আসামের মধ্যে যে সমস্ত রেলওয়ে কোম্পানীর কোন প্রতি-নিধি নাই তাহাদের মধ্যে প্রত্যেক কোম্পানী ইউনিয়ন করিয়া প্রতিনিধি প্রেরণ করিতে পারিবেন এবং তৎসম্পর্কে যাবতীয় চিঠিপত্র আগামী ২০শে আগষ্টের মধ্যে সাধারণ সম্পাদকের নিকট প্রেরণ করিতে হইবে। সম্মেলনের দিন এবং স্থান এখনও সঠিকভাবে ধার্য্য হয় নাই। প্রত্যেক প্রতিনিধিকে ফি-বাবদ নগদ এক টাকা দিতে হইবে। প্রত্যেক ইউনিয়নের ব্রাঞ্চ সেক্রেটারীর সার্টিফিকেট দেখাইলে প্রতিনিধি টিকিট দেওয়া হইবে। বিষয় নির্বাচনী সভায় যে সমস্ত প্রস্তাব উত্থাপন করা হইবে তাহার নকল আগামী ২৫শে আগষ্ট অথবা তাহার পূর্বে সাধারণ সম্পাদক, ৪৮।৮।১ সার্ক্‌ল রোড, কাশীপুর, কলিকাতা—ঠিকানায় প্রেরণ করিতে হইবে।

বড়লাটের কটক পরিদর্শন

আগামী ৩১শে জুলাই বড়লাট কটক পরিদর্শন করিবেন। এইজন্য এখন হইতেই উদ্যোগ-আয়োজন সুরু হইয়াছে। উড়িষ্যার নানাস্থান হইতে কটকে প্রায় এক হাজার কনেষ্টবল আমদানী করা হইয়াছে। তাহারা সহরে ছাউনী ফেলিয়া অবস্থান করিতেছে।

কটকের জেলা ম্যাজিষ্ট্রেট পুলিশ আইনের ৩০ ধারা অনুসারে এই মর্মে এক আদেশ জারী করিয়াছেন যে, পূর্বাহ্নে কর্তৃপক্ষের অনুমতি না লইয়া কটক মিউনিসিপালিটী ও সদর থানার এলাকায় কোনরূপ সভা করা চলিবে না এই আদেশ ৪ঠা আগষ্ট পর্যন্ত বলবৎ থাকিবে।

এদিকে বড়লাটের কটক পরিদর্শনের সময় কংগ্রেস কর্মিগণের আচরণ কিরূপ হইবে তাহা স্থির করিবার জন্য আগামী ২৮শে জুলাই কটক জেলা কংগ্রেস কমিটির এক সভা আহ্বান করা হইয়াছে এবং কংগ্রেস কমিটির সেক্রেটারী, সরকারী অনুষ্ঠানে কংগ্রেস কর্মিগণের যোগদান সম্পর্কে যে নিষেধাজ্ঞা আছে তাহা কংগ্রেস কর্মিগণকে স্মরণ করাইয়া দিয়াছেন।

———

সিন্ধুতে গ্র্যানাইট পাথরের পাহাড়

থার পর্কার জেলার নাগর পার্কারে "গ্র্যানাইট পাথরের" পাহাড় আবিষ্কৃত হইয়াছে। বোম্বাইয়ে এই শ্রেণীর যে পাথর পাওয়া যায় ইহা অপেক্ষা উক্ত পাথর উৎকৃষ্টতর বলিয়া প্রকাশ।

কর্তৃপক্ষ ইহা দ্বারা কিভাবে সিন্ধু বিশেষ লাভবান হইতে পারে তাহার উপায় চিন্তা করিতেছেন। গবর্ণমেণ্ট যে সিন্ধু-গুজরাট রোড নির্মাণের বিষয় বিবেচনা করিতেছেন, ঐ রাস্তা হইলে এই সম্পর্কে বিশেষ সহায়ক হইবে বলিয়া ধারণা হয়।

———

ইঙ্গ-জাপ আলোচনা

স্যার রবার্ট ক্রেগী এবং মিঃ আরিতার মধ্যে যে আলোচনা হইতেছে তৎসম্পর্কে এপর্যন্ত কেবল জাপানী মহল হইতে সংবাদ পাওয়া গিয়াছে। লণ্ডনের সরকারী মহল হইতে বলা হইতেছে যে, মিঃ চেম্বারলেন কমন্স সভায় বক্তৃতা না করা পর্যন্ত ঐ সমস্ত সংবাদ পুরাপুরি বিশ্বাস করা কিংবা কোন মতামত প্রকাশ করা সঙ্গত নয়। মিঃ চেম্বারলেন কমন্স সভায় বলেন যে, টোকিও আলোচনা স্থানীয় ব্যাপার সম্পর্কে হইবে। উহার পরেও তিনি বলিয়াছেন যে, আলোচনা তিয়েনৎসিন ব্যাপারের উপর সাধারণভাবে হইবে।

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক। প্রতি একাদশীতে প্রকাশিত হয়। কলিকাতা বাগবাজারস্থ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। সডাক ভিক্ষা ৩।০ টাকা মাত্র।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১।০ টাকা মাত্র।

৩। ভাগবত—হিন্দিভাষায় একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ টাকা মাত্র

৫। শ্রীগৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ মাত্র।

পরমগুরু শ্রীগৌরকিশোর

গৌড়ীয়-সম্পাদক-লিখিত, শ্রীগৌড়ীয়মঠাচার্য্যের ভূমিকা-সম্বলিত, বহুচিত্র-শোভিত ও বিষয় সূচী-সম্বলিত "পরমগুরু শ্রীগৌরকিশোর" গ্রন্থরাজ প্রকাশিত হইয়াছেন। এই গ্রন্থরাজে শুদ্ধগৌড়ীয়বৈষ্ণবজগতের পরমারাধ্য, গৌড়ীয়গৌরবশিখামণি অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ নিত্যলীলাপ্রবিষ্ট পরমহংস ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল গৌরকিশোরদাস গোস্বামী প্রভুবরের অতিমর্ত্ত্য চরিতকথা বর্ণিত আছে।

শ্রীশ্রীভক্তিবিনোদাবির্ভাব-শতবর্ষপূর্ত্তিতিথিপূজার উপায়ন-গ্রন্থমালা

———::(০)::———

১। গীতিসাহিত্যে শ্রীভক্তিবিনোদ

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র গীতিসাহিত্যের সমালোচনা-গ্রন্থ)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

২। শ্রীশ্রীভক্তিবিনোদবাণীবৈভব

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের রচনামৃতসাগর হইতে আহৃত ১০৮টি অধ্যায়ে সম্বন্ধ-অভিধেয়-প্রয়োজনাকারে গুম্ফিত অমূল্য উপদেশপূর্ণ গ্রন্থ)

ভিক্ষা—৩৲ তিন টাকা মাত্র।

৩। শ্রীশ্রীভক্তিবিনোদ-প্রসঙ্গ

ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ ও ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামীপ্রভু-বিরচিত এবং গৌড়ীয়ে প্রকাশিত শ্রীশ্রীভক্তিবিনোদ-চরিত-প্রসঙ্গ

ভিক্ষা—৷৵০ ছয় আনা মাত্র।

৪। ছাত্রদের ভক্তিবিনোদ

(ছাত্রদের উপযোগী ভাষায় লিখিত শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্র ও শিক্ষা)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

(ছাত্রদের পক্ষে ভিক্ষা—৷০ আট আনা মাত্র)

প্রাপ্তিস্থান :—

(১) 'ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্', পোঃ শ্রীমায়াপুর, নদীয়া ;

২) শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ;

৩ শ্রীযুক্ত সুপতিরঞ্জন নাগ এম্-এ, বি-এল্, পুরাণপল্টন পোঃ রমণা, ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্,—সমগ্র ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ২৮৲
দশম স্কন্ধ— .
২। ভাষ্যসহ বিরাট্ শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৬৲
৩। ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬.
৪। সরস্বতী-জয়শ্রী (অবাঁধা) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০ ; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০
৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার-দীপিকা ও সংস্কার দীপিকা ১।০
৯। বৈষ্ণবধর্ম্ম ২৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ৷০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ তত্ত্ব ৷০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষৎ ৷০
১৮। ব্রাহ্মণ-আদর্শ ৷০
১৯। তত্ত্ববিবেক ৷০
২০। গৌড়ীয়-গৌরব ৷৵০
২১। গৌড়ীয়সাহিত্য ৷৵০
২২ ভজন রহস্য ৷০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲
গীতা (শ্রীবলদেব-টীকা সহ) ২৲
গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) ২৲
(অবাঁধা) ১৲
গীতার কেবল মূল-ভাষা ৷০
মুক্তিফলটীকা ধৃতগৌরজঃ (সানুবাদ) ২৲
বেদান্তস্যমন্তক (সানুবাদ) ৷০
প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৸০
৩০। দীপ-দিগ্-দর্শন ৵০
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ৷৵০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ৷০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৵০
৩৫। গীতমালা ⁄১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৵০
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৶০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ৷০
৩৯। শ্রীগোদ্রুমকল্পতরু পরিক্রমায় ৷০
৪০। শরণাগতি ⁄০
৪১। গীতাবলী ⁄০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
৪৩। সাধনতত্ত্ব ⁄০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ⁄
৪৫। নবদ্বীপশতক
৪৬। অর্চ্চনকল্প
৪৭। সদাচারবৃত্তিঃ
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ⁄১০
৪৯। অর্চ্চনকল্প ৷১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম-৪ খণ্ড) ৬৲
৫১। ব্রহ্মসংহিতা ৷০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ৷০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ-বিনির্ণয় ৷০
৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ৷০
৫৬ ভারতবর্ষ ও ভক্তিপথ ৶০
৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ) ৷০
৫৮। শ্রীকৃষ্ণদেবের ৶০
৫৯। সিদ্ধান্তদর্পণ ৶০
৬০। সাংখ্যবাণী ⁄০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ৷০
৬২। সিদ্ধান্ত-সরস্বতী দিগ্বিজয়ঃ ৷০
৬৩। সচীক-শিক্ষাষ্টকম্ ৷৫
৬৪। তত্ত্বসূত্রম্ ৷০
৬৫। সানুবাদ শিক্ষাষ্টকম্ ৶০
৬৬। গৌড়ীয়মঠপরিচয়ঃ ⁄০
৬৭। সারার্থদর্শনম্ ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ৷০
৬৯। এ ভিউ অফ্ স অন বেদান্ত ৷৶
৭০। নামভজন ⁄০
৭১। বেদান্ত—ইটস্ মরফলজী অ্যাণ্ড অন্টলজি ৷০
৭২। রিলেটিভ ওয়ার্ল্ডস ৷৵০
৭৩। লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস্ অব শ্রীচৈতন্য মহাপ্রভু ৷৫
৭৪। বৈষ্ণবীজম্ ৷০
৭৫। হোয়াট গৌড়ীয়মঠ ইজ ডুইং ⁄০
৭৬। দি ভাগবত ৷০
৭৭। ইরোটিক প্রিন্সিপাল অ্যাণ্ড আনঅ্যালয়েড ডিভোশন ৷০
৭৮। ব্রহ্মসংহিতা ১৷০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (অসমূর্ণ খণ্ড) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ৷০
৮১। সাধন-পথ ৷০
৮২। কল্যাণ-কল্পতরু ৶০
৮৩। গীতাবলী ⁄০
৮৪। শরণাগতি ⁄৫

তামিল ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ⁄৫

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ৯৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

একমাত্র পারমার্থিক

(শ্রীধাম-মায়াপুর-নদীয়া)

১৪শ বর্ষ { ১৩ পুরুষোত্তম ৪৫৩ গৌরাব্দ, ১৩ই শ্রাবণ বঙ্গাব্দ ১৩৪৬, ২৯শে জুলাই ইং ১৯৩৯, শনিবার } ১১৯৭ সংখ্যা

প্রচার-প্রসঙ্গ

মুসৌরীতে

গত ১৯শে আষাঢ় ৪ঠা জুলাই শ্রীচৈতন্যমঠসেবক শ্রীপাদ রেবতীরমণ ব্রহ্মচারী ভক্তিনিশ্চয় প্রভু কতিপয় ব্রহ্মচারী সহ হরিদ্বার শ্রীসারস্বত-গৌড়ীয়মঠ হইতে রওনা হন এবং ডেরাডুন হইয়া মুসৌরীতে গমন পূর্ব্বক গত ২৩শে আষাঢ় ৮ই জুলাই প্রিন্সিপ্যাল শ্রীযুক্ত বাবু আশুতোষ ব্যানার্জ্জী মহাশয়ের সাদর আহ্বানে তদীয় গৃহে শ্রীচৈতন্যচরিতামৃত পাঠ ও ব্যাখ্যা করেন। পাঠের আদি ও অন্তে মহাজনপদাবলী কীর্ত্তন হয়। পাঠ-কীর্ত্তন শ্রবণ করিয়া শ্রোতৃবর্গ পরমানন্দিত হন। উপস্থিত শ্রোতৃবৃন্দের মধ্যে প্রিন্সিপ্যাল শ্রীযুক্ত বাবু আশুতোষ ব্যানার্জ্জী; ডাঃ কে, কে, দত্ত; শ্রীযুক্ত বাবু ললিতমোহন সরকার প্রভৃতির নাম উল্লেখযোগ্য।

গত ২৮শে আষাঢ় ১৩ই জুলাই শ্রীহরিবাসর তিথিতে মিঃ এস্ সি দে (এজেণ্ট ইম্পিরিয়াল ব্যাঙ্ক, মুসৌরী) মহাশয়ের সাদর আহ্বানে ব্যাঙ্কের বিতলগৃহে শ্রীপাদ ভক্তিনিশ্চয় প্রভু শ্রীচৈতন্যচরিতামৃত পাঠ ও ব্যাখ্যা করেন। তাঁহার পাঠ-কীর্ত্তন শ্রবণ করিয়া শ্রোতৃগণ পরমানন্দ লাভ করেন। মিঃ এস সি দে মহোদয়ের ভক্তিমতী জননীর সেবাচেষ্টা বিশেষ প্রশংসনীয়া।

১৭ই জুলাই ডাঃ শ্রীযুক্ত বাবু এস্ সি [illegible] মহাশয়ের সাদর আহ্বানে কুলরিবাজারস্থ তদীয় বাসভবনে শ্রীপাদ ভক্তিনিশ্চয় প্রভু শ্রীচৈতন্যচরিতামৃত হইতে সনাতন-শিক্ষার কিয়দংশ পাঠ ও ব্যাখ্যা করেন। পাঠের আদি ও অন্তে মহাজনপদাবলী কীর্ত্তন হয়।

কভুরে

গত ৯ই জুলাই কভুরের স্থানীয় অধিবাসী শ্রীযুক্ত কৃষ্ণমূর্ত্তি রাও পাই মহোদয়ের সাদর আহ্বানে তদীয় ভবনে কভুর শ্রীরামানন্দ-গৌড়ীয়মঠের সেবক শ্রীপাদ ব্রজগোপাল ব্রহ্মচারী ভক্তিবিবেক মহোদয় শ্রীচৈতন্য-চরিতামৃত পাঠ ও ব্যাখ্যা করেন। ব্রহ্মচারীজী শ্রীল প্রভুপাদ ও শ্রীল আচার্য্য-দেবের বাণী প্রচার বাবদ আলোচনা করেন ও ইংরাজী ভাষায় সকলকে বুঝাইয়া দেন।

১২ই জুলাই স্থানীয় শ্রীযুক্ত এ, শেষগিরি রাও ইন্স্পেক্টর অফ্ ইন্সিওরেন্স মহোদয়ের ভবনে ব্রহ্মচারীজী শ্রীমদ্ভাগবত পাঠ ও ব্যাখ্যা করেন। পাঠের আদি ও অন্তে মহাজনপদাবলী ও মহামন্ত্র কীর্ত্তন হয়।

১৩ই জুলাই স্থানীয় উচ্চ ইংরাজী বিদ্যালয়ের শিক্ষক শ্রীযুক্ত কামেশ্বর রাও পাত্র মহোদয় কর্ত্তৃক বিশেষভাবে আহূত হইয়া ব্রহ্মচারীজী তদীয় ভবনে শ্রীমদ্ভাগবত হইতে 'বিদুর-মৈত্রেয়-সংবাদ' পাঠ ও ব্যাখ্যা করেন। এতৎপ্রসঙ্গে জননীর প্রতি কপিলদেবের সর্ব্ববন্ধবিমোচনকারী শ্রেষ্ঠ ভক্তিলক্ষণ বর্ণন বিষয়ে আলোচনা করেন।

১৭ই জুলাই স্থানীয় ব্যবসায়ী শ্রীযুক্ত কোনরীড্ ভেঙ্কান্না মহোদয়ের ভবনে ব্রহ্মচারীজী শ্রীমদ্ভাগবত পাঠ ও ব্যাখ্যা করেন। পাঠের আদি ও অন্তে মহাজন-পদাবলী ও মহামন্ত্র কীর্ত্তন হয়।

তত্ত্বকথা

(৫ম পৃষ্ঠার পর)

কৃষ্ণের উচ্ছিষ্ট হয় 'মহাপ্রসাদ' নাম।
'ভক্তশেষ' হৈলে মহামহাপ্রসাদাখ্যান॥
ভক্তপদধূলি আর ভক্তপদজল।
ভক্তভুক্ত শেষ — এই তিন সাধনের বল॥
এই তিন সেবা হৈতে কৃষ্ণপ্রেমা হয়।
পুনঃ পুনঃ সর্ব্বশাস্ত্রে ফুকারিয়া কয়॥
তা'তে বার বার কহি, — শুন, ভক্তগণ।
বিশ্বাস করিয়া কর এ তিন সেবন॥
তিন হৈতে কৃষ্ণনাম-প্রেমের উল্লাস।
কৃষ্ণের প্রসাদে, তা'তে 'সাক্ষী' কালিদাস॥
(চৈঃ চঃ)

কৃষ্ণ কিসে বশ হন ?

জ্ঞান-কর্ম্ম-যোগ-ধর্ম্মে নহে কৃষ্ণ বশ।
কৃষ্ণবশহেতু এক—কৃষ্ণপ্রেমরস॥
(চৈঃ চঃ)

কীর্ত্তন-বিরোধীর প্রতি মহাপ্রভু কিরূপ ?

সংকীর্ত্তন-আরম্ভেতে আমার অবতার।
কীর্ত্তনবিরোধী পাপী করিমু সংহার॥
সর্ব্বপাতকীও যদি করয়ে কীর্ত্তন।
অবশ্য তাহারে আমি করিমু স্মরণ॥
তপস্বী-সন্ন্যাসী জ্ঞানী যোগী যে যে জন।
সংহারিব যদি সব না করে কীর্ত্তন॥
(চৈঃ ভাঃ)

বিধি-নিষেধের উদ্দেশ্য কি ?

যত বিধি-নিষেধ সকলি ভক্তিদাস।
ইহাতে যাঁহার দুঃখ সেই পায় নাশ॥
ভক্তিবিধি-মূল কহিলেন বেদব্যাস।
সাক্ষাতে গৌরাঙ্গ তাহা করিলা প্রকাশ॥
(চৈঃ চঃ)

ভক্ত কি কাহারও ধার ধারেন ?

কাম ত্যজি' কৃষ্ণ ভজে শাস্ত্র-আজ্ঞা মানি।
দেব-ঋষি-পিত্রাদিকের কভু নহে ঋণী॥
বিধি-ধর্ম্ম ছাড়ি' ভজে কৃষ্ণের চরণ।
নিষিদ্ধ পাপাচারে তা'র কভু নহে মন॥
অজ্ঞানে বা হয় যদি 'পাপ' উপস্থিত।
কৃষ্ণ তা'রে শুদ্ধ করে, না করায় প্রায়শ্চিত্ত॥
(চৈঃ চঃ)

কৃষ্ণনাম গ্রহণকারী কিরূপ ?

চণ্ডাল চণ্ডাল নহে, যদি কৃষ্ণ বলে।
বিপ্র বিপ্র নহে, যদি অসৎপথে চলে॥
(চৈঃ ভাঃ)

একমাত্র সত্য কি ?

সত্য কৃষ্ণনাম গুণ-শ্রবণ-কীর্ত্তন।
সত্য কৃষ্ণচন্দ্রের সেবক যে যে জন॥
(চৈঃ ভাঃ)

পতিতপাবন নিত্যানন্দ প্রভুর উপদেশ কি ?

শুন দ্বিজ যতেক পাতক কৈলি তুই।
আর যদি না করিস সব নিমু মুঞি॥
পরহিংসা ডাকা চুরি সব অনাচার।
ছাড় গিয়া ইহা তুমি না করিহ আর॥
ধর্ম্মপথে গিয়া লহ হরিনাম।
তবে তুমি অন্যেরে করিবা পরিত্রাণ॥
(চৈঃ ভাঃ)

"শ্রীগুরুতত্ত্ব—নিত্যানন্দ ; সেই কৃষ্ণাভিন্নবিগ্রহকে যে পাষণ্ডী বিবেক-বুদ্ধিতে গ্রহণ করে, সেই পাষণ্ডীর সঙ্গিগণের সহিত কোন প্রকার সম্বন্ধ রাখা ভগবদ্ভক্তের কর্ত্তব্য নহে।"

(শ্রীল প্রভুপাদ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক য়া-প্রকাশ

১৩ পুরুষোত্তম, ৩বার ক্ষীরোদশায়ী গৌরাব্দ ৪৪৩

মঠ ও মঠবাসী

——::(৪)::——

যেকাল পর্য্যন্ত হৃদয় পাপমলিন থাকে, কর্ম্ম-জ্ঞান-যোগ-অন্যাভিলাষাদি দোষে দূষিত থাকে, কনক-কামিনী প্রতিষ্ঠাকাঙ্ক্ষাশূন্য না হয়, সে কাল পর্য্যন্ত অর্চ্চাবিগ্রহে ভগবদ্‌বুদ্ধি হয় না, শ্রীগুরুপাদপদ্মে সদ্‌বুদ্ধি অর্থাৎ ভগবদ্‌বুদ্ধি হয় না—মর্ত্ত্যমানববুদ্ধি যায় না, অভিন্ন-নিত্যানন্দ বলিয়া উপলব্ধি হয় না, বৈষ্ণবে জাতিবুদ্ধি যায় না ও নামনামীতে বিশ্বাস হয় না। তাই বহুদিন ধরিয়া শ্রীগুরুপাদপদ্মের নিকট হইতে দীক্ষা লইয়া তাঁহার সেবা করিবার অভিনয় করিয়াও—মঠ সেবা অভিনয় করিয়াও মায়ার প্রবল আকর্ষণে পুনরায় সংসারেই পতিত হইতে হয়। সেবোন্মুখ না হইয়া বহুদিন হরিনাম উচ্চারণ করিলেও কোন ফলোদয় হয় না। অতএব সেবোন্মুখের হরিনামোচ্চারণ ও সেবাবিমুখের নামোচ্চারণ বা সাধনক্রিয়াদি একই রূপ দৃষ্ট হইলেও প্রকৃতপক্ষে তাহাদের মধ্যে আকাশ-পাতাল প্রভেদ বর্ত্তমান। সেবোন্মুখের সাধনে সিদ্ধি অর্থাৎ কৃষ্ণপ্রেম লাভ হয়, আর সেবাবিমুখের সাধনে নামাপরাধ ও তাহার ফল-স্বরূপ সংসার-বাসনাবৃদ্ধি অর্থাৎ উত্তরোত্তর হরিবিমুখতারূপ অন্ধকার রাজ্যে প্রবেশ লাভ হয়।

প্রকৃত সদ্ভক্ত ও তাহার অনুকরণের মধ্যে বহির্দৃষ্টিতে বিশেষ কোন পার্থক্য দৃষ্ট হয় না। অনুকরণকারিগণ শুদ্ধভক্তের অনুকরণে মঠ-মন্দির প্রতিষ্ঠা, শ্রীমন্দির ও শ্রীধাম পরিক্রমা, শ্রীমদ্ভাগবত পাঠ, কীর্ত্তন, বক্তৃতা, শ্রীবিগ্রহের অর্চ্চন, গ্রন্থপ্রকাশ, দীক্ষা-মন্ত্র প্রদান, সাময়িকপত্র ও গ্রন্থাদি প্রকাশ করিয়া থাকে। কিন্তু উদ্দেশ্যে উভয়ের মধ্যে আকাশ-পাতাল তফাৎ। শুদ্ধভক্তের উদ্দেশ্য—যাহাতে জগতের লোক বাস্তবসত্যবস্তু ভগবৎ-প্রকাশ বিগ্রহ শ্রীগুরুদেবের অনুগত হইয়া পরম মঙ্গল লাভ করিতে পারে। ভক্তের সমস্ত ক্রিয়াই স্ব-পর মঙ্গলের নিমিত্ত, কিন্তু অভক্তের চেষ্টা যাহাতে তাহার কিছু মান-সম্মান-প্রতিষ্ঠাদি লাভ হয়। অভক্ত কেবল আত্মবঞ্চনার সঙ্গে সঙ্গে লোক বঞ্চনায় মোহজাল বিস্তার করিয়া থাকে। তাহারা সাময়িকভাবে সাধুরূপে লোকসমাজে প্রতিষ্ঠিত হইলেও পরক্ষণেই তাহাদের কপটতা ধরা পড়ে। রাবণের সাধু বেশ, রাক্ষসী সূর্পণখার মোহিনীমূর্ত্তি পুতনার কপট মাতৃস্নেহ, প্রলম্বের বলদেবের সহিত বন্ধুত্ব ও অশ্বত্থামাদের রামের প্রতি আত্মীয়তাদি নানাবিধ কপটতা, সাময়িক কালে লোকপ্রতারণা করিলেও পরক্ষণেই তাহাদের স্বরূপ প্রকাশ হইয়া পড়িয়াছিল। ভোগীর ভোগে বাধা পড়িলে তাহাদের স্বরূপভাব প্রকাশিত হইয়া পড়ে। সে তখন মাৎসর্য্যানলে জ্বলিতে জ্বলিতে বিষধর সর্পের ন্যায় ফণা উত্তোলন করিয়া দংশন করিতে আসে।

হরিভক্তি অনুশীলনীয় ও অনুসরণীয়, অনুকরণীয় নহে। অনুকরণ করিলে মঙ্গলের পথে বাধা প্রদান করা হয়। বিধিমার্গে ক্রমপন্থা গ্রহণ না করিয়া একেবারেই রাগমার্গে প্রবেশ করিলে অমঙ্গলই হইয়া থাকে। কনিষ্ঠাধিকারী হইয়া মহাভাগবতের অভিমান করিলে সর্ব্বনাশ হইবে। ঘোড়া ডিঙ্গাইয়া ঘাস খাইতে যাওয়া ভাল নহে। অনর্থযুক্ত সাধক হইয়া নিত্যসিদ্ধ গৌরজনের সহিত পাল্লা দেওয়া কি সমীচীন? আবার প্রাণহীন ও আচারহীন প্রচারককে যদি গৌরপার্ষদ আচার্য্যের সহিত সমান করিতে যাই—অনাচারী ও ব্যভিচারী হইয়া সেই ব্যভিচারকে লুকায়িত রাখিয়া লোকের নিকট সাধু সাজিতে যাই, সাধুর অনুকরণকে সাধুর আসনে কেন স্থাপন করা যাইবে না বলিয়া শুক বিতর্ক উত্থাপন করি, ভগবন্নাম ধাম কামসেবাকে অর্থোপার্জ্জনের ব্যবসায়ে পরিণত করি, তাহা হইলে প্রকৃত মঙ্গল বিতরণকারী আচার্য্য কি চুপ করিয়া থাকিবেন? তিনি কি এই সব ভ্রম দেখাইয়া দিবেন না? জীব মঙ্গলের নামে মহা অমঙ্গলকে বরণ করিতে দেখিয়া তিনি কি 'মুক্তি চুপ, থাকি চুপ' নীতি অবলম্বন করিবেন? না, তিনি নিজ জীবন দান করিবার অভিনয় করিয়াও সত্যবাণী কীর্ত্তন করিবেন? কীর্ত্তনকারী—প্রচারকারী তিনি কীর্ত্তন করিবেনই। তিনি বলেন—'Strick but hear'. তাহাতে জগতের সমস্ত লোক যদি তাঁহার বিরুদ্ধে দাঁড়ায়—যাহারা তাঁহার নিকট আসিবার অভিনয় করিয়াছিল তাহারাও যদি একে একে চলিয়া যায় তাহাতেও তিনি বাস্তব সত্যবাণী কীর্ত্তন করিতে নিরস্ত হন না। তিনি বলেন 'বহু অন্যাভিলাষীকে চাহি না, নিষ্কপট হরিভজনকারী একটি লোক হইলেই যথেষ্ট।' তিনি ভগবদ্ভক্তিপ্রচারের পরিচালক নহেন যে, যে যাহাই বলুক, তাহাই ভাল বলিয়া সায় দিবেন। তিনি আমাদের বহির্মুখিনী রুচির বিরুদ্ধে দাঁড়াইয়া বলেন,—'প্রত্যেকের প্রত্যহের ভজনের একটা হিসাব-নিকাশ হওয়া দরকার হরিভজনের প্রাত্যহিক Progress এর tangible result চাই, মৌখিক হরিভক্তি—কপটতামাত্র। আমার প্রভুর সেবার জন্য সর্ব্বতোভাবে যত্নবান হইয়া সর্ব্বাবস্থায় কায়মনোবাক্যে হরিসেবা করা কর্ত্তব্য। স্বতন্ত্রে স্বতন্ত্রভাবে নিজেন্দ্রিয়তর্পণোদ্দেশে চলা উচিত নহে। পূর্ণ-প্রপত্তি বা শরণাগতির মধ্যে হরি-গুরু-বৈষ্ণবের পূর্ণ আনুগত্য আছে। আনুগত্য বর্জ্জন করিয়া যে যোড়শী করিবার চেষ্টা বা প্রয়াস তাহা হরিসেবার প্রতি বিদ্রোহাচরণ। যিনি যতটা গুরুবৈষ্ণবের আনুগত্যপূর্ণ যত্নাগ্রহ দেখাইবেন, তিনি হরিভজনের পথে তত অধিক অগ্রসর হইবেন। জাগতিক বহির্ম্মুখ লোকের বাহবা সংগ্রহ করা প্রয়োজন বা প্রচারের আদর্শ যাঁহারা মনে করেন, তাঁহারা প্রভুপাদের পাদপদ্মে উপনীত হন নাই। সমস্ত ইট, কাঠ, মাটি, পাথরের বাড়ী বিনষ্ট হয় হউক, কিন্তু খাঁটি অর্থাৎ সর্ব্বাবস্থায় সর্ব্বাত্মনা হরি-গুরু বৈষ্ণবের নিষ্কপট সেবক দু'চারিটি লোক লইয়া একটি মঠ থাকা ভাল—যেখানে নিত্য সত্য কৃষ্ণেন্দ্রিয়তর্পণ হয়। বাহিরের দিকে একটা মিথ্যা show দেখান বা লোকের নিকট বাহাদুরী কিনিবার নাম—শুদ্ধভক্তি প্রচার বা হরিভজন নহে। যাঁহারা সর্ব্বাবস্থায় সর্ব্বতোভাবে অকপটে হরিভজন করিতে প্রস্তুত, এরূপ দুই একটী লোকের সঙ্গই আমরা কামনা করিব। বহু অন্যাভিলাষী ব্যক্তির সঙ্গ প্রয়োজনীয় নহে। অন্যাভিলাষিগণের ইন্দ্রিয়তর্পণের যোগানদার হইলে আমাদের বা তাহাদের কাহারও মঙ্গল হইবে না।'

যাঁহারা গৌরকৃপাশক্তি শ্রীগুরুদেবের সেই বাণীতে কর্ণপাত না করিয়া তাঁহাদের মনঃকল্পিত সাধনভজনে প্রবৃত্ত হন, তাঁহারা গৌরের কৃপা হইতে বঞ্চিত, তাঁহারা ধামে আসিয়াও ধামবাস করিয়া অবশেষে গৃহেই ফিরিলেন। গুর্ব্বানুগত্য ছাড়িয়া—গুরুদেবের বাণীকে অবহেলা করিয়া—শ্রবণ-কীর্ত্তনাত্মক ভাগবতমার্গানুসরণ পরিহার করিয়া routine work এর মত অতি পরিশ্রমসাধ্যকার্য্যে প্রচুর উৎসাহ প্রদর্শন করিয়াও তাঁহারা পরমমঙ্গল হইতে বঞ্চিত হইবেন। বাণীসংকীর্ত্তন-যজ্ঞের হোতা, উদ্গাতা, অধ্বর্য্যু ও ব্রহ্মা স্বরূপ আচার্য্য-পাদপদ্মের আনুগত্য ছাড়িয়া, তাঁহার বাণীর প্রতি অনাদর করিয়া আমরা 'সেবা', 'সেবা' করিয়া যতই না ব্যস্ততা দেখাই, শ্রীধাম, শ্রীবিগ্রহ ও শ্রীনামসেবার জন্য যতই না ব্যাকুলতা দেখাই, হরিকথাকীর্ত্তনে যতই না কেন উৎসাহ প্রদর্শন করি, সাধু-শাস্ত্র-গুরুমুখপদ্মবাক্যের সহিত যদি আমাদের সাধনের ঐক্য না থাকে, তাহা হইলে সকলই পণ্ডশ্রম হইবে। মঠবাস করিয়াও আধ্যাত্মিক মাৎসর্য্যযুক্ত হইয়া থাকিলে মঠবাস ত' দূরের কথা, মঠদর্শনও হইবে না। আধ্যক্ষিকের গুরুপাদপদ্ম লাভ হয় না। সে যাহাকে গুরু মনে করে, তাহা গুরু নহে, লঘু। তাহার গুরু মরিয়া যায়। আধ্যক্ষিক মাৎসর্য্যের মঠের চূড়ায় শকুনি বসিতে পারে—অপবিত্র বস্তু ভিতরে ঢুকিতে পারে—বিধর্ম্মী মঠকে উড়াইয়া দিতে পারে—মঠবাসিগণের উপর অমানুষিক অত্যাচার করিতে পারে। কিন্তু ভক্তের মঠ সেরূপ নহে। ভক্তের মঠ ইট, কাঠ, মাটি, পাথরের দ্বারা গঠিত নহে। তাঁহাদের মঠ শ্রীভক্তিসিদ্ধান্তবাণীর দ্বারা নির্ম্মিত—সুদর্শনচক্রদ্বারা সুরক্ষিত। তাঁহাদের মঠকে এ জগতের কেহ স্পর্শও করিতে পারে না, ধ্বংসও করিতে পারে না। কালা-পাহাড় বা আওরঙ্গজেবের সেই অপ্রাকৃত মন্দির ধ্বংস ত' দূরের কথা, তাঁহার কথা চিন্তাও আনিতে পারে না। সেই অপ্রাকৃত বাণীময়-মন্দিরের বিনাশ নাই, তাহা চেতন। চেতনের উপর অচেতনের কোন পরাক্রম খাটে না। এই মায়িক ব্রহ্মাণ্ডে ভক্তের মঠের অধিষ্ঠান নাই, কেবলমাত্র অবভাস আছে। মায়িকব্রহ্মাণ্ডে অভক্তের তথাকথিত মঠে কেবল আত্মেন্দ্রিয়তৃপ্তির কথা আছে। কিন্তু ভক্তিমঠের সকলেই স্বসুখে উদাসীন হইয়া কেবল কৃষ্ণেন্দ্রিয়-তর্পণে ব্যস্ত। ভক্তের সুখই তাঁহাদের সুখ—দুঃখই তাঁহাদের দুঃখ। আধ্যক্ষিকগণ মাৎসর্য্যযুক্ত হইয়া তাঁহাদিগের মতে

যে ইন্দ্রিয়তর্পণচেষ্টা লক্ষ্য করে, তাহা কেবল ঐ আধ্যক্ষিকেরাই দর্শনপ্রাপ্তি যায়। মঠবাসীর কোন অভাব-অসুবিধা নাই। যে যে বস্তুদ্বারা হরিসেবা হয়, তাহা ভক্তগণের কখনও অভাব হয় না। তাঁহারা জগতের কাহারও মুখাপেক্ষী নহেন। তাঁহারা বহির্মুখ জগতের কোটি কোটি লোকের হুমকি দেখিয়া ভীত ও সন্ত্রস্ত হন না। তাঁহারা শ্রীগুরুপাদপদ্ম-ছত্রতলে দাঁড়াইয়া আধ্যক্ষিক, মাংসপুষ্ট, বিবর্তবাদিগণের বিবর্তদর্শনের তীব্র প্রতিবাদ করেন। এইরূপ সর্বেন্দ্রিয়ে সর্বদা সর্বতোভাবে হরি-গুরু-বৈষ্ণবসেবাপরায়ণ মঠবাসিগণের সেবা করিতে পারিলেই কোনও দিন আমাদের মঠদর্শন হইবে — মঠবাসের অধিকার লাভ হইবে—শ্রীনাম-সেবার অধিকার লাভ হইবে। নতুবা মঠবাসের ছলনা করিয়া কোন লাভ নাই।

তর্ক ও পরিপ্রশ্ন

(প্রাপ্ত)

——::(*)::——

বদ্ধজীবের স্বভাবই এই যে, তাহারা সব রকম বিষয় লইয়াই তর্ক করিয়া থাকে। তাহারা তর্কের দ্বারা অপরকে পরাস্ত করিয়া নিজেকে স্থাপন করিবার চেষ্টাবিশিষ্ট হয়। এজগতে মনোধর্মের দ্বারা চালিত হওয়ার জন্য বা তর্কপরায়ণ হইবার জন্যই আমরা শত-করা শতজনই দেহধর্ম, মনোধর্ম ও আত্ম-ধর্মের পার্থক্য বুঝিয়া উঠিতে পারি না। জড়জগতে ধর্মের নামে যে সকল চিন্তাস্রোত চলিতেছে, তাহা সবই মনোধর্মপ্রসূত। তাহা হইতে আত্মধর্ম বা বৈষ্ণবধর্ম সম্পূর্ণ পৃথক এবং অচিন্ত্যবস্তু। জীব স্বরূপতঃ আত্মবস্তু। আত্মধর্মে প্রতিষ্ঠিত হওয়াই তাহার একমাত্র স্বার্থ বা প্রয়োজন। শ্রৌতপথেই এই প্রয়োজন সিদ্ধ হইয়া থাকে। তর্কের দ্বারা ইহার বিপরীত ফল লাভ হয়। এইজন্যই শাস্ত্র বলিয়াছেন,—"অচিন্ত্যাঃ খলু যে ভাবা ন তাংস্তর্কেণ যোজয়েৎ।" অর্থাৎ যে ভাব অচিন্ত্য, তাহাতে তর্কের যোজনা করা উচিত নহে। শ্রীমদ্ভগবদ্গীতা কথিত "তদ্বিদ্ধি প্রণিপাতেন পরিপ্রশ্নেন সেবয়া" এই বাক্যানুসারে আত্মধর্ম-লাভেচ্ছু ব্যক্তির আত্মবিদের নিকট অভি-গমনের উপদেশ শুনিতে পাওয়া যায়। কিন্তু আমরা স্বভাবতঃ তর্কপন্থা লইয়াই সাধুর নিকট উপস্থিত হইয়া মনে করি যদি তর্কের দ্বারা পরাস্ত করিতে পারেন, তবেই সাধুর কথা মানিব নচেৎ মানিব না। আত্মবিৎ তর্কপন্থী নহেন—তিনি শ্রৌতপন্থী, একথা আমাদের বধির কর্ণে প্রবেশ করে না বা আমাদের বোধ-গম্যের বিষয় হয় না। এমনই আমাদের তর্কনিষ্ঠ মন।

তর্ক ও পরিপ্রশ্ন—দুইটী সম্পূর্ণ স্বতন্ত্র বস্তু। পরিপ্রশ্নের উদ্দেশ্য,—শ্রদ্ধা পূর্বক জানিবার জন্য ইচ্ছাবিশিষ্ট হওয়া, আর তর্কের উদ্দেশ্য এই যে, সাধু-গুরু হইতেও আমার অভিজ্ঞতা বেশী, অতএব আমার নিকট হইতে তাঁহারা কিছু শিখিয়া বা জানিয়া রাখুন; ইহাকেই সহজ ভাষায় বলে—গুরুর উপর গুরু গিরি।

—"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট"—

——::০::——

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে; বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক খোলা। শিক্ষকগণ আদর্শ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে, খোরাক ও রেজনবাবদ প্রতি মাসে মাত্র ৬৲ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। বর্ত্তমান বর্ষে ১৬ জন বালকের মধ্যে ১৫ জন ভালভাবে উত্তীর্ণ হইয়াছে।

মেধাবী ছাত্রগণের আরও সুবিধা

পরীক্ষায় যাহারা শতকরা ৭৫ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ সচ্চরিত্র মেধাবী ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক-সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত্র, সিদ্ধান্ত ও শিক্ষা অতিসুন্দরভাবে আলোচিত হইয়াছে। এই এক অপূর্ব্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

——

শ্রীচৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত্র অতিসুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ বিশ্ববিশ্রুত শ্রীমৎ অকিঞ্চন তীর্থ মহারাজ লিখিত ইহার ভিক্ষা মাত্র ৪৲ টাকা। প্রাপ্তিস্থান শ্রীযুত অধ্যক্ষের ভক্তিশাস্ত্রী, শ্রীযোগপীঠ, ঈশোদ্যান, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

——

শ্রীশ্রীসরস্বতী-সংলাপ

প্রথম খণ্ড

শ্রীব্রহ্মমাধ্ব গৌড়ীয়সম্প্রদায়ৈকসংরক্ষক ওঁ বিষ্ণুপাদ পরমহংস পরিব্রাজকাচার্য্য শ্রীশ্রীমদ্ ১০৮শ্রী শ্রীমদ্ ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী-প্রভুপাদ বিভিন্ন দেশীয় ও বিভিন্ন সজ্জনবৃন্দের প্রশ্নোত্তরে ও সংশয়-নিরাকরণকল্পে যে-সকল শুদ্ধভক্তি সিদ্ধান্তবাণী কীর্ত্তন করিয়াছেন, যাহা তাঁহার প্রকটকালেই 'গৌড়ীয়'-সম্পাদক শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ প্রভুপাদেরই শ্রীহস্তে সংশোধিত করাইয়া রাখিয়াছিলেন এবং যাহার কিয়দংশ গৌড়ীয়পত্রে প্রকাশিত হইয়াছে, তাহা "শ্রীশ্রীসরস্বতী-সংলাপ" নাম দিয়া পূর্ব্ব শ্রীল প্রভুপাদের 'বক্তৃতাবলী' ও 'পত্রাবলী' আকারে খণ্ডে খণ্ডে প্রকাশিত হইতেছেন। বর্ত্তমানে শ্রীল প্রভুপাদের শতবার্ষিক বিরহতিথিপূজা-বাসরে এই গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছেন। মানবজীবনের বহু জটিলতম সমস্যা ও কঠিন প্রশ্নের সমাধান ইহাতে পাওয়া যাইবে। ভক্তগণের পাঠকমাত্রেরই এই গ্রন্থ সংগ্রহ একান্ত প্রয়োজন।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপদেশক পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী সম্প্রদায়-বৈষ্ণবাচার্য্য প্রভৃতি মহোদয়ের শ্রেষ্ঠগবেষণা এবং পরিপক্ব লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত্র-পাঠে ধন্য হউন। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিভিন্ন চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৩৮শ অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের সুলিখিত মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্ত্তার ভূমিকাদ্বয় (Preaces), বিষয় তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র-(Index Glossary) সহ গ্রন্থখানি প্রকাশিত। ভিক্ষা—১৫ পনর টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, রায়পেট্টা মাদ্রাজ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

———:(০):———

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিভিন্ন ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু গ্রন্থাদি এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১৩।২নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

ম্যালেরিয়ার পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাটতি অত্যন্ত অধিক। লিভার প্লীহা সংযুক্ত পালাজ্বর এবং নূতন ও পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। মূল্য ছোট বোতল ৸৵০ দশ আনা, বড় বোতল ১৵০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা

অথবা

পোঃ বেহালা, ২৪ পরগণা

'ঠাকুর ভক্তিবিনোদ'

———::(০)::———

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি প্রচারের মূল মহাজন সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অভিমর্ত্ত্য জীবনচরিত এতাবৎকাল পর্য্যন্ত গ্রন্থাকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয়মঠাচার্য্যবরের শুভেচ্ছায় সর্ব্বজনপরিচিত সু-লেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু মূল্যবান শিক্ষাবলীও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১২৫ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৸০ আনা; ডাক মাশুল স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান—ম্যানেজার গ্রন্থবিভাগ

শ্রীগৌড়ীয়মঠ

পোঃ বাগবাজার

কলিকাতা

ই, বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	৪-৩৬	৬ ২৬	৭-০৬	১২-২৬	১৪-৫৬	১৬-৫৬	১৭-৫৬	২২-২৬
রাণাঘাট পৌঃ			৮-২৮	১৪-১৫				
(বদল) ছাঃ			৯-৩৪	১৪-৫০				
কৃষ্ণনগর পৌঃ	৭-১	৮-৪৫	১০-৮	১৫-২৩	১৭-২৮	১৯-০৮	২০-১৬	১-১৫
(বদল) ছাঃ	৭-১২		১০-৩১		১৭-৩৬		২০-২৬	
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫১		১১-১০		১৮-১৬		২১-৪	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
রাণাঘাট পৌঃ	১২-৫৫
ছাঃ	১৩-০
শান্তিপুর পৌঃ	১৩-২৬
(বদল) ছাঃ	১৩-৩১ (ন্যারো গেজ রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪-১২
ছাঃ	১৪-৩০
নবদ্বীপঘাট পৌঃ	১৫-১০

ডাউন

নবদ্বীপঘাট ছাঃ	৫-৪৫		৯-১০			১৩-৩১	১৬-০	১৮-৩১
কৃষ্ণনগর পৌঃ	৬ ২০	৯-১৬	৯-৪৮	১১-৪১	১৪-১০	১৬-৩৮	১৯-১১	২১-১০
ছাঃ	৫-৩৬	৭-১৮	১০-১১			১৬-৫৬	১৯-২৫	
রাণাঘাট পৌঃ			১০-৫৬			১৭-৩০		
(বদল) ছাঃ			১১-১			১৭-৪০		
কলিকাতা পৌঃ	৬-১৬	৯-২১	১১-৫১	১২-১৬	১৪-১৬	১৯-১১	২১-৩১	২৩-৩৭

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৩-৩১	১৬-০	
কৃষ্ণনগর পৌঃ	১৪-১০	১৬-৩৮	
ছাঃ	১৫-২৮	১৭-৩৯	
শান্তিপুর পৌঃ	১৬-৯	১৮-১৩	
(বদল) ছাঃ	১৬-৩৩	১৮-২৫ (রবিবার ভিন্ন)	২০-৪০ (রবিবার)
রাণাঘাট পৌঃ	১৭-১০	১৮-৫০	২১-১৫
(বদল) ছাঃ	১৭-৪০	১৯-১৪	২১-৫০
কলিকাতা পৌঃ	১৯-১১	২০-৪০	২৩-৩৭

পোঃ —শ্রীমায়াপুর
টেলিগ্রাম—শ্রীধাম
শ্রীমায়াপুর'

REGD NO C 1544

দৈনিক নদীয়াপ্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়াজেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৪শ খণ্ড] শ্রীমায়াপুর— ১৬ই শ্রাবণ, ১৩৪৬, ১লা আগষ্ট, ১৯৩৯, মঙ্গলবার [১৩১শ সংখ্যা

বিবিধ সংবাদ

—য়(০)

পরীক্ষার ফল প্রকাশের নূতন ব্যবস্থা

কলিকাতা বিশ্ববিদ্যালয় উহার বিভিন্ন পরীক্ষার ফল ঘোষণায় যে নূতন পন্থা এই বৎসর অবলম্বন করিয়াছেন, তৎপ্রতি বাঙ্গলা গবর্ণমেণ্টের দৃষ্টি আকৃষ্ট হইয়াছে। বর্ত্তমান বৎসর বিশ্ববিদ্যালয় ম্যাট্রিকুলেশন, বি-এ ও বি-এস-সি পরীক্ষায় উত্তীর্ণদের তালিকা প্রকাশ করিয়া উহা বিক্রয় করার ব্যবস্থা করেন। সম্প্রতি বাঙ্গলা গবর্ণমেণ্টের পক্ষ হইতে বিশ্ববিদ্যালয়ের এই নূতন ব্যবস্থায় প্রবল আপত্তি উত্থাপিত হইয়াছে বলিয়া জানা গিয়াছে।

প্রকাশ, বাঙ্গলা গবর্ণমেণ্টের শিক্ষা-বিভাগ কলিকাতা বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষকে এক পত্রযোগে জানাইয়াছেন যে, কলিকাতা গেজেটে উপরোক্ত পরীক্ষাগুলির ফল প্রকাশিত হওয়ায় বিশ্ববিদ্যালয় যে সুবিধা ভোগ করিয়া থাকেন, তদ্বিবেচনায় বিশ্ববিদ্যালয় যদি এই বৎসরের ব্যবস্থা অর্থাৎ পৃথক ভাবে পরীক্ষোত্তীর্ণদের নামের তালিকা ছাপাইয়া বিক্রয় করার প্রথা আগামী বৎসর হইতে বন্ধ না করেন, তাহা হইলে গবর্ণমেণ্ট কলিকাতা গেজেটে আর উপরোক্ত পরীক্ষাগুলিতে পরীক্ষোত্তীর্ণদের নাম প্রকাশ করিবেন না।

বর্ত্তমান বৎসরের পূর্ব্বে কলিকাতা বিশ্ববিদ্যালয় বিভিন্ন পরীক্ষার ফলাফল প্রথমে বিশ্ববিদ্যালয় বিল্ডিংয়ে টাঙ্গাইয়া দিতেন। তারপর উহা পাকাপাকিভাবে কলিকাতা গেজেটে প্রকাশিত হইত। বর্ত্তমান বৎসরে বিশ্ববিদ্যালয় প্রথমে ম্যাট্রিকুলেশন পরীক্ষার ফলাফলের তালিকা বিশ্ববিদ্যালয়ের বিল্ডিংয়ে না টাঙ্গাইয়া বিভিন্ন বিদ্যালয়ের হেড মাষ্টারের নিকট সংশ্লিষ্ট বিদ্যালয়ের ফলাফল প্রেরণ করেন। তারপর মাত্র পরীক্ষোত্তীর্ণদের নামের নির্দ্দিষ্ট সংখ্যক তালিকা ছাপাইয়া বাজারে বিক্রয়ার্থ প্রেরণ করেন। উহার পর অবশ্য ম্যাট্রিকুলেশন পরীক্ষার সম্পূর্ণ ফল কলিকাতা গেজেটে যথানিয়মে প্রকাশিত হয়। বিশ্ববিদ্যালয় অতঃপর বি এ ও বি-এস-সি পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের নামের তালিকাও ছাপাইয়া বাজারে বিক্রয়ার্থ প্রকাশ করেন। বাঙ্গলা গবর্ণমেণ্ট এই ব্যবস্থার বিরুদ্ধে আপত্তি উত্থাপন করিয়াছেন।

গবর্ণমেণ্টের শিক্ষা বিভাগ হইতে উপরোক্ত পত্রে বলা হইয়াছে যে, এ পর্য্যন্ত কলিকাতা গেজেটে যে পরীক্ষোত্তীর্ণদের নাম প্রকাশিত হইত একমাত্র তাহাই পাকাপাকি নামের তালিকা বলিয়া পরিগণিত হইত। এই তালিকা গেজেটে প্রকাশ করার জন্য গবর্ণমেণ্টের বেশী কিছু ব্যয় লাগিত; কিন্তু ঐ ফল বাহির হওয়ায় গেজেট কিছু বেশী বিক্রয় হইত এবং তাহা হইতে ঐ ব্যয়ের কিছু আদায় হইত। কিন্তু এই বৎসর যেরূপ হইয়াছে, সেইরূপভাবে বিশ্ববিদ্যালয় যদি পরীক্ষোত্তীর্ণদের নামের তালিকা ছাপাইয়া বাহির করেন তবে সেই তালিকাই পাকাপাকি বলিয়া গণ্য হইবে। সুতরাং ঐ তালিকা আর কলিকাতা গেজেটে প্রকাশ করার প্রয়োজন থাকিবে না; কারণ কলিকাতা গেজেট পরে বাহির হয় ও উহার মূল্যও অধিক। অতএব বিশ্ববিদ্যালয় যদি পরীক্ষোত্তীর্ণদের নামের তালিকা ছাপাইয়া পৃথকভাবে বাহির করা বন্ধ না করেন, তবে গবর্ণমেণ্ট আগামী বৎসর হইতে এই তালিকা কলিকাতা গেজেটে প্রকাশ করিবেন না।

বিষয়টি বর্ত্তমানে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষের বিবেচনাধীন আছে।

হায়দরাবাদে সাম্প্রদায়িক দাঙ্গা

২৮শে জুলাই পরিকল্পিত শাসন-সংস্কারের বিরুদ্ধে প্রতিবাদ জ্ঞাপন উদ্দেশ্যে এক মিছিল বাহির হইলে সহরে সাম্প্রদায়িক দাঙ্গা বাধিয়া যায়। রামগড়ী ষ্টেশন রোডস্থিত এক বাড়ী হইতে মিছিলের উপর ইটপাটকেল নিক্ষিপ্ত হয়, এবং তাহার ফলে তিন ব্যক্তি সামান্যরূপে আহত হয়। উত্তেজিত হইয়া কয়েক ব্যক্তি সেই বাড়ীর ভিতর প্রবেশ করিবার চেষ্টা করে এবং কয়েকটি জানালার ক্ষতি করে। পুলিশ এই ব্যাপারে হস্তক্ষেপ করিয়া জনতা ছত্রভঙ্গ করিয়া দেয়। তাহার পর এই মর্ম্মে এক মিথ্যা গুজব রটে যে, কাচোয়ান থানার একজন সাব-ইন্সপেক্টর গোলাগুলিতে আহত হইয়াছে। তখন জনতার একাংশ আবার সমবেত হইয়া দ্রুপেট অভিমুখে অগ্রসর হয়। সেখানেও কয়েকটি বাড়ী হইতে তাহাদের উপর আবার ইটপাটকেল নিক্ষিপ্ত হয়। জনতা সেই সকল বাড়ীতে বলপূর্ব্বক প্রবেশ করিতে চেষ্টা করিলে বাড়ীর লোকজন তাহাদের উপর গুলী বর্ষণ করে; ফলে দুইজন আহত হয়; তন্মধ্যে একজনের আঘাত গুরুতর হয়। পরে ঐ অঞ্চলের অন্যান্য অংশের স্থানে স্থানে মারপিট চলিতে থাকে এবং তাহার ফলে ২৬ জন আহত হয়। পরে দুইজন মারা যায়। জেনারেল হাসপাতালে তিনজনের অবস্থা সঙ্কটাপন্ন। সতর্কতামূলক ব্যবস্থা হিসাবে সিটি ম্যাজিষ্ট্রেট ফৌজদারী কার্য্যবিধির ১৪৪ ধারা অনুসারে আদেশ ও স্থির শান্তির জন্য সান্ধ্য আইন জারী করিয়াছেন। সতর্কতামূলক ব্যবস্থা হিসাবে সৈন্যদলকেও প্রস্তুত রাখা হইয়াছে।

যুক্তপ্রদেশ গবর্ণমেণ্টের উদ্যম

ছাত্রগণের স্বাস্থ্যের উন্নতিকল্পে যুক্তপ্রদেশ গবর্ণমেণ্ট প্রত্যেক ছাত্রকে প্রতিদিন বিনা মূল্যে দুগ্ধ সরবরাহ করিবার জন্য একটি পরিকল্পনা গ্রহণ করিয়াছেন। গবর্ণমেণ্ট পরীক্ষামূলকভাবে আগ্রা জিলা বোর্ডের অধীনস্থ কয়েকটি স্কুলের প্রত্যেক ছাত্রকে দৈনিক ১ পাউণ্ড করিয়া জ্বাল দেওয়া দুগ্ধ দিবার ব্যবস্থা করিয়াছেন। বর্ত্তমানে আচনেরা, সিকান্দ্রা, কাগারোল, ইৎমাদপুর ও ফতেয়াবাদ স্কুলেই এই পরিকল্পনা সীমাবদ্ধ রাখা হইয়াছে। যদি এই পরিকল্পনায় সুফল পাওয়া যায় এবং আগ্রা জিলার ছাত্রগণের স্বাস্থ্যের উন্নতি লক্ষিত হয়, তাহা হইলে অন্যান্য জিলা সমূহেও উক্ত পরিকল্পনানুযায়ী দুগ্ধ বিতরণ করা হইবে।

পেন্সন বা অর্থ সাহায্য দানের সিদ্ধান্ত

আইন অমান্য আন্দোলন সম্পর্কে যে সকল ব্যক্তি বরখাস্ত হন বা যাঁহাদের চাকুরী যায় অথবা যাঁহারা পদত্যাগ করেন, তাঁহাদের মধ্যে যাঁহাদের কাজ করার মত ক্ষমতা নাই বা পদের অভাবে পুনরায় যাঁহাদিগকে কাজে নিযুক্ত করা সম্ভব নহে, কিম্বা কোন পদ খালি না থাকে, বা অন্য কোন কারণ ঘটিলে, সেইসব ব্যক্তিকে পেন্সন বা এককালীন অর্থ সাহায্য করার সিদ্ধান্ত নাকি গবর্ণমেণ্ট করিয়াছেন।

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক। প্রতি একাদশীতে প্রকাশিত হয়। কলিকাতা বাগবাজারস্থ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। সডাক ভিক্ষা ৪।০ টাকা মাত্র।

২। গৌড়ীয়—মহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১।০ টাকা মাত্র।

৩। ভাগবত—হিন্দিভাষার একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ টাকা মাত্র।

৫। শ্রীগৌড়ীয়—মহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ মাত্র।

পরমগুরু শ্রীগৌরকিশোর

গৌড়ীয়-সম্পাদক-লিখিত, শ্রীগৌড়ীয়মঠাচার্যের ভূমিকা-সম্বলিত, বহুচিত্র-শোভিত ও বিষয় সূচী-সম্বলিত "পরমগুরু শ্রীগৌরকিশোর" গ্রন্থাকারে প্রকাশিত হইয়াছেন। এই গ্রন্থে শুদ্ধগৌড়ীয়বৈষ্ণবগণের পরমারাধ্য, গৌড়ীয়গৌরবশিখামণি অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তিবিগ্রহ নিত্যলীলাপ্রবিষ্ট পরমহংস ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল গৌরকিশোরদাস গোস্বামী প্রভুবরের অভিনবঠ্য চরিতকথা বর্ণিত আছে।

শ্রীশ্রীভক্তিবিনোদাবির্ভাব-শতবর্ষপূর্ত্তিতিথিপূজার উপায়ন-গ্রন্থমালা

——::(০)::——

১। গীতিসাহিত্যে শ্রীভক্তিবিনোদ

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র গীতিসাহিত্যের সমালোচনা-গ্রন্থ)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

২। শ্রীভক্তিবিনোদবাণীবৈভব

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের রচনামৃতসাগর হইতে আহৃত ১০৮টি অধ্যায়ে সম্বন্ধ-অভিধেয়-প্রয়োজনাকারে গুম্ফিত অমূল্য উপদেশপূর্ণ গ্রন্থ)

ভিক্ষা—৩৲ তিন টাকা মাত্র।

৩। শ্রীশ্রীভক্তিবিনোদ-প্রসঙ্গ

ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ ও ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামীপ্রভু-বিরচিত এবং গৌড়ীয়ে প্রকাশিত শ্রীশ্রীভক্তিবিনোদ-চরিত-প্রসঙ্গ

ভিক্ষা—৷৵০ ছয় আনা মাত্র।

৪। ছাত্রদের ভক্তিবিনোদ

(ছাত্রদের উপযোগী ভাষায় লিখিত শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্র ও শিক্ষা)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

(ছাত্রদের পক্ষে ভিক্ষা—।০ আট আনা মাত্র)

প্রাপ্তিস্থান :—

(১) 'ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট', পোঃ শ্রীমায়াপুর, নদীয়া ;

২) শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ;

৩ শ্রীযুক্ত সুধাংশুরঞ্জন দাস এম্-এ, বি-এল্, পুরাণপল্টন পোঃ রমনা, ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

অক্ষরাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্,—সমগ্র ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ২৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। ভাষায় বিরাট শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৬৲
৩। ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬
৪। সরস্বতী-জয়শ্রী (অবাঁধা) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০ ; ২য় খণ্ড ১৲ ; ৩য় খণ্ড—৸০
৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০ ; ২য় খণ্ড—১৲ ; ৩য় খণ্ড—৸
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার-দীপিকা ও সংস্কার দীপিকা ১।০
৯। বৈষ্ণবধর্ম ২৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ।০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ-তত্ত্ব ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষৎ ।০
১৮। বামন-আন্দর ।০
১৯। তত্ত্ববিবেক ।০
২০। গৌড়ীয়-গৌরব ৷৵০
২১। গৌড়ীয়সাহিত্য ৷৵০
২২। ভজন-রহস্য ।০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা-সহ) ২৲
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) ২৲
অবাঁধা) ১৲
২৬। গীতার কেবল মাত্র-ভাষ্য ।০
২৭। মুক্তিমালিকা গৌরগোবিন্দঃ (সানুবাদ) ২৲
২৮। বেদান্তস্যমন্তক (সানুবাদ) ।০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৸০
৩০। দীন-দিগ্‌-দর্শন ৶০
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ৷৵০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ।০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶০
৩৫। গীতমালা ৴১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৶০
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৶০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০
৩৯। শ্রীগোদ্রুমকল্পাটবীকুঞ্জ ।০
৪০। শরণাগতি ৴০
৪১। গীতাবলী ৴০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
৪৩। সাধনতত্ত্ব ৴০
৪৪। প্রেমবিবর্ত্তচন্দ্রিকা ৴
৪৫। নবদ্বীপশতক
৪৬। অর্থপঞ্চক
৪৭। সদাচারস্মৃতি ৩৴
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৴১০
৪৯। অর্চ্চনকণ ৴১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম-৪ খণ্ড) ৬৲
৫১। ব্রহ্মসংহিতা ।০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।০
৫৩ গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪ পুরুষার্থ-বিনির্ণয় ।০
৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ।০
৫৬ ভারতবর্ষ ও ভক্তিপথ ৶০
৫৭। ঈশোপনিষদ্ (ভাষাদিসহ) ।০
৫৮। শ্রীকৃষ্ণনেত্র ৶০
৫৯। শিক্ষাষ্টকদর্পণ ৶০
৬০। সাংখ্যবাণী ৴০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১ শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।০
৬২ সিদ্ধান্ত-সরস্বতী বিজিতনঃ ।০
৬৩। সটীক-শিক্ষাদশমূলম্ ।০
৬৪। তত্ত্বসূত্রম্ ।০
৬৫। সান্বয় শিক্ষাষ্টকম্ ৶০
৬৬। গৌড়ীয়মঠতত্ত্বপরিচয়ঃ ৴০
৬৭। মায়াবাদশতদূষণম্ ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।০
৬৯। এ ভিউ অফ্ দি অল বেদাস ।০
৭০। নামভজন ৴০
৭১। বেদান্ত—ইট্‌স্ মর্ফলজী অ্যাণ্ড অণ্টলজি ।০
৭২। রিলেটিভ ওয়ার্ল্ডস ৷৵০
৭৩। লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস্ অব শ্রীচৈতন্য মহাপ্রভু ।০
৭৪। বৈষ্ণবীজম্ ।০
৭৫। হোয়াট গৌড়ীয়মঠ ইজ্ ডুইং ৴০
৭৬। দি ভাগবত ।০
৭৭। ইসোটিক প্রিন্সিপাল অ্যাণ্ড আবষ্ট্যাকেল্‌স ডিভোসন [illegible]
৭৮। ব্রহ্মসংহিতা ২৷০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (অসম্পূর্ণ খণ্ড) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ।০
৮১। সাধন-পথ ।০
৮২। কল্যাণ-কল্পতরু ৶০
৮৩। গীতাবলী ৴০
৮৪। শরণাগতি ৴০

আসামী ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ৴০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ৬৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক

নদীয়া-প্রকাশ

একমাত্র পারমার্থিক

দৈনিক পত্র

শ্রীধাম-মায়াপুর-নদীয়া।

১৪শ বর্ষ { ১৬ পুরুষোত্তম ৪৪৭ গৌরাব্দ, ১৬ই শ্রাবণ বঙ্গাব্দ ১৩৪০, ১লা আগষ্ট ইং ১৯৩৩, মঙ্গলবার } ১৩১শ সংখ্যা

গুরু-তত্ত্ব

——:(*):——

১। শ্রীগুরুদেব শ্রীবিষ্ণুবৈষ্ণব-অচিন্ত্য-ভেদাভেদ-প্রকাশ-তত্ত্ব।

২। শ্রীগুরুদেব আশ্রয়জাতীয় বিষ্ণু-বিগ্রহ-লীলার প্রকটকারী।

৩। শ্রীগুরুদেব ভগবৎপ্রিয়তম বিষ্ণু-বিগ্রহ হইয়াও বৈষ্ণবরূপে যাদৃশ পণ্ডিতকে উত্তোলন করিবার জন্য এপকে সর্ব্বপ্রান্তে অধিষ্ঠিত।

৪। শ্রীগুরুদেব প্রাণিরাজ নররূপে আমার একমাত্র উপাস্য-বস্তু।

৫। শ্রীগুরুদেব নরোত্তমরূপে বৈষ্ণব-গণের পরমবরণীয় বস্তু সেবকসূত্রে বৈষ্ণব হইলেও শ্রীগৌরসুন্দরের সহিত অচিন্ত্য-ভেদাভেদ-তত্ত্ব।

৬। শ্রীগুরুদেব অভেদবিচারে উপাস্য-পরাকাষ্ঠা তত্ত্ব।

৭। শ্রীগুরুদেবের সেবায় পরিতৃপ্তমান্ জগৎ যায়, তবে যাদৃশ সেবাবিমুখ নর তাঁহাকে নরোত্তম বলিয়াই বিদ্ধ।

৮। নরোত্তম-শ্রীগুরুদেবের ভক্ত সজ্জন বৈষ্ণব, সুতরাং তাঁহারাই আমার গুরু-রূপে বহু মূর্ত্তিতে প্রকটমান্।

৯। শ্রীগুরুদেব আশ্রয়-জাতীয়-তত্ত্ব, শ্রীকৃষ্ণ বিষয়-তত্ত্ব।

১০। শ্রীগুরুদেব সেবক-ভগবান্, শ্রীকৃষ্ণ সেব্য-ভগবান্।

১১। শ্রীগুরুদেব স্বরূপ-প্রকাশ, শ্রীকৃষ্ণ স্বরূপ।

১২। শ্রীগুরুদেব বলদেব-নিত্যানন্দা-ভিন্ন-স্বরূপ, শ্রীগুরুদেব অভিন্ন-ব্রজেন্দ্র-নন্দন।

১৩। শ্রীগুরুদেব নিত্য কৃষ্ণের সেবক; শ্রীগুরুদেব নিত্যকাল সর্ব্ববিভাবে কৃষ্ণ-সেবক।

১৪। শ্রীগুরুদেব মুকুন্দপ্রেষ্ঠ, রাগমার্গে স্বরূপসিদ্ধ শিষ্যের দর্শনে কৃষ্ণশক্তি অভিন্ন বার্ষভানবী।

শ্রীশ্রীল আচার্য্যদেবের কৃপালিপি

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

শ্রীচৈতন্য মঠ,

৪।৭।৩৩

পরম পূজনীয় শ্রীপাদ নদীয়াপ্রকাশ-সম্পাদক প্রভুর শ্রীচরণেষু—

প্রভো, আমার সাষ্টাঙ্গ দণ্ডবৎ-প্রণাম কৃপা পূর্ব্বক গ্রহণ করিবেন এবং পূজনীয় বৈষ্ণব-বৃন্দকে জানাইবেন।

আজ কয়েক (প্রায় চারি) মাস যাবৎ শারীরিক ও মানসিক পীড়ায় কাতর থাকায় চিকিৎসক ও নিত্যহিতৈষী বন্ধুবান্ধববর্গের ইচ্ছা ও উপদেশানুসারে সুশীতলস্থানে কৃষ্ণানুসন্ধান পূর্ব্বক জুড়াইবার জন্য যাইতেছি।

কৃষ্ণের বড়ই কৃপা ও আমার পরম সৌভাগ্য যে, যাহাদের গতি কোনকালেই নাই—এতাদৃশ নিত্যধর্ম্মভ্রষ্ট ও অসতো অতিনিবিষ্ট ব্যক্তিগণ কর্ত্তৃকও আমার মত একটা পাপী, পাতকী, অতিপাতকী ও মহাপাতকী নরকের কীট জীবাধম দুঃসঙ্গ-জ্ঞানে পরিত্যক্ত হওয়ায় পুরস্কারস্বরূপ হরিভজনের অপূর্ব্ব দুর্লভ সুযোগ পাইয়াছে শরণাগতির "প্রাণেশ্বর! কহবুঁ কি সরম কি বাত। ঐছন পাপ নাহি, যো হাম্ না করলুঁ, সহস্র সহস্র বেরি নাথ। আপন চতুর পণ, তুয়া পদে সোঁপলুঁ, হৃদয়গরব দূরে গেলা। দীন দয়াময়, তুয়া কৃপা নিরমল, বিনোদদেবক আশা ভেলা।" "নূনং মে ভগবাংস্তুষ্টঃ সর্ব্বদেবময়ো হরিঃ। যেন নীতো দশামেতাং নির্ব্বেদশ্চাত্মনঃ প্লবঃ॥ তত্তেঽনুকম্পাং সুসমীক্ষমাণো ভুঞ্জান এবাত্মকৃতং বিপাকম্। হৃদ্বাগ্বপুর্ভির্বিদ-ধন্নমস্তে জীবেত যো মুক্তিপদে স দায়ভাক্॥" ইত্যাদি ভাগবত ও গুরু-ভাগবতের বাণী অদ্য ও নিত্যকাল আমার হৃদয়ের অন্তঃস্থল হইতে আত্মারূপে বাহির হইয়া আমার অনুসরণীয় পন্থা সুস্পষ্টভাবে নির্দ্দেশ ও উপদেশ করিতেছেন। সুতরাং আমার ন্যায় জীবকীটের জন্য কোনও চিন্তা ও ভয়ের কারণ নাই। অবন্তী-নগরের ত্রিদণ্ডিভিক্ষুর অনুসরণে আজ আমিও গাহিয়া চলিয়াছি,—

"এতাং সমাস্থায় পরাত্মনিষ্ঠামধ্যাসিতাং পূর্ব্বতমৈর্মহর্ষিভিঃ।
অহং তরিষ্যামি দুরন্তপারং তমো মুকুন্দাঙ্ঘ্রি-নিষেবয়ৈব॥"

যাহাদের পরজ্ঞাতব্য শ্রীগৌরসুন্দর ও তদ্ভক্ত আমার নিত্যবান্ধব আপনারা—সকল বৈষ্ণববৃন্দের শ্রীচরণে এযাবৎ ইচ্ছা ও অনিচ্ছাক্রমে, জ্ঞাত ও অজ্ঞাতসারে যদি কোন অপরাধ করিয়া থাকি, তাহা হইলে পুনঃ পুনঃ ক্ষমা প্রার্থনা করিতেছি। আপনাদের প্রসন্নতা ও আবেদনের ফলে শ্রীগুরু-গৌরাঙ্গ নিশ্চয়ই আমাকে তাঁহাদের পাদপদ্মে নিত্য আশ্রয় দিবেন—ইহাই আশাবন্ধ।

অদ্য ব্যক্তিকালে ও বিষ্ণুপাদ শ্রীভক্তি-বিনোদ ঠাকুরের প্রিয়তম ও বিষ্ণুপাদ শ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের কৃপাভাজন কিঙ্কর ত্রিদণ্ডি-স্বামী শ্রীপাদ ভক্তিপ্রদীপ তীর্থ গোস্বামী মহারাজ—যিনি শ্রীল প্রভুপাদের মনোভীষ্ট শিক্ষারই পরমপূজনীয় আচার্য্যরূপে দৃঢ়প্রত্যয় সকল অকপট শুদ্ধ ভক্তবৃন্দকেই শ্রীহরিগুরুবৈষ্ণবের সেবায় পরিচালন করিবেন এবং আমার নিত্যবান্ধব সকলেই তাঁহার আজ্ঞাপালন ও কৃষ্ণভজনে সাহায্য করিবেন।

এই পত্রখানা প্রয়োজন মনে করিলে দৈনিক-নদীয়াপ্রকাশে প্রকাশ করিতে পারেন।

পুনরায় আমার নিত্যবান্ধব ও নিত্য সম্পর্কযুক্ত প্রিয় মিত্র বৈষ্ণববৃন্দের শ্রীচরণে ক্ষমাভিক্ষা চাহিয়া, দণ্ডবৎ প্রণাম করিতেছি—যেন বঞ্চনা না করিয়া, কৃপা করেন।

অদোষদর্শি বৈষ্ণবদাসানুদাসাভিলাষী—

স্বাঃ—শ্রী অনন্তবাসুদেব দাস

মায়াতে করিয়া বন্ধ ছাড়ান না যায়। সাধু-গুরু-কৃপা বিনা না দেখি উপায়।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

১৩ পুরুষোত্তম, খাণ্‌ প্রচার গৌরাব্দ ৪৫৩

শ্রীকৃষ্ণ-সংকীর্ত্তন

যতদিন পর্য্যন্ত জীবের ভক্ত্যুন্মুখী সুকৃতির উদয় না হয়, ততদিন পর্য্যন্ত তাহারা ভক্তি অপেক্ষা কর্ম্মকে শ্রেষ্ঠ বা ভক্তির সহিত সমান জ্ঞান করিয়া থাকে। কর্ম্মিগণ ভগবান্ ও ভগবদ্ভক্তের সেবা করিবার পরিবর্ত্তে সেবাদম্ভদ্বারা নিজের সেবা করাইয়া লইবার দুর্ব্বুদ্ধি পোষণ করিয়া থাকে। অভক্তগণ ভগবান্‌কে খাজাঞ্চি মনে করিয়া তাঁহার নিকট হইতে কনক-কামিনী-প্রতিষ্ঠাদি আদায় করিয়া লইতে চায়, কিন্তু হরিভক্তগণ এই সকল বহির্ম্মুখ ব্যক্তিগণকে নরকগমনের পথ হইতে উদ্ধার করিবার জন্য—ইহাদের ক্লেশমূল অবিদ্যা অন্ধকার দূরীভূত করিবার জন্য সর্ব্বক্ষণ হরিকীর্ত্তন করিয়া থাকেন। আলো ও অন্ধকার একসঙ্গে থাকিতে পারে না।

কৃষ্ণ সূর্য্যসম, মায়া হয় অন্ধকার।
যাঁহা কৃষ্ণ তাঁহা নাহি মায়ার অধিকার॥

কৃষ্ণসংকীর্ত্তনরূপ দিব্যজ্ঞান আলোকে অজ্ঞান অন্ধকার দূরীভূত হয়। আলো ব্যতীত অন্ধকার দূর হয় না। আলোর অনুসরণ না করিলে অন্ধকারে অন্ধকূপেই পড়িয়া থাকিতে হয়—বিপদসমূহ নিবারিত হয় না। শ্রীগুরুপাদপদ্ম কৃপা করিয়া জীবের অজ্ঞান ঘুচাইয়া দিব্যজ্ঞান প্রদান করেন। এই-জন্যই স্বয়ং-ভগবান্ শ্রীগৌরসুন্দর ভক্তভাব অবলম্বন করিয়া কৃষ্ণসংকীর্ত্তনযজ্ঞ প্রবর্ত্তন করাইয়াছেন। এই সংকীর্ত্তন-যজ্ঞ যাহাকেও অনুসরণ করিলেই তাহার মায়াবন্ধন—অজ্ঞান-অবিদ্যা পরাভূত হয়। এইজন্যই গৌরসুন্দর নির্ব্বিশেষে সকলকেই কীর্ত্তন-যজ্ঞে যোগদানের জন্য আহ্বান করেন। অতএব শিল্প, বাণিজ্য, শিক্ষা, গবেষণা, পাণ্ডিত্য, বিদ্যা, প্রাণ, অর্থ, বুদ্ধি, বাক্য সমস্তকেই কৃষ্ণসেবায় নিযুক্ত করিতে বলেন। যিনি কীর্ত্তনাখ্য ভক্ত্যঙ্গ-যাজন করেন, তাঁহারই সকল অঙ্গ সাধিত হয়। কৃষ্ণ-সংকীর্ত্তন—অঙ্গী, আর অন্যান্য সাধন সকলই অঙ্গ—[illegible] শ্রীজীবপ্রভু তিনি জানেন—শ্রীকৃষ্ণসংকীর্ত্তন সাধনশিরোমণি। অবশ্য ভক্তির অঙ্গ অনেক, অবশ্য শ্রবণকীর্ত্তনেরই

'এক'অঙ্গ সাধে, কেহ সাধে 'বহু' অঙ্গ।
'নিষ্ঠা' হৈতে উপজয় প্রেমের তরঙ্গ॥
* * * *
'এক' অঙ্গে সিদ্ধি পাইল বহু ভক্তগণ।

শাস্ত্র যেখানে একাঙ্গ সাধনের কথা বলিয়াছেন, সেখানেও কৃষ্ণ-সংকীর্ত্তনই একমাত্র বিষয়। "যদ্যন্যা ভক্তিঃ কলৌ কর্ত্তব্যা, তদা কীর্ত্তনাখ্যা ভক্তিসংযোগেনৈব কর্ত্তব্যা।" একাঙ্গ নাম-সংকীর্ত্তনের দ্বারাই সর্ব্বসিদ্ধি লাভ হয়। অন্যান্য সাধনাঙ্গসকল যদি শ্রবণ-কীর্ত্তনাখ্য কৃষ্ণ-নাম-সংকীর্ত্তন-সহযোগে সাধিত হয়, তবেই ফলোদয় হয়। কৃষ্ণ-সংকীর্ত্তন বাদ দিয়া ধামবাস, শ্রীমূর্ত্তিসেবা প্রভৃতি কোন অঙ্গই পরিপূর্ণ হয় না। কিন্তু যদি কেবল কৃষ্ণ সংকীর্ত্তন হয়, তাঁহা হইলে তাহা দ্বারাই ধামবাসের ফল, ভাগবত-শ্রবণের ফল, শ্রীমূর্ত্তিসেবার ফল প্রভৃতি সকল সিদ্ধিই করতলগত হয়। হরিকথা-শ্রবণকীর্ত্তন ব্যতীত মঠবাসী ভক্তগণের অন্য কোন কৃত্যই নাই। নিত্যানন্দের নামহট্টে—শ্রীকৃষ্ণসংকীর্ত্তনে যোগদান করা ব্যতীত জীবের অন্য কোন প্রকারেই মঙ্গললাভ হইতে পারে না। বালক, বৃদ্ধ, যুবা, স্ত্রী, পুরুষ, পণ্ডিত, মূর্খ, ধনী, দরিদ্র, পাপী, পুণ্যবান্ সকলেরই কৃত্য কৃষ্ণসংকীর্ত্তনে যোগদান করা।

সেই ভক্ত, সেই বড়, অভক্ত—হীন, ছার।
কৃষ্ণভজনে নাহি জাতি-কুলাদি-বিচার॥

ব্রাহ্মণ হরিভজন করিবেন অন্যে পারিবেন না, পুরুষ হরিভজন করিবে স্ত্রী পারিবে না, স্বাস্থ্যবান্ হরিভজন করিবে অসুস্থ ব্যক্তি পারিবে না, বিদ্বান লোক হরিভজন করিবে মূর্খ পারিবে না, নীচকুলে জাত বলিয়া হরিভজন করিতে পারিবে না, এরূপ নহে। গুরুপাদপদ্মের শরণ গ্রহণ করিলে তাঁহার কৃপায় সকলেই হরিকীর্ত্তনে অধিকার লাভ করিতে পারিবেন। কীর্ত্তন-কারী—শ্রীগুরুদেব, অন্যান্য সকলেই তাঁহার দোহারকারী। কীর্ত্তনকারীর আনুগত্যে অনুকীর্ত্তনই উত্তমা ভক্তি বা কৃষ্ণসংকীর্ত্তন। গুরুপাদপদ্মের আনুগত্য বাদ দিয়া যে কীর্ত্তন-প্রয়াস, তাহা কৃষ্ণসংকীর্ত্তন নহে, কেবল চীৎকার মাত্র। শ্রোতৃগণ বা দোহারগণকে অনাদর করিয়া লাভ-পূজা-প্রতিষ্ঠাদির জন্য যে কীর্ত্তনের অভিনয়, তাহা হরিসংকীর্ত্তন নহে—উহা মায়ার কীর্ত্তন। নিজেকে কীর্ত্তনকারী আচার্য্যের অযোগ্য ভৃত্যানুভৃত্য বলিয়া উপলব্ধি না হইলে হরিসংকীর্ত্তন হয় না, কেবল চীৎকার করিয়া পিত্তবৃদ্ধি হয় মাত্র। আবার গুরুপাদপদ্মের আদেশে কীর্ত্তন করিয়াও যদি দম্ভ আসে, আমি বক্তা ইহারা শ্রোতা, আমি উপদেশক, অন্যান্য সকলে আমার উপদেশ গ্রহণ করিতেছে, যদি ইত্যাকার দম্ভ ও প্রতিষ্ঠাশা হৃদয়ে জাগে তাহা হইলে সংকীর্ত্তনকারীকে নিজস্থান হইতে ভ্রষ্ট হইয়া পতিত হইতে হয়। সেই-জন্যই মহাপ্রভু বলিয়াছেন,—

তৃণাদপি সুনীচেন তরোরপি সহিষ্ণুনা।
অমানিনা মানদেন কীর্ত্তনীয়ঃ সদা হরিঃ॥

কৃষ্ণসংকীর্ত্তন করিতে হইলে তৃণাদপি সুনীচ, তরুর ন্যায় সহিষ্ণু ও অমানি-মানদ হইতে হইবে। অমানি-মানদ না হইলে কীর্ত্তনে অধিকার হয় না। কর্ম্ম-কাণ্ডে তৃণাদপি সুনীচতা নাই, কপটতা করিয়া আঁকুপাঁকু ভাব-দেখান তৃণাদপি সুনীচতা নহে। শ্রীল প্রভুপাদ বলিয়াছেন,—

"হে জীবগণ, তোমরা কীর্ত্তন ব্যতীত আর কিছু কোরো না, সর্ব্বক্ষণ 'কীর্ত্তন' করবে। 'অমানি-মানদ', 'তৃণাদপি সুনীচ' না হ'লে কীর্ত্তন হয় না। তুমি বড় ওস্তাদ—বড় বুদ্ধিমান্—এসকল বিচারে প্রমত্ত হ'য়ো না। আমি গৌরসুন্দরের নিকট হ'তে 'তৃণাদপি সুনীচ' হওয়ার উপদেশ পেলাম, আমাকে যদি কেউ আক্রমণ করে, তখন আমার তাহা সহ্য ক'রে হরিনাম করা উচিত—তখন আমার জানা উচিত যে, আজ ভগবান্ আমাকে কৃপা ক'রে 'তৃণাদপি সুনীচ' হওয়ার অবসর প্রদান ক'রেছেন, এরূপ জেনে আমার হরিনামে আরও উৎসাহান্বিত হওয়া উচিত। কিন্তু যদি কেউ আমার গুরুবর্গের উন্নত পদবীর অমর্য্যাদা করে, তবে তাঁকে বল্‌বে,—"ওরে পাষণ্ডী, তুই বৈষ্ণবের সুনীচতা বুঝতে পারছিস্ নে. ভগবানের বক্ষে বক্ষে যাঁকে রাখ্‌বার বস্তু যে 'বৈষ্ণব', তাকে তুই তোর চেয়েও নীচ মনে করছিস? তোতে যে দুরাচার আছে, তা তুই বৈষ্ণবে আরোপ করছিস্ কোন্ সাহসে? পাষণ্ডী কর্ম্মী তুই জানিস্ নে—সমস্ত মঙ্গলমূর্ত্তি হাতজোড় ক'রে যে বৈষ্ণবের সেবাপ্রতীক্ষায় সতত দণ্ডায়মান, সেই বৈষ্ণবের নিন্দা করলে তোর অমঙ্গল যে অবশ্যম্ভাবী! বৈষ্ণবের বিদ্বেষ করলে জীবের পরম অমঙ্গল ঘটে। বৈষ্ণব-নিন্দককে সযুক্তিভাবে দণ্ডিত করতে হ'বে—ইহাই 'তৃণাদপি সুনীচতা', 'সহিষ্ণুতা'; কিন্তু যখন কেউ ব্যক্তিগতভাবে গালি-গালাজ করতে থাকেন, তখন আমি জানবো—যে সকল লোক অহর্নিশ পড়বেন, ভগবান্ তাঁদের দ্বারা আমার নরক বিধান ক'রে দিয়েছেন। ভগবান্ যখন আমাকে দয়া করেন, তখন অসংখ্য মুখে অসংখ্যপ্রকার কটু কথা বা'র ক'রে আমাকে সহনশীল শিক্ষা দেন। ভগবান্ আমাকে জানান,—দুনিয়ার নিন্দা সহ্য

[illegible] দুঃখ বহ সংসার নহে কম্ম॥

করতে না শিখ্‌লে "হরিনাম" করবার অধিকার হয় না।"

নিষ্কপটে গুরু-বৈষ্ণবের কৃপাপ্রার্থী হইলেই কৃষ্ণসংকীর্ত্তনে অধিকার লাভ হয়। তাই ঠাকুর ভক্তিবিনোদ গাহিয়াছেন,—

বৈষ্ণব দেখিয়া পড়িব চরণে
হৃদয়ের দুঃখ জানি।
বৈষ্ণব ঠাকুর প্রভুর কীর্ত্তন
দেখাইবে দাস মানি॥

শ্রীগুরুসেবকের বিচার

(পণ্ডিত শ্রীপাদ নবীনকৃষ্ণ বিদ্যালঙ্কার)

শ্রীগুরুপাদপদ্মে মর্ত্ত্যবুদ্ধি, অবিশ্বাসই আমাদের সর্ব্বপ্রকার অমঙ্গলের মূল। ইহা হইতে প্রথমে সন্দেহ, তৎপরে নাস্তিকতা আসিয়া আমাদের শ্রীহরি-গুরু-বৈষ্ণব-সেবাবৃত্তি ভঙ্গ করিয়া দেয় এবং জগতের সকল লোককে শ্রীহরি-গুরু-বৈষ্ণব-সেবা হইতে বিমুখ বা নাস্তিক করিয়া সেজন্যই স্ব-পর-মঙ্গলের বাধা হইয়া বিবেচিত হয়। আমরা কখনও যেন এই প্রকার দুর্দ্দৈবগ্রস্ত না হই এবং অপরকেও এই প্রকারে দুর্দ্দিনে পাতিত না করি,—এ বিষয়ে আমাদের সকলেরই সর্ব্বদা বিশেষ সাবধান থাকা একান্ত কর্ত্তব্য।

নিষ্কপট, শরণাগত আত্মমঙ্গল-প্রার্থী শ্রীগুরুসেবকগণ "বৈষ্ণবের নিন্দাকর্ম্ম নাহি পাড়ে কাণে। সবে কৃষ্ণভজন করে,—এইমাত্র জানে।"—এই প্রকার বিচারে সর্ব্বক্ষণ প্রতিষ্ঠিত থাকিয়া নিজে সর্ব্বক্ষণ হরিকথা-শ্রবণ-কীর্ত্তনে—শ্রীহরি-গুরু-বৈষ্ণব-সেবায় নিযুক্ত থাকেন এবং অপর সকলকে এই প্রকার আচার-প্রচারের দ্বারা আকৃষ্ট করিয়া তাঁহাদিগকে সর্ব্বক্ষণ হরিকথা শ্রবণ-কীর্ত্তনে ও শ্রীহরি-গুরু-বৈষ্ণব-সেবায় নিযুক্ত রাখেন; ইহাই তাঁহাদের স্ব-পর-মঙ্গল-চিন্তা।

মনোধর্ম্মিব্যক্তিগণ সর্ব্বদা দোদুল্যমান-চিত্তবৃত্তিবিশিষ্ট। স্থির হইয়া দাঁড়াইবার একটা ভিত্তি তাহাদের নাই। তাহারা কোন সময় মনে করে—হরি-গুরু-বৈষ্ণব সত্যবস্তু, তাঁহারা নিত্যকাল জগতে আছেন; হরি-গুরু-বৈষ্ণব-সেবা করাটাই ভাল। আবার পরমুহূর্ত্তে বিচার করে—হরি-গুরু-বৈষ্ণব বলিয়া কোন বস্তু জগতে নাই, কিংবা হরি-গুরু-বৈষ্ণব আছেন কিনা, সন্দেহ; সুতরাং হরি-গুরু-বৈষ্ণব-সেবা ছাড়িয়া ভোগী না ত্যাগী হওয়াটাই ভাল। এই

প্রকার অমর্য্যাদাকর চঞ্চলমতি ব্যক্তিগণকে যেন আমরা আমাদের দুর্ল্লভ মনুষ্য-জীবনের আদর্শ না করি।

"আচার্য্যং মাং বিজানীয়াৎ" শ্লোকের মর্য্যাদানুসারে শ্রীগুরুপাদপদ্মকে—শ্রীআচার্য্য-পাদপদ্মকে ভগবদ্বস্তু, নিরস্তকুহক বাস্তব বস্তু বলিয়া দৃঢ় বিশ্বাস করত সর্ব্বদা তাঁহার একান্ত শরণাগত থাকিয়া—তাঁহাতে সর্ব্বদা যুক্ত থাকিয়া প্রণিপাত, পরিপ্রশ্ন ও সেবা-বৃত্তির সহিত প্রীতিপূর্ব্বক শ্রীকৃষ্ণের ভজন করিলে শ্রীকৃষ্ণই অন্তর্য্যামী শ্রীগুরুপাদপদ্ম-রূপে আমাদের চিত্তে উদিত হইয়া আমা-দিগকে এমন সুবুদ্ধি প্রদান করেন—যদ্দ্বারা সর্ব্বক্ষণ সর্ব্বাবস্থায় শ্রীহরিকথা-শ্রবণ-কীর্ত্তনে ও শ্রীহরি-গুরু-বৈষ্ণব-সেবায় আমরা উত্তরোত্তর প্রচুর বল ও প্রবল উৎসাহ পাইয়া থাকি। অতএব আমরা যেন শ্রীগুরু-পাদপদ্মের সহিত—শ্রীআচার্য্যপাদ-পদ্মের সহিত এবং সেই গুরুপাদপদ্ম-আচার্য্য-পাদপদ্মের শরণাগত, অনুগত ও তাঁহাতে সতত যুক্ত শুদ্ধ-বৈষ্ণবগণের শ্রীপাদপদ্মের সহিত সর্ব্বদা সংযুক্ত থাকিতে পারি,—কখনও যেন বিযুক্ত হইয়া না পড়ি, এ বিষয়ে সর্ব্বদা বিশেষ সতর্কতা অবলম্বন আবশ্যক।

এই প্রকার নিত্যারাধ্য শ্রীহরি, সদ্গুরু বা শুদ্ধবৈষ্ণব এবং তাঁহাদের একান্ত শরণাগত—একান্ত অনুগত নিষ্কপট সেবক গণের মধ্যে অর্থাৎ এই দুইএর পরস্পরের প্রতি প্রীতি বা প্রাণের টান কত অধিক ও উভয়ের তাঁহাদের মাহাত্ম্য কি প্রকার, তাহা জানাইতে গিয়া শ্রীল কবিরাজ গোস্বামী প্রভু জানাইয়াছেন,—

সেই ভক্ত ধন্য, যে না ছাড়ে
প্রভুর চরণ।
সেই প্রভু ধন্য, যে না ছাড়ে নিজজন॥
দুর্দ্দৈবে সেবক যদি যায় অন্য স্থানে।
সেই ঠাকুর ধন্য, তারে চুলে ধরি' আনে॥
(চৈঃ চঃ অঃ ৪।৪৬-৪৭)

এখানে শ্রীল কবিরাজ গোস্বামিপ্রভু কাহাকে ধন্য ভক্ত, শুদ্ধভক্ত, শুদ্ধবৈষ্ণব বা সেবক বলিলেন?—যে সেবক শ্রীহরি-গুরু-বৈষ্ণব-পাদপদ্ম কখনও ছাড়েন না, তাঁহাকেই ধন্য সেবক—ধন্য ভক্ত বলিলেন। যাঁহা-সতাঁহারা শ্রীহরি-গুরু বৈষ্ণব পাদপদ্ম সর্ব্বদা দৃঢ়রূপে ধরিয়া থাকেন বলিয়া, কখনও ছাড়েন না বলিয়া ভক্তবৎসল শ্রীহরি-গুরু-বৈষ্ণব প্রভু সেই ধন্য সেবককে কখনও ছাড়েন না। এই প্রকার ধন্য ভক্ত বা সেবকের দৈবাৎ কোন দুর্দ্দৈব উপস্থিত হওয়ায় তিনি যদি শ্রীহরি-গুরু বৈষ্ণব-পাদপদ্ম ছাড়িয়া দূরদেশে চলিয়া যাইতে চান, তাহা হইলে ধন্য প্রভু—ধন্য ঠাকুর শ্রীহরি, শ্রীগুরুপাদপদ্ম, শ্রীআচার্য্যপাদপদ্ম, শুদ্ধ-বৈষ্ণব-পাদপদ্ম তাঁহাকে চুলে ধরিয়া আবার তাঁহাদের শ্রীচরণপার্শ্বে টানিয়া আনেন।

শ্রীল বৃন্দাবন দাস ঠাকুরও আমাদিগকে আর একটি বিশেষ আশার কথা জানাইতে গিয়া বলিয়াছেন,—

আমার প্রভুর প্রভু শ্রীগৌরসুন্দর।
এ বড় ভরসা চিত্তে ধরি নিরন্তর॥
(চৈঃ ভাঃ আঃ ১৭।১৫৩)

অর্থাৎ গুরুদেব, আচার্য্যদেব বা শুদ্ধ-বৈষ্ণবকে আমরা আমাদের প্রভু বলিয়া জানি, যেহেতু তাঁহারা সর্ব্বক্ষণ সেবোপাস্য শ্রীকৃষ্ণ বা শ্রীগৌরসুন্দরকেই তাঁহাদের একমাত্র আরাধ্য প্রভু বা প্রভু বলিয়া জানেন ও চব্বিশ ঘণ্টার মধ্যে চব্বিশ ঘণ্টা সময় তাঁহারা তাঁহাদের প্রাণারাম শ্রীকৃষ্ণ বা শ্রীগৌরসুন্দরের সর্ব্বপ্রকার অভিলাষ পরিপূরণ বা ইন্দ্রিয়তোষণকর কার্য্য করিয়া থাকেন,—ইহাই আমাদের বিশেষ ভরসার নিদর্শন। এই প্রকার প্রভু, গুরু, আচার্য্য, বৈষ্ণব বা সাধুগণ সর্ব্বক্ষণ পাইলেই আমরা আত্মমঙ্গল—পরমমঙ্গল লাভ করিতে পারিব; যেহেতু তাঁহারা সর্ব্বক্ষণ শ্রীগৌরসুন্দরের ইন্দ্রিয়তৃপ্তিকর কার্য্যে নিযুক্ত থাকেন বলিয়া আমাদিগকেও সর্ব্বদা শ্রীগৌরসুন্দরের ইন্দ্রিয়তর্পণকার্য্যে নিযুক্ত রাখিতে চান, শ্রীহরি-গুরু-বৈষ্ণব-সেবায় বিশেষ উৎসাহিত করেন, কৃষ্ণেতর চিন্তা বা কৃষ্ণেতর বিষয়ে কখনও কোনপ্রকারে আমাদের মনোনিবেশ করিতে দেন না,—ইহাই আমাদের পরম-মঙ্গল-লাভের একমাত্র আশা-ভরসা।

মহাজন বাক্যে একটি নিরাশার কথাও আমরা শুনিতে পাই। যাহারা শ্রীগুরুদেব বা শ্রীআচার্য্য পাদপদ্মে সন্দিহান, বিশ্বাস-হীন, তাহারা নিজেরা সর্ব্বক্ষণ শ্রীহরি-গুরু-বৈষ্ণব-সেবায়—শ্রীগৌরসুন্দরের ইন্দ্রিয়তৃপ্তি-কর কার্য্যে নিযুক্ত থাকিতে পারে না এবং অপরকেও সর্ব্বক্ষণ এই প্রকার সেবা-কার্য্যে নিযুক্ত রাখিতে সমর্থ হয় না, পরন্তু অপর কেহ যতটুকু শ্রীহরি-গুরু-বৈষ্ণব সেবা—শ্রীগৌরসুন্দরের ইন্দ্রিয়তৃপ্তিকর কার্য্য করেন, তাহা হইতেও নানাপ্রকারে নিরুৎসাহিত করিয়া তাঁহাদিগকে শ্রীহরিগুরুবৈষ্ণবসেবা বিমুখ করিয়া দেয় বা শ্রীহরিগুরুবৈষ্ণববিদ্বেষী নাস্তিক করিয়া তুলে। এই প্রকার ব্যক্তি-গণকে যদি আমরা আমাদের আত্মীয়, সুহৃৎ, প্রভু, গুরু, বৈষ্ণব, সাধু বলিয়া বিচার করি, তাহা হইলে ইহাদের সঙ্গ-ফলে আমাদের চেতনার বৃত্তি শ্রীহরিগুরুবৈষ্ণবে বিশ্বাস, তাঁহাদের শ্রীপাদপদ্মে শরণাগতি, শ্রীহরিকথা শ্রবণকীর্ত্তন প্রভৃতি শ্রীহরিগুরুবৈষ্ণবসেবা-বৃত্তিসমূহ ক্রমশঃ কমিতে কমিতে শ্রীহরিগুরু বৈষ্ণবে সম্পূর্ণ অবিশ্বাস, সন্দেহ, তৎপরে শ্রীহরি-গুরু-বৈষ্ণব বলিয়া কোন বস্তু জগতে নাই,—ধর্ম্ম অর্থ-কাম-মোক্ষ বা কনক-কামিনী-প্রতিষ্ঠা লাভই মনুষ্যজীবনের একমাত্র উদ্দেশ্য, এরূপ নাস্তিকতা আনয়ন করিয়া আমাদের সেবোন্মুখতাবৃত্তি একেবারে নষ্ট করিয়া দেয়—আত্মবিনাশ সাধন করায়। আমাদের এই প্রকার দুর্দ্দৈব লক্ষ্য করিয়াই ঠাকুর ভক্তিবিনোদ গাহিয়াছেন—"সাধন হায় পরিণাম নিরাশা।"

নিষ্কপট আত্মমঙ্গলকামী শ্রীগুরু সেবক সর্ব্বদা শ্রীহরি-গুরু বৈষ্ণব চরণে একান্ত শরণাগত থাকিয়া প্রণিপাত, পরিপ্রশ্ন ও সেবা-বৃত্তির দ্বারা শ্রীহরি-গুরু-বৈষ্ণবের অযাচিত কৃপা-লাভে নিত্যমঙ্গলের রাজ্যের দিকে অগ্রসর হওয়ায় সঙ্গে সঙ্গে যাঁহার সঙ্গের দ্বারা তাঁহার সেবোন্মুখবৃত্তি, সেবোৎ-সাহিত্য উত্তরোত্তর বর্দ্ধিত হইতেছে, দিন দিন ভজনোন্নতি হইতেছে, তাহা উপলব্ধি করিতে পারেন; পক্ষান্তরে কাহার সঙ্গ তাঁহার সেই সেবা বৃত্তিকে সঙ্কোচিত করিতেছে, সেবোৎসাহিত্য কমাইয়া দিতেছে, ক্রমশঃ নাস্তিকতার দিকে অগ্রসর করিয়া আত্মবিনাশ-সাধনের চেষ্টা করিতেছে, তাহাও তিনি বিশেষরূপে উপলব্ধি করিতে সমর্থ হন।

এই প্রকার আত্মমঙ্গলকামী নিষ্কপট, শরণাগত সেবক সর্ব্বদা শ্রীগুরু-গৌরাঙ্গের শ্রীপাদপদ্মের সহিত সংযুক্ত থাকায় ও সর্ব্বক্ষণ কায়মনোবাক্যে তাঁহাদের প্রীতিজনক কার্য্য করিবার চেষ্টা করায় সেই শ্রীগুরুগৌরাঙ্গই তাঁহাকে অযাচিত কৃপা-বিতরণের নিদর্শন-স্বরূপ অন্তর্য্যামী চৈত্যগুরুরূপে সেই ব্যক্তির চিত্তে উদিত হইয়া তাঁহাকে এমন সুবুদ্ধি প্রদান করেন—যদ্দ্বারা তিনি সদ্গুরু-অসদ্গুরু, সাধু-অসাধু, বৈষ্ণব-অবৈষ্ণব, কনিষ্ঠ-মধ্যম-উত্তম অধিকারী বা শ্রীহরি-গুরু-বৈষ্ণব-বিদ্বেষীকে ঠিকভাবে চিনিয়া যথাযথ সম্মান বা ব্যবহার প্রদর্শন করিতে পারেন। উক্তঞ্চ—

"শ্রদ্ধা-শব্দে বিশ্বাস কহে সুদৃঢ় নিশ্চয়।
কৃষ্ণে ভক্তি কৈলে সর্ব্বকর্ম্ম কৃত হয়॥"
'শ্রদ্ধাবান্ জন হয় ভক্তি-অধিকারী।
উত্তম, মধ্যম, কনিষ্ঠ শ্রদ্ধা অনুসারি॥"
"কনিষ্ঠে আদর, মধ্যমে প্রণতি,
উত্তমে শুশ্রূষা দান"।
"ঈশ্বরে প্রেম, তদধীনে মৈত্রী, বালিশে
কৃপা, দ্বেষীকে উপেক্ষা।"
"যে যেন বৈষ্ণব চিনিয়া লইয়া আদর
করিব যবে।
বৈষ্ণবের কৃপা যাহে সর্ব্বসিদ্ধি অবশ্য
পাইব তবে॥"
"বৈষ্ণব-চরিত্র, সর্ব্বদা পবিত্র,
যেই নিন্দা হিংসা করি'।
ভকতিবিনোদ, না সম্ভাষে তারে
থাকে সদা মৌন ধরি'॥"
"ক্রোধ ভক্তদ্বেষিজনে";
"গুরু-গৌরাঙ্গ-বিরোধী নিজ-জনে
জানি পর"।
"যদিও যবনী যদি নিত্যানন্দ ধরে।
তথাপি ব্রহ্মার বন্দ্য কহিল তোমারে॥"
"এত পরিহারেও যে পাপী নিন্দা করে।
তবে লাথি মারোঁ তার শিরের উপরে॥"
"অপি চেৎ সুদুরাচারো ভজতে
মামনন্যভাক্"।
"ন প্রাকৃতত্বমিহ ভক্তজনস্য পশ্যেৎ",
'ভক্তোগ্রপাপজিত্তত্ত্ব কাদাকাদাবধানতঃ'

—ইত্যাদি মহাজন ও শাস্ত্র-বাক্যের প্রকৃত তাৎপর্য্য তাঁহার উপলব্ধির বিষয় হইয়া থাকে।

পূর্ব্বোক্ত শ্রৌতপন্থা অবলম্বন ব্যতীত মাৎসর্য্য হইয়া—আধ্যক্ষিক দৃষ্টি, জ্ঞান বা সমগ্ৰকে অবলম্বনপূর্ব্বক দাম্ভিকতার দ্বারা অর্থাৎ আরোহ-পন্থায় শ্রীগুরুদেব, আচার্য্য বা শুদ্ধ বৈষ্ণবকে মাপিতে বা বুঝিতে গেলে শ্রীগুরু গৌরাঙ্গের সহিত যুক্ত থাকা হয় না ও প্রীতিপূর্ব্বক তাঁহাদের ভজন হয় না; এই হেতু শ্রীগুরুগৌরাঙ্গ সেই ভোগী বা ফলত্যাগী দাম্ভিক ব্যক্তির হৃদয়ে উদিত হইয়া তাহাকে বুদ্ধিযোগ অর্থাৎ সুবুদ্ধি প্রদান করেন না; তৎফলে সেই ব্যক্তি মোহ-বিভ্রান্ত হইয়া অসদ্গুরুকে—সদ্গুরু, সদ্গুরুকে—অসদ্গুরু, শ্রীনামের আচার-প্রচারকারী আচার্য্যকে—ভোগী, ব্যভিচারী, লম্পট এবং অস্থাভিলাষী, ভোগী বা ত্যাগী ব্যভিচারী লম্পটকে—আচার প্রচারকারী আচার্য্য, শ্রী সখী ও কৃষ্ণ ... অসাধুকে—সাধু, প্রকৃত সাধুকে—অসাধু, শ্রীহরি-গুরু-বৈষ্ণববিদ্বেষীকে—শুদ্ধবৈষ্ণব, শুদ্ধ-বৈষ্ণবকে শ্রীহরি গুরু বৈষ্ণববিদ্বেষী মনে করে, নিরস্তকুহক বাস্তব সত্যবস্তু অনর্থাপন্নযুক্ত শ্রীগুরু-পাদপদ্মকে—শ্রীআচার্য্য-পাদপদ্মকে অনর্থ-যুক্ত বিপথগামী মত্তভাবনাবিশেষ মনে করিয়া তাঁহার প্রতি অবিশ্বাস, সন্দেহ, অসূয়া, শত্রুতাচরণ, আর অনর্থযুক্ত অস্থাভিলাষী উন্মার্গগামী ভোগী বা ফলত্যাগীকে—আচার্য্য, শুদ্ধবৈষ্ণব বা সাধু মনে করিয়া তাঁহার সহিত মিত্রতা স্থাপন কিংবা সাধু-অসাধু, বৈষ্ণব-অবৈষ্ণব,—সকলকে সমান এবম্বিধ বহু প্রকার ... কাহাকে মঙ্গলের কথা ... করে ও তৎফলে ক্রমশঃ আত্মবিনাশের পথে ধাবিত হয়।

শুদ্ধভক্তি-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠ-আকর

প্রাচীন নবদ্বীপ, তাৎকাল শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীচন্দ্রশেখর-ভবনে শ্রীচৈতন্যমঠ, পরবিদ্যা-পীঠ, শ্রীশ্রীগান্ধর্ব্বিকা, শ্রীগৌর, গোপাল আচার্য্য চতুষ্টয় বিরাজ করিতেছেন। সুপ্রাচীন শুদ্ধ-[illegible] প্রকাশ যন্ত্রালয় আছে।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৪
কলিকাতায় শ্রীভক্তিবিনোদ-আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমদ্ভাগবত পাঠ, সঙ্কীর্ত্তন, মহাপ্রভুর-বেদান্ত-শ্রীমদ্ভাগবতাদি শাস্ত্রের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও হারমণিষ্ট পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়।

(৩) যোগপীঠ মায়াপুর-পীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব ভূমি মহাযোগপীঠ।

(৪) শ্রীবাস অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং [illegible] বর্ত্তমান।

(৬) মুরারিগুপ্তের পাট

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৭) কাজি সমাধি-পাট

সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি।

(৮) [illegible]
শ্রীধাম মায়াপুর

(৯) স্বানন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ জাহ্নগর (বর্দ্ধমান)

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মাউগাছি, পোঃ জাহ্নগর, (বর্দ্ধমান)
শ্রীব্যাসাবতার ঠাকুর বৃন্দাবনের স্থান

(১৩) রুদ্রদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(১৪) ঋতুদ্বীপ-গৌড়ীয়মঠালয়

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ

গৌরপুর, নদীয়া

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ

মাউগাছা —(শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৭) কুলিয়ার

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

(২০) মহেশ-পণ্ডিতের পাট

কাঁঠালপুলি, পোঃ চাকদা (নদীয়া)

(২১) রাণাঘাট-গৌড়ীয়মঠালয়

(২২) পুরী গৌড়ীয়মঠ

চব্বিশ পরগণা

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ

নারিন্দা পোঃ ওয়ারি, ঢাকা।
পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র।

(২৪) গোপালজীউমঠ

কমলাপুর, পোঃ ঢাকা

(২৫) গদাই-গৌরাঙ্গ মঠ

পোঃ বালিয়াটি, (ঢাকা)

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

বড়বাজার, পোঃ ময়মনসিংহ

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চক্চকা, কামরূপ (আসাম)

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

ওক্ প্যালেস বিল্ডিং, দার্জ্জিলিং

(৩০) সারস্বত-গৌড়ীয়মঠ

পোঃ হরিদ্বার, জিঃ সাহারণপুর, ইউ, পি

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

[illegible] পাটনা।

(৩২) গয়া গৌড়ীয়মঠ

নবগা রোড, গয়া

(৩৩) সনাতন-গৌড়ীয় মঠ

৮।৩১ বড় গণেশকির, বেনারস সিটি

(৩৪) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

(৩৫) পরমহংস মঠ,

পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়

বিশ্রামঘাট, পোঃ মথুরা

(৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্য মঠপীঠ

কিশোরপুর, বৃন্দাবন

(৩৯) একাদশীবন-কুঞ্জবনকুঞ্জ

পোঃ রাধাকুণ্ড (মথুরা)

(৪০) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪১) রাধাকুণ্ড গোষ্ঠবাটী

(৪২) শ্রীগোবর্দ্ধনমঠালয়

গোবর্দ্ধন, মথুরা

(৪৩) সঙ্কেত বিহারী মঠ

বর্ষাণা, মথুরা।

(৪৪) নন্দগ্রাম গৌড়ীয়মঠালয়

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৫) বর্ষাণা গৌড়ীয়মঠালয়

পোঃ বর্ষাণা, মথুরা

(৪৬) গোষ্ঠবিহারী মঠ—লোনারী,

পোঃ হোডোল, জেলা গুরগাঁও (পাঞ্জাব)

(৪৭) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

(৪৮) দিল্লী গৌড়ীয় মঠ

৪৫নং বেগমপুর রোড, নিউ দিল্লী

(৪৯) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, ক্যাম্পবেল বিল্ডিং বোম্বে ৭

(৫০) মাদ্রাজ-গৌড়ীয়মঠ

পোঃ রায়পেট্টা, মাদ্রাজ
শ্রীশ্রীগুরুগৌরাঙ্গরাধাকৃষ্ণপার্থসারথির সেবা

(৫১) কাভূর-গৌড়ীয়মঠ

পোঃ কভূর, কৃষ্ণা গোদাবরী (মাদ্রাজ)
শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকা-গিরিধারীর সেবা

(৫২) ব্রহ্মগৌড়ীয়মঠ

আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি (পুরী)

(৫৩) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা

(৫৪) সচ্চিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৫) টোটাকুটী

(৫৬) বিরজা-গৌড়ীয়মঠ

পোঃ বৃন্দাবন, পুরী

(৫৭) সচ্চিদানন্দ মঠ

[illegible], পোঃ কটক (উড়িষ্যা)

(৫৮) বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ

(৫৯) শ্রীপ্রপন্নাশ্রম-গৌড়ীয়-প্রচার-মণ্ডল

পোঃ বহরমপুর, মাদ্রাজ

(৬০) ভাগবতজনানন্দ মঠ

চিরুলিয়া, পোঃ রাজবেশপুর, মেদিনীপুর

(৬১) অমরি গৌড়ীয়মঠ

পোঃ অমরি, মেদিনীপুর

(৬২) আমলাযোড়া প্রপন্নাশ্রম মঠ

পোঃ রাজবাঁধ (বর্দ্ধমান)

(৬৩) চৈতন্যগৌড়ীয়মঠ

কুসুমকুমা, পোঃ চিলকুয়া, (আসাম)

(৬৪) রেঙ্গুন গৌড়ীয়মঠ

৩০১ নং বিউটিফ্ স্ট্রীট, রেঙ্গুন।

(৬৫) লণ্ডন-গৌড়ীয়মঠ

ফ্ল্যাট নং ২
৫১, ক্যাডোরোড
ব্রাম্পটন, লণ্ডন, ই ৫

(৬৬) গৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

১৪।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা

(৬৭) গৌড়ীয়মঠ অফিস

রিডিং রোড, দিল্লী (ইউ-পি)

(৬৮) শ্রীবিদ্যানিধি গৌড়ীয়মঠালয়

নবখানান, চট্টগ্রাম

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীমহানন্দ ব্রহ্মচারী ভক্ত্যালোক, ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

—:(০):—

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও দ্বিতীয় দিনের জন্ত	পরবর্ত্তী দিনের জন্ত	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও দ্বিতীয় দিনের জন্ত	পরবর্ত্তী দিনের জন্ত
প্রতিবারে প্রতি লাইনে	।০	৵০	৷৵০	।০
" " ইঞ্চি	২৲		১৷০	১৲
সিকিকলম	৬৲	৪৲		৩৲
অর্দ্ধকলম	৮৲		৬৲	
এক কলম	১২৲		১০৲	

এক বৎসরের জন্ত চুক্তি হইলে দর

প্রতিবারে প্রতি ইঞ্চি	৩৲	৷৷০
" সিকি কলম	১৬৲	১২৲
" অর্দ্ধকলম	২৪৲	১৮৲
" এক কলম	৩৬৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৷০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা /৫ ; বিশেষ সংখ্যার ভিন্ন মূল্য।

শ্রীধাম-মায়াপুরে

—:(০):—

—"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট"—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে: বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্ত বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা। তত্রাচ খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে মাত্র ৬৲ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন্ পরীক্ষায় উচ্চ ফল প্রদর্শন করিতেছে। বর্ত্তমান বর্ষে ১৬ জন বালকের মধ্যে ১৫ জন ভালভাবে উত্তীর্ণ হইয়াছে।

মেধাবী ছাত্রগণের আরও সুবিধা

পরীক্ষায় যাহারা শতে শতকরা ৭৫ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ সচ্চরিত্র বিদেশী ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক-সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা বিস্তৃতভাবে আলোচিত হইয়াছে। এই এক অপূর্ব্ব মৌলিক বিরাট্ গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

চৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত্র অতিসুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত ইহার ভিক্ষা মাত্র ৪৲ টাকা। প্রাপ্তিস্থান শ্রীযুত নন্দকিশোর ভক্তিশাস্ত্রী, শ্রীযোগপীঠ, শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীসরস্বতী-সংলাপ

প্রথম খণ্ড

শ্রীশ্রীব্রজপত্তন গৌড়ীয়মঠাদিপ্রতিষ্ঠাতা জগদ্গুরু পরমহংসকুলচূড়ামণি নিত্যলীলা-প্রবিষ্ট ১০৮শ্রী শ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামি-প্রভুপাদ বিভিন্ন জিজ্ঞাসু ও শুশ্রূষু সজ্জনবৃন্দের প্রশ্নের উত্তরে ও স্বতঃ নিরপেক্ষভাবে যে-সকল শুদ্ধভক্তিসিদ্ধান্তবাণী কীর্ত্তন করিয়াছেন, যাহা তাঁহার প্রকটকালেই 'গৌড়ীয়' সম্পাদক শ্রীযুক্ত সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ প্রভুপাদেরই শ্রীচরণে সংশোধিত করাইয়া রাখিয়াছিলেন এবং যাহার কিয়দংশ গৌড়ীয়পত্রে প্রকাশিত হইয়াছে, তাহা "শ্রীশ্রীসরস্বতী-সংলাপ" নাম দিয়া পুস্তকাকারে শ্রীল প্রভুপাদের 'প্রবন্ধাবলী' ও 'পত্রাবলী' আকারে খণ্ডে খণ্ডে প্রকাশিত হইতেছেন। বর্ত্তমানে শ্রীল প্রভুপাদের ষষ্ঠবার্ষিক বিরহ-তিথিপূজা-বাসরে এই গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছেন। মানবজীবনের বহু অমীমাংসিত সমস্যা ও কঠিন প্রশ্নের সমাধান ইহাতে পাওয়া যাইবে। ভক্তিপথের পথিকমাত্রেরই এই গ্রন্থ সংগ্রহ একান্ত প্রয়োজন।

শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী

—:(০):—

শ্রীল প্রভুপাদের চতুঃষষ্টিবর্ষপূর্ত্ত্যাবির্ভাব-তিথিতে শ্রীল আচার্য্যদেবের অভীষ্টানুসারে "শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী" প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। ইহাতে পূর্ব্বার্দ্ধ ও উত্তরার্দ্ধ দুইটি বিভাগ আছে। পূর্ব্বার্দ্ধে শ্রীল প্রভুপাদের আদি-প্রবন্ধাবলী শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের সম্পাদিত 'সজ্জনতোষণী,' শ্রীল প্রভুপাদের 'নিবেদন' সাপ্তাহিক পত্রিকা হইতে কথাসার ও প্রয়োজনীয় অর্থের টীকা-সহ প্রকাশিত হইয়াছে। উত্তরার্দ্ধে প্রভুপাদের সম্পাদিত 'সজ্জনতোষণী'র কতিপয় প্রবন্ধ কথাসার প্রভৃতির সহিত মুদ্রিত হইয়াছে। প্রবন্ধগুলি রচনাকালের ক্রমানুসারে গ্রথিত হইয়াছে; এতদ্ব্যতীত শ্রীল আচার্য্যদেবের একটি মূল্যবান্ উপোদ্ঘাত ও সঙ্কলনকারীর একটি বিস্তৃত ভূমিকা, শব্দ-সূচী, স্থান-পাত্র-শ্লোক ও পয়ার-সূচী প্রভৃতি গ্রন্থে সংযোজিত হইয়াছে। গ্রন্থটি উৎকৃষ্ট কাগজে পারিপাট্যের সহিত মুদ্রিত ও শ্রীল প্রভুপাদের আলেখ্যাদিদ্বারা ভূষিত ও সুন্দর বাঁধাই হইয়া প্রকাশিত হইয়াছে। প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, জিলা নদীয়া; শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ও শ্রীমাধ্বগৌড়ীয়মঠ, নরিন্দা, পোঃ ওয়ারী, ঢাকা।

শ্রীল প্রভুপাদের পত্রপ্রসূন মালা

এই গ্রন্থে ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তি- সিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের রচিত পত্রাবলী শ্রীল আচার্য্যদেবের বিরচিত "গৌরব" নামক ভাষ্যের সহিত প্রকাশিত হইয়াছে। শ্রীল প্রভুপাদের অনেক অপ্রকাশিত পত্র ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ।০ আট আনা।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্শা কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপদেশক পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী সম্প্রদায়-বৈভবাচার্য্য এম-এ মহোদয়ের গ্রৌঢ়গবেষণা এবং পরিপক্ক লেখনীর অদ্ভুত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত্র-পাঠে মগ্ন হউন। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিবিধ চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলক শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৩৯শ অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্ত্তার ভূমিকাদ্বয় (Preaces), বিষয়-তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র-(Index Glossary) সহ গ্রন্থখানি প্রকাশিত। ভিক্ষা—১৫৲ পনর টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, রায়পেট্টা মাদ্রাজ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

'ঠাকুর ভক্তিবিনোদ'

———::(০)::———

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি-প্রচারের মূল প্রবর্ত্তক সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অবিমর্ষ্য জীবনচরিত এতাবৎকাল পর্য্যন্ত গ্রন্থাকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয়মঠাচার্য্যবরের শুভেচ্ছায় সর্ব্ববিদ্যালঙ্কৃত সু-লেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু মূল্যবান্ শিক্ষামালাও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১২৫ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৸০ আনা; ডাক মাশুল স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান—ম্যানেজার গ্রন্থবিভাগ
শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু ধর্মগ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১৪।এনং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

ই. বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	৪-৩৬	৬-২৬	৭-০৬	১২-২৬	১৪-৫৬	১৬-৫৬	১৭-৫৬	২২-২৬
রাণাঘাট পৌঃ			৮-২৮	১৪-১৫				
(বদল) ছাঃ			৯-৩৩	১৪-৫০				
কৃষ্ণনগর পৌঃ	৭-১	৮-৪৫	১০-৮	১৫-২০	১৭-২৮	১৯-০৮	২০-১৬	১-১৫
(বদল) ছাঃ	৭-১২		১০-৩১		১৭-৩৮		২০-২৬	
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫১		১১-১০		১৮-১৬		২১-৪	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
রাণাঘাট পৌঃ	১২-৫৫
ছাঃ	১৩-০
শান্তিপুর পৌঃ	১৩-২৩
(বদল) ছাঃ	১৩-৩১ (শান্তি লোকালে)
কৃষ্ণনগর পৌঃ	১৪-১২
ছাঃ	১৪-৩০
নবদ্বীপঘাট পৌঃ	১৫-১০

ডাউন

নবদ্বীপঘাট ছাঃ	৫-৪৪		৯-১৩		১৩-৩১	১৬-০	১৮-৩১	
কৃষ্ণনগর পৌঃ	৬-২৩	৯-১৬	৯-৪৮	১১-৪১	১৪-১৩	১৬-৩৮	১৯-১১	২১-১৩
ছাঃ	৫-৩৬	৭-১৮	১০-১১			১৬-৫৩	১৯-২৫	
রাণাঘাট পৌঃ			১০-৪৬			১৭-৩০		
(বদল) ছাঃ			১১-১			১৭-৪০		
কলিকাতা পৌঃ	৬-১৬	৯-২১	১১-৫১	১২-১৬	১৪-১৬	১৯-১১	২১-৪১	২৩-৩৭

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৩-৩১	১৬-০		
কৃষ্ণনগর পৌঃ	১৪-১০	১৬-৩৮		
ছাঃ	১৫-২৮	১৭-৩৪		
শান্তিপুর পৌঃ	১৬-৯	১৮-১৪		
(বদল) ছাঃ	১৬-৩৩	১৮-২৫ (শনিবার ভিন্ন)	২০-৪০ (শনিবার)	
রাণাঘাট পৌঃ	১৭-১০	১৮-৫০	২১-১৫	
(বদল) ছাঃ	১৭-৪৪	১৯-১৪	২২-৫০	
কলিকাতা পৌঃ	১৯-১১	২০-৪০	২৩-৩৭	

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

ম্যালেরিয়ার পাচন

সর্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু, পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাটতি এত অত্যন্ত অধিক। পিলার পীড়া সংযুক্ত কালাজ্বর এবং নূতন ও পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। মূল্য ছোট বোতল ৸৵০ দশ আনা, বড় বোতল ১৵ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

৩১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা
অথবা
পোঃ বেহালা, ২৪ পরগণা।

ডাকঃ —শ্রীমায়াপুর
টেলিগ্রাম—'শ্রীধাম
শ্রীমায়াপুর'

REGD NO C 1544

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৪শ খণ্ড] শ্রীমায়াপুর— ১৭ই শ্রাবণ, ১৩৪৬. ২রা আগষ্ট, ১৯৩৯ বুধবার [১৩২শ সংখ্যা

বিবিধ সংবাদ

ট্রাঙ্কের মধ্যে যুবকের মৃতদেহ

প্রকাশ, গত বৃহস্পতিবার ৭নং আপ ট্রেণখানি গয়া ষ্টেশনে আসিলে একখানি গাড়ীর কামরার মধ্যে একটী ট্রাঙ্কের মধ্যে জনৈক যুবকের মৃতদেহ একখানি গামছা, একটী বালিশ ও একটী ছাতি পাওয়া যায়।

সংবাদে প্রকাশ, ট্রেণখানি গয়া ষ্টেশনে পৌঁছিলে কুর্ত্তা ও ধুতি পরিহিত জনৈক দীর্ঘকায় ব্যক্তিকে সন্দেহজনক ভাবে প্ল্যাটফরমে ঘুরিতে দেখা যায়, মৃতদেহ সমেত ট্রাঙ্কটী হয় গয়া ষ্টেশনে অথবা অন্য কোনও নিকটবর্ত্তী ষ্টেশনে ঐ ব্যক্তি ট্রেণে তুলিয়া দিয়াছিল বলিয়া সন্দেহ হইতেছে।

রেল পুলিশ এই ঘটনার জোর তদন্ত করিতেছে।

উড়িষ্যায় নিয়োগ ও বদলী

প্রবেশনার ডেপুটি পুলিশ সুপার রায় সাহেব সুদর্শন মহান্তি ডেপুটি পুলিশ সুপার পদে পাকা হইলেন।

পুরী জেলার সদরের প্রবেশনার সাব-ডেপুটি কালেক্টর শ্রীব্রজমোহন পাড়ী সম্বলপুর জেলার বড়গড় অঞ্চলের অতিরিক্ত তহশীলদার নিযুক্ত হইলেন।

গঞ্জাম জেলার ঘুমসুরের ষ্টেশনারী সাব-ম্যাজিষ্ট্রেট শ্রীগোবিন্দ হরিনারায়ণ উক্ত জেলার জি উদয়গিরির ডেপুটি তহশীলদার নিযুক্ত হইলেন।

গঞ্জাম জেলার জি উদয়গিরির ডেপুটি তহশীলদার শ্রীউমানাথ পট্টনায়ক উক্ত জেলার সদরের ইন্সপেক্টর তহশীলদার নিযুক্ত হইলেন।

গঞ্জাম জেলার সদরের প্রবেশনার সাব-ডেপুটি কালেক্টর শ্রীকিশোরচন্দ্র দাস উক্ত জেলার বহরমপুরে তহশীলদার নিযুক্ত হইলেন।

প্রবেশনার সাব-ডেপুটি কালেক্টর শ্রীহৃদয়ানন্দ জেনা গঞ্জাম কালেক্টরীর অফিস সুপার নিযুক্ত হইলেন।

বার্লিনে হিটলার ও রিবেনট্রপ

অবকাশ যাপনকালে হঠাৎ হের হিটলার ও হের ভন রিবেণ্ট্রপ অপ্রত্যাশিত ভাবে বার্লিনে আসিয়া উপস্থিত হন এবং চ্যান্সেলার-ভবনে পরামর্শ-বৈঠক করেন।

হের হিটলার আবার বেরখেস-এ ফিরিয়া যাইবেন এবং হের ভন রিবেণ্ট্রপ রবিবার ছুটি উপভোগ করিতে সাল্জবুর্গ-এ প্রত্যাবর্ত্তন করিবেন।

বোম্বাইয়ে সম্পত্তি কর

সহরে অবস্থিত স্থাবর সম্পত্তির উপর করধার্য্য করিবার ক্ষমতা বোম্বাই আইন সভার আছে কিনা, তৎসম্বন্ধে প্রশ্ন উঠিয়াছে। স্যার বাইরামজী জিজিভাই বোম্বাই হাইকোর্টে এক মামলা দায়ের করিয়াছেন এবং ভারত শাসন আইন অনুসারে ঐ কর অবৈধ ও অকার্য্যকর এবং ঐরূপ আইন প্রণয়ন বোম্বাই প্রাদেশিক আইন সভার ক্ষমতা বহির্ভূত হইয়াছে, ইহা ঘোষণা করিবার জন্য প্রার্থনা করিয়াছেন। মামলার বিচারকালে 'মিউনিসিপ্যালিটি যাহাতে উক্ত কর আদায় না করে, তজ্জন্য সাময়িক-ভাবে 'ইনজাংশন' জারীরও প্রার্থনা করা হইয়াছে। এই আইনানুসারে পার্শীদের সম্পত্তির শতকরা ১৩ ভাগ ও মুসলমানদের সম্পত্তির শতকরা ৩০ ভাগের উপর করধার্য্য হইবে। ১লা আগষ্ট তারিখে সুরা বর্জ্জন প্রবর্ত্তিত হইবার দিন মুসলমানসম্প্রদায় বিক্ষোভ প্রকাশ করিয়া মিছিল বাহির করিবে বলিয়া জানা গিয়াছে। বোম্বাই সরকারের সুরা-বর্জ্জন নীতির ফলে যে অর্থের আবশ্যক হইতেছে, এইভাবে কর ধার্য্য করিয়া তাহা তুলিবার ব্যবস্থা করা হইয়াছে। সম্পত্তি করের বিরুদ্ধে প্রতিবাদ জ্ঞাপন ও বিশেষ ক্ষমতা বলে কর বাতিল করিবার জন্য গভর্ণরকে অনুরোধ করিবার উদ্দেশ্যে মুসলমানদের মিছিল লাট প্রাসাদে যাইবে।

জাপ-জার্ম্মাণ চুক্তি আমেরিকার ঘোষণার জের

জার্ম্মাণী ও জাপানের মধ্যে "পণ্য-বিনিময় সম্বন্ধে এক ব্যাপক চুক্তি" স্বাক্ষরিত হয়। জার্ম্মাণীর সাহায্যে পারস্পরিক বাণিজ্য বৃদ্ধির ব্যবস্থা উহা দ্বারা হইয়াছে।

চুক্তির বিস্তারিত বিবরণ এখনও ঘোষণা করা হয় নাই, তবে রাজনৈতিক মহল বলিতেছেন, আমেরিকা জাপানের সহিত তাহার বাণিজ্য-চুক্তি বাতিল করায় জাপানের যে ক্ষতি হইবে, এই চুক্তির ফলে তাহা কতকাংশে পূরণ হইবে।

ডাকবাক্সে চিঠিপত্রের স্তূপে গোক্ষুর সর্প

উত্তর বিহারে হাজিপুর সহরে একজন ডাকপিয়ন যখন ডাক বাক্স হইতে চিঠিপত্র বাহির করিতেছিল, তখন চিঠির গাদার মধ্যে একটি গোক্ষুর সর্পকে শুইয়া থাকিতে দেখিয়া স্তম্ভিত হইয়া যায়। পিয়ন হতবুদ্ধি হইয়া চীৎকার করিয়া উঠিলে কয়েক ব্যক্তি ঘটনাস্থলে আসিয়া পড়ে এবং সাপটিকে মারিয়া ফেলে।

সিউয়ানে ট্রেণ দুর্ঘটনা

২৯শে জুলাই সকালে সিউয়ান প্ল্যাটফর্মে আপ [illegible] পার্শেল এক্সপ্রেস ট্রেণখানির সহিত একটি ইঞ্জিনের সংঘর্ষ হয়। প্রকাশ, পয়েণ্টসম্যান পয়েণ্ট দিতে ভুল করায় গাড়ীখানি আর একটি প্ল্যাটফর্মে চলিয়া যায়। প্যাসেঞ্জার ট্রেণের ড্রাইভার তৎক্ষণাৎ ব্রেক চাপিয়া ধরে, কিন্তু তথাপি ইঞ্জিনখানির সহিত ট্রেণটি ধাক্কা লাগে। ফলে, ইঞ্জিন ও তৎসংলগ্ন চারিখানি গাড়ীর সমূহ ক্ষতি হয় এবং প্রায় ৪০ জন লোক অল্প বিস্তর আহত হয়। কেহ মারা যায় নাই।

---

৬ জন হত ও ৪ জন আহত

[illegible] উপজাতীয়দের দুই দলের মধ্যে দাঙ্গায় ছয় ব্যক্তি নিহত এবং ৪ জন গুরুতর-ভাবে আহত হইয়াছে।

ঘটনার বিবরণে প্রকাশ, দুই দলের লোকজনই এক বিবাহের ভোজে যোগদান করে এবং উক্ত ভোজের সময় পানীয় জল লইয়া উভয় দলের লোকজনের মধ্যে বিবাদ আরম্ভ হয়। ক্রমে গুরুতর দাঙ্গায় পর্য্যবসিত হয়। ফলে ছয় ব্যক্তি নিহত ও ৪ জন গুরুতরভাবে আহত হয়।

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক। প্রতি একাদশীতে প্রকাশিত হয়। কলিকাতা বাগবাজারস্থ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। সডাক ভিক্ষা ৪৷৷০ টাকা মাত্র।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষান্মাসিক ১৷৷০ টাকা মাত্র।

৩। ভাগবত—হিন্দিভাষায় একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৪। পরমার্থী—শ্রীযুক্ত যদুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷৷০ টাকা মাত্র

৫। শ্রীগৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷৷০ মাত্র।

পরমগুরু শ্রীগৌরকিশোর

গৌড়ীয়-সম্পাদক-লিখিত, শ্রীগৌড়ীয়মঠাচার্য্যের ভূমিকা-সম্বলিত, বহুচিত্র-শোভিত ও বিবিধ সূচী-সমন্বিত "পরমগুরু শ্রীগৌরকিশোর" গ্রন্থরাজ প্রকাশিত হইয়াছেন। এই গ্রন্থরাজে শুদ্ধগৌড়ীয়বৈষ্ণবজগতের পরমারাধ্য, গৌড়ীয়গৌরবশিখামণি অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ নিত্যলীলাপ্রবিষ্ট পরমহংস ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল গৌরকিশোরদাস গোস্বামী প্রভুবরের অত্যদ্ভুত চরিতকথা বর্ণিত আছে।

শ্রীশ্রীভক্তিবিনোদাবির্ভাব-শতবর্ষপূর্ত্তিতিথিপূজার উপায়ন-গ্রন্থমালা

——::(০)::——

১। গীতিসাহিত্যে শ্রীভক্তিবিনোদ

শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র গীতিসাহিত্যের সমালোচনা-গ্রন্থ)

ভিক্ষা—৷৷০ বার আনা মাত্র।

২। শ্রীভক্তিবিনোদবাণীবৈভব

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের বচনামৃতসাগর হইতে আহৃত ১০৮টি অধ্যায়ে সম্বন্ধ-অভিধেয়-প্রয়োজনাকারে গুম্ফিত অমূল্য উপদেশপূর্ণ গ্রন্থ)

ভিক্ষা—৩৲ তিন টাকা মাত্র।

৩। শ্রীশ্রীভক্তিবিনোদ-প্রসঙ্গ

ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ ও ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামীপ্রভু-বিরচিত এবং গৌড়ীয়ে প্রকাশিত শ্রীশ্রীভক্তিবিনোদ-চরিত-প্রসঙ্গ

ভিক্ষা—৷৷৵০ ছয় আনা মাত্র।

৪। ছাত্রদের ভক্তিবিনোদ

ছাত্রদের উপযোগী ভাষায় লিখিত শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্র ও শিক্ষা)

ভিক্ষা—৷৷০ বার আনা মাত্র।

ছাত্রদের পক্ষে ভিক্ষা—৷০ আট আনা মাত্র)

প্রাপ্তিস্থান :—

(১) 'ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট', পোঃ শ্রীমায়াপুর, নদীয়া ;

২) শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ;

৩ শ্রীযুক্ত মুণ্ডিরঞ্জন নাথ এম্‌-এ, বি-এল্‌, পুষ্পপত্তন পোঃ রমণা, ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

- ১। শ্রীমদ্ভাগবতম্,—সমগ্র ৪০৲
- প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ২৮৲
- দশম স্কন্ধ— ৯৲
- ২। ভাষ্যসহ বিরাট্‌ শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৯৲
- ৩। ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬
- ৪। সরস্বতী-জয়শ্রী (অবাঁধা) ৪৲
- ৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
- ১ম খণ্ড ৷৷০ ; ২য় খণ্ড ১৲ ; ৩য় খণ্ড—৷৷০ ৪র্থ খণ্ড—৷৷০
- ৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
- ১ম খণ্ড—৷৷০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৷৷
- ৭। শ্রীচৈতন্যদেব ১৲
- ৮। সৎক্রিয়াসার-দীপিকা ও সংস্কার দীপিকা ১৷০
- ৯। বৈষ্ণবধর্ম্ম ২৲
- ১০। গৌড়ীয় কণ্ঠহার ২৲
- ১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲
- ১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
- ১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৷৷০
- ১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ৷০
- ১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ-তত্ত্ব ৷০
- ১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৷৷০
- ১৭। চৈতন্যোপনিষৎ
- ১৮। বামন-আদর্শ
- ১৯। তত্ত্ববিবেক ৷০
- ২০। গৌড়ীয়-গৌরব ৷৵০
- ২১। গৌড়ীয়সাহিত্য ৷৵০
- ২২ ভজন-রহস্য ৷০
- ২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্‌ ও শ্রীনবদ্বীপশতকম্‌ (বাঁধা) ১৲
- ২৪। গীতা (শ্রীবলদেব-টীকা সহ) ২৲
- ২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) ২৲ অবাঁধা) ১৲
- ২৬। গীতার কেবল বাক্য-ভাষ্য ৷০
- ২৭। মুক্তিবাধিকা শতগৌরতঃ (সানুবাদ) ২৲
- ২৮। বেদান্তত্ত্বসার (সানুবাদ) ৷০
- ২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৷৷০
- ৩০। দীপ-দিগ্‌-দর্শন ৵০
- ৩১ সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ৷৵০
- ৩২ গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ৷০
- ৩৩ নবদ্বীপধাম-গ্রন্থমালা ৷৷০
- ৩৪ ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৵০
- ৩৫ গীতমালা ৴১০
- ৩৬ নবদ্বীপধাম-মাহাত্ম্য ৵০
- ৩৭ ঐ প্রমাণ-খণ্ড ৵০
- ৩৮ শ্রীনবদ্বীপভাবতরঙ্গ
- ৩৯ শ্রীগৌড়মণ্ডলপরিক্রমায়
- ৪০ শরণাগতি ৴০
- ৪১ গীতাবলী ৴০
- ৪২ শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৷৷০
- ৪৩ সাধনতত্ত্ব
- ৪৪ প্রেমভক্তিচন্দ্রিকা ৴
- ৪৫। নবদ্বীপশতক
- ৪৬। অর্চ্চপঞ্চক
- ৪৭। সদাচারস্মৃতিঃ ৹/
- ৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৴১০
- ৪৯। অর্চ্চনকণ ৹১০
- ৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম-৪ খণ্ড) ৬৲
- ৫১। ব্রহ্মসংহিতা ৷০
- ৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ৷০
- ৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৷৷০
- ৫৪। পুরুষার্থ-বিনির্ণয় ৷০
- ৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ৷০
- ৫৬ ভারতবর্ষ ও ভক্তিপথ ৵০
- ৫৭। ঈশোপনিষৎ (ভাষ্যাদিসহ) ৷০
- ৫৮। শ্রীকৃষ্ণদেবের ৵০
- ৫৯। সিদ্ধান্তদর্পণ ৵০
- ৬০ সাংখ্যবাণী ৴০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

- ৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ৷০
- ৬২। সিদ্ধান্ত-সরস্বতী বিজিতঃ ৷০
- ৬৩। সটীক-শিক্ষাষ্টকম্‌ ৷০
- ৬৪। স্তবস্তবম্‌
- ৬৫। সানুবাদ শিক্ষাষ্টকম্‌ ৵০
- ৬৬। গৌড়ীয়মঠপরিচয়ঃ ৴০
- ৬৭। সারাংশবর্ণনম্‌ ৵০

ইংরাজী ভাষায় প্রকাশিত

- ৬৮। রায় রামানন্দ ৷০
- ৬৯। এ ফিউ ওয়ার্ডস অন বেদান্ত ৷০
- ৭০। নামভজন ৴০
- ৭১। বেদান্ত—ইটস্‌ মরফলজী অ্যাণ্ড অণ্টলজি ৷০
- ৭২। সিলেক্টেড ওয়ার্ক্‌স ৷৵০
- ৭৩। লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস্‌ অব শ্রীচৈতন্য মহাপ্রভু ৷০
- ৭৪। বৈষ্ণবীজম ৷০
- ৭৫। রোমাট গৌড়ীয়মঠ ষ্টেণ্ড ফর ৴০
- ৭৬। দি ভাগবত ৷০
- ৭৭। থিয়োটিক প্রিন্সিপাল অ্যাণ্ড অ্যাডভান্সড ভিজোকন ৷০
- ৭৮। ব্রহ্মসংহিতা ১৷০
- ৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (ফার্স্ট ভলুম) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

- ৮০। শ্রীহরিনামচিন্তামণি ৷০
- ৮১। সাধন-পথ ৷০
- ৮২। কল্যাণ-কল্পতরু ৵০
- ৮৩। গীতাবলী ৴০
- ৮৪। শরণাগতি ৴০

তামিল ভাষায় প্রকাশিত

- ৮৫। শরণাগতি ৴০

তেলেগু ভাষায় প্রকাশিত

- ৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ৬৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

একমাত্র পারমার্থিক দৈনিক পত্র

শ্রীধাম-মায়াপুর-নদীয়া

১৪শ বর্ষ | ১৭ পুরুষোত্তম ৪৫৩ গৌরাব্দ, ১৭ই শ্রাবণ শকাব্দ ১৮৬১, ২রা আগষ্ট ইং ১৯৩৯, বুধবার | ১০১শ সংখ্যা

"সর্বনাশ উপস্থিত হইলে জীব পর মার্গ-বঞ্চিত হইয়া শ্রীকৃষ্ণচৈতন্যের প্রকাশ-বিগ্রহ নিত্যানন্দকে ও তদভিন্নপ্রকাশ শ্রীগুরুদেবকে পৃথক্ জ্ঞান করে। তাহাদের গৌরসুন্দরের সেবা লাভ কখনও হয় না। তাহারা নিত্যকাল গুরুদ্রোহী হইয়া দুর্ভাগী হইয়া পড়ে।"

(শ্রীল প্রভুপাদ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

১৭ পুরুষোত্তম, বুধ অনিরুদ্ধ গৌরাব্দ ৪৫৩

শরণাগতই নির্ভীক

——::(•)::——

শ্রীহরি, গুরু ও বৈষ্ণব—এই তিনটী তত্ত্ব অভিন্ন। একটী অপরটীকে ছাড়িয়া থাকিতে পারেন না। তিনে-এক, একে—তিন। শ্রীভগবান্ ভক্তী আর গুরুদেবের জন্য। একটীকে বাদ দিয়া অপর দুইটীর অস্তিত্ব স্বীকৃত হয় না। ভগবান্ বলিয়াছেন,—

সাধবো হৃদয়ং মহ্যং সাধূনাং হৃদয়ন্ত্বহম্।
মদন্যত্তে ন জানন্তি নাহং তেভ্যো মনাগপি॥

ভগবান্ নিত্য গোলোক বৃন্দাবনবাসী। বৃন্দাবন পরিত্যাগ করিয়া তিনি কোথাও যান না। বৃন্দাবনই তাঁহার নিত্য বিহার-স্থলী। বৃন্দাবনেই তাঁহার পরিকরাদি বর্তমান। ভগবানের সেবা বা কৃপা পাইতে হইলে তাঁহার সেবক বা পরিকরগণের কৃপার প্রয়োজন। ভগবদ্ভক্তের অভিপ্রায় হইতে না পারিলে—তাঁহার হৃদয়ে প্রবেশ করিতে না পারিলে ভগবদ্দর্শন হয় না। ব্রজবাসীর কৃপা না হইলে ব্রজেন্দ্রনন্দনের কৃপা বা সেবা পাওয়া যায় না। আমাদের গুরুবর্গ সকলেই ব্রজবাসী। এই ব্রজবাসি-গুরুপাদ হরিজনের একমাত্র সম্বল। শ্রীল ঠাকুর নরোত্তম বলিয়াছেন,—

শ্রীগুরুচরণপদ্ম, কেবল ভকতিসদ্ম,
বন্দো মুই সাবধান মতে।
যাঁহার প্রসাদে ভাই, এ ভব তরিয়া যাই,
কৃষ্ণপ্রাপ্তি হয় যাঁহা হ'তে॥

জগতে কর্মী, জ্ঞানী, অন্যাভিলাষী, যোগী, তপস্বী প্রভৃতি অনেক গুরু আছে। এই সকল গুরু ত্যাগ করিয়া একমাত্র সদ্গুরুপাদাশ্রয়ই কর্তব্য। এ জগতের কোন কিছুর অভিমান থাকিলে সদ্গুরুপাদাশ্রয় হয় না। নিষ্কিঞ্চন না হইলে এই সদ্গুরুর পাদপদ্ম আশ্রয় করিতে পারা যায় না। এজগতের ধন, জন, পাণ্ডিত্য, বিদ্যা, বুদ্ধি কোন কিছুর অহঙ্কার থাকিলে—দর্প, গর্ব থাকিলে গুরুপাদাশ্রয় হয় না, গুরুপাদপদ্ম তাঁহাকে স্বচ্ছন্দে গ্রহণ করেন না। অহঙ্কার অভিনয় করিয়াও বঞ্চিতই হয়েন। এজগতের ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র, ব্রহ্মচারী, গৃহস্থ, বানপ্রস্থ, সন্ন্যাসী অভিমান থাকাকালে গুরুপাদাশ্রয় হয় না। অহঙ্কারী, দাম্ভিক ব্যক্তি গুরুপাদাশ্রয় করিতে পারে না। কর্তৃত্বাভিমান থাকাকালে সেবকাভিমান জাগিতে পারে না। সেবকাভিমান না জাগিলে গুরুপাদাশ্রয় হয় না। গুরুপাদাশ্রয় হইলে বাহিরে সে কোন স্থানেই হউক আহ্বান করা যাইতে পারে, তাহাতে তাঁর ভজনের কোন ক্ষতি হয় না। যতক্ষণ সর্বতোভাবে গুরুপাদাশ্রয় করিতে না পারি অর্থাৎ 'আমি ও' তোমার, তুমি ও' আমার, কি কাজ অপর ধনে।'—এই ভাবে প্রতিষ্ঠিত হইতে না পারি ততক্ষণ পর্যন্ত [illegible] একমাত্র [illegible] করিবার অভিনয় করিলেও [illegible] ও আমাতে বিরাট ব্যবধান থাকিবে। যতক্ষণ দেহগেহ-বুদ্ধি আছে, দেহের বিভূতিস্বরূপ আত্মীয়-স্বজনাদিতে মমতাবুদ্ধ আছে, ততক্ষণই সংসার, ততক্ষণই [illegible] দুঃখ কষ্ট, আপদ-বিপদ, জর্জরিত হইয়া থাকে। কিন্তু গুরু নিত্যানন্দের সংসার—আনন্দময়; সেখানে দুঃখ যন্ত্রণা কোন কথাই নাই। সমস্তই নিত্যানন্দের। তাঁহার হইয়া গেলে কি তিনি সেই শরণাগত অকিঞ্চনকে তাঁহার হরিবিমুখতা বাড়াইয়া কষ্ট দেন? দুঃখ কষ্টের মূলই ত' হরিবিমুখতা। কিন্তু সেখানে হরিবিমুখতাই নাই সেখানে আবার কষ্ট কোথায়? 'গুরুর আমি' হইয়া যাইতে পারিলে সকল অবস্থায় সকল স্থানেই সুবিধা হইয়া যায়। নিজের জনকে কি কেহ কষ্ট দেয়? শরণাগতের নিজের বলিয়া ভাল-মন্দ, সুখ দুঃখের কোন চিন্তা ভাবনা নাই। শরণাগত সেবক প্রভুর তাঁবেদার, সুবিধা-অসুবিধা চিন্তাই সর্বক্ষণ বাস্ত থাকায় [illegible] না থাকায়—একমাত্র তদাশ্রিত তাঁহার প্রভুসেবা ব্যতীত দ্বিতীয় [illegible] অভিনিবেশ নাই। তিনি নির্ভীক হইয়া সকল [illegible] [illegible] [illegible] [illegible] বহু [illegible], ক্রপাপ্রার্থী [illegible] প্রভৃতি [illegible] পারে না। যেখানে [illegible] আপনিই [illegible] সেবক [illegible] কৃপা ব্যতীত আর কিছুই [illegible] না। শরণাগত [illegible] —

আত্মসমর্পণে গেলা অভিমান।
নাহি করবি নিজ রক্ষা বিধান॥
[illegible]
পালা গোধন জানি [illegible] [illegible]॥

* * * *

[illegible] [illegible]।
[illegible] করিতে না পারে॥
[illegible] রক্ষক [illegible]।
[illegible]॥
[illegible]।
[illegible] করিয়া॥

* *

সকল ছাড়িয়া [illegible]।
পড়িয়াছি আমি [illegible]
তব পদপদ্ম, নাথ, [illegible]।
আর রক্ষা [illegible]॥

মায়ারে করিয়া জয় ছাড়ান না যায়। সাধু-গুরু-কৃপা বিনা না দেখি উপায়॥

আমি তব নিত্যদাস জানিনু এবার।
আমার পালনভার এখন তোমার॥

*　　　*　　　*

তোমার চরণে নাথ, করিয়াছি প্রণিপাত,
বিনোদসেবক তব দাস।
বিপদ্ হইতে স্বামি, অবশ্য তাহারে তুমি,
রাখিবে তাহার এ বিশ্বাস॥

শরণাগত শ্রীগুরুপাদপদ্মধারা সর্ব্বক্ষণ রক্ষিত বলিয়া তাঁহার কোন ভয় নাই। শরণাগত জানেন, গুরুপাদপদ্মের মত বড় বস্তু এ জগতে বা পরজগতে নাই। সেই অসমোর্দ্ধ বড় বস্তুর সহিত কেহই পাল্লা দিয়া জিতিতে পারিবে না। এমন কি, যদি ও বস্তু স্বয়ং-ভগবান্ কৃষ্ণও সেখানে প্রেমবশীভূত—প্রেমবাধ্য সেই গুরুচরণাশ্রিতের আবার ভয় কি? ভয়ও সেই শরণাগত গুরুসেবককে দেখিয়া ভয় পায়। শরণাগত নিজবল, চেষ্টা এবং অপরের বল বা চেষ্টার প্রতি ভরসা ছাড়িয়া গুরুপাদপদ্মকেই গোপ্তৃত্বে, রক্ষকত্বে বা পালকত্বে বরণ করিয়াছেন বলিয়া তিনি নির্ভীক। গুরুপাদপদ্মই যে তাঁহাকে সকল বিপদ্ হইতে রক্ষা করিবেন, এ বিষয়ে তাঁহার সুদৃঢ়-বিশ্বাস। তাই তিনি বিপদ-আপদের হস্ত হইতে মুক্তির জন্য গুরুদেবের নিকট প্রার্থনা করেন না। তিনি শান্তিপ্রার্থী নহেন—তিনি সেবাপ্রার্থী—কৃপাপ্রার্থী। কুন্তীদেবী প্রার্থনা করিয়াছিলেন,—

"বিপদঃ সন্তু তাঃ শশ্বত্তত্র তত্র
জগদ্গুরো।
ভবতো দর্শনং যৎ স্যাদপুনর্ভবদর্শনম্॥"

যাহাতে কৃষ্ণের কথা মনে পড়ে, গুরুপাদপদ্মের প্রতি নিষ্ঠা বাড়ে, জগতের প্রতি আসক্তি কমিয়া যায়, তাহাই প্রার্থনীয়, সেই প্রার্থনার ফল দুঃখই হউক বা সুখই হউক। অন্যাভক্তের প্রার্থনা—

[illegible] যদি বা তু দীনবন্ধো দয়ালো
[illegible] ন তবত্তঃ কাঙ্ক্ষিতা মমাপি।
[illegible] [illegible] ন [illegible]
[illegible] কিন্তু [illegible] চাহেন॥

চাতক যেমন মেঘের নিকট কেবল জল জল বলিয়া জলেরই প্রার্থনা করে, অন্য কিছুই চায় না, বৃষ্টিপাতই হউক বা বজ্রাঘাতই হউক তাহাতে সে অক্ষুব্ধ থাকে, সেইরূপ ভক্তও কেবল কৃপাই প্রার্থনা করেন—সেবাই চান, কনক কামিনী-প্রতিষ্ঠা চাহেন না, সুখদুঃখে উদাসীন থাকেন। ভক্ত নিজ সুখদুঃখে,মান-অপমানে উদাসীন বলিয়া জগতের কাহাকেও ভয় করেন না। তিনি অকৈতবভাবে, গুরুপাদপদ্মে নিজ প্রাণ সমর্পণ করিয়াছেন, তাঁহার আবার ভয় কি? ভয় একমাত্র মান সম্মান-প্রতিষ্ঠাদি নাশের হইবে বলিয়া ত'? কিন্তু ভক্ত সেইটাতেই উদাসীন। "নিজ প্রেমানন্দে কৃষ্ণসেবানন্দ বাধে। সে আনন্দের প্রতি ভক্তের হয় মহাক্রোধে॥" ভক্তিপ্রতিকূল বস্তুকে ভক্ত আদর করেন না। গুরুসেবার বাধাস্বরূপ কোন কিছু উপস্থিত হইলে ভক্ত তাহার প্রতি ক্রোধ প্রকাশ করেন।

গুরুপাদপদ্মে শরণাগত-দীনতার ন্যায় বিপদ আর নাই। শরণাগত ও আশ্রিত ব্যক্তি সর্ব্বদা সুরক্ষিত। তাঁহারা সংসঙ্গ-গ্রহণে ও অসৎসঙ্গবর্জ্জনে দৃঢ়নিষ্ঠ। যাহারা বিষয়ী দুর্জ্জন বা কাপটিক দল ভগবানকে অবমানন করে বা ঐ সকল প্রাকৃত বলের দ্বারা সাধুজনকে নির্য্যাতিত ও কোমল শ্রদ্ধগণকে ভজনপথ হইতে বিচ্যুত করিতে চাহে, সেই সকল অসদ্ধর্ম্মগত ব্যক্তির বিনাশ অবশ্যম্ভাবী। তাহাদিগকে চালিয়াতী, জালিয়াতী, ধাপ্পাবাজী, মক্কারী প্রভৃতি কোন কিছুই রক্ষা করিতে পারিবে না। তাহারা মনে করে, চালিয়াতীর দ্বারাই ভগবান্‌কে করায়ত্ত করিব, ভগবৎপ্রেষ্ঠ গুরুপাদপদ্মকে বশীভূত করিব। কিন্তু অধোক্ষজ হরিগুরুবৈষ্ণবে মর্ত্ত্যবুদ্ধি আরোপ করিয়া তাঁহাকে অধীন করিতে যাইয়া তাহারা নিজেরাই ধ্বংসপ্রাপ্ত হয়। কিন্তু শরণাগত ভক্তের বিনাশ নাই। "ন মে ভক্তঃ প্রণশ্যতি"—অহৈতুক ভক্তের বিনাশ নাই। গুরুসেবক-সম্প্রদায়ের কেশ স্পর্শ করিতে পারে, ত্রিভুবনে এরূপ দেবতা বা অসুর নাই।

তথা ন তে মাধব তাবকাঃ কচিদ্
ভ্রশ্যন্তি মার্গাৎ ত্বয়ি বদ্ধসৌহৃদাঃ।
ত্বয়াভিগুপ্তা বিচরন্তি নির্ভয়া
বিনায়কানীকপমূর্দ্ধসু প্রভো॥

[হে মাধব! আপনার ভক্তগণ আপনাতেই বদ্ধসৌহৃদ। তাঁহারা কখনই স্থানভ্রষ্ট হন না অর্থাৎ মুক্তাভিমানীদিগের ন্যায় অধঃপতিত হন না। তাঁহারা আপনার দ্বারা সুরক্ষিত হইয়া বিঘ্নকারীদিগের মস্তকে পদক্ষেপ করিয়া নির্ভয়ে বিচরণ করিয়া থাকেন।]

ভক্তিপথে অসংখ্য বাধাবিপত্তি থাকিলেও ভক্তগণ গুরুপাদপদ্মের কৃপাবলে সেই সকলকে অগ্রাহ্য করিয়া নিশ্চিন্তমনে গুরুসেবা করিয়া থাকেন। তাঁহাদের গুরুসেবায় কেহই বাধা দিতে পারে না, যদি নিজেই নিজের বাধা হইয়া না দাঁড়ায়। কৃষ্ণের ইচ্ছাতেই আশ্রিতদের গুরুপাদপদ্মে একনিষ্ঠতা বা নির্ভরতা পরীক্ষা করিবার জন্য বিপদসমূহ আসে। ভক্ত বিপদকে সম্পদেরই প্রাগবস্থা বলিয়া জানেন। এজন্য তিনি অসুরগণের আসুরিক চেষ্টাসমূহ, পাষণ্ডগণের পাষণ্ডতা, মৎসরগণের নিন্দা কুৎসা, কুচক্রিগণের নানা প্রকার চক্রান্ত, ষড়যন্ত্র, চালিয়াতী, জালিয়াতী প্রভৃতিতে অভিভূত হন না। বিপদ দেখিয়া তিনি ভয়ে সন্ত্রস্ত হন না। এইরূপ নানা বিপদ-বিঘ্নাদির মধ্যে তিনি নির্ভীকভাবে, ধীর, স্থির শান্তভাবে গুরুসেবা [illegible] যান, সত্যের বিজয়-বৈজয়ন্তী উড্ডীন করেন। গুরুপাদপদ্মের জয়গানে গগন-পবন মুখরিত করেন।

দুই একটী কথা

——:o:——

মহাজন যে পথে গিয়াছেন, সেই পথই ভক্তির পথ। সেই পথে মহাজনের পদাঙ্কানুসরণই ভক্তি, আর উহার অবৈধ অনুকরণ অভক্তি। মহাজন প্রাপঞ্চিক বিষয়লুব্ধ ও চতুর্ব্বর্গকামী, কর্ম্মফলাধীন ব্যক্তি-বিশেষ নহেন বলিয়াই তিনি 'মহাজন'। যিনি অন্যাভিলাষ, কর্ম্মফলভোগ, নির্ভেদ-ব্রহ্মানুসন্ধান প্রভৃতি প্রবঞ্চিত সাধনায় অকিঞ্চিৎকরতা প্রমাণিত করিতে না পারেন, তিনি দুর্জ্জন, অসজ্জন, মহাজনবিরোধী ভোগী বা ত্যাগী। এই সকল জনের সঙ্গ ও সঙ্গ হইতে দূরে অবস্থান করিয়া ভাগবত ধর্ম্মনিরত জনগণের সঙ্গই জীবের প্রকৃত কল্যাণসাধন করে।

———

ভাগবত-শ্রবণেচ্ছু ব্যক্তির লক্ষণ এই যে, "জগতে অধিক দিন থাকিতে হইবে না"—তাঁহার এইরূপ বুদ্ধির উদয় হইয়াছে। এই বুদ্ধি যাঁহার যত তীব্র, তিনি ততদূর নিষ্কপট ভাগবত-শ্রবণেচ্ছু। মহারাজ পরীক্ষিৎ এই বাক্যের আদর্শ। বর্ত্তমান-কালে যাঁহারা ভাগবত-শ্রবণেচ্ছু বলিয়া পরিচিত, তাঁহারা পুণ্যার্থী কর্ম্মীমাত্র। এইরূপ কর্ম্মী সম্প্রদায়ের ইন্দ্রিয়ের তৃপ্তিপ্রদান-কারিগণও বর্ত্তমানযুগে ভাগবত-বক্তা নামে পরিচিত। কিন্তু প্রকৃতপ্রস্তাবে অহৈতুক কৃষ্ণানুশীলনকারী নিষ্কিঞ্চন মহাভাগবতই ভাগবত-বক্তা—কীর্ত্তনকারী—আচার্য্য। পরমহংসকুলচূড়ামণি শ্রীল শুকদেব গোস্বামী প্রভুই তাঁহার আদর্শ। কর্ম্মী শ্রোতা ও বক্তার মধ্যে যে আদান-প্রদানের ব্যবস্থা আছে, তাহার দ্বারা উভয়েই ব্যবহারে দণ্ডিত হইবার জন্য নীত হইয়া থাকে। আর জীবনের ক্ষণভঙ্গুরতার সম্যক উপলব্ধিকারী আত্মমঙ্গলেচ্ছু ভাগবত-শ্রোতা ও অহৈতুক কায়মনোবাক্যে কৃষ্ণানুসন্ধানে রত মহাভাগবত-বক্তার মধ্যে যে দক্ষিণা আদান-প্রদান হইয়া থাকে, তাহা কর্ম্মী বক্তা ও শ্রোতার ন্যায় বণিগ্‌বৃত্তি নহে। প্রকৃত ভাগবত শ্রবণেচ্ছু আত্মা পর্য্যন্ত সর্ব্বস্ব দক্ষিণা প্রদান করেন, আর মহা-ভাগবত-বক্তা সেই সর্ব্বস্ব কৃষ্ণপাদপদ্মে সমর্পণ করিয়া থাকেন। তিনি উহা নিজে গ্রহণ করেন না।

———

মহাপ্রসাদ পরমপাবন স্বরাট্‌বস্তু। তিনি পুরীতেই থাকুন, আর পুরী হইতে অন্যত্রই নীত হউন, তাঁহার পাবনত্ব কোথাও খর্ব্ব হয় না। যে জিনিষ ইতর বস্তুর সংস্পর্শে নিজের নিজত্ব অর্থাৎ পাবনত্বধর্ম্ম রাখিতে পারে না, তাহা বিষ্ণুবস্তু নহে, সুতরাং মায়িক প্রাকৃত বস্তুপর্য্যায়ে গণিত হয়, কিন্তু মহাপ্রসাদ বিকাররহিত বিষ্ণু। ভোগ্য ডাল-ভাত জাতিদোষে দুষ্ট হয়। কিন্তু অপ্রাকৃত শ্রীমহাপ্রসাদে কোনও দোষ স্পর্শ করিতে পারে না। বিষ্ণু ও বৈষ্ণব যেরূপ সর্ব্বত্র অবতীর্ণ হন,মহাপ্রসাদও তদ্রূপ সর্ব্বত্র অবতীর্ণ হইতে পারেন। পুরীধামেই কেবল মহাপ্রসাদ হয়, অন্যত্র হইতে পারে না—এরূপও নহে। যাহারা শুদ্ধবৈষ্ণব নহে অর্থাৎ শ্রীমদ্ভাগবতোক্ত "অর্চ্চায়ামেব হরয়ে" শ্লোকনির্দ্দিষ্ট প্রাকৃত ভক্ত, তাহারা কোন মন্দিরে বা তীর্থবিশেষে অর্চ্চা দেখিয়া একমাত্র সেখানেই লৌকিক প্রথানুসারে দণ্ডবৎপ্রণামাদি করিয়া থাকে, সর্ব্বত্র ভগবদধিষ্ঠান উপলব্ধি করিতে পারে না, বৈষ্ণবকে চৈতন্যময় অপ্রাকৃত ভগবন্মন্দির জানিয়া তাঁহার ঐকান্তিক সেবায় রত হইতে পারে না। প্রাকৃত কোমলশ্রদ্ধ ব্যক্তিগণ—"পুরী ধামেই প্রসাদ হয়, অন্যত্র জগন্নাথ বা মহাপ্রসাদ নাই"—এরূপ প্রাকৃত বিচার করেন। শুদ্ধবৈষ্ণবগণ বলেন,—কৃষ্ণের উচ্ছিষ্টই মহাপ্রসাদ, জগন্নাথ জগতের সর্ব্বত্রই বিরাজিত, তাঁহার উচ্ছিষ্ট সর্ব্বত্রই বিরাজিত হইতে পারেন এবং সেই উচ্ছিষ্ট কোন প্রকার স্পর্শাদি-দোষ-সংযুক্ত হইতে পারে না।

গুরুবাণী

আমরা যেসকল কথা সাধুকে জানতে দেই না—গোপনে যেসকল কথা রেখে দেই, প্রকৃত সাধু সে-সকল কথা আমাদের অন্তর থেকে বের ক'রে তাঁ'র উপর অস্ত্রপ্রয়োগ করেন। 'সাধু' মানেই হ'চ্ছে,—তিনি একটা খড়্গ হাতে নিয়ে যূপকাষ্ঠের নিকট দণ্ডায়মান র'য়েছেন—মানুষের যে ছাগের ন্যায় বাসনা, সেই বাসনাকে বলি দিবার জন্য দণ্ডায়মান আছেন, পশুবধাধারণ তীক্ষ্ণ খড়্গের দ্বারা। সাধু যদি আমার তোষামুদে হন, তা' হ'লে তিনি আমার অমঙ্গলকারী—আমার শত্রু। তা' হ'লে আমরা শ্রেয়ঃপন্থা গ্রহণ করলাম, শ্রেয়ঃ চালাইলাম না।

ভাগবত-জীবন যাঁ'র নয়, তাঁ'র কাছে ভাগবত শোনা উচিত নয়। নিজ অপেক্ষা শ্রেষ্ঠ সাধুর সঙ্গ করাই কর্ত্তব্য।

"সাধৌ সঙ্গঃ স্বতো বরে।"

ভাগবতজীবন কার?—

ইহা যস্য হরের্দাস্যে কর্ম্মণা মনসা গিরা।
নিখিলাস্বপ্যবস্থাসু জীবন্মুক্তঃ স উচ্যতে॥

শ্রীগুরুপাদপদ্মের সেবা সর্ব্বাগ্রে প্রয়োজন। জগতের কর্ম্ম, জ্ঞান বা অন্যাভিলাষ লাভ ক'র্তে হ'লেও গুরুর আবশ্যক হয়; কিন্তু সেই সকল গুরুর প্রদত্ত বিদ্যা ক্ষুদ্র ক্ষুদ্র ফল প্রসব করে। পারমার্থিক শ্রীগুরুপাদপদ্ম সেরূপ ক্ষুদ্র ফলপ্রদাতা ন'ন। শ্রীগুরুপাদপদ্ম বাস্তব মঙ্গল বিধাতা। আশ্রয়জাতীয় ভগবানের অনুগ্রহ যে মুহূর্ত্তে রহিত হ'য়ে যা'বে, সেই মুহূর্ত্তে জগতে নানা অস্থবিধার উপস্থিত হ'বে। ধর্ম্ম প্রবর্ত্তক গুরুদেব যদি আমাদিগকে উপদেশ না দেন,—কি ভাবে গুরুপাদপদ্ম আশ্রয় করতে হ'বে—কি ভাবে গুরুপাদপদ্মের সহিত ব্যবহার ক'র্তে হবে—এ সকল শিক্ষা যদি না দেন, তবে আত্ম-রত্নও হারিয়ে ফেল্‌তে হয়।

কেবল নিজের পারদর্শিতার পুঁজি নিয়ে অজ্ঞের রাজ্যে উঠ্‌তে চাইলেও আমরা অধঃপতিত হ'য়ে পড়ি, আর লঘুকে 'গুরু' করলেও আমরা অধঃপতিত হই।

কে গুরু, কে লঘু, আমরা তা' বিচার করবো। যিনি সকল গুরুর একমাত্র আরাধ্য বস্তু, সেই পূর্ণ বস্তুর সেবা যিনি করেন, তিনিই গুরু।

যিনি মৃত্যুর মুখ হ'তে রক্ষা করতে না পারেন, তিনি খানকতক দিনের জন্য ভোগা দেওয়ার লোক। যিনি বাক্, পাণি, পায়ু, উদর উপস্থ প্রভৃতি ইন্দ্রিয়ের প্রেরণায় আমাদিগকে মুক্ত ক'রে থাকেন, তিনি বঞ্চক। কিন্তু যে শ্রীগুরুপাদপদ্ম এ সকল বঞ্চনা হ'তে রক্ষা করতে পারেন, প্রত্যেক বর্ষ-প্রারম্ভে, প্রত্যেক মাস-প্রারম্ভে, প্রত্যেক দিবস-প্রারম্ভে, প্রত্যেক মুহূর্ত্তের প্রারম্ভেই সেই গুরুপাদপদ্মের পূজাই কর্ত্তব্য।

ভিন্ন ভিন্ন মূর্ত্তিতে আমার গুরুদেব বিরাজমান, তিনি যদি ভিন্ন ভিন্ন মূর্ত্তিতে বিরাজ না করেন, তবে কে আমাকে রক্ষা করবেন? আমার গুরুদেব যাঁ'দিগকে নিজের ক'রে নিয়েছেন, তাঁ'রা আমার উদ্ধারকারী; কিন্তু আবার গুরুপাদপদ্মের নিন্দাকারী বা ঐরূপ নিন্দাকারীর কোনরূপে প্রশ্রয় দেন যিনি, সেরূপ অমঙ্গলকারী পাষণ্ডীর মুখ যেন আমার দর্শনপথে না আসে।

যিনি প্রতিমুহূর্ত্তে আমাকে স্বীয় পাদপদ্মে আকর্ষণ ক'রে রাখেন, আর সেই গুরুপাদপদ্ম হ'তে যে মুহূর্ত্তে ভ্রষ্ট হই—সে মুহূর্ত্তে আমি নিশ্চয়ই সত্য হ'তে বিচ্যুত হ'য়েছি। গুরুপাদপদ্ম হ'তে বিচ্যুত হ'লে অসংখ্য অভাবরাশি আমাকে অভিনিবিষ্ট করে। আমি তাড়াতাড়ি স্নান ক'র্তে দৌড়াই, শীত নিবারণের জন্য ব্যস্ত হ'য়ে পড়ি, গুরুপাদপদ্মের সেবা ছাড়া অন্য কাজে ধাবিত হই। যে গুরুপাদপদ্ম আমাকে এই সকল দ্বিতীয় অভিনিবেশ হ'তে অনুক্ষণ রক্ষা করেন, বর্ষ-প্রবৃত্তি, মাস-প্রবৃত্তি, দিন-প্রবৃত্তির প্রারম্ভে যদি সেই গুরুপাদপদ্মের স্মরণ না করি, তবে আমি নিশ্চয়ই আরও অসুবিধায় পতিত হ'ব। আমি তখন নিজে গুরু সাজ্‌তে চা'ব—আমাকে অপরে গুরু ব'লে পূজা করুক, আমার এ দুর্ব্বুদ্ধি এসে উপস্থিত হ'বে—ইহাই দ্বিতীয় অভিনিবেশ।

গৌড়ীয়বাণী

—:::(*):::—

মায়া তাহার কতকগুলি চর রাখিয়া দিয়াছে, তাহাদের কাজ কেবল আসল বৈকুণ্ঠের দূতগণকে "ভেংচানো"। তাহারা আসল বৈকুণ্ঠদূতের মত বেশটী ধরিয়া এমন সব 'কেলেঙ্কারী' করিতেছে, যাহাতে লোকের আসল দূতগণের উপরও একটা 'অবিশ্বাস', 'অশ্রদ্ধা' ও 'সন্দেহ' আসিয়া পড়ে; তাহা হইলেই মায়ার দুর্গটী বেশ বিপদহীন থাক্‌তে পারে। মায়ার মত এমন রাজনীতিনিপুণাটী আর কোথাও নাই, তাহার দুর্গ রক্ষার জন্য সে সাম, দান, ভেদ, দণ্ড সব নীতিগুলি লইয়া খেলা করিতেছে।

আমরা সেই মায়াদেবীর দুর্জ্জয় দুর্গের জীব। আমরা শয়নে স্বপনে, আহারে বিহারে, সব সময় সেখানকার আবহাওয়ায় পরিপালিত—মায়ার মন্ত্রে দীক্ষিত—মায়ার প্রেরণায় অনুপ্রাণিত—মায়ার পরামর্শে উদ্বুদ্ধ হইয়া আসল বৈকুণ্ঠের দূতকে বুঝিতে চাই না। মায়াদেবী যে কিছুতেই আমাদিগকে বুঝিতে দিতে চাহে না। তাহা হইলে তাহার দুর্গে বিপদের সাড়া পড়িয়া যাইবে।

মাতালের কাছে মদ যেমন খাদ্য হইতেও অধিক প্রিয়, তেমনি আমাদের কাছেও মায়ার মোহমদিরা 'কৃত্রিম' বৈকুণ্ঠদূতগণের কথামৃত হইতেও অধিকতর প্রিয়। মাতাল তাহার মদ্যপানটা সমর্থন করিবার জন্য বলিয়া থাকে—পরিমিত মদ্যপানে শরীর সবল, সতেজ ও কর্ম্মক্ষম হয়, কিন্তু মদিরার এমনই মাহাত্ম্য যে, সে আর পরিমিত গতি রাখিতে দেয় না, গতি জিনিষটাকে চুরমার করিয়া মানুষকে অকূল পাথারে টানিয়া লইয়া যায়, আর ঘূর্ণিপাকে ফেলিয়া মানুষের কর্ম্মক্ষমতার হিসাবের খাতায় তাহাকে দেউলিয়া না করা পর্য্যন্ত কিছুতেই ছাড়ে না। আমরা এই মন্ত্রে অনুপ্রাণিত হইয়া মনে করি যে মানুষ যখন আমরা, বিচার-সম্পত্তির মহাজন যখন আমরা তখন বিচার-বাণিজ্যে কিছুতেই পশ্চাৎপদ হইব না। পরিমিত বিচার ভাল হইলেও যখন উহা তাহার গতি অতিক্রম করিয়া অতিব্যবসায়ে অতিব্যাপ্ত হইতে চায় অর্থাৎ বৈকুণ্ঠের বস্তু—মায়ার পরপারের বস্তু বৈষ্ণবসাধুগণকেও মাপিয়া লইতে চায় তখন সেই মহাজন তাহার বাণিজ্যের নৌকাসহ কাল-বৈশাখীর দ্বারা বিতাড়িত হইয়া ক্ষ্যাপা কালাপানির প্রচণ্ড ঢেউগুলির আঘাতে ও ঘূর্ণিপাকে অকস্মাৎ প্রাণ হারায়।

এইরূপ দল জিনিষটাকে সম্বল করিয়া জগৎ একটা মোটা অপ্রয়োজনীয় বাস্তবার বাণীপ্রবাহে চড়িয়া কোন্ এক অনির্দ্দিষ্ট আশাকুহকের আদর্শের দিকে ছুটিয়াছে, আর, "[illegible]" প্রভৃতি সকল-বিকল্পের আকাশ-সৌধের দিকে তাকাইয়া আত্মহারা হইয়া যাইতেছে। কেহ বা রাবণ রাজার ন্যায় সমুদ্রের নীরে বাসিয়া ডিঙ্গির উপর স্বর্গের সিঁড়ি প্রস্তুত করিতেছে। সিঁড়ি উঠিতে উঠিতে কোথায় গিয়া স্থান পাইবে বা একেবারে কতটুকু উঁচুতেও বা উঠিতে পারিবে সেই বিষয়ে কাহারও আদৌ খেয়াল নাই। কাজেই যৈনের আলোচীরা যেমন শুনী, সহিষ্ণু, সকল অবস্থাকেই ও স্থির, গম্ভীর কিম্বা শত অসহিষ্ণু, নাস্তিক, অস্থির ও চঞ্চল বলিয়া দেখিয়া থাকে, অথবা রাবণরাজা যেমন ঈশ্বর ইন্দ্রত্ব কাড়িয়া লইতে পারে বলিয়া রামচন্দ্রকেও ভক্ষেপ করিতে চায় না, সেরূপ জগতের লোক আমরা বৈষ্ণবাচার্য্যের আচরণগুলিকেও ঠিক 'বিপরীত' বলিয়াই দেখিয়া থাকি কিম্বা সেগুলিকে আমাদের কোন মনোযোগের বিষয় বলিয়া গ্রাহ্য করি না।

অধরা মায়াদেবীর রাজ্যের এমনই আবহাওয়ায় গঠিত যে আমরা কিছুতেই মায়াধীশের বশ্যতাটী গ্রহণ করিতে প্রস্তুত নই। এটা মায়া আমাদিগকে সব সময় ঘুষ দিয়া আমাদের সঙ্গে মুখাপড়া করিয়া নিয়াছে। মায়াধীশ তাঁহার রাজ্যে লইয়া যাইবার জন্য—আমাদের আপন ঘরের দিকে ফিরাইয়া লইবার জন্য তাঁহার যে দূতকে—প্রতিনিধিকে—আপনার জনকে পাঠাইলেন, তাঁহাকে মায়ার পরামর্শ শুনিয়া আমরা আমাদের মঙ্গলদাতা, উপকর্ত্তা, জগদ্গুরু, মুক্তাচার্য্যরূপে গ্রহণ করিতে প্রস্তুত হইতে পারি না; আর যাহাকে মায়ার 'খয়েরখা'গণ, মায়ার গুণগায়ক চরগণ, মায়ার আবহাওয়ায় প্রতিপালিত জনগণ মায়ার মুকুটে 'বড়' করিয়া তুলিয়াছে, তাহাকে আমরা 'মুক্তাচার্য্য' বা 'নেতা' বলিয়া বরণ করিয়া থাকি।

শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী

পরমার্থ সম্পুটের রত্নরাজি

ভিক্ষা :—১ম খণ্ড ৸০; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড ৸০; ৪র্থ খণ্ড —৸০ আনা।

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ

শ্রীধাম-মায়াপুর,

সাধুসঙ্গ সাধুসঙ্গ সর্ব্বশাস্ত্রে কয়। লবমাত্র সাধুসঙ্গে সর্ব্বসিদ্ধি হয়।

শুদ্ধভক্তি-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠ

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগুরুদেবের ভবনে শ্রীচৈতন্যমঠ-পরবিদ্যাপীঠ, শ্রীশ্রীরাধাকৃষ্ণ, শ্রীগৌর, গোপাল আচার্য্য চতুষ্টয় বিরাজ করিতেছেন। সুপ্রাচীন গ্রন্থ-প্রতিলিপি-সংগ্রহ-শালার এক-সংগ্রহাগার আছে।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৪ কলিকাতায় শ্রীভক্তিবিনোদ-আসনে মঠ প্রতিষ্ঠিত। দৈনিক পাঠ, সঙ্কীর্ত্তন, ব্যাখ্যানচতুর্য বেদান্ত শ্রীমদ্ভাগবতাদি শাস্ত্রের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও হার্মোনিষ্ট পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়।

(৩) যোগপীঠ মায়াপুর-পীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব ভূমি মহাযোগপীঠ।

(৪) শ্রীবাস-অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৫) অদ্বৈত ভবন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং ... বর্ত্তমান।

(৬) মুরারিগুপ্তের পাট
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৭) কাজি-সমাধি-পাট
সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
ইহা গৌরকৃপা-প্রাপ্ত শ্রীচাঁদকাজীর সমাধি।

(৮) অপ্রকট-কৃষ্ণলীলাগার
শ্রীধাম মায়াপুর

(৯) স্বানন্দ সুখদ-কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান।

(১০) গৌর-গদাধর-মঠ
চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
গোস্বামিপাদ বিশ্বম্ভরানাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ আমলা (বর্দ্ধমান)

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ
মাউগাছি, পোঃ জাহ্নগর, (বর্দ্ধমান)
শ্রীব্যাসাবতার ঠাকুর বৃন্দাবনের স্থান

(১৩) ঋতুদ্বীপ-গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(১৪) জহ্নুদেব-গৌড়ীয়মঠালয়

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ
গোড়পুর, নদীয়া

(১৬) শ্রীনবদ্বীপ গৌড়ীয় মঠ
রাউতারা-(শ্রীনৃসিংহদেবের মন্দির নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৭) কুঞ্জকুটীর
পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

(১৮) ভাগবত-আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৯) একায়নমঠ
গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

(২০) মহেশ-পণ্ডিতের পাট
কাঁঠালপুলি, পোঃ চাকদা (নদীয়া)

(২১) পাণাহাট-গৌড়ীয়মঠালয়

(২২) পুরী গৌড়ীয়মঠ
চব্বিশ পরগণা

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ
নারিন্দা পোঃ ওয়ারি, ঢাকা।
পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র।

(২৪) গোপালজীউমঠ
কমলাপুর, পোঃ ঢাকা

(২৫) নিতাই-গৌরাঙ্গ মঠ
পোঃ বালিয়াটি, (ঢাকা)

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ
বড়বাজার, পোঃ ময়মনসিংহ

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া (আসাম)

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ
পোঃ চকচকা, কামরূপ (আসাম)

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
৩নং পাহাড় বিল্ডিং, দার্জ্জিলিং

(৩০) সারস্বত-গৌড়ীয়মঠ
পোঃ হরিদ্বার, জিঃ সাহারাণপুর, ইউ, পি

(৩১) পাটনা গৌড়ীয়মঠ
মুরাদপুর পাটনা।

(৩২) গয়া গৌড়ীয়মঠ
রমনা রোড, গয়া

(৩৩) সনাতন গৌড়ীয় মঠ
৮।১১ বড় গাঁওয়ালা, বেনারস সিটি

(৩৪) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

(৩৫) সারস্বত মঠ,
পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়
বিশ্রামঘাট, পোঃ মথুরা

(৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,
পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ
কিশোরপুর, বৃন্দাবন

(৩৯) প্রেমানন্দ-কুঞ্জকুটী
পোঃ রাধাকুণ্ড (মথুরা

(৪০) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪১) রাধাকুণ্ড গোবর্দ্ধনাদি

(৪২) শ্রীগোবর্দ্ধনমঠালয়
গোবর্দ্ধন, মথুরা

(৪৩) সঙ্কেত বিহারী মঠ
বর্ষাণা, মথুরা।

(৪৪) নন্দগ্রাম গৌড়ীয়মঠালয়
পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৫) বর্ষাণা গৌড়ীয়মঠালয়
পোঃ বর্ষাণা, মথুরা

(৪৬) গোষ্ঠবিহারী মঠ—কোশী,
পোঃ হোডোল, জেলা গুড়গাঁও (পাঞ্জাব)

(৪৭) ব্যাসগৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

(৪৮) দিল্লী গৌড়ীয় মঠ
৪৫নং লেখান রোড, নিউ দিল্লী

(৪৯) বোম্বে গৌড়ীয়মঠ
গোয়ালিয়র ট্যাঙ্ক রোড, কম্পাউণ্ড বিল্ডিং বোম্বে ৭

(৫০) সতীতীর্থ-গৌড়ীয়মঠ
পোঃ রাজমহেন্দ্রী, মাদ্রাজ
শ্রীকৃষ্ণগোবিন্দকাস্তিবর্দ্ধনাধিবিগ্রহের সেবা

(৫১) রাধারমণ গৌড়ীয়মঠ
পোঃ কভুর, ঈষৎ গোদাবরী (মাদ্রাজ)
শ্রীশ্রীকৃষ্ণগোবিন্দাধিকা-বিগ্রহের সেবা

(৫২) পুরুষোত্তম গৌড়ীয়মঠ
জগন্নাথ, পোঃ এখানে, (পুরী)

(৫৩) পুরুষোত্তম মঠ
চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা

(৫৪) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৫) লীলাকুটী

(৫৬) ত্রিদণ্ডি-গৌড়ীয়মঠ
পোঃ ভুবনেশ্বর, পুরী

(৫৭) সচ্চিদানন্দ মঠ
রাজবাটি, পোঃ কটক (উড়িষ্যা)

(৫৮) আলেশ্বর গৌড়ীয়মঠপীঠ

(৫৯) শ্রীব্রজমোহনগৌড়ীয়-প্রপন্ন-আশ্রম
পোঃ রাজমহেন্দ্রী, মাদ্রাজ

(৬০) ভাগবতজনানন্দ মঠ
চিরুলিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর

(৬১) জমৰি গৌড়ীয়মঠ
পোঃ জমৰি, মেদিনীপুর

(৬২) আমলাযোড়া প্রপন্নাশ্রম মঠ
পোঃ রাজবাধ (বর্দ্ধমান)

(৬৩) চৈতন্যগৌড়ীয়মঠ
দুয়ারকুণ্ডা, পোঃ উখড়া, (মানভূম)

(৬৪) রেঙ্গুণ গৌড়ীয়মঠ
৩০১ নং লেউইস ষ্ট্রীট, রেঙ্গুণ।

(৬৫) লণ্ডন-গৌড়ীয়মঠ
ফ্ল্যাট নং ২
৫১, ক্রমওয়েল রোড
সাউথ কেনসিংটন, লণ্ডন, এস ডব্লিউ ৫

(৬৬) গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্
১৪।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা

(৬৭) গৌড়ীয়মঠ অফিস
হিউয়েট রোড, লক্ষ্ণৌ (ইউ-পি)

(৬৮) শ্রীবিদ্যানিধি গৌড়ীয়মঠালয়
নন্দনকানন, চট্টগ্রাম

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্ হইতে শ্রীসুন্দরানন্দ বিদ্যাবিনোদ ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীমহানন্দ ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও ২য় দিনের জন্য	সংবাদের পৃষ্ঠায় পরবর্ত্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও ২য় দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় পরবর্ত্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনের	।০	৷৶	৷৶০	।০
" " ইঞ্চি	২৲		১।০	১৲
সিকিকলম	৫৲	৪৲		৩৲
" অর্দ্ধকলম	৮৲	৬৲	৩৲	৫৲
" এক কলম	১২৲	১০৲	১০৲	

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিবারে প্রতি ইঞ্চি ৩৲	৪।০
" সিকি কলম ১৫৲	১২৲
" অর্দ্ধকলম ২৪৲	১৮৲
" এক কলম ৩৬৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২।৷০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা /৫ ; বিশেষ সংখ্যার ভিন্ন বন্দোবস্ত।

শ্রীধাম-মায়াপুরে

—:০:—

—"ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট"—

—::০::—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে : বিদ্যালয় ও বোর্ডিং গৃহ চারিদিক খোলা। শিক্ষকগণ সুশিক্ষিত ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের বন্দোবস্ত হইয়াছে খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে মাত্র ৬৲ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। বর্ত্তমান বর্ষে ১৬ জন বালকের মধ্যে ১৫ জন ভালভাবে উত্তীর্ণ হইয়াছে।

মেধাবী ছাত্রগণের আরও সুবিধা

পরীক্ষায় যাহারা শতে শতকরা ৭৫ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ সচ্চরিত্র বিনয়ী ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী

—:(০):—

শ্রীল প্রভুপাদের চতুঃষষ্টিতম বর্ষপূর্ত্ত্যাবির্ভাব-তিথিতে শ্রীল আচার্য্যদেবের অভীষ্টানুসারে "শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী" প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। ইহাতে পূর্ব্বার্দ্ধ ও উত্তরার্দ্ধ দুইটি বিভাগ আছে। পূর্ব্বার্দ্ধে শ্রীল প্রভুপাদের আদি-প্রবন্ধাবলী শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের সম্পাদিত 'স-পত্রিকা সজ্জনতোষণী,' শ্রীল প্রভুপাদের 'নিবেদন' সাপ্তাহিক পত্র প্রভৃতি হইতে কথাসার ও প্রয়োজনীয় অর্থের টীকা-সহ প্রকাশিত হইয়াছে। উত্তরার্দ্ধে শ্রীল প্রভুপাদের সম্পাদিত 'সজ্জনতোষণী'র কতিপয় প্রবন্ধ কথাসার প্রভৃতির সহিত মুদ্রিত হইয়াছে। প্রবন্ধগুলি রচনাকালের ক্রমানুসারে গ্রথিত হইয়াছে; এতদ্ব্যতীত শ্রীল আচার্য্যদেবের একটি মূল্যবান্ উপোদ্ঘাত ও সঙ্কলনকারীর একটি বিস্তৃত ভূমিকা, শব্দ-সূচী, প্রমাণ-পদ্য-শ্লোক ও পয়ার-সূচী প্রভৃতি গ্রন্থে সংযোজিত হইয়াছে। গ্রন্থটি উৎকৃষ্ট কাগজে পরিপাটীর সহিত মুদ্রিত ও শ্রীল প্রভুপাদের আলেখ্যাদিদ্বারা ভূষিত ও সুদৃশ্য বাঁধাই হইয়া প্রকাশিত হইয়াছে। প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, জিলা নদীয়া; শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ও শ্রীপুরুষোত্তম গৌড়ীয়মঠ, চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা।

প্রভুপাদের পত্রপ্রসূন মালা

এই গ্রন্থে ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তি- সিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের রচিত পত্রাবলী শ্রীল আচার্য্যদেবের বিরচিত "সৌরভ" নামক ভাষ্যের সহিত প্রকাশিত হইয়াছে। শ্রীল প্রভুপাদের অনেক অপ্রকাশিত পত্র ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ।০ আট আনা।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক-সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতিসুন্দরভাবে আলোচিত হইয়াছে। এই এক অপূর্ব্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

শ্রীচৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত্র অতিসুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত ইহার ভিক্ষা মাত্র ৫৲ টাকা। প্রাপ্তিস্থান শ্রীযুত নন্দকিশোর ভক্তিশাস্ত্রী, শ্রীযোগপীঠ, শ্রীধাম, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীসরস্বতী-সংলাপ

প্রথম খণ্ড

শ্রীব্রহ্মমাধ্ব গৌড়ীয়-সম্প্রদায়ৈকসংরক্ষক ওঁ বিষ্ণুপাদ পরমহংসকুলচূড়ামণি নিত্যলীলা-প্রবিষ্ট ১০৮শ্রী শ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামি-প্রভুপাদ বিভিন্ন জিজ্ঞাসু ও মুমুক্ষু সজ্জনবৃন্দের পরিপ্রশ্নোত্তরে ও সন্দেহ-নিরাকরণকল্পে যে-সকল অপ্রাকৃত সদ্বাণী কীর্ত্তন করিয়াছেন, যাহা তাঁহার প্রকটকালের 'গৌড়ীয়' সম্পাদক এবং প্রবোধানন্দ বিদ্যাবিনোদ বি-এ প্রভুপাদেরই শ্রীচরণে সংশোধিত করাইয়া রাখিয়াছিলেন এবং যাহার কিয়দংশ গৌড়ীয়পত্রে প্রকাশিত হইয়াছে, তাহা "শ্রীশ্রীসরস্বতী সংলাপ" নাম দিয়া পৃথক্ শ্রীল প্রভুপাদের 'বক্তৃতাবলী' ও 'পত্রাবলী' আকারে খণ্ডে খণ্ডে সংগৃহীত হইতেছে। বর্ত্তমানে শ্রীল প্রভুপাদের প্রথমবার্ষিক বিরহ-মহোৎসব-বাসরে ইহার প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। মানবজীবনের বহু জটিল সমস্যা ও কঠিন প্রশ্নের সমাধান ইহাতে পাওয়া যাইবে। ভক্তিপথের পথিকমাত্রেরই এই গ্রন্থ সংগ্রহ একান্ত প্রয়োজন।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপদেশক পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী সম্প্রদায়-বৈভবাচার্য্য এম এ মহোদয়ের শ্রৌতগবেষণা এবং পরিপক্ক লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত্র-পাঠে ধন্য হউন। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিভিন্ন চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ড ৩৩শ অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্ত্তার ভূমিকাদ্বয় (Preaces), বিষয়-তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র-(Index Glossary) সহ প্রথমাবলি প্রকাশিত। ভিক্ষা—১৫, পনর টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, রায়পেট্টা মাদ্রাজ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

'ঠাকুর ভক্তিবিনোদ'

——:(০):——

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি-প্রচারের মূল মহাজন সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অত্যাশ্চর্য্য জীবনচরিত এতাবৎকাল পর্য্যন্ত প্রকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয়মঠাচার্য্যবর্য্যের অন্তরঙ্গ পরবিদ্যাসাভিজ্ঞ সু-লেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের গ্রন্থ তালিকা সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১২৫ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৫০ আনা; ডাক মাশুল স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান—ম্যানেজার গ্রন্থবিভাগ
শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

——:(০):——

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিভিন্ন ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু ধর্ম্মগ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১৩।১নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

ই, বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	৪-৩৬	৬ ২৬	৭-০৬	১২-২৬	১৪-৫৬	১৬-৫৬	১৭-৫৬	২২-২৬
রাণাঘাট পৌঃ			৮-২৮	১৪-১৫				
(বদল) ছাঃ			৯-৩৯	১৪-৫০				
কৃষ্ণনগর পৌঃ	৭-১	৮-৪৫	১০-৮	১৪-২৩	১৭-২৮	১৯-০৮	২০-১৩	১-১৪
(বদল) ছাঃ	৭-১২		১০-৩১		১৭-৩৮		২০-২৬	
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫১		১১-১০		১৮-১৬		২১-৪	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
রাণাঘাট পৌঃ	১২-৫৫
ছাঃ	১৩-০
শান্তিপুর পৌঃ	১৩-২৩
(বদল) ছাঃ	১৩-৩১ (লাইট রেলওয়ে
কৃষ্ণনগর পৌঃ	১৪-১২
ছাঃ	১৪-৪০
নবদ্বীপঘাট পৌঃ	১৫-১০

ডাউন

নবদ্বীপঘাট ছাঃ	৫-৪৫		৯-১৩			১৩-৩১	১৬-০	১৮-৩৯	
কৃষ্ণনগর পৌঃ	৬ ২৩	৯-১৬	৯-৪৮	১১-৪১	১৪-১৬	১৬-৩৮	১৯-১১	২১-১০	
ছাঃ	৬-৩৬	৭-১৮	১০-১১			১৬-৫৬	১৯-২৫		
রাণাঘাট পৌঃ			১০-৪৬			১৭-৩০			
(বদল) ছাঃ			১১-১			১৭-৪০			
কলিকাতা পৌঃ	৮-১৬	৯-২১	১১-৫১	১২-১৬	১৪-১৩	১৯-১১	২১-৪১	২৩-৩৭	

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৩-৩১	১৬-০		
কৃষ্ণনগর পৌঃ	১৪-১০	১৬-৩৮		
ছাঃ	১৫-২৮	১৭-৩৯		
শান্তিপুর পৌঃ	১৬-৯	১৮-১৪		
(বদল) ছাঃ	১৬-৩৩	১৮-২৫	(শনিবার ভিন্ন)	২০-৪০ (শনিবার)
রাণাঘাট পৌঃ	১৭-১০	১৮-৫০		২১-১৫
(বদল) ছাঃ	১৭-৪০	১৯-১৪		২১-৫০
কলিকাতা পৌঃ	১৯-১১	২০-৪০		২৩-৩৭

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাটতি অত্যন্ত অধিক। দিতীয় শ্রীনা সংযুক্ত কালাজ্বর এবং নূতন ও পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। মূল্য ছোট বোতল ৷৶০ দশ আনা, বড় বোতল ১৶০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

৮-১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা
অথবা,
পোঃ বেহালা, ২৪ পরগণা।

পোঃ —শ্রীমায়াপুর
টেলিগ্রাম—'শ্রীধাম শ্রীমায়াপুর'

REGD NO C 1544

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়াজেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৪শ খণ্ড] শ্রীমায়াপুর—১৮ই শ্রাবণ, ১৩৪৬, ৩রা আগষ্ট, ১৯৩৯, বৃহস্পতিবার [১৩৩শ সংখ্যা

বিবিধ সংবাদ

বড়লাটের উড়িষ্যা পরিদর্শন

ওয়াকিবহাল মহলের বিশ্বাস যে, বড়লাটের উড়িষ্যা অবস্থান কালে উড়িষ্যার দেশীয় রাজ্যসমূহের সমস্যা সম্বন্ধে গুরুত্বপূর্ণ আলোচনা হইবে। ইষ্টার্ণ ষ্টেটস এজেন্সীর রেসিডেন্ট পুরীতে বড়লাটের সহিত সাক্ষাৎ করিবেন। তাহা ছাড়া, কয়েকটি দেশীয় রাজ্যের নৃপতিও বড়লাটের সহিত দেখা করিবেন।

উড়িষ্যার রাজধানী প্রশ্ন সম্পর্কেও গুরুত্বপূর্ণ আলোচনা হইবে বলিয়া জানা গিয়াছে। কটকের যে কয়েকটি স্থানে রাজধানী করার জন্য উড়িষ্যা গবর্ণমেন্ট বিবেচনা করিতেছেন, বড়লাট সেই স্থানগুলি পরিদর্শন করিবেন। ঐ সকল স্থানের মধ্যে চৌদ্বার ঘাট অন্যতম। উড়িষ্যা এডমিনিষ্ট্রেটিভ কমিটি ঐ স্থানে রাজধানী করার জন্য ১৯৩২ সালে সুপারিশ করিয়াছিলেন।

মাদ্রাজ এষ্টেটস এণ্ড ল্যাণ্ড এক্ট (উড়িষ্যা) সংশোধন বিল সম্বন্ধেও সম্ভবতঃ আলোচনা হইবে। বিলটি অনেক দিন হইল পাস হইলেও এখন পর্যন্ত বড়লাটের সম্মতি পাওয়া যায় নাই।

উড়িষ্যা প্রদেশে বড়লাটের প্রথম পরিদর্শন উপলক্ষে তাঁহাকে উপযুক্ত-ভাবে সম্বর্দ্ধনা করার জন্য আয়োজন করা হইতেছে।

বড়লাট লর্ড লিনলিথগো স্পেশাল ট্রেণযোগে ১লা আগষ্ট অপরাহ্ণে পুরীতে পৌঁছিবেন এবং ২রা আগষ্ট পুরী হইতে দিল্লী যাত্রা করিবেন।

ডোডেকানিজ দ্বীপ অধিকার

সম্প্রতি 'ইয়েনি সাবাহ' নামক তুরস্কের একটি সংবাদপত্রে ইটালীর নিকট ডোডেকানিজ দ্বীপ দাবী করিয়া একটি সম্পাদকীয় প্রবন্ধ প্রকাশিত হইয়াছে।

স্মরণ থাকিতে পারে যে, ডোডেকানিজ পূর্ব্বে তুরস্কের অধীন ছিল; ১৯১২ সালে ইটালী উহা দখল করে। ১৯২৪ সালে লোজান চুক্তির সময় তুরস্ক কার্য্যতঃ ইটালীর ডোডেকানিজ দখল স্বীকার করিয়া লয়। ডোডেকানিজ দ্বীপের বেশীর ভাগ অধিবাসী গ্রীক। 'ইয়েনি সাবাহ' এর যুক্তি দেখাইয়াছেন যে, ডোডেকানিজ দ্বীপে তুরস্কের যে কেবল ঐতিহাসিক এবং জাতিগত অধিকার আছে তাহা নহে, তাহার অর্থনৈতিক স্বার্থও এখানে আছে। ভূমধ্যসাগরে যে সমস্ত দ্বীপ আছে, সেগুলি অন্যায়ভাবে বণ্টন করা হইয়াছে বলিয়া ইটালী এবার ক্ষোভ প্রকাশ করিতেছে। তবে তুরস্কের দাবীর যৌক্তিকতা ইটালী স্বীকার করিবে না কেন?

নাৎসী গুপ্তচরদের উপদ্রব

ইংলণ্ডে বহু নাৎসী গুপ্তচর কাজ করিতেছেন। প্রায় ৫০।৬০ জন নাৎসী চরের নাম, ধাম ও বিবরণ ইংলণ্ড হইতে প্যারিস ও ওয়াশিংটনে সম্প্রতি তার করিয়া জানান হইয়াছে

ফ্রান্সে ও মার্কিণ যুক্তরাষ্ট্রে জার্ম্মাণ গুপ্তচরদের কার্য্যকলাপ বন্ধ করিবার জন্য উভয় দেশের গবর্ণমেণ্টকে সাহায্যকল্পে এইরূপ ব্যবস্থা অবলম্বন করা হইয়াছে।

এখানে জার্ম্মাণ গুপ্তচরদের কার্য্যকলাপ সম্পর্কে তদন্ত করিয়া জানা গিয়াছে যে, পৃথিবীর সমস্ত দেশেই নাৎসীরা গোয়েন্দাগিরি করিতেছে এবং উহা আন্তর্জ্জাতিক আকার লাভ করিয়াছে। যুক্তরাষ্ট্রে যে সমস্ত খবর সংগৃহীত হয় লণ্ডনের গুপ্তচরেরা সেগুলি গ্রহণ করে। বৃটেনে যে সমস্ত খবর পাওয়া যায়, সেগুলি ফরাসী গোয়েন্দা-ঘাঁটি হইতে বার্লিনে প্রেরিত হয়।

স্কটল্যাণ্ড ইয়ার্ডের গোয়েন্দা বিভাগ এই সকল সন্দেহজনক নরনারীদের নাম-ধাম সংগ্রহ করিয়াছে। চীফ কনেষ্টবল ক্যানিং নিজে এই ব্যাপারে তদন্ত করিতে-ছিলেন। বর্ত্তমানে স্বরাষ্ট্র বিভাগ এই সম্পর্কে বিবেচনা করিতেছেন।

যে সকল গুপ্তচরের কার্য্যে আন্তর্জ্জাতিক আইন লঙ্ঘিত হইতেছে, তাহাদিগকে দণ্ড অভিযুক্ত করা হইবে, নতুবা ইংলণ্ড পরিত্যাগে নির্দ্দেশ দেওয়া হইবে। অন্যান্য যাহাদের সন্দেহ করা হয়, তাহাদিগকে সতর্ক করিয়া দেওয়া হইবে যে, তাহাদের বিরুদ্ধে কোন প্রমাণ পাওয়া গেলে গোয়েন্দা বিভাগ কঠোর ব্যবস্থা অবলম্বন করিবে।

নাৎসীদের গোয়েন্দাগিরির মধ্যে একটা বৈশিষ্ট্য হইতেছে, যথোচিত সতর্কতার অভাব। অনেক গুপ্তচর তাহাদের কার্য্য-কলাপ গোপন রাখিবার জন্য মোটেই চেষ্টা করে না। অনেকের ধারণা ইহাদের উদ্দেশ্য কর্তৃপক্ষের নজরে ধূলি দেওয়া। কেননা, কর্তৃপক্ষের নজর ইহাদের দিকে থাকিলে আসল গোয়েন্দারা নির্বিঘ্নে ও গোপনে কাজ করিয়া যাইতে পারে।

প্রাচীন বলশেভিকের পতন

সোভিয়েট সুপ্রীম কোর্ট বুলগেরিয়ার ভূতপূর্ব্ব সোভিয়েট রাষ্ট্রদূত ফিওডোর রাসকোলনিকফকে অপরাধী বলিয়া ঘোষণা করিয়াছেন। ১৯৩৮ সালের এপ্রিল মাসে রাষ্ট্রদ্রোহের অভিযোগে কয়েকজন কমিউনিষ্টের বিরুদ্ধে যখন বিচার চলিতেছিল, তখন তিনি রাশিয়ায় প্রত্যাবর্ত্তন করিতে অস্বীকার করিয়াছিলেন। সুপ্রীম কোর্টের আদেশ প্রকাশিত হইয়াছে। উহাতে বলা হইয়াছে যে, কোর্ট প্রমাণ পাইয়াছেন, ফিওডোর রাসকোলনিকফ তাঁহার পদ পরিত্যাগ করিয়া জনসাধারণের শত্রুদলে যোগদান করিয়াছেন এবং সোভিয়েট ইউনিয়নে ফিরিতে অস্বীকার করিয়াছেন।

১৯১০ সাল হইতে রাসকোলনিকফ বলশেভিক পার্টির সদস্য ছিলেন। কেরেনস্কির বিরুদ্ধে বিপ্লবে তিনি ক্রনষ্টাড নাবিকদের নেতৃত্ব করেন। ১৯২০ সালের গৃহ-বিপ্লবে সোভিয়েট-বাহিনী শত্রুপক্ষীয় আঠার-জন বন্দীর বিনিময়ে তাঁহার মুক্তি ক্রয় করেন। ১৯৩৩ সালে বুলগেরিয়ার রাষ্ট্রদূত হিসাবে ইহার পূর্ব্বে তিনি আফগানিস্থান, এষ্টোনিয়া ও ডেনমার্কে সোভিয়েট রাষ্ট্রদূতরূপে কার্য্য করেন … সালে যখন সোভিয়েট গবর্ণমেণ্ট তাঁহাকে রাশিয়ায় ফিরিতে নির্দ্দেশ দেন (অবশ্য সে নির্দ্দেশ পালিত হয় নাই) তখন তাঁহাকে 'কম.১৮' বলিয়াও সম্বোধন করা হয় নাই।

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক। প্রতি একাদশীতে প্রকাশিত হয়। কলিকাতা বাগবাজারস্থ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। সডাক ভিক্ষা ৩।০ টাকা মাত্র।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১।০ টাকা মাত্র।

৩। ভাগবত—হিন্দিভাষার একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ টাকা মাত্র

৫। শ্রীগৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা [illegible]িক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ মাত্র।

পরমগুরু শ্রীগৌরকিশোর

গৌড়ীয়-সম্পাদক-লিখিত, শ্রীগৌড়ীয়মঠাচার্য্যের ভূমিকা-সম্বলিত, বহুচিত্র-শোভিত ও বিষয় সূচী-সম্বলিত "পরমগুরু শ্রীগৌরকিশোর" গ্রন্থাকারে প্রকাশিত হইয়াছেন। এই গ্রন্থে শুদ্ধগৌড়ীয়বৈষ্ণবজগতের পরমারাধ্য, গৌড়ীয়গৌরবশিখামণি অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ নিত্যলীলাপ্রবিষ্ট পরমহংস ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল গৌরকিশোরদাস গোস্বামী প্রভুবরের অভিনব চরিতকথা বর্ণিত আছে।

শ্রীশ্রীভক্তিবিনোদাবির্ভাব-শতবর্ষপূর্ত্তিতিথিপূজার উপায়ন-গ্রন্থমালা

——::(*)::——

১। গীতিসাহিত্যে শ্রীভক্তিবিনোদ

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র গীতিসাহিত্যের সমালোচনা-গ্রন্থ)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

২। শ্রীভক্তিবিনোদবাণীবৈভব

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের বচনামৃতসাগর হইতে আহৃত ১০৮টি অধ্যায়ে সম্বন্ধ-অভিধেয়-প্রয়োজনাকারে গুম্ফিত অমূল্য উপদেশপূর্ণ গ্রন্থ)

ভিক্ষা—৩৲ তিন টাকা মাত্র।

৩। শ্রীশ্রীভক্তিবিনোদ-প্রসঙ্গ

ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ ও ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামীপ্রভু-বিরচিত এবং গৌড়ীয়ে প্রকাশিত শ্রীশ্রীভক্তিবিনোদ-চরিত-প্রসঙ্গ

ভিক্ষা—।৵০ ছয় আনা মাত্র।

৪। ছাত্রদের ভক্তিবিনোদ

(ছাত্রদের উপযোগী ভাষায় লিখিত শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্র ও শিক্ষা)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

(ছাত্রদের পক্ষে ভিক্ষা—৷৷০ আট আনা মাত্র)

প্রাপ্তিস্থান:—

(১) 'ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট', পোঃ শ্রীমায়াপুর, নদীয়া;

(২) শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা;

(৩) শ্রীযুক্ত সুপতিরঞ্জন নাগ এম্-এ, বি-এল্, পুরাণপল্টন, পোঃ রমনা, ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্,—সমগ্র ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ২৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। অনুভাষ্য সহিত শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৬৲
৩। অনুভাষ্য শ্রীচৈতন্যচরিতামৃত ৬৲
৪। সরস্বতী জয়শ্রী (অবাঁধা) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০
৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸
৭। শ্রীচৈতন্যদেব ৩৲
৮। সৎক্রিয়াসার দীপিকা ও সংস্কার দীপিকা ১।০
৯। জৈবধর্ম ২৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ৷০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিষয়-তত্ত্ব ৷০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষদ ৷০
১৮। [illegible] ৷০
১৯। তত্ত্ববিবেক ৷০
২০। গৌড়ীয়-গৌরব ৷৵০
২১। গৌড়ীয়সাহিত্য ৷৵০
২২ ভজন-রহস্য ৷০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা সহ) ২৲
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) ২৲
অবাঁধা) ১৲
২৬ গীতার কেবল মূল-ভাষ্য ৷০
২৭ [illegible] (সানুবাদ) ২৲
২৮ বেদান্ততত্ত্বসার (সানুবাদ) ৷০
২৯ প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৸০
৩০ দীপ-দিগ্-দর্শন ৵০
৩১ সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ৷৵০
৩২ গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ৷০
৩৩ নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪ ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৵০
৩৫ গীতমালা /১০
৩৬ নবদ্বীপধাম মাহাত্ম্য ৵০
৩৭ ঐ প্রমাণ-খণ্ড ৵০
৩৮ শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ৷০
৩৯ শ্রীগৌড়মণ্ডলপরিক্রমা ৷০
৪০ শরণাগতি /০
৪১ গীতাবলী /০
৪২ শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
৪৩ সাধনতত্ত্ব /০
৪৪ প্রেমভক্তিচন্দ্রিকা /
৪৫। নবদ্বীপশতক
৪৬। অর্থপঞ্চক
৪৭। সদাচারস্মৃতি ৵/
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) /১০
৪৯। অর্চ্চনকণ ৷১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম-৪ খণ্ড) ৯৲
৫১। ব্রহ্মসংহিতা ৷০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ৷০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ-বিনির্ণয় ৷০
৫৫। [illegible] বা মায়াবাদশতদূষণী ৷০
৫৬ ভারতবর্ষ ও ভক্তিপথ ৵০
৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ) ৷০
৫৮। [illegible] ৵০
৫৯। সিদ্ধান্তদর্পণ ৵০
৬০। সাংখ্যবাণী /০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ৷০
৬২। সিদ্ধান্ত-সরস্বতী বিভবঃ ৷০
৬৩। সটীক-শিক্ষাষ্টকম্ ৷০
৬৪। তত্ত্বসূত্রম্ ৷০
৬৫। [illegible] শিক্ষাষ্টকম্ ৵০
৬৬। গৌড়ীয়মঠোপক্রিয়া /০
৬৭। সারসংগ্রহম্ ৵০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ৷৵
৬৯। এ ফিউ ওয়ার্ডস অন বেদান্ত ৷০
৭০। নামভজন /০
৭১। বেদান্ত—ইটস্ মরফলজী অ্যাণ্ড অন্টলজি ৷০
৭২। রিলেটিভ ওয়ার্ল্ডস ৷৵০
৭৩। লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস্ অব শ্রীচৈতন্য মহাপ্রভু ৷৵
৭৪। বৈষ্ণবীজম ৷০
৭৫। হোয়াট গৌড়ীয়মঠ ইজ ডুইং /০
৭৬। দি ভাগবত ৷০
৭৭। ইরোটিক প্রিন্সিপাল অ্যাণ্ড আনঅ্যালয়েড ডিভোশন ৷০
৭৮। ব্রহ্মসংহিতা [illegible]
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (প্রথম খণ্ড) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ৷৵
৮১। সাধন-পথ ৷০
৮২। কল্যাণ-কল্পতরু ৵০
৮৩। গীতাবলী /০
৮৪। শরণাগতি /৶

তামিল ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি /৶

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত [illegible]

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

একমাত্র পারমার্থিক দৈনিক পত্র

শ্রীধাম-মায়াপুর-নদীয়া

১৪শ বর্ষ | ১৮ পুরুষোত্তম ৪৫৩ গৌরাব্দ, ১৮ই শ্রাবণ বঙ্গাব্দ ১৩৪৬, ৩রা আগষ্ট ইং ১৯৩৯, বৃহস্পতিবার | ১০৩৭ সংখ্যা।

"সর্ব্বনাশ উপস্থিত হইলে জীব পরমার্থ-বঞ্চিত হইয়া শ্রীকৃষ্ণচৈতন্যের প্রকাশ-বিগ্রহ নিত্যানন্দকে ও তদভিন্নপ্রকাশ শ্রীগুরুদেবকে পৃথক্ জ্ঞান করে। তাহাদের গৌরসুন্দরের সেবা লাভ কখনও হয় না। তাহারা নিত্যকাল গুরুদ্রোহী হইয়া দুর্ভোগী হইয়া পড়ে।"

(শ্রীল প্রভুপাদ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

১৮ পুরুষোত্তম, শ্রীপাদ কামদা একাদশী গৌরাব্দ ৪৫৩

শ্রীগুরুসেবা

—:#:—

শ্রুতিস্মৃতিপুরাণাদি শাস্ত্রে সর্ব্বত্রই আচার্য্যদেবের মাহাত্ম্য পরিকীর্ত্তিত হইয়াছে। সদ্গুরুসেবা ব্যতীত বদ্ধজীবের অনর্থনিবৃত্তি ও ভগবৎসেবা-প্রাপ্তির দ্বিতীয় পন্থা নাই। শাস্ত্র আচার্য্যদেবকে ভগবৎপ্রকাশ বা আশ্রয়জাতীয় ভগবদ্বিগ্রহ বলিয়া বর্ণন করিয়াছেন। তাঁহাকে ভগবান্ হইতে অভিন্ন। তিনি জীবকুলকে নিত্যসেবা-শিক্ষা দিবার জন্য প্রপঞ্চে সেবকবিগ্রহরূপে প্রকটিত। তাঁহাকে আশ্রয় করিলে জীব বিষয়বিগ্রহ ভগবান্‌কে লাভ করিতে পারেন। সদ্গুরুর সেবা করিতে করিতে বদ্ধজীবের হৃদয়ের অবিদ্যারাশি বিদূরিত হয়, চিত্তদর্পণ নির্ম্মল হয়, তখন গুরুকৃপায় জীবের ঐ নির্ম্মল হৃদয়ে পরমশ্রেয়ঃ সাধিকা ব্রহ্মবিদ্যার উদয় হইয়া থাকে। জীবের যে পর্য্যন্ত ভুক্তি-কামনা প্রবল থাকে সে পর্য্যন্ত সে সদ্গুরুর সমীপে অভিগমন করিতে পারে না। শ্রুতি বলেন,—

পরীক্ষ্য লোকান্ কর্ম্মচিতান্ ব্রাহ্মণো
নির্ব্বেদমায়ান্নাস্ত্যকৃতঃ কৃতেন।
তদ্বিজ্ঞানার্থং স গুরুমেবাভিগচ্ছেৎ
সমিৎপাণিঃ শ্রোত্রিয়ং ব্রহ্মনিষ্ঠম্॥

ব্রাহ্মণ কর্ম্মদ্বারা অর্জ্জিত স্বর্গাদি লোকসমূহ কদলীদলের ন্যায় অসার জানিয়া নিত্য ভগবদ্ধাম অনিত্য কর্ম্মের দ্বারা প্রাপ্ত হওয়া যায় না, ইহা জানিয়া কর্ম্মফলে নির্ব্বেদ লাভ করিবেন। এইরূপ ভুক্তিকামনায় নির্ব্বেদপ্রাপ্ত পুরুষ অতি বিনীতভাবে ব্রহ্মজ্ঞানলাভের জন্য বেদতাৎপর্য্যবিৎ ও ভগবৎসেবাপরায়ণ সদ্গুরুর চরণে সর্ব্বতোভাবে শরণ গ্রহণ করিবেন। শ্বেতাশ্বতর শ্রুতিও বলিয়াছেন—

যস্য দেবে পরা ভক্তির্যথা দেবে তথা গুরৌ।
তস্যৈতে কথিতা হ্যর্থাঃ প্রকাশন্তে মহাত্মনঃ॥

যে অধিকারী পুরুষের ভগবানে অহৈতুকী পরা ভক্তি বর্ত্তমান, সেইরূপ যিনি সদ্গুরুতেও ঐকান্তিকী সেবাবৃত্তিবিশিষ্ট, সেই মহাত্মার নিকটঃ শাস্ত্রতত্ত্ব-বিষয়ক উপদেশ সকল প্রকাশিত হয়। শ্রীল কৃষ্ণদাস কবিরাজ গোস্বামিপাদও শ্রীচৈতন্যচরিতামৃতে বলিয়াছেন,—

"তাতে কৃষ্ণ ভজে, করে গুরুর সেবন।
মায়াজাল ছুটে, পায় কৃষ্ণের চরণ॥"

অর্থাৎ ত্রিগুণাত্মিকা দুস্পারা মায়ার হস্ত হইতে উদ্ধার লাভ করিয়া নিত্য ভগবৎসেবা পাইতে হইলে গুরুসেবা এবং গুরুর আনুগত্যে ভগবদ্ভজন ব্যতীত আর দ্বিতীয় উপায় নাই। সদ্গুরু শিষ্যের ভুক্তিমুক্তি-কামনাকে নিরাস করিয়া একমাত্র অহৈতুকী সেবা শিক্ষাদান করেন। যেখানে গুরু (?) শিষ্যকে নিজের ভোগ্য মনে করেন এবং শিষ্যও আত্মেন্দ্রিয়-প্রীতিবাঞ্ছা লইয়া গুরুর নিকট গমন করিয়া থাকেন, সেখানে গুরুসেবা নাই। ঐরূপ গুরু ও শিষ্য-সম্বন্ধ নিরয়বর্ত্মের দ্বার-স্বরূপ এবং সদ্গুরুসেবা বৈকুণ্ঠ বর্ত্মের দ্বার। গুরু নিত্য ভগবৎ-সেবায় অধিষ্ঠিত সুতরাং তিনি শিষ্যকেও ভগবানের সেবাতেই নিযুক্ত করেন। সদ্গুরুর ভগবৎসেবা ব্যতীত দ্বিতীয় অন্য কৃত্য নাই সুতরাং একমাত্র সদ্গুরুর সেবা করিলেই যুগপৎ গুরুসেবা ও ভগবৎসেবা সিদ্ধ হইয়া থাকে। প্রসিদ্ধ বৈষ্ণবাচার্য্য শ্রীরামানুজপাদের নাম পরমার্থিমাত্রেই শ্রবণ করিয়াছেন। তিনি মায়াবাদ-অন্ধকার ও কর্ম্মমার্গীয় পার্ত্তবাদের ঘূর্ণিবাত্যা হইতে জীবকুলকে উদ্ধার করিয়া জগতে ভক্ত ও ভগবানের সেবা-মাধুর্য্য প্রচার করিয়াছেন। একদা তিনি শিষ্যগণপরিবৃত হইয়া শ্রীশৈলোদ্দেশে গমন করেন। উচ্চৈঃস্বরে হরিনাম-কীর্ত্তন করিতে করিতে তাঁহারা অগ্রসর হইতে লাগিলেন। দুই তিন দিবস পরে তাঁহারা একটী গ্রামে আসিয়া পৌঁছিলেন। সেই গ্রামে রামানুজের দুইজন শিষ্যের বাস। একজন ধনশালী আর একজন নিঃস্ব। ধনশালী শিষ্যের নাম যজ্ঞেশ এবং অপর জনের নাম বরদাচার্য্য। রামানুজ উক্ত ধনাঢ্য শিষ্যের নিকট শিষ্যগণ সহ নিজ আগমন-বার্ত্তা জ্ঞাপন করিবার জন্য তাঁহার দুইজন শিষ্যকে প্রেরণ করিলেন। যজ্ঞেশ শ্রীগুরুদেবের আগমনবার্ত্তা শুনিতে পাইয়া আনন্দে এত অধীর হইলেন যে অন্তঃপুরে যাইয়া কি প্রকারে প্রভুর সম্বর্দ্ধনা করিবেন তজ্জন্য ব্যস্ত হইয়া পড়িলেন। এদিকে যে তাঁহার গুরুভ্রাতৃদ্বয় গৃহের দ্বারে বসিয়া রহিয়াছেন তাঁহাদের উদাসীন হইয়া পড়িলেন। রামানুজের শিষ্যদ্বয় যজ্ঞেশের ঐরূপ ব্যবহারে ব্যথিত হইয়া গুরুর নিকট সব নিবেদন করিলেন। রামানুজও ধনাঢ্য শিষ্যের ব্যবহারে অত্যন্ত দুঃখিত হইয়া নিঃস্ব বরদাচার্য্যের গৃহে আতিথ্য স্বীকার করিবার জন্য শিষ্যগণ সহ গমন করিলেন। বরদাচার্য্য প্রত্যহ প্রাতে ভিক্ষায় বহির্গত হইতেন এবং সারাদিন ভিক্ষা করিয়া যৎকিঞ্চিৎ পাইতেন তাহা গুরু ও নারায়ণে নিবেদন পূর্ব্বক তাঁহাদের অবশেষ গ্রহণ করিতেন। তাঁহার লক্ষ্মীনাম্নী পরমা সাধ্বী রূপলাবণ্যবতী সহধর্ম্মিণী ছিল। তিনি প্রকৃতই স্বামীর ধর্ম্মের সহায়কারিণী ছিলেন। যখন রামানুজ বরদাচার্য্যের কুটীরে শিষ্যগণসহ উপস্থিত হইলেন, তখন বরদাচার্য্য ভিক্ষায় বহির্গত হইয়াছেন। লক্ষ্মী স্নান সমাপন করিয়া একটী ক্ষুদ্র শতচ্ছিদ্র জীর্ণবস্ত্র কোনও

মায়ারে করিয়া জয় ছাড়ান না যায়। সাধু-গুরু-কৃপা বিনা না দেখি উপায়।

একবারে ধারণ পূর্ব্বক অপর একটী জীর্ণ মলিন বসন রৌদ্রতাপে শুকাইতেছিলেন। তিনি এইরূপ অবস্থায় গুরুদেবের সম্মুখে আসিয়া তাঁহাকে অভিবন্দন করিতে পারিতেছেন না, ইহা করতালিধ্বনি দ্বারা জ্ঞাপন করিলেন। রামানুজ তৎক্ষণাৎ বহির্দ্দেশ হইতে নিজ উত্তরীয় গৃহাভ্যন্তরে নিক্ষেপ করিলেন। লক্ষ্মী উহা দ্বারা গাত্র আচ্ছাদন পূর্ব্বক গুরুর সম্মুখে আগমন করিলেন এবং গুরুদেবকে পুনঃ পুনঃ সাষ্টাঙ্গ প্রণামপূর্ব্বক বলিতে লাগিলেন "প্রভো, আপনারা সকলে উপবেশন করুন, আমার স্বামী ভিক্ষার্থ বাহিরে গিয়াছেন, আমি শীঘ্রই বিষ্ণুনৈবেদ্য প্রস্তুত করিয়া দিতেছি।" এদিকে গৃহে তণ্ডুলকণা নাই, কি করিবেন কিছুই স্থির করিতে পারিলেন না। কিন্তু প্রাণ দিয়াও যদি গুরু ও বৈষ্ণবগণের সেবা করিতে হয় তাহাই করিতে হইবে, ইহা চিন্তা করিতে করিতে নারায়ণকে স্মরণ করিতে লাগিলেন। অবশেষে লক্ষ্মীদেবী একটীমাত্র উপায় খুঁজিয়া পাইলেন। নিকটে একজন ধনাঢ্য বণিকের বাস ছিল। উক্ত বণিকের চরিত্রদোষ ছিল। ঐ বণিক্ লক্ষ্মীদেবীর রূপলাবণ্যে মুগ্ধ হইয়া বহুবার তাঁহাকে তাঁহার বিলাসিনী হইতে অনুরোধ করিয়া বলিয়াছিলেন যদি লক্ষ্মীদেবী তাঁহার মনোবাসনা পূর্ণ করেন তাহা হইলে সেই মুহূর্ত্তেই তাঁহার ও তাঁহার স্বামীর দারিদ্র্য নিবৃত্ত হইবে, তাঁহাদের আর কোনও অভাব থাকিবে না। কিন্তু সতী সাধ্বী লক্ষ্মীদেবী বণিকের ঐরূপ কথায় কর্ণপাতও করেন নাই। আজ দেখিলেন, শ্রীগুরুদেব ও বৈষ্ণববৃন্দ দ্বারে উপস্থিত। যদি তাঁহাদের সেবার জন্য নশ্বর দেহ, লৌকিক বা নৈতিক ধর্ম জলাঞ্জলি দিয়াও শ্রীগুরুদেবের সেবা হয় তবেই তাহার দেহ-ধারণের সার্থকতা। তিনি এতদিন নিজের ভোগের জন্য বণিকের অসাধু-প্রস্তাবে সম্মত হন নাই। কিন্তু আজ হরিগুরুবৈষ্ণবসেবার জন্য ঐরূপ বিগর্হিত কার্য্য করিলেও তাঁহার নরকপাত হয় হউক কিন্তু তাহাদ্বারা ত' হরিগুরু-বৈষ্ণবের প্রীতি সাধন হইবে। আত্মেন্দ্রিয়-প্রীতিবাঞ্ছাই কাম। কিন্তু কৃষ্ণেন্দ্রিয়-প্রীতি-ইচ্ছা প্রেম নামে কথিত। কলির নায়ক এক মহাভাগবত চৌর্য্যবৃত্তি অবলম্বন করিয়া ভগবানের সেবা করিতেছিলেন। তিরুমঙ্গাই আলোয়ার দস্যুবৃত্তি দ্বারা অর্থ অপহরণ করিয়াও নিজ ইষ্ট রঙ্গনাথের শ্রীমন্দির নির্ম্মাণ করাইয়াছিলেন। নরক গমন করিতে হইলে আমি তাহাতেও আপত্তি করিব না; এইরূপ সংকল্প করিয়া লক্ষ্মীদেবী ঐ ধনাঢ্য বণিকের নিকট গমন করিলেন এবং সেই দিবস রাত্রিযোগেই তাঁহার মনোবাসনা পূর্ণ করিতে প্রতিশ্রুত হইলেন। বণিক্ কত অনুরোধ করিয়া নানাপ্রকার প্রলোভন দেখাইয়াও যাঁহাকে ঐরূপ অসৎকার্য্যে রত করাইতে পারে নাই আজ সে উপযাচিকা হইয়া তাঁহার দ্বারে উপস্থিত হইয়াছে। ইহা দেখিয়া বণিক্ আনন্দে অধীর হইলেন। লক্ষ্মীদেবী বণিকের নিকট তাঁহার গুরু ও বৈষ্ণববৃন্দের আতিথ্য-সৎকারার্থ দ্রব্য-সম্ভারের প্রয়োজন জ্ঞাপন করা মাত্র বরদাচার্য্যের কুটীরে ভারে ভারে তণ্ডুল, দধি, দুগ্ধ, ঘৃত শর্করা, নানাবিধ ফলমূল প্রেরিত হইতে লাগিল। লক্ষ্মীদেবী ক্ষিপ্রতার সহিত রন্ধন করিয়া নৈবেদ্য বিষ্ণুকে নিবেদন করিলেন এবং তাহা গুরু ও বৈষ্ণবগণকে প্রদান করিলেন। সকলেই পরিতোষ সহকারে প্রসাদের সম্মান করিলেন এবং দরিদ্রের গৃহে এইরূপ প্রসাদের ভূরি আয়োজন দেখিয়া বিস্ময়ান্বিত হইলেন। এদিকে লক্ষ্মীদেবীর পতি ভিক্ষা হইতে আগমন করিয়া নিজগুরুদেব ও গুরুভ্রাতৃগণকে তাঁহার ক্ষুদ্র কুটীরে দেখিতে পাইয়া সাতিশয় আনন্দিত হইলেন এবং গুরুদেব ও বৈষ্ণববৃন্দকে পরিচর্য্যা করিবার জন্য ব্যগ্র হইয়া উঠিলে বৈষ্ণবগণ বলিলেন যে, তাঁহারা সকলেই পরম সন্তোষসহকারে প্রসাদ সম্মান করিয়াছেন। বরদাচার্য্য শুনিয়া অতিশয় বিস্মিত হইলেন এবং গৃহাভ্যন্তরে গমন করিয়া সহধর্ম্মিণীকে জিজ্ঞাসা করাতে লক্ষ্মীদেবী বিনীতভাবে ও ভীতচিত্তে বণিকের নিকট তাঁহার প্রতিশ্রুতির বিষয় নিবেদন করিলেন। বরদাচার্য্য ইহা শ্রবণ করিয়া আনন্দে নৃত্য করিয়া উঠিলেন এবং লক্ষ্মীদেবীকে বলিতে লাগিলেন—'লক্ষ্মী' তুমিই সহধর্ম্মিণী, আজ আমি ধন্য হইলাম, আমি এতদিন মনে করিয়াছিলাম তুমি বুঝি আমার হাড়মাংসের থলিকেই পতি বলিয়া ভাবনা কর, কিন্তু আজ দেখিতে পাইলাম যে তোমার উপর গুরুকৃপা সম্পূর্ণভাবে বর্ষিত হইয়াছে, তোমার সম্বন্ধজ্ঞানোদয় হইয়াছে তুমি বুঝিতে পারিয়াছ যে, শ্রীনারায়ণই একমাত্র পতি এবং যাবতীয় জীবই প্রকৃতি। অতএব আজ তুমি এই রক্ত-মাংসপিণ্ড দেহের বিনিময়ে যে পরমপতির সেবা করিতে পারিয়াছ ইহা স্মরণ করিয়া আমি মুহুর্মুহু আনন্দিত হইতেছি। ক্রমে শ্রীরামানুজ ও বৈষ্ণবগণও লক্ষ্মীদেবীর এইরূপ সেবাপ্রবৃত্তির বিষয় জানিতে পারিয়া বিস্মিত হইলেন এবং শ্রীরামানুজ ঐ দম্পতিকে বলিলেন যে তোমরা উভয়ে ঐ বণিকের গৃহে যাইয়া তাহাকে কিছু মহাপ্রসাদ দিয়া আইস। দম্পতি ঐ বণিকের নিকট মহাপ্রসাদ লইয়া গেলেন। বরদাচার্য্য বাহিরে রহিলেন, লক্ষ্মী বণিকের নিকট গিয়া মহাপ্রসাদ অর্পণ করিলেন। লক্ষ্মীদেবীর অনুরোধে ঐ বণিক রামানুজা-চার্য্যের অবশেষ গ্রহণ করিতে লাগিলেন। কিন্তু বৈষ্ণব-উচ্ছিষ্টের কি মাহাত্ম্য! প্রসাদ গ্রহণ করিতে করিতে বণিকের মন ফিরিয়া গেল। বণিকের চিত্তে অনুতাপ হইতে লাগিল হায়, আমি কাহার প্রতি এইরূপ অসদভিলাষ করিয়াছি! আপনি ত' বৈষ্ণব-গৃহিণী, আপনার নারায়ণে সমর্পিত দেহে আমি ভোগবুদ্ধি করিয়াছি! মাতঃ, আমাকে নরক হইতে উদ্ধার করুন। আপনার শ্রীগুরুদেবের কৃপায় কি আমি বঞ্চিত থাকিব? বৈষ্ণবগণ ত' অদোষদর্শী। তিনি কি আমাকে কৃপা করিবেন না?

সতী স্বামীর নিকট ফিরিয়া আসিয়া সব ঘটনা বলিলেন এবং পরে বণিকের বিষয় শ্রীগুরুদেবের চরণেও নিবেদন করিলেন। পতিতপাবন শ্রীরামানুজাচার্য্য বণিক্‌কে অতিশয় অনুশোচিত দেখিয়া দীক্ষাপ্রদান করিলেন। পরে ঐ বণিক্ শ্রীগুরুর নিকট ঐ বৈষ্ণবদম্পতির দারিদ্র্য দূর করিবার জন্য তাঁহার অর্থদানের ইচ্ছা নিবেদন করিলেন। ইহা শুনিয়া বরদাচার্য্য গুরুদেবের নিকট অতিশয় বিনীতভাবে বলিলেন প্রভো, এই কৃপা করুন যেন এ অধম হরি-গুরু-বৈষ্ণব-সেবাধিকার হইতে বিচ্যুত না হয়। প্রভো, ধন, জন বা প্রতিষ্ঠাদি দ্বারা যেন আমার চিত্ত আপনার চরণযুগলের সেবা হইতে খলিত না হয়।

যত দেখ বৈষ্ণবের ব্যবহার-দুঃখ।
নিশ্চয় জানিহ সেই পরানন্দ সুখ॥
বিষয়-মদান্ধ সব কিছুই না জানে
বিদ্যা-ধন-কুলমদে বৈষ্ণব না চিনে॥

এদিকে রামানুজের ধনাঢ্য শিষ্য যজ্ঞেশ শ্রীগুরুর সেবা করিতে না পারিয়া অতিশয় দুঃখিতচিত্তে বরদাচার্য্যের গৃহে আসিলেন এবং শ্রীগুরুকে হৃদয়ের দুঃখ নিবেদন করিলেন। রামানুজ যজ্ঞেশকে বলিলেন,—তোমার বৈষ্ণবাপরাধ হইয়াছে তাই আমি তোমার গৃহে আতিথ্য গ্রহণ করি নাই। তুমি তোমার গুরুভ্রাতৃদ্বয়কে সম্বর্দ্ধনা না করিয়াই অন্তঃপুরে চলিয়া গিয়াছিলে। তখন যজ্ঞেশ কহিলেন, প্রভো, আপনার শুভাগমন-বার্ত্তা শুনিয়া আমি আনন্দে অধীর হইয়া আপনার সম্বর্দ্ধনার জন্য আয়োজন করিতেছিলাম। তখন রামানুজ বলিলেন,—আনন্দে বিহ্বল হওয়া কিছু সেবা নহে, কারণ—

"নিজ-প্রেমানন্দে কৃষ্ণ-সেবানন্দ বাধে।
সে আনন্দের প্রতি ভক্তের হয়
মহাক্রোধে॥"

যেখানে নিজের আনন্দলাভের লেশ-মাত্রও ইচ্ছা আছে তাহা ভুক্তি-কামনা, সেখানে সেবা নাই; সেবায় কেবলমাত্র ইষ্টদেবের সুখকামনা থাকিবে। আর বৈষ্ণবগণকে বাদ দিয়া কখনও গুরুসেবা হয় না। বৈষ্ণবগণ বা গুরুসেবকগণ সকলেই শ্রীগুরুদেবের এক একটী অঙ্গপ্রত্যঙ্গ। অতএব তুমি যে 'অর্দ্ধকুক্কুটী ন্যায়' ন্যায় অবলম্বন করিয়া বৈষ্ণবগণকে সম্মান না করিয়াই কেবল আমার সেবা-চিন্তাতেই বিহ্বল হইয়া পড়িয়াছিলে তাহাতে তোমার বৈষ্ণব-অপরাধ হইয়াছে। সেইজন্য আমি তোমার গৃহে যাই নাই। যজ্ঞেশ তখন নিজ অপরাধ বুঝিতে পারিয়া শ্রীগুরুদেব ও বৈষ্ণবগণের চরণে বারংবার নিজ অপরাধ জ্ঞাপন করিয়া ক্রন্দন ও ক্ষমাভিক্ষা করিতে লাগিলেন। শ্রীরামানুজাচার্য্য যজ্ঞেশের গৃহে আতিথ্যগ্রহণে স্বীকৃত হইলেন। সদ্‌গুরু ও প্রপন্ন শিষ্যের ব্যবহার এইরূপ। সদ্‌গুরু ধন, কুল, বিদ্যা দেখেন না, দেখেন সেবাপ্রবৃত্তি। সদ্‌গুরু সেবা এবং ভুক্তি ও মুক্তির পার্থক্য প্রদর্শন করেন। সদ্‌গুরু শিষ্যকে পতিত রাখিয়া পতিত-পাবন নাম ধরেন না। শিষ্যকে সত্য সত্যই পাবন করিয়া থাকেন। সদ্‌গুরু শিষ্যের অন্যায় আচরণের প্রশ্রয় দেন না।

ইন্দ্রিয়বেগ

বিষয়ের প্রতি ইন্দ্রিয়ের গতিকে ইন্দ্রিয়-বেগ বলে। বিষয় পাঁচটী—রূপ, শব্দ, গন্ধ, রস এবং স্পর্শ। বিষয়ের গ্রাহক ইন্দ্রিয়ও পাঁচটী—চক্ষু, কর্ণ, নাসিকা, জিহ্বা ও ত্বক্।

নিত্যকৃষ্ণদাস জীব নিজ প্রভুসেবা ভুলিয়া এই প্রপঞ্চে আসিয়া পড়ে। এই সংসার বাহ্য-দৃষ্টিতে জীবের সুখ-ভোগের আগার বলিয়া মনে হইলেও ইহা বদ্ধজীবের জন্য কারাগার মাত্র। অপরাধী ব্যক্তির অপরাধ-মোচনের জন্য যেমন কারাগারের সৃষ্টি, সেইরূপ কৃষ্ণবিমুখজীবের শাস্তিগৃহ সংসার।

চিৎকণ জীব চিৎসূর্য্য শ্রীকৃষ্ণের তটস্থা শক্তির পরিণাম। সুতরাং সেই তটস্থ-ধর্ম

জীবাত্মার সেবাধর্ম্ম ও ভোগপ্রবৃত্তি অনাদিকাল হইতে বর্ত্তমান। যে কালে সেবাধর্ম্মের হ্রাস, সেকালে ভোগপ্রবৃত্তির উদয়। এই ভোগপ্রবৃত্তির উদয়ে মায়ার প্রতি অভিনিবেশই জীবের বন্ধন। সূক্ষ্ম ও স্থূলভেদে বদ্ধাবস্থার দুইটি আবরণ। মন, বুদ্ধি ও অহঙ্কারাত্মক সূক্ষ্ম-আবরণ এবং ক্ষিত্যপ্‌তেজোমরুদ্ব্যোম—এই স্থূল আবরণ। সূক্ষ্মদেহটি বাসনাময়, আর বাসনার পরিতৃপ্তির সহায় স্থূলদেহ। বদ্ধজীব এই ভোগায়তন দেহদ্বয়ে "আমি" বুদ্ধি করিয়া কর্ত্তৃত্বাভিমানে জড়বিষয়ের ভোক্তা সাজিয়াছে।

স্থূলদেহে দশটি ইন্দ্রিয়ের মধ্যে জিহ্বা রস-সংগ্রহের যন্ত্র। জিহ্বাদ্বারা আমরা খাদ্যদ্রব্যের কটু, তিক্ত, কষায়াম্লভেদে বহুবিধ রসের আস্বাদ গ্রহণ করি। গৃহীত খাদ্যদ্রব্যে ইন্দ্রিয়তর্পণ-যোগে আমাদের দেহ রক্ষিত ও পুষ্ট হয়। যেকালে জিহ্বা খাদ্যদ্রব্যের দ্বারা দেহ-রক্ষার কথা ভুলিয়া ইন্দ্রিয়সুখলালসায় কেবলমাত্র রসাস্বাদনে ব্যস্ত হয়, তখনই জিহ্বাবেগ। এই জিহ্বার অসংযত অবস্থায় দেহে যে কতপ্রকার রোগের উৎপত্তি হয় তাহা ভোগিগণ জানিয়াও জানে না। কিন্তু সংযত ব্যক্তিগণ বেশ বুঝিতে পারেন। সংযতজিহ্বায় খাদ্যদ্রব্য গ্রহণে যেরূপ দেহের পুষ্টি সাধিত হয়, অসংযত জিহ্বাদ্বারে দেহের তদ্বিপরীত অপুষ্টি বা রোগফলে মৃত্যু সাধিত হইতে পারে।

সাধারণ বিচারেও জিহ্বাবেগের দাস হওয়া উচিত নহে। ভজন-প্রয়াসীর ত' কথাই নাই। জিহ্বাবেগে কেবলমাত্র জিহ্বা অসংযত হয় এরূপ নহে, ঐ সঙ্গে উদর ও উপস্থের বেগ বৃদ্ধি হয়। জিহ্বার বেগে জিহ্বা অপার, উদরের বেগে উদরাধর ও উপস্থবেগে ইন্দ্রিয়তর্পণ-চেষ্টা বৃদ্ধি হয়।

জিহ্বার লালসে যেই ইতি-উতি ধায়।
শিশ্নোদরপরায়ণ কৃষ্ণ নাহি পায়॥

জিহ্বাবেগ দুর্দ্দমনীয়। যতই রস সংস্পর্শ পাইবে ততই ইহা অতৃপ্ত হইয়া রস-সংগ্রহে ব্যস্ত হয়। জিহ্বা সপত্নীর ন্যায় গৃহপতির সর্ব্বস্ব লুণ্ঠন করে। বাহ্যকের দৃষ্টিতে বহুপত্নীক সুখী হইলেও তাহার দুঃখের কথা ভুক্তভোগী ব্যতীত কেহ বুঝিতে পারে না।

জিহ্বৈকতোঽচ্যুত বিকর্ষতি মাবিতৃপ্তা
শিশ্নোঽন্যতস্ত্বগুদরং শ্রবণং কুতশ্চিৎ।
ঘ্রাণোঽন্যতশ্চপলদৃক্ ক্ব চ কর্ম্মশক্তি-
র্বহ্ব্যঃ সপত্ন্য ইব গেহপতিং লুনন্তি॥
(ভাঃ ৭।৯।৪০)

জিহ্বাবেগের দাসের অবস্থা অতীব শোচনীয়। রস-ভোগে প্রমত্ত মৎস্য বড়িশ-সংলগ্ন খাদ্যের লোভে ধাবিত হইয়া মুখাস্বাদনে বঞ্চিত হইয়া যেরূপ লৌহকণ্টকে আবদ্ধ হয়, জিহ্বাবেগের দাসেরও সেইরূপ বন্ধনাত না হইয়া মৃত্যুপাতই হইয়া থাকে—

জিহ্বয়াতিপ্রমাথিন্যা জনো রস-
বিমোহিতঃ।
মৃত্যুমৃচ্ছত্যসদ্বুদ্ধির্মীনস্তু বড়িশৈর্যথা॥
(ভাঃ ১১।৮।১৯)

অপ্রাকৃতানুভূতিরহিত প্রাকৃত বুদ্ধি-বিশিষ্ট ভোগপ্রিয় জনগণের মীমাংসা সর্ব্বদা বিবদমান। এই বিচারে অনাহারে জিহ্বাবেগের ব্যবস্থা দেওয়া হইয়াছে। কিন্তু তাহা কতদূর কার্য্যকরী তাহা অধোক্ষজ-সেবাধর্ম্ম-বিশিষ্ট ব্যক্তিগণ জানেন।" নিরাহারে অস্থায়ী ইন্দ্রিয়বেগ প্রশমিত হইলেও রসভোগ-নিবৃত্তি-চেষ্টার ব্যতিরেকভাবে জিহ্বাবেগ বর্ত্তমান; অনাহারে দেহনাশের সম্ভাবনা। এ ব্যবস্থা দেখিয়া একজন চিকিৎসকের কথা মনে পড়ে। কোন ধনীর অঙ্গে কয়েকটি ব্রণ হওয়ায় তিনি যন্ত্রণায় অধীর হইয়া একজন সূচিকিৎসকের শরণাগত হন। ভবিষ্যদ্দর্শী এই চিকিৎসক রোগদর্শনের পর অনেক বিচার বিবেচনা করিয়া বলেন এই ব্রণগুলি বর্ত্তমানে ঔষধ প্রয়োগে নিরাময় হইবে সন্দেহ নাই। কিন্তু আবার ভবিষ্যতের ছবি মনে পড়িতেছে। কেননা, ভবিষ্যতে পুনরায় ব্রণ হইতে পারে। অতএব আপনার গলদেশে অস্ত্রপ্রয়োগই এই ব্রণ হইতে চিরদিনের মত নিরাময়ের ব্যবস্থা হইতেছে।

আবার অন্য বিচারে স্থির হইয়াছে যে, জিহ্বার প্রবৃত্তি অনুসারে উহাকে চলিতে দিলে অবশেষে ক্ষীণবীর্য্য হইয়া আপনা আপনিই সংযত হইবে। কিন্তু ইহা ঠিক বৃদ্ধ ব্যক্তির ইন্দ্রিয়সংযমের ন্যায়। কেননা, বৃদ্ধব্যক্তির ভোগেন্দ্রিয়ের অপটুতাক্রমে ভোগক্রিয়ার হ্রাসমাত্র ঘটে। উহা 'বৃদ্ধা বেশ্যা তপস্বিনী' ন্যায়ানুগত। ভোগের দ্বারা ভোগ-নিবৃত্তি কষ্টভাগীর মত। বিষয়ের ভোগে বা ত্যাগে বিষয়গ্রহণ-প্রবৃত্তির নাশ হয় না। জিহ্বা অসংযত রাখিলে কেবল জিহ্বাবেগ নহে, উদর ও উপস্থের বেগও বৃদ্ধি হয়।

শাস্ত্র বলেন, যে পর্য্যন্ত রসনাজয় না করা যায়, সেকাল পর্য্যন্ত অন্য ইন্দ্রিয় জিত হইলেও জিতেন্দ্রিয় হওয়া যায় না, কিন্তু রসনা-জয়ে সর্ব্বেন্দ্রিয় জয় করা হয়—

তাবজ্জিতেন্দ্রিয়ো ন স্যাদ্বিজিতান্যেন্দ্রিয়ঃ
পুমান্।
ন জয়েদ্রসনং যাবজ্জিতং সর্ব্বং জিতে
রসে॥
(ভাঃ ১১।৮।২১)

সমস্ত ইন্দ্রিয়ের অধিপতি শ্রীকৃষ্ণ, সুতরাং কর্ত্তব্যই প্রভুসেবা। প্রভুসেবা ভুলিয়া ভোগবুদ্ধিতে দাসের প্রভু হওয়ার জন্যই এই দুরবস্থা। পুনরায় ভোগ ছাড়িয়া প্রভুসেবায় নিযুক্ত হইলে নিজ স্বভাবের উদয় হয়।

জাগতিক বস্তুসমূহ ত্রিগুণময়। আহার্য্যদ্রব্যও ত্রিবিধ। তামসিক ও রাজসিক খাদ্য অপেক্ষা সাত্ত্বিক খাদ্য শ্রেষ্ঠ হইলেও উহা সগুণ। আর শ্রীভগবন্নিবেদিত অন্ন নির্গুণ। তাহা ত্রিগুণাতীত অর্থাৎ অপ্রাকৃত—'মন্নিবেদিতন্তু নির্গুণং।' শ্রীকৃষ্ণসেবাবুদ্ধি-বিশিষ্ট জীব অহঙ্কারমুক্ত। আর বদ্ধজীব প্রাকৃত অহঙ্কারযুক্ত। সেবাপরায়ণ জীব মহাপ্রসাদ সেবন করিয়া অনাহার ও অত্যাহারের দাস নহেন, পরন্তু জিতেন্দ্রিয় ও ইন্দ্রিয়দ্বারে হৃষীকেশের সেবাযুক্ত। ইহা একাধারে ইন্দ্রিয় জয় ও ভগবৎসেবার অপূর্ব্ব সম্মেলন—ভোগবাদী ও ফল্গুত্যাগীর ন্যায় ইন্দ্রিয়দাসত্বের বা কল্পিত ইন্দ্রিয়ধ্বংসের প্রকরণ মাত্র নহে। তাই মহাজন গাহিয়াছেন,—

মহাপ্রসাদ সেবা করিতে হয়
সকল প্রপঞ্চ জয়।

শাস্ত্র পুনরায় বলিয়াছেন, শ্রীভগবন্নিবেদিত অন্ন মহাপ্রসাদ, আর উহা ভক্তভুক্ত হইলে মহামহাপ্রসাদ। সুতরাং মহাপ্রসাদ ও মহামহাপ্রসাদ-সেবনই জীবের জিহ্বাবেগ প্রশমনের ও জিহ্বাদ্বারে শ্রীভগবানের সেবার যোগ্যতা প্রাপ্তির একমাত্র উপায়—

ভক্তপদধূলি আর ভক্তপদ জল।
ভক্তভুক্ত-শেষ,—তিন সাধনের বল॥

শ্রীভক্তিসিদ্ধান্তবাণী

——::(০)::——

যে কোন জন্ম, যে কোন অবস্থাই পাই না কেন, সেখানে রূপ-রস-শব্দ-গন্ধ-স্পর্শ প্রভৃতি বিষয়ের সন্ধান পা'ব। যে কোনরূপ অভাবগ্রস্ত হই না কেন, সে সকল অভাবের পূরণ বা অভাবের অনুভূতি থাক্‌বেই। বর্ত্তমান সময়ে ঘটনাচক্রে মানব হ'য়েছি—পুরুষ বা স্ত্রী, বালক, যুবা, প্রৌঢ়, বৃদ্ধ বা অতিবৃদ্ধ হ'য়েছি; এ সকল অবস্থাও আবার দু'দিন পরে পরিবর্ত্তিত হ'য়ে যাবে। শান্তি ও অশান্তি, সুখ ও দুঃখ—দু'টোই পরিবর্ত্তনশীল ব্যাপার। দুঃখের অনুভূতি ক'মে যাওয়ায় সুখের উপলব্ধি, আবার সুখের অনুভূতি ক'মে যাওয়ায় দুঃখের অনুভব। অনেকে এই সুখ ও দুঃখের ক্রীড়নক হ'য়েও, সুখের অন্তরালে দুঃখ আছে জেনেও "তাৎকালিক সুখ-স্বাচ্ছন্দ্য তা' ত' ভোগ করে নিই"—এইরূপ কামনাপ্রেরিত হ'য়ে দুঃখ বা অশান্তির যূপকাষ্ঠে আপনাকে বলি দিয়ে থাকে। এইরূপ অসহিষ্ণুতা ও ধৈর্য্যহানি আমাদের নানাপ্রকার অসুবিধা ঘটাচ্ছে।

আমাদের ধৈর্য্যশীল হওয়া একান্ত প্রয়োজন। যে কোন বিপদ উপস্থিত হ'ক, মনে খুব ধৈর্য্য অবলম্বন করা দরকার। রাস্তায় যেতে যেতে একটা মদের দোকান দেখ্‌তে পাওয়া গেল। অমনি মদের দোকানে দৌড়ান কিম্বা খুব ধনবান্ দেখে বা ধনীর ঐশ্বর্য্যের কথা শুনে ধনবান্ হওয়ার জন্য আকাশ-পাতাল আলোড়ন, রূপ দেখে রূপ-ভোগের প্রতি ধাবিত হওয়া, পাণ্ডিত্য দেখে পণ্ডিত হওয়ার জন্য অস্বাভাবী উৎসাহ-উদ্যম প্রভৃতি অধৈর্য্যের দৃষ্টান্ত। জগতে ঐরূপ অধৈর্য্যের উপদেষ্টা অনেক আছে। কিন্তু "সহগুণ-সম্পন্ন হও"—এইরূপ উপদেশ জগতে পাওয়া বড় কঠিন। অনেকে হয়ত মৌখিক উপদেশ দেবে, কিন্তু সেরূপ পরোপদেশে পাণ্ডিত্যের দ্বারা আমাদের কোন মঙ্গল হ'বে না। যিনি নিজে হরিকীর্ত্তন না করেন, তিনি কখনও নিজে সহিষ্ণু হ'তে পারেন না, অপরকে সহিষ্ণু হওয়ার উপদেশ দিতে পারেন না। এজন্যই শ্রীগৌরসুন্দরের উপদেশ—

তৃণাদপি সুনীচেন তরোরপি সহিষ্ণুনা।
অমানিনা মানদেন কীর্ত্তনীয়ঃ সদা হরিঃ॥

কৃত্রিম সহিষ্ণু হ'বার উপদেশ কোন কোন ধর্ম্ম-সম্প্রদায়ে দেখ্‌তে পাওয়া যায়। কর্ম্ম-জ্ঞান যোগাদির পথে যে সহিষ্ণু হওয়ার উপদেশ তা' কৃত্রিম। সর্ব্বক্ষণ হরিকীর্ত্তনের কথা তা'তে নাই। তাৎকালিক হরিকীর্ত্তনের আশ্রয়ের দ্বারা নিত্যসহিষ্ণুতাধর্ম্ম উপস্থিত হয় না।

শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী

পরমার্থ-সম্পুটের রত্নরাজি

ভিক্ষা :—১ম খণ্ড ৵০ ; ২য় খণ্ড ১৲ ; ৩য় খণ্ড ৵০ , ৪র্থ খণ্ড —৵০ আনা।

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ
শ্রীধাম-মায়াপুর,
নদীয়া

সাধুসঙ্গ সাধুসঙ্গ সর্ব্বশাস্ত্রে কয়। লবমাত্র সাধুসঙ্গে সর্ব্বসিদ্ধি হয়

শুদ্ধভক্তি-মঠসমূহ

(১) শ্রীচৈতন্য মঠ-মুখ্যালয়

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীচন্দ্রশেখর ভবনে 'শ্রীচৈতন্যমঠ,'পরবিদ্যা-পীঠ, শ্রীশ্রীরাধাকৃষ্ণ শ্রীগৌর-গোপাল আচার্য চতুষ্টয় বিগ্রহ আছেন। সুপ্রাচীন প্রত্নপ্রাসাদ ও 'দৈনিক নদীয়া প্রকাশ'যন্ত্রালয় আছে।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১৬নং কালী প্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৫
কলিকাতায় শ্রীভক্তিবিনোদ-আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমদ্ভাগবত পাঠ, সংকীর্ত্তন, প্রত্যহ শ্রীমদ্ভাগবতাদি গ্রন্থের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও সাপ্তাহিক পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়।

(৩) যোগপীঠ-মায়াপুর-পীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমহাপ্রভুর আবির্ভাব ভূমি মহাযোগপীঠ।

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৫) অদ্বৈত-ভবন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং ... বর্ত্তমান।

(৬) মুরারিগুপ্তের পাট

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৭) কাজি-সমাধি-পাট

সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি।

(৮) শ্রীকৃষ্ণকুঞ্জ শ্রীলনাথ

শ্রীধাম মায়াপুর

(৯) স্বানন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
গোস্বামী বিজয়ানাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা।

(১১) সারস্বত-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ চাঁপাহাটী (বর্দ্ধমান)

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মাউগাছি, পোঃ ভারুই, (বর্দ্ধমান)
শ্রীব্যাসাবতার ঠাকুর বৃন্দাবনের স্থান

(১৩) ঋতুদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর,নদীয়া

(১৪) জহ্নুদ্বীপ-গৌড়ীয়মঠালয়

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ

গৌড়পুর; নদীয়া

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ

মাজিদা —(শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৭) সুরভিকুঞ্জ

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

(২০) মহেশ-পণ্ডিতের পাট

কাঁঠালপুলি, পোঃ চাকদা (নদীয়া)

(২১) রাণাঘাট-গৌড়ীয়মঠালয়

(২২) পুরী গৌড়ীয়মঠ

চব্বিশ পরগণা

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ

বালিয়াটী পোঃ ধামরাই, ঢাকা।
পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র।

(২৪) গোপালজীউমঠ

কমলাপুর, পোঃ ঢাকা

(২৫) নিতাই-গৌরাঙ্গ মঠ

পোঃ বালিয়াটী, (ঢাকা)

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

বড়বাজার, পোঃ ময়মনসিংহ

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চক্চকা, কামরূপ (আসাম)

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

জজ্ বাজার বিল্ডিং, দার্জ্জিলিং

(৩০) সারস্বত-গৌড়ীয়মঠ

পোঃ হরিদ্বার, জিঃ সাহারানপুর, ইউ, পি

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

মিঠাপুর পাটনা)

(৩২) গয়া গৌড়ীয়মঠ

রমণা রোড, গয়া

(৩৩) সনাতন-গৌড়ীয় মঠ

৮।১৭ বড় গণেশগঞ্জ, বেনারস সিটি

(৩৪) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

(৩৫) সত্যব্রত মঠ,

পোঃ মিস্রীখ, সীতাপুর (ইউ পি)

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়

বিশ্রামঘাট, পোঃ মথুরা

(৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ

কিশোরপুর; বৃন্দাবন

(৩৯) একচক্রধাম-সুখদকুঞ্জ

পোঃ রাধাকুণ্ড (মথুরা)

(৪০) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪১) রাধাকুণ্ড গোষ্ঠবাটী

(৪২) শ্রীগোবর্দ্ধনমঠালয়

গোবর্দ্ধন, মথুরা

(৪৩) নন্দের বিহারী মঠ

নন্দগ্রাম, মথুরা।

(৪৪) নন্দগ্রাম গৌড়ীয়মঠালয়

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৫) বর্ষাণা গৌড়ীয়মঠালয়

পোঃ বর্ষাণা, মথুরা

(৪৬) গোষ্ঠবিহারী মঠ—সেনাবী,

পোঃ হোডেল, জেলা গুড়গাঁও (পাঞ্জাব)

(৪৭) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

(৪৮) দিল্লী গৌড়ীয় মঠ

৪৫নং রেডিং রোড, নিউ দিল্লী

(৪৯) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়া ট্যাঙ্ক রোড, অন্ধ্যপ্রদেশ
বিল্ডিং বোম্বে ৭

(৫০) মাদ্রাজ-গৌড়ীয়মঠ

পোঃ মাদ্রাজ, মাদ্রাজ
শ্রীশ্রীগৌর-মাধব-গান্ধর্ব্বিকা-গিরিধারীর সেবা

(৫১) বাসবাস্থ-গৌড়ীয়মঠ

পোঃ কভুর, কৃষ্ণ গোদাবরী (মাদ্রাজ)
শ্রীশ্রীগৌর-মাধব-গান্ধর্ব্বিকা-গিরিধারীর সেবা

(৫২) নবগৌড়ীয়মঠ

আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)

(৫৩) পুরুষোত্তম মঠ,

চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা

(৫৪) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৫) লীলাকুটী

(৫৬) সচ্চিদ্‌-গৌড়ীয়মঠ

পোঃ ভুবনেশ্বর, পুরী

(৫৭) সচ্চিদানন্দ মঠ

... পোঃ কটক (উড়িষ্যা)

(৫৮) বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ

(৫৯) শ্রীজগন্নাথ-গৌড়ীয়-প্রচার-মন্দির

পোঃ ময়মনসিংহ, মাদ্রাজ

(৬০) ভাগবতজনানন্দ মঠ

চিরুলিয়া, পোঃ রামজীবনপুর, মেদিনীপুর

(৬১) অমরপি গৌড়ীয়মঠ

পোঃ অমরপি, মেদিনীপুর

(৬২) অমলাজোড়া প্রপন্নাশ্রম মঠ

পোঃ রাজবাঁধ (বর্দ্ধমান)

(৬৩) চৈতন্যগৌড়ীয়মঠ

চুঁচুড়া, পোঃ চিরকুণ্ডা, (মানভূম)

(৬৪) রেঙ্গুণ গৌড়ীয়মঠ

৭০১ নং মিউইস্ ষ্ট্রীট, রেঙ্গুণ।

(৬৫) লণ্ডন-গৌড়ীয়মঠ

ফ্ল্যাট নং ২
৫১, ডাউন্স রোড
ক্ল্যাপটন, লণ্ডন, ই ৫

(৬৬) গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

১৬।এ, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা

(৬৭) গৌড়ীয়মঠ অফিস

উইন্ডেট রোড, ঢাকা (ইউ-পি)

(৬৮) শ্রীবিজয়াবিধি-গৌড়ীয়মঠালয়,

ক্লবক্লাব, চট্টগ্রাম

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীবিদ্যানন্দ ব্রহ্মচারী ভক্ত্যালোক, ভক্তিশাস্ত্রী কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

-(:০:)-

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ৩ দিনের জন্য	সংবাদের পৃষ্ঠায় পরবর্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ৩ দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় পরবর্তী দিনের জন্য
সিঙ্গেলে প্রতি লাইনে ।০	৶০	।৶০		
" " ইঞ্চি ২৲		১।০		১৲
সিকিকলম ৫৲	৪৲			৩৲
" অর্দ্ধকলম ৮৲	৬৲	৬৲		৫৲
" এক কলম ১২৲	১০৲	১০৲		

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চি ৬৲	৪।০
" সিকি কলম ১৫৲	১২৲
" অর্দ্ধকলম ২৫৲	১৮৲
" এক কলম ৩৫৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৸০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা ৴৫ ; বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

শ্রীধাম-মায়াপুরে

——(:০:)——

—"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট"—

——::০::——

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর— গঙ্গার সন্নিকটে . বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক খোলা। শিক্ষকগণ সাত্ত্বিক ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে খোরাক ও বেতনাদির প্রায় মাসে মাত্র ৮৲ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উচ্চ ফল প্রদর্শন করিতেছে। বর্ত্তমান বর্ষে ১৬ জন বালকের মধ্যে ১৫ জন ভালভাবে উত্তীর্ণ হইয়াছে।

মেধাবী ছাত্রগণের আরও সুবিধা

পরীক্ষায় যাহারা গড়ে শতকরা ৭৫ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ সচ্চরিত্র বিনয়ী ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী

——::(০)::——

শ্রীল প্রভুপাদের চতুঃষষ্টিবর্ষপূর্ত্ত্যাবির্ভাব-তিথিতে শ্রীল আচার্য্যদেবের অতিযত্নে "শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী" প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। ইহাতে পূর্ব্বার্দ্ধ ও উত্তরার্দ্ধ দুইটি বিভাগ আছে। পূর্ব্বার্দ্ধে শ্রীল প্রভুপাদের আদি-প্রবন্ধাবলী শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের সম্পাদিত 'স-সজ্জিনী সজ্জনতোষণী,' শ্রীল প্রভুপাদের 'নিবেদন' সাপ্তাহিক পত্র প্রভৃতি হইতে যথাযথ ও প্রয়োজনীয় অর্থের টীকা-সহ প্রকাশিত হইয়াছে। উত্তরার্দ্ধে শ্রীল প্রভুপাদের সম্পাদিত 'সজ্জনতোষণী'র কতিপয় প্রবন্ধ যথাযথ প্রকৃতির সহিত মুদ্রিত হইয়াছে। প্রবন্ধগুলি রচনাকালের ক্রমানুসারে গ্রথিত হইয়াছে; এতদ্ব্যতীত শ্রীল আচার্য্যদেবের একটি মূল্যবান্ উপোদ্ঘাত ও সঙ্কলনকারীর একটি বিস্তৃত ভূমিকা, শব্দ-সূচী, স্থান-পাত্র-শ্লোক ও পয়ার-সূচী প্রভৃতি গ্রন্থে সংযোজিত হইয়াছে। গ্রন্থটী উৎকৃষ্ট কাগজে পারিপাট্যের সহিত মুদ্রিত ও শ্রীল প্রভুপাদের আলেখ্যাদিদ্বারা ভূষিত ও সুন্দর বাঁধাই হইয়া প্রকাশিত হইয়াছে। প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, জিলা নদীয়া; শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ও শ্রীমাধ্বগৌড়ীয়মঠ, নারিন্দা, পোঃ [illegible], ঢাকা।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক-সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা সবিস্তারভাবে আলোচিত হইয়াছে। এই এক অপূর্ব্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

শ্রীচৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত অতিসুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ [illegible] শ্রীমৎ [illegible] তীর্থ মহারাজ লিখিত ইহার ভিক্ষা মাত্র ৩৲ টাকা। প্রাপ্তিস্থান শ্রীযুত [illegible] ভক্তিশাস্ত্রী, শ্রীযোগপীঠ, শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীসরস্বতী-সংলাপ

প্রথম খণ্ড

শ্রীশ্রীমন্মাধ্ব গৌড়ীয়সম্প্রদায়ৈকসংরক্ষক জগদ্গুরু পরমহংসকুলচূড়ামণি নিত্যলীলা-প্রবিষ্ট ১০৮শ্রী শ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামি-প্রভুপাদ বিশেষ জিজ্ঞাসু ও শুশ্রূষু সজ্জনবৃন্দের পরিপ্রশ্নোত্তরে ও সন্দেহ-নিরাকরণকল্পে যে-সকল শুদ্ধভক্তিসিদ্ধান্তবাণী কীর্ত্তন করিয়াছেন, যাহা তাঁহার প্রকটকালেই 'গৌড়ীয়' সম্পাদক শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ প্রভুপাদেরই শ্রীচরণে সংশোধিত করাইয়া রাখিয়াছিলেন এবং যাহার কিয়দংশ গৌড়ীয়পত্রে প্রকাশিত হইয়াছে, তাহা "শ্রীশ্রীসরস্বতী-সংলাপ" নাম ধারণপূর্ব্বক শ্রীল প্রভুপাদের 'বক্তৃতাবলী' ও 'পত্রাবলী' আকারে খণ্ডে খণ্ডে প্রকাশিত হইতেছেন। বর্ত্তমানে শ্রীল প্রভুপাদের প্রথমবার্ষিক বিরহতিথিপূজা-বাসরে এই গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছেন। মানবজীবনের বহু অমীমাংসিত সমস্যা ও জটিল প্রশ্নের সমাধান ইহাতে পাওয়া যাইবে। ভক্তিপথের পথিকমাত্রেরই এই গ্রন্থ সংগ্রহ একান্ত প্রয়োজন।

শ্রীল প্রভুপাদের পদ্যপ্রসূন মালা

এই গ্রন্থে ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের রচিত পদ্যাবলী শ্রীল আচার্য্যদেবের বিরচিত "সৌরভ" নামক ভাষ্যের সহিত প্রকাশিত হইয়াছে। শ্রীল প্রভুপাদের অনেক অপ্রকাশিত পদ্য ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ।০ আট আনা।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্স কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপদেশক পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর ভাক্তশাস্ত্রী সম্প্রদায়-বৈভবাচার্য এম-এ মহোদয়ের গৌরগবেষণা এবং পরিপক্ক লেখনীর অদ্ভুত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও অভক্তগণের জীবনচরিত্র পাঠে ধন্য হউন। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিবিধ চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ড ৩০টি অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্ত্তার ভূমিকাদ্বয় (Preaces), বিষয় তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত শব্দসূচীপত্র (Index Glossary) সহ গ্রন্থখানি প্রকাশিত। ভিক্ষা—১৫, পনর টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, রায়পেট্টা মাদ্রাজ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

'ঠাকুর ভক্তিবিনোদ'

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি-প্রচারের মূল মহাজন সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অভিনব জীবনচরিত এতাবৎকাল পর্য্যন্ত গ্রন্থাকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিন পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয়মঠাচার্য্যবর্যের ভক্তোত্তম পরবিদ্যাশিক্ষিত সু-লেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু মূল্যবান শিক্ষামালাও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১২০ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৮০ আনা; ডাক মাশুল স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান—ম্যানেজার গ্রন্থবিভাগ

শ্রীগৌড়ীয়মঠ

পোঃ বাগবাজার

কলিকাতা

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। **শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্**

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। **শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্**

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু ধর্মগ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১।১নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। **শ্রীভাগবত প্রেস**

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। **পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্**

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

ই. বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	৫-৩৬	৬ ২৬	৭-০৬	১২-২৬	১৪-৫০	১৬-৫৬	১৭-৫০	২২-২৬
রাণাঘাট পৌঃ			৮-২৮	১৪-১৫				
(বদল) ছাঃ			৯-৩৩	১৪-৫০				
কৃষ্ণনগর পৌঃ	৭-১	৮-৪৫	১০-৮	১৫-২৩	১৭-২৮	১৯-০৮	২০-১৩	১-১৫
(বদল) ছাঃ	৭-১২		১০-৩১		১৭-৩৮		২০-২৩	
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫১		১১-১০		১৮-১৩		২১-৪	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
রাণাঘাট পৌঃ	১২-৫৫
ছাঃ	১৩-০
শান্তিপুর পৌঃ	১৩-২৬
(বদল) ছাঃ	১৩-৩১ (লাইট রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪-১২
ছাঃ	১৪-৩০
নবদ্বীপঘাট পৌঃ	১৫-১০

ডাউন

নবদ্বীপঘাট ছাঃ	৫-৪৫		৯-১৭		১৩-৩১	১৬-০	১৮-৩১	
কৃষ্ণনগর পৌঃ	৬ ২৩	৯-১৩	৯-৪৮	১১-৪১	১৪-১০	১৬-৩৮	১৯-১১	২১-১০
ছাঃ	৬-৩৬	৭-১৮	১০-১১			১৬-৫৩	১৯-২৫	
রাণাঘাট পৌঃ			১০-৪৬			১৭-৩০		
(বদল) ছাঃ			১১-১			১৭-৪০		
কলিকাতা পৌঃ	৬-১৬	৯-২১	১১-৫১	১২-১৬	১৪-১৬	১৯-১১	২১-৪১	২৩-৩৭

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৩-৩১	১৬-০		
কৃষ্ণনগর পৌঃ	১৪-১০	১৬-৩৮		
ছাঃ	১৫-২৮	১৭-৩৪		
শান্তিপুর পৌঃ	১৬-৯	১৮-১৪		
(বদল) ছাঃ	১৬-৩৩	১৮-২৫	(শনিবার ভিন্ন)	২০-৪০ (শনিবার)
রাণাঘাট পৌঃ	১৭-১০	১৮-৪০		২১-১৫
(বদল) ছাঃ	১৭-৪০	১৯-১৪		২১-৫০
কলিকাতা পৌঃ	১৯-১১	২০-৪০		২৩-৩৭

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

গৌরী পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাটতি অত্যন্ত অধিক। শিতার প্লীহা সংযুক্ত জ্বালাবর এবং নূতন পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। মূল্য ছোট বোতল ।৵০ দশ আনা, বড় বোতল ১৵০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা

অথবা

পোঃ বেহালা, ২৪ পরগণা

পোঃ —শ্রীমায়াপুর
টেলিগ্রাম—'শ্রীধাম
শ্রীমায়াপুর'

REGD NO C 1949

দৈনিক নদীয়াপ্রকাশ

'THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৪শ খণ্ড] শ্রীমায়াপুর—২০শে শ্রাবণ, ১৩৪৬, ৫ই আগষ্ট, ১৯৩৯, শনিবার [১৩৪-৩৫শ সংখ্যা

বিবিধ সংবাদ

-::)※(::-

উড়িষ্যার নূতন রাজধানী

চৌদ্বারঘাটে লাট-ভবন সহ নবরাজধানীর ইমারতাদি নির্মাণের জন্য যে স্থানটি গবর্ণমেন্টের বিবেচনাধীনে আছে, বড়লাট সেই স্থানটি পরিদর্শন করেন।

বিহার ও উড়িষ্যা গবর্ণমেন্টের ইঞ্জিনীয়ারদিগের পরামর্শানুযায়ী উড়িষ্যা-শাসন কমিটি প্রথমতঃ এই স্থানটি সম্বন্ধে সুপারিশ করিয়াছিলেন, কিন্তু পরে কেন্দ্রীয় গবর্ণমেন্টের ইঞ্জিনিয়ারগণ উহা নাকচ করিয়া দেন।

ইহার পর যে মতবিরোধ দেখা দেয় তাহার ফলে ভারত সচিবের সম্মতিক্রমে, কেন্দ্রীয় গবর্ণমেন্ট এই মর্ম্মে এক ইস্তাহার প্রকাশ করেন যে, ১৯৩৭ সালে উড়িষ্যার যে ব্যবস্থা পরিষদ গঠিত হইবে, এই প্রশ্নের মীমাংসার ভার তাহার উপরেই ন্যস্ত করা হইবে। তদনুযায়ী উড়িষ্যা-ব্যবস্থা পরিষদ স্থান নির্ব্বাচন কমিটির মনোনীত বহরমপুরের নিকটবর্ত্তী পাকাইবুড়া নামক স্থানটি বাতিল করিয়া দিয়া কটকের চৌদোয়ার পাড়ায় রাজধানী স্থাপনের সিদ্ধান্ত করেন।

বড়লাট ডাকবাংলোয় পৌঁছিবার পর উড়িষ্যার গবর্ণর ডাঃ জন হুবাক লেডী হুবাক, প্রধান মন্ত্রী এবং অপরাপর দুইজন মন্ত্রীকে তাঁহার সহিত পরিচয় করাইয়া দেন। অতঃপর বড়লাট উড়িষ্যার গবর্ণর সহ চৌদ্বারঘাটে গমন করিলে শ্রীযুক্ত বিশ্বনাথ দাস ও শ্রীযুক্ত নিত্যানন্দ কানুনগো তথায় তাঁহাদিগকে সম্বর্দ্ধনা করেন এবং যে স্থানে প্রধান প্রধান ইমারতগুলি নির্ম্মিত হইবে সেই স্থানটি প্রদর্শন করেন। চীফ ইঞ্জিনীয়ার মিঃ এ প্যারও তথায় উপস্থিত ছিলেন।

তথা হইতে তাঁহারা মহানদীর তীরে উপনীত হন এবং সেখানে মহানদীর তীরে একটি সেতু নির্ম্মাণের বিষয় আলোচিত হয়। প্রধান মন্ত্রী শ্রীযুক্ত বিশ্বনাথ দাস মহানদীর উপর একটি সেতু নির্ম্মাণের জরুরী প্রয়োজনীয়তার বিষয় বড়লাটকে বুঝাইয়া দেন। তিনি বলেন, শুধু মাত্র পল্লী অঞ্চলের অধিবাসীদিগের ব্যবসায়ের সুবিধার জন্য নহে, দেশীয় রাজ্যের অধিবাসীদিগের সহিত অধিকতর রুচি-গত স্থাপনের দিক হইতেও অবিলম্বে এই সেতুটি নির্ম্মাণ করা আবশ্যক।

প্রাগে ব্রিটিশ দূত নিয়োগের অনুরোধ জার্ম্মাণী কর্ত্তৃক প্রত্যাখ্যান

কমন সভায় প্রাগ সম্পর্কে প্রশ্নোত্তরের সময় সহকারী পররাষ্ট্র সচিব মিঃ আর এ বাটলার বলেন যে, প্রাগে বাণিজ্য-দূতের স্থলে একজন বৃটিশ প্রতিনিধি নিয়োগের প্রস্তাব জার্ম্মাণী প্রত্যাখ্যান করিয়াছেন। জার্ম্মাণী কারণ-স্বরূপ জানাইয়াছেন যে, বৃটিশ সরকার যদিও বলিয়াছিলেন যে, বাণিজ্য-সংক্রান্ত প্রতিনিধি নিয়োগ দ্বারা বোহেমিয়া ও মোরাভিয়ার বর্ত্তমান অবস্থা কার্য্যতঃ স্বীকার করিয়া লওয়া হইয়াছে, তথাপি বোহেমিয়া ও মোরাভিয়া বৈধভাবে এরূপ অবস্থা প্রাপ্ত হইয়াছে তৎসম্পর্কে ও উহার বৈধতা সম্পর্কে বৃটেন যে ইতিপূর্ব্বে মনোভাব প্রকাশ করিয়াছেন, তাহা সংশোধন করিতে পারিবে না।

বাণিজ্য-চুক্তি সম্পর্কে মার্কিন যুক্তরাষ্ট্র যেরূপ ব্যবস্থা অবলম্বন করিয়াছে সেরূপ ব্যবস্থা অবলম্বনের বিষয়ে তিনি বিবেচনা করিবেন কি না এই প্রশ্নের উত্তরে প্রধান মন্ত্রী মিঃ নেভিল চেম্বারলেন বলেন যে, ইহা সতর্কতা সহকারে বিবেচনা করার বিষয় এবং এই সম্পর্কে কোন প্রতিশ্রুতি দেওয়া সম্ভবপর নহে। মিঃ বেঞ্জামিন বলেন যে, বৃটেন ও মার্কিন যুক্তরাষ্ট্রের একই নীতি অনুসরণ করা উচিত। প্রধান মন্ত্রী বলেন যে, অবস্থা যদিও একপ্রকার নহে তবু উভয় রাষ্ট্রের লক্ষ্য একই বলিয়া বলা যাইতে পারে। মার্কিন যুক্তরাষ্ট্রের অনুরূপ ব্যবস্থা অবলম্বনের উদ্দেশ্যে ডোমিনিয়ন-সমূহের সহিত অবিলম্বে আলোচনা চালানো তিনি উচিত বলিয়া মনে করেন কি না—এই প্রশ্নের উত্তরে মিঃ চেম্বারলেন বলেন যে 'আমি ডোমিনিয়নসমূহের সহিত যোগাযোগ রাখিব।

আসামে শতকরা পঞ্চাশ টাকা ভূমি-রাজস্ব

গত ৩১শে জুলাই এক সংবাদে প্রকাশ যে, আগামী ৩রা আগষ্ট আসাম ব্যবস্থাপক সভা ও ব্যবস্থা পরিষদের যুক্ত অধিবেশনে আসামের রাজস্ব মন্ত্রী মাননীয় মিঃ ফকরুদ্দীন আলী আহমদ ভূমি-রাজস্ব হ্রাস সম্পর্কে গবর্ণমেন্টের সিদ্ধান্ত ঘোষণা করিবেন। আসাম গবর্ণমেন্ট শতকরা পঞ্চাশ টাকা ভূমি-রাজস্ব দান করিবার সিদ্ধান্ত করিয়াছেন বলিয়া জানা গিয়াছে।

কৃষি আয়কর বিল সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করিবার জন্য যুক্ত অধিবেশনের আহ্বান করিবার আবশ্যক হইয়াছে। মন্ত্রীসভার-গণ বিলের গুণাগুণের উপর নির্ভর করিতে চাহেন, কিন্তু সরকারবিরোধীদল যে কোনভাবে বিলটি অগ্রাহ্য করিবার জন্য আপ্রাণ চেষ্টা করিতেছেন। এই বিল আইনে পরিণত হইলে আসামের বিশ লক্ষ টাকা রাজস্ব বৃদ্ধি পাইবে বলিয়া জনসাধারণ তথা নির্দ্দলীয়গণ বিলটিকে আন্তরিকভাবে সমর্থন করিতেছে। এই বিল সম্পর্কে সরকারবিরোধীদল কি পন্থা অবলম্বন করেন, নির্দ্দলীয়গণ তাহা লক্ষ্য করিতেছেন। প্রতিক্রিয়াপন্থীগণ ভিন্ন সভা লইয়া সরকার সমর্থকদের মধ্যে একটা ভ্রান্ত ধারণা সৃষ্টি করিবার চেষ্টায় আছেন।

জানা গিয়াছে যে, যদি কোন কারণে বিল অগ্রাহ্য হয়, তবে সরকার পক্ষ ও পরিষদ ভাঙ্গিয়া দেওয়ার জন্য দাবী করিবেন এবং সাধারণ নির্ব্বাচনের ব্যবস্থা করিবেন। সরকারপক্ষের একজন বিশিষ্ট ব্যক্তি বলিয়াছেন যে, রাষ্ট্রপতি ডাঃ রাজেন্দ্রপ্রসাদ বর্ত্তমানে কলিকাতায় আছেন।

প্রধান মন্ত্রী শ্রীযুক্ত বরদলৈ ও অন্য দুইজন মন্ত্রী কংগ্রেস-নেতাদের সহিত সুদীর্ঘ সময় আলোচনা করিয়াছেন এবং লীগ ও স্বতন্ত্রদলের নেতা খাঁ বাহাদুর সাদুল্লা শ্রীযুক্ত রোহিণীকুমার চৌধুরী ও যোগাযোগ করিয়াছেন।

ভক্তের অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল সরস্বতীদেবের পরিব্রাজক গোস্বামী মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক। প্রতি একাদশীতে প্রকাশিত হয়। কলিকাতা বাগবাজারস্থ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। সডাক ভিক্ষা ৩৷৹ টাকা মাত্র।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১॥৹ টাকা মাত্র।

৩। ভাগবত—হিন্দিভাষায় একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহোদয় সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷৹ টাকা মাত্র

৫। শ্রীগৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷৹ মাত্র।

পরমগুরু শ্রীগৌরকিশোর

গৌড়ীয়-সম্পাদক-লিখিত, শ্রীগৌড়ীয়মঠাচার্যের ভূমিকা-সম্বলিত, বহুচিত্র-শোভিত ও বিস্তৃত সূচী-সমন্বিত "পরমগুরু শ্রীগৌরকিশোর" গ্রন্থখানি প্রকাশিত হইয়াছেন। এই গ্রন্থখানিতে শুদ্ধগৌড়ীয়বৈষ্ণবগণের পরম্পরা, গৌড়ীয়গৌরবশিখামণি অপ্রাকৃত বৈরাগ্যের মূর্তবিগ্রহ নিত্যলীলাপ্রবিষ্ট পরমহংস ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল গৌরকিশোরদাস গোস্বামী প্রভুবরের সর্বশ্রেষ্ঠ চরিতকথা বর্ণিত আছে।

শ্রীশ্রীভক্তিবিনোদাবির্ভাব-শতবর্ষপূর্তিতিথিপূজার উপায়ন-গ্রন্থমালা

——::(০)::——

১। গীতিসাহিত্যে শ্রীভক্তিবিনোদ

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র গীতিসাহিত্যের সমালোচনা-গ্রন্থ)

ভিক্ষা—৸৹ বার আনা মাত্র।

২। শ্রীভক্তিবিনোদবাণীবৈভব

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের বচনামৃতসাগর হইতে আহৃত ১০৮টি অধ্যায়ে সম্বন্ধ-অভিধেয়-প্রয়োজনাকারে গুম্ফিত অমূল্য উপদেশপূর্ণ গ্রন্থ)

ভিক্ষা—৩৲ তিন টাকা মাত্র।

৩। শ্রীশ্রীভক্তিবিনোদ-প্রসঙ্গ

ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ ও ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল সরস্বতীদেবের পরিব্রাজক গোস্বামীপ্রভু-বিরচিত এবং গৌড়ীয়ে প্রকাশিত শ্রীশ্রীভক্তিবিনোদ-চরিত-প্রসঙ্গ

ভিক্ষা—।৵৹ ছয় আনা মাত্র।

৪। ছাত্রদের ভক্তিবিনোদ

(ছাত্রদের উপযোগী ভাষায় লিখিত শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্র ও শিক্ষা)

ভিক্ষা—৸৹ বার আনা মাত্র।

(ছাত্রদের পক্ষে ভিক্ষা—৷৹ আট আনা মাত্র)

প্রাপ্তিস্থান :—

(১) 'ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট', পোঃ শ্রীমায়াপুর, নদীয়া;

২) শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা;

৩ শ্রীযুক্ত ভূপতিরঞ্জন দাস এম্-এ, বি-এল্,

শুক্লাম্বর পোঃ মধুপা, ঢাকা।

শুদ্ধভক্তি গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্,—সমগ্র ৪০৲

প্রথম হইতে দশম স্কন্ধ পর্যন্ত— ২৮৲

দশম স্কন্ধ—

২। ভাষ্যসহ বিরাট্ শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৯৲

৩। ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬৲

৪। সরস্বতী-জয়শ্রী (অবাঁধা) ৪৲

৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী

১ম খণ্ড ৸৹; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸৹ ৪র্থ খণ্ড—৸৹

৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী

১ম খণ্ড—৸৹; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸৹

৭। শ্রীচৈতন্যদেব ১৲

৮। সৎক্রিয়াসার-দীপিকা সংস্কার দীপিকা ১।৹

৯। বৈষ্ণবধর্ম ২৲

১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲

১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲

১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲

১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸৹

১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ।৹

১৫। বৈষ্ণবসম্মত বিরহ-তত্ত্ব ।৹

১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸৹

১৭। চৈতন্যোপনিষদ ।৹

১৮। বাদন-আনন্দ ।৹

১৯। শুদ্ধিবিবেক ।৹

২০। গৌড়ীয় গৌরব ।৵৹

২১। গৌড়ীয়সাহিত্য ।৵৹

২২ ভজন-রহস্য ।৹

২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা)

২৪। গীতা (শ্রীবলদেব-টীকা-সহ) ২৲

২৫। গীতা (চক্রবর্তি-টীকাসহ) ২৲

অবাঁধা) ১৲

গীতার কেবল মূল-ভাষা ।৹

মুক্তিফলকা গুণগৌরবঃ (সানুবাদ) ২৲

বেদান্ততত্ত্বসার (সানুবাদ) ।৹

প্রেমবিবর্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৸৹

৩০ দীপ-দিগ্‌-দর্শন ৵৹

৩১ সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ।৵৹

৩২ গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ।৹

৩৩ নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸৹

৩৪ ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৵৹

৩৫ গীতমালা ৴১৹

৩৬ নবদ্বীপধাম-মাহাত্ম্য ৵৹

৩৭ ঐ প্রমাণ-খণ্ড ৵৹

৩৮ শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।৹

৩৯ শ্রীগৌড়মণ্ডলপরিক্রমা ।৹

৪০ শরণাগতি ৴৹

৪১ গীতাবলী ৴৹

৪২ শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸৹

৪৩ সাধনতত্ত্ব ৴৹

৪৪ প্রেমভক্তিচন্দ্রিকা ৴

৪৫। নবদ্বীপশতক

৪৬। আর্যশতক

৪৭। সদাচারস্মৃতিঃ ৹৴

৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৴১৹

৪৯। অর্চনকণ্ঠ ৵১৹

৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম-৪ খণ্ড) ৯৲

৫১। ব্রহ্মসংহিতা ।৹

৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।৹

৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸৹

৫৪। পূর্বার্থ-বিনির্ণয় ।৹

৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ।৹

৫৬ ভারতবর্ষ ও ভক্তিপথ ৵৹

৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ) ।৹

৫৮। শ্রীভুবনেশ্বর ৵৹

৫৯। শিক্ষাষ্টক ৵৹

৬০। সাংখ্যবাণী ৴৹

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।৹

৬২ সিদ্ধান্ত-সরস্বতী দিগ্বিজয়ঃ ।৹

৬৩ সটীক-শিক্ষাষ্টকম্ ।৹

৬৪ তত্ত্বসূত্রম্ ।৹

৬৫ সানুবাদ শিক্ষাষ্টকম্ ৵৹

৬৬ গৌড়ীয়মঠপরিচয়ঃ ৴৹

৬৭ মায়াবাদখণ্ডনম্ ৵৹

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।৹

৬৯। এ ভিউ অর্ড স্ অন বেদান্ত ।৹

৭০। বামনতত্ত্ব ৴৹

৭১। বেদান্ত—ইটস্ মর্ফলজী অ্যাণ্ড অন্টলজি ।৹

৭২। রিলেটিভ ওয়ার্ল্ডস ।৵৹

৭৩। লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস্ অব শ্রীচৈতন্য মহাপ্রভু ।৹

৭৪। বৈষ্ণবীজম্ ।৹

৭৫। হোয়াট গৌড়ীয়মঠ ইজ দুইং ৴৹

৭৬। দি ভাগবত ।৹

৭৭। ইরোটিক প্রিন্সিপাল অ্যাণ্ড আনঅ্যালয়েড ডিভোশন ।৹

৭৮। ব্রহ্মসংহিতা ২।৹

৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (অনুদ্ ভাগ) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ।৹

৮১। সাধন-পথ ।৹

৮২। কল্যাণ-কল্পতরু ৵৹

৮৩। গীতাবলী ৴৹

৮৪। শরণাগতি ৴৹

তামিল ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ৴৹

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ৯৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

একমাত্র পারমার্থিক দৈনিক পত্র

শ্রীধাম-মায়াপুর, নদীয়া।

১৪শ বর্ষ | ২০ পুরুষোত্তম ৪৫৩ গৌরাব্দ, ২০শে শ্রাবণ বঙ্গাব্দ ১৩৪৬, ৫ই আগষ্ট ইং ১৯৩৯, শনিবার | ১৩৪-৩৫শ সংখ্যা

"সর্ব্বনাশ উপস্থিত হইলে জীব পরমার্থ-বঞ্চিত হইয়া শ্রীকৃষ্ণচৈতন্যের প্রকাশ-বিগ্রহ নিত্যানন্দকে ও স্বাভিন্নপ্রকাশ শ্রীগুরুদেবকে পৃথক্ জ্ঞান করে। তাহাদের গৌরসুন্দরের সেবা লাভ কখনও হয় না। তাহারা নিত্যকাল গুরুদ্রোহী হইয়া দুর্ভোগী হইয়া পড়ে।"

(শ্রীল প্রভুপাদ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

২০ পুরুষোত্তম, শুক্রবার শ্রীরোদশায়ী গৌরাব্দ ৪৫৩

যৎকিঞ্চিৎ

——::•::——

আমরা শ্রীগুরুমুখে প্রত্যক্ষ, পরোক্ষ, অপরোক্ষ, অধোক্ষজ ও অপ্রাকৃত—এই শব্দ-পঞ্চকের কথা শুনিতে পাই। যাহা জড় ইন্দ্রিয়ের গ্রাহ্য, তাহাই প্রত্যক্ষ। চার্ব্বাকাদি ঋষিগণ প্রত্যক্ষবাদী। তাঁহারা প্রত্যক্ষ ব্যতীত অন্য কোন প্রমাণ স্বীকার করেন না। জড়জ্ঞান, ইন্দ্রিয়জ্ঞান বা প্রত্যক্ষজ্ঞানই তাঁহাদের সর্ব্বস্ব। এই প্রত্যক্ষবাদিগণ পরকাল স্বীকার করেন না। প্রত্যক্ষবাদিগণ প্রত্যক্ষের অতীত অতীন্দ্রিয়-বস্তু ভগবানের কোন সন্ধান না পাইয়া নাস্তিকতা অবলম্বন করেন। জড়জ্ঞানকে দমন করার মত চেতন আত্মার কোন সন্ধান পান না বলিয়া তাঁহারা দেহসর্ব্বস্ববাদী হইয়া ভোগকেই চরমসাধ্য মনে করিয়া অধঃপতিত হন।

জগতের হরিবিমুখ অধিকাংশ লোকই প্রত্যক্ষবাদী, দেহাত্মবাদী ভোগী। তাহাদের দেহাত্মবুদ্ধিই প্রবল। তাহারা পুরুষাভিমানে যোষিৎচিন্তারত। এই ত' গেল প্রত্যক্ষের কথা। আবার কেহ কেহ নিজে কোন কিছু প্রত্যক্ষ না করিলেও অপরের প্রত্যক্ষের উপর বিশ্বাস স্থাপন করেন। ইহারই নাম পরোক্ষ-জ্ঞান। পরের বা অপরের অক্ষ অর্থাৎ ইন্দ্রিয় যাহা প্রত্যক্ষ করিয়াছে, তাহা শ্রবণ করিয়া তাহাতে আস্থা-স্থাপনের নাম পরোক্ষ-জ্ঞান। আমরা যে স্বর্গ-নরক বা ভূতাদির কথা শুনিতে পাই, সেগুলি পরোক্ষের অন্তর্গত। প্রত্যক্ষ ও পরোক্ষবাদী উভয়েই জড়জ্ঞানী।

যাহা প্রত্যক্ষও নহে, পরোক্ষও নহে, যাহা প্রত্যক্ষ ও পরোক্ষের অতীত, তাহাই অপরোক্ষ। প্রত্যক্ষ ও পরোক্ষ ইন্দ্রিয়গ্রাহ্য বা ইন্দ্রিয়ের অধীন, সুতরাং অপরোক্ষ—ইন্দ্রিয়াতীত। অপরোক্ষ বলিতে ইন্দ্রিয়াতীত সত্তাকেই বুঝায়। এই অপরোক্ষ শব্দের দ্বারা সত্তার ইন্দ্রিয়াতীতত্ব বুঝাইলেও তাহার সম্পূর্ণ পরিচয় বা সবিশেষত্বের কোন সন্ধান পাওয়া যায় না। সেইজন্য অপরোক্ষজ্ঞান বা অপরোক্ষানুভূতি নির্ব্বিশেষবাদেই পর্য্যবসিত হয়। যেখানে কেবল সত্তাস্বীকার অথচ বস্তুর চিদাকারত্ব, সচ্চিদানন্দত্ব ও হৃষীকেশত্বের কোন পরিচয় নাই, সেখানে ভক্তির কোন কথা থাকিতে পারে না। প্রত্যক্ষ, পরোক্ষ ও অপরোক্ষ ইহার কোনটীতেই ভক্তির কথা নাই। সুতরাং প্রত্যক্ষবাদী, পরোক্ষবাদী ও অপরোক্ষবাদী—এই তিনজনই অভক্ত। প্রত্যক্ষবাদী ও পরোক্ষবাদী জড়বিলাসী-ভোগী; আর অপরোক্ষবাদী চিদ্বিলাস-অস্বীকার-কারী—নির্ব্বিলাসী—ত্যাগী। প্রত্যক্ষ ও পরোক্ষবাদী ধর্ম্মার্থকামকামী আর অপরোক্ষবাদী মোক্ষকামী। এই মোক্ষকামনা পর্য্যন্ত জীবের ইন্দ্রিয়জ্ঞানের শেষসীমা।

ভগবান্ প্রত্যক্ষ, পরোক্ষ ও অপরোক্ষের অতীত অধোক্ষজতত্ত্ব। ভক্তিযোগ ব্যতীত ধর্ম্মার্থ-কাম ও মোক্ষকামনাদি অন্য কোন অভক্তিযোগ তাঁহাতে প্রযোজ্য হইতে পারে না। কারণ অধোক্ষজ ভগবান্ কাহারও দাসত্ব করেন না। তিনি সকলের নিত্যপ্রভু হওয়ায় সকলের উপরেই নিত্যকাল প্রভুত্ব ও নিয়ামকত্ব করিয়া থাকেন। তিনি হৃষীকের অধীন নহেন, হৃষীকগণ তাঁহার অধীন। তিনি হৃষীকেশ। তিনি সকলের নিকট সেবা গ্রহণ করেন, তিনি তাঁহার স্বতঃকর্তৃত্ব-ধর্ম্ম পরিচালন করেন। তিনি সচ্চিদানন্দময়-বিগ্রহ, তিনি পুরুষোত্তম। এই পুরুষোত্তমের ইন্দ্রিয়-তর্পণের নামই ভক্তি। পুরুষের ইন্দ্রিয়-তর্পণের নাম ভক্তি নহে, তাহা অভক্তি। ভগবান্ স্বয়ং স্বতঃকর্তৃত্ব ধর্ম্ম গ্রহণ করিয়া জীবের যাবতীয় ইন্দ্রিয়জজ্ঞানকে তিরস্কৃত করেন। শুধু তিরস্কৃত করেনই বা বলি কেন, তিনি জীবের ইন্দ্রিয়জজ্ঞানের উপর সম্পূর্ণ প্রভুত্ব স্থাপন করেন, এইজন্যই তিনি অধোক্ষজ। অধোক্ষজের ব্যক্তিত্ব আছে, চিন্ময় আকার আছে, চিদ্বিলাস আছে। তিনি নিরাকার, নিষ্ক্রিয়, নির্ব্বিশেষ নহেন, তবে তাঁহার সচ্চিদানন্দ-বিগ্রহ জড়প্রত্যক্ষ নহেন—চিৎপ্রত্যক্ষ। শ্রুতি বলেন,—

অপাণিপাদো জবনো গ্রহীতা
পশ্যত্যচক্ষুঃ স শৃণোত্যকর্ণঃ।
স বেত্তি বেদ্যং ন চ তস্যাস্তি বেত্তা
তমাহুরগ্র্যং পুরুষং মহান্তম্॥

ভগবানের প্রাকৃত হস্তপদ নাই অথচ তিনি যাবতীয় বস্তু গ্রহণ ও সর্ব্বত্র গমন করিতে পারেন। তাঁহার প্রাকৃত নেত্র নাই অথচ তিনি ত্রিকাল দর্শন করেন এবং প্রাকৃতকর্ণশূন্য হইয়াও শ্রবণ করেন। তিনি যাবতীয় জ্ঞেয় বিষয় অবগত আছেন, কিন্তু তাঁহাকে কেহ জানিতে পারে না। ভগবান্ যে চিন্ময় হস্তপদবিশিষ্ট, অপ্রাকৃত বিগ্রহবান্ তাহা এই শ্রুতিমন্ত্রই প্রকাশ করিতেছেন।

অধোক্ষজ শব্দ ঐশ্বর্য্যভাবযুক্ত। অধোক্ষজ বলিতে বিষ্ণুই লক্ষিত হন। আর শ্রীরাধাকৃষ্ণ অপ্রাকৃত বস্তু। এই অপ্রাকৃত শব্দ মাধুর্য্যভাবপ্রচুর। অধোক্ষজ-জ্ঞান লাভ হইলেই অপ্রাকৃতের সন্ধান পাওয়া যায়। অপ্রাকৃত শব্দে চিদ্বিলাসের পূর্ণতা অধিক প্রকাশিত। অধোক্ষজ—বৈকুণ্ঠের কথা। আর অপ্রাকৃত—ব্রজের সম্পুট। অধোক্ষজ-বিষ্ণুতত্ত্ব হইতে অপ্রাকৃত শ্রীরাধা-কৃষ্ণ-তত্ত্বের চমৎকারিতা বেশী। ইহা ভক্তিতে উপলব্ধির বিষয়।

অধোক্ষজ হইতেই ভক্তির কথা। তৎপূর্বে ভক্তির কোন কথা নাই। অধোক্ষজ শব্দের দ্বারা সাধারণী শুদ্ধা ভক্তি বুঝাইলে অপ্রাকৃত শব্দের দ্বারা অসাধারণী পরমশুদ্ধা প্রেমভক্তি বুঝাইয়া থাকে। ভক্তগণ অধোক্ষজ ও অপ্রাকৃতের উপাসক। মর্যাদামার্গে অধোক্ষজের সেবা আর রাগমার্গে অপ্রাকৃতের সেবা। রূপানুগগণ সকলেই অপ্রাকৃতের সেবক।

অধোক্ষজ ভক্তিই পরমধর্ম। অধোক্ষজে ভক্তি ব্যতীত যা কিছু সবই অভক্তি বা অধর্ম। এই অধোক্ষজ সেবাপ্রাপ্তি অধোক্ষজের সম্পূর্ণ কৃপাসাপেক্ষ। এই অধোক্ষজসেবা অহৈতুকী হইলেও সেবোন্মুখের চিরনীয়—সেবোন্মুখ চিত্তেরই গ্রাহ্য।

স বৈ পুংসাং পরো ধর্মো যতো
ভক্তিরধোক্ষজে।
অহৈতুক্যপ্রতিহতা যয়াত্মা সুপ্রসীদতি॥

প্রভু ও ভৃত্য

কৃষ্ণ সে তোমার, কৃষ্ণ দিতে পার,
তোমার শকতি আছে।
আমি ত' কাঙাল কৃষ্ণ কৃষ্ণ বলি',
ধাই তব পাছে পাছে॥

'কৃষ্ণ সে তোমার, কৃষ্ণ দিতে পার, তোমার শকতি আছে'—এই মহাজনবাণীতে যাঁহার সুদৃঢ় বিশ্বাস আছে, তিনিই শ্রদ্ধাবান্, তাঁহারই গুরুকৃষ্ণ-সেবায় অধিকার আছে। এই মহাজনবাক্যে যাঁহার বিশ্বাস নাই, তিনি নাস্তিক। শ্রীগুরুবৈষ্ণব-ভগবানের কৃপায় এই মহাজনোপদেশের প্রতি যাঁহার শ্রদ্ধা হইয়াছে, তিনিই পতিতপাবনগণের কৃপায় নিজেকে কাঙাল, দীন, পতিত বলিয়া উপলব্ধি করিতে পারিয়া পতিতপাবন-পাদপদ্মে আত্মসমর্পণপূর্বক তৎপাদাশ্রয়-সংসারের মায়া ত্যাগ করিতে পারিয়াছেন—নিতাইর কৃষ্ণপ্রেমের পাছে পাছে গুরুকৃষ্ণপ্রাপ্ত ভাষায় অনুকীর্তন করিতে করিতে ছুটিয়াছেন। তিনি শ্রৌতপথের পথিক হইয়াছেন। শ্রবণকীর্তনময় কৃষ্ণেন্দ্রিয়তর্পণ-পথ তিনি আশ্রয় করিয়াছেন। সর্বস্ব জানিয়া ভগবৎসেবা করিতে করিতে তাঁহার প্রকৃতিতে ভগবান্নাম্যবাণীর কথা উপলব্ধ হইয়াছে। সেই নিষ্কিঞ্চন শ্রীগুরুদেবকে পাইয়া তিনি আত্মহারা হইয়াছেন, অপ্রাকৃত সকল অভিমান যা সমস্ত বৃত্তিনিচয়ের পর নিজের সৌন্দর্যকে পাইয়া সেবানন্দে মগ্ন হইয়াছেন, তাঁহার আনন্দের সীমা নাই। তাই তিনি আজ গুরুদেবের কৃপার কথা চিন্তা করিতে করিতে সকল অহঙ্কার ছাড়িয়া শ্রীবৈষ্ণব বৈভবের অপার মহিমা 'উপলব্ধি' করিতেছেন। তিনি আজ এক অপূর্ব বস্তুর সন্ধান পাইয়া আচার্যচরণে লুটাইতেছেন এবং তন্মহিমা-কীর্তনে অমন্দমুখ হইয়া দিগদেশ মুখরিত করিতেছেন আর মহাপ্রভুর অনুসরণে বলিতেছেন,—

কিবা মন্ত্র দিলা গোসাঞি, কিবা তার বল।
জপিতে জপিতে মন্ত্র করিল পাগল॥'

শ্রীমদ্দাসগোস্বামী শ্রীগুরুপাদপদ্মের কৃপাশীর্বাদ ও পদধূলি মস্তকে ধারণ করিয়া ভগবান আজ গুরুপাদপদ্মসেবাবঞ্চিত জগতের নিকট নির্ভীককণ্ঠে তাঁহার শ্রীগুরুদেবের মহিমা মুক্তকণ্ঠে কীর্তন করিতেছেন। শ্রীগুরুদেব চৈতন্যমনোঽভীষ্ট-সংস্থাপক—শ্রীমন্মহাপ্রভুর অতি প্রিয়জন। মহাপ্রভুর বাণীর আচার-প্রচারের অন্তরতম গূঢ়রহস্য তিনিই একমাত্র উত্তমরূপে অবগত আছেন। সুতরাং আমরা তাঁহার বাণীর শরণাপন্ন হইতে পারিলেই মহাপ্রভুর কথা বুঝিতে পারিব, মহাপ্রভুর শিক্ষায় শিক্ষিত ও অনুপ্রাণিত হইতে পারিব, মহাপ্রভুর নিজজন শ্রীগুরুদেবকে—শ্রীআচার্যদেবকে আমাদের সর্বস্ব ও নিত্যপ্রভু বলিয়া জানিবার সৌভাগ্য পাইব।

শ্রীগুরুপাদপদ্মের সহিত নিত্য সংশ্লিষ্ট ভক্তদাস কি এই বিশ্বের কোন কিছুর তোয়াক্কা রাখেন? তিনি যে অকিঞ্চন। তিনি যে নিরন্তর গুরুপাদপদ্ম-মধুপানরত—নিরন্তর গুরুপাদপদ্ম-সেবনে নিযুক্ত—নিরন্তর সেবানন্দে মগ্ন। এই বিশ্বের নাথ যাঁহার করতলগত, সেই বিশ্বনাথকে শ্রীগুরু-পাদপদ্মকে যিনি আপন বলিয়া জানিতে পারিয়াছেন—গুরুচিন্তা, গুরুদর্শন, গুরু-স্মরণ ব্যতীত অন্য কোন চিন্তা যাঁহার হৃদয়ে নাই, তিনি কৃষ্ণপ্রেষ্ঠ গুরুদেবের প্রিয় বলিয়া কৃষ্ণেরও পরম প্রিয়। সৌন্দর্য্যে সমস্ত ভুবনকে যিনি মোহন করেন সেই ভুবনমোহন কৃষ্ণকেও যিনি সেবাসৌন্দর্যে আকৃষ্ট বা মোহিত করিয়া থাকেন সেই ভুবনমোহন মনোমোহন পরমরূপবান্ শ্রীরূপানুগ শ্রীআচার্যদেবের পাদপদ্মনখশোভায় যিনি আকৃষ্ট হইয়াছেন, এই হেয় প্রতিফলিত জগতের কোন সৌন্দর্য কি সেই ভক্তদাসকে প্রলুব্ধ করিতে পারে? অত বড় বস্তুকে যিনি আশ্রয় করিয়াছেন, তিনি কি আর কাহারও সাহায্য প্রার্থনা করেন? গুরুসেবাগ্রহ তাঁহার হৃদয় অধিকার করিয়াছে। তাই তিনি আজ নিশ্চিন্তে গুরুসেবার জন্য নব নব কৌশল আবিষ্কার করিতেছেন। তাঁহার গুরুসেবায় বাধা দিতে পারে, তাঁহার অপ্রতিহতা গতিকে রুদ্ধ করিতে পারে, এরূপ সাধ্য কাহারও নাই। কারণ, তিনি যে সেবোন্মত্ত—তিনি যে সেবায় মত্ত পাগল! সুতরাং তিনি কি আর কিছু চান, তিনি কি আর কাহারও কথা শুনেন, বৈকুণ্ঠশব্দের কথা যাঁহার কর্ণে প্রবেশ করিয়াছে, সেই গুরুদাস কি আর মায়ার কথায় কর্ণপাত করেন? গুরুনামে পাগল যিনি, তিনি কি আর কাহারও প্রতি প্রভুত্ব করিতে চান? তিনি চান কেবল গুরুকৃপা, গুরুকৃপাশীর্বাদ, গুরুপাদপদ্মের ধূলি, আর কিছুই চান না। তিনি যে গুরুর ষোলআনা হইয়া গুরুকে ষোল আনা করিয়াছেন। শ্রীগুরুপাদপদ্মের সহিত সম্পূর্ণভাবে সংশ্লিষ্ট হইয়া—শরণাগত হইয়া গুরুচরণে নিত্য আশ্রয় লাভ করিয়াছেন—রাঙ্গাপদবী পাইয়া গৌরব অনুভব করিতেছেন। তাঁহার হৃদয়ে গুরু অহঙ্কার বা দাসাভিমান জাগিয়াছে। তাঁহার যা' কিছু সব গুরুকে লইয়া, তাঁহার রূপ, তাঁহার সৌন্দর্য, তাঁহার যশঃ সব গুরুর জন্য। গুরুর কৃপাতেই বড়াই, তাহাতে তাঁহার নিজের কোন বাহাদুরী নাই। তিনি গুরুর জন্য সব করিতে পারেন। কিন্তু গুরুদেবকে কখনও ছাড়িতে পারেন না।

তোমার গরবে গরবিনী আমি
রূপসী তোমার রূপে।
হেন মনে হয় ও দু'টী চরণ
সদা লৈয়া রাখি বুকে॥
অন্যের আছে অনেক জনা
আমার কেবল তুমি।
পরাণ হৈতে শতগুণে
প্রিয়তম করি মানি॥

শ্রীগুরুপাদপদ্মের বাণী ও শ্রীগুরুপাদপদ্ম একই বস্তু। তাঁহার বাণী আশ্রয় করিতে পারিলে বাণীই রূপ দেখাইবেন। কিন্তু শ্রীগুরুপাদপদ্ম, আচার্যপাদপদ্ম বা বৈষ্ণব-পাদপদ্মের বাণী-শ্রবণের পরিবর্তে—তাঁহার বাণীকে বরণ করিবার পরিবর্তে আমরা যদি কেবল আমাদের তোষামোদ লইয়া তাঁহাদের প্রদর্শন করিতে যাই, তাহা হইলে আমাদের শ্রীহরিগুরুবৈষ্ণবপাদপদ্ম-দর্শন লাভ হইবে না। সেইজন্যই বলিতেছি, স্বরূপের সন্ধান লাভ করিতে হইলে; গুরু-কৃপা পাইতে হইলে আচার্যের বাণীর চরণে আত্মনিবেদন করিতে হইবে—নিষ্কপটে বাণী-শ্রবণ করিতে হইবে। আগে শ্রবণ, পশ্চাৎ গুরুবাণীর কীর্তনাদিদ্বারাই আমাদের আত্ম-বিনাশ হইতে রক্ষা পাওয়া যাইবে।

এরূপদেহ সব নষ্ট হইয়া যায়। কিন্তু বাণীর বিনাশ নাই। তাহা সেবোন্মুখ হৃদয়ে নিত্য বিরাজিত। বাণীপ্রবাহ কেহ রুদ্ধ করিতে পারে না। গুরুবাণী তাঁহাকে দুর্জনের আক্রমণ হইতে রক্ষা করিবার প্রচুর শক্তি রাখেন। মায়াবীর মায়াজাল তাঁহাকে ধ্বংস করা দূরের কথা, তাঁহাকে স্পর্শ করিতেও পারে না।

বাণী শ্রবণের অপেক্ষা না করিয়া অসৎ-বিচার গ্রহণ করিয়া তর্কপথাদিতে যতই প্রয়াস দেখাই না কেন, তাহাতে মঙ্গলের আশা নাই। পারমার্থিকের শেষকথা শ্রীমদ্ভাগবত-শ্রবণ-কীর্তন না হইলে তাহার অর্জন কোটিজন্মেও বুঝিতে দিতে পারিবে না। অর্জন, জ্ঞানানুষ্ঠান বা যুক্তি অর্থাৎ শ্রীগুরুমুখপদ্মবাক্য-বিচার দ্বারা নিয়মিত না হইলে [illegible] নারকী-সংজ্ঞা লাভ করিতে হইবে। কর্ণ আমাদের চক্ষু বা অন্য ইন্দ্রিয়কে নিয়মিত করিবে।' বাণীই আমাদের চিত্তকে শুদ্ধ করিয়া শুদ্ধচিত্তে রূপ দেখাইবে। সুতরাং শ্রবণই মঙ্গলপথ। আমরা যদি এই পথ গ্রহণ না করি, শ্রীগুরুপাদপদ্মের বাক্যের সহিত যদি আমাদের হৃদয়ের একতা না থাকে, তাহা হইলে সকলই পণ্ডশ্রম হইবে। মঠবাসের অভিনয় করিয়াও আমরা গুরুবৈষ্ণবে প্রাকৃত-বিচার লইয়া নরকের পথই পরিষ্কার করিব। সেইজন্যই বলিতেছি, গুরুবাণী—আচার্যবাণী বা আচার্যোপদেশই আমাদের একমাত্র সম্বল হউন, আচার্যই আমাদের নিয়ামক হউন, আচার্যদেব দয়া করিয়া আমাদিগকে ভগবানের সহিত সম্বন্ধযুক্ত করাইয়া সেবাসুযোগ প্রদান করুন, নতুবা আর নিস্তার নাই।

[শ্রী]ল প্রভুপাদের বক্তৃতাবলী

পরমার্থ-সম্পুটের রত্নরাজি

ভিক্ষা :—১ম খণ্ড ৮০; ২য় খণ্ড ২; ৩য় খণ্ড ৮০; ৪র্থ খণ্ড —৮০ আনা।

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ
শ্রীধাম-মায়াপুর,
নদীয়া

মহাজনবাণী

—::(০)::—

শিষ্যপরম্পরায় মন্ত্রদান গ্রহণ করিলে অন্তঃ-বৈষ্ণব সকলেই সমান হন সত্য, কিন্তু যে বৈষ্ণবে যতদূর মায়ামল উদয় হইয়াছে, সেই বৈষ্ণব ততদূর মলবান্। মায়ামল দুই-প্রকার, অর্থাৎ অল্পমল ও বহুমল। কনিষ্ঠ-বৈষ্ণবে অল্পবিস্তার অজ্ঞানের কিঞ্চিৎ মল থাকে, মধ্যমবৈষ্ণবে ততোধিক মল হইলেও অল্প। বৈষ্ণবের তুলনায় মধ্যম বৈষ্ণব অল্পমল বা নির্মল। উত্তম বৈষ্ণব সকল-শূন্য।

জগতে দুইপ্রকার লোক অর্থাৎ বহির্মুখ ও অন্তর্মুখ। বহির্মুখের কেবল অভিমানের ধর্ম, বৈষ্ণবসেবা নাই। অন্তর্মুখ আবার দুইপ্রকার অর্থাৎ বৈষ্ণব-মৎসর ও বৈষ্ণব-কলানভিজ্ঞ। বৈষ্ণব-কলানভিজ্ঞ ব্যক্তিগণ বিশুদ্ধ, অনুবৃত্তি তিলক বা কণ্ঠী বেশ দেখিলেই ভক্ত হন। কাহাকে বৈষ্ণবকলা বলে ও কাহার বা সেই কলার তারতম্য কি, তাহা তাহারা জানে না। বৈষ্ণবাভিধান ও মহাজনের বিশেষ অভাব অবগত নয়। সেই বৈষ্ণবকলানভিজ্ঞ বিজ্ঞ বৈষ্ণবপ্রায় কনিষ্ঠজনগণ বালিশ মধ্যে পরিগণিত। তাহারা দীক্ষিত হইয়া অর্চ্চন করে বটে, কিন্তু ভক্তজন ও ভক্তিতত্ত্বের ভেদ-কলা বৈষ্ণবসেবা করিতে অক্ষম তাহারা বেশধারী বা ভক্তিবিরোধকেই সম্মানের সহিত ব্যবহার করিতে রাজী। তাহারা যদি সেবা করে, তাহা হইলে অন্তরঙ্গভাবে শুদ্ধবৈষ্ণব ত্যাগ করিয়া তাহার লোকের সেবা দ্বারা কলিকা বাট হবে। সুতরাং তাহাদের অজ্ঞতা-রোগের সর্বদাই পথ্য। কিন্তু বৈষ্ণবকলাজ্ঞ ব্যক্তির সম্বন্ধে এরূপ ব্যবহার নয়। তাঁহারা মল-মল, বৈষ্ণব-বিচারে প্রবীণ। কাহার দেহে দ্বন্দ্বের কি পরিমাণে ভেদ—কলা আছে তাহা তাঁহারা জানেন। তাঁহারা বৈষ্ণবদিগের কলানুসারে বিশেষবুদ্ধি করিবেন। যথাবল না বুঝিয়া যদি ব্যবহার করেন, তাহা হইলে দোষভাগী হন। অল্পমল ও বহুমল বৈষ্ণব উপস্থিত হইলে অগ্রে অল্পমলের পূজা কর্ত্তব্য, পরে সাধারণ মলের। অসাক্ষাতেও এরূপ ব্যবহার কর্ত্তব্য। বাতবাতি নির্ব্বাপিত হইলে প্রদীপাদি সহজে নির্ব্বাপিত হয়। যদি মহামল ও মহাতেজা বৈষ্ণবের অগ্রে পূজা দেখিয়া অল্পতেজা বৈষ্ণব ক্রোধ করেন, তবে দুষ্ট অপরাধকারী সহজে তেজে তেজস্বী হইয়া পূজাকারীর নিগ্রহ করিতে পারিবেন না। জানিয়াও যদি কেহ বৈষ্ণবকলানভিজ্ঞের ন্যায় ব্যবহার করেন, তবে অবশ্য নষ্ট হইবেন।

শুদ্ধবৈষ্ণবকে যথাযোগ্য সেবা করিলে সুমেরুপর্ব্বতের আশ্রিতজনের ন্যায় তাঁহারা সর্ব্বদা অনুগৃহীত হইবেন। অন্য কেহ কিছু করিতে পারিবেন না। মধ্যম-বৈষ্ণবগণ শুদ্ধবৈষ্ণবের কলাকলা বিচার পূর্ব্বক অল্পমল ও বহুমলের সম্মান, অল্পমলের পূজা এবং বহুমলের সেবা যথাযথ করিয়া কৃষ্ণসংসার নির্ব্বাহ করিবেন। তাহা হইলে বৈষ্ণবনিন্দাদোষে দোষভাগী হইবে না। বৈষ্ণবের নিন্দা করিবেন না। প্রমাদেও বৈষ্ণবের অবহেলা করিবেন না।

বৈষ্ণবের অঙ্গ যদি নষ্ট হয়, তাহাতেও দুঃখ নাই। কদাচার দেখিয়া বৈষ্ণবে দোষারোপ করিবে না; যেহেতু বৈষ্ণবের অঙ্গে কৃষ্ণাগ্নি আছে। সেই অগ্নিতে পাপ আসিতে পারে না। যদি দৈবাৎ আসে, তাঁহার সেই অগ্নিতে দগ্ধ হইয়া যায়।

নিজাপেক্ষা শ্রেষ্ঠ বৈষ্ণবকে আশ্রয় করিলেই উন্নতি লাভ হয় জানিয়া, তাঁহাদের সঙ্গে সঙ্গে বেশধারী সঙ্গত্যাগে যত্নবান্ হন। কারণ কেবল বেশধারিগণ কপট। তাহারা শকদোষের বেশধারণ করিয়া জগৎ-বঞ্চনা করে। বৈষ্ণববেশ, তিলক মালাদি গ্রহণে তাহাদের বৈষ্ণব-অভিমানতা জন্মিয়া যায়; তন্নিবন্ধন তাহারা আর শুদ্ধবৈষ্ণবের নিকটে যাইতে পারে না। দুষ্প্রাপ্যরাশি নিয়ত প্রাকৃত ব্যক্তির আশ্রয় গ্রহণ করে ও প্রাকৃত জনের সঙ্গ করে।

যাঁহারা চতুর, সুধীর, নিষ্কপট, তাঁহারা তাহাদের কপট-প্রীতি হেতু কেবল উপরত হন এরূপ নয়; পরন্তু তাহাদের কপটতা জগতে বিদিত করিয়া শুদ্ধভক্তি স্থাপন করেন।

এই কলিকালে শ্রীকৃষ্ণচৈতন্যদেব ও শ্রীনিত্যানন্দের অবতার তত্ত্ব হইলে সমস্ত বৈষ্ণবগণ সদা উদ্বিগ্নচিত্ত হইবেন এবং উদ্যম, কর্ম্ম, জ্ঞান সকল কালে কালে দিনে দিনে দ্বিগুণ-বলপ্রাপ্ত হইয়া পড়িবেন। অনেকে সময় সময় অনেকপ্রকার পূর্ব্বপক্ষ উঠাইয়া বৈষ্ণবদিগকে ব্যস্ত করিবেন। তত্ত্বজ্ঞের তাহাতে কোনপ্রকার সন্দেহ থাকে না। কিন্তু তার্কিক ও পণ্ডিতাভিমানী ব্যক্তিগণ নানাপ্রকার তর্কাদি করিয়া তাঁহাদের চিত্তের শান্তি দূর করিতে চেষ্টা করিবে; সুতরাং তাহা নিবারণ করাই উচিত

কৃষ্ণচৈতন্যের অন্ত-সখী মহাজনগণ সর্ব্বপ্রাণী নিস্তারের জন্য মরণাপেক্ষা ক্লেশ সহ্য করিয়াও হরিকীর্ত্তন, হরিসেবা, সৎসঙ্গ, মহাজন-পূজা ও কৃষ্ণনামপ্রেম প্রচার করত ধরণীমণ্ডলে নিজপ্রভুর যশোরাশি কালে কালে উৎসন্ন প্রায় দেখিয়া নিজ দৈহিক সুখ অগ্নিতে নিক্ষেপ করত চৈতন্য-শিক্ষামৃত স্থাপন করিতেছেন।

শ্রীআচার্য্যবাণী

ভজনের বিচার অতি সূক্ষ্ম। শ্রীগুরু-পাদপদ্ম হইতে বিন্দুমাত্র Deviated হইলেই সব গেল। ব্যক্তিগত পীড়নে অসহিষ্ণু হইয়া প্রতিহিংসা লইতে হইবে না; কিন্তু শ্রীগুরুবৈষ্ণবের প্রতি অত্যাচার দর্শনে সম্পূর্ণ অসহিষ্ণু হওয়াই বৈষ্ণবতার আদর্শ। কোন অশ্রদ্দধান বিমুখকে হরিনাম উপদেশ করিতে হইবে না। ঠাকুর হরিদাস তাঁহাকে বাইশ বাজারে বেত্রাঘাতকারিদের প্রতি কোন প্রতিহিংসা প্রবৃত্তি পোষণ করেন নাই; তাঁহাদিগকে অশ্রদ্ধান জানে হরিনাম প্রদান না করিয়া সর্ব্বাবস্থায় প্রভুর জানিয়া আসিলেন। অথচ বেজা ও মায়া শ্রীল ঠাকুরের শ্রীমুখে নাম শ্রবণ করিয়া শুদ্ধভাবে নামগ্রহণের সৌভাগ্য পাইয়াছিলেন।

বৈষ্ণবের আনুগত্যেই আশ্রয়বিগ্রহ-শিরোমণি শ্রীগুরুপাদপদ্মের সেবা হয়। বৈষ্ণবের নিকট হইতে সেবাগ্রহণের চেষ্টা ভুক্তের আবরণ, তাহা শ্রীগুরুদেবের অনুসরণ নহে। শ্রীগুরুদেব বৈষ্ণবের নিকট হইতে সেবা গ্রহণ করেন না। বৈষ্ণবকে কৃষ্ণসেবায় নিযুক্ত করিয়া সুখী হন। গুরুদেবের কৃষ্ণসেবার সর্ব্বশ্রেষ্ঠ উপকরণ— কৃষ্ণসংকীর্ত্তন।

সরলবুদ্ধি সেবাই কৃষ্ণাকর্ষিণী। কুল, পাণ্ডিত্য, রূপ বা অন্যান্য প্রাকৃতিক গুণ কৃষ্ণকে আকর্ষণ করিতে পারে না। বিগ্রহ-সেবার প্রধান লক্ষণ এই যে, তাহাতে কোনপ্রকার গন্ধপ্রীতি অর্থাৎ বণিগ্‌বৃত্তি নাই। ভৃত্য বণিক্ নহে, বণিকও ভৃত্য নহে। গুরু অর্থাৎ সর্ব্বশ্রেষ্ঠ বৈষ্ণব হইয়াও যিনি বৈষ্ণবের সেবা করেন তিনিই আশ্রয়-বিগ্রহ জগদ্গুরু।

আশ্রয়-বিগ্রহের সেবায় যে সর্ব্বোৎকৃষ্ট আদর্শ শ্রীল প্রভুপাদ নিজ অতিমর্ত্ত্য চরিত্রে তাঁহার সর্ব্বকার্য্যে সর্ব্বক্ষণ সর্ব্বতোভাবে প্রকাশ করিয়াছেন, তাহাতেই তাঁহার সর্ব্বশ্রেষ্ঠ গুরুত্ব প্রকটিত হইয়াছে। বৈষ্ণবের সেবার দ্বারাই গুরুদেবের সর্ব্বশ্রেষ্ঠত্ব প্রকাশিত হয়। যিনি যতটা বৈষ্ণবের সেবক, তিনি তত অধিক বৈষ্ণব। যিনি সর্ব্বাপেক্ষা অধিক বৈষ্ণব-সেবক, তিনি বৈষ্ণবশিরোমণি অর্থাৎ বৈষ্ণবগণের সম্রাট্ শ্রীগুরুদেব।

সাময়িক-প্রসঙ্গ

—::(০)::—

আকর মঠরাজ শ্রীচৈতন্যমঠের অন্যতম শাখা পাটনা শ্রীগৌড়ীয়মঠে বর্ত্তমান গৌড়ীয়-বৈষ্ণবাচার্য্যবর্য্য ও বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীমদ্ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী প্রভুপাদের আনুগত্যে নিরবচ্ছিন্নরূপে পাঠকীর্ত্তন হইতেছে। প্রতিদিন প্রত্যূষে শ্রীশ্রীগুরুগৌরবিনোদগোবিন্দানন্দজীউর মঙ্গলারাত্রিকান্তে উচ্চকীর্ত্তনের পর শ্রীপাদ কৃষ্ণবিহারী ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী "শ্রীগৌড়ীয়-বৈষ্ণব" গ্রন্থ পাঠ ও ব্যাখ্যা করেন। ভক্তি-শাস্ত্রীজী অপরাহ্নে বেলা ৪ ঘটিকার সময় "নবদ্বীপ-প্রকাশ", "সাপ্তাহিক গৌড়ীয়", "পাক্ষিক গৌড়ীয়" প্রভৃতি পারমার্থিক পত্রিকা ও 'শ্রীচৈতন্যভাগবত' পাঠ করেন। সন্ধ্যারাত্রিকের পর শুক্লাম্বর, মহাজন-পদাবলী কীর্ত্তনান্তে শ্রীপাদ মুকুন্দমাধব ব্রহ্মচারীজী শ্রীচৈতন্যচরিতামৃত পাঠ ও ব্যাখ্যা করেন।

গত ২৭শে জুলাই বৃহস্পতিবার হরিবাসর দিবস মঠবাসিগণ সমস্ত দিবস উপবাসী থাকিয়া হরিকথা আলোচনা করেন। সন্ধ্যারাত্রিক কীর্ত্তন, শুদ্ধভক্তপ্রবন্ধ ও মহাজন-পদাবলী কীর্ত্তনান্তে শ্রীপাদ মুকুন্দমাধব ব্রহ্মচারী ভক্তিভূষণ প্রভু শ্রীচৈতন্যভাগবত আদি ৯ম অধ্যায় হইতে একাদশী দিবসে শ্রীমন্মহাপ্রভুর শ্রীবাস পণ্ডিত বিষ্ণু গোবর্দ্ধনের নির্ব্বেদিত বিষ্ণুনৈবেদ্য গ্রহণ লীলার প্রসঙ্গ আলোচনা করেন। পাঠান্তে "বৈষ্ণব ঠাকুর, দয়ার সাগর" প্রভৃতি মহাজন কীর্ত্তন হয়।

শ্রীনাম-কীর্ত্তন

—:০:—

শ্রীকৃষ্ণসংকীর্ত্তনই সর্বোপরি বিজয় লাভ করুন। এই কৃষ্ণ সংকীর্ত্তন জিনিষটি কি? কেন সেই সংকীর্ত্তন আমাদের সুষ্ঠুভাবে হইতেছে না, আর শ্রীস্বরূপ-রামরায় সমীপে যে কৃষ্ণসংকীর্ত্তনের আদর্শ মহাপ্রভুর শ্রীমুখ দিয়া প্রকাশিত হইয়াছে, তাহাও বিশেষরূপে বিচার্য্য। এই কৃষ্ণ-সংকীর্ত্তনের পক্ষে প্রবল বাধা—দেহাত্মবুদ্ধি বা অহংমম জ্ঞানরূপ মায়াপাশ। 'আমি আমার' বুদ্ধির জন্য আমাদের সুষ্ঠুভাবে কীর্ত্তন হয় না। হরিনাম করিতেছি, কখনও উচ্চৈঃস্বরে কীর্ত্তন, কখনও উপাংশু, কখনও বা মানসজপ করি বটে, কিন্তু মনে মনে কৃষ্ণেতর বিষয়—বাড়ী-ঘর দুয়ার চিন্তা করিয়া বসি, কি করিয়া ভোগ করিব, কি কি জিনিষ ভোগ করিব, কি করিয়া নূতন সংসার পত্তন করিব,—এই প্রকার নানা চিন্তায় বিভোর হইয়া পড়ি; অথচ আমার মুখে শ্রীনামশিক্ষা। কেন এরূপ হয়? 'দেহাত্মবুদ্ধিই' ইহার একমাত্র কারণ। যখন অপরের নিকট ব্যাখ্যা-বক্তৃতাদি করি, তখন খুব পণ্ডিতের মত বড় বড় কথা বলি, পাণ্ডিত্যের আর অবধি নাই, কিন্তু নিজের আচরণের দিকে দৃষ্টিপাত করিতে গিয়া দেখি, আমি 'দেহাত্মবুদ্ধিই' ছাড়িতে পারিতেছি না। এইটি সাধকের নিজের দিক্ হইতে মস্ত বড় অযোগ্যতা। এজন্য ঠাকুর ভক্তিবিনোদ আমাদিগকে গোপীনাথ বিজ্ঞপ্তি শিক্ষা দিয়াছেন। গোপীনাথের নিকট কাঁদিতে হইবে, দুঃখের কথা জানাইতে হইবে। গোপীনাথই আমার প্রভুর প্রভু।

আমার প্রভুর প্রভু শ্রীগৌরসুন্দর।
এ বড় ভরসা চিত্তে ধরি নিরন্তর॥

স্বস্বরূপে অবস্থিত প্রত্যেক জীবাত্মার একমাত্র প্রভু গোপী। গোপীই একমাত্র পুরুষাভিমান পরিত্যাগ করাইতে পারেন। পুরুষাভিমানই সব অনর্থের মূল, 'পুরুষাভিমান' অর্থে 'আমি ভোক্তা, আমি কর্ত্তা'—এইরূপ অহঙ্কারবিমূঢ়তা। এই অভিমান কেবল যে পুরুষদেহে, তাহা নহে, স্ত্রীদেহ-ধারণেও পুরুষাভিমান প্রবল হইতে পারে। ভোক্তৃ অভিমানের নামই পুরুষাভিমান। 'আমি পুরুষ' এই অভিমানই আমার সর্ব্বনাশের মূল। এমন অবস্থায় 'আমার প্রভুর প্রভু শ্রীগৌরসুন্দর', ইহা ব্যতীত আমার ভরসার আর কিছুই নাই। তিনিই আমার একমাত্র রক্ষাকর্ত্তা জানিয়া যাহাতে তাঁহারই শ্রীপাদপদ্মে শরণ গ্রহণ করি, তাঁহাকেই বিজ্ঞপ্তি জানাই, শত শত বিঘ্ন-বিপত্তি, অভাব-অসুবিধাকে তাঁহারই করুণার পরিচয় জানে তাহাদের আক্রমণ অম্লানবদনে সহ্য করিতে পারি, আত্মেন্দ্রিয়-তর্পণের জন্য বিন্দুমাত্র ব্যাকুলতা না আসে, তজ্জন্যই 'গোপীনাথ বিজ্ঞপ্তি' কীর্ত্তন। "দৈন্য, আত্মনিবেদন, গোপ্তৃত্বে বরণ। অবশ্য রক্ষিবে কৃষ্ণ, বিশ্বাস পালন। ভক্তি অনুকূল মাত্র কার্য্যের স্বীকার। ভক্তি প্রতিকূলভাব-বর্জ্জনাঙ্গীকার।" —এই "ষড়ঙ্গ শরণাগতি হইবে যাঁহার। তাঁহার প্রার্থনা শুনে শ্রীনন্দকুমার।" কৃষ্ণের কৃপা-লাভের জন্য দৈন্য চাই, আত্মনিবেদন চাই, হাহাকার চাই, নিশ্চিন্ত হইয়া বসিয়া থাকিলে চলিবে না। ভাড়াখাটা আক্রান্ত হইবার নাম কৃষ্ণভজন নহে। নাম-সংকীর্ত্তন জিনিষটী কি? কৃষ্ণকে আহ্বান করা—ডাকা। কোন্ সময়ে ডাকার দরকার হয়? আমার বন্ধু যখন আমার নিকটে বসিয়া থাকেন, তখন কি তাঁহাকে ডাকি? যখন দূরে—অতিদূরে অবস্থান করেন, তখনই তাঁহাকে উচ্চস্বরে আহ্বান করি। সেইরূপ 'কোথা কৃষ্ণ, রাধিকা-রমণ রায়' বলিয়া আহ্বান কৃষ্ণবিরহ-স্ফূর্ত্তিক্রমে হৃদয়ে অকপট আর্ত্তি হইতেই আসে। আর্ত্ত জীব ব্যাকুল হইয়া—কৃষ্ণ-বিরহকাতর হইয়া কৃষ্ণকে উচ্চৈঃস্বরে ডাকেন। কৃষ্ণের জন্য বিরহ হইলেই প্রাণ হইতে ডাক আসে। সুতরাং 'হরে কৃষ্ণ' ইত্যাদি ষোলনাম সংকীর্ত্তন ভক্তহৃদয়ের অপ্রাকৃত বিরহের উচ্ছ্বাস ব্যতীত আর কিছুই নহে। আহ্বান বিরহ-জ্ঞাপক না হইলে—বিরহ-বিভাবিত না হইলে তাহা আহ্বানই হইল না, জিহ্বার কসরত মাত্রই হইয়া গেল। কাজেই আলস্য আসে—তন্দ্রা আসে—তমোধর্ম্মাক্রান্ত হইয়া যাই। বদ্ধ—অনর্থযুক্ত জীব আমরা, আমাদের স্বরূপের স্বভাব, প্রকৃত প্রয়োজন ভুলিয়া গিয়াছি, তাই আজ আমাদের এই দশা, কৃষ্ণের জন্য আর্ত্তি বা ব্যাকুলতা আসে, বিরহ উপস্থিত হয়, এজন্য সাধুসঙ্গ প্রয়োজন। প্রত্যেকের হৃদয়েই সে জিনিষটী রহিয়াছে; কেবল তাহাকে জাগাইতে হইবে। হৃদয়ের আর্ত্তির সহিত কীর্ত্তন হইলেই—

"সংকীর্ত্তন হৈতে পাপ-সংসার-নাশন।
চিত্তশুদ্ধি, সর্ব্বভক্তি-সাধন-উদ্গম॥
কৃষ্ণপ্রেমোদ্গম, প্রেমামৃত আস্বাদন।
কৃষ্ণপ্রাপ্তি, সেবামৃতসমুদ্রে মজ্জন॥"

হরিনামে কি কি ফল লাভ হইবে? সংকীর্ত্তন হইতে পাপ চলিয়া যাইবে, দীক্ষালাভ, সিদ্ধিলাভ হইবে। দীক্ষা কাহাকে বলে?—

দিব্যং জ্ঞানং যতো দদ্যাৎ কুর্য্যাৎ পাপস্য সংক্ষয়ম্।
তস্মাদ্দীক্ষেতি সা প্রোক্তা দেশিকৈস্তত্ত্বকোবিদৈঃ॥

দিব্যজ্ঞান-লাভরূপ দীক্ষা লাভ হইলে পাপের সম্পূর্ণরূপে ক্ষয়লাভ হইয়া থাকে। হরিনাম হইলেই দীক্ষার প্রকৃত সিদ্ধিলাভ হইবে। জন্মমরণমালা লইয়াই সংসার। পুরুষাভিমানেই এ জগতে আসা; পিতা, মাতা, পুত্র, কন্যা—সকলরূপেই এই পুরুষাভিমান প্রবল। কন্যারূপেও পুরুষাভিমান থাকে। স্ত্রীদেহে ভোক্তৃ-অভিমান থাকিবে না, তাহা নহে। নিজেকে ভোক্তৃজ্ঞানই পুরুষাভিমান। সংকীর্ত্তন হইতে এই সূক্ষ্মভাব পুরুষাভিমানও চলিয়া যাইবে। তাই মহাপ্রভু তাঁহার শিক্ষাষ্টকের প্রথম শ্লোকে বলিয়াছেন—

চেতোদর্পণমার্জ্জনং ভবমহাদাবাগ্নি-
নির্ব্বাপণং
শ্রেয়ঃ কৈরবচন্দ্রিকাবিতরণং বিদ্যাবধূ-
জীবনম্।
আনন্দাম্বুধিবর্দ্ধনং প্রতিপদং
পূর্ণামৃতাস্বাদনং
সর্ব্বাত্মস্নপনং পরং বিজয়তে
শ্রীকৃষ্ণসংকীর্ত্তনম্॥

[চিত্তরূপ দর্পণের মার্জ্জনকারী, ভবরূপ মহাদাবাগ্নির নির্ব্বাপণকারী, জীবের মঙ্গলরূপ-কৈরবচন্দ্রিকা-বিতরণকারী, বিদ্যাবধূর জীবন-স্বরূপ, আনন্দ-সমুদ্রের বর্দ্ধনকারী, পদে পদে পূর্ণামৃতাস্বাদনস্বরূপ এবং সর্ব্বস্বরূপের শীতলকারী শ্রীকৃষ্ণ সংকীর্ত্তন বিশেষরূপে জয়যুক্ত হউন্।]

হরিনাম করিলে চিত্ত নির্ম্মল হইবে, সর্ব্বভক্তিসাধন-উদ্গম হইবে, ভক্তিকুসুম প্রস্ফুটিত হইবে, কৃষ্ণপ্রাপ্তি হইবে, তাহাতে সেবামৃতসমুদ্রে নিমজ্জিত, কৃষ্ণসেবামৃতে অভিষিক্ত হওয়া যাইবে, ভগবানের সেবার পরাকাষ্ঠা লাভ হইবে,—সেবা হইতে মুক্তি হইবে, তাহা নহে, মুক্তাবস্থায় সেবার পরাকাষ্ঠা লাভ হইবে। এই শ্লোক বলিতে বলিতে মহাপ্রভু—

"উঠিল বিষাদ দৈন্য, পড়ে আপন শ্লোক।
যাহার অর্থ শুনি সব যায় দুঃখ শোক॥

এই শ্লোক অর্থাৎ "চেতোদর্পণ-মার্জ্জনং" শ্লোক আস্বাদন করিতে করিতে মহাপ্রভুর বিষাদ, দৈন্য—বিপ্রলম্ভবিরহসাগর উদ্বেলিত হইয়া উঠিল। আর্ত্তি আর বাড়িতেছে; সেই শ্লোকটী কি?—

নাম্নামকারি বহুধা নিজসর্ব্বশক্তি-
স্তত্রার্পিতা নিয়মিতঃ স্মরণে ন কালঃ।
এতাদৃশী তব কৃপা ভগবন্মমাপি
দুর্দ্দৈবমীদৃশমিহাজনি নানুরাগঃ॥

[হে ভগবন্! তোমার নামই জীবের সর্ব্বমঙ্গল বিধান করেন, এইজন্য তোমার 'কৃষ্ণ', 'গোবিন্দাদি' বহুবিধ নাম তুমি বিস্তার করিয়াছ। সেই নামে তুমি স্বীয় সর্ব্বশক্তি অর্পণ করিয়াছ এবং সেই নাম-স্মরণের কালাদি নিয়ম (বিধি বা বিচার) কর নাই। প্রভো, জীবের পক্ষে এরূপ কৃপা করিয়া তুমি তোমার নামকে সুলভ করিয়াছ, তথাপি আমার নামাপরাধরূপ দুর্দ্দৈব এরূপ করিয়াছে যে, তোমার সুলভ নামেও আমার অনুরাগ জন্মিতে দেয় না।]

নাম সংকীর্ত্তনই যে "কলৌ পরমোপায়", তাহার বিশেষ ব্যাখ্যা এই শ্লোকে পরিস্ফুট হইয়াছে। কলিতে দেহে আত্মবুদ্ধি স্বাভাবিক; অন্নময় কোষ দেহ, ইহাতে 'আমি'—বুদ্ধিরূপ অজ্ঞান উপস্থিত হইয়াছে। কিন্তু তাহার মধ্যেও পরমকরুণাময় নাম আমাদের মঙ্গলের জন্য আবির্ভূত। অন্যাভিলাষযুক্ত জীবের ইচ্ছা অনেক-প্রকার। তাই বাঞ্ছাকল্পতরু করুণাময় শ্রীনাম তাহাদের সকল প্রকার বাঞ্ছা তাঁহার শ্রীপাদপদ্মসেবায় কেন্দ্রীভূত করিবার জন্য বহুবিধ নামের বিস্তার সাধন করিয়াছেন। অহৈতুক-কৃপাসিন্ধু কৃষ্ণচন্দ্র তাঁহার নিজের সর্ব্বশক্তি তাঁহার শ্রীনামে অর্পণ করিয়াছেন। তিনি যেমন সর্ব্বশক্তিমান্, তাঁহার নামও তেমনি সর্ব্ব-শক্তিমান্। নাম ও নামী অভিন্ন-তত্ত্ব। যেমন নামী, তেমনিই শ্রীনাম। সেই শ্রীনাম গ্রহণ করিবার কোন কালাকাল বিচার নাই। যদি স্থান-কাল-পাত্রের বিচার থাকিত, তাহা হইলে নানানর্থ-প্রপীড়িত কলিহত জীবের পক্ষে নাম-গ্রহণও সুলভ ও সম্ভব হইত না। এজন্য নামই "কলৌ পরমোপায়"।

শুদ্ধভক্তি-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠ-শ্রীধাম

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীব্রজপত্তন-ভবনে শ্রীচৈতন্যমঠ, পরবিদ্যা-পীঠ, শ্রীশ্রীরাধাকুণ্ড, শ্রীগৌর, গোপাল আচার্য্য চতুষ্টয় বিগ্রহ আছেন। অপ্রাচীন প্রবাহিকপ্রাকারে 'নদীয়া-প্রকাশ' কার্য্যালয় আছে।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৫
কলিকাতায় শ্রীভক্তিবিনোদ-আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, সংকীর্ত্তন, আচারজ্ঞের বেদার শ্রীমদ্ভাগবতাদি ভক্তিগ্রন্থের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও হারমনিষ্ট পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়।

(৩) যোগপীঠ-মায়াপুর-পীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমহাপ্রভুর আবির্ভাব-ভূমি মহাযোগপীঠ।

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং দ্বারা বর্ত্তমান।

(৬) মুরারিগুপ্তের পাট

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৭) কাজি-সমাধি-পাট

অপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি।

(৮) অপ্রকৃতকৃত্যমীষঙ্গাথাত

শ্রীধাম মায়াপুর

(৯) আনন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীলভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা।

(১১) সারস্বত-গৌড়ীয়মঠ

মোদদ্রুম, পোঃ মামগাছি (বর্দ্ধমান)

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মামগাছি, পোঃ জানগর, (বর্দ্ধমান)
শ্রীবাসাবতার ঠাকুর বৃন্দাবনের স্থান

(১৩) রুদ্রদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(১৪) জহ্নুদ্বীপ-গৌড়ীয়মঠালয়

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ

গৌড়পুর, নদীয়া

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ

মাজিদা—(শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্তী)
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৭) সুহৃৎকুটীর

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৯) প্রকাশনমঠ

গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

(২০) মহেশ-পণ্ডিতের পাট

চাঁচাপগলি, পোঃ চাকদা (নদীয়া)

(২১) রাণাঘাট-গৌড়ীয়মঠাশ্রম

(২২) পুরী গৌড়ীয়মঠ

চব্বিশ পরগণা

(২৩) মাধবগৌড়ীয়মঠ

বারদী পোঃ আরি, ঢাকা।
পূর্ববঙ্গের প্রচার-কেন্দ্র।

(২৪) গোপালজীউমঠ

কমলাপুর, পোঃ ঢাকা

(২৫) বলাই-গৌরাঙ্গ মঠ

পোঃ বালিয়াটি, (ঢাকা)

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

মুরাপাড়া, পোঃ ময়মনসিংহ

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম.

পোঃ গোয়ালপাড়া (আসাম)

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চকচকা, কামরূপ (আসাম)

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

ওক্ পাণ্ডার বিল্ডিং, দার্জ্জিলিং

(৩০) মাধবজী-গৌড়ীয়মঠ

পোঃ হরিদ্বার, জিঃ সাহারাণপুর, ইউ, পি

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

মিঠাপুর (পাটনা)

(৩২) গয়া গৌড়ীয়মঠ

রমণা রোড, গয়া

(৩৩) সনাতন-গৌড়ীয় মঠ

৮।১১ বড় গণেশদিং, বেনারস সিটি

(৩৪) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

(৩৫) সত্যমঠ

পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়

বিশ্রামঘাট, পোঃ মথুরা

(৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণসহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ

কিশোরপুর, বৃন্দাবন

(৩৯) প্রেমানন্দ-সুখদকুঞ্জ

পোঃ রাধাকুণ্ড (মথুরা)

(৪০) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪১) রাধাকুণ্ড গোর্দ্ধবাটী

(৪২) শ্রীগোবর্দ্ধনমঠালয়

গোবর্দ্ধন, মথুরা

(৪৩) সঙ্কেত বিহারী মঠ

বর্ষাণা, মথুরা।

(৪৪) নন্দগ্রাম গৌড়ীয়মঠালয়

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৫) বর্ষাণা গৌড়ীয়মঠালয়

পোঃ বর্ষাণা, মথুরা

(৪৬) গোষ্ঠবিহারী মঠ—সেবাকুঞ্জ,

পোঃ কোজোল, জেলা গুরুদাস (পাঞ্জাব)

(৪৭) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

(৪৮) দিল্লী গৌড়ীয় মঠ

৪৫নং লেমান রোড, নিউ দিল্লী

(৪৯) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, কল্যাণবাস বিল্ডিং বোম্বে ৭

(৫০) মাদ্রাজ-গৌড়ীয়মঠ

পোঃ রায়পেটা, মাদ্রাজ
শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকাগিরিধারীর সেবা

(৫১) রামানন্দ-গৌড়ীয়মঠ

পোঃ কভুর, জেলা গোদাবরী (মাদ্রাজ)
শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকা-গিরিধারীর সেবা

(৫২) ব্রহ্মগৌড়ীয়মঠ

আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)

(৫৩) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা

(৫৪) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৫) লীলাকুটী

(৫৬) সিদ্ধি-গৌড়ীয়মঠ

পোঃ ভুবনেশ্বর, পুরী

(৫৭) সচ্চিদানন্দ মঠ

ঝাঞ্জরি, পোঃ কটক (উড়িষ্যা)

(৫৮) বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ

(৫৯) শ্রীমধ্বমাধবগৌড়ীয়-প্রাপণ-মন্দির

পোঃ বহুপতুকুলা, মন্দার

(৬০) ভাগবতজনানন্দ মঠ

চিরুলিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর

(৬১) অমর্দি গৌড়ীয়মঠ

পোঃ অমর্দি, মেদিনীপুর

(৬২) আমলাযোড়া প্রপন্নাশ্রম মঠ

পোঃ রাজবাঁধ (বর্দ্ধমান)

(৬৩) চৈতন্যগৌড়ীয়মঠ

ভুতুড়ুকা, পোঃ চিরকুণ্ডা, (মানভূম)

(৬৪) রেঙ্গুণ গৌড়ীয়মঠ

৩০১ নং শিভেইস্ ষ্ট্রীট, রেঙ্গুণ।

(৬৫) লণ্ডন-গৌড়ীয়মঠ

ফ্ল্যাট নং ২
৪১, আর্চিংরোড
ক্লাপটন, লণ্ডন, ই ৫

(৬৬) গৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

১৪।৫, কালীপ্রসাদ চক্রবর্তী ষ্ট্রীট,
কলিকাতা

(৬৭) গৌড়ীয়মঠ অফিস

ফিউরেট রোড, লক্ষ্ণৌ (ইউ-পি)

(৬৮) শ্রীবিদ্যানিধি গৌড়ীয়মঠালয়

নন্দনকানন, চট্টগ্রাম

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীমহানন্দ ব্রহ্মচারী ভক্তালোক, ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপদেশক পাণ্ডত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী সম্প্রদায়-বৈভবাচার্য্য এম-এ মহোদয়ের প্রৌঢ়গবেষণা এবং পরিপক্ক লেখনীর অদ্ভুত ফল আস্বাদন করিবার একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত্র-পাঠে ধন্য হউন। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিভিন্ন চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৩৮শ অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্ত্তার ভূমিকাদ্বয় (Preaces), বিষয়-তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র (Index Glossary) সহ গ্রন্থখানি প্রকাশিত। ভিক্ষা—১৫, পনর টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, রায়পেটা মাদ্রাজ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীমায়াপুর জেলা—নদীয়া।

'ঠাকুর ভক্তিবিনোদ'

—————

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি-প্রচারের মূল মহাজন সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অভিনব জীবনচরিত এতাবৎকাল পর্য্যন্ত গ্রন্থাকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয়মঠাচার্য্যবর্যের শুভেচ্ছায় পরবিদ্যাসাহিত্যিক সু-লেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু মূল্যবান শিক্ষামালাও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১২৫ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৸০ আনা; ডাক মাশুল স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান—ম্যানেজার গ্রন্থবিভাগ
শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু সদ্গ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১৩।১নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

ই. বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	৪-৩৬	৬-২৬	৭-০৬	১২-২৬	১৪-৫৬	১৬-৫৬	১৭ ৫৬	২২-২৬
রাণাঘাট পৌঃ			৮-২৮	১৪-১৫				
(বদল) ছাঃ			৯-৩৩	১৪-৫০				
কৃষ্ণনগর পৌঃ	৭-১	৮-৪৫	১০-৮	১৫-২৩	১৭-২৮	১৯-০৮	২০-১৬	১-১৫
(বদল) ছাঃ	৭-১২		১০-৩১		১৭-৩৮		২০-২৬	
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫১		১১-১০		১৮-১৬		২১-৪	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
রাণাঘাট পৌঃ	১২-৫৫
ছাঃ	১৩-০
শান্তিপুর পৌঃ	১৩-২৬
(বদল) ছাঃ	১৩-৩১ (লাইট্ রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪-১২
ছাঃ	১৪-৩০
নবদ্বীপঘাট পৌঃ	১৫-১০

ডাউন

নবদ্বীপঘাট ছাঃ	৫-৪৫		৯-১০			১৩-৩১	১৬-০	১৮-৩১	
কৃষ্ণনগর পৌঃ	৬ ২৩	৯-১৬	৯-৪৮	১১-৪১	১৪-১০	১৬-৩৮	১৯-১১	২১-১০
ছাঃ	৬-৩৬	৭-১৮		১০-১১			১৬-৫৬	১৯-২৫
রাণাঘাট পৌঃ				১০-৪৬			১৭-৩০	
(বদল) ছাঃ				১১-১			১৭-৪৩	
কলিকাতা পৌঃ	৮-১৬	৯-২১	১১-৫১	১২-১৬	১৪-১৬		১৯-১১	২১-৫১	২৩-৩৭

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৩-৩১	১৬-০	
কৃষ্ণনগর পৌঃ	১৪-১০	১৬-৩৮	
ছাঃ	১৫-২৮	১৭-৩৯	
শান্তিপুর পৌঃ	১৬-৯	১৮-১৪	
(বদল) ছাঃ	১৬-৩৯, ১৮-২৫ (শনিবার ভিন্ন)		২০-৪০ (শনিবার)
রাণাঘাট পৌঃ	১৭-১৩	১৮-৫০	২১-১৫
(বদল) ছাঃ	১৭-৪৪	১৯-১৪	২১-৫০
কলিকাতা পৌঃ	১৯-১১	২০-৪০	২৩-৩৭

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

ম্যালেরিয়ার পাচন

সর্ব্ব প্রকার জ্বরের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু, পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাটতি অত্যন্ত অধিক। লিভার প্লীহা সংযুক্ত কালাজ্বর এবং নূতন ও পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। মূল্য ছোট বোতল ৸৴০ দশ আনা, বড় বোতল ১৷৴০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা
অথবা
পোঃ বেহালা, ২৪ পরগণা

পোঃ —শ্রীমায়াপুর
টেলিগ্রাম—'শ্রীধাম
শ্রীমায়াপুর'

REGD NO C 1544

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৪শ খণ্ড] শ্রীমায়াপুর—২২শে শ্রাবণ, ১৩৪৬, ৭ই আগষ্ট, ১৯৩৯, সোমবার [১৩৬শ সংখ্যা

বিবিধ সংবাদ

যুদ্ধের আশঙ্কায় বৃটেনের ব্যবস্থা

বৃটেনের শ্রমমন্ত্রীর ন্যাশনাল সার্ভিস ডিপার্টমেন্ট হইতে বৈজ্ঞানিকদের একটি তালিকা প্রস্তুত করা হইয়াছে। লণ্ডনের বিভিন্ন বৈজ্ঞানিক প্রতিষ্ঠান, যথা—রয়াল সোসাইটি, ফ্যারাডে সোসাইটি, কেমিক্যাল সোসাইটি ইত্যাদি তাঁহাদের ভারতীয় সদস্যদিগকে ঐ তালিকায় নাম লিখাইতে নির্দ্দেশ দিয়াছেন।

যুদ্ধ বাধিলে সরকারী কাজে কিংবা অন্যত্র বৈজ্ঞানিক কাজের এবং অন্যান্য পেশার লোক দরকার হইবে। উক্ত তালিকাতে যাঁহারা নাম লিখাইবেন, যুদ্ধের সময় তাঁহাদিগকে নিযুক্ত করা হইবে।

শ্রমমন্ত্রী তালিকাভুক্ত ব্যক্তিদিগকে যুদ্ধের সময় কি ভাবে কাজে লাগান যাইতে পারে তৎসম্পর্কে পরামর্শ দেওয়ার জন্য একটি পরামর্শদাতা কমিটি নিযুক্ত করিয়াছেন। তালিকা রচনায় বৈজ্ঞানিক প্রতিষ্ঠানগুলিকে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হইয়াছে। ভারতীয় সদস্যদের মধ্যে যাঁহারা নাম তালিকাভুক্ত করাইবেন তাঁহাদিগকে আবেদনপত্র পূরণ করিয়া নিজ নিজ প্রতিষ্ঠানের নিকট প্রেরণ করিতে হইবে। আবেদনপত্রগুলি পরে শ্রমমন্ত্রীর ন্যাশনাল ডিফেন্স ডিপার্টমেন্টে প্রেরণ করা হইবে। বৃটিশ সাম্রাজ্যের বিভিন্ন অংশে নিযুক্ত সদস্যদের সম্পর্কে ইহাদের বলা হইয়াছে যে, অনেকক্ষেত্রে যুদ্ধের সময় কাজ, ছাড়িয়া দিলে জাতীয় স্বার্থের ক্ষতি হইবে। কোন সদস্য যদি এরূপ কাজে নিযুক্ত থাকেন, যুদ্ধের সময়ও যাহার উপযোগিতা খুব অধিক, তাহা হইলে সেই কাজ ছাড়িয়া দেওয়া সঙ্গত হইবে না। বৃটিশ উপনিবেশ-গুলির যে সকল সদস্য তালিকায় নাম লিখাইবেন, শ্রমমন্ত্রীর নির্দ্দেশ ব্যতীত যুদ্ধ বাধিলে তাঁহাদিগকে বৃটেনে আসিতে হইবে না।

ভারতে বৃটিশ সৈন্যের সংখ্যা হ্রাস

কমন্স সভায় স্যার এলফ্রেড নক্সের প্রশ্নের উত্তরে কর্ণেল মুরহেড বলেন যে, গত ১লা জুলাই তারিখে ভারতে বৃটিশ-বাহিনীর সংখ্যা ছিল এইরূপ:—২৭৩০ জন অফিসার এবং ৩৭৭৬৮ জন সৈনিক ১৯৩১ সালের ঐ তারিখে ছিল ৩০৫২ জন অফিসার এবং ৫২৩৮৭ জন সৈনিক।

তিনি স্বীকার করেন যে, ভারতে বৃটিশ সৈন্য-সংখ্যা যথেষ্ট কমাইয়া দেওয়া হইয়াছে; ইহার আংশিক কারণ হইতেছে, সাধারণ দেশরক্ষার জন্য কতকগুলি সৈন্য-দলের স্থানান্তর। "আমি মনে করি, ভারতের সামরিক কর্তৃপক্ষ এ বিষয়ে আমাদের সহিত সহযোগিতা করায় তাঁহারা আমাদের ধন্যবাদের পাত্র।"

বৃটিশ সৈন্য-সংখ্যা পুনরায় পূর্ব্ব সংখ্যায় লইয়া যাওয়া হইবে কি না, এই প্রশ্নের উত্তরে কর্ণেল মুরহেড বলেন, তিনি উহা বলিতে পারেন না।

ভারতে বৃটিশ সৈন্য-সংখ্যা আরও কমান হইবে কি না, জিজ্ঞাসা করা হইলে কর্ণেল মুরহেড বলেন, "হাঁ"। আগামী সৈন্য চলাচলের মরশুমে একটি অশ্বারোহী রেজিমেন্ট ইংলণ্ডে ফিরাইয়া আনা হইবে।

গোরা সৈন্যের সংখ্যা কমান হইবে কি না, জিজ্ঞাসা করা হইলে তিনি বলেন, সে সম্বন্ধে হঠাৎ এখন কিছু বলা যায় না।

চীন-জাপান

বাণিজ্য-চুক্তি

চীনা নদীর তীরে কম্যানিয়া ও চাঙ্কোর সীমান্ত রক্ষী সেনাদলের মধ্যে বাজিতে সজ্যর্ষের ফলে, কম্যানিয়া সরকার, কয়েক মাস তোড়জোড়ের পর মাত্র কয়েক দিন পূর্ব্বে সিনাইয়াতে চাঙ্কৌ সরকারের সহিত যে বাণিজ্য চুক্তি আলোচনা আরম্ভ করিয়াছেন, তাহা বন্ধ করিবার সিদ্ধান্ত করিয়াছেন বলিয়া প্রকাশ। আলোচনা অনির্দ্দিষ্টকালের জন্য স্থগিত হইয়াছে। কম্যানিয়া গবর্ণমেণ্ট বলিতেছেন যে, চাঙ্কৌর মালবাহী নৌকাসমূহ চুক্তির সর্ত্ত লঙ্ঘন করিয়া কম্যানিয়া এলাকায় নদীতে প্রবেশের চেষ্টা করে। সীমান্ত রক্ষী সেনা-দল উহাদিগকে থামিতে বলিলে, উহারা নৌকা থামাইতে অস্বীকার করে। সীমান্ত রক্ষী সৈনিকেরা তখন গুলী চালায়, নৌকার লোকজন গুলী চালায়। চাঙ্কৌর নদী রক্ষী সেনাদল নৌকায় লোকজনকে সাহায্য করে। সারারাত্রি উভয় পক্ষ গুলী চালায়। হতাহতের সংখ্যা এখনও জানা যায় নাই।

বিমান বিদ্যা শিক্ষার জন্য

তিনটী বৃত্তি

ইণ্ডিয়ান ট্র্যান্স কন্টিনেন্টাল এয়ার ওয়েজের ফার্ষ্ট অফিসার পদে কাজ করিবার শিক্ষালাভের জন্য ইম্পিরিয়াল এয়ারওয়েজ লিমিটেড দুইটি এবং ন্যাশ কোম্পানী একটি বৃত্তি দিয়াছেন। ঐ সমস্ত বৃত্তির জন্য মিঃ কিউ এম সৈয়দাইন মিঃ মণিলাল এবং মিঃ ডি জে দস্তুরকে মনোনীত করা হইয়াছে। তাঁহারা এখন ইংলণ্ডে আছেন। প্রত্যেক শিক্ষার্থীকে বৃত্তিস্বরূপ দুই বৎসরকাল খাওয়া-পরার খরচ বাবদ প্রতি বৎসর ২৫০ পাউণ্ড এবং শিক্ষার ফী বাবদ প্রায় ১২০ পাউণ্ড দেওয়া হইবে। এতদ্ব্যতীত ইম্পিরিয়াল এয়ারওয়েজ বিনা ভাড়ায় তাঁহাদের ইংলণ্ডে যাতায়াতের ব্যবস্থা করিবেন এবং ৫০০ পাউণ্ডের জন্য তাঁহাদের জীবন বীমা করিবেন।

উড়িষ্যা বিশ্ববিদ্যালয় কমিটী

কেন্দ্রীয় পরিষদের সদস্য পণ্ডিত নীলকণ্ঠ দাস (সভাপতি) উড়িষ্যার শিক্ষা বিভাগের ডিরেক্টর মিঃ এস সি ত্রিপাঠী, র‍্যাভেনশ কলেজের অধ্যক্ষ মিঃ পি এস পারেকা, উড়িষ্যা পরিষদের সদস্য মিঃ পি মহান্তী এবং ট্রেণিং কলেজের অধ্যক্ষ মিঃ এস সি প্রধানকে লইয়া উড়িষ্যা বিশ্ব-বিদ্যালয় স্থাপনের উদ্দেশ্যে কতকগুলি গুরুত্বপূর্ণ সমস্যা সম্পর্কে সাক্ষ্য গ্রহণের উদ্দেশ্যে উক্ত কমিটি বাঙ্গালোর পরিদর্শন করিয়াছেন।

দক্ষিণ আফ্রিকার বর্ণ বৈষম্যমূলক আইন

কমন্স সভায় মিঃ গ্রেহাম হোয়াইট জিজ্ঞাসা করেন, দক্ষিণ আফ্রিকায় বর্ণ-বৈষম্যমূলক আইন সম্পর্কে যে আলোচনা হইবে তৎসম্বন্ধে সহকারী ভারত-সচিব আর কোন বিবৃতি দিতে পারেন কি না। কর্ণেল মুরহেড উত্তরে বলেন যে, ভারত গবর্ণমেন্ট ও ইউনিয়ন গবর্ণমেণ্টের মধ্যে কথাবার্ত্তা এখনও চলিতেছে।

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক। প্রতি একাদশীতে প্রকাশিত হয়। কলিকাতা বাগবাজারস্থ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। সডাক ভিক্ষা ২৷০ টাকা মাত্র।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৷০ টাকা মাত্র।

৩। ভাগবত—উড়িষ্যাভাষার একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ টাকা মাত্র

৫। শ্রীগৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ মাত্র।

পরমগুরু শ্রীগৌরকিশোর

গৌড়ীয়-সম্পাদক-লিখিত, শ্রীগৌড়ীয়মঠাচার্য্যের ভূমিকা-সম্বলিত, বহুচিত্র-শোভিত ও বিষয় সূচী-সম্বলিত "পরমগুরু শ্রীগৌরকিশোর" গ্রন্থরাজ প্রকাশিত হইয়াছেন। এই গ্রন্থরাজে অকপট শ্রীবৈষ্ণবজগতের পরমারাধ্য, গৌড়ীয়গৌরবশিখামণি অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ নিত্যলীলাপ্রবিষ্ট পরমহংস ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল গৌরকিশোরদাস গোস্বামী প্রভুবরের অতিমর্ত্ত্য চরিতকথা বর্ণিত আছে।

শ্রীশ্রীভক্তিবিনোদাবির্ভাব-শতবর্ষপূর্ত্তিতিথিপূজার উপায়ন-গ্রন্থমালা

——::(•)::——

১। গীতিসাহিত্যে শ্রীভক্তিবিনোদ

শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র গীতিসাহিত্যের সমালোচনা-গ্রন্থ)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

২। শ্রীভক্তিবিনোদবাণীবৈভব

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের রচনামৃতসাগর হইতে আহৃত ১০৮টি অধ্যায়ে সম্বন্ধ-অভিধেয়-প্রয়োজনাকারে গুম্ফিত অমূল্য উপদেশপূর্ণ গ্রন্থ)

ভিক্ষা—৩৲ তিন টাকা মাত্র।

৩। শ্রীশ্রীভক্তিবিনোদ-প্রসঙ্গ

ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ ও ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামীপ্রভু-বিরচিত এবং গৌড়ীয়ে প্রকাশিত শ্রীশ্রীভক্তিবিনোদ-চরিত-প্রসঙ্গ

ভিক্ষা—৷৵০ ছয় আনা মাত্র।

৪। ছাত্রদের ভক্তিবিনোদ

ছাত্রদের উপযোগী ভাষায় লিখিত শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্র ও শিক্ষা)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

ছাত্রদের পক্ষে ভিক্ষা—।০ আট আনা মাত্র)

প্রাপ্তিস্থান :—

(১) 'ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট', পোঃ শ্রীমায়াপুর, নদীয়া ;

২) শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ;

৩ শ্রীযুক্ত ভূপতিরঞ্জন নাগ এম্-এ, বি-এল্,

পুরাণপল্টন পোঃ রমনা, ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্,—সমগ্র ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ২৮৲
দশম স্কন্ধ—

২। ভাষ্যসহ বিরাট শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৭৲

৩। ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬

৪। সরস্বতী-জয়শ্রী (অবাঁধা) ৪

৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০ ; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০
৪র্থ খণ্ড—৸০

৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸

৭। শ্রীচৈতন্যদেব ১৲

৮। সৎক্রিয়াসার দীপিকা ও সংস্কার দীপিকা ১।০

৯। বৈষ্ণবধর্ম

১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲

১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা)

১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲

১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০

১৪ সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ।০

১৫ বৈষ্ণবসাহিত্যে বিবর্ত্ত তত্ত্ব

১৬ ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০

১৭ চৈতন্যোপনিষৎ ।০

১৮ ব্রাহ্মণ-আশ্রম ।০

১৯। তত্ত্ববিবেক ।০

২০। গৌড়ীয়-গৌরব ৷৵

২১। গৌড়ীয়সাহিত্য ৷৵০

২২ ভজন রহস্য ।০

২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲

২৪। গীতা (শ্রীবলদেব-টীকা সহ) ২৲

২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) ২৲
অবাঁধা) ১৲

২৬। গীতার কেবল মূল-ভাষা ৷০

২৭। [illegible] (সানুবাদ) ২৲

২৮। বেদান্তস্যমন্তক (সানুবাদ) ।০

২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৸০

৩০। দীন-হীন-দর্পণ ৷০

৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ৷৵০

৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ।০

৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০

৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৷০

৩৫। গীতমালা /১০

৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৷০

৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৷০

৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০

৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমা ।০

৪০। শরণাগতি /০

৪১। গীতাবলী /০

৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০

৪৩। সাধনকণা /০

৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা /

৪৫। নবদ্বীপশতক

৪৬। অর্চ্চনপদ্ধতি

৪৭। সদাচারস্মৃতিঃ ০/

৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) /১০

৪৯। অর্চ্চনকণ ৵১০

৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম-৪ খণ্ড) ৭৲

৫১। ব্রহ্মসংহিতা ।০

৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।০

৫৩। গৌরকৃষ্ণোদয় ৸০

৫৪। পুরুষার্থ-বিনির্ণয় ।০

৫৫। [illegible] ।০

৫৬ ভারতবর্ষ ও ভক্তিপথ ৷০

৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ) ।০

৫৮। শ্রীকৃষ্ণ[illegible] ৷০

৫৯। সিদ্ধান্তদর্পণ ৷০

৬০। সাংখ্যবাণী /০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।০

৬২। সিদ্ধান্ত সরস্বতী বিজয়ঃ ।০

৬৩। সটীক-শিক্ষাষ্টকম্ ।০

৬৪। স্তবস্পন্দম্ ।০

৬৫। সাত্বত শিক্ষাষ্টকম্ ৷০

৬৬। গৌড়ীয়মঠস্তবচন্দ্রিকা /০

৬৭। সারার্থবর্ষিণী ৷০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।০

৬৯। এ ফিউ ওয়ার্ডস অন বেদান্ত ।০

৭০। [illegible] /০

৭১। বেদান্ত—ইট্স মরফলজী অ্যাণ্ড অন্টলজি ।০

৭২। রিলেটিভ ওয়ার্ল্ডস ৷৵০

৭৩। লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস অব শ্রীচৈতন্য মহাপ্রভু ।০

৭৪। বৈষ্ণবিজম ।০

৭৫। হোয়াট গৌড়ীয় মঠ ইজ ডুইং /০

৭৬। দি ভাগবত ।০

৭৭। ইরোটিক প্রিন্সিপাল অ্যাণ্ড আনঅ্যালয়েড ডিভোশন ।০

৭৮। ব্রহ্মসংহিতা ১।০

৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (ফার্স্ট ভল্যুম) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ।০

৮১। সাধন-পথ ।০

৮২। কল্যাণ-কল্পতরু ৷০

৮৩। গীতাবলী /০

৮৪। শরণাগতি /০

আসামিয়া ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি /০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

একমাত্র পারমার্থিক দৈনিক পত্র

শ্রীধাম-মায়াপুর-নদীয়া

১ম বর্ষ { ২২ পুরুষোত্তম ৪৪৩ গৌরাব্দ, ২২শে শ্রাবণ বঙ্গাব্দ ১৩৩৬, ৭ই আগষ্ট ইং ১৯২৯, সোমবার { ১৩৬শ সংখ্যা

"আমার গুরুপাদপদ্মের নিন্দাকারী বা ঐরূপ নিন্দাকারীর কোনরূপে প্রশ্রয় দেন যিনি, সেরূপ অমঙ্গলকারী পাপজীব মুখ যেন আমার দর্শন-পথে না আসে।"

(শ্রীল প্রভুপাদ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

২২ পুরুষোত্তম, সর্ব্বশিব সর্ব্বাণ গৌরাব্দ ৪৪৩

আচার্য্যতত্ত্ব

আচার্য্য—ভগবান্। তিনি ভগবান্ হইয়াও ভগবৎস্বরূপ মুকুন্দপ্রিয়জন। তিনি বিষ্ণু হইয়াও সর্ব্বোত্তম বৈষ্ণবতত্ত্ব—তিনি ভগবৎপ্রকাশবিগ্রহ হইয়াও নিত্য ভগবদ্দাস।

যদ্যপি আমার গুরু চৈতন্যের দাস।
তথাপি জানিয়ে আমি তাঁহার প্রকাশ॥

(চৈঃ চঃ)

প্রকাশবিগ্রহ শ্রীনিত্যানন্দ তত্ত্ব বা বিষ্ণুতত্ত্ব। আচার্য্য সেই বিষ্ণুতত্ত্ব হইয়াও শ্রীচৈতন্যের দাস অর্থাৎ বৈষ্ণবতত্ত্ব। বিষ্ণু ও বৈষ্ণবতত্ত্বের যুগপৎ আবির্ভাব আচার্য্যতত্ত্বে প্রকাশিত। আচার্য্যই গুরু। আমাদের পরমারাধ্য শ্রীল আচার্য্যদেব—নিত্যসিদ্ধ আচার্য্য—জগদ্গুরু। আচার্য্য—সর্ব্বদেবময়। আচার্য্য ভগবৎস্বরূপ। আচার্য্য সাধারণ কৃষ্ণসেবক বা বৈষ্ণবমাত্র নহেন, তিনি সেবক-কৃষ্ণ। আচার্য্য—গুরুরূপী ভগবান্।

আচার্য্য—অভিন্ন-কৃষ্ণ। তিনি বিষ্ণুপাদ, তিনি সাক্ষাৎ হরি হইলেও অষ্টোত্তরশতশ্রী-সমন্বিত অর্থাৎ শক্তিতত্ত্ব। আচার্য্য কৃষ্ণকোটি বা বিষ্ণুকোটি নহেন, তিনি সেবক কোটি। আচার্য্য বলিব অথচ বিষ্ণুপাদ বলিব না, এ বিচার অপরাধজনক ও পাষণ্ডতা মাত্র। দীক্ষাদাতা আচার্য্য বিষ্ণুপাদ বলিয়াই একজনের বহু দীক্ষাদাতা হন না। কারণ বিষ্ণু বহু হইতে পারেন না। বিষ্ণুর নামবৈচিত্র্যাদি হইতে পারে। কিন্তু বিষ্ণুসত্ত্ব বহু হন না। আচার্য্যতত্ত্ব এক অদ্বিতীয় অখণ্ড বলিয়া বর্ত্তমান গৌড়ীয়বৈষ্ণবাচার্য্য শ্রীশ্রীল আচার্য্যদেবকেও পূর্ব্বাচার্য্যগণের ন্যায় বিষ্ণুপাদ বলা হয়। আচার্য্য—বৈকুণ্ঠবস্তু। বৈকুণ্ঠবস্তুতে অবরজাদেশের ভেদ নাই। আচার্য্যই জীবের জন্ম-দেবতা ও পরম সেব্য বস্তু। সুতরাং যেখানে সেখানে যে সে প্রকারে অভক্তি-সহকারে আচার্য্যের নাম উচ্চারণ করা উচিত নয়। অনন্তভক্ত কুলোক্ত ওঁ বিষ্ণুপাদ পরমহংস অষ্টোত্তরশতশ্রী প্রভৃতি সম্বলিত করিয়া আচার্য্যের সুমঙ্গল নাম উচ্চারণ করা দরকার। ভক্তিপূর্ব্বকরিতে আচার্য্যের অবগানে বিপ্ন সূচিত হইলে বিষমফল অবশ্যম্ভাবী। আচার্য্য নিত্যকাল জয়যুক্ত। তাঁহার কৃপাতেই ব্রহ্মাণ্ডের জয় ও জগদ্জীবের মঙ্গলবিধান হয়। •

আচার্য্য ভগবান্ সত্য, কিন্তু তিনি বিষ্ণুপাদ বলিয়া ভোক্তা-ভগবান্ বা গোপীনাথ নহেন, তিনি আশ্রয়বিগ্রহ। তিনি বলদেব-নিত্যানন্দের স্বাংশবিগ্রহ হইলেও শক্তি স্বতন্ত্র নহেন। তিনি স্বরূপশক্তি বলদেব-নিত্যানন্দের লীলার সহিত গুরু নিত্যানন্দের লীলার বৈচিত্র্য আছে। আচার্য্য অষ্টোত্তরশতশ্রী। অষ্টোত্তরশতশ্রী অর্থাৎ অষ্টসখী (শ্রী) গোপীকে পুরোবর্ত্তিনী করিয়া শত (শ্রী) লক্ষ্মী অর্থাৎ কৃষ্ণেন্দ্রিয়তর্পণ-বিধানকারিণীগণের মূলের স্বরূপ যে আশ্রয়বিগ্রহে বর্ত্তমান, সেই শক্তিতত্ত্বই আচার্য্যতত্ত্ব।

বিষ্ণুপাদ, প্রভুপাদ বা ভগবচ্চরণ প্রভৃতি শব্দ আচার্য্যোচিত ভক্তি ও শ্রদ্ধাজ্ঞাপক। সম্মানার্থ 'চরণ' বা 'পাদ'-শব্দের প্রয়োগ। যেমন অনেক সময় স্বামিপাদ, স্বামিচরণ বা পূজ্যপাদাদি বলা হয়। আমরা শ্রীগুরুদেবকে গুরুপাদপদ্মও বলিয়া থাকি। শ্রীগুরুদেব বা আচার্য্যদেব প্রভু বা নিয়ামক বলিয়া পাদপদ্মস্বরূপ, আর আমরা ভক্ত বা শিষ্য বলিয়া সেই পাদপদ্মের ধূলি। অতএব নিষ্কপট সেবকগণ সকল সময়েই নিজেকে গুরু ও বৈষ্ণবের পদধূলি বলিয়াই জানেন। এইজন্যই আচার্য্যকে প্রভুপাদ, বিষ্ণুপাদ, ভগবচ্চরণ প্রভৃতি বলা হয়। বৈষ্ণব-দর্শনে 'শ্রীপাদ' ও আচার্য্য-দর্শনে 'ওঁবিষ্ণুপাদ'-শব্দের প্রয়োগ। কিন্তু প্রকৃত আচার্য্য কখনও নিজেকে বিষ্ণুপাদ অর্থাৎ আমি বিষ্ণু হইতে অভিন্ন লোক-গুরু কিম্বা প্রকৃত বৈষ্ণব নিজেকে 'শ্রীপাদ' অর্থাৎ 'আমি বৈষ্ণব' এইরূপ বিচার করেন না।

আমরা অজ্ঞতাবশতঃ অনেক সময় মনে করি, ভগবানকে ত' আমিই ডাকিতে পারি। সুতরাং আচার্য্য বা গুরুর আর কি প্রয়োজন? কিন্তু উহা নির্ব্বুদ্ধিতামাত্র। আমার এমন কি যোগ্যতা আছে যে আমি ভগবানের সেবা করিব? সেবক কৃষ্ণ আচার্য্য যেরূপ সেব্য কৃষ্ণের সেবা করিতে পারেন, সেইরূপ কেহই পারেন না। এইজন্য আশ্রয়বিগ্রহের [illegible] কৃপা—শ্রীগুরুদেবের আনুগত্য [illegible] থাকিয়া বিষয়বিগ্রহের সেবা করিতে হয়। [illegible] বলি কেন, মানুষ [illegible] আর কি আছে? [illegible] যাঁহারা [illegible] থাকিয়া শ্রীগুরুপাদপদ্মের সেবা করিতে হয়। শ্রীগুরুদেব যেমন কৃষ্ণসেবা দান করেন, গুরুসেবকও সে রূপ গুরুর সেবা শিক্ষা দিয়া থাকেন। গুরুকৃপায় নিষ্কপট গুরুসেবকের সঙ্গ না হইলে [illegible] পাপ [illegible] কথা, গুরুপাদপদ্মে [illegible] লাভ বা তৎপাদপদ্মে আশ্রয় লাভ করিবার সৌভাগ্যও হয় না। কৃষ্ণ যাঁহার প্রেমবশ্য, [illegible] গুরুদেবের সেবা কি অনর্থগ্রস্ত আমি করিতে পারি, যদি আমাদের নিত্যবন্ধু নিরন্তর গুরুসেবারত, গুরুগতপ্রাণ গুরুদাসগণ গুরুসেবায় আমাদিগকে সাহায্য না করেন? সুতরাং আমরা গুরুসেবকের ভৃত্য হইয়া গুরুনিজজনের আনুগত্যে বা দাসত্বে গুরুসেবা করিব। বৈষ্ণবগণ শ্রীগুরুর অঙ্গপ্রত্যঙ্গস্বরূপ তাঁহারা গুরু সহিত

মায়ারে করিয়া জয় ছাড়ান না যায়। সাধু-গুরু-কৃপা বিনা না দেখি উপায়।

এক চিত্তবৃত্তিবিশিষ্ট। অন্য জীব সহায়ক বা সেবক। জীবের সেবা ছাড়া অন্যের কোন কৃত্য নাই। আমরা বৈষ্ণব-সঙ্গে শ্রীগুরুপাদপদ্মে আত্মসমর্পণ করিয়া নিত্যকাল গুরুসেবা করিব। গুরুই জীবের সর্বস্ব। সেই শ্রীগুরুদেবের সুখের জন্যই আমরা শ্রীগুরু-বৈষ্ণব-ভগবানের সেবা করিব। শ্রীগুরুদেব সুখী হইলেই ভগবান্ ও বৈষ্ণবগণ সুখী হইবেন। নতুবা অন্য উপায়ে তাঁহাদের মনোরঞ্জন করা যায় না। আমরা হরিজনগণের কৃপাবলম্বনে—পাদত্রাণবাহী, ইহাই আমাদের সত্তা।

[illegible] কোটিং কোটিক্ষণা-
বলম্বকাঃ।

বয়ন্তু হরিদাসানাং পাদত্রাণাবলম্বকাঃ॥

আচার্য্য সকল সময়েই আছেন। যাঁহাদের গুরু হইবার পিপাসা প্রবল, সেই সকল প্রেয়ঃপন্থী ইন্দ্রিয়তর্পণকারী জনগণ যোগ্য আচার্য্য খুঁজিয়া পান না। কোন আচার্য্যের সহিতই তাঁহাদের সাক্ষাৎকার হয় না। কারণ একমাত্র যাঁহার গুরুবর্গে বা আত্মনিবেদন হইয়াছে, তিনি নিত্যকালই আচার্য্য-সঙ্গ করেন—প্রকটা-চার্য্যের বিরহ অবগত হইতে পারেন। কিন্তু দিব্যজ্ঞানই যাঁহার হয় নাই, অজ্ঞানান্ধকারই যাঁহার দূর হয় নাই, সদ্‌গুরু পদাশ্রয় করিয়াও গুরুকৃপালাভও যাঁহার হয় নাই, তিনি গুরু-তত্ত্বের স্বরূপ, অবতার ও নিত্যবর্ত্তমানের [illegible] হইবেন? [illegible] [illegible] হইবেন? সেই অন্তরে প্রতিষ্ঠাশা ও গুরু হইবার দুরাশা আরও বদ্ধ-মূল করিয়াছে। বজ্রজীব চায় আচার্য্য হইতে, কি দুঃখ! কি অজ্ঞতা!! কি দুর্ম্মতি!!! প্রভুপাদের 'বড় আমি ও তার আমি' সম্বন্ধ এখন মনে নাই। তাই এখন আচার্য্যটা হইতে চলিয়াছি! কিন্তু মহাজনের [illegible] কথা মনে রাখা উচিত, নতুবা সর্ব্বনাশ অনিবার্য্য।

প্রতিষ্ঠাশা হয়, শত্রু মহাশয়,
না পেলে রাখিবে যাহারা রাখব।
বৈষ্ণবী প্রতিষ্ঠা, তাতে কর নিষ্ঠা,
তাহা না ভজিলে লভিবে রৌরব॥
ভক্তের প্রতিষ্ঠা, শূকরের বিষ্ঠা,
জান না কি তাহা মায়ার বৈভব।
কনক-কামিনী, দিবস-যামিনী,
ভাবিয়া কি কাজ অনিত্য সে সব॥
কনক-কামিনী, প্রতিষ্ঠা-বাঘিনী,
ছাড়িয়াছে যারে সেই ত' বৈষ্ণব।
সেই অনাসক্ত, সেই শুদ্ধভক্ত,
সংসার তথায় পায় পরাভব॥

যাহা হাতে বহি, হাড় ভোগ আছি,
প্রতিষ্ঠাশা নহে কীর্ত্তন-গৌরব
যাহা-নিভাজন, তাহা ছাড়ি মন,
কেন বা নির্জ্জন ভজন কৈতব॥

কৃষ্ণ-কৃপা-লাভ-বিষয়ে গুরু-কৃপাই বলবতী। আচার্য্য কৃপাতেই সিদ্ধি হয়। আচার্য্যের নিত্য ও তাঁহার প্রসাদের প্রাবল্য নিত্যকালই স্বীকার্য্য, যদিও আচার্য্য-প্রসাদের প্রাবল্য আছে, তথাপি শ্রবণ-মননাদি করিতে হইবে। বরাহপুরাণে দেখা যায়—গুরু-প্রসাদই বলবান্, তাহা হইতে বলবত্তর সাধন আর কিছুই নাই. তথাপি মোক্ষসিদ্ধির জন্য শ্রবণাদি একান্ত কর্ত্তব্য।

সাধন ও কৃপা উভয়ই দরকার। আমি কৃপাপ্রার্থী না হইলে কি করিয়া কৃপা পাইব? কৃপা জিনিষটা ত' সেবা। সেবাই সেবকের কৃত্য। সুতরাং সেবক কৃপা বা সেবা প্রার্থনা না করিয়া কি থাকিতে পারে? সেবকের এই সেবা বা কৃপা-প্রার্থনা নিত্য। [illegible] কৃপা পায় সে তত কৃপার ভিখারী হয়। কৃপা বা সেবা এমনিই জিনিষ! গুরুর কৃপা না হইলে শ্রবণ-কীর্ত্তনাদি কাহারও হয় না। গুরুদেব কৃপা করিয়া কীর্ত্তন না করিলে শ্রবণ করা যায় না। সুতরাং আমাদের গুরুত্ব ও কৃপাপ্রার্থী হইয়া কৃপালাভের জন্য যত্ন করা আবশ্যক। এই কৃপালাভের জন্যই সাধন। আচার্য্যের কৃপার তুলনা নাই। আমি কৃপা চাইলে তিনি নিশ্চয়ই কৃপা করিবেন। সুতরাং কৃপার প্রত্যাশায় প্রত্যাশাময় জীবনযাপন করা ছাড়া আমাদের আর কোন কৃত্য নাই।

জগদ্‌গুরু শ্রীকৃষ্ণচৈতন্য। দীক্ষাগুরু ও শিক্ষাগুরু উভয়েই আচার্য্য—উভয়েই শ্রীকৃষ্ণচৈতন্য। উভয়ের চিত্তবৃত্তি এক-তাৎপর্য্যপর। উভয়েই আশ্রয়বিগ্রহ—সেবক-ভগবান্—উভয়েই পরস্পর অভিন্ন। তাঁহাদের মধ্যে উচ্চাবচভাব অপরাধ জনক। শিক্ষাগুরুর আনুগত্যেই দীক্ষা-গুরুর সেবা নিত্যকাল করা উচিত। উভয়েই বিষ্ণুপাদ বা প্রভুপাদ। উভয়েই গৌরশক্তি-ভাজন। উভয়েই অভিন্ন-উভয়েই নিত্যানন্দ-স্বরূপ। উভয়েই ভক্তি-সিদ্ধান্তবিৎ, উভয়েই কৃষ্ণপ্রেষ্ঠ। উভয়েই কৃষ্ণৈকশরণ। উভয়েই সংসারে সর্ব্বস্ব কৃষ্ণপ্রেমার্পণে ব্যস্ত। উভয়েই কৃষ্ণতত্ত্ববিৎ, উভয়েই শ্রীকৃষ্ণপ্রেষ্ঠ, উভয়েই নিত্যসিদ্ধ ব্রজবাসী—কৃষ্ণপ্রেমদাতা কৃষ্ণবিতরণকারী আমাদের নিত্য আশ্রয়। উভয়েই কীর্ত্তনবিগ্রহ — শ্রীরূপানুগাবের কথা প্রচারকারী, উভয়েই সেবক-ভগবান্। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ আমাদের দীক্ষাগুরু আর ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী প্রভুপাদ আমাদের শিক্ষাগুরু। এই দীক্ষাগুরু ও শিক্ষাগুরু উভয়েই কাহারও দীক্ষা-গুরু, কাহারও শিক্ষাগুরু। উভয়েই একতত্ত্ব, উভয়েই নিত্যানন্দাবতার, একজনকে বাদ দিয়া আর একজনে ভক্তি দেখাইতে গেলে সর্ব্বনাশ। তাই বলি, সাধু সাবধান!

শ্রীনাম

——::০::——

শ্রীনাম সর্ব্বকালেই সর্ব্বশক্তিমান্। সত্য, ত্রেতা ও দ্বাপরযুগে যথাক্রমে ধ্যান, যজ্ঞ ও অর্চ্চনক্রিয়ার স্থান, কাল ও পাত্র-বিচার আছে। ধ্যানযজ্ঞাদির যোগ্যতা সকলের নাই এবং তাহা সকলস্থানে সকল-কালে সম্ভবও হয় না। স্থান, কাল ও পাত্রদ্বারা সেই সকল সাধন পরিচ্ছিন্ন, কিন্তু নাম-সংকীর্ত্তন কখনও দেশ, কাল ও পাত্রদ্বারা পরিচ্ছিন্ন নহে। রাজসূয় যজ্ঞে দীক্ষালাভ মহারাজাধিরাজ যুধিষ্ঠির না হইলে অন্য কাহারও পক্ষে সম্ভব হয় না; কিন্তু ভক্তরাজ বিদুর, প্রহ্লাদ, শ্রীধর প্রভৃতি সকলেই নাম-সংকীর্ত্তন-মহাযজ্ঞে দীক্ষা লাভ করিতে পারেন, এমন কি, [illegible] দেবর্ষি নারদ সর্ব্বাগ্রে শ্রীহরিনাম শ্রবণ করিতে পারেন মুমূর্ষু ব্যক্তিরও হরিনাম-গ্রহণে যোগ্যতা আছে। হে নাম প্রভো! আপনি সর্ব্বজীব কল্যাণার্থ স্বেচ্ছায় প্রপঞ্চে অবতীর্ণ হইয়া এত কৃপা বিস্তার করিয়াছেন - দেশ-কাল-পাত্র-নির্ব্বিশেষে জগজ্জীবকে আপনার শ্রীপাদপদ্ম-সেবার এত সুযোগ প্রদান করিয়াছেন। কিন্তু হায়! আমার এমনই দুর্দ্দৈব যে, সেই নামগ্রহণে আমার আদৌ রুচি বা অনুরাগ জন্মিল না। 'অহং-মম' স্বরূপ অপরাধই এই দুর্দ্দৈব।

যেহাদিতে আসক্তি শ্রীনামপ্রভুর কৃপায় অতি সহজেই যাইতে পারে। কিন্তু আমরা সেই নামকৃপা অবহেলা করিয়া স্ব-স্ব অযোগ্যতাকে সংরক্ষণ করিবার জন্য প্রাণপণ চেষ্টা করিতেছি। কি করিয়া এই অযোগ্যতা পরিহার করিতে পারিব, ইহার চেষ্টা আদৌ হইতেছে না। অযোগ্যতা সংরক্ষণে প্রধান প্রমাণ দুইপ্রকার — সাধুনিন্দা ও অর্থনিষ্ঠা। অসাধুকে সাধু এবং সাধুকে অসাধু বলা উভয়ই সাধু নিন্দা। প্রকৃত সাধুপাদপদ্মে শ্রদ্ধা, নির্ভরতা, আত্মসমর্পণ হইতেছে না বলিয়াই আমরা শ্রীনামের কৃপা লাভ করিতে পারিতেছি না। আমাদের হৃদয়কে ভাল করিয়া পরীক্ষা করিলে দেখিতে পাই, মন সাধুসঙ্গের ভাণমাত্র করিয়া অসাধুসঙ্গেই অধিকতর আগ্রহযুক্ত অনেক সময়ে সাধুর দুর্লভত্ব বা পাছে ঠকিতে হয় এই ছল দেখাইয়া প্রকৃত সাধুর কৃপা হইতে বঞ্চিত হই। পরমেশ্বর নিত্য সত্য হইলে তাঁহার কৃপাপ্রাপ্ত সাধুও নিত্য সত্যতা বর্ত্তমান। পরমকরুণাময় ভগবান্ নিজেই আমাদিগের উদ্ধারের জন্য সাধু প্রেরণ করিয়া থাকেন; কিন্তু আমাদের এমনই দুর্ভাগ্য, তাঁহার প্রেরিত সেই সাধুতে বিশ্বাস ও নির্ভরতা আসে না। যদি আমরা অহমিকা পোষণ করি, যিনি শ্রীনাম অবতরণ করান, সেই শ্রীনামকীর্ত্তনকারী সাধু আচার্য্যপাদপদ্মে নির্ভরতা না হয়, তাঁহার পাদপদ্মে [illegible] বিচার না আসে, তাহা হইলে কিছুতেই অযোগ্যতা যাইবে না। এজন্য বলিয়াছেন,—"আমার দুর্দ্দৈব নামে নাহি অনুরাগ"। তাহা হইলে এখন উপায় কি? তাই বলিতেছেন,

যেরূপে লইলে নাম প্রেম উপজয়।
তার লক্ষণ-শ্লোক শুন, স্বরূপ রামরায়।
তৃণাদপি সুনীচেন তরোরপি সহিষ্ণুনা।
অমানিনা মানদেন কীর্ত্তনীয়ঃ সদা হরিঃ॥

[যিনি তৃণাপেক্ষা আপনাকে ক্ষুদ্র জ্ঞান করেন, যিনি তরুর ন্যায় সহিষ্ণু হন, নিজে মানশূন্য ও অপর লোককে সম্মান প্রদান করেন, তিনিই সদা হরিকীর্ত্তনের অধিকারী।]

শ্রীহরি সদারাধ্য—সদা কীর্ত্তনীয়। সকল সময়েই হরিকীর্ত্তন করিতে হইবে। "তৃণাদপি সুনীচেন" শ্লোকে সেই কীর্ত্তনের প্রণালী উক্ত হইয়াছে। পূজ্যাভিমান পরিত্যাগ "তৃণাদপি সুনীচতা"। বিপ্রলম্ভ-সম্ভোগ নহে, আর্ত্তি, দৈন্য, কার্পণ্য, আত্মনিবেদনই "তৃণাদপি সুনীচতা"র পরিচয়। তদতীত যে "আনুগত্য"ভাব তাহা কপটতা ব্যতীত আর কিছুই নয়। শ্রীনামসংকীর্ত্তনকারী তরু হইতেও সহিষ্ণু হইবেন, কিন্তু শরণাগত না হইলেও সেই সহিষ্ণুতা কোথা হইতে আসিবে? শ্রীনামাচার্য্য গুরু-পাদপদ্মে আত্মনিবেদন করিয়া শরণাগত হইলেই অমানিত্ব ও মানদত্ব আসিয়া যায়। "আমি তোমার দাসের দাস"—"বন্দেঽহং শ্রীগুরোঃ শ্রীযুতপদকমলং শ্রীগুরূন্ বৈষ্ণবাংশ্চ"—

"গোপীভর্ত্তুঃ পদকমলয়োর্দাস-দাসানুদাসঃ" ইত্যাদি বিচারই আমার স্বরূপের অভিজ্ঞান। যখন এই প্রকার স্বরূপাভিজ্ঞান উদিত হয়, তখনই আমি অমানী হইয়া অন্যকে মান দান করিবার বিচার অবলম্বন করিতে পারি। সকলকে কৃষ্ণের সেবক ও সেবোপকরণ বিচারে গুরুবুদ্ধির উদয় হইলেই, নিজের লঘুত্বোদয়ে মানদত্ব স্বাভাবিক হইয়া পড়ে। অপরের মানে মাৎসর্য্য পোষণ করা কখনই কীর্ত্তনকারীর বিচার হইতে পারে না। শ্রীমদ্ভাগবতে নির্ম্মৎসর সাধুগণেরই প্রোজ্ঝিতকৈতব পরমধর্ম্ম নিরূপিত হইয়াছে। আমি গুরু বা বৈষ্ণব—এই বিচার সর্ব্বনেশে বিচার। "আমি ত বৈষ্ণব, এ বুদ্ধি হইলে অমানী না হ'ব আমি। প্রতিষ্ঠাশা আসি' হৃদয় দূষিবে হইব নিরয়গামী॥" 'তৃণাদপি সুনীচেন' প্রভৃতি বিচারচতুষ্টয় অবলম্বন করিয়া হরিনাম গ্রহণ করিলেই নামে প্রেমোদয় হইবে, নতুবা প্রেমোদয়ের কোনই সম্ভাবনা নাই। আমাদের কি অন্তরে বিন্দুমাত্রও চেষ্টার প্রয়োজন বোধ হইতেছে? তৃণনাম গ্রহণে কি বিন্দুমাত্রও লালসার উদয় হ'তেছে? কি করিয়া তৃণনাম জিহ্বায় উদিত হইবে, তজ্জন্য শ্রীল কৃষ্ণদাস কবিরাজ গোস্বামী প্রভু সহজ সরল ভাষায় এই কএকটি কথা লিখিয়াছেন—

উত্তম হঞা আপনাকে মানে তৃণাধম।
দু' প্রকারে সহিষ্ণুতা করে বৃক্ষ সম॥
বৃক্ষ যেন কাটিলেহ কিছু না বোলয়।
শুকাঞা মৈলেহ কারে পানী না মাগয়॥
যেই যে মাগয়ে, তারে দেয় আপন-ধন।
ঘর্ম্ম-বৃষ্টি সহে, আনের করয়ে রক্ষণ॥
উত্তম হঞা বৈষ্ণব হবে নিরভিমান।
জীবে সম্মান দিবে জানি 'কৃষ্ণ'-অধিষ্ঠান॥
এই মত হঞা যেই কৃষ্ণনাম লয়।
শ্রীকৃষ্ণচরণে তাঁর প্রেম উপজয়॥

(চৈঃ চঃ)

জিনিষটি অতি সহজ ও সরল, রাজযোগী বা হঠযোগীর ন্যায় বিভূতিলাভের জন্য কঠোর সাধন করিতে হইবে না, কেবল একমাত্র শরণাপত্তিমূলে তাঁহাকে ডাকিতে হইবে। হরিভজন বলিতে এমন একটা কিছু নয় যে, চারিটা হাত, দশটা মুখের দরকার হইবে। কেবল ডাকা। সেই ডাকিবার প্রণালী,—অর্থাৎ শরণাগত হইয়া—আত্ম-নিবেদন করিয়া স্বরূপাভিজ্ঞান বা সম্বন্ধজ্ঞানসহ যে অভিধেয়-যাজন, তাহারই নাম—হরিকে ডাকা। তাহা হইলেই প্রয়োজন লাভ হইবে, আর কিছুই করিতে হইবে না। সকলের সার—বেদান্তের মহাবাক্য-চতুষ্টয়ের সারমর্ম্ম শ্রীমন্মহাপ্রভুর এই "তৃণাদপি" বাক্য-চতুষ্টয়ে অনুস্যূত রহিয়াছে।

এই শ্লোক বলিতে বলিতে শ্রীমন্মহাপ্রভুর দৈন্য আরও বৃদ্ধিপ্রাপ্ত হইল। শ্রীমন্মহাপ্রভু ভক্তভাব অঙ্গীকারকারী শুদ্ধভক্তি প্রার্থনার আদর্শ প্রদর্শনমুখে কীর্ত্তন করিয়াছেন,—

ন ধনং ন জনং ন সুন্দরীং কবিতাং
বা জগদীশ কাময়ে।
মম জন্মনি জন্মনীশ্বরে ভবতাদ্ভক্তিরহৈতুকী
ত্বয়ি॥

[হে জগদীশ, আমি ধন, জন বা সুন্দরী কবিতা কামনা করি না; আমি মনে এই কামনা করি যে, জন্মে জন্মে আপনাতেই আমার অহৈতুকী ভক্তি হউক।]

এই হরিনাম কীর্ত্তন করিতে করিতে রাশি রাশি কনক, কামিনী, প্রতিষ্ঠা আসিয়া পড়িবে; নামাচার্য্য ঠাকুর হরিদাস তাহার প্রমাণ। তিনি তখন তাহাদিগের সম্বন্ধে কি ব্যবস্থা করিবেন? সেইগুলি কি নিজে ভোগ করিবেন?—না। তিনি তখন বলিলেন,—

তোমার কনক, ভোগের জনক,
কনকের দ্বারে সেবহ মাধব।
কামিনীর কাম, নহে তব ধাম,
তাহার মালিক কেবল যাদব॥
তরুর প্রতিষ্ঠা, শূকরের বিষ্ঠা,
জান না কি তাহা মায়ার বৈভব?
বৈষ্ণবী-প্রতিষ্ঠা, তা'তে কর নিষ্ঠা,
তাহা না ভজিলে লভিবে রৌরব॥

সমস্ত প্রতিষ্ঠা গুরুপাদপদ্মে অঞ্জলি প্রদান করিতে হইবে। নিখিল প্রতিষ্ঠার একমাত্র মালিক শ্রীগুরুদেব। মর্য্যাদার শেষ-সীমা দিয়াও গুরুপাদপদ্মের মহিমা বলিয়া শেষ করা যায় না।

"কনক-কামিনী, প্রতিষ্ঠা বাঘিনী
ছাড়িয়াছে যা'রে সেই ত বৈষ্ণব।"

—এই মহাবাক্য সর্ব্বদা স্মরণ রাখিতে হইবে। কনককে মাধবের সেবায়, কামিনীকে মদনমোহনের সেবায় এবং প্রতিষ্ঠাকে শ্রীগুরুপাদপদ্মের সেবায় সমর্পণ করিতে হইবে। তখন সাধকের প্রার্থনা কি হইবে? মহাপ্রভু বলিয়াছেন—"ন ধনং ন জনং" ইত্যাদি। হরিভজন করিতে যাওয়ায় মায়া আমাকে ছলনার জন্য নানাপ্রকার মোহজাল বিস্তার করে। যদি তাহাতে বিন্দুমাত্র মুগ্ধ হই, তাহা হইলেই বঞ্চিত হইলাম।

তাই মহাপ্রভু বলিলেন—

ধন, জন নাহি মাগোঁ কবিতা সুন্দরী।
'শুদ্ধভক্তি' দেহ' মোরে, কৃষ্ণ কৃপা করি॥

কেবল শুদ্ধভক্তি ভক্তের প্রার্থনীয় এবং শুদ্ধভক্তি লাভই কৃষ্ণের প্রকৃত কৃপা জানিতে হইবে। মহাপ্রভু "ন ধনং" শ্লোক কীর্ত্তন করিতে করিতে—

অতি দৈন্যে পুনঃ মাগে দাস্যভক্তি-দান।
আপনারে করে সংসারী জীব-অভিমান॥

অর্থাৎ যখন সাধকের আর্ত্তি বৃদ্ধি পাইতে থাকে, তখন তাঁহার এই প্রকারে স্বরূপ উপলব্ধির বিষয় হয়। তিনি বলিতে থাকেন—

অয়ি নন্দতনুজ কিঙ্করং পতিতং মাং বিষমে
ভবাম্বুধৌ।
কৃপয়া তব পাদপঙ্কজস্থিত-ধূলিসদৃশং
বিচিন্তয়॥

[ওহে নন্দনন্দন, আমি নিত্যকিঙ্কর হইয়াও স্বকর্ম্মবিপাকে বিষম ভবসমুদ্রে পড়িয়াছি, তুমি কৃপা করিয়া তোমার পাদপদ্মস্থিত ধূলিসদৃশ করিয়া আমাকে চিন্তা কর]

উপরিউক্ত শ্লোকদ্বয়ে তৃণাদপি সুনীচত্বই সম্পূর্ণরূপে অভিব্যক্ত হে নন্দনন্দন, আমি বিষম সংসার-সমুদ্রে পড়িয়া গিয়াছি। তুমি কৃপা করিয়া আমাকে তোমার শ্রীপাদপদ্মের ধূলিসদৃশ বিচার কর। শ্রীমন্মহাপ্রভুর এই আদর্শ ও উক্তির অনুসরণে আমাদের বিচার আরও বিশিষ্ট হইবে যে, যদি আমরা কৃষ্ণ-ভক্তের — কৃষ্ণদাসানুদাসের পাদপদ্মের ধূলিকণা হইয়া থাকিতে পারি, তাহা হইলে আর মায়ার সংসারে পড়িয়া যাইবার ভয় থাকে না; কৃষ্ণপাদপদ্মের রেণুকণা-লাভের সৌভাগ্য হইতে বঞ্চিত হইতে হয় না। শ্রীমন্মহাপ্রভু স্বয়ং- ভগবান্ বিষয়-বিগ্রহ হইয়াও আশ্রয়জাতীয় ভাবাবলম্বনে সাধক-ভক্তের হৃদয়ভবনে ভাবের ক্রমোৎকর্ষ বর্ণন করিতেছেন। উপরিউক্ত শ্লোকে যে সংসার-সমুদ্র হইতে উত্তোলনের প্রার্থনা রহিয়াছে, তাহাতে মুক্তানর্থ প্রাপ্তাত্মস্বরূপ সাধক ভক্তের কৃষ্ণবিরহসাগর হইতে উত্তোলন প্রার্থনাই যথার্থ জানিতে হইবে। ভক্তের দৈন্যময়ী প্রার্থনা এই প্রকার—

তোমার নিত্য দাস মুই, তোমা পাসরিয়া।
পড়িয়াছোঁ ভবার্ণবে মায়াবদ্ধ হঞা॥
কৃপা করি' কর মোরে পদধূলি-সম।
তোমার সেবক, করোঁ তোমার সেবন॥

'তোমার সেবক করোঁ তোমার সেবন' —ইহা ব্যতীত ভক্তের আর অন্য কোন প্রার্থনা থাকিতে পারে না। কিন্তু আমাদের বর্ত্তমান চিত্তবৃত্তি বিশেষভাবে চিন্তনীয়। আমরা লাভ-লোকসানের খতিয়ান লইয়াই ব্যস্ত হইয়া পড়ি, তাহাতে আমার সেবা কৃষ্ণ কার্য্যে কতটুকু ইন্দ্রিয়তর্পণ হইল? কিন্তু প্রকৃত দৈন্য—শরণাগতি আসিলে ইহার বিপরীত বিচার হইবে অর্থাৎ কৃষ্ণের কতটুকু ইন্দ্রিয়-তর্পণ হইল, তাহার জন্য ব্যস্ততা আসিবে। ইহারই নাম ভক্তি। কাজেই আমরা বর্ত্তমানে সেব্যের ইন্দ্রিয়তর্পণরূপ সেবা-বিচার হইতে কত দূরে অবস্থান করিতেছি, তাহা ইহা হইতে বেশ বুঝা যায়। কেহ বা বলিতেছি—ভগবান্ আমাকে সংসারের উঠানামারূপে কার্য্যে ব্যস্ত রাখিবেন, কার্য্য না পাইলেই বিচার স্বরূপ হইবে। কেহ বা বলিতেছি—হরিভজন করিলে ত' অষ্টসাত্ত্বিক ভাব উদয় হইবে, কিন্তু কই তাহা ত' উদয় হইতেছে না! কিন্তু ইহা আমার একটু চিন্তার বিষয় হয় না যে, আমি কতটুকু আত্মনিবেদন করিয়াছি। পাষাণের মত কঠিন, বজ্রসম কঠিন, অপরাধকঠিন, ভোগকঠিন, ত্যাগকঠিন, মন যে আমার সর্ব্বদাই বিষয়-চিন্তায় রত, শ্রীগুরুপাদপদ্মের কৃপাশীর্ব্বাদে একটুকুও চিন্তা করিবার দৈন্য ধারণ করিবে না। মন যে সর্ব্বদাই উড়ো উড়ো, শরীরের কসরৎ আর কতক্ষণ টিকিতে পারে। শ্রীগুরু-বৈষ্ণবের শাসনের ভয়ে বা চক্ষু-লজ্জায় হরিনাম বা হরিসেবার নামে লোকদেখান যে দেহের কসরৎ করা হয়, তাহার নাম সেবা নহে, ঐরূপ সেবার ভাণ আমাদের কপটতার মাত্রা বৃদ্ধি করিতে করিতে শেষে গুরুবৈষ্ণবের শ্রীচরণসেবা হইতে চিরতরে বিদায় প্রদান করে। "মন দৈন্যে গলে, জিহ্বার অগ্রেতে চলে" যখন, তখনই সত্য সত্য হরিনাম হইতে থাকে, এখন ত' কেবল জিহ্বার কসরৎ ব্যতীত আর কিছুই হয় না। সেবোন্মুখী বৃত্তি জাগরুক করিতে হইবে। শ্রীগুরুবৈষ্ণবের পাদপদ্মে ঐকান্তিকী শরণাগতি ব্যতীত সে বৃত্তির উদয়ও সম্ভব হইবে না। সুতরাং তাঁহাদের কৃপার জন্য ব্যাকুলভাবে ক্রন্দন করিতে হইবে, তাঁহাদের শ্রীপাদপদ্মের সেবায় জন্য সর্ব্বদা সর্ব্বেন্দ্রিয় নিয়োগ করিতে হইবে, বৈষ্ণবের নিকট শরণাগতি, দৈন্য প্রভৃতি গ্রহণ হইতে প্রবলতর ভাবে হইতে থাকিবে, কিছুতেই কমিয়া যাইবে না, তবেই হরিভজন—হরিনাম-সংকীর্ত্তন কোনও দিন সম্ভব হইবে—এইটিই হরিভজনের গূঢ় রহস্য। হরিনাম-গ্রহণে কখনও বিরত হইতে হইবে না, কিন্তু সেই নাম যাহাতে দৈন্য, আর্ত্তি, বিরহের সহিত গৃহীত হয়, হৃদয়ে সত্য সত্য বিরহ জাগে, তজ্জন্য গুরুপাদপদ্মে সর্ব্বদা কাঁদিয়া কাঁদিয়া জানাইতে হইবে।

মাধুর্য্য মাধুর্য্য সর্ব্বশাস্ত্রে কয়।

দরখাস্ত মাধুর্য্যে সর্ব্বশাস্ত্রে ৫১ .

শুদ্ধভক্তি-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠ-শ্রীধাম

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া শ্রীজগন্নাথ-ভবনে শ্রীচৈতন্যমঠ, গৌরবিগ্রহ, শ্রীবিনোদপীঠ, শ্রীশ্রীরাধাকৃষ্ণ, শ্রীগৌর-গোপাল আচার্য্যবৃন্দ বিরাজিত আছেন। সুপ্রাচীন প্রত্নতত্ত্বরূপে 'নদীয়া'-প্রকাশ' যন্ত্রালয় আছে।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪৪১৫ কলিকাতায় শ্রীভক্তিবিনোদ-আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, কীর্ত্তন, শ্রীমহাপ্রভুর সেবায়-শ্রীমদ্ভাগবতাদি শাস্ত্র, গ্রন্থের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও হারমনিষ্ট পাক্ষিক ইংরাজী পত্র প্রকাশিত হয়।

(৩) যোগপীঠ-মায়াপুর-পীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০

৪৩। সাধনতত্ত্ব ৴০

৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ৴

৪৫। নবদ্বীপশতক

৪৬। অর্চনকণ

৪৭। সদাচারস্মৃতিঃ ৹/

৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৴১০

৪৯। অর্চ্চনকণ ৹১০

৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (প্রথম খণ্ড) ৩৲

৫১ ব্রহ্মসংহিতা ৷০

৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ৷০

৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০

৫৪। পুরুষার্থ-বিনির্ণয় ৷০

৫৫। স্তবমালা বা মঞ্জুশ্রীভাষারত্নাবলী ৷০

৫৬ ভারতবর্ষ ও ভক্তিপথ ৵০

৫৭। ঈশোপনিষদ্ (ভাষাভিসহ)

৫৮। শ্রীকৃষ্ণভজন ৵০

৫৯। সিদ্ধান্তদর্পণ ৵০

৬০। সাংখ্যবাণী

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ৷০

৬২। সিদ্ধান্ত-সরস্বতী বিচিকিৎসা ৷০

৬৩। সটীক-শিক্ষাষ্টকম্ ৷০

৬৪। স্তবকম্

৬৫। সানুবাদ শিক্ষাষ্টকম্ ৵০

৬৬। গৌড়ীয়মঠপরিচয়ঃ ৴০

৬৭। সারার্থবর্ষিণী ৵০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ৷০

৬৯। এ ভিজিট টু দি শ্রীধাম বেদান্ত ৷০

৭০। সাধুজন ৴০

৭১। বেদান্ত—ইট্‌স্ মর্ফলজী অ্যাণ্ড অন্টলজি ৷০

৭২। রিলেটিভ ওয়ার্ল্ড্‌স ৷৶০

৭৩। লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস অব শ্রীচৈতন্য মহাপ্রভু ৷০

৭৪। বৈষ্ণবীজম ৷০

৭৫। বোম্বাই গৌড়ীয়মঠ ইন ক্লুইং ৴০

৭৬। দি ভাগবত ৷০

৭৭। ইরোটিক প্রিন্সিপল অ্যাণ্ড আনম্যালয়েড ডিভোশন ৷০

৭৮। ব্রহ্মসংহিতা ২৷০

৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (প্রথম খণ্ড) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ৷০

৮১। সাধন-পথ ৷০

৮২। কল্যাণ-কল্পতরু ৵০

৮৩। গীতাবলী ৴০

৮৪। শরণাগতি ৴০

আসামিজ ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ৴০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

একমাত্র পারমার্থিক দৈনিক-পত্র

শ্রীধাম-মায়াপুর-নদীয়া

১২শ বর্ষ | ২৫ পুরুষোত্তম ৪৫০ গৌরাব্দ, ২৫শে শ্রাবণ বঙ্গাব্দ ১৩৪৪, ১০ই আগষ্ট খৃঃ ১৯৩৭, বৃহস্পতিবার | ১০৯৭ সংখ্যা

"আমার গুরুপাদপদ্মের নিন্দা-কারী বা ঐরূপ নিন্দাকারীর কোন-রূপে প্রশ্রয় দেন যিনি, সেরূপ অমঙ্গলকারী পাপীর মুখ যেন আমার দর্শন-পথে না আসে।"

(শ্রীল প্রভুপাদ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

২৫পুরুষোত্তম,আবি কারগোদপাদী গৌরাব্দ৪৫০

শ্রীশ্রীআচার্য্যবাণী

—:০:—

নামাশ্রয় ব্যতীত শত চেষ্টা করিয়াও কেহই একাগ্রতা আনিতে পারে না, কোন কৃত্রিম চেষ্টা বা আরোহবাদের দ্বারা একাগ্রতা লাভ হয় না। হরিনাম—সর্ব্বশক্তিমান্। শ্রীনামাচার্য্য ঠাকুরের একান্ত আনুগত্যে সর্ব্বশক্তির আধার শ্রীহরিনাম প্রভুর চরণে যতটা পূর্ণভাবে আত্মসমর্পণ হইবে, ততটাই আনুষঙ্গিকভাবে একাগ্রতা উপস্থিত হইবে। একাগ্রতার জন্য পৃথক্ভাবে চেষ্টার প্রয়োজন নাই। হরিনামের কৃপাতেই সব হইবে। আমরা কেবল সেই কৃপার প্রার্থী হইব।

একাগ্রতা মনের ধর্ম্ম নিশ্চয়। অনর্থযুক্ত মনের কোন কার্য্যের বা ধর্ম্মের দ্বারা কখনও হরিনামের সেবার সহায়তা হইতে পারে না। হরিনামের কৃপাতেই হরিনাম হয়। অনর্থযুক্ত মন হরির নাম, হরির রূপ, হরির গুণ, তাঁহার পরিকর বা তাঁহার লীলা চিন্তা করিতে পারে না। তাহা ছাড়া, প্রকৃত বা প্রাকৃত বিষয় হইতে মনকে তুলিয়া আনিয়া সেই মনেরই সর্ব্বোত্তম বিষয়ে নিয়োগ করিতে হইলে মন ব্যতীত একটী অতিরিক্ত শ্রেষ্ঠ ও বলবত্তর পৃথক্ সত্তার ঐকান্তিকী করিতে হয়, যিনি প্রধান তত্ত্ব আত্মা।

[illegible] 'সর্ব্বাত্মনা' প্রপত্তি ব্যতীত হরিনাম-গ্রহণকারীর নিজের কোন কৃত্রিম চেষ্টা নাই। মন প্রাকৃতকে অতিক্রম করিতে পারে না। প্রাকৃত মন যে কিছুই গ্রহণ করিবে, ধারণ করিবে, তাহা সমস্তই প্রকৃতির মধ্যে ও অন্তর্গত বিষয়েই হইবে। মন বিমুখ জীবের ভোগায়তনে জেলখানা, এই বিশ্বের ভিতরেই গমনাগমন করিতে পারে, ইহা অতিক্রম করিয়া বাহিরে যাইবার তাহার শক্তি নাই।

সকল সময়েই সাধুর সঙ্গ করিতে হইবে, সাধুর সঙ্গের জন্য, সাধুর বাণী শ্রবণের জন্য আকাশ-পাতাল আলোড়ন করিতে হইবে, একমুহূর্ত্ত সাধুর সঙ্গ ছাড়া হইলে আর হরিনাম হইবে না। হইবে না উহার অর্থাৎ মায়া বা প্রকৃত বা সংসারানল [illegible] হরিনাম [illegible] কীর্ত্তন করাই একমাত্র কার্য্য [illegible] অন্য কোন কার্য্যই নাই। ২৪ ঘটার মধ্যে ২৪ ঘণ্টা [illegible] সাধুর সঙ্গে থাকিয়া [illegible] কর্ম্মের দ্বারা তাঁহার [illegible]।

— —

যাঁহারা কৃষ্ণে [illegible] তাঁহাদের সমস্ত চেষ্টাই কৃষ্ণার্থ [illegible] আহার, নিদ্রা, [illegible] কার্য্যই হরিকীর্ত্তন [illegible] দেখিতে পারে না। মুক্তপুরুষ [illegible] হরিকীর্ত্তন।

ঠাকুর ভক্তিবিনোদ [illegible] সমস্তই [illegible] হরিকীর্ত্তনকারী জানেন যে, হরিনাম প্রভুই একমাত্র সেব্য বস্তু। তাঁহার সেবা ব্যতীত তাঁহার অন্য কোনও কার্য্য নাই। তাঁহার সেবার অনুকূলেই তিনি সমস্ত কার্য্য করিয়া থাকেন। অকপট শরণাগত হরিনামগ্রহণকারীর বিষয়ই ঐরূপ; ইহা কল্পনা বা আরোপ নহে। ঐরূপ বিচার কৃষ্ণের ও কৃষ্ণ সাধুর কৃপাতে অতি সহজেও আসিতে পারে। [illegible] আসিবে মনে করিয়া [illegible] থাকিলে ত' চলিবে না। [illegible] সাধুর [illegible] করিবে।

[illegible] সঙ্গে [illegible] শরণাগতির পথে চলিতে চলিতে ঐরূপ [illegible] বিকাশ হইবে।

নিষ্কপটভজনকারীর [illegible] কে পথ [illegible]

[illegible] Private Interest regular coaching [illegible] coaching [illegible] [illegible]

[illegible] আপনা [illegible]

মায়ারে করিয়া জয় ছাড়ান না যায়। সাধু-গুরু-কৃপা বিনা না দেখি উপায়॥

কেবল নামাক্ষর উচ্চারণের দ্বারা নাম-গ্রহণ হয় না।

অসাধুসঙ্গে ভাই কৃষ্ণনাম নাহি হয়।
নামাক্ষর বাহিরায় বটে, নাম কভু নয়॥
কভু নামাভাস হয়, সদা নামাপরাধ।
এ সব জানিবে ভাই, কৃষ্ণভক্তির বাধ॥
যদি করিবে কৃষ্ণনাম, সাধুসঙ্গ কর।
ভুক্তি-মুক্তি-সিদ্ধি-বাঞ্ছা দূরে পরিহর॥

অসাধুসঙ্গ বলিতে ভুক্তি-মুক্তি-সিদ্ধি-কামি-জনসঙ্গ ও কৃষ্ণেতরাশ্রয়ের নির্বন্ধনকারণ ছলধর্মের সঙ্গ। সাধুর সঙ্গে কোনটী নামাভাস, কোনটি নামাপরাধ, কোনটী শুদ্ধনাম, তাহা প্রতিমুহূর্ত্তে জানিয়া লইতে হইবে। ছলধর্ম প্রতিমুহূর্ত্তে আমাদিগকে আবৃত ও বিক্ষিপ্ত করিবার জন্য প্রস্তুত রহিয়াছে। মায়ার আবরণাত্মিকা ও বিক্ষেপাত্মিকা বৃত্তি হইতে দুষ্ট মন কখনও নিজেকে রক্ষা করিতে পারে না। এই জন্য অহৈতুক সাধুসঙ্গে শ্রবণ-কীর্ত্তন করিতে হইবে।

শ্রীগুরুদেবের নিষ্কপট সঙ্গ ও নিজ হইতে শ্রেষ্ঠ বৈষ্ণবের অনুক্ষণ সঙ্গ না করিলে গুরুদেবের উপদেশ স্মৃতিপথে থাকে না। মাত্র দুই চারিবার গুরুদেবের উপদেশ শ্রবণ করা নহে, বিশ বৎসর যাবৎ অতি তীব্র সদ্গুরুর বহু বহু উপদেশ শ্রবণের অভিনয় করিয়াও অনেকে বিপথগামী হইয়া পড়িয়াছে—উপদেশ কানে প্রবিষ্ট হইয়াছে। অত এব সাধুসঙ্গে নিরবচ্ছিন্ন প্রসঙ্গে অনুক্ষণ অনুষ্ঠান করিতে হইবে, অনুক্ষণ সেবোন্মুখ কর্ণের দ্বারা নিজাপেক্ষা শ্রেষ্ঠ সাধুর শুশ্রূষা করিতে হবে। কেবলমাত্র mechanically নামাক্ষর উচ্চারণ করিলে হইবে না। যেখানে হরিনাম গ্রহণের ফলে সঙ্গে সঙ্গে হরিনামের সম্বন্ধে clear conception, perception বা realisation ও চেতনময়ী ভক্তিবৃত্তির Progress নাই, যেখানে শ্রীনামের পরিকরগণের প্রতি অকপট অনুরাগ বৃদ্ধি পাইতেছে না, তাহা static বা stagnant অবস্থা মাত্র। শ্রীহরিনামের সেবার দ্বারা আত্মার dynamic devotional progress হইবে—আত্মা inert বা stagnant অবস্থায় থাকিবে না। জীবাত্মার সেবাবৃত্তি dynamic, static নহে।

———

সর্ব্বদা নিজাপেক্ষা শ্রেষ্ঠ বৈষ্ণবের সঙ্গ করিতে হইবে। তাঁহার regular tutelage, counselling ও training গ্রহণ করিতে হবে। সেরূপ সাধুকে eternal tutor করিতে হইবে—সে সাধু আমাকে তোষামোদ করেন না, আমাকে কনক-কামিনী-প্রতিষ্ঠা দিয়া ভোগা দেন না। সদ্গুরুও সেরূপ বহু দিয়া অনেক সময় আমাদিগকে পরীক্ষা করেন, কিন্তু অকপটে নিজাপেক্ষা শ্রেষ্ঠ ও নিষ্কপট সাধুর সঙ্গ করিলে গুরুদেবের ঐ পরীক্ষায় উত্তীর্ণ হওয়া যায়, তাঁহার বঞ্চনায় পতিত হইতে হয় না।

যিনি ভগবান্‌কে দেখিয়াছেন বলেন, তিনি ভগবান্‌কে দেখেন নাই। প্রকৃত ভক্তগণেরই ভগবানের অধিকতর দর্শনাকাঙ্ক্ষা, অধিকতর অতৃপ্ত। যে বলে—"আমি ভগবান্‌কে দেখিয়াছি, তোমাকে ভগবান্ দেখাইতে পারি", তাহার সহিত কখনও ভগবানের সাক্ষাৎকার হয় নাই; সে বঞ্চক-প্রবঞ্চক। ব্রহ্মা, শিবও কি ভগবান্‌কে দেখিয়াছেন বলিয়া অভিমান করেন? তাঁহারা, এমন কি, তদপেক্ষা বহু উচ্চতর অধিকারী সাক্ষাৎ শ্রীল উদ্ধবজীও ব্রজবাসীর পদধূলি অভিষিক্ত হইতে চাহেন। 'কবে ভগবান্‌কে দর্শন করিব, কবে তাঁহার সেবায় অভিষিক্ত হইব'—যিনি ভগবান্‌কে দর্শন করিয়াছেন, তাঁহার হৃদয়ে অনুক্ষণ এইরূপ বিরহ বিদ্যমান। সতীর সর্ব্বদা পতির জন্য বিরহ। ভগবানের নামকীর্ত্তনসেবায় যিনি অনুক্ষণ প্রতিষ্ঠিত, তিনিই সর্ব্বক্ষণ ভগবান্‌কে দর্শন করিতেছেন। জীবহৃদয় নিরপরাধ নামগ্রহণজনিত দৈন্যে, বিরহে নির্ম্মল, শুদ্ধসত্ত্ব, ভগবদ্ধাম রূপে প্রকাশিত হইলে তবে সে স্থানে ভগবান্ বসিবেন। "আমি অত্যন্ত অযোগ্য, আমি অত্যন্ত কৃপণ; হে প্রভো, আমাকে এই বিশ্বের রূপ কেন দেখাইতেছ, আমার প্রতি এত কঠোর, নিষ্ঠুর কেন, তুমি ত' জগন্নাথ, আমি ত' জগৎ হইতে বাহিরে নই, আমাকে তোমার অহৈতুকী সেবা প্রদান কর"—যে জন লোক না দেখাইয়া, নিরন্তর এইরূপ ভাবে অকপটে ক্রন্দন করে, তাহারই ভগবন্নামস্ফূর্ত্তি রূপে ভগবদ্দর্শন হয়। কোন ছলনা বা কপটতা না করিয়া অন্তরের অন্তরতম স্থল হইতে বৈষ্ণবের নিকট সর্ব্বদা কৃপালাভের জন্য ক্রন্দন করিতে হইবে, অনুক্ষণ বৈষ্ণবের সেবা করিতে হইবে। শুদ্ধবৈষ্ণব 'পাবড়ি চাবড়ি' পেটে'র জন্য অথবা ধর্ম্ম, অর্থ, কাম, মোক্ষের জন্য কিছু চাহেন না। তাঁহাকেই সর্ব্বস্ব প্রদান করিতে হইবে—তনু, মন, ধন—এই তিন মুদ্রা দক্ষিণা দিতে হইবে, পূর্ণ দিলে পূর্ণ পাওয়া যাইবে, আংশিক দিলে আংশিক পাওয়া যাইবে—ভোগা দিলে ভোগাই পাওয়া যাইবে।

———

জগতের লোক কখনও অন্তরের সহিত 'আমার ভগবদ্দর্শন হইল না'—এইরূপ ভগবদ্বিরহে ব্যথিত নহেন। কেহ কেহ মৌখিকভাবে ভগবানের দর্শন হইল না বলিয়া আক্ষেপ করিয়া থাকেন বটে; কিন্তু তাহা তাঁহাদের অন্তরের কথা নহে। অন্তরের কথা হইলে ভগবদ্বিরহে তাঁহারা উৎক্ষিপ্ত উন্মত্ত হইতেন ধর্ম্ম, অর্থ, কাম, মোক্ষ বা মোক্ষের পিপাসা, শান্তির পিপাসা, ভোগ ও ত্যাগের পিপাসা, কোন প্রকার সম্ভোগ-পিপাসা তাঁহাদিগকে বিক্ষিপ্ত করিত না। ভগবানের দর্শন হইল না বলিয়া নিশ্চিন্ত থাকা যায় না বা কর্ম্ম, জ্ঞান, যোগাদির চেষ্টায় সময় নষ্ট করিতে পারা যায় না, যাঁহার ভগবদ্দর্শনের জন্য সত্য সত্য বিরহ উপস্থিত হইয়াছে, তিনি কেবল নাম ধরিয়া সর্ব্বক্ষণ নামীকে ডাকেন, তাঁহার 'অহংমমভাব', বস্তু মায়াভরিতা বিদূরিত হইয়াছে।

যে বিষয়ে পৃথিবীর সকল লোক নিদ্রাভিভূত, একমাত্র ভগবদ্ভক্তই তাহায় জাগ্রত। চলচ্চিত্র, রঙ্গমঞ্চ, ঘুড়িবিগ্রহ, সম্ভোগ ও বিরাগ—এই সমস্ত ইন্দ্রিয়তর্পণমূলক ব্যাপারে দুনিয়ার লোক খুবই জাগ্রত আর এই ইন্দ্রিয়-তর্পণ-ব্যাপারে ভক্তগণ নিদ্রিত; অথচ সাক্ষাৎ ভগবানের নয়নের প্রেমসেবা হইতেছে। অভক্তলোক চর্ম্মচক্ষু দিয়া ভোগ্যদর্শন করেন,—আর ভক্তগণ সেবোন্মুখ কর্ণ দিয়া সেব্য-ভগবান্‌কে দর্শন করেন।

প্রভুপাদের বক্তৃতাবলী

পরমার্থ-সম্পুটের রত্নরাজি

ভিক্ষা:—১ম খণ্ড ৸০; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড ৸০; ৪র্থ খণ্ড —৸০ আনা

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ
শ্রীধাম-মায়াপুর,
নদীয়া

মঙ্গল চাহিলাম কৈ?

বহু সুকৃতিফলে বদ্ধজীব আমরা সাধুগণের দর্শন পাই। পূর্ব্ব পূর্ব্ব জন্মের সুকৃতি না থাকিলে শ্রীহরি-গুরু বৈষ্ণবে প্রীতি হয় না। হৃদয় অপরাধ-কঠিন হইলে বাস্তবসত্য উপলব্ধি হয় না, তখন প্রকৃত সাধুর দর্শন পাইয়াও বঞ্চিত হইতে হয়। তাঁহাদের বীর্য্যবতী হরিকথা আমাদের কর্ণকুহরে প্রবেশ করে না। যখন সাধু-গুরুপাদ একবারে মনে করিয়া নিজে শুকাৎ হইয়া পড়িতে চাই, তখন নিজেকে মনে করি' আমি খুব বুঝদার, আমার ধারণার নিকট সকলের সিদ্ধান্ত পরাস্ত হইয়া যাইবে। এইরূপে আমি স্বতন্ত্রতার পথে চলি, শ্রৌতপথ পরিত্যাগ করিয়া আধ্যক্ষিকতাই আমার সম্বল হয়। যে আমার মনের খেয়াল মিটাইতে পারে, আমাকে ভোগা দিয়া তোষামোদ করিতে পারে, কনক-কামিনী-প্রতিষ্ঠার লোভ দেখাইয়া পিঠে হাত চাপড়াইয়া বলে "তুমি খুব ভাল লোক", আমি অমনিই তাহার অনুগত হই। শ্রীগুরুপাদপদ্ম আশ্রয় করিবার যথেষ্ট অভিনয় করিয়াছি। শ্রীগুরুদেবের যোগ্যতম সেবক বলিয়া যথেষ্ট অভিমান হৃদয়-গুহায় পোষণ করি। কিন্তু অনুগত হইলাম কৈ? কথা-বার্ত্তায়, প্রবন্ধে নিবন্ধে, পাঠ-বক্তৃতায় শ্রীগুরুদেবকে বহু আরাধনা করি, বহু স্তুতি করি "কাকেরে গরুড় করে ঐছে দয়াবান" বলিয়া আচার্য্যপাদগণের অলৌকিক মহিমা কীর্ত্তন করিবার অভিনয় করি, তাঁহাকে নিত্যসিদ্ধ বলিয়া জনসমুখে কীর্ত্তন করি, কিন্তু ঐরূপ টিয়াপাখীর মত বুলি আওড়াইয়া দেহের ভোগ, মনের খেয়াল মিটাইতে গিয়া তাঁহাকে প্রতারণাই করি। তাই আমিও অন্তে প্রতারিত, বঞ্চিত ও মোহগ্রস্ত হইয়া পড়ি।

মানুষ দেহারামী জীব দেহ ও মনের ইন্ধন যোগাড় করিতে পারিলেই নিজেকে কৃতার্থ মনে করে। তখন আমরা শুদ্ধ-বৈষ্ণবকে ঠকাইতে আদৌ ভয় করি না। আর গুরুপাদাশ্রয়ের অভিনয় করিয়া গুরুসেবী আমি ভোগের নেশায় উন্মত্ত হইয়াছি, হরিজনের ছলনা করিয়া কামেরই ওকালতি অস্থির হইয়া নিজ মঙ্গল চাহিলাম কৈ? আমি গুরুদেবের দ্বারা শাসিত হইলাম কৈ? তাঁহার শাসন আমার ত' ভাল লাগিল না। আর বলদর্পিত শ্রীগুরুদেবের হস্তচ্যুত বিচ্ছিন্ন হইয়া কোথায় চলিলাম, বঞ্চিত আর বিরুদ্ধ

হইল। নিত্যসিদ্ধ আচার্য্যপাদপদ্মকে অপ্রাকৃত দর্শনের পরিবর্তে মায়িক জ্ঞান করিয়া সামাজিক দুর্নীতি ও দুর্নীতির তৌলদণ্ডে মাপিতে গেলে নিজেরই স্বরূপ বাহির হইয়া পড়ে। প্রকৃত গুরুদাসের আনুগত্য পরিত্যাগ করিয়া শ্রীগুরুপাদপদ্মকে মাপিতে গেলে ঐরূপ অবস্থাই লাভ হয়।

দ্বৈতে ভদ্রাভদ্র-জ্ঞান সব মনোধর্ম।
এই ভাল, এই মন্দ এই সব ভ্রম॥

শ্রীহরিজন-বৈষ্ণবকে জাড্যিক জ্ঞানের দ্বারা দর্শন করিলে কখনও ভাল কখনও মন্দ এরূপ ভ্রমে পতিত হইতে হয়। মনের নাগরদোলায় চড়িয়া ক্ষণে ক্ষণে আমার কি পরিবর্তনই না হইতেছে! শমাদ্ধ জীব আমার বৈষ্ণবের ক্রিয়ামুদ্রা দর্শন করিবার চক্ষু কোথায়? বিপ্রলম্ভ-সেবকের পাদপদ্ম-নখসৌন্দর্য্য দর্শন করিবার পরিবর্ত্তে আমার জড় চক্ষু ত' কেবল সর্ব্বদাই কুৎসিত দর্শন করিতে গিয়া প্রদ্যুম্নমিশ্রের নিত্যসিদ্ধ ভগবৎপার্ষদ শ্রীল রায় রামানন্দের চরণে অপরাধের মত অপরাধ করিয়া নরকে গমন করিতে হয়। দুর্ব্বত্তিকুলে কৃষ্ণশ্রেষ্ঠ মহাভাগবতের দোষদর্শনে বস্ত্রহরণ করিতে পাণ্ডবগৃহিণী কৃষ্ণপ্রাণা দ্রৌপদীকে সভামধ্যে উলঙ্গ করিতে গিয়া ভীমসেন কর্তৃক দুঃশাসনের যে পতিলাভ হইয়াছিল, তাহাই হইবে। তাই বলি মন, তুমি নিজেকে অতি দীনহীন জ্ঞান কর। নিজে পতিত-পাবন সাজিয়া গুরু-বৈষ্ণবকে বরখাস্ত করিয়া নিজের দুষ্টামী চরিতার্থ করিবার নিমিত্ত নিত্যসিদ্ধ মহাভাগবতের চরণে অপরাধ করিও না, তাঁহার অন্যথা দোষ দর্শন করিয়া তাঁহাকে সংশোধন করিবার পাষণ্ডতা পরিত্যাগ পূর্ব্বক তাঁহার অযাচিত কৃপাবরণ করিয়া নিজেকে সংশোধন কর। কারণ, বৈষ্ণবগণের বাণীতে শুনিতে পাই—'পর সংশোধনের আগে নিজেকে সংশোধন কর।"

শ্রীগুরুপাদপদ্ম নিত্য, তাঁহার সেবক নিত্য ও তাঁহার সেবাও নিত্য। সেখানে কোন অনিত্য কল্পনা থাকিতে পারে না, যাহারা শ্রীগুরুদেব ও গুরুদাসের নিত্যত্ব স্বীকার করে, তাহারা কলির গুপ্তচর, আর যাহারা পূর্ব্বে স্বীকার করিয়া পরে অস্বীকার করে, তাহারা নির্ব্বিশেষবাদী। শ্রীল প্রভুপাদ বলিয়াছেন "গুরুদেবকে খেয়াঘাটের মাঝি মনে করিতে হইবে না।" সাময়িক কিছু আনুগত্য স্বীকার করিয়া পরে তাহার উপর পদাঘাত করা চরম পাষণ্ডতার পরিচয় ও কপটতামাত্র। মন যখন মায়াবাদ-অপরাধে কঠিন হইয়া যায়, তখন নিজেরই উপর বিশ্বাস হারাইয়া ফেলি। মায়ার নফর আমি, কপট আমি, ভোগের জন্য কি না করিতে পারি। নিত্যসিদ্ধ গুরুপাদপদ্মকে নীতিহীন বলিয়া গালি দিতে পারি—আর চরিত্রহীন ব্যক্তিকে মহাভাগবত গুরু মনে করিয়া অন্ধতামিস্র নরক লাভ করিতে পারি।

তাই বলি মন! খুব সাবধান, "আচার্য্যের এই লীলায় কেহ মরে, কেহ তরে।" তোমামুখে কথায় ভুলিও না আর তোমামুখে কথা বলিও না, শ্রীল প্রভুপাদাদি আচার্য্যপাদপদ্মের একটী কথা উপলব্ধি হইলে ঐরূপ মহা মহা পাষণ্ড তোমায় অভিভূত করিতে পারিবে না। পরন্তু নিত্যানন্দবাহমানরূপে গুরুদেবের মহিমা-শ্রবণ ও লীলা-দর্শন সৌভাগ্য হইবে। সেবা-সম্বল করিয়া আচার্য্যপাদপদ্মে শরণাগতির সহিত অবস্থান করিলে "পরাণে দুরন্ত কলি পড়িয়া বিভ্রাটে"। সে দিন আমার কবে হইবে! কবে বৈষ্ণব-নিন্দকের দল আমায় ঘৃণা করিয়া পরিত্যাগ পূর্ব্বক আমাকে শ্রীগুরু-পাদপদ্মের মহিমাগুণগানে সুযোগ প্রদান করিবে। কবে দেহধর্ম্ম ও মনোধর্ম্ম হইতে পরিত্রাণ পাইয়া গুরুদাসগণের আনুগত্যে আচার্য্যদেবের পতিতপাবন-লীলা দর্শন করিতে পারিব। গুরুদাসগণের আনুগত্য পরিত্যাগ করিয়া নিজে গুরুদর্শন করিতে যাইয়া নিত্যমঙ্গল পাইব কি করিয়া? তাই বলি মন, এ দুর্দিনে পতিতপাবন শ্রীশ্রীল আচার্য্যদেব ও তদাশ্রিতদাসগণের পদধূলিই আমাদের সম্বল হউক।

প্রভুর বাণী

——::•::——

মহাজনের পথই আমাদের গ্রাহ্য। শ্রীমন্ মহাপ্রভু যখন সন্ন্যাসলীলা প্রকট ক'রে প্রেমাবেশে শ্রীবৃন্দাবনাভিমুখে চল্লেন, তখন তিনি রাঢ়দেশে তিনদিন ভ্রমণ করতে করতে মহাজনের পথানুসরণে ত্রিদণ্ডিভিক্ষুর সিদ্ধান্তের আদর একটী গীতি গান ক'রেছিলেন।

এতাং সমাস্থায় পরাত্মনিষ্ঠা-
মধ্যাসিতাং পূর্ব্বতমৈর্মহর্ষিভিঃ।
অহং তরিষ্যামি দুরন্তপারং
তমো মুকুন্দাঙ্ঘ্রি নিষেবয়ৈব॥

প্রাচীন মহাজনগণের উপাসিত পরাত্ম-নিষ্ঠারূপ ত্রিদণ্ডিভিক্ষুর আশ্রম আশ্রয় ক'রে কৃষ্ণপাদপদ্ম-নিষেবণদ্বারা আমি এই দুরন্তপার সংসাররূপ অন্ধকার উত্তীর্ণ হ'ব।

———

সকল কথাই কিছু। যত কথা, সব ঘুরে ফিরে কিছুতে পর্যবসিত হয়। যত কিছু শব্দ আছে, তা'তে কৃষ্ণ-সম্বন্ধ যোজনা না করতে পারলেই তা' শব্দের অস্বচ্ছতা বা অবিশুদ্ধি। আর কৃষ্ণসম্বন্ধ নির্ব্বন্ধ করতে পারলেই তা'তে শব্দের বিশুদ্ধি প্রকাশিত হয়। অন্যদিকে গমনের চেষ্টার দ্বারা কৃষ্ণবৈমুখ্য এ'সে উপস্থিত হয়। যে শব্দে কৃষ্ণ-সম্বন্ধ নাই, তা'তে নিশ্চয়ই ভোগচেষ্টা এ'সে উপস্থিত হ'বে। দশটী ইন্দ্রিয় ও মনের দ্বারা আমরা ভোগের চেষ্টা করতে থাকি। ভোক্তা, ভোগ্য ও ভোগের স্রোতে আমরা ভেসে যাচ্ছি। অস্বচ্ছ বৃত্তির দ্বারা শব্দ মাত্রকে ভোগের পথে ধাবিত করবার জন্য যে চেষ্টা হয়, তা' নিরস্ত ক'রে সকল বাক্যকে কৃষ্ণসেবায় নিযুক্ত করাই বাক্যবেগ-ধারণ। বাক্যবেগ যদি বিশুদ্ধি আকর্ষণ না করে, তা' হ'লে তা'তে অনুকূলভাবে কৃষ্ণের অনুশীলন হয় না—কখনো প্রতিকূলভাবের অনুশীলন হ'য়ে যায়। অনর্থযুক্ত জীব কৃষ্ণেতর বিষয়ের অনুশীলনকেই কৃষ্ণানুশীলন ব'লে ভুল করে। কাণে যদি কৃষ্ণকথা ছাড়া আর কোন কথা এ'সে উপস্থিত হয়, তা' হ'লে অমঙ্গল হ'ল। যে কোন শব্দই উচ্চারিত হউক না কেন, তা'তে কি প্রকারে কৃষ্ণসেবা হ'চ্ছে সেই শব্দে কি প্রকার সেবন-ধর্ম্ম অধিষ্ঠিত আছে, তা' অনুভব করবার বুদ্ধি উদিত হ'লেই সর্ব্ব অমঙ্গল বিনষ্ট হয়।

শ্রীবার্ষভানবী এখন যে নেই, তা' নয়। এখন তাঁ'কে কোথায় পাব? এখনই আমরা তাঁ'কে পেতে পারি, তাঁ'র সেবা লাভ ক'রতে পারি। আমরা যদি শ্রীগুরু-পাদপদ্মে শ্রীবার্ষভানবীর পদনখশোভা দর্শন করি, তা' হ'লে বার্ষভানবীকে এখন পাব না, এরূপ বিচার নষ্ট হ'য়ে যায়। শ্রীগুরু পাদপদ্মেই শ্রীবার্ষভানবীর শ্রীপদনখ-সেবা আমরা লাভ করতে পারি।

শরীরবেগ তিন প্রকার। বেশী খাব,—এটা উদরবেগ, ভাল খাব,—এটা জিহ্বাবেগ, আর তা'র ফলস্বরূপ উপস্থবেগ। জড়রোগ কামের হস্ত হ'তে উদ্ধার লাভ করতে হ'লে অপ্রাকৃত কামদেবের কাম-চরিতার্থকারী সেবকগণের সেবায় শ্রদ্ধাবিশিষ্ট হ'তে হ'বে। নিজে কামুক হ'লে গড়্‌লে আর শ্রদ্ধা থাকবে না।

———

Historyর হাত হ'তে, allegoryর হাত হ'তে পরিত্রাণ পাওয়াটাই দরকার। কৃষ্ণের প্রতি সাক্ষাৎ অনুশীলনের চেষ্টা না হওয়া পর্য্যন্ত আমাদের প্রকৃত মঙ্গলের চেষ্টা উদিত হয় না। খুব সাবধানের সহিত অনুসরণ না হ'লে মাঝপথে আমাদিগকে বাঘে খে'য়ে ফেলবে। তখন আমরা বলতে বাধ্য হ'ব—'আমার সোণার অঙ্গখানি বাঘে নিয়ে গেল রে।

যুক্তপ্রদেশে প্রচার

——::•::——

গত ২০শে জুলাই বৃহস্পতিবার শ্রীগৌড়ীয়মঠের অন্যতম সেবক শ্রীপাদ সজ্জনারাধ্য অধিকারী মহোদয় কতিপয় সেবক সহ যুক্তপ্রদেশের অন্তর্গত পিলিভিত নামক স্থানের বাবুসাহেব ও সাহু হরপ্রসাদজীর আহ্বানে উক্ত সহরে তাঁহার ঠাকুরবাড়ীতে সন্ধ্যা ৮ ঘটিকা পর্য্যন্ত প্রায় ২ ঘন্টাকাল ছায়াচিত্রযোগে শ্রীকৃষ্ণলীলা-প্রদর্শনমুখে হিন্দিভাষায় একটী সুন্দর বক্তৃতা প্রদান করেন। সভায় পারমিট সহ মহাপ্রভু সাহেব ও সহরের অন্যান্য বহু বিশিষ্ট ভদ্র মহোদয় ও মহিলাবৃন্দ উপস্থিত ছিলেন। সকলেই তাঁহার বক্তৃতায় বিশেষ আকৃষ্ট হইয়া অতিশয় আনন্দ প্রকাশ করেন। বক্তৃতার আদি ও অন্তে মহাজনপদাবলী ও মহামন্ত্র কীর্ত্তন হয়।

এতদ্ব্যতীত তিনি বিভিন্ন সহরের ভিন্ন ভিন্ন স্থানে হরিকথা কীর্ত্তন করিয়া বর্ত্তমানে লক্ষ্ণৌ সহরে অবস্থিত গৌড়ীয়মঠে প্রত্যাবর্ত্তন করেন। লক্ষ্ণৌ গৌড়ীয়মঠের সেবকগণ নিয়মিতভাবে প্রত্যহ শ্রীমঠে পাঠ, কীর্ত্তন ও ইষ্টগোষ্ঠীমুখে জগদ্গুরু ও ত্রিদণ্ডিপাদ পরমহংস শ্রীশ্রীমদ্ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী মহারাজের শুভনন্দনমনী আত্মকথা চরিতকথা কীর্ত্তন করিতেছেন।

সাধুসঙ্গ সাধুসঙ্গ সর্বশাস্ত্রে কয়। লবমাত্র সাধুসঙ্গে সর্ব্বসিদ্ধি হয়॥

শুদ্ধভক্তি-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠ
প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়দেশের অন্যতম শ্রীচৈতন্যমঠ, পরবিদ্যা-পীঠ, শ্রীশ্রীরাধাকৃষ্ণ, শ্রীগৌর, গোপাল আচার্য্য চতুষ্টয় বিগ্রহ আছেন। সুপ্রাচীন ব্রহ্ম-মাধ্বসম্প্রদায়ের নদীয়া প্রকাশ যন্ত্রালয় আছে।

(২) শ্রীগৌড়ীয়মঠ
১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৫
কলিকাতায় শ্রীভক্তিবিনোদ-আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমদ্ভাগবত পাঠ, সঙ্কীর্ত্তন, [illegible] শ্রীমদ্ভাগবতাদি শাস্ত্রের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও সাপ্তাহিক পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়।

(৩) যোগমায়াপুর-পীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব ভূমি যোগপীঠ।

(৪) শ্রীবাস-অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৫) অদ্বৈত ভবন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং [illegible]।

(৬) মুরারিগুপ্তের পাট
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৭) কাজি-সমাধি-পাট
[illegible] শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
ইহা [illegible] শ্রীচাঁদকাজীর সমাধি।

(৮) [illegible]
শ্রীধাম মায়াপুর

(৯) আনন্দ-সুখদ-কুঞ্জ
স্বরূপগঞ্জ, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধাগোবিন্দের সেবা বর্ত্তমান।

(১০) গৌর-গদাধর-মঠ
চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
গোস্বামীপাদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর সেবা।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ [illegible] (বর্দ্ধমান)

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ
মামগাছি, পোঃ [illegible], (বর্দ্ধমান)
শ্রীবৃন্দাবনদাস ঠাকুরের [illegible]

(১৩) রুদ্রদ্বীপ-গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(১৪) [illegible]-গৌড়ীয়মঠাসন

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ
গোড়পুর, নদীয়া

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ
মাজিদা—(শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৭) কৃষ্ণকুটীর
পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

(১৮) ভাগবত-আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৯) একায়নমঠ
গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

(২০) মহেশ-পণ্ডিতের পাট
কাঁঠালপুলি, পোঃ চাকদহ (নদীয়া)

(২১) রাণাঘাট-গৌড়ীয়মঠাসন

(২২) [illegible] গৌড়ীয়মঠ
চব্বিশ পরগণা

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ
[illegible] পোঃ ওয়ারি, ঢাকা।
পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র।

(২৪) গোপালজীউমঠ
কমলাপুর, পোঃ ঢাকা

(২৫) গদাই-গৌরাঙ্গ মঠ
পোঃ বালিয়াটি, (ঢাকা)

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ
বড়বাজার, পোঃ ময়মনসিংহ

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া (আসাম)

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ
পোঃ চক্চকা, কামরূপ (আসাম)

(২৯) দার্জিলিং গৌড়ীয়মঠ
৬নং পাশাং বিল্ডিং, দার্জিলিং

(৩০) [illegible]-গৌড়ীয়মঠ
পোঃ [illegible], জিঃ সাহারাণপুর, ইউ, পি

(৩১) পাটনা গৌড়ীয়মঠ
(বাঁকীপুর পাটনা)

(৩২) গয়া গৌড়ীয়মঠ
[illegible] রোড গয়া

(৩৩) সনাতন-গৌড়ীয় মঠ
৮।১৭ বড় গন্ধীবাগ, বেনারস সিটি

(৩৪) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

(৩৫) পরমহংস মঠ,
পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠাশ্রম
বিশ্রামঘাট পোঃ মথুরা

(৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,
পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ
কিশোরপুর, বৃন্দাবন

(৩৯) [illegible]-কুঞ্জ
পোঃ রাধাকুণ্ড, মথুরা

(৪০) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪১) রাধাকুণ্ড [illegible]

(৪২) শ্রীগোবর্দ্ধনমঠাশ্রয়
গোবর্দ্ধন, মথুরা

(৪৩) সঙ্কেত বিহারী মঠ
বর্ষাণা, মথুরা।

(৪৪) নন্দগ্রাম গৌড়ীয়মঠাশ্রয়
পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৫) বর্ষাণা গৌড়ীয়মঠাশ্রয়
পোঃ বর্ষাণা, মথুরা

(৪৬) গোষ্ঠবিহারী মঠ—[illegible],
পোঃ [illegible], জেলা অম্বালা (পাঞ্জাব)

(৪৭) ব্যাসগৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

(৪৮) দিল্লী গৌড়ীয় মঠ
৪৫নং [illegible] রোড, নিউ দিল্লী

(৪৯) বোম্বে গৌড়ীয়মঠ
গোয়ালিয়া ট্যাঙ্ক রোড, [illegible] বিল্ডিং বোম্বে ৭

(৫০) মান্দ্রাজ-গৌড়ীয়মঠ
পোঃ রায়পেট্টা, মান্দ্রাজ
শ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকাগিরিধারীর সেবা

(৫১) [illegible]-গৌড়ীয়মঠ
পোঃ কভুর, জেলা গোদাবরী মান্দ্রাজ.
শ্রীশ্রীগুরুগৌরাঙ্গ[illegible]-গিরিধারীর সেবা

(৫২) [illegible]গৌড়ীয়মঠ
[illegible], পোঃ [illegible], (পুরী)

(৫৩) পুরুষোত্তম মঠ
চটকপর্ব্বত পোঃ পুরী, উড়িষ্যা

(৫৪) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৫) [illegible]কুটী

(৫৬) ত্রিদণ্ডি-গৌড়ীয়মঠ
পোঃ ভুবনেশ্বর, পুরী

(৫৭) সচ্চিদানন্দ মঠ
[illegible], পোঃ কটক (উড়িষ্যা)

(৫৮) বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ

(৫৯) শ্রীব্রহ্মমাধ্বগৌড়ীয়-প্রপন্ন-মঠ
পোঃ [illegible], গঞ্জাম

(৬০) ভাগবতজনানন্দ মঠ
চিরুলিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর

(৬১) [illegible] গৌড়ীয়মঠ
পোঃ [illegible], মেদিনীপুর

(৬২) আমলাযোড়া প্রপন্নাশ্রম মঠ
পোঃ [illegible] (বর্দ্ধমান)

(৬৩) চৈতন্যগৌড়ীয়মঠ
[illegible], পোঃ [illegible], (মানভূম)

(৬৪) রেঙ্গুন গৌড়ীয়মঠ
৭০১ নং [illegible] ষ্ট্রীট, রেঙ্গুন।

(৬৫) লণ্ডন-গৌড়ীয়মঠ
ফ্ল্যাট নং ২
৫১, [illegible] রোড
[illegible], লণ্ডন, [illegible]

(৬৬) গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্
১৬।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা

(৬৭) গৌড়ীয়মঠ অফিস
[illegible] রোড, [illegible] (ইউ-পি)

(৬৮) শ্রীবিদ্যানিধি গৌড়ীয়মঠাশ্রয়
নন্দনকানন, চট্টগ্রাম

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে শ্রীনবীনগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীমহানন্দ ব্রহ্মচারী ভক্ত্যালোক, ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

-:(*):-

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও দ্বিতীয় দিনের জন্য	পরবর্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও দ্বিতীয় দিনের জন্য	পরবর্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে ।০	৶০	।৵০	।০	
" " ইঞ্চি ২৲		১৷০	১৲	
সিকিকলম ৫৲	৪৲		৩৲	
" অর্দ্ধকলম ৮৲	৭৲	৭৲	৫৲	
" এক কলম ১২৲	১০৲	১০৲	৮৲	

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চি ৩৲	২৷০
" সিকি কলম ১৫৲	১২৲
" অর্দ্ধকলম ২৫৲	২০৲
" এক কলম ৩৫৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৷০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা /০ ; বিশেষ সংখ্যার মূল্য স্বতন্ত্র।

[শ্রী]ল প্রভুপাদের প্রবন্ধাবলী

———::(*)::———

শ্রীল প্রভুপাদের চতুঃষষ্টিতম-বর্ষপূর্ত্ত্যাবির্ভাব-তিথিতে শ্রীল আচার্য্যদেবের অভীষ্টানুসারে শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী" প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। ইহাতে পূর্ব্বার্দ্ধ ও [উত্ত]রার্দ্ধ দুইটি বিভাগ আছে। পূর্ব্বার্দ্ধে শ্রীল প্রভুপাদের আদি-প্রবন্ধাবলী শ্রীল ঠাকুর [ভ]ক্তিবিনোদের সম্পাদিত 'স-সজ্জিনী সজ্জনতোষণী,' শ্রীল প্রভুপাদের 'বিবেদন' সাপ্তাহিক [পত্]র প্রভৃতি হইতে যথাসার ও প্রয়োজনীয় অর্থের টীকা-সহ প্রকাশিত হইয়াছে। উত্তরার্দ্ধে [শ্রী]ল প্রভুপাদের সম্পাদিত 'সজ্জনতোষণী'র কতিপয় প্রবন্ধ যথাসার প্রকৃতির সহিত মুদ্রিত [হই]য়াছে। প্রবন্ধগুলি রচনাকালের ক্রমানুসারে গ্রথিত হইয়াছে; এতদ্ব্যতীত শ্রীল [আ]চার্য্যদেবের একটি মূল্যবান্ উপোদ্ঘাত ও সম্পাদকীয় একটি বিস্তৃত ভূমিকা, শব্দ সূচী, [উদ্ধৃ]ত-শাস্ত্র-শ্লোক ও পয়ার-সূচী প্রভৃতি গ্রন্থে সংযোজিত হইয়াছে। গ্রন্থটি উৎকৃষ্ট কাগজে [ও স্পষ্ট] টাইপে সহিত মুদ্রিত ও শ্রীল প্রভুপাদের আলেখ্যাদিদ্বারা ভূষিত ও সুন্দর বাঁধাই [করি]য়া প্রকাশিত হইয়াছে। প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, জিলা নদীয়া; [শ্রী]গৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ও শ্রীমাধব-গৌড়ীয়মঠ, বরিশাল, পোঃ ঢাকা, [ঢা]কা।

———

শ্রীল প্রভুপাদের পত্রপ্রসূন মালা

এই গ্রন্থে ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তি-সিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের রচিত [পত্রা]বলী শ্রীল আচার্য্যদেবের বিরচিত "সৌরভ" নামক ভাষ্যের সহিত প্রকাশিত [হই]য়াছে। শ্রীল প্রভুপাদের অনেক অপ্রকাশিত পত্র ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। [গ্রন্থ]খানির ভিক্ষা মাত্র ।০ আট আনা।

শ্রীধাম-মায়াপুরে

——(:*:)——

—"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট"—

-::*::——

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে; বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও স্বার্থত্যাগী। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা। ছাত্রদিগের থাকা ও ভোজনব্যয় প্রতি মাসে মাত্র ৬৲ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন্ পরীক্ষায় উচ্চ ফল প্রদর্শন করিতেছে। বর্ত্তমান বর্ষে .৬ জন বালকের মধ্যে ১৫ জন ভালভাবে উত্তীর্ণ হইয়াছে।

মেধাবী ছাত্রগণের আরও সুবিধা

পরীক্ষায় যাহারা শতকরা ৭৫ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ সচ্চরিত্র মেধাবী ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক-সম্পাদিত: এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতি সুন্দরভাবে আলোচিত হইয়াছে। এই এক অপূর্ব্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

চৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত অতিসুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত ইহার ভিক্ষা মাত্র ৩৲ টাকা। প্রাপ্তিস্থান শ্রীযুত নন্দকিশোর ভক্তিশাস্ত্রী, শ্রীযোগপীঠ, শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীসরস্বতী-সংলাপ

প্রথম খণ্ড

শ্রীশ্রীব্রজপত্তন গৌড়ীয়সম্প্রদায়ৈকসংরক্ষক জগদ্‌গুরু পরমহংসকুলচূড়ামণি নিত্যলীলা-প্রবিষ্ট ১০৮শ্রী শ্রীমদ্ ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামি-প্রভুপাদ বিভিন্ন জিজ্ঞাসু ও ভক্তবৃন্দ সজ্জনবৃন্দের পরিপ্রশ্নোত্তরে ও সন্দেহ-নিরাকরণকল্পে যে-সকল হরিকথা সারবাণী কীর্ত্তন করিয়াছেন, যাহা তাঁহার প্রকটকালেই 'গৌড়ীয়'-সম্পাদক শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ প্রভুপাদেরই শ্রীহস্তে সংশোধিত করাইয়া রাখিয়াছিলেন এবং যাহার বিবরণ গৌড়ীয়পত্রে প্রকাশিত হইয়াছে, তাহা "শ্রীশ্রীসরস্বতী-সংলাপ" নাম প্রদানপূর্ব্বক শ্রীল প্রভুপাদের 'বক্তৃতাবলী' ও 'পত্রাবলী' আকারে খণ্ডে খণ্ডে প্রকাশিত হইতেছেন। বর্ত্তমানে শ্রীল প্রভুপাদের প্রবর্ত্তাবিক বিরহতিথিপূজা-বাসরে এই গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছেন। মানবজীবনের বহু অভীষ্ট সমস্যা ও জটিল প্রশ্নের সমাধান ইহাতে পাওয়া যাইবে। ভক্তিগণের পাঠকমাত্রেরই এই গ্রন্থ সংগ্রহ একান্ত প্রয়োজন।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্স কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপদেশক পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী সম্প্রদায়-বৈভবাচার্য্য এম. এ. মহোদয়ের গবেষণা এবং পরিপক্ক লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া সকলে ধন্য এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত্র-পাঠে মগ্ন হউন। এই বিরাট, অভিনব ও অতুলনীয় গ্রন্থ মানচিত্র ও বিভিন্ন চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ড ৩৬টী অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকারের ভূমিকাদ্বয় (Prefaces), বিষয়-তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সন্নিবেশিত সুবিস্তৃত সূচীপত্র (Index Glossary) সহ প্রথমখানি প্রকাশিত। ভিক্ষা—১৫, পনর টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, রায়পেট্টা মাদ্রাজ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

'ঠাকুর ভক্তিবিনোদ'

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি-প্রচারের মূল মহাজন সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলশিরোমণির অভিমর্ত্ত্য জীবনচরিত এতাবৎকাল পর্য্যন্ত প্রামাণ্যরূপে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয়মঠাচার্য্যবর্য্যের শুভেচ্ছায় সর্ব্ববিদ্যাপারঙ্গত শ্রী-দেবক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীযুৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু মূল্যবান শিক্ষামালাও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১৭৫ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৮০ আনা; ডাক মাশুল স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান—ম্যানেজার গ্রন্থবিভাগ
শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু গ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১।১নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

[illegible] পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় যুবক, পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাটতি অত্যন্ত অধিক। লিভার প্লীহা সংযুক্ত জ্বরাদির এবং নূতন ও পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। মূল্য ছোট বোতল ॥৵০ দশ আনা, বড় বোতল ১৷৵০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা
অথবা
পোঃ বেহালা, ২৪ পরগণা

ই. বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	৫-৩৬	৬ ২৬	৭-০৬	১২-২৬	১৪ ৫৬	১৬-৫৬	১৭ ৫৬	২২-২৬
রাণাঘাট পৌঃ			৮ ২৮	১৪-১৫				
(বদল) ছাঃ			৯-৩৪	১৪-৫০				
কৃষ্ণনগর পৌঃ	৭-১	৮-৪৫	১০-৮	১৫-২৩	১৭-২৮	১৯-০৮	২০-১৬	১-১৫
(বদল) ছাঃ	৭-১২		১০-৩১		১৭-৩৮		২০-২৬	
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫১		১১-১০		১৮-১৬		২১-৪	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
রাণাঘাট পৌঃ	১২-৫৫
ছাঃ	১৩-০
শান্তিপুর পৌঃ	১৩-২৬
(বদল) ছাঃ	১৩-৩১ (গাড়ী বদলবে)
কৃষ্ণনগর পৌঃ	১৪-১২
ছাঃ	১৪-৩০
নবদ্বীপঘাট পৌঃ	১৫-১০

ডাউন

নবদ্বীপঘাট ছাঃ	৫ ৪৫		৯-১৫		১৩-৩১	১৬-০	১৮-৩১	
কৃষ্ণনগর পৌঃ	৬ ২৩	৯-১৬	৯-৫৮	১১-৪১	১৪-১০	১৬-৩৬	১৯-১১	২১-১০
ছাঃ	৬-৩৬	৭-১৮	১০-১১			১৬-৫৬	১৯-২৫	
রাণাঘাট পৌঃ			১০-৫৬			১৭-৩০		
(বদল) ছাঃ			১১-১			১৭-৪৩		
কলিকাতা পৌঃ	৮-১৬	৯-২১	১১-৫১	১২-১৬	১৪-১৬	১৯-১১	২১-৪১	২৩-৩৭

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৩-৩১	১৬-০	
কৃষ্ণনগর পৌঃ	১৪-১০	১৬-৩৬	
ছাঃ	১৫-২৮	১৭-৪৪	
শান্তিপুর পৌঃ	১৬-৯	১৮-১৫	
(বদল) ছাঃ	১৬-৩৩	১৮-২৫ (রবিবার ভিন্ন)	২০-৪০ (রবিবার)
রাণাঘাট পৌঃ	১৭-১০	১৮-৫০	২১-১৫
(বদল) ছাঃ	১৭-৪৪	১৯-১৫	২১-২০
কলিকাতা পৌঃ	১৯-১১	২০-৪০	২৩-৩৭

পোষ্ট—শ্রীমায়াপুর
টেলিগ্রাম—শ্রীধাম

REGD NO C 1844

দৈনিক নদীয়াপ্রকাশ
THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৪শ খণ্ড] শ্রীমায়াপুর—২৬শে শ্রাবণ, ১৩৪৬ ১১ই আগষ্ট, ১৯৩৯, শুক্রবার [১৩৮শ সংখ্যা

বিবিধ সংবাদ

চেম্বারলেনী নেতৃত্ব বর্জন

পণ্ডিত জওহরলাল নেহরু সম্প্রতি ট্রাফেলগার স্কোয়ারে এক বক্তৃতায় বলেন,—

"কোন না কোন কারণে আজ বিপদের মুখে বৃটিশ শ্রমিক শ্রেণীর নেতৃত্ব পদাঘাতপ্রাপ্ত হইয়াছে।

"আমরা সমবেত হইয়া প্রধান মন্ত্রী ও তাঁহার সঙ্গীদের সর্বতুল্য রাজনৈতিক পঙ্গুত্ব দেখিয়াছি; একটার পর আর একটা দেশে স্বাধীনতা নষ্ট হইতে দেখিয়াছি। আমরা বার বার উচ্চকণ্ঠে প্রতিবাদ জানাইয়াছি, কিন্তু কোন ফল হয় নাই; কারণ গভর্ণমেন্ট পরিবর্তন করিবার মত জাগরণ আমরা জনসাধারণের মধ্যে আনিতে পারি নাই।

"জনসাধারণকে চেম্বারলেনী নেতৃত্ব দূর করিতে হইবে। চেম্বারলেনী নেতৃত্বে আজ তাহাদের জাতীয় ও আন্তর্জাতিক সমগ্র জীবনকে ফ্যাসিজমের বীজাণুতে সংক্রামিত করিতেছে। শাসকশ্রেণী আজ সম্পূর্ণ অধঃপাতে গিয়াছে।

"বৃটিশ রক্ষণশীল দল একদা বিশ্ব-সাম্রাজ্যবাদের প্রধান নেতা ছিল। আজ বার্লিনের একজন কারখানা মালিক—যিনি পৃথিবীর সর্বজন বৃটিশ সাম্রাজ্যবাদী, স্বার্থ বিসর্জন দিয়াছেন এবং যিনি শুধু নিজের পথ ও কর্মধারা অনুসরণ করিতে তৎপর—সেই রক্ষণশীল দলের কর্তৃত্ব করিতেছেন। শাসক-শ্রেণীর অধঃপতনের জন্যই ইহা সম্ভব হইয়াছে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ে কৃষি-বিদ্যা শিক্ষার ব্যবস্থা

ঢাকা বিশ্ববিদ্যালয়ে কৃষি-বিদ্যা বিভাগ খুলিবার প্রস্তাব অনুমোদন করিয়া বাংলা গভর্ণমেন্টের শিক্ষা বিভাগের সেক্রেটারী বিশ্ববিদ্যালয়কে যে পত্র লিখিয়াছেন, কার্য্য-নির্বাহক সমিতির এক বৈঠকে তাহা আলোচিত হয়। আলোচনার পর স্থির হইয়াছে যে, মণিপুরের কৃষি-বিদ্যালয় এই বিভাগের অন্তর্ভুক্ত হইবে এবং এই বিভাগ হইতে যথারীতি উপাধি বিতরণ করা হইবে।

এই প্রস্তাব কার্য্যে পরিণত করিবার জন্য বাংলা গভর্ণমেন্ট ১৯৪০-৪১ সাল হইতে বার্ষিক আনুমানিক পনের হাজার টাকা মঞ্জুর করিবেন বলিয়া স্থির করিয়াছেন। তাহা ছাড়া গবেষণাগার নির্মাণ ও সজ্জার জন্য ১৯৪০-৪১ সালে এককালীন ২৫ হাজার টাকা সাহায্য মঞ্জুর করা হইবে।

বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল সুপারিশ করিয়াছেন যে, কোন বৃত্তি বা পুরস্কারের জন্য দুইজন প্রার্থী যোগ্য বিবেচিত হইলে, পরীক্ষা কমিটি মৌখিক বা পুনরায় পরীক্ষা দ্বারা অথবা অন্য কোন উপায়ে প্রার্থীদের মধ্যে একজনকে চূড়ান্ত ভাবে মনোনীত করিবেন। কার্য্য-নির্বাহক সমিতি এই সুপারিশ গ্রহণ করিয়াছেন।

ভারত হইতে বিদেশে শ্রমিক প্রেরণ

আগামী ২৮শে আগষ্ট কেন্দ্রীয় আইন সভার ষ্ট্যাণ্ডিং এমিগ্রেশন কমিটির অধিবেশন হইবে। ভারত গভর্ণমেন্ট সিংহলে সাধারণ শ্রমিক আমদানী বন্ধ করার সিদ্ধান্ত করায় সিংহল গভর্ণমেন্টের কার্য্যে যে প্রতিক্রিয়া দেখা দিয়াছে এবং তাহার ফলে যে সমস্যার উদ্ভব হইয়াছে, ঐ সভায় তাহা আলোচিত হইবে।

জানা গিয়াছে যে, সিংহল হইতে ভারতীয় বহিষ্কার সম্পর্কে সিংহল গভর্ণমেন্ট বারটী সর্ত সম্বলিত যে পরিকল্পনা করিয়াছেন, সিমলায় তাহা বিশেষ সতর্কতার সহিত আলোচিত হইতেছে। বর্তমান অবস্থায় ভারত গভর্ণমেন্টের কি কর্তব্য হইবে, এখন তাহা সঠিকভাবে নির্ধারণ করা সম্ভব নয়। তবে আশা করা যায়, ষ্ট্যাণ্ডিং এমিগ্রেশন কমিটির অধিবেশনের পূর্বেই ভারত সরকার কোনও সিদ্ধান্তে উপনীত হইবেন এবং সিংহল, দক্ষিণ আফ্রিকা এবং মালয় সম্পর্কে গভর্ণমেন্টের সিদ্ধান্ত উক্ত কমিটির দ্বারা অনুমোদন করাইবার চেষ্টা হইবে।

টাঙ্গাইলে প্রবল ঝড়বৃষ্টি

গত কিছু দিন যাবৎ অবিশ্রান্ত প্রবল বারিপাত হইয়াছে। এরূপ একটানা প্রবল বর্ষণ কদাচিৎ দেখা । প্রথম হইতেই বৃষ্টির সহিত প্রবল বাতাস বহিতে-ছিল, কিন্তু গত ১লা আগষ্ট হইতে উহা ঘূর্ণিবাত্যার আকার ধারণ করে এবং ২রা আগষ্ট মধ্যাহ্ন হইতে ভীষণ ঘূর্ণিবাত্যায় পরিণত হইয়া মধ্য রাত্রি পর্যন্ত প্রবলভাবে বহিতে থাকে। বহু গাছ-পালা এবং ঘর-বাড়ী পড়িয়া গিয়াছে। বহু জমির পাকা আউস ধান ডুবিয়া গিয়াছে এবং উচ্চভূমির পাট মাটির উপর কাৎ হইয়া পড়ায় যথেষ্ট ক্ষতি হইয়াছে। প্রবল বৃষ্টি এবং বাতাসের জন্য গত সোমবার হইতে বুধবার পর্যন্ত পোড়াবাড়ী চারাবাড়ী হইতে টাঙ্গাইলে ডাক আসিতে পারে নাই। আকাশ কতকটা পরিষ্কার দেখা যাইতেছিল, বাতাসের বেগও মন্দা ছিল; কিন্তু আবার প্রবল বারিপাত আরম্ভ হইয়াছে।

মুদ্রা জাল করার অভিযোগে দুই ব্যক্তি গ্রেপ্তার

সিগারেট এবং দিয়াশলাই কিনিতে যাইয়া দুই ব্যক্তি মুদ্রা জাল করিবার দায়ে গ্রেপ্তার হয় এবং স্থানীয় আদালতে উহাদের একজনের ২ বৎসর সশ্রম কারাদণ্ড হয়।

অভিযোগে প্রকাশ, এই দুই ব্যক্তি হিন্দুর নিকট একটি দোকান হইতে সিগারেট ও দিয়াশলাই কিনিয়া দুইটি সিকি দেয়। দোকানী মুদ্রা দুইটি জাল বলিয়া বুঝিতে পারে। এ সময়ে পুলিশ তাঁহাদের অনুসরণ করিতেছিল; তাহারা আসিয়া উহাদের ধরিয়া ফেলেন। অভিযোগে আরও বলা হয় যে তাহাদের কাছে মুদ্রা জাল করার যন্ত্রপাতিও পাওয়া গিয়াছে।

ময়ূরভঞ্জ রাজ্যে দুর্ঘটনা

বড়লাট উড়িষ্যা আগমনের সময় উড়িষ্যা সরকার ময়ূরভঞ্জ রাজ্যের পুলিশ ও চৌকীদার রেল লাইন পাহারায় নিযুক্ত করিয়া ছিলেন। গত ৩০শে জুলাই বেঙ্গল নাগপুর রেলের অমরদা এবং রূপসা ষ্টেশনদ্বয়ের মধ্যে পাহারা দেওয়ার সময় চৌকীদারদের মধ্যে একজন ৮নং আপ পুরী এক্সপ্রেসের নীচে পড়ে এবং গুরুতর আঘাতের ফলে আধ ঘণ্টার মধ্যে প্রাণত্যাগ করে।

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ স্বামী মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক। প্রতি একাদশীতে প্রকাশিত হয়। কলিকাতা বাগবাজারস্থ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। সডাক ভিক্ষা ৪।০ টাকা মাত্র।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা ডাক ৩৲, ষাণ্মাসিক ১।০ টাকা মাত্র।

৩। ভাগবত—হিন্দিভাষায় একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ টাকা মাত্র

৫। শ্রীগৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ মাত্র।

পরমগুরু শ্রীগৌরকিশোর

গৌড়ীয়-সম্পাদক-লিখিত, শ্রীগৌড়ীয়মঠাচার্য্যের ভূমিকা-সম্বলিত, বহুচিত্র-শোভিত ও বিবিধ সূচী-সমন্বিত "পরমগুরু শ্রীগৌরকিশোর" গ্রন্থরাজ প্রকাশিত হইয়াছেন। এই গ্রন্থরাজে শুদ্ধগৌড়ীয়বৈষ্ণবগণের পরমারাধ্য, গৌড়ীয়গৌরবশিরোমণি অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ নিত্যলীলাপ্রবিষ্ট পরমহংস ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল গৌরকিশোরদাস গোস্বামী প্রভুবরের অতিমর্ত্ত্য চরিতকথা বর্ণিত আছে।

শ্রীশ্রীভক্তিবিনোদাবির্ভাব-শতবর্ষপূর্ত্তিতিথিপূজার উপায়ন-গ্রন্থমালা

——::(০)::——

১। গীতিসাহিত্যে শ্রীভক্তিবিনোদ

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র গীতিসাহিত্যের সমালোচনা-গ্রন্থ)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

২। শ্রীভক্তিবিনোদবাণীবৈভব

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের রচনামৃতসাগর হইতে আহৃত ১০৮টি অধ্যায়ে সম্বন্ধ-অভিধেয়-প্রয়োজনাকারে গুম্ফিত অমূল্য উপদেশপূর্ণ গ্রন্থ)

ভিক্ষা—৩৲ তিন টাকা মাত্র।

৩। শ্রীশ্রীভক্তিবিনোদ-প্রসঙ্গ

ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ ও ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী প্রভু-বিরচিত এবং গৌড়ীয়ে প্রকাশিত শ্রীশ্রীভক্তিবিনোদ-চরিত্র-প্রসঙ্গ

ভিক্ষা—৷৵০ ছয় আনা মাত্র।

৪। ছাত্রদের ভক্তিবিনোদ

(ছাত্রদের উপযোগী ভাষায় লিখিত শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্র ও শিক্ষা)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

(ছাত্রদের পক্ষে ভিক্ষা—৷০ আট আনা মাত্র)

প্রাপ্তিস্থান :—

(১) 'ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট', পোঃ শ্রীমায়াপুর, নদীয়া ;

(২) শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ;

(৩) শ্রীযুক্ত সুপতিরঞ্জন নাগ এম্-এ, বি-এল্,

পুরাণপল্টন পোঃ রমনা, ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

- শ্রীমদ্ভাগবতম্,—সমগ্র ৪০৲
- ম স্কন্ধ হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত — ৩৮৲
- ম স্কন্ধ— ২৲
- । অনুভাষ্য বিবৃতি শ্রীচৈতন্যভাগবত (বাঁধা) ৲
- । অনুভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত সরস্বতী জয়শ্রী (বাঁধা) ৲
- । শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী ১ম খণ্ড ৸০ ; ২য় খণ্ড ১৲ ; ৩য় খণ্ড—৸০ ৪র্থ খণ্ড ৸০
- । শ্রীল প্রভুপাদের পত্রাবলী ১ম খণ্ড—৸০ ; ২য় খণ্ড—১৲ ; ৩য় খণ্ড—৸০
- । শ্রীচৈতন্যদেব ৲
- । সৎক্রিয়াসার দীপিকা ... দীপিকা ১।০
- । বৈষ্ণবধর্ম ২৲
- ০। গৌড়ীয়-কণ্ঠহার ৲
- ১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲
- ২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
- ৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
- ৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ।০
- ৫। বৈষ্ণবসাহিত্যে বিবর্ত-তত্ত্ব ।০
- ৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব
- ৭। চৈতন্যোপনিষদ ।০
- ৮। বাহ্মন-আম্নায় ।০
- ৯। তত্ত্ববিবেক ।০
- ১০। গৌড়ীয়-গৌরব ।৵০
- ১১। গৌড়ীয়গীতিকা ।৵০
- ১২ ভজন রহস্য ।০
- ১৩। শ্রীচৈতন্যপ্রামৃত ও শ্রীনবদ্বীপশতক (বাঁধা) ১৲
- ১৪। গীতা (শ্রীবলদেব-টীকা সহ) ২৲
- ১৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) ২৲ অবাঁধা) ১৲
- ১৬। গীতার কেবল মাত্র ভাষ্য ।০
- ১৭। [illegible] (অনুবাদ) ২৲
- ১৮। বেদান্তসার (অনুবাদ) ।০
- ১৯। প্রেমবিবর্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৸০
- ২০। দীপ-দিগ্-দর্শন ৶০
- ২১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ।৵০
- ২২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ।০
- ২৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
- ২৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶০
- ২৫। গীতমালা ৴১০
- ২৬। নবদ্বীপধাম-মাহাত্ম্য ৶০
- ২৭। ঐ প্রমাণ-খণ্ড ৶০
- ২৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০
- ২৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমায় ।০
- ৪০। শরণাগতি ৴০
- ৪১। গীতাবলী ৴০
- ৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
- ৪৩। সাধনতত্ত্ব ৴০
- ৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ৴
- । নবদ্বীপশতক
- । অর্থপঞ্চক
- । সদাচারস্মৃতি ৩৴
- । কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৴১০
- । অর্চনকণ ।১০
- ০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম-৪ খণ্ড) ৩৲
- ১। ব্রহ্মসংহিতা ।০
- ২। মণিমঞ্জরী (অনুবাদ) ।০
- ৩। গৌরকৃষ্ণোদয়
- ৪। পঞ্চার্থ-নির্ণয়
- [illegible] ।০
- পরতত্ত্ব ও ভক্তিপথ
- । উপনিষদ (অনুবাদিত)
- । [illegible]
- । [illegible]
- ০। [illegible]

সংস্কৃত ভাষায় প্রকাশিত

- ১। শ্রীচৈতন্যলীলামৃতসার ।০
- ২। সিদ্ধান্ত-সরস্বতী বিজয়ম্ ।০
- ৩। সটীক-শিক্ষাষ্টকম্ ।০
- ৪। তত্ত্বসূত্রম্ ।০
- ৫। সাত্বত শিক্ষাষ্টকম্ ৴০
- ৬। গৌড়ীয়মঠপরিচয়ঃ ৴০
- ৭। মায়াবাদখণ্ডনম্ ৴০

ইংরাজী ভাষায় প্রকাশিত

- ৮। রায় রামানন্দ ।০
- ৯। এ ফিউ ওয়ার্ডস অন বেদান্ত ।০
- ০। নামভজন ৴০
- ১। বেদান্ত—ইট্‌স মরফলজী অ্যাণ্ড অন্টলজি ।০
- ২। রিলেটিভ ওয়ার্ল্ডস ।৵০
- ৩। লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস অব শ্রীচৈতন্য মহাপ্রভু ।০
- ১৪। বৈষ্ণবীজম্ ।০
- ১৫। [illegible] গৌড়ীয়মঠ [illegible] ৴০
- ১৬। দি ভাগবত ।০
- ১৭। ইরোটিক প্রিন্সিপল অ্যাণ্ড আনএলয়েড ডিভোশন ।০
- ১৮। ব্রহ্মসংহিতা ১।০
- ১৯। শ্রীকৃষ্ণচৈতন্য (প্রথম খণ্ড) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

- ৮০। শ্রীহরিনামচিন্তামণি ।০
- ৮১। সাধন-পথ ।০
- ৮২। কল্যাণ-কল্পতরু ৶০
- ৮৩। গীতাবলী ৴০
- ৮৪। শরণাগতি ৴০

আসামিয়া ভাষায় প্রকাশিত

- ৮৫। শরণাগতি ৴০

তেলেগু ভাষায় প্রকাশিত

- ৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক

নদীয়া-প্রকাশ

একমাত্র পারমার্থিক দৈনিক পত্র

শ্রীধাম-মায়াপুর-নদীয়া

১৪শ বর্ষ | ২৬ পুরুষোত্তম ৪৫৩ গৌরাব্দ, ২৯শে শ্রাবণ সন ১৩৪৬, ১১ই আগষ্ট ১৯৩৯, শুক্রবার | ১৪০শ সংখ্যা

"আমার গুরুপাদপদ্মের নিন্দাকারী বা ঐরূপ নিন্দাকারীর কোনরূপে প্রশ্রয় দেন যিনি, সেরূপ অমঙ্গলকারী পাষণ্ডীর মুখ যেন আমার দর্শন-পথে না আসে।"

(শ্রীল প্রভুপাদ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

২৬ পুরুষোত্তম, নিত্য গর্ভোদশায়ী গৌরাব্দ ৪৫৩

কনিষ্ঠ ভাগবত

—:•:—

(ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ)

অর্চ্চকের অর্চ্চ্য ও মধ্যবর্ত্তী বৃত্তি অর্চ্চনই প্রধানভাবে লক্ষীভূত হয়। অর্চ্চনাদের উৎকর্ষে অভ্যাস ভজনাখ্য লাভিত হয়। ভজনে অর্চ্চনের প্রাথমিকতা না থাকিলেও উহা গৌরববিচারের বিরোধী নহে। অর্চ্চাবিগ্রহ বাস্তববস্তুর অবতারবিশেষ। পর, ব্যূহ, বিভব, অন্তর্যামী ও অর্চ্চা—এই পঞ্চবিধ প্রকাশ বিশেষে উপাস্যের নিকট উপাসক সম্মুখ হইতে পারেন। অর্চ্চার অভ্যন্তরে অন্তর্যামী, উহা বৈভবান্তর্গত। ব্যূহ হইতে ভগবানের বৈভব-প্রকাশ। মূলতঃ পরতত্ত্বঃ তাঁহারই অংশে কারব্যূহ ও তাঁহা হইতেই প্রপঞ্চে অবতীর্ণ নৈমিত্তিক অবতারসমূহ, তাঁহারা অর্চ্চান্তরে অনুপ্রবিষ্ট হইয়া অন্তর্যামিত্ব প্রদর্শন করেন, ভগবদ্বৈভবসমূহ প্রপঞ্চে [illegible] অবতীর্ণ হন। কিন্তু অন্তর্যামী ও [illegible] বিগ্রহ—সার্ব্বকালিকী সেবকপ্রতিমার [illegible] না।

কনিষ্ঠাধিকারীর [illegible] অর্চ্চনের [illegible] স্বভাব। তিনি সেইকালে ভগবদ্বিগ্রহের দ্বারা চালিত হইয়া আপনাকে ভোগ্যদর্শনের ভোক্তৃত্বে বরণ করেন। সুতরাং তাঁহার ইন্দ্রিয়তর্পণের প্রতি অধিক লোলুপতা বৃদ্ধি পাইয়া [illegible] প্রতি শ্রদ্ধা বা বিশ্বাস [illegible]। মধ্যমাধিকারীর শ্রীগুরুপাদপদ্মের কৃপায় প্রাকৃতভোগের অভ্যন্তরে অন্তর্যামী, তদন্তরে বৈভব ও তাহার কারণরূপে ব্যূহ ও পরতত্ত্ব পর্য্যন্ত উপাস্য-সিদ্ধির উদয় হইতে থাকে। ভগবানের ভাবসমূহ বৈভবপ্রকাশ, ব্যূহ ও পরতত্ত্বের বৈচিত্র্য এবং অন্তর্যামিত্বের অর্চ্চাভাবের প্রবিষ্ট হইয়া অর্চ্চামুখে জীবের অধিকার বিস্তার হন। ভগবৎপ্রতীতির প্রতি লক্ষ্য রাখিতে গিয়া উপাসক ভজনানন্দিগণের অধিক বৈশিষ্ট্য দর্শন করেন না। সেইকালে তাঁহার প্রাকৃত বিচার অতিক্রম করিতে গিয়া উপাস্যের সর্ব্বতোভাবে প্রচুর পরিমাণ গৌরবসেবার বিচার উপস্থিত হয়। যে কালে তিনি ভক্তের তারতম্য দর্শন করিবার রুচি লাভ করেন, সেইকালে তাঁহার প্রাকৃত অধিকার উন্নত হইয়া মধ্যমাধিকারে পরিণত হয়।

কনিষ্ঠাধিকার থাকাকালে ভগবানের পরিকর-বৈশিষ্ট্যের অপ্রাকৃতত্ব [illegible] না। প্রাকৃত [illegible] বাধ্য হয়, সাধারণ কনিষ্ঠসম্প্রদায় প্রাকৃত আধ্যাত্মিক জ্ঞানসম্পন্ন হইয়া পূর্ণপুরুষের সন্ধান না পাওয়ায় তাঁহাদের ন্যূনাধিক প্রকৃতিবাদ বা মায়াবাদের অনুসরণ করিতে হয়। মায়াবাদীর প্রাকৃত বিচার ন্যূনাধিক ইন্দ্রিয়জ্ঞানে প্রতিষ্ঠিত থাকায় ভগবদ্বৈমুখ্য ও ভক্তসেবা-বৈমুখ্য তাঁহার অপ্রাকৃত বৈকুণ্ঠের পথ অবরোধ করে। অতএব [illegible] প্রাকৃতকেই [illegible] হইয়া তিনি যে [illegible] জন্য সন্ধান করেন, তাহাতেই তাঁহার [illegible] ভক্ত, মায়া হয়। শত শত জন্ম [illegible] অর্চ্চার শ্রদ্ধাপূর্ব্বক বহিরঙ্গবস্তুর দ্বারা সেবা করিতে করিতে চিত্ত-নামের ও চিন্তা-বস্তুর অধঃপতনশক্তিতে প্রাকৃত [illegible] ন্যূনাধিক লঘু হইতে থাকে। ভক্তের মানসিক চেষ্টা উন্নত করিয়া স্বীয় অবস্থার উন্নতি করিবার উদ্দেশ্যে কনিষ্ঠাধিকারী প্রবৃত্ত হইলে তাঁহার প্রাকৃত ভাবসমূহ তাঁহাকে পরিত্যাগ করে। তখন ভজনীয় বস্তুতে প্রীতিসেবা, ভগবদ্ভক্তে প্রেমার্থমৈত্রী, অনাভক্ত মঙ্গলাকাঙ্ক্ষীর প্রতি প্রেমার্থ বিবেচনার ফলে ভগবদ্ভক্তের প্রেমোপকার বিধান জন্য অলৌকিক ব্যাকুলতা এবং বিদ্বেষী জনের বিরোধভাবের প্রতি নিরপেক্ষভাব [illegible] জন্য তাহার সহিত অসহযোগপূর্ব্বক উপেক্ষা বা সহযোগে বিতৃষ্ণা ও অনুশোচনা প্রদর্শনমুখে শাসনরূপ চিত্তাকাঙ্ক্ষা দেখা যায়। মধ্যমাধিকারে অধিষ্ঠিত হইয়া যখন [illegible] উদয় হয়, তখন বৈষ্ণব-[illegible] ও প্রাকৃত [illegible] আধ্যাত্মিক অর্চ্চাভক্ত [illegible] বিচারে বৈষ্ণব-[illegible] [illegible] অর্চ্চাবিগ্রহ, [illegible] প্রকাশরূপে [illegible] প্রকাশের [illegible] [illegible] উপলব্ধি [illegible] প্রপঞ্চে [illegible] [illegible] প্রদর্শন করে। বস্তুতঃ জীবের প্রকৃত মুক্তি-বাসনা ভগবৎপাদপদ্মসেবার উদয়োন্মুখ উন্নতির উপর নির্ভর করে। অর্চ্চা বাস্তব উত্তম [illegible] জীবের ভোগপ্রবৃত্ত পথ, ভজন্তু ভগবৎসেবার সাধন চেষ্টাপর হইয়া যে [illegible] আধিকারিক উদয় নয় পারমার্থিক পূজার সম্বন্ধে হয়। যে কালে তাঁহার ব্যবস্থানুসারে [illegible] উপলব্ধি হয়, তখনই তিনি [illegible]-তত্ত্বের অনুসন্ধান করিতে থাকেন। কেবলাদ্বৈত-বাদীর প্রাকৃত বিচারে [illegible] এবং ন্যূনাধিক শুদ্ধাদ্বৈত, শুদ্ধাদ্বৈত-বিচার, দ্বৈতাদ্বৈতবাদ এবং বিশিষ্টাদ্বৈত-[illegible] সম্পূর্তি [illegible] করিয়া [illegible] ভেদ পরিহার পূর্ব্বক অচিন্ত্যভেদাভেদের বিচারে প্রতিষ্ঠিত হইয়া শ্রীচৈতন্যপাদপদ্মের

মায়ারে করিয়া দাস ছাড়ান না যায়। সাধু-গুরু-কৃপা বিনা না দেখি উপায়।

সর্বচিৎশক্তি-সমন্বয়তা, এবং মায়াবাদী কুতার্কিক কর্মনিষ্ঠগণের কুচিন্তার তিরোধানপূর্বক তাঁহাদের অনাত্মপ্রতিষ্ঠা পরিহার করিতে সমর্থ হন। অজ্ঞানেই ভাবরাহিত্য বর্তমান। তাঁহার নিরপেক্ষতা হইলে এই প্রাপঞ্চিক বিচার আর তাঁহাকে ক্লেশপ্রদানে সমর্থ হয় না। ভগবদ্ভক্তিতে নিত্য [illegible] ধর্ম নাই, নির্বিশেষবাদগণকল্পিত জড়শূন্যতারূপ কৈবল্য নাই।

যৎকিঞ্চিৎ

——:০:——

মহাভাগবতগণ কর্মফলবাধ্য জীব নহেন। তাঁহারা ভুবনমঙ্গলের জন্য জগতে বিচরণ ও অবস্থান করেন। মহাভাগবতের যে অস্বচ্ছন্দতার অভিনয় প্রদর্শন, তাহা ত্রিতাপ-ভোগের জন্য নহে।

মহাভাগবত অত্যন্ত নির্গুণ ও অপরাধীকে বঞ্চনা করিয়া নিষ্কপটময় ভজনের আদর্শ প্রকাশ করেন এবং সেবোন্মুখ ব্যক্তিগণকে সেবাসুযোগ দান ও জাগতিক ক্লেশের মধ্যেও হরিসেবার উৎকণ্ঠা তীব্র [illegible] ও উৎসাহ প্রদর্শনের শিক্ষার প্রত্যক্ষ আদর্শ প্রচার করিয়া থাকেন। যেমন প্রেমকল্পতরুর মহামূল নিত্যসিদ্ধ ভগবৎপার্ষদ মহাভাগবতচূড়ামণি শ্রীমন্মাধবেন্দ্রপুরীপাদের অপ্রকট-সময়ে শ্রীঈশ্বরপুরীপাদের সেবাবৃত্তিই সম্প্রকাশিত হইয়াছিল, কিন্তু গুরু ও ভগবানের চরণে অপরাধের আদর্শ প্রদর্শনকারী রামচন্দ্রপুরীর তাহাতে অন্যরূপ বুদ্ধির উদয় হইল। রামচন্দ্রপুরী শ্রীল মাধবেন্দ্রপুরীপাদের ঐ প্রকার বিলাপ ও ক্রন্দন শুনিয়া বিচার করিয়াছিলেন—"ব্রহ্মবিৎ জনের কেনই বা ক্রন্দন করিবেন? তথা যে রোগের যন্ত্রণায় বা সাধারণ দেহাসক্ত জীবের ন্যায় ক্রন্দন করিতেছেন,—

"তুমি পূর্ণব্রহ্মানন্দ, করহ স্মরণ।
ব্রহ্মবিৎ হঞা কেন করহ রোদন?"

(চৈঃ চঃ)

রামচন্দ্রপুরী স্বয়ং-ভগবান্ শ্রীমহাপ্রভুকে প্রাকৃত জীবের ন্যায় মিথ্যা কপট মনে করিয়াছিলেন; কিন্তু ঈশ্বরপুরীপাদের সেই প্রকার বুদ্ধি হয় নাই। ইহাই শ্রীল মাধবেন্দ্রপুরীপাদের শিষ্যব্রুব রামচন্দ্রপুরীর সহিত শ্রীল মাধবেন্দ্রপুরী প্রভুর প্রকৃত বিশ্বস্ত শিষ্য শ্রীল ঈশ্বরপুরীর বিশিষ্টতা।

ঈশ্বরপুরী করে শ্রীপাদ-সেবন।
স্বহস্তে করেন মলমূত্রাদি মার্জন॥
নিরন্তর কৃষ্ণনাম করায় স্মরণ।
কৃষ্ণনাম, কৃষ্ণলীলা শুনায় অনুক্ষণ॥
তুষ্ট হঞা পুরী তাঁরে কৈলা আলিঙ্গন।
বর দিলা,—'কৃষ্ণে তোমার হউক প্রেমধন'॥
সেই হৈতে ঈশ্বরপুরী—'প্রেমের সাগর'।
রামচন্দ্রপুরী হৈল সর্বনিন্দাকর॥
মহদনুগ্রহ-নিগ্রহের 'সাক্ষী' দুইজনে।
এই দুই দ্বারে শিখাইলা জগজনে॥

(চৈঃ চঃ)

ঈশ্বরপুরীপাদ শ্রীগুরুপাদপদ্মের শিক্ষানুসরণ করিয়া ইহাও জানিয়াছিলেন যে, মহাভাগবতগণ যে অস্বাচ্ছন্দ্যের প্রদর্শন করেন, তাহা কর্মফলবাধ্য বদ্ধজীবগণের কর্মফলভোগ বা দেহেতে আবদ্ধ হইয়া ভগবৎসেবা হইতে বিচ্যুতি নহে। পূর্ণভাবে ভগবদ্দর্শন করিয়াও তাঁহারা বিচার করেন—"আমরা ভগবৎসেবা করিতে পারিলাম না"—"মথুরা না পাইনু বলি' করেন ক্রন্দন।" কৃষ্ণের পূর্ণতম ইন্দ্রিয়তর্পণের জন্য তাঁহাদের যে এইরূপ উৎকট ও তীব্র লালসা, তাহাই ভজনপরাকাষ্ঠা বা বিপ্রলম্ভ। তাই শ্রীচৈতন্যলীলার ব্যাস বলিয়াছেন,—

"যত দেখ বৈষ্ণবের ব্যবহার-দুঃখ।
নিশ্চয় জানিহ—সেই পরানন্দ সুখ॥
বিষয়-মদান্ধ সব কিছুই না জানে।
বিদ্যা-কুল-ধন-মদে বৈষ্ণব না চিনে॥"

(চৈঃ ভাঃ)

শ্রীমন্মহাপ্রভুর জ্বর-রোগাভিনয়, শ্রীল সনাতন গোস্বামী প্রভুর শ্রীঅঙ্গে কণ্ডুরসা রোগের অভিনয় শ্রীল কবিরাজ গোস্বামী প্রভুর জরাতুর হইবার অভিনয় প্রভৃতিকে যে-সকল আধ্যক্ষিক ব্যক্তি প্রারব্ধের বশ্যতায় বিতাড়িত হইয়া কর্মফলবাধ্য জীবের প্রারব্ধ ভোগসদৃশ মনে করে, তাহারা দুর্ভাগা ও বঞ্চিত। রোগশোকের মধ্যে জীবনের অনিত্যতা উপলব্ধি করিয়া যাহাতে ভগবৎসেবায় অধিকতর তীব্রভাবে উৎসাহিত ও প্রবৃত্ত হয়, তজ্জন্যই মহাপুরুষগণ ঐরূপ অভিনয় করিয়া থাকেন। ভগবানের নিজজনগণ যদি নীরোগে ও নানা বিপদ্ আপদ্, ক্লেশ-সঙ্কট, রোগ-শোকের মধ্যে অবস্থিত হইবার লীলা দেখাইয়াও হরিসেবার জন্য তীব্র চেষ্টা প্রদর্শন না করিতেন, তাহা হইলে এই ত্রিতাপের কারাগারে পতিত কর্মী বিমুখ জীবসমূহ কিছুতেই নিজের মঙ্গলের প্রতি উন্মুখ হইত না।

শ্রীভগবান বলিয়াছেন—

সমাহিতৈঃ কঃ করণৈর্গুণাত্মভি-
র্গুণো ভবেন্মৎসুবিবিক্তধাম্নঃ।
বিক্ষিপ্যমাণৈরুত কিং নু দূষণং
ঘনৈরুপেতৈর্বিগতৈ রবেঃ কিম্॥

(ভাঃ ১১।২৮।২৫)

অর্থাৎ আমার স্বরূপ যাঁহার নিকট সুব্যক্ত হইয়াছে, এরূপ মুক্ত ব্যক্তির ইন্দ্রিয়সকল সমাহিতই হউক, আর বিক্ষিপ্তই হউক, তাহাতে তাঁহার গুণদোষ আর কি হইবে? যেমন মেঘ উপস্থিতই হউক, আর বিগতই হউক, তাহাতে সূর্যের কিছুই হয় না, তদ্রূপ মুক্ত মহাভাগবতের ইন্দ্রিয়সকল বাহ্যদৃষ্টিতে বিক্ষিপ্ত দৃষ্ট হইলেও তদ্দ্বারা তাঁহারা অভিভূত হন না। অজ্ঞলোক সূর্যকে মেঘের দ্বারা আচ্ছাদিত দেখিয়া মনে করে, সূর্য মেঘাচ্ছন্ন হইয়াছে; বস্তুতঃ তাহা নহে, তাহাদের চক্ষুই মেঘের দ্বারা আবৃত হইয়াছে। স্বপ্রকাশ সূর্য নিরন্তরই নির্মল আছেন। মুক্তপুরুষগণের ইন্দ্রিয় বিক্ষিপ্ত হয় নাই, আমরাই বিক্ষিপ্ত-ইন্দ্রিয় হইয়া অহৈতুক হরিসেবাপরায়ণ মুক্তপুরুষগণকে রোগশোকাদিতে আচ্ছন্ন ও ক্লিষ্ট মনে করিতেছি।

আবার যদি আমরা দুর্বুদ্ধিবশে মনে করি, যখন মহাভাগবত বস্তুতঃ রোগশোকাদি দ্বারা ক্লিষ্ট নহেন, তখন আমরা তাঁহাদের সেবাশুশ্রূষা করিব না। কারণ, ক্লিষ্ট ও আর্তের জন্যই সেবার প্রয়োজনীয়তা। যিনি বস্তুতঃ ক্লিষ্ট নহেন তাঁহার শুশ্রূষার কি প্রয়োজন? এইরূপ বিচারে আবদ্ধ হইলে আমরা রামচন্দ্রপুরীর দ্বিতীয় সংস্করণ হইব। শ্রীল ঈশ্বরপুরীপাদ নিজ গুরুদেবকে রোগশোকাদিতে অনাসক্ত নিরন্তর ভজনতৎপর জানিয়াও স্বহস্তে শ্রীগুরুদেবের মলমূত্রাদি মার্জন করিয়াছিলেন; কারণ, শ্রীমদ্ ঈশ্বরপুরী লোকশিক্ষার জন্য জানাইয়াছিলেন, শ্রীগুরুদেব রোগের অভিনয় করিয়া শিষ্যকে এইস্থানে যে সেবার সুযোগ দিয়েছেন, সেই সুযোগ গ্রহণ না করিলে শিষ্যের পক্ষে সর্বনিরপেক্ষ মহাভাগবতের সেবা করিবার আর অন্য সুযোগ নাই। দেহাসক্ত জীবের জন্য শ্রীঅর্চাবতার পূর্ণকাম হইয়াও সাপেক্ষপ্রায়, সর্বজ্ঞ হইয়াও অজ্ঞপ্রায়, সর্বশক্তি হইয়াও অশক্তপ্রায়, রক্ষক হইয়াও রক্ষ্যপ্রায়, স্বামী হইয়াও যেন পালিতপ্রায় রূপ প্রদর্শন করেন। সেইরূপ প্রদর্শন না করিলে দেহাসক্ত জীবের সেবানুষ্ঠানের সুযোগ হয় না। নিষ্কিঞ্চন মহাভাগবতগণও তদ্রূপ সর্ববিধ অপেক্ষা রহিত হইয়া ত্রিগুণের সর্ববিধ বিক্রমের বন্ধন হইতে সর্বথা মুক্ত থাকিয়া সেবোন্মুখ জীবের সেবানুশীলনের সুযোগদানের জন্য ঐরূপ রোগিপ্রায়, সাপেক্ষপ্রায় রূপ প্রদর্শন করিয়া থাকেন, ইহাই তাঁহাদের জগজ্জনের প্রতি করুণার নিদর্শন। জগতের [illegible] অন্যপ্রকার আর্তের শুশ্রূষায় সুযোগ না করিয়া যাহাতে মহাভাগবতগণের শুশ্রূষার সুযোগ পাইয়া জীব অনাদিকালের দুর্দশারূপ বিষয় হইতে মুক্ত হন, তজ্জন্যই মহাভাগবতগণ ঐরূপ সুযোগ প্রদান করিয়া থাকেন। মহাভাগবতগণের শুশ্রূষা ও পরিচর্যাদির দ্বারাই জীবের পরম মঙ্গল সাধিত হয়। এইজন্য শ্রীল রূপগোস্বামী প্রভু শ্রীউপদেশামৃতে বলিয়াছেন,—

কৃষ্ণেতি যস্য গিরি তং মনসাদ্রিয়েত
দীক্ষাস্তি চেৎ প্রণতিভিশ্চ ভজন্তমীশম্।
শুশ্রূষয়া ভজনবিজ্ঞমনন্যমন্য-
নিন্দাদিশূন্যহৃদমীপ্সিতসঙ্গলব্ধ্যা॥

অর্থাৎ যাঁহার মুখে একবার কৃষ্ণনাম, তাঁহাকে মধ্যম অধিকারী ব্যক্তি কনিষ্ঠ-বোধে মনে মনে আদর করিবেন। যদি কনিষ্ঠাধিকারী দীক্ষিত হন তবে তাঁহাকে প্রণামাদি দ্বারা আদর করিবেন, আর যিনি কৃষ্ণ-ভিন্ন অন্য প্রতীতিরহিত, পরের নিন্দাদিশূন্যহৃদয়, যিনি ভজনবিজ্ঞ, সেইরূপ মহাভাগবতকে স্বজাতীয় আশয়ে স্নিগ্ধগণের মধ্যে সর্বাপেক্ষা শ্রেষ্ঠ সঙ্গ জানিয়া শুশ্রূষা দ্বারা আদর করিবেন।

কিন্তু ঐরূপ ভগবদ্ভক্তের স্বাভাবিক বা দেহগত কোনপ্রকার দোষ প্রাকৃতদৃষ্টিতে দর্শন করিয়া যদি অবজ্ঞা করা যায়, তবে বৈষ্ণবসেবালাভ হইবে না। তাই শ্রীউপদেশামৃতে শ্রীরূপপাদ উপদেশ করিয়াছেন,—

দৃষ্টৈঃ স্বভাবজনিতৈর্বপুষশ্চ দোষৈ-
র্ন প্রাকৃতত্বমিহ ভক্তজনস্য পশ্যেৎ।
গঙ্গাম্ভসাং ন খলু বুদ্বুদফেনপঙ্কৈ-
র্ব্রহ্মদ্রবত্বমপগচ্ছতি নীরধর্মৈঃ॥

এই প্রসঙ্গে অবস্থিত অহৈতুক হরিসেবাপরায়ণ ভগবদ্ভক্তের স্বভাবজনিত দোষ এবং দেহদোষ-সমূহের দ্বারা তাঁহাকে প্রাকৃতদর্শনে দেখিবে না। যেরূপ গঙ্গাজলে বুদ্বুদফেনপঙ্ক প্রভৃতি মিলিত হইলেও গঙ্গাজলের ব্রহ্মদ্রবধর্ম নষ্ট হয় না, তদ্রূপ অহৈতুক কৃষ্ণসেবাপরায়ণ ভগবদ্ভক্তকে বাহ্যদৃষ্টিতে শারীরিক ব্যাধি বা জরাদি-জনিত কুদর্শন, নীচবর্ণ, কর্কশতা প্রভৃতি দৃষ্ট হইলেও তিনি কখনও প্রাকৃত বুদ্ধির বিষয়ীভূত নহেন।

মহাভাগবত বা মুক্তপুরুষের যাবতীয় চেষ্টাই কৃষ্ণসেবাপর। তিনি ভোগ বা ত্যাগবুদ্ধিদ্বারা চালিত হইয়া কোন কার্য করেন না। শ্রীচৈতন্যচরিতামৃতে শ্রীসনাতনের-

পুরীপাত্রের কাদ্বাদি বিসর্জনের কথা শ্রবণ করিয়া কেহ যদি "মহাভাগবতের ঐরূপ চেষ্টা কেন থাকিবে" জিজ্ঞাসা করেন, তাহার উত্তরে ভগবান্ বলিয়াছেন,—

করোতি কর্ম ক্রিয়তে চ জন্তু-
র্কেনাপ্যসৌ চোদিত আনিপাতাৎ।
ন তত্র বিদ্বান্ প্রকৃতৌ স্থিতোঽপি
নিবৃত্ততৃষ্ণঃ স্বসুখানুভূত্যা॥
তিষ্ঠন্তমাসীনমুত ব্রজন্তং
শয়ানমুক্ষন্তমদন্তমন্নম্।
স্বভাবমন্যৎ কিমপীহমান-
মাত্মানমাত্মস্থমতির্ন বেদ॥
(ভাঃ ১১।২৮।৩০-৩১)

প্রাণি সকল কোন সংস্কার দ্বারা প্রেরিত হইয়া মৃত্যু পর্য্যন্ত কর্ম করে এবং বিকৃত হয়; কিন্তু বিদ্বান্ ব্যক্তি অর্থাৎ যিনি স্বরূপোপলব্ধ মুক্তপুরুষ, তিনি শরীরে বর্ত্তমান থাকিয়াও ভগবৎসেবানন্দ সুখানুভব-দ্বারা তৃষ্ণা হইতে নিবৃত্ত হন এবং কখনও কর্ম দ্বারা সংসারগতি প্রাপ্ত হন না। যাঁহার চিত্ত সর্ব্বদা ভগবৎসেবায় অধিষ্ঠিত, তিনি স্থিতিই করুন আর উপবেশনই করুন, গমনই করুন আর শয়নই করুন, প্রস্রাবই করুন আর ভোজনই করুন, কিম্বা অন্য কোন স্বাভাবিক কার্য্যই করুন কোন সময়েই দেহেতে আসক্ত হন না।

অন্বয় অনুশীলন

—::(০)::——

ভজনের প্রারম্ভেই সাধ্যসাধন-তত্ত্ববিজ্ঞান একান্ত প্রয়োজন। সম্বন্ধ, অভিধেয় ও প্রয়োজন সম্বন্ধে যথার্থ জ্ঞান লাভ না হইলে সাধনপথে বাস্তবিক কোন উন্নতির আশা করা যায় না; ইহা ভক্তি ব্যতীত অন্যান্য মার্গাবলম্বিগণও স্বীকার করেন। ভক্তি-পথাবলম্বীদিগের সম্বন্ধে এরূপ বলা হইয়াছে যে, অনর্থযুক্ত অবস্থায় প্রয়োজনতত্ত্বের অধিকারবহির্ভূত আলোচনা করা সঙ্গত নহে; কারণ উহাতে হিত অপেক্ষা অহিত ঘটিবার সম্ভাবনাই অধিক। অনর্থ প্রবল থাকা কাল পর্য্যন্ত সম্বন্ধ ও অভিধেয়ের বিশদ-আলোচনা হওয়াই সঙ্গত। ঐরূপ অনুকূল অনুশীলনের ফলে শ্রীগুরু ও বৈষ্ণবকৃপায় চিত্ত যতই নির্ম্মল হইবে, ততই সেই নির্ম্মল হৃদয়ে প্রয়োজনতত্ত্ব স্বতঃই স্ফূর্ত্তি পাইতে থাকিবে। প্রাকৃত-সহজিয়া-সম্প্রদায় এই তথ্যটি উপলব্ধি করিতে না পারিয়া সম্ভোগ-কলুষিত, অনর্থযুক্ত মনের সাহায্যে অপ্রাকৃত বৃন্দাবনগত লীলাদি আলোচনা করিতে গিয়া যে অসামঞ্জস্যের সৃষ্টি করে, উহা হইতে সরল, অজ্ঞান্ জীবগণকে রক্ষা করিবার জন্য ভক্তিকল্প আচার্য্য ও প্রচারকবৃন্দ পুনঃ পুনঃ সতর্ক করিয়াছেন—'অনর্থযুক্ত অবস্থায় অপ্রাকৃত রসতত্ত্ব আলোচনা করিতে যাইও না, করিলে মঙ্গলের পরিবর্ত্তে সর্ব্বনাশ হইবে'।

কিন্তু আমাদের অবিদ্যাপীড়িত চিত্ত প্রায়ই গুরুবৈষ্ণবের আদেশ-উপদেশের প্রকৃত অর্থ গ্রহণ করিতে না পারিয়া তাহার একটা কু-অর্থ কল্পনা করিয়া লয় এবং উহাই আবার নূতন একটা অনর্থের সৃষ্টি করে।

শ্রীগুরুবর্গের সতর্কবাণী বা শাসন-বাণীটি আমাদের মধ্যে অর্থহীন আনুষ্ঠানিক ক্রিয়াবাদে পর্য্যবসিত হইয়া গিয়াছে কিনা এবং উহার প্রকৃত-তাৎপর্য্য বিস্মৃত হইয়া কেবল নিষেধবাক্যেই আমাদের আগ্রহ আসিয়া যাইতেছে কি না—এটি বিচার করিয়া দেখা প্রয়োজন। শ্রীমন্মহাপ্রভুর দোহাই দিয়া সহজিয়াবাদ-নামে যে অতি জঘন্যতম সম্ভোগবাদ অতি দ্রুতবেগে বিস্তার লাভ করিতেছিল, উহার কবল হইতে সরল অথচ কোমলশ্রদ্ধ জীবগণকে রক্ষা করিবার জন্য শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর ও তাঁহার পরবর্ত্তী সময়ে শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী ঠাকুর বিপুল অভিযান করিয়াছিলেন। শ্রীশ্রীল প্রভুপাদের অপ্রাকৃত চরিত্রে প্রাকৃতসহজিয়া-মতবাদ-নিরসনই প্রধান-ভাবে লক্ষিত হয়। প্রাকৃতসহজিয়া মত নিরাস করিবার জন্যই শ্রীল প্রভুপাদ শ্রীমদ্ভাগবতের "অধোক্ষজ" শব্দের অপূর্ব্ব যৌগিক তাৎপর্য্য প্রকাশ করিয়াছিলেন। প্রাকৃতসহজিয়াদলনে এই "অধোক্ষজ" শব্দটিই ছিল শ্রীল প্রভুপাদের অব্যর্থ অস্ত্র। ভগবান্ ও ভগবৎসম্বন্ধী বস্তুর অধোক্ষজত্ব স্থাপন করিয়া শ্রীল প্রভুপাদ পুনঃ পুনঃ সতর্ক করিয়াছেন—'সাবধান! অপ্রাকৃত বস্তুর অধোক্ষজত্ব বিস্মৃত হইয়া তোমার সম্ভোগময় উন্মত্ত মনের ছাঁচে তাঁহাকে গড়িতে যাইও না; ঐরূপ চেষ্টা যদি করনা করিলেও তোমার মঙ্গলের আশা চিরতরে বিলুপ্ত হবে।'

দুর্ভাগ্য এমনই প্রবল যে, শ্রীল প্রভুপাদ বা মহাজনগণের এই সতর্কীকরণ আমাদের মধ্যে ক্রমশঃ নিয়মরক্ষার ব্যাপার হইয়া দাঁড়াইয়াছে। কেনই বা প্রাকৃত-সহজিয়া-মতবাদ নিরাসের এরূপ বিপুল উদ্যম এবং সেই নিরসনকার্য্যের পূর্ব্বে ও পরেই বা আমাদের আর কি কর্ত্তব্য রহিয়াছে তাহা ভাবিয়া দেখিবার প্রয়োজন আমরা বোধ করি না। ভজনে প্রবৃত্ত হইবার সময় সম্বন্ধ ও অভিধেয় সম্বন্ধে যেরূপ সুদৃঢ় বিশ্বাস থাকা প্রয়োজন, সেইরূপ প্রয়োজন সম্বন্ধেও আমাদের অন্ততঃ জানিয়া রাখা আবশ্যক—কি উদ্দেশ্যে আমরা এই পথ অবলম্বন করিলাম। প্রয়োজন বা উদ্দেশ্য যদি স্থির হইয়া না থাকে, তাহা হইলে অভিধেয়-ভক্তিযাজন বা সাধন যে শুদ্ধ হইতেছে, তাহা প্রমাণিত হইবার ত' কোন অবসরই থাকে না; আর সাত্ত্বিক অভিধেয় শুদ্ধভাবে আচরিত হওয়া সম্ভবপরও নহে। শাস্ত্র বলেন,—

সর্ব্বস্যৈব হি শাস্ত্রস্য কর্ম্মণো বাপি কস্যচিৎ।
যাবৎ প্রয়োজনং নোক্তং তাবত্তৎ কেন গৃহ্যতে॥

সমস্ত শাস্ত্রের অথবা কোন বস্তুর প্রয়োজনীয়তা যতক্ষণ না বলা হইতেছে, ততক্ষণ তাহা কেহ গ্রহণ করে না।

অন্বয়বিরহিত অভিধেয় বা সাধন ভক্তি নহে, অন্বয়-অনুশীলনই ভক্তি। অন্বয়-অনুশীলন বলিলে অন্বয়ভাবে—যুক্তভাবে অনুশীলন অথবা অন্বয়ের অনুশীলন অথবা অন্বয়রূপ অনুশীলন বুঝায়। অন্বয়—গুরু-কৃষ্ণ। নিজেকে তাঁহাদের শ্রীপাদপদ্মের ধূলিজ্ঞানে অর্থাৎ সম্বন্ধজ্ঞানে তাঁহাদের মনোহভীষ্টের সহিত নিজেকে যুক্ত বা অন্বিত করিয়া শ্রীগুরু-কৃষ্ণের যে বাস্তব অনুশীলন, পরন্তু কেবলমাত্র ব্যতিরেক আলোচনামাত্র নহে—তাহাই অন্বয়ভাবে অনুশীলন। আবার নিখিল জীবকুল অথবা যাবতীয় পদার্থকেই শ্রীগুরুপাদপদ্মের বৈভব সুতরাং নিজের পূজ্যবস্তুজ্ঞানে তাহাদিগকে শ্রীগুরুপাদপদ্মের সহিত অন্বিত করিবার যে প্রয়াস এবং শ্রীগুরুপাদপদ্মের কৃষ্ণানু-সন্ধানলীলায় যে অনুগত সেবা, তাহাও অন্বয়রূপ অনুশীলন। ভক্তির সর্ব্বত্রই ত' সেই অন্বয়ের কথাই রহিয়াছে। সম্বন্ধ, অভিধেয় ও প্রয়োজন সর্ব্বত্রই; অন্বয়, ব্যতিরেক ত' কোথাও নাই। প্রতি পদবিক্ষেপে এই অন্বয়ের বাস্তবসত্য যদি উপলব্ধির বিষয় না হয়, তাহা হইলে বস্তুবিহীন কৃষ্ণের অনুশীলনের ছলনা অর্থাৎ চিদ্বিলাস-ব্যতিরিক্ত মায়াবাদ, নতুবা কৃষ্ণ ব্যতীত গুরুভজনের অভিনয় অর্থাৎ জড়বিলাসব্যতিরিক্ত প্রকৃতিবাদই শেষ পরিণতি হইবে

সাময়িক-প্রসঙ্গ

শ্রীসচ্চিদানন্দমঠে সাপ্তাহিক অধিবেশন

গত ৬ই আগষ্ট রবিবার, কটকস্থিত শ্রীচৈতন্যমঠের অষ্টম শাখা কটক, শ্রীসচ্চিদা-নন্দ মঠের সাপ্তাহিক অধিবেশনে শ্রীচৈতন্য-ভাগবত হইতে শ্রীমন্মহাপ্রভুর গয়া হইতে শ্রীধামমায়াপুরে প্রত্যাবর্ত্তনের পর গঙ্গাদাস পণ্ডিতের অনুরোধে স্বীয় ছাত্রগণকে অধ্যাপনার নিমিত্ত উপবিষ্ট হইয়া বিষয়প্রাপ্তি-বৃত্তিতে সর্ব্বস্বরূপ-টীকায় শ্রীকৃষ্ণনামমহিমা-বর্ণন-প্রসঙ্গে—জগদ্গুরু শঙ্কর শ্রীকৃষ্ণনামরসে সর্ব্বদা বিভোর, তিনি পরমহংসাচারে দিগম্বর, সর্ব্বদা নিষ্কুণ্ঠ উপাসকরূপে শ্রীমদনগোপালকে তিনি শ্রীঅঙ্গে ধারণ করেন, শ্রীকৃষ্ণপাদপদ্ম-সেবৈকান্তিকতা হেতু তিনি শ্রীকৃষ্ণপ্রীত্যর্থে তদীয় চরণামৃত মস্তকে ধারণ করিয়া থাকেন, তিনি শ্রীকৃষ্ণনামকীর্ত্তনে পঞ্চমুখ, প্রচেতোগণ তাঁহাকে জগদ্গুরুরূপে বরণ করিয়া তদানু-গত্যে শ্রীকৃষ্ণপাদপদ্মসেবারসে সর্ব্বদা নিমগ্ন থাকেন, তাঁহাকে জগদ্গুরুরূপে বরণ করিলে তাঁহার শিষ্যত্ব বা দাসত্বের স্বরূপের পরিচয় পাওয়া যায়, তদ্ব্যতীত কৃষ্ণ ও রামাদি প্রমুখ অবতারের স্বতন্ত্র ঈশ্বর-বুদ্ধিতে তাঁহার পূজা করিতে গিয়া তাঁহার অধোক্ষজ স্বরূপের সন্ধানে ধ্বংসপ্রাপ্ত হয়, সর্ব্বমূল-স্বরূপ অচ্যুতের শ্রীপাদপদ্মসেবা করিলেই সমস্ত দেবতা-মনুষ্যাদির তৃপ্তি হয়, ইত্যাদি বহুকথা আলোচিত হয়।

উপস্থিত ভদ্রমহোদয়গণের মধ্যে নিম্নলিখিত ব্যক্তিগণের নাম বিশেষ উল্লেখযোগ্য—শ্রীযুত কপিলেশ্বর ছোট্রায় এম্-এ, অডিটর কো-অপারেটিভ সোসাইটী ব্যাঙ্ক, শ্রীযুত কাহ্নুচরণ মহান্তি, জমীদার, শ্রীযুত ওজরাম নায়ক বি-এ, শ্রীযুত বৈকুণ্ঠদাস প্রভৃতি। এতদ্ব্যতীত বহু বিদ্যার্থীবৃন্দও সভায় যোগদান করত মনো-যোগের সহিত শ্রীহরিকথা শ্রবণ করেন।

সাধুসঙ্গ সাধুসঙ্গ সর্ব্বশাস্ত্রে কয়। লবমাত্র সাধুসঙ্গে সর্ব্বসিদ্ধি হয়।

শুদ্ধভক্তি-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠ-শ্রীধাম

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া শ্রীব্রজপত্তন ভবনে শ্রীচৈতন্যমঠ, গন্ধর্ব্বিকা-গিরিধারী, শ্রীশ্রীগান্ধর্ব্বিকা গিরিধারী, গৌরাঙ্গ আচার্য্য চতুষ্টয় বিগ্রহ আছেন। অত্যাচীন গ্রন্থ-শ্রীভক্তিসন্দর্ভ ও শ্রীচৈতন্য-গ্রন্থাগার আছে।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১৬নং কালী প্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড় বাজার ২২০৫ কলিকাতায় শ্রীভক্তিবিনোদ-আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। নিয়ত পাঠ, কীর্ত্তন, প্রভাতফেরী যোগে শ্রীমদ্ভাগবতাদি ভক্তিগ্রন্থের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও সাপ্তাহিক পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়।

(৩) যোগপীঠ-মায়াপুর-শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব ভূমি যোগপীঠ।

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং ... বর্ত্তমান।

(৬) মুরারিগুপ্তের পাট

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৭) কাজি সমাধি-পাট

সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া) উহা গৌরকৃপা পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি।

(৮) ... শ্রীধাম মায়াপুর

(৯) শ্রীশ্রীস্বানন্দ সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)

এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)

গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ জাহান্নগর (বর্দ্ধমান)

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মাউগাছি, পোঃ ভারুইডাঙ্গা, (বর্দ্ধমান)

শ্রীব্যাসাবতার ঠাকুর বৃন্দাবনের স্থান

(১৩) ঋতুদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(১৪) জহ্নুদ্বীপ-গৌড়ীয়মঠানুগ

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ

গৌড়পুর, নদীয়া

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ

মাজিদা -(শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী) পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৭) কুলিয়াকুটির

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

(২০) মহেশ-পণ্ডিতের পাট

কাঠালপুলি, পোঃ চাকদা (নদীয়া)

(২১) প্রাণঘাট-গৌড়ীয়মঠাসন

(২২) পুরী গৌড়ীয়মঠ

চব্বিশ পরগণা

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ

নারিন্দা পোঃ ওয়ারি, ঢাকা।

পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র।

(২৪) গোপালজীউমঠ

কমলাপুর, পোঃ ঢাকা

(২৫) নিতাই-গৌরাঙ্গ মঠ

পোঃ বালিয়াটি, (ঢাকা)

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

বড়বাজার, পোঃ ময়মনসিংহ

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চকচকা, কামরূপ (আসাম)

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

৬নং গান্ধী রোড, দার্জ্জিলিং

(৩০) নারায়ণ-গৌড়ীয়মঠ

পোঃ নরিয়ার, জিঃ সাহারণপুর, ইউ, পি

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

মিঠাপুর পাটনা।

(৩২) গয়া গৌড়ীয়মঠ

মন্দা রোড, গয়া

(৩৩) সনাতন গৌড়ীয় মঠ

৮।১১ বড় গন্ধীবাগ, বেনারস সিটি

(৩৪) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

(৩৫) শ্রীপ্রপন্নাশ্রম মঠ,

পোঃ বিসয়াব, সীতাপুর (ইউ পি)

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়

বিশ্রামঘাট, পোঃ মথুরা

(৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ

শ্যামাবতপুর, বৃন্দাবন

(৩৯) ... -কৃষ্ণকুঞ্জ

পোঃ রাধাকুণ্ড (মথুরা)

(৪০) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪১) রাধাকুণ্ড - ...

(৪২) শ্রীগোবর্দ্ধনমঠালয়

গোবর্দ্ধন, মথুরা

(৪৩) সঙ্কেত বিহারী মঠ

বর্ষাণা, মথুরা।

(৪৪) নন্দগ্রাম গৌড়ীয়মঠালয়

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৫) বর্ষাণা গৌড়ীয়মঠালয়

পোঃ বর্ষাণা, মথুরা

(৪৬) গোষ্ঠবিহারী মঠ—সেবাকুঞ্জী,

পোঃ কোতোয়ালী, জেলা গুজরাট (পাঞ্জাব)

(৪৭) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

(৪৮) দিল্লী গৌড়ীয় মঠ

১২নং ... রোড, নিউ দিল্লী

(৪৯) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়াট্যাঙ্ক রোড, ... হিল রোড ৭

(৫০) মাদ্রাজ-গৌড়ীয় মঠ

পোঃ মাদ্রাজ, মাদ্রাজ

শ্রীশ্রীগৌরকৃষ্ণ-সেবা

(৫১) ... গৌড়ীয়মঠ

পোঃ ..., ... মাদ্রাজ

শ্রীশ্রীগৌরগোপাল ... -সেবা

(৫২) ... গৌড়ীয়মঠ

আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)

(৫৩) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত পোঃ পুরী, উড়িষ্যা

(৫৪) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৫) সত্যনাকুটী

(৫৬) শিশুপালবধ-গৌড়ীয়মঠ

পোঃ ভুবনেশ্বর, পুরী

(৫৭) সচ্চিদানন্দ মঠ

লালবাগ, পোঃ কটক (উড়িষ্যা)

(৫৮) বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ

(৫৯) শ্রীব্রজরাজগৌড়ীয়-প্রপন্ন-মঠ

পোঃ ... পাঞ্জাব

(৬০) ... মঠ

চিরুলিয়া, পোঃ ..., মেদিনীপুর

(৬১) কাঁথি গৌড়ীয়মঠ

পোঃ কাঁথি, মেদিনীপুর

(৬২) আমলাযোড়া প্রপন্নাশ্রম মঠ

পোঃ ... (বর্দ্ধমান)

(৬৩) চৈতন্যগৌড়ীয়মঠ

... পোঃ ... (বাংলা)

(৬৪) রেঙ্গুন গৌড়ীয়মঠ

৭০১ নং ... ষ্ট্রীট, রেঙ্গুন।

(৬৫) লণ্ডন-গৌড়ীয়মঠ

ফ্ল্যাট নং ১

৫১, ... রোড

... , লণ্ডন ডব্লিউ ৫

(৬৬) গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

১।১।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা

(৬৭) গৌড়ীয়মঠ অফিস

... রোড, ... (ইউ-পি)

(৬৮) শ্রীবিদ্যানিধি গৌড়ীয়মঠালয়

... , চট্টগ্রাম

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্ হইতে শ্রীনবগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত ও
শ্রীমহানন্দ ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

-ঃ(০)ঃ-

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায়		বিজ্ঞাপনের পৃষ্ঠায়	
	১ম ও ২য় দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য	১ম ও ২য় দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	।০	৷৴০	।৴০	।০
" " ইঞ্চি	৫৲		৩৷০	২৲
সিকিকলম	৫৲	৪৲		৩৲
" অর্দ্ধকলম	৮৲	৬৲	৬৲	৫৲
এক কলম	১৫৲	১০৲	১০৲	

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চি	৩৲	২৷০
" সিকি কলম	১৫৲	১২৲
" অর্দ্ধকলম	২৫৲	১৮৲
" এক কলম	৩৫৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)		৯৲
ষাণ্মাসিক	"	৫৲
ত্রৈমাসিক	"	২৷০
মাসিক	"	১৲

প্রতি সংখ্যা ৴৫ ; বিশেষ সংখ্যার মূল্য স্বতন্ত্র।

শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী

-ঃঃ(০)ঃঃ-

শ্রীল প্রভুপাদের চতুঃপঞ্চাশবর্ষপূর্ত্ত্যাবির্ভাব-তিথিতে শ্রীল আচার্য্যদেবের অভীষ্টানুসারে "শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী" প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। ইহাতে পূর্ব্বার্দ্ধ ও উত্তরার্দ্ধ দুইটি বিভাগ আছে। পূর্ব্বার্দ্ধে শ্রীল প্রভুপাদের আদি-প্রবন্ধাবলী শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের সম্পাদিত 'স-সজ্জিনী সজ্জনতোষণী,' শ্রীল প্রভুপাদের 'নিবেদন' সাপ্তাহিক পত্র প্রভৃতি হইতে কথাসার ও প্রয়োজনীয় অংশের টীকা-সহ প্রকাশিত হইয়াছে। উত্তরার্দ্ধে শ্রীল প্রভুপাদের সম্পাদিত 'সজ্জনতোষণী'র কতিপয় প্রবন্ধ কথাসার প্রভৃতির সহিত মুদ্রিত হইয়াছে। প্রবন্ধগুলি রচনাকালের ক্রমানুসারে গ্রথিত হইয়াছে; এতদ্ব্যতীত শ্রীল আচার্য্যদেবের একটি মূল্যবান্ উপোদ্ঘাত ও সঙ্কলনকারীর একটি বিস্তৃত ভূমিকা, শব্দ সূচী, গ্রন্থ-পাত্র-শ্লোক ও পয়ার-সূচী প্রভৃতি গ্রন্থে সংযোজিত হইয়াছে। গ্রন্থটী উৎকৃষ্ট কাগজে পারিপাট্যের সহিত মুদ্রিত ও শ্রীল প্রভুপাদের আলেখ্যাদিদ্বারা ভূষিত ও সুন্দর বাঁধাই হইয়া প্রকাশিত হইয়াছে। প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, জিলা নদীয়া; শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ও শ্রীমাধ্বগৌড়ীয়মঠ, নারিন্দা, পোঃ ওয়ারী, ঢাকা।

শ্রীল প্রভুপাদের পত্রপ্রসূন মালা

এই গ্রন্থে ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তি- সিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের রচিত পত্রাবলী শ্রীল আচার্য্যদেবের বিরচিত "সৌরভ" নামক ভাষ্যের সহিত প্রকাশিত হইয়াছে। শ্রীল প্রভুপাদের অনেক অপ্রকাশিত পত্র ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ।০ আট আনা।

শ্রীধাম-মায়াপুরে

—ঃ০ঃ—

—"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট"—

—ঃঃ০ঃঃ—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে; বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক খোলা। শিক্ষকগণ যোগ্য ও আদর্শচরিত্র। নিরামিষাশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। আহার ও দেখাশুনার জন্য মাসে মাত্র ৬৲ টাকা। এ বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। বর্ত্তমান বর্ষে ১৬ জন বালকের মধ্যে ১৫ জন ভালভাবে উত্তীর্ণ হইয়াছে।

মেধাবী ছাত্রগণের আরও সুবিধা

পরীক্ষায় যাহারা শতে শতকরা ৭৫ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ সচ্চরিত্র ধনহীন ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক-সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা সুশৃঙ্খলভাবে আলোচিত হইয়াছে। এই এক অপূর্ব্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

শ্রীচৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত্র অতিসুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ বিদ্যাবিনোদী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত ইহার ভিক্ষা মাত্র ৪৲ টাকা। প্রাপ্তিস্থান শ্রীযুত নবকিশোর ভক্তিশাস্ত্রী, শ্রীযোগপীঠ, শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীসরস্বতী-সংলাপ

প্রথম খণ্ড

শ্রীশ্রীব্রহ্মমাধ্ব গৌড়ীয়েশ্বরাচার্য্যবৈকসংরক্ষক জগদ্গুরু পরমহংসকুলচূড়ামণি নিত্যলীলাপ্রবিষ্ট ১০৮শ্রী শ্রীমদ্ ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামি-প্রভুপাদ বিভিন্ন জিজ্ঞাসু ও শুশ্রূষু সজ্জনবৃন্দের পরিপ্রশ্নোত্তরে ও সন্দেহ-নিরাকরণকল্পে যে-সকল শুদ্ধভক্তিসিদ্ধান্তবাণী কীর্ত্তন করিয়াছেন, যাহা তাঁহার প্রকটকালেই 'গৌড়ীয়' সম্পাদক শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ প্রভুপাদেরই শ্রীচরণে সংশোধিত করাইয়া রাখিয়াছিলেন এবং যাহার কিয়দংশ গৌড়ীয়পত্রে প্রকাশিত হইয়াছে, তাহা "শ্রীশ্রীসরস্বতী-সংলাপ" নাম ধারণপূর্ব্বক শ্রীল প্রভুপাদের 'প্রবন্ধাবলী' ও 'পত্রাবলী' আকারে খণ্ডে খণ্ডে প্রকাশিত হইতেছেন। বর্ত্তমানে শ্রীল প্রভুপাদের প্রথমবার্ষিক বিরহতিথিপূজা-বাসরে এই গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছেন। মানবজীবনের বহু অমীমাংসিত সমস্যা ও জটিল প্রশ্নের সমাধান ইহাতে পাওয়া যাইবে। ভক্তিগণের পারিবারিকেরই এই গ্রন্থ সংগ্রহ একান্ত প্রয়োজন।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপদেশক [illegible] আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর ভাক্তশাস্ত্রী সম্প্রদায়-বৈষ্ণবাচার্য্য [illegible]-এ মহোদয়ের গ্রেষণাপূর্ণ গবেষণা এবং পরিপক্ক লেখনীর অদ্ভুত বল আবাহন করিয়া তাঁহাকে বর্ণন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত্র-পাঠে মত্ত হউন। এই [illegible], অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিভিন্ন চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্ত্য [illegible] প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ [আ]লোচনা। প্রথম খণ্ড ৩০শ অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ [শ্রী]শ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), [প্র]কাশক ও গ্রন্থকর্ত্তার ভূমিকাদ্বয় (Preaces), বিষয়-তালিকা (Contents) ও [গ্র]ন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র-(Index Glossary) সহ [স]ম্প্রতি প্রকাশিত। ভিক্ষা—১৫৲ পনর টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, [রা]য়পেটা মাদ্রাজ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর [পো]ষ্ট—নদীয়া।

'ঠাকুর ভক্তিবিনোদ'

——:(০):——

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি-প্রচারের মূল কারণ সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবচূড়ামণির অতিমর্ত্ত্য জীবনচরিত এতাবৎকাল পর্য্যন্ত গ্রন্থাকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয়মঠাচার্য্যবরের অন্তেবাসী পরবিদ্যাশক্তিযুক্ত সু-লেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু গ্রন্থাবলীর নির্ঘণ্টাদিও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১২৫ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৫০ আনা; ডাক মাশুল স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান—ম্যানেজার গ্রন্থবিভাগ
শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

——:(০):——

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" [ও] বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে [প্র]কাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পার[মার্থি]ক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু ধর্ম্মগ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। [২]৪নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া [থা]কে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র [প্র]কাশিত হইতেছে।

ই, বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্টাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	৪-৩৬	৬ ২৬	৭-০৬	১২-২৬	১৪-৫৬	১৬-৫৬	১৭-৫৬	২২-২৬
রাণাঘাট পৌঃ			৮-২৮	১৪-১৫				
(বদল) ছাঃ			৯-৩৩	১৪-৫০				
কৃষ্ণনগর পৌঃ	৭-১	৮-৪৫	১০-৮	১৫-২৩	১৭-২৮	১৯-০৮	২০-১৬	১-১৫
(বদল) ছাঃ	৭-১২		১০-৩১		১৭-৩৮		২০-২৬	
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫১		১১-১০		১৮-১৬		২১-৫	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬	
রাণাঘাট পৌঃ	১২-৫৫	
ছাঃ	১৩-০	
শান্তিপুর পৌঃ	১৩-২৬	
(বদল) ছাঃ	১৩-৩১	(লাইট রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪-১২	
ছাঃ	১৪-৩০	
নবদ্বীপঘাট পৌঃ	১৫-১০	

ডাউন

নবদ্বীপঘাট ছাঃ	৫ ৪৫		৯-১০		১৩-৩১	১৬-০	১৮-৩১	
কৃষ্ণনগর পৌঃ	৬ ২৩	৯-১৬	৯-৫৮	১১-৪১	১৪-১০	১৬-৩৮	১৯-১১	২১-১৩
ছাঃ	৬-৩৬	৭-১৮	১০-১১			১৬-৫৬	১৯-২৫	
রাণাঘাট পৌঃ			১০-৪৬			১৭-৩০		
(বদল) ছাঃ			১১-১			১৭-৪৩		
কলিকাতা পৌঃ	৬-১৬	৯-২১	১১-৫১	১২-১৬	১৪-১৬	১৯-১১	২১-৪১	২৩-০৭

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৩-৩১	১৬-০		
কৃষ্ণনগর পৌঃ	১৪-১০	১৬-৩৮		
ছাঃ	১৫-২৮	১৭-৩০		
শান্তিপুর পৌঃ	১৬-৯	১৮-১৪		
(বদল) ছাঃ	১৬-৩৩	১৮-২৫	(শনিবার ভিন্ন)	২০-৪০ (শনিবার)
রাণাঘাট পৌঃ	১৭-১০	১৮-৫০		২১-১৫
(বদল) ছাঃ	১৭-৪৩	১৯-১৪		২১-৫০
কলিকাতা পৌঃ	১৯-১১	২০-৪০		২৩-০৭

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

মেহারির পাচন

সর্ব্ববিধ মেহরোগের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাট্‌তি এত অধিক। শিতার [illegible] সংযুক্ত কালাজ্বর এবং নূতন [illegible] একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। [মূল্য]—ছোট বোতল ৷৵০ দশ আনা, বড় বোতল ১৷৵০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা
অথবা
পোঃ বেহালা, ২৪ পরগণা।

পোঃ—শ্রীমায়াপুর
টেলিগ্রাম—'শ্রীধাম
মায়াপুর'

REGD NO C 1544

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৪শ খণ্ড | শ্রীমায়াপুর— ২৭শে শ্রাবণ, ১৩৪৬ ১২ই আগষ্ট, ১৯৩৯, শনিবার | ১৪১শ সংখ্যা

বিবিধ সংবাদ

-:০:-

হাওড়া জেলার সর্ব্বত্র বন্যার ধ্বংসলীলা উলুবেড়িয়ায়

হাওড়া জেলার উলুবেড়িয়া মহকুমার অন্তর্গত বাগনাপুর, চণ্ডীপুর, জুয়ারগোড়, প্রভৃতি কয়েকটি ইউনিয়নের অসংখ্য গ্রাম দামোদরের বন্যায় জলমগ্ন হইয়াছে। গত কয়েক দিন, বার দিন অবিরাম বৃষ্টিপাত হইয়া রাস্তাঘাট, পুষ্করিণী, মাঠ, ঘাট, ডুবিয়া গিয়া, তাহার উপর চার পাঁচ জায়গায় বাঁধ ভাঙ্গিয়া দামোদরের প্রবল বন্যা বড় বড় ফাটলের মধ্য দিয়া প্রবেশ করিয়া উক্ত ইউনিয়নগুলির অসংখ্য গ্রাম একেবারে ডুবাইয়া দিয়াছে। দোকানের উপর জলের গভীরতা সাত আট ফুটেরও বেশী। তিন চারিদিন অনবরত চেষ্টা করিয়াও বন্যার গতি রোধ করিতে না পারায় অনেকে গ্রাম, বাড়ী ছাড়িয়া দূরবর্ত্তী স্থানে পলায়ন করিয়াছে; বাকী শত শত লোক কটক রোডের উপর অনাহারে অনিদ্রায় উন্মুক্ত স্থানে দিন কাটাইতেছে শুনা যাইতেছে। রাস্তার জল আরও ৪ ফুট বেশী, সেই জল যদি তাহার উপর এ দিকে আসে তাহা হইলে একমাত্র আশ্রয়স্থল উক্ত কটক রোড যদি যায়, তাহাও জলমগ্ন হইবে। স্থানীয় যে সব সহৃদয় ব্যক্তি দিবা-রাত্র অক্লান্ত পরিশ্রম ও অর্থ ব্যয় করিয়া নৌকার সাহায্যে বিপন্ন ব্যক্তিগণকে ও গরু বাছুর গুলিকে উদ্ধার করিতেছেন। বন্যার প্রকোপ এত ব্যাপক যে আর সরকারী সাহায্য ও জনসাধারণের সহানুভূতি না পাইলে সত্বর শত শত নর-নারী সন্তান-সন্ততি ও বাছুর নিরাশ্রয় হইয়া প্রাণ হারাইবে। এ বিষয়ে উলুবেড়িয়া মহকুমার মহামান্য ম্যাজিষ্ট্রেট বাহাদুর ও কলিকাতার বিভিন্ন প্রতিষ্ঠানের দৃষ্টি আকর্ষণ করিতেছে।

নদীয়ায়

গত ১০।১১ দিন যাবৎ এখানে অবিরাম বড় বৃষ্টির ফলে বহু ফসল জলে ডুবিয়া নষ্ট হইয়া গিয়াছে। বহু বাড়ী ভূমিসাৎ হওয়ায় লোকজনের বিশেষ অসুবিধা হইয়াছে। মকরন্দা ও গোপালপুর গ্রামে দুইটী বাড়ীতে ঘরের দেওয়াল চাপা পড়িয়া কয়েকটী স্ত্রীলোক তাহাদের ছেলে-মেয়ে সহ ভীষণভাবে আহত হইয়াছে।

পোল্যাণ্ড যদি আক্রান্ত হয় সোভিয়েট নিরপেক্ষ থাকিবে না

'ইজভেস্তিয়া' পত্রিকায় 'পঁচিশ বৎসর পরে' শীর্ষক এক প্রবন্ধে যুদ্ধকালে সোভিয়েট কি নীতি অনুসরণ করিবে তাহা ব্যাখ্যা করা হইয়াছে। স্পষ্টতঃই এই ঘোষণার পূর্ণ সরকারী অনুমোদন রহিয়াছে। এই ঘোষণার একমাত্র মর্মার্থ এই যে, জার্মানী ও পোল্যাণ্ডের মধ্যে যদি যুদ্ধ বাধে, তাহা হইলে রাশিয়া নিরপেক্ষ থাকিবে না।

"দ্বিতীয় সাম্রাজ্যবাদী যুদ্ধ সমগ্র পৃথিবীতে পরিব্যাপ্ত হইবার সম্ভাবনা দেখা দিয়াছে। ১৯১৪-১৯১৮ সালে বলশেভিকরা নিষ্ক্রিয় শান্তিবাদী ছিল না, এখন তো আরও নয়। তাহারা শান্তির আদর্শের প্রতি একান্ত অনুরক্ত। ফ্যাসিষ্ট আক্রমণ বন্ধ করিতে সর্ব্ব এক সাধারণ "শান্তি সঙ্ঘ" গঠন করিতে তাহারা অভিলাষী; এই সঙ্ঘ পূর্ণ পারস্পরিক সহযোগিতা, পূর্ণ সমান অধিকার এবং অকপট ও দৃঢ়ভাবে সর্ব্বপ্রকার 'নিরপেক্ষতা নীতি' বর্জনের উপর প্রতিষ্ঠিত হইবে। সোভিয়েট ভূমির সীমান্তে দ্বিতীয় সাম্রাজ্যবাদী যুদ্ধের আগুন যে ফ্যাসিষ্ট দস্যু জ্বালাইতে সাহসী হইবে তাহাকে সম্পূর্ণরূপে বিধ্বস্ত করিতে বলশেভিকরা আজ প্রস্তুত।"

ইঙ্গ-জাপ আলোচনা

গ্রীষ্মাবাস হাকোন-এ সপ্তাহ শেষের ছুটি যাপন করিয়া স্যার রবার্ট ক্রেগী টোকিওতে ফিরিয়াছেন। আশা করা যায়, এক সপ্তাহ পূর্ব্বে স্থগিত ইঙ্গ-জাপ আলোচনা আবার আরম্ভ হইবে। স্যার রবার্ট লণ্ডন হইতে নূতন নির্দ্দেশ প্রতীক্ষা করিতেছেন।

জাপানী পর্য্যবেক্ষকগণের বিশ্বাস, এই আলোচনাতেই বৈঠকের ভাগ্য নির্দ্ধারিত হইয়া যাইবে। তবে তাঁহারা সফল হইবে বলিয়া আশান্বিত, কেহ কেহ বলিতেছেন তিয়েনৎসিনে শান্তি ও শৃঙ্খলা রক্ষা সম্পর্কে এখানে যে চুক্তি হইয়াছে বৃটিশ গবর্ণমেণ্টের নির্দ্দেশপত্রে তাহা স্বীকার করিয়া লওয়া হইবে এবং যে মুদ্রা সমস্যা লইয়া বর্ত্তমান অচল অবস্থার সৃষ্টি হইয়াছে, তাহার সমাধানকল্পে স্পষ্ট প্রস্তাব থাকিবে।

প্রকাশ, মিঃ আরিতা মন্ত্রিসভার বৈঠকে বলেন যে, লণ্ডন হইতে নূতন নির্দ্দেশ আসিতেছে, যদিও তাঁহার ঐ কথা বলার সময় বৃটিশ নির্দ্দেশ সম্পূর্ণ প্রস্তুত হয় নাই বলিয়া জানা গিয়াছে। ইহা হইতেই দেখা যায় যে, শীঘ্রই ইঙ্গ-জাপ-আলোচনা আবার আরম্ভ হইবে।

পাশ্চাত্যের পরিস্থিতিতে জাপানের উৎকণ্ঠা

মন্ত্রিসভার বিশিষ্ট কয়েকজন সভ্যের এক বৈঠকের পর মন্ত্রিসভার চীফ্ সেক্রেটারী বলেন যে, সভায় 'ইউরোপীয় পরিস্থিতির বিষয় আলোচিত হয়, কিন্তু কোনও সিদ্ধান্ত হয় নাই।' বিশিষ্ট মন্ত্রীদের সভায় ঐ সম্বন্ধে আরও আলোচনা হইবে।

মন্ত্রিসভার উল্লিখিত বৈঠকের পর সমর সচিব জেনারেল ইতাগাকি সমর বিভাগের দপ্তরখানার কর্ম্মকর্তাদের এক সভা আহ্বান করেন। বিশিষ্ট মন্ত্রীদের আগামী বৈঠকে সেনাদলের মনোভাব কি সে সম্বন্ধে আলোচনার জন্য তাঁহাদের মনোভাব অবগত হইতেই সমর-সচিব উক্ত সভা আহ্বান করেন।

ভারত হইতে সিঙ্গাপুরে দলে দলে সৈন্য আমদানী

এ পর্য্যন্ত প্রায় ৪২ হাজার সৈন্য ভারত হইতে সিঙ্গাপুরে পৌঁছিয়াছে। ১৪শ সংখ্যক পাঞ্জাবী রেজিমেন্টের একটি বাহিনী সর্ব্বশেষ এখানে পৌঁছিয়াছে। ঐ সেনাদল ট্রেণে পেনাং রওনা হইবে। এই সপ্তাহ অন্ততঃপক্ষে আরও দুইখানি সৈন্য বোঝাই জাহাজ সিঙ্গাপুরে পৌঁছিবে। ইহাতে গোলন্দাজ, পরিখা খননকারী, চিকিৎসক ও সেনাদলের প্রয়োজনীয় অন্যান্য সব শ্রেণীর লোকই থাকিবে।

গোলন্দাজ, এম্বুলেন্স প্রভৃতি সৈন্য-বাহিনীর পূর্ণতাসাধনে যে সব লোকজন প্রয়োজনীয়, সবই ঐ দুই জাহাজে আসিয়া পৌঁছিবে।

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল সরস্বতীঠাকুরের পরবিদ্যাভূষণ গোস্বামী মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক। প্রতি একাদশীতে প্রকাশিত হয়। কলিকাতা বাগবাজারস্থ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। সডাক ভিক্ষা ৪।০ টাকা মাত্র।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৷০ টাকা মাত্র।

৩। ভাগবত—হিন্দিভাষায় একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ টাকা মাত্র

৫। শ্রীগৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ মাত্র।

পরমগুরু শ্রীগৌরকিশোর

গৌড়ীয়-সম্পাদক-লিখিত, শ্রীগৌড়ীয়মঠাচার্যের ভূমিকা-সম্বলিত, বহুচিত্র-শোভিত ও বিষয় সূচী-সম্বলিত "পরমগুরু শ্রীগৌরকিশোর" গ্রন্থরাজ প্রকাশিত হইয়াছেন। এই গ্রন্থরাজে শুদ্ধগৌড়ীয়বৈষ্ণবজগতের পরমারাধ্য, গৌড়ীয়গৌরবশিখামণি অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ নিত্যলীলাপ্রবিষ্ট পরমহংস ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল গৌরকিশোরদাস গোস্বামী প্রভুবরের অপূর্ব্ব চরিতকথা বর্ণিত আছে।

শ্রীশ্রীভক্তিবিনোদাবির্ভাব-শতবর্ষপূর্ত্তিতিথিপূজার উপায়ন-গ্রন্থমালা

———::(*):::———

১। গীতিসাহিত্যে শ্রীভক্তিবিনোদ

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র গীতিসাহিত্যের সমালোচনা-গ্রন্থ)

ভিক্ষা—৸৹ বার আনা মাত্র।

২। শ্রীভক্তিবিনোদবাণীবৈভব

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের বচনামৃতসাগর হইতে আহৃত ১০৮টি অধ্যায়ে সম্বন্ধ-অভিধেয়-প্রয়োজনাকারে গুম্ফিত অমূল্য উপদেশপূর্ণ গ্রন্থ)

ভিক্ষা—৩৲ তিন টাকা মাত্র।

৩। শ্রীশ্রীভক্তিবিনোদ-প্রসঙ্গ

ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ ও ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল সরস্বতীঠাকুরের পরবিদ্যাভূষণ গোস্বামীপ্রভু-বিরচিত এবং গৌড়ীয়ে প্রকাশিত শ্রীশ্রীভক্তিবিনোদ-চরিত-প্রসঙ্গ

ভিক্ষা—৷৵৹ ছয় আনা মাত্র।

৪। ছাত্রদের ভক্তিবিনোদ

(ছাত্রদের উপযোগী ভাষায় লিখিত শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্র ও শিক্ষা)

ভিক্ষা—৸৹ বার আনা মাত্র।

ছাত্রদের পক্ষে ভিক্ষা—৷৹ আট আনা মাত্র)

প্রাপ্তিস্থান :—

(১) 'ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্', পোঃ শ্রীমায়াপুর, নদীয়া ;

২) শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ;

৩ শ্রীযুক্ত ভূপতিরঞ্জন দাস এম্-এ, বি-এল্, পুরাণপল্টন পোঃ রমনা, ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্,—সমগ্র ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ২৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। ভাষ্যত্রয় বিরাট শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৬৲
৩। অনুভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬
৪। সারস্বতী-জয়শ্রী (অবাঁধা) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸৹ ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸৹
৪র্থ খণ্ড—৸৹
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸৹; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸৹
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার-দীপিকা ও সংস্কার দীপিকা ১।০
৯। বৈষ্ণবদর্শন ২৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা)
১২। শ্রীনবদ্বীপাভূর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸৹
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ।০
১৫। বৈষ্ণবসাহিত্যে নিত্যৎ-তত্ত্ব ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸৹
১৭। চৈতন্যোপনিষদ ।০
১৮। বাদন-আলয় ।০
১৯। ধর্ম্মবিবেক ।০
২০। গৌড়ীয়-গৌরব ।৵০
২১। গৌড়ীয়সাহিত্য ।৵০
২২ ভক্ত-হৃদয়
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা সহ) ২৲
২৫। গীতা (চক্রবর্ত্তি টীকাসহ) ৩৲
অবাঁধা) ১৲
২৬। গীতার কেবল মাত্র ভাষ্য ।০
২৭। মুক্তিপ্রদকা গণগৌরভঃ (সাড়ম্বর) ২৲
২৮। দেবানন্দ্রসার (সাড়ম্বর) ।০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৸৹
৩০। দীপ-দিগ্-দর্শন ৵০
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ।৵০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ।০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶০
৩৫। শ্রীকৃষ্ণমালা ৴১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৵০
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৵০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০
৩৯। শ্রীগোদ্রুমকল্পতরু ।০
৪০। শরণাগতি ৴০
৪১। গীতাবলী ৴০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
৪৩। সাধনতত্ত্ব ৴০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ৴
৪৫। নবদ্বীপশতক
৪৬। অর্চ্চনপদ্ধতি
৪৭। সদাচারস্মৃতিঃ ০৴
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৴১০
৪৯। অর্চ্চনকণ ৴১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম ও ২য় খণ্ড) ৬৲
৫১। ব্রহ্মসংহিতা ।০
৫২। মণিমঞ্জরী (সাড়ম্বর) ।০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ-বিনির্ণয় ।০
৫৫। ভজনরহস্য বা নামাপরাধভঞ্জন ।০
৫৬ আম্নায়সূত্র ও তত্ত্বদর্শন ৶০
৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ)
৫৮। শ্রীকৃষ্ণদেবস্তব ৶০
৫৯। শিক্ষাদর্শন ৵০
৬০ সাংখ্যবাণী ৴০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।০
৬২। সিদ্ধান্ত সরস্বতী বিজয়ঃ ।০
৬৩। সটীক-নিত্যাকর্ম্মসূত্রম্ ।০
৬৪। ভক্তস্তবম্ ।০
৬৫। সাড়ম্বর শিক্ষাষ্টকম্ ৵০
৬৬। গৌড়ীয়মঠপরিচয়ঃ ৴০
৬৭। সারার্থদর্শিনী ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।০
৬৯। এ কিউ এরর্ গার্ডেন অব নেভাদ ।০
৭০। নামভজন ৴০
৭১। বেদান্ত—ইটস মরফলজী অ্যাণ্ড অন্টলজি ।০
৭২। রিলেটিভ ওয়ার্ল্ড'স ।৵০
৭৩। লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস অব শ্রীচৈতন্য মহাপ্রভু ।০
৭৪। বৈষ্ণবীজম ।০
৭৫। শোরাট গৌড়ীয়মঠ টাউ গুইট ৴০
৭৬। দি ভাগবত ।০
৭৭। ইবোল্ট প্রিন্সিপাল অ্যাণ্ড আনব্যালেন্সড ডিভোশন ।০
৭৮। ব্রহ্মসংহিতা ২।০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (প্রথম খণ্ড) ১৫৲

অসমীয়ায় প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ।০
৮১। সাধন-পথ ।০
৮২। কল্যাণ-কল্পতরু ৶০
৮৩। গীতাবলী ৴০
৮৪। শরণাগতি ৴০

তামিল ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ৴০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ৬৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

একমাত্র পারমার্থিক দৈনিক-পত্র

শ্রীধাম-মায়াপুর-নদীয়া

১৪শ বর্ষ { ২৭ পুরুষোত্তম ৪৫৩ গৌরাব্দ, ১৭শে শ্রাবণ [illegible] ১৩৪৬, [illegible] আগষ্ট [illegible] ১৯৩৯, শনিবার } ১৪১৭ সংখ্যা

"আমার গুরুপাদপদ্মের নিন্দা-কারী বা ঐরূপ নিন্দাকারীর কোন-রূপে প্রশ্রয় দেন যিনি, সেরূপ অমঙ্গলকারী পাষণ্ডীর মুখ যেন আমার দর্শন-পথে না আসে।"

(শ্রীল প্রভুপাদ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

২৭ পুরুষোত্তম, অব্দ শ্রীগৌরাঙ্গাব্দ ৪৫৩

গণমত ও সিদ্ধান্ত

হরিভজনের সর্বপ্রধান অন্তরায় কনক, কামিনী ও প্রতিষ্ঠা। কনক-কামিনী-প্রতিষ্ঠা না ছাড়িলে জীব হরিভজন করিতে পারে না। হরিভক্তি অন্যাভি-লাষিতাশূন্যা, জ্ঞানকর্মাদির দ্বারা অনাবৃতা—ভোগ-মোক্ষরহিতা। নিষ্কিঞ্চন ভগবদ্ভক্ত লাভ, পূজা, প্রতিষ্ঠাদি প্রাপ্তির কোন আশা রাখেন না। কোন অভিলাষাদি না থাকায় তাঁহারা শান্ত। তাঁহারা শান্ত-ভাবে— একনিষ্ঠভাবে— একলক্ষ্যভাবে—একের সুখের জন্যই নিত্যকাল ধীরস্থিরভাবে অবস্থান করেন। গুরুবৈষ্ণব-ভগবানের সুখবিধান ব্যতীত তাঁহাদের আর অন্য কোনও কৃত্য নাই। তাঁহারা জানেন, গুরু বৈষ্ণব-ভগবান্‌ই একমাত্র সেব্যবস্তু। সুতরাং একমাত্র পরমসেব্যবস্তুর সেবা ছাড়া সেবক জীবের অন্য কোন কাজ নাই বলিয়া তাঁহারা কায়মনোবাক্যে, সর্বেন্দ্রিয়ে, সর্বতো-ভাবে, ধীর, স্থির, একলক্ষ্য হইয়া নিশ্চিন্তে হরিসেবা করিয়া যান। তাঁহারা নিষ্কিঞ্চন। তাঁহারা এ জগতের কোন কিছুর মুখাপেক্ষী নহেন বলিয়া তাঁহাদের প্রাণপ্রভুর সেবায় কেহই বাধাপ্রদান করিতে পারে না। প্রাণ-প্রভুর সেবা তাঁহারা প্রাণে প্রাণে—সর্বান্তঃ-করণে করিয়া থাকেন। তিনি যে কি প্রকারে তাঁহার একমাত্র আরাধ্যের আরাধনা করেন, সে কথা এই বিশ্বের কেহই ঘুণাক্ষরেও জানিতে পারে না; যদি তিনি কৃপা করিয়া কাহাকেও তাঁহার প্রাণের সেবার কথা না জানাইয়া দেন। কিন্তু তিনি বড় দয়াল! একটু শরণাগত, একটু সেবোন্মুখ দেখিলেই তাঁহার নিকট গুরু-মহিমাকীর্তনে অনর্গলমুখ হন। সিদ্ধান্তবিৎ গুরুসেবক কখনও গণগড্ডলিকাস্রোতে ভাসিয়া চলেন না। তিনি কোনও বাদ-প্রতিবাদের মধ্যে থাকেন না। প্রত্যেকটী কথাই ভক্তিসিদ্ধান্ত-সম্মত কিনা তাহা তিনি সাধু-শাস্ত্র আচার্যবাণীদ্বারা পরীক্ষা করিয়া দেখেন। জগতের প্রায় শতকরা শতজন লোকই বহির্মুখ গণগড্ডলিকাস্রোতেই গা ভাসাইয়া চলে। তাহারা আচার্যের অপ্রতিদ্বন্দ্বী বাস্তবসিদ্ধান্ত, শাস্ত্রবাণী বা সাধু-গুরুর বাক্যসমূহকে গণমতের দ্বারা বিচার করাইতে চাহে। এই সকল গণগড্ডলিকা-[illegible] ব্যক্তি শ্রৌতপথ, শ্রৌতসিদ্ধান্ত বা আম্নায়-[illegible] কোন কথাই জানে না। [illegible] সম্প্রদায়ের যে কেহই [illegible] হউক, কিম্বা [illegible] বিদ্যা [illegible] হউন, তাহারা সকলেই বঞ্চিত। নাম-মাত্রের দ্বারা অধোক্ষজ-ভক্তির কথা কি করিয়া বুঝিবে? যাহারা ভ্রম, প্রমাদ, বিপ্রলিপ্সা, করণা-পাটবাদি দোষে দুষ্ট, তাহারা [illegible]-[illegible] বিশুদ্ধ আচার্যের আচরণ কি করিয়া বুঝিবে? 'অপ্রাকৃত নহে কভু প্রাকৃত গোচর।' সুতরাং মহাসুজ্ঞ, [illegible] অধোক্ষজ ভক্তি-[illegible] কি করিয়া [illegible]? '[illegible] বা আচার্যের সিদ্ধান্তে ভ্রম প্রমাদ আছে'—এই সকলের আরোপ যেখানে, সেখানে ভক্তির কোন কথা নাই, সেখানে [illegible] প্রত্যেক কথাকে বেদবাণী বলিয়া মানিতে পারেন না, সেখানে, সিদ্ধান্তের কোন কথা নাই। সেখানে গুরুদেবে সন্দেহ, গুরুবাক্যে অবিশ্বাস, সেখানে আর [illegible] কোথায়? গুরু ও গুরুবাক্যে সন্দেহ করিলে শিষ্যপদবী লাভ করা যায় না। "মহাজন যেই কহে, সেই সত্য মানি।"—যেখানে এই বিচার—যেখানে "কৃষ্ণ সে তোমার, কৃষ্ণ দিতে পার, তোমার শকতি আছে। আমি ত' কাঙ্গাল, কৃষ্ণ কৃষ্ণ বলি, ধাই তব পাছে পাছে।" এই বাণীর অনুসরণে কৃষ্ণসেবাবিতরণকারী আচার্যের অনুসরণ, আচার্যের কৃপায় [illegible] সেইখানেই ভুক্তি সেইখানেই বিষ্ণুত্ব, সেইখানেই সেবকত্বের বিচার।

[illegible] সব কিছুই না জানে।

[illegible] মনে [illegible] না চিনে।

যাহারা [illegible] পণ্ডিত, শাস্ত্র-[illegible] করে—[illegible] সাধু, গুরু, আচার্য, [illegible] প্রকৃত তাৎপর্য বুঝিতে পারে না। তাহারা [illegible] সাধু, বৈষ্ণব, গুরুর গুরুত্ব বিচার করিতে যায়। [illegible] তাহারা [illegible] পারে না। বৈষ্ণবকে অবৈষ্ণব ও অবৈষ্ণবকে বৈষ্ণব বলিয়া [illegible] করে। তাহারা [illegible] সাধুকে সাধু, গুরুকে গুরু, [illegible] কিন্তু যখন তাহাদের [illegible] না [illegible] পায়, তখন সেই সাধু, [illegible] আসল [illegible] প্রকৃত সাধু, গুরু, আচার্যের [illegible] বোকা [illegible] হয়। তখন [illegible]—[illegible] সাধুকে [illegible] প্রদান করে। এই সকল [illegible] কখনও প্রকৃত আচার্য, গুরু, বৈষ্ণব [illegible] নিত্য সত্য বস্তুকে চিনিতে সমর্থ হয় না। ইহারা নিজেরা চরিত্রহীন হওয়ায় নিষ্কলঙ্ক সাধু-গুরু-বৈষ্ণবও তাহাদেরই মত চিত্তবৃত্তিবিশিষ্ট না হইয়া থাকিতে পারেন না—এরূপ মায়ারে করিয়া জয় ছাড়ান না যায়। সাধু-গুরু-কৃপা বিনা না দেখি উপায়।

কল্পনা করে। চরিত্রহীন সম্প্রদায়ের সহিত তাহাদের প্রাণে প্রাণে মিল হয় বলিয়া তাহারা চরিত্রহীনতাকেই বৈষ্ণবতা, আদর্শ সাধু, গুরু, বৈষ্ণব বলিয়া থাকে। ইহারা অকপট, নির্ম্মৎসর, অনন্যভজনপরায়ণ, অপ্রাকৃত, পরম পবিত্র বৈষ্ণবগণকে হিংসাবশে নিন্দা করিয়া থাকে এবং তাহাদেরই ন্যায় চরিত্রহীন সম্প্রদায়কে সাধু, গুরু বলিয়া প্রশংসা করিয়া থাকে। ঐ সকল মৎসর ব্যক্তি কখনও সদ্‌গুরুপাদাশ্রয় করে নাই। তাহারা গুরুপাদাশ্রয়ের নামে গুরুকে উল্লঙ্ঘন ও গুরুদ্রোহই করিয়াছে। গুরুপাদপদ্ম-বর্জ্জিত-হতভাগ্য, অপরাধী, নরক-পথের পথিক ঐ সকল ব্যক্তি শুদ্ধ-বৈষ্ণবের নিন্দার অধিকতর প্রমত্ত হয়। তাহারা সিদ্ধান্তজ্ঞানহীন দাম্ভিক। সাধু, গুরু বা আচার্য্য বলিলে তাহারা কোন ব্যাক্যবাগীশকেই মাত্র বুঝিয়া থাকে। সাধু, গুরু বা আচার্য্য যে একটী তত্ত্ব, তাহা তাহারা বুঝিতেই পারে না। এই সকল সিদ্ধান্ত-জ্ঞানহীন ব্যক্তি শুদ্ধবৈষ্ণবের সেবা করিবে কি করিয়া? তাহারা এক করিতে আর এক করিয়া বসে। শিব গড়িতে গিয়া বানর গড়ে, শালগ্রাম দিয়া বাদাম ভাঙ্গিয়া ঠাকুরকে ভোগ দিতে যায়, গুরু সাজিয়া ব্রাহ্মণকে জুতা দান করে। শুদ্ধবৈষ্ণবগণের নিকট অপরাধী বলিয়া কোন সিদ্ধান্তই তাহাদের স্ফূর্ত্তি পায় না, সুতরাং সেবাও হয় না। অকস্মাৎ যদি শ্রীগুরু-বৈষ্ণবগণের অপরাধ থাকে, তবে কৃষ্ণস্ফূর্ত্তি হয় না। অতএব সাধুপ্রবরগণের প্রতি সর্ব্বদা সেবোন্মুখ বুদ্ধিযুক্ত থাকে। বস্তুস্বরূপ জানিয়া তাঁহার প্রতি যথাযোগ্য ব্যবহার কর্ত্তব্য। তাই শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ গাহিয়াছেন,—

> যে যেন বৈষ্ণব, চিনিয়া লইয়া,
> আদর করিব যবে।
> বৈষ্ণবের কৃপা, যাহে সর্ব্বসিদ্ধি,
> অবশ্য পাইব তবে॥

কপট ব্যক্তিগণ এই বৈষ্ণবাবৈষ্ণব চিনিতে পারে না। এজন্য তাহারা বৈষ্ণবের সাধু উপদেশও গ্রহণ করিতে পারে না। অপরপক্ষে কপট ব্যক্তিগণ সাধুগণের লোকবঞ্চনাময়ী চরিত্রদর্শনে মুগ্ধ হইয়া তাহার সাধুত্ব দেখিতে পায় না। তাহার অসাধু, বহির্ম্মুখ, মতবাদ, হীনরুচি ব্যক্তিদিগকে নিরপেক্ষ ও পরব্রহ্মাদির জ্ঞান করিয়া অর্চ্চন সাধুগণেরই বোধ রুচী এবং পঞ্চোপাসনা ও গোঁড়ামী প্রভৃতি উৎপাদনে নিপুণ হইয়া থাকে। ইহার ভাবেদের কোন কার্য্য নাই, হরিকথায় মধ্যে নাই, হরিভক্তিরাজ্যের চতুঃসীমানায় মধ্যেই আসে নাই। কিন্তু সাধুনিন্দার একটু গন্ধ যদি কোথাও পাইলেই শকুনি-গৃধিনীর ন্যায় থাকে থাকে, দলে দলে তথায় উড়িয়া যায় এবং তাহার আলোচনায় ব্যস্ত হয়। এই সকল ব্যক্তি সত্যের কিছুই জানে না। ঐসকল বহির্ম্মুখ ব্যক্তি অনেক সময় এইরূপ বলিয়া থাকে—জগতের বড় বড় হোম্‌রা-চোম্‌রা, পণ্ডিত-বুদ্ধিমান, চালাক-চতুর, কার্য্যদক্ষ লোকগুলি কি কিছুই জানে না? একদিকে জগতের অধিকাংশ লোক, আর একদিকে মাত্র কয়েকটী নিরীহ, নিষ্কিঞ্চন বোকা মানুষ। তাহাদের কোন কিছুই সম্বল নাই, আর ইহাদের ধনবল, জনবল, পাণ্ডিত্যবল, বুদ্ধিবল কত কি আছে! সুতরাং জনমত যাহাকে ভাল বলে তাহাকে ভাল না বলিয়া মাত্র কয়েকজন ব্যক্তির সেবিত একজনকে আচার্য্য বলিয়া স্বীকার করিব কেন?—হইতে পারেন তিনি শ্রীমদ্ভাগবতকথিত আচার্য্য? যাঁহার পক্ষে কোন জাগতিক লোক নাই, সেই একজন মাত্র ব্যক্তিই সত্য জানিবেন—ইহা কি কখনও হইতে পারে? ইহারা গণমতের দ্বারাই পরমার্থ বিচার করিতে চায়। ইহাদের ধারণা—কপটতার দল যখন বড়, তখন কপটতাই সত্য আর আচার্য্যের সত্যবাণীর গ্রাহকগণ যখন কপট-দলের কেহই নহেন, তখন অকৈতব সত্যই অসত্য। এই সকল অসদাচারগণ নানারূপ প্রলোভনে কোমলশ্রদ্ধ ব্যক্তিগণকে প্রলুব্ধ করিয়া হরিভক্তি হইতে চ্যুত করিতে অশেষ যত্ন করিয়া থাকে। কিন্তু যাহারা সরল, নিষ্কপট, একান্ত হরিভজন-পিপাসু, সেবক-ভগবান্ আচার্য্যপাদপদ্মের ধূলি হইবার জন্য তাঁহার কৃপা লাভ করিয়াছে, তাঁহাদের নিকট হইতে ঐসকল মৎসর সহস্রযোজনদূরে অবস্থান করে। আচার্য্যরক্ষিত সরল ব্যক্তিগণের একটী কেশস্পর্শ করিবার সামর্থ্য তাহাদের নাই। কিন্তু নিরাশ্রয় হইলেই আর রক্ষা নাই। তাই বলি, সাধু সাবধান!

প্রভুপাদের বক্তৃতাবলী

পরমার্থ-সম্পুটের রত্নরাজি

ভিক্ষা :- ১ম খণ্ড ১০; ২য় খণ্ড ১; ৩য় খণ্ড ১০; ৪র্থ খং—১০ আনা।

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ
শ্রীধাম-মায়াপুর,
নদীয়া

শ্রীভক্তিবিনোদবাণী

—:•:—

জীবে দয়া বৈষ্ণবধর্ম্মের একটী প্রধান অঙ্গ। জীবের প্রতি দয়া করা বৈষ্ণবের একটী স্বভাব। যাঁহাতে এই স্বভাব লক্ষিত না হয়, তিনি সহস্র সহস্র বাহ্যচিহ্ন ধারণ করিলেও বৈষ্ণব হইতে পারেন না। 'জীবে দয়া, নামে রুচি, বৈষ্ণব-সেবন' ইহাই মাত্র বৈষ্ণবের কর্ত্তব্য কর্ম্ম বলিয়া শ্রীশচীনন্দন সর্ব্বত্র শিক্ষা প্রচার করিয়াছেন। জীবের প্রতি বৈষ্ণবের দয়া বৈষ্ণবের অন্তঃকরণেই থাকে, তাহার বাহ্য পরিচয় কি ইহা জানিতে পারিলে উপদেশের তাৎপর্য্য বুঝিতে পারা যায়। অতএব তাহার বাহ্য-পরিচয় অনুশীলন করিতেছি। 'জীবে দয়া' এই কথাটী কেবল বদ্ধজীব সম্বন্ধে, ইহা বুঝিতে হইবে। আবার বদ্ধজীবের মধ্যে যাঁহারা কৃষ্ণ-সাম্মুখ্য লাভ করিয়াছেন, তাঁহাদের প্রতি দয়া নয়, মৈত্রী ব্যবহার করার উপদেশ আছে। অতএব বদ্ধজীবের মধ্যে যাঁহারা বালিশ অর্থাৎ মূঢ়, তাঁহাদের প্রতি দয়া করিতে হয়। জীবের ক্লেশ দেখিয়া যে প্রবৃত্তি চিত্তে উদিত হইয়া জীবের আনুকূল্যে আর্দ্রতা উৎপন্ন করে, তাহার নাম দয়া। ক্লেশ তিন প্রকার অর্থাৎ আত্মনিষ্ঠ, লিঙ্গদেহ-নিষ্ঠ ও স্থূলদেহনিষ্ঠ। অবিদ্যা-বন্ধন-জনিত স্বরূপ-ভ্রংশই আত্মনিষ্ঠ ক্লেশ। তাহাতেই জীবের স্বরূপ যে কৃষ্ণদাস, তাহার বিস্মৃতি। ইহাই জীবের মূল ক্লেশ। মায়াবদ্ধ হইয়া মায়িক অহঙ্কার, বুদ্ধি, চিত্ত ও মনকে জীব স্বীকার করিয়াছেন। তাহাই তাঁহার লিঙ্গশরীর। জড়ীয় সম্বন্ধে 'আমি' ও 'আমার' বুদ্ধিকে মায়িক অহঙ্কার বলি। জড়ীয় বস্তুতে জ্ঞানাদি চর্চ্চার মায়িক বুদ্ধি। জড়ীয়জ্ঞানকে সংগ্রহ করিয়া ধারণা করার নাম মায়িক চিত্ত। জড়ীয় ধর্ম্মের চিন্তা ও বিচারের নাম মায়িক মন। এই অবস্থাটীই জীবের একটী ক্লেশ। এইরূপে জড়ীয় পাপ পুণ্যের উদয় ও বিচার। এই কার্য্য যত হয় জীব ততই স্বস্বরূপ আত্মা হইতে দূরবর্ত্তী হইয়া ক্লেশময় মায়িক জগতে অভিনিবিষ্ট হন। তাহার উপর মাতৃগর্ভ হইতে প্রাপ্ত জীবের স্থূলশরীর স্থূলশরীরের অভাব, পীড়া দণ্ড ও বাধ্যবাধকতা—ঐ সমুদায়ই জীবের স্থূল-দেহ-নিষ্ঠ ক্লেশ। পাপাচরণ ত ক্লেশই বটে। পুণ্যাচরণও আত্মার স্বধর্ম্ম হইতে দূরবর্ত্তী ক্রিয়া বলিয়া আপাততঃ তন্মধ্যে পরিগণিত হইলেও ক্লেশ বটে। যিনি কৃষ্ণোন্মুখ জীব, তিনি এই সমস্ত ক্লেশ হইতে ক্রমশঃ শিথিল-বন্ধন হইয়া কৃষ্ণানুশীলন-সুখভোগ করিতে থাকেন। তিনি যত সুখী হইতে থাকেন, তিনি অত্যন্ত স্নিগ্ধ জীবের দুঃখে ততই আর্দ্র হইতে থাকেন। তিনি ইচ্ছা করেন, 'আর কেন অন্য জীব-সকল ক্লেশ-বন্ধনে মৃতপ্রায় হইয়া আছেন। আমি তাঁহার ত্রিবিধ ক্লেশের অপনোদন করিতে যত্ন করিব।' তখন তিনি নিজকার্য্য না থাকিলেও সকলের দ্বারে দ্বারে গিয়া কৃষ্ণনামে রুচি উৎপাদনের যত্ন করিয়া থাকেন। এইটী বৈষ্ণবমাত্রেরই স্বভাব;—

> মহান্ত-স্বভাব এই তারিতে পামর।
> নিজ-কার্য্য নাহি তবু যান তার ঘর॥

তিনি তখন দ্বারে দ্বারে গিয়া এইরূপ বলিতে থাকেন;—

> (শ্রদ্ধাবান্ জন হে!)
> নদীয়া গোদ্রুমে নিত্যানন্দ মহাজন।
> পাতিয়াছে নাম-হট্ট জীবের কারণ॥
> প্রভুর আদেশে ভাই মাগি এই ভিক্ষা।
> বল কৃষ্ণ, ভজ কৃষ্ণ, কর কৃষ্ণ-শিক্ষা॥
> অপরাধশূন্য হ'য়ে লহ কৃষ্ণনাম।
> কৃষ্ণ মাতা, কৃষ্ণ পিতা, কৃষ্ণ ধন-প্রাণ॥
> কৃষ্ণের সংসার কর ছাড়ি' অনাচার।
> জীবে দয়া, কৃষ্ণনাম সর্ব্বধর্ম্মসার॥

দ্বারে দ্বারে এইরূপ শিক্ষা দিতে দিতে যদি একটী জীবও একবৎসরে উদ্ধার হইয়া কৃষ্ণভজন করে, তবে বৈষ্ণব নিজ কার্য্যে বিশেষ সুখলাভ করেন। জীবের ভাগ্যোদয় না হইলে কৃষ্ণোন্মুখী প্রবৃত্তি উদয় হয় না। তৎকার্য্যে জীবকে সাহায্য করাই বৈষ্ণবের জগদ্‌গত জীবে দয়ার একমাত্র পরিচয়। জীবকে কৃষ্ণোন্মুখ করাই বৈষ্ণবের প্রধান কার্য্য। যে স্থলে স্থূল-শরীরের রোগ-নিবৃত্তি বা ক্ষুন্নিবৃত্তি করাই প্রধান উদ্দেশ্য হয়, সে স্থলে বৈষ্ণবতা নাই। যেহেতু তদ্দ্বারা কেবল ক্ষণিক উপকার হয়, কিছু নিত্য উপকার হয় না। তবে যেখানে ঐ সব কার্য্য দ্বারা কৃষ্ণোন্মুখী প্রবৃত্তির সহায়তা করা যাইতে পারে, সেখানে তৎকার্য্যেও বৈষ্ণবের স্বতঃপ্রবৃত্তি হয়।

মধ্যমাধিকারী বা উত্তমাধিকারী বৈষ্ণব হইলে এই 'জীবে-দয়া' প্রবৃত্তি ক্রমশঃ প্রবল হয়। কনিষ্ঠ বৈষ্ণবগণের এ প্রবৃত্তি প্রথমে থাকে না। বৈষ্ণব-কৃপায় যখন কানিষ্ঠ্য লোপ হইয়া মধ্যমাধিকারীর উদয় হইতে থাকে, তখনই তিনি 'বৈষ্ণব' পদবাচ্য হন এবং জীবে দয়া তাঁহার হৃদয়ে উদিত হয়। সর্ব্বোত্তম বৈষ্ণবদিগের হৃদয়ে জীবে দয়া অত্যন্ত প্রবল। তিনি বলেন,—

"জীবের পাপ লঞা মুক্তি করি
নরক-ভোগ।
সকল জীবের প্রভু ঘুচাও ভব-রোগ॥"

গৃহস্থ ও গৃহত্যাগী এই উভয় দলের মধ্যে যিনি শুদ্ধ কৃষ্ণভক্ত, তিনি বৈষ্ণব। গৃহত্যাগী বৈষ্ণব ভিক্ষাদ্বারা শরীর রক্ষা করিবেন। গৃহস্থবৈষ্ণবগণ বর্ণাশ্রম অনুসারে বৃত্তি অবলম্বনপূর্ব্বক দেহযাত্রা নির্ব্বাহ করিবেন। যে সকল গৃহস্থদিগের বর্ণাশ্রম নাই, তাঁহারাও স্ব স্ব স্বভাব ও প্রবৃত্তি অনুসারে ন্যায্যবৃত্তি অবলম্বন করিবেন। ব্রহ্মস্বভাবপ্রাপ্ত গৃহস্থ ব্রাহ্মণদিগের জন্য উপদিষ্ট যজন, যাজন, অধ্যয়ন, অধ্যাপন, দান ও প্রতিগ্রহ এই ছয়টি জীবনযাপনের বৃত্তি। রাজ্যপালন, যুদ্ধ ইত্যাদি ক্ষত্রিয়ের বৃত্তি। কৃষি, গোরক্ষা, বাণিজ্য ইত্যাদি বৈশ্যবৃত্তি ও ত্রিবর্ণের সেবা,—ইহাই শূদ্রবৃত্তি। এই সকল বৃত্তি অবলম্বন করিয়া ন্যায়পূর্ব্বক ধনসঞ্চয় করত প্রাণরক্ষা করার নাম ধর্ম। রাজকার্য্য দুই প্রকার অর্থাৎ শূদ্রযোগ্য রাজকার্য্য ও ক্ষত্রযোগ্য রাজকার্য্য। কার্য্যালয়ে নির্দ্দিষ্ট সময়ে গমনপূর্ব্বক লেখাপড়ার দ্বারা রাজ্যশাসন-কার্য্যে যাঁহারা রাজসেবা করেন, তাঁহাদের শূদ্রবৃত্তি। এই সকল রাজসেবকদিগের পক্ষে রাজদত্ত বেতনদ্বারা জীবন নির্ব্বাহ করাই উচিত। গোপনে অর্থসংগ্রহ করাটা চৌর্য্যবৃত্তি। তাহা দুইপ্রকার। রাজদত্ত বেতন অপেক্ষা অধিক ধন রাজভাণ্ডার হ'তে বাহির করিয়া লওয়া একপ্রকার চৌর্য্য। নিজকর্ত্তব্য কার্য্য-স্থলে অপর লোকের নিকট হইতে উৎকোচগ্রহণ করা দ্বিতীয় প্রকার চৌর্য্য। তৎসম্বন্ধে শ্রীমহাপ্রভু এই উপদেশ দিয়াছেন,—

রাজবর্ত্তন খায় আর চুরি করে।
রাজদণ্ড্য হয় সেই শাস্ত্রের বিচারে॥

যে সকল রাজকর্ম্মচারী উৎকোচ গ্রহণ করেন, তাঁহারা প্রভুর মতে দণ্ড্য, অতএব অবৈষ্ণব। এই পাপক্রিয়া তাঁহারা সত্বরে পরিত্যাগ করিবেন। বেতনের দ্বারা জীবনযাত্রা যতদূর নির্ব্বাহ হয়, তাহাতেই সন্তুষ্ট থাকা বৈষ্ণবের উচিত।

যাঁহারা রাজার নিকট নির্দ্দিষ্ট অর্থদান চুক্তি করিয়া বিষয়-ভোগ করেন, তাঁহারা রাজার মূলধন দিয়া যাহা পান তাহা তাঁহাদের সদ্বৃত্তিপ্রাপ্ত ধন। তৎসম্বন্ধে শ্রীমহাপ্রভু বলিয়াছেন,—

"ব্যয় না করিও কভু রাজার মূলধন।
রাজার মূলধন দিয়া যে কিছু লভ্য হয়।
সেই ধন করিও নানা ধর্ম্মকর্ম্মে ব্যয়।
অসদ্ব্যয় না করিও যাতে দুই লোক যায়॥"

মদ্যমাংসভোজন, অসৎ নাটকাদি দর্শন, বৃথা লোকজন ইত্যাদিতে ব্যয়, অসৎপাত্রে দান ইত্যাদি বহুবিধ অসদ্ব্যয় আছে। যাঁহারা শ্রীমহাপ্রভুর দাস হইতে ইচ্ছা করেন, তাঁহারা অসদ্ব্যয় না করিয়া সদ্ব্যয় করিবেন। অতিথিসেবা, দুঃখীলোককে অন্নদান, পীড়িতলোককে ঔষধ ও পথ্য দান, বিদ্যার্থীদিগকে বিদ্যাদান, দরিদ্রলোককে ঋণাদি দায় হইতে মুক্তকরণ, এই সমস্ত সদ্ব্যয় অপেক্ষা একটি বিশেষ গুরুতর সদ্ব্যয় আছে। সেই ব্যয় শ্রীভগবৎ-সেবা ও শ্রীভাগবত-সেবাতে হইয়া থাকে। যে সব ধনী, ধর্ম্মশীল ব্যক্তি শ্রীমায়াপুরে ভগবৎ-সেবার উদ্দেশে অর্থ দান করিয়াছেন, তাঁহাদের তুল্য সদ্বৈষ্ণব আর কে আছেন? প্রভুর দৈনন্দিন সেবা-সংস্থাপনের জন্য সমস্ত গৃহস্থবৈষ্ণবদিগের অর্থ হইতে কিছু কিছু দেওয়া কর্ত্তব্য।

অবসরগ্রহণ

——::০::——

শ্রীমহাপ্রভু শ্রীরূপশিক্ষায় বলিয়াছেন,—

মালি হঞা করে সেই বীজ আরোপণ।
শ্রবণ-কীর্ত্তন-জলে করয়ে সেচন॥
উপজিয়া বাড়ে লতা ব্রহ্মাণ্ড ভেদি' যায়।
বিরজা, ব্রহ্মলোক ভেদি' 'পরব্যোম' পায়॥
তবে যায় তদুপরি গোলোক-বৃন্দাবন।
কৃষ্ণচরণ-কল্পবৃক্ষে করে আরোহণ॥
তাঁহা বিস্তারিত হঞা ফলে প্রেমফল।
ইঁহা মালি সেচে নিত্য শ্রবণ-
কীর্ত্তনাদি জল॥

'শ্রবণ-কীর্ত্তন বা হরিনামের আবৃত্তি একঘেয়ে কার্য্য, কতদিন আর ভাল লাগে, ইহা হইতে অবসর গ্রহণ করা যাউক'— এইরূপ যাঁহারা মনে করেন, তাঁহাদের হরিকথা-শ্রবণ-কীর্ত্তন বা হরিনামের স্বরূপের বিন্দুমাত্র উপলব্ধি হয় নাই। অনেকদিন হরিসেবা করিয়াছি, অনেক গুরুবৈষ্ণব-সেবা করিয়াছি, এখন বৃদ্ধ বা পুরাতন হইয়াছি, সুতরাং নবীনগণের দলে এতকাল পড়িয়া থাকিয়া নিজ অধিকার প্রদর্শন করা উচিত নহে, এখন মুক্ত বায়ু উপভোগ করা যাউক, দেশ-বিদেশ ঘুরিয়া ঘুরিয়া স্বতন্ত্র জীবন-যাপন করা যাউক—এইরূপ চিন্তার উপস্থিত হইলে আমরা ভাগবতধর্ম্ম হইতে বহুদূরে পতিত ও ভ্রষ্ট হইয়াছি, জানিতে হইবে।

যাঁহার হৃদয়ে প্রকৃত বৈষ্ণবতা উদিত হয়, তিনি কোনদিন হরি গুরু-বৈষ্ণবের অধীনতা হইতে অবসর গ্রহণ করিবার অভিলাষ হৃদয়ের কোন কোণেও পোষণ করেন না। "শ্রীগুরুদেবের অপ্রকটের পর অধীনতার জীবন হইতে রক্ষা পাওয়া গিয়াছে, এখন স্বতন্ত্র জীবন যাপন করিতে পারিব, মাথার উপরে আর কোন বোঝা নাই, আমিই আমার প্রভু"—এই বিচার নরক-পথের পথিকগণেরই উপস্থিত হয়। শ্রীমহাপ্রভুর অপ্রকটের পর শ্রীরূপাদি গোস্বামিগণ নিত্যসিদ্ধ, সর্ব্বতন্ত্র-স্বতন্ত্র হইয়াও প্রত্যেকে প্রত্যেকের আনুগত্যপূর্ণ জীবনের আদর্শ প্রদর্শন করিয়াছেন। শ্রীরূপ গোস্বামিপ্রভু শ্রীসনাতন গোস্বামী প্রভুর আনুগত্য, আবার শ্রীসনাতন গোস্বামি প্রভু শ্রীরূপের কৃপা বাঞ্ছা-লীলা, শ্রীরঘুনাথ-শ্রীজীব প্রভৃতি শ্রীসনাতন-রূপের আনুগত্যে কৃষ্ণানুশীলনের আদর্শ প্রদর্শন করিয়াছেন। শ্রীনিবাসাচার্য্য, শ্রীনরোত্তম, শ্রীশ্যামানন্দ প্রভৃতি নিত্যসিদ্ধ আচার্য্য ও সর্ব্বতন্ত্র-স্বতন্ত্র হইয়াও শ্রীজীবগোস্বামী প্রভু ও শ্রীজাহ্নবা-মাতার আনুগত্য স্বীকার করিয়াছেন। কাহারও চরিত্রে আনুগত্য বা কৃষ্ণানুশীলন হইতে অবসর-গ্রহণের আদর্শ প্রকাশিত হয় নাই।

আনুগত্য ও হরিভজনের ধারাকে অক্ষুণ্ণ রাখিবার জন্যই জগতে আম্নায় ধারা ও মহান্ত-গুরুর নিত্য প্রকাশিত হইয়াছে। সর্ব্বক্ষণ মহান্তগুরুবৈষ্ণবের প্রকট-লীলার সেবা ও আনুগত্যে সমাবিষ্ট, উৎসাহিত ও অখিলপ্রয়াসযুক্ত থাকিলেই আমরা জীবন্মুক্ত হইয়া নিত্যসেবানন্দের অধিকারী হইতে পারিব। অতএব কখনও যেন সেবা-হইতে পেন্সনগ্রহণের কামনা মায়া-পিশাচীর ও দুঃসঙ্গের প্ররোচনায় আমাদের হৃদয়ে উদিত না হয়। অনুক্ষণ নবনবায়মান সেবোৎসাহ, হরিকথা-শ্রবণ-কীর্ত্তন, হরি-গুরু-বৈষ্ণবানুগত্যে জীবন নিয়মিত ও পরিচালিত করিবার সদ্বুদ্ধি ও তদনুকর্ম-প্রবর্ত্তন, সাধুগণের আচরণের অনুগমনমুখে অনুশীলন-জন্যই যেন সর্ব্বাবস্থায় আমরা প্রস্তুত থাকি। জাগতিক পারিপার্শ্বিকতা ও দেহের শত শত জরাব্যাধি প্রভৃতি যেন আমাদের সেবোৎসাহকে ও আচরণকে বিন্দুমাত্রও খর্ব্বিত বা হীন না করে। শ্রীগুরুবৈষ্ণবের নিত্যানুগত থাকিলেই ইহা সম্ভব।

আমরা অনেক সময় দুর্দ্দৈব ও কর্ম্মফল-জাত ব্যাধির আক্রমণে আক্রান্ত হইয়া দেহ ও মনের জড়তাধর্ম্মের দ্বারা এরূপ অভিভূত হই যে, তখন মনে হয়, গুরুবৈষ্ণবের সেবা হইতে অবসর গ্রহণ করিলেই আমরা অধীনতাহীন মুক্তজীবন প্রাপ্ত হইব। কিন্তু হরিসেবা হইতে বা হরিকথা-শ্রবণ-কীর্ত্তন হইতে সংগোপনে অবসর কামনা উদিত হইবামাত্রই মায়াপিশাচী আমাদিগকে শত শত বন্ধনে তাহার অধীনস্থ করিয়া ফেলিবে, ইহা সুনিশ্চিত। জাগতিক রোগ-শোক বা কোন প্রকার ইন্দ্রিয়তৃপ্তির অভাবে হরিসেবা হইতে ছুটি গ্রহণের কামনাকে হরি গুরু বৈষ্ণবের কৃপা-বলে হৃদয় হইতে সম্পূর্ণরূপে বিতাড়িত করিতে হইবে। আমরা শ্রীল প্রভুপাদ ও শ্রীল আচার্য্যদেবের আদর্শে দেখিয়াছি যে, তাঁহাদের অপ্রকট-লীলাভিনয়ের মধ্যে শুধু গৌরাঙ্গ ও বৈষ্ণব-সেবার জন্য নবনবায়মান পরিকল্পনা, উৎসাহ ও প্রচেষ্টা এবং কোটিগুণ অধিক নিরন্তর আত্মপ্রকাশ করিয়াছে। তাঁহাদের আদর্শের আবৃত্তি এবং তাঁহাদের কৃপা-বাঞ্ছা করিয়া হরিসেবা হইতে অবসর গ্রহণের দুষ্ট পিপাসা-রাক্ষসীকে বিতাড়িত করিতে হইবে। অনর্থযুক্ত, দুর্ব্বল কিংবা যে-কোন প্রকার পতনোন্মুখ ব্যক্তির আদর্শের অনুসরণ করিয়া নিজের আত্মমঙ্গলকে বিনষ্ট করিতে হইবে না। জীবন্মুক্ত পুরুষগণেরও পতনোন্মুখতা আছে, সুতরাং আমার ন্যায় ক্ষুদ্রজীবও সেই পতনোন্মুখতার স্রোতেই প্রধাবিত হই, এই বিচার হৃদয় হইতে বিতাড়িত করিয়া আমার ন্যায় ক্ষুদ্র ক্ষুদ্রও বৃহৎ অখিল আনুগত্যে অসম্ভবও সম্ভব করিতে পারিবে —ইহা সুদৃঢ় নিশ্চয় ও উৎসাহ গুরুবৈষ্ণবগণের আনুগত্য বাঞ্ছার সহিত বরণ করিতে হইবে।

মুদ্রাঙ্কর প্রমাদ

নদীয়াপ্রকাশের ১৩১শ সংখ্যার ৫ম পৃষ্ঠার প্রথম কলমে ৩২-৩৩ লাইনের "যাহারা শ্রীগুরুদেব ও গুরুদাসের নিত্যত্ব স্বীকার করে" স্থলে "যাহারা শ্রীগুরুদেব ও গুরুদাসে নিত্যত্ব স্বীকার করে না" হইবে।

পরবর্ত্তী ১৩০শ সংখ্যার ৫ম পৃষ্ঠায় ৪র্থ কলমের সাময়িক-প্রসঙ্গের মধ্যে ১৯-২০ লাইনে "তাঁহাকে জগদ্গুরুরূপে বরণ করিলে তাঁহার শিষ্যত্ব বা মঙ্গলময় স্বরূপের পরিচয় পাওয়া যায়" স্থলে "তাঁহাকে জগদ্গুরুরূপে বরণ করিলে তাঁহার মঙ্গলময় স্বরূপের পরিচয় পাওয়া যায়" হইবে।

শুদ্ধভক্তি-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠ-সমাজ

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীচন্দ্রশেখর ভবনে শ্রীচৈতন্যমঠ, শ্রীবিগ্রহ-
গণ, শ্রীশ্রীরাধাকৃষ্ণ শ্রীগৌর, গান্ধর্ব্বা আচার্য্য
চতুর্ভুজ বিগ্রহ আছেন। শুদ্ধভক্তির এই
সংক্ষিপ্তসারে শ্রীবিগ্রহ প্রকাশসহ আছে।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার,
কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৪
কলিকাতায় শ্রীরাধাবিনোদ-আসনে
শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমদ্ভাগবত পাঠ, সঙ্কীর্ত্তন,
প্রভুপাদের শ্রীমন্দিরাদি তত্ত্ব
গ্রন্থের সম্যক আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র
ও বাঙ্গালা পাক্ষিক ইংরেজী পত্র
প্রকাশিত হয়।

(৩) যোগপীঠ-মায়াপুর-শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা
শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব ভূমি মহাযোগপীঠ।

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং
স্থান বর্ত্তমান।

(৬) মুরারিগুপ্তের পাট

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৭) কাজি সমাধি-পাট

প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
ইহা গৌরকৃপা প্রাপ্ত শ্রীচাঁদকাজীর
সমাধি।

(৮) শ্রীব্রজপত্তন-শ্রীনামভজনাগার

শ্রীধাম মায়াপুর

(৯) স্বানন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
এখানে ও বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ
ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও
শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত
শ্রীগৌরগদাধর-সেবা।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ চাঁদপুর (বর্দ্ধমান)

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মাউগাছি, পোঃ মামগাছি, (বর্দ্ধমান)
শ্রীবাসপণ্ডিতের ঠাকুর বৃন্দাবনের স্থান

(১৩) রুদ্রদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(১৪) জন্মদেব-গৌড়ীয়মঠালয়

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ

গৌড়পুর, নদীয়া

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ

মাজিদা –(শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৭) কুলিয়াকুটীর

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

(২০) মহেশ-পণ্ডিতের পাট

কাঁচরাপাড়া, পোঃ চাকদহ (নদীয়া)

(২১) রাণাঘাট-গৌড়ীয়মঠালয়

(২২) পুরী গৌড়ীয়মঠ

চব্বিশ পরগণা

(২৩) মাদারীপুর মঠ

বালিয়া পোঃ আঁটি, ঢাকা।
পূর্ববঙ্গের প্রচার-কেন্দ্র।

(২৪) গোপালজীমঠ

কমলাপুর, পোঃ ঢাকা

(২৫) সরাই-গৌরাঙ্গ মঠ

পোঃ বালিয়াটি, (ঢাকা)

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

বড়বাজার, পোঃ ময়মনসিংহ

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চক্চকা, কামরূপ (আসাম)

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

৩নং পাগলা ঝিঙ্গা, দার্জ্জিলিং

(৩০) নারায়ণ-গৌড়ীয়মঠ

পোঃ হরিদ্বার, নারায়ণপুর, হাওড়া, পি

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

ঘিউগুড় পাটনা)

(৩২) গয়া গৌড়ীয়মঠ

মণ্ডা রোড, গয়া

(৩৩) সনাতন গৌড়ীয় মঠ

৮।১১ বঙ্গ পল্লী, বেনারস সিটি

(৩৪) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

(৩৫) পরমহংস মঠ,

পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়

বিশ্রামঘাট, পোঃ মথুরা

(৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণসহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ-পীঠ

কিশোরপুর, বৃন্দাবন

(৩৯) প্রেমানন্দ-সুখদকুঞ্জ

পোঃ রাধাকুণ্ড (মথুরা)

(৪০) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪১) রাধাকুণ্ড গোবর্দ্ধন

(৪২) শ্রীগোবর্দ্ধনমঠালয়

গোবর্দ্ধন, মথুরা

(৪৩) নন্দের বিহারী মঠ

নন্দগ্রাম, মথুরা।

(৪৪) বলদেব গৌড়ীয়মঠালয়

পোঃ বলদেব, মথুরা

(৪৫) বরাণা গৌড়ীয়মঠালয়

পোঃ বরাণা, মথুরা

(৪৬) গোবিন্দবিহারী মঠ—কুরুক্ষেত্র,

পোঃ থানেশ্বর, জেলা কর্ণাল (পাঞ্জাব)

(৪৭) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

(৪৮) দিল্লী গৌড়ীয় মঠ

৪৩নং কুতুব রোড, নিউ দিল্লী

(৪৯) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়া ট্যাঙ্ক রোড, ক্যাম্বালা
হিল, বোম্বে ৭

(৫০) মন্দারমঠ-গৌড়ীয়মঠ

পোঃ বাংলোসী, ভাগলপুর
শ্রীমধুসূদন-মন্দারহিরি বিহারীর সেবা

(৫১) বালেশ্বর গৌড়ীয়মঠ

পোঃ বালেশ্বর, উড়িষ্যা।
শ্রীশ্রীরাধাগোবিন্দ-বিগ্রহের সেবা

(৫২) পুরুষোত্তম মঠ

বালিয়াপাল, পোঃ এঘারানাথ, (পুরী)

(৫৩) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত পোঃ পুরী, উড়িষ্যা

(৫৪) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৫) সাক্ষীগোপাল

(৫৬) ত্রিদণ্ডি-গৌড়ীয়মঠ

পোঃ আলালনাথ, পুরী

(৫৭) অচ্যুতানন্দ মঠ

নালগাড়ী, পোঃ কটক (উড়িষ্যা)

(৫৮) বালেশ্বর গৌড়ীয়মঠালয়

(৫৯) শ্রীব্রহ্মমাধ্ব-গৌড়ীয়-প্রচার-সঙ্ঘ

পোঃ হাজারিবাগ, মাদ্রাজ

(৬০) ভাগবতজনানন্দ মঠ

চিকণিয়া, পোঃ নারায়ণগড়, মেদিনীপুর

(৬১) আমার গৌড়ীয়মঠ

পোঃ আমার, মেদিনীপুর

(৬২) আমলাযোড়া প্রপন্নাশ্রম মঠ

পোঃ রাজবাঁধ (বর্দ্ধমান)

(৬৩) উদ্ধারণ গৌড়ীয়মঠ

কুমারহট্ট, পোঃ হালিসহর, (২৪ পরগণা)

(৬৪) রেঙ্গুন গৌড়ীয়মঠ

৭০১ নং ডালহৌসী ষ্ট্রীট, রেঙ্গুন।

(৬৫) লণ্ডন গৌড়ীয়মঠ

ফ্ল্যাট নং ২
৪১, কর্ডনরোড
হলান্ড, লণ্ডন, ডব্লিউ ৫

(৬৬) গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

১।১।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা

(৬৭) গৌড়ীয়মঠ অফিস

ডিক্টেন রোড, লক্ষ্ণৌ (ইউ-পি)

(৬৮) শ্রীবিনোদবিহারী গৌড়ীয়মঠালয়

রামনাথন, চট্টগ্রাম

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীমহানন্দ ব্রহ্মচারী ভক্ত্যালোক, ভক্তিশাস্ত্রী কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

-ঃ(০)ঃ-

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও দ্বিতীয় বার	পরবর্ত্তী দিবসে তৎ	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও দ্বিতীয় বার	পরবর্ত্তী দিবসে তৎ
প্রতিবারে প্রতি লাইনে	।০	৵০	।৵০	
" " ইঞ্চি	২৲		১॥০	১৲
সিকিকলম	৫৲	৪৲		৩৲
" অর্দ্ধকলম	৮৲	৭৲	৭৲	৫৲
" এক কলম	১২৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চি	৬৲	৪॥০
" সিকি কলম	১৫৲	১২৲
" অর্দ্ধকলম	২৫৲	১৮৲
" এক কলম	৩৫৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২॥০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা ১০ ; বিশেষ সংখ্যার দ্বিগুণ মূল্য।

শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী

——ঃঃ(০)ঃঃ——

শ্রীল প্রভুপাদের চতুঃষষ্টিতম বর্ষপূর্ত্ত্যাবির্ভাব-তিথিতে শ্রীল আচার্য্যদেবের আনুকূল্যে "শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী" প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। ইহাতে পূর্ব্বার্দ্ধ ও উত্তরার্দ্ধ দুইটি বিভাগ আছে। পূর্ব্বার্দ্ধে শ্রীল প্রভুপাদের আদি-প্রবন্ধাবলী শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের সম্পাদিত 'স-সজ্জনী সজ্জনতোষণী,' শ্রীল প্রভুপাদের 'নিবেদন' সাপ্তাহিক পত্র প্রভৃতি হইতে কথাসার ও প্রয়োজনীয় অর্থের টীকা-সহ প্রকাশিত হইয়াছে। উত্তরার্দ্ধে শ্রীল প্রভুপাদের সম্পাদিত 'সজ্জনতোষণী'র কতিপয় প্রবন্ধ কথাসার প্রভৃতির সহিত মুদ্রিত হইয়াছে। প্রবন্ধগুলি রচনাকালের ক্রমানুসারে গ্রথিত হইয়াছে; এতদ্ব্যতীত শ্রীল আচার্য্যদেবের একটি মূল্যবান্ উপোদ্ঘাত ও সঙ্কলনকারীর একটি বিস্তৃত ভূমিকা, শব্দ সূচী, স্থান-পাত্র-শ্লোক ও পয়ার-সূচী প্রভৃতি গ্রন্থে সংযোজিত হইয়াছে। গ্রন্থটি উৎকৃষ্ট কাগজে পারিপাট্যের সহিত মুদ্রিত ও শ্রীল প্রভুপাদের আলেখ্যাদিদ্বারা ভূষিত ও সুন্দর বাঁধাই হইয়া প্রকাশিত হইয়াছে। প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, জিলা নদীয়া; শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ও শ্রীমদ্ মধ্বগৌড়ীয়মঠ, নারিন্দা, পোঃ ওয়ারী, ঢাকা।

শ্রীল প্রভুপাদের পদ্যপ্রসূন মালা

এই গ্রন্থে ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তি- সিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের রচিত পদাবলী শ্রীল আচার্য্যদেবের বিরচিত "সৌরভ" নামক ভাষ্যের সহিত প্রকাশিত হইয়াছে। শ্রীল প্রভুপাদের অনেক অপ্রকাশিত পদ ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ।০ আট আনা।

শ্রীধাম-মায়াপুরে

——(ঃ০ঃ)——

—"ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট"—

——ঃঃ০ঃঃ——

গভর্ণমেণ্ট কর্ত্তৃক অনুমোদিত বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে; বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক খোলা। শিক্ষকগণ সাধক ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে খোরাক ও সেবকখরচ প্রতি মাসে মাত্র ৬৲ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন্ পরীক্ষায় উৎকৃষ্ট ফল প্রদর্শন করিতেছে। বর্ত্তমান বর্ষে ১৬ জন বালকের মধ্যে ১৫ জন ভালভাবে উত্তীর্ণ হইয়াছে।

মেধাবী ছাত্রগণের আরও সুবিধা!

পরীক্ষায় যাহারা গড়ে শতকরা ৭৫ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ সচ্চরিত্র মেধাবী ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক-সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতিবিস্তৃতভাবে আলোচিত হইয়াছে। এই এক অপূর্ব্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

শ্রীচৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত অতিবিস্তৃতভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ শ্রীনিকুঞ্জবিহারী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত ইহার ভিক্ষা মাত্র ৪৲ টাকা। প্রাপ্তিস্থান শ্রীযুক্ত নন্দকিশোর ভক্তিশাস্ত্রী, শ্রীযোগপীঠ, শ্রীধাম, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীসরস্বতী-সংলাপঃ

প্রথম খণ্ড

শ্রীশ্রীএকাদশ গৌড়ীয়সম্প্রদায়ৈকসংরক্ষক জগদ্গুরু পরমহংসকুলচূড়ামণি নিত্যলীলা-প্রবিষ্ট ১০৮শ্রী শ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামি-প্রভুপাদ বিভিন্ন জিজ্ঞাসু ও শুশ্রূষু সজ্জনবৃন্দের পরিপ্রশ্নোত্তরে ও সংশয়-নিরাকরণকল্পে যে-সকল অমৃতকীর্ত্তনাবলী কীর্ত্তন করিয়াছেন, যাহা তাঁহার প্রকটকালেই 'গৌড়ীয়' সম্পাদক শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ প্রভুপাদেরই শ্রীচরণে সংশোধিত করাইয়া রাখিয়াছিলেন এবং যাহার কিয়দংশ গৌড়ীয়পত্রে প্রকাশিত হইয়াছে, তাহা "শ্রীশ্রীসরস্বতী-সংলাপ" নাম ধারণপূর্ব্বক শ্রীল প্রভুপাদের 'বক্তৃতাবলী' ও 'পত্রাবলী' আকারে খণ্ডে খণ্ডে প্রকাশিত হইতেছে। বর্ত্তমানে শ্রীল প্রভুপাদের প্রথমবার্ষিক বিরহোৎসব-পূজা-বাসরে এই গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। মানবজীবনের বহু অমীমাংসিত সমস্যা ও জটিল প্রশ্নের সমাধান ইহাতে পাওয়া যাইবে। ভক্তগণের পাঠকমাত্রেরই এই গ্রন্থ সংগ্রহ একান্ত প্রয়োজন।

"শ্রীকৃষ্ণ J"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপদেশক পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর ভাগবতাচার্য্য সম্প্রদায়-বৈভবাচার্য্য এম-এ মহোদয়ের গৌরগবেষণা এবং পরিপক্ক লেখনীর অদ্ভুত ফল আবাহন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত্র-পাঠে মগ্ন হউন। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিবিধ চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলে শ্রীমহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৩৩শ অধ্যায়ে প্রায় ৮০০ পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্ত্তার ভূমিকাদ্বয় (Prefaces), বিষয়-তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র-(Index Glossary) সহ প্রথমখণ্ড প্রকাশিত। ভিক্ষা—১৫, পনর টাকা। প্রাপ্তিস্থান—মান্দ্রাজ গৌড়ীয়মঠ, রায়পেটা মান্দ্রাজ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

'ঠাকুর ভক্তিবিনোদ'

——:(*):——

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি-প্রচারের মূল মহাজন সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অভিনব জীবনচরিত" এতাবৎকাল পর্য্যন্ত গ্রন্থাকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয়মঠাচার্য্যবর্যের শুভেচ্ছায় পরবিদ্যাশিক্ষিত সু-লেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু মূল্যবান শিক্ষামালাও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১২৫ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৮০ আনা; ডাক মাশুল স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান—ম্যানেজার গ্রন্থবিভাগ
শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

——:(*):——

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু গ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১।১নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

ম্যালেরিয়া পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই উহার কাটতি এত অত্যন্ত অধিক। শিয়রে প্লীহা সংযুক্ত কালাজ্বর এবং নূতন পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। মূল্য ছোট বোতল ৷৵০ দশ আনা, বড় বোতল ১৷৵০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

৮।১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা
অথবা
পোঃ বেহালা, ২৪ পরগণা

ই. বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	৫-৩৩	৬ ২৬	৭-০৩	১২-২৬	১৪-৫৩	১৬-৫৩	১৭-৫৩	২২-৫০
রাণাঘাট পৌঃ			৮ ২৮	১৪-১৫				
(বদল) ছাঃ			৯-৩৩	১৪-৫০				
কৃষ্ণনগর পৌঃ	৭-১	৮-৫৫	১০-৮	১৫-২০	১৭-২৮	১৯-০৮	২০-১৩	১-১৫
(বদল) ছাঃ	৭-১২		১০-৩১		১৭-৩৮		২০-২৬	
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫১		১১-১০		১৮-১৩		২১-৪	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
রাণাঘাট পৌঃ	১২-৫৫
ছাঃ	১৩-০
শান্তিপুর পৌঃ	১৩-২৩
(বদল) ছাঃ	১৩-৩১ (লাইট্ রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪-১২
ছাঃ	১৪-৩০
নবদ্বীপঘাট পৌঃ	১৫-১০

ডাউন

নবদ্বীপঘাট ছাঃ	৫ ৪৫		৯-১০		১৩-৩১	১৬-০	১৮-৩১	
কৃষ্ণনগর পৌঃ	৬ ২৩	৯ ১৬	৯-৫৮	১১-৪১	১৪-১৯	১৬-৩৮	১৯-১১	২১-১০
ছাঃ	৬-৩৩	৭-১৮	১০-১১			১৬-৫৩	১৯-২৫	
রাণাঘাট পৌঃ			১০-৪৬			১৭-৩০		
(বদল) ছাঃ			১১-১			১৭-৪০		
কলিকাতা পৌঃ	৮-১৬	৯-২১	১১-৫১	১২-১৬	১৪-১৬	১৯-১১	২১-৫১	২৩-৩৭

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৩-৩১	১৬-০		
কৃষ্ণনগর পৌঃ	১৪-১০	১৬-৩৮		
ছাঃ	১৫-২৮	১৭-৩৯		
শান্তিপুর পৌঃ	১৬-১	১৮-১৪		
(বদল) ছাঃ	১৬-৩৩	১৮-২৫ (রবিবার ভিন্ন)		২০-৪০ (রবিবার)
রাণাঘাট পৌঃ	১৭-১০	১৮-৫০		২১-১৫
(বদল) ছাঃ	১৭-৪৪	১৯-১৪		২১-৫০
কলিকাতা পৌঃ	১৯-১১	২০-৪০		২৩-৩৭

পোঃ—শ্রীমায়াপুর
টেলিগ্রাম—'শ্রীধাম
শ্রীমায়াপুর'

REGD NO C 1544

দৈনিক নদীয়াপ্রকাশ

"THE DAILY NADIA PRAKASH"

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়াজেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৪শ খণ্ড] শ্রীমায়াপুর—২৯শে শ্রাবণ, ১৩৪৬ ১৪ই আগষ্ট, ১৯৩৯, সোমবার [১৪২শ সংখ্যা

বিবিধ সংবাদ

—::):○:(—

বাংলার নানাস্থানে প্রবল বন্যা

—:○:—

হুগলী সদর মহকুমায়

হুগলী সদর মহকুমার অন্তর্গত পোলবা এবং ধনিয়াখালি থানার এলাকা হইতে ভীষণ বন্যার সংবাদ পাওয়া যাইতেছে। ঘর পড়িয়া যাওয়ায় বহু লোক আশ্রয়হীন হইয়া পড়িয়াছে। মাঠে এক কোমর জল দাঁড়াইয়াছে। অনেক স্থানেই বিস্তীর্ণ জলরাশি ছাড়া আর কিছু দেখা যায় না। বন্যার ফলে লোকের দুঃখ দুর্দশার সীমা নাই।

ঘাটালে

ঘাটালের শীলাবতী নদীর বাঁধ, রূপনারায়ণ নদের বাঁধ ও কংসাবতী নদীর বাঁধ ভাঙ্গিয়া ঘাটাল সদর, দাসপুর থানা প্রভৃতি ৮১টি মৌজা বন্যার জলে প্লাবিত হইয়াছে। এতদ্ব্যতীত চাইপাট, কেন্দে-পোষা, গোছাতি, হরী, মণ্ডল, নিশ্চিন্দপুর, জয়রাম-পুর, রামচক, গৌরীচক, শাকপাড়া, জোতঘনশ্যাম, সীতাপুর, দাসপুর, ডাবনল, গোপীগঞ্জ, বেলুড়, রাধেশ্বাট প্রভৃতি গ্রামের অধিবাসিগণ এখন গৃহহীন অন্নহীন, বস্ত্রহীন অবস্থায় নৌকায়, বৃক্ষে, অথবা গৃহের চালে অবস্থান করিতেছে। এ পর্য্যন্ত এতদঞ্চলে এরূপ প্রবল বন্যার প্রকোপ কখনও দৃষ্ট হয় নাই। এখনও অনেকে জলে অবস্থান করিতেছে এবং মৃত্যুমুখে পতিত হইতেছে। তাহাদের সাহায্যের জন্য অন্ন ও বস্ত্রের বিশেষ প্রয়োজন।

জলঙ্গী নদীতে

ই বি রেলওয়ের ব্রডগেজ রেলওয়ের বিভাগীয় সুপারিন্টেণ্ডেণ্ট জানাইয়াছেন যে, জলঙ্গী নদীর জল অত্যধিক বৃদ্ধি পাওয়ায় এবং বন্যায় জল ই বি রেলওয়ের শান্তিপুর নবদ্বীপঘাট ন্যারোগেজ সেক্শনের স্বরূপগঞ্জ এবং নবদ্বীপঘাট ষ্টেশন-দ্বয়ের মধ্যবর্ত্তী রেল লাইন দিয়া জল প্রবাহিত হইতে থাকায় ঐ লাইনে ট্রেণ চলাচল বিপজ্জনক হইয়াছে। এজন্য নবদ্বীপঘাট ষ্টেশনটিকে পুরাতন স্থান হইতে প্রায় আধ মাইল দূরে স্থানান্তরিত করা হইয়াছে। এখন হইতে সমস্ত ট্রেণই এই নূতন অস্থায়ী ষ্টেশনে থামিবে এবং এখান হইতে রওনা হইবে।

কাটোয়ার প্লাবন

বন্যার জন্য কাটোয়া হাই স্কুল, মিউ-নিসিপ্যালিটির অবৈতনিক স্কুল ও দেওয়ানী আদালত বন্ধ আছে। কাটোয়ার দক্ষিণ কাশীগঞ্জ নামক স্থানে বন্যার জল প্রবেশ করিয়া সমস্ত ঘর বাড়ী নষ্ট হইয়া গিয়াছে। এক ব্যক্তিকে সাপে কামড়াইয়াছিল। বহু চেষ্টায় তাহার জীবন রক্ষা হইয়াছে। মঙ্গলকোট ও কেতুগ্রাম থানায় বহু গ্রাম হইতে সর্ব্বনাশ সংবাদ আসিতেছে। শ্রীযুক্ত সত্যেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়কে সভাপতি ও শ্রীযুক্ত মণিমোহন চন্দ্র বি এল সম্পাদক করিয়া একটি আর্ত্তত্রাণ সমিতি গঠিত হইয়াছে ও সাহায্য কার্য্য আরম্ভ হইয়াছে। প্লাবিত অঞ্চলের অধিবাসীগণ যে কাটোয়া আসিয়া সাহায্যের জন্য আবেদন করিবে এমন উপায়ও নাই। সমস্ত অঞ্চল জলে প্লাবিত হইয়া আছে।

জেনারেল ফ্রাঙ্কোর নয়া আদেশ

মন্ত্রিমণ্ডলীর পুনর্গঠন সম্পর্কিত একটি আদেশে দেশরক্ষা সম্পর্কে একটি উচ্চতম পরিষদ গঠনের কথা ঘোষিত হইয়াছে। জেনারেল ফ্রাঙ্কো স্বয়ং এই পরিষদের প্রধান কর্ত্তা হইয়াছেন। দেশরক্ষা সম্পর্কিত সমস্ত পরিষদের স্থলে এই উচ্চতম পরিষদ গঠিত হইয়াছে। এই পরিষদে জেনারেল ফ্রাঙ্কোর অধীনে সেনা, নৌ ও বিমান বিভাগের ভারপ্রাপ্ত তিনজন সচিব থাকিবেন। ইঁহাদের প্রত্যেকেই এক একজন জেনারেল হইবেন এবং ইঁহাদের প্রত্যেকের অধীন স্ব স্ব সমর পরিষদ থাকিবে। প্রয়োজন উপস্থিত হইলে এই নবগঠিত উচ্চতম পরিষদ নিজেদের ইচ্ছা-অনুসারে পররাষ্ট্র সচিব শিল্প-সচিব এবং রণসম্ভার উৎপাদনে নির্ব্বাচিত কল-কারখানার ভারপ্রাপ্ত কর্ম্মকর্ত্তা মনোনয়ন করিতে পারিবেন। এই নব গঠিত উচ্চতম পরিষদের সদস্যদের নাম এখনও ঘোষিত হয় নাই। তবে গবর্ণমেণ্টের মধ্যে এই-রূপ একটি পরিষদ গঠন করায়, দেশের পুনর্গঠন কার্য্যে ফ্যালাঞ্জদল অপেক্ষা সামরিক শক্তি কিরূপ গুরুত্বপূর্ণ অংশ গ্রহণ করিবে তাহার পরিচয় পাওয়া যায়। সরকারী মহলের মত এই যে, জেনারেল ফ্রাঙ্কোর রাজনীতি ক্ষেত্রে বিরুদ্ধবাদী শক্তিসমূহকে বশে রাখার ক্ষমতা সম্পর্কে বিদেশী সমালোচকগণ ঘোরতর সন্দেহ প্রকাশ করিয়াছিলেন; এতদ্বারা তাহার পাল্টা জবাব দেওয়া হইয়াছে।

সিন্ধুতে বৃষ্টির জন্য প্রার্থনা

সিন্ধু গবর্ণমেণ্টের আবেদন অনুযায়ী সিন্ধু প্রদেশের সর্ব্বত্র জনসাধারণ বৃষ্টির ও অন্নকষ্টের অবসানের জন্য সমবেতভাবে প্রার্থনা করিয়াছে।

বিভিন্ন সম্প্রদায় স্ব স্ব উপাসনা স্থলে সমবেত হইয়া প্রার্থনা করে। উহাতে স্কুলের সহস্র সহস্র ছাত্র যোগ দিয়াছিল। প্রধান মন্ত্রী খাঁ বাহাদুর আল্লাবক্স এবং মিঃ এইচ এম গজদার এম-এল এ ঈদগাহ ময়দানে উপস্থিত ছিলেন।

সমস্ত ব্যবসায় প্রতিষ্ঠান বন্ধ রহিয়াছে।

গুজরাটের নানাস্থানে জলকষ্ট

গুজরাটের কোন কোন অংশে এবং উহার পার্শ্ববর্ত্তী দেশীয় রাজ্যসমূহে জলকষ্ট ক্রমশঃ তীব্রতর হইতেছে। খাদ্যাভাবের ফলে গো-মড়ক আরম্ভ হইয়াছে বলিয়া সংবাদ পাওয়া গিয়াছে।

বহু লোক সাহায্য লাভের আশায় মফঃস্বল হইতে আমেদাবাদ আসিতেছে। পুলিশ রিলিফ রোডের নিকট হইতে এক ব্যক্তিকে অবসন্ন অবস্থায় এবং অপর এক-জনকে অনাহারে মৃত অবস্থায় উঠাইয়া আনিয়াছে। বলিয়া সংবাদ পাওয়া গিয়াছে।

আশা করা যায় যে, কয়েক দিনের মধ্যেই পুনরায় বর্ষা আরম্ভ হইবে। বর্ষা আরম্ভ না হইলে, গবর্ণমেণ্ট যথোপযুক্ত ব্যবস্থা অবলম্বন করিবেন বলিয়া জানা গিয়াছে।

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক। প্রতি একাদশীতে প্রকাশিত হয়। কলিকাতা বাগবাজারস্থ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। সডাক ভিক্ষা ৪৸০ টাকা মাত্র।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৸০ টাকা মাত্র।

৩। ভাগবত—হিন্দিভাষায় একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৸০ টাকা মাত্র

৫। শ্রীগৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৸০ মাত্র।

পরমগুরু শ্রীগৌরকিশোর

গৌড়ীয়-সম্পাদক-লিখিত, শ্রীগৌড়ীয়মঠাচার্য্যের ভূমিকা-সম্বলিত, বহুচিত্র-শোভিত ও বিষয় সূচী-সমন্বিত "পরমগুরু শ্রীগৌরকিশোর" গ্রন্থাকারে প্রকাশিত হইয়াছেন। এই গ্রন্থে শুদ্ধগৌড়ীয়বৈষ্ণবগণের পরমারাধ্য, গৌড়ীয়গৌরবাশ্রয়াবধি অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ বিতাড়িতাখিল পরমহংস ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল গৌরকিশোরদাস গোস্বামী প্রভুবরের অপ্রাকৃত চরিতকথা বর্ণিত আছে।

শ্রীশ্রীভক্তিবিনোদাবির্ভাব-শতবর্ষপূর্ত্তিতিথিপূজার উপায়ন-গ্রন্থমালা

——::(০)::——

১। গীতিসাহিত্যে শ্রীভক্তিবিনোদ

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র গীতিসাহিত্যের সমালোচনা-গ্রন্থ)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

২। শ্রীভক্তিবিনোদবাণীবৈভব

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের রচনাবৃন্দসাগর হইতে আহৃত ১০৮টি অধ্যায়ে সম্বন্ধ-অভিধেয়-প্রয়োজনাকারে গ্রথিত অমূল্য উপদেশপূর্ণ গ্রন্থ)

ভিক্ষা—৩৲ তিন টাকা মাত্র।

৩। শ্রীশ্রীভক্তিবিনোদ-প্রসঙ্গ

ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ ও ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী প্রভু-বিরচিত এবং গৌড়ীয়ে প্রকাশিত শ্রীশ্রীভক্তিবিনোদ-চরিত-প্রসঙ্গ

ভিক্ষা—৷৵০ ছয় আনা মাত্র।

৪। ছাত্রদের ভক্তিবিনোদ

(ছাত্রদের উপযোগী ভাষায় লিখিত শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্র ও শিক্ষা)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

(ছাত্রদের পক্ষে ভিক্ষা—৷০ আট আনা মাত্র)

প্রাপ্তিস্থান :—

(১) 'ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট', পোঃ শ্রীমায়াপুর, নদীয়া ;

(২) শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ;

(৩) শ্রীযুক্ত সুপতিরঞ্জন নাগ এম্-এ, বি-এল্, পুরাণাপল্টন পোঃ রমণা, ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্,—সমগ্র ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ৪৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। ভাষ্যসহ দিব্যাই শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৬৲
৩। ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৩
৪। সরস্বতী-জয়শ্রী (অবাঁধা) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০ ; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০
৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার-দীপিকা সংস্কার দীপিকা ১৷০
৯। বৈষ্ণবধর্ম্ম ২৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ১
১৫। বৈষ্ণবসাহিত্যে বিষয়-তত্ত্ব ৷০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষদ ৷০
১৮। বামন-অবতার ৷০
১৯। তত্ত্ববিবেক ৷০
২০। গৌড়ীয়-গৌরব ৸৵০
২১। গৌড়ীয়সাহিত্য ৸৵০
২২ ভজন-রহস্য ৷০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা)
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা সহ) ২৲
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) ২৲
অবাঁধা) ১৲
২৬। গীতার কেবল মাত্র-ভাষা ৷০
২৭। বৃহদ্ভাগবতামৃতম্ (সানুবাদ) ২৲
২৮। প্রেমভক্তিচন্দ্রিকা (সানুবাদ) ৷০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৸০
৩০। দীন-দিগ্-দর্শন ৵০
৩১ সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ৸৵০
৩২ গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ৷০
৩৩ নবদ্বীপধাম-প্রমাণ ৸০
৩৪ ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৵০
৩৫ গীতমালা ৴১০
৩৬ নবদ্বীপধাম-মাহাত্ম্য ৵০
৩৭ ঐ প্রমাণ-খণ্ড ৵০
৩৮ শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ৷০
৩৯ শ্রীগোদ্রুমকল্পতরু ৷০
৪০ শরণাগতি ৴০
৪১ গীতাবলী ৴০
৪২ শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
৪৩ [illegible] ৴০
৪৪ প্রেমভক্তিচন্দ্রিকা ৴
৪৫। নবদ্বীপশতক
৪৬। অর্চ্চনপদ্ধতি
৪৭। সদাচারস্মৃতি ৩/
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) /১০
৪৯। অর্চ্চনকণ ৴১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম-৪ খণ্ড) ৩৲
৫১। [illegible] ৷০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ৷০
৫৩। গৌরকৃষ্ণোদয় ৸০
৫৪। পুরুষার্থ-বিনির্ণয় ৷০
৫৫। [illegible] ৷০
৫৬ ভারতবর্ষ ও ভক্তিপথ ৵০
৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ) ৷০
৫৮। শ্রীকৃষ্ণলেখা ৵০
৫৯। শিক্ষাদর্পণ ৵০
৬০। সাংখ্যবাণী ৴০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ৷০
৬২। সিদ্ধান্ত-সরস্বতী বিজিতম্ ৷০
৬৩। নাটক-শিক্ষাবলী ৷০
৬৪। তত্ত্বসূত্রম্ ৷০
৬৫। সাত্বত শিক্ষাষ্টকম্ ৵০
৬৬। গৌড়ীয়মঠপরিচয় ৴০
৬৭। সারার্থবর্ষিণী ৵০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ৷০
৬৯। এ ফিউ ওয়ার্ডস অন বেদান্ত ৷০
৭০। নামভজন ৴০
৭১। বেদান্ত—ইট্‌স্ মরফলজি অ্যাণ্ড অন্টলজি ৷০
৭২। রিলেটিভ ওয়ার্ল্ডস ৸৵০
৭৩। লাইফ অ্যাণ্ড প্রিসেপ্ট্‌স্ অব শ্রীচৈতন্য মহাপ্রভু ৷০
৭৪। বৈষ্ণবিজম্ ৷০
৭৫। শ্রী গৌড়ীয়মঠ টক টুইং ৴০
৭৬। দি ভাগবত ৷০
৭৭। [illegible] ৷০
৭৮। ব্রহ্মসংহিতা ১৷০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (প্রথম খণ্ড) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ৷০
৮১। সাধন-পথ ৷০
৮২। কল্যাণ-কল্পতরু ৵০
৮৩। গীতাবলী ৴০
৮৪। শরণাগতি ৴০

আসামী ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ৴০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ৯

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শ্রীশ্রীগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

একমাত্র পারমার্থিক দৈনিক পত্র

শ্রীধাম-মায়াপুর-নদীয়া

১৪শ বর্ষ { ১৯ পুরুষোত্তম ৪৫৩ গৌরাব্দ, ২৯শে শ্রাবণ বঙ্গাব্দ ১৩৪৬, ১৪ই আগষ্ট ইং ১৯৩৯, সোমবার } ১৪১৭ সংখ্যা

প্রচার-প্রসঙ্গ

কলিকাতায়

বাগবাজার শ্রীগৌড়ীয়মঠে প্রত্যহ অপরাহ্ণ ৩টা হইতে ৬টা পর্য্যন্ত ভক্তবৃন্দ ইষ্টগোষ্ঠীমুখে শ্রীশ্রীল আচার্য্যপাদগণের ঐকান্তিক শরণাগতির বিষয় আলোচনা করেন। সেবকগণ শ্রীপাদ নবীনকৃষ্ণ বিদ্যালঙ্কার প্রভুর নিকট পরিপ্রশ্নমুখে সকল প্রকার সন্দেহের মীমাংসা শ্রবণ করিয়া আত্মমঙ্গলের সুযোগ বরণ করিতেছেন।

ত্রিদণ্ডিস্বামী শ্রীল ভক্তিপ্রদীপ তীর্থ গোস্বামী মহারাজ ও মহামহোপদেশক অধ্যাপক শ্রীপাদ নারায়ণদাস ভক্তিসুধাকর, ভক্তিশাস্ত্রী, এম্-এ মহোদয় বিভিন্ন স্থান হইতে আগত সজ্জনগণের নিকট চেতনস্পর্শী হরিকথা-কীর্ত্তন করিতেছেন। তাঁহাদের শ্রীমুখ-বিগলিত বীর্য্যবতী হরিকথা-শ্রবণে আত্ম-মঙ্গলকামী জনগণ শ্রীগুরুপাদপদ্মে সুদৃঢ় শ্রদ্ধা লাভ করিতেছেন।

গত ৬ই আগষ্ট রবিবার সন্ধ্যারাত্রিকের পর শ্রীগৌড়ীয়মঠের নাটমন্দির-প্রবণ-সদনে মহোপদেশক পণ্ডিত শ্রীপাদ নবীনকৃষ্ণ বিদ্যালঙ্কার ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়বৈভবাচার্য্য মহোদয় "গুরুতত্ত্ব" সম্বন্ধে ২ ঘণ্টাকাল ব্যাপী একটী মর্ম্মস্পর্শী বক্তৃতা প্রদান করেন। তিনি—কর্ম্মী, জ্ঞানী, যোগী, অন্যাভিলাষীর গুরুবর্গ ও ভক্তের গুরুবর্গের মধ্যে বৈশিষ্ট্য, সৎসম্প্রদায়-চতুষ্টয়ের অন্যতম কোন সাম্প্রদায়িক সদ্গুরু বা আচার্য্যের পাদপদ্ম আশ্রয়ের প্রয়োজনীয়তা, উক্ত সম্প্রদায়-চতুষ্টয়ের আচার্য্যগণের পরিচয় ও প্রচার্য্য-বিষয়, স্বয়ং-ভগবান্ কৃষ্ণের প্রকটাপ্রকট ও ভক্তগণসহরূপে আবির্ভাবের প্রয়োজনীয়তা, শ্রীগুরুদেবের স্বরূপ, স্বয়ং কৃষ্ণই গুরুরূপে জগতে প্রকাশিত হইলেও কৃষ্ণ ও গুরুর মধ্যে বিষয়-আশ্রয়ভেদের নিত্যত্ব; শ্রীগুরুদেবের মুকুন্দপ্রেষ্ঠত্ব, গুরুদেব—আশ্রয়জাতীয়-ভগবান্, বিষয়-জাতীয়-ভগবান্—কৃষ্ণ, বিষয় ও আশ্রয়ের লীলা-বৈশিষ্ট্য, গুরুদেব—বিষয়জাতীয় ভগবান্, বিষয়জাতীয় কৃষ্ণ বা বিষয়জাতীয় হরি নহেন, এইরূপ মনে করা মায়াবাদ বা বাউল মত, গুরুদেব সাক্ষাৎ নিত্যানন্দ, কিন্তু বেশভূষণ নহেন, অর্চ্চন ও ভজনমার্গভেদে শ্রীগুরুদেব শ্রীনিত্যানন্দ ও শ্রীবার্ষভানবীর অভিন্ন প্রকাশরূপে প্রতীয়মান, শ্রীচৈতন্যদেবের ভাব বা মনোহভীষ্ট প্রেমপ্রচারণ ও পাষণ্ডদলন—শ্রীগুরুনিত্যানন্দের কার্য্য, "মদ্‌গুরু—জগদ্‌গুরু" বাক্যের তাৎপর্য্য; দীক্ষা, শিক্ষা ও শ্রবণ-গুরুর অভিন্নত্ব, বিমুখ ও উন্মুখ জীবের আচার্য্যপাদপদ্ম-দর্শনের পার্থক্য; উন্মুখ ও বিমুখভেদে চৈত্যগুরু ও মহান্তগুরুর কৃপা ও বঞ্চনালীলা; গুরুপাদপদ্মে শরণাগত ও গুরুপাদপদ্মবিমুখ জনের পরিণাম, গুরুপাদপদ্ম আশ্রয়ের একান্ত প্রয়োজনীয়তা প্রভৃতি বহু বিষয় কীর্ত্তন করেন।

৭ই আগষ্ট সোমবার প্রাতে শ্রীপাদ কবিভূষণ ব্রহ্মচারী, ভক্তিশাস্ত্রী শ্রীচৈতন্য-ভাগবত পাঠ ও ব্যাখ্যা করেন।

৮ই আগষ্ট মঙ্গলবার রাত্রি ৮টা হইতে ৯টা পর্য্যন্ত মহোপদেশক পণ্ডিত শ্রীপাদ নবীন কৃষ্ণ বিদ্যালঙ্কার ভক্তিশাস্ত্রী প্রভু শ্রীচৈতন্য-চরিতামৃত মধ্য নবম পরিচ্ছেদ হইতে শ্রীমন্মহাপ্রভুর তত্ত্ববাদী আচার্য্যের সহিত সাধ্য সাধন-তত্ত্ব-আলোচনা-প্রসঙ্গ পাঠ ও ব্যাখ্যা করেন।

রেঙ্গুনে

গৌড়ীয়বৈষ্ণবাচার্য্য ও বিষ্ণুপাদ পরমহংস অষ্টোত্তরশতশ্রী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ পুরী গোস্বামী প্রভুপাদের আনুগত্যে রেঙ্গুন শ্রীগৌড়ীয়মঠের সেবকগণ ব্রহ্মদেশের বিভিন্ন স্থানে হরিকথা কীর্ত্তন করিতেছেন। এতদ্ ব্যতীত তাঁহারা শ্রীমঠে প্রত্যহ গৌড়ীয়, নদীয়াপ্রকাশ, পরমার্থী ও অন্যান্য ভক্তিগ্রন্থাদি পাঠ ও ব্যাখ্যা করিতেছেন। শ্রীপাদ বনবিহারী ব্রহ্মচারী প্রমুখ রেঙ্গুন-গৌড়ীয়মঠের সেবকবৃন্দ প্রচুর উৎসাহের সহিত মঠ ও মঠের বাহিরে হরিকথা আলোচনা করিতেছেন।

চট্টগ্রামে

গত ২০শে জুলাই চট্টগ্রাম সহরস্থ তেরীবাজার-নিবাসী প্রসিদ্ধ বস্ত্র ব্যবসায়ী ও জমিদার শ্রীযুক্ত চন্দ্রমোহন পোদ্দার মহোদয়ের সাদর আহ্বানে শ্রীবিদ্যানন্দ গৌড়ীয়মঠের অন্যতম সেবক উপদেশক শ্রীপাদ অনাদিকৃষ্ণ ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী, সম্প্রদায় বৈভবাচার্য্য মহোদয় তদীয় ভবনে উপস্থিত হইয়া ছায়াচিত্রযোগে শ্রীগৌরাঙ্গ-লীলা-প্রদর্শনমুখে প্রায় ২ঘণ্টাকাল ব্যাপী একটী বক্তৃতা প্রদান করেন। বক্তৃতার আদি ও অন্তে মহাজনপদাবলী ও মহামন্ত্র কীর্ত্তন হইয়াছিল।

শ্রীপুরুষোত্তমমঠে মহামান্য বেপুরের মহারাজ

গত ৩রা আগষ্ট বৃহস্পতিবার দিবস বেলা ১১ ঘটিকার সময় একখানি মোটরযানে ২।৩ জন কর্ম্মচারী সহ মহামান্য বেপুরের মহারাজ বাহাদুর [illegible] শ্রীপুরুষোত্তমমঠে আগমন করেন।

[illegible] কর্ত্তৃক মহারাজ বাহাদুর সাদরে অভ্যর্থিত হইয়া শ্রীমন্দিরের শ্রীবিগ্রহ দর্শন করেন ও তাঁহার [illegible] প্রসাদী মালা অর্পণ করা হয়।

তৎপর সেবকবৃন্দ তাঁহাকে পরমারাধ্য শ্রীশ্রীল প্রভুপাদের [illegible] সেই স্থানে শ্রী [illegible] মহারাজ বাহাদুরের নিকট [illegible] করেন। [illegible] বিষয় শ্রবণ করিয়া মহারাজ বাহাদুর পরমানন্দিত হন। তৎপর তিনি [illegible] করেন এবং গৌড়ীয়মঠের প্রচারিত বিষয়ের [illegible] কৃতজ্ঞতা জ্ঞাপন করিয়া প্রত্যাগমন করেন।

আশ্রয়ে করিয়া বন্দ হাড়ান না যায়। সাধু-গুরু-কৃপা বিনা না দেখি উপায়।

"নদীপারের জন্য যেমন একটা গেট, একটা মাঝি রাখ্‌তে হয়; সেরূপ একটা গুরু রাখারও দরকার"—এরূপভাবেই এই সকল লোক 'গুরু' ক'রেছে! এরা আমাকে কোন দিনই দেখে নাই, আমিও কোন দিনই তা'দের সঙ্গ করি নাই।"

(শ্রীল প্রভুপাদ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

২৯ পুরুষোত্তম, সর্ব্বশির সর্ব্বশ গৌরাব্দ ৪৪৩

ভক্তিসিদ্ধান্তবাণী

—:o:—

ভগবদ্ভক্তগণই সাধু এবং ভগবদ্বিমুখগণই অসাধু। সাধু ও অসাধুতে যেরূপ সর্ব্বদা বৈপরীত্য-ধর্ম্ম আছে, তাহাদের সাধন ও সাধ্যবস্তুতেও সেইরূপ বৈপরীত্যভাব থাকা আবশ্যক। অসাধুদের সাধুবেষ ও সেবা বিপ্রলম্ভই সাধন ও মোক্ষই সাধ্য। ভক্তদিগের ভক্তিই সাধন ও প্রেমই সাধ্য। যাঁহারা মোক্ষপ্রয়াসী, তাঁহারা সুতরাং অসাধু। বিবেক ... কেবল জ্ঞানযোগরূপ অসাধু-সাধন আশ্রয় করেন।

জগতে মায়ার কথা প্রবলবেগে চলিতেছে, হরিকথার বড়ই দুর্ভিক্ষ! হরিকথার শ্রবণে বা কীর্ত্তনে লোকের আদৌ উৎসাহ নাই। ইন্দ্রিয়সুখে সম্পন্ন হইলে 'পরমধন' মিলে না। ইন্দ্রিয়সুখকে নষ্ট করিলেও 'পরমধন' হইবে না, হরিকথার দ্বারা ... আমাদিগকে রক্ষা করেন,—এমন বান্ধব কে আছেন? মানুষ-জাতি অহংকারের বশবর্ত্তী হইয়া এতদূর দুর্ব্বিবেকী যে ... 'সিদ্ধান্ত' বলিয়া প্রচার করাবার বাহাদুরি করেন এবং ... বিরুদ্ধে ধাবমান হইয়া আপাতমধুর ... কথাকেই বরণ করিয়া নিজের পায়ে নিজেই কুঠারাঘাত করেন। সৌভাগ্যক্রমে যদি আমরা ... হইতে পৃথক্‌ থাকিবার ... পাই, তবে ... । ... সর্ব্বদা ... অপর, তাঁহার সম্বন্ধে আর অন্য কিছু করিব না। হরিভজনেই মনুষ্যজীবনের সার্থকতা এবং কাল-বিলম্ব না করিয়া এই মুহূর্ত্ত হইতেই হরিভজন করিতে থাকিব'—এইরূপ দৃঢ় উৎসাহ ও নিশ্চয়তা লইয়া আমাদিগের মনুষ্যজীবনের চরম-কল্যাণ-সাধনে ব্রতী হওয়া আবশ্যক।

শ্রীগুরুদেব—আচার্য্য, তিনি আচরণ করিয়া শিষ্যকে কৃষ্ণভজন শিক্ষা দেন। শ্রীগুরুদেব সর্ব্বদা মুকুন্দের আরাধনা-তৎপর বলিয়া তিনি মুকুন্দপ্রেষ্ঠ অর্থাৎ মধুর রতিতে রাধা প্রিয় সখী। সর্ব্বপ্রথমে মন্ত্রশিক্ষাদাতা শ্রীগুরুদেবের ভজন, তৎপরে শ্রীআনন্দতীর্থ, শ্রীমাধবেন্দ্র পুরীপাদ প্রমুখ পরম ও পরমপরাৎপর গুরুবর্গের ভজন, তৎপরে চতুর্যুগে উদ্ভূত ভাগবত-বৈষ্ণবগণের ভজন, তৎপরে ... ভজনপ্রণালীর শিক্ষক শ্রীরূপ প্রভুর ভজন, তৎপরে রূপানুগ শ্রীরঘুনাথ ও শ্রীজীব প্রমুখ গুরুবর্গের ভজন, তৎপরে অদ্বৈত প্রভুর ও নিত্যানন্দ প্রভুর সহিত সগণ পরমেশ্বর শ্রীকৃষ্ণচৈতন্যদেবের ভজন।

সর্ব্বত্রই সংসারিদের দ্বিবিধ প্রচারক—অনুকূল ও প্রতিকূল। ভাগবতগৃহীত পঞ্চরসের রসিক ভক্তগণই ভগবানের অনুকূলসেবার প্রচারক; অঘ, বক, পূতনা, কংস, জরাসন্ধ প্রভৃতি—কৃষ্ণের প্রতিকূল-প্রচারক। শ্রীধামের বিরুদ্ধে এই সকল অঘ-বক-পূতনাদির প্রচার শ্রীধামের মাহাত্ম্যই বিস্তার করিবে। অঘ, বক ও পূতনাগণ কৃষ্ণকে বিনাশ করিবার চেষ্টা করিলেও তাঁহাকে বিনাশ করিতে পারে নাই, ব্যতিরেকভাবে কৃষ্ণের মাহাত্ম্যই প্রচার করিয়াছে। বাস্তব শ্রীধামবিরোধিগণও তদ্রূপ নিত্য চিন্ময় ধামের কখনও বিনাশ করিতে পারিবে না; কেন না, উহা বিনাশযোগ্য বস্তুই যে নহে! পরন্তু ব্যতিরেকভাবে শ্রীধাম-প্রচারের সহায়তাই করিবে। বিষ্ণুবিদ্বেষী অসুরগণ যেরূপ নির্ব্বিশেষ গতি প্রাপ্ত হইয়া থাকে, তদ্রূপ ধামবিদ্বেষিগণ নির্ব্বিশেষ অবস্থা লাভ করিবে; তাহাদের কোনও কথা থাকিবে না। ছয়শতাধিক শ্রীগৌরসুন্দরের গুহকথা ও তদ্রূপবৈভব শ্রীধামের বিরুদ্ধে প্রচারকারী নির্ব্বোদ্ধৃত অচিরেই ধ্বংসপ্রাপ্ত হইবে; যেহেতু গৌরকৃষ্ণ—নিত্য, তাঁহার নাম—নিত্য, তাঁহার ধাম—নিত্য।

গয়াধামে গদাধরের যে পাদপদ্ম আহ্নিক কর্ম্মকাণ্ড ও বৌদ্ধযুগের জ্ঞানকাণ্ডকে চাপা দিয়াছেন, সেই পাদপীঠ দর্শন করিবার পর শ্রীগৌরসুন্দর ফিরিয়া আসিয়া কাহাকেও আর অন্য কোন কথা বলেন নাই। সর্ব্বজীবকে আহ্বান করিয়া কেবল এই কথা বলিয়াছেন,—

"যারে দেখ, তারে কহ কৃষ্ণ-উপদেশ।
আমার আজ্ঞায় গুরু হঞা তার'
এই দেশ॥"

তিনি প্রত্যেককে প্রচারক হইতে বলিয়াছেন। যাঁহারা স্বার্থপর, তাঁহারা এইরূপ কথা বলিতে পারেন না। মহাবদান্য ব্যতীত আর কেহই জীবকে সর্ব্বশ্রেষ্ঠপদে আরোহণ করাইবার অভিলাষী হন না। জগতের লোকসকল স্বার্থপর; তাহারা অন্যান্য জীবকে সর্ব্বদা নিষ্পেষিত করিয়া তাহাদের অধীন করিয়া রাখিতে প্রয়াসী। তন্মধ্যে কেহ কেহ একটু উদারতার ভাণ দেখাইয়া নীচ ব্যক্তিকে অপেক্ষাকৃত উচ্চপদবীর চাকুরীর লোভ দেখাইয়া ব্যক্তিগত স্বার্থ ও প্রতিষ্ঠা সংগ্রহ করিতে যত্নবান।

সাক্ষাৎ ভগবান্‌কে যেরূপ বিচার ক'র্বে, গুরুদেবকেও সেরূপ বিচার ক'র্বে, কোনও অংশে কম মনে ক'র্বে না। সাধু সকল—পণ্ডিত সকল—বেদজ্ঞ ব্রাহ্মণ সকলের কর্ত্তব্য হ'চ্ছে—ভগবানের ন্যায় গুরুকে জানা—পূজা করা—সেবা করা—যদি তা' না করেন, তবে শিষ্যত্ব হ'তে ভ্রষ্ট হ'য়ে যাবেন। মহান্ত গুরুদেবকে ভগবান্ হ'তে অভিন্ন—ভগবানের প্রকাশমূর্ত্তি না বল্লে কোনও দিন ভগবানের নাম মুখে উচ্চারিত হ'বে না। তার একটা প্রমাণ আছে শ্রুতিতে—

যস্য দেবে পরা ভক্তির্যথা দেবে তথা গুরৌ।
তস্যৈতে কথিতা হ্যর্থাঃ প্রকাশন্তে
মহাত্মনঃ॥

তিনিই শ্রুতির মর্ম্ম বুঝ্‌তে পারেন, যাঁ'র গুরু ও ভগবানে অভিন্নবুদ্ধি আছে। সচ্চিদানন্দ ভগবানের পায়ে হাত আছে, সেই হাত দিয়ে তিনি যেন তাঁ'র পা' চুল্‌কাচ্ছেন। ভগবানের হাতও তাঁ'র দেহ-ই—ভগবান্ নিজেই নিজের সেবা ক'র্চ্ছেন। ভগবান্ নিজেই নিজের সেবা শিক্ষা দিবার জন্য গুরুরূপে অবতীর্ণ হ'য়েছেন। মুকুন্দ—সেব্য ভগবান্—বিষয় ভগবান্, আর মুকুন্দপ্রেষ্ঠ শ্রীগুরুদেব—সেবক-ভগবান্—আশ্রয়-ভগবান্। গুরুদেবের তুল্য প্রিয় ভগবানের আর কেহই নাই। তিনিই ভগবানের অত্যন্ত প্রিয়। বিবর্ত্তগণ—ধর্ম্মধ্বজগণ—স্বার্থ... স্বার্থপরগণ বুঝ্‌তে পারে না—ভগবানের ভক্তগণ কিরূপ জগতের সর্ব্ববিষয়ে পদাঘাত ক'রে ভগবানের আজ্ঞায় চব্বিশ ঘণ্টার মধ্যে ক্ষণমাত্রও ভগবানের নিষ্কপট সেবা হ'তে বিচ্যুত হন না।

আগে গুরুপাদপদ্ম আশ্রয় ক'র্তে হ'বে। নচেৎ গুরু হ'বে (?) পোনা হ'য়ে যা'বে—থিয়েটারের অভিনয় দেখা পোশাকের মত। প্রথমে নিজে লঘু হ'তে হ'বে। ইহার নাম—আশ্রয়, গুরুকে যদি গুরু ব'লে স্থাপন করা যায়, তা' হ'লে অসুবিধা হ'বে। শিষ্যের দানগ্রহণকারী চোরকে 'গুরু' ক'র্তে হ'বে না। তা' হ'লে 'গুরু' করা না হ'য়ে চাকর করা হ'য়ে যা'বে। সর্ব্বস্ব গুরুপাদপদ্মে অর্পণ ক'র্তে হ'বে। আর যে গুরু (?) শিষ্যের (?) বিত্ত অপহরণ করেন, তা'রা লঘু। তা'দিগকে আশ্রয় ক'র্লে আরো লঘু হ'য়ে যেতে হ'বে। প্রকৃত গুরু লাভ হ'লে, তিনি (শ্রীগুরুদেব) হৃষীকের (ইন্দ্রিয়ের) দ্বারা কিরূপে হৃষীকেশের সেবা ক'র্ছেন লক্ষ্য ক'র্তে হ'বে, তা' হ'লে সুবিধা হ'বে। 'আদৌ গুর্ব্বাশ্রয়ঃ।' কৃষ্ণের আশ্রয়-মূর্ত্তিগ্রহ হ'য়ে গৌরভগবান্ জীবের নিকট উপস্থিত হন—ভাগ্যহীন জীবের নিকট উপস্থিত হন না।

বর্ত্তমানে আমাদের বিষয়ী আর বোর্ডিং দর্শন হ'চ্ছে। গুরুপাদপদ্ম দর্শন না হ'লে কৃষ্ণসেবা হয় না। গুরুপাদপদ্মদর্শনের পরেও যদি আবার বোর্ডিং দর্শন হয়, তা' হ'লে পতন হ'য়ে গেল। তখন দুর্ব্বুদ্ধি হয় যে, গুরু-থেকেও বড় গুরু আছে। যদি কেহ বাস্তবিকই গুরু-পাদপদ্ম আশ্রয় করেন, আর যদি গুরু-কৃষ্ণ-সেবা করেন, তা' হ'লে নিশ্চয়ই কৃষ্ণসেবা লাভ হ'বে—কৃষ্ণবিষয়ে দিব্যজ্ঞান—দীক্ষা লাভ হ'বে।

কৃষ্ণেতর বিষয়ের জ্ঞান প্রদানের জন্য গুরুগণ কতই না চেষ্টা ক'র্ছে! যে কার্য্য ক'র্লে বিষয়ী ও বোর্ডিংকে আর দেখ্‌তে হয় না, সেই কার্য্য ক'র্তে হ'বে। তখন কৃষ্ণবোর্ডিংকে পরম পূজ্য গুরুজ্ঞান ক'র্তে পারা যাবে। তখন 'বোর্ডিংএর লোকগুলো'—এই দর্শন হ'তে নিরস্ত হওয়ায় ভগবানের সেবাবৃত্তি উদিত হয়। তখন কৃষ্ণের সম্যক্ দর্শন হয়—'আমি বোর্ডিংপতি'—এরূপ বিচার হয় না। কৃষ্ণই একমাত্র বোর্ডিংপতি এইরূপ দর্শন হয়। কেবল কৃষ্ণ-ভজনের উৎকণ্ঠা বৃদ্ধি হয়। মানুষ তখন নিজেকে অন্যের পুত্র জ্ঞান করে—এ সকল পিতা-পুত্রের সহিত আর সম্বন্ধ থাকে না—তখন মঠবাস হয়। তখন শ্রীচৈতন্যদেব যা' ব'লেছেন, সেই কথা কর্বার অভিলাষ হয়। তখন জীব প্রকৃত প্রস্তাবে 'তৃণাদপি সুনীচ' হন, মিথ্যা কথার প্রবৃত্তি থাকে না।

শ্রবণ-কীর্ত্তন না হ'বার জন্য কৃষ্ণের দর্শন হ'চ্ছে না। আশ্রয় ত' ক'র্ছি আমি। আমি আশ্রয় না ক'র্লে আর কি হ'বে? ভগবানের'

... 'মুক্তি ভোর কাশী ভক্তি নয়। কৃষ্ণভক্তি দূরে রহ সংসার নহে ক্ষয়॥

ইচ্ছাক্রমে সদ্গুরু লাভ হয়। ভগবানের দয়া পেলেই সব হ'বে। তাঁ'র দয়া না হ'লে আমার শত চেষ্টায়ও কিছু হ'বে না। তাঁ'র দয়াই মূল জিনিষ। যদি হৃদয়ের মধ্যে নিষ্কপট আর্ত্তি থাকে, যদি তাঁ'কেই সত্য সত্য চাই, তা' হ'লে তাঁ'র নিশ্চয়ই দয়া লাভ হয়। যতক্ষণ অন্য বুদ্ধি থাকে, ততক্ষণই ঐশ্বর্য্যাদির অভিমানে সর্ব্বনাশ হয়। ভগবান্ কি বস্তু, যাঁ'রা আলোচনা কর্‌লেন না, তাঁ'রা ঐ সব অসার জিনিষের (ঐশ্বর্য্যাদির) আলোচনায় সময় কাটিয়ে দিলেন। ঐ সব বিষয়ে বেশী আসক্ত হ'য়ে পড়লে শ্রবণ হয় না। শ্রবণ না কর্‌লে বিষয়ভোগ ছাড়া জীব আর কি কর্‌বে?

অনাত্মবস্তুর সৃষ্টি আছে। আত্মবস্তুর সৃষ্টি নাই। আত্মবস্তুর সহিত সম্বন্ধ-বিশিষ্ট হ'য়ে পুনরায় আমায় স্বভাব প্রাপ্ত হ'ব। পুনঃ পুনঃ সৃষ্ট হ'বার অভিমান হ'বে না। বলদের বুদ্ধি নিয়ে অগ্রসর হ'তে হ'বে না। কুসংস্কারের বশবর্ত্তী হ'য়ে জীবন নষ্ট কর্‌তে হ'বে না। F. R. S. D. C. L. হ'য়ে আধ্যক্ষিক হ'বার জন্য ব্যস্ত হ'বে না।

আত্মপরীক্ষা না করার দরুণ—আমা-বাসকে বানপাছ বিবেচনা ক'রার দরুণ দুর্গতি ঘটলো। ব্রহ্মাণ্ডের সব সুবিধা পেয়ে গেলেই বা তা'তে কি হ'লো? তা'তে দুরাকাঙ্ক্ষা আরো বৃদ্ধি হ'লো এই ত' দশা। আবার পরে সে সব ছেড়ে দিয়ে নিষ্কামের চেষ্টা হ'বে। যোগস্থাপকার প্রাপ্য পঞ্চম বর্গের কৈবল্য পেয়ে বা লাভ কি? ঐ সব দুর্বাসনা-কালসর্পের মত। কামড়ালেই সংসার শায় ক'রে ফেল্‌বে। এ ভবোর বিষদাঁত না ভেঙ্গে এদের সঙ্গে বাস কর্‌লে মারা পড়্‌তে হয়।

বেশী হ'বার চেষ্টায় অভিভূত হওয়ায় যে অমঙ্গল ঘটে, সেই সব অমঙ্গল-বাসনার মুখে ছাই দেবার ব্যবস্থা হয়—যখন ভগবানের দাসেদের সঙ্গে দেখা হ'বার সুযোগ হয়। নারদ যেমন নিজের ব্যবস্থা ক'রে দেওয়ার লীলা দেখিয়েছিলেন। নারদের অন্যত্র দুর্ব্বাঙ্ক উদয় হ'য়েছিল. সেই দুর্ব্বাঙ্কগণে তিনি বুঝতে পেরেছিলেন যে, ভাগবত ব্যাপার আবশ্যক নয়। পৃথিবীর লোক ইঁহাদিগকে নির্ব্বোধ, পাগল ব'লে বিচার করে।

ভগবানে অনুরাগ হ'ল। কিন্তু কি দেখা গেল? হাস্‌ছেন—দেখ্‌ছেন জগৎ কি কর্‌ছে, অথবা তখন 'বিশ্বং পূর্ণ-সুখায়তে', তাই তিনি আনন্দে হাস্‌ছেন—সর্ব্বদা কৃষ্ণের দর্শন; আবার কাঁদ্‌ছেন,—জগতের লোক কত অশান্তিতে র'য়েছে। অন্য লোক কি বিবেচনা কর্‌ছে, তাঁ'র প্রাণের বিষয় হ'চ্ছে না।

মহাজনগণের সঙ্গপ্রভাবে অযাচিত-ভাবে যদি সেই জিনিষ লাভ হয়, তা' হ'লে শ্রবণের যোগ্যতা হয়। হঠাৎ এই সৌভাগ্য উদিত হ'তে পারে।

ঢঙ্গ-বিপ্র

একদিন কোনও একটী বড় লোকের গৃহে একজন ভক্ত মৃদঙ্গবাদিকা বাজাইয়া কালীয়দমনের গীতি গান করিতেছিলেন। ঠাকুর হরিদাসের সেই গান শ্রবণ করিয়া কৃষ্ণপ্রীতি উদিত হইল এবং তাঁহাতে পুলক, অশ্রুকম্পাদি সাত্ত্বিক বিকার লক্ষিত হইতে থাকিল। হরিদাস ঠাকুর ভাবে বিহ্বল হইয়া ভূমিতে গড়াগড়ি যাইতে লাগিলেন ও প্রেমাশ্রুবর্ষণ করিতে থাকিলেন। হরিদাস ঠাকুরের এই অত্যাশ্চর্য্য নিষ্কপট সাত্ত্বিক বিকার দর্শন করিয়া—

"যেখানে পড়য়ে তাঁর চরণের ধূলি।
সবে লেপেন অঙ্গে হই' কুতূহলী॥"

নিকটে একজন স্বরূপগর্ব্বিত বিপ্র দণ্ডায়মান থাকিয়া ইহা দেখিতে পাইলেন। তিনি মনে মনে ভাবিলেন, "হরিদাস ঠাকুর হিন্দু পর্য্যন্ত ন'ন, হিন্দুর বহির্ভূত একজন জাতিবিশেষ, আর তিনি কেবল হিন্দু নহেন, হিন্দুর মধ্যে যাবতীয় বর্ণের গুরু—ব্রাহ্মণ। সুতরাং লোকে যদি ভাবকেলি দেখিয়া ম্লেচ্ছের পর্য্যন্ত সমাদর করেন, তবে তাঁহার ন্যায় বর্ণশ্রেষ্ঠ ব্রাহ্মণকে নিশ্চয়ই তাঁহা অপেক্ষা কোটি গুণ অধিক সম্মান দান করিবেন।" এইরূপ চিন্তা করিয়া সেই দাম্ভিক বিপ্র ঠাকুর হরিদাসের সহিত স্পর্দ্ধা করিয়া, নিজের মহত্ত্ব তথা হরিদাস ঠাকুরের হেয়ত্ব প্রচার করিবার জন্য কপটতাপূর্ব্বক সেই স্থানে—

"* * সেইক্ষণে আছাড় খাইয়া।
পড়িলা যে হেন মহা অচেষ্ট হইয়া॥"

বুদ্ধিমান্ ভক্ত ঐ দাম্ভিক কপট বিপ্রের কটপতা ও মৎসরতা ধরিয়া ফেলিলেন। তিনি বুঝিতে পারিলেন, মৎসর ব্যক্তি কোন শাস্ত্রযুক্তি শুনিবে না; সুতরাং 'মূর্খস্য লাঠৌষধম্'—মূর্খের পক্ষে যষ্টিই ঔষধ, এই ন্যায়ানুসারে—

"আশে পাশে যাকে বুকে বেতের প্রহার।
নির্ঘাত মারয়ে ভক্ত রক্ষা নাহি আর॥"

তখন—

"বেতের প্রহারে বিপ্র জর্জ্জর হইয়া।
বাপ, বাপ, বলি শেষে গেল পলাইয়া॥"

এই ব্যাপার দেখিয়া উপস্থিত সকলেই আশ্চর্য্যান্বিত হইলেন ও ভক্তকে জিজ্ঞাসা করিলেন যে, "তিনি হরিদাস ঠাকুরের ভাব দেখিয়া কেনই বা তাঁহাকে এত সম্মান দেখাইলেন আর ব্রাহ্মণের ঐরূপ ব্যবহারে তাহাকে সম্মান দেখান দূরে থাকুক, যষ্টির দ্বারা প্রহার করিলেন?" ভক্তের মুখে বিষ্ণুভক্ত নাগ এই কথার উত্তর দিয়া কহিলেন—

"হরিদাস ঠাকুরের দেখিয়া আবেশ।
তোমরা যে ভক্তি বড় করিলা বিশেষ॥
তাহা দেখি' ও ব্রাহ্মণ দম্ভ করিয়া।
পড়িলা আপনা দেখাইয়া আছাড় খাইয়া॥
* * *
হরিদাস সঙ্গে স্পর্দ্ধা মিথ্যা করিবারে।
অতএব শাস্তি বহু করিল উহারে॥
বড় লোক করি' লোক জানুক আমারে।
আপনার প্রকটাই' ধর্ম্ম কর্ম্ম করে॥
এ সকল দাম্ভিকের কৃষ্ণে প্রীতি নাই।
অকৈতব হইলে সে কৃষ্ণ-ভক্তি পাই॥"

শ্রীল বৃন্দাবনদাস ঠাকুর এইজন্য, এই বিপ্রের নাম দিয়াছেন—"ঢঙ্গ-বিপ্র" অর্থাৎ যিনি ভক্তের ঐশ্বর্য্য দেখিয়া মৎসরযুক্ত হৃদয়ে স্পর্দ্ধা করিবার জন্য 'সং' সাজিয়া 'ঢং' করিয়া নিজের মহত্ত্ব ও ভক্তের হেয়ত্ব প্রচার করিতে ব্যস্ত হন, কিন্তু চরমে এই সকল দাম্ভিক ব্যক্তির কপটতা ধরা পড়িয়া যায়। প্রকৃতির স্বভাব অনুসারে সর্ব্বকালেই জগতে এইরূপ ঢঙ্গ-বিপ্রের অভিনয় দেখিতে পাওয়া যায়।

চোর যেরূপ সাধুব্যক্তির দ্বারা নির্দ্দিষ্ট হইয়া সাধকেও—'ঐ চোর', 'ঐ চোর' বলিয়া নিজের সাময়িক পরিত্রাণের উপায় খুঁজিয়া লয়, তদ্রূপ সাধুগণও যখন লোক-কল্যাণের জন্য প্রচ্ছন্নবেশে চোর বা কপট-ব্যক্তি প্রভৃতিকে নির্দ্দেশ করিয়া থাকেন, তখন ঐ সকল কপটব্যক্তিও উক্ত নীতি অবলম্বনপূর্ব্বক সাধুগণকে 'অসাধু' বলিতে ধাবিত হয়। —ইহাই 'ঢঙ্গবিপ্র'কুলের 'ঢং' বা স্বভাব। কিন্তু—

"কাকস্য চঞ্চুর্যদি হেমযুক্তো মাণিক্যযুক্তৌ
চরণৌ চ তস্য।
একৈক পক্ষে গজরাজমুক্তা তথাপি
কাকো ন চ রাজহংসঃ॥"

অক্ষোক্ষোভি-বায়স যদি ঢঙ্গবিপ্রের ন্যায় 'ঢং' করিয়া 'সং' সাজিবার জন্য তাহার চঞ্চু স্বর্ণপাতে মণ্ডিত করে, কিংবা মাণিক্য-দ্বারা উহার পদদ্বয় বিভূষিত করে, অথবা পক্ষপুটে যদি গজমুক্তাও ধারণ করে, তথাপি সে যেরূপ সুধীগণের নিকট 'রাজহংস' বলিয়া গণিত হয় না, পরন্তু বিষ্ঠাভোজি-বায়সই থাকে, তদ্রূপ 'ঢঙ্গ-বিপ্র'-সম্প্রদায় হরিলেখামৃত-সরোবরবিহারী পরমহংসকুলের সহিত স্পর্দ্ধা করিয়া যতই কেন না তাঁহাদের দাম্ভিকতা দেখাইতে চেষ্টা করুন, উহাতে সজ্জনসমাজ কিছুতেই তাঁহাদিগকে বিষয়-বিষ্ঠাভোজি-বায়স ব্যতীত আর কোনও শ্রেষ্ঠ পদবী প্রদান করিবেন না।

"কাকঃ কৃষ্ণঃ পিকঃ কৃষ্ণঃ কো ভেদঃ
পিককাকয়োঃ।
বসন্তে সমুপায়াতে কাকঃ কাকঃ
পিকঃ পিকঃ॥"

বাহ্যদর্শনে কাক ও পিক উভয়ই এক, তদ্রূপ বাহ্যদৃষ্টিতে ভক্ত ও অভক্ত, নিষ্কপট ও কপট, নির্ম্মৎসর ও মৎসর, অপ্রাকৃত পণ্ডিত ও "ব্যবহারে পণ্ডিত"—এই উভয় শ্রেণীর অনেকটা একই প্রকার। কিন্তু যখন ঋতুরাজ বসন্তের আগমন হয়, তখন যেরূপ কোকিলের মধুর স্বর ও উহার 'আম্রমুকুল'-সেবনস্পৃহা প্রভৃতি দৃষ্ট হয়, আবার তৎপার্শ্বে কাকের বিকট 'কা কা' রব ও বিষ্ঠাভোজনস্পৃহা দেখা যায়, তদ্রূপ যখন শুদ্ধ হরিকথা বা হরিসেবার সময় উপস্থিত হয়, তখনই ভক্ত ও অভক্ত চেনা যায়। অভক্ত 'ঢঙ্গ-বিপ্র'-সমাজ কনক-কামিনী-প্রতিষ্ঠা বিষ্ঠার মহোৎসব পাইলে নৃত্য করিতে থাকে, আর প্রেমাম্রমুকুলসেবী অপ্রাকৃত কাব্যকুঞ্জের কোকিলগণ শুদ্ধ-হরিকথা-শ্রবণ-কীর্ত্তনে যেন দেহ-মনঃপ্রাণ, যথা-সর্ব্বস্ব নিয়োগ করিয়া থাকেন। কনক-কামিনী প্রতিষ্ঠা বিষ্ঠারূপ ভোজ্যের অভাবে ঢঙ্গকুলের আস্ফালন থামিয়া যায়।

"পিবেৎ চুতরসং পীত্বা ন গর্ব্বং
যাতি কোকিলঃ।
পীত্বা কর্দ্দমপানীয়ং ভেকো মকমকায়তে॥"

কোকিল যেরূপ চিরাভ্যস্ত বিধায় দিব্য আম্ররস পান করিয়া গর্ব্ব প্রকাশ করে না, কিন্তু ভেক অপানীয় কর্দ্দমমিশ্রিত জল পান করিয়াই 'মক' 'মক' শব্দ করিয়া থাকে, তদ্রূপ অপ্রাকৃত হরিকথামৃতপানকারী ভগ-বদ্ভক্তগণ যে বৈষ্ণববিদ্বেষরূপ কর্দ্দমাশ্রিত ভেকতুল্য অভক্তগণের পানীয়কে নিতান্ত গর্হণীয় বস্তুজ্ঞানে ত্যাগ করিয়া থাকেন, অভক্ত মণ্ডুক-সম্প্রদায় তাহাই পান করিয়া 'মক' 'মক' রবে চতুর্দ্দিকে তাহাদের গুণপণা বিস্তার করিয়া থাকে। অতএব—

"বৈষ্ণবচরিত্র, সর্ব্বদা পবিত্র,
যেই নিন্দে হিংসা করি'।
বিনোদ কহে না সম্ভাষে তারে
থাকে সদা মৌন ধরি'॥"

শুদ্ধভক্তি-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠ-শ্রীধাম

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া শ্রীব্রজপত্তন-ভবনে শ্রীচৈতন্যমঠ, পরবিদ্যা-পীঠ, শ্রীশ্রীরাধাকৃষ্ণ শ্রীগৌর, গোপাল আচার্য্য চতুষ্টয় বিগ্রহ আছেন। সুপ্রাচীন গ্রন্থ-রাজিপ্রচারকল্পে 'প্রিন্টিং'-প্রকাশ'শালা আছে।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৪ কলিকাতায় শ্রীভক্তিবিনোদ-আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, সঙ্কীর্ত্তন, প্রত্যহ শ্রীমদ্ভাগবতাদি ভক্তিগ্রন্থের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও হারমনিষ্ট পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়।

(৩) যোগপীঠ-মায়াপুর-পীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব ভূমি মহাযোগপীঠ।

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং ... বর্ত্তমান।

(৬) মুরারিগুপ্তের পাট

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৭) কাজি-সমাধি-পাট

সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া) ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি।

(৮) শ্রীচন্দ্রশেখর-ভবন ...

শ্রীধাম মায়াপুর

(৯) স্বানন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)

এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)

গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ জান্নগর (বর্দ্ধমান)

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মাউগাছি, পোঃ জান্নগর, (বর্দ্ধমান)

শ্রীব্যাসাবতার ঠাকুর বৃন্দাবনের স্থান

(১৩) রুদ্রদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(১৪) ঋতুদ্বীপ-গৌড়ীয়মঠালয়

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ

গৌড়পুর, নদীয়া

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ

মাউগাছি—(শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী) পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৭) সুধাকুটীর

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

(২০) মহেশ-পণ্ডিতের পাট

কাঁচালপুলি, পোঃ চাকদা (নদীয়া)

(২১) রাণাঘাট-গৌড়ীয়মঠাশ্রম

(২২) পুরী গৌড়ীয়মঠ

চব্বিশ পরগণা

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ

বারদিয়া পোঃ ওয়ারি, ঢাকা।

পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র।

(২৪) গোপালজীউমঠ

কমলাপুর, পোঃ ঢাকা

(২৫) গদাই-গৌরাঙ্গ মঠ

পোঃ বালিয়াটি, (ঢাকা)

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

বড়বাজার, পোঃ ময়মনসিংহ

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চকচকা, কামরূপ (আসাম)

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

ওল্ড পার্মীং বিল্ডিং, দার্জ্জিলিং

(৩০) সারস্বত-গৌড়ীয়মঠ

পোঃ হরিহর, জিঃ সাহারানপুর, ইউ, পি

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

মিঠাপুর পাটনা।

(৩২) গয়া গৌড়ীয়মঠ

বন্দা রোড, গয়া

(৩৩) সনাতন গৌড়ীয় মঠ

৮।১১ বড় গম্ভীরসিং, বেনারস সিটি

(৩৪) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

(৩৫) সরস্বতী আসন মঠ,

পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়

বিশ্রামঘাট, পোঃ মথুরা

(৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণসহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্য মঠপীঠ

কিশোরপুর, বৃন্দাবন

(৩৯) একায়ন-সুখদকুঞ্জ

পোঃ রাধাকুণ্ড। মথুরা

(৪০) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪১) রাধাকুণ্ড গোষ্ঠবাটী

(৪২) শ্রীগোবর্দ্ধনমঠালয়

গোবর্দ্ধন, মথুরা

(৪৩) সঙ্কেত বিহারী মঠ

বর্ষাণা, মথুরা।

(৪৪) নন্দগ্রাম গৌড়ীয়মঠালয়

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৫) বর্ষাণা গৌড়ীয়মঠালয়

পোঃ বর্ষাণা, মথুরা

(৪৬) গোষ্ঠবিহারী মঠ—দেওয়ালী,

পোঃ ঘোতোপ, জেলা গুরদাসপুর (পাঞ্জাব)

(৪৭) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

(৪৮) দিল্লী গৌড়ীয় মঠ

৪৫নং হনুমান রোড, নিউ দিল্লী

(৪৯) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, ক্যাম্বালা হিল্ বোম্বে ৭

(৫০) মাদ্রাজ-গৌড়ীয়মঠ

পোঃ রায়পেটা, মাদ্রাজ

শ্রীশ্রীরাধাগোবিন্দ-গৌরাঙ্গ-বিগ্রহের সেবা

(৫১) ... -গৌড়ীয়মঠ

পোঃ কভুর, জেলা গোদাবরী (মাদ্রাজ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গ-গান্ধর্ব্বিকা-গিরিধারীর সেবা

(৫২) ব্রহ্মগৌড়ীয়মঠ

আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)

(৫৩) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা

(৫৪) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৫) সীতাকুটী

(৫৬) সচ্চিদানন্দ-গৌড়ীয়মঠ

পোঃ কলেবর, পুরী

(৫৭) সচ্চিদানন্দ মঠ

বাখরাবাদ, পোঃ কটক (উড়িষ্যা)

(৫৮) বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ

(৫৯) শ্রীব্রহ্মমাধ্বগৌড়ীয়-প্রপন্ন-আশ্রম

পোঃ বড়দরুয়া, আসাম

(৬০) ভাগবতজনানন্দ মঠ

চিকনিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর

(৬১) আমার্দ গৌড়ীয়মঠ

পোঃ আমার্দি, মেদিনীপুর

(৬২) আমলাযোড়া প্রপন্নাশ্রম মঠ

পোঃ রাজবাঁধ (বর্দ্ধমান)

(৬৩) চৈতন্যগৌড়ীয়মঠ

কুসুমকুল, পোঃ চিবক্রা, (মানভূম)

(৬৪) রেঙ্গুণ গৌড়ীয়মঠ

৭০১ নং লেউইস্ ষ্ট্রীট, রেঙ্গুণ।

(৬৫) লণ্ডন-গৌড়ীয়মঠ

ফ্ল্যাট নং ২

৫১, ডাউনরোড

ক্ল্যাপহাম, লণ্ডন, ই ৫

(৬৬) গৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

১৪।৩, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা।

(৬৭) গৌড়ীয়মঠ অফিস

মিউসেট রোড, লক্ষ্ণৌ (ইউ-পি)

(৬৮) শ্রীবিজয়নিধি গৌড়ীয়মঠালয়

নন্দনকানন, চট্টগ্রাম

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীমহানন্দ ব্রহ্মচারী ভক্ত্যালোক, ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

-:(০):-

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায়		বিজ্ঞাপনের পৃষ্ঠায়	
	১ম ও দ্বিতীয় বার	পরবর্তী প্রতিবার	১ম ও দ্বিতীয় বার	পরবর্তী প্রতিবার
প্রতিবারে প্রতি লাইনে ।০	৶০	।৶০	।০	
" " ইঞ্চি ২৲		১।০	১৲	
সিকিকলম ৫৲	৪৲		৩৲	
অর্দ্ধকলম ৮৲		৬৲	৫৲	
এক কলম ১২৲		১০৲	৮৲	

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিবারে প্রতি ইঞ্চি ৩৲	২।০
" সিকি কলম ১৫৲	১২৲
" অর্দ্ধকলম ২৫৲	২০৲
" এক কলম ৩৫৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৸০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা ৴৫ ; বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী

———:(০):———

শ্রীল প্রভুপাদের চতুঃষষ্টিবর্ষপূর্ত্ত্যাবির্ভাব-তিথিতে শ্রীল আচার্য্যদেবের অভীষ্টানুসারে "শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী" প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। ইহাতে পূর্ব্বার্দ্ধ ও উত্তরার্দ্ধ দুইটি বিভাগ আছে। পূর্ব্বার্দ্ধে শ্রীল প্রভুপাদের আদি-প্রবন্ধাবলী শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের সম্পাদিত 'স-সজ্জনী সজ্জনতোষণী,' শ্রীল প্রভুপাদের 'নিবেদন' সাপ্তাহিক পত্র প্রভৃতি হইতে কথাসার ও প্রয়োজনীয় অর্থের টীকা-সহ প্রকাশিত হইয়াছে। উত্তরার্দ্ধে শ্রীল প্রভুপাদের সম্পাদিত 'সজ্জনতোষণী'র কতিপয় প্রবন্ধ কথাসার প্রভৃতির সহিত মুদ্রিত হইয়াছে। প্রবন্ধগুলি রচনাকালের ক্রমানুসারে গ্রথিত হইয়াছে; এতদ্ব্যতীত শ্রীল আচার্য্যদেবের একটি মূল্যবান্ উপোদ্ঘাত ও সম্পাদকীয় একটি বিস্তৃত ভূমিকা, শব্দ-সূচী, গ্রন্থ-পাদ-শ্লোক ও পয়ার-সূচী প্রভৃতি গ্রন্থে সংযোজিত হইয়াছে। গ্রন্থটি উৎকৃষ্ট কাগজে পারিপাট্যের সহিত মুদ্রিত ও শ্রীল প্রভুপাদের আলেখ্যাদিযুক্ত সুদৃশ্য ও সুন্দর বাঁধাই হইয়া প্রকাশিত হইয়াছে। প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, জিলা নদীয়া; শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ও শ্রীমাধবগৌড়ীয়মঠ, ঢাকা, পোঃ রমনা, ঢাকা।

———

শ্রীল প্রভুপাদের পত্রপ্রসূন মালা

এই গ্রন্থে ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তি- সিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের রচিত পত্রাবলী শ্রীল আচার্য্যদেবের বিরচিত "সৌরভ" নামক ভাষ্যের সহিত প্রকাশিত হইয়াছে। শ্রীল প্রভুপাদের অনেক অপ্রকাশিত পত্র ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ।৹ আট আনা।

শ্রীধাম মায়াপুরে

——(:০:)——

—"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট"—

——::০::——

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে; বিদ্যালয় ও বোর্ডিং এর পরিবেশ বেশ স্বাস্থ্যকর ও আকর্ষণীয়। শিক্ষকগণ যোগ্য ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে আহার ও বেতনাদির প্রতি মাসে মাত্র ৬৲ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন্ পরীক্ষায় উচ্চ ফল প্রদর্শন করিতেছে। বর্ত্তমান বর্ষে ১৬ জন বালকের মধ্যে ১৫ জন ভালভাবে উত্তীর্ণ হইয়াছে।

মেধাবী ছাত্রগণের আরও সুবিধা

পরীক্ষায় যাহারা শতে শতকরা ৭৫ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ সচ্চরিত্র বিনয়ী ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক-সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতিসুন্দরভাবে আলোচিত হইয়াছে। ইহা এক অপূর্ব্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

———

শ্রীচৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত অতিসুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত ইহার ভিক্ষা মাত্র ৩৲ টাকা। প্রাপ্তিস্থান শ্রীযুত নন্দকিশোর ভক্তিশাস্ত্রী, শ্রীযোগপীঠ, ঈশোদ্যান, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীসরস্বতী-সংলাপ

প্রথম খণ্ড

শ্রীশ্রীব্রহ্মমাধ্ব গৌড়ীয়াম্নায়ৈকসংরক্ষক জগদ্গুরু পরমহংসকুলচূড়ামণি নিত্যলীলা-প্রবিষ্ট ১০৮শ্রী শ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামি-প্রভুপাদ বিভিন্ন জিজ্ঞাসু ও শুশ্রূষু সজ্জনবৃন্দের পরিপ্রশ্নোত্তরে ও সংশয়-নিরাকরণকল্পে যে-সকল শুদ্ধভক্তিসিদ্ধান্তবাণী কীর্ত্তন করিয়াছেন, যাহা তাঁহার প্রকটকালেই 'গৌড়ীয়' সম্পাদক শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ প্রভুপাদেরই শ্রীহস্তে সংশোধিত করাইয়া রাখিয়াছিলেন এবং যাহার কিয়দংশ গৌড়ীয়পত্রে প্রকাশিত হইয়াছে, তাহা "শ্রীশ্রীসরস্বতী-সংলাপ" নাম প্রদানপূর্ব্বক শ্রীল প্রভুপাদের 'প্রবন্ধাবলী' ও 'পত্রাবলী' আকারে খণ্ডে খণ্ডে প্রকাশিত হইতেছে। বর্ত্তমানে শ্রীল প্রভুপাদের প্রথমবার্ষিক বিরহতিথিপূজা-বাসরে এই গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। মানবজীবনের বহু অমীমাংসিত সমস্যা ও জটিল প্রশ্নের সমাধান ইহাতে পাওয়া যাইবে। ভক্তগণের পারমার্থিকেরই এই গ্রন্থ সংগ্রহ একান্ত প্রয়োজন।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপদেশক পাণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী সম্প্রদায়-বৈভবাচার্য এম-এ মহোদয়ের গ্রেষণা এবং পরিপক্ক লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত-পাঠে ধন্য হউন। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিবিধ চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৩৩শ অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকার ভূমিকাদ্বয় (Preaces), বিষয়-তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র-(Index Glossary) সহ গ্রন্থখানি প্রকাশিত। ভিক্ষা—১৫৲ পনর টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, রায়পেটা মাদ্রাজ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

'ঠাকুর ভক্তিবিনোদ'

——:(০):——

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি-প্রচারের মূল প্রবর্ত্তক সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অভিনব জীবনচরিত এতাবৎকাল পর্য্যন্ত গ্রন্থাকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয়মঠাচার্য্যবরের শুভেচ্ছা পরবিদ্যানিধিপ্রিয় সু-লেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু মূল্যবান শিক্ষাবলীও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১২৫ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৵০ আনা; ডাকমাশুল স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান—ম্যানেজার গ্রন্থবিভাগ

শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

——:(০):——

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু গ্রন্থাদি এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১৩।১নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

ই, বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্টাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	৪-৩৬	৬-২৩	৭-০৬	১২-২৩	১৪-৫৬	১৬-৫৩	১৭-৫৩	২২-২৩
রাণাঘাট পৌঃ			৮-১৮	১৪-১৫				
(বদল) ছাঃ			৯-৩৩	১৪-৫০				
কৃষ্ণনগর পৌঃ	৭-১	৮-৪৫	১০-৮	১৫-২৩	১৭-২৮	১৯-০৮	২০-১৬	১-১৫
(বদল) ছাঃ	৭-১২		১০-৩১		১৭-৩৮		২০-২৩	
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫১		১১-১০		১৮-১৬		২১-৪	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬	
রাণাঘাট পৌঃ	১২-৫৫	
ছাঃ	১৩-০	
শান্তিপুর পৌঃ	১৩-২৬	
(বদল) ছাঃ	১৩-৩১	(শাটল্ ট্রেনেতে)
কৃষ্ণনগর পৌঃ	১৪-১২	
ছাঃ	১৪-৩০	
নবদ্বীপঘাট পৌঃ	১৫-১০	

ডাউন

নবদ্বীপঘাট ছাঃ	৫ ৪৫		৯-১৩			১৩-৩১	১৬-০	১৮-৩১	
কৃষ্ণনগর পৌঃ	৬ ২৩	৯-১৬	৯-৪৮	১১-৪১	১৪-১০	১৬-৩৮	১৯-১১	২১-১০	
ছাঃ	৬-৩৩	৭-১৮	১০-১১			১৬-৫৫	১৯-২৫		
রাণাঘাট পৌঃ			১০-৪৬			১৭-৩০			
(বদল) ছাঃ			১১-১			১৭-৪৩			
কলিকাতা পৌঃ	৮-১৬	৯-২১	১১-৫১	১২-১৬	১৪-১৬	১৯-১১	২১-৪১	২৩-[illegible]	

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৩-৩১	১৬-০		
কৃষ্ণনগর পৌঃ	১৪-১০	১৬-৩৮		
ছাঃ	১৫-২৮	১৭-৩৪		
শান্তিপুর পৌঃ	১৬-৯	১৮-১৪		
(বদল) ছাঃ	১৬-৩৩	১৮-২৫	(শনিবার ভিন্ন)	২০-৪০ (শুধু শনিবার)
রাণাঘাট পৌঃ	১৭-১০	১৮-৫০		২১-১৫
(বদল) ছাঃ	১৭-৪৩	১৯-১৪		২১-৫০
কলিকাতা পৌঃ	১৯-১১	২০-৪০		২৩-০৭

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

[illegible] পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাট্‌তি অত্যন্ত অধিক। শিতার প্লীহা সংযুক্ত কালাজ্বর এবং নূতন পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। মূল্য ছোট বোতল ৷৵০ দশ আনা, বড় বোতল ১৷৵০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

১৯১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা

অথবা

জেলা খোয়ালা, ২৪ পরগণা

পোঃ—শ্রীমায়াপুর
টেলিগ্রাম—'শ্রীধাম মায়াপুর'

REGD NO C 1544

দৈনিক নদীয়াপ্রকাশ

THE DAILY NADIA PRAKASH

জেলার

১৪শ খণ্ড] শ্রীমায়াপুর—৩০শে শ্রাবণ, ১৩৪৬ ১৫ই আগষ্ট, ১৯৩৯, মঙ্গলবার [১৪৩শ সংখ্যা

বিবিধ সংবাদ

-:):০:(-

বিজ্ঞাপন

এতদ্বারা সর্ব্বসাধারণকে জানান যাইতেছে যে নদীয়া ডিষ্ট্রিক্ট ইন্‌ষ্টিটিউশান অফিসার্স কো-অপারেটিভ-ক্রেডিট-সোসাইটির ৩১-৩-১৯৩৯ সালে যে বৎসর শেষ হইয়াছে, সেই বৎসরের অডিট আরম্ভ হইয়াছে। যাহাদের এই সোসাইটির সহিত আমানত বা ঋণবাবদ কোন টাকা পাওনা বা দেনা আছে তাহারা আগামী ২৪শে আগষ্টের মধ্যে তাহাদের হিসাব আমার দ্বারা পরীক্ষা করাইয়া লইবেন। ২৪শে আগষ্টের মধ্যে কোনও ব্যক্তির নিকট হইতে সংবাদ প্রাপ্ত না হইলে হিসাব ঠিক আছে গণ্য করা হইবে।

স্বাক্ষর—
এ, সি, অধিকারী
অডিটার কোঃ অপঃ সোসাইটি,
নদীয়া।

কলিকাতা হাইকোর্টের তিনজন বিচারপতি

এই মর্ম্মে একটি ইস্তাহার প্রকাশিত হইয়াছে যে, বিচারপতি মিঃ চারুচন্দ্র বিশ্বাস ১৯৪০ সালের ৩১শে আগষ্ট পর্য্যন্ত কলিকাতা হাইকোর্টের অতিরিক্ত বিচারপতিরূপে কার্য্য করিবেন। ১৯৩৯ সালের ১লা সেপ্টেম্বর পর্য্যন্ত তিনি হাইকোর্টের অতিরিক্ত বিচারপতি নিযুক্ত হইয়াছিলেন। বিচারপতি মিঃ আর এফ লজ এবং বিচারপতি মিঃ এ এন সেন ১৯৩৯ সালের ৩১শে আগষ্ট পর্য্যন্ত কলিকাতা হাইকোর্টের অতিরিক্ত বিচারপতি নিযুক্ত হইয়াছিলেন। ইঁহাদের উভয়ের কার্য্যকাল ১৯৪০ সালের ৩১শে আগষ্ট পর্য্যন্ত বাড়াইয়া দেওয়া হইয়াছে।

দিল্লীতে রাজন্যবর্গের বৈঠক আহ্বানের প্রস্তাব

এইরূপ জানিতে পারা গিয়াছে যে, যুক্তরাষ্ট্রে যোগদানের সর্ত্তাবলী সম্পর্কে কি উত্তর দেওয়া হইবে তাহা আলোচনা করিবার জন্য আগামী ১৮ই, ১৯শে এবং ২০শে আগষ্ট দিল্লীতে দেশীয় রাজন্যবর্গ এবং তাঁহাদের মন্ত্রিগণের একটি যুক্ত বৈঠক আহ্বানের প্রস্তাব করা হইয়াছে।

দিল্লীতে যদি এই বৈঠক বসে তাহা হইলে খুব সম্ভবতঃ বৈঠকের অব্যবহিত পরেই কয়েকজন দেশীয় নৃপতি এবং মন্ত্রী এই সম্পর্কে ভারত সরকারের পররাষ্ট্র বিভাগের সহিত বিস্তৃতভাবে আলোচনা করিবার জন্য সিমলায় যাইবেন।

জার্ম্মাণ পুলিশের অদ্ভুত আচরণ

বিখ্যাত ফরাসী ঔপন্যাসিক মঃ রজার মার্টিন তাঁহার স্ত্রী, পুত্র ও কন্যাসহ রবিবার যখন কোলন হইতে প্রত্যাবর্ত্তন করিতেছিলেন তখন এক্সলা চ্যাপেলে জার্ম্মাণ পুলিশ তাঁহাদিগকে গ্রেপ্তার করে। মঃ মার্টিন একটি বিমানঘাঁটির ফটো তুলিয়াছেন, এই সন্দেহের বশবর্ত্তী হইয়া জার্ম্মাণ পুলিশ তাঁহাদিগকে গ্রেপ্তার করে। মঃ মার্টিন কয়েক বৎসর পূর্ব্বে নোবেল পুরস্কার পাইয়াছেন।

তাঁহাদের চারিজনকে পৃথক পৃথক চারিটি সেলে রাত্রি যাপন করিতে হয়। মঃ মার্টিনের কন্যার সেলে অপর আর একটি মেয়েকেও রাখা হইয়াছিল। সম্ভবতঃ কথাবার্ত্তা দ্বারা তাহার নিকট হইতে কোন কথা বাহির করার উদ্দেশ্যেই এই ব্যবস্থা অবলম্বন করা হইয়াছিল। প্রাতে ব্রাউন সার্টবাহিনীর সৈন্যগণ মঃ মার্টিনের পুত্র এবং কন্যাকে পুনরায় তাহাদের হোটেলে রাখিয়া আসে। সেখানে মঃ মার্টিনের পুত্রের নিকট হইতে তাহার লেখা কাড়িয়া লওয়া হয় এবং তাহাকে প্রহার করা হয়। কয়েক ঘণ্টা পর মঃ মার্টিন এবং তাঁহার স্ত্রীকে ছাড়িয়া দেওয়া হয়। পুলিশ তাঁহার ফটো পরীক্ষা করিয়া সন্দেহজনক কিছু আবিষ্কার করিতে পারে নাই। এইরূপ ব্যবহারের জন্য তাঁহাদের নিকট কোনরূপ ক্ষমা চাওয়া হয় নাই।

দৈব দুর্যোগে নানাস্থানে দুর্ঘটনা

—:০:—

ব্রাহ্মণবাড়িয়ায়

দিন দুই আকাশের অবস্থা একটু ভাল থাকিয়া আবার বৃষ্টি আরম্ভ হইয়াছে। যদিও বৃষ্টির জোর ততটা নাই তথাপি অবিরাম বৃষ্টি হইতেছে।

গত সপ্তাহের দুর্য্যোগে সর্ব্বত্র ক্ষতি হইয়াছে। সংবাদ পাওয়া গিয়াছে যে, অরুণাইল নিবাসী নিত্যানন্দ সাহা ত্রিপুরা রাজ্যের সিধাইহাটি হইতে নৌকাযোগে ফিরিবার সময় ঝড়ের বেগে নৌকা হইতে পড়িয়া গিয়া খরস্রোতা পার্ব্বত্য নদীতে ডুবিয়া মারা গিয়াছে।

মতিহারীতে

এ জেলার অন্তর্গত বেতিয়া মহকুমার বাথনা ও দেঁড়িয়ানী গ্রামগুলির নিকট গণ্ডক নদীর রিং-বাঁধের অবস্থা অত্যন্ত আশঙ্কাজনক। গণ্ডকে বন্যার জলের চাপে যে কোন মুহূর্ত্তে এই বাঁধ ভাঙ্গিতে পারে। ধনৌলিয়া থানার অন্তর্গত অধিকাংশ গ্রাম ও সহরের গোবিন্দগঞ্জ ও সুগৌলি থানাদ্বয়ের অন্তর্গত বহু গ্রাম তাহা হইলে প্লাবিত হইতে পারে। ডিভিসনের কমিশনার মজঃফরপুর হইতে বিমানযোগে গিয়া ঐ স্থান দেখিয়া আসিয়াছেন। নিকটবর্ত্তী গ্রামের লোকদের গ্রাম ত্যাগ করিয়া নিরাপদ স্থানে যাইবার আদেশ দিয়া তিনি রিং-বাঁধের নিকট সশস্ত্র পুলিশ মোতায়েন করিয়াছেন।

পাটনায়

ভাগলপুরের এক সংবাদে প্রকাশ,—কহলগাঁয়ের নিকটে কাউস নদীগর্ভস্থ এক পাহাড়ে ধাক্কা লাগিয়া নৌকাডুবির ফলে চারি ব্যক্তি নিখোঁজ হইয়াছে।

প্রকাশ, নৌকাখানি পাল তুলিয়া চলিয়া যাইবার সময় প্রচণ্ড ঝড়বৃষ্টি আরম্ভ হয় এবং নৌকা বানচাল হইয়া পড়ে। পরে নদীগর্ভস্থ এক পাহাড়ে ধাক্কা লাগায় নৌকার আরোহীরা নদী মধ্যে নিক্ষিপ্ত হইয়া পড়ে। কয়েকজন সাঁতরাইয়া তীরে উঠে এবং কয়েকজন প্রবল স্রোতের মধ্যে নিখোঁজ হয়।

মধুবনীতে

ছটাকমী সেতু ভাঙ্গিয়া পড়ায় নৌকা ডুবিতে যে কতিপয় লোক নিখোঁজ হইয়াছিল, তাহাদের মধ্যে দশজনের মৃতদেহ পাওয়া গিয়াছে।

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক। প্রতি একাদশীতে প্রকাশিত হয়। কলিকাতা বাগবাজারস্থ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। সডাক ভিক্ষা ৪॥০ টাকা মাত্র।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১॥০ টাকা মাত্র।

৩। ভাগবত—হিন্দিভাষায় একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহোদয় সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১॥০ টাকা মাত্র

৫। শ্রীগৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১॥০ মাত্র।

পরমগুরু শ্রীগৌরকিশোর

গৌড়ীয়-সম্পাদক লিখিত, শ্রীগৌড়ীয়মঠাচার্য্যের ভূমিকা-সম্বলিত, বহুচিত্র-শোভিত ও বিষয় সূচী-সম্বলিত "পরমগুরু শ্রীগৌরকিশোর" গ্রন্থাকারে প্রকাশিত হইয়াছেন। এই গ্রন্থে শুদ্ধগৌড়ীয়বৈষ্ণবজগতের পরমারাধ্য, গৌড়ীয়গৌরবশিখামণি অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ নিত্যলীলাপ্রবিষ্ট পরমহংস ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল গৌরকিশোরদাস গোস্বামী প্রভুবরের অপূর্ব্ব চরিতকথা বর্ণিত আছে।

শ্রীশ্রীভক্তিবিনোদাবির্ভাব-শতবর্ষপূর্ত্তিতিথিপূজার উপায়ন-গ্রন্থমালা

———:(০):———

১। গীতিসাহিত্যে শ্রীভক্তিবিনোদ

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র গীতিসাহিত্যের সমালোচনা-গ্রন্থ)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

২। শ্রীভক্তিবিনোদবাণীবৈভব

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের রচনামৃতসাগর হইতে আহৃত ১০৮টি অধ্যায়ে সম্বন্ধ-অভিধেয়-প্রয়োজনাকারে গুম্ফিত অমূল্য উপদেশপূর্ণ গ্রন্থ)

ভিক্ষা—৩৲ তিন টাকা মাত্র।

৩। শ্রীশ্রীভক্তিবিনোদ-প্রসঙ্গ

ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ ও ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামীপ্রভু-বিরচিত এবং গৌড়ীয়ে প্রকাশিত শ্রীশ্রীভক্তিবিনোদ-চরিত-প্রসঙ্গ

ভিক্ষা—৷৴০ ছয় আনা মাত্র।

৪। ছাত্রদের ভক্তিবিনোদ

(ছাত্রদের উপযোগী ভাষায় লিখিত শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্র ও শিক্ষা)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

(ছাত্রদের পক্ষে ভিক্ষা—॥০ আট আনা মাত্র)

প্রাপ্তিস্থান :—

(১) 'ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট', পোঃ শ্রীমায়াপুর, নদীয়া ;

২) শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ;

৩ শ্রীযুক্ত সুধাংশুরঞ্জন নাথ এম-এ, বি-এল্,

পুরাণপল্টন পোঃ রমণা, ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্—সমগ্র ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ২৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। আকার বিরাট শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৬৲
৩। আকারস্থ শ্রীচৈতন্যচরিতামৃত ৬
৪। সরস্বতী জয়শ্রী (অবাঁধা) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৬০ ; ২য় খণ্ড ১৲ ; ৩য় খণ্ড—৸০
৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸
৭। শ্রীচৈতন্যদেব ১
৮। সৎক্রিয়াসার-দীপিকা সংস্কার দীপিকা ১॥০
৯। বৈষ্ণবধর্ম্ম ৩৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২
১২। শ্রীমহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ)
১৫। বৈষ্ণবসাহিত্যে বিবর্ত্ত-তত্ত্ব
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸
১৭। চৈতন্যোপনিষৎ ।০
১৮। ব্রাহ্মণ-আলয় ।০
১৯। তত্ত্ববিবেক ।০
২০। গৌড়ীয়-গৌরব ৷৴০
২১। গৌড়ীয়গীতিকা ৷৴০
২২ ভজন-রহস্য ।০
২৩। শ্রীচৈতন্যভাগবতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা সহ) ২৲
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) অবাঁধা) ২৲ ১৲
২৬। গীতার কেবল মাত্র ভাষা ।০
২৭। বৃহদ্ভাগবতামৃতম্ (সানুবাদ) ২৲
২৮। বেদান্তসূত্রসার (সানুবাদ) ।০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৸০
৩০। দীপ-দিগ্-দর্শন ৶০
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ৷৴০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ।০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶০
৩৫। গীতমালা ৴১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৶০
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৶০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০
৩৯। শ্রীগোদ্রুমকল্পতরু ।০
৪০। শরণাগতি ৴০
৪১। গীতাবলী ৴০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
৪৩। সাধনতত্ত্ব ৴০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ৴
৪৫। নবদ্বীপশতক
৪৬। অর্চ্চনপদ্ধতি
৪৭। সদাচারস্মৃতিঃ ০/
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৴১০
৪৯। অর্চ্চনকণ ৶১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম-৪ খণ্ড) ৬৲
৫১। ব্রহ্মসংহিতা ।০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ-বিনির্ণয় ।০
৫৫। স্তবমালা বা মায়াবাদশতদূষণী ।০
৫৬ ভারতবর্ষ ও ভক্তিপথ ৶০
৫৭। ঈশোপনিষৎ (আভাষিকসহ) ।০
৫৮। শ্রীকৃষ্ণনেত্র ৶০
৫৯। সিদ্ধান্তদর্পণ ৶০
৬০। সাংখ্যবাণী ৴০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।০
৬২। সিদ্ধান্ত-সরস্বতী বিজিতম্ ।০
৬৩। সটীক-শিক্ষাষ্টকম্ ।০
৬৪। ভক্তিহৃদয়ম্ ।০
৬৫। সারার্থ শিক্ষাষ্টকম্ ৶০
৬৬। গৌড়ীয়মঠপত্রিকাঃ ৴০
৬৭। মায়াবাদশতদূষণম্ ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।
৬৯। এ ফিউ ওয়ার্ডস অন বেদান্ত ।
৭০। নামভজন ৴
৭১। বেদান্ত—ইটস্ মরফলজী অ্যাণ্ড অন্টলজি ।০
৭২। রিলেটিভ ওয়ার্ল্ডস ৷৴০
৭৩। সাইক অ্যাণ্ড রিলেশন্স শ্রীচৈতন্য মহাপ্রভু ।০
৭৪। বৈষ্ণবীজম ।০
৭৫। কোয়াট গৌড়ীয়মঠ ইজ ডুইং ৴০
৭৬। দি ভাগবত ।০
৭৭। থিওরেটিক প্রিন্সিপলস্ অ্যাণ্ড আপ্‌লায়েড ডিরেক্‌শন ।০
৭৮। ব্রহ্মসংহিতা ১॥০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (প্রথম খণ্ড) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ।০
৮১। সাধন-পথ ।০
৮২। কল্যাণ-কল্পতরু ৶০
৮৩। গীতাবলী ৴০
৮৪। শরণাগতি ৴০

তামিল ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ৴০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ৷

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শ্রী শ্রী গুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক

নদীয়া-প্রকাশ

একমাত্র পারমার্থিক দৈনিক পত্র

শ্রীধাম-মায়াপুর-নদীয়া

১৩শ বর্ষ | ৩০ পুরুষোত্তম ৪৫৩ গৌরাব্দ, ৩০শে শ্রাবণ বঙ্গাব্দ ১৩৪৬, ১৫ই আগষ্ট ইং ১৯৩৯, মঙ্গলবার | ১৪৩৭ সংখ্যা

সাময়িক-প্রসঙ্গ

——::(*)::-

শ্রীধামে কীর্ত্তন

গৌড়ীয়বৈষ্ণবাচার্য্যবর্য্য ও বিষ্ণুপাদ পরমহংস অষ্টোত্তরশতশ্রী শ্রীমদ্ ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী প্রভুপাদের অহৈতুকী কৃপায় শ্রীধাম-মায়াপুর আকরমঠরাজ শ্রীচৈতন্যমঠে সর্ব্বক্ষণ হরিকথা-কীর্ত্তন হইতেছে। প্রত্যহ প্রাতে, মধ্যাহ্নে ও সন্ধ্যায় পাঠ, কীর্ত্তন ও ইষ্টগোষ্ঠীমুখে হরিকথা আলোচনা হইতেছে। ভক্তগণ সর্ব্বক্ষণ পরমোৎসাহের সহিত শ্রীচৈতন্যচরিতামৃত, শ্রীচৈতন্যভাগবত, শ্রীহরিনাম-চিন্তামণি, শ্রীভক্তিবিনোদবাণী-বৈভব গ্রন্থ ও নদীয়াপ্রকাশ, গৌড়ীয় প্রভৃতি আলোচনা করিতেছেন। উপদেশক শ্রীপাদ রূপবিলাস ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী, বিদ্যার্ণব বি-এ ও শ্রীপাদ মধুমঙ্গল ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী, ভক্তিসর্ব্বস্ব মহোদয় সর্ব্বক্ষণ মঠবাসী ভক্তবৃন্দের নিকট হরিকথা কীর্ত্তন করিতেছেন।

———

শ্রীধামে যাত্রিসমাগম

বন্যায় গঙ্গার জল বর্দ্ধিত হইয়া শ্রীচৈতন্যমঠ ও শ্রীযোগপীঠের দ্বারদেশে আসিয়া পৌঁছিয়াছে। অনেক বিভিন্নস্থান হইতে বহু ভদ্রলোক ও ভদ্রমহিলা নৌকাযোগে শ্রীধাম-মায়াপুর-দর্শনার্থে আগমন করিতেছেন। চতুর্দ্দিকে জল হওয়ায় অন্তর্দ্বীপ শ্রীধাম মায়াপুর এখন অপূর্ব্ব শ্রীধারণ করিয়াছেন। শ্রীধামদর্শনার্থী যাত্রিগণ শ্রীধামের অপূর্ব্ব শোভা দর্শনে পরমানন্দিত হইতেছেন। যাত্রিগণ মঠবাসী ভক্তগণের নিকট শুদ্ধ হরিকথা-শ্রবণ করিয়া পরমোপকৃত হইতেছেন।

পাটনায় প্রচার

গত ৬ই আগষ্ট রবিবার সন্ধ্যায় আকরমঠরাজ শ্রীচৈতন্যমঠের অন্যতম শাখা পাটনা শ্রীগৌড়ীয়মঠে সন্ধ্যারাত্রিকের পর গুরু-বৈষ্ণব-বন্দনান্তর বিভিন্ন মহাজনপদাবলী কীর্ত্তন হয়। অতঃপর জনৈক আচার্য্যাশ্রিত একনিষ্ঠ গুরুসেবক "শ্রীতাত্ত্বসন্দর্ভ" হইতে,

"যাবৎ পাপৈস্তু মলিনং হৃদয়ং
তাবদেব হি।
ন শাস্ত্রে সত্যবুদ্ধিঃ স্যাৎ সদ্বুদ্ধিঃ
সদ্গুরৌ তথা।"

শ্লোকটী অতি প্রাঞ্জলভাবে বঙ্গভাষায় প্রায় অর্দ্ধঘণ্টাকাল ব্যাখ্যা করেন। প্রসঙ্গক্রমে তিনি "সদ্গুরু বা সংশাস্ত্রে বিশ্বাসের অভাব হয় কেন", "প্রজার উদয় হইয়াছে কি?" "অজ্ঞানের দৌড় কতদূর?" "শরণাগতি কোথায়?" "গুরুসেবক হইবার পরিবর্ত্তে সাধু বা গুরু হইবার ইচ্ছা হয় কেন?" "কৃষ্ণৈক-শরণতা কোথায়" প্রভৃতি বিষয় আলোচনা করেন।

পাঠান্তে "গুরুদেব! কৃপাবিন্দু দিয়া কর এই দাসে" গীতি ও মহামন্ত্র কীর্ত্তন হয়। উপস্থিত বহু বিশিষ্ট ভদ্রলোক ও ভদ্রমহিলা পাঠ, ব্যাখ্যা ও কীর্ত্তন শ্রবণ করিয়া পরমানন্দিত ও পরমোপকৃত হইয়াছেন।

———

লক্ষ্ণৌতে প্রচার

গৌড়ীয়বৈষ্ণবাচার্য্যবর্য্য ও বিষ্ণুপাদ পরমহংস অষ্টোত্তরশতশ্রী শ্রীমদ্ ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী মহারাজের আশ্রিত শ্রীচৈতন্যমঠের অন্যতম সেবক শ্রীপাদ সত্যনারায়ণ দাসাধিকারী মহোদয় যুক্তপ্রদেশের অন্তর্গত সীতাপুর, লখিমপুর, পিলিভিৎ প্রভৃতি বিভিন্নস্থানে শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা প্রচার করিয়া গত ১৭ই শ্রাবণ লক্ষ্ণৌ শ্রীগৌড়ীয়মঠ আফিসে উপস্থিত হইয়াছেন। তিনি তথায় উপস্থিত হইয়া সহরের বিভিন্নস্থানে হরিকথা প্রচার করিতেছেন। গত ২১শে শ্রাবণ লক্ষ্ণৌ নেবাজগঞ্জ-নিবাসী শ্রীযুক্ত বাবু জয়নারায়ণ লাল মেহরোত্রার সানন্দ অনুরোধে মঠবাসী ব্রহ্মচারিগণ সমভিব্যাহারে তাঁহার গৃহে উপস্থিত হইয়া ছায়াচিত্রযোগে শ্রীকৃষ্ণলীলা ও শ্রীমন্মহাপ্রভুর শিক্ষার কথা প্রাঞ্জল হিন্দি-ভাষায় প্রায় দুইঘণ্টাকাল কীর্ত্তন করেন। উপস্থিত সজ্জনবৃন্দ তাঁহার হরিকথা শ্রবণে বিশেষ আনন্দলাভ করেন। সভায় শতাধিক ভদ্রলোক ও ভদ্রমহিলা উপস্থিত ছিলেন। উপস্থিত সজ্জনগণের মধ্যে কতিপয় বিশিষ্ট ব্যক্তির নাম নিম্নে প্রদত্ত হইল—

শ্রীযুক্ত বাবু জয়নারায়ণ লাল মেহরোত্রা, শ্রীযুক্ত বাবু রামচন্দ্র কপূর, পণ্ডিত জগন্নাথ মেহরোত্রা, শ্রীযুক্ত বাবু শম্ভুনাথ কপূর, শ্রীযুক্ত বাবু যমুনা স্বরূপজী, শ্রীযুক্ত বাবু জগন্নারায়ণ সক্সেনা, শ্রীযুক্ত বাবু বেণীপ্রসাদ মাথুর, শ্রীযুক্ত বাবু শীতলা প্রসাদ সাহান, শ্রীযুক্ত বাবু জীবনলাল আগরওয়ালা, শ্রীযুক্ত বাবু রূপচন্দ্র রায়, শ্রীযুক্ত বাবু লালচন্দ্র রেস্তোগী প্রভৃতি।

শ্রীপাদ সত্যনারায়ণ দাসাধিকারীজী গত ২৪শে শ্রাবণ লক্ষ্ণৌ নার্হিহাটী-নিবাসী শ্রীযুক্ত বাবু সীতারামজী শেঠ মহোদয়ের সনির্ব্বন্ধ অনুরোধে মঠবাসী ব্রহ্মচারিগণ সহ তাঁহার গৃহে উপস্থিত হইয়া তাঁহার শ্রীশ্রীরাধাকৃষ্ণ মন্দির-সংলগ্ন নাটমন্দিরে ছায়াচিত্রযোগে শ্রীকৃষ্ণলীলা ও শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা প্রাঞ্জল হিন্দিভাষায় প্রায় ২৫ ঘণ্টাকাল কীর্ত্তন করেন। সমাগত সজ্জনগণ সকলেই শ্রীগৌড়ীয়মঠের শুদ্ধহরিকথা শ্রবণে বিশেষ আকৃষ্ট হইয়াছেন। সভায় ন্যূনাধিক তিনশত লোকের সমাবেশ হইয়াছিল। উপস্থিত সজ্জনগণের মধ্যে কতিপয় বিশিষ্ট ব্যক্তির নাম নিম্নে প্রদত্ত হইল,—

লক্ষ্ণৌএর সুবিখ্যাত ফটোগ্রাফার মিঃ পি, সি, দাস, শ্রীযুক্ত বাবু রামচন্দ্র বাজপেয়ী; ড, আর, রেলওয়ে অফিসের শ্রীযুক্ত বাবু হীরালাল আগরওয়ালা; পণ্ডিত শিউনন্দনজী; পণ্ডিত রামনারায়ণ শাস্ত্রী; শ্রীযুক্ত বাবু মাতৃপ্রসাদজী প্রভৃতি।

"ব্যাপারের জন্য যেমন একটা গেট, একটা মাঝি রাখতে হয়, সেরূপ একটা গুরু রাখারও দরকার' —এরূপভাবেই এই সকল লোক 'গুরু' ক'রেছে। এরা আমাকে কোন দিনই দেখে নাই, আমিও কোন দিনই তাঁ'দের সঙ্গ করি নাই।"

(শ্রীল প্রভুপাদ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

৩০ পুরুষোত্তম, [illegible] গৌরাব্দ ৪৫০

যৎকিঞ্চ

অনেকের ধারণা, ভক্তিমার্গটি বুঝি কোমল-পুষ্পাস্তরণে আচ্ছাদিত। অন্ধবিশ্বাস, উচ্ছৃঙ্খলতা, যথেচ্ছাচারিতা, বিচারশূন্যতা, ভাবপ্রবণতা, মনের উচ্ছ্বাস —এই সমস্তই ভক্তিপথের সম্পদ। কিন্তু শাস্ত্র ও আচার্য্য-বর্গের বাণী হইতে জানা যায় যে, ভক্তি-পথটি জীবের পরমপ্রয়োজন লাভের একমাত্র উপায় হইলেও উহা কণ্টকময়। বিশেষতঃ কলি বা তর্ক বিবাদযুগে উহা কোটি-কণ্টকময়।

ভক্তিপথের যাত্রিগণ যাহাতে নির্ব্বিঘ্নে ও নিরাপদে শ্রীকৃষ্ণপাদপদ্মের সন্নিধানে পৌঁছিয়া প্রেমামৃত-ফল আস্বাদন করিতে পারেন, তজ্জন্য নির্হেতুক-কৃপাসিন্ধু ভগবৎপ্রেরিত আচার্য্য ভক্তিপথে প্রবেশোন্মুখের নিকট পথের কোটি বিঘ্নরাশির কথা জানাইয়া পূর্ব্ব হইতেই তাহাদিগকে সতর্ক করিয়া থাকেন। আচার্য্যগণের এইরূপ স্বভাব-সুলভ অহৈতুকী বৃত্তিটি জীবের প্রতি অনুকম্পা-দয়ার উদাহরণ।

কণ্টক উন্মূলনকালে হস্ত ক্ষত-বিক্ষত হইতে পারে এবং কণ্টকসমাবৃত সর্পাদি ক্রূর স্বভাব হিংস্রজন্তু দংশনাদিও করিতে পারে, ইহা জানিয়াও যেরূপ কণ্টক উন্মূলন-কারীর তৎকার্য্যে নিরুৎসাহ দেখা যায় না, পরন্তু যাহাতে কণ্টকরাশি ও হিংস্রজন্তু পথিকের কোনও প্রকার অমঙ্গল করিতে না পারে, তৎসাধনেই কণ্টক উন্মূলনকারীর বিশেষ প্রচেষ্টা ও উত্তরোত্তর উৎসাহ দৃষ্ট হয়, তদ্রূপ আচার্য্যের চরিত্রেও ভক্তিপথের কোটিকণ্টক-উন্মূলনে উত্তরোত্তর অধিকতর উৎসাহই দৃষ্ট হইয়া থাকে।

যাহারা স্বার্থপর, বহুধকামী, জাড্যগ্রস্ত বা অমার্গিকলোকভীরু, তাহারা বহির্ম্মুখ লোকগণের চীৎকারে ভীত হইয়া ব্যস্ত, কিংবা মনে করে যখন আমার স্বার্থ, প্রতিষ্ঠা বা বহুধপ্রতিষ্ঠার দরকার, তখন অর্থের উপকার করিতে গিয়া নানাপ্রকার ঝামেলা ভোগ করা কি দরকার? বহির্ম্মুখ লোকের গালাগালি শুনাই বা কি আবশ্যক? আর এক শ্রেণী মনে করেন, নির্জ্জন-ভজনানন্দী হইয়া গেলে এ সব কিছু ঝামেলা নাই। লোকের গালমন্দ সহনা কিছুই শুনিতে হয় না। কিন্তু পরদুঃখদুঃখী আচার্য্য এইরূপ স্বার্থপর, বহুধকামী বা জাড্যগ্রস্ত নহেন; তিনি লোকভীরু নহেন। তিনি বলেন, যদি শত শত লোকের এমন কি অনন্তকোটি ব্রহ্মাণ্ডের সমস্ত বহির্ম্মুখ জীবের সমবেত-কণ্ঠে সমুচ্চারিত গালিবর্ষণও আমার উপর বর্ষিত হয়, তাহাও মাথা পাতিয়া লইয়া বাস্তব-সত্যের কথা তারস্বরে ঘোষণা করিব। ঐরূপ সত্যকথা যদি অনন্তকোটি ব্রহ্মাণ্ডের আনখ-কেশাগ্র কৃষ্ণবহির্ম্মুখ কোটি কোটি জীবের মধ্যে একটিরও কর্ণে প্রবিষ্ট হইয়া তাঁহার হৃদয়ের কেতন-কালিমা বিধৌত করে, তাহা হইলেও জানিব যে, আমি মহাপ্রভুর মনোহভীষ্ট সেবা করিতে পারিলাম। কারণ, আমি জানি, অনন্তকোটি ব্রহ্মাণ্ডে যত জীব, তাহারা কৃষ্ণ-বহির্ম্মুখতা-ফলেই ব্রহ্মাণ্ড মধ্যে পতিত হইয়াছে। সুতরাং ব্রহ্মাণ্ডের জীবকোটি—আব্রহ্মস্তম্ব পর্য্যন্ত কৃষ্ণবহির্ম্মুখ [illegible]। অতএব সকলে সত্য কথা শুনিবে না, কোটি জীবের মধ্যে যদি একজনও সত্যকথা শুনিবার লোক পাওয়া যায়, তাহা হইলেই যথেষ্ট। আবার সেই জীব সত্যে আর্দ্র হইয়া অপরকে পরম সত্যের কথা শুনাইতে পারিবেন। এই জন্যই বোধ হয় ঠাকুর ভক্তিবিনোদ বলিয়াছেন,—"রুচিক্রমে যে সকল ভক্ত সাধুগণের ধর্ম্ম আচরণ করিতে করিতে ভজনানন্দে মগ্ন হইয়া প্রচারকার্য্যে অনাদর করেন, তাঁহাদিগের অপেক্ষা প্রচারকর্ত্তা জগতের অধিক উপকার সাধন করেন"

জগতে যাঁহারাই সত্য প্রচার করিয়াছেন, তাঁহাদিগের সকলকেই বহির্ম্মুখ, জগ-স্বার্থান্ধ, মাৎসর্য্যপর সমাজের সত্যবিরোধ-চেষ্টা লক্ষ্য করিতে হইয়াছে। যাঁহারা জাড্যপ্রিয় ও বহুধপ্রয়াসীমাত্র হইয়া সহজিয়া-প্রবাহ-স্রোতের পক্ষপাতিত্ব গ্রহণপূর্ব্বক সত্যাসত্য-ব্যাপক সত্যাসত্যিক ধর্ম্মকে নিরপেক্ষ বিবেচনায় বরণ করিয়াছেন বা ব্রহ্মাণ্ডান্তর্গত আব্রহ্মস্তম্বের আনখ-কেশাগ্র কৃষ্ণবিমুখতা-দর্শনে তাহাদের মঙ্গলোদয়-বিষয়ে নিরাশ হইয়া তাহাদের প্রতি ঔদাসীন্য অবলম্বনপূর্ব্বক স্ব-স্ব ভজনানন্দে মগ্ন হইয়াছেন কিংবা স্বভাব জাড্যগ্রস্ত আর এক শ্রেণীর আত্মকল্পিত-সম্প্রদায়—চতুর্থাদি-সম্প্রদায়—যাঁহারা আত্ম ও পরবঞ্চনার্থ কেবলমাত্র প্রতিষ্ঠা ও আরামকামী হইয়া প্রকৃত ভজনানন্দিগণের অনুকরণমাত্র করিতেছেন, এই তিন শ্রেণীর ব্যক্তির মধ্যে প্রথম ও তৃতীয় সম্প্রদায় সম্পূর্ণ কপট, বহুধকামী ও অমার্গিকলোকভীরু অর্থাৎ প্রকারান্তরে পারমার্থিকের বেশে কৃষ্ণ-বহির্ম্মুখ লৌকিক সমাজের অন্তর্গত হওয়ায় তাঁহারা বহির্ম্মুখ-লোকপ্রিয়তাকেই তাঁহাদের পরম প্রয়োজন ও চতুর্বর্গের শিরে মনে করিয়াছেন। সুতরাং সেই প্রকার লোক-প্রিয়তাকাঙ্ক্ষী ব্যক্তিগণের কোন প্রকার লোক-নির্য্যাতন সহ্য করিতে হয় না। তাঁহারা 'অন্তঃশাক্তো বহিঃ শৈবঃ সভায়াং বৈষ্ণবোমতঃ' হইয়া নিয়ত লোকপ্রিয়তা ও কনক-কামিনী-প্রতিষ্ঠার্জ্জনেই ব্যস্ত আছেন সুতরাং মদ্যপায়িসমাজে যেমন সুরা-পানের প্রশংসা শুনিতে পাওয়া যায়, তদ্রূপ বহির্ম্মুখ লোকসমাজে বা বহির্ম্মুখ লোক-পরিচালিত সংবাদপত্রের মুখে উপরিউক্ত দুই শ্রেণীর অর্থাৎ বহুধপ্রয়াসী, সত্যাসত্যিক ধর্ম্মাবলম্বী, নাম-মন্ত্র-ভাগবত-ব্যবসায়ী প্রভৃতি এবং ভজনানন্দী পরমহংস বৈষ্ণবগণের অনুকরণকারী নিষ্কিঞ্চনব্রুবগণের প্রশংসাই শ্রুত হয়। আর দ্বিতীয় শ্রেণীর দুই একটী প্রকৃত ভজনানন্দী নিষ্কিঞ্চন বৈষ্ণব যাঁহারা পার্থিব সমস্ত ব্যাপার হ'তে বিদায় গ্রহণ করিয়াছেন, মৎসর ব্যক্তিগণ তাঁহাদিগকে আপনাদের ভোগ্য ভাগের অংশীদার হইতে বিচ্যুত, সমাজ হইতে দূরগত, অসমর্থ ও উঁহাদের চতুরতা বুঝিতে অক্ষম মনে করিয়া যেন কৃপাপূর্ব্বকই তাঁহাদিগের কোন প্রকার নিন্দাগালাগালি করেন না। কিন্তু আচার্য্য প্রথমোক্ত দুই শ্রেণীর ন্যায় বহির্ম্মুখ লোক-প্রিয়তার অপেক্ষা করেন না বা শেষোক্ত ভজনানন্দী বৈষ্ণবগণের ন্যায় কেবল স্বভজনে রত থাকেন না; পরন্তু স্বভজন-বিভজন-প্রয়োজনাবতারী শ্রীগৌরসুন্দরের অনুসরণে জগতের হিতার্থ জগতের সহিত আচার-ব্যবহার করেন বলিয়া তিনি বহির্ম্মুখ লোকের স্বভাব-সুলভ মৎসরতার দৃষ্টিতে পতিত (?) হইয়া থাকেন।

তাই, সত্যপ্রচারকারী শুদ্ধভক্তগণই বিষ্ণুবিমুখ লোকসমাজ হইতে সাধারণ লোক-চক্ষে নির্য্যাতনের দৃশ্য ও দৃষ্টান্ত পরিলক্ষিত হন। সাধারণ লোক-চক্ষে পরিলক্ষিত হন বলিবার কারণ এই যে, প্রপঞ্চাতীত বিষ্ণু-বৈষ্ণবে রাবণের মায়াসীতা হরণের ন্যায় প্রকৃতিজনের মৎসরতার স্পর্শ নাই।

প্রহ্লাদ [illegible] বিষ্ণুভক্ত হইলেও যতদিন পর্য্যন্ত তিনি প্রচারকের আসনগ্রহণ না করিয়াছিলেন, ততদিন পর্য্যন্ত দৈত্যরাজ হিরণ্যকশিপু ও দৈত্য-সমাজের নয়নতারা, কণ্ঠের হার ও হৃদয়ের নিধিস্বরূপ আদর, যত্ন, স্নেহ, বাৎসল্য, স্তুতি, প্রশংসার পাত্র ছিলেন। কিন্তু যে দিন হইতে দৈত্যরাজের সমীপে মুখ ফুটিয়া সত্যকথা প্রচার করিতে আরম্ভ করিলেন—বিষ্ণুভক্তির ঐকান্তিকতা, গৃহব্রতধর্ম্ম ত্যাগ করিয়া হরিভজনের প্রয়োজনীয়তা, গৃহব্রত কুলগুরুগণের অকর্ম্মণ্যতা, পরমহংস সাধুগণের সেবা এবং সমবয়স্ক দৈত্য-বালকগণের নিকট গৃহব্রত দৈত্যসঙ্গ-পরিত্যাগপূর্ব্বক হরিভজনের আবশ্যকতা প্রচার করিতে লাগিলেন, সেই দিন হইতে প্রহ্লাদের শত্রু এক একটি করিয়া বৃদ্ধি পাইতে লাগিল। অন্যের কথা দূরে থাকুক, সকলেরই নিকট পিতাপুত্ররূপ যে একটি ঘনিষ্ঠ মায়িক সম্বন্ধ—যে মায়িক সম্বন্ধ ও মোহে পড়িয়া পিতা 'অমিতব্যয়' পুত্রকেও কলিত-কাঞ্চনরূপে দর্শন করেন, কাণা পুত্রকেও পদ্মপলাশলোচন দেখেন, কুলাঙ্গারকেও বংশবিভূষণরূপে জানেন, পুত্রের শত দোষও পিতার মোহ-দৃষ্টিতে গুণ বলিয়া প্রতিভাত হয়, আর কি না প্রহ্লাদের সত্যকথা-প্রচার কার্য্যটি সেইরূপ মোহগ্রস্ত পিতার নিকটও এমন একটী মহান্ দোষ বলিয়া পরিগণিত হইল—যাহার জন্য হিরণ্যকশিপু আত্মা হইতেও অধিকতর প্রিয় পুত্রের প্রতি শত-প্রকারে বিরোধ করিবার চেষ্টা করিতে লাগিলেন। জাগতিক দৃষ্টান্তে কে কখন শুনিয়াছে যে, কোন পিতা নিজ স্বার্থের জন্য প্রাণাপেক্ষা প্রিয় পুত্রকে—যে পুত্র এখনও স্বীয় প্রলোভনে পড়িয়া পিতাকে কোন প্রকারে অনাদর করিতে শিখে নাই কিম্বা বাদসাহ আওরঙ্গজেবের মত রাজ্যের লোভ-বশবর্তী হইয়া পিতার শত্রু হয় নাই—পাঁচ বৎসরের বয়সীয় বালক মাত্র—সেই

মহৎকৃপা বিনা কোন কর্ম্মে 'ভক্তি' নয়। কৃষ্ণভক্তি দূরে রহু সংসার নহে ক্ষয়।

পুত্রকে মত্তহস্তিপদতলে নিক্ষেপ করিতে পারেন, পর্ব্বত হইতে পাতিত করিতে পারেন, জলন্ত অনলে বিসর্জ্জন দিতে পারেন, বিষ-প্রয়োগ করিতে পারেন! প্রহ্লাদের দোষ—তিনি সত্যকথা প্রচার করেন। সত্যকথা-প্রচারকারীর শত্রু ব্যক্তির স্বার্থপরায়ণ লোক হইবে, তাহাতে আর আশ্চর্য্য কি? যেখানে দেখা যায়, সত্যযুগে যে সময়ে চতুষ্পাদ ধর্ম্ম ছিল, সে সময়ও সত্যকথাপ্রচারকারী পুত্রের শত্রুতা আচরণ করিতে পিতা পর্য্যন্ত কুণ্ঠিত হন নাই! পিতার স্বভাবসুলভ বাৎসল্যমাখা হৃদয়ও সত্যপ্রচারকারী পুত্রের প্রতি নৃশংস হইয়াছিল! হয় অঘটন ঘটন-পটীয়সী বিষ্ণুবহির্ম্মুখতার শক্তি! জীব আ-নখকেশাগ্র এতই বিষ্ণুবিমুখ যে, সত্যকথা—কৃষ্ণের স্বপার্ষদগণের কথা কিছুতেই শুনিবে না—ইহা যেন তাহার বিমুখতার একটি ব্রত—তাহার স্বভাবের একটি প্রক্রিয়া।

যে স্থানে সত্যযুগেও এইরূপ সত্যে অনাদর ও সত্য প্রচারকারীর প্রতি নৃশংসতার আদর্শ উদাহরণ দৃষ্ট হয়, সে স্থানে কলি বা বিবাদ-তর্কযুগে যে সত্যের প্রতি বিদ্বেষ ও সত্যপ্রচারকারী আচার্য্যগণের প্রতি শতমুখী বিরোধ-চেষ্টা প্রদর্শিত হইবে, তাহাতে আর আশ্চর্য্য কি?

সপ্ত ঊর্দ্ধলোক

—:০:—

ভূর্লোক—আমাদের এই পৃথিবী।

ভুবর্লোক—যেখানে গ্রহ ও উপগ্রহ সকল অবস্থিত। ভুবর্লোক ভূর্লোককে পরিবেষ্টন করিয়া আছে।

স্বর্লোক—স্বর্গ তিনটী—(১) বিলস্বর্গ, (২) ভৌমস্বর্গ ও (৩) দিব্যস্বর্গ। আমাদের এই পৃথিবীই জম্বুদ্বীপ, জম্বুদ্বীপের অভ্যন্তরস্থ পরস্পর সপ্ত পাতাল (পাতাল, রসাতল, মহাতল, তলাতল, সুতল, বিতল ও অতল) নামক সাতটী স্তরের নাম "বিলস্বর্গ"। জম্বুদ্বীপ নববর্ষে বিভক্ত। তন্মধ্যে ভারতবর্ষাতিরিক্ত অপরাপর বর্ষ সকল ও প্লক্ষ প্রভৃতি দ্বীপসকল "ভৌমস্বর্গ"।

ভুবর্লোকের পর স্বর্লোক বা দিব্যস্বর্গ দিব্যস্বর্গে দেবতাগণ বাস করেন। ইহা মহাভোগসুখের স্থান। ভারতবর্ষে জন্ম গ্রহণ করিয়া সর্ব্বশ্রেষ্ঠ পুণ্যকর্ম্ম করিলে এই স্থান পাওয়া যায়। এই দিব্যস্বর্গে অদিতিনন্দন শচীনাথ শ্রীবিষ্ণু উপেন্দ্রই সর্ব্বশ্রেষ্ঠ পূজিত ভগবান্। তিনি দেবরাজ ইন্দ্রের কনিষ্ঠ ভ্রাতা হইয়াও ইন্দ্রের দ্বারা অর্চ্চিত হন। এখানে নন্দনবন, অমৃত, পারিজাত, রম্ভা-তিলোত্তমা প্রভৃতি কামিনীগণ আছেন। বিষ্ণুর আজ্ঞাপ্রভাবে ও দেবগুরু বৃহস্পতির অনুগ্রহানুসারে দেবতাগণের দ্বারা ইন্দ্র 'দেবরাজ' পদে অধিষ্ঠিত হন। কিছুদিন ইন্দ্রত্ব করিবার পর ইন্দ্রের পতন ঘটে। কোন কোন সময় ইন্দ্র বলপূর্ব্বক মুনিপত্নীগণের সতীত্ব হরণ করিয়া পাপভয়ে ও লজ্জায় আত্মগোপন করিয়া থাকেন। মোট কথা যাঁহারা জাগতিক সুখভোগের পরমাবধিকাল বর্দ্ধিত ও কথঞ্চিৎ নিষ্কণ্টক করিতে চাহেন, তাঁহারাই পুণ্যকর্ম্মের দ্বারা 'দিব্যস্বর্গ' প্রাপ্ত হন।

মহর্লোক—দিব্যস্বর্গের ঊর্দ্ধদেশে অবস্থিত। মহাত্মাগণ স্বর্গপ্রাপক কর্ম্ম হইতে মহত্তর ও বৃহত্তর যাগযোগাদি কর্ম্মের দ্বারা এই লোক প্রাপ্ত হন। ব্রহ্মরাত্রি অর্থাৎ কল্পাবসানে ভূর্ভুবঃ-স্বঃ এই ত্রিলোকের প্রলয়েও মহর্লোক নষ্ট হয় না। এখানে ভৃগু প্রভৃতি ঋষিগণ যজ্ঞ বিস্তার করিয়া প্রাজাপত্যপদে অধিষ্ঠিত আছেন। সাম্রাজ্য-সুখ হইতে ইন্দ্রপদে কোটী-গুণ সুখ। আবার ইন্দ্রপদ হইতে প্রাজাপত্যপদে কোটী-গুণ সুখ; এখানে ভগবান্ বিষ্ণু যজ্ঞেশ্বররূপে বিরাজিত আছেন। এখানে প্রতি গৃহেই যজ্ঞকুণ্ড জ্বলিতেছে, এখানে ব্রাহ্মণ ব্যতীত কেহই অবস্থান করিতে পারেন না। এই মহর্লোকেও মধ্যে মধ্যে মানসিক অশান্তি ভোগ করিতে হয়। সহস্র চতুর্যুগ প্রমাণ এক ব্রহ্মদিনের অন্তে ত্রিলোক দগ্ধ হয়, সেই তাপে ত্রিলোকের সন্নিহিত ও উপরিস্থিত মহর্লোকও তাপিত হয়। ভৃগু প্রভৃতি মহর্ষিগণ তাপভয়ে জনলোকে প্রস্থান করেন।

জনলোক—মহর্লোক ও জনলোক প্রায়ই অভিন্ন, সামান্য কিছু বিশেষ আছে। জনলোকে রাত্রি উপস্থিত হইলে যজ্ঞানুষ্ঠান থামিয়া যায় অর্থাৎ ব্রহ্মরাত্রি উপস্থিত হইলে ভগবানের সহিত ব্রহ্মা একার্ণবে শয়ন করেন। তখন জনলোকে যজ্ঞ নিবারিত হয়। সেই সময়টী 'রাত্রি' বলিয়া গণিত। যজ্ঞেশ্বরের অদর্শনে তখন হৃদয়ে যে তাপ উপস্থিত হয়, তাহা ত্রিলোকদাহক তাপ হইতেও উৎকট ও কষ্টকর।

তপোলোক—জনলোকের ঊর্দ্ধে অবস্থিত। একমাত্র নৈষ্ঠিক ব্রহ্মচর্য্যবলে এই লোক লাভ হয়, এখানে ঊর্দ্ধরেতাগণ বাস করেন। সনক, সনন্দন, সনৎকুমার ও সনাতন এখানে অবস্থান করিতেছেন। ধ্যান ও সমাধি ব্যতীত এই স্থান লাভ হয় না। প্রাজাপত্য-সুখ হইতে এখানে কোটীগুণ সুখ আছে। অনিমাদি সিদ্ধি মূর্ত্তিমতী হইয়া আত্মারামগণের সেবা করিতেছে। এখানে অর্চ্চা-মূর্ত্তির অধিষ্ঠান নাই। চিন্তাগ্নিতাপ বাসুদেব মুনিগণের দ্বারা মানস-ধ্যানের বিষয় হইয়া রহিয়াছেন। তপোলোকের অধিষ্ঠাতা নরসখ নারায়ণ (নরনারায়ণ) পৃথিবীর মধ্যে ভারতবর্ষে গন্ধমাদন পর্ব্বতে শ্রীবিগ্রহরূপে বাস করিতেছেন।

সত্যলোক—চতুর্ম্মুখ ব্রহ্মার লোক। এই লোক ব্রহ্মাণ্ডসীমার সর্ব্বশেষভাগে অবস্থিত। শতজন্মকৃত শুদ্ধ সঞ্চিত স্বধর্ম্মের দ্বারা এই লোক লাভ করা যায়। এখানে শোক, সন্তাপ ও দুঃখ নাই। সর্ব্বত্রই পরমনির্বৃতি ও আনন্দ পরিব্যাপ্ত, এখানে ভগবান্ তাঁহার একটী বৈকুণ্ঠলোকে যথায় তিনি সহস্রশীর্ষপুরুষরূপে প্রকটিত থাকেন, তাহা প্রকাশ করিয়া শেষনাগের শয্যায় লক্ষ্মীদ্বারা সেবিত হইয়া বাস করিতেছেন। গরুড় কৃতাঞ্জলি হইয়া আছেন। তপোলোক অপেক্ষা এখানকার সুখ সর্ব্বতোভাবে অধিক। চতুর্যুগ সহস্র পরিমিত একদিন অতীত হইলে এখানে রাত্রি হয়, তখন লোকত্রয় সম্পূর্ণরূপে নষ্ট হয়। ভগবান্ ব্রহ্মার সহিত শেষনাগের উপর শয়ন করেন। এখানেও দৈত্যভয় আছে।

দৈত্যের ভয়ে ব্রহ্মা পলায়ন করেন, তখন ভগবান্ দৈত্যকে বধ করিয়া অপর কোন যোগ্য পুরুষকে ব্রহ্মার পদে অভিষিক্ত করেন। ব্রহ্মার কর্ত্তব্য এক বিরাট ব্যাপার; ব্রহ্মাকেও চিন্তাতুর হইতে হয়। ব্রহ্মার আয়ুঃ দ্বিপরার্দ্ধকাল হইলেও তাঁহাকে কালভয়ে ভীত থাকিতে হয়।

যাঁহারা সকাম স্বধর্ম্মপরায়ণ তাঁহারা ভোগক্ষয়ে পুনঃ পুনঃ পৃথিবীতে জন্মগ্রহণ করেন আর যাঁহারা নিষ্কাম স্বধর্ম্মপরায়ণ তাঁহারা দেহাবসানে ক্রমান্বয়ে মহর্লোক লোকসকল প্রাপ্ত হইয়া যথোক্ত ভোগ করিতে করিতে অবশেষে মহাপ্রলয়ে ব্রহ্মার সহিত মুক্ত হন। ব্রহ্মা যতকাল মুক্ত থাকেন ততকাল তাঁহারাও মুক্ত থাকিতে পারেন; অতএব ইঁহাদেরও পুনরাবৃত্তি আছে। সকামই হউন আর নিষ্কামই হউন বর্ণাশ্রমরূপ কর্ম্মমার্গে ভ্রমণকারী জীব নিত্যশান্তি লাভ করিতে পারেন না। তবে বর্ণাশ্রমধর্ম্মরহিত পাপাচারী ও স্বেচ্ছাচারী ব্যক্তিগণ নরকাদি ক্লেশধাম প্রাপ্ত হন আর যেসকল বর্ণাশ্রমধর্ম্ম পরায়ণগণ অধিকারানুসারে উক্ত সপ্তলোক ভোগ করিয়া থাকেন। এই পুণ্য কর্ম্মিগণের গতি মন্দের ভাল। এই উভয়বিধ ব্যক্তির সম্বন্ধে কবিরাজ গোস্বামী প্রভু বলিয়াছেন—

"কেহ পুণ্যে কেহ পাপে করে
বিষয়-ভোগ।
ভক্তিগন্ধ নাহি যাতে যায় ভবরোগ॥"
(চৈঃ চঃ)

এলোরে প্রচার

গত ৭ঠা আগষ্ট কটক শ্রীসচ্চিদানন্দ-গৌড়ীয়মঠের কতিপয় সেবক এলোর টাউনে প্রচারোদ্দেশে গমন করেন। তাঁহারা সহরের বিভিন্ন স্থানে শ্রীচৈতন্যমহাপ্রভুর কথা প্রচার করিতেছেন।

ঐ আগষ্ট রবিবার স্থানীয় টাউন-হলে একটী সভার অধিবেশন হয়। এলোরের ডিষ্ট্রিক্ট রেজিষ্ট্রার মিঃ বি, সি, দাস মহাশয় সভাপতি নির্ব্বাচিত হইলে সভা আরম্ভ হয়। তিনি কিছুক্ষণ শ্রীগৌড়ীয়মঠের প্রচার-বিষয় সম্বন্ধে বক্তৃতা করেন। মহাজন-পদাবলী কীর্ত্তনের পর শ্রীপাদ ব্রজগোপাল দাস ব্রহ্মচারী, ভক্তিবিবেক মহোদয় শ্রীচৈতন্য-মহাপ্রভুর বিমল প্রেমধর্ম্মের কথা বহুক্ষণ যাবৎ ইংরাজী ভাষায় কীর্ত্তন করেন। পরে স্থানীয় চেয়ারম্যান মিঃ জে, ডি, ভাই শর্ম্মাজী তেলেগু ভাষায় গৌড়ীয় মিশনের বিষয়ে বহু কথা বলেন।

তৎপরে সভাপতি মহোদয় কিছুক্ষণ যাবৎ একটী বক্তৃতা প্রদান করেন। মহামন্ত্র ও মহাজনপদাবলী কীর্ত্তন হইলে পর সভা ভঙ্গ হয়। ডিষ্ট্রিক্ট রেজিষ্ট্রার মিঃ বি, সি, দাস মহাশয় শ্রীগৌড়ীয়মঠের প্রচারের বিভিন্ন প্রকারের সহায়তা করিয়া থাকেন। তজ্জন্য তিনি গৌড়ীয়মিশনের সকলেরই ধন্যবাদার্হ। তাঁহার উত্তরোত্তর শ্রীমন্মহাপ্রভুর শ্রীপাদপদ্মে ভক্তি বৃদ্ধি হউক, ইহাই আমাদের শ্রীগুরু-গৌরাঙ্গবৈষ্ণবচরণে প্রার্থনা।

শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী

পরমার্থ-সম্পুটের রত্নরাজি

ভিক্ষা:—১ম খণ্ড ৷৵০; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড ৷৵০; ৪র্থ খণ্ড —৷৵০ আনা।

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ
শ্রীধাম-মায়াপুর,
নদীয়া

শুদ্ধভক্তি-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠ-শ্রীধাম

প্রাচীন নবদ্বীপ, ঈশোদ্যান শ্রীমায়াপুর, নদীয়া শ্রীব্রজপত্তনের ভবনে শ্রীচৈতন্যমঠ,পরবিদ্যা-পীঠ, শ্রীশ্রীবার্ষভানবী-শ্রীগৌর-গোপাল আচার্য্য চতুষ্টয় বিগ্রহ আছেন। সুপ্রাচীন প্রত-ত্নানুসন্ধানে গৌড়ীয় প্রকাশ-ব্রহ্মাণ্ড আছে।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্টীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৫ কলিকাতায় শ্রীভক্তিবিনোদ আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, সংকীর্ত্তন, প্রত্যহ দুইবেলা শ্রীমদ্ভাগবতাদি শাস্ত্রের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও সাপ্তাহিক পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়।

(৩) যোগপীঠ-মায়াপুর-শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব ভূমি মহাযোগপীঠ।

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং ম বর্ত্তমান।

(৬) মুরারিগুপ্তের পাট

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৭) কাজি সমাধি-পাট

বামনপুকুর, শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)

ইহা গৌরকৃপা প্রাপ্ত শ্রীচাঁদকাজীর সমাধি।

(৮) শ্রীকৃষ্ণকুঞ্জ-শ্রীনন্দনাচার্য্য

শ্রীধাম মায়াপুর

(৯) স্বানন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)

এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধাগোবিন্দের সেবা বর্ত্তমান।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)

গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ চাঁপাহাটী (বর্দ্ধমান)

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মাউগাছি, পোঃ ভাণ্ডারটিকুরি, (বর্দ্ধমান)

শ্রীমন্মহাপ্রভুর ঠাকুর বৃন্দাবনের পাট

(১৩) ঋতুদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(১৪) জহ্নুদ্বীপ-গৌড়ীয়মঠাশ্রম

১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ

গোরুপুর, নদীয়া

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ

মাজিদা (শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী) পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

১৭) কুলিয়া

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

(২০) মহেশ-পণ্ডিতের পাট

কাঁচরাপাড়া, পোঃ চাকদহ (নদীয়া)

(২১) রাণাঘাট-গৌড়ীয়মঠাশ্রম

(২২) পুরী গৌড়ীয়মঠ

চব্বিশ পরগণা

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ

বালিয়াটি পোঃ জয়াদি, ঢাকা।

পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র।

(২৪) গোপালজীউমঠ

কমলাপুর, পোঃ ঢাকা

(২৫) নিতাই-গৌরাঙ্গ মঠ

পোঃ পাণিহাটি, (ঢাকা)

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

বড়বাজার, পোঃ ময়মনসিংহ

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চকচকা, কামরূপ (আসাম)

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

৩নং পাগলা ঝোরা বিল্ডিং, দার্জ্জিলিং

(৩০) হরিদ্বার-গৌড়ীয়মঠ

পোঃ হরিদ্বার, জিঃ সাহারানপুর, ইউ, পি

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

মিঠাপুর পাটনা)

(৩২) গয়া গৌড়ীয়মঠ

রমণা রোড, গয়া

(৩৩) সনাতন-গৌড়ীয় মঠ

৮।১১ বড় শহীদশিং, বেনারস সিটি

(৩৪) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

(৩৫) পুরুষোত্তম মঠ,

পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠাশ্রম

বিশ্রামঘাট, পোঃ মথুরা

(৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ

কিশোরপুর, বৃন্দাবন

(৩৯) প্রভুপাদ-কুঞ্জকুটীর

পোঃ রাধাকুণ্ড (মথুরা

(৪০) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪১) রাধাকুণ্ড -স্নানবাটী

(৪২) শ্রীগোবর্দ্ধনমঠালয়

গোবর্দ্ধন, মথুরা

(৪৩) সংকেত বিহারী মঠ

বর্ষাণা, মথুরা।

(৪৪) নন্দগ্রাম গৌড়ীয়মঠালয়

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৫) বর্ষাণা গৌড়ীয়মঠালয়

পোঃ বর্ষাণা, মথুরা

(৪৬) গোপীবিহারী মঠ—শেরগড়,

পোঃ ছোটেকোশী, জেলা মথুরা (পাঞ্জাব)

(৪৭) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

(৪৮) দিল্লী গৌড়ীয় মঠ

৪৫নং কুতুব রোড, নিউ দিল্লী

(৪৯) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, গ্যামডেবী ব্লক, বিল্ডিং বোম্বে ৭

(৫০) মাদ্রাজ-গৌড়ীয়মঠ

পোঃ রায়পেট্টা, মাদ্রাজ

শ্রীগৌরবাণী-মঞ্জুষা-বিনোদবিহারীর সেবা

(৫১) রাজমহেন্দ্রী-গৌড়ীয়মঠ

পোঃ কভুর, জেলা গোদাবরী মাদ্রাজ

শ্রীশ্রীগৌরগোপাল-রাধাবিনোদ-বিহারীর সেবা

(৫২) ব্রজনগর-গৌড়ীয়মঠ

আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)

(৫৩) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা

৫৪) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৫) সীতাকুটী

(৫৬) শিবক্ষেত্র-গৌড়ীয়মঠ

পোঃ ভুবনেশ্বর, পুরী

(৫৭) সচ্চিদানন্দ মঠ

কটক, পোঃ কটক (উড়িষ্যা)

(৫৮) বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ

(৫৯) শ্রীরামানন্দগৌড়ীয়-প্রপন্ন-মঠ

পোঃ কভুর, মাদ্রাজ

(৬০) ভাগবত-জনানন্দ মঠ

চিকলিয়া, পোঃ মারুদেবপুর, মেদিনীপুর

(৬১) জয়াদি গৌড়ীয়মঠ

পোঃ জয়াদি, মেদিনীপুর

(৬২) আমলাযোড়া প্রপন্নাশ্রম মঠ

পোঃ রাজবাঁধ (বর্দ্ধমান)

(৬৩) চৈতন্যগৌড়ীয়মঠ

কুরমকুড়া, পোঃ চড়কডাঙ্গা, (মালদহ)

(৬৪) রেঙ্গুন গৌড়ীয়মঠ

৭০১ নং মিউচাস ষ্ট্রীট, রেঙ্গুন।

(৬৫) লণ্ডন-গৌড়ীয়মঠ

ফ্লাট নং ২

৪১, আর্ল্‌সকোর্ট

স্কোয়ার, লণ্ডন, এস ডব্লিউ ৫

(৬৬) গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

১৩।১, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা

(৬৭) গৌড়ীয়মঠ অফিস

চিৎপুর রোড, এলো (ইউ-পি)

(৬৮) শ্রীবিভাবিধি গৌড়ীয়মঠাশ্রম

মদনকানন, চট্টগ্রাম

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্ হইতে শ্রীমনীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত শ্রীমন্নারায়ণ ব্রহ্মচারী ভক্ত্যালোক, ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

-:(০):-

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায়		বিজ্ঞাপনের পৃষ্ঠায়	
	১ম ও দ্বিতীয় বারের জন্য	পরবর্ত্তী দিনের জন্য	১ম ও দ্বিতীয় বারের জন্য	পরবর্ত্তী দিনের
বারে প্রতি লাইনে ।০	৶০	৵০	।০
" প্রতি ইঞ্চি ২৲		১৷০	১৲
সিকিকলম ৫৲	৪৲		৩৲
অর্দ্ধকলম ৮৲	৬৲	৬৲	৫৲
এক কলম ১২৲	১০৲	১০৲	

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

মাসে প্রতি ইঞ্চি ৬৲	৪৷০
সিকি কলম ১৫৲	১২৲
" অর্দ্ধকলম ২৫৲	২০৲
" এক কলম ৩৫৲	৩০৲

চাঁদার হার

বার্ষিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৷০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা ৫ ; বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র

শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী

——:(০):——

শ্রীল প্রভুপাদের চতুঃষষ্টিবর্ষপূর্ত্ত্যাবির্ভাব-তিথিতে শ্রীল আচার্য্যদেবের অভীষ্টক্রমে "শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী" প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। ইহাতে পূর্ব্বার্দ্ধ ও উত্তরার্দ্ধ দুইটী বিভাগ আছে। পূর্ব্বার্দ্ধে শ্রীল প্রভুপাদের আদি-প্রবন্ধাবলী শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের সম্পাদিত 'সজ্জনতোষণী,' শ্রীল প্রভুপাদের 'নিবেদন' সাপ্তাহিক পত্রিকা হইতে যথাযথ ও প্রয়োজনীয় অর্থের টীকা-সহ প্রকাশিত হইয়াছে। উত্তরার্দ্ধে শ্রীল প্রভুপাদের সম্পাদিত 'সজ্জনতোষণী'র কতিপয় প্রবন্ধ যথাযথ প্রকৃতভাবে মুদ্রিত হইয়াছে। প্রবন্ধগুলি রচনাকালের ক্রমানুসারে গ্রথিত হইয়াছে; এতদ্ব্যতীত শ্রীল প্রভুপাদের একটি সুন্দর উপোদ্ঘাত ও সঙ্কলনকারীর একটি বিস্তৃত ভূমিকা, শব্দ-সূচী, শ্লোক ও পয়ার-সূচী প্রভৃতি গ্রন্থে সংযোজিত হইয়াছে। গ্রন্থটি উৎকৃষ্ট কাগজে ছবির সহিত মুদ্রিত ও শ্রীল প্রভুপাদের আলেখ্যাদিদ্বারা ভূষিত ও সুন্দর বাঁধাই করিয়া প্রকাশিত হইয়াছে। প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, জিলা নদীয়া; গৌড়ীয় মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ও শ্রীপুরুষোত্তম মঠ, চটক পর্ব্বত, পোঃ পুরী।

———

শ্রীল প্রভুপাদের পত্রপ্রসূন মালা

এই গ্রন্থে ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের রচিত পত্রাবলী শ্রীল আচার্য্যদেবের বিরচিত "সৌরভ" নামক ভাষ্যের সহিত প্রকাশিত হইয়াছে। শ্রীল প্রভুপাদের অনেক অপ্রকাশিত পত্র ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ।০ আট আনা।

শ্রীধাম-মায়াপুরে

——:(০):——

—ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট

——::০::——

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—শ্রীমন্দির সন্নিকটে; বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক খোলা। শিক্ষকগণ সাধক ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে পৃথক বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খাওয়া ও দেখাশুনার ব্যয় মাসে মাত্র ৬৲ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উচ্চ ফল প্রদর্শন করিতেছে। বর্ত্তমান বর্ষে ১৬ জন বালকের মধ্যে ১৫ জন ভালভাবে উত্তীর্ণ হইয়াছে।

মেধাবী ছাত্রগণের আরও সুবিধা

পরীক্ষায় যাহারা শতকরা ৭৫ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ সচ্চরিত্র মিতব্যয়ী ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক-সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত্র, সিদ্ধান্ত ও শিক্ষা সবিস্তারভাবে আলোচিত হইয়াছে। এই এক অপূর্ব্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

চৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত্র সবিস্তারভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত ইহার ভিক্ষা মাত্র ৩৲ টাকা। প্রাপ্তিস্থান শ্রীযুক্ত নবকিশোর ভক্তিশাস্ত্রী, শ্রীযোগপীঠ, শ্রীমায়াপুর, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

———

শ্রীশ্রীসরস্বতী-সংলাপ

প্রথম খণ্ড

শ্রীশ্রীব্রহ্মমাধ্ব গৌড়ীয়সম্প্রদায়ৈকসংরক্ষক জগদ্গুরু পরমহংসকুলচূড়ামণি নিত্যলীলা প্রবিষ্ট ১০৮শ্রী শ্রীমদ্ ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামি-প্রভুপাদ বিভিন্ন জিজ্ঞাসু ও তত্ত্বান্বেষু সজ্জনবৃন্দের পরিপ্রশ্নোত্তরে ও সন্দেহ-নিরাকরণকল্পে যে-সকল তত্ত্বভক্তি-সিদ্ধান্তবাণী কীর্ত্তন করিয়াছেন, যাহা তাঁহার প্রকটকালেই 'গৌড়ীয়' সম্পাদক শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ প্রভুপাদেরই শ্রীহস্তে সংশোধিত করাইয়া রাখিয়াছিলেন এবং যাহার কিয়দংশ গৌড়ীয়পত্রে প্রকাশিত হইয়াছে, যাহা "শ্রীশ্রীসরস্বতী-সংলাপ" নাম ধারণপূর্ব্বক শ্রীল প্রভুপাদের 'বক্তৃতাবলী' ও 'পত্রাবলী' আকারে খণ্ডে খণ্ডে প্রকাশিত হইতেছেন। বর্ত্তমানে শ্রীল প্রভুপাদের প্রথমবার্ষিক বিরহতিথিপূজা-বাসরে এই গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছেন। মানবজীবনের বহু জটিলতম সমস্যা ও কঠিন প্রশ্নের সমাধান ইহাতে পাওয়া যাইবে। ভক্তগণের পরিক্ষারের জন্যই এই গ্রন্থ সংগ্রহ একান্ত প্রয়োজন।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপদেশক পাণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিশাস্ত্রী ভক্তিশাস্ত্র সম্প্রদায়-বৈভবাচার্য্য এম-এ মহোদয়ের গবেষণা এবং পরিপক্ক লেখনীর অদ্ভুত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত্র-পাঠে ধন্য হউন। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিভিন্ন চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলে শ্রীমহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৩৩শ অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্ত্তার ভূমিকাদ্বয় (Preaces), বিষয়-তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র-(Index Glossary) সহ গ্রন্থখানি প্রকাশিত। ভিক্ষা—১৫, পনর টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, রায়পেটা মাদ্রাজ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

'ঠাকুর ভক্তিবিনোদ'

—:(o):—

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি-প্রচারের মূল মহাজন সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অভিনব জীবনচরিত এতাবৎকাল পর্য্যন্ত গ্রন্থাকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয়মঠাচার্য্যবর্য্যের শুভেচ্ছায় সরবিদ্যাপাঠবিভাগের সু-লেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু মূল্যবান শিক্ষামালাও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১২৫ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৸০ আনা; ডাক মাশুল স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান—ম্যানেজার গ্রন্থবিভাগ

শ্রীগৌড়ীয়মঠ

পোঃ বাগবাজার

কলিকাতা

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

—:(o):—

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু ধর্ম্মগ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১৩।১নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

ই. বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	৪-৩৬	৬ ২৬	৭-০৬	১২-২৬	১৪-৫৬	১৬-৫৬	১৭-৫৬	২২-২৫
রাণাঘাট পৌঃ			৮-২৮	১৪-১৫				
(বদল) ছাঃ			৯-৩৩	১৪-৫০				
কৃষ্ণনগর পৌঃ	৭-১	৮-৪৫	১০-৮	১৫-২৩	১৭-২৮	১৯-০৮	২০-১৬	১-১৫
(বদল) ছাঃ	৭-১২		১০-৩১		১৭-৩৬		২০-২৬	
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫১		১১-১০		১৮-১৬		২১-৪	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
রাণাঘাট পৌঃ	১২-৫৫
ছাঃ	১৩-০
শান্তিপুর পৌঃ	১৩-২৬
(বদল) ছাঃ	১৩-৩১ (লাইট্ রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪-১২
ছাঃ	১৪-৩০
নবদ্বীপঘাট পৌঃ	১৫-১০

ডাউন

নবদ্বীপঘাট ছাঃ	৫-৪৫		৯-১৩		১৩-৩১	১৬-০	১৮-৩১	
কৃষ্ণনগর পৌঃ	৬ ২০	৯-১৬	৯-৪৮	১১-৪১	১৪-১০	১৬-৩৮	১৯-১১	২১-১০
ছাঃ	৬-৩৬	৭-১৮	১০-১১			১৬-৫৬,	১৯-২৫	
রাণাঘাট পৌঃ			১০-৪৬			১৭-৩০		
(বদল) ছাঃ			১১-১			১৭-৪০		
কলিকাতা পৌঃ	৬-১৬	৯-২১	১১-৫১	১২-১৬	১৪-১৬	১৯-১১	২১-৪১	২৩-০৭

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৩-৩১	১৬-০	
কৃষ্ণনগর পৌঃ	১৪-১০	১৬-৩৮	
ছাঃ	১৫-২৮	১৭-৩৩	
শান্তিপুর পৌঃ	১৬-৯	১৮-১৪	
(বদল) ছাঃ	১৬-৩৩	১৮-২৫ (শনিবার ভিন্ন)	২০-৪০ (শনিবার)
রাণাঘাট পৌঃ	১৭-১০	১৮-৫০	২১-১৫
(বদল) ছাঃ	১৭-৪৩	১৯-১৪	২১-৫০
কলিকাতা পৌঃ	১৯-১১	২০-৪০	২৩-০৭

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

শ্রীমহাপ্রভু পাচন

পুরাতন জ্বরের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাটতি শতগুণে অধিক। নিভার প্লীহা সংযুক্ত কালাজ্বর এবং নূতন পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। মূল্য ছোট বোতল ৷৵০ দশ আনা, বড় বোতল ১৷৵০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা

অথবা

পোঃ বেহালা, ২৪ পরগণা

পোঃ—শ্রীমায়াপুর
টেলিগ্রাম—'শ্রীধাম
শ্রীমায়াপুর'

REGD NO C 1944

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

৪র্থ খণ্ড] শ্রীমায়াপুর—৩১শে শ্রাবণ, ১৩৪৬ ১৬ই আগষ্ট, ১৯৩৯ বুধবার [১৪৪শ সংখ্যা

বিজ্ঞাপন

—:০:—

এতদ্দ্বারা সর্ব্বসাধারণকে জানান যাইতেছে যে নদীয়া ডিষ্ট্রিক্ট মিনিষ্টিরিয়াল অফিসারস কো-অপারেটিভ-ক্রেডিট-সোসাইটির ৩১-৩-১৯৩৯ সালে যে বৎসর শেষ হইয়াছে, সেই বৎসরের অডিট আরম্ভ হইয়াছে। যাহাদের এই সোসাইটির সঙ্গে আমানত বা ঋণবাবদ কোন টাকা পাওনা বা দেনা আছে তাহারা আগামী ২৫শে আগষ্টের মধ্যে তাহাদের হিসাব আমার দ্বারা পরীক্ষা করাইয়া লইবেন। ২৫শে আগষ্টের মধ্যে কোনও ব্যক্তির নিকট হইতে সংবাদ প্রাপ্ত না হইলে হিসাব ঠিক আছে গণ্য করা হইবে।

স্বাক্ষর—
এ, পি, অধিকারী
অডিটার কোঃ অঃ সোসাইটি,
নদীয়া।

বিবিধ সংবাদ

—):০:(—

ইঙ্গ-জাপ আলোচনা

ডোমেই এজেন্সী বলিতেছেন যে, ইঙ্গ-জাপ-আলোচনা পুনরায় সুরু করিবার জন্য স্যার রবার্ট ক্রেগী যে প্রস্তাব করিয়াছিলেন মিঃ কাটো তাহা প্রত্যাখ্যান করিয়াছেন। ডোমেই এজেন্সী ইহাও বলিতেছেন যে, স্যার রবার্ট ক্রেগী লণ্ডন হইতে সর্ব্বশেষে যে নির্দ্দেশ পাইয়াছেন, তাহাতে মুদ্রা নীতি সম্পর্কিত বিরোধের উল্লেখ করা হয় নাই। কিন্তু জাপান টিয়েনসিনে শান্তিরক্ষার সমস্যা ও মুদ্রা-নীতি সম্পর্কিত সমস্যা সম্পর্কে যুগপৎ একটা মীমাংসা করিতে চায়।

জাপ সামরিক প্রতিনিধিদের টিয়েনসিন যাত্রা স্থগিত রাখার জন্য স্যার রবার্ট ক্রেগী যে প্রস্তাব করিয়াছিলেন মিঃ কাটো নাকি তাহা সরাসরি অস্বীকার করিয়াছেন। মিঃ কাটো এইরূপ যুক্তি প্রদর্শন করিয়াছেন যে, সামরিক প্রয়োজন বশতঃ প্রতিনিধি দলের টিয়েনসিন যাত্রার পর স্যার রবার্ট ক্রেগীর নিকট কোন নির্দ্দেশ আসিলে ইঙ্গ-জাপ বৈঠকের পুনরধিবেশন হওয়া উচিত কিনা তাহা স্থির করার অধিকার একমাত্র জাপানেরই থাকিবে।

লণ্ডনস্থ চীনা দূত বৃটিশ পররাষ্ট্র দপ্তরে এক নোট প্রেরণ করিয়া টিয়েনসিনের চারজন সন্দেহভাজন চীনাকে সমর্পণ করার সিদ্ধান্ত সম্পর্কে পুনর্ব্বিবেচনার অনুরোধ জানাইয়াছেন। উক্ত নোটে টিয়েনসিন সন্ধির একটি ধারার উল্লেখ করিয়া বলা হইয়াছে যে, উক্ত ধারার চীনা কর্ত্তৃপক্ষের অনুরোধক্রমে চীনাদিগকে সমর্পণ করার ব্যবস্থা হইয়াছে। কিন্তু বর্ত্তমানক্ষেত্রে চীনা কর্ত্তৃপক্ষ নহে, পরন্তু জাপ সামরিক কর্ত্তৃপক্ষ এবং উহার তাঁবেদারগণ উক্ত দাবী করিতেছেন। উক্ত চারজন চীনাকে সমর্পণ করার সিদ্ধান্ত আইনের দিক হইতেও সমর্থন করা যায় না এবং এতদ্বারা সর্ব্বপ্রকার সুবিচার লাভের আশা তিরোহিত হওয়ায়, উক্ত সিদ্ধান্ত জাপের দাবীর সম্মুখে বৃটেনের চিরাচরিত নীতির পরাজয় হইয়াছে।

অতঃপর এতদ্বারা জাপানের অন্যায় প্রস্তাবকে কার্য্যতঃ স্বীকার করা হইয়াছে বলিয়া লোকে মনে করিতে পারে।

কোয়েটা ভূমিকম্প সাহায্য ভাণ্ডার

গত জুলাই মাসে কোয়েটা ভূমিকম্প-সাহায্য-ভাণ্ডার হইতে মোট ১ লক্ষ ৭১ হাজার ৬৭১৶০ আনা ব্যয় করা হইয়াছে। এই টাকা হইতে কোয়েটা বন্যা বিপন্ন ভাণ্ডারের জন্য এক লক্ষ টাকা, বাড়ী ঘর পুনর্নির্ম্মাণের জন্য ৭১ হাজার ৮৪০৶০ আনা এবং জনহিতকর প্রতিষ্ঠানসমূহের জন্য ১৭ হাজার ৮০৩৲ টাকা খরচ করা হইয়াছে।

হিটলারের সকাশে কাউণ্ট সিয়ানো

ইতালীর পররাষ্ট্র সচিব কাউণ্ট সিয়ানো সাল্জবার্গে পৌঁছিয়াছেন এবং হের হিটলার ও হের ফন রিবেনট্রপের সহিত একত্রে আহার করেন। হের হিটলার ও কাউণ্ট সিয়ানোর মধ্যে পূর্ণ আলোচনা হইবে। এই আলোচনার জন্য প্রস্তুত হইবার উদ্দেশ্যে কাউণ্ট সিয়ানো বার্কটেসগাডেনে পৌঁছিয়াই সিনর মুসোলিনীর সহিত ফোনে আলাপ করেন।

সিনর গেয়াডা বলিয়াছেন যে, সালজবুর্গে সিয়ানো রিবেনট্রপ আলোচনার ফলে ডানজিগ এবং অন্যান্য সমস্ত সমস্যা সম্পর্কে ইতালী ও জার্ম্মানী একমত হইয়াছে। অতঃপর সিনর গেয়াডা ইহাও বলিয়াছেন যে, ইউরোপের এই যুগসন্ধিক্ষণে স্বাভাবিক ন্যায়ের দিক হইতেই ডানজিগ সমস্যার সমাধান হইবেই। ইতালী ও জার্ম্মানীর এই সমস্যার সমাধানে অগ্রণী হইবার কোন প্রয়োজন নাই। ইতালী ও জার্ম্মানী জানে যে, কাহার প্রকারে উহার প্রয়োজনীয় সমাধান ঘটিবে। ইতালী ও জার্ম্মানীর বিশ্বাস এই যে, বিচারবুদ্ধি, উদার মনোভাব ও নিরপেক্ষ শান্তি প্রতিষ্ঠার নীতি সমস্যা সমাধানের সহায়ক হইবে। সুতরাং সম্পূর্ণভাবে সর্ব্বপ্রকার বিপদের সম্মুখীন হইবার জন্য যে ইতালী ও জার্ম্মানী মৈত্রী-সূত্রে আবদ্ধ হইবে ইহা স্বাভাবিক।

বিহারে বোমারু বিমান ধ্বংস

গত ৯ই আগষ্ট গয়া জেলার অন্তর্গত কুটুম্বা নামক স্থানে রয়েল এয়ার ফোর্সের একখানি ব্লেনহিম বোমারু বিমান ভূপতিত হইয়া মাটির মধ্যে প্রোথিত হইয়া যায় এবং তাহার ফলে উহার আরোহী বি ওয়ার্ন ও এ স্মিথ চালক নিহত হন। তাঁহাদের মৃতদেহ ভূগর্ভ হইতে বাহির করিয়া দুর্ঘটনা স্থানের নিকট সমাহিত করা হইয়াছে। কর্পোরেল গিলবার্ট নামে অপর আরোহীকে খুঁজিয়া না পাওয়ায় তিনিও নিহত হইয়াছেন; তাঁহার মৃতদেহও ঐ সঙ্গে সমাহিত করা হইয়াছে। বারাণসী হইতে একটি মিলিটারী রিলিফ পার্টি ঐ স্থানে আসিয়া মৃতদেহগুলি সমাহিত করে।

প্রত্যক্ষদর্শী গ্রামবাসীদের বিবরণে প্রকাশ, বিমানের ইঞ্জিন ও সম্মুখভাগ মাটি স্পর্শ করামাত্র বিমানে আগুন জ্বলিয়া উঠে এবং বিমানখানি মাটির মধ্যে ঢুকিয়া যায়। ভূগর্ভ হইতে বিকৃত ও ছিন্নভিন্ন বিমানের ধ্বংসাবশেষ এখনও সম্পূর্ণরূপে উদ্ধার করিতে পারা যায় নাই। স্থানীয় পুলিশ ঐ স্থানে পাহারা দিতেছে।

চীনা সরকারের নগদ রৌপ্য ও চীন মুদ্রা নীতি

টিয়েনসিনে চীনা গবর্ণমেণ্টের নগদ রৌপ্য, চীনা মুদ্রানীতি এবং জাপ গবর্ণমেণ্ট বৃটিশ গবর্ণমেণ্টের নিকট যে সব প্রস্তাব করিয়াছেন, তৎসম্পর্কে ফরাসী এবং মার্কিন গবর্ণমেণ্টের সহিত বৃটিশ গবর্ণমেণ্টের সহিত এখনও আলোচনা চলিতেছে। উপরোক্ত বিষয়গুলি সম্বন্ধে স্যার রবার্ট ক্রেগীর নিকট কোন [illegible]।

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল সরস্বতী প্রভুর পরবিদ্যাভূষণ গোস্বামী মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক। প্রতি একাদশীতে প্রকাশিত হয়। কলিকাতা বাগবাজারস্থ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। সডাক ভিক্ষা ৪।০ টাকা মাত্র।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৷০ টাকা মাত্র।

৩। ভাগবত—হিন্দিভাষার একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ টাকা মাত্র

৫। শ্রীগৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ মাত্র।

পরমগুরু শ্রীগৌরকিশোর

গৌড়ীয়-সম্পাদক-লিখিত, শ্রীগৌড়ীয়মঠাচার্যের ভূমিকা-সম্বলিত, বহুচিত্র-শোভিত ও বিবিধ তথ্য সম্বলিত "পরমগুরু শ্রীগৌরকিশোর" গ্রন্থখানি প্রকাশিত হইয়াছেন। এই গ্রন্থখানি শুদ্ধগৌড়ীয়বৈষ্ণবগণের পরমারাধ্য, গৌড়ীয়গৌরবশিখামণি অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ নিত্যলীলাপ্রবিষ্ট পরমহংস ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল গৌরকিশোরদাস গোস্বামী প্রভুবরের অত্যাশ্চর্য্য চরিতকথা বর্ণিত আছে।

শ্রীশ্রীভক্তিবিনোদাবির্ভাব-শতবর্ষপূর্ত্তিতিথিপূজার উপায়ন-গ্রন্থমালা

——::(০)::——

১। গীতিসাহিত্যে শ্রীভক্তিবিনোদ

শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র গীতিসাহিত্যের সমালোচনা-গ্রন্থ)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

২। শ্রীভক্তিবিনোদবাণীবৈভব

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের বচনামৃতসাগর হইতে আহৃত ১০৮টি অধ্যায়ে সম্বন্ধ-অভিধেয়-প্রয়োজনাকারে গুম্ফিত অমূল্য উপদেশপূর্ণ গ্রন্থ)

ভিক্ষা—৩৲ তিন টাকা মাত্র।

৩। শ্রীশ্রীভক্তিবিনোদ-প্রসঙ্গ

ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ ও ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল সরস্বতীপ্রভুর পরবিদ্যাভূষণ গোস্বামীপ্রভু-বিরচিত এবং গৌড়ীয়ে প্রকাশিত শ্রীশ্রীভক্তিবিনোদ-চরিত-প্রসঙ্গ

ভিক্ষা—৷৶০ ছয় আনা মাত্র।

৪। ছাত্রদের ভক্তিবিনোদ

ছাত্রদের উপযোগী ভাষায় লিখিত শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্র ও শিক্ষা)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

ছাত্রদের পক্ষে ভিক্ষা—৷০ আট আনা মাত্র)

প্রাপ্তিস্থান ঃ—

(১) 'ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট', পোঃ শ্রীমায়াপুর, নদীয়া ;

২) শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ;

৩ শ্রীযুক্ত সুশান্তিরঞ্জন দাস এম্-এ, বি-এল্,

পুরাণপল্টন পোঃ রমনা, ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্—সমগ্র ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ২৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। অনুভাষ্য বিবৃতি শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৯৲
৩। অনুভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৩
৪। সারস্বতী-জয়শ্রী (অবাঁধা) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০ ; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০
৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার-দীপিকা ও সংস্কার দীপিকা ১৷০
৯। বৈষ্ণবধর্ম্ম ২৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। নামসংকীর্ত্তনমালা (দ্বিতীয় সংস্করণ) ৷০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ তত্ত্ব ৷০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষদ ৷০
১৮। বামন-আম্নায় ৷০
১৯। তত্ত্ববিবেক ৷০
২০। গৌড়ীয়-গৌরব ৷৶০
২১। গৌড়ীয়সাহিত্য ৷৶০
২২ ভজন-রহস্য ৷০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা সহ) ২৲
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) ২৲
অবাঁধা) ১৲
২৬। গীতার কেবল মূল-অন্বয় ৷০
২৭। মুক্তাফলটীকা গণগৌরহরিঃ (সাকবাদ) ২৲
২৮। বেদান্তসূত্রসার (সাকবাদ) ৷০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৸০
৩০। দীপ-দিগ্-দর্শন ৵০
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ৷৶০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ৷০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶০
৩৫। গীতমালা ৵১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য
৩৭। ঐ প্রমাণ-খণ্ড
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমায় ৷০
৪০। শরণাগতি ৵০
৪১। গীতাবলী ৵০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
৪৩। সাধনতত্ত্ব ৵০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ৵
৪৫। নবদ্বীপশতক
৪৬। অর্চ্চনকণ্ঠ
৪৭। সদাচারবৃত্তিঃ ৶
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৵১০
৪৯। অর্চ্চনকণ ৶১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম ৪ খণ্ড) ৯৲
৫১। ব্রহ্মসংহিতা ৷০
৫২। মণিমঞ্জরী (সাকবাদ ৷০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ-বিনির্ণয় ৷০
৫৫। ভগবৎকামনী বা মায়াবাদশতদূষণী ৷০
৫৬ ভারতবর্ষ ও ভক্তিপথ
৫৭। ঈশোপনিষদ্ (ভাষাটীকাসহ) ৷০
৫৮। শ্রীকৃষ্ণনেত্র ৶০
৫৯। সিদ্ধান্তদর্পণ ৶০
৬০। সাংখ্যবাণী ৵০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১ শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ৷০
৬২। সিদ্ধান্ত-সরস্বতী বিজিতম্ ৷০
৬৩। নাটক-দিব্যাভূষণম্ ৷০
৬৪। তত্ত্বসূত্রম্ ৷০
৬৫। সারস্বত শিক্ষাষ্টকম্ ৶০
৬৬। গৌড়ীয়মঠোপনিষৎ ৵০
৬৭। সারাংশবর্ণনম্ ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ৷০
৬৯। এ ভিউ ওয়ার্ড্‌স অন বেদান্ত ৷০
৭০। নামভজন ৵০
৭১। বেদান্ত—ইট্‌স্ মরফলজী অ্যাণ্ড অন্টলজি ৷০
৭২। রিলেটিভ ওয়ার্ল্ড্‌স ৷৶০
৭৩। লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস্ অব শ্রীচৈতন্য মহাপ্রভু ৷০
৭৪। বৈষ্ণবীজম ৷০
৭৫। বোয়াট গৌড়ীয়মঠ ইজ ডুইং ৵০
৭৬। দি ভাগবত ৷০
৭৭। ইরোটিক প্রিন্সিপাল অ্যাণ্ড আনআলয়েড ডিভোশন ৷০
৭৮। ব্রহ্মসংহিতা ২৷০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (অনুবাদ গ্রন্থ) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ৷০
৮১। সাধন-পথ ৷০
৮২। কল্যাণ-কল্পতরু ৶০
৮৩। গীতাবলী ৵০
৮৪। শরণাগতি ৵০

আসামী ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ৵০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক

নদীয়া-প্রকাশ

একমাত্র পারমার্থিক

দৈনিক পত্র

শ্রীধাম-মায়াপুর-নদীয়া

১৭শ বর্ষ { ১৬ শ্রীধর ৪৫৩ গৌরাব্দ, ৩১শে শ্রাবণ বঙ্গাব্দ ১৩৪৬, ১৬ই আগষ্ট খৃঃ ১৯৩৯, বুধবার } ১২৪৭ সংখ্যা

প্রচার-প্রসঙ্গ

দিল্লীতে

শ্রীচৈতন্যমঠের অন্যতম শাখা ভারতের রাজধানী নিউদিল্লীস্থ গৌড়ীয়মঠে পরমারাধ্যতম শ্রীশ্রীল আচার্য্যদেবের পূর্ণাবস্থানে প্রত্যহ প্রাতে, মধ্যাহ্নে ও অপরাহ্নে পাঠ-কীর্ত্তনাদি হইতেছে। মঠের সেবকবৃন্দ পরমোৎসাহের সহিত আচার্য্যবর্ত্তিয়া কীর্ত্তন করিতেছেন।

প্রত্যহ প্রাতে শ্রীহরি-গুরুবৈষ্ণব-বন্দনার পর নিয়মিতভাবে পাঠ-কীর্ত্তনাদি হয়। দ্বিপ্রহরে ভক্তিবিনোদবাণী-বৈভব এবং ও দৈনিক নদীয়া-প্রকাশ পাঠ ও ব্যাখ্যা হয়। রাত্রিতে শ্রীপাদ পতিতপাবন ব্রহ্মচারীজী শ্রীচৈতন্যচরিতামৃত ও শ্রীমদ্ভাগবত পাঠ ও ব্যাখ্যা করেন।

ব্রহ্মচারীজী মঠে আগত সজ্জনবৃন্দের নিকট হিন্দি ও বঙ্গ ভাষায় শুদ্ধভক্তির কথা কীর্ত্তন করিয়া থাকেন।

চট্টগ্রামে

গত ২৩শে জুলাই তারিখে চট্টগ্রাম, কবীরহাট-নিবাসী মার্চেন্ট শ্রীযুক্ত প্রভাত চন্দ্র পাল মহোদয় কর্ত্তৃক আহূত হইয়া শ্রীবিদ্যানিধি-গৌড়ীয়মঠের অন্যতম সেবক উপদেশক শ্রীপাদ অনিরুদ্ধ ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈভবাচার্য্য মহোদয় কতিপয় ব্রহ্মচারী ও তদীয় ভক্তবৃন্দসহ তাঁহার বাসভবন পল্লীতে উপস্থিত হইয়া হারমোনিয়ম-যোগে শ্রীকৃষ্ণলীলা-প্রদর্শনমুখে প্রায় দুই ঘণ্টাকাল যাবৎ একটী বক্তৃতা প্রদান করেন। বক্তৃতার আদি ও অন্তে মহাজনপদাবলী ও মহামন্ত্র কীর্ত্তন হইয়াছিল। সভায় বহু শিক্ষিত সম্ভ্রান্ত ব্যক্তি উপস্থিত ছিলেন। শ্রীগৌড়ীয়মঠের নির্ভীক সত্যকথা-প্রচারে শ্রোতৃমণ্ডলী সকলেই আকৃষ্ট হন। শ্রীগৌড়ীয়মঠের অন্যতম সেবক শ্রীপাদ ত্রিভুবনেশ্বর দাসাধিকারী মহোদয় চট্টগ্রাম সদরঘাটস্থ রাজরাজেশ্বরী ঠাকুর বাড়ীর কর্ত্তৃপক্ষগণের সাদর আহ্বানে গত ৩০।৭।৩৯ তারিখে সন্ধ্যায় তথায় উপস্থিত হইয়া শ্রীচৈতন্যচরিতামৃত পাঠ ও ব্যাখ্যা করেন। পাঠের আদি ও অন্তে মহাজনপদাবলী ও মহামন্ত্র কীর্ত্তন হইয়াছিল। সভায় বহু শিক্ষিত সম্ভ্রান্ত ব্যক্তি উপস্থিত ছিলেন। প্রতি রবিবারে তথায় শ্রীবিদ্যানিধি-গৌড়ীয়মঠের সেবকগণ উপস্থিত হওয়া পাঠ-কীর্ত্তনাদি করিয়া থাকেন।

শ্রীপুরুষোত্তমমঠে

গত ৭ই আগষ্ট শ্রীপুরুষোত্তমমঠে শ্রীপাদ ভক্তিগোবিন্দ ব্রহ্মচারীজী শ্রীচৈতন্যচরিতামৃত গ্রন্থ পাঠ ও ব্যাখ্যা করেন। ব্রহ্মচারী জীবনের প্রধান কর্ত্তব্য বিষয় বহু কথা সরলভাবে কীর্ত্তন করিয়া সকলের আনন্দবর্দ্ধন করেন। পাঠের আদি ও অন্তে মহাজন-পদাবলী কীর্ত্তন হয়।

শ্রীসনাতনগৌড়ীয়মঠে শ্রীল সনাতন গোস্বামী প্রভুর অপ্রকট-মহামহোৎসব

পতিতপাবন জগদ্‌গুরু গৌড়ীয়বৈষ্ণবাচার্য্য ওঁ বিষ্ণুপাদ পরমহংস সদ্‌গুরুচূড়ামণি পরিব্রাজকাচার্য্যবর্য্য অষ্টোত্তরশতশ্রী শ্রীমদ্ ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী প্রভুপাদের নির্দ্দেশানুসারে গত ১৭ই জুলাই শনিবার কাশী শ্রীসনাতন-গৌড়ীয়মঠে শ্রীল সনাতন গোস্বামী প্রভুর তিরোভাব তিথিপূজা-মহোৎসব হরিকীর্ত্তনমুখে সুসম্পন্ন হইয়াছে।

ঐ দিবস মঙ্গলারাত্রিক-কীর্ত্তনের পর কর্ম্মটিক, ভজনরহস্য, গুরুতত্ত্ব ও মহামন্ত্র কীর্ত্তন হয়। তৎপরে তৈত্তিরীয় গ্রন্থ হইতে সম্বন্ধের আলোচিত হয়। পরে মহামন্ত্র-কীর্ত্তন সহযোগে শ্রীমন্দির পরিক্রমা করা হয়। মধ্যাহ্নে ভোগারতি-কীর্ত্তনান্তে সেবাগত ভদ্রলোক ও ভদ্রমহিলাকে বিচিত্র মহাপ্রসাদ বিতরণ করা হয়। অপরাহ্ণ তিন ঘটিকার সময় গুরুবৈষ্ণববন্দনার পর বিভিন্ন মহাজন-পদাবলী ও শ্রীল সনাতন গোস্বামী প্রভুর শোচক কীর্ত্তন হয়। উপদেশক শ্রীপাদ সেবানন্দ ব্রহ্মচারী, ভক্তিশাস্ত্রী মহোদয় শ্রীচৈতন্যচরিতামৃত পাঠ ও ব্যাখ্যা করেন। পাঠে বহু শিষ্ট ভদ্রলোক ও ভদ্রমহিলা উপস্থিত ছিলেন।

এতদুপলক্ষে মঠবাসী ভক্তবৃন্দের সেবাচেষ্টা প্রশংসনীয়া।

সুকৃতি

(৫ম পৃষ্ঠার পর)

অতএব যদি বাস্তবিকই নিষ্কপটে গুরুপাদপদ্ম— শ্রীভাগবতপদপদ্ম-সেবাপাদের একমাত্র বাসনা থাকিত, তাহা হইলে নিশ্চয়ই শ্রীগুরুবৈষ্ণবের নিকট নিষ্কপট জিজ্ঞাসু হইতাম এবং শ্রীগুরু-বৈষ্ণবকৃপায় আমার সকল প্রকার সন্দেহ, দুর্ব্বলতা, অপরাধ প্রভৃতি সমূলে বিদূরিত হইয়া শ্রীগুরুবাক্যে শ্রীআচার্য্যপাদপদ্মে দৃঢ়বিশ্বাস হইত। মহাভাগবতই অন্য মহাভাগবতকে চিনিতে পারেন এবং শরণাগত জীবই মহাভাগবতের কৃপায় তাঁহাদের স্বরূপের অনুসরণ করিয়া তাঁহাদের সেবা করিতে পারেন। শ্রীভগবান্ স্বয়ং বহু স্থানে বলিয়াছেন,—তাঁহার একান্ত ভক্তগণ তাঁহার অন্তরঙ্গ-সেবায় নিত্যকাল আসক্ত থাকায় তাঁহাদের অপ্রাকৃত হৃদয়ে ধর্ম্ম, অর্থ, কাম ও মোক্ষ বাসনারূপ কপটতার গন্ধ লেশমাত্রও নাই।

তাঁহারা অন্তর্দর্শী। তাঁহাদের প্রাকৃত শরীর, মন নাই এবং জড়েন্দ্রিয়-তর্পণ ছাড়া কখনই দুঃখে ও সুখেও লিপ্ত হন না। আমার দুর্দ্দৈব যাহা সেই পরমহংসগণের জড়েন্দ্রিয়তর্পণরূপ বিপ্রলম্ভভাবযুক্ত সর্ব্বদা শ্রীনামপ্রেমসুধাপ্লুত চিন্ময়ীর অনুসরণ করিতে না পারিয়া জোরপূর্ব্বক করি এবং তাঁহাদের শ্রীচরণে অপরাধ করত শুদ্ধভক্তি হইতে চিরবঞ্চিত হই।

"নদীপারের জন্ত যেমন একটা ঘাট, একটা মাঝি রাখ্তে হয়; সেরূপ একটা গুরু রাখারও দরকার"—এইরূপভাবেই এই সকল লোক 'গুরু' ক'রেছে। এরা আমাকে কোন দিনই দেখে নাই, আমিও কোন দিনই তা'দের সঙ্গ করি নাই।"

(শ্রীল প্রভুপাদ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

১৬ শ্রীধর কৃষ্ণ অনিরুদ্ধ গৌরাব্দ ৪৪৩

শ্রীশ্রীআচার্য্য-মহিমা

সাত্বতধর্ম-প্রচারক আচার্য্য-চতুষ্টয়ের অন্যতম শ্রীরামানুজের চরিত্রে আমরা দেখিতে পাই যে, শ্রীরামানুজ যখন বাল্যকালে গুরু যাদবপ্রকাশের নিকট "কপ্যাসং পুণ্ডরীকাক্ষং" শ্রুতির ব্যাখ্যা শুনিয়া উহার প্রতিবাদ করিয়াছিলেন এবং সেই বিষ্ণু-বিরোধি-গুরুব্রুবের আনুগত্য স্বীকার না করিয়া সত্যকথা প্রচার করিয়াছিলেন; সেই সময় হইতেই তাঁহার নির্য্যাতন আরম্ভ হইয়াছিল। শুধু নির্য্যাতন নয়, অজ্ঞানান্ধ যাদবপ্রকাশ শিষ্যের প্রাণসংহার করিবার জন্ত বিপুল ষড়যন্ত্র করিয়াছিল; এমন কি, শ্রীবিষ্ণুর মনোহভীষ্ট-প্রচারক শ্রীরামানুজকে লোক-চক্ষে পলায়ন-লীলা প্রদর্শন করিয়া আত্ম-রক্ষা করিতে হইয়াছিল। শ্রীরঙ্গমে রঙ্গনাথের পূজকগণ শ্রীবিষ্ণুভোগ্য দ্রব্যাদি আত্মসাৎ করিতেন এবং বিষ্ণুসেবায় উদাসীন থাকিয়া বিষ্ণুর দ্রব্য দ্বারা স্ব-স্ব স্ত্রীপুত্রের সেবাকেই বিষ্ণুসেবা বলিয়া সাধারণকে বঞ্চনা করিতেন। শ্রীরামানুজাচার্য্য দেবলগণের ঐ প্রকার চৌর্য্য ও ভোগলালসার প্রতিবাদ করিলেন। যেখানে সত্যপ্রচার, সেখানে স্বার্থান্ধ সত্য-বিরোধিগণ সত্যপ্রচারকের শত্রু হইয়া উঠিবে, ইহা অনিবার্য্য। তাই শ্রীরঙ্গমের পূজারিগণ শ্রীরামানুজাচার্য্যের প্রাণ-সংহারার্থ প্রথমে বিষমিশ্রিত অন্নপ্রদান করিলেন। কোন পূজারীর সরল প্রাণা স্ত্রী আচার্য্য রামানুজকে ইঙ্গিতে পূজারীদিগের দুষ্ট অভিসন্ধির কথা জানাইলে আচার্য্য সেই অন্নগুলি একটী কুক্কুরকে প্রদান করেন; কুক্কুরটি সেই অন্ন খাইয়া তৎক্ষণাৎ প্রাণত্যাগ করে। আর একদিন উক্ত পূজারিগণ শ্রীরঙ্গনাথের চরণামৃতের সহিত শ্রীরামানুজকে বিষ-প্রদান করিয়াছিলেন। এই মায়িক জগৎ সর্ব্বকালেই বিষ্ণুবিরোধিগণের সংখ্যাধিক্য ও আধিপত্য দ্বারাই পরিবেষ্টিত ও শাসিত। দুর্লভ ও সুগোপ্য ভক্তিনিধির সংরক্ষণার্থই অধোক্ষজ বিষ্ণুর ইচ্ছায় এইরূপ ব্যবস্থাপিত। শ্রীরামানুজাচার্য্যের অভ্যুদয়কালে এক বিষ্ণু-বিরোধি স্মার্ত্ত চোলরাজ্যের অধিপতি ছিলেন; আচার্য্য রামানুজ যখন ঐ স্মার্ত্তরাজার রাজ্য-মধ্যে বিষ্ণুপাসনা ও সত্যকথা প্রচার করিতে লাগিলেন, তখন ঐ কর্ম্মজড়স্মার্ত্ত রজোগুণক চোলরাজের মাৎসর্য্যানল প্রবলবেগে জ্বলিয়া উঠিল। উক্ত কর্ম্মজড়-স্মার্ত্তরাজ রামানুজকে বলপূর্ব্বক শৈব করাইবার জন্ত লোক প্রেরণ করিলেন। কিন্তু কর্ম্মজড়স্মার্ত্ত কখনও অপ্রাকৃত বৈষ্ণবাচার্য্যের কেশও স্পর্শ করিতে পারেন না।

হউক না কেন কর্ম্মজড়স্মার্ত্ত বহির্ম্মুখ সমাজের নেতা, অধিক কি হউক না কেন রাজ্যের অধিপতি—দণ্ডমুণ্ডবিধাতা, বৈষ্ণব বা বৈষ্ণবাচার্য্য কখনও কর্ম্মজড়স্মার্ত্তের শাসনের অধীন বা প্রজা নহেন। কর্ম্মজড়-স্মার্ত্তের আরক্ত নয়নে স্মার্ত্তশাসনেই বৈষ্ণব-ব্রুবগণ ভয় পাইয়া থাকিতে পারে, কিন্তু বৈষ্ণব কখনও কর্ম্মজড়স্মার্ত্তের কোন ধার ধারেন না—কর্ম্মজড়স্মার্ত্ত হুঁকা বন্ধ করিবে বলিয়া সর্ব্বজিদোষ-দর্শনকারী আচার্য্য বৈষ্ণব কখনও ভীত হন না। তাই আচার্য্য শ্রীরামানুজ বিষ্ণুবৈষ্ণবদ্বেষী, স্মার্ত্ত চোলরাজের চোখ রাঙ্গানীতে প্রবলবেগে কোটি কণ্ঠে সত্যকথা-প্রচারে বিরত হন নাই। শ্রীরামানুজের আদর্শ-শিষ্য কুরেশ চোলাধিপতি কৃমি-কণ্ঠের দ্বারা উৎপাটিত চক্ষু হইয়াও স্মার্ত্তমত স্বীকার করেন নাই। অতএব দেখা যায় যে, যে সময়ই জগতে সত্যকথা প্রচার হইয়াছে, সেই সময় বিষ্ণু-বিরোধী অবৈষ্ণব ব্যক্তিগণ দৈব-প্রকৃতি সত্য-প্রচারক ব্যক্তিগণকে নানাপ্রকারে বাধা দিতে প্রবৃত্ত হইয়াছেন। ইহাও কোনটি অকৈতব-সত্য তাহা বুঝিয়া লইবার একটি প্রধান স্পষ্ট লক্ষণ। কারণ যে সকল মত বা সিদ্ধান্তে জগতের সকল বহির্ম্মুখ লোক মিলিয়া ভোট প্রদান করে, সে সকল মত যেমন নিশ্চয়ই বহির্ম্মুখ মত, তদ্রূপ যে সিদ্ধান্ত প্রচারের বিরুদ্ধে জগতের সমস্ত বহির্ম্মুখ মিলিয়া তাহার বিরোধ করিবার চেষ্টা করে, তাহাও বহির্ম্মুখবিরোধী বলিয়া নিশ্চয়ই পরমসত্য।

এই ত' গেল একজন আচার্য্যের কথা। শ্রীবিষ্ণুস্বামী, শ্রীমধ্ব, শ্রীনিম্বাদিত্য প্রভৃতি আচার্য্যগণ যখন সত্যকথা প্রচার করিয়াছিলেন, তখন তাঁহাদের প্রতিও কিরূপ বিরুদ্ধাচরণ হইয়াছিল, তাহা তাঁহাদের জীবনী পাঠ করিলে একাধারে ভক্তদ্বেষিজনের ক্রোধ, অপরদিকে আচার্য্যগণের অসাধারণ অহৈতুক লোকহিতৈষণার আদর্শ উপলব্ধি করিয়া জগৎপালক শ্রীবিষ্ণুর প্রতি প্রাণ যেন আপনা হইতেই ভক্তিভরে পরিপ্লুত হইয়া উঠে। ঐ শ্রীসনাতন-ধর্ম্মাবর্ণী পুরুষোত্তম সত্যনিধি বিষ্ণু। আর অনন্তগুণে ঐ তাঁহার প্রেরিত জগন্মঙ্গল-বিধায়ক অহৈতুক কৃপাবারিধি সাত্বত আচার্য্যগণ!

সত্যকথা প্রচার আরম্ভ করিলে কিরূপ লোকের অপ্রীতিভাজন হইতে হয়, তাহার দৃষ্টান্ত আমরা সর্ব্বাচার্য্য-শিরোমণি শ্রীগৌরসুন্দরেও বিশেষভাবে দেখিতে পাই। যতদিন বিষ্ণু বা বৈষ্ণব বহির্ম্মুখ পথকে বঞ্চনা করেন, ততদিনই বহির্ম্মুখ-লোকসমাজ তাঁহাদিগকে প্রশংসা করিয়া থাকেন। শ্রীগৌরসুন্দর যখন বহির্ম্মুখ লোক-রঞ্জনার্থ সাধারণ বহির্ম্মুখ সমাজের ব্রাহ্মণ-পণ্ডিতের ন্যায় একজন নীতিধর্ম্ম-পালক গৃহস্থের অভিনয়, অধ্যয়ন ও অধ্যাপনা-লীলা, পতিবিয়োগ-বিধুরা, দীনা জননীর সেবা, জন্মভূমি ও স্বজনপ্রীতি, পিতার ঔর্দ্ধদেহিক কৃত্য সম্পাদন—গয়া-শ্রাদ্ধাদি অনুষ্ঠানের অভিনয়, দেবদ্বিজে ভক্তি প্রদর্শনের অভিনয়ার্থ বিপ্র-পাদোদক পানাদি লীলা প্রদর্শন করিলেন, তখন কর্ম্মজড়গণ বিষ্ণুবিমোহনকারী বিষ্ণুর কার্য্যের তাৎপর্য্য বুঝিতে না পারিয়া তাঁহাকে তাহাদেরই অন্যতম জীববিশেষজ্ঞানে প্রশংসা করিতে লাগিলেন। কিন্তু এই প্রশংসা আর বেশী দিন স্থায়ী হইল না; যাহারা একদিন নিমাইকে তাহাদেরই অন্যতমজ্ঞানে নিমাইয়ের শতমুখে প্রশংসা করিয়াছিলেন, আর যখন নিমাই গয়া হইতে প্রত্যাবর্ত্তন করিয়া আত্ম-প্রকাশ করিলেন—শ্রীঅদ্বৈত, শ্রীবাসাদি ভক্তগণের মনের বাসনা পূর্ণ করিলেন, সত্যকথা প্রচার আরম্ভ করিলেন, সেইদিন হইতেই সেই স্মার্ত্ত নিন্দুকগণ চতুর্দ্দিক হইতে চীৎকার করিয়া উঠিলেন। নিমাইয়ের নিন্দা আরম্ভ হইল। নিমাই আর এখন ভাল নহে; কারণ সে হিন্দুর ধর্ম্ম ভাঙ্গিতে বসিয়াছে—মঙ্গলচণ্ডী, বিষহরি পূজা ও জড়প্রমত্ত লৌকিকদের অনর্থকতা প্রচার করিয়া ভগবৎকীর্ত্তনমাহাত্ম্য প্রচার করিতেছে, গয়াধাম হইতে আসিয়া অন্তর্ব্বর্ত্তী বৈষ্ণবধর্ম্ম ও অনুষ্ঠানমূলক গৌণ-প্রচার করিতেছে, অদ্বৈতাদির সঙ্গে ভাই, অন্ত্যজ ও অন্যজাত আর বর্ণকুলে অবতীর্ণ বৈষ্ণব সন্ন্যাসী ও সদাচারী—এই সত্যকথা প্রচার করিতেছে, সমাজপালক কর্ম্মজড় শহুরা-ব্রাহ্মণকে সত্যকথা কীর্ত্তনে দিয়া ক্ষমার চেষ্টা লইয়া থাকিতেও পশ্চাৎপদ হইতেছে না—

"পূর্ব্বে ভাল ছিল এই নিমাই পণ্ডিত।
গয়া হইতে আসিয়া চালায় বিপরীত॥
• • •
সবে মিলি করে তবে প্রভুর নিন্দন।
সব দেশ নষ্ট কৈল একলা নিমাঞি।
ব্রাহ্মণ মারিতে চাহে ধর্ম্ম-ভয় নাই॥
পুনঃ যদি ঔদ্ধত্য করে, মারিব তাহারে।
কোন্ বা মানুষ হয় কি করিতে পারে॥"

নিমাই কর্ম্মজড়স্মার্ত্তগণের এইরূপ দুর্ব্বুদ্ধি দর্শনে তাঁহাদের কল্যাণ-কামনা করিয়া নিজেকে সাধারণ লৌকিক স্মার্ত্তসমাজ হইতে পৃথক্ জানাইবার জন্ত কর্ম্মজড়ের কুলাভিমানীগণ সন্ন্যাস-গ্রহণ-লীলা প্রদর্শনের ছলনা করিলেন। আচরণ দ্বারা প্রচার করিলেন যে, বৈষ্ণব কখনও সাধারণ স্মার্ত্ত-সমাজের অধীন নহেন; স্মার্ত্তের বৈষ্ণবকে তাঁহাদের সমাজের অন্যতম জ্ঞান করা তাঁহাদের বঞ্চিতাবস্থা ও দুর্ভাগ্য মাত্র। হে কর্ম্মজড়স্মার্ত্ত, তুমি যে তোমার অধি-কার্যাগত স্বভাব বিষ্ণু-বৈষ্ণবে জাতিসামান্য-বুদ্ধিরূপ ভোগবুদ্ধি লইয়া শ্রীগৌরসুন্দরকে একদিন তোমারই ন্যায় গৃহস্থ মনে করিয়া বঞ্চিত হইতেছিলে, আর তোমাকে অযাচিত কৃপা করিবার জন্ত গৌরসুন্দর ভার্য্যাত্যাগাদি নীতিধর্ম্মজনের আদর্শ দেখাইয়া, পতি-বিয়োগ-বিধুরা জননীর সান্ত্বনার পরিবর্ত্তে তাঁহার অনির্ব্বাপিত শোকানল আরও দ্বিগুণতর প্রজ্বলিত করিয়া, জন্মভূমি ও স্বজনপ্রীতি পরিত্যাগ করিয়া, সদ্গুরু-চরণাশ্রয়ে কৃষ্ণসেবার নিমিত্ত গয়াশ্রাদ্ধ, তীর্থ-পর্য্যটনাদির অকর্ম্মণ্যতা প্রচার করিয়া, বিপ্রপাদোদক-পানের তাৎপর্য্য কর্ম্মমার্গীর চেষ্টা নহে, পরন্তু সেবক-বাৎসল্য প্রদর্শনমুখে বৈষ্ণবের শ্রেষ্ঠত্ব প্রতিপাদন ইহা জানাইয়া, কলিতে সন্ন্যাস-নিষেধ-বিধিরূপ কর্ম্মজড়স্মার্ত্তের উপযোগী আইন লঙ্ঘন করিয়া লোকশিক্ষার্থ কর্ম্মজড়-স্মার্ত্তাদির কুলমর্য্যাদার সত্যানুশীলন এবং করিলেন, আবার সন্ন্যাস-গ্রহণলীলার অব্যবহিত পরেই দীর্ঘ আকাশ ও গৌরসুন্দর,

নিত্যানন্দাদ্বৈত ভগবৎকে আচার্য্যরূপে আচার দ্বারা নিজ স্মার্ত্তবর্গের নির্ব্বুদ্ধিতা, তৎকালে প্রকারে পুটাইয়া বৈষ্ণবে জাতি-বুদ্ধি প্রভৃতি কর্ম্মজড় স্মার্ত্তমতের প্রতি পরি-বর্জনার্থ 'সন্ন্যাসী বুঝিল মোর সব স্মৃতি-ধর্ম',—শ্রীঅদ্বৈতাচার্য্যের মুখ হইতে এই উক্তি নির্গত করাইয়া স্বীয় সন্ন্যাস-গ্রহণ-লীলার তাৎপর্য্য যে স্মার্ত্তবর্গের লেখক্ষি-শিখার নির্ব্বাপণ, তাহা প্রচার করাইলেন। শ্রীঅদ্বৈতাচার্য্যকে শান্তিপুরে হরিদাস, মুকুন্দের সহিত একত্রভাবে নিজ উচ্ছিষ্ট-ভোজনে আদেশ করিয়া, বৈষ্ণব ও মহাপ্রসাদে জাতি-সাধারণবুদ্ধিতে কর্ম্মজড়-স্মার্ত্তের অপরাধের বিষয়ে নির্ব্বুদ্ধিতা প্রচার করিলেন। তখন কর্ম্মজড়-স্মার্ত্তের ঘনিষ্ঠ মিত্র (সার্ব্বভৌম ভট্টাচার্য্যের ন্যায়) স্মার্ত্ত নির্ব্বিশেষবাদি-অভিন্নবাদিগণ বা প্রকাশা-নন্দের ন্যায়) মায়াবাদি-সন্ন্যাসিগণ নানা-প্রকারে মহাপ্রভুর সত্যপ্রচারের প্রতি কটাক্ষ ও মহাপ্রভুর নিন্দা করিতে লাগি-লেন। আবার রামচন্দ্রপুরী শ্রীল মাধবেন্দ্র-পুরীপাদের নিয়োগ অভিনয় দেখাইয়া মহাপ্রভুর ভোজনের নিন্দা প্রভৃতি করিতে কুণ্ঠিত হইলেন না। সত্যপ্রচারকারী আচার্য্যকে এইরূপ বহুপ্রকার বহির্ম্মুখ লোক হইতে বহু প্রকার নিন্দাবাদের পসরা মাথায় লইয়া বহির্ম্মুখ সমাজের মঙ্গলের জন্য সত্যকথা প্রচার করিতে হয়। অতএব আচার্য্য-হৃদয় কতদূর মহান্ ও শ্রীকৃষ্ণভক্ত তাহা অবর্ণনীয়।

শ্রীমহাপ্রভু যৌবনকালে বিষয়ে প্রচার আরম্ভ করিলে বৌদ্ধগণ বিরূপভাবে মহাপ্রভুকে নির্য্যাতন (?) করিবার প্রয়াস দেখাইয়াছিল, তাহা শ্রীচৈতন্যচরিতামৃত-পাঠকগণের অবিদিত নাই। অতএব যে যে সময়ে বৈষ্ণবাচার্য্যগণ সত্য-কথা প্রচারে ব্রতী হইয়াছেন, সেই সেই সময়েই আত্ম-অমঙ্গলে তৎপরতা অপহৃত বহির্ম্মুখ ব্যক্তিগণ সত্যের বিরুদ্ধে অভিযান করিবার চেষ্টা দেখাইয়াছে। আর যদি ঠাকুর হরিদাস বা শ্রীনিত্যানন্দ উচ্চৈঃস্বরে হরিকথা ও হরিনাম প্রচার না করিয়া নির্জ্জনভজনের লীলা দেখাইতেন, তাহা হইলে তাঁহাদের মধ্যে একজনের বাইশ-বাজারে প্রহার (?) আর একজনের কলসীর কানার আঘাত (?) পা যে হইত না। সত্যকথা প্রচার করিয়াছিলেন বলিয়া আজও কর্ম্মজড়স্মার্ত্ত সমাজ ঠাকুর হরিদাসকে 'ব্রাহ্মণের পিতৃশ্রাদ্ধ-পাত্র-ভোজনকারী, বর্ণাশ্রমধর্ম্মের অপমানকারী যবন' প্রভৃতি বলিয়া হরিদাস ঠাকুরের চরণে তীব্র অপরাধ করিয়া থাকেন। আজও নিত্যানন্দকে নীচজাতির হস্তপাচিত অন্নভক্ষণকারী, স্মার্ত্তের বর্ণাশ্রমধর্ম্মলঙ্ঘনকারী, অনাচারী প্রভৃতি বলিয়া নিত্যানন্দের নিন্দা করিয়া থাকেন, আবার পদ্মকল্পনায় বৈষ্ণব ঠাকুর শ্রীল বৃন্দাবন এই সকল কর্ম্মজড়কে নিত্যানন্দ হইতে উদ্ধার করিবার জন্য 'তবে লাথি মার তার শিরের উপরে'— এই বাক্য প্রয়োগ করেন বলিয়া কর্ম্মজড়-স্মার্ত্তের কেহ কেহ তাঁহাদের নিজের কলঙ্ক বৃন্দাবনদাস ঠাকুরের স্কন্ধে চাপাইবার চেষ্টা দেখান।

কালের প্রাচীনতা দুর্জ্জনকেও সজ্জন-পর্য্যায়ে আরূঢ় করে। কিন্তু আজ প্রায় পঞ্চশতাব্দী পূর্ব্বে উদিত জগদ্‌গুরু-গৌর-নিত্যানন্দ, ঠাকুর বৃন্দাবন প্রভৃতি আচার্য্যগণকেও যখন বর্ত্তমান অনেক ব্যক্তি, তন্মধ্যে অধিকাংশ অন্তরে, কেহ বা প্রকাশ্যে নানাপ্রকার নিন্দা করিয়া থাকেন, তখন জানা যায়—এই জগৎ কতদূর হরিবিমুখ। আর আচার্য্যগণ কতদূর পরদুঃখদুঃখী— অনর্থোদয়মা-বিধ্বংসকারী মহাবদান্য মহা-পুরুষ।

সুকৃতি

——ঃ৹ঃ——

(উপদেশক শ্রীপাদ নিত্যানন্দ ব্রহ্মচারী)

শ্রীগৌড়ীয়মঠের বাণী সর্ব্বপ্রথম শ্রবণের সময় 'সুকৃতি' কথাটী শ্রবণ করিয়াছিলাম। বাস্তবিকই পূর্ব্বপূর্ব্বজন্মের সুকৃতিফলেই শ্রীমহাপ্রভুর অমোঘ দানের কথা শ্রবণ এবং তাহা গ্রহণের জন্য শ্রীগুরুবৈষ্ণবের শ্রীপাদপদ্মে উপস্থিত হইতে পারিয়াছিলাম যাঁহারা নিত্য, অপ্রাকৃত শ্রীগুরুপাদপদ্ম ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের শ্রীপাদপদ্মে উপনীত হইবার পরম সৌভাগ্য লাভ করিয়াছেন, তাঁহারাই সুকৃতিমান্। যাঁহারা পৃথিবীতে কর্ম্মী, জ্ঞানী, যোগী, অন্যাভি-লাষিগণের প্রলোভনে প্রলোভিত না হইয়া গৌড়ীয়ের বাণীতে আকৃষ্ট হইয়াছেন, তাঁহারাই ধন্য।

অসৎকর্ম্মের ফল পাপ, পাপের ফল দুঃখ। সৎকর্ম্মের বা পুণ্যকর্ম্মের ফলে ইহ-জগতে সুখভোগ এবং স্বর্গাদিলোকেও সুখ-ভোগ লাভ করা যায়। সুখদুঃখভোগ উভয়ই নিত্য নহে, সাময়িক। সদ্‌গুরু-জ্ঞান-পূত অবস্থায় ভক্তানুকূল সেবা, শ্রীহরিনাম-শ্রবণ, শ্রীহরিবাসর-ব্রতাদির সম্মান প্রভৃতি দ্বারা সুকৃতিলাভ হয়। তত্তত্সুকৃতি সুকৃতিই আত্মমঙ্গলপ্রদ। পাপপুণ্যের ফল যেরূপ সুখদুঃখাদি ভোগের দ্বারা ক্ষয় হইয়া যায়, সুকৃতির ফল তদ্রূপ ভোগের দ্বারা হ্রাস পাইয়া যায় না। কোনও প্রকারে ভগ-বদ্ভক্তের চরণে অপরাধ করিলেই সুকৃতি সমূলে নষ্ট হইয়া যায়। তখন সেই সাধুর চরণে নিষ্কপটে কৃপাপ্রার্থী না হইলে স্বয়ং ভগবান্‌ও সেই অপরাধী ব্যক্তিকে ক্ষমা করেন না। আজ দেখিতেছি,যদিও আমার সুকৃতিফলে শ্রীগুরুবৈষ্ণবের শ্রীচরণে আসিবার সুযোগ হইয়াছে, তথাপি তাঁহাদের শ্রীচরণে আত্মনিবেদন না করিয়া অপরাধ সঞ্চয় করায় বহু পূর্ব্বেই সুকৃতি নষ্ট হইয়া গিয়াছে এবং কোটিচন্দ্রসুশীতল শ্রীগুরুপাদপদ্মে আসিয়াও সর্ব্বদা জ্বলিয়া পুড়িয়া মরিতেছি। শ্রীগুরুপাদপদ্ম কৃপা-পূর্ব্বক জানাইলেন—একমাত্র প্রেমভক্তিদ্বারাই সর্ব্বস্বরূপতত্ত্ব ভগবান্ শ্রীকৃষ্ণচন্দ্র—যাঁহাকে বিভিন্ন অধিকারের লোক বহু প্রকারের যেমনের চেষ্টা দ্বারা লাভ করিতে গিয়া স্ব-স্ব যোগ্যতায় ভগবান্‌কে দর্শন করিয়াছি বলিয়া বঞ্চিত হয় এবং কেহ কেহ বেদমন্ত্রের দ্বারা সৃষ্টিকর্ত্তা, পালনকর্ত্তা, সংহারকর্ত্তা বলিয়া প্রার্থনা করিয়া থাকেন, তিনি ত্রিলোকের অজিত হইয়াও যেস্থানে জিত অর্থাৎ ভক্তের প্রেমাধীনতৃত্ত হন। এমন কি, প্রেমাধিক্যবশতঃ ভক্তের দ্বারা তাড়িত, ভৎর্সিত হইয়াও প্রগাঢ় প্রেমের বশীভূত হইয়া ভক্তের দর্শনের জন্য, ভক্তপ্রদত্ত দ্রব্য ভোজন করিবার জন্য ব্যাকুল হইয়া ভক্তের নিকট ছুটিয়া যান। এই সকল শ্রীগৌরবাণী শিক্ষা দিবার জন্য যিনি স্বেচ্ছায় গোলোক হইতে এই ভূলোকে প্রকটিত হন, সেই পরম কৃপাময় শ্রীগুরুদেবের শ্রীচরণে অকপটে আত্মনিবেদন করিলাম না বলিয়াই তাঁহার অকপট কৃপা হইতে বঞ্চিত হইলাম। আজ আমি জড় ইন্দ্রিয়সকল ও মনকে গুরু করিয়াছি বলিয়াই শ্রীগুরুকৃপালোকোদ্ভাসিত ভক্তিবিগ্রহ নিত্যসিদ্ধপার্ষদ শ্রীআচার্য্য-পাদপদ্ম-মহিমা উপলব্ধি করিতে পারিলাম না। শ্রীগুরুদেবের বাণীতে বিশ্বাস স্থাপন করিতে পারিতেছি না। কেবল দিন দিন হৃদয় কঠিন হইতেছে। শ্রীগুরু-বৈষ্ণবের উপর সন্দেহ পূর্ণমাত্রায় বাড়িতেছে, হৃদয়ে মৎসরতার দাবানল প্রজ্বলিত হইয়া, শ্রীগুরুবৈষ্ণবের অস্তিত্বের উপলব্ধি-রহিত হইয়াছি। হায়! হায়! আমার কি এমন সৌভাগ্য হইবে, যে নিজের হৃদয়ে উপলব্ধি করিতে পারিয়া শ্রীগুরুবৈষ্ণবকে পরম-বান্ধব, নিত্যসেব্য জানিয়া তাঁহাদের শ্রীচরণে সর্ব্বতোভাবে শরণগ্রহণ করিতে পারিব? আমার মনোধর্ম্মরূপ দুর্ব্বলতা কপটতার পরিণত হওয়ায়, ধৈর্য্যহীন হইয়া শাস্ত্রের মর্ম্মে সিদ্ধান্তসকল সাধুর শ্রীমুখে পুনঃপুনঃ শ্রবণ না করিয়াই বিচার শেষ করিয়াছি। অদৃষ্টের কি কুফল! যদি আমি অত্র নিষ্কপট হইতাম, যদি বহু জাগতিক পণ্ডিত, ধনী, কুলীন অভিমানি জনগণের সাময়িক অস্থির-সিদ্ধান্তে পা ভাসাইয়া না দিয়া সাধু-শাস্ত্র-গুরুবাক্যের প্রতি বিশ্বাসী হইতাম, তাহা হইলে কি আমার শ্রীচৈতন্যভাগবতোক্ত সুকৃতিমান্ বিপ্রের ন্যায় সকল সন্দেহ দূরীভূত হইত না? নিষ্কপট কৃপাপ্রার্থী হইলে শ্রীগৌর-সুন্দর নিশ্চয়ই বঞ্চিত করেন না। শ্রীচৈতন্য-ভাগবতে দেখিতে পাই—

সেই নবদ্বীপে এক আছেন ব্রাহ্মণ।
চৈতন্যের সঙ্গে তার পূর্ব্ব অধ্যয়ন॥
নিত্যানন্দ-স্বরূপের দেখিয়া বিলাস।
চিত্তে কিছু স্থান করিয়াছে অবিশ্বাস॥
দৈবে সেই ব্রাহ্মণ গেলেন নীলাচলে।
তথাই আছেন কতদিন কুতূহলে॥
প্রতিদিন যায় বিপ্র চৈতন্যের স্থানে।
পরম বিশ্বাস তান প্রভুর চরণে॥
দৈবে একদিন সেই ব্রাহ্মণ নিভৃতে।
চিত্তে ইচ্ছা করিলেন কিছু জিজ্ঞাসিতে॥
বিপ্র বলে প্রভু মোর এক নিবেদন।
করিমু তোমার স্থানে যদি দেহ মন॥
মোরে যদি ভৃত্য হেন জ্ঞান থাকে মনে।
ইহার কারণ প্রভু কহ শ্রীবদনে॥
সন্ন্যাস-আশ্রম তান বলে সর্ব্বজনে॥
কর্পূর তাম্বুল সে ভোজন সর্ব্বক্ষণে।
শাস্ত্রমত বুঝি তান না দেখোঁ আচার।
এতেকে মোহার চিত্তে সন্দেহ অপার॥
শুনিয়া বিপ্রের বাক্য শ্রীগৌরসুন্দর।
হাসিয়া বিপ্রের প্রতি করিলা উত্তর॥
শুন বিপ্র মহা অধিকারী যে বা হয়।
তবে তান দোষগুণ কিছু না জন্ময়॥
ন মধ্যোক্তক্রমানাং গুণদোষোদ্ভবা গুণাঃ।
সাধূনাং সমচিত্তানাং বুদ্ধেঃ পরমুপেয়ুষাম্॥
(ভাঃ ১১।২০।৩৬)
এতেকে যে না জানিঞা নিন্দে তান কর্ম্ম।
নিজদোষে সেই দুঃখ পায় জন্ম জন্ম॥
প্রভু বলে শুন শুন বাপ মহাশয়।
বৈষ্ণবের কর্পূরেতে হাসিলে হেন হয়॥
সিদ্ধসবো পাইলেক এতেক বাসনা।
অসিদ্ধ জনের দুঃখ কি কহিব সীমা॥
যে দুষ্কৃতিজন বৈষ্ণবের নিন্দা করে।
জন্মে জন্মে নিরবধি সেই দুঃখে মরে॥

(অতঃপর ৩য় পৃষ্ঠার ২য় কলমে দ্রষ্টব্য)

শুদ্ধভক্তি-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠ শ্রীমায়াপুর

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীচন্দ্রশেখর-ভবনে শ্রীচৈতন্যমঠ, পরবিদ্যা-পীঠ, শ্রীশ্রীগান্ধর্ব্বা-শ্রীগৌর-গোপাল আচার্য্য চতুষ্টয় বিগ্রহ আছেন। জগন্নাথের প্রাচীন প্রত্ন-শ্রীভক্তিপ্রকাশের 'নদীয়া-প্রকাশ' মুদ্রাযন্ত্র আছে।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৩১১৫
কলিকাতায় শ্রীভক্তিবিনোদ-আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, সঙ্কীর্ত্তন, প্রত্যহ শ্রীবিগ্রহ-সেবা ও শ্রীমদ্ভাগবতাদি ভক্তিগ্রন্থের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও হারমণিষ্ট পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়।

(৩) যোগপীঠ-মায়াপুর-পীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব ভূমি মহাযোগপীঠ।

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং ... বর্ত্তমান।

(৬) মুরারিগুপ্তের পাট

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৭) কাজি-সমাধি-পাট

প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি।

(৮) অন্তর্দ্বীপ-শ্রীজগন্নাথ

শ্রীধাম মায়াপুর

(৯) আনন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধারমণের সেবা বর্ত্তমান।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ জামগর (বর্দ্ধমান)

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মাউগাছি, পোঃ ভারুইডাঙ্গা, (বর্দ্ধমান)
শ্রীচৈতন্যভাগবতকার ঠাকুর বৃন্দাবনের স্থান।

(১৩) ঋতুদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(১৪) জহ্নুদ্বীপ-গৌড়ীয়মঠাশ্রম

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ

গৌরপুর, নদীয়া

(১৬) শ্রীনবদ্বীপ গৌড়ীয় মঠ

বাউতারা — (শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৭) সুরভিকুঞ্জ

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

(২০) মহেশ-পণ্ডিতের পাট

কাঁঠালপুলি, পোঃ চাকদা (নদীয়া)

(২১) রাণাঘাট-গৌড়ীয়মঠাশ্রম

(২২) পুরী গৌড়ীয়মঠ

চব্বিশ পরগণা

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ

বালিয়াটি পোঃ ঢাকা, ঢাকা।
পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র।

(২৪) গোপালজীউমঠ

কমলাপুর, পোঃ ঢাকা

(২৫) শ্রীনিতাই-গৌরাঙ্গ মঠ

পোঃ নারিন্দা, (ঢাকা)

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

বড়বাজার, পোঃ ময়মনসিংহ

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চক্চকা, কামরূপ (আসাম)

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

৩নং গ্লেনাং বিল্ডিং, দার্জ্জিলিং

(৩০) মায়াপুর-গৌড়ীয়মঠ

পোঃ হরিদ্বার, জিঃ সাহারাণপুর, ইউ, পি

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

... মিঠাপুর পাটনা)

(৩২) গয়া গৌড়ীয়মঠ

গয়া রোড, গয়া

(৩৩) প্রয়াগ-গৌড়ীয় মঠ

৮।১১ বড় শহীদদিনগর, কেওয়াম সিটি

(৩৪) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

(৩৫) সত্যাশ্রম মঠ,

পোঃ মিরজাপুর, সীতাপুর (ইউ পি)

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠাশ্রম

বিশ্রামঘাট, পোঃ মথুরা

(৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণসহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ

বিনোদপুর, বৃন্দাবন

(৩৯) প্রকাশানন্দ-সুখদকুঞ্জ

পোঃ রাধাকুণ্ড, মথুরা

(৪০) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪১) রাধাকুণ্ড গোষ্ঠবাটী

(৪২) শ্রীগোবর্দ্ধনমঠালয়

গোবর্দ্ধন, মথুরা

(৪৩) সঙ্কেত বিহারী মঠ

বর্ষাণা, মথুরা।

(৪৪) নন্দগ্রাম গৌড়ীয়মঠালয়

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৫) বর্ষাণা গৌড়ীয়মঠালয়

পোঃ বর্ষাণা, মথুরা

(৪৬) গোষ্ঠবিহারী মঠ—পেশোয়ারী,

পোঃ কোহাট, জেলা খানেটা (পাঞ্জাব)

(৪৭) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

(৪৮) দিল্লী গৌড়ীয় মঠ

৬৩নং রেলওয়ে রোড, নিউ দিল্লী

(৪৯) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, অগাষ্ট ক্রান্তি মিল ... বোম্বে ৭

(৫০) মাদ্রাজ-গৌড়ীয়মঠ

পোঃ রায়পেটা, মাদ্রাজ
শ্রীশ্রীগৌরনিত্যানন্দ-রাধাগোবিন্দ-বিগ্রহের সেবা

(৫১) মঙ্গলগিরি-গৌড়ীয়মঠ

পোঃ মঙ্গলগিরি, জেলা গোদাবরী মাদ্রাজ
শ্রীশ্রীগৌরলক্ষ্মীনৃসিংহ-বিগ্রহের সেবা

(৫২) ব্রহ্মগৌড়ীয়মঠ

আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)

(৫৩) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা

(৫৪) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৫) সীতাকুটী

(৫৬) জিয়ড়-গৌড়ীয়মঠ

পোঃ ভুবনেশ্বর, পুরী

(৫৭) অলিবিতরণ মঠ

... পোঃ কটক (উড়িষ্যা)

(৫৮) ... গৌড়ীয়মঠপীঠ

(৫৯) শ্রীপ্রাণমাধব-গৌড়ীয়-প্রপন্ন-মন্দির

পোঃ বহরমপুর, গঞ্জাম

(৬০) ভাগবত-জনানন্দ মঠ

চিতনিয়া, পোঃ নারায়ণগড়, মেদিনীপুর

(৬১) জলেশ্বর গৌড়ীয়মঠ

পোঃ জলেশ্বর, মেদিনীপুর

(৬২) আমলাযোড়া প্রপন্নাশ্রম মঠ

পোঃ রাজবাঁধ (বর্দ্ধমান)

(৬৩) চৈতন্যগৌড়ীয়মঠ

দুর্গাপুর, পোঃ চিরকুণ্ডা, (মানভূম)

(৬৪) রেঙ্গুন গৌড়ীয়মঠ

৩০১ নং সিষ্টার্স ষ্ট্রীট, রেঙ্গুন।

(৬৫) লণ্ডন-গৌড়ীয়মঠ

ফ্ল্যাট নং ২
৫১, আর্লসকোর্ট
ক্যাসেল, লণ্ডন, ডব্লিউ ৫

(৬৬) গৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

১৬।৩, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা

(৬৭) গৌড়ীয়মঠ অফিস

চিৎপুর রোড, লক্ষ্ণৌ (ইউ-পি)

(৬৮) শ্রীবিজ্ঞানিধি গৌড়ীয়মঠালয়

রামচন্দ্রপুর, ...

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীসুন্দরানন্দ ব্রহ্মচারী ভক্তালোক, ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও ২য় দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও ২য় দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	।০	৷/০	।৶০	।০
" ইঞ্চি	২৲		১।০	১৲
সিকিকলম	৫৲	৪৲		৩৲
অর্দ্ধকলম	৮৲	৬৲		৫৲
এক কলম	১২৲	১০৲	১০৲	

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চি	৩৲	২।০
" সিকি কলম	১৫৲	১২৲
" অর্দ্ধকলম	২৫৲	২০৲
" এক কলম	৩৫৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২।০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা এক পয়সা। বিশেষ সংখ্যা। ০ তিন পয়সা।

[শ্রী]ল প্রভুপাদের প্রবন্ধাবলী

শ্রীল প্রভুপাদের চতুঃষষ্টিবর্ষপূর্ত্ত্যাবির্ভাব-তিথিতে শ্রীল আচার্য্যদেবের অভীষ্টানুসারে "শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী" প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। ইহাতে পূর্ব্বার্দ্ধ ও উত্তরার্দ্ধ দুইটি বিভাগ আছে। পূর্ব্বার্দ্ধে শ্রীল প্রভুপাদের আদি-প্রবন্ধাবলী শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের সম্পাদিত 'স-সজ্জনী সজ্জনতোষণী,' শ্রীল প্রভুপাদের 'নিবেদন' সাপ্তাহিক পত্র প্রভৃতি হইতে কথাসার ও প্রয়োজনীয় অর্থের টীকা-সহ প্রকাশিত হইয়াছে। উত্তরার্দ্ধে শ্রীল প্রভুপাদের সম্পাদিত 'সজ্জনতোষণী'র কতিপয় প্রবন্ধ কথাসার প্রভৃতির সহিত মুদ্রিত হইয়াছে। প্রবন্ধগুলি রচনাকালের ক্রমানুসারে গ্রথিত হইয়াছে; এতদ্ব্যতীত শ্রীল আচার্য্যদেবের একটি মূল্যবান্ উপোদ্ঘাত ও সম্পাদকদ্বয়ের একটি বিস্তৃত ভূমিকা, শব্দ সূচী, গ্রন্থ-পত্র-শ্লোক ও পয়ার-সূচী প্রভৃতি গ্রন্থে সংযোজিত হইয়াছে। গ্রন্থটি উৎকৃষ্ট কাগজে পাইকাটোর সহিত মুদ্রিত ও শ্রীল প্রভুপাদের আলেখ্যাদিদ্বারা ভূষিত ও সুন্দর বাঁধাই হইয়া প্রকাশিত হইয়াছে। প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, জিলা নদীয়া; শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ও শ্রীমাধ্বগৌড়ীয়মঠ, নারিন্দা, পোঃ রমনা, ঢাকা।

শ্রীল প্রভুপাদের পদ্যপ্রসূন মালা

এই গ্রন্থে ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তি- সিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের রচিত পদ্যাবলী শ্রীল আচার্য্যদেবের বিরচিত "সৌরভ" নামক ভাষ্যের সহিত প্রকাশিত হইয়াছে। শ্রীল প্রভুপাদের অনেক অপ্রকাশিত পদ্য ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ।০ চারি আনা।

শ্রীধাম-মায়াপুরে

—"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট"—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে; বিদ্যালয় ও বোর্ডিং এর পরিবেশ খোলা। শিক্ষকগণ সাধক ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে খাবার ও বেতনসাকুল্য প্রতি মাসে মাত্র ৬৲ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন্ পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। বর্ত্তমান বর্ষে ১৬ জন বালকের মধ্যে ১৫ জন ভালভাবে উত্তীর্ণ হইয়াছে।

মেধাবী ছাত্রগণের আরও সুবিধা

পরীক্ষায় যাহারা গড়ে শতকরা ৭৫ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ সচ্চরিত্র দরিদ্র ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক-সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতিসুন্দরভাবে আলোচিত হইয়াছে। এই এক অপূর্ব্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

শ্রীচৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত্র অতিসুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত ইহার ভিক্ষা মাত্র ৩৲ টাকা। প্রাপ্তিস্থান শ্রীযুক্ত নন্দকিশোর ভক্তিশাস্ত্রী, শ্রীযোগপীঠ, শ্রীমায়াপুর, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীসরস্বতী-সংলাপ

প্রথম খণ্ড

শ্রীশ্রীব্রহ্মমাধ্ব গৌড়ীয়সম্প্রদায়ৈকসংরক্ষক জগদ্গুরু পরমহংসকুলচূড়ামণি নিত্যলীলা-প্রবিষ্ট ১০৮শ্রী শ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামি-প্রভুপাদ বিভিন্ন জিজ্ঞাসু ও তত্ত্বানুসন্ধিৎসুর প্রশ্নোত্তরে ও সন্দেহ-নিরাকরণকল্পে যে-সকল শুদ্ধভক্তি-সিদ্ধান্তবাণী কীর্ত্তন করিয়াছেন, যাহা তাঁহার প্রকটকালেই 'গৌড়ীয়' সম্পাদক শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ প্রভুপাদেরই শ্রীহস্তে সংশোধিত করাইয়া রাখিয়াছিলেন এবং যাহার কিয়দংশ গৌড়ীয়পত্রে প্রকাশিত হইয়াছে, তাহা "শ্রীশ্রীসরস্বতী-সংলাপ" নাম ধারণপূর্ব্বক শ্রীল প্রভুপাদের 'বক্তৃতাবলী' ও 'পত্রাবলী' আকারে খণ্ডে খণ্ডে প্রকাশিত হইতেছেন। বর্ত্তমানে শ্রীল প্রভুপাদের প্রথমবার্ষিক বিরহতিথিপূজা-বাসরে এই গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছেন। মানবজীবনের বহু অমীমাংসিত সমস্যা ও জটিল প্রশ্নের সমাধান ইহাতে পাওয়া যাইবে। ভক্তিপথের পথিকমাত্রেরই এই গ্রন্থ সংগ্রহ একান্ত প্রয়োজন।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্শা কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপদেশক পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর ভাগবতাচার্য্য সম্প্রদায়-বৈভবাচার্য্য এম্-এ মহোদয়ের প্রৌঢ়গবেষণা এবং পরিপক্ক লেখনীর অদ্ভুত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত্র-পাঠে ধন্য হউন। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিবিধ চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৩৩শ অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্ত্তার ভূমিকাদ্বয় (Preaces), বিষয়-তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র (Index Glossary) সহ প্রথমখানি প্রকাশিত। ভিক্ষা—১৫, পনর টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, রায়পেট্টা মাদ্রাজ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

'ঠাকুর ভক্তিবিনোদ'

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি প্রচারের মূল মহাজন সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অভিমর্ত্ত্য জীবনচরিত এতাবৎকাল পর্য্যন্ত গ্রন্থাকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয়মঠাচার্য্যবরের শুভেচ্ছায় পরবিদ্যাসাহিত্যিক সু-লেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু মূল্যবান শিক্ষামালাও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১২৫ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৸০ আনা; ডাক মাশুল স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান—ম্যানেজার গ্রন্থবিভাগ
শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। **শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্**

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। **শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্**

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু গ্রন্থাদি এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১।১নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। **শ্রীভাগবত প্রেস**

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। **পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্**

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

ই. বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	৫-৩৬	৬ ২৬	৭ ০৬	১২-২৬	১৪-৫৬	১৬-৫৬	১৭-৫৬	২২-২৬
রাণাঘাট পৌঃ			৮-২৮	১৪-১৫				
(বদল) ছাঃ			৯-৩৩	১৪-৫০				
কৃষ্ণনগর পৌঃ	৭-১	৮-৪৫	১০-৮	১৫-২০	১৭-২৮	১৯-০৮	২০-১৬	১-১২
(বদল) ছাঃ	৭-১২		১০-৩১		১৭-৩৮		২০-২৬	
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫১		১১-১০		১৮-১৩		২১-৪	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
রাণাঘাট পৌঃ	১২-৫৫
ছাঃ	১৩-০
শান্তিপুর পৌঃ	১৩-২৬
(বদল) ছাঃ	১৩-৩১ (ন্যারো গেজ রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪-১২
ছাঃ	১৪-৩০
নবদ্বীপঘাট পৌঃ	১৫-১০

ডাউন

নবদ্বীপঘাট ছাঃ	৫ ৪৫		৯-১০		১৩-৩১	১৬-০	১৮-৩৯	
কৃষ্ণনগর পৌঃ	৬ ২৩	৯-১৬	৯-৪৮	১১-৪১	১৪-১০	১৬-৩৮	১৯-১২	২১-১০
ছাঃ	৬-৩৬	৭-১৮	১০-১১			১৬-৫৬	১৯-২৫	
রাণাঘাট পৌঃ			১০-৪৩			১৭-৩০		
(বদল) ছাঃ			১১-১			১৭-৪৩		
কলিকাতা পৌঃ	৮-১৬	৯-২১	১১-৫১	১২-১৬	১৪-১৬	১৯-১১	২১-৪১	২৩-০৭

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৩-৩১	১৬-০	
কৃষ্ণনগর পৌঃ	১৪-১০	১৬-৩৮	
ছাঃ	১৫-২৮	১৭-৩৩	
শান্তিপুর পৌঃ	১৬-৯	১৮-১৪	
(বদল) ছাঃ	১৬-৩৩	১৮-২৫ (শনিবার ভিন্ন)	২০-৪০ (শনিবার)
রাণাঘাট পৌঃ	১৭-১০	১৮-৫০	২১-২৫
(বদল) ছাঃ	১৭-৪০	১৯-১৪	২১-৫০
কলিকাতা পৌঃ	১৯-১১	২০-৪০	২৩-০৭

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

শ্রীগৌর পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাটতি অত্যন্ত অধিক। পিত্তাধিক্য প্লীহা সংযুক্ত কামলায় এবং নূতন ... জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। ছোট বোতল ৷৵০ দশ আনা, বড় বোতল ১৷৵০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

৮৯নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা
অথবা
ঔষধালয় বেহালা, ২৪ পরগণা

পোঃ—শ্রীমায়াপুর
টেলিগ্রাম—'শ্রীধাম
শ্রীমায়াপুর'

REGD No C 116

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৪শ খণ্ড] শ্রীমায়াপুর—৩২শে শ্রাবণ, ১৩৪৬ ১৭ই আগষ্ট, ১৯৩৯ বৃহস্পতিবার [১৪৫শ সংখ্যা

বিবিধ সংবাদ

——:০:——

চীনা সৈন্যবাহিনীর সাফল্য

উত্তর চীনের পূর্ব্ব হোপেই প্রদেশে চীনা সৈন্যবাহিনী পেইপিং-চাও-চো রেলওয়ে লাইন ধরিয়া যে পাল্টা আক্রমণ শুরু করিয়াছিল তাহার ফলে তাহারা চাও-চো পুনরধিকার করিতে সমর্থ হইয়াছে। চাওচো-পেইপিং চাওচো রেলওয়ের উত্তর দিকস্থ শেষ ষ্টেশন।

নয়টি রেলওয়ে সহরের মধ্যে একণে নিম্নলিখিত পাঁচটি সহর সম্পূর্ণভাবে চীনাদের অধিকারে আসিয়াছে:—চাওচো, আনপু, সুয়াং, হিসি এবং কেনচি। ইহা ছাড়া চীনাবাহিনী রেলওয়ে লাইনের নিকটবর্ত্তী নিম্নোক্ত সহর কয়েকটিও পুনরধিকার করিয়াছে:—পেংচাও, সুহং, টিপু, লিকাগাপ এবং হাংসান।

কুপো-কোনান সীমান্তে ইয়াংসি অঞ্চলে যে সব চীনা যুদ্ধ করিতেছে তাহারা ক্যান্টন-হ্যাঙ্কাও রেলওয়ে লাইনের ইচাং-এর দাপ ঘাঁটির উপর খুব চাপ দিতেছে। সাতাসাদি তুমুল সংগ্রামের পর চীনাবাহিনী ইউনচি নামক একটি স্থান অধিকার করিয়াছে। ইউনচি হইতে ইচাং-এর দূরত্ব মাত্র মাইল।

দক্ষিণ কোয়াংটুং চীনা-সৈন্য-বাহিনীও ইতস্ততঃ জোর আক্রমণ শুরু করিয়াছে। তাহারা এ সপ্তাহ সিনইয়াং-এর উপর বিমানযুদ্ধে আক্রমণ চালাইয়াছে। সিনইয়াং পিপিং হ্যাঙ্কাও রেলওয়েস্থিত জাপানীদের একটি ঘাঁটি। চীনা গরিলা-বাহিনী সিনইয়াং ও হ্যাঙ্কাওবাসীদের সঙ্গে জাপানীদের যোগসূত্র ছিন্ন করিয়া ফেলিয়াছে।

ঝড়ে বিপন্ন আটখানি নৌকা লুট

সংবাদ পাওয়া গিয়াছে যে, বিক্রমপুরের অন্তর্গত লোহাজাংগ গ্রামনিবাসী হাজি আফির্দ্দি বেপারী ও বিক্রমপুরের অন্যান্য মহাজনগণের অনুমান ২৫খানা ধান ও চাউল বোঝাই বড় নৌকা বাখরগঞ্জ জেলা হইতে বিক্রমপুর আসার পথে গত ১লা আগষ্টের ঝড়ে পতিত হয়। সমস্ত নৌকা ঝড়ের সময় পদ্মা-নদীর মধ্যস্থিত হরিচপটি নামক চরে নোঙর করিয়া থাকে। ঝড়ের বেগে ৮খানা নৌকা নোঙর ছিঁড়িয়া খাড়ীর মধ্যে গিয়া জলমগ্ন হয়। প্রকাশ, সে রাত্রি প্রভাত হইলে সহস্রাধিক লোক লাঠিসড়কি ইত্যাদি অস্ত্র-শস্ত্রে সজ্জিত হইয়া হাজি আফির্দ্দি বেপারীর নৌকাসহ উক্ত নিমজ্জিত ৮খানা নৌকাস্থিত দুই হাজার মণের উপর চাউল ও ধান লুট করিয়া লইয়া যায়। নৌকার মাঝিমাল্লারা সমস্ত রাত্রি ঝড়ের সঙ্গে যুদ্ধ করিয়া মৃতপ্রায় হইয়াছিল এবং লুণ্ঠনকারী দুর্বৃত্তদিগকে কোন বাধা দিতে অক্ষম হয়। নড়িয়া থানার পুলিশ সংবাদ পাইয়া ঘটনাস্থলে উপস্থিত হইয়া চরের অধিবাসী কয়েকজন লোককে গ্রেপ্তার করে এবং লুটের কতক ধান-চাউলও উদ্ধার করে। সংবাদ পাওয়া গিয়াছে যে, ফরিদপুরের পুলিশ সাহেব বহু পুলিশ লইয়া ঘটনাস্থলে গিয়াছেন।

——

জাপানীদের মধ্যে যুদ্ধ বিরোধী মনোভাব

টিয়েনটসিনের জাপানীদের মধ্যে যুদ্ধ-বিরোধী মনোভাব ক্রমশঃ প্রবল হইতেছে। টিয়েনটসিন হইতে প্রাপ্ত এক সংবাদে প্রকাশ, জুন মাসেই যুদ্ধ-বিরোধী লোকেরা এই বাড়ীতে আগুন ধরাইয়া দিয়াছে।

২৮ জন জাপ-সৈন্যকে টিয়েনটসিনের নিকটবর্ত্তী একটি স্থানে রেলওয়ে লাইন পাহারায় মোতায়েন রাখা হইয়াছিল। তাহারা একটি ট্রেন ধ্বংসের ষড়যন্ত্র করায় তাহাদের প্রত্যেকেরই ফাঁসি হইয়াছে।

টিয়েনটসিনের বৃটিশ ও ফরাসী এলাকা অবরোধের বিরুদ্ধে বিক্ষোভ প্রদর্শনে টিয়েনটসিনের জাপানী ব্যবসায়িগণ যুদ্ধ-বিরোধী লোকদিগকে সাহায্য করিতেছে বলিয়া সংবাদ পাওয়া গিয়াছে। প্রকাশ, বৃটিশ ও ফরাসী এলাকা অবরোধের ফলে জাপানী ব্যবসায়ীদের প্রভূত ক্ষতি হইয়াছে বলিয়াই তাহারা ঐরূপ করিতেছে।

আরও সংবাদ পাওয়া গেল যে, জাপানের জনসাধারণের মধ্যে যুদ্ধ বিরোধী মনোভাব ক্রমশঃ প্রবল হইতেছে। সেখানে গত ২২শে জুন কতকগুলি লোক ইওয়াকি-কাওয়ার নিকটবর্ত্তী একটি স্থানের রেলওয়ে লাইন উঠাইয়া ফেলে; ফলে একটি ট্রেন লাইনচ্যুত হইয়াছে।

কোরিয়াতে প্রায়ই বোমা নিক্ষেপ এবং অগ্নি-সংযোগের ঘটনা ঘটিতেছে বলিয়া প্রকাশ। তিন দিনে সর্ব্বসমেত মোট চারশত লোককে গ্রেপ্তার করা হইয়াছে।

জাপানের ফরাসী-বিরোধী মনোভাব

চীনের অর্থসচিব এবং চীনা-ফরাসী সংস্কৃতি সঙ্ঘের ডিরেক্টর ডাঃ ওয়াং ওয়েনহাও 'বেষ্টিল' দিবস উপলক্ষে চুংকিং হইতে বেতার বক্তৃতা-প্রসঙ্গে ঘোষণা করেন যে, জাপানের ফরাসী-বিরোধী মনোভাব খুবই স্পষ্ট এবং শ্যাম ও ব্রহ্মে জাপানীরা যে চাল চালিতে আরম্ভ করিয়াছে তাহাতেই উহা আরও প্রবল হইয়া উঠিয়াছে।

ডাঃ ওয়াং বলেন যে, জাপানের অভিপ্রায় হইল ইন্দো-চীন এবং সিঙ্গাপুরকে দখল করিয়া লওয়া; অতএব শক্তির এখন উপলব্ধি করা উচিত যে, বাধা না দিলে জাপানের উচ্চাকাঙ্ক্ষা কখনও কমিবে না। কেবলমাত্র সম্মিলিতভাবে বাধা দান করিলেই এশিয়াতে ন্যায় এবং শান্তি প্রতিষ্ঠা করা সম্ভব হইবে। চীন শেষ পর্য্যন্ত প্রতিরোধ সংগ্রাম চালাইতে দৃঢ়-প্রতিজ্ঞ। জগতের অন্যান্য দেশও এই প্রতিরোধ সংগ্রামের প্রয়োজনীয়তা উপলব্ধি করিবেন বলিয়া আশা করি।" ডাঃ ওয়াং-এর মতে প্রত্যেকেরই উচিত, যাহারা স্বাধীনতা সাম্য মৈত্রী অর্থ বুঝিতে পারে, তাহাদিগকে চীন সংগ্রামের প্রয়োজনীয়তা বুঝাইয়া দেওয়া।

উত্তর ব্রহ্মদেশে ভীষণ বন্যা

এই বৎসর উত্তর ব্রহ্মদেশ ও বোম্বা অঞ্চলে ভীষণ বন্যা হইয়াছে। ইরাবতী, চিন্দুইন ও সিতাং নদীতে জল বৃদ্ধি হইয়া বিশাল ভূখণ্ডের ধান্য জলে ডুবিয়া গিয়াছে; শস্য সম্পদ নষ্ট হইয়া গিয়াছে। পাকুক্কু সহরের কিয়দংশ এবং ম্যাগুই-র দক্ষিণাংশ জলমগ্ন হইয়াছে। চিন্দুইন নদীর জল বৃদ্ধি হইবার ফলে মাওলাইকের বহু অঞ্চলে এইরূপ বন্যা হইয়াছে যে, গত ৩৫ বৎসরের মধ্যে এইরূপ বন্যা হয় নাই। প্রোম, হেনজাদা ও মিনিয়ান ডিষ্ট্রিক্টের বহু স্থানেও বন্যা হইয়াছে। বন্যাপীড়িতদের সর্ব্বপ্রকার সাহায্য করা হইতেছে।

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক। প্রতি একাদশীতে প্রকাশিত হয়। কলিকাতা বাগবাজারস্থ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। সডাক ভিক্ষা ৩॥০ টাকা মাত্র।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৷০ টাকা মাত্র।

৩। ভাগবত—হিন্দিভাষার একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ টাকা মাত্র

৫। শ্রীগৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ মাত্র।

পরমগুরু শ্রীগৌরকিশোর

গৌড়ীয়-সম্পাদক-লিখিত, শ্রীগৌড়ীয়মঠাচার্যের ভূমিকা-সম্বলিত, বহুচিত্র শোভিত ও বিষয় সূচী সমন্বিত "পরমগুরু শ্রীগৌরকিশোর" গ্রন্থাকারে প্রকাশিত হইয়াছেন। এই গ্রন্থে শুদ্ধগৌড়ীয়বৈষ্ণবগণের পরম্পরা, গৌড়ীয়গৌরবশিখামণি অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ নিত্যলীলাপ্রবিষ্ট পরমহংস ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল গৌরকিশোরদাস গোস্বামী প্রভুবরের অতিমর্ত্ত্য চরিতকথা বর্ণিত আছে।

শ্রীশ্রীভক্তিবিনোদাবির্ভাব-শতবর্ষপূর্ত্তিতিথিপূজার উপায়ন-গ্রন্থমালা

——::(০)::——

১। গীতিসাহিত্যে শ্রীভক্তিবিনোদ

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র গীতিসাহিত্যের সমালোচনা-গ্রন্থ)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

২। শ্রীভক্তিবিনোদবাণীবৈভব

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের রচনাবলীসমূহ হইতে আহৃত ১০৮টি অধ্যায়ে সম্বন্ধ-অভিধেয়-প্রয়োজনাকারে গুম্ফিত অমূল্য উপদেশপূর্ণ গ্রন্থ)

ভিক্ষা—৩৲ তিন টাকা মাত্র।

৩। শ্রীশ্রীভক্তিবিনোদ-প্রসঙ্গ

ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ ও ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামীপ্রভু-বিরচিত এবং গৌড়ীয়ে প্রকাশিত শ্রীশ্রীভক্তিবিনোদ-চরিত-প্রসঙ্গ

ভিক্ষা—৷৶০ ছয় আনা মাত্র।

৪। ছাত্রদের ভক্তিবিনোদ

(ছাত্রদের উপযোগী ভাষায় লিখিত শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্র ও শিক্ষা)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

(ছাত্রদের পক্ষে ভিক্ষা—॥০ আট আনা মাত্র)

প্রাপ্তিস্থান :—

(১) 'ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্', পোঃ শ্রীমায়াপুর, নদীয়া ;

২) শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ;

৩· শ্রীযুক্ত সুধাংশু... নাথ এম্-এ, বি-এল্,

পুরাণপল্টন পোঃ রমনা, ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবত,—সমগ্র ৪০৲

প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ২৮৲

দশম স্কন্ধ— ৩৲

২। ভাস্কর বিরাট শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৭৲

৩। ভাষ্যসমেত শ্রীচৈতন্যচরিতামৃত ৬

৪। সজ্জনতোষণী (অবাঁধা) ৪৲

৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী

১ম খণ্ড ৸০ ; ২য় খণ্ড ১৲ ; ৩য় খণ্ড—৸০

৪র্থ খণ্ড—৸০

৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী

১ম খণ্ড—৸০ ; ২য় খণ্ড—১৲ ; ৩য় খণ্ড—৸০

৭। শ্রীচৈতন্যদেব ১৲

৮। সৎক্রিয়াসার দীপিকা ও সংস্কার দীপিকা ১৷০

৯। জৈবধর্ম্ম ২৲

১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲

১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲

১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲

১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০

১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ৷

১৫। বৈষ্ণবসাহিত্যে বিবর্ত্ত-তত্ত্ব ।০

১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০

১৭। চৈতন্যোপনিষৎ ।০

১৮। বাদল-অন্তর

১৯। তত্ত্ববিবেক ।০

২০। গৌড়ীয়-গৌরব ।৵০

২১। গৌড়ীয়সাহিত্য ।৵০

২২ ভজন-রহস্য ।০

২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃত ও শ্রীনবদ্বীপশতক (বাঁধা)

২৪। গীতা (শ্রীবলদেব-টীকা-সহ) ৩৲

২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) ১৲

অবাঁধা) ১৲

২৬। গীতার কেবল মাত্র ভাষ্য ৫০

২৭। ভক্তিমার্গদর্শিকা শ্রীগৌরপদঃ (সানুবাদ) ২৲

২৮। প্রেমাম্ভোজমরন্দ (সানুবাদ) ।০

২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৸০

৩০। দীন-ভিক্ষ-দর্শন ৶০

৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ।৶০

৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ।০

৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০

৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶০

৩৫। গীতমালা

৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৶০

৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৶০

৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০

৩৯। শ্রীগোদ্রুমকল্পাতরু ।০

৪০। শরণাগতি ৴০

৪১। গীতাবলী ৴০

৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০

৪৩। সাধনতত্ত্ব ৴০

৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ৴

৪৫। নবদ্বীপশতক

৪৬। অর্চ্চনপদ্ধতি

৪৭। সদাচারস্মৃতিঃ ৹৴

৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৴১০

৪৯। অর্চ্চনকণ ,১০

৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম ও ২য়) ৩৲

৫১। ব্রহ্মসংহিতা ।০

৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।০

৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০

৫৪। পুরুষার্থ বিনির্ণয় ।০

৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ।০

৫৬ ভারতবর্ষ ও ভক্তিপথ

৫৭। ঈশোপনিষৎ (ভাষ্যাদিসহ)

৫৮। শ্রীকৃষ্ণদেবের ৶০

৫৯। সিদ্ধান্তদর্পণ ৶০

৬০। সাংখ্যবাণী

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।০

৬২। সিদ্ধান্ত-সরস্বতী বিজিতঃ ।০

৬৩। সটীক-শিক্ষাষ্টকম্ ।০

৬৪। তত্ত্বসূত্রম্ ।০

৬৫। সাত্বত শিক্ষাষ্টকম ৶০

৬৬। গৌড়ীয়মঠপরিচয়ঃ ৴০

৬৭। মায়াবাদখণ্ডনম্ ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।০

৬৯। এ ফিউ ওয়ার্ডস অন বেদান্ত ।০

৭০। নামভজন ৴০

৭১। বেদান্ত—ইটস্ মর্ফলজী অ্যাণ্ড অন্টলজি ।০

৭২। রিলেটিভ ওয়ার্ল্ডস ।৶০

৭৩। লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস অব শ্রীচৈতন্য মহাপ্রভু ।০

৭৪। বৈষ্ণবীজম্ ।০

৭৫। হোয়াট গৌড়ীয়মঠ ইজ ডুইং ৴০

৭৬। দি ভাগবত ।০

৭৭। ভেদান্তিক প্রিন্সিপাল অ্যাণ্ড আনর্যাশনালিষ্ট ডিফেন্স ।০

৭৮। ব্রহ্মসংহিতা ১॥০

৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (প্রথম খণ্ড) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০ শ্রীহরিনামচিন্তামণি

৮১। সাধন-পথ

৮২। কল্যাণ-কল্পতরু

৮৩। গীতাবলী ৴০

৮৪। শরণাগতি ৴০

আসামী ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ৴০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

একমাত্র পারমার্থিক দৈনিক পত্র

শ্রীধাম-মায়াপুর-নদীয়া

১৪শ বর্ষ   ১৭ শ্রীধর ৪৫৩ গৌরাব্দ, ৩২শে শ্রাবণ বঙ্গাব্দ ১৩৪৬, ১৭ই আগষ্ট ইং ১৯৩৯, বৃহস্পতিবার   ১৪৫শ সংখ্যা

"নদীপারের জন্য যেমন একটা বোট, একটা মাঝি রাখতে হয়; সেরূপ একটা গুরু রাখারও দরকার'—এরূপভাবেই এই সকল লোক 'গুরু' ক'রেছে। এরা আমাকে কোন দিনই দেখে নাই, আমও কোন দিনই তা'দের সঙ্গ করি নাই।"

(শ্রীল প্রভুপাদ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

১৭ শ্রীধর আদি কামদোপস্থায়ী গৌরাব্দ ৪৫৩

আত্মপরীক্ষা

যদি হরিভজনে কপটতা থাকে, তাহা হইলে বাহিরে অতিশয় অনাসক্তি, বিরক্তি ও অনেক কিছু ভাবাদি প্রকাশ করিলেও তাহা প্রকৃত বৈরাগ্য বা ভাব নহে। হরিভজনে যদি অকপট মতিগতি থাকে, তাহা হইলে হরিভক্তির প্রতিকূল বস্তু প্রতি অনাসক্তি, বিরক্তি প্রভৃতি আপনিই আসিয়া যায়। যাহাতে হরিভজনে অনুরাগ বৃদ্ধি হয় এরূপ চেষ্টা করা কর্ত্তব্য। আমরা যে কোন সেবার কার্য্য করি, তাহাতে দেখিতে হইবে হরি, গুরু ও বৈষ্ণবে অনুরাগ দিন দিন বৃদ্ধি হইতেছে কিনা। যদি দেখিতে পাই যে, গুরুবৈষ্ণব-ভগবানের চরণে প্রীত্যাসক্তি উত্তরোত্তর বৃদ্ধির পরিবর্ত্তে হ্রাসই পাইতেছে, নিজের দীনতা, অযোগ্যতা, গুরুবৈষ্ণব-সেবা লাভের জন্য পিপাসা বর্দ্ধিত না হইয়া বেশ সুখে-আরামে দিন কাটিয়া যাইতেছে, অযোগ্য সেবকাভিমানের পরিবর্ত্তে কর্ত্তাভিমান হৃদয়ে জাগিতেছে, তাহা হইলে বুঝিতে হইবে যে আমার ভবিষ্যৎ মঙ্গলের পথ কণ্টকাকীর্ণ হইয়া আসিতেছে। আমি যাহা করিতেছি, তাহাতে গুরুবৈষ্ণবের সুখ হইতেছে কিনা তাহা প্রত্যেক মুহূর্ত্তে পরীক্ষা করা দরকার। যদি গুরুবৈষ্ণবের সুখ না হইয়া থাকে তাহা হইলে কোথায় ত্রুটি হইয়াছে তাহা পুঙ্খানুপুঙ্খরূপে পরীক্ষা করিয়া দেখিতে হইবে, তাহাতে উদাসীন হইলে মঙ্গললাভ হইবে না। হৈ-চৈ কে থাকা দিয়া মূলকথা শ্রীগুরু-বৈষ্ণবের সুখানুসন্ধান-স্পৃহার বিষয় ভুলিয়া গেলে সুবিধা হইবে না। রজস্তমোগুণের আস্ফালন বেশীক্ষণ থাকে না। শ্রীগুরু বৈষ্ণব-ভগবানের অহৈতুকী কৃপায় আমরা অনেকেই সর্ব্বোত্তম শ্রেয়োপথের কথা অল্পবিস্তর জানিতে পারিয়াছি। বহু অন্যায়-অত্যাচার, বাধা-বিপত্তিতেও এখনও শ্রীগুরুপাদপদ্ম ছাড়ি নাই বা ছাড়িবার বাসনা একবার মনেও যে উদয় হয় নাই, ইহাই ভগবানের অপার করুণা। কিন্তু কৃপার্থী আমার ইহাই ত' শেষ কথা নয়—করুণাময়ের ইহাও ত' শেষ নয়। করুণাময়ের করুণা চিরকালেই করুণাকাঙ্ক্ষীজনের উপর বর্ষিত হয়। গুরুবৈষ্ণব-ভগবানের দিক্ হইতে আমার উপর যথেষ্ট কৃপা বর্ষিত হইতেছে; কিন্তু আমি সেই কৃপা লাভের জন্য কতটা যত্ন করিতেছি? বর্ত্তমান বিষম সঙ্কটের মধ্যেও গুরুপাদপদ্ম ছাড়ি নাই সত্য, কিন্তু তাঁহা দৃঢ়রূপে ধরিবার—গুরুতত্ত্ব উপলব্ধি করিবার জন্য যত্ন করিতেছি কি? যদি গুরুতত্ত্বই উপলব্ধি হইত, যদি গুরু-পাদপদ্মকেই একমাত্র রক্ষাকর্ত্তা - পালনকর্ত্তা বলিয়া মর্ম্মে মর্ম্মে উপলব্ধি করিতে পারিতাম, তাহা হইলে আমার ত' আর কোন ভয় থাকিত না, বিপদ দেখিয়া শঙ্কিত হইতাম না। শ্রীগুরুপাদপদ্মের সমস্ত শ্রবণ, সুপথ্য ও ব্যবস্থার ব্যবস্থা কপটে একান্তভাবে গ্রহণ করিতে পারিলে অনর্থ-রোগ নিশ্চয়ই বিদূরিত হইত। কিন্তু আমি তাহা সম্পূর্ণরূপে গ্রহণ করিতে পারিয়াছি কি? তাঁহার আদেশ—"সকলেই এক হরিভজনের উদ্দেশ্যে দু'দিনের অনিত্য সংসারে কোনরূপে জীবন নির্ব্বাহ ক'রে চলবেন। শত গঞ্জনা ও শত লাঞ্ছনায়ও হরিভজন ছাড়বেন না। জগতের অধিকাংশ লোক অকৈতব কৃষ্ণসেবার কথা গ্রহণ করছে না দেখে নিরুৎসাহিত হ'বেন না, নিজ-ভজন, নিজ-সর্ব্বস্ব কৃষ্ণকথা-শ্রবণ-কীর্ত্তন ছাড়বেন না। তৃণাদপি সুনীচ ও তরুর ন্যায় সহিষ্ণু হ'য়ে সর্ব্বক্ষণ হরিকীর্ত্তন করবেন।" কিন্তু কই আমার এই হরিকথা-শ্রবণ-কীর্ত্তনে রুচি কোথায়? তাঁহার আদেশ—একমাত্র হরিকথা শ্রবণকীর্ত্তন করা। কিন্তু আমি চব্বিশ ঘণ্টার মধ্যে কয়ঘণ্টা হরিকথা-শ্রবণকীর্ত্তন করি তাহা একবার বিচার করিয়া দেখা উচিত নহে কি? মঠে থাকিয়া—গুর্ব্বানুগত থাকিয়া, যদি গুরুপাদপদ্মের আদেশ—যে আদেশের মধ্যে আমার পরমমঙ্গল নিহিত রহিয়াছে, সেই আদেশ পালন না করিলাম, তাহা হইলে আমার মঙ্গল হইবে কি করিয়া? তাঁহার আদেশ উপদেশ পালনে সর্ব্বতোভাবে যত্নবান্ না দেখিলে আমাদের কার্য্যে প্রসন্ন আশীর্ব্বাদ [illegible] তিনি বাড়াইবেন কেন? আমরা নিজ-ভজন, নিজ সাধন হরিকথা-শ্রবণকীর্ত্তন ছাড়িয়া দিয়া বসিয়া—গুরু-পাদপদ্মের আদেশ [illegible] উদাসীন হইয়া নিজের মন [illegible] পথে চলিতে আরম্ভ [illegible] গুরুবৈষ্ণবগণের সঙ্গ হইতে বহু দূরে পড়িয়া যাই। যখন আমরা [illegible] হইয়া পড়ি, যখন কর্ম্মী, জ্ঞানী, অন্যাভিলাষী হইয়া যাই, তখনই শ্রীগুরুপাদপদ্ম আমাদিগকে সেবাবিমুখ জানিয়া আমাদের নিকট হইতে চলিয়া যান। [illegible] সেবাবিমুখ [illegible] আর গুরুপাদপদ্ম—[illegible] হইতে [illegible] হইয়াছে। কিন্তু এখনও কি আমাদের [illegible] হইবে না? তাঁহার মঙ্গলের জন্য—[illegible] জন্য আকুল পিপাসা কি জাগিবে না? একমাত্র হরিকথা-শ্রবণ কীর্ত্তন [illegible]—তাঁহার উপদেশানুসারে [illegible] তাঁহার মঙ্গলের জন্য উপায় ত আর নাই! একমাত্র আকুলক্রন্দন ব্যতীত তাঁহার কৃপালাভের ত' আর অন্য উপায় নাই। তাঁহার [illegible] বাধা আমরা বটে [illegible] করি, তবেই হরিভজনের পথে [illegible] হইতে পারিব।

তাঁহার বিশ্রম্ভ-সেবা প্রতি ঘণ্টা প্রতি মিনিট, প্রতি সেকেণ্ডে যাঁহার যত উপলব্ধির বিষয় হইবে, তিনি ততই তাঁহার সঙ্গলাভের জন্য তাঁহার শ্রীমুখ-নিঃসৃত বাণীর সঙ্গ—তাঁহার উপদেশাবলী আলোচনা না করিয়া থাকিতে পারিবেন না। শ্রীগুরুপাদপদ্মের বাণী ও তাঁহার একান্ত নিজজনের সঙ্গ ছাড়া শুরুপাদপদ্মের স্মৃতি হৃদয়ে জাগে না। আমরা যতই তাঁহার জন ও তাঁহার বাণীর সঙ্গ করিব, ততই গুরুপাদপদ্মবিগ্রহ আমাদের উপলব্ধির বিষয় হইবে। তাঁহার বাণী বাদ দিলে আর কেহই আমাদিগকে রক্ষা করিতে পারিবে না।

এ জগৎ পরীক্ষাস্থল। এখানে আমাদিগকে প্রত্যেক মুহূর্ত্তেই পরীক্ষা দিতে হইতেছে। আমাদের প্রত্যেকটী কাজ গুরুপাদপদ্মকে কেন্দ্র করিয়া হইতেছে কি না তাহা ভাল করিয়া দেখিতে হইবে। যদি আমরা সত্য সত্যই মঙ্গল চাই, তাহা হইলে আমাদের নিজের আচরণকে গুরুদেবের বাণী ও ভক্তিভজনের আদর্শে নিয়ন্ত্রিত করিতে হইবে। আমাদের প্রতি পদবিক্ষেপ গুরুপাদপদ্মের আনুগত্যে হওয়া চাই। আমরা যাহা শ্রবণ করি, দর্শন করি, স্পর্শ করি বা আঘ্রাণ করি, তাহা দ্বারা গুরুপাদপদ্মের সেবা হইতেছে না নিজের ইন্দ্রিয়তর্পণই হইতেছে, তাহা প্রত্যেক মুহূর্ত্তে ভক্তিসিদ্ধান্তবাণী-কষ্টিপাথরে ঘষিয়া মাজিয়া পরীক্ষা করিয়া লওয়া উচিত। এ বিষয়ে নিজে নিজে খুব সতর্ক না হইলে হরিভজনের আশা দুরাশামাত্র। এ বিষয়ে উদাসীন হইলে অদূর-ভবিষ্যতে অমঙ্গল অবশ্যম্ভাবী। আমরা যে কোন কাজ করি, তাহা গুরুবৈষ্ণবকে কেন্দ্র করিয়া হইলে কোন চিন্তা নাই। যদি সত্য সত্য তাঁহাদের সেবার জন্য কায়মনোবাক্যে কোন একটী অন্যায় কার্য্যও অনুষ্ঠিত হয়, তাহা হইলে সেই অন্যায় হইতে সেই সেবককে শ্রীকৃষ্ণই রক্ষা করেন, এ বিষয়ে কোন সন্দেহ নাই। কিন্তু যদি আমার প্রভুবর্গকে শ্রীগুরুদেব ও শ্রীনামের ইন্দ্রিয়তর্পণ না করিয়া তাহাতে নিজের কিছু লাভ করার, তাহা হইলে সর্ব্বনাশ। এ জন্য হরিভক্তির রাজ্যে সর্ব্বক্ষণ নিজাপেক্ষা শ্রেষ্ঠ ব্যক্তির আনুগত্যে থাকাই নিয়ম। হারমোনিয়ামের যেমনটী অনুকূল, কোনটী প্রতিকূল তাহা সর্ব্বক্ষণ নিজের চেয়ে শ্রেষ্ঠ ব্যক্তির নিকট জানিয়া লওয়া কর্ত্তব্য। যদি কোন কার্য্য বা বস্তু গুরু-বৈষ্ণব-সেবার প্রতিকূলে দাঁড়ায়, তাহা হইলে তৎক্ষণাৎ তাহাকে দুষ্টসর্পের সহিত তুলনা করিয়া দূরে বর্জ্জন করিতে হইবে এবং যদি কোন বস্তু হরিসেবার অনুকূলতা প্রসব করে তাহা হইলে কালবিলম্ব না করিয়া অতি শীঘ্রই তাহাকে সাদরে গ্রহণ করা উচিত। যাঁহাদের সঙ্গ করিলে হরিভজনের পিপাসা বর্দ্ধিত হয়—গুরুকৃষ্ণে বিশ্বাস দৃঢ় হয়, এইরূপ নিজাপেক্ষা শ্রেষ্ঠ সাধুর সঙ্গে সর্ব্বক্ষণ অবস্থান, তাঁহার শাসন ও নিয়মন অনুসারে চলিতে হইবে। সর্ব্বক্ষণ গুরু-সেবা করিতেছেন, গুরুকৃপা লাভ করিয়াও তাহা পরিপূর্ণ কৃপালাভের জন্য গুরুবাণীর অনুসরণে ঊর্দ্ধশ্বাসে ছুটিয়াছেন, সাধুদের জন্য—শ্রবণ-কীর্ত্তনের জন্য আকাশ-পাতাল আলোড়ন করিতেছেন, যদি এরূপ সাধুর জলন্ত আদর্শ আমাদের চক্ষুর সামনে দেখিবার সুযোগ না হয়, তাহা হইলে আমাদের হরিভজনের আশা খুবই কম। এইরূপ সাধুর সঙ্গ আমরা পাইয়াছি কি? যদি না পাইয়া থাকি, তাহা হইলে কাঁদিয়া কাঁদিয়া ভগবানের চরণে জানাইতে হইবে, তাঁহার অকপট কৃপা হইলেই ঐরূপ সাধু দর্শনের চক্ষু আমরা লাভ করিতে পারিব। ঐরূপ সাধুর অনুক্ষণ সঙ্গ না হইলে—সাধুসঙ্গে শ্রবণ-কীর্ত্তন ব্যতীত অবস্থান করিলে মঙ্গলের সম্ভাবনা কম।

সময় জলের স্রোতের মত চলিয়া যাইতেছে। পরমায়ু দিনের পর দিন, সপ্তাহের পর সপ্তাহ, মাসের পর মাস, বৎসরের পর বৎসর করিয়া চলিয়া যাইতেছে। জীবন—অনিত্য। কখন এ দেহ ছাড়িতে হইবে তাহার স্থিরতা নাই। শ্রীল গুরু-দেব কৃপা করিয়া বলেন—'আর সময় নাই এখনও সাবধান হও', 'হরিভজনের একটা হিসাব নিকাশ করিয়া দেখা দরকার'। কিন্তু আমরা যদি সে বিষয়ে উদাসীন থাকিয়া কেবল নিয়মক কাজের মধ্যেই আবদ্ধ থাকি, উন্নতি-অবনতির দিকে আদৌ লক্ষ্য না রাখি, তাহা হইলে আর কিছুদিন পরে এই সকল কার্য্য এক ঘেয়ে বলিয়া মনে হইবে, তখন এই সকল পরিত্যাগ করিয়া নূতন আরও কিছু করিতে অগ্রসর হইব। তাই বলি মন, কপটতা করিয়া লোক ঠকাইবার জন্য সাধু সাজিলে চলিবে না। নিজের বুকে হাত দিয়া দেখিতে হইবে, আমি কতটা গুরুদেবের অনুকূল হইয়া চলিয়াছি অথবা ইন্দ্রিয়ের অধীন হইয়া পড়িয়াছি। লোক-ঠকান যাইবে সত্য—লোকের নিকট সাধু, মহৎ, উদার, একনিষ্ঠ, নিষ্কিঞ্চন সাজিতে পারি সত্য, কিন্তু অন্তর্যামীকে ত' ঠকান যাইবে না! তাঁহার চোখে ত' ধূলি নিক্ষেপ করা যায় না! তাই আমরা যাহাতে গুরুদেবের বাণীতে সর্ব্বক্ষণ আত্মপরীক্ষা করিয়া চলিতে পারি—যাহাতে সম্পদে-বিপদে, জীবনে-মরণে শ্রীগুরুপাদপদ্মের কথা না ভুলি তজ্জন্য গুরুবৈষ্ণব-ভগবানের শ্রীপাদপদ্মে নিবেদন জানাইতেছি।

আচার্য্যদেবের হরিকথার মর্ম্ম

[স্থান—শ্রীচৈতন্যমঠের অবিভাজন নাটমন্দির
কাল—২৪শে ফেব্রুয়ারী (১৯৩১), অপরাহ্ণ]

——ঃঃ(০)ঃঃ——

নামশ্রেষ্ঠং মনুমপি শচীপুত্রমত্র স্বরূপং
শ্রীরূপং তস্যাগ্রজমুরুপুরীং মাথুরীং গোষ্ঠবাটীম্।
রাধাকুণ্ডং গিরিবরমহো! রাধিকামাধবাশাং
প্রাপ্তো যস্য প্রথিতকৃপয়া শ্রীগুরুং তং নতোঽস্মি।

আজ আত্মনিবেদনাখ্য অন্তর্দ্বীপ পরিক্রমা হ'য়েছে। শ্রীমন্মহাপ্রভুর অপ্রকট-লীলার পর এই দ্বীপ যখন লুপ্ত ছিল—(ইহা লুপ্ত হয় নাই), তারপর বহু বৎসর অতীত হ'য়েছে। এই স্থানকে যাক্, অপ্রকাশিত স্থানকে প্রকাশ করলেন নদীয়া-প্রকাশ। নদীয়া-প্রকাশ নাম করতে গেলেই শ্রীল জগন্নাথ, শ্রীল ভক্তিবিনোদ, শ্রীল গৌরকিশোর ও শ্রীল সার্ব্বভৌমী-হরিদাস-প্রভুর কথা মনে পড়ে। এই অন্তর্দ্বীপের নাম আত্মনিবেদন ক্ষেত্র।

ভজনের মধ্যে শ্রেষ্ঠ নববিধা ভক্তি।
কৃষ্ণপ্রেম, কৃষ্ণ দিতে ধরে মহাশক্তি॥

প্রয়োজন ও সম্বন্ধ দিতে সমর্থ—অভিধেয়।

তার মধ্যে সর্ব্বশ্রেষ্ঠ নামসঙ্কীর্ত্তন।
নিরপরাধে নাম লৈলে পায় প্রেমধন॥

প্রহ্লাদ মহারাজ নবধা ভক্তির কথা ব'লেছেন,—

শ্রবণং কীর্ত্তনং বিষ্ণোঃ স্মরণং পাদসেবনম্।
অর্চ্চনং বন্দনং দাস্যং সখ্যমাত্মনিবেদনম্॥
ইতি পুংসার্পিতা বিষ্ণৌ ভক্তিশ্চেন্নবলক্ষণা।
ক্রিয়েত ভগবত্যদ্ধা তন্মন্যেঽধীতমুত্তমম্॥

'আদৌ অর্পিতা সতী পশ্চাৎ ক্রিয়েত'। অর্থাৎ আগে অর্পণ, তা'র পরে অনুষ্ঠান। জগদ্গুরু শ্রীধরস্বামিপাদ ইহা নির্দ্ধারণ করলেন। এ' কথা কাল বলা হ'য়েছে। কিন্তু শ্রীল কবিরাজ গোস্বামিপ্রভু বলেন,—

ভজনের মধ্যে শ্রেষ্ঠ নববিধা ভক্তি।
কৃষ্ণপ্রেম, কৃষ্ণ দিতে ধরে মহাশক্তি॥
তার মধ্যে সর্ব্বশ্রেষ্ঠ নামসঙ্কীর্ত্তন।
নিরপরাধে নাম লৈলে পায় প্রেমধন॥

অভিধেয়ই সম্বন্ধ ও প্রয়োজন দেয়। কৃষ্ণভক্তিই অভিধেয়। অভিধেয় কি করে? কৃষ্ণকে দেয়। কৃষ্ণই—সম্বন্ধ, কৃষ্ণপ্রেমই—প্রয়োজন। কৃষ্ণ, কৃষ্ণভক্তি ও কৃষ্ণপ্রেম তিনটী তত্ত্ব। অন্বয় জ্ঞানতত্ত্ব।

শ্রবণাদি নববিধা ভক্তির মধ্যে কীর্ত্তনাখ্যা ভক্তি সর্ব্বশ্রেষ্ঠ। আত্মনিবেদনাখ্য অন্তর্দ্বীপকে জগতের নিকট প্রকাশ করলেন কে? কীর্ত্তনাখ্যা ভক্তিকে যিনি আশ্রয় ক'রেছেন, কীর্ত্তনাখ্য গোদ্রুম-দ্বীপেই নিত্য আশ্রিত থেকে যিনি ভজন ক'রেছেন—চিটীগ্রামনিধুর সেবা ক'রেছেন—সেই 'নদীয়া-প্রকাশ ঠাকুর ভক্তিবিনোদই আমাদিগকে আত্মনিবেদনাখ্য অন্তর্দ্বীপের কথা জানিয়েছেন। কীর্ত্তনের মধ্যে শ্রবণ, স্মরণ, দাস্য প্রভৃতি আটটী অন্তর্ভুক্ত আছে। কীর্ত্তনই মূল। কীর্ত্তনই অঙ্গী আর সব অঙ্গ। সকল ভক্তিযোগের মধ্যে শ্রেষ্ঠ হ'চ্ছে কীর্ত্তন। সেই কীর্ত্তন যে আধারে অধিষ্ঠিত হয়েছেন, সেই কীর্ত্তনাখ্য গোদ্রুমদ্বীপ যিনি আশ্রয় ক'রেছেন তিনিই অন্তর্দ্বীপ প্রকাশ করলেন। তিনি আমাদের জানালেন, আগে আত্মনিবেদন কর, আত্ম-নিবেদন ক'রে আমার কাছে এস, মায়াপুর-বাসী হও, তারপর গোদ্রুমচন্দ্রের চরণাশ্রয় কর। গোদ্রুমবাসী কীর্ত্তনাখ্য দ্বীপের অধিবাসী। গোদ্রুম আরাধ্য-যুগলের—শ্রীরাধাকৃষ্ণমিলিততনু শ্রীগৌরসুন্দরের বিলাস-ক্ষেত্র। গৌর শ্রীরাধা ও শ্রীকৃষ্ণ এই দুই মূর্ত্তিতে সেখানে বিলাস ক'চ্ছেন। সেখানে গৌরের কীর্ত্তন-বিলাসও চল্ছে। গৌরসুন্দর কীর্ত্তননায়ক—কীর্ত্তনের অধিদেবতা। যিনি আত্মনিবেদন ক'রে আত্মনিবেদনক্ষেত্র অন্তর্দ্বীপ প্রকাশ ক'রেছেন, আত্মনিবেদন নামক অন্তরঙ্গা ভক্তি যেখানে আবির্ভূতা, সেই নদীয়াপ্রকাশ ঠাকুর ভক্তিবিনোদের নিকট যেতে হ'বে। তাঁ'রই গৌড়ীয়। ১৯২১ সালে গৌড়ীয়মঠের নামকরণ হয়। প্রথমে ১নং উল্টাডিঙ্গি জংশনে মঠের নাম 'শ্রীভক্তিবিনোদ আসন' ছিল। পরে প্রভুপাদ তা'র নাম রাখ্লেন শ্রীগৌড়ীয়মঠ। শ্রীগৌড়ীয়মঠ নাম রাখ্লেন কেন? এতে অনেক রহস্য আছে। ঠাকুরের এই মিলন—সঙ্ঘারাম। বহু আশ্রিত সেবক একত্রিত হ'য়ে যেখানে ভগবৎসেবা করেন তাহাই সঙ্ঘ। সঙ্ঘ+আরাম—সঙ্ঘারাম। আরাম—স্থান। বৌদ্ধগণ সঙ্ঘারাম বা বিহার শব্দ ব্যবহার ক'রেছেন; ইহা সংস্কৃত শব্দ। মন্দির-সংলগ্ন সেবকগণ—বিহার। শ্রীবিগ্রহ প্রকটিত হ'লে প্রভুপাদ গৌড়ীয়মঠ নাম

মহৎকৃপা বিনা কোন কর্ম্মে ভক্তি নয়। কৃষ্ণভক্তি দূরে রহু সংসার নহে ক্ষয়॥

দিলেন। 'গৌড়ীয়' শব্দ মহাপ্রভু ব্যবহার ক'রেছেন। মহাপ্রভু শ্রীস্বরূপদামোদর প্রভুকে ব'লেছেন—'তোমার গৌড়ীয়া'। আমাদের মত মঠ দেখ্লেন—সব স্থানেই প্রভুপাদ 'গৌড়ীয়' শব্দ ব্যবহার ক'রেছেন। যিনি স্বরূপ-দামোদরের অভিন্ন মূর্ত্তি, যিনি গৌরসুন্দরের অভিন্ন-সেবকবিগ্রহ, নিত্যশ্রেষ্ঠ, সেই ঠাকুর ভক্তিবিনোদকে স্মরণ ক'রে, তাঁ'র গোষ্ঠী বৃদ্ধি করবার জন্য প্রভুপাদ মঠের এইরূপ নাম দিয়েছেন।

আত্মনিবেদন কেন সর্ব্বাগ্রে আবশ্যক, সে কথা কাল ব'লেছি। "সেবকের নিবেদন বৈষ্ণবচরণে, কৃপা করি' সঙ্গে লহ এই অকিঞ্চনে"। এই জগৎ বা পরজগতের একমাত্র আরাধ্যবস্তু মহাবদান্য শ্রীগৌরসুন্দর। নব প্রকার দয়ার কথা স্বরূপদামোদর ব'লেছেন। তিনি মহাপ্রভুর সন্ন্যাস দেখে নির্ব্বিণ্ণ হ'য়ে কাশী যান, তথায় সন্ন্যাস বা ডোর-কৌপীন না নিয়ে উন্মত্তের মত পুরুষোত্তমে গিয়ে মহাপ্রভুর নব প্রকার দয়ার কথা বল্লেন। ঐখানে তিনি আত্মনিবেদন করলেন, কৃপা চাইলেন।

হেলোদ্ধূলিত-খেদয়া বিশদয়া
প্রোন্মীলদামোদয়া
শাম্যচ্ছাস্ত্রবিবাদয়া রসদয়া
চিত্তার্পিতোন্মাদয়া।
শশ্বদ্ভক্তিবিনোদয়া স-মদয়া মাধুর্য্যমর্য্যাদয়া
শ্রীচৈতন্যদয়ানিধে, তব দয়া
ভূয়াদমন্দোদয়া॥

[হে দয়ানিধে শ্রীচৈতন্য, যাহা হেলায় সমস্ত খেদ দূর করে, যাহাতে সম্পূর্ণ নির্ম্মলতা আছে, যাহাতে পরমানন্দ (আর সকল বিষয় আচ্ছাদন করিয়া) প্রকাশিত হয়, যাহার উদয়ে শাস্ত্রবিবাদ শেষ হয়, যাহা রসবর্ষণ দ্বারা চিত্তের উন্মত্ততা বিধান করে, যাহার ভক্তিবিনোদন-ক্রিয়া সর্ব্বদা শুভতা দান করে, মা,ধু-র্য্যাদা দ্বারা তোমার অতি-বিস্তারিণী সেই অতুল্য দয়া আমার প্রতি উদিতা হউক।]

প্রত্যেক বিশেষণেরই পশ্চাৎ ব্যবহৃত 'দা' শব্দের তৃতীয়ার একবচনে 'দয়া' পদগুলি দেখা যাচ্ছে। শ্রীগৌরসুন্দরের অমন্দো-দয়া দয়ার বিশেষণই পূর্ব্বোক্ত নয়টি বিশেষণ। হেলোদ্ধূলিতখেদা দয়া, বিশদা দয়া, প্রোন্মীলদামোদা দয়া, শাম্যচ্ছাস্ত্রবিবাদা দয়া, রসদা দয়া, চিত্তার্পিতোন্মাদা দয়া, শশ্বদ্ভক্তি-বিনোদা দয়া, সমদা দয়া ও মাধুর্য্য-মর্য্যাদা দয়া—এই দয়া অমন্দোদয়া দয়া। তিনি কেবল এই দয়াই চাইলেন। ঐখানে আত্ম-নিবেদন করলেন। আমাদের গুরুবর্গ শ্রীল সনাতন গোস্বামী প্রভু প্রভৃতিও কি প্রকারে আত্মনিবেদন ক'রে দয়ার প্রার্থী হ'য়েছেন দেখুন,—

জয়তি জয়তি নামানন্দরূপং মুরারে-
র্বিরমিতনিজধর্ম্ম-ধ্যান-পূজাদিযত্নম্।
কথমপি সকৃদাত্তং মুক্তিদং প্রাণিনাং যৎ
পরমমমৃতমেকং জীবনং ভূষণং মে॥

[যাহা হইতে নিজ ধর্ম্ম, ধ্যান ও পূজাদি-চেষ্টা বিরত হইয়া যায়, এইরূপ আনন্দস্বরূপ মুরারির নাম পুনঃ পুনঃ জয়যুক্ত হউন। এই নাম যে-কোনরূপে গৃহীত হইলেও (নামাভাসমাত্রেই) প্রাণিগণকে মুক্তিদান করিয়া থাকেন এবং ইহাই একমাত্র পরম অমৃতস্বরূপ, ইহা আমার জীবন এবং ইহা আমার ভূষণ।]

শ্রীসনাতন নামের দয়া চাইলেন। শ্রীরূপ গোস্বামী প্রভুও বল্লেন,—

নমো মহাবদান্যায় কৃষ্ণপ্রেমপ্রদায় তে।
কৃষ্ণায় কৃষ্ণচৈতন্যনাম্নে গৌরত্বিষে নমঃ॥

শ্রীল কবিরাজ গোস্বামী প্রভু ব'লেছেন,—

এমন নির্ঘৃণ মোরে কেবা দয়া করে।
এক নিত্যানন্দ বিনা জগৎ মাঝারে॥

এখানেও দয়া প্রার্থনা।

শ্রীল নরোত্তম ঠাকুরও ব'লেছেন,—

"হা হা প্রভু! কর দয়া, দেহ মোরে পদছায়া,
নরোত্তম লইল শরণ।"

—এসব প্রার্থনায় কপটতা নাই; অভীষ্টদেবের নিকট আন্তরিক কৃপাভিক্ষা, নিবেদন ও বিজ্ঞপ্তি-জ্ঞাপন। শ্রীল রূপ গোস্বামী প্রভু আরও ব'লেছেন,—

বিরচয় ময়ি দণ্ডং দীনবন্ধো দয়াং বা
গতিরিহ ন ভবত্তঃ কাচিদন্যা মমাস্তি।
নিপততু শতকোটির্নির্ভরং বা নবাম্ভ-
স্তদপি কিল পয়োদঃ স্তূয়তে চাতকেন॥

হে দীনবন্ধো! তুমি আমার প্রতি দণ্ড অথবা দয়া যাহাই প্রদান কর না কেন, আমি দীন, আমার একমাত্র বান্ধব তুমি। এখানেও আত্মনিবেদন। দীনতাই অকিঞ্চনতা। হে প্রণতকরুণ দীনবন্ধো! দণ্ড বা দয়া যাহাই বিধান কর, তুমি ছাড়া আমার অন্য কোন গতি নাই। তুমিই আমার একমাত্র গতি। নবীন মেঘের মধ্য থেকে বজ্রই পড়ুক, জলই বর্ষিত হউক বা না হউক, তাতে ক্ষতি নাই, তথাপি নবীন মেঘকে চাতক স্তব করে। শাস্তি প্রদান করুক বা দয়াই করুক তথাপি ছাড়্বে না। আত্মনিবেদন করায় 'রক্ষিষ্যতীতি বিশ্বাসো' এই বিচার তাঁ'র হ'য়েছে।

শ্রীধামের নিকট আত্মনিবেদন কর্ত্তে হ'বে। শরণাগতের কি বিচার, দীনের, কাঙ্গালের, অকিঞ্চনের কি চিন্তাস্রোত—তা' শিক্ষা দিয়েছেন শ্রীরূপ গোস্বামী প্রভু এই শ্লোকে। কৃপাময় গুরুবর্গ আমাদের শিক্ষা দিচ্ছেন—কি ক'রে 'সর্ব্বাত্মনাশ্রিতপদ' হ'তে হয়। শ্রীল কবিরাজ গোস্বামী প্রভু ব'লেছেন,—

এমন নির্ঘৃণ মোরে কেবা দয়া করে।
এক নিত্যানন্দ বিনা জগৎ মাঝারে॥

শ্রীল ঠাকুর নরোত্তম ব'লেছেন,—

আর কবে নিতাইচাঁদ করুণা করিবে।
সংসার-বাসনা মোর কবে তুচ্ছ হবে॥

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ ব'লেছেন,—

কৃপা কর বৈষ্ণব ঠাকুর!
সম্বন্ধ জানিয়া ভজিতে ভজিতে
অভিমান হউ দূর॥

আত্মনিবেদনের মূলে আমাদের কৃপা পাবার অভিলাষ। শরণাগতি ও কৃপা যুগপৎ হয়। অকপটভাবে নিরভিমানী হ'য়ে কৃপা চাওয়া, ফাঁকি না দিয়ে অন্তরের অন্তস্তল প্রদেশ থেকে কৃপা চাওয়া জীবের স্বরূপগত নির্ম্মল অহংকার বা অভিমান। গুরুকার্ষ্ণের কৃপা-বাঞ্ছাই সেই জিনিষ। শরণাগত হ'য়ে কৃপা চাওয়া। কৃপা কি ক'রে চাইতে হয় নদীয়া-প্রকাশ ঠাকুর ভক্তি-বিনোদ কল্যাণকল্পতরু, শরণাগতি, গীতাবলী প্রভৃতি গ্রন্থে তা' সুষ্ঠুরূপে শিক্ষা দিয়েছেন, তাঁ'র শিক্ষায় মধ্যে প্রথম হ'তে শেষ পর্য্যন্ত কেবল কৃপা—কৃপা—কৃপা, কৃপা ছাড়া উপায় নাই। প্রসাদ—কৃপা—করুণাই প্রয়োজন। আত্মনিবেদন করলে ক্রমশঃ সীমন্তদ্বীপ ও গোদ্রুমদ্বীপে বাস হ'বে। তাঁ'র শিক্ষা বা গানের প্রত্যেক পংক্তিতে, প্রত্যেক ছত্রে, আগাগোড়া সব কেবল বৈষ্ণব ঠাকুরের নিকট কৃপাভিক্ষা। তিনি ব'লেছেন—"কবে শ্রীচৈতন্য মোরে করিবেন দয়া। কবে আমি পাইব বৈষ্ণব-পদছায়া॥" এই কৃপা যদি না হয়, তা' হ'লে দয়ার বিপরীত চিত্তবৃত্তি দম্ভ আসবে। কিন্তু শ্রীরূপানুগবর্য্য শ্রীরঘুনাথ দাস গোস্বামী প্রভু দম্ভের উপর মুদগরাঘাত ক'রেছেন। 'সদা দম্ভং হিত্বা কুরু রতি-মতিভরামরে'। দয়া চাওয়ার বিপরীত বৃত্তি হচ্ছে দম্ভকে বজায় রাখা। এটা জড়াভিমান। 'সম্বন্ধ জানিয়া ভজিতে ভজিতে অভিমান হউ দূর।' আমাদের জড়াভিমান দূর হউক।

আজ আত্মনিবেদন-ক্ষেত্র পরিক্রমা ক'রে শরণাগত হ'য়ে আমরা কাল শ্রবণাখ্যদ্বীপ পরিক্রমা ক'রব।

দীক্ষাকালে ভক্ত করে আত্মসমর্পণ।
সেইকালে কৃষ্ণ তারে করে আত্মসম॥

প্রথমে দীক্ষা। বৈষ্ণবের কাছে বা সাধুর কাছে গিয়ে আগে গুরুপাদাশ্রয়। এই আশ্রয়ের নাম দীক্ষা। তখনই আত্মসমর্পণ। আশ্রয়গ্রহণ সর্ব্বাগ্রে, ইহাই গুরুত্যাগ সম্ব্যবহার। ইহারই নাম আত্মসমর্পণ ক'রে খাপে খাপে মিলে যাওয়া, কৃষ্ণ কার্ষ্ণের ইচ্ছার সঙ্গে নিজ ইচ্ছা মিশান, নিজাভীষ্ট ভাব না রেখে dovetailed হওয়া, parallel না থাকা, অদ্বয়জ্ঞানের ইন্দ্রিয়চালনার সঙ্গে নিজ সুখ বা ইচ্ছা মিশান ও দ্বৈত ধারণা বা স্বাধীনচিত্তবৃত্তি না রাখা। ভক্তিরাজ্যের প্রথমেই নবদ্বীপধামের আশ্রয়। গৌর ও গৌরধামের প্রথম দক্ষিণা—দম্ভ পরিত্যাগ ক'রে, পৃথক্ স্বতন্ত্রতা ত্যাগ ক'রে অদ্বয়জ্ঞান গৌরসুন্দরের ইচ্ছার সঙ্গে, নিত্যানন্দ ও নিত্যানন্দ-দৈবত গৌড়ীয়গণের ইচ্ছার সঙ্গে নিজের ইচ্ছা মিশান। ইহার নাম আত্মনিবেদন—শরণাগতি। পরিক্রমা ক'রে আমাদের যদি এইরূপ চিত্তবৃত্তি বা ইচ্ছা হয়, তবেই সার্থকতা। আমি যা'তে গুরুগৌরাঙ্গের ইচ্ছার সঙ্গে ইচ্ছা মিশাতে পারি—সেই প্রার্থনা। আমার প্রতি যদি আপনাদের দয়া বা সহানুভূতি থাকে, আপনারা যদি গুরুগৌরাঙ্গের সহানুভূতি পেতে চা'ন তবে এটা কর্ত্তে হ'বে। তা' হ'লে শ্রবণযোগ্যতা হ'বে। সেই শ্রবণকীর্ত্তনই আমাদের একমাত্র পাথেয়। এ জগতে সাধক যাত্রী শ্রবণকীর্ত্তন-জল সেচন ক'রে চিদ্বিলাস আশ্রয় ক'রে, জড়বিলাস পরিত্যাগ ক'রে, জড়নির্ব্বিশেষ বা চিদ্ভেদকে অতিক্রম ক'রে পরাকাশে চিদ্বিলাসের সন্ধান পেয়ে প্রথমেই নিত্য-সুখবোধতনুকে আশ্রয় করে। শ্রবণকীর্ত্তন-জল সেচন করার পূর্ব্বে আত্মসমর্পণ। শ্রদ্ধাই ভক্তিবীজ। এই শ্রদ্ধা ও অনুগ্রহ যুগপৎ লাভ হয়। ভক্তির প্রতি—শাস্ত্রের প্রতি যে বিশ্বাস, ভক্তি রূপ ধ'রেছে যে গুরুবৈষ্ণবরূপে তাঁ'দের প্রতি যে বিশ্বাস—তা'র নাম শ্রদ্ধা। শুদ্ধভক্ত দেবমূর্ত্তি। তাঁ'র প্রতি শ্রদ্ধা ও তাঁ'তে আত্মনিবেদন যুগপৎ হওয়া চাই।

আত্মনিবেদনাখ্য অন্তর্দ্বীপ পরিক্রমা ক'রে ভক্তি ও ভক্তির মূর্ত্তি সাধু-গুরু-বৈষ্ণবের প্রতি শ্রদ্ধাবান্ হ'য়ে অশোক পথ বা শ্রৌতপথ অবলম্বন ক'রে বেদমূঢ় হ'য়ে যা'তে মহাজনের পথ অনুসরণ কর্ত্তে পারি আজ আপনাদের চরণে আমি সেই নিবেদন জানাচ্ছি।

৯

শুদ্ধভক্তি-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠ-শ্রীমায়াপুর

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীচন্দ্রশেখর ভবনে শ্রীচৈতন্যমঠ, শ্রব্রিবিদ্যা-পীঠ, শ্রীশ্রীরাধাকৃষ্ণ-শ্রীগৌর-গোপাল আচার্য্য চতুষ্টয় বিগ্রহ আছেন। সুপ্রাচীন গ্রন্থ-প্রকাশকরূপে 'নদীয়া'-প্রকাশ'যন্ত্রালয় আছে।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৩১১৫
কলিকাতায় শ্রীভক্তিবিনোদ-আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, সঙ্কীর্ত্তন, প্রধানতঃ বেদান্ত-শ্রীমদ্ভাগবতাদি শাস্ত্রের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও সাপ্তাহিক পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়।

(৩) যোগপীঠ-মায়াপুর-শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব ভূমি মহাযোগপীঠ।

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং ব বর্ত্তমান।

(৬) মুরারিগুপ্তের পাট

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৭) কাজি-সমাধি-পাট

সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি।

(৮) শ্রমকুলকুঞ্জশ্রীললনাশ্রম

শ্রীধাম মায়াপুর

(৯) স্বানন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
এখানে ও বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
গোস্বামী দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ জান্নগর (বর্দ্ধমান)

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মাউগাছি, পোঃ জান্নগর, (বর্দ্ধমান)
শ্রীব্যাসাবতার ঠাকুর বৃন্দাবনের স্থান

(১৩) রুদ্রদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(১৪) ঋতুদ্বীপ-গৌড়ীয়মঠালয়

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ

গৌড়পুর, নদীয়া

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ

মাউগাছি —(শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্তী
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৭) কুঞ্জকুটীর

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

(২০) মহেশ-পণ্ডিতের পাট

কাঁচাপলি, পোঃ চাকদা (নদীয়া)

(২১) রাণাঘাট-গৌড়ীয়মঠাসন

(২২) পুরী গৌড়ীয়মঠ

চব্বিশ পরগণা

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ

বারিদা পোঃ ওয়ারি, ঢাকা।
পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র।

(২৪) গোপালজীউমঠ

কমলাপুর, পোঃ ঢাকা

(২৫) নিতাই-গৌরাঙ্গ মঠ

পোঃ বালিয়াটি, (ঢাকা)

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

বড়বাজার, পোঃ ময়মনসিংহ

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চক্‌চকা, কামরূপ (আসাম)

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

৩নং গান্ধী রোড, দার্জ্জিলিং

(৩০) মায়াপুর-গৌড়ীয়মঠ

পোঃ হরিদ্বার, জেঃ সাহারানপুর, ইউ, পি

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

খাজেকলাঁ, পাটনা)

(৩২) গয়া গৌড়ীয়মঠ

রমণা রোড, গয়া

(৩৩) সনাতন-গৌড়ীয় মঠ

৮।১১ বড় গণেশ গঞ্জ, বেনারস সিটি

(৩৪) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

(৩৫) পরমহংস মঠ,

পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়

বিশ্রামঘাট, পোঃ মথুরা

(৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণসহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ

কিশোরপুর, বৃন্দাবন

(৩৯) এজ্যাপত্তন-সুখদকুঞ্জ

পোঃ রাধাকুণ্ড। মথুরা

(৪০) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪১) রাধাকুণ্ড গোবর্দ্ধনবাটী

(৪২) শ্রীগোবর্দ্ধনমঠালয়

গোবর্দ্ধন, মথুরা

(৪৩) নন্দের বিহারী মঠ

বর্ষাণা, মথুরা।

(৪৪) নন্দগ্রাম গৌড়ীয়মঠালয়

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৫) বর্ষাণা গৌড়ীয়মঠালয়

পোঃ বর্ষাণা, মথুরা

(৪৬) গৌড়বিহারী মঠ—দেওয়ারী,

পোঃ হোসিয়ার, জেলা গুরুদাসপুর (পাঞ্জাব।

(৪৭) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

(৪৮) দিল্লী গৌড়ীয় মঠ

৩৩নং কুতুব রোড, নিউ দিল্লী

(৪৯) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়া ট্যাঙ্ক রোড, বম্বে
বোম্বে ৭

(৫০) মাদ্রাজ-গৌড়ীয়মঠ

পোঃ রায়পেটা, মাদ্রাজ
শ্রীগৌরগোপালমদনমোহন বিগ্রহের সেবা

(৫১) কাবুর্‌ গৌড়ীয়মঠ

পোঃ কভুর, জেলা গোদাবরী মাদ্রাজ
শ্রীশ্রীগৌরগোপালরাধাকৃষ্ণ-বিগ্রহের সেবা

(৫২) ব্রহ্মগৌড়ীয়মঠ

আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি (পুরী)

(৫৩) পুরুষোত্তম মঠ

চটকপর্বত, পোঃ পুরী, উড়িষ্যা

(৫৪) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৫) শ্রীসত্যকুটী

(৫৬) শ্রীপতি-গৌড়ীয়মঠ

পোঃ ভুবনেশ্বর, পুরী

(৫৭) সচ্চিদানন্দ মঠ

বালিয়াটি, পোঃ কটক (উড়িষ্যা)

(৫৮) বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ

(৫৯) শ্রীরামানন্দগৌড়ীয়-আশ্রম-মঠ

পোঃ রাজমহেন্দ্রী, মাদ্রাজ

(৬০) ভাগবতজনানন্দ মঠ

চিরুলিয়া, পোঃ বাজোনেশ্বর, মেদিনীপুর

(৬১) অমার্ষি গৌড়ীয়মঠ

পোঃ অমার্ষি, মেদিনীপুর

(৬২) আমলাযোড়া প্রপন্নাশ্রম মঠ

পোঃ পানাগড় (বর্দ্ধমান)

(৬৩) চৈতন্যগৌড়ীয়মঠ

কুমুরজলা, পোঃ চন্দননগর (বাখরগঞ্জ)

(৬৪) রেঙ্গুন গৌড়ীয়মঠ

৩০১ নং দালহৌসী ষ্ট্রীট, রেঙ্গুন।

(৬৫) লণ্ডন-গৌড়ীয়মঠ

ফ্ল্যাট নং ২
৫১, ডাউন্‌স-রোড
ক্ল্যাপটন, লণ্ডন, ই ৫

(৬৬) গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্‌

১৬।৩, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা,

(৬৭) গৌড়ীয়মঠ অফিস

চিড়িয়া রোড, লক্ষ্ণৌ (ইউ-পি)

(৬৮) শ্রীবিদ্যানিধি গৌড়ীয়মঠালয়

নন্দনকানন, চট্টগ্রাম

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্‌ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীমহানন্দ ব্রহ্মচারী ভক্তিপ্রদীপ, ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও ২য় দিনের জন্য	সংবাদের পৃষ্ঠায় পরবর্ত্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও ২য় দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় পরবর্ত্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	।০	৶০	।৶০	।০
" " ইঞ্চি	২৲		৷৷০	১৲
সিকিকলম	৫৲	৪৲		৩৲
" অর্দ্ধকলম	৮৲	৬৲	৬৲	৫৲
এক কলম	১৫৲	১০৲	১০৲	

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চি ৩৲	২৷৷০
" সিকি কলম ১৫৲	১২৲
" অর্দ্ধকলম ২৫৲	১৮৲
" এক কলম ৩৫৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
বাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৷০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা এক পয়সা। বিশেষ সংখ্যার মূল্য স্বতন্ত্র।

শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী

শ্রীল প্রভুপাদের চতুঃষষ্টিতম-বর্ষপূর্ত্যাবির্ভাব-তিথিতে শ্রীল আচার্য্যদেবের অভিপ্রায়ানুসারে "শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী" প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। ইহাতে পূর্ব্বার্দ্ধ ও উত্তরার্দ্ধ দুইটি বিভাগ আছে। পূর্ব্বার্দ্ধে শ্রীল প্রভুপাদের আদি-প্রবন্ধাবলী শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের সম্পাদিত 'স-সজ্জনতোষণী,' শ্রীল প্রভুপাদের 'নিবেদন' সাপ্তাহিক পত্র প্রভৃতি হইতে কথাসার ও প্রয়োজনীয় অংশে টীকা-সহ প্রকাশিত হইয়াছে। উত্তরার্দ্ধে শ্রীল প্রভুপাদের সম্পাদিত 'সজ্জনতোষণী'র কতিপয় প্রবন্ধ কথাসার প্রভৃতির সহিত মুদ্রিত হইয়াছে। প্রবন্ধগুলি রচনাকালের ক্রমানুসারে গ্রথিত হইয়াছে; এতদ্ব্যতীত শ্রীল আচার্য্যদেবের একটি মূল্যবান্ উপোদ্ঘাত ও সম্পাদকগণের একটি বিস্তৃত ভূমিকা, শব্দ সূচী, স্থান-পাত্র-শ্লোক ও পয়ার-সূচী প্রভৃতি গ্রন্থে সংযোজিত হইয়াছে। গ্রন্থটি উৎকৃষ্ট কাগজে পারিপাট্যের সহিত মুদ্রিত ও শ্রীল প্রভুপাদের আলেখ্যাদিদ্বারা ভূষিত ও সুন্দর বাঁধাই হইয়া প্রকাশিত হইয়াছে। প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, জিলা নদীয়া; শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ও শ্রীমাধবগৌড়ীয়মঠ, নারিন্দা, পোঃ রমনা, ঢাকা।

শ্রীল প্রভুপাদের পদ্যপ্রসূন মালা

এই গ্রন্থে ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তি-সিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের রচিত পদ্যাবলী শ্রীল আচার্য্যদেবের বিরচিত "গৌরব" নামক কাব্যের সহিত প্রকাশিত হইয়াছে। শ্রীল প্রভুপাদের অনেক অপ্রকাশিত পদ্য ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ।০ চারি আনা।

শ্রীধাম-মায়াপুরে

—"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট"—

গভর্ণমেণ্ট অনুমোদিত উচ্চ ইংরাজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে। বিদ্যালয় ও বোর্ডিং এর পরিচালন ব্যবস্থা। শিক্ষকগণ অভিজ্ঞ ও অভিজ্ঞ। বিদেশী ছাত্রগণের জন্য অল্প ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে আহার ও বেতনাদিতে প্রতি মাসে মাত্র ৯৲ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। বর্ত্তমান বর্ষে ১৬ জন বালকের মধ্যে ১৫ জন ভালভাবে উত্তীর্ণ হইয়াছে।

মেধাবী ছাত্রগণের আরও সুবিধা

পরীক্ষায় যাহারা শতকরা ৭৫ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ সচ্চরিত্র বিদেশী ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্ষ্টিটিউট
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক-সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতিসুন্দরভাবে আলোচিত হইয়াছে। এই এক অপূর্ব্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

শ্রীচৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত্র অতিসুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ 'ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত ইহার ভিক্ষা মাত্র ৩৲ টাকা। প্রাপ্তিস্থান শ্রীযুক্ত নন্দকিশোর ভক্তিশাস্ত্রী, শ্রীযোগপীঠ, শ্রীমায়াপুর, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীসরস্বতী-সংলাপ

প্রথম খণ্ড

শ্রীশ্রীব্রহ্মমাধ্ব গৌড়ীয়সম্প্রদায়ৈকসংরক্ষক জগদ্গুরু পরমহংসকুলচূড়ামণি নিত্যলীলা-প্রবিষ্ট ১০৮শ্রী শ্রীমদ্ ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামি-প্রভুপাদ বিভিন্ন জিজ্ঞাসু ও শুশ্রূষু সজ্জনবৃন্দের পরিপ্রশ্নোত্তরে ও সংশয়-নিরাকরণকল্পে যে-সকল হরিকথামৃতরাশি কীর্ত্তন করিয়াছেন, যাহা তাঁহার প্রকটকালেই 'গৌড়ীয়' সম্পাদক শ্রীযুত সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ প্রভুপাদেরই শ্রীমুখে সংশোধিত করাইয়া রাখিয়াছিলেন এবং যাহার কিয়দংশ গৌড়ীয়পত্রে প্রকাশিত হইয়াছে, তাহা "শ্রীশ্রীসরস্বতী-সংলাপ" নাম দিয়ে পুস্তক শ্রীল প্রভুপাদের 'বক্তৃতাবলী' ও 'পত্রাবলী' আকারে খণ্ডে খণ্ডে প্রকাশিত হইতেছে। বর্ত্তমানে শ্রীল প্রভুপাদের বর্ষবার্ষিক বিরহতিথিপূজা-বাসরে এই গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। বাদ্ধজীবের বহু জটিল সমস্যা ও কঠিন প্রশ্নের সমাধান ইহাতে পাওয়া যাইবে। ভক্তগণের পাঠকমাত্রেরই এই গ্রন্থ সংগ্রহ একান্ত প্রয়োজন।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্শা কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপদেশক পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর ভাক্তশাস্ত্রী সম্প্রদায়-বৈভবাচার্য এম-এ মহোদয়ের প্রৌঢ়গবেষণা এবং পরিপক্ক লেখনীর অদ্ভুত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত্র-পাঠে ধন্য হউন। এই বিরাট, অভিনব ও আন্তর্জাতিক গ্রন্থ মানচিত্র ও বিভিন্ন চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৩৮শ অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্তার ভূমিকাদ্বয় (Preaces), বিষয়-তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র-(Index Glossary) সহ গ্রন্থখানি প্রকাশিত। ভিক্ষা—১৫, পনর টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, রায়পেটা মাদ্রাজ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

'ঠাকুর ভক্তিবিনোদ'

——:(০):——

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি-প্রচারের মূল মহাজন সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবচূড়ামণির অভিনব্য জীবনচরিত এতাবৎকাল পর্য্যন্ত গ্রন্থাকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয়মঠাচার্য্যবর্য্যের ভক্তশ্রেষ্ঠ সর্ব্ববিদ্যাবিভূষিত সু-লেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু মূল্যবান শিক্ষামালাও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১২৫ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৸০ আনা; ডাক মাশুল স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান—ম্যানেজার গ্রন্থবিভাগ

শ্রীগৌড়ীয়মঠ

পোঃ বাগবাজার

কলিকাতা

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

——:(০):——

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু ধর্ম্মগ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১।১নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্

উহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

ই, বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্টাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ ৪-৩৬ ৬ ২৬ ৭-০৬ ১২-২৬ ১৪-৫৬ ১৬-৫৬ ১৭-৫৬ ২২-২৬

রাণাঘাট পৌঃ ৮-২৮ ১৪-১৫

(বদল) ছাঃ ৯-৩০ ১৪-৫০

কৃষ্ণনগর পৌঃ ৭-১ ৮-৪৫ ১০-৮ ১৫-২৩ ১৭-৪৮ ১৯-০৮ ২০-১৩ ১-১৫

(বদল) ছাঃ ৭-১২ ১০-৩১ ১৭-৩৮ ২০-২৬

নবদ্বীপঘাট পৌঃ ৭-৫১ ১১-১০ ১৮-১৩ ২১-৪

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ ১১-৬

রাণাঘাট পৌঃ ১২-৫৫

ছাঃ ১৩-০

শান্তিপুর পৌঃ ১৩-২৬

(বদল) ছাঃ ১৩-৩১ (ন্যারো গেজ রেলওয়ে)

কৃষ্ণনগর পৌঃ ১৪-১৫

ছাঃ ১৪-৩০

নবদ্বীপঘাট পৌঃ ১৫-১০

ডাউন

নবদ্বীপঘাট ছাঃ ৫ ৪৫ ৯-১৫ ১৩-৩১ ১৬-০ ১৮-৩১

কৃষ্ণনগর পৌঃ ৬ ২৩ ৯-১৬ ৯-৪৮ ১১-৫১ ১৪-১০ ১৬-৩৮ ১৯-১১ ২১-১০

ছাঃ ৬-৩৬ ৭-১৮ ১০-১১ ১৬-৫৬ ১৯-২৫

রাণাঘাট পৌঃ ১০-৪৬ ১৭-৪০

(বদল) ছাঃ ১১-১ ১৭-৪৫

কলিকাতা পৌঃ ৬-১৬ ৯-২১ ১১-৫১ ১২-১৬ ১৪-১৬ ১৯-১১ ২১-৪১ ২৫-৩৭

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ ১৩-৩১ ১৬-০

কৃষ্ণনগর পৌঃ ১৪-১০ ১৬-৩৮

ছাঃ ১৫-২৮ ১৭-৩৪

শান্তিপুর পৌঃ ১৬-৯ ১৮-১৪

(বদল) ছাঃ ১৬-৩০ ১৮-২৫ (রবিবার ভিন্ন) ২০-৪০ (রবিবার)

রাণাঘাট পৌঃ ১৭-১০ ১৮-৫০ ২১-১৪

(বদল) ছাঃ ১৭-৪৪ ১৯-১৪ ২১-৫০

কলিকাতা পৌঃ ১৯-১১ ২০-৪০ ২৩-৩৭

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

মেহলোর পাচন

সর্ব্ববিধ মেহের অব্যর্থ মহৌষধ

গণোরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণ দুর্ব্বল পরীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাটতি ও অত্যন্ত অধিক। দিতীয় শ্রীশ্রী সংযুক্ত কামাখ্যা এবং নূতন ও প্রাতন রোগে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। মূল্য ছোট বোতল ৷৵০ দশ আনা, বড় বোতল ১৵০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা

অথবা

পোঃ বেহালা, ২৪ পরগণা

পোঃ—শ্রীমায়াপুর
টেলিগ্রাফ—"শ্রীধাম মায়াপুর"

[illegible]

দৈনিক নদীয়াপ্রকাশ

'THE DAILY NADIA PRAKASH'

ভারতের সর্ব্বত্র বহুল প্রচলিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৪শ খণ্ড] শ্রীমায়াপুর—১লা ভাদ্র, ১৩৪৬, ১৮ই আগষ্ট, ১৯৩৯, শুক্রবার [১৪৬শ সংখ্যা

বিবিধ সংবাদ

—:০:—

ভারত হইতে প্রেরিত পণ্যের উপর শুল্ক

১২ই আগষ্ট রেঙ্গুন বাণিজ্য-বিভাগ এই মর্ম্মে এক বিজ্ঞপ্তি প্রচার করিয়াছেন যে, ভারতবর্ষ হইতে বৃটিশ ব্রহ্মদেশে যে সব চিনি, লবণ ও সিগারেট আমদানী হইবে সেই সব জিনিষের উপর শুল্ক ধার্য্য করা হইবে। ঐ বিজ্ঞপ্তিতে আরও বলা হইয়াছে যে, ব্রহ্মদেশীয় টেরিফ আইনের ৫ ধারা অনুসারে গবর্ণর ঐ ধারায় ভারতবর্ষকে "বিদেশ" বলিয়া ঘোষণা করিয়াছেন এবং গবর্ণর নির্দ্দেশ দিয়াছেন যে, উক্ত টেরিফ আইনে অথবা বর্ত্তমানে প্রচলিত অপর যে কোন আইনে শুল্কের যে হার নির্দ্দিষ্ট আছে, ঐ সব জিনিষের উপর সেই হারে শুল্ক ধার্য্য করা হইবে।

———

ভারত গবর্ণমেণ্টের আয় বৃদ্ধি

বাণিজ্য-শুল্ক বাবদ আয়ের বর্ত্তমান হার অক্ষুণ্ণ থাকিলে বর্ত্তমান বৎসরের কেন্দ্রীয় গবর্ণমেণ্টের পূর্ববর্ত্তী যে কোন বৎসর অপেক্ষা অধিক অর্থ উদ্বৃত্ত হইবে। চলিত বৎসরের বাজেটে বাণিজ্য-শুল্ক বাবদ আয় গত বৎসর অপেক্ষা ১২ লক্ষ টাকা অধিক হইবে বলিয়া ধরা হইয়াছিল; কিন্তু গত চারি মাসেই গত বৎসরের প্রথম চারি মাস অপেক্ষা ৩ কোটি টাকা অধিক আয় হইয়াছে। অবশিষ্ট কয়েক মাসে কোনরূপ বিপর্য্যয় না ঘটিলে সারা বৎসরে বাণিজ্য শুল্ক বাবদ আয় ৪৩ কোটি টাকার অধিক হইবে। বাজেটে ঐ আয়ের পরিমাণ ৪০ কোটি টাকা ধরা হইয়াছিল। ইহা নিঃসন্দেহে আশা করা যায় যে, বর্ত্তমান অবস্থা অক্ষুণ্ণ থাকিলে আমদানী রাজস্বের ঘাট্‌তি পূরণ করিবার পরও বর্ত্তমান বৎসরে বাণিজ্য-শুল্ক বাবদ আয় বাজেটের বরাদ্দ অপেক্ষা প্রায় ৩ কোটি টাকা অধিক হইবে। শুল্ক বাবদ আয় অপ্রত্যাশিত বৃদ্ধির কারণ চিনি ও মোটর স্পিরিটের অত্যধিক আমদানী। চিনির আমদানী বৃদ্ধির ফলে বাণিজ্য-শুল্ক বাবদ আয় দেড় কোটি টাকার উপর বৃদ্ধি পাইয়াছে। তুলার উপর আমদানী শুল্কের ফল নৈরাশ্যজনক। উহা আশানুরূপ না হইয়া সংরক্ষণ শুল্কের কাজ করিতেছে।

———

ইঙ্গ-ভারতীয় বাণিজ্য-চুক্তি

১৩ই আগষ্ট লণ্ডনের ভারত-বিভাগ ঘোষণা করিয়াছেন যে, গত ২০শে মার্চ্চ যে ইঙ্গ-ভারতীয় বাণিজ্য-চুক্তি স্বাক্ষরিত হয়, তাহা ১৫ই আগষ্ট হইতে বলবৎ হইয়াছে বলিয়া মনে করা হইবে। ভারত গবর্ণমেণ্টও ঐ তারিখ সম্বন্ধে সম্মতি দিয়াছেন।

———

সরকারী কর্ম্মচারীদের অবসর গ্রহণ

বোম্বাই সরকার স্থির করিয়াছেন যে, ১৯৪০ সালের ১লা জানুয়ারী তারিখে যে সকল সরকারী কর্ম্মচারী ৫৫ বৎসর বয়সে পদার্পণ করিবেন, তাহাদিগকে সরকারী কার্য্য হইতে অবসর গ্রহণ করিতে হইবে। যে সকল সরকারী কর্ম্মচারীর বয়স ইতঃপূর্ব্বেই ৫৫ বৎসর অতিক্রম করিয়া গিয়াছে, তাহাদিগকে আর আগামী ১লা জানুয়ারীর পর সরকারী কার্য্যে বহাল থাকিতে দেওয়া হইবে না।

ডান-জিগের হাই কমিশনার

রাষ্ট্র সঙ্ঘ কর্ত্তৃক নিযুক্ত ডানজিগের হাই কমিশনার প্রোফেসর বার্কহার্ড বার্কটেসগাডেনে যাইবার জন্য আহূত হন। তিনি ডানজিগ হইতে জার্ম্মাণী যাত্রা করেন। প্রোফেসর বার্কহার্ডের জার্ম্মাণী যাত্রার কয়েক ঘণ্টা পূর্ব্বে বৃটিশ গবর্ণমেণ্ট বিশ্বস্তসূত্রে এই সংবাদ জানিতে পারেন। প্রোফেসর বার্কহার্ড ডানজিগে প্রত্যাবর্ত্তন করিয়াছেন বলিয়া অনুমিত হইতেছে। তিনি এক্ষণে ডানজিগ সেনেট ও পোলিশ কর্ত্তৃপক্ষের মধ্যে যোগাযোগ প্রতিষ্ঠা করিতে পারিবেন বলিয়া মনে হয়। বার্কটেসগাডেনে কি আলোচনা হইয়াছে, বৃটিশ গবর্ণমেণ্ট তৎসম্বন্ধে কোন সংবাদ পান নাই।

বহু পোষ্টম্যান গ্রেপ্তার

বিশ্বস্তসূত্রে প্যারিসে এক সংবাদ আসিয়াছে যে, গত সপ্তাহের শেষে ডানজিগে বহু পোষ্টম্যানকে গ্রেপ্তার করা হইয়াছে; তাহারা "ডানজিগ হকাৎ থাক" নামে এক পুস্তিকা বিলি করিতেছিল।

ঐ পুস্তিকায় হের ফর্ষ্টারের বিরুদ্ধে তীব্র ব্যক্তিগত আক্রমণ করা হইয়াছে; উহাতে বলা হইয়াছে যে, ফর্ষ্টারের প্রচুর অর্থ ও সম্পত্তি আছে।

উক্ত সংবাদে আরও জানা গেল যে, গত কয়েকদিনের মধ্যে "ডানজিগ স্বাধীনতা ফ্রণ্ট"-এর কার্য্যকরীবর্গ সমিতির স্বাক্ষরিত এক টাইপ করা খোলা চিঠি ব্যাপকভাবে বিতরণ করা হইয়াছে। প্রকাশ, এ সম্পর্কেও বহু লোককে গ্রেপ্তার করা হইয়াছে।

আইরিশ গণতন্ত্রবাহিনীর বিরুদ্ধে অভিযান

নূতন আইন প্রবর্ত্তিত হইবার পর এ পর্য্যন্ত ৭১জন সন্দেহভাজন ব্যক্তির বিরুদ্ধে আদেশ জারী হইয়াছে। যে ১২ জনের বিরুদ্ধে আদেশ জারী হইয়াছে, তাহাদের পাঁচজনের বিরুদ্ধে নিষেধাজ্ঞা এবং অবশিষ্ট ব্যক্তিদের বিরুদ্ধে বহিষ্কারের আদেশ দেওয়া হইয়াছে। স্বরাষ্ট্র-সচিবের আদেশের বিরুদ্ধে যে তিনটি ক্ষেত্রে আপীল করা হইয়াছিল তন্মধ্যে দুইটির শুনানী শেষ হইয়াছে এবং বহিষ্কারের আদেশই বজায় আছে। অবশিষ্ট আপীলের শুনানী এখনও শেষ হয় নাই।

এলাহাবাদে শিক্ষয়িত্রী ট্রেণিং কলেজের উদ্বোধন

যুক্তপ্রদেশ গবর্ণমেণ্টের মন্ত্রী শ্রীযুক্ত কাটজু প্রয়াগ মহিলা বিদ্যাপীঠের শিক্ষয়িত্রী ট্রেণিং কলেজের উদ্বোধন করিয়াছেন। ভারতের সকল স্থান, এমন কি, সুদূর কোচিন হইতেও শিক্ষয়িত্রীগণ এখানে শিক্ষালাভ করিতে আসিয়াছেন। ডাঃ কাটজু বিদ্যাপীঠ কর্ত্তৃপক্ষকে জানাইয়াছেন যে এই প্রদেশের যে সব জেলায় বালিকাদের জন্য উচ্চ ইংরাজী বিদ্যালয় নাই, এরূপ ৩১টি জেলায় অল্পব্যয়ে বালিকারা যাহাতে শিক্ষালাভ করিতে পারে তজ্জন্য উচ্চ ইংরাজী বিদ্যালয় স্থাপনের একটি পরিকল্পনা প্রস্তুত করিয়াছেন। সুযোগ্যা শিক্ষয়িত্রী, যাহাদের উপর এই সকল বিদ্যালয় স্থাপন ও পরিচালনের দায়িত্ব অর্পণ করা যাইতে পারে—সংগ্রহের অসুবিধা দূরীকরণই ইহার মুখ্য উদ্দেশ্য।

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ পাদাখ্য মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক। প্রতি একাদশীতে প্রকাশিত হয়। কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। সডাক ভিক্ষা ৪।০ টাকা মাত্র।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৷০ টাকা মাত্র।

৩। 'ভাগবত'—হিন্দিভাষায় একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ টাকা মাত্র।

৫। শ্রীগৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ মাত্র।

পরমগুরু শ্রীগৌরকিশোর

গৌড়ীয়-সম্পাদক-লিখিত, শ্রীগৌড়ীয়মঠাচার্য্যের ভূমিকা-সম্বলিত, বহুচিত্র-শোভিত ও বিবিধ সূচী-সম্বলিত "পরমগুরু শ্রীগৌরকিশোর" গ্রন্থরাজ প্রকাশিত হইয়াছেন। এই গ্রন্থে শুদ্ধগৌড়ীয়বৈষ্ণবগণের পরমারাধ্য, গৌড়ীয়গৌরব সর্ব্ববিধ অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তিবিগ্রহ নিত্যলীলাপ্রবিষ্ট পরমহংস ও বিষ্ণুপাদ শ্রীশ্রীল গৌরকিশোরদাস গোস্বামী প্রভুবরের অপ্রকাশিত চরিতকথা বর্ণিত আছে।

শ্রীশ্রীভক্তিবিনোদাবির্ভাব-শতবর্ষপূর্ত্তিতিথিপূজার উপায়ন-গ্রন্থমালা

——::(•)::——

১। গীতিসাহিত্যে শ্রীভক্তিবিনোদ

শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র গীতিসাহিত্যের সমালোচনা-গ্রন্থ)

ভিক্ষা— ৸০ বার আনা মাত্র।

২। শ্রীভক্তিবিনোদবাণীবৈভব

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের রচনাসমুদ্র হইতে আহৃত ১০৮টি অধ্যায়ে সম্বন্ধ-অভিধেয়-প্রয়োজনাকারে গ্রথিত অমূল্য উপদেশপূর্ণ গ্রন্থ)

ভিক্ষা—৩৲ তিন টাকা মাত্র।

৩। শ্রীশ্রীভক্তিবিনোদ-প্রসঙ্গ

ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ ও ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামীপ্রভু-বিরচিত এবং গৌড়ীয়ে প্রকাশিত শ্রীশ্রীভক্তিবিনোদ-চরিত-প্রসঙ্গ

ভিক্ষা—।৵০ ছয় আনা মাত্র।

৪। ছাত্রদের ভক্তিবিনোদ

ছাত্রদের উপযোগী ভাষায় লিখিত শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্র ও শিক্ষা)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

ছাত্রদের পক্ষে ভিক্ষা—।০ আট আনা মাত্র)

প্রাপ্তিস্থান :—

(১) 'ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট', পোঃ শ্রীমায়াপুর, নদীয়া ;

২) শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ;

● শ্রীযুক্ত সুপতিরঞ্জন নাগ এম্‌-এ, বি-এল্‌, পুরাণপল্টন পোঃ রমনা, ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্‌,—সম্পূর্ণ ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ২৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। ভাষ্যসহ বিরাট্‌ শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৬৲
৩। ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৭
৪। সরস্বতী-জয়শ্রী (অবাঁধা) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০ ; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০
৪র্থ খণ্ড —৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার-দীপিকা ও সংস্কার দীপিকা ১।০
৯। বৈষ্ণবদর্শ ২৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ।০
১৫। বৈষ্ণবসাহিত্যে সম্বন্ধ-তত্ত্ব ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষৎ
১৮। বাহন আন্দোলন ।০
১৯। তত্ত্ববিবেক ।০
২০। গৌড়ীয়-গৌরব ।৵০
২১। গৌড়ীয়শিক্ষা ।৵০
২২ ভজন-রহস্য ।০
২৩। শ্রীচৈতন্যভাগবত ও শ্রীনবদ্বীপশতক (বাঁধা) ১৲
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা সহ) ৩৲
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) ২৲
অবাঁধা) ১৲
২৬। গীতার কেবল মূল-ভাষ্য ৭০
২৭। বৃহদ্ভাগবতামৃতঃ (সানুবাদ) ২৲
২৮। বেদান্তদর্শন (সানুবাদ) ।০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৸০
৩০। দীপ-নিম্‌-দর্শন ৵০
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ।৵০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ।০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৭০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶০
৩৫। গীতমালা ৵১০
৩৬। নবদ্বীপধাম-মাহাত্ম্য ৶০
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৶০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০
৩৯। শ্রীগোদ্রুমকল্পতরু ।০
৪০। শরণাগতি ৵০
৪১। গীতাবলী ৵০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
৪৩। সাধুসঙ্গ ৵০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ৴
৪৫। নবদ্বীপশতক
৪৬। অর্চ্চনকণ্ঠ
৪৭। সদাচারস্মৃতিঃ ০/
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৵১০
৪৯। অর্চ্চনপদ ৵১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম ও ২য় খণ্ড) ৬৲
৫১। ব্রহ্মসংহিতা ।০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ-বিনির্ণয় ।০
৫৫। তত্ত্বসূত্রাবলী বা সারাবলম্বনী ।০
৫৬ ভাগবত ও ভক্তিপথ ৶০
৫৭। ঈশোপনিষৎ (ভাষ্যাদিসহ) ।০
৫৮। শ্রীকৃষ্ণনৈবর্ত ৶০
৫৯। শিক্ষাসুবর্ণ ৶০
৬০। সাংখ্যবাণী ৵০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।০
৬২। সিদ্ধান্ত সরস্বতী ঃষ্টিকম্‌ ।০
৬৩। সটীক-সিদ্ধ,বন্ধুনম্‌ ।০
৬৪। তত্ত্বমাল ।০
৬৫। সারস্বত শিক্ষাষ্টকম্‌ ৶০
৬৬। গৌড়ীয়মঠপরিচয়ঃ ৵০
৬৭। সারাৎসারম্‌ ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।০
৬৯। এ ফিউ ওয়ার্ডস অন বেদান্ত ।০
৭০। নামভজন ৵০
৭১। বেদান্ত—ইটস্‌ মরফলজী অ্যাণ্ড অণ্টলজি ।০
৭২। সিলেক্টেড ওয়ার্কস্‌ ।৵০
৭৩। লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস অব শ্রীচৈতন্য মহাপ্রভু ।০
৭৪। বেদশীলন ।০
৭৫। গোল্ডেন গৌড়ীয়মঠ ইন টুইট ৵০
৭৬। দি ভাগবত
৭৭। বৈদিক প্রিন্সিপাল অ্যাণ্ড আনন্যালেয়ড রিলিজন
৭৮। ব্রহ্মসংহিতা ২।০
৭৯ শ্রীকৃষ্ণচৈতন্য (প্রথম খণ্ড) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ।০
৮১। সাধন-পথ ।০
৮২। কল্যাণ-কল্পতরু ৶০
৮৩। গীতাবলী ৵০
৮৪। শরণাগতি ৵০

আসামী ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ৵০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ১৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক
নদীয়া-প্রকাশ
একমাত্র পারমার্থিক
দৈনিক পত্র
ধাম-মায়াপুর-নদীয়া

১৮ বর্ষ | ৪৫৩ গৌরাব্দ, ১লা ভাদ্র বঙ্গাব্দ ১৩৪৬, ১৮ই আগষ্ট ইং ১৯৩৯, শুক্রবার | ১৪৬৭ সংখ্যা

ভাগবতধর্ম্মযাজনকারীর বিচার

——::)•(::——

[ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ]

ভগবানের তটস্থা-শক্তি-পরিণত জীবগণ বদ্ধাবস্থায় আনন্দরহিত হওয়ায় ভগবৎ-সেবাকার্য্যে প্রীতিরহিত, ভগবৎ-সেবকে শ্রদ্ধাবর্জ্জিত, সেবাবিমুখগণের প্রতি কৃপাহীন এবং সেবাবিমুখ ভোগী অহঙ্কারী জনগণের মুখাপেক্ষাযুক্ত। প্রেমধনে বঞ্চিত হওয়ায় মায়াবশবিশেষায় প্রেমে তাহাদের অন্তঃকরণ সম্যক্ প্রবর্ত্তিত নহে এবং তাহারা ভগবদ্বিগ্রহে মমতার লেশমাত্র পরিপোষণ করে না। ভগবৎসেবা-প্রেমাবিষ্ট জনগণে শুশ্রূষারহিত হইয়া ঈশ্বরসেবক জনগণের আনুগত্য না করিয়া কিঞ্চিৎ ভগবৎ-সেবোন্মুখ জনগণে আদরভাবে সেবোন্মুখ সমাজের প্রতি শ্রদ্ধা-বর্জ্জিত। দয়ার স্বরূপজ্ঞানাভাবে নিষ্ঠুর হইয়া জীবের ভগবদ্-বৈমুখ্যের সহায়তা করিতে সর্ব্বদা উন্মুখ এবং ভগবদ্বিমুখ আশ্রয়বিহীন জনগণের উপর প্রভুত্ব করিবার জন্য উদ্গ্রীব। জীবকে ভগবদুন্মুখ করাই সর্ব্বোত্তম কৃপা। বিমুখ জীবের দ্বারা অভিভূত না হইয়া তৎপ্রতি ঔদাসীন্য প্রকাশও তাহার প্রতি দয়ারই পরিচায়ক। বিমুখের সহিত সেবোন্মুখের মিত্রতা করিতে গিয়া যে অনর্থ, উহা ভগবজ্জনে মিত্রতার বিমুখতা-মাত্র।"

সাধনাবস্থায় পূর্ব্বাভিজ্ঞতার প্রভাবে পূর্ব্বাবস্থায় .... সংসারগ্রহণের প্রবণতা থাকিলে জীব কনিষ্ঠাধিকারে অবস্থিত হন। তখন তাঁহার ঈশ্বর-সেবায় কিঞ্চিৎ অধিকার হইলেও ভগবৎ-পরিকরবৈশিষ্ট্যে এবং পরিকর-বৈশিষ্ট্যের তারতম্য-নির্দ্দেশে বিজ্ঞতার তারতম্য উপলব্ধির বিষয় হয় না। সে'কালে তিনি ভগবদুন্মুখ, ভগবৎসেবা-নিরপেক্ষ ও ভগবদ্বিদ্বেষীকে সমপর্য্যায়ে দৃষ্টি করেন বলিয়া তাঁহার ভক্তিরাজ্যে প্রবেশাধিকার হয় নাই জানিতে হইবে। যেকালে ভক্তাভক্ত-বিবেক উদিত না হয়, তৎকালে জীব সেবোন্মুখতার অনুমোদন করিলেও তাঁহার ভক্তিরাজ্যে প্রবেশ হইবার অধিকার হয় নাই জানিতে হইবে। দ্বিতীয় পদ সাধনকালে পরিত্যাগ না করিলে দুঃসঙ্গের প্রতারণা জীবকে সংপাতিত করিয়া ভগবৎসেবাবিমুখ করায়। সেবকের দুষ্টতা ও স্বরূপজ্ঞানের পদ্ধতি-জন্য সেবাবিমুখ জনের অর্থাৎ মায়াবাদী, জ্ঞানবাদী, যোগী, কর্ম্মী ও অন্যান্য বিচার হইতে পৃথক্ থাকিবার জন্য মায়াবাদী দুঃতার্কিক ও কর্ম্মনিষ্ঠগণের বিচারের বহুমানন হইতে আত্মসংরক্ষণ আবশ্যক। যেরূপ দুর্ব্বল ব্যক্তির দস্যুদলবধে অধিকার না থাকায় বিপন্ন জীবের সন্ধান করে, তদ্রূপ তদ্দোষ বর্জ্জন করিয়া সাধনের উচ্চতর অধিকারের, উৎকর্ষের প্রতি লক্ষ্য রাখিতে হয়। যখন তিনি সেবকের নিকট যোগ্যতা লাভ করেন, তখন বিমূঢ় সঙ্গ তাঁহার দুর্ব্বলতাপ্রভাব-বর্জ্জিত আঘাত করিতে পারে না। তাই বলিয়া কনিষ্ঠাধিকারীর অবজ্ঞা-বরণ-কার্য্যকে কখনই উত্তমাধিকার বলা যাইবে না। অথবা মায়াবাদী, দুঃতার্কিক ও কর্ম্মনিষ্ঠগণের মধ্যমাধিকারকে গ্রহণ করিয়া সাধারণ সমদর্শতার পন্থা গ্রহণ করা কখনই আদরণীয় নহে। অনধিকারী যে-কালে সমদর্শবাদ-প্রচারকল্পে যথেচ্ছাচারিতার প্রশ্রয় দেন এবং অবৈধভাবে ভাবক-সংগ্রহের জন্য ভগবদ্ভক্তের অধিকারের প্রতি আক্রমণ করিয়া তাঁহাদিগকে অহঙ্কারী বলিবার ধৃষ্টতা প্রদর্শন করেন, সেইকালে অহঙ্কারবিমূঢ়াত্মা হইয়া জীবের কেবল কর্ম্মাধিকারের বা জ্ঞানাধিকারের তাৎপর্য্য পরিলক্ষিত হয়। কনিষ্ঠাধিকার লাভ করিয়া ভগবদ্ভক্তগণের পথে অগ্রগামী হইলে তাঁহার একটি চারি প্রকার বস্তুর বিনাশ অথবা বিবেকভাবে উপস্থিত হয়। তদুপলক্ষে উপকরণিক সেবনযোগ্যতা লাভ করিতে হইলে ভগবানের প্রীতি সংগ্রহ করা আবশ্যক। ভগবৎসেবারত জনগণের প্রতি শুশ্রূষামুখে গাঢ় সখ্য, অতিমুখে আনুগত্যময় সখ্য, অপরাধী কনিষ্ঠাধিকারীকে নামভজনে সাহায্য প্রদান এবং ভগবদ্ভক্তিবিরোধী অহঙ্কারী জনগণের সঙ্গ-বর্জ্জন মধ্যমাধিকারের লক্ষণরূপে প্রকাশিত হয়। কপট অর্জ্জকগণের মঙ্গলমাত্র অভিলাষী হইয়া তাঁহাদের সেবোন্মুখতার কাপট্য-বর্জ্জনকল্পে সাহায্য করাই মধ্যমাধিকারের লক্ষণ। মহাভাগবতের দক্ষিণহস্তরূপে কৃষ্ণপ্রেম-প্রদান-কার্য্যের সহায়তা করাই কনিষ্ঠদিগের প্রতি কৃপার মুখ্য লক্ষণ; কৃপার এইরূপ লক্ষণে সেবোন্মুখের মহিমা-প্রচারই লক্ষিত হয়। অনভিজ্ঞ কল্পভোগী কর্ম্মী যে কৃপার আদর্শ বিচার করিয়া থাকেন, তাহাতে যে তাৎকালিক ইন্দ্রিয়তর্পণের সুযোগ আছে, সেই সুযোগে ইন্ধন প্রদান করা কপট কৃপার উদাহরণ মাত্র। যদি প্রকৃত কৃপা জীবকে সংসার-বন্ধন হইতে উন্মুক্ত না করিতে পারে এবং ভোগিপর্য্যায়ে রাখিবার যত্ন করে, তাহা হইলে সেইরূপ দয়ার আদর্শ প্রতারণামাত্রেই পর্য্যবসিত হয় অর্থাৎ 'ভোগী-বেশধারী দয়া' করা হয় না। বৈষ্ণব লেখকগণ ইহাকে 'অমায়ায় দয়া' বলেন না। 'উপেক্ষা' শব্দটি এই প্রাণ পূর্ণ্যার্থ। তাহাতে উভয় পক্ষেরই অপ্রীতিকর বৈচিত্র্য লক্ষ হয়। ভগবানে এবং ভগবদ্ভক্তে যেরূপ বিদ্বেষ দেখা যায়, সেরূপে সর্ব্ব পক্ষে হিতাকাঙ্ক্ষণ-বিধি কৃপার অন্তর্গত হইলেও তাহাকে উপেক্ষা করিয়া তাহার সহিত কৃষ্ণকথাকে আদর করা কাহারও পক্ষেই সম্ভব। অতএব জনের অকৃত্রিমতা বর্জ্জনে জীবের মঙ্গল-পথে বিচরণ-প্রবর্ত্তনকল্পে উপকার করা হয়। কিন্তু সেই বস্তুর যদি উহাকে গ্রহণ বুঝিতে না পারিয়া অন্যের প্রতি আসক্ত থাকাকে কনিষ্ঠাধিকারী নিজের বিচার ভাবিয়া তাঁহার প্রতি অবজ্ঞা প্রদর্শন করিয়া তাঁহাকে পদমর্য্যাদাভাবে আক্রমণ করে, তাহা হইলে তাদৃশ কপটের কপটতাই দিন দিন বৃদ্ধি পাইবে। ভগবদ্ভক্তের কৃপা বুঝিতে না পারিয়া ভগবদ্ভক্তের নিকট উপেক্ষিত হইবে মাত্র।

শ্রীচৈতন্যবিমুখতা শ্রীচৈতন্যদাস বৈষ্ণবগণের প্রতি অসম্মান করিতে গিয়া যদি কেহ ভক্তি-সিদ্ধান্তের বাণীসমূহকে স্বীয় ভজনের ব্যাঘাত মনে করেন, তাহা হইলে তাঁহার হৃদয়ে সুদৃঢ় মানসের সম্ভাবনা থাকিবে না। তিনি ক্রমশঃ ভক্তিপথ হইতে চ্যুত হইয়া দ্বিতীয়াভি-নিবেশক্রমেই কৃষ্ণভজন-জ্ঞানে নিজের অমঙ্গল বরণ করিবেন। অসাবধানে হরিনাম দান বা 'ভক্ত' বলিয়া আত্মোপলব্ধি কখনই জীবকে নামভজনে উন্নত করিতে পারিবে না। বালিশজন আপনাকে মহাভাগবত জ্ঞানে যে বৈষ্ণব গুরুদ্রোহিতা আচরণ করেন, তাহা তাঁহার কৃপাবাক্যের অভাব মাত্র। ক্রমশঃ এই প্রকার অহঙ্কারবিমূঢ় গুর্বাভিমানী গুরুব্রুবের মধ্যমাধিকারের বিচার মতে উপেক্ষণীয় হইয়া পড়ে এবং গুরুপ্রসাদে কৃপাবঞ্চিত হইয়া নামাপরাধ করিতে করিতে অসাধু হইয়া পড়ে। গুরু-ভক্তগণ এরূপই বিরুদ্ধাভিমানিগণকে সর্বতোভাবে উপেক্ষা করিয়া থাকেন। এতাদৃশী উপেক্ষাই তাঁহাদের দয়ার প্রকৃষ্ট পরিচয়। মধ্যমাধিকারে অর্চনের সুষ্ঠুতা সমৃদ্ধ হইয়া ভজনে পরিণত হয়। অর্চন ও ভজনের মধ্যে পার্থক্য এই যে, প্রথমটি মর্য্যাদাপথের অনুষ্ঠান ও অপরটি নামাশ্রয়ে মর্য্যাদাপথের বহির্বিচারে শৈথিল্যজ্ঞাপক হইলেও সর্বতোভাবে ভগবৎসেবনচেষ্টা।

ভাগবত-ধর্মশিক্ষার্থী সর্বতোভাবে মনোবেগ দমন করিবেন। সাধুসঙ্গপ্রভাবে কৃষ্ণেতর বস্তুতে আসক্তি থাকে না। তখন সমভাবাপন্ন জনগণের সহিত মিত্রতা, নিজাপেক্ষা শ্রেষ্ঠ ব্যক্তির পূজা এবং নিজাপেক্ষা ন্যূন ব্যক্তিগণের প্রতি ভগবৎ-সেবার উপদেশ করিলেই মন নিগৃহীত হইবে। কায়মনোবাক্যের দণ্ডগ্রহণফলে শমদমাদিভাব আপনা হইতেই উদিত হয়। 'দম' শব্দের অর্থ—ইন্দ্রিয়-নিগ্রহ; 'শম' শব্দের অর্থ—ভগবানে নিষ্ঠাবুদ্ধি। ত্রিদণ্ডিগণের এই সব গুণ স্বভাবতঃ উদিত হয়। তাঁহারা ভাগবত-শাস্ত্রের প্রতি অর্চনের একান্তনিষ্ঠ হন এবং ভাগবতবিরোধী মতসমূহের প্রতি নিরপেক্ষ হইয়া নিন্দা করেন না। যাঁহাদের ভাগবতের প্রতি দৃঢ় শ্রদ্ধা, তাঁহাদের ত্রিদণ্ড-গ্রহণাধিকার অবশ্যম্ভাবী। বহির্জগতের কৃষ্ণেতর সেবোপযোগী বস্তু হইতে পৃথগ্বুদ্ধি ও সেবাবিমুখ মানসভাবসমূহের অভাব—এই উভয় প্রকার শুচিই শ্রীভাগবতাশ্রিত জনগণের অবশ্যম্ভাবী। বহির্জগতের বস্তুগুলি ভগবদ্বহির্মুখ জীবের ভোগ্য,—এই বিচার পরিহার করাই সত্য শুদ্ধি। ভগবদ্-বিমুখ স্মার্ত্তগণের স্নানাদি শুদ্ধি গৌণভাবে শৌচের আদর্শ হইলেও মুখ্যভাবে ভগবৎ-সম্বন্ধরহিত বস্তুই অশুচির আকর। অহঙ্কারা-বলম্বনে হরি-গুরু-বৈষ্ণবের প্রতি বিতৃষ্ণা ও নিজভোগপোষণ-বিচারেই অন্তরের অশুচি অবস্থা। "অর্চয়িত্বা তু গোবিন্দং তদীয়ান্ নার্চয়েত্তু যঃ। ন স ভাগবতো জ্ঞেয়ঃ কেবলং দাম্ভিকঃ স্মৃতঃ॥" আত্মতোষণই ভাগবতজীবনের নিরহঙ্কারের প্রতীতি।

ভগবদ্ভক্ত স্বধর্মে অবস্থিত হইয়া সেবানুকূল বিষয় ও সেবাবিমুখ পদার্থের সহিত সম্বন্ধত্যাগকেই তপস্যা বলিয়া জানেন। নতুবা সেবাবিমুখের তপস্যার কোন মূল্যই নাই। 'আরাধিতো যদি হরিস্তপসা ততঃ কিম্। নারাধিতো যদি হরিস্তপসা ততঃ কিম্। অন্তর্বহির্যদি হরিস্তপসা ততঃ কিম্। নান্তর্বহির্যদি হরিস্তপসা ততঃ কিম্॥"—এই বিচার আলোচ্য।

আপাতরম্য অনিত্য বস্তুগুলির গ্রহণ ও ত্যাগাদির পিপাসা—ভাগবতজীবনে অন্তরায়। প্রাকৃত ভোজ্য-পানীয় হইলেও স্পৃহ না হওয়াই তিতিক্ষার লক্ষণ। বাদ-বাদাদি কুতর্ক-শাস্ত্রে আদর, ঔপাধিক ইন্দ্রিয়পরিচালনসুখে বহির্জগতের বস্তুসমূহের ভোগপ্রয়াসকল্পে কর্মকাণ্ড শাস্ত্রের অধ্যয়ন ও অধ্যাপন এবং স্বেচ্ছাচারিতার উপযোগী বাক্যবিন্যাস ইত্যাদি ত্যাগই ভাগবতজীবনের শৌচের লক্ষণ। স্বরূপবোধের অভাবে প্রাকৃত দুঃখে অভিভূত হওয়া, ইন্দ্রিয়তর্পণপর হইয়া প্রবৃত্তিমার্গে বিচরণ করা, কৃষ্ণেতর বস্তুতে অনুরাগ-প্রদর্শন, দ্বিতীয়াভিনিবেশ-জন্য হরিবৈমুখ্য-সাধন প্রভৃতি মুনিবৃত্তির ব্যাঘাতকারক। শব্দের বিবর্ত্তোচ্চ বুদ্ধির দ্বারা আকৃষ্ট হইয়া কৃষ্ণনামকীর্ত্তনই মৌনধর্মের প্রদর্শকারক। কৃষ্ণেতর কথা হইতে নিবৃত্ত হওয়া বা প্রজল্পাদি ব্যাপারে ঔদাসীন্যই মুনির লক্ষণ।

সম্বন্ধাভিধেয়-প্রয়োজনজ্ঞাপক বেদ-শাস্ত্রানুশীলনই 'স্বাধ্যায়' শব্দবাচ্য। শ্রৌত-পথের অনুগমনে হরিসেবানুকূলে বেদাধ্যয়ন-শাস্ত্রাধ্যয়নই সর্বদা বিহিত। শ্রৌতসূত্রাদি-শাস্ত্র-বিশেষে প্রমত্ত হইয়া কর্মকাণ্ডের আবাহন স্বাধ্যায়-নিরত জনগণকে একায়ন পদ্ধতি হইতে বিপথগামী করে। ঐকান্তিক সেবা প্রবৃত্তি লাভের জন্য শব্দের বিবর্ত্তোচ্চবৃত্তি আশ্রয় করিয়া যে-সকল সাহিত্য ও আগম-নিগমাদির মর্ম্মোপদেশ কথিত হইয়াছে, তাহা অবহিতচিত্তে শ্রবণ ও গ্রহণ করাই স্বাধ্যায়ের লক্ষণ।

ভগবদ্বিমুখ জীবের সরলতা বলিয়া কোন বৃত্তি থাকিতে পারে না; ভগবৎসেবা-নিরত জনগণই সর্বতোভাবে সরলগণের পথিক। প্রাকৃত সাহজিকগণ কাপট্যবশে ভগবানের সেবা করিতে অসমর্থ হন। প্রাকৃত সাহজিকগণের ক্রূরবুদ্ধি ও ভগবৎসেবা-বিমুখতা—আর্জ্জব হইতে বহুদূরে অবস্থিত। "যেষাং স এব ভগবান্ দয়য়েদনন্তঃ সর্বাত্মনা-শ্রিতপদো যদি নির্ব্যলীকম্। তে দুস্তরা-মতিতরন্তি চ দেবমায়াং নৈষাং মমাহমিতি ধীঃ শ্বশৃগালভক্ষ্যে॥"

ঔপাধিক অহঙ্কার-ভাববিশিষ্ট জনগণের কাপট্যই অবলম্বন। সেই ছলনা আশ্রয় করিয়া জীবের ধর্ম, অর্থ, কাম ও মোক্ষ—এই চতুর্বর্গে রুচি উৎপন্ন হয়; উহাই অসরলতা। আত্মধর্মে সরলভাবে ভগবৎ-সেবাই বিহিত। প্রকৃত, স্বাধ্যায়নিরত জনগণ স্বীয় স্থূল-বুদ্ধির লক্ষণ প্রদর্শন করিয়াই সেবানুকূলবিচারে ব্রহ্মচর্যে অবস্থিত হইতে পারেন; নতুবা স্কন্দভাবে অসদ্বৃত্তিজীবী হইয়া পতিত হন এবং হরি-ভক্তবৈমুখ্য সংগ্রহ করেন।

বৈষ্ণবের আচারবর্ণনে যোষিৎসঙ্গের আদর নাই। ভগবদ্বিমুখ জনগণ স্ত্রৈণ হওয়ায় ও প্রকৃতিপ্রসূত জগতের ভোগের জন্য ইন্দ্রিয়তর্পণে প্রমত্ত হওয়ায় ব্রহ্মচর্য্য-রহিত। স্বাধ্যায় ব্যতীত ভগবানে কায়-মনোবাক্যবৃত্তি নিযুক্ত হইতে পারে না। ব্রহ্মে বিচরণকারী ব্যক্তিই ভগবৎসেবায় নিযুক্ত হইতে পারেন। প্রাকৃত সাহজিক প্রাপঞ্চিক ভোগ্যবস্তুসমূহের ভোক্তার অভিমানে ব্যস্ত হইয়া বৈকৃত রাজস, তামস অহঙ্কারে নিযুক্ত থাকে। সেই সকল পরিচ্ছিন্ন সসীম, খণ্ড ও হেয় বস্তুসমূহের পূজনকার্য্যে আত্মনিয়োগ করায় তাহার ব্রহ্মচর্য্যের অভাব হয়। কৃষ্ণসেবানুকূলে অখিল ইন্দ্রিয়নিয়োগই ব্রহ্মচর্য্যের তটস্থ লক্ষণ এবং কৃষ্ণসেবোন্মুখ বিচার গ্রহণ করিয়া অগ্রসর হইলেই ব্রহ্মচর্য্যের সাফল্য; নতুবা কেবল পঞ্চাশার জীবসমূহ ব্রহ্মচর্য্যের আদর্শ হইলে এবং রাজদণ্ডে দণ্ডিত কারাবাসিগণের ইন্দ্রিয়-তর্পণে বঞ্চিত হওয়াকেই যদি ব্রহ্মচর্য্য বলা যায়, তাহা হইলে স্বরূপে বিভ্রম বা অবৈদিক হইবার আর কি অবশিষ্ট থাকিল? অশ্রৌতপন্থী বা তর্কপন্থী কখনই ভাগবত বা ব্রহ্মচারী হইতে পারেন না। গৃহব্রতী বৈষ্ণবগণ নৈষ্ঠিক্যের মিতাচার পরিহার করেন না।

বিষ্ণুভক্তিনিরত জনগণই নির্ম্মৎসর। বৌদ্ধ ও জৈননীতি বর্ণিত অহিংসাদি বিচারের দিকে কিঞ্চিৎ অগ্রসর হইবার রুচি প্রদর্শন করে, তথাপি উক্ত নীতিবাদিগণ আত্মঘাতী। উঁহাদের অনার্থকতার প্রবল হওয়ায় তাঁহারা আত্মিক হিতাকাঙ্ক্ষ জগতের ভোক্তৃত্বে আপনাদের চেষ্টা নিয়োগ করেন। ঐরূপ অনাত্মবিদের আত্ম-তাড়ন হিংসারই প্রকারভেদ জানিতে হইবে। "চৈতন্যদেবের দয়া কর হ বিচার। বিচার করিলে চিত্তে পাবে চমৎকার॥" এইকথা যাঁহারা বুঝিতে না পারিয়া অহিংসার কৃত্রিম ব্যাখ্যায় নিযুক্ত থাকেন, তাঁহারা আত্মঘাতী বলিয়া হরিসেবা-তাৎপর্য্যকে 'অহিংসা' বলিয়া জানিতে পারেন না। সর্বক্ষণই হিংসাবৃত্তি অবলম্বন করিয়া ভাগবতগণের অহিংসাপ্রবৃত্তিকে বহুমানন করিতে পারেন না। বালকোচিত অধৈর্য্য ভক্তিবিদ্বেষী করাইয়া হিংসারাজ্যে চতুর্বর্গাভিলাষী করিয়া ফেলে। কৃষ্ণপ্রেমই যে বেদপ্রতিপাদ্য প্রয়োজনতত্ত্ব—ইহা তাঁহারা বুঝিতে না পারিয়া মৎসর-স্বভাব গ্রহণ করেন।

প্রাকৃত বিপরীত ধর্ম বিপরীত রুচি-বিশিষ্ট জনগণকে বিভিন্ন আলাপে আবদ্ধ করে। কেহ কোন ব্যাপার-বিশেষকে নীতিপুষ্ট মনে করিয়া তদ্বিপরীত ব্যাপারকে 'দুর্নৈতিক' প্রভৃতি সংজ্ঞায় অভিহিত করেন। নিজ নিজ স্বার্থ-পোষণ উদ্দেশ্যে বিবিধাহঙ্কারযুক্ত ভগবদ্বিমুখ জনগণ নিজ নিজ কৃত কার্য্যকে নীতিপুষ্ট বলিয়া সিদ্ধান্ত করেন। এই পরস্পর বিবদমান বিপরীত ভাবসমূহ যাঁহার হৃদয়কে উদ্বেলিত না করে, তিনিই 'সমতা' লাভ করেন। "ব্রহ্মভূতঃ প্রসন্নাত্মা ন শোচতি ন কাঙ্ক্ষতি। সমঃ সর্বেষু ভূতেষু মদ্ভক্তিং লভতে পরাম্॥" নির্বিশেষবাদী গীতার এই শ্লোকের তাৎপর্য্য বুঝিতে অসমর্থ, কেন-না তাঁহাদের ভক্তি-বৈমুখ্য বিবিধাহঙ্কার মন্যুধারা তাঁহাদিগকে আবদ্ধ করিয়া সত্যে উপনীত হইতে দেয় না। ব্রহ্মজ্ঞবিৎ পণ্ডিতগণই 'সমদর্শী' বলিয়া কথিত। তাঁহারা প্রাপঞ্চিক উচ্চাবচ ভাবসমূহের সহিত বাস্তবসত্য—যাহা প্রপঞ্চ সৃষ্টির পূর্বে এবং পরেও অবস্থিত থাকেন, তাহার বস্তুগত ভেদ কল্পনা করিয়া তাৎকালিক বহিঃপ্রজ্ঞা-চালিত খণ্ড-খণ্ড জগতের ভাবসমূহে আবদ্ধ থাকায় সমতা হইতে, অপ্রাকৃত হইতে, অভেদ হইতে অচিন্ত্য-ভেদাভেদ-বিচাররূপ সমভাবরূপ ভাববিশিষ্ট। ইন্দ্রিয়তর্পণ-রত আধ্যাত্মিক অধোক্ষজ-সেবাবিমুখ হইয়া বৈষম্যে প্রতিষ্ঠিত। তাঁহাদের প্রতিকূল-ভাববিশিষ্ট হইলেই ভাগবত-জীবনের সমতা বুঝিতে পারা যায়।

দৃশ্য-জগতের ভগবদ্বিমুখজনের ইন্দ্রিয়-ভোগ্য ব্যাপার সিদ্ধান্ত না করিয়া সকল

মহৎকৃপা বিনা কোন কর্ম্মে ভক্তি নয়। কৃষ্ণভক্তি দূরে রহু সংসার নহে ক্ষয়।

যদ্যপি ভগবৎসেবোপকরণ-যোগ্যতা আছে এবং অন্তর্যামিরূপে ভগবত্ত্ব তাঁহাদের নিকট হইতে তদ্রূপ আংশিক সেবা গ্রহণ করেন—এইরূপ দর্শনকারী হইয়া নিজতোষের আরোপ না করিয়া ভাগবত-জীবন লাভ করা উচিত। ভগবান্ হইতে সম্পূর্ণ পৃথক্ এবং ভগবদ্বিরোধিজ্ঞানে . প্রাপঞ্চিক বিষয় ভোগী মায়াবাদী বিবর্ত্তের আশ্রয় গ্রহণ করেন। সেইরূপ বিচার অদ্বৈত-বিচারে ভাগবত-জীবনের অনুকূল নহে। শুদ্ধাদ্বৈত-বিচারপরায়ণ শ্রীমদানন্দতীর্থপাদ মূলবস্তুতে যে ভেদের বিচার করেন, সেই ভেদ-দর্শনে ভগবদানন্দ-বাধের প্রকাশ দেখিতে পাওয়া যায়। জীব-বিচারে কেবলাদ্বৈতবাদী যেরূপ স্বগত-সজাতীয়-বিজাতীয়ভেদরহিত জীব-ব্রহ্মৈক্যবাদ স্বীকার বা দর্শন করেন, ভাগবতের দর্শনে তদ্রূপ দর্শন স্বীকৃত হয় না। চিদ্ধর্ম্মবিশিষ্ট জীব অচিদ্ভেদে প্রতিষ্ঠিত নহেন, অথবা বিশেষত্বে বিস্তৃত নহেন। জীবের স্থূল-সূক্ষ্ম উপাধিতে আনন্দের বাধা বর্ত্তমান। উহাকেই মূঢ়জ্ঞানে ভোগপরায়ণ জীব জগন্মিথ্যাত্ববাদ স্বীকার না করিলেও জগতের চিদানন্দের স্বীকার করেন না। যেকালে তিনি ভগবদবতারের প্রাপঞ্চিক অধিষ্ঠান উপলব্ধিপূর্ব্বক আত্মোৎকর্ষ-সাধনে সমর্থ হন, তৎকালে জীবের আনন্দাভাব থাকে না; অথবা জগতের প্রতি ভোগবিচার প্রবল হয় না। মুক্তগণ ও বিগ্রহাশ্রয় জীব, উভয়েই স্বরূপতঃ ভগবানের চিৎসেবোপকরণবিচারে অন্তর্যামিস্বরূপে সজাতীয়,—এই প্রকার বৈষম্যভাবে প্রতিষ্ঠিত হইলেই তাঁহার সর্ব্বত্রই নিজ প্রভুর সত্ত্ব পরিলক্ষিত হয়। অদ্বয়জ্ঞান ব্রজেন্দ্রনন্দনই একমাত্র আকর্ষণ-ধর্ম্মে বৈষম্য সংরক্ষণ করেন,—এই দিব্যজ্ঞানের উদয়ে জীবের কেবলা ভক্তিই আত্মবৃত্তি বলিয়া অলক্ষিত উপলব্ধি ঘটে। মহাভাগবত—অনিকেত, অর্থাৎ স্থূল-সূক্ষ্ম শরীরে যে তাঁহার নিত্য আবাসস্থলী নাই—একথা বুঝিতে পারেন। গৃহে, শরীরে ও প্রভুতাকালে সর্ব্বত্র ভগবৎসম্বন্ধ দর্শন করিয়া তাঁহার নিত্য আবাসস্থলী ভগবৎপাদপদ্মধূলিতে নিহিত—এই কথা বুঝিতে পারিলে সাত্ত্বিক স্বভাব, রাজসিক আবাস ও তামস দ্যূতক্রীড়া-সদন-ভক্তোপ্রয়-দর্শনপরতায় নিবাস স্থাপন না করায় তিনি অনিকেত হন। আশ্রিত-ভাগবতগণের অংশবিশেষরূপ স্বরূপোপলব্ধিতে যে ভেদ-জ্ঞান প্রবল রাখিয়া নিত্য স্বয়ং স্বরূপ অবিচ্ছেদ্য শক্তিতে অবস্থিত, তাহা মায়িক ভেদবিচারে অচিন্ত্যভেদের ব্যাঘাত করে, তাদৃশ উপলব্ধিরাহিত্যে অনিকেত। প্রপঞ্চে অবস্থানকালে সকল বস্তুই যে ভগবৎ-সম্বন্ধে সংশ্লিষ্ট—এই বিচার প্রবল হইলে জীবের অসন্তোষের কারণ থাকে না। তিনি তখন প্রভুভাবে সম্ভাবরণের জন্য ব্যস্ত না হইয়া লোকদৃষ্টি হইতে স্বদেহকে বস্ত্রাদির দ্বারা আচ্ছাদন করেন এবং ভগবৎসঙ্গিগণের নিত্য সঙ্গে বাস করিবার অভিপ্রায়ে মায়াবাদী, কর্ম্মী ও যথেচ্ছাচারীর সঙ্গ বর্জ্জন করেন।

দুঃসঙ্গলাভকারীর অহংগ্রহোপাসক-দল অথবা প্রবৃত্ত ভোগাকাঙ্ক্ষি-সম্প্রদায় যেরূপ বিচার-প্রণালীতে ভাগবত অধ্যয়ন করেন এবং অন্যান্য সাম্প্রদায়-গর্হণ করেন, তাদৃশী নিন্দা ও প্রশংসা প্রয়োজনীয় বোধ করেন না।

শ্রীরামানুজাচার্য্যের উপদেশ

——::(•)::——

নিদ্রা ভঙ্গ হইবামাত্র ভগবৎপরম্পরার মহিমান্বিত নামাবলী কীর্ত্তন করিবে।

যখন বৈষ্ণবগণ ভগবান্ বা ভগবদ্ভক্তের নাম ও মহিমা কীর্ত্তন করিতে থাকেন, তখন তাঁহাদিগের যথাশক্তি পূজা বিধান করিবে। কিন্তু হঠাৎ তাঁহাদিগের নিকট হইতে উঠিয়া হইয়া চলিয়া যাইও না, ঐ প্রকার চলিয়া যাওয়া মহা অপরাধ।

কোন বৈষ্ণব তোমার নিকট আসিতেছেন জানিলে তুমি অগ্রসর হইয়া তাঁহাকে অভ্যর্থনা করিতে ভুলিও না এবং যখন তিনি প্রত্যাবর্ত্তন করেন তখন কিয়দ্দূর পর্য্যন্ত তাঁহার অনুব্রজ্য করিবে। এই প্রকার আচরণের লঙ্ঘন করিলে মহা অপরাধে পতিত হইতে হয়।

শ্রীবৈষ্ণবের অধীনে থাকিয়া তাঁহাদের সেবা দ্বারা জীবন-ধারণ কর। কিন্তু যাহারা বৈষ্ণবের কৃপা-লেশও প্রাপ্ত হয় নাই, এই প্রকার ব্যক্তিগণের সেবা, তাহাদের গৃহে গমনাগমন, তোমার নামের পূর্ব্বে তাহাদের নামের উল্লেখ অথবা জীবিকানির্ব্বাহের জন্য তাহাদের উপর নির্ভর প্রভৃতি কার্য্য অতি শীঘ্রই তোমাকে পাতিত করিবে।

ভগবানের মন্দির, তাঁহার ধ্বজ বা চূড়া তোমার দৃষ্টিপথে পতিত হইবামাত্র ভক্তিভরে করযোড় করিবে।

অদ্ভুত কোন দেবতার অলৌকিক কার্য্যের কথা শুনিয়া বিস্মিত হইও না।

শ্রীবৈষ্ণবগণ যখন ভগবান্, ভগবদ্ভক্ত বা শ্রীগুরুদেবের বন্দনা ও তাঁহাদের মহিমা কীর্ত্তন করেন, সেইকালে তাঁহাদের কার্য্যে বাধা দেওয়া অথবা তাঁহাদের সহিত বিতর্ক করা মহা অপরাধ।

কখনও শ্রীবৈষ্ণবগণের ছায়া অতিক্রম করিবে না।

তোমার ছায়া যেন কোনক্রমে তাঁহাদের উপর পতিত না হয়।

যদি কোন নিম্নাধিকারী বৈষ্ণব তোমাকে প্রণামে অভিবাদন করেন তাহা হইলে তুমি তাঁহাকে উপেক্ষা করিও না, কারণ তাহা মহা অপরাধ।

যদি কোন শ্রীবৈষ্ণব তোমাকে অভিবাদন করিয়া 'আমি আপনার দাস' এই প্রকার দৈন্যোক্তি করেন তাহা হইলে তাঁহার প্রতি কোন প্রকার অপমান প্রদর্শন করিও না, কারণ উহা গুরুতর অপরাধ।

যদি কোন শ্রীবৈষ্ণবের নিদ্রালুতা, আলস্য, নীচকুলে আবির্ভাব প্রভৃতি কোন দোষের কথা অবগত হও তাহা হইলে উহা অপর কাহারও নিকট প্রকাশ করিও না। উহার কথা তোমার নিকট গুপ্ত রাখিয়া কেবল তাঁহার গুণাবলীই প্রকাশ করিবে।

যাহারা ভগবান্ ও তাঁহার ভক্তের কথা অবগত নহে, তাহাদের পাদোদক গ্রহণ করিবে না।

প্রত্যহ যে-কোন প্রকারে হউক শুদ্ধবৈষ্ণবের পাদোদক সংগ্রহ করিয়া তাহা গ্রহণ করিতে ভুলিও না।

কখনও তুমি নিজকে শুদ্ধবৈষ্ণবের সমান বলিয়া বিবেচনা করিও না।

অনবধানতাবশতঃ শ্রদ্ধাহীন কোন ব্যক্তির সংস্পর্শে আসিলে সচেল স্নানাদি করিবে এবং শ্রীবৈষ্ণবের পাদোদক গ্রহণপূর্ব্বক আপনাকে বিশুদ্ধ করিবে।

অপ্রাকৃতলীলাবিতানপুষ্ট, জ্ঞানবান্ ও ভক্তিধনে বিভূষিত মহাজনগণকে দেহধারী পরমপবিত্রাত্মা বলিয়া জানিয়া সর্ব্বতোভাবে তাঁহাদিগের সেবায় নিযুক্ত থাকিবে।

জন্ম বা অন্য কোন প্রাকৃত বিচার দ্বারা চালিত হইয়া তাঁহাদিগকে দর্শন করিবে না। তাঁহাদের আদর্শ অনুসরণপূর্ব্বক তাঁহাদের সেবায় নিযুক্ত থাকিয়া তুমি আত্মমঙ্গল লাভ করিতে পারিবে, এইজন্য ভগবদিচ্ছায় তাঁহারা তোমার নিকট প্রেরিত হইয়াছেন, ইহাই জানিবে।

যৎকিঞ্চিৎ

——::•::——

সাধারণ লোকের অনুমোদনের দ্বারা হরিভক্তির পরিমাণ ঠিক করা যায় না। ভক্তির দুই প্রকার লক্ষণ—স্বরূপ লক্ষণ ও তটস্থ লক্ষণ, স্বরূপ লক্ষণ—কৃষ্ণৈকশরণতা। ইহাই ভক্তির মুখ্য লক্ষণ আর বাদবাকী সবই গৌণ। মুখ্য লক্ষণ বাদ দিয়া গৌণ লক্ষণের কোন মূল্য নাই। মুখ্য লক্ষণের অনুগত্যে অন্যান্য গুণি থাকিলেই তাহা শুদ্ধা ভক্তি নামে অভিহিত হয়। শরণাগতির লক্ষণ ছয়টী। 'আনুকূল্য সঙ্কল্প' অর্থাৎ কৃষ্ণভক্তির যাহা অনুকূল তাহাই আমি অবশ্য স্বীকার করিব। 'প্রাতিকূল্য বর্জ্জন' অর্থাৎ কৃষ্ণভক্তির যাহা প্রতিকূল তাহা আমি অবশ্যই বর্জ্জন করিব। 'রক্ষিষ্যতীতি বিশ্বাসঃ' অর্থাৎ কৃষ্ণ নিশ্চয়ই রক্ষা করিবেন, এইরূপ সুদৃঢ় বিশ্বাস। কৃষ্ণ ব্যতীত আর রক্ষাকর্ত্তা কেহই নাই, আমি নিজের দ্বারা বা বিশ্ববাসী কাহারও দ্বারা রক্ষিত হইতে পারি না, একমাত্র শ্রীকৃষ্ণই সম্পদ-বিপদ উভয় কালেই রক্ষাকর্ত্তা, এইরূপ বিশ্বাস। 'গোপ্তৃত্বে বরণ' অর্থাৎ কৃষ্ণকে পালয়িতা বলিয়া বরণ। আমি নিজের দ্বারা নিজেকে পালন করিতে পারি না বা অপর কেহই আমাকে পালন করিতে পারেন না, এই বিশ্বাসের নাম গোপ্তৃত্বে বা পালকত্বে বরণ। আমার ইচ্ছা কৃষ্ণেচ্ছার অধীন অর্থাৎ কৃষ্ণ যে প্রেরণা দেন তদনুসারে চলাই 'আত্মনিক্ষেপ।' 'কার্পণ্য' অর্থাৎ আপনাকে দীনহীন, অকিঞ্চন বলিয়া জ্ঞান। এই ছয় প্রকার শরণাগতির মধ্যে আবার 'গোপ্তৃত্বে বরণ' অর্থাৎ কৃষ্ণকে পালকত্বে বরণই মুখ্য বা অঙ্গী, অন্যান্য সকলই অঙ্গ। শরণাগত নিষ্কপটে সেবা করিলেই জীবের মঙ্গল হয়। নিষ্কপটতাই হরিভজনের মূল।

ঁ প্রভুপাদের বক্তৃতাবলী

পরমার্থ সম্পুটের রত্নরাজি

ভিক্ষা :—১ম খণ্ড ৸০; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড ৸০; ৪র্থ খণ্ড—৸০ আনা।

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ

শ্রীধাম-মায়াপুর,

নদীয়া

শুদ্ধভক্তি-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠ-মূলমঠ

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীমন্মহাপ্রভুর ভবনে শ্রীচৈতন্যমঠ, গান্ধর্ব্বিকা-গিরিধারী, শ্রীশ্রীরাধাকৃষ্ণ, শ্রীগৌর, গোপাল আচার্য্য চতুষ্টয় বিগ্রহ আছেন। সুপ্রাচীন প্রবাসিকাভাবসূরে'-দীপা-প্রকাশ'গ্রন্থাদি আছে।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১৬নং কালী প্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন বং বড়বাজার ৪১১৫
কলিকাতায় শ্রীভক্তিবিনোদ-আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, সঙ্কীর্ত্তন, প্রত্যহ বৈষ্ণব শ্রীমদ্ভাগবতাদি গ্রন্থের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও সাপ্তাহিক পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়।

(৩) যোগপীঠ-মায়াপুর-পীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব-ভূমি মহাযোগপীঠ।

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং শ্রীমন্দির বর্ত্তমান।

(৬) মুরারিগুপ্তের পাট

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৭) কাজি-সমাধি-পাট

সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
ইহা গৌরকৃপা পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি।

(৮) শ্রীস্বরূপগঞ্জ শ্রীমন্দিরাদি

শ্রীধাম মায়াপুর

(৯) আনন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
এখানে ও বিভুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
গোস্বামী বিশ্বনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ জাহ্নগর (বর্দ্ধমান)

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মাউগাছি, পোঃ জাহ্নগর, (বর্দ্ধমান)
শ্রীচৈতন্যভাগবতকার ঠাকুর বৃন্দাবনের স্থান

(১৩) ঋতুদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(১৪) জহ্নুদ্বীপ-গৌড়ীয়মঠাশ্রম

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ

গৌরপুর, নদীয়া

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ

মাজিদা —(শ্রীনৃসিংহদেবের প্রাচীন বিগ্রহবতী)
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৭) কুলিয়ার

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

(২০) মহেশ-পণ্ডিতের পাট

কাঠালপাড়ি, পোঃ চাকদা (নদীয়া)

(২১) প্রাগজ্যোতিষ-গৌড়ীয়মঠাশ্রম

(২২) পুরী গৌড়ীয়মঠ

চব্বিশ পরগণা

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ

বারিদা পোঃ আরি, ঢাকা।
পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র।

(২৪) গোপালজীউমঠ

কমলাপুর, পোঃ ঢাকা

(২৫) গদাই-গৌরাঙ্গ মঠ

পোঃ বালিয়াটি, (ঢাকা)

(২৬) পুরুষোত্তম-গৌড়ীয়মঠ

বড়বাজার, পোঃ ময়মনসিংহ

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চক্‌চকা, কামরূপ (আসাম)

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

ওনং গান্ধী রোড, দার্জ্জিলিং

(৩০) নারায়ণ-গৌড়ীয়মঠ

পোঃ হরিনাভি, জেলা মাহারাজপুর, ইউ, পি

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

দিঘাপুর পাটনা)

(৩২) গয়া গৌড়ীয়মঠ

মুরলী রোড, গয়া

(৩৩) সনাতন-গৌড়ীয় মঠ

৮।১৭ বড় গণেশ, বেনারস সিটি

(৩৪) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

(৩৫) সত্যাশ্রম মঠ,

পোঃ বিন্দাচল, মীরজাপুর (ইউ পি)

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠাশ্রম

বিশ্রামঘাট, পোঃ মথুরা

(৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ

কিশোরপুর, বৃন্দাবন

(৩৯) রাধাকুণ্ড-শ্যামকুণ্ড

পোঃ রাধাকুণ্ড, মথুরা

(৪০) কৃষ্ণবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪১) রাধাকুণ্ড গোষ্ঠবাটী

(৪২) শ্রীগোবর্দ্ধনমঠাশ্রম

গোবর্দ্ধন, মথুরা

(৪৩) নন্দের বিহারী মঠ

বরষাণা, মথুরা।

(৪৪) নন্দগ্রাম গৌড়ীয়মঠাশ্রম

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৫) বরষাণা গৌড়ীয়মঠাশ্রম

পোঃ বরষাণা, মথুরা

(৪৬) গোষ্ঠবিহারী মঠ—সেবাকুঞ্জ,

পোঃ হোডোল, জেলা গুরগাঁও (পাঞ্জাব)

(৪৭) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

(৪৮) দিল্লী গৌড়ীয় মঠ

৫২নং কুতুব রোড, নিউ দিল্লী

(৪৯) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়া ট্যাঙ্ক রোড, আগষ্ট ক্রান্তি মার্গ, বোম্বে ৭

(৫০) সারঙ্গ-গৌড়ীয়মঠ

পোঃ সারঙ্গপুর, উড়িষ্যা
শ্রীশ্রীল শ্যামানন্দ প্রভুর শ্রীবিগ্রহসেবা

(৫১) বালেশ্বর-গৌড়ীয়মঠ

পোঃ বালেশ্বর, এবং গোপীবল্লভপুর
শ্রীশ্রীরসিকানন্দ প্রভুর প্রতিষ্ঠিত বিগ্রহের সেবা

(৫২) কটকগৌড়ীয়মঠ

আলমচাঁদবাজার, পোঃ কটক, (পুরী)

(৫৩) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত পোঃ পুরী, উড়িষ্যা

(৫৪) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৫) গোপালজী

(৫৬) আলালনাথ-গৌড়ীয়মঠ

পোঃ ব্রহ্মগিরি, পুরী

(৫৭) ভক্তিকুটীর মঠ

রায়পাড়া, পোঃ কটক (উড়িষ্যা)

(৫৮) সাক্ষীগোপাল গৌড়ীয়মঠপীঠ

(৫৯) শ্রীপ্রভুপাদগৌড়ীয়-প্রাণ-সদন

শ্রীশ্রীহরিপদ, সাঁওতাল

(৬০) ভাগবতজনানন্দ মঠ

চিড়িয়া, পোঃ দাসপুর, মেদিনীপুর

(৬১) কাঁথি গৌড়ীয়মঠ

পোঃ কাঁথি, মেদিনীপুর

(৬২) আমলাযোড়া প্রপন্নাশ্রম মঠ

পোঃ রাণীগঞ্জ (বর্দ্ধমান)

(৬৩) চেতলাগৌড়ীয়মঠ

কুমারখালি, পোঃ চেতলা, (মানভূম)

(৬৪) লণ্ডন গৌড়ীয়মঠ

৩০১ নং গ্লাডষ্টোন ষ্ট্রীট, লণ্ডন।

(৬৫) জার্মান গৌড়ীয়মঠ

ফ্ল্যাট নং ২
৫১, অর্ডনেন্স
স্ট্রাসে, বার্লিন, ডি ৫

(৬৬) গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

১৩।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা

(৬৭) গৌড়ীয়মঠ অফিস

ডিগটন রোড, এলাহাবাদ (ইউ-পি)

(৬৮) শ্রীবিদ্যানিধি গৌড়ীয়মঠাশ্রম

ঝরাবাদ, চট্টগ্রাম

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীমহাপ্রভু ব্রহ্মচারী ভক্ত্যালোক, ভক্তিশাস্ত্রী-কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

-:(:০:):-

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায়		বিজ্ঞাপনের পৃষ্ঠায়	
	১ম ৩ দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য	১ম ৩ দিনের জন্য	পরবর্ত্তী দিনের
প্রতিবারে প্রতি লাইনে	।০	৸/০	।৶০	।০
" " ইঞ্চি	২৲		১।০	১৲
সিকিকলম	৫৲	৪৲		৩৲
" অর্দ্ধকলম	৮৲	৭৲	৭৲	৫৲
এক কলম	১২৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিবারে প্রতি ইঞ্চি ৩৲	২।০
" সিকি কলম ১৫৲	১২৲
" অর্দ্ধকলম ২৫৲	১৮৲
" এক কলম ৩৫৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)		৯৲
ষাণ্মাসিক	"	৫৲
ত্রৈমাসিক	"	২।০
মাসিক	"	১৲

প্রতি সংখ্যা ৵৫ ; বিশেষ সংখ্যার মূল্য স্বতন্ত্র।

শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী

———:::(০):::———

শ্রীল প্রভুপাদের চতুঃষষ্টিবর্ষপূর্ত্ত্যাবির্ভাব-তিথিতে শ্রীল আচার্য্যদেবের অভীষ্টানুসারে "শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী" প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। উহাতে পূর্ব্বার্দ্ধ ও উত্তরার্দ্ধ দুইটি বিভাগ আছে। পূর্ব্বার্দ্ধে শ্রীল প্রভুপাদের আদি-প্রবন্ধাবলী শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের সম্পাদিত 'স-সজ্জিনী সজ্জনতোষণী,' শ্রীল প্রভুপাদের 'নিবেদন' সাপ্তাহিক পত্র প্রভৃতি হইতে কথাসার ও প্রয়োজনীয় অর্থের টীকা-সহ প্রকাশিত হইয়াছে। উত্তরার্দ্ধে শ্রীল প্রভুপাদের সম্পাদিত 'সজ্জনতোষণী'র কতিপয় প্রবন্ধ কথাসার প্রভৃতির সহিত মুদ্রিত হইয়াছে। প্রবন্ধগুলি রচনাকালের ক্রমানুসারে গ্রথিত হইয়াছে; এতদ্ব্যতীত শ্রীল আচার্য্যদেবের একটি মূল্যবান্ উপোদ্ঘাত ও সঙ্কলনকারীর একটি বিস্তৃত ভূমিকা, শব্দসূচী, স্থান-পাত্র-শ্লোক ও পয়ার-সূচী প্রভৃতি গ্রন্থে সংযোজিত হইয়াছে। গ্রন্থটি উৎকৃষ্ট কাগজে পাইকাটোর সহিত মুদ্রিত ও শ্রীল প্রভুপাদের আলেখ্যাবিবিধ শোভিত ও সুন্দর বাঁধাই হইয়া প্রকাশিত হইয়াছে। প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, জিলা নদীয়া; শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ও শ্রীমাধবগৌড়ীয়মঠ, বাংলাবাজার, পোঃ ওয়ারী, ঢাকা।

——— ———

শ্রীল প্রভুপাদের পদ্যপ্রসূন মালা

এই গ্রন্থে ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তি- সিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের রচিত পদ্যাবলী শ্রীল আচার্য্যদেবের বিরচিত "সৌরভ" নামক ভাষ্যের সহিত প্রকাশিত হইয়াছে। শ্রীল প্রভুপাদের অনেক অপ্রকাশিত পদ্য ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ।০ চারি আনা।

শ্রীধাম-মায়াপুরে

——(:০:)——

—"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট"—

——::০::——

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—সহরের বাহিরে; বিদ্যালয় ও বোর্ডিং এর পরিবেশ খোলা। অধ্যাপকগণ যোগ্য ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা রহিয়াছে খোরাক ও বেতনাদিসহ প্রতি মাসে মাত্র ৬৲ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন্ পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। বর্ত্তমান বর্ষে ১৬ জন বালকের মধ্যে ১৪ জন ভালভাবে উত্তীর্ণ হইয়াছে।

মেধাবী ছাত্রগণের আরও সুবিধা

পরীক্ষায় যাহারা গড়ে শতকরা ৭৫ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ সচ্চরিত্র বিনয়ী ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউশন
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক-সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতিসুন্দরভাবে আলোচিত হইয়াছে। এই এক অপূর্ব্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

শ্রীচৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত অতিসুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত ইহার ভিক্ষা মাত্র ৩৲ টাকা। প্রাপ্তিস্থান শ্রীযুত নব'কশোর ভক্তিশাস্ত্রী, শ্রীযোগপীঠ, শ্রীধাম, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীসরস্বতী-সংলাপ

প্রথম খণ্ড

শ্রীশ্রীব্রজমণ্ডল গৌড়মণ্ডল-ক্ষেত্রমণ্ডলে বৈকুণ্ঠ ক্ষেত্রমণ্ডলকস্থ পরমহংসকুলচূড়ামণি নিত্যলীলা-প্রবিষ্ট ১০৮শ্রী শ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামি-প্রভুপাদ বিজ্ঞ জিজ্ঞাসু ও তত্ত্বগু সজ্জনবৃন্দের পরিপ্রশ্নোত্তরে ও সংশয়-নিরাকরণকল্পে যে-সকল হরিকথা সম্ভাষণাদি কীর্ত্তন করিয়াছেন, যাহা তাঁহার প্রকটকালেই 'গৌড়ীয়'-সম্পাদক শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ প্রভুপাদেরই শ্রীমুখে সংশোধিত করাইয়া রাখিয়াছিলেন এবং যাহার কিয়দংশ গৌড়ীয়পত্রে প্রকাশিত হইয়াছে, তাহা "শ্রীশ্রীসরস্বতী-সংলাপ" নাম দিয়া পূর্ব্বে শ্রীল প্রভুপাদের 'প্রবন্ধাবলী' ও 'পত্রাবলী' আকারে খণ্ডে খণ্ডে প্রকাশিত হইতেছেন। বর্ত্তমানে শ্রীল প্রভুপাদের প্রথমার্দ্ধিক নিত্য'ত'বধূন ব্যয়ে এই গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছেন। মানবজীবনের বহু অমীমাংসিত সমস্যা ও জটিল প্রশ্নের সমাধান ইহাতে পাওয়া যাইবে। ভক্তগণের পাঠকমাত্রেরই এই গ্রন্থ সংগ্রহ একান্ত প্রয়োজন।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপদেশক পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী সম্প্রদায়-বৈভবাচার্য এম-এ মহোদয়ের গৌরগবেষণা এবং পরিপক্ক লেখনীর অমৃত-কণা আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত্র-পাঠে ধন্য হউন। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিভিন্ন চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৩০শ অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্ত্তার ভূমিকাদ্বয় (Preaces), বিষয়-তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র-(Index Glossary) সহ গ্রন্থখানি প্রকাশিত। ভিক্ষা—১৫, পনর টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, রায়পেট্টা মাদ্রাজ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

'ঠাকুর ভক্তিবিনোদ'

———:(০):———

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি-প্রচারের মূল মহাজন সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অত্যিমর্ত্ত জীবনচরিত এতাবৎকাল পর্য্যন্ত গ্রন্থাকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয়মঠাচার্য্যবরের আদেশক্রমে পরবিদ্যাসাহিত্যের সু-লেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীযুত সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু মূল্যবান শিক্ষামালাও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১২৫ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৵০ আনা; ডাক মাশুল স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান—ম্যানেজার গ্রন্থবিভাগ

শ্রীগৌড়ীয়মঠ

পোঃ বাগবাজার

কলিকাতা

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

———:(০):———

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু গ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১৩।১নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

সোনার পাঁচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাটতি এত অত্যন্ত অধিক। নিজের সীল সংযুক্ত কাগজের এবং নূতন ... একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। মূল্য ছোট বোতল ৷৵০ দশ আনা, বড় বোতল ১৷৵০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা

অথবা

পোঃ বেহালা, ২৪ পরগণা।

ই, বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	৫-৩৬	৬-২৬	৭-০৬	১২-২৬	১৪-৪৬	১৬-৪৬	১৭-৪৩	২২-২৬
রাণাঘাট পৌঃ			৮-২৮	১৪-১৫				
(বদল) ছাঃ			৯-৩৩	১৪-৫০				
কৃষ্ণনগর পৌঃ	৭-১	৮-৪৫	১০-৮	১৫-২৩	১৭-২৮	১৯-০৮	২০-১৬	১-১২
(বদল) ছাঃ	৭-১২		১০-৩১		১৭-৩৮		২০-২৬	
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫১		১১-১০		১৮-১৩		২১-৪	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
রাণাঘাট পৌঃ	১২-৫৫
ছাঃ	১৩-৩
শান্তিপুর পৌঃ	১৩-২৬
(বদল) ছাঃ	১৩-৩১ (লাইট্ রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪-১২
ছাঃ	১৪-৩০
নবদ্বীপঘাট পৌঃ	১৫-১০

ডাউন

নবদ্বীপঘাট ছাঃ		৫-৪৫		৯-১৭		১৩-৩১	১৬-০	১৮-৩১	
কৃষ্ণনগর পৌঃ		৬-২০	৯-১৬	৯-৪৮	১১-৪১	১৪-১০	১৬-৩৮	১৯-৩১	২১-১০
ছাঃ	৬-৩৬	৭-১৮		১০-১১			১৬-৫৬	১৯-৫৫	
রাণাঘাট পৌঃ				১০-৪৬			১৭-৩০		
(বদল) ছাঃ				১১-১			১৭-২৩		
কলিকাতা পৌঃ	৬-১৬	৯-২১	১১-৫১	১২-১৬	১৪-১৬		১৯-১১	২১-৪১	২৩-০৭

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৩-৩১	১৬-০	
কৃষ্ণনগর পৌঃ	১৪-১০	১৬-৩৮	
ছাঃ	১৫-২৮	১৭-৩৩	
শান্তিপুর পৌঃ	১৬-৯	১৮-১৪	
(বদল) ছাঃ	১৬-৩৩	১৮-২৫ (শনিবার ভিন্ন)	২০-৪০ (শনিবার)
রাণাঘাট পৌঃ	১৭-১০	১৮-৫০	২১-১৫
(বদল) ছাঃ	১৭-৪০	১৯-১৪	২১-৫০
কলিকাতা পৌঃ	১৯-১১	২০-৪৬	২৩-০৭

পোঃ—শ্রীরামপুর
টেলিগ্রাম—'শ্রীরাম
শ্রীরামপুর'

REGD NO C 1143

দৈনিক নদীয়াপ্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৪শ খণ্ড] শ্রী—২রা ভাদ্র, ১৩৪৬. ১৯ই আগষ্ট, ১৯৩৯. শনিবার [১৪৭৭শ সংখ্যা

বিবিধ সংবাদ

অভিযোগের অর্থদণ্ড

শিয়ালদহের ১ম শ্রেণীর অনারারী ম্যাজিষ্ট্রেট মিঃ আবুল হোসেন সাহেব দুর্গানগর ইউনিয়ন বোর্ডের বিশিষ্ট সদস্য ও অভিযুক্ত কিশোরীলাল সরকারকে দণ্ডবিধির ৩৭৯, ৩৮৬ ও ৩৪২ ধারায় অপরাধে দোষী সাব্যস্ত করিয়া ২০০৲ দুইশত টাকা অর্থদণ্ডে দণ্ডিত করিয়াছেন। অনাদায়ে তাঁহাকে ছয় মাস সশ্রম কারাদণ্ড ভোগ করিতে হইবে। অভিযোগের বিবরণে প্রকাশ, ইন্দুলাল সরকারকে অন্যায়ভাবে আটক রাখিয়া আসামী তাহার দেশালী ও তোলা জোর করিয়া গাড়ী হইতে নামাইয়া রাখিয়াছিল।

জাপ-বাহিনীর বিরুদ্ধে আক্রমণ

স্যার রবার্ট ক্রেগী মিঃ আরিটোর সহিত সাক্ষাৎ করেন। এই সাক্ষাৎকারের ফলে একটা আশার আলোক দেখা দিয়াছে এবং অল্প দুই দিনের মধ্যেই পুনরায় বৃটিশ-জাপ আলোচনা শুরু হইবে বলিয়া মনে হয়। টোকিওর একটি প্রেরিত সংবাদে প্রকাশ যে, স্যার রবার্ট ক্রেগী বলিয়াছেন যে, দুই এক দিনের মধ্যেই তিনি লণ্ডন হইতে নির্দ্দেশ পাইবেন বলিয়া তাঁহাদের দৃঢ় বিশ্বাস। স্যার রবার্ট ক্রেগী না কি মিঃ আরিটোকে এই আশ্বাস দিয়াছেন যে, লণ্ডন হইতে যে সব নির্দ্দেশ আসিবে তাহা তিয়েনৎসিনের শান্তি ও শৃঙ্খলা রক্ষা এবং অর্থনৈতিক সমস্যা সমাধানের সহায়ক হইবে।

উত্তরে মিঃ আরিটো না কি ইঙ্গ-জাপ আলোচনা যাহাতে পুনরায় শুরু হয়, তজ্জন্য তাহার প্রভাব বিস্তার করিবেন বলিয়া প্রতিশ্রুতি দেন।

আক্রমণ চালাইবার সঙ্কল্প

চীনের সাংহাই রণাঙ্গনের চীন সেনাধ্যক্ষ জেনারেল চ্যাং চি-চুঙ ঘোষণা করিয়াছেন যে, শীঘ্রই চীনারা ব্যাপকভাবে পাল্টা আক্রমণ চালাইবে। জাপানীরা সংহাইপ্রাচীরের নিকটবর্তী এলাকায় আক্রমণ চালাইবার সময় চীনারা শুধু আত্মরক্ষামূলক ব্যবস্থা অবলম্বন করিয়াছিল কিন্তু এক্ষণে তাহারা হংচাওয়ের অভ্যন্তর প্রদেশে অভিযান চালাইতে শুরু করিয়াছে; সুতরাং অতঃপর চীনা বাহিনী পাল্টা আক্রমণ চালাইবার সঙ্কল্প করিয়াছে।

জাপ-নির্য্যাতনের ভয়ে অন্যত্র গমন

সিঙ্গিং হইতে প্রেরিত এক সংবাদে প্রকাশ, শানসির সমস্ত বৃটিশ অধিবাসী শানসি ত্যাগ করিয়াছে। চারজন মিশনারী অবশিষ্ট ছিলেন, তাঁহারা রওনা হইয়া গিয়াছেন।

তিয়েনৎসিনে জাপানী এলাকা ও বৃটিশ এলাকার মধ্যে যে পুলটি ছিল, জাপ-তাঁবেদার চীনা কর্তৃপক্ষ তাহা বন্ধ করিয়া দিয়াছেন। জাপানীরা বলিতেছে, এবার বেজায় বৃষ্টি হইয়াছে, গত আশী বৎসরের মধ্যে তেমন হয় নাই; এই বৃষ্টির ফলে প্লাবন হওয়াতেই পুলটি বন্ধ করিয়া দেওয়া হইয়াছে।

শ্রোতাকিয়ার নূতন আন্দোলন

গত বৎসর শরৎকালে হাঙ্গেরী এবং পোল্যাণ্ডকে শ্লোভাকিয়ার যে সব অংশ ছাড়িয়া দেওয়া হইয়াছিল এবং মার্চ্চ মাসে হাঙ্গেরী যে দুইটি সহর অধিকার করিয়াছে, শ্লোভাকিয়াকে সেই সব অঞ্চল ফিরাইয়া দেওয়ার জন্য পূর্ব্ব শ্লোভাকিয়ার সহরগুলিতে এক আন্দোলন আরম্ভ হইয়াছে। শ্লোভাক-মন্ত্রিগণ এবং উচ্চপদস্থ সরকারী কর্মচারিগণ কয়েকটি বিরাট জনসভায় বক্তৃতা করিয়াছেন। বক্তৃতা-প্রসঙ্গে যখন ব্রিটেনের এবং জার্মাণ সৈন্য বাহিনীর উল্লেখ করা হয়, তখন জনতা বিপুল হর্ষধ্বনি করে।

হাপুয়ার রাণী ও রাজমাতা গ্রেপ্তার

গত ১৯শে জানুয়ারী হর্দোই জিলার হাপুয়ার রাণীকে হত্যার উদ্দেশ্যে তাঁহার প্রাসাদের সম্মুখে গুলি করা হয়। এই সম্পর্কে ম্যাজিষ্ট্রেট মিঃ রহমান বক্স কাদরীর এজলাসে এক মামলা চলিতেছে। গোয়েন্দা পুলিশ হাপুয়ার রাজাকে এবং দক্ষ বিভিন্ন রোডে রাজমাতাকে গ্রেপ্তার করিয়াছে। প্রকাশ, রাজার বাড়ীতে ২০টি বে-আইনী বন্দুক ও কার্তুজ প্রভৃতি পাওয়া গিয়াছে। রাজা ও রাজমাতার জামীনে মুক্তির আবেদন নামঞ্জুর হইয়াছে।

সীমান্ত ব্যবস্থা পরিষদের উপনির্ব্বাচন

হরিপুর পল্লী মুসলমান কেন্দ্র হইতে সীমান্ত ব্যবস্থা পরিষদের উপ-নির্ব্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করিবার জন্য কাজী পন্থী মিঃ মুহম্মদ আসলাম কংগ্রেস প্রার্থী মনোনীত হইয়াছে। মনোনয়ন পত্র গৃহীত হইয়াছে: উক্ত কংগ্রেস প্রার্থীসহ ৪জন প্রার্থীর মনোনয়ন পত্র গৃহীত হইয়াছে, তন্মধ্যে মুসলিম লীগের একজন প্রার্থী আছেন।

বেলুচিস্থানের আয়-ব্যয়

বেলুচিস্থানের ১৯৩৮-৩৯ সালের আয়ব্যয়ের হিসাব বাহির হইয়াছে। উহাতে দেখা যায় যে, ৭৫ লক্ষ ৯ হাজার ৩৬ টাকা ব্যয় হইয়াছে। আলোচ্যবর্ষে আয় ২১ লক্ষ ২২ হাজার ১৩৫ টাকা এবং ব্যয় ৮৩ লক্ষ ৩১ হাজার ১৭১ টাকা।

প্রধান প্রধান ব্যয়ের হিসাবে দেখা যায়, কৃষি ৩৪৭,৩১৪৲, শাসন ১০৫,০৫৬, জেল ১৭৮,০৩১৲, শিক্ষা ৩০৭,৬৯২, চিকিৎসা ও স্বাস্থ্য ৬৯৪,১০৫, সম্রাট প্রতিনিধি ২০০,০০০, উপজাতি অঞ্চল ১৫০,০০০, ক্রটিয়ার কনষ্টেবুলারী ও মিলিসিয়া ১,৬৯৯,৩২৩ টাকা।

চৌদ্দটি বিমান পথ বন্ধ

কোন কারণ উল্লেখ না করিয়াই সোভিয়েট গবর্ণমেণ্ট মস্কো হইতে ১৪টি বিমানপথে বিমানপোত চলাচল বন্ধ করিবার আদেশ দিয়াছেন। পুনরাদেশ না হওয়া পর্যন্ত এই আদেশ বহাল থাকিবে। মস্কো হইতে মধ্য এশিয়ার নোভোসিব্রিস্ক ও আর্কেঞ্জেল এবং ককেশাস যাইবার পথও এই ১৪টি পথের অন্তর্গত।

ভক্তের অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক। প্রতি একাদশীতে প্রকাশিত হয়। কলিকাতা বাগবাজারস্থ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। সডাক ভিক্ষা ৪৷০ টাকা মাত্র।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ কুঞ্জবিহারী বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৷০ টাকা মাত্র।

৩। ভাগবত—হিন্দিভাষার একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ টাকা মাত্র

৫। শ্রীগৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ কুঞ্জবিহারী বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ মাত্র।

পরমগুরু শ্রীগৌরকিশোর

গৌড়ীয়-সম্পাদক-লিখিত, শ্রীগৌড়ীয়মঠাচার্য্যের ভূমিকা-সম্বলিত, বহুচিত্র-শোভিত ও বিষয় সূচী-সমন্বিত "পরমগুরু শ্রীগৌরকিশোর" গ্রন্থরাজ প্রকাশিত হইয়াছেন। এই গ্রন্থরাজে শুদ্ধগৌড়ীয়বৈষ্ণবজনের পরমারাধ্য, গৌড়ীয়গৌরবশিখামণি অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ নিত্যলীলাপ্রবিষ্ট পরমহংস ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল গৌরকিশোরদাস গোস্বামী প্রভুবরের অভিমর্ত্ত্য চরিতকথা বর্ণিত আছে।

শ্রীশ্রীভক্তিবিনোদাবির্ভাব-শতবর্ষপূর্ত্তিতিথিপূজার উপায়ন-গ্রন্থমালা

———::(০)::———

১। রীতিসাহিত্যে শ্রীভক্তিবিনোদ

শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র রীতিসাহিত্যের সমালোচনা-গ্রন্থ)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

২। শ্রীভক্তিবিনোদবাণীবৈভব

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের রচনামৃতসাগর হইতে আহৃত ১০৮টি অধ্যায়ে সম্বন্ধ-অভিধেয়-প্রয়োজনাকারে গুম্ফিত অমূল্য উপদেশপূর্ণ গ্রন্থ)

ভিক্ষা—৩৲ তিন টাকা মাত্র।

৩। শ্রীশ্রীভক্তিবিনোদ-প্রসঙ্গ

ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ ও ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামীপ্রভু-বিরচিত এবং গৌড়ীয়ে প্রকাশিত শ্রীশ্রীভক্তিবিনোদ-চরিত-প্রসঙ্গ

ভিক্ষা—I৵০ ছয় আনা মাত্র।

৪। ছাত্রের ভক্তিবিনোদ

ছাত্রদের উপযোগী ভাষায় লিখিত শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্র ও শিক্ষা)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

ছাত্রদের পক্ষে ভিক্ষা—I০ আট আনা মাত্র)

প্রাপ্তিস্থান :—

(১) 'ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট', পোঃ শ্রীমায়াপুর, নদীয়া;

২) শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা;

৩ শ্রীযুক্ত ভূপতিরঞ্জন নাগ এম্-এ, বি-এল্, পুরাণপল্টন পোঃ রমনা, ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্—সমগ্র ... ১৪০৲
প্রথম স্কন্ধ হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ... ২৸
দশম স্কন্ধ— ... ৯৲
২। ভাষ্যসহ বিরাট্ শ্রীচৈতন্যভাগবত (বাঁধা) ... ৯৲
৩। ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ... ৬৲
৪। সরস্বতী-জয়শ্রী (বাঁধা) ... ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০ ৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸
৭। শ্রীচৈতন্যদেব ... ১৲
৮। সৎক্রিয়াসার-দীপিকা ও সংস্কার দীপিকা ... ১৷০
৯। জৈবধর্ম ... ৫৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ... ৫৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ... ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ... ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ... ৸০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ... ৷।
১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ-তত্ত্ব ... I০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ... ৸০
১৭। চৈতন্যোপনিষদ্ ... I০
১৮। বামন-আশ্রম ... I০
১৯। তত্ত্ববিবেক ... I০
২০। গৌড়ীয়-গৌরব ... I৵০
২১। গৌড়ীয়-গীতিকা ... I৵০
২২ ভজন রহস্য ... I০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা)
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা সহ)
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) ... ৩৲
অবাঁধা) ... ১৲
২৬। গীতায় কেবল রাজ-ভাষা ... I০
২৭। মুক্তাফলম্ শ্রীগৌরাঙ্গঃ (সানুবাদ) ... ২৲
২৮। প্রেমাম্ভোজমরন্দ (সানুবাদ) ... I০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ... ৸০
৩০। দীন-দিক্-দর্শন ... ৶০
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ... I৵০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ... I০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ... ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ... ৶০
৩৫। গীতমালা ... ৴১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ... ৶০
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ... ৶০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ... I০
৩৯। শ্রীগোদ্রুমব্রজপরিক্রমায় ... I০
৪০। শরণাগতি ... ৴০
৪১। গীতাবলী ... ৴০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ... ৸০
৪৩। সাধনকণা ... ৴০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ... ৴
৪৫। নবদ্বীপশতক
৪৬। অর্চনপদ্ধতি
৪৭। সদাচারস্মৃতি ... ০৴
৪৮। কল্যাণকল্পতরু (বৈষ্ণব সংস্করণ) ... ৴১০
৪৯। অর্চনকণ ... ৷১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম-৪ খণ্ড) ... ৬৲
৫১। ব্রহ্মসংহিতা ... I০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ... I০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ... ৸০
৫৪। পুরুষার্থ-বিনির্ণয় ... I০
৫৫। ভক্তকাঙ্গালী বা মায়াবাদশতদূষণী ... I০
৫৬ ভারতবর্ষ ও দক্ষিণপথ ... ৶০
৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ) ... I০
৫৮। শ্রীকৃষ্ণদেবের ... ৶০
৫৯। সিদ্ধান্তদর্পণ ... ৶০
৬০। সাংখ্যবাণী ... ৴০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ... I০
৬২। সিদ্ধান্ত-সরস্বতী দিগ্বিজয়ঃ ... I০
৬৩। সটীক-শিক্ষাদশমূলম্ ... I০
৬৪। তত্ত্বসূত্রম্ ... I০
৬৫। সানুবাদ শিক্ষাষ্টকম্ ... ৶০
৬৬। গৌড়ীয়মঠতত্ত্বপরিচয়ঃ ... ৴০
৬৭। মায়াবাদনির্দ্দলন ... ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ... I০
৬৯। এ ভিউ ওয়ার্ক'স অব সেবার ... I০
৭০। নামভজন ... ৴০
৭১। বেদান্ত—ইট্‌স্ মরফলজী অ্যাণ্ড অন্টলজি ... I০
৭২। রিলেটিভ ওয়ার্ল্ড'স ... I৵০
৭৩। লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস্ অব শ্রীচৈতন্য মহাপ্রভু ... I০
৭৪। বৈষ্ণবীজম্ ... I০
৭৫। তোয়ার্ডস গৌড়ীয়মঠ টু কুইং ... ৴০
৭৬। দি ভাগবত ... I০
৭৭। ইরোটিক প্রিন্সিপাল অ্যাণ্ড আনঅ্যালয়েড ডিভোশন ... I০
৭৮। ব্রহ্মসংহিতা ... ১৷০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (প্রথম খণ্ড) ... ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ... I
৮১। সাধন-পথ ... I০
৮২। কল্যাণ-কল্পতরু ... ৶০
৮৩। গীতাবলী ... ৴০
৮৪। শরণাগতি ... ৴০

আসামিজ ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ... ৴০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ... ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

দৈনিক
নদীয়া-প্রকাশ
একমাত্র পারমার্থিক দৈনিক পত্র
শ্রীধাম-মায়াপুর-নদীয়া

১৭শ বর্ষ { ১১ শ্রীধর ৪৫৩ গৌরাব্দ, ২রা ভাদ্র বঙ্গাব্দ ১৩৪৬, ১৯শে আগষ্ট ইং ১৯৩৯, শনিবার } ১৪১৭ সংখ্যা

প্রচার-প্রসঙ্গ

—:০:—

কলিকাতা মহানগরীতে

শ্রীগৌড়ীয়মঠের অন্যতম প্রচারক উপদেশক পণ্ডিত শ্রীপাদ মহাপুরুষদাস ভক্তিশাস্ত্রী মহোদয় শ্রীযুক্ত রমণীমোহন রায়চৌধুরী (বালিয়াটীর জমিদার ও ব্যাঙ্কার) মহাশয়ের বিশেষ আহ্বানে গত ১৩ই আগষ্ট রবিবার সন্ধ্যার সময় কতিপয় ব্রহ্মচারী সহ কলিকাতা মহানগরীর পোস্তা-বাজারস্থিত তাঁহার বাটীতে উপস্থিত হন।

শ্রীহরি-গুরু-বৈষ্ণব-বন্দনা ও মহাজন-পদাবলী কীর্ত্তনের পর ভক্তিশাস্ত্রীজী শ্রীচৈতন্যচরিতামৃত অন্ত্যলীলা নবম অধ্যায় হইতে শ্রীগোপীনাথ পট্টনায়কোদ্ধার প্রসঙ্গ পাঠ ও ব্যাখ্যা করেন। প্রসঙ্গক্রমে তিনি বলেন,—"আমরা চৌরাশী লক্ষ যোনিতে বহুবার ভ্রমণ করিয়াছি। ভোগ ও ত্যাগের নাগরদোলায় বহুকাল ঘুরিয়াছি। কিন্তু কোন দিনই আমরা শান্তি পাই নাই বা এ জগতে এমন কোনও বস্তু পাই নাই, যাহাতে প্রকৃত শান্তি আছে। আমাদের এই প্রকার জন্ম-মৃত্যু ক্ষয় হইয়া যায়, ত্রিতাপজ্বালা দূর হইয়া যায়, প্রকৃত শান্তি পাওয়া যায়, যদি আমরা আমাদের নিত্য-স্বভাবে, নিত্য-ধর্ম্মে প্রতিষ্ঠিত হইতে পারি, যদি নিত্যসেব্য, নিত্যপালক, নিত্যপ্রভু, নিত্য প্রাণনাথ শ্রীকৃষ্ণের নিত্যসেবা লাভ করিতে পারি।"

পাঠের আদি ও অন্তে মহাজন-পদাবলী ও মহামন্ত্র কীর্ত্তন হয়। সভায় বহু সম্ভ্রান্ত বিশিষ্ট ব্যক্তি উপস্থিত ছিলেন। নিম্নে কতিপয়ের নাম প্রদত্ত হইল—

শ্রীযুক্ত কালীপ্রসন্ন রায়চৌধুরী, জমিদার ও ব্যাঙ্কার বালিয়াটী, শ্রীযুক্ত কামিনীমোহন রায়চৌধুরী, জমিদার ও ব্যাঙ্কার বালিয়াটী, শ্রীযুক্ত রমণীমোহন রায়চৌধুরী, জমিদার ও ব্যাঙ্কার বালিয়াটী, শ্রীযুক্ত রবীন্দ্রনাথ রায়চৌধুরী এ্যাড্‌ভোকেট, জমিদার ও ব্যাঙ্কার বালিয়াটী, শ্রীযুক্ত মধুসূদন পোদ্দার মার্চ্চেণ্ট প্রভৃতি।

ভক্তিশাস্ত্রীজীর যুক্তিসিদ্ধান্তপূর্ণ আলোচনা পাঠ ও ব্যাখ্যা শ্রবণ করিয়া সকলেই বিশেষ আনন্দিত ও উপকৃত হন এবং শ্রীগৌড়ীয়মঠের ভূয়সী প্রশংসা করেন।

শ্রীক্ষেত্রে

গত ১২ই আগষ্ট শ্রীগৌড়ীয়মঠের অন্যতম শাখা শ্রীপুরুষোত্তমমঠে শ্রীপাদ গৌরাশ্রয় ব্রহ্মচারী, ভক্তিবিজয় মহোদয় পরমারাধ্যতম শ্রীশ্রীল ভক্তি[illegible] পুরী গোস্বামী মহারাজের নির্দ্দেশক্রমে পুরী সহরের কয়েকজন বিশিষ্ট ব্যক্তির নিকট শ্রীগৌড়ীয়ের বাণী ও আচার-ধারা সম্বন্ধে কিছুক্ষণ কীর্ত্তন করেন। ব্রহ্মচারীজী আহারবিহারের বিচার এবং আচার্য্যগত শ্রীগুরুর কৃপা ব্যতিরেকে যে শ্রীভগবানের সেবা লাভ হইতে পারে না, ইহা বিশেষভাবে শাস্ত্রযুক্তিদ্বারা প্রতিপাদন করেন। উপস্থিত ভদ্রলোকগণের মধ্যে কেহ কেহ প্রশ্ন করেন যে, আহারবিহার মধ্যে আবার প্রাকৃত বিচারের চিন্তাস্রোত দেখা যায় কেন? তদুত্তরে "ন প্রাকৃতত্বমিহ ভক্তজনস্য পশ্যেৎ" প্রভৃতি শ্লোকদ্বারা ব্রহ্মচারীজী বিশেষভাবে বুঝাইয়া দেন যে, মহাভাগবতের মধ্যে কোনও প্রকার প্রাকৃত দোষ থাকিতে পারে না। একমাত্র শরণাগতি দ্বারাই শ্রীগুরুবৈষ্ণবকৃপা জানিতে পারা যায়। এ বিষয়ে তিনি "নায়মাত্মা প্রবচনেন লভ্যো" উপনিষদোক্ত শ্লোকটি সম্বন্ধে বিশেষভাবে বুঝাইয়া দেন। তাঁহার মুখে শাস্ত্রসঙ্গত বাণী ও অকাট্য যুক্তিপ্রমাণ শ্রবণ করিয়া শ্রোতৃমণ্ডলী বিশেষ আনন্দ লাভ করেন।

মাটুরায়

আকরমঠরাজ শ্রীচৈতন্যমঠের অন্যতম শাখা মঠ শ্রীগৌড়ীয়মঠের সেবকবৃন্দ গত ১০ই আগষ্ট বৃহস্পতিবার দিবস মাটুরা-নিবাসী মিঃ নন্দকুমার সি. মুন্সি মহোদয়ের বিশেষ আহ্বানে রাত্রি ৮ ঘটিকার সময় তাঁহার বাসভবনে উপস্থিত হন। নন্দকুমার মুন্সি মহোদয় স্বয়ং মোটরযোগে ব্রহ্মচারিগণকে তাঁহার গৃহে লইয়া যান। তাঁহার ভক্তিমতী মাতাঠাকুরাণী ব্রহ্মচারিগণকে যথাযোগ্য সম্মান পূর্ব্বক অভ্যর্থনা করেন। ৮॥ ঘটিকা হইতে ৯॥ ঘটিকা পর্য্যন্ত ব্রহ্মচারিবৃন্দ শ্রীগুরুবৈষ্ণববন্দনা, দশাবতার-স্তোত্র, 'যশোমতী-নন্দন,' 'ভজহু রে মন, শ্রীনন্দনন্দন' প্রভৃতি মহাজনপদাবলী এবং মহামন্ত্র কীর্ত্তন করেন। তৎপরে সমবেত সজ্জন-মণ্ডলীর মধ্য হইতে কর্ম্ম, জ্ঞান এবং ভক্তিমার্গের বৈশিষ্ট্য ও শ্রীচৈতন্যমহাপ্রভু-প্রচারিত ধর্ম্মের শ্রেষ্ঠত্ব সম্বন্ধে কিছু শুনিবার জন্য অনুরোধ জ্ঞাপন করিলে উপদেশক শ্রীপাদ নিতাইদাস ব্রহ্মচারী বাগ্মীবর ভক্তিশাস্ত্রী মহোদয় শাস্ত্রযুক্তিমূলে কর্ম্ম, জ্ঞান ও ভক্তির বৈশিষ্ট্য এবং জগতে প্রচলিত ভক্তিপথের সহিত শ্রীচৈতন্যমহাপ্রভুর প্রচারিত শুদ্ধভক্তির পার্থক্য সম্বন্ধে বহু মূল্যবান্ উপদেশাবলী কীর্ত্তন করেন। আত্মার স্বাভাবিক বৃত্তিই ভক্তি, ইহা যে দেহ-মনের ধর্ম্ম নহে, তাহা বিশেষভাবে বুঝাইয়া দেন।

তৎপরে উক্ত সজ্জন কয়েকটী প্রশ্ন উত্থাপন করিলে ব্রহ্মচারীজী সকলের তাঁহাদের প্রশ্নের সদুত্তর প্রদান করেন এবং বিশদভাবে আলোচনার জন্য তাঁহাকে মঠে আগমনের জন্য অনুরোধ করেন। মিঃ নন্দকুমারজী স্বীয় মোটরে করিয়া প্রচারকগণকে মঠে পৌঁছাইয়া দেন। শ্রোতৃগণের হরিকথাশ্রবণে আগ্রহ বিশেষ প্রশংসনীয়। মিঃ নন্দকুমারজী তাঁহার ভক্তিমতী মাতাঠাকুরাণী ও পত্নীর সহ সকলের হরিকথা শ্রবণে [illegible]।

রেঙ্গুনে

আকরমঠরাজ শ্রীচৈতন্যমঠের অন্যতম শাখা রেঙ্গুন শ্রীগৌড়ীয়মঠে গত ৬ই আগষ্ট রবিবার দিবস রেঙ্গুন-প্রবাসী কতিপয় সজ্জন মঠে আগমন করেন। তাঁহারা পাঠপ্রসঙ্গে শ্রীপাদ নন্দনন্দন ব্রহ্মচারীজীর নিকট হরিকথা শ্রবণ করিয়া আনন্দিত হন।

"নদীপারের জন্য যেমন একটা গেট, একটা মাঝি রাখতে হয়; সেরূপ একটা গুরু রাখারও দরকার"—এরূপভাবেই এই সকল লোক 'গুরু' ক'রেছে। এরা আমাকে কোন দিনই দেখে নাই, আমিও কোন দিনই তাদের সঙ্গ করি নাই।"

(শ্রীল প্রভুপাদ)

ত্রিদণ্ডিগোস্বামী [illegible]

দৈনিক নদীয়া-প্রকাশ

২, ট্রিপুর স্বয়ম্ভূ শ্রীগোস্বামী, গৌরাব্দ ৪৫০

আনুগত্য ও সেবা

——:০:(০):০:——

"আদৌ শ্রদ্ধা ততঃ সাধুসঙ্গোঽথ ভজনক্রিয়া।
ততোঽনর্থনিবৃত্তিঃ স্যাত্ততো নিষ্ঠা রুচিস্ততঃ॥
অথাসক্তিস্ততো ভাবস্ততঃ প্রেমাভ্যুদঞ্চতি।
সাধকানাময়ং প্রেম্ণঃ প্রাদুর্ভাবে ভবেৎ ক্রমঃ॥"

ভক্তিসোপানের প্রথম সোপান শ্রদ্ধা। প্রথমতঃ ভগবৎকথা শুনিবার জন্য শাস্ত্র ও সাধুজনে শ্রদ্ধা চাই। শ্রদ্ধা বা আগ্রহ জন্মিলে সাধুসঙ্গের প্রয়োজন অনুভূত হয় পরে সাধু ও গুরুকৃপায় ভজনের আরম্ভ। ভজন আরম্ভের পর ক্রমে ক্রমে অনর্থনিবৃত্তি অর্থাৎ ভক্তিপথের বিঘ্নসকলের বিনাশ, ভক্তিতে নিষ্ঠা, রুচি ও আসক্তি হয়; পরে ভাবের উদয় এবং তারও পরে ভগবৎপ্রেমের উদয়। ইহাই জীবের চরম ও পরম লক্ষ্য—শ্রেষ্ঠতম ও পঞ্চম-পুরুষার্থ।

এই ভক্তিধর্মের অনেক অঙ্গ আছে, তন্মধ্যে নয়টী অঙ্গ প্রধান। যথা—

শ্রবণং কীর্ত্তনং বিষ্ণোঃ স্মরণং পাদসেবনম্।
অর্চ্চনং বন্দনং দাস্যং সখ্যমাত্মনিবেদনম্॥

প্রথম সোপানরূপ শ্রদ্ধালাভের জন্য সর্ব্বাগ্রে শ্রবণ একান্ত দরকার। 'শ্রবণ' অর্থে ভগবান্ ও জীব এতদুভয়ের সম্বন্ধ এবং জীবের কর্ত্তব্য ও উদ্দেশ্য সম্বন্ধে শ্রবণকে বুঝায়। এই সকল শ্রবণীয় বিষয়কে তিন শ্রেণীতে বিভক্ত করা হইয়াছে—সম্বন্ধ, অভিধেয় ও প্রয়োজন। ইহার মধ্যে সম্বন্ধবিষয়ক জ্ঞানই সর্ব্বাগ্রে সর্ব্বাধিক প্রয়োজন। উহা পরবর্ত্তী দুইটী বিষয়ের ভিত্তি। শ্রবণ ব্যতীত এই সম্বন্ধ-বিষয়ক প্রাথমিক জ্ঞান প্রাপ্ত হওয়া যায় না। তৎপরে সেবা বা ভজন আরম্ভ। সেই সঙ্গে শ্রবণ আরও বিস্তৃতরূপে চলিতে থাকে এবং তৎসঙ্গে কীর্ত্তনেরও আরম্ভ অর্থাৎ প্রাথমিক শ্রবণের পরে ঐ বিষয়ে মনের কতকটা স্থির ধারণা হইলেই তখন সঙ্গে সঙ্গে শ্রবণ ও কীর্ত্তন অর্থাৎ আচার ও প্রচার হইতে থাকে।

এই শ্রবণ-কার্য্য সাধু ও শাস্ত্রের নিকটেই করিতে হয়। এই শ্রবণ যেখানে সেখানে বা যাহার তাহার নিকট হইতে পারে না। শাস্ত্রের নিকট শ্রবণপর হইলেও প্রকৃত ভক্ত ও শাস্ত্রমর্ম্মজ্ঞ সাধুজনের নিকট শ্রবণ কর্ত্তব্য। কেবল নিজ ইন্দ্রিয়লব্ধ জ্ঞানের দ্বারা শাস্ত্রমর্ম্ম অবগত হওয়া যায় না। তাহাতে নিজ মনগড়া ব্যাখ্যা বা অর্থোপলব্ধি হইয়া থাকে। অতএব সাধুসঙ্গই বিশেষ প্রয়োজন। সাধুসঙ্গ ব্যতীত শ্রবণও হয় না, সাধন-ভজনও হয় না। সাধুসঙ্গই সকল ধর্ম্মশিক্ষার মূল। গুরুই প্রকৃত সাধু। যিনি শব্দব্রহ্মে অর্থাৎ শ্রীভগবন্মুখনিঃসৃত বেদাদি শাস্ত্রে সুনিপুণ এবং পরব্রহ্মে পূর্ণরূপে প্রতিষ্ঠিত, তিনিই একমাত্র গুরু—তিনিই আচার্য্য—তিনিই বৈষ্ণব। এবম্বিধ বৈষ্ণব মহাজন জগতের গুরু—সর্ব্ব বর্ণের, সর্ব্ব আশ্রমের গুরু। শ্রবণের নিমিত্ত এতাদৃশ গুরুর নিকট প্রণিপাত, পরিপ্রশ্ন ও সেবার সহিত অভিগমন করিতে হইবে। তখনই গুরু সরল অকপট চিত্তাদিকে বিশুদ্ধভাবে উপদেশ করিয়া থাকেন, নচেৎ নহে।

এইরূপ গুরুও জগতে বড় অল্প সুলভ নহে। কিন্তু তাই বলিয়া যেমন তেমন লোকের নিকট গমন করিলে চলিবে না। এইরূপ সদ্গুরু দুষ্প্রাপ্য হইলেও অপ্রাপ্য নহেন। সরল হৃদয়ে ব্যাকুলতার সহিত সদ্গুরু লাভের জন্য অনুসন্ধান ও প্রতীক্ষা করিতে হইবে। সময়ে সদ্গুরুর সন্ধান অবশ্য মিলিবে। এইরূপ সদ্গুরুলাভ বস্তুতঃ সৌভাগ্য সাপেক্ষ, কারণ ধর্ম্মজগতে ব্যবসায়-ব্যভিচার ও প্রতারণার প্রাচুর্য্য বিদ্যমান। ধর্ম্ম সাধারণের অজ্ঞাত ও ইন্দ্রিয়াতীত বস্তু বলিয়া এ বিষয়ে ঐরূপ প্রতারণার খুব সুবিধা। যখন সদ্গুরুর দর্শনলাভ ঘটিবে, তখন প্রকৃত জিজ্ঞাসু হইয়া উঁহাকে প্রশ্ন করিতে হইবে। সংশয় নিবৃত্তি হইলে অন্য বিষয়ে স্থির ধারণা হইলে তখন অকপটসেবা দ্বারা বিষয়ের উপলব্ধি হইতে থাকিবে। অতএব ধর্ম্মবিষয়ক প্রথম শিক্ষা সদ্গুরুর আশ্রয়গ্রহণ ও তাঁহার নিকট সম্যক্ শ্রবণ।

তারপরে অভিধেয়ের কীর্ত্তন। তাঁহার নিকট যাহা উপদেশ পাইবা থাকিবে, সেই সকলের সম্যক্ আলোচনা ও তাহাদিগের ভগবান্নাদির কীর্ত্তন করিতে হইবে। গুরূপদেশানুযায়ী ভগবানের অর্চ্চন, বন্দন, স্তবস্তুতি প্রভৃতিও এই দ্বিতীয় শিক্ষার অন্তর্ভূক্ত। তন্মধ্যে শ্রীভগবানের নামকীর্ত্তনই প্রধান ও অতি প্রয়োজনীয়। প্রথম শিক্ষার্থী বা প্রবর্ত্তকের পক্ষে নামকীর্ত্তন, শ্রীবিগ্রহের অর্চ্চন, বন্দন প্রভৃতি বিশেষ প্রয়োজনীয় ও আবশ্যক, কিন্তু এই সকলও সদ্গুরুর নির্দ্দেশানুসারেই কর্ত্তব্য। নতুবা তাহাতে স্বেচ্ছাচারিতা আসিয়া পড়ে এবং তাহা আত্মধর্ম্মের পরিবর্ত্তে ভোগধর্ম্মে পর্য্যবসিত হয়। পূর্ব্বেই বলা হইয়াছে, শ্রীকৃষ্ণের সেবা বা ভজনই জীবের কর্ত্তব্য। কিন্তু শ্রীকৃষ্ণকে কখনও ভোগ করিতে হইবে না। যদি ভজনের পরিবর্ত্তে ভোগ হয়, তবে তাহা ব্যভিচার, নাস্তিকতা, পাষণ্ডতামাত্র। তাহাই প্রাকৃত-সাহজিক ধর্ম্ম। অতএব শ্রীকৃষ্ণভজন ও শ্রীকৃষ্ণভোগ এই দুইএর পার্থক্য ও ব্যবধান বিশেষ বিচারপূর্ব্বক সম্যক্ অবধারণ করিতে হইবে। এই বিষয়ে তীব্র সতর্ক দৃষ্টি রাখিতে হইবে, নতুবা পদে পদে পতন সম্ভাবনা। এই পথ অতি সঙ্কীর্ণ, অতি দুর্গম। প্রকৃত মহাজনের আশ্রয় ও অনুগমন ব্যতীত এইপথে অগ্রসর হওয়া অসম্ভব। এই পথে স্বাধীনভাবে বিচরণের দৃষ্টান্ত জগতের ইতিহাসে অদ্যাপি পাওয়া যায় নাই।

শ্রীকৃষ্ণভজনের উদ্দেশ্যে আমাদিগকে ভোগত্যাগ করিতে হইবে। আহার-বিহারাদি সকল বিষয়ে আমাদের বিশেষ সংযম অভ্যাস কর্ত্তব্য। অতএব ভগবদ্ভজনোদ্দেশে কতটা বিষয়গ্রহণ প্রয়োজন, ততটুকু অবশ্যই গ্রহণ করিতে হইবে। নতুবা বিষয়ত্যাগ হেতু শুষ্ক জ্ঞানে পরিণত হইয়া যাইবে। ভগবদ্ভজনপ্রয়াসী ব্যক্তিমাত্রেরই নিম্নলিখিত কএকটি কথা সর্ব্বদা স্মরণ রাখা কর্ত্তব্য। সাধনপথে এই সকল উজ্জ্বল দীপবর্ত্তিকা। এ গুলি সাধকজীবনের মূলমন্ত্র।

"সততং স্মর্ত্তব্যঃ সততং বিষ্ণুর্বিস্মর্ত্তব্যো ন জাতুচিৎ।
সর্ব্বে বিধিনিষেধাঃ স্যুরেতয়োরেব কিঙ্করাঃ॥"

গুরুতত্ত্ব

(প্রাপ্ত)

আমাদের সম্বন্ধ-বিষয়ক মন সর্ব্বদাই কিছু না কিছু চিন্তা না করিয়া থাকিতে পারে না। ভাল এবং মন্দ দুইটীই মনের কার্য্য। এই মন কল্পনা করিয়া এ জগতের কোন কিছু আদর্শ খাড়া করিয়া তোলে, আবার তাহা মনঃপূত না হইলে ভাঙ্গিয়া ফেলে। আমাদিগের মনঃকল্পিত সকলগুলিই অনিত্য, ক্ষণভঙ্গুর। শ্রীগুরু-বৈষ্ণব-ভগবান্ নিত্যবস্তু, তাঁহা ভাঙ্গা কিম্বা গড়া যায় না। মনোধর্ম্মী পুত্তলপূজক-সম্প্রদায় মনে করিয়া থাকে, অজ্ঞের মাটির পুতুলের ন্যায় যাহা, তাঁহাকে আমরা আমাদের মনোধর্ম্মের ছাঁচে গড়িতে বা ভাঙ্গিতে পারি।

গুরু কৃষ্ণরূপ হন শাস্ত্রের প্রমাণে।
গুরুরূপে কৃষ্ণ কৃপা করেন ভক্তগণে॥
শিক্ষাগুরুকে ত' জানি কৃষ্ণের স্বরূপ।
অন্তর্য্যামী, ভক্তশ্রেষ্ঠ—এই দুই রূপ॥
জীবে সাক্ষাৎ নাহি তা'তে গুরু-চৈত্ত্যরূপে।
শিক্ষাগুরু হয় কৃষ্ণ মহান্ত-স্বরূপে॥

দীক্ষাগুরু, শিক্ষাগুরু ও চৈত্ত্যগুরু—এই ত্রিবিধ গুরুতত্ত্বের কথা শাস্ত্র বলিয়াছেন এবং কৃষ্ণই গুরুরূপে প্রভাবু জীবকে দীক্ষা এবং শিক্ষা দান করেন ও তিনি বিষয়বিগ্রহ হইয়াও আশ্রয়বিগ্রহ-লীলাভিনয়কারী। গুরুতত্ত্ব এক, বস্তু অখণ্ড। দীক্ষা ও শিক্ষাগুরুর মধ্যে ভেদবুদ্ধি করিলে অপরাধ হইয়া থাকে। চৈত্ত্যগুরুর কৃপা না হইলে দীক্ষা ও শিক্ষা-গুরুর স্বরূপ উপলব্ধির বিষয় হয় না। চিত্ত নানাপ্রকার অন্যাভিলাষ, কুটীনাটীর দ্বারা পরিপূরিত থাকায় আমরা চৈত্ত্যগুরুর কৃপালাভে বঞ্চিত হই। আমরা গুরুকৃপালাভে বঞ্চিত হইয়া যখন ভর্ত্তৃবুদ্ধি করি, তখনই মনোধর্ম্মের গোলাম হইয়া গুরু গ্রহণ করিতে পারি বা বর্জ্জন করিতে পারি, এইরূপ দুর্ব্বুদ্ধিবিশিষ্ট হই। তখনই বর্ত্তমান 'গুরোরপ্যবলিপ্তস্য' শ্লোকের প্রকৃত অর্থ অবধারণে অসমর্থ হইয়া গুরুবর্জ্জন করিতে যাইয়া নিজেই গুরুকর্ত্তৃক পরিত্যক্ত হইয়া থাকে। শাস্ত্রবাক্যে দেখা যায়—

গুরোরপ্যবলিপ্তস্য কার্য্যাকার্য্যমজানতঃ।
উৎপথপ্রতিপন্নস্য পরিত্যাগো বিধীয়তে॥

অর্থাৎ শ্রীভগবান্কে সর্ব্বক্ষণ স্মরণ করিতে হইবে। কখনও বিস্মৃত হইলে চলিবে না। আর যাবতীয় বিধিনিষেধ উক্ত দুইটী বিধিনিষেধের অধীন।

অর্থাৎ ভোগাবিষ্টচিত্ত, কর্ত্তব্যাকর্ত্তব্য-বিবেক-রহিত মূঢ় এবং শুদ্ধভক্তি ব্যতীত ইতরপন্থাগামী ব্যক্তি নামে-মাত্র-গুরু হইলেও তাঁহাকে পরিত্যাগ করাই বিধি।

কোন ব্যক্তি-বিশেষ নামে মাত্র গুরু হইলেও শ্রীশ্রীল প্রভুপাদ কোনও ব্যক্তি-বিশেষকে গুরু বলিয়াই স্বীকার করেন নাই। বহু মর্ত্ত্যজীব গুরু-অভিমানে জগতের লোককে দীক্ষা ও শিক্ষাপ্রদান করিয়া আসিয়াছে, ঐ মর্ত্ত্য গুরু-অভিমানী জীবের হস্ত হ'তে অনভিজ্ঞ জগতের লোকসকল উদ্ধার করিয়া গৌড়ীয়মঠাচার্য্য শ্রীগুরুপাদপদ্মের চরণাশ্রয় করানই গৌড়ীয়মঠের সেবকবৃন্দের একমাত্র কৃত্য এবং 'মদ্গুরু শ্রীজগদ্গুরু, মন্নাথঃ শ্রীজগন্নাথঃ' ইহাই শ্রীল প্রভুপাদ তাঁহার সমগ্র আচার্য্যলীলায় আচার ও প্রচার করিয়াছেন।

যাহারা কোনও ব্যক্তি বিশেষকে গুরু বলিয়া স্বীকার করে বা মর্ত্ত্যে অভিমর্ত্ত্য ভাবের আরোপ করিয়া থাকে, তত্ত্বজ্ঞানরহিত ঐরূপ অজ্ঞ ব্যক্তিগণই অভিমর্ত্ত্যে মর্ত্ত্যভাব আরোপ করিয়া গুরু কর্ত্তৃক পরিত্যক্ত হয়। আশ্রয়বিগ্রহ শ্রীগুরুপাদপদ্ম সমস্ত শাস্ত্রে সাক্ষাৎ হরি বলিয়াই কীর্ত্তিত হইয়াছেন। কোনও ব্যক্তি-বিশেষ গুরু হইতে পারে বা মহাভাগবত গুরুদেবের পতন হইতে পারে বা গুরুপাদপদ্ম পরিত্যক্ত হইতে পারেন, ইহা গুরুতত্ত্বে অনভিজ্ঞ তর্কপন্থাকারী ভক্তিসিদ্ধান্তানভিজ্ঞ অপসিদ্ধান্ত মাত্র।

গুরু বা আচার্য্য মর্ত্ত্য মানব-বিশেষ নহেন বা হাড়মাসের থলে নহেন। ভগবান্ই গুরুরূপে, আচার্য্যরূপে, সেবক-ভগবান্‌রূপে বদ্ধজীবের মঙ্গলের জন্য সর্ব্বদাই জগতে প্রকট থাকেন। তাই শ্রীভগবান্ বলিয়াছেন—

আচার্য্যং মাং বিজানীয়ান্নাবমন্যেত কর্হিচিৎ।
ন মর্ত্ত্যবুদ্ধ্যাসূয়েত সর্ব্বদেবময়ো গুরুঃ॥
নৈবোপযন্ত্যপচিতিং কবয়স্তবেশ
ব্রহ্মায়ুষাপি কৃতমৃদ্ধমুদঃ স্মরন্তঃ।
যোঽন্তর্বহিস্তনুভৃতামশুভং বিধুন্-
ন্নাচার্য্যচৈত্ত্যবপুষা স্বগতিং ব্যনক্তি॥
(ভাঃ ১১।২৯।৬)

হে ঈশ, ব্রহ্মার সদৃশ আয়ুঃপ্রাপ্ত কবি সকলও তোমার স্মৃতিজনিত আনন্দ দ্বারা তোমার প্রতি কৃতজ্ঞতা স্বীকার করিতে সমর্থ হন না। যেহেতু, তুমি অপার কৃপা-বশতঃ দেহধারী জীবের সমস্ত অশুভ নাশ ও স্বগতি প্রকাশ করিবার জন্য বাহ্যে আচার্য্যরূপে এবং অন্তরে অন্তর্যামীরূপে অবস্থিত আছ।

সাধু, শাস্ত্র, ভাগবত ও তাঁহাদের ক্রিয়া-কলাপে দুইটী উদ্দেশ্য আমাদের লক্ষিতব্য বিষয়। একটী অন্তর্মোহন, অপরটী বহির্মোহন। এই অন্তর্মোহন ও বহির্মোহন কার্য্য বিজ্ঞেরও অগোচর। শাস্ত্র বলেন, "বৈষ্ণবের ক্রিয়ামুদ্রা বিজ্ঞে না বুঝয়।" তাই পরমহংস গুরুবর্গের ক্রিয়ামুদ্রা ও বদ্ধজীবের ক্রিয়াকলাপ ঠিক একরূপ মনে করিয়া আমরা আত্মবিনাশে প্রধাবিত হই। পরমারাধ্যতম শ্রীল প্রভুপাদ শ্রীমদ্ভাগবতের প্রথম স্কন্ধের ২।২ শ্লোকের বিবৃতিতে বলিয়াছেন—

"শ্রীব্যাসদেব পুত্র বলিয়া শ্রীশুকদেবকে যে আহ্বান করিয়াছিলেন, তাহাতে তাঁহাকে পুত্রবিরহকাতর ও পুত্রস্নেহান্ধ বলিয়া ত্রিগুণবদ্ধ জীবগণ শুষ্কজ্ঞানে গ্রহণ করিতে পারেন, কিন্তু শ্রীব্যাসের অধোক্ষজ-সেবা কখনই পুত্রশোক-বিরহ-কাতরতা ও বহিঃপ্রজ্ঞা চালিত পুত্রকলত্রতার উৎসাহ প্রদান করে না। শ্রীবেদব্যাস ব্রহ্ম-সম্প্রদায়ের আদি-গুরু বলিয়া তাঁহাকে অজ্ঞজ্ঞানে দেখিতে হইবে না। "ন প্রাকৃতত্বমিহ ভক্তজনস্য পশ্যেৎ।" এই বিধানানুসারে বৈয়াসিক-সম্প্রদায় শ্রীশুকদেবকে সংসারত্যাগকারী মর্ত্ত্য মাত্র মনে করেন না। মর্ত্ত্যের ধর্ম, পুত্র সৎ হউক বা অসৎ হউক, সকলে হরিভজন পরিত্যাগ করিয়া পুত্র পুত্র করিয়া কৃষ্ণ বিস্মৃত হন, কিন্তু ব্যাসের তাদৃশ ভাব কর্ম্ম-ভোগকামী কর্ম্মীর অজ্ঞান-সম্বর্দ্ধনের ও তাহাকে মোহিত করিবার জন্য তাদৃশ অভিনয়। বাস্তব-বিচারে শুকদেব পরম-বৈষ্ণব সর্ব্বজড়ভোগত্যাগী পরমহংস। তাঁহার সন্নিবিষ্টি ব্যাসাদি অপর গুরু-ভক্তের পক্ষে আদরণীয় নহে। তাহাই জড়লোককে বুঝাইতে শ্রীব্যাসদেবের তাদৃশ লীলাভিনয়। শ্রীসনাতন গোস্বামীর কণ্ডূরসার ক্লেশপ্রাপ্তি-লীলাভিনয়, শ্রীরামচন্দ্রের উত্তর ব্যবহারে শম্বুকবধলীলা প্রভৃতি উপযুক্ত স্থল-গণের মোহবৃদ্ধির অনুষ্ঠানমাত্র। শ্রীমহাদেবের মায়াবাদ-শাস্ত্রপ্রচার, ব্রহ্মার মহাদি ধর্ম্ম-শাস্ত্রদ্বারা সামাজিক শাস্ত্রপ্রচার অধিকার-হীন মোহনযোগ্য ব্যক্তিকে মুগ্ধ করিবার উদ্দেশ্যে জানিতে হইবে। শ্রীশুকদেব জগতে আদর্শ মহাপুরুষ ও জগদ্গুরু। তিনি ব্যাস-গুরুর নিকট অধ্যয়ন সমাপ্ত করিয়াই সকলজীবে দয়া করিবার উদ্দেশ্যে বাহির হইয়া পড়িয়াছিলেন। বহিঃপ্রজ্ঞা-চালিত দৃষ্টিতে পরমহংস শুকদেবের পুনরায় পরীক্ষিৎ-রাজসভায় গমন ও শ্রীহরিকথার সদ্ব্যাখ্যা বিরোধ আনয়ন করিতে পারে, কিন্তু পারমহংস্য-বিচারে উহাই পরম সদাচার না জানিলে তর্কবহুল হইয়া যায়।"

শ্রীগুরুদেব ভোগী বা ত্যাগী নহেন। তিনি সাক্ষাৎ হরি হইয়াও হরিবিমুখ জগজ্জীবকে হরিভজন শিক্ষা দিবার জন্য প্রপঞ্চে প্রকট আছেন। জীবের গুরুসম্বন্ধিকায়াই অধোক্ষজ গুরুতত্ত্ব-স্বরূপ প্রকাশ করিয়া থাকেন। ত্রিগুণতাড়িত বদ্ধজীব আমরা গুরুতে মর্ত্ত্যবুদ্ধি করিয়া নরকের দ্বারই পরিষ্কার করিয়া থাকি। তাই শাস্ত্র আমার ন্যায় তর্কপন্থাকারীর বিষয়ে বলিয়াছেন—

গুরুষু নরমতির্যস্য বা নারকী সঃ॥

শ্রীরামানুজাচার্য্যের উপদেশ

——::(০)::——

ব্রতহীন ব্যক্তিগণের গৃহে পূজিত ভগবানের চরণামৃত গ্রহণ করিবে না।

ভগবৎসান্নিধ্যহেতু পবিত্রীকৃত তীর্থস্থলে ভগবৎপ্রসাদ গ্রহণ করিতে কোন দ্বিধাবোধ করিবে না, বিশ্বাসহীন ব্যক্তিগণের সম্মুখেও তাহা গ্রহণে বাধা নাই।

ভগবৎপ্রসাদ পরমপবিত্রতম বলিয়া জানিবে। ইহার সেবনে সকল অনর্থ ভস্মীভূত হয়। "ইহা অমুক ব্যক্তির নিবেদিত সুতরাং ইহা বিশুদ্ধ নয়" এইরূপ কখনও বলিবে না।

শ্রীবৈষ্ণবগণের নিকট কখনও আত্ম-প্রশংসা করিবে না অথবা অপর কাহাকেও লজ্জা দিবে না।

সর্ব্বক্ষণ গুরু-বৈষ্ণবের মহিমা-কীর্ত্তন অথবা তাঁহাদের সেবায় নিযুক্ত থাকিবে।

প্রত্যহ অন্ততঃ একঘণ্টাকাল বা তদনুরূপ কতক সময় শ্রীগুরুদেবের মহিমা কীর্ত্তন করিবার জন্য নির্দ্দিষ্ট রাখিবে। এবং প্রত্যহ কিছু সময় মহাজনগণের (আল্বারগণের) অথবা তোমার গুরুদেবের লিখিত পারমার্থিক বিষয় আগ্রহের সহিত পাঠ করিবে।

যাহারা নিজের সুখ-দুঃখের প্রতি অত্যাসক্ত ও আপনার্থপর তাহাদের সঙ্গ ত্যাগ করিবে।

শ্রীবৈষ্ণববেশধারী কপট ব্যক্তিগণেরও সঙ্গ করিবে না।

বৈষ্ণবনিন্দক ও অপবাদ-রটনাকারী ব্যক্তিগণের সহিত বাক্যালাপ করিবে না।

বৈষ্ণবের সহিত সংলাপদ্বারা অবৈষ্ণবের সহিত সংলাপজনিত দোষ হইতে মুক্ত হও।

গুরু-নিন্দক ও ভক্তের অপমানকারী পামরগণের প্রতি দৃষ্টিপাত করিবে না এবং যাহারা গুরুর নিন্দা করে, সেই নরাকৃতি ব্যাঘ্রদিগের প্রতিও দৃষ্টিপাত করিবে না।

যাহারা প্রপত্তি ব্যতীত মুক্তির অন্য পন্থা আছে বলিয়া বিবেচনা করে, তাহাদিগের সঙ্গ ত্যাগ কর এবং যাঁহারা সত্য সত্যই শরণাগতের আদর্শ প্রদর্শন করিতেছেন তাঁহাদের সহিত সতত বাস কর।

বিষয়ী ও ইন্দ্রিয়পরায়ণ ব্যক্তিগণের সঙ্গের অন্বেষণ না করিয়া যথাসম্ভব ভগবদ্-ভক্তের সঙ্গ করিবে।

শ্রীল ভক্তিসুধাকর প্রভুর পত্র

——::০::——

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

শ্রীগৌড়ীয়মঠ,
কলিকাতা
১৩।৮।৩৩

শ্রীশ্রীবৈষ্ণবচরণে দণ্ডবৎ-প্রণাম পূর্ব্বক নিবেদন,—

● ● ●

তোমার ১১।৮ তারিখের কৃপালিপি পাইয়া সমস্ত অবগত হইলাম।

রজঃ ও তমোগুণের ক্রিয়া দ্বারা প্রাকৃত সত্ত্বগুণ আক্রমণযোগ্য। সুতরাং সেরূপ সত্ত্বগুণের ক্রিয়া পরমার্থ-বিষয়ে কার্য্যকরী হইতে পারে না। তথাকথিত নীতিবাদী-গণের মিত্রসত্ত্বের প্রতি যে আদর, তাহা প্রাকৃত অভিনিবেশের পাকচক্রে অবস্থিত নির্ব্বিশেষবাদ-প্রসূত বিবর্ত্ত-মাত্র। উহা বস্তুর সহিত সম্বন্ধযুক্ত অবস্থার পরিচায়ক নহে। সত্ত্বগুণ ও বিশুদ্ধসত্ত্ব সম্পূর্ণ পৃথক্ ব্যাপার। সত্ত্বগুণ বিনাশশীল। বিশুদ্ধ-সত্ত্ব চিদ্বিলাসের বৈশিষ্ট্যদ্যোতক তত্ত্ব। শুদ্ধসত্ত্বোজ্জ্বল চিত্তের অহৈতুকী সম্পূর্ণ উপাদেয়। উহা রজঃ ও তমোগুণের ব্যাপার নহে। শ্রীগুরুপাদপদ্মের সম্পূর্ণ আনুগত্যের প্রচেষ্টাদ্বারা উহা তাঁহার সঞ্চারিত শুদ্ধসত্ত্ব-শক্তিদ্বারা সেবকের অনুভবযোগ্য হয়। Superficial বিচার দ্বারা সেবকের অধিকার নির্ণয় করা সম্ভব নহে। বিশুদ্ধসত্ত্বের প্রকাশিত কোন ক্রিয়াই অনুপাদেয় নহে। উহা দেখিতে রজঃ ও তমোগুণের ক্রিয়ার ন্যায়। কিন্তু উহা অপ্রাকৃত বিশুদ্ধ-সত্ত্বসংযোগে সম্পূর্ণ নির্দ্দোষ। উহা অপ্রাকৃত-সত্ত্ব।

আমার দণ্ডবৎ-প্রণাম গ্রহণ করিবে। ইতি।

দাসাধম—
শ্রীনারায়ণদাস অধিকারী

শুদ্ধভক্তি-মঠসমূহ

(১) শ্রীচৈতন্য মঠ শ্রীধাম

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীচন্দ্রশেখর ভবনে শ্রীচৈতন্যমঠ, পরবিদ্যাপীঠ, শ্রীশ্রীরাধাকৃষ্ণ-শ্রীগৌর-গোপাল আচার্য্যচতুষ্টয় বিগ্রহ আছেন। সুপ্রাচীন গ্রন্থাদিপ্রকাশকল্পে 'নদীয়া-প্রকাশ' যন্ত্রালয় আছে।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪:১৫

কলিকাতায় শ্রীভক্তিবিনোদ-আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমদ্ভাগবত পাঠ, সঙ্কীর্ত্তন, মহাপ্রভুর বেদান্ত-শ্রীমদ্ভাগবতাদি তত্ত্বসমূহের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও হারমনিষ্ট পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়।

৩) যোগপীঠ মায়াপুর-পীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব ভূমি মহাযোগপীঠ।

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং বর্ত্তমান।

(৬) মুরারিগুপ্তের পাট

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৭) কাজি সমাধি-পাট

প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)

উক্ত গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি।

(৮) অনুকূল কৃষ্ণানুশীলনাগার

শ্রীধাম মায়াপুর

(৯) আনন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)

এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)

গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা।

১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ জাননগর (বর্দ্ধমান)

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মাউগাছি, পোঃ জাননগর, (বর্দ্ধমান)

শ্রীব্যাসাবতার ঠাকুর বৃন্দাবনের স্থান

(১৩) ঋতুদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(১৪) জহ্নুদ্বীপ-গৌড়ীয়মঠাশ্রম

১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ

গৌড়পুর, নদীয়া

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ

মাটিয়ারী —(শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৭) কুলিয়া কুটীর

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

(২০) মহেশ-পণ্ডিতের পাট

কাঁচাপাড়া, পোঃ চাকদা (নদীয়া)

(২১) রাণাঘাট-গৌড়ীয়মঠাশ্রম

(২২) পুরী গৌড়ীয়মঠ

চব্বিশ পরগণা

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ

বারদী পোঃ ঢাকা, ঢাকা।

পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র।

(২৪) গোপালজীউমঠ

কমলাপুর, পোঃ ঢাকা

(২৫) নদাই-গৌরাঙ্গ মঠ

পোঃ বালিয়াটি, (ঢাকা)

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

বড়বাজার, পোঃ ময়মনসিংহ

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চকচকা, কামরূপ (আসাম)

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

৬নং পাগলাঝোরা বিল্ডিং, দার্জ্জিলিং

(৩০) নারায়ণ-গৌড়ীয়মঠ

পোঃ হরিবাগ, জেলা সাহারানপুর, ইউ, পি

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

দিনাপুর পাটনা)

(৩২) গয়া গৌড়ীয়মঠ

মধনা রোড, গয়া

(৩৩) সনাতন-গৌড়ীয় মঠ

৮।১১ বড় শহীদগিয়া, বেনারস সিটি

(৩৪) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

(৩৫) পরমহংস মঠ,

পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠাশ্রম

বিশ্রামঘাট, পোঃ মথুরা

(৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণসহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ

কিশোরপুর, বৃন্দাবন

(৩৯) শ্রীকৃষ্ণরাধা-কুণ্ডকুঞ্জ

পোঃ রাধাকুণ্ড। মথুরা

(৪০) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪১) রাধাকুণ্ড গান্ধর্ব্বী

(৪২) শ্রীগোবর্দ্ধনমঠাশ্রম

গোবর্দ্ধন, মথুরা

(৪৩) সঙ্কেত বিহারী মঠ

বর্ষাণা, মথুরা।

(৪৪) নন্দগ্রাম গৌড়ীয়মঠাশ্রম

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৫) বর্ষাণা গৌড়ীয়মঠাশ্রম

পোঃ বর্ষাণা, মথুরা

(৪৬) গোষ্ঠবিহারী মঠ—সেবকাশ্রী

পোঃ হোসেন, জেলা গুরুগাঁও (পাঞ্জাব)

(৪৭) কুরুক্ষেত্র গৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

(৪৮) দিল্লী গৌড়ীয় মঠ

৪৫নং কুতুব রোড, নিউ দিল্লী

(৪৯) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, অগাষ্টক্রান্তি ময়দান

বম্বে হিল বোম্বে ৭

(৫০) মান্দ্রাজ-গৌড়ীয়মঠ

পোঃ রায়পেট্টা, মান্দ্রাজ

শ্রীশুদ্ধ গৌরসুন্দর ও শ্রীবিকাশবিহারী বিজয়ের সেবা

(৫১) মাদুরা-গৌড়ীয়মঠ

পোঃ কভুর, বড়ঠ গোদাবরী মান্দ্রাজ

শ্রীশ্রী গুরুগৌরাঙ্গ রাধাবিনোদ-শ্রীবিগ্রহের সেবা

(৫২) পুরুষোত্তম-গৌড়ীয়মঠ

ভক্তিকুটীর, পোঃ স্বর্গদ্বার, (পুরী)

(৫৩) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা

(৫৪) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৫) কাশীমিশ্রকুটী

(৫৬) ভক্তিভৃঙ্গ-গৌড়ীয়মঠ

পোঃ ভুবনেশ্বর, পুরী

(৫৭) শচীরানন্দ মঠ

রেমুনা, পোঃ বালেশ্বর (উড়িষ্যা)

(৫৮) বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ

৫৯) শ্রীব্রহ্মমাধবগৌড়ীয়-প্রপন্ন-মঠ

পোঃ গুজরানওয়ালা, পাঞ্জাব

(৬০) ভাগবতজনানন্দ মঠ

চিরদিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর

(৬১) জলেশ্বর গৌড়ীয়মঠ

পোঃ জলেশ্বর, মেদিনীপুর

(৬২) আমলাজোড়া প্রপন্নাশ্রম মঠ

পোঃ পানাগড় (বর্দ্ধমান)

(৬৩) চৈতন্যগৌড়ীয়মঠ

কুমারহাট, পোঃ চিনসুরা, (হুগলী)

(৬৪) রেঙ্গুণ গৌড়ীয়মঠ

৩০১ নং মিউনিসিপ্যাল ষ্ট্রীট, রেঙ্গুণ।

(৬৫) লণ্ডন-গৌড়ীয়মঠ

ফ্ল্যাট নং ২

৫১, কাউন্ট রোড

ব্র্যাম্পটন, লণ্ডন, এস ৫

(৬৬) গৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

১৬।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,

কলিকাতা

(৬৭) গৌড়ীয়মঠ অফিস

ডিষ্ট্রিক্ট রোড, পাটনা (ইউ-পি)

(৬৮) শ্রীবিদ্যানিধি গৌড়ীয়মঠাশ্রম

কাননগর, চট্টগ্রাম

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে শ্রীবনমালীগোপাল মুখোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীমহানন্দ ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী, কাব্যতীর্থ কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

-:(পৃষ্ঠা):-

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায়		বিজ্ঞাপনের পৃষ্ঠায়	
	১ম ও দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য	১ম ও দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	।০	।৵০	।৵০	।০
" " ইঞ্চি	২৲		১।০	১৲
সিকিকলম	৩৲	৩॰		৩৲
অর্দ্ধকলম	৮৲		৬৲	৫৲
এক কলম	১২৲		১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিবারে প্রতি ইঞ্চি	৩৲	১।০
" সিকি কলম	১০৲	১৩৲
" অর্দ্ধকলম	২০৲	১৮৲
" এক কলম	৩০৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২।০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা ৫ ; বিশেষ সংখ্যার মূল্য স্বতন্ত্র।

শ্রীধাম-মায়াপুরে

—(:০:)—

—"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট"—

—::০::—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে ; বিদ্যালয় ও বোর্ডিং গৃহ পরিচ্ছন্ন খোলা। শিক্ষকগণ পণ্ডিত ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা রহিয়াছে। খোরাক ও বেতনসমেত প্রতি মাসে মাত্র ৬৲ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উচ্চ ফল প্রদর্শন করিয়াছে। বর্ত্তমান বর্ষে ১৬ জন বালকের মধ্যে ১৫ জন ভালভাবে উত্তীর্ণ হইয়াছে।

মেধাবী ছাত্রগণের আরও সুবিধা

পরীক্ষায় যাহারা শতে শতকরা ৭৫ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ সচ্চরিত্র বিনয়ী ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক-সম্পাদিত : এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতিবিস্তৃতভাবে আলোচিত হইয়াছে। এই এক অপূর্ব্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

চৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত অতিসুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত ইহার ভিক্ষা মাত্র ৩৲ টাকা। প্রাপ্তিস্থান প্রভৃতি সম্বন্ধে ভক্তিশাস্ত্রী, শ্রীযোগপীঠ, শ্রীধাম, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী

—::(০)::—

শ্রীল প্রভুপাদের চতুঃষষ্টিবর্ষপূর্ত্ত্যাবির্ভাব-তিথিতে শ্রীল আচার্য্যদেবের অভীষ্টানুসারে "শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী" প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। ইহাতে পূর্ব্বার্দ্ধ ও উত্তরার্দ্ধ দুইটি বিভাগ আছে। পূর্ব্বার্দ্ধে শ্রীল প্রভুপাদের আদি-প্রবন্ধাবলী শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের সম্পাদিত 'সজ্জনতোষণী,' শ্রীল প্রভুপাদের 'নিবেদন' সাপ্তাহিক পত্র প্রভৃতি হইতে যথাযথ ও প্রয়োজনীয় অর্থের টীকা-সহ প্রকাশিত হইয়াছে। উত্তরার্দ্ধে শ্রীল প্রভুপাদের সম্পাদিত 'সজ্জনতোষণী'র কতিপয় প্রবন্ধ যথাযথ প্রকৃতির সহিত মুদ্রিত হইয়াছে। প্রবন্ধগুলি রচনাকালের ক্রমানুসারে গ্রথিত হইয়াছে ; এতদ্ব্যতীত শ্রীল আচার্য্যদেবের একটি মূল্যবান্ উপোদ্ঘাত ও সঙ্কলনকারীর একটি বিস্তৃত ভূমিকা, শব্দ-সূচী, শাস্ত্র-পাত্র-শ্লোক ও পয়ার-সূচী প্রভৃতি গ্রন্থে সংযোজিত হইয়াছে। গ্রন্থটি উৎকৃষ্ট কাগজে পারিপাট্যের সহিত মুদ্রিত ও শ্রীল প্রভুপাদের আলেখ্যাদিদ্বারা ভূষিত ও সুন্দর বাঁধাই হইয়া প্রকাশিত হইয়াছে। প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, জিলা নদীয়া ; শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ও শ্রীমাধবগৌড়ীয়মঠ, বরিশাল, পোঃ ঢাকা, ঢাকা।

—— ০ ——

শ্রীল প্রভুপাদের পদ্যপ্রসূন মালা

এই গ্রন্থে ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তি-সিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের রচিত পদ্যাবলী শ্রীল আচার্য্যদেবের বিরচিত "সৌরভ" নামক ব্যাখ্যার সহিত প্রকাশিত হইয়াছে। শ্রীল প্রভুপাদের অনেক অপ্রকাশিত পদ্য ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ।০ চারি আনা।

শ্রীশ্রীসরস্বতী-সংলাপ

প্রথম খণ্ড

শ্রীশ্রীব্রহ্মমাধ্ব গৌড়ীয়সম্প্রদায়ৈকসংরক্ষক জগদ্গুরু পরমহংসকুলচূড়ামণি নিত্যলীলা-প্রবিষ্ট ১০৮শ্রী শ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামি-প্রভুপাদ বিভিন্ন জিজ্ঞাসু ও শুশ্রূষু সজ্জনবৃন্দের পরিপ্রশ্নোত্তরে ও সন্দেহ-নিরাকরণকল্পে যে-সকল শুদ্ধভক্তিসিদ্ধান্তবাণী কীর্ত্তন করিয়াছেন, যাহা তাঁহার প্রকটকালেই 'গৌড়ীয়' সম্পাদক শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ প্রভুপাদেরই শ্রীচরণে সংশোধিত করাইয়া রাখিয়াছিলেন এবং যাহার কিয়দংশ গৌড়ীয়পত্রে প্রকাশিত হইয়াছে, তাহা "শ্রীশ্রীসরস্বতী-সংলাপ" নামে ধারাবাহিক শ্রীল প্রভুপাদের 'বক্তৃতাবলী' ও 'পত্রাবলী' আকারে খণ্ডে খণ্ডে প্রকাশিত হইতেছে। বর্ত্তমানে শ্রীল প্রভুপাদের পঞ্চমবার্ষিক বিরহোৎসব-পূজা-বাসরে এই গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। মানবজীবনের বহু অমীমাংসিত সমস্যা ও জটিল প্রশ্নের সমাধান ইহাতে পাওয়া যাইবে। ভক্তিপথের পথিকমাত্রেরই এই গ্রন্থ সংগ্রহ একান্ত প্রয়োজন।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্শা কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপদেশক পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিশাস্ত্রী ভক্তিশাস্ত্রী সম্প্রদায়-বৈভবাচার্য এম-এ মহোদয়ের গ্রেষণাবেষণা এবং পরিপক্ব লেখনীর অদ্ভুত বল আস্বাদন করিবা একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত্র-পাঠে ধন্য হউন। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিবিধ চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৬৩৭ অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্ত্তার ভূমিকাদ্বয় (Preaces), বিষয় তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র-(Index Glossary) সহ গ্রন্থখানি প্রকাশিত। ভিক্ষা—১৫৲ পনর টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, রায়পেটা মাদ্রাজ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

'ঠাকুর ভক্তিবিনোদ'

——::(০)::——

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি-প্রচারের মূল মহাজন সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অভিমর্ত্ত্য জীবনচরিত এতাবৎকাল পর্য্যন্ত গ্রন্থাকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয়মঠাচার্য্যবরের শুভেচ্ছায় সর্ব্বতন্ত্রাসাহিত্যিক সু-লেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীযুৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু মূল্যবান শিক্ষামালা ও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১২৫ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৷৵০ আনা; ডাক মাশুল স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান—ম্যানেজার গ্রন্থবিভাগ

শ্রীগৌড়ীয়মঠ

পোঃ বাগবাজার

কলিকাতা

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

——::(০)::——

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিভিন্ন ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হওয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু ধর্মগ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১৩।১নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

ই, বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	৪-৩৬	৬ ২৬	৭-০৬	১২-২৬	১৪-৫৬	১৬-৫৬	১৭-৫৬	২২-২৬
রাণাঘাট পৌঃ			৮-২৮	১৪-১৫				
(বদল) ছাঃ			৯-৩৩	১৪-৫০				
কৃষ্ণনগর পৌঃ	৭-১	৮-৪৫	১০-৮	১৫-২০	১৭-২৮	১৯-০৮	৪০-১৬	১-১২
(বদল) ছাঃ	৭-১২		১০-৩১		১৭-৩৮		২০-২৬	
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫১		১১-১০		১৮-১৬		২১-৪	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
রাণাঘাট পৌঃ	১২-৫৫
ছাঃ	১৩-০
শান্তিপুর পৌঃ	১৩-২৩
(বদল) ছাঃ	১৩-৩১ (লাইট রেলওয়ে
কৃষ্ণনগর পৌঃ	১৪-১২
ছাঃ	১৪-৩০
নবদ্বীপঘাট পৌঃ	১৫-১০

ডাউন

নবদ্বীপঘাট ছাঃ	৫ ৪৫		৯-১০		১৩-৩১	১৬-০	১৮-৩১	
কৃষ্ণনগর পৌঃ	৬ ২৩	৯-১৬	৯-৪৮	১১-৫১	১৪-১০	১৬-৩৮	১৯-১১	২১-১০
ছাঃ	৬-৩৬	৭-১৮	১০-১১			১৬-৫৬	১৯-২৫	
রাণাঘাট পৌঃ			১০-৪৬			১৭-৩০		
(বদল) ছাঃ			১১-১			১৭-৪৬		
কলিকাতা পৌঃ	৮-১৬	৯-২১	১১-৫১	১২-১৬	১৪-১৬	১৯-১১	২১-৫১	২৩-৩৭

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৩-৩১	১৬-০	
কৃষ্ণনগর পৌঃ	১৪-১০	১৬-৩৮	
ছাঃ	১৫-২৮	১৭-৩৩	
শান্তিপুর পৌঃ	১৬-৯	১৮-১৪	
(বদল) ছাঃ	১৬-৩৩	১৮-২৫ (শনিবার ভিন্ন)	২০-৪০ (শনিবার)
রাণাঘাট পৌঃ	১৭-১০	১৮-৫০	২১-১৫
(বদল) ছাঃ	১৭-৪৩	১৯-১৪	২১-৫০
কলিকাতা পৌঃ	১৯-১১	২০-৪০	২৩-৩৭

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাটতি এত অত্যন্ত অধিক। শিতার প্রীতি সংযুক্ত কালাজ্বর এবং নূতন পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। মূল্য ছোট বোতল ৷৵০ দশ আনা, বড় বোতল ১৷০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা

অথবা

পোঃ বেহালা, ২৪ পরগণা

পোঃ—শ্রীমায়াপুর
টেলিগ্রাম—'শ্রীধাম শ্রীমায়াপুর'

REGD No C 1544

দৈনিক নদীয়াপ্রকাশ

'THE DAILY NADIA PRAKASH'

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৪শ খণ্ড] শ্রীমায়াপুর—৪ঠা ভাদ্র, ১৩৪৬ ২১শে আগষ্ট, ১৯৩৯. সোমবার [১৪৮শ সংখ্যা

বিবিধ সংবাদ

—)::(—

লেখাপড়া শিখাইবার আয়োজন

আসাম গবর্ণমেণ্ট সমগ্র আসামে লেখাপড়া শিখাইবার আয়োজন করিবার সংকল্প করিয়াছেন। এই সম্পর্কে একটি পরিকল্পনা প্রস্তুত করা হইয়াছে। আসামের শিক্ষা বিভাগের ডিরেক্টার উক্ত পরিকল্পনা সম্পর্কে জনসাধারণের অভিমত; তৎসম্পর্কে সমালোচনা ও প্রস্তাব চাহিয়া এক সার্কুলার প্রকাশ করিয়াছেন।

এই সার্কুলার আসাম প্রাদেশিক কংগ্রেস কমিটির সম্পাদক, জিলা কংগ্রেস কমিটির সম্পাদক, কলেজসমূহের অধ্যক্ষ, বিদ্যালয়সমূহের প্রধান শিক্ষক, লোকাল বোর্ড ও মিউনিসিপ্যাল বোর্ডসমূহের চেয়ারম্যান, আসাম ছাত্র ফেডারেশনের সেক্রেটারী ও আরও বহু জনহিতকর প্রতিষ্ঠান এবং পরিষদ ও ব্যবস্থাপক সভার সদস্যদের নিকট প্রেরণ করা হইয়াছে।

উহাতে বলা হইয়াছে, শিক্ষা বিভাগের কর্মচারী এবং দুই শ্রেণীর বেসরকারী লোকদিগকে লইয়া একটি কেন্দ্রীয় কমিটি হইবে। উক্ত কমিটি এই আয়োজন চালাইবার-ব্যবস্থা করা সম্পর্কে পরিকল্পনা প্রস্তুত করিবেন। প্রত্যেক মহকুমা ও মিউনিসিপ্যালিটিতে কমিটি থাকিবে। ঐ সকল কমিটিতে স্থানীয় প্রতিষ্ঠানের চেয়ারম্যান ও সভ্যগণ,—স্থানীয় শিক্ষা বিভাগের কর্মচারিগণ, নির্দিষ্ট পরিষদ সদস্যগণ ও জন-প্রতিষ্ঠানের প্রতিনিধিগণ থাকিবেন। স্থানীয় কেন্দ্র গঠন করাই এই কমিটির কাজ হইবে এবং তাঁহারা জেলা প্রচার-কার্য্য চালাইবেন। এই সকল স্থানীয় কেন্দ্র গ্রামের মাতব্বর ও গ্রাম্য পণ্ডিতদিগকে লইয়া কমিটি গঠন করিয়া দিবে। তাহারা কোনও বিশেষ কেন্দ্রের এলাকাধীন অশিক্ষিত লোকদের তথ্য সংগ্রহ করিবে, পড়াইবার ব্যবস্থা করিবে এবং অশিক্ষিত লোকদের মধ্যে লেখাপড়া শিখিবার আগ্রহ সৃষ্টি করিতে হইবে।

গবর্ণমেণ্ট শিক্ষাদান সম্পর্কিত বিভিন্ন ব্যবস্থা করিতেছেন এবং গ্রামের শিক্ষকদিগের ট্রেণিং দেওয়ার ব্যবস্থা করিতেছেন।

শিক্ষা বিভাগের ডিরেক্টার আরও বলেন যে, গবর্ণমেণ্টের আর্থিক অবস্থা ভাল নহে। এইজন্য প্রদেশের শিক্ষিত ব্যক্তিগণ বিশেষ ভাবে শিক্ষাপ্রতিষ্ঠানসমূহের কর্তৃপক্ষের সাহায্য না পাওয়া গেলে এই আন্দোলনকে সাফল্যমণ্ডিত করা শক্ত হইবে।

হিটলার সকাশে বৃটিশ দূত

বার্কটেসগাডেনে হের হিটলারের সহিত সাক্ষাৎকারের সময় আলোচনার ধারা সম্পর্কে মোটামুটি বিবরণ সম্বলিত এক সংবাদ অধ্যাপক বার্কহার্টের নিকট হইতে বৃটিশ গবর্ণমেণ্ট পাইয়াছেন। এই সংবাদটি এবং হের হিটলারের সহিত অধ্যাপক বার্কহার্টের আলোচনার ফলে অতঃপর অধ্যাপক বার্কহার্ট পোল গবর্ণমেণ্টকে যে সব বিষয় লেখালেখি করিবেন, তাহা খুব গোপন রাখা হইবে। তবে ডানজিগ সমস্যার আপোষ-মীমাংসা সম্পর্কে কোনরূপ প্রস্তাব অধ্যাপক বার্কহার্ট বা অন্য মহল হইতে পাওয়া যায় নাই। হিটলার অধ্যাপক বার্কহার্টের সদরে আসার মতলব আছে কিনা, তদ্বিষয়েও কিছু জানা যায় নাই।

সরকারী মহলে উল্লিখিত হইয়াছে যে, ডানজিগ ও পোল্যাণ্ডের মধ্যে যেসব সমস্যার উদ্ভব হইয়াছে, প্রধানতঃ সেই সব বিষয়ের আলোচনাই অধ্যাপক বার্কহার্ট করিবেন। তিনি ডানজিগের পোল কমিশনার [illegible] মারফত পোল গবর্ণমেণ্টের সহিত ঘনিষ্ঠভাবে যোগাযোগ রাখিতেছেন। বার্কটেসগাডেনে যাইবার পূর্ব্বে অধ্যাপক বার্কহার্ট নাকি বৃটিশ সরকারের সহিত কোনরূপ পরামর্শ করেন না। তিনি কেবলমাত্র এই কথা জানাইয়াছিলেন, তিনি বার্কটেসগাডেনে যাইবার জন্য আমন্ত্রিত হইয়াছেন। বৃটিশ গবর্ণমেণ্টগণের মধ্যে যোগাযোগ রক্ষাকারী হিসাবে ফ্রি-সিটির কমিটির অপর দুই সদস্যকে ঐ আমন্ত্রণের কথা জ্ঞাপন করা হয়। লণ্ডনে দৃঢ়তার সহিত উল্লিখিত হইয়াছে যে, অধ্যাপক বার্কহার্ট বৃটিশ গবর্ণমেণ্টের পক্ষ হইতে কোন সংবাদ লইয়া বার্কটেসগাডেনে যান নাই। তিনি সম্পূর্ণ ব্যক্তিগত-ভাবেই তথায় গিয়াছিলেন।

জাপ-ভারত বাণিজ্যচুক্তি

জাপানের কনসাল জেনারেল মিঃ ওকামাৎসু বোম্বাই আগমন করিয়া জাপানী ফার্মের মালিকদের সহিত দেখা করেন। প্রকাশ, বে-সরকারী ভারতীয় পরামর্শদাতাগণ ভারত গবর্ণমেণ্টকে যে সমস্ত দাবী জানাইয়াছেন, ওকামাৎসু তৎসম্পর্কেই জাপানী ফার্মের সহিত আলোচনা করেন। ভারতীয় বণিকদের মধ্যে কেহ কেহ দাবী করিয়াছেন যে (১) জাপানী সূতার উপর আমদানী শুল্ক বৃদ্ধি করা হউক, (২) চীনকে ভারত-জাপ বাণিজ্য চুক্তির অন্তর্ভুক্ত করা হউক, (৩) কেবলমাত্র বস্ত্রশিল্প সম্পর্কে চুক্তি না হইয়া জাহাজ ব্যবসায় ও অন্যান্য বাণিজ্যক্ষেত্রেও প্রযোজ্য হউক। জানা গিয়াছে যে, এখানকার জাপানী মহল তিনটি দাবীই অগ্রাহ্য করিয়াছে। সমস্ত ব্যবসায় সম্পর্কে তাহারা কোন চুক্তি করা সমর্থন করে না। জাপান বস্ত্রশিল্প ব্যতীত ঐ ভারতীয় ব্যবসায়ীদের সহিত অপর কোন ক্ষেত্রে প্রতিযোগিতা করিতেছে না বলিয়া তাহারা দাবী করিতেছে যে, কেবল মাত্র বস্ত্র-শিল্প সম্পর্কেই চুক্তি করা হউক। জাপানীদের এই মতামত সহ মিঃ ওকামাৎসু শনিবারে সিমলা প্রত্যাবর্ত্তন করিয়াছেন। ভারত গবর্ণমেণ্টের বাণিজ্য সচিবের সহিত মিঃ ওকামাৎসুর কি কথাবার্ত্তা হইয়াছে, তাহা জানা যায় নাই, বোম্বাইয়ের ব্যবসায়ী মহল আশঙ্কা করিতেছে যে, আন্তর্জাতিক অবস্থা যদি খারাপ হয় এবং বৃটেন ও জাপানের মধ্যে সম্পর্ক তিক্ত হয়, তাহা হইলে আলোচনা বন্ধ হইয়া যাইতে পারে।

—

পোলিশ হিমালয় অভিযাত্রী দল

আলমোড়া হইতে প্রাপ্ত একটি সংবাদে প্রকাশ, [illegible] পোলিশ হিমালয় অভিযাত্রীদের অবশিষ্ট সভ্যগণ এবং দুই জন শেরপার সহিত আলমোড়ায় প্রত্যাবর্ত্তন করিয়াছেন। মিঃ জাকুব বুজাকের চোখের অসুখ হইয়াছে আর তাহারা অভিযাত্রীদের মধ্যে সকলেই সুস্থ আছেন। তাঁহাদের সহিত বাটবন পুলোও নিরাপদে আলমোড়ায় পৌঁছিয়াছে।

চৌদ্দ হাজার ফুট উপরে উঠিলে মিঃ ক্যারপিন্‌স্কি আমাশয় রোগে আক্রান্ত হন এবং জীবন দুর্ব্বল হইয়া পড়েন। তথাপি তিনি সাহসিকতার সহিত তিনজন অভিযাত্রী দলকে লইয়া ২৩ হাজার ফুট উচ্চে উঠেন। মিঃ কারপিন্সকি এবং [illegible] নন্দাদেবীর পূর্ব্বভাগে আর একটি শৃঙ্গ আরোহণ করেন। তাহারা এই শৃঙ্গের নাম রাখিয়াছেন [illegible]।

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক। প্রতি একাদশীতে প্রকাশিত হয়। কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। সডাক ভিক্ষা ৪৷০ টাকা মাত্র।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৷০ টাকা মাত্র।

৩। ভাগবত—হিন্দিভাষায় একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহোদয় সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ টাকা মাত্র

৫। শ্রীগৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ মাত্র।

পরমগুরু শ্রীগৌরকিশোর

গৌড়ীয়-সম্পাদক-লিখিত, শ্রীগৌড়ীয়মঠাচার্য্যের ভূমিকা-সম্বলিত, বহুচিত্র-শোভিত ও বিষয়-সূচী-সম্বলিত "পরমগুরু শ্রীগৌরকিশোর" গ্রন্থাকারে প্রকাশিত হইয়াছেন। এই গ্রন্থরাজে শুদ্ধগৌড়ীয়বৈষ্ণবগণের পরমারাধ্য, গৌড়ীয়গৌরবশিখামণি অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ নিত্যলীলাপ্রবিষ্ট পরমহংস ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল গৌরকিশোরদাস গোস্বামী প্রভুবরের অলৌকিক চরিতকথা বর্ণিত আছে।

শ্রীশ্রীভক্তিবিনোদাবির্ভাব-শতবর্ষপূর্ত্তিতিথিপূজার উপায়ন-গ্রন্থমালা

———::(০)::———

১। গীতিসাহিত্যে শ্রীভক্তিবিনোদ

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র গীতিসাহিত্যের সমালোচনা-গ্রন্থ)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

২। শ্রীভক্তিবিনোদবাণীবৈভব

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের রচনামৃতসাগর হইতে আহৃত ১০৮টি অধ্যায়ে সম্বন্ধ-অভিধেয়-প্রয়োজনাকারে ভক্তির অমূল্য উপদেশপূর্ণ গ্রন্থ)

ভিক্ষা—৩৲ তিন টাকা মাত্র।

৩। শ্রীশ্রীভক্তিবিনোদ-প্রসঙ্গ

ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ ও ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামীপ্রভু-বিরচিত এবং গৌড়ীয়ে প্রকাশিত শ্রীশ্রীভক্তিবিনোদ-চরিত-প্রসঙ্গ

ভিক্ষা—৷৶০ ছয় আনা মাত্র।

৪। ছাত্রদের ভক্তিবিনোদ

(ছাত্রদের উপযোগী ভাষায় লিখিত শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্র ও শিক্ষা)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

(ছাত্রদের পক্ষে ভিক্ষা—৷০ আট আনা মাত্র)

প্রাপ্তিস্থান :—

(১) 'ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট', পোঃ শ্রীমায়াপুর, নদীয়া;

(২) শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা;

(৩) শ্রীযুক্ত সুধাংশুরঞ্জন নাথ এম্-এ, বি-এল্, পুরাণপল্টন পোঃ রমনা, ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্,—সমগ্র ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ২৮৲
দশম স্কন্ধ— ৯৲

২। ভাষ্যসহ বিরাট শ্রীচৈতন্যভাগবত (বাঁধা) ৯৲

৩। ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬

৪। সারস্বত কারিকা (বাঁধা) ৪

৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০; ২য় খণ্ড ২৲; ৩য় খণ্ড—৸০
৪র্থ খণ্ড —৸০

৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০

৭। শ্রীচৈতন্যদেব ১৲

৮। সৎক্রিয়াসার দীপিকা সংস্কার দীপিকা ১৷০

৯। বৈষ্ণবধর্ম্ম ২৲

১০। গৌড়ীয় কণ্ঠহার ২৲

১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲

১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲

১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০

১৪। শরণাগতিমালা (দ্বিতীয় সংস্করণ) ৷০

১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ তত্ত্ব ৷০

১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০

১৭। চৈতন্যোপনিষদ ৷০

১৮। বাউল সাহেব ৷০

১৯। তত্ত্ববিবেক ৷০

২০। গৌড়ীয়-গৌরব ৷৶০

২১। গৌড়ীয়গীতিকা ৷৶০

২২। ভজন-রহস্য ৷০

২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲

২৪। গীতা (শ্রীবলদেব টীকা-সহ) ২৲

২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) ২৲
বাঁধা) ১৲

২৬। গীতার কেবল মাত্র ভাষা ৷০

২৭। বৃহদ্ভাগবতামৃত (সানুবাদ) ২৲

২৮। প্রেমভক্তিচন্দ্রিকা (সানুবাদ) ৷০

২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৸০

৩০। দীপ-নির্ দর্শন ৶০

৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ৷৶০

৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ৷০

৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০

৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶০

৩৫। গীতমালা ৵১০

৩৬। নবদ্বীপধাম-মাহাত্ম্য ৶০

৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৶০

৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ৷০

৩৯। শ্রীগোদ্রুমকল্পতরুর ৷০

৪০। শরণাগতি ৵০

৪১। গীতাবলী ৵০

৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০

৪৩। সাধনতত্ত্ব ৵০

৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ৵

৪৫। নবদ্বীপশতক

৪৬। অর্চ্চনপদ্ধতি

৪৭। সদাচারস্মৃতিঃ ৹৵

৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৵১০

৪৯। অর্চ্চনকণ ৵১০

৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম ও ২য় খণ্ড) ৬৲

৫১। ব্রহ্মসংহিতা ৷০

৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ৷০

৫৩। গৌরকৃষ্ণোদয় ৸০

৫৪। পুরুষার্থ বিনির্ণয় ৷০

৫৫। শুভসূত্রাবলী বা মায়াবাদশতদূষণী ৷০

৫৬। ভাবতত্ত্ব ও ভক্তিপথ ৶০

৫৭। ঈশোপনিষৎ (ভাষ্যাদিসহ) ৷০

৫৮। শ্রীকৃষ্ণবেদ ৶০

৫৯। শিক্ষাদর্পণ ৶০

৬০। সংখ্যাবাণী ৵০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ৷০

৬২। সিদ্ধান্ত-সরস্বতী বিজিতঃ ৷০

৬৩। টীকা-শিক্ষাষ্টকম্ ৷০

৬৪। তত্ত্বসূত্রম্

৬৫। সার্থক শিক্ষাষ্টকম্ ৶০

৬৬। গৌড়ীয়মঠপরিচয়ঃ ৵০

৬৭। সারসংগ্রহম্ ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ৷০

৬৯। এ ভিজিট টু দ্য ব্রিটিশ ম্যুজিয়ম ৷০

৭০। নামভজন ৵০

৭১। বেদান্ত—ইটস্ মর্ফলজী অ্যাণ্ড অন্টলজি

৭২। সিলেক্ট ওয়ার্ডস ৷৶০

৭৩। দি লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস অব শ্রীচৈতন্য মহাপ্রভু ৷০

৭৪। বেদান্ত ৷০

৭৫। রোয়াল গৌড়ীয়মঠ টু লণ্ডন ৵০

৭৬। দি ভাগবত ৷০

৭৭। ইরোটিক প্রিন্সিপল অ্যাণ্ড আনএলয়েড ডিভোশন ৷০

৭৮। ব্রহ্মসংহিতা ১৷০

৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (প্রথম খণ্ড) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ৷০

৮১। সাধন-পথ ৷০

৮২। কল্যাণ-কল্পতরু ৶০

৮৩। গীতাবলী ৵০

৮৪। শরণাগতি ৵০

আসামী ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ৵০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ৯৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

একমাত্র পারমার্থিক দৈনিক-পত্র

শ্রীধাম-মায়াপুর-নদীয়া

১৪শ বর্ষ | ২১ শ্রীধর ৪৫৩ গৌরাব্দ, ৪ঠা ভাদ্র বঙ্গাব্দ ১৩৪৬, ২১শে আগষ্ট ১৯৩৯, সোমবার ১৪০শ সংখ্যা

"বিষ খেয়ে মরে যাওয়া ভাল, তথাপি কৃষ্ণেতর বিষয়ী ও বিষয়ের সঙ্গ করা কর্ত্তব্য নয়। হরিভজন আরম্ভ ক'রে যে ব্যক্তি বিষয়ের সহিত সংশ্লিষ্ট হ'য়ে পড়ে, তা'র সর্ব্বনাশ হ'য়ে গেল।"

(শ্রীল প্রভুপাদ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

২১ শ্রীধর সর্ব্বদিন সর্ব্বপ গৌরাব্দ ৪৫৩

শ্রীভক্তিসিদ্ধান্তবাণী

—:০:(৩):০:—

'গুরুরা 'আমার গুরু' এবং 'তাঁহার গুরু' প্রভৃতি দুর্ব্বুদ্ধিতারা ভগবদ্ভক্তির ভক্তদেরকে অপমান করেন, তাঁহারা কখনই ভগবানকে জানিতে পারেন নাই। বারম্বার জগতে প্রাকৃত-জীব-বুদ্ধি ও সাক্ষাৎ ভগবৎ-প্রকাশ-বিগ্রহ গুরুকে ভোগের বস্তু বলিয়া জ্ঞান করিয়াছে। শুদ্ধভক্তগণের সহিত এই সকল উপসম্প্রদায়ের একত্র সম্মিলন বা সমন্বয় অসম্ভব; বৈষ্ণববিদ্বেষিগণের গুরুতে ভোগবুদ্ধি করাই স্বভাব; যেহেতু, "আমার প্রভুর প্রভু গৌরাঙ্গ-সুন্দর। এ বড় ভরসা চিত্তে ধরি নিরন্তর॥" এই বিচার হইতে পৃথক্ বিচারই আউল, বাউল, কর্ত্তাভজা, প্রাকৃত-সহজিয়া, সখীভেকী, জাতিগোসাঁই, গৌরনাগরী প্রভৃতি অয়োদশ-প্রকার অপসম্প্রদায় সৃষ্টি করে। প্রাকৃত-প্রভাবে স্বরূপ লক্ষণবিশিষ্ট বিগ্রহ-বিগ্রহ সত্য পরমেশ্বর বস্তুর সর্ব্বশ্রেষ্ঠ আশ্রয়বিগ্রহের মর্য্যাদা বা গুরুবুদ্ধি পরিত্যাগ পূর্ব্বক জড়কোজ্ঞানমূলে স্বপর, লঘু ও জড়বুদ্ধি স্থাপন করিলে "বর্দ্ধ মুক্তি" ন্যায়ানুসারে পাষণ্ডতাই প্রকাশ পাইবে। যে-স্থলে অপসম্প্রদায়ের তথাকথিত গুরুগণ শুদ্ধবৈষ্ণবের বিদ্বেষ করেন, সেস্থলে অপসম্প্রদায়ের তাদৃশ গুরুবর্গ যথার্থ লঘুস্বরূপদিগকে বৈষ্ণববিদ্বেষিজ্ঞানে পরিহার-পূর্ব্বক প্রকৃত কৃষ্ণভক্তবিৎ ভাগবত শুদ্ধ-বৈষ্ণবের অনুসন্ধান করিয়া তাঁহারই শ্রীচরণ আশ্রয় কর্ত্তব্য।

শ্রীরূপানুগ সম্প্রদায় ব্যতীত অপর অয়োদশ-প্রকার উপসম্প্রদায় সকলেই শ্রীরূপানুগজনের বিদ্বেষী, সুতরাং কৃষ্ণ তাঁহাদিগকে কোনপ্রকারেই প্রিয় বলিয়া জ্ঞান করেন না। অথচ তাঁহারা রূপানুগ শুদ্ধভক্তের বিদ্বেষ পোষণ করিতে গিয়া প্রাকৃত-প্রভাবে 'লঘু' হইয়া পড়েন। কৃষ্ণের প্রিয় শ্রীগুরুবর্গ সর্ব্বদাই শ্রীরূপানুগ-বৈষ্ণব; গুরুতে অদ্বয়। উপসম্প্রদায়িকগণ ভক্তির ছলনায় ভক্তবিদ্বেষীকেই 'গুরু' সাজাইয়া আপনাদিগের মত পোষণ করেন। গুরুতত্ত্বগণ তাঁহাদের সদ গুণময়-জ্ঞানে পরিবর্জ্জন করিয়া শ্রীরূপানুগপদে ও শ্রীগুরুপাদপদ্মে দৃঢ়ভাবে প্রতিষ্ঠিত থাকেন। "অতএব যদি কোন্ ব্যক্তি প্রকৃতপক্ষে শুদ্ধবৈষ্ণব ও কৃষ্ণের প্রিয়তম?" এই কথা জানিতে গিয়া যদি দেখা যায় যে, তিনি শ্রীরূপানুগগণের অবরের বন্ধু না জানিয়া তাঁহাদের বিদ্বেষী হ'য়া পড়িয়াছেন, তাহা হইলে তৎক্ষণাৎ তাদৃশ গুরুত্ব কল্পিত ব্যক্তিকে সর্ব্বতোভাবে পরিত্যাগই কর্ত্তব্য।

কর্ম্মী ও জ্ঞানী সন্ন্যাসিগণ আপনাদিগের প্রাপঞ্চিক শ্রেষ্ঠত্বের অভিমান করেন, কিন্তু বৈষ্ণব-সন্ন্যাসীর মনোগত অভিমান ও বাহ্য-আচার তাদৃশ নহে। বৈষ্ণব-সন্ন্যাসী প্রাপঞ্চিক অভিমানশূন্য।

যাহারা লোক দেখান বৈষ্ণবতার ছলনা করে, তাহাদিগের অভ্যন্তর কপটতা-পূর্ণ। সাধারণ লোকের বোকামির অভাব দেখিয়াই বৈষ্ণবগণ নিজের ভজনপুস্তক ও সেবা প্রভৃতি তাহাদিগকে জানিতে দেন না। প্রাকৃত সহজিয়া-সম্প্রদায় আপনাদিগকে 'বৈষ্ণব' বলিয়া প্রচার করায় 'অদ্ভুত' চিনিতে পারে না। শ্রীমদ্ভাগবতের প্রতিপাদ্য বিষয়ই ভক্তি; সেই ভক্তি নিত্যাসিদ্ধ ও অনর্পিত। তাহার ক্ষয় নাই; মহাপ্রলয়েও নিত্য ভক্তি নষ্ট হয় না। ভগবান্ ভুক্তি-মুক্তি প্রভৃতি প্রাপ্য ফল দিয়া জীবকে 'ভক্তি' বুঝিতে দেন না। ভগবৎকৃপা ব্যতীত কাহারও ভক্তিলাভের সম্ভাবনা নাই। শ্রীমদ্ভাগবত নিত্যকাল অবস্থিত গ্রন্থ; কালে কালে লুপ্ত হইলেও শ্রীব্যাসের জিহ্বায় ও লেখনীতে ভগবৎ-কৃপা-বলে তিনি অবতীর্ণ হন। ঈশ্বর যখনই মর্ত্ত্যে নরবিগ্রহের বোধগম্য লক্ষণ।

শ্রীগুরুতত্ত্ব—নিত্যানন্দ; সেই কৃষ্ণ-বিরহিগণকে যে পালকী [illegible] প্রদান করে, সেই পালকীর [illegible] কোন প্রকার [illegible] নহে। [illegible] হইয়া পড়ে, [illegible] শ্রীগৌরসুন্দরের ঐকান্তিক [illegible] ও শ্রীগৌরসুন্দরের অভিন্ন [illegible] শ্রীগুরুদেবের কৃপা ব্যতীত [illegible] বিপদ্ধস্ত না হয় [illegible] পরকালে [illegible] তাহারা [illegible] ও অন্ত—সম্পূর্ণ [illegible] অসৎ [illegible] সদাচারের সদ্ব্যবহার কথা—[illegible] কথা। [illegible] উপস্থিত হইলে জীব পরমার্থ বঞ্চিত হয়। শ্রীকৃষ্ণচৈতন্যের [illegible] ও প্রাকৃতপ্রাকৃত [illegible] শ্রীগুরুদেবকে পৃথক্ জ্ঞান করে। তাহাদের [illegible] লাভ কখনও হয় না, তাহারা নিত্যকাল গুরু-দ্রোহী হইয়া দুর্গতি প্রাপ্ত হইয়া পড়ে।

শ্রীরূপানুগগণই ভগবদ্ভক্তি সাধনের অধিকারী [illegible] আশ্রয় সেবক-সূত্রে [illegible] স্বরূপ আচার্য্য শ্রীল গোস্বামি-প্রভুপাদ এবং 'ভক্তিরসামৃতসিন্ধু' গ্রন্থে প্রতিপাদ্য [illegible] বর্ণন-প্রসঙ্গে লিখিয়াছেন—সর্ব্বপ্রথমে 'গুরু-পাদাশ্রয়স্তস্মাৎ কৃষ্ণ-দীক্ষাদি শিক্ষণম্। বিশ্রম্ভেণ গুরোঃ সেবা সাধুবর্ত্মানুবর্ত্তনম্॥" নিজের নিত্য মঙ্গলাকাঙ্ক্ষী জীব অবশ্য

মায়াকে করিয়া এক ছাড়ান না যায়। সাধু-গুরু-কৃপা বিনা না ভজি উপায়।

হইতে মুক্ত হইতে ইচ্ছা করিলে সর্ব্বাগ্রে জগদ্গুরু-পাদপদ্মে সম্যক্‌রূপে শরণাগত হইবেন। শ্রীগুরুপাদপদ্মে আত্মসমর্পণ ব্যতীত কোন প্রকারে কাহারও অনর্থপাশ হইতে উদ্ধার লাভ ঘটে না। শ্রৌতপথ অবলম্বন করিয়া শ্রৌতবিগ্রহে প্রাপ্তির ও ব্রহ্মানন্দ সম্যক্‌রূপ আশ্রয়গ্রহণ ব্যতীত জীবের উদ্ধারের কোন উপায় নাই। গুরুপাদপদ্ম-বিমুখ হইয়া শ্রৌতপথবিমুখ নাস্তিকগণ যে তর্কতন্ত্রের ন্যায়, প্রধান, কণাদাদি ও বিপ্রলিপ্সার আশ্রয় গ্রহণ করেন, তাহাতে গুরুদ্রোহ, জগৎ দ্রোহ ব্যতীত গুরুপাদপদ্মাশ্রয়ের কোন চেষ্টা নাই। যাহারা সংসারসমুদ্রে নিমজ্জিত হইতে দৃঢ়সঙ্কল্প, তাহাদের অশ্রৌত তর্কপথই প্রয়োজনীয় হইয়া পড়ে। তাহারা শ্রৌতপথে বা সদ্গুরুর আশ্রয় গ্রহণ করিতে অসমর্থ। তর্কপন্থী, ভগবৎসেবাবিমুখ ব্যক্তি কতকগুলি অশ্রৌত লৌকিকবিচারাচ্ছন্ন পুরুষবিশেষকে 'গুরু' বলিয়া গ্রহণ-পূর্ব্বক কোটিকল্পকাল অজ্ঞবিশ্বাসপরায় চালিত হইলেও তাহারা কোনদিনই কোন নিত্যমঙ্গললাভ ঘটিতে পারে না। এই মহাসত্যের প্রচার ও প্রদর্শনদ্বারা লোক-শিক্ষার নিমিত্ত জগদ্গুরু শ্রীগৌরসুন্দর আপনাকে প্রপন্নজনে শ্রীগুরুপাদপদ্মে আত্মনিক্ষেপ ও কার্পণ্যরূপ শরণাগতি শিক্ষা দিয়াছেন। যথার্থ কৃষ্ণৈকশরণ, কৃষ্ণার্থে অখিলচেষ্টাযুক্ত গুরুদেবের অনুগত ও ভজনের পরিপূরণ করিবার জন্য যাঁহারা আংশিক কপটতা অবলম্বন করেন, তাঁহাদের সংসারযন্ত্রণা হইতে মুক্ত হইবার কোনদিন সম্ভাবনা নাই।

'সদা দীক্ষাপরে নিষ্ঠে সাধৌ সঙ্গঃ ষড়ো
ব্রজে"

—এই নিত্যকল্যাণকর বিচার যাঁহাদের হৃদয়ে প্রবল, তাঁহারাই আত্মসমর্পণ ও গুরুপাদপদ্মাশ্রয় সম্বন্ধে, শ্রীভগবৎপাদপদ্মকে একমাত্র সেবনীয় বিচার করিয়া স্বয়ং-ভগবান্ প্রভু প্রেমকল্পদ্রু সাধকগণের আদর্শবিধি শিক্ষা দিবার উদ্দেশ্যে মাধবেন্দ্র-পুরীপাদের পরম কৃপাপাত্র ঈশ্বরপুরীপাদকে গুরুদেবরূপে বরণ করিবার লীলাভিনয় প্রদর্শন করিয়া তাঁহাকে কৃপা করিয়াছিলেন। যে কৃষ্ণপাদপদ্মমধুরস পানের নিমিত্ত শিক্ষার্থিরূপধারী প্রভুর গুরুপদে ভিক্ষা-প্রার্থনা এবং গুরুলীলাভিনয়কারী শ্রীল ঈশ্বরপুরীপাদের সেই ভিক্ষা-প্রদান এতদুভয়ের মধ্যে কোনপ্রকার কৈতবাংশের লক্ষিত হয় নাই।

"ন ধনং ন জনং ন সুন্দরীং কবিতাং
বা জগদীশ কাময়ে।
মম জন্মনি জন্মনীশ্বরে ভবতাদ্ভক্তিরহৈতুকী
ত্বয়ি॥"

—এই শ্লোকে প্রভু শ্রীগুরুদেবের চরণে যে প্রার্থনা জ্ঞাপন করিয়াছিলেন, তাহাই শ্রীমাধবেন্দ্রপুরীপাদের নিষ্কপট পরিপূর্ণ করুণা প্রসাদবলে শ্রীঈশ্বরপুরীপাদের হৃদয়ে সঞ্চারিত হইয়া সর্ব্বক্ষণ জাগ্রতভাব-রূপে নিহিত ছিল।

অপ্রাকৃত দেহ ব্যতীত শ্রীকৃষ্ণের জ্ঞান হয় না। প্রাকৃত স্থূল-সূক্ষ্ম-দেহ ব্যতীত জীবের অপ্রাকৃত দেহ আছে। সূক্ষ্মদেহ মনও জড়ভাব মিশ্রিত। বিচার হইতে আচার পৃথক—এই বুদ্ধি নির্ব্বিশেষবাদী ত্যাগীর পক্ষে শোভা পায়। ভগবদ্ভক্তের বিচার এরূপ নহে। জীবের অস্তিত্ব বিনাশের প্রয়োজন নাই। জড়জগতে বস্তুশক্তির পরিণাম আছে। চেতন জীব কাঠ-পাথরের ন্যায় নিশ্চেষ্ট হইতে পারে না। জীব সেবা-চেষ্টারহিত বা indolent হইলে নির্ব্বিশেষ জ্ঞানী হইয়া পড়ে। জ্ঞানমার্গে বশিষ্ঠ, দত্তাত্রেয়, শাক্যসিংহ প্রভৃতির বিচার নির্ব্বিশেষবিচারপর। ইঁহারা সকলেই মোক্ষকামী। ত্যাগীরা নিজদিগকে ফলা-কাঙ্ক্ষাশূন্য বলিয়া প্রচার করিলেও তাহারা মোক্ষোপাসনারূপ কপটতা ছাড়িতে পারে না। কিন্তু কৃষ্ণভক্তের কোনই অভিলাষ নাই। তাঁহারা সকল সময় কৃষ্ণকে ভোগ করাইয়া থাকেন। এইজন্য শ্রীমদ্ভাগবত বলেন—

"ধর্ম্মঃ প্রোজ্ঝিতকৈতবোঽত্র পরমো-
নির্ম্মৎসরাণাং সতাং।"

'পরমধর্ম্মের আশ্রয় করা' অর্থে—ভক্তিমান্ হওয়া বুঝায়। ভগবদ্ভক্তিতেই সব সুবিধা হয়। কর্ম্ম, জ্ঞান ও অন্যাভিলাষ থাকিলে ভক্তিপথাবলম্বনের ভাণ করিলেও অসুবিধা হইবে। অভাবের রাজ্যে থাকিলে কোনই সুবিধা হইবে না। ভাবের রাজ্যে পৌঁছিতে পারিলে কৃষ্ণসেবানন্দের উৎস প্রবাহিত হইবে। ভাবের লক্ষণ—

শুদ্ধসত্ত্ববিশেষাত্মা প্রেমসূর্য্যাংশু-সাম্যভাক্।
রুচিভিশ্চিত্তমাসৃণ্যকৃদসৌ ভাব উচ্যতে॥

স্থূলরাজ্য হইতে মুক্ত হইয়া যখন ভাবরাজ্যের দিকে অগ্রসর হই' অর্থাৎ শ্রীগুরুপাদপদ্মের আশ্রয়ে কৃষ্ণভজনে নিযুক্ত হই, তখন অনর্থনিবৃত্তি হয়। শ্রীগুরুপাদপদ্ম আশ্রয় করিলে কৃষ্ণভজন হয়। কৃষ্ণভজন না করিলে জড়ভোগ বা জড়ত্যাগ-প্রবৃত্তির উদয় হয়। শান্তরতি অর্থাৎ কৃষ্ণনিষ্ঠা ও ভুক্তিত্যাগের অভাবে আমরা অশান্ত হইয়া পড়ি।

বিষ্ণুর বিষয় শ্রবণ করা আবশ্যক। প্রহ্লাদ মহারাজ নববিধা ভক্তিকেই উত্তম অধ্যয়ন বলিয়াছেন, যথা—

শ্রবণং কীর্ত্তনং বিষ্ণোঃ স্মরণং
পাদসেবনম্।
অর্চ্চনং বন্দনং দাস্যং সখ্যমাত্মনিবেদনম্॥
ইতি পুংসার্পিতা বিষ্ণৌ ভক্তিশ্চেন্নবলক্ষণা।
ক্রিয়েত ভগবত্যদ্ধা তন্মন্যেঽধীতমুত্তমম্॥

বিষ্ণুর শ্রবণ না হইলে সংসারাসক্তিতে আবদ্ধ থাকিয়া কর্ম্মকাণ্ডে বেদালোচনায় ধাবিত হই। চিন্তা করা উচিত যে, বেদ-পাঠের দ্বারাও সংসারলাভ হয়। শ্রীমদ্ভাগবত পরমধর্ম্মের মাহাত্ম্য কীর্ত্তনে বলিয়াছেন—'তাপত্রয়োন্মূলনম্' অর্থাৎ ভাগবতধর্ম্ম যাজন করিলে ত্রিতাপ উন্মূলিত হয়। আধ্যাত্মিক, আধিভৌতিক ও আধিদৈবিক ত্রিবিধ তাপ উন্মূলিত হওয়া দরকার। অন্যের উপর প্রভুত্ব করিয়া নিজের সুবিধা করিয়া লব—এইরূপ বিচারে এষণায় বা বাসনায় চালিত হইতে গেলে ঐ আধিভৌতিক তাপ উপস্থিত হয়।

মৎসরতা উপস্থিত হইলে এষণায় বা বাসনায় উদয় হয়। শ্রীমদ্ভাগবত ভক্তি-ধর্ম্মকে 'নির্ম্মৎসরাণাং সতাং' বলিয়াছেন। সাধু নির্ম্মৎসর হইলে পরমধর্ম্মের আলোচনা হয়। ভাগবতধর্ম্ম 'প্রোজ্ঝিতকৈতব'। শ্রীধর স্বামিপাদ টীকায় বলিয়াছেন—

"প্র-শব্দেন মোক্ষাভিসন্ধিরপি নিরস্তঃ।"

মোক্ষবাঞ্ছাও কামনার অন্তর্ভুক্ত; যেহেতু তাহাতে কৃষ্ণেন্দ্রিয়প্রীতিবাঞ্ছা নাই।

আত্মেন্দ্রিয়-প্রীতিবাঞ্ছা তারে বলি 'কাম'।
কৃষ্ণেন্দ্রিয়-প্রীতিবাঞ্ছা ধরে 'প্রেম' নাম॥

নিজের ভোগ বা ত্যাগে কৃষ্ণের সেবা নাই। মোক্ষবাঞ্ছাতেও সূক্ষ্মভাবে নিজের ভোগ পূর্ণমাত্রায় রহিয়াছে। একমাত্র শ্রীমদ্ভাগবতেই পরমধর্ম্মের কথা বিবৃতরূপে আছে। সেই পরম ধর্ম্মটি কি? শ্রীমদ্ভাগবত বলিয়াছেন—

স বৈ পুংসাং পরো ধর্ম্মো যতো
ভক্তিরধোক্ষজে।
অহৈতুক্যপ্রতিহতা যয়াত্মা সম্প্রসীদতি॥

যাহাতে অধোক্ষজ বস্তুতে ভক্তি আছে, তাহাই পরমধর্ম্ম। অধোক্ষজে অহৈতুকী ভক্তি কর্ত্তব্য। অক্ষজবস্তুতে হেতুমূলে যে ভক্তি, তাহা পরমধর্ম্ম নহে।

শরণাগতই আশ্রিত

হরি, গুরু ও বৈষ্ণব এই তিনটি বস্তু জীবের নিত্যারাধ্য—একমাত্র গতি ও আশ্রয়। তিনটি এক অদ্বয় বস্তু। একটি বিষয়, অপর দুইটী আশ্রয়—সেব্য ও সেবক-সম্বন্ধবিশিষ্ট। শাস্ত্র বলেন—"কৃষ্ণ ভুলি সেই জীব অনাদি-বহির্ম্মুখ। অতএব মায়া তারে দেয় সংসারাদি দুঃখ।" গুরুবৈষ্ণব-সমন্বিত সেই অদ্বয়জ্ঞান শ্রীহরির পাদপদ্ম-সেবাবৈমুখ্যরূপ অনাদিকাল হইতে কৃত অপরাধের ফলে জীব জন্ম জন্ম সংসারাদি দুঃখ লাভ করে। আবার বহু জন্মজন্মান্তর—কৃমি-কীট-পতঙ্গ-পশ্বাদি ৮৪ লক্ষ যোনি-ভ্রমণের পর সেই অদ্বয়-বস্তুর অহৈতুকী কৃপাফলে সুকৃতিযুক্ত জীব ক্রমে সাধু-শাস্ত্র-গুরু বাক্যে শ্রদ্ধাসম্পন্ন হইয়া হরিগুরুবৈষ্ণবের প্রতি সেবোন্মুখ হইলে সাধুসঙ্গে ক্রমশঃ সাধন করিতে করিতে পুনরায় সেবালাভ করিয়া সংসারাদি দুঃখ হইতে নিষ্কৃতি লাভ করে। সুতরাং আশ্রয়ের প্রতি—নিত্যারাধ্য বস্তুর প্রতি যাহাতে কোন প্রকার অপরাধ-ফলে পুনরায় নিরাশ্রয় হইয়া ব্রহ্মাণ্ড ভ্রমণ করিতে না হয়, প্রকৃত মঙ্গলকামী ব্যক্তি সে দিকে সর্ব্বদা সতর্ক। জীবের আত্মা-ধর্ম্মের অপব্যবহারজনিত দুঃখের উল্লেখ করিয়া ঠাকুর ভক্তিবিনোদ গাহিয়াছেন,—

বড় দুঃখ পাইয়াছি স্বতন্ত্র-জীবনে।
সব দুঃখ দূরে গেল ও পদ বরণে॥

যেহেতু হরি, গুরু ও বৈষ্ণব—তিনটি অদ্বয় বস্তু, সেহেতু তিনের যে কোন একটির প্রতি অপরাধ হইলে সেই অদ্বয় বস্তুর প্রতিই অপরাধ হয়। শ্রীকৃষ্ণ ধনী আর গুরুবৈষ্ণব ধন। ধন ছেদন করিলে ধনী বাধিত না হইয়া পারেন না। আবার শ্রীগুরুপাদপদ্ম-কৃপাই কৃষ্ণসেবা লাভের একমাত্র উপায়। উপায় ব্যতীত উপেয় কৃষ্ণবস্তু লাভ হয় না। গুরু-বৈষ্ণব ও কৃষ্ণের কৃপা পরস্পর সাপেক্ষধর্ম্মযুক্ত। কৃষ্ণকৃপাফলেই গুরু লাভ হয় এবং গুরুকৃপা-ফলেই কৃষ্ণলাভ হয়। জীবের নিকট কৃষ্ণের সর্ব্বোত্তম দয়ার রূপ—শ্রীগুরুরূপ। গুরুরূপেই কৃষ্ণ জীবকে আশ্রয় প্রদান করেন। শাস্ত্র বলেন—

"আচার্য্যং মাং বিজানীয়ান্নাবমন্যেত
কর্হিচিৎ।
ন মর্ত্ত্যবুদ্ধ্যাসূয়েত সর্ব্বদেবময়ো গুরুঃ॥

সংসারদাবানলে জীবের উদ্ধারের নিমিত্ত মহাজন কীর্ত্তন করিয়াছেন—

"সংসারদাবানললীঢ়লোক-ত্রাণায়
কারুণ্যঘনাঘনত্বম্।

মহৎকৃপা বিনা কোন কর্ম্মে ভক্তি নয়। কৃষ্ণভক্তি দূরে রহু সংসার নহে ক্ষয়॥

প্রাপ্তভ কল্যাণ-ভার্থিত বপে
ভবোঃ শ্রীচরণারবিন্দম্ ॥"

হরি-গুরু-বৈষ্ণব যেমন অভিন্নতত্ত্ব, দীক্ষা ও শিক্ষাদি ভেদে গুরুবর্গ সকলেই সেই প্রকার এক অভিন্নতত্ত্ব বলিয়া শাস্ত্রে কথিত হয়। লোকোত্তরের নিমিত্ত নরোত্তমরূপে গুরুতত্ত্বের প্রপঞ্চে বিবিধ বিলাস দৃষ্ট হয়। সকলেই সেই নিখিল পতিত জীবের নিত্যারাধ্য ও নিত্যাশ্রয় শ্রীনিত্যানন্দের অভিন্নপ্রকাশ। আবার প্রকাশবিগ্রহগণ যেহেতু সকলেই এক অভিন্নতত্ত্ব, সেহেতু যে কোন প্রকাশবিগ্রহের প্রতি অপরাধ হইলে সেই একই অখণ্ডতত্ত্ব শ্রীগুরুপাদপদ্মেই অপরাধ হয়। নিত্যানন্দাভিন্ন শ্রীগুরুপাদপদ্মে মর্ত্ত্যবুদ্ধিকারী অপরাধীর কোন কালে গতি নাই। ঠাকুর মহাশয় গাহিয়াছেন—

আশ্রয় লইয়া ভজে, তারে কৃষ্ণ নাহি ত্যজে,
আর সব মরে অকারণ।

'আদৌ গুরুপাদাশ্রয়'এর কথা শুনিতে পাওয়া যায়। আশ্রয় বা শরণ না লইয়া অর্থাৎ আত্মগতধর্ম ত্যাগ করিয়া সাধনপথে একপদও অগ্রসর হওয়া যায় না।

"ক্ষুরস্য ধারা নিশিতা দুরত্যয়া।
দুর্গং পথস্তৎ কবয়ো বদন্তি ॥

(কঠ ২।৩।১৪)

শ্রীল প্রভুপাদ জানাইয়াছেন—"নিত্যবদ্ধ জীবকে শত সহস্র অসুবিধা, অপরাধ, অযোগ্যতা, দুর্বলতার কবল হ'তে উদ্ধার করবার জন্য ভগবৎ-পরিকরবৈশিষ্ট্য অবতীর্ণ হন। কৃষ্ণপ্রদাতা গুরুপাদপদ্ম গোলোক-বৃন্দাবনে নিত্য অবস্থিত।"

কৃষ্ণের গুরুরূপ—আশ্রয়রূপ। গুরুদেব ইহজগতে সাধনকালের আশ্রয়মাত্র নহেন, গোলোক-বৃন্দাবনেও সিদ্ধিগণের আশ্রয়। "নিতাইচরণ সত্য, তাঁহার সেবক নিত্য, নিতাইপদ সদা কর আশ।" ক্ষণকাল বা কিছুকাল আশ্রয় প্রদান করিয়া যিনি বিরত হন, তিনি আশ্রয় নহেন।

আশ্রিতকে আশ্রয় দেওয়াই আশ্রয়বিগ্রহ শ্রীগুরুপাদপদ্মের কার্য্য। শরণাগতই আশ্রিত। গুরুদেব শরণাগত-পালক, রক্ষক, প্রভু ও আরাধ্য। তিনি কখনও শরণাগত-বঞ্চক নহেন। শরণাগতিই রক্ষিত হইবার একমাত্র মূলমন্ত্র। কপটই বঞ্চিত।

নিষ্কিঞ্চনই শরণাগত। শত-সহস্র বিপদাদিকে তিনি কৃপা বলিয়াই জানেন, বিপদরাশির মধ্যে প্রচুর অহৈতুকী কৃপার নিদর্শন পান, কখনও নিজ অসুবিধা লক্ষ্য করিয়া আশ্রয়ের প্রতি দোষারোপ করত আশ্রয়চ্যুত হন না। প্রহ্লাদ মহারাজ দৈত্যরাজের নানাপ্রকার কঠোর নির্য্যাতনে নিজেকে নিরাশ্রিত মনে করেন নাই। পরীক্ষিৎ মহারাজ আসন্ন মৃত্যু ও তক্ষক-দংশনের মধ্যেও প্রচুর মঙ্গলের নিদর্শন লক্ষ্য করিবার আদর্শ দেখাইয়াছেন। বজ্রপতনাশঙ্কায় চাতক যেমন তৃষ্ণার্ত্ত অগাধ জলরাশির প্রতি লক্ষ্য করিয়া মেঘনিঃসৃত বারিবিন্দুর আশা পরিত্যাগ করে না, নিষ্কিঞ্চন শরণাগত সেবকও তেমনি প্রত্যক্ষ, পরোক্ষ ও অপরোক্ষ বাদীর ছলনাময় কুতর্কের প্রতি কোন আস্থারই বিশ্বাস স্থাপন পূর্ব্বক নিজ নিত্য-প্রভুর পাদপদ্মাশ্রয় কখনও পরিত্যাগ করেন না। জগতের আধ্যক্ষিক নীতিবাদী বা নীতিহীন-সম্প্রদায়ের ন্যায় বৈকুণ্ঠলক্ষ্মী শ্রীসীতাদেবীর পাদপদ্মে কলঙ্কারোপ করিবার পরিবর্ত্তে মহামুক্ত শ্রীবজ্রাঙ্গজী স্বর্ণলঙ্কা দগ্ধ করিয়া আধ্যক্ষিকতা ও সংশয়-সন্দেহবাদের উপর পদাঘাত করিবার আদর্শ প্রদর্শন করিয়াছেন। শ্রীল বৃন্দাবন দাস ঠাকুর ও শ্রীমন্নিত্যানন্দপাদপদ্মে আধ্যক্ষিক দোষ-দর্শনকারীর বিচার ও দর্শনকে পদাঘাতে বিদূরিত করিয়া কোমলশ্রদ্ধ গণকে রক্ষা করিবার নিমিত্ত বলিয়াছেন—

যদ্যপি বলরাম যদি নিত্যানন্দ ধরে।
তথাপি ব্রহ্মার বন্দ্য বলিল তোমারে ॥

আমি যাঁহাকে আশ্রয় করিয়াছি বাস্তবিক তাঁহাতে কোন দোষ আছে কিনা, এই দুষ্টবুদ্ধি চিত্তবৃত্তির আশ্রয়ে প্রত্যক্ষ, পরোক্ষ ও অপরোক্ষবাদীর সিদ্ধান্তে বিশ্বাস স্থাপন করিয়া বঞ্চিত হইবার পরিবর্ত্তে শরণাগত হইয়া নিষ্কপটে গুরুপাদপদ্মৈকনিষ্ঠ গুরু-সেবকের পশ্চাদনুসরণে গুরুপাদপদ্মের কৃপালোকে গুরুদর্শনই দিবে। নিষ্কপট ও নিষ্কিঞ্চন গুরুসেবক কোন দিনই বঞ্চিত হইয়াছেন বলিয়া কখনও শাস্ত্রে প্রমাণ পাওয়া যায় না। এমন কি তপস্যা করিয়াছি যে, শ্রীগুরুদেব আমাকে এই মুহূর্ত্তেই দর্শন দিবেন? দম্ভ, কপটতা আমি ছাড়িয়াছি কি? 'হায়, হায়! আমার গুরুদর্শন হইল না। আর কবে আমি তাঁহার দর্শন পাইব' বলিয়া ব্যাকুল হইয়া কাতর ক্রন্দন করিয়াছি কি?

"কবে শ্রীচৈতন্য মোরে করিবেন দয়া।
কবে আমি পাইব বৈষ্ণব-পদছায়া ॥
গলবস্ত্র কৃতাঞ্জলি বৈষ্ণব নিকটে।
দন্তে তৃণ করি দাঁড়াইব নিষ্কপটে ॥
কাঁদিয়া কাঁদিয়া জানাইব দুঃখগ্রাম।
সংসার-অনল হ'তে মাগিব বিশ্রাম ॥
এ দাসের নিবেদন বৈষ্ণব-চরণে।
কৃপা করি সঙ্গে লহ এই অকিঞ্চনে ॥"

"আর কবে নিতাইচাঁদের করুণা হইবে
সংসার-বাসনা মোর কবে তুচ্ছ হ'বে ॥
বিষয় ছাড়িয়া কবে শুদ্ধ হ'বে মন।
কবে হাম হেরব শ্রীবৃন্দাবন ॥
রূপ-রঘুনাথ-পদে হইবে আকুতি।
কবে হাম বুঝব সেই যুগল পীরিতি ॥"

"যোগ্যতা বিচারে, কিছু নাহি পাই,
তোমার করুণা সার।
করুণা না হৈলে, কাঁদিয়া কাঁদিয়া,
প্রাণ না রাখিব আর ॥"

"আমারে তারিতে কাহার শকতি
অবনি ভিতরে নাহি।
দয়াল ঠাকুর ঘোষণা তোমার
অধম পামরে ত্রাহি ॥"

—প্রভৃতি পদগুলি আমার একমাত্র সাধনার বিষয় হইয়াছে কি?

শাস্ত্রের সিদ্ধান্তে কেবল শুষ্ক পাণ্ডিত্য প্রকাশ করিবার পরিবর্ত্তে আমার মূঢ় মন অনাহার অনিদ্রায় আকুল ক্রন্দনে কেবলই তাঁহার অনুসন্ধান করে কি? কাহার নিকট তিনি আসিবেন? কৃষ্ণ যাঁহার দর্শনে ব্যাকুল, যাঁহাকে বক্ষে ধারণ করিয়া জুড়ান, কৃষ্ণের প্রাণাপেক্ষা প্রিয়তম শ্রীরূপাভিন্ন সেই শ্রীগুরুরূপ, জীবের নিত্যারাধ্য শ্রীকৃষ্ণের সেই সর্ব্বোত্তম দয়ার রূপ কবে আমার হৃদয়-সিংহাসনে আবির্ভূত হইবেন? শ্রীল ঠাকুর নরোত্তমের—'শ্রীরূপমঞ্জরী-পদ, সেই মোর সম্পদ, সেই মোর ভজন-পূজন। সেই মোর প্রাণধন, সেই মোর আভরণ, সেই মোর জীবনের জীবন ॥ তুয়া অদর্শন-অহি, গরলে জারল দেহ, চিরদিন তাপিত জীবন।' এই দশা লাভ আমার হইয়াছে কি? যদি না হইয়া থাকে, তবে আশাই বা করি কেন? তথাপি আমি, দম্ভ কপটতার আশ্রয়গ্রহণকারী আমি, শ্রীগুরুপাদপদ্ম এখনও যে কৃপা করিয়া আমাকে ত্যাগ করেন নাই, ইহা আমার ন্যায় হতভাগ্যের প্রতি তাঁহার অসীম দয়ার নিদর্শন

শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী

পরমার্থ-সম্পুটের রত্নরাজি

ভিক্ষা :—১ম খণ্ড ৸০ ; ২য় খণ্ড ১৲ ; ৩য় খণ্ড ৸০ ; ৪র্থ খণ্ড —৸০ আনা।

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ
শ্রীধাম-মায়াপুর,
নদীয়া

পুরীতে প্রচার

পরমারাধ্যতম শ্রীশ্রীল আচার্য্যদেবের আনুগত্যে পুরী শ্রীপুরুষোত্তম মঠের সেবকবৃন্দ সহরের বিভিন্নস্থানে হরিকথা কীর্ত্তন করিতেছেন।

গত ৬ই আগষ্ট রবিবার প্রাতঃকালে কতিপয় মঠসেবক পুরীসহরস্থিত মিঃ বি কে, ঘোষাল (ইউ, পি'র ইণ্ডাষ্ট্রির অ্যাসিষ্টেন্ট ডাইরেক্টর) মহোদয়ের সহিত সাক্ষাৎ করিয়া বহুক্ষণ যাবৎ হরিকথা-কীর্ত্তন করেন। হরিকথা শ্রবণ করিয়া তিনি পরমানন্দিত হন।

ঐ দিনই সুপ্রসিদ্ধ 'The Roy's Ideal Pharmacy'র ডাঃ এন্ সি রায় এম বি মহোদয়ের সহিত ব্রহ্মচারিবৃন্দের কিছুক্ষণ হরিকথা-আলোচনা হয়। তিনি পরিশেষে বহুক্ষণ যাবৎ হরিকথা-শ্রবণ করিয়া অতিশয় আনন্দ লাভ করেন।

শ্রীকুঞ্জবিহারী মঠে বিশিষ্ট দর্শক

তমলুকপুরের মহারাজ রাজেন্দ্রপ্রসাদ সিংহ বাহাদুর গত ২৭শে জুলাই ও ১লা আগষ্ট দুই দিবস প্রাতে ৯ ঘটিকার সময় বহু লোকজন সমভিব্যাহারে শ্রীরাধাকুণ্ডস্থ শ্রীকুঞ্জবিহারী মঠে আগমন করত শ্রীবিগ্রহ দর্শন ও মঠবাসী ভক্তগণের নিকট হরিকথা শ্রবণ করিয়া পরমানন্দিত হন। মহারাজ বাহাদুরের অমায়িক ব্যবহার ও হরিকথা-শ্রবণেচ্ছা প্রশংসনীয়।

নির্য্যাণ

হাওড়া জেলার অন্তর্গত বাগনান নিকটবর্ত্তী ত্রিপুরাপুর গ্রামনিবাসী শ্রীযুত জগন্নাথবাবু দাসাধিকারী (বজেশ্বর বাবু) গত ২৫শে শ্রাবণ ১০ই আগষ্ট বৃহস্পতিবার রাত্রি ৩টা ৪৫ মিনিটের সময় ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিবৈভব সাগর মহারাজ প্রমুখ বৈষ্ণববৃন্দের মুখে হরিনাম শ্রবণ করিতে করিতে সজ্ঞানে স্বধামে গমন করিয়াছেন।

শুদ্ধভক্তি-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠ

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া শ্রীব্রজপত্তন ভবনে শ্রীচৈতন্যমঠ, পরবিদ্যাপীঠ, শ্রীশ্রীরাধাকৃষ্ণ, শ্রীগৌর, গোপাল আচার্য্য চতুষ্টয় বিগ্রহ আছেন। সুপ্রাচীন প্রতিষ্ঠান 'নদীয়া-প্রকাশ'-মুদ্রণালয় আছে।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪২১৫ কলিকাতায় শ্রীভক্তিবিনোদ-আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, কীর্ত্তন, মহাপ্রভুর বেদান্ত শ্রীমদ্ভাগবতাদি গ্রন্থের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও সাপ্তাহিক ইংরেজী পত্র প্রকাশিত হয়।

(৩) যোগপীঠ-মায়াপুর শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমহাপ্রভুর আবির্ভাব ভূমি মহাযোগপীঠ।

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং ব বর্ত্তমান।

(৬) মুরারিগুপ্তের পাট

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৭) কাজি সমাধি-পাট

সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া) ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি।

(৮) অনুকূলকৃষ্ণাম্বুনীলমাধব

শ্রীধাম মায়াপুর

(৯) স্বানন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া) এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান) গোস্বামী দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা।

১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ জাননগর (বর্দ্ধমান)

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মামগাছি, পোঃ জাননগর, (বর্দ্ধমান) ব্যাসাবতার ঠাকুর বৃন্দাবনের স্থান

(১৩) ঋতুদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(১৪) জহ্নুদেব-গৌড়ীয়মঠালয়

১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ

গৌড়পুর, নদীয়া

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ

মাজিদা—(শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী) পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৭) কৃষ্ণকুটীর

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

(২০) মহেশ-পণ্ডিতের পাট

কাঠালপুলি, পোঃ চাকদা (নদীয়া)

(২১) রাণাঘাট-গৌড়ীয়মঠালয়

(২২) পুরী গৌড়ীয়মঠ

চব্বিশ পরগণা

(২৩) মাধ্বগৌড়ীয় মঠ

বালিয়াটি পোঃ আরি, ঢাকা। পূর্ববঙ্গের প্রচার-কেন্দ্র।

(২৪) গোপালজীমঠ

কমলাপুর, পোঃ ঢাকা

(২৫) নিতাই-গৌরাঙ্গ মঠ

পোঃ গণিয়াটি, (ঢাকা)

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

বড়বাজার, পোঃ ময়মনসিংহ

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চক্চকা, কামরূপ (আসাম)

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

৬নং পালাং বিল্ডিং, দার্জ্জিলিং

(৩০) নারায়ণ-গৌড়ীয়মঠ

পোঃ হরিহর, জেঃ শাহাবাদ, ই, আই, রি

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

দীঘাপুর পাটনা।

(৩২) গয়া গৌড়ীয়মঠ

মধ্যা রোড, গয়া

(৩৩) সনাতন-গৌড়ীয় মঠ

৮।১১ বড় গণেশগঞ্জ, বেনারস সিটি

৩৪) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

(৩৫) নৈমিষারণ্য মঠ,

পোঃ মিশ্রিখ, সীতাপুর (ইউ পি)

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়

বিশ্রামঘাট, পোঃ মথুরা

(৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ

কিশোরপুর, বৃন্দাবন

(৩৯) প্রেমানন্দ-সুখদকুঞ্জ

পোঃ রাধাকুণ্ড, মথুরা

(৪০) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪১) রাধাকুণ্ড গোষ্ঠবাটী

(৪২) শ্রীগোবর্দ্ধনমঠালয়

গোবর্দ্ধন, মথুরা

(৪৩) সংকেত বিহারী মঠ

সংকেত, মথুরা।

(৪৪) নন্দগ্রাম গৌড়ীয়মঠালয়

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৫) কোশী গৌড়ীয়মঠালয়

পোঃ কোশী, মথুরা

(৪৬) গোষ্ঠবিহারী মঠ—পেলানী,

পোঃ হোডোল, জেলা গুর্গাঁও (পাঞ্জাব)

(৪৭) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

(৪৮) দিল্লী গৌড়ীয় মঠ

৪৫নং ক্যানিং রোড, নিউ দিল্লী

(৪৯) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়া ট্যাঙ্ক রোড, . অ্যান্টওয়েলস বম্বে ৭

(৫০) মাদ্রাজ-গৌড়ীয়মঠ

পোঃ রয়াপেট্টা, মাদ্রাজ

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকাগিরিধারীর সেবা

(৫১) কোভুর-গৌড়ীয়মঠ

পোঃ কভুর, জেলা গোদাবরী মাদ্রাজ

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকা-গিরিধারীর সেবা

(৫২) জগন্নাথ-গৌড়ীয়মঠ

জগন্নাথ, পোঃ বালিশাহি, (পুরী)

(৫৩) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত পোঃ পুরী, উড়িষ্যা

৫৪) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

৫৫ সীতাকুটী

(৫৬) ভিক্ষু-গৌড়ীয়মঠ

পোঃ ভুবনেশ্বর, পুরী

(৫৭) সচ্চিদানন্দ মঠ

শালকালি, পোঃ কটক (উড়িষ্যা)

(৫৮) বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ

৬৯) শ্রীব্রহ্মমাধ্বগৌড়ীয়-প্রপন্ন-মঠম

পোঃ কভুর, মাদ্রাজ

(৬০) ভাগবতজনানন্দ মঠ

চিরুলিয়া, পোঃ নারায়ণপুর, মেদিনীপুর

(৬১) সুয়াবি গৌড়ীয়মঠ

পোঃ সুয়াবি, মেদিনীপুর

(৬২) আমলাযোড়া প্রপন্নাশ্রম মঠ

পোঃ রাজবাঁধ (বর্দ্ধমান)

(৬৩) চৈতন্যগৌড়ীয়মঠ

কুতুবপুর, পোঃ চুয়াডাঙ্গা, (নদীয়া)

(৬৪) রেঙ্গুন গৌড়ীয়মঠ

৩০১ নং ডালহৌসি ষ্ট্রীট, রেঙ্গুন।

(৬৫) লণ্ডন-গৌড়ীয়মঠ

ফ্ল্যাট নং ২

৫১, আর্লস্-কোর্ট

স্কোয়ার, লণ্ডন, এস ৫

(৬৬) গৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

১৬।এ, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা,

(৬৭) গৌড়ীয়মঠ অফিস

হেষ্টিংস রোড, ঢাকা (ইউ-পি

(৬৮) শ্রীবিশ্ববিদ্যা গৌড়ীয়মঠালয়

নন্দনকানন, চট্টগ্রাম

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে শ্রীঅনন্তগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীমহানন্দ ব্রহ্মচারী ভক্ত্যালোক, ভক্তিশাস্ত্রী কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও ২য় দিনের জন্য	সংবাদের পৃষ্ঠায় পরবর্ত্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও ২য় দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় পরবর্ত্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	।০	৵০	।৵০	।০
" ইঞ্চি	২৲		১।০	১৲
সিকিকলম	৫৲	৪৲		৩৲
অর্দ্ধকলম	৮৲	৬৲		৫৲
" এক কলম	১২৲	১০৲	১০৲	

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিবারে প্রতি ইঞ্চি	৩৲	।।০
" সিকি কলম	১৫৲	১২৲
" অর্দ্ধকলম	২৫৲	২০৲
" এক কলম	৩৫৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)		৯৲
ষাণ্মাসিক	"	৫৲
ত্রৈমাসিক	"	২৸০
মাসিক	"	১৲

প্রতি সংখ্যা ৫ । বিশেষ সংখ্যার ভিন্ন মূল্য।

শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী

——::(০)::——

শ্রীল প্রভুপাদের চতুঃষষ্টিবর্ষপূর্ত্ত্যাবির্ভাব-তিথিতে শ্রীল আচার্য্যদেবের অভীষ্টানুসারে "শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী" প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। উহাতে পূর্ব্বার্দ্ধ ও উত্তরার্দ্ধ দুইটি বিভাগ আছে। পূর্ব্বার্দ্ধে শ্রীল প্রভুপাদের আদি-প্রবন্ধাবলী শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের সম্পাদিত 'সৎসজ্জনী সজ্জনতোষণী,' শ্রীল প্রভুপাদের 'নিবেদন' সাপ্তাহিক পত্র প্রভৃতি হইতে যথাযথ ও প্রয়োজনীয় অর্থের টীকা-সহ প্রকাশিত হইয়াছে। উত্তরার্দ্ধে শ্রীল প্রভুপাদের সম্পাদিত 'সজ্জনতোষণী'র কতিপয় প্রবন্ধ যথাযথ প্রবন্ধের সহিত মুদ্রিত হইয়াছে। প্রবন্ধগুলি রচনাকালের ক্রমানুসারে গ্রথিত হইয়াছে; এতদ্ব্যতীত শ্রীল আচার্য্যদেবের একটি মূল্যবান্ উপোদ্ঘাত ও সঙ্কলনকারীর একটি বিস্তৃত ভূমিকা, বিষয়-সূচী, স্থান-পাত্র-শ্লোক ও পদ্যাদি-সূচী প্রভৃতি গ্রন্থে সংযোজিত হইয়াছে। গ্রন্থটি উৎকৃষ্ট কাগজে পাইকাটাইপের সহিত মুদ্রিত ও শ্রীল প্রভুপাদের আলেখ্যাবলী ভূষিত ও সুন্দর বাঁধাই হইয়া প্রকাশিত হইয়াছে। প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, জিলা নদীয়া; শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ও শ্রীমাধ্বগৌড়ীয়মঠ, নারিন্দা, পোঃ ওয়ারী, ঢাকা।

শ্রীল প্রভুপাদের পদ্যপ্রসূন মালা

এই গ্রন্থে ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তি-সিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের রচিত পদ্যাবলী শ্রীল আচার্য্যদেবের বিরচিত "গৌরব" নামক অংশের সহিত প্রকাশিত হইয়াছে। শ্রীল প্রভুপাদের অনেক অপ্রকাশিত পদ্য ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ।০ আট আনা।

শ্রীধাম মায়াপুরে

——:০:——

—"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট"—

——::০::——

উচ্চ ইংরাজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে; বিদ্যালয় ও বোর্ডিং এর পরিচ্ছন্ন কোঠা। শিক্ষকগণ অভিজ্ঞ ও স্বচ্চরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খাওয়া ও বেতনবাবদ প্রতি মাসে মাত্র ৮৲ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। বর্ত্তমান বর্ষে ১৬ জন বালকের মধ্যে ১৫ জন ভালভাবে উত্তীর্ণ হইয়াছে।

মেধাবী ছাত্রগণের আরও সুবিধা

পরীক্ষায় যাহারা শতকরা ৭৫ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ সচ্চরিত্র মেধাবী ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউসন, শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক-সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতিসুন্দরভাবে আলোচিত হইয়াছে। এই এক অপূর্ব্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

শ্রীচৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত্র অতিসুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত ইহার ভিক্ষা মাত্র ৫৲ টাকা। প্রাপ্তিস্থান শ্রীযুত নবকিশোর ভক্তিশাস্ত্রী, শ্রীযোগপীঠ, শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীসরস্বতী-সংলাপ

প্রথম খণ্ড

শ্রীশ্রীব্রহ্মমাধ্ব গৌড়ীয়সম্প্রদায়ৈকসংরক্ষক জগদ্গুরু পরমহংসকুলচূড়ামণি নিত্যলীলা-প্রবিষ্ট ১০৮শ্রী শ্রীমদ্ ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামি-প্রভুপাদ বিভিন্ন সময়ে বিভিন্ন সজ্জনবৃন্দের পরিপ্রশ্নের ও সংশয়-নিরাকরণকল্পে যে-সকল শুদ্ধভক্তিসিদ্ধান্তবাণী কীর্ত্তন করিয়াছেন, যাহা তাঁহার প্রকটকালেই 'গৌড়ীয়'-সম্পাদক এবং সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ প্রভুপাদেরই শ্রীচরণে সংশোধিত করাইয়া রাখিয়াছিলেন এবং যাহার কিয়দংশ গৌড়ীয়পত্রে প্রকাশিত হইয়াছে, তাহা "শ্রীশ্রীসরস্বতী-সংলাপ" নাম সংরক্ষণপূর্ব্বক শ্রীল প্রভুপাদের 'বক্তৃতাবলী' ও 'পত্রাবলী' আকারে খণ্ড খণ্ড প্রকাশিত হইতেছেন। বর্ত্তমানে শ্রীল প্রভুপাদের প্রথমবার্ষিক বিরহতিথিপূজা-বাসরে ঐ গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছেন। মানবজীবনের বহু অমীমাংসিত সমস্যা ও জটিল প্রশ্নের সমাধান ইহাতে পাওয়া যাইবে। ভক্তিপথের পথিকমাত্রেরই এই গ্রন্থ সংগ্রহ একান্ত প্রয়োজন।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্স কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপদেশক পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর ভাগবতাচার্য্য সম্প্রদায়-বৈভবাচার্য্য এম্-এ মহোদয়ের প্রৌঢ়গবেষণা এবং পরিপক্ক লেখনীর অদ্ভুত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত্র-পাঠে ধন্য হউন। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিবিধ চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৩০শ অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের স্বলিখিত মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্তার ভূমিকাদ্বয় (Prefaces), বিষয়-তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র (Index Glossary) সহ প্রথমখানি প্রকাশিত। ভিক্ষা—১৫, পনর টাকা। প্রাপ্তিস্থান—মান্দ্রাজ গৌড়ীয়মঠ, রায়পেটা মান্দ্রাজ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

'ঠাকুর ভক্তিবিনোদ'

———::(০):———

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি-প্রচারের মূল মহাজন সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অভিনব জীবনচরিত এতাবৎকাল পর্য্যন্ত গ্রন্থাকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয়মঠাচার্য্যবর্য্যের অন্তেবাসী পরবিদ্যাসাহিত্যিক সু-লেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু মূল্যবান শিক্ষামালাও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১২৫ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৮০ আনা; ডাক মাশুল স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান—ম্যানেজার গ্রন্থবিভাগ

শ্রীগৌড়ীয়মঠ

পোঃ বাগবাজার

কলিকাতা

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

———:(০):———

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু গ্রন্থাদি এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১৩।১নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

ই. বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	৪-৩৬	৬ ২৬	৭-১৬	১২-২৬	১৪-৫৬	১৬-৫৬	১৭-৫৬	২২-২৬	
রাণাঘাট পৌঃ			৮-২৮	১৪-১৫					
(বদল) ছাঃ			৯-৩৩	১৪-৫০					
কৃষ্ণনগর পৌঃ	৭-১	৮-৪৫	১০-৮	১৫-২৩	১৭-	১৯-০৮	২০-১৬		১-১৪
(বদল) ছাঃ	৭-১২		১০-৩১		১৭-৩৮		২০-২৩		
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫১		১১-১০		১৮-১৬		২১-৪		

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
রাণাঘাট পৌঃ	১২-৫৫
ছাঃ	১৩-০
শান্তিপুর পৌঃ	১৩-২৩
(বদল) ছাঃ	১৩-৩১ (ন্যারো গেজ)
কৃষ্ণনগর পৌঃ	১৪-১২
ছাঃ	১৪-৩০
নবদ্বীপঘাট পৌঃ	১৫-১০

ডাউন

নবদ্বীপঘাট ছাঃ	৫ ৪৫		৯-১৩			১৩-৩১	১৬-০	১৮-৩১	
কৃষ্ণনগর পৌঃ	৬ ২৩	৯-১৬	৯-৪৮	১১-৪১	১৪-১০	১৬-৩৮	১৯-১১	২১-১০	
ছাঃ	৬-৩৬	৭-১৮		১০-১১			১৬-৫৬	১৯-২৫	
রাণাঘাট পৌঃ				১০-৪৬			১৭-৩০		
(বদল) ছাঃ				১১-১			১৭-৪০		
কলিকাতা পৌঃ	৬-১৬	৯-২১	১১-৫১	১২-১৬	১৪-১৬		১৯-১১	২১-৪১	[illegible]

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপঘাট ছাঃ	১৩-৩১	১৬-০		
কৃষ্ণনগর পৌঃ	১৪-১০	১৬-৩৮		
ছাঃ	১৫-২৮	১৭-৩৩		
শান্তিপুর পৌঃ	১৬-৯	১৮-১৪		
(বদল) ছাঃ	১৬-৩৩	১৮-২৫ (শনিবার ভিন্ন)		২০-৪০ (শনিবার)
রাণাঘাট পৌঃ	১৭-১০	১৮-৫০		২১-১৫
(বদল) ছাঃ	১৭-৪০	১৯-১৪		২১-৫০
কলিকাতা পৌঃ	১৯-১১	২০-৪০		২৩-৩৩

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

মেহালার পাচন

পঞ্চবিংশ বৎসরের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মনুষ্য, পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাট্‌তি অত্যন্ত অধিক। লিভার প্লীহা মস্তক কামলাদির এবং নূতন পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। মূল্য ছোট বোতল ৮/০ দশ আনা, বড় বোতল ১৮/০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা

অথবা

পোঃ পেঁড়ো, ২৪ পরগণা

পোঃ—শ্রীমায়াপুর
টেলিগ্রাম—'শ্রীধাম
শ্রীমায়াপুর'

REGD NO C 1514

দৈনিক নদীয়াপ্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়াজেলার একমাত্র দৈনিক মুখপত্র

৪র্থ খণ্ড] শ্রীমায়াপুর— ৫ই ভাদ্র, ১৩৪৬ ২২শে আগষ্ট, ১৯৩৯, মঙ্গলবার [১৪৯শ সংখ্যা

বিবিধ সংবাদ

কলিকাতা যাদুঘরে সশস্ত্র পাহারা

এরূপ জানা গিয়াছে যে, কলিকাতা যাদুঘরের ট্রাষ্টিগণ যাদুঘরের প্রত্নতাত্ত্বিক বিভাগের মুদ্রাকক্ষে যাহাতে কোনরূপ চুরি হইতে না পারে সেজন্য ভারত গভর্ণমেণ্টকে অবিলম্বে ব্যবস্থাবলম্বন করিতে বলিয়াছেন।

কর্তৃপক্ষ মনে করেন যে, ভারতে এমন একদল আন্তর্জাতিক চোর আছে, যাহারা ভারতের বিভিন্ন যাদুঘরের সংরক্ষিত মুদ্রা ও প্রাচীন ঐতিহাসিক স্মৃতিচিহ্নগুলি অপহরণের দিকে মনোনিবেশ করিয়াছে। ইতোমধ্যেই দিল্লী, এলাহাবাদ, গোয়ালিয়র এবং পাটনার যাদুঘরে চুরি হইয়া গিয়াছে। সম্প্রতি পাটনা যাদুঘর হইতে বহু প্রাচীন স্বর্ণ ও রৌপ্যমুদ্রা চুরি গিয়াছে।

ট্রাষ্টিগণ এই সিদ্ধান্ত করিয়াছেন যে, যাদুঘরের যেখানে সমস্ত প্রাচীন স্মৃতিচিহ্ন ও মুদ্রাদি রাখা হইয়াছে, যাহার আনুমানিক মূল্য দুই লক্ষ টাকারও অধিক, সেই স্থানে দিবারাত্র সশস্ত্র পাহারার ব্যবস্থা করা আবশ্যক। বিশেষজ্ঞ ইঞ্জিনীয়ারগণ ঐ স্থানটি পরিদর্শন করিয়া ইহাদের সামান্য কিছু পরিবর্ত্তনের সুপারিশ করিয়াছেন। ইহাতে এতদিন ভিতরে কেহ প্রবেশ করিয়াছে কি বাহির হইয়াছে তাহা দেখিতে পাইবে।

গুজরাট ও সিন্ধুতে অনাবৃষ্টি

গুজরাটের অন্তর্গত খেদিয়ার ও অন্যান্য

প্রাদেশিক কংগ্রেস কমিটির বিশিষ্ট সভ্য শ্রীযুত কানাইয়ালাল দেশাই উত্তর গুজরাটে অনাবৃষ্টির ফলে যে শোচনীয় অবস্থার সৃষ্টি হইয়াছে তৎসম্বন্ধে সর্দ্দার বল্লভভাই প্যাটেলের সহিত আলোচনা করিবার জন্য আসিয়াছেন। শ্রীযুক্ত দেশাই জেলার বলেন যে, আমেদাবাদ, পাঁচমহল ও খেদার অবস্থা সর্ব্বাপেক্ষা অধিক শোচনীয়। ঐ সকল অঞ্চলে গত কয়েক সপ্তাহ যাবৎ আদৌ বৃষ্টি হয় নাই এবং মাঠগুলি অনাবাদী অবস্থায় পড়িয়া রহিয়াছে। প্রথম ভাগে মাঠে ঘাস পর্য্যন্ত জন্মায় নাই। গবাদি পশুর খাদ্য সংগ্রহ দুঃসাধ্য হইয়া উঠিয়াছে। খাদ্যাভাবে গবাদি পশু দলে দলে মারা পড়িতেছে; বিশেষ করিয়া কাথিয়াবাড়ের সন্নিহিত তালুকগুলিতে গরুবাছুর অধিক সংখ্যায় মরিতেছে। পানীয় জলেরও দারুণ অভাব হইয়াছে। কূপ ও প্রস্রবণগুলি শুকাইয়া গিয়াছে। আমেদাবাদ সহরের ওয়াটার ওয়ার্কস সবরমতী নদীর তীরে অবস্থিত হইলেও সহরের অধিবাসীদিগকে যথেষ্ট পরিমাণে জল সরবরাহ করিতে পারা যাইতেছে না। খেড়া ও গুজরাট উপকূলবর্ত্তী জেলাগুলিতে ধান চাষ আর হইবে না, তবে জওয়ার, জুয়ার ও তুলা চাষ কোন প্রকারে রক্ষা হইতে পারে। পূর্ব্বে খান্দেশে চীনাবাদাম চাষ নষ্ট হইয়া গিয়াছে। এই প্রদেশে কংগ্রেসী গভর্ণমেণ্ট প্রতিষ্ঠিত বলিয়া শ্রীযুক্ত দেশাই আশা করেন যে, দুর্ভিক্ষপীড়িত অঞ্চলে যথোচিত সাহায্য ব্যবস্থা হইবে। অনাবৃষ্টির ফলে উদ্ভূত গুরুতর অবস্থা সম্বন্ধে আলোচনা করিবার জন্য আগামী শনি ও রবিবার সর্দ্দার প্যাটেলের সভাপতিত্বে আমেদাবাদে গুজরাট প্রাদেশিক কংগ্রেস কমিটির এক অধিবেশন হইবে। প্রাদেশিক কংগ্রেস কমিটির নিকট প্রত্যেক তালুকের অবস্থা জ্ঞাপন করিবার জন্য প্রদেশের সমস্ত অংশ হইতে কর্ম্মিগণ আমেদাবাদে সমবেত হইবেন। সর্দ্দার প্যাটেল আমেদাবাদ যাত্রা করিবেন ও মঙ্গলবার বোম্বাইয়ে প্রত্যাবর্ত্তন করিবেন।

ইউরোপের পরিস্থিতি

স্বেচ্ছাসেবকরূপে সেনাদলে হের হিটলারের যোগদানের পঁচিশতি সাম্বৎসরিক উপলক্ষে শুভেচ্ছা জ্ঞাপনের জন্য ফিল্ড মার্শাল গোয়েরিং ও বারুটেসগাডেনে হের হিটলারের সহিত দেখা করিতে যান। সেই সময় হের হিটলার তাঁহাদের সহিত ইউরোপীয় পরিস্থিতির সেপ্টেম্বর পরিণতি যাহা যাহা ঘটিয়াছে, সে সম্বন্ধে আলোচনা করেন।

ওয়াকিবহাল মহলে উল্লিখিত যাইতেছে যে, হের গ্রীসার ও মঃ বেকের সহিত সাক্ষাৎকারে কেবলমাত্র ডানজিগ বিষয়েই আলোচনা হয়। রাষ্ট্রনৈতিক দৃষ্টিভঙ্গীর দিক হইতে ডানজিগের সমস্যা সমগ্রভাবে কোন কিছুই আলোচিত হয় না। অধ্যাপক বার্কহার্ট দ্বিতীয়বার হের হিটলারের সহিত দেখা করিবেন বলিয়া যে গুজব উঠিয়াছে, তাহার কোন সমর্থন এখানেও পাওয়া যাইতেছে না। ডানজিগ-সমস্যার "কোনরূপ আপোষ আলোচনা এবং কোনরূপ আপোষ-রফা চলিবে না।" জার্ম্মান পত্রিকাসমূহের মূল সম্পাদকীয় প্রবন্ধে সেই কথাই বিশেষভাবে উল্লিখিত হইয়াছে।

ডানজিগের সৈনিকের গুলীতে পোল সীমান্তরক্ষী নিহত

পোল ডানজিগ সীমান্তে ডানজিগের সেনাদলের গুলীতে একজন পোল সীমান্তরক্ষী নিহত হইয়াছে। উক্ত সীমান্তরক্ষী সৈনিকটি ডানজিগের এলাকা মধ্যে ১৫ গজ আসিয়া গিয়াছিল। সে পথ হারাইয়াছিল বলিয়া অনুমান করা হইতেছে।

সিনেটের প্রেসিডেণ্ট হের গ্রীসার, পোল হাই কমিশনার মঃ চোদাকীর সহিত সাক্ষাৎ করেন। উভয়ের মধ্যে ১৫ মিনিটকাল আলোচনা হয়। কয়েক সপ্তাহের মধ্যে এই তাঁহাদের প্রথম সাক্ষাৎকার। সাক্ষাৎকারের পর মঃ চোদাকী ওয়ারস রওনা হইয়া গিয়াছেন।

জার্ম্মাণ কর্তৃপক্ষ জার্ম্মানীর মিত্রীয় ও পোলিশ সাইলেসিয়া ডিষ্ট্রিক্টের এবং পোলের মধ্যে টেলিফোনের যোগাযোগ ও যাতায়াতের ব্যবস্থা বন্ধ করিয়াছেন বলিয়া ঘোষিত হইয়াছে। সেণ্টপোলকার বার্লিনস্থ সংবাদদাতার সংবাদে প্রকাশ, ইঙ্গ-ফরাসী ও পোলিশ মৈত্রীর। পূর্ণশক্তি ও আয়োজন পরীক্ষা করার জন্য আর পক্ষকালের মধ্যেই ডানজিগে পরীক্ষা করিয়া দেখিবার চেষ্টা জার্ম্মানী করিবে বলিয়া বোধ হইতেছে। ফিনল্যাণ্ডের প্রেসিডেণ্ট মোঃ কালিও সেনাদলের কুচকাওয়াজ পরিদর্শনের পর নাতিদীর্ঘ এক বক্তৃতা প্রসঙ্গে ঘোষণা করেন যে, কোন আক্রমণে সেনাদল বিচলিত হইবে না এবং সর্ব্বপ্রকার চাপ বাধেরই প্রতিরোধ করিবে।

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক। প্রতি একাদশীতে প্রকাশিত হয়। কলিকাতা বাগবাজারস্থ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। সডাক ভিক্ষা ৪।০ টাকা মাত্র।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১।০ টাকা মাত্র।

৩। ভাগবত—হিন্দিভাষায় একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ টাকা মাত্র

৫। শ্রীগৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ মাত্র।

পরমগুরু শ্রীগৌরকিশোর

গৌড়ীয়-সম্পাদক-লিখিত, শ্রীগৌড়ীয়মঠাচার্য্যের ভূমিকা-সম্বলিত, বহুচিত্র-শোভিত ও বিষয় সূচী-সম্বলিত "পরমগুরু শ্রীগৌরকিশোর" গ্রন্থরাজ প্রকাশিত হইয়াছেন। এই গ্রন্থরাজে শুদ্ধগৌড়ীয়বৈষ্ণবজগতের পরমারাধ্য, গৌড়ীয়গৌরবশিখামণি অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ নিত্যলীলাপ্রবিষ্ট পরমহংস ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল গৌরকিশোরদাস গোস্বামী প্রভুবরের অতিমর্ত্ত্য চরিতকথা বর্ণিত আছে।

শ্রীশ্রীভক্তিবিনোদাবির্ভাব-শতবর্ষপূর্ত্তিতিথিপূজার উপায়ন-গ্রন্থমালা

——॥(০)॥——

১। গীতিসাহিত্যে শ্রীভক্তিবিনোদ

শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র গীতিসাহিত্যের সমালোচনা-গ্রন্থ)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

২। শ্রীভক্তিবিনোদবাণীবৈভব

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের গ্রন্থামৃতসাগর হইতে আহৃত ১০৮টি অধ্যায়ে সম্বন্ধ অভিধেয়-প্রয়োজনাকারে গুম্ফিত অমূল্য উপদেশপূর্ণ গ্রন্থ)

ভিক্ষা—৩৲ তিন টাকা মাত্র।

৩। শ্রীশ্রীভক্তিবিনোদ-প্রসঙ্গ

ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ ও ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামীপ্রভু-বিরচিত এবং গৌড়ীয়ে প্রকাশিত শ্রীশ্রীভক্তিবিনোদ-চরিত-প্রসঙ্গ

ভিক্ষা—।৵০ ছয় আনা মাত্র।

৪। ছাত্রদের ভক্তিবিনোদ

ছাত্রদের উপযোগী ভাষায় লিখিত শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্র ও শিক্ষা)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

· ছাত্রদের পক্ষে ভিক্ষা—।০ আট আনা মাত্র)

প্রাপ্তিস্থান :—

(১) 'ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট', পোঃ শ্রীমায়াপুর, নদীয়া ;

২) শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ;

৩ শ্রীযুক্ত সুধীন্দ্রমোহন দাস এম্-এ, বি-এল্,

পুরাণপল্টন, পোঃ রমণা, ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্,—সমগ্র ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ২৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। অনুভাষ্য সহিত শ্রীচৈতন্যভাগবত (অবাধা) ৯৲
৩। অনুভাষ্য শ্রীচৈতন্যচরিতামৃত ৬
৪। সরস্বতী-জয়শ্রী (অবাধা) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০ ; ২য় খণ্ড ১৲ ; ৩য় খণ্ড—৸০
৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸
৭। শ্রীচৈতন্যাদেশ ১৲
৮। সৎক্রিয়াসার-দীপিকা ও সংস্কার দীপিকা ১।০
৯। বৈষ্ণবধর্ম্ম ২৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ।
১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ-তত্ত্ব ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষৎ ।০
১৮। ব্রাহ্মণ-আশ্রম ।০
১৯। তত্ত্ববিবেক ।০
২০। গৌড়ীয়-গৌরব ।৵০
২১। গৌড়ীয়সাহিত্য ।৵০
২২ ভজন রহস্য ।০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা)
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা-সহ) ২
২৫ গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) অবাধা) ১৲
২৬। গীতার কেমন মাধব-ভাষ্য ।০
২৭। দুঃখিতাত্মিকা অপগৌরক: (সানুবাদ) ২৲
২৮। প্রেমবিবর্ত (সানুবাদ) ।০
২৯। প্রেমবিবর্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৸০
৩০। দীপ-দিগ্-দর্শন ৶০
সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ।৶০
গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ।০
নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶০
গীতমালা ৴১০
নবদ্বীপধাম-মাহাত্ম্য ৶০
ঐ প্রমাণ-খণ্ড ৶০
শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০
৩৯ শ্রীগৌড়মণ্ডলপরিক্রমায় ।৹
৪০ শরণাগতি
৪১ গীতাবলী
৪২ শ্রীব্রজমণ্ডল পরিক্রমা
৪৩ সাধনতত্ত্ব
৪৪ প্রেমভক্তিচন্দ্রিকা ৴
৪৫। নবদ্বীপশতক
৪৬। অর্চ্চনপদ্ধতি
৪৭। সদাচারস্মৃতি ৶৴
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৴১০
৪৯। অর্চ্চনকল্প ৴১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম-৪ খণ্ড) ৬৲
৫১। ব্রহ্মসংহিতা ।০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।০
৫৩। গৌরাঙ্গস্তোত্রম্ ৸০
৫৪। পুরুষার্থ-বিনির্ণয় ।০
৫৫। অমৃতবাণী বা বারাবাদাবতারণী ।০
৫৬ ভারতবর্ষ ও ভক্তিপথ
৫৭। ঈশোপনিষৎ (ভাষ্যাদিসহ)
৫৮। শ্রীকৃষ্ণনেত্র ৶০
৫৯। সিদ্ধান্তদর্পণ ৶০
৬০। সাংখ্যবাণী ৴০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।০
৬২। সিদ্ধান্ত সরস্বতী বিবিজয়ঃ ।০
৬৩। নৈতিক-শিক্ষাকুসুমম্ ।০
৬৪। অষ্টকম্ ।০
৬৫। সাত্বত শিক্ষাষ্টকম্ ৶০
৬৬। গৌড়ীয়মঠগণপরিচয়ঃ ৴০
৬৭। মায়াবাদনিরসনম্ ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।০
৬৯। এ ভিউ ওয়ার্ক্‌স অন বেদান্ত ।০
৭০। নামভজন ৴০
৭১। বেদান্ত—ইট্‌স মরফলজী অ্যাণ্ড অণ্টলজি ।০
৭২। রিলেটিভ ওয়ার্ল্ডস ।৶০
৭৩। শ্রীকৃষ্ণ অ্যাণ্ড প্রিসেপ্টস অব শ্রীচৈতন্য মহাপ্রভু ।০
৭৪। বৈষ্ণবীজম ।৴
৭৫। বোম্বাই গৌড়ীয়মঠ উড্ ডুইং ৴০
৭৬। দি ভাগবত ।০
৭৭। থিয়েটিক প্রিন্সিপাল অ্যাণ্ড অ্যাবসোলিউট ভিশন ০।০
৭৮। ব্রহ্মসংহিতা ২।০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (প্রথম খণ্ড) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ।০
৮১। সাধন-পথ ।০
৮২। কল্যাণ-কল্পতরু ৶০
৮৩। গীতাবলী ৴০
৮৪। শরণাগতি ৴০

আসামী ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ৴৹

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক
নদীয়া-প্রকাশ
একমাত্র পারমার্থিক
দৈনিক-পত্র
শ্রীধাম-মায়াপুর, নদীয়া

১৪শ বর্ষ { ২২ শ্রীধর ৪৫৩ গৌরাব্দ, ৫ই ভাদ্র বঙ্গাব্দ ১৩৪৬, ২২শে আগষ্ট ইং ১৯৩৯, মঙ্গলবার } ১৪৯৭ সংখ্যা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

২২ শ্রীধর [illegible] গৌরাব্দ ৪৫৩

কৃপা ও বঞ্চনা

—::(*)::——

কৃপা ও বঞ্চনা—এই দুইটী পরস্পর বিপরীতার্থক পরিভাষা। হরি গুরু-বৈষ্ণবের যে প্রসাদের দ্বারা আমাদের নিত্য মঙ্গল লাভ হয়, তাহাই কৃপা বা দয়া, আর যে অনুগ্রহ আমাদিগকে নিত্যমঙ্গল হইতে বঞ্চিত করে, তাহাই বঞ্চনা।

বিভিন্ন অধিকারে কৃপা সম্বন্ধে বিভিন্ন ধারণা দেখিতে পাওয়া যায়। যাঁহারা অত্যন্ত দেহগেহাসক্ত, তাঁহারা ঐহিক লাভকেই দয়ার দৃষ্টান্ত মনে করিয়া থাকেন। ধর্ম্ম, অর্থ ও কাম-বাসনার পূর্ত্তি—এই ত্রিবর্গ বা মোক্ষবাসনাচরিতার্থরূপ চতুর্ব্বর্গ ভিন্ন ভিন্ন অধিকারে দয়ার উদাহরণ বলিয়া মনে হইয়া থাকে। আবার কোনও বিশেষ অধিকারে ঐগুলি দয়ার অভাব বা বঞ্চনা বলিয়াই বিচারিত হয়।

শ্রীমদ্রূপপাদানুগবর ও বিষ্ণুপাদ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর কৃপার কথা শাস্ত্রবাক্য হইতে প্রদর্শন করিয়াছেন,—একটী কপট-কৃপা আর একটী অকপট কৃপা। ধন, ধান্য, পুত্রাদির আরোগ্যপ্রাপ্তি বা স্বর্গসুখাদি লাভ অথবা সাযুজ্যমুক্তি প্রভৃতি বরগুলি কৃষ্ণমায়ার কপটকৃপা। সেই কপটকৃপা দ্বারা জীবের সংসার-চক্রে ভ্রমণ হয়, আর কৃষ্ণভক্তির অকপট কৃপায় সংসার ক্ষয় ও কৃষ্ণের প্রতি অহৈতুকী সেবাবৃত্তি উদ্বুদ্ধ হইয়া থাকে। শ্রীল স্বরূপ গোস্বামী প্রভু শ্রীচৈতন্যের কৃপাকে অমন্দোদয়দয়া অর্থাৎ যাহা আনন্দ বা মঙ্গল ফল উদয় করায় এবং যাহা মন্দ বা অমঙ্গল উদয় করায়—এইরূপ দুইশ্রেণীতে বিভক্ত করিয়াছেন। শ্রীচৈতন্যের অমন্দোদয়া কৃপা গ্রহণ করিবার পরিবর্ত্তে তাঁহার কৃষ্ণমায়ার প্রদত্ত বর বা দান ভোগবৃত্তির সহিত গ্রহণ করাও তাঁহার মন্দোদয় কৃপা বরণ।

বদ্ধজীবের যাহা রুচির অনুকূল বা প্রেয়ঃ, তাহাই কৃষ্ণের কপট কৃপা বা মন্দোদয়দয়া; আর যাহা জীবের পক্ষে পরমশ্রেয়ঃ, তাহাই কৃষ্ণের অকপট-কৃপা বা অমন্দোদয়-দয়া। এই কপট-কৃপা বা মন্দোদয়-দয়াই বঞ্চনা। বদ্ধজীব স্বভাবতঃ জ্ঞাতসারেই হউক আর অজ্ঞাতসারেই হউক এইরূপ কপট-কৃপা বা বঞ্চনার প্রতি রুচিবিশিষ্ট।

আমরা অনেক সময় ভক্তিরাজ্যে প্রবেশের অভিনয় করিয়াও এবং মৌখিক ভগবানের নিষ্কপট কৃপা চাহিয়াও কার্য্যতঃ কপট-কৃপা গ্রহণ করিতে অধিকতর প্রস্তুত হইয়া থাকি। গুরু, বৈষ্ণব, ভক্ত ও ভক্তিকে সেবা করিবার পরিবর্ত্তে তাঁহাদিগের নিকট হইতে জাগতিক লাভ-পূজা-প্রতিষ্ঠা-প্রাপ্তিই আমাদিগের নিকট অধিকতর কৃপার পরিচয় বলিয়া মনে হয়। শ্রীগুরুদেব বা বৈষ্ণব কৃপা করিয়া আমাদিগকে জাগতিক কোন ভোগ্য বস্তু (লাভ-পূজা প্রতিষ্ঠা) দান করিয়াছেন, ইহা আমরা সময় সময় মুখেও বলিয়া ফেলি; আবার অধিকতর চতুর হইলে মৌখিক স্বীকারে সতর্ক হইয়া কার্য্যতঃ ঐসকল বস্তু ভোগ করিয়া থাকি।

হরিগুরুবৈষ্ণবের প্রদত্ত ভোগ্যবস্তু স্বীকার যদি হরিসেবার অকপট ও অকৃত্রিম আনুকূল্য করে, তবেই তাহা ভক্তির অঙ্গ বলিয়া গৃহীত হইবে; আর যদি তাহা না করিয়া ব্যক্তিগত বা দৈহিক স্বজনগত ভোগাত্মক কোন সুবিধা আনয়ন করে এবং অন্তরে অন্তরে লাভ পূজা-প্রতিষ্ঠার বাসনাই অধিকতর বাড়াইয়া তুলে, তবে তাহাকে গুরুবৈষ্ণবের অকপট-কৃপাবরণ বা শুদ্ধ-ভক্তি বলা যাইবে কি?

অনেক সময় একটী প্রবল যুক্তি বা 'অজুহাত' দেখাইয়া বলিয়া থাকি যে, শ্রীগুরু-বৈষ্ণব স্বয়ং উপযাচক হইয়া যদি আমাকে কোন ভোগ্যবস্তু বা কোন না কোন ভাবে লাভ-পূজা প্রতিষ্ঠার সামগ্রী প্রদান করেন, তখন তাহা ভগবৎ-প্রসাদজ্ঞানে গ্রহণ না করিয়া বর্জ্জন করিলে অপরাধী ও ফল্গু-বৈরাগীর ন্যায় অভক্তই হইয়া যাইবে। ভাবের ঘরে চুরি না করিয়া আমরা যদি গুরুবৈষ্ণবের প্রদত্ত বস্তুকে ভগবৎপ্রসাদ ও ভগবৎসেবানুকূল বস্তুরূপে গ্রহণ করিতে পারি, তাহা হইলে স্বতন্ত্র কথা। কিন্তু তাহাতে কোন না কোন ভোগবুদ্ধি আসিয়া পড়িলে আমরা কি গুরুবৈষ্ণবের নিষ্কপট কৃপালাভে বঞ্চিত হইব না? দ্বিতীয়তঃ ইহাই শুদ্ধভক্তের লক্ষণ যে, অভীষ্টের একমাত্র সেবাসুখ ব্যতীত আত্মসুখবস্তু নিজের সুখের জন্য কিছুই গ্রহণ করেন না। এমন কি, হরিগুরুবৈষ্ণব উপযাচক হইয়া কোন বস্তু প্রদান করিতে আসিলেও শুদ্ধ সেবক তাহা গ্রহণ করিতে প্রস্তুত হন না।

সালোক্যসার্ষ্টিসামীপ্যসারূপ্যৈকত্বমপ্যুত।
দীয়মানং ন গৃহ্নন্তি বিনা মৎসেবনং জনাঃ॥
(ভাঃ ৩।২৯।১৩)

শ্রীভগবান্ কপিলদেব বলিলেন,—আমার ভক্তগণকে সালোক্য [illegible] (সকল ঐশ্বর্য্য), সারূপ্য (তুল্যরূপ), সামীপ্য (নৈকট্য), একত্ব (সাযুজ্য) আদি প্রদান করিতে চাহিলেও তাঁহারা আমার নিত্যসেবা ব্যতীত অন্য কিছু গ্রহণ করেন না।

শ্রীশ্রীল আচার্য্যদেবের উপদেশামৃত [illegible]

[স্থান—শ্রীসারস্বত [illegible], শ্রীগৌড়ীয়মঠ; কাল—১৮ই কার্ত্তিক ১৩৪৫, ৩রা নভেম্বর ১৯৩৮, শ্রীউত্থান একাদশী।]

কৃষ্ণভক্তৈঃ প্রপন্নৈস্তু [illegible]
প্রেয়াংসোঽপি যাবা-
কুঞ্জং [illegible]
বাধাধি।
[illegible]
পুনস্তৎ [illegible]
তৎ প্রেমোঽপি [illegible]
[illegible]

যাঁহারা ধামে থাকিয়া উর্জ্জব্রত আরম্ভ করিয়াছেন, তাঁহাদের আজ ব্রত সমাপ্তি হইল। এই মাসের নাম দামোদর মাস। 'উর্জ্জ' শব্দের অর্থ—কার্ত্তিক। দামোদর শ্রীবার্ষভানবীর প্রিয়তমের নাম। তিনি এই নামে সর্ব্বক্ষণ কৃষ্ণকে আহ্বান করেন।

মায়ারে করিয়া জয় ছাড়ান না যায়। সাধু-গুরু-কৃপা বিনা না দেখি উপায়॥

শ্রীবার্ষভানবীর অন্য নাম—ঊর্জ্জেশ্বরী। তাঁহার নাম শ্রবণ, কীর্ত্তন, স্মরণেই দামোদরের কৃপা হয়, দামোদরপ্রভু তুষ্ট শাসন হয়। আবার দামোদরের কৃপাপ্রভাবেই ঊর্জ্জেশ্বরীর কৃপা লাভ হয়।

ঊর্জ্জেশ্বরীর ব্রতকালে তাঁহার অন্তরঙ্গ নিজজন শ্রীরূপ গোস্বামী প্রভুর উপদেশামৃত-পাঠ খুবই সমীচীন। এই একাদশটি শ্লোকে শ্রীবার্ষভানবী দেবীর আপন জন, নিজজন, তাঁহার Private Secretary, personal attendant শ্রীরূপপ্রভু শ্রীরাধাকুণ্ডের তটে রাধাভাবদ্যুতিসুবলিত শ্রীগৌরসুন্দরের নিকট যাহা শিখিয়াছেন, তাহার সার নির্য্যাস তাঁহার শ্রীপাদ-স্বামিনীর মঙ্গলের জন্য লিপিবদ্ধ করিয়াছেন। এই দিন বিশাখে আমাদের পরমগুরুদেব ও বিষ্ণুপাদ শ্রীশ্রীল গৌরকিশোর দাস গোস্বামী প্রভু নিত্যলীলায় প্রবেশ করেন। তাঁহার অভিন্নবিগ্রহ শ্রীল প্রভুপাদও নিশান্তলীলায় প্রবেশ করিয়াছেন।

শ্রীল প্রভুপাদ বাবাজী মহারাজের (শ্রীল গৌরকিশোর দাস গোস্বামী প্রভুর) কথা কৌশলে অনেক স্থানে অনেকবার বলিয়াছেন। বাবাজী মহারাজের সহিত তাঁহার যে গূঢ় সম্বন্ধ, তাহা তাঁহার অন্তরঙ্গ জনই জানেন। বাবাজী মহারাজ অতিবড় বৈরাগ্যবান্। শ্রীল প্রভুপাদের নিকট শুনিয়াছি, শ্রীল গৌরকিশোর প্রভুর এই অপ্রাকৃত বৈরাগ্য জ্ঞানহীন নহে, পরন্তু জ্ঞানভরা। বৈরাগ্যবিদ্যাই অপর নাম বৈরাগ্য; ইহা বৈরাগ্যযুক্ত ভক্তিযোগ। শ্রীভাগবতও বলেন—"যজ্জ্ঞান বিরাগ-ভক্তিসহিতং নৈষ্কর্ম্ম্যমাবিষ্কৃতম্"। বাবাজী মহারাজের আচারে ও জগতে এই জ্ঞান-বিরাগ ভক্তি-সহিত নৈষ্কর্ম্ম্য নিত্য আবিষ্কৃত ছিল। এখানে "নৈষ্কর্ম্ম্য" শব্দের অর্থ প্রেমভক্তি। বাবাজী মহারাজ প্রেমভক্তজনে নিরত।

প্রেমভক্তিতে যা নৈষ্কর্ম্ম্যে সাহিত্য আছে—বৈরাগ্যযুক্ত বা সহিত। এই বৈরাগ্যই প্রকৃত, জ্ঞানহীন নহে। এই বৈরাগ্য ও সাধকজনের বৈরাগ্যে আকাশ পাতাল প্রভেদ আছে। এই বৈরাগ্য চিন্ময়। শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর বাবাজী মহারাজের সম্বন্ধে 'বৈরাগ্য সিদ্ধ হউক'—এই কথা বলিয়াছিলেন। শ্রীল প্রভুপাদ উহার তাৎপর্য্য এরূপ বলিয়াছেন,—বৈরাগ্যের বাহ্যদর্শনে যে-সকল আধ্যাত্মিক জনসাধারণের চক্ষু ঝলসিয়া দিয়াছে, যাহারা বৈরাগ্যকে ও তৎ সঙ্গে স্বয়ং বলে, তাহাদের ভ্রম দূর করিয়া চিন্ময়বৈরাগ্য-প্রকাশের জন্য বৈষ্ণবসার্ব্বভৌম শ্রীভক্তিবিনোদ ঠাকুর আশীর্ব্বাদ করিয়াছেন—তাঁহাদের বৈরাগ্য যেন কৃষ্ণসেবা যত্নের অনুকূল হয়। যাহারা বৈরাগ্যের বাহ্যদর্শনে মুগ্ধ হইয়া উহাকেই বহুমানন পূর্ব্বক ভক্তির উদ্দেশ্য করিবার জন্য ব্যস্ত—তাহাদের প্রতিই এই আশীর্ব্বাদ। বৈরাগ্যসিদ্ধ অর্থে তীর্থপাদ শ্রীমদনমোহন, শ্রীগোবিন্দ ও শ্রীগোপীনাথের সেবা। যদি সেই সেবা না হয়, তাহা হইলে উহা ফল্গু বা কৃত্রিম।

শ্রীল বাবাজী মহারাজের এই তীব্র বৈরাগ্য, austerity সম্বন্ধে শ্রীল প্রভুপাদ বলিয়াছেন—বাবাজী মহারাজের বৈরাগ্য শ্রীল রঘুনাথদাস গোস্বামী প্রভুর বৈরাগ্যের অনুরূপ। দাস গোস্বামী প্রভুর বৈরাগ্য সম্বন্ধে শ্রীল কবিরাজ গোস্বামী প্রভু বলিয়াছেন,—

রঘুনাথের বৈরাগ্য যেন পাষাণের রেখা

তাঁহার ভূতপূর্ব্ব গুরুভ্রাতা ও শিষ্যস্থানীয়ের শ্রীল বাবাজী মহারাজের সম্বন্ধেও আমরা এই কথা বলিতে পারি। এই বৈরাগ্য সম্পূর্ণ চিৎপ্রীতিবিধায়ক। অচেতনের স্বাদ সেখানে একেবারেই নাই। ইহা positive, চিদ্বিলাসের অনুকূল। তাঁহার বাহিরে কঠোরতা, কিন্তু অন্তর প্রেমামৃতসিন্ধুর তরঙ্গে সর্ব্বক্ষণ উদ্বেলিত।

শ্রীঅদ্বৈত বংশে যাঁহারা গৌরসুন্দরের সেনাপতি সেই বড় গোস্বামী প্রভু গোষ্ঠানন্দী। মহান্তদিগের মধ্যে শ্রীল রূপ গোস্বামী ও শ্রীল লোকনাথ গোস্বামী প্রভু বিবিক্তানন্দী ছিলেন। বাবাজী মহারাজ বিবিক্তানন্দী বলিয়া খ্যাত। বিবিক্তানন্দী অর্থাৎ কৃষ্ণেতর বিচারের সহিত সর্ব্বতোভাবে পৃথক্ থাকিয়া ভাবভজন-রতানন্দী। তাঁহার অন্তরে শ্রীরাধাগোবিন্দের প্রতি অত্যন্ত আকর্ষণ, গাঢ় মমতাযুক্ত; তাঁহার সঙ্গে দৈন্য ও বিরহ নিরন্তর। শ্রীল বাবাজী মহারাজ নিজকে শ্রীবার্ষভানবীর কৃপার কাঙ্গাল জ্ঞান করিতেন। শ্রীল প্রভুপাদ তাঁহার সম্বন্ধে এই কথা বলিয়াছেন,—"বাবাজী মহারাজ শ্রীরাধারাণীকে 'কাঙ্গালিনীর ঠাকুরাণী' বলিয়া তাঁহাকে কতখানি আপন জ্ঞান করিতেন! তাঁহার আমি ইহার কিছু দর্শন করি। নিজকে সৌভাগ্যবান্ মনে করি।" শ্রীবার্ষভানবীর কারুণ্যামৃত স্মরণ করিয়া দুঃখবরে যে আহ্বান—বিরহ-ব্যথায় সমগ্র হৃদয় ব্যথিত করিয়া যে আহ্বান বাবাজী মহারাজ করিতেন, তাহা শুনিয়াই শ্রীল প্রভুপাদ চমৎকৃত হন এবং তাঁহাকে আপন প্রভু জ্ঞান করেন।

ওঁ বিষ্ণুপাদ শ্রীল জগন্নাথদাস গোস্বামী প্রভুর বেশের শিষ্য ভাগবতদাস বাবাজী মহারাজ। তাঁহার বেশের শিষ্য শ্রীল গৌরকিশোরদাস বাবাজী মহারাজ ব্রজমণ্ডলে ত্রিশ বৎসর ছিলেন। তাঁহাকে শ্রীল জগন্নাথদাস বাবাজী মহারাজ শ্রীগৌরসুন্দরের আবির্ভাবস্থানে লইয়া আসেন, গৌর-কৃপায় রাধাগোবিন্দের কৃপা লাভ হয়, নিঃশ্রেয়সার্থী জীবজগৎকে জানাইবার জন্য। গৌরধাম উদারের মধ্যে মধুর এবং কৃষ্ণধাম মধুরের মধ্যে উদার। গৌরসুন্দর অন্তঃকৃষ্ণ বহির্গৌর। তাঁহার দয়া অহৈতুকী। এই দয়ার একান্ত প্রার্থী না হইলে আমাদের গতি নাই। সেই গৌরসুন্দরকে যিনি একমাত্র দান করিতে পারেন, যাঁহা হইতে গৌরধাম প্রকটিত সেই নিত্যানন্দের কৃপা ব্যতীত আর গতি নাই। বাবাজী মহারাজ কুলিয়াতে, যেখানে প্রাকৃত বুদ্ধিবিশিষ্ট লোক সাধনাদের ছলে কৃষ্ণেতর পদার্থের সঙ্গে বিব্রত, তাহাদের মত নিজকে বাহ্যে প্রদর্শন করিয়া সামাজিক দৃষ্টিতে আপাত প্রতীয়মান নিসর্গনীয় পদার্থের স্থানে থাকিতেন। যাঁহারা গৌরসুন্দরের কৃপা পাইবার নিকপট ইচ্ছা করেন, তাঁহারা বিষয়বিষ্ঠাগার হইতে দূরে থাকিবেন—ইহাই তাঁহার শিক্ষা। যাহারা সাধনাদের ছলনা করিয়া বিষয়-বিষ্ঠাগারে অবস্থান করে, তাহাদেরই অন্তরে আমি, হে বিষয়ি, আমি তোমারই মত বিষ্ঠাগারে থাকি এইরূপ দেখাইয়া বিষয়ী ও প্রাকৃতসহজিয়াগণকে কত বড় বঞ্চনা করিয়াছেন!

তাঁহার কৃপার আলোকেই তাঁহাকে দেখা যায়। তাঁহার কোনরূপ নিন্দা বা সাপেক্ষতা ছিল না। কচুর পাতা বা পদ্মের পাতার উপর জলের মত অথবা সিমেন্টের মেঝের উপর পারদের মত বিষয়ীর দ্বারা সর্ব্বক্ষণ বেষ্টিত হইয়াও বা গৌরধামের বিরোধী, ভোগপিপাসার আশ্রয়, অন্যাভিলাষী, ফল্গুবৈরাগীর দ্বারা বেষ্টিত হইয়া বা তাহাদের বিচারে বিসর্জিত বরং স্থানে থাকিয়াও তিনি নিত্য গোলোকবাসী—ইঁহাদের সহিত তাঁহার কোন প্রকার সঙ্গ বা সংস্পর্শের আভাসও নাই।

কোন্‌টি পাদসেবন-কথা। পাদসেবনের পরিচর্য্যা আছে। শ্রীভক্তিবিনোদ ঠাকুর কীর্ত্তনাখ্য দীপ গোদ্রুমে থাকিয়া সাধ্যাহ্নিক লীলায় প্রবেশ করেন। তাঁহার সমগ্র জীবের উদ্দেশ্য শ্রীগৌরসুন্দরের বাণী প্রচার। যাহারা কলির কালিমায় আচ্ছন্ন, তাহাদিগকে গৌরসুন্দরের পাদপদ্মে পৌঁছাইয়া দিবার জন্য স্বতঃসিদ্ধ কীর্ত্তনকারী ঠাকুর শ্রীভক্তিবিনোদ গৌরসুন্দরের মহাবদান্যতার অধিকার করিয়াছেন, তাঁহার বাণীর মধ্যে।

শ্রীগৌরকিশোর শ্রীবার্ষভানবীর পরিচারিণী বলিয়া নিজকে জ্ঞান করিয়াছেন। তিনি নিজকে আশ্রয়-জাতীয়-জ্ঞান করিয়া শ্রীকোলদ্বীপ আশ্রয় করিয়াছিলেন। শ্রীলক্ষ্মীদেবী শ্রীনারায়ণের পাদসেবা করেন। সেবাদিতে পাদসেবা-নিরতা শ্রীলক্ষ্মীদেবীকে দেখিয়া শ্রীগৌরসুন্দরের যে চিত্তবৃত্তির উদয় হয়, বাবাজী মহারাজ কোলদ্বীপে সেই লীলা দেখাইয়াছেন। গৌর-হরের সুকোমল শ্রীপাদপদ্মে কোন প্রকার অসুখবস্তা না হয়, সেজন্য অতি সন্তর্পণে মর্দ্দন দিয়া সর্ব্বক্ষণ সেবার আদর্শ তথায় প্রকাশিত হইয়াছে। এই যে অদ্ভুত অপ্রাকৃত কৃষ্ণবিলাসচেষ্টা, ইহাই বৈরাগ্য। বিলাসরহিত বৈরাগ্যে মুগ্ধ হইয়া অজ্ঞ প্রাকৃতসহজিয়া অকালে ভেক লইয়া কৃত্রিমভাবে অষ্টকাল-লীলা স্মরণ করিয়া নষ্ট হয়। বন্ধ্যা নারী যে কখনও সন্তানপ্রসবকালীন বেদনা অনুভব করিতে পারে না, সে যদি উহার ভাণ করে, তাহা যেরূপ কৃত্রিমতা, সেইরূপ যাহারা মনোধর্ম্মের সাহায্যে লীলাস্মরণ করে, অনর্থনিবৃত্তির পর নিষ্ঠা, তাহার পর রুচি-তারতম্য-ক্রিমে পঞ্চরতির কোন রতিতে আসক্তি, তৎপর স্থায়ী রতির উদয়—এই ক্রম না ধরিয়া যাহারা রতি পূর্ব্বে আর অনর্থনিবৃত্তি পরে, বেশগ্রহণ পরে আর রসচর্চা পূর্ব্বে—এইরূপ বিচার করে, তাহারা ভ্রান্ত, অপরাধী, কৃত্রিম, মূর্খ মাত্র। উহা লোকভুলান ব্যাপার। প্রাকৃত দেহমনের ধর্ম্মের সম্ভোগ ভাব, যাহার সহিত অপ্রাকৃত কৃষ্ণভক্তির কোন সম্পর্ক নাই, সেই প্রাকৃত-সহজ চিত্তবৃত্তিতে যাহারা অষ্টকালীয় লীলা স্মরণ করিতে যায়, তাহারা ঐরূপ মূর্খ। শ্রীল বাবাজী মহারাজ hard shell without কিন্তু mellow juice within. শ্রীল প্রভুপাদ—বাবাজী মহারাজের অভিন্নবিগ্রহ শ্রীহরিজন প্রভু এই কথা জানাইয়াছেন

ভক্তিস্তয়ি স্থিরতরা ভগবন্ যদি স্যা-
দ্দৈবেন নঃ ফলতি দিব্যকিশোরমূর্ত্তিঃ।
মুক্তিঃ স্বয়ং মুকুলিতাঞ্জলিঃ সেবতেঽস্মান্
ধর্ম্মার্থকামগতয়ঃ সময়প্রতীক্ষাঃ॥

(শ্রীকৃষ্ণকর্ণামৃত ১০৭ শ্লোক)

যিনি কৃষ্ণরসের রসিক হন, তাঁহার পক্ষে মুক্তি জোড় হস্তে পশ্চাৎ অবস্থান করে। যাঁহারা বাবাজী মহারাজের সঙ্গ করিয়াছেন, তাঁহারা বলেন, তাঁহার একটা বাহ্য বিভূতি ছিল, তাহা যেন সর্ব্বদা সঙ্গ তাঁহাকে সেবা করিবার জন্য প্রতীক্ষা করিত। তিনি বাহ্যবৃত্তিতে লৌকিক

দৃষ্টিশক্তিহীন এবং একস্থানে অবস্থিত হইয়া তথাকথিত সাধীদের সমস্ত দুশ্চেষ্টার কথা প্রত্যক্ষদর্শীর ন্যায় বলিয়া দিতেন। কিন্তু এই বিভূতি তাঁহার কাম্য বিষয় নহে, বরং বিভূতি দাসীর মত তাঁহার সেবা করিবার জন্য সর্বদা প্রস্তুত থাকিত। "লোক দেখান গোরা-ভজা, তিলকমালা ধরি'। গোপনেতে অত্যাচার গোরা ধরে চুরি॥"—তিনি সকলের চুরি ধরিতেন। তাঁহাকে কেহ ফাঁকি দিতে পারিত না।

তিনি বিবিক্তানন্দী। ভক্তিবিনোদ ঠাকুরের ন্যায় আশ্রিতের মঙ্গলের জন্য প্রচারক-লীলা অর্থাৎ বৈষ্ণবাচার্যের লীলা প্রকাশ করেন নাই। ভক্তিবিনোদ ঠাকুরে গৌরসুন্দরের কারুণ্যের প্রাকট্য বেশী। বাবাজী মহারাজের চরিত্র আচার-প্রধান এবং ভক্তিবিনোদ ঠাকুর আচার ও প্রচার দ্বারা শিক্ষা দিয়াছেন।

বাহ্যদৃষ্টিতে বাবাজী মহারাজ দৃষ্টিশক্তিহীনের লীলা প্রকাশ করিয়াছিলেন কেন? তিনি শিক্ষা দিয়াছিলেন—প্রেমাঞ্জনচ্ছুরিত ভক্তিবিলোচন-দ্বারা হরি-গুরু-বৈষ্ণবকে দর্শন কর—আধ্যক্ষিক দৃষ্টিতে হরি-গুরু-বৈষ্ণবদর্শন হয় না। কৃষ্ণের গুণ তাঁহার একান্ত ভক্তের মধ্যে সঞ্চারিত হয়। কৃষ্ণ যেরূপ অপাণিপাদ আবার জবন, গ্রহীতা! যিনি 'পশ্যত্যচক্ষুঃ', তিনি 'শৃণোত্যকর্ণঃ' বাবাজী মহারাজও সেইরূপ 'পশ্যত্যচক্ষুঃ'। আধ্যক্ষিকদর্শনে তাঁহার দৃষ্টিশক্তি নাই। আধ্যক্ষিকের দর্শন তাঁহাকে চক্ষুরহিত—ভোগাসবর্জিত ব্রহ্মদর্শনের ন্যায় দেখে। কিন্তু তিনি সর্বজ্ঞ, জগদ্গুরু। তিনিই দেখিয়াছেন, প্রেমাঞ্জনচ্ছুরিত ভক্তি-বিলোচন-দ্বারা। শ্রীধামপুরুষ এবং ভুবনমঙ্গলকারী মায়াপুরবাসী শ্রীমদ্ভাগবত-পাঠনিরত শ্রীভক্তিবিনোদ ঠাকুরের শ্রীমূর্তি তিনি সর্বদা দর্শন করিতেন। কিন্তু—

"মলীমস চক্ষু যার বিষয় ভুলিতে।
কেমনে সে পরতত্ত্ব পাইবে দেখিতে॥"

তাঁহার পাদপদ্ম-শোভা দেখিবার চক্ষু যাহাদের হয় নাই, যাহারা প্রেমচক্ষুবিকার অনধিকৃত হইয়া দর্শন করে না, তাহারা তাঁহার বৈরাগ্যকে শুষ্ক মনে করিয়া অপরাধ করে। তিনি ও ভক্তিবিনোদ ঠাকুর একই চিদ্ভাবনিষ্ঠ। তিনি ভক্তিবিনোদ ঠাকুরের ভাগবতব্যাখ্যা শ্রবণ করেন। বাবাজী মহারাজ বাহিরে কঠোর, জীবজগৎ সম্বন্ধে যেন উদাসীন!

জাতশ্রদ্ধো মৎকথাসু নির্বিণ্ণঃ সর্বকর্মসু।
বেদ দুঃখাত্মকান্ কামান্
পরিত্যাগেঽপ্যনীশ্বরঃ॥
ততো ভজেত মাং প্রীতঃ
শ্রদ্ধালুর্দৃঢ়নিশ্চয়ঃ।
জুষমাণশ্চ তান্ কামান্ দুঃখোদর্কাংশ্চ
গর্হয়ন্॥
প্রোক্তেন ভক্তিযোগেন ভজতো
মাসকৃন্মুনেঃ।
কামা হৃদয্যা নশ্যন্তি সর্বে ময়ি হৃদি স্থিতে॥
(ভাঃ ১১।২০।২৭-২৯)

অনর্থযুক্ত জীব কি করিয়া এই প্রণালীতে ভজন করিয়া সিদ্ধি লাভ করিতে পারে, অর্থাৎ অনর্থযুক্ত জীব বৈধীভক্তির অনুশীলনের পর সৌভাগ্যক্রমে রাগমার্গে উপনীত হইয়া কৃষ্ণপাদপদ্ম কি করিয়া লাভ করেন, তাহা ভক্তিবিনোদ ঠাকুর নির্দেশ করিয়াছেন। কৃষ্ণনাম-ভজনার্থীর প্রতি সর্বশ্রেষ্ঠ উপদেশ, সমগ্র ভাগবতের সার এই কয়েকটি শ্লোকে প্রদর্শন করিয়াছেন।

কৃষ্ণেতর বিষয়ে আসক্তি বর্জন করিয়া বিপ্রলম্ভবিভাবিত ও সম্ভোগরহিত হইয়া বাহির হইতে অন্তরে কি করিয়া যাইতে হয়, সম্পূর্ণ অনর্থমুক্ত হইবার ক্ষমতা যেখানে নাই, বাহিরে বিষয়ে থাকিয়া কি করিয়া কৃষ্ণের সংসারে থাকা যায়, ইহা বাবাজী মহারাজ দেখান নাই, কিন্তু ভক্তিবিনোদ ঠাকুর তদ্বিষয়ে শিক্ষা ও উপদেশ দিয়াছেন।

যাহারা বস্তুগণে বৈষ্ণবের পাদপদ্ম আশ্রয় না করিয়া মায়ার দাস হইয়া তাঁহাকে দর্শন করিতে যাইবে, তাঁহার চরণে অপরাধ করিবে।

ভক্তিবিনোদ ঠাকুরের পরিচিতজন কোন ব্যক্তি শ্রীল দাস গোস্বামী প্রভু, নরোত্তম ঠাকুর মহাশয় এবং বাবাজী মহারাজের চরণে অপরাধ করিয়া কৃষ্ণ হইতে দূরে নিক্ষিপ্ত হইয়াছে। সে নিজের গৃহমেধিত্ব বা প্রাকৃতসহজ বুদ্ধিদ্বারা দেখিতে গিয়া তাহার নিরাপদ গৃহকে বহুমানন করিয়াছিল। সে নিজকে ইন্দ্রিয়পরিতোষক, ভোক্তা জ্ঞান করিয়া এবং ইন্দ্রিয়তৃপ্তিকারী নিরয়-বদ্ধ স্বরূপ ভোগাগারে থাকিয়া প্রাকৃত সহজ দৃষ্টিতে দেখিতে গিয়া শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরকে তাহারই মত গৃহব্রত মনে করায় তাঁহার চরণে অপরাধ করে। যিনি সেই নিরয়বদ্ধ স্থানের পথপ্রদর্শক গুরু, তাঁহাকে গৃহমেধী কল্পনা করিয়া তাঁহার নিকট অপরাধ করিয়াছে। অন্যদিকে বাবাজী মহারাজকে শুষ্ক বা শুষ্কত্যাগী, কেবলমাত্র সংসার-ত্যাগেই তাঁহার বৈরাগ্যের মাহাত্ম্য প্রতিষ্ঠিত, এরূপ মনে করিয়া তাঁহার চরণেও অপরাধ করিয়াছে। অন্যান্য ধর্মের যাঁহারা Apostles বা Prophets, আচার্যাভিমানী যাঁহারা, তাঁহাদের সহিত বৈষ্ণবগণের পার্থক্য এই যে, বৈষ্ণবধর্মে কেবল কৃপার কথা, শরণাগত-প্রতিপালনে [illegible] অভয়দানের কথা আছে। অন্যান্য Prophetগণ কৃপা ন্যূনাধিক মানেন না। তাঁহারা [illegible] যুক্তিকে মানেন। কিন্তু আমাদের কেবল কৃপা; প্রসাদ—প্রসাদ শ্রীল প্রভুপাদের পূর্ব নাম ছিল—শ্রীবিমলাপ্রসাদ। বিমলা—শ্রীনারায়ণের অন্তরঙ্গা শক্তি।

ধীর—ধৈর্য আছে যাঁহার। ধীর ব্যক্তি পৃথিবীর গুরু। তিনি ষড়্‌বেগ দমন এবং ষড়্‌দোষ শোধন করিয়া ষড়্‌গুণ দিতে পারেন। অতএব তিনি গুরু। তাঁহাতে ভক্তি স্থায়িভাবে অবস্থান করে। সেইজন্য তাঁহার সঙ্গ করিতে হইবে। তাঁহারা কৃষ্ণকে বশীভূত করিয়াছেন। বাহ্যদৃষ্টিতে বাবাজী মহারাজ কঠোর ও লৌকিক দৃষ্টিশক্তিহীন; শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর বাহ্যদৃষ্টিতে গৃহবৎ লীলাভিনয়কারী। আমাদের মত যাহাদের চেতনবৃত্তি paralysed হইয়া গিয়াছে, তাহাদের শিক্ষা দিবার জন্য—ব্যতিরেকভাবে শিক্ষা দিবার জন্য তাঁহার ঐ লীলা; অর্থাৎ হে অন্যাভিলাষ-বহির্মুখ জীব! তোমরা paralysed আর থাকিও না, শ্রীনামপ্রভুর সেবায় প্রবৃত্তি-বিশিষ্ট হও। বাবাজী মহারাজের শিক্ষা—অন্ধ হইও না, ঐ প্রকার প্রাকৃত চক্ষুতে শ্রীহরিগুরুবৈষ্ণবকে দেখিতে যাইও না; অধোক্ষজের দ্রষ্টা হও। আমাদের ভোগচক্ষু দূর হউক, প্রেমসেবার চক্ষু উন্মীলিত হউক। Perfect harmonyতে properly adjusted হও, অথবা যাঁহারা harmonyতে অবস্থিত, তাঁহাদের সঙ্গে dovetailed হও। বিবর্তের অনুগত হইয়া ভক্তির মাধুর্যধাম শ্রীগৌরধামে থাক। নিরন্তর বস্তুগত সেবার ভরণ-পোষণ করিবেন।

গৌরসুন্দরের কৃপা হইলেই সব সিদ্ধি হইবে। গৌরধাম চিন্ময়, সর্বব্যাপী, গৌণাশ্রয়, স্বতন্ত্র, স্বরাট্ বস্তু। তাঁহার কৃপায় গৌরপাদপদ্ম দর্শন হয়। বাবাজী মহারাজ গোদ্রুমে অবস্থান করিতেন। গৌরসুন্দরকে কতটা আপন, নিজস্ব—thick and thin জ্ঞান তাঁহার! তিনি সর্বক্ষণ শ্রীনাম-ভজন রাসক্ষেত্রে অবস্থান করিতেন। তাঁহার কৃপায় যদি কখনও আমাদের গৌরসংকীর্তনরাসস্থলী [illegible] অন্তরে যোগদান করিয়া দোহার দিবার যোগ্যতা হয়, তবেই মঙ্গল। শ্রীনাম-ভজন রাসস্থলী। "সর্ব ত্যজি' জীবের কর্তব্য কাঁহা বাস?" "শ্রীবৃন্দাবনভূমি—যাঁহা নিত্যলীলারাস"।

শ্রীল বাবাজী মহারাজের কৃপায় বাহিরের ছাড়িয়া অন্তরে প্রবেশলাভ হয়। তাঁহার চিদ্বিলাসসম্পদের অনুসন্ধান না করিয়া তাঁহার বাহ্য আচার দেখিয়া তাঁহার অনুকরণ করিয়া প্রতিষ্ঠা পাইবার ইচ্ছা কেহ কেহ করিতে পারে। প্রভুপাদ সেই প্রতিষ্ঠাকে শূকরের বিষ্ঠা বলিয়াছেন। এই বিষ্ঠা-ভোজনের লোভে বৈষ্ণবের সঙ্গ পরিত্যাগ করিয়া নির্জন ভজনের ছলনা যাহারা করে, প্রভুপাদ তাঁহার স্বরচিত মনঃশিক্ষায় তাহাদের কিরূপ তীব্র কশাঘাত করিয়াছেন! শেষ দিকে বলিয়াছেন—

[illegible], তাহা ছাড়ি' মন,
কেন বা নির্জন-ভজন-কৈতব।

চিদ্বিলাসে রত হইতে হইবে, কেবল মাত্র জড়বিলাস পরিত্যাগই সব নহে। ঐরূপ চেষ্টা হইলে 'ভগ্নীভূত' আসিয়া উপস্থিত হইবে। তখন নিষ্কর্মা জীব থাকিবে নীচে এবং কালী বা প্রকৃতি তাহাকে পদদলিত করিতে থাকিবেন—লজ্জা হইবে কালীর, তিনি তখন জিভ কাটিবেন। তিনি লজ্জিত হইবেন যে, ইহার মনে মনে ব্রহ্ম অভিমান, অথচ কি করিতেছে! প্রকৃতির নিকট হইতে গিয়া তাহারই দাসত্ব করিতেছে! এ কৃষ্ণপাদপদ্ম ত্যাগ করিল, চিদ্বিলাসে অধিকার পাইল না—ব্রহ্মজ্ঞান লাভের অভিনয় করিতে গিয়া ইহার কি দুরবস্থা ঘটিল! এই মনে করিয়া প্রকৃতি লজ্জায় জিভ কাটেন।

আমরা প্রথমে সন্ধিনী, পরে সম্বিতের পর হ্লাদিনীর কৃপায় যেন গুরুবর্গের পাদপদ্মের ধূলি নিজেদের জ্ঞান করিতে পারি। তাঁহারা যেন কোন জন্মে আমাদিগকে তাঁহাদের পাদপদ্মের ধূলিজ্ঞানে গ্রহণ করেন। ধূপের সুগন্ধি ধূম যেরূপ জগৎকে কুণ্ডলী করিয়া চতুর্দিক আচ্ছন্ন, আবৃত করিয়া রাখে, সেইরূপ বাবাজী মহারাজের হৃদয়স্থিত শ্রীরাধারানী দেবীর শ্রীপাদপদ্মকে প্রাতঃনিরত অকৃত্রিম প্রেমের দ্বারা আরতি করিত সেই বাবাজী মহারাজের পাদপদ্ম-ধূলি হইবার আশা যেন কোন দিন আমাদের অন্তরে জাগে। যেন ধূপের ধূমের মত আমাদের হৃদয়ের বাসনাগুলি সমগ্র জগৎকে খণ্ডিত করিয়া তাঁহাদের পাদপদ্মে নিয়ত উপনীত হয়, এই আকাঙ্ক্ষা আরতি করে। 'কৃষ্ণা না হইলে কাঁদিয়া কাঁদিয়া প্রাণ না রাখিব আর'—এইরূপ আর্তি যেন আমাদের কোন দিন লাভ হয়। তাহা হইলেই আমরা সেই ভক্তিসাম্রাজ্যসিন্ধুর বিন্দু-আস্বাদনের সৌভাগ্য লাভ করিব।

সাধুসঙ্গ সাধুসঙ্গ সর্বশাস্ত্রে কয়। লবমাত্র সাধুসঙ্গে সর্বসিদ্ধি হয়॥

শুদ্ধভক্তি-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠপ্রধান

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীব্রজপত্তন-ভবনে শ্রীচৈতন্যমঠ,পরবিদ্যা-পীঠ, শ্রীশ্রীরাধাকৃষ্ণ,শ্রীগৌর,গোপাল আচার্য্য চতুষ্টয় বিগ্রহ আছেন। সুপ্রাচীন গ্রন্থ-মুদ্রণাগারেরবর্ত্তে'নদীয়া-প্রকাশ'যন্ত্রালয় আছে।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৫
কলিকাতায় শ্রীভক্তিবিনোদ-আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, সঙ্কীর্ত্তন, প্রত্যহচতুষ্টয় বেলায় শ্রীমদ্ভাগবতাদি গ্রন্থের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও হারমণির পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়।

৩) যোগপীঠ-মায়াপুর-পীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব ভূমি মহাযোগপীঠ।

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং ব বর্ত্তমান।

(৬) মুরারিগুপ্তের পাট

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

(৭) কাজি-সমাধি-পাট

প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
ইহা গৌরকৃপাপাত্র শ্রীচাঁদকাজীর সমাধি।

(৮) অনুকূল কৃষ্ণানুশীলনাগার
শ্রীধাম মায়াপুর

(৯) স্বানন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
গোস্বামী বিশ্বাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা।

১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ আমঘাটা (বর্দ্ধমান)

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মাউগাছি, পোঃ ভালুকা, (বর্দ্ধমান)
শ্রীব্যাসাবতার ঠাকুর বৃন্দাবনের স্থান

(১৩) রুদ্রদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর,নদীয়া

(১৪) জহ্নুদ্বীপ-গৌড়ীয়মঠালয়

১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ

গৌড়পুর, নদীয়া

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ

মাজিদা –(শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ ভালুকা (নদীয়া)

(১৭) কুলিয়া

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

(২০) মহেশ-পণ্ডিতের পাট

কাঁচাপল্লি, পোঃ চাকদা (নদীয়া)

(২১) রাণাঘাট-গৌড়ীয়মঠাসন

(২২) পুরী গৌড়ীয়মঠ
চব্বিশ পরগণা

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ

নারিন্দা পোঃ ওয়ারি, ঢাকা।
পূর্ববঙ্গের প্রচার-কেন্দ্র।

(২৪) গোপালজীউমঠ

কমলাপুর, পোঃ ঢাকা

(২৫) পরমহংস-গৌড়ীয় মঠ

পোঃ পাণিহাটি, (ঢাকা)

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

বড়বাজার, পোঃ ময়মনসিংহ

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চকচকা, কামরূপ (আসাম)

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

৩নং পাগলা বিল্ডিং, দার্জ্জিলিং

(৩০) সারস্বত-গৌড়ীয়মঠ

পোঃ হরিদ্বার, জেঃ সাহারাণপুর, ইউ, পি

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

দীঘাপুর পাটনা।

(৩২) গয়া গৌড়ীয়মঠ

রমনা রোড, গয়া

(৩৩) সনাতন-গৌড়ীয় মঠ

৮।১১ বড় সরস্বতী সিং, বেনারস সিটি

(৩৪) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

(৩৫) সত্যব্রত মঠ,

পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়

বিশ্রামঘাট, পোঃ মথুরা

(৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণসহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্য মঠপীঠ

কিশোরপুর, বৃন্দাবন

(৩৯) একচক্রাধাম-সুখদকুঞ্জ

পোঃ রাধাকুণ্ড। মথুরা

(৪০) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪১) রাধাকুণ্ড গোষ্ঠবাটী

(৪২) শ্রীগোবর্দ্ধনমঠালয়

গোবর্দ্ধন, মথুরা

(৪৩) সঙ্কেত বিহারী মঠ

বর্ষাণা, মথুরা।

(৪৪) নন্দগ্রাম গৌড়ীয়মঠালয়

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৫) বর্ষাণা গৌড়ীয়মঠালয়

পোঃ বর্ষাণা, মথুরা

(৪৬) গোষ্ঠবিহারী মঠ—নেবাড়ী.

পোঃ জোকোল, জেলা গুরুদাস (পাঞ্জাব)

(৪৭) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

(৪৮) দিল্লী গৌড়ীয় মঠ

৪৫নং ক্যানিং রোড, নিউ দিল্লী

(৪৯) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়া ট্যাঙ্ক রোড, গ্র্যাণ্ট রোড বোম্বে ৭

(৫০) মাদ্রাজ-গৌড়ীয়মঠ

পোঃ রায়পেটা, মাদ্রাজ
শ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকাগিরিধারীর সেবা

(৫১) রাজমহেন্দ্রী-গৌড়ীয়মঠ

পোঃ কভুর, গুন্টুর গোদাবরী (মাদ্রাজ)
শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকা-গিরিধারী সেবা

(৫২) ব্রহ্মগৌড়ীয়মঠ

আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)

(৫৩) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা

(৫৪) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী
(৫৫ সতীশকুটী

(৫৬) ছিয়ালিশ-গৌড়ীয়মঠ

পোঃ কটক, পুরী

(৫৭) সচ্চিদানন্দ মঠ

বালিয়াটী, পোঃ কটক · উড়িষ্যা।

(৫৮) বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ

(৫৯) শ্রীপ্রপন্নাশ্রম গৌড়ীয়-প্রপন্ন-মঠ

পোঃ রঙ্গপুর, গঞ্জাম

(৬০) ভাগবতজনানন্দ মঠ

চিকনিয়া, পোঃ নারায়ণপুর, মেদিনীপুর

(৬১) জগাই গৌড়ীয়মঠ

পোঃ জলাই, মেদিনীপুর

(৬২) আমলাজোড়া প্রপন্নাশ্রম মঠ

পোঃ পানাগড় (বর্দ্ধমান)

(৬৩) চৈতন্যগৌড়ীয়মঠ

ভুবনেশ্বর, পোঃ চাকদহ, (মানভূম)

(৬৪) রেঙ্গুন গৌড়ীয়মঠ

৩০১ নং লেইস্ ষ্ট্রীট, রেঙ্গুন।

(৬৫) লণ্ডন গৌড়ীয়মঠ

গ্ল্যাডষ্টোন হাউস
৫১, আর্ল্স কোর্ট রোড
কেনসিংটন, লণ্ডন, ডব্লিউ ৫

(৬৬) গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

১।১।১, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট.
কলিকাতা

(৬৭) গৌড়ীয়মঠ অফিস

ডিউরেণ্ড রোড, লক্ষ্ণৌ (ইউ-পি)

(৬৮) শ্রীবিদ্যানিধি গৌড়ীয়মঠালয়

হাটহাজারী, চট্টগ্রাম

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীমহানন্দ ব্রহ্মচারী ভক্ত্যালোক, ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও দ্বিতীয় দিনের জন্য	সংবাদের পৃষ্ঠায় পরবর্ত্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও দ্বিতীয় দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় পরবর্ত্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে ।০	৷৵০	।৵০	।০	
" " ইঞ্চি ২৲		১॥০	১৲	
সিকিকলম ৫৲	৪৲		৩৲	
" অৰ্দ্ধকলম ৮৲	৬৲	৬৲	৫৲	
" এক কলম ১২৲	১০৲	১০৲		

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিবারে প্রতি ইঞ্চি ৩৲	১।০
" সিকি কলম ১৫৲	১২৲
" অৰ্দ্ধকলম ২৫৲	১৮৲
এক কলম ৩৫৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৷০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা ৫ ; বিশেষ সংখ্যার ভিন্ন খরচ।

[শ্রী]ল প্রভুপাদের প্রবন্ধাবলী

———::(০)::———

শ্রীল প্রভুপাদের চতুঃষষ্টিবর্ষপূর্ত্ত্যাবির্ভাব-তিথিতে শ্রীল আচার্য্যদেবের আনুকূল্যে "শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী" প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। ইহাতে পূর্ব্বার্দ্ধ ও উত্তরার্দ্ধ দুইটি বিভাগ আছে। পূর্ব্বার্দ্ধে শ্রীল প্রভুপাদের আদি-প্রবন্ধাবলী শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের সম্পাদিত 'স-সজ্জনী সজ্জনতোষণী,' শ্রীল প্রভুপাদের 'নিবেদন' সাপ্তাহিক পত্র প্রভৃতি হইতে কথাসার ও প্রয়োজনীয় অর্থের টীকা-সহ প্রকাশিত হইয়াছে। উত্তরার্দ্ধে শ্রীল প্রভুপাদের সম্পাদিত 'সজ্জনতোষণী'র কতিপয় প্রবন্ধ কথাসার প্রভৃতির সহিত মুদ্রিত হইয়াছে। প্রবন্ধগুলি রচনাকালের ক্রমানুসারে গ্রথিত হইয়াছে; এতদ্ব্যতীত শ্রীল আচার্য্যদেবের একটি মূল্যবান্ উপোদ্ঘাত ও সঙ্কলনকারীর একটি বিস্তৃত ভূমিকা, শব্দ-সূচী, স্থান-পাত্র-শ্লোক ও পয়ার-সূচী প্রভৃতি গ্রন্থে সংযোজিত হইয়াছে। গ্রন্থটি উৎকৃষ্ট কাগজে পারিপাট্যের সহিত মুদ্রিত ও শ্রীল প্রভুপাদের আলেখ্যাদিদ্বারা ভূষিত ও সুন্দর বাঁধাই হইয়া প্রকাশিত হইয়াছে। প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, জিলা নদীয়া ; শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ও শ্রীমাধ্বগৌড়ীয়মঠ, বাংলা, পোঃ ওয়ারী, ঢাকা।

প্রভুপাদের পত্রপ্রসূন মালা

এই গ্রন্থে ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তি- সিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের রচিত পত্রাবলী শ্রীল আচার্য্যদেবের বিরচিত "সৌরভ" নামক ভাষ্যের সহিত প্রকাশিত হইয়াছে। শ্রীল প্রভুপাদের অনেক অপ্রকাশিত পত্র ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ।০ চারি আনা।

[শ্রী]ধাম-মায়াপুরে

——।:০:।——

—শ্রীঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে ; বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে খোরাক ও সেবকাদির প্রতি মাসে মাত্র ৬৲ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। বর্ত্তমান বর্ষে ১৬ জন বালকের মধ্যে ১৫ জন ভালভাবে উত্তীর্ণ হইয়াছে।

মেধাবী ছাত্রগণের আরও সুবিধা

পরীক্ষায় যাহারা শতে শতকরা ৭৫ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ সচ্চরিত্র বিনয়ী ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্ষ্টিটিউট
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক-সম্পাদিত ; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সদাচার ও শিক্ষা সবিস্তারভাবে আলোচিত হইয়াছে। এই এক অপূর্ব্ব গবেষণামূলক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

শ্রীচৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত অভিজ্ঞতাভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ 'ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত ইহার ভিক্ষা মাত্র ৩৲ টাকা। প্রাপ্তিস্থান শ্রীযুক্ত সম্পাদকের কার্য্যালয়, শ্রীযোগপীঠ, শ্রীধাম, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীসরস্বতী-সংলাপ

প্রথম খণ্ড

শ্রীশ্রীপ্রভুপাদ গৌড়ীয়সম্প্রদায়ৈকসংরক্ষক জগদ্গুরু পরমহংসকুলচূড়ামণি নিত্যলীলা-প্রবিষ্ট ১০৮শ্রী শ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামি-প্রভুপাদ বিভিন্ন জিজ্ঞাসু ও শুশ্রূষু সজ্জনবৃন্দের পরিপ্রশ্নোত্তরে ও সংশয়-নিরাকরণকল্পে যে-সকল সম্বন্ধাভিধেয়প্রয়োজনবাণী কীর্ত্তন করিয়াছেন, যাহা তাঁহার প্রকটকালেই 'গৌড়ীয়' সম্পাদক শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ প্রভুপাদেরই শ্রীমুখে সংশোধিত করাইয়া রাখিয়াছিলেন এবং যাহার কিয়দংশ গৌড়ীয়পত্রে প্রকাশিত হইয়াছে, তাহা "শ্রীশ্রীসরস্বতী-সংলাপ" নাম দিয়া শ্রীল প্রভুপাদের 'বক্তৃতাবলী' ও 'পত্রাবলী' আকারে খণ্ডে খণ্ডে প্রকাশিত হইতেছে। বর্ত্তমানে শ্রীল প্রভুপাদের প্রথমবার্ষিক বিরহ-তিথিপূজা বাসরে এই গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। মানবজাতির বহু অমীমাংসিত সমস্যা ও জটিল, প্রশ্নের সমাধান ইহাতে পাওয়া যাইবে। ভক্তিপথের পথিকমাত্রেরই এই গ্রন্থ সংগ্রহ একান্ত প্রয়োজন।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপদেশক পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী সম্প্রদায়-বৈষ্ণবাচার্য এম-এ মহোদয়ের গৌরবেষণা এবং পরিপক্ক লেখনীর অদ্ভুত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত্র-পাঠে ধন্য হউন। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিভিন্ন চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৩৩শ অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকারের ভূমিকাদ্বয় (Preface), বিষয়-তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র (Index Glossary) সহ প্রথমখানি প্রকাশিত। ভিক্ষা—১৫৲ পনর টাকা। প্রাপ্তিস্থান—বাগবাজার গৌড়ীয়মঠ, ঢাকপাড়া সরাই ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা ; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

'ঠাকুর ভক্তিবিনোদ'

———:(০):———

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

